# চলন্তিকা

## আধুনিক বঙ্গভাষার অভিধান

ত্রিশ হাজারের অধিক
সংস্কৃত, সংস্কৃতজাত, দেশজ ও বিদেশী
শব্দের বিবৃতি

বানান, ণত্ব-ষত্ব-বিধি, সন্ধি, ক্রিয়ারূপ, শব্দরূপ,
সংখ্যাবাচক শব্দ, অশুদ্ধ শব্দ প্রভৃতি
বিষয়ক ও বহু পারিভাষিক শব্দ
সংবলিত বিস্তৃত পরিশিষ্ট

রাজশেখর বসু
সংকলিত

সংশোধিত ও পরিবর্ধিত নবম সংস্করণ

**এম. সি. সরকার অ্যাণ্ড সন্স, প্রাইভেট লিঃ**
১৪, বঙ্কিম চাটুজ্যে স্ট্রীট, কলিকাতা—১২

# সূচী

পূর্বাচার্যগণ

যাঁহাদের আয়াসের ফলে অনুগামীর পথ
সুগম হইয়াছে,

সাহিত্যগুরুগণ

যাঁহাদের নিকট বহু উপদেশ লাভ করিয়াছি,

উৎসাহক বন্ধুগণ

যথা—পণ্ডিত শ্রীযুক্ত কালীকণ্ঠ কাব্যতীর্থ, ৺শৈলেন্দ্রকৃষ্ণ লাহা, ৺ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ৺সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, অধ্যাপক শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায়, ৺প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত চারুচন্দ্র হোম, শ্রীযুক্ত যতীন্দ্রকুমার সেন, ৺গিরীন্দ্রশেখর বসু, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র, ৺যতীন্দ্রমোহন বাগচী, শ্রীযুক্ত কালীপদ সেনগুপ্ত, পণ্ডিত শ্রীযুক্ত অমরেন্দ্র-মোহন তর্কতীর্থ, পণ্ডিত শ্রীযুক্ত দুর্গামোহন ভট্টাচার্য কাব্যসাংখ্যপুরাণতীর্থ, ৺ভোলানাথ ঘোষ, খাঁ বাহাদুর মৌলবী রাজা আলী ওআশত, শ্রীযুক্ত কুমুদনাথ গুপ্ত, ৺সুনির্মল বসু, শ্রীযুক্ত কৃষ্ণদয়াল বসু—যাঁহারা নানা-প্রকারে এই অভিধান প্রণয়নে সাহায্য করিয়াছেন,

তাঁহাদের ঋণ

কৃতজ্ঞ অন্তরে স্মরণ করিতেছি

রাজশেখর বসু

# ভূমিকা

বাংলাভাষায় একটি ছোট অভিধানের দরকার আছে—যাহা সহজে নাড়াচাড়া করিতে পারা যায় অথচ যাহাতে মোটামুটি কাজ চলে। যাঁহারা আধুনিক বাংলা সাহিত্যের চর্চা করেন তাঁহারা প্রধানতঃ যে প্রয়োজনে অভিধানের সাহায্য লইয়া থাকেন, বিনা বাহুল্যে তাহা সাধিত করাই এই অভিধানের উদ্দেশ্য। বাংলা যাঁহাদের মাতৃভাষা নয় অথবা আধুনিক 'চলিত' ভাষা যাঁহাদের সুপরিচিত নয়, এই অভিধান যাহাতে তাঁহাদের উপযুক্ত হয় সে চেষ্টাও করা হইয়াছে।

**শব্দ নির্বাচন**—'চলন্তিকা'য় ত্রিশ হাজারের অধিক শব্দ আছে। আধুনিক বাংলা সাহিত্যে সুপ্রচলিত ও প্রচলনযোগ্য শব্দকেই প্রাধান্য দেওয়া হইয়াছে এবং এইসকল শব্দের যথোচিত বিবৃতির স্থান করিবার জন্য অল্পপ্রচলিত শব্দ যথাসম্ভব বাদ দেওয়া হইয়াছে।

সাহিত্যে প্রয়োজ্য চলিতভাষার অধিকাংশ শব্দ এই অভিধানে পাওয়া যাইবে। মনে রাখা আবশ্যক যে চলিত ও মৌখিক ভাষার শব্দ সর্বত্র একপ্রকার নয়। চলিতভাষা সাধুভাষার তুল্যই লৈখিক বা সাহিত্যিক ভাষা; সেজন্য চলিত শব্দের রূপ ক্রমশঃ সুনির্দিষ্ট হইতেছে, কিন্তু মৌখিক শব্দে প্রাদেশিক বিকৃতি থাকিবেই। 'সত্যি, নতুন' প্রভৃতি চলিত ভাষায় অর্থাৎ সাহিত্যে স্থান পাইয়াছে কিন্তু 'অবিশ্যি, বিষ্টি, রাত্তির' এখনও তেমন চলে নাই, এবং 'কুচ্ছিত, আঁব, বে (বিয়ে), পোলোয়া, ব্যায়রা, গেশলো (গিয়েছিল)' প্রভৃতি শব্দ কথ্য ভাষাতেই আবদ্ধ। কলিকাতায় উচ্চারিত বলিয়া হয়তো শেষোক্ত শব্দগুলিও কালক্রমে 'চলিত' বলিয়া গণ্য হইবে, কিন্তু এখন তাহারা প্রাদেশিক বিকৃতি মাত্র, সেজন্য সাধারণ অভিধানে নিবেশযোগ্য নয়।

সাধারণ সাহিত্যে প্রয়োজ্য পারিভাষিক শব্দ এই অভিধানে পাওয়া যাইবে। অপেক্ষাকৃত অপ্রচলিত এবং নবসংকলিত পারিভাষিক শব্দের বিস্তৃত তালিকা পরিশিষ্টে দেওয়া হইয়াছে।

**বর্ণানুক্রম**।—নিম্নলিখিত বর্ণানুক্রমে শব্দ বিন্যস্ত হইয়াছে—

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ ং ঃ
ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড-ড়
ঢ-ঢ় ণ ত থ দ ধ ন প ফ ব ভ ম
য-য় র ল শ ষ স হ

অ্যা একটি স্বতন্ত্র স্বর, বর্ণমালায় তাহার স্থান ঐ-এর পরে হওয়া উচিত। তথাপি খুঁজিতে সুবিধা হইবে বলিয়া অ-এর শেষে দেওয়া হইয়াছে, যথা—'অহোরাত্র'-এর পর 'অ্যাঁ'। এই বর্ণের যোজ্য রূপ ্যা য-ফলা + আ-কার-এর সহিত অভিন্ন গণ্য করা হইয়াছে, যথা—'ব্যাঘ্র' এর পর 'ব্যাঙ'।

চন্দ্রবিন্দুহীন অক্ষরের পরে চন্দ্রবিন্দুযুক্ত সেই অক্ষর দেওয়া হইয়াছে, যথা—'কাটা, কাঁটা, কাটারি, কাঁটাল'।

বর্গীয় ও অন্তস্থ ব একসঙ্গে দেওয়া হইয়াছে। অধিকাংশ সংস্কৃত শব্দের আদ্য ব অন্তস্থ এবং সমস্ত অসংস্কৃত শব্দের আদ্য ব বর্গীয়। যে সংস্কৃত শব্দের আদ্য ব বর্গীয়, তাহার পূর্বে * চিহ্ন আছে। যাহার আদ্য ব বিকল্পে বর্গীয় বা অন্তস্থ হয়, তাহার পরে * চিহ্ন আছে। অসংস্কৃত শব্দের ব বর্গীয় হইলেও কোনও চিহ্ন দেওয়া হয় নাই।

ব-ফলার (বা হস্‌ চিহ্নের পরবর্তী ব-এর) উচ্চারণ b-এর তুল্য হইলে ফ ও ভ-এর মধ্যে দেওয়া হইয়াছে, যথা—'কম্ফর্টার' এর পর 'কম্বল', 'উদ্ভট' এর পূর্বে 'উদ্‌বোধ'। কিন্তু যে ব-ফলা w বা দ্বিরুক্ত বর্ণের তুল্য, তাহা ল-এর পর আছে, যথা—'বিশ্লেষ' এর পর 'বিশ্ব'।

**বানান**।—কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক বিহিত বানান-পদ্ধতি সর্বত্র অবলম্বিত হইয়াছে। একই শব্দের বিভিন্ন বানান থাকিলে প্রচলন বা প্রচলন-যোগ্যতা অনুসারে পর পর দেওয়া হইয়াছে। একই শব্দের সাধু ও চলিত রূপ থাকিলে সাধু রূপের পর / চিহ্ন দিয়া চলিত রূপ দেওয়া হইয়াছে। কিন্তু প্রয়োগে এই বিভেদ সর্বত্র মানা হয় না, অনেক চলিত রূপ আজকাল সাধু-ভাষাতেও চলিতেছে।

শব্দের জাতি (origin) নির্দেশের জন্য এই প্রণালী অবলম্বিত হইয়াছে—

(১) সমস্ত শব্দ মুখ্যতঃ দুই শ্রেণীতে ভাগ করা হইয়াছে, অসংস্কৃত ও সংস্কৃত। অসংস্কৃত শব্দের পর ] অথবা [ ] চিহ্ন আছে, সংস্কৃত শব্দের পর নাই।

(২) সংস্কৃত বা তৎসম শব্দ।—যে সকল শব্দ সংস্কৃত বিভক্তি (প্রথমার একবচন) যুক্ত হইয়া বাংলায় চলে, তাহাদের মূল রূপ দেখানো হইয়াছে, যথা—পিতা (-তৃ), জ্ঞানী (-নিন্), রজঃ (-জস্)।

(৩) অসংস্কৃত শব্দ, অর্থাৎ অপভ্রষ্ট, সংস্কৃতজাত, বৈদেশিক, মিশ্রিত, দেশজ বা অজ্ঞাতমূল শব্দ।—বহুস্থলে মূল সংস্কৃত বা বৈদেশিক শব্দ (বা শব্দাংশ) দেওয়া হইয়াছে। এ বিষয়ে অধ্যাপক শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম. এ., ডি. লিট. মহাশয়ের Origin and Development of Bengali Language পুস্তক হইতে বিশেষ সাহায্য পাইয়াছি।

অর্থ।—শব্দের বিভিন্ন অর্থ প্রায় প্রচলন অনুসারে পর পর দেওয়া হইয়াছে। কিন্তু বহুস্থলে এই প্রণালীর ব্যতিক্রম করিতে হইয়াছে। তুল্য-ভাবসূচক অর্থ ও সমনাম (synonym) কমা-চিহ্ন (,) দ্বারা পৃথক্ করা হইয়াছে এবং দাঁড়ি (।) দিয়া অন্য অর্থ দেওয়া হইয়াছে। স্থলবিশেষে সেমিকোলন-চিহ্ন (;) প্রযুক্ত হইয়াছে।

অর্থ বিশদ করিবার জন্য বহুস্থলে প্রয়োগের উদাহরণ দেওয়া হইয়াছে। কতকগুলি শব্দের সহিত বিশেষ বিশেষ ক্রিয়াপদ প্রযুক্ত হয়, যথা—'ফাঁকি দেওয়া; ধরা পড়া, দেওয়া'। এইপ্রকার ক্রিয়াপদেরও উল্লেখ আছে। উদাহরণে বিবৃত শব্দের স্থানে প্রায় হাইফেন বা ড্যাশ দেওয়া হইয়াছে, যথা—কৃষি ('-কর্ম'); সম্বল ('পথের—')।

যেখানে কোনও পুংলিঙ্গ শব্দের পর তাহার স্ত্রীরূপ আছে সেখানে অ অর্থ দেওয়া হয় নাই। কিন্তু যেখানে স্ত্রীলিঙ্গে অতিরিক্ত বিশেষ অর্থ সেখানে স্ত্রীরূপের পর দাঁড়ি দিয়া কেবল বিশেষ অর্থ দেওয়া হইয়াছে ('ভ্রষ্ট, ভ্রষ্টা' দেখ)। বিশেষ্য শব্দের পরবর্তী বিশেষণ শব্দেও স্থানে স্থানে এই রীতি অবলম্বিত হইয়াছে (যথা 'স্তম্ভন, স্তম্ভিত')।

যে সমাসবদ্ধ শব্দের অর্থ মূল শব্দ হইতেই স্পষ্ট জানা যায় তাহা প্রায় বর্জিত হইয়াছে, যথা—'অগ্নিতাপ, অগোপন'। কিন্তু যাহার অর্থবৈশিষ্ট্য তাহা দেওয়া হইয়াছে, যথা—'অগ্নিকোণ, অকথ্য'।

কয়েকটি সংস্কৃত শব্দের অর্থ বাংলায় একেবারে বদলাইয়া গিয়াছে। এইপ্রকার অর্থের পূর্বে (বাং) চিহ্ন দেওয়া হইয়াছে, যথা—সচরাচর—(বাং) সাধারণতঃ। যেখানে সংস্কৃত অর্থ বাংলায় কিঞ্চিৎ পরিবর্তিত হইয়াছে, সেখানে (সং) চিহ্নের পর মূল সংস্কৃত অর্থও দেওয়া হইয়াছে। যথা—ওষ্ঠ—(সং) উপরের ঠোঁট। কতকগুলি অর্থ বাংলায় অপ্রচলিত, কিন্তু পরিচিত সংস্কৃত সাহিত্যে বহুপ্রচলিত। এইপ্রকার অর্থের পূর্বেও (সং) চিহ্ন আছে, যথা—অনার্য—(সং) অভদ্র, অসভ্য, অসাধু; নীচ জাতি।

অর্থ পরিস্ফুট করিবার জন্য এবং পদার্থের পরিচয়ের জন্য বহুস্থলে ইংরেজী প্রতিশব্দ দেওয়া হইয়াছে, যথা—সংস্কৃতি—culture; যকৃৎ—liver, উদ্‌বায়ী—volatile: প্রাক্‌কলন—estimate; তথাকথিত—so called.

কোনও একটি শব্দ হইতে উদ্ভূত বা তাহার সম্পর্কিত (cognate) অন্যান্য শব্দ জানিতে পারিলে অনেক সময় সুবিধা হয়, এজন্য প্রধান শব্দের অথবা বিশেষ্য শব্দের অর্থ দিবার পর ( ) বন্ধনীর মধ্যে § চিহ্নের পর সম্পর্কিত শব্দ দেওয়া হইয়াছে। যথা—'ধর্ম' শব্দের শেষে (§ ধর্মিষ্ঠ, ধর্মী, ধর্ম্য, ধার্মিক)। কিন্তু যেখানে সম্পর্কিত শব্দ কাছাকাছি পাওয়া যায় সেখানে এরূপ উল্লেখ নাই।

**পর্যায়শব্দ বা সমার্থক শব্দ** (synonyms)।—সাহিত্যে, বিশেষতঃ কাব্যে, সমার্থক শব্দ অনেক চলে। যে শব্দ সমধিক প্রচলিত তাহার বিবৃতিতে সমার্থক শব্দগুলি দেওয়া হইয়াছে, যথা—বিদ্যুৎ—ক্ষণপ্রভা, চঞ্চলা, চপলা, তড়িৎ, দামিনী, বিজলী, শম্পা, সৌদামিনী।

**পদনাম** (parts of speech) প্রায়ই অর্থ হইতে বুঝিতে পারা যায়, সেজন্য সর্বত্র নির্দেশ করা হয় নাই। যেখানে সন্দেহ হইতে পারে কেবল সেখানে নির্দেশচিহ্ন আছে।

**ক্রিয়ারূপ**।—ইংরেজী ক্রিয়ার বিভক্তি অতি অল্প, সেজন্য ক্রিয়ার সমস্ত রূপ অভিধানে দেখানো বা সূত্রদ্বারা সংক্ষেপে নির্দেশ করা সম্ভবপর। কিন্তু বাংলা ক্রিয়ার বহু রূপ। একই ক্রিয়ার সাধু ও চলিত রূপ আছে, তাহার উপর পুরুষ, বচন, গুরু-সামান্য-তুচ্ছ প্রয়োগ, কালের নানা ভেদ, অনুজ্ঞা, ণিজন্ত প্রয়োগ, কৃদন্ত রূপ প্রভৃতি আছে। সাধারণতঃ অভিধানে বাংলা ক্রিয়ার একই রূপ দেওয়া হয়, যথা—'করা, খাওয়া'। সমস্ত রূপের নির্দেশ না থাকিলে অভিধান অসম্পূর্ণ হয়, অথচ প্রত্যেকটি পৃথক্ করিয়া দেখানো অসম্ভব। ব্যাকরণের উপর বরাত দেওয়া বৃথা, কারণ এমন ব্যাকরণ নাই যাহাতে সকল বাংলা ক্রিয়ার রূপ জানা যায়। বিদেশীর কথা দূরে থাক, বাঙালী লেখকেরই বহুস্থলে সন্দেহ উপস্থিত হয়—'জন্মিল' না 'জন্মাইল'? 'ঘুরনো' না 'ঘোরানো'? 'মুচড়িয়া' না 'মোচড়াইয়া'? 'উলটে' না 'উলটিয়ে'? 'করতেছিলাম' না 'করছিলাম'?

এই অভাব যথাসম্ভব পূরণ করিবার জন্য নিম্নলিখিত প্রণালী অবলম্বিত হইয়াছে—

(১) ক্রিয়ার অর্থ বুঝাইবার জন্য প্রচলিত প্রথা অনুসারে অভিধানের মধ্যে একটি কৃদন্ত পদ (যাহা gerund বা বিশেষ্যও বটে, past participle বা বিশেষণও বটে) দেওয়া হইয়াছে, এবং তাহার পর [ ] বন্ধনীর মধ্যে ধাতু ও গণ-সংখ্যা দেওয়া হইয়াছে। যথা—করা [√ কর্-৫], শোয়া [√ শু-৪]। এই প্রকার কৃদন্ত পদ অপ্রচলিত থাকিলে অন্য ক্রিয়াপদ দেওয়া হইয়াছে। যথা—পাসরিল [√ পাসর্-৫]।

(২) অভিধানের শেষে ক্রিয়ারূপ-প্রকরণে (পরিশিষ্ট ঙ) প্রধান প্রধান বাংলা ধাতু (৮০০র অধিক) কুড়িটি বিভিন্ন গণে ভাগ করা হইয়াছে। এই প্রকরণে বাংলা তিঙন্ত রূপ ('করে, করিয়াছেন, করেছেন' ইত্যাদি) এবং অসমাপিকা ক্রিয়াবাচক বাংলা কৃদন্ত রূপ ('করিয়া, করিতে, করিতে, করা' ইত্যাদি) পাওয়া যাইবে।

**বিশেষ্য ও সর্বনামের রূপ।**—বাংলায় বিশেষ্য পদের বিভক্তি বেশী নাই, কিন্তু তাহাদের প্রয়োগবিধি জটিল। পরিশিষ্টে শব্দবিভক্তি-প্রকরণে সংক্ষেপে নিয়ম দেওয়া হইয়াছে। সর্বনাম-প্রকরণে সকল সর্বনামের সম্পূর্ণ রূপ দেওয়া হইয়াছে।

**পরিশিষ্ট।**—অভিধানের শেষে যে বিস্তৃত পরিশিষ্ট আছে তাহার কতকগুলি বিষয় অভিধানেরই অংগ, কেবল সুবিধার জন্য পৃথক্ সন্নিবেশিত হইয়াছে, যথা—ক্রিয়ারূপ, সর্বনামের রূপ, সংখ্যাবাচক শব্দ ও পারিভাষিক শব্দ। ইহা ভিন্ন বানান, সন্ধি, ণত্ব-ষত্ব-বিধি, অশুদ্ধ শব্দ প্রভৃতি বিষয়ক কয়েকটি প্রকরণ আছে। শব্দের বানান ও প্রয়োগ সম্বন্ধে সাধারণ লেখক বা পাঠকের যে সন্দেহ ও ভ্রম হয়, তাহার নিরসন এই সকল প্রকরণের উদ্দেশ্য। পরিশিষ্টে যে পারিভাষিক শব্দাবলী দেওয়া হইয়াছে তাহার 'পাটীগণিত' হইতে 'মনোবিদ্যা' প্রভৃতি বিষয়ক অংশ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সংকলন হইতে উদ্ধৃত। 'সরকারী কার্য' বিষয়ক অংশ পশ্চিম-বংগ-সরকারের সংকলন হইতে উদ্ধৃত। প্রকাশের অনুমতির জন্য কর্তৃবর্গকে কৃতজ্ঞতা জানাইতেছি।

অধ্যাপক শ্রীযুক্ত দুর্গামোহন ভট্টাচার্য কাব্যসাংখ্যপুরাণতীর্থ, অধ্যাপক শ্রীযুক্ত অমরেন্দ্রমোহন তর্কতীর্থ এবং ৺ভোলানাথ ঘোষ মহাশয় এই অভিধান সম্পাদনে অশেষপ্রকার সাহায্য করিয়াছেন। খাঁ বাহাদুর মৌলবী রাজা· আলী ওআশত মহাশয় সমস্ত আরবী-ফারসী-তুর্কী-জাত শব্দের মূল রূপ নির্ধারণ করিয়া দিয়াছেন। ইঁহাদের ঋণ কৃতজ্ঞচিত্তে স্বীকার করিতেছি। বহু সহৃদয় পাঠক ও সমালোচক দয়া করিয়া পূর্ব সংস্করণের ত্রুটি জানাইয়াছেন; এই সংস্করণের নিমিত্তও সেইপ্রকার অনুগ্রহ ভিক্ষা করিতেছি।

১ ফাল্গুন ১৩৫৮ **রাজশেখর বসু**

এই গ্রন্থের অষ্টম সংস্করণের শোধনে ও মুদ্রণে শ্রীযুক্ত কৃষ্ণদয়াল বসু মহাশয়ের নিকট বহু সাহায্য পাইয়াছি। তাঁহার ঋণ কৃতজ্ঞচিত্তে স্বীকার করিতেছি।

**১ ফাল্গুন ১৩৬২** **রাজশেখর বসু**

# সংকেত

... এক প্যারাগ্রাফে একাধিক শব্দের বিবৃতি থাকিলে একটি শব্দের শেষে ... চিহ্ন দিয়া অন্য শব্দ দেওয়া হইয়াছে।

[ বা [ ] অসংস্কৃত শব্দের পর এই চিহ্ন আছে, সংস্কৃত শব্দের পর নাই। অসংস্কৃত, যথা—ঘুম ]; কোঠা [ < কোষ্ঠ ]; অন্দর [ ফা ]; মন [ < মনঃ (মনস্ ] অর্থাৎ মূল সংস্কৃত শব্দ 'মনস্', তাহা হইতে সংস্কৃত ১মা-১বচন 'মনঃ', তাহা হইতে বাংলা 'মন'। সংস্কৃত, যথা—ধর্ম; কর্তা (-র্তৃ) অর্থাৎ মূল শব্দ 'কর্তৃ', সংস্কৃত ১মা-১বচন 'কর্তা', বাংলাতেও 'কর্তা'।

§ বিবৃত শব্দের সহিত সম্পর্কিত (cognate) অন্য শব্দ, যথা—'ঋষি' শব্দের পর (§ আর্ষ)।

< চিহ্নের পরবর্তী সংস্কৃত শব্দ বা শব্দাংশ হইতে পূর্ববর্তী বাংলা শব্দ উদ্ভূত হইয়াছে। যথা—কাজ ] < কার্য। মূল শব্দ বা তাহার অর্থ বাংলায় অপ্রয়োজ্য হইলে [ ] মধ্যে দেওয়া হইয়াছে, যথা — আনাজ [ < অন্নাদ্য ], গতর [ < গাত্র ], আউশ, আশু [ < আ-বৃষ্ ]।

/ পূর্ববর্তী শব্দ প্রধানতঃ সাধুভাষায় এবং পরবর্তী শব্দ প্রধানতঃ চলিতভাষায় চলে, যথা — উঠান / উঠন।

" " মৌখিক, গ্রাম্য বা অশিষ্ট শব্দ, slang, যথা — "কত্তা", "ডোকলা"।

√ বাংলা ধাতু। করা [ √কর্-৫। < কৃ ] অর্থাৎ 'করা' শব্দ বাংলা 'কর্' ধাতু হইতে উৎপন্ন, ইহার রূপ পরিশিষ্টে ক্রিয়ারূপ-প্রকরণে ৫ম গণে দ্রষ্টব্য, এবং বাংলা 'কর্' ধাতু সংস্কৃত 'কৃ' ধাতু হইতে উৎপন্ন।

| | | | |
|---|---|---|---|
| অ | অব্যয় | পুং | পুংলিঙ্গ। পুরুষ |
| অপ্রঃ | অপ্রচলিত obsolete | পুঃ | পুরাতন বানান বা সংজ্ঞা |
| | | প্রা সা | প্রাচীন সাহিত্য |
| অশিঃ | অশিষ্ট, slang | পো | পোর্তুগীজ |
| অশুপ্রঃ | অশুদ্ধ কিন্তু সুপ্রচলিত | প্রাঅপ্রঃ | প্রায় অপ্রচলিত, archaic |
| আ | আরবী | ফা | ফারসী |
| ই | ইংরেজী | (বাং) | পরবর্তী অর্থ কেবল বাংলায় চলে সংস্কৃতে নয় |
| ইঃ | ইত্যাদি | | |
| উ | উর্দু | বিঃ | বিশেষ |
| ক্রি | ক্রিয়া | ব্রবু | ব্রজবুলি |
| ক্রি-ণ | ক্রিয়াবিশেষণ | মূঃ | মূল অর্থ |
| ক্লী | ক্লীবলিঙ্গ | ষ্য | বিশেষ্য |
| ণ | বিশেষণ | স | সংস্কৃত |
| তু | তুর্কী | (সং) | পরবর্তী অর্থ প্রধানতঃ সংস্কৃতে চলে |
| তুঃ | তুলনীয়, compare | | |
| পঃ | পরিশিষ্ট | স্ত্রী | স্ত্রীলিঙ্গ |
| | | হি | হিন্দী |

আরবী ফারসী তুর্কী শব্দের মূলরূপের উচ্চারণ।—ঈ, ঊ দীর্ঘ। জ. = z। ব. = w. শ ষ = sh. স = s. শব্দের অন্তিম ব্যঞ্জনবর্ণে হস্ চিহ্ন না থাকিলেও ঊহ্য।

# চলন্তিকা

## আধুনিক বঙ্গভাষার অভিধান



**অ-, অন্-** (নঞ্) — অভাব বৈপরীত্য অন্যতা অপ্রাশস্ত্য অল্পতা ইঃ সূচক অব্যয়।

**অঋণী** [< অনৃণী (-ণিন্)] ঋণশূন্য, ঋণমুক্ত।

**অংশ** — ভাগ, খণ্ড ('জমিদারির—। নারায়ণের—')। share. দেবতার ঔরস, দেবতা হইতে লব্ধ সহজাত প্রভাব ('সূর্যের অংশে জন্ম')। বৃত্তপরিধির ১/৩৬০ ভাগ, degree. বিষয়, সম্বন্ধ ('জাত্যংশে শ্রেষ্ঠ')। (§ আংশিক)... **অংশতঃ** (-তস্)—কিয়দংশে।...অংশন—ভাগ করণ, বণ্টন, বাটোয়ারা। ... **অংশনীয়** — বিভাজ্য। ... **অংশভাক্** (-ভাজ্) — অংশভাগী, ভাগীদার। উত্তরাধিকারী। ... **অংশিত** — বিভক্ত, খণ্ডিত। ... **অংশী** (-শিন্) — অংশ-বিশিষ্ট। অংশীদার। ... **অংশীদার**] সম্পত্তি বা কারবারের অংশের মালিক।

**অংশানো** [√ অংশা — ১৭] অংশ হিসাবে বর্তানো।

**অংশাবতার** — দেবগণের সত্তার আংশিক-ভাবে মর্ত্যরূপ ধারণ। যেমন — মৎস্য-কূর্মাদি।

**অংশু** — কিরণ, প্রভা। আঁশ, তন্তু। বস্ত্র। ... **অংশুক** — বস্ত্র ('চীনাংশুক')। ... **অংশুপট্ট** — গরদ, তসর, মটকা ইঃ রেশমী সূতার কাপড়। ... **অংশুমান্** (-মৎ), **-মালী** (-লিন্) — সূর্য। ... **অংশুল** — কিরণবিশিষ্ট।

**অংশ্যমান** — যাহা বিভাজিত হইতেছে।

**অংস** (-শ বিরল)—স্কন্ধ।...**অংসকূট, -কূট** —ককুদ্, ষাঁড়ের ঝুঁটি। ... **অংসভার** — কাঁধের বোঝা ... **অংসল** — প্রশস্তস্কন্ধ, বলবান্।

**অংহ** — স্বধর্মত্যাগ। পাপ।

**অকচ** — কেশহীন, টেকো।

**অকথনীয়** — অনির্বচনীয়। অকথ্য।

**অকথা** — অনুচিত কথা, কুকথা।

**অকথিত** — অনুক্ত, অব্যক্ত।

**অকথ্য** — অশ্লীল, অবাচ্য, অপ্রকাশ্য।

**অকপট** — কপটতাশূন্য, সরল, অমায়িক।

**অকম্প, অকম্পিত, অকম্প্র** — কম্পহীন, স্থির, নিশ্চল, অবিচলিত।

**অকরণ** — না করা। ... **অকরণীয়** — অকর্তব্য। বিবাহাদি সম্বন্ধের অযোগ্য।

**অকরুণ** — নির্দয়, হৃদয়হীন।

**অকর্তব্য** — যাহা করা উচিত নয়।

**অকর্তা** (-র্তৃ) — নিষ্ক্রিয়, কর্তৃত্বহীন।...ষ্য. **অকর্তৃত্ব**।

**অকর্ম** (-র্মন্) — অকার্য, কর্মের অভাব, নিষ্ক্রিয়তা। অপকর্ম। (বাং) অপটুর

হাতে কাজের হানি। ... **অকর্মক** — নিষ্ক্রিয়। (ব্যাকরণে) যে ক্রিয়ার কর্ম নাই। ... **অকর্মণ্য** — কর্মে অক্ষম। ব্যবহারের অযোগ্য।...**অকর্মা** (-র্মন্) — নিষ্কর্মা। (বাং) অকর্মণ্য ব্যক্তি।

**অকলঙ্ক, -ঙ্কী** (-ঙ্কিন্) — নিষ্কলঙ্ক, নির্মল, নির্দোষ, অনিন্দ্য।

**অকলুষ, অকল্মষ** — নিষ্পাপ, অনবদ্য, নিষ্কলঙ্ক।

**অকল্পিত** — অকৃত্রিম, বাস্তবিক, অস্তিত্বশীল, যাহা মনগড়া নয়।

**অকল্যাণ** — অশুভ, অমঙ্গল।

**অকষ্টবন্ধ** — (বাং) ণ. অত্যন্ত বিপদ্‌গ্রস্ত। ষ্য. কষ্টের বন্ধন।

**অকস্মাৎ** — হঠাৎ, অপ্রত্যাশিতভাবে। (§ আকস্মিক)

**অকাজ** ] বৃথা বা অনাবশ্যক কাজ। অন্যায় কাজ।

**অকাট্য** ] অখণ্ডনীয় ('—যুক্তি')

**অকাণ্ড** — অঘটনীয় ব্যাপার। **অকাণ্ডে** — অপ্রত্যাশিতরূপে, অযোগ্য ব্যাপারে, অসময়ে, অকারণে।

**অকাতর** — অব্যাকুল, নিঃশঙ্ক। সহিষ্ণু। অকুণ্ঠ ('অকাতরে')

**অকাম** — ষ্য. অনিচ্ছা ('-কৃত')। ণ. কামনাহীন।

**অকায়** — অশরীরী, দেহহীন।

**অকারণ** — কারণশূন্য, অনর্থক।

**অকারাদিক্রম** — বর্ণমালার পরম্পরায় আদ্যাক্ষর ধরিয়া একের পর এক শব্দ বা নামের বিন্যাস। Alphabetical order.

**অকার্য** — অকর্ম (দেখ)

**অকাল** — অনুপযুক্ত বা অপ্রত্যাশিত কাল। জ্যোতিষমতে অপ্রশস্ত কাল ('-বোধন')। (বাং) দুর্ভিক্ষ। (§ আকালিক)। ...

**অকালকুষ্মাণ্ড** — (মূঃ অকালে জাত কুষ্মাণ্ডের তুল্য) অকর্মণ্য, মূর্খ। ...

**অকালপক্ব** — যথাকালের পূর্বে পক্ব; বাল্যে প্রৌঢ়তুল্য আচরণকারী, 'ইঁচড়ে পাকা'। ... ষ্য.-**তা**। ... **অকালবোধন** — অর্চনার জন্য অসময়ে দেবতার আবাহন। যেমন — রাবণবধের জন্য রামচন্দ্রের দ্বারা অসময়ে দেবীর বোধন। ... **অকালমৃত্যু** — আয়ুষ্কাল পূর্ণ না হইতে মৃত্যু।

**অকিঞ্চন** — নিঃস্ব, দুঃখী। সামান্য, ইতর। (§ আকিঞ্চন)। ... ষ্য. **-তা, -ত্ব**।

**অকিঞ্চিৎ, অকিঞ্চিৎকর** — নগণ্য, তুচ্ছ।

**অকীর্তি** — অখ্যাতি, দুর্নাম ('-কর')

**অকু** [ আ. ব. কু ] ঘটনা। দাঙ্গাহাঙ্গামা খুন জখম ইঃ। ... **অকুস্থল, -স্থান** ] যেখানে ঐরূপ ব্যাপার ঘটিয়াছে।

**অকুণ্ঠ, অকুণ্ঠিত** — অকাতর, অসংকুচিত, ('-চিত্তে')। অপ্রতিহত। তেজস্বী।

**অকুতোভয়** — (অ + কুতঃ + ভয়) যাহার কোথাও ভয় নাই, নির্ভীক, অসমসাহসিক। ... ষ্য. **-তা**।

**অকুব** [ আ. বুকুফ ] আক্কেল, কাণ্ডজ্ঞান, বুদ্ধি।

**অকুল** — যে কুল বা বংশের সহিত বিবাহাদি চলে না, অঘর।

**অকুলন, -লান** ] অনটন, অপ্রতুলতা, অভাব।

**অকুলীন** — বংশকুলে অনুন্নত।

**অকুশল** — ষ্য. অমঙ্গল। ণ. অনিপুণ।

**অকূপার** — সমুদ্র।

**অকূল** — ণ. তীরহীন, দুস্তর, অসীম। ষ্য. সংকট, অনুপায়। সাগর। ... **অকূল পাথার** ] অসীম সমুদ্র, মহাসংকট।

**অকৃত** — অননুষ্ঠিত, অসমাপ্ত। ... **অকৃতকর্মা** (-র্মন্) — অকর্মণ্য। ... **অকৃতকার্য** — যাহার চেষ্টা সফল হয় নাই। ...

**অকৃতদার** — অবিবাহিত। ... **অকৃতাত্মা**

—অবিশুদ্ধচিত্ত, অজিতেন্দ্রিয়। **অকৃতাপরাধ**—যে দোষ করে নাই। ... **অকৃতার্থ**—বিফলমনোরথ।

**অকৃতজ্ঞ**—যে উপকার স্বীকার করে না বা স্মরণ রাখে না। কৃতঘ্ন। ... ষ্য. **-তা**।

**অকৃতী** (-তিন্)—অক্ষম, অপটু। ... ষ্য. অকৃতিত্ব।

**অকৃত্য**—অকর্তব্য। নিন্দিত কার্য।

**অকৃত্রিম**—স্বাভাবিক, প্রকৃত। খাঁটী, ভেজাল-শূন্য। অকপট।

**অকৃষ্ট** — অ-চষা, পতিত, অনাবাদী ('—ভূমি')

**অকেজো**] নিষ্কর্মা, অকর্মণ্য। অব্যবহার্য।

**অকৈতব** — অকপট, সরল, শাঠ্যহীন, অখল।

**অকৌশল** — অপটুতা। (বাং। অপ্রঃ) বিরোধ, মনোমালিন্য।

"**অক্কা**"] মৃত্যু ('—পাওয়া')। সং অম্বা, মাতা।

**অক্টোবর** [ই] ইংরেজী বৎসরের দশম মাস।

**অক্ত**—লিপ্ত, মাখানো ('ঘৃতাক্ত')। যুক্ত।

**অক্রম**—ষ্য. এলোমেলো ভাব, বিপর্যাস। ণ. ক্রমহীন, বিশৃঙ্খল।

**অক্রিয়**—ক্রিয়াহীন, নিষ্ক্রিয়। ... **অক্রিয়া**—নিষ্ক্রিয়তা। অবৈধ ক্রিয়া। ... **অক্রিয়াচরণ** — অবৈধ আচরণ। কুব্যবহার। ... **অক্রিয়ান্বিত**—কুকর্মরত।

**অক্রূর**—সরল। কৃষ্ণের পিতৃব্য।

**অক্রেয়**—দুর্মূল্য, আক্রা।

**অক্রোধ**—ষ্য. ক্রোধশূন্যতা। ণ. ক্রোধশূন্য।

**অক্লান্ত**—ক্লান্তিহীন, অশ্রান্ত ('-কর্মা')।... ষ্য. **অক্লান্তি**।

**অক্লিষ্টকর্মা**—কর্মে যে ক্লেশ বোধ করে না, শ্রমে অকাতর, unwearied, indefatigable.

**অক্লেশ**—অনায়াস। ক্লেশের অভাব।

**অক্ষ**—খেলিবার পাশা ('-ক্রীড়া')। মেরু, কেন্দ্ররেখা, axis. চক্রদণ্ড, axle. নিরক্ষরেখা হইতে কোনও স্থানের কৌণিক ব্যবধান, latitude. ইন্দ্রিয় ('প্রত্যক্ষ')। রুদ্রাক্ষাদি জপমালার বীজ। ... **অক্ষপাদ** — ন্যায়শাস্ত্রের প্রবর্তক গৌতম ঋষি। ... **অক্ষবাট**—আখড়া। পাশাখেলার আড্ডা। মল্লভূমি। ... **অক্ষবৃত্ত** — নিরক্ষবৃত্তের সমান্তরাল কল্পিত বৃত্তবলয়। ... **অক্ষমালা, অক্ষসূত্র** — জপমালা। ... **অক্ষাংশ**—degrees of latitude.

**অক্ষটী** — শিকারী।

**অক্ষত**—ণ. ক্ষতহীন, অচ্ছিন্ন, অনাহত।—ষ্য. আতপতণ্ডুল। যব। ... **অক্ষতযোনি** —যে স্ত্রীর পুরুষসংগম হয় নাই।

**অক্ষম**—যে পারে না, অসমর্থ, দুর্বল। ক্ষমাহীন।...**অক্ষমা**—ক্ষমাশূন্যতা, ক্রোধ।

**অক্ষয়**—ক্ষয়হীন। অবিনশ্বর। ... **অক্ষয়তৃতীয়া** — চান্দ্র-বৈশাখের শুক্লতৃতীয়া।

**অক্ষর**—বর্ণ, letter. syllable. ব্রহ্ম (ক্ষরণশূন্য)। (§ আক্ষরিক)। ... **অক্ষরজীবী** (-বিন্), **-জীবিক, -জীবক** —লিপিকর, মসিজীবী। ... **অক্ষরপরিচয়** —বর্ণজ্ঞান। ... **অক্ষরবৃত্ত**—অক্ষরসংখ্যা অনুসারে নিরূপিত ছন্দ। ... **অক্ষরে অক্ষরে** — বিন্দুমাত্র অন্যথা না করিয়া যথাযথভাবে, to the letter.

**অক্ষি**—চক্ষু। ... **অক্ষিগোলক** — চক্ষুর বর্তুলাংশ। ... **অক্ষিপটল** — ছানি।

**অক্ষুণ্ণ**—অক্ষুব্ধ। অব্যাহত, অটুট।

**অক্ষৌহিণী**—(পুরাণে) ৬৫,৬১০ অশ্ব, ২১,৮৭০ গজ, ২১,৮৭০ রথ এবং ১০৯,৩৫০ পদাতি সমন্বিত সেনা, ১০ অনীকিনী।

**অক্সিজেন** [ই] মৌলিক গ্যাস বিঃ যাহার

যোগে দহন ও **শ্বাসক্রিয়া সম্পন্ন** হয় (বায়ু ও জলের উপাদান। **পুঃ** অম্ল-জান, দহন বায়ু)

**অখণ্ড** — অভগ্ন, আস্ত, সমগ্র। অক্ষুণ্ণ ('-প্রতাপ')। ... **অখণ্ডনীয়, অখণ্ড্য** — অপরিবর্তনীয়, অকাট্য। অবিভাজ্য।

**অখল** — সরল, অকপট।

**"অখদ্যে"** [ <অখাদ্য ] অকর্মণ্য, ওঁছা।

**অখাত** — অ-খনিত, স্বাভাবিক (যথা হ্রদ)

**অখাদ্য** — কুখাদ্য, ভোজনের অনুপযুক্ত। নিষিদ্ধ খাদ্য।

**অখিল** — ণ. সমস্ত, যাবতীয়, নিখিল। ষ্য. জগৎ।

**অখ্যাত** — অপ্রসিদ্ধ। নিন্দিত। ... **অখ্যাত-নামা** (-নামন্) — যাহার নাম খ্যাত নয়। ... **অখ্যাতি** — নিন্দা, অপবাদ।

**অগণন, অগণনীয়, অগণিত, অগণ্য** — যাহা গনিয়া শেষ করা যায় না, অসংখ্য।

**অগতি** — ণ. নিরুপায়, গতিহীন। ষ্য. মৃতের সৎকার বা প্রেতকৃত্য না হওয়া।

**অগত্যা** — গত্যন্তর না থাকায়, বাধ্য হইয়া।

**অগদ** — ষ্য. ঔষধ। বিষঘ্ন ঔষধ। **স্বাস্থ্য**। ণ. সুস্থ।

**অগনতি, অগুনতি** ] অগণিত।

**অগন্তব্য** — যেখানে যাওয়া উচিত নয়।

**অগভীর** — অল্প গভীর।

**অগম** ] অগম্য ,অগাধ, অথই ('—জলে')

**অগম্য** — যেখানে যাওয়া যায় না, দুর্গম। অগন্তব্য। অবোধ্য। ... **অগম্যা**—যে স্ত্রীর সহিত সংগম অত্যন্ত গর্হিত বলিয়া গণ্য হয়।

**অগস্ট** [ ই ] ইংরেজী বৎসরের অষ্টম মাস।

**অগস্ত্য** — মুনি বিঃ (বিন্ধ্য পর্বতকে প্রণত রাখিয়া দক্ষিণাপথে প্রস্থান করেন—আর ফিরিয়া আসেন নাই)। নক্ষত্র বিঃ, Canopus. ... **অগস্ত্যযাত্রা** — যে যাত্রায় বিদেশযাত্রী আর ফিরিয়া আসে না। মাসের ১ম দিন বিশেষ করিয়া ভাদ্রমাসের প্রথম দিন অগস্ত্য-যাত্রার দিন বলিয়া কথিত হয়। নিষিদ্ধযাত্রা।

**অগা, অঘা** ] < অজ্ঞ, অজ্ঞান — বোকা, নির্বোধ।

**অগাধ** — অতলস্পর্শ। অপরিমেয়।

**অগুরু** — গন্ধকাষ্ঠ বিঃ।

**অগোচর** — যাহা ইন্দ্রিয়গ্রাহ্য নয়। অজ্ঞাত ('অগোচরে')।

**অগৌণ** — মুখ্য। ... **অগৌণে** ] (বাং) শীঘ্র, অবিলম্বে।

**অগৌরব** — অসম্মান।

**অগ্নায়ী** — অগ্নির পত্নী, স্বাহা।

**অগ্নি** — আগুন, অনল, কৃশানু, কৃষ্ণবর্ত্মা, পাবক, বহ্নি, বৈশ্বানর, হুতাশন। জঠরাগ্নি, পরিপাকশক্তি। (§ আগ্নেয়)। ... **অগ্নিকণ** — আগুনের স্ফুলিঙ্গ। ... **অগ্নিকর্ম** (-র্মন্), **-কার্য, -ক্রিয়া** — অন্ত্যেষ্টিক্রিয়া। ... **অগ্নিকল্প** — অনল-তুল্য, অতি উষ্ণ। অতি ক্রুদ্ধ, অতি তেজস্বী। ... **অগ্নিকাণ্ড** — অগ্নির বিস্তার, গৃহদাহ। ... **অগ্নিকুণ্ড** — অগ্নি রক্ষা করিবার গর্ত। — **অগ্নিকোণ** —দক্ষিণ-পূর্ব দিক্। ... **অগ্নিগর্ভ** — যাহার ভিতরে অগ্নি আছে। ... **অগ্নি-চূর্ণ, অগ্নিচূর্ণক** — বারুদ, বিস্ফোরক-বস্তু। ... **অগ্নিদাতা** (-তৃ) — যে আগুন লাগাইয়া দেয়। যে মৃতের মুখাগ্নি করে। ... **অগ্নিপক্ব** — অগ্নির উত্তাপে পক্ব। দগ্ধ (যথা ইষ্টক)। ... **অগ্নিপরীক্ষা** — অগ্নিদ্বারা বিশুদ্ধি বা নির্দোষতা নির্ণয়। কঠিন পরীক্ষা। ... **অগ্নিপ্রস্তর** — চকমকি পাথর। ... **অগ্নিবর্ধক** — পরিপাকশক্তি-বৃদ্ধিকর।

... **অগ্নিবাণ** — পুরাণোক্ত আগ্নেয় অস্ত্র বিঃ। ... **অগ্নিবৃদ্ধি** — পরিপাকশক্তির বৃদ্ধি। ... **অগ্নিবৃষ্টি** — জ্বলন্ত বস্তু বর্ষণ বা দারুণ তাপ বিকিরণ। ... **অগ্নিমন্ত্র** — যে মন্ত্র সাধকচিত্তে ওজো-বীর্য ও তেজোদীপ্তি সঞ্চার করে। ... **অগ্নিমন্থ** — যজ্ঞের জন্য কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণে অগ্নি উৎপাদন। ... **অগ্নিমান্দ্য** — মন্দাগ্নি, পরিপাকশক্তির হীনতা, ক্ষুধার অল্পতা। ... **অগ্নিমূর্তি, -শর্মা** (-র্মন্) — অতিক্রোধাপন্ন। ... **অগ্নিমূল্য** — অত্যন্ত আক্রা। ... **অগ্নিশুদ্ধ** — অগ্নির স্পর্শ বা দাহ দ্বারা শোধিত। কঠোর প্রায়শ্চিত্ত দ্বারা শোধিত। ... **অগ্নিষ্টোম** — সোমযজ্ঞ বিঃ। ... **অগ্নি-সংস্কার, -সৎকার** — মৃতের দাহ। ... **অগ্নিসাৎ** — অগ্নির কবলে পতিত, দগ্ধ। ... **অগ্নিসেবন** — আগুন পোহানো। ... **অগ্নিহোত্র** — বেদবিহিত প্রাত্যহিক হোম বিঃ এবং তজ্জন্য নিয়ত অগ্নিরক্ষা। ... **অগ্নিহোত্রী** (-ত্রিন) — যে তাহা করে।

**অগ্ন্যস্ত্র** — বন্দুক কামান ইঃ।

**অগ্ন্যাধান** — হোমাদির জন্য অগ্নিস্থাপন।

**অগ্ন্যুৎপাত**—অগ্নিকাণ্ড। ... **অগ্ন্যুৎপাত**, **অগ্ন্যুদ্গম, অগ্ন্যুদ্গার**—আগ্নেয়গিরি হইতে অগ্নিময় পদার্থ নিঃসরণ।

**অগ্র** — ণ. প্রথম, প্রধান। অগ্রবর্তী। পূর্ব ('অগ্রজ')। ষ্য. ঊর্ধ্বদেশ, শিখর। আগা, ডগা, সূক্ষ্ম প্রান্ত। সম্মুখ। লক্ষ্য, অবলম্বন ('একাগ্র')। (§ অগ্রিম, অগ্র্য)। ... **অগ্রে** — প্রথমে। সম্মুখে। পূর্বে। ডগায়। ... **অগ্রগণ্য** — প্রথমে উল্লেখযোগ্য, শ্রেষ্ঠ। ... **অগ্রগামী** (-মিন্), **অগ্রগ** — সম্মুখবর্তী। প্রথমে গমনকারী, নেতা। ... **অগ্রজ** — প্রথমে জাত। জ্যেষ্ঠ ভ্রাতা। ... **অগ্রজিহ্বা**—জিবের ডগা। ... **অগ্রণী**, **অগ্রনেতা** (-তৃ) — নায়ক, নেতা। ... **অগ্রদানী** (-নিন্) — প্রেতোদ্দিষ্ট-দান-গ্রহণকারী পতিত ব্রাহ্মণ। ... **অগ্রদূত**—প্রথমবার্তাবহ। পথপ্রদর্শক। ... **অগ্র-পশ্চাৎ** — পূর্বাপর, কার্যের উদ্যোগ ও ফলাফল ('— বিবেচনা করা')। ... **অগ্রবর্তী** (-র্তিন্) — পুরোবর্তী, সম্মুখস্থ। ... **অগ্রমহিষী** — পাটরানী। ... **অগ্রমাংস** — যকৃতের রোগ বিঃ। কলিজার অগ্রভাগের মাংস। হৃদয়। ... **অগ্রসর** — সম্মুখে গমনকারী, আগুয়ান। ... ষ্য. **-সরণ, -সৃতি**। ... **অগ্রসূচনা** — ভাবী ঘটনার চিহ্ন, পূর্বাভাস। ... **অগ্রহায়ণ** — বাংলা সনের অষ্টম মাস, অঘ্রান।

**অগ্রহণীয়** — গ্রহণের অযোগ্য। যাহা গ্রহণ করা নিষিদ্ধ।

**অগ্রাধিকার** — প্রাধান্য, সর্বাগ্রে বিহিত বলিয়া স্বীকার, priority.

**অগ্রাহ্য**—অগ্রহণীয়। অবজ্ঞেয়, তুচ্ছ। (বাং) উপেক্ষা; নামঞ্জুর ('— করা')

**অগ্রিম**—প্রথম, প্রধান। আগাম, ক্রীতবস্তু-লাভের পূর্বে প্রদেয় ('—মূল্য')

**অগ্র্য** — আদ্য। শ্রেষ্ঠ।

**অঘ** — পাপ, দুষ্কৃতি। ('অনঘ')

**অঘটন** — না ঘটা। অসম্ভব বিষয়। ... **অঘটনঘটনপটীয়সী** — অসম্ভব বিষয় সম্ভব করিতে সমর্থা। ... **অঘটনীয়** — অসম্ভাব্য ... **অঘটিত** — যাহা ঘটে নাই।

**অঘর** ] অকুল (দেখ)

**অঘোর** — ষ্য. শিব। ণ. অভীষণ, শান্ত। (বাং) অচেতন, বেহুঁশ ('অঘোরে'); প্রচণ্ড, ভীষণ। ... **অঘোরতন্ত্রী, অঘোরী, অঘোরপন্থী** ] বীভৎসাচার শৈব সম্প্রদায় বিঃ।

**অঘোষবর্ণ** — বর্গের প্রথম দুই বর্ণ।

**অঘ্রাত, অনাঘ্রাত** — যাহার ঘ্রাণ কেহ লয় নাই।

**অঘ্রান** ] < অগ্রহায়ণ।

**অঙ্ক**—গণিতের রাশি, number. সংখ্যা, গণনা। আঁক, sum ('—কষা')। রেখা, চিহ্ন। কলঙ্ক। ক্রোড়, উৎসঙ্গ, কোল। নাটকের পরিচ্ছেদ, অভিনয়ের বিভাগ। ... **অঙ্কন** — চিত্রণ, আঁকা, চিহ্ন দেওয়া। ... **অঙ্কনী** — খড়ি, পেনসিল ইত্যাদি অঙ্কনের উপকরণ। ... **অঙ্কপাত** — সংখ্যালিখন। অঙ্ক কষা। ... **অঙ্কশাস্ত্র** — গণিত। ... **অঙ্কলক্ষ্মী** — পত্নী।

**অঙ্কিত** — চিহ্নিত, চিত্রিত ,বর্ণিত।

**অঙ্কুর** — বীজাঙ্কুর, কল, নবোদ্গত উদ্ভিদ। মুকুল। প্রথম অবস্থা। ... **অঙ্কুরিত** — যাহার অঙ্কুর নির্গত হইয়াছে। সদ্যউন্মেষিত।

**অঙ্কুশ** — হস্তিতাড়নের নিমিত্ত লৌহদণ্ড বিঃ, ডাঙ্গস। বাঁকা লোহা ইঃ, হুক।

**অঙ্কুশিত** — প্রণোদিত, উদ্দীপিত, অঙ্কুশের দ্বারা তাড়িত।

**অঙ্কুশী** — আঁকশী।

**অঙ্গ** — অবয়ব। দেহের যন্ত্র। দেহ ('কোমলাঙ্গ')। মূর্তি। অংশ। উপকরণ। প্রাচীন প্রদেশ বিঃ (ভাগলপুর জেলায়)। (§ আঙ্গ, আঙ্গিক)। ... **অঙ্গগ্রহ**—অঙ্গের আক্ষেপ, খেঁচুনি। ... **অঙ্গজ** — পুত্র। ... **অঙ্গত্র, অঙ্গত্রাণ** — বর্ম, সাঁজোয়া।... **অঙ্গদ**—কেয়ূর, বাজু। বালীর পুত্র। ... **অঙ্গন্যাস**—পূজাকালে হৃদয় মস্তক ইঃ অঙ্গ **স্পর্শ**। ... **অঙ্গপ্রত্যঙ্গ** — সমস্ত অবয়ব। ... **অঙ্গপ্রায়শ্চিত্ত**—অশৌচকালজাত দেহশুদ্ধির শোধনার্থ সংস্কার বিঃ। ... **অঙ্গবিক্ষেপ** — অঙ্গপ্রত্যঙ্গের সঞ্চালন। ... **অঙ্গভঙ্গী, -ঙ্গি, -ভঙ্গিমা, -ভঙ্গ** — অঙ্গচালনাদ্বারা মনোভাব প্রকাশ। ... **অঙ্গমোটন** — গা মোড়া দেওয়া। ... **অঙ্গরাগ** — প্রসাধনদ্রব্য। প্রসাধন, দেহসজ্জা। ... **অঙ্গসংস্কার** — দেহসজ্জা, সাজগোজ। ... **অঙ্গসেবা** — দেবপ্রতিমার সাজসজ্জা রচনা বা শৃঙ্গার বেশ বিধান। ... **অঙ্গহানি** — কোনও অবয়বের বা উপাদানের নাশ বিকলতা বা অভাব। ... **অঙ্গহার** — কলাসম্মত অঙ্গভঙ্গী। **অঙ্গহীন** — বিকলাঙ্গ, অসম্পূর্ণ।

**অঙ্গন, -ণ** — আঙ্গিনা, প্রাঙ্গণ, উঠান।

**অঙ্গনা** — সৌষ্ঠবশালিনী নারী। নারী।

**অঙ্গাঙ্গি, অঙ্গাঙ্গিভাব** — অঙ্গের সহিত অঙ্গীর সম্বন্ধ; গৌণ-মুখ্য-ভাব; উপকার্য-উপকারক আশ্রিত-আশ্রয় ইঃ সম্বন্ধ।

**অঙ্গার**—আঙার, কয়লা। কলঙ্ক, কালিমা। ... **অঙ্গারক** — carbon ... **অঙ্গারধানী** — ধুনুচি, আগুনের আঙটা বা মালসা। ... **অঙ্গারাম্ল** — carbonic acid gas.

**অঙ্গী** (-ঙ্গিন্) — অঙ্গবিশিষ্ট, শরীরী। প্রধান, মুখ্য।

**অঙ্গীকার,-করণ** — স্বীকার। প্রতিশ্রুতি, প্রতিজ্ঞা। ... **ণ. অঙ্গীকৃত**।

**অঙ্গীভূত** — অন্তর্ভুক্ত। শরীরস্থ।

**অঙ্গুরি, -রী, অঙ্গুরীয়, -রীয়ক**—আংটি।

**অঙ্গুলি, -লী, অঙ্গুল** — আঙুল। ... **অঙ্গুলিত্র, -ত্রাণ** — অঙ্গুলিতে ধারণীয় আঘাতবারক কবচ। অঙ্গুস্তানা। ... **অঙ্গুলিনির্দেশ** — আঙুল দিয়া দেখানো। ... **অঙ্গুলিমোটন, -স্ফোটন**— আঙুল মটকানো।

**অঙ্গুষ্ঠ** — বৃদ্ধাঙ্গুলি, বুড়ো আঙুল।

**অংগুস্তানা** [ফা] ছুঁচ ঠেলিবার জন্য আঙুলে পরিবার ধাতু ইঃর টুপি।

**অঙ্ঘ্রি** — পদ।

**অচর** — গতিহীন, স্থাবর ('চরাচর')

**অচল** — ণ. গতিহীন, স্থির, অটল। দৃঢ়, একনিষ্ঠ। অব্যবহার্য ('— টাকা')। অপ্রচলিত। যাহার নির্বাহ বা পরিচালনা দুঃসাধ্য ('— সংসার, ব্যবসায়')। ষ্য. পর্বত। ... স্ত্রী. **অচলা**। — পৃথিবী। ... **অচলন** — অপ্রচলন। না চলা। ... **অচলনীয়** — যাহার প্রচলন অসম্ভব। ... **অচলিত** — অপ্রচলিত। ...**অচলপ্রতিষ্ঠ**—দৃঢ়ভিত্তিতে অধিষ্ঠিত। ... **অচলায়তন** — গতানুগতিক রীতিপদ্ধতিতে শাসিত প্রগতিহীন প্রতিষ্ঠান।

**অচালন** — না নড়ানো। অপ্রয়োগ। ... **অচালনীয়, অচালয়িতব্য, অচাল্য** — যাহা নড়ানো বা প্রয়োগ করা অসম্ভব। চালনার অযোগ্য।

**অচিকিৎসনীয়, অচিকিৎস্য** — যে রোগের চিকিৎসা নাই।

**অচিন**] > অচিহ্নিত। (অচেনা দেখ)

**অচিন্তনীয়, অচিন্ত্য** — যাহা ভাবা যায় না, মনের অবিষয়। **অচিন্ত্য ভেদাভেদ** — দার্শনিক মতবাদ বিঃ।

**অচিন্তিত, অচিন্তিতপূর্ব** — পূর্বে যাহার চিন্তা বা অনুমান করা হয় নাই।

**অচির** — অল্পকালস্থায়ী। শীঘ্র, আশু, সত্বর ('অচিরে')। ... **অচিরতা, -ত্ব**—ক্ষণস্থায়িতা। ... **অচিরাৎ** — শীঘ্র, অচিরে। ... **অচিরক্রিয়** — অদীর্ঘসূত্রী, ক্ষিপ্রকারী, কর্মে তৎপর। ... **অচিরজীবী** — অনিত্য, অল্পায়ু। ... **অচিরপ্রভা** — বিদ্যুৎ।

**অচেতন** — জ্ঞানশূন্য, সংজ্ঞাহীন। প্রাণহীন, জড়।

**অচেনা, অচিন**] অপরিচিত, অজ্ঞাত।

**অচেষ্ট** — নিশ্চেষ্ট। অসাড়।

**অচেষ্টিত** — যাহার জন্য চেষ্টা করা হয় নাই। অনন্বেষিত। অপরীক্ষিত।

**অচৈতন্য** — চৈতন্যহীন।

**অচ্ছ** — যাহার ভিতর দিয়া দৃষ্টি চলে, transparent ('স্বচ্ছ')। প্রতিবিম্ব-ধারণক্ষম।

**অচ্ছদ** — ছাদহীন, অনাবৃত। পত্রশূন্য।

**অচ্ছিদ্র** — ছিদ্রহীন। লক্ষ্যার্থে নির্দোষ, ত্রুটীশূন্য।

**অচ্ছুত**] অস্পৃশ্য (জাতি)

**অচ্ছেদ্য** — যাহা ছেদন করা যায় না।

**অচ্ছোদ** — অচ্ছ অর্থাৎ নির্মল উদক যাহার। ('অচ্ছোদ সরোবর')

**অচ্যুত**—(মূঃ যাহার চ্যুতি বা পরিবর্তন নাই) কৃষ্ণ, বিষ্ণু।

**অছি** [আ. ব.সী] সম্পত্তিপরিচালক।

**অছিয়ৎনামা** (আ + ফা) — অছিনিয়োগ-পত্র, ইচ্ছাপত্র, দানপত্র, Will.

**অছিলা** [আ. ব.সীলা] ছুতা, ছল, মিথ্যা অজুহাত।

**অজ** — ণ. জন্মরহিত, অনাদিকাল হইতে বর্তমান। (বাং) নিতান্ত (মন্দ অর্থে। '— পাড়া গাঁ, — মূর্খ')। ষ্য. ছাগল। ... স্ত্রী. **অজা**। ... **অজাগলস্তন** — (একপ্রকারের ন্যায়) ছাগীর গলদেশে স্তনবৎ দৃষ্ট মাংসপিণ্ডের ন্যায় অপ্রয়োজনীয়।

**অজগর** — (মূঃ ছাগভোজী) বৃহৎ সর্প বিঃ।

**অজচ্ছল**] < **অজস্র** — অঢেল, প্রচুর, অবিরল।

**অজন্ত** — (ব্যাকরণে) স্বরান্ত (শব্দ)

**অজপা** — শ্বাসপ্রশ্বাসের সহিত মন্ত্রজপ। শ্বাসপ্রশ্বাস, প্রাণবায়ু।

**অজন্মা** (-মন্) — যাহার জন্ম নাই। বেজন্মা, জারজ। (বাং) শস্য উৎপত্তির অভাব, দুর্ভিক্ষ।

**অজয়** — কেহ যাহাকে জয় করিতে পারে না। পশ্চিমবঙ্গের প্রসিদ্ধ নদ।

**অজয়া** — সিদ্ধি, ভাং।

**অজর** — জরারহিত।

**অজল্প** — বাজে কথা।

**অজস্র** — সর্বদা, নিরন্তর। অপরিমিত, দেদার, "অজজন"।

**অজহৎস্বার্থ** — লক্ষণায় যে শব্দ নিজের অর্থত্যাগ করে না।

**অজহল্লিঙ্গ** — যে শব্দ অন্য লিঙ্গের শব্দের বিশেষণরূপে ব্যবহৃত হইলেও নিজের লিঙ্গ ত্যাগ করে না।

**অজাতশত্রু** — যাহার শত্রু জন্মে নাই। প্রাচীন মগধের রাজা বিঃ। যুধিষ্ঠির।

**অজাতশ্মশ্রু** — যাহার দাড়ি ওঠে নাই।

**অজানত, -তে**] না জানিয়া, অজ্ঞাতসারে।

**অজানা, অজানিত**] অজ্ঞাত, অপরিচিত।

**অজিত** — যে পরাভূত হয় নাই। যাহা আয়ত্ত হয় নাই।

**অজিন** — কৃষ্ণসারমৃগচর্ম। মৃগচর্ম।

**অজীর্ণ** — ষ্য. হজম না হওয়া, অপাক রোগ। ণ. যাহা জীর্ণ হয় নাই।

**অজু** (ফা) — ওজু দেখ।

**অজুরা, আজুরা** [ফা] মজুরি, বেতন।... **অজুদার**] মজুর, শ্রমজীবী।

**অজুহাত, ওজু-** [ফা. বুজুহাত] নানা কারণ, ওজর।

**অজেয়** — যাহাকে জয় করা যায় না।

**অজৈব** — যাহা প্রাণী বা উদ্ভিদ সম্বন্ধীয় নয়।

**অজ্ঞ** — যে জানে না। অশিক্ষিত, মূর্খ, নির্বোধ। ... ষ্য. -তা।

**অজ্ঞাত** — অবিদিত, অজানা; গুপ্ত, অপ্রকাশিত ('-বাস, -কুলশীল')। **অজ্ঞাতনামা** (-নামন্) — যাহার নাম জানা যায় নাই। ... **অজ্ঞাতপূর্ব** — যাহা পূর্বে জানা যায় নাই। ... **অজ্ঞাতসারে, অজ্ঞাতে**] অগোচরে, অজানত।

**অজ্ঞান** — ষ্য. অজ্ঞতা। (দর্শনে) মায়া, অবিদ্যা। ণ. চৈতন্যহীন। অজ্ঞ, জ্ঞানহীন, অবোধ। ... ষ্য. -তা। ... **অজ্ঞানকৃত** — অজ্ঞাতসারে কৃত। মূঢ়তা বা ফলাফল সম্বন্ধে অজ্ঞতার জন্য কৃত।... **অজ্ঞানবাদ, অজ্ঞাবাদ** — জগতের চরম তত্ত্ব অজ্ঞাত বা অজ্ঞেয় এই মত, agnosticism.

**অজ্ঞেয়** — যাহা জ্ঞানগম্য বা জ্ঞানের বিষয় নয়, জ্ঞানাতীত। যাহা বুঝিতে পারা যায় না, অবোধ্য।

**অঝোর, অঝর**] < অজস্র, অবিশ্রান্ত ('অঝোরে বৃষ্টি, কান্না')

**অঞ্চল** — বস্ত্রের প্রান্ত, আঁচল। (বাং) প্রদেশ, তল্লাট ('ঢাকা-')। ... **অঞ্চলপ্রভাব** — স্ত্রীর প্রভুত্ব।

**অঞ্চিত** — বক্রীভূত; উত্থিত ('রোমাঞ্চিত')। গ্রথিত। ভূষিত। পূজিত।

**অঞ্জন** — কজ্জল, সুর্মা। ভূসা; কালিমা। আয়ুর্বেদোক্ত বিবিধ ধাতুঘটিত দ্রব্য ('রসাঞ্জন, নীলাঞ্জন')

**অঞ্জনিকা** — আঁজনাই।

**অঞ্জলি** — যুক্তপাণি, আঁজলা। যুক্তপাণি-দ্বারা অর্পিত পুষ্পজলাদি ('দেবতাকে —দেওয়া')। ... **অঞ্জলিপুট** — অঞ্জলির কোষ ('অঞ্জলিপুটে'—কৃতাঞ্জলি হইয়া)। ... **অঞ্জলিবন্ধ**] বদ্ধাঞ্জলি, যে হাত

জোড় করিয়াছে। ... ষ্য. **অঞ্জলিবন্ধ, -বন্ধন**।

**অঞ্জীর** — পেয়ারা।

**অটন** — ভ্রমণ।

**অটনী** — ধনুকের কোটিদ্বয়।

**অটবী, -বি** — বন, অরণ্য। (§ আটবিক)

**অটল** — স্থির, অচল, দৃঢ়।

**অটাট্যা** — ঘুরে বেড়ানো, হাঁটাহাঁটি।

**অটুট** ] অভগ্ন, আস্ত। ত্রুটিহীন।

**অট্ট** — উচ্চ। ... **অট্টহাস, -হাস্য** — উচ্চ-হাস্য। ... **অট্টনাদ** — উচ্চনিনাদ।

**অট্টালিকা** — পাকা বাড়ি, প্রাসাদ।

**অঠেল** ] — এত বেশি যে ঠেলা যায় না।

**অড়হর, অড়র** [ < আঢ়কী ] দাল বিঃ।

**অঢেল** ] প্রচুর, দেদার।

**অণি, অণী** — সূচীতুল্য অগ্রভাগ।

**অণিমা** ( -মন্ ) — সূক্ষ্মত্ব। যোগলব্ধ ঐশ্বর্য বা বিভূতি বিঃ যদ্দ্বারা শরীরকে অণুপ্রমাণ করা যায়। ষড়ৈশ্বর্যের একটি ঐশ্বর্য।

**অণীয়ান** — সূক্ষ্ম হইতেও সূক্ষ্ম। ('অণোরণীয়ান')

**অণু**—অতি সূক্ষ্ম বস্তু বা বস্তুর অংশ, কণা। molecule। (§ আণবিক)। ... **অণুদর্শন**—সূক্ষ্মদৃষ্টি। ... **অণুবীক্ষণ** — অতি ক্ষুদ্র পদার্থ দেখিবার যন্ত্র, microscope. ... **অণুমাত্র** — কণিকা-মাত্র, সামান্যপরিমাণ, কিছুমাত্র।

**অণ্ড** — আণ্ডা, ডিম্ব। অণ্ডকোষের বিচি। ... **অণ্ডকোষ, -শ, অণ্ড** — মুষ্ক, হোল। ... **অণ্ডজ** — ডিম্ব হইতে জাত। যে প্রাণী ডিম্ব হইতে জন্মে। ... **অণ্ডাকার, অণ্ডাকৃতি** — ডিম্বের তুল্য আকার বিশিষ্ট, oval.

**অত** [ < ইয়ৎ ] ঐ পরিমাণ ('— জল, কান্না')

**অতএব** — এই কারণে, সুতরাং।

**অতঃপর** — অনন্তর, ইহার পর।

**অতট** — ষ্য. পর্বতাদির খাড়া পার্শ্বদেশ, precipice. ণ. খাড়া।

**অতথ্য** — অযথার্থ, অসত্য।

**অতনু** — ণ. দেহহীন। ষ্য. মদন, কামদেব।

**অতন্দ্র, অতন্দ্রিত** — তন্দ্রাহীন, সজাগ, অনলস। সতর্ক।

**অতপস্ক** — তপস্যা- বা ব্রতাদি-হীন।

**অতর্ক**—অসতর্কতা। কুতর্ক, বাজে তর্ক। ... **অতর্কিত** — অবিবেচিত। যে বিষয় সম্বন্ধে সতর্ক হওয়া যায় নাই ('অত-র্কিতে' — অসতর্ক অবস্থায়, হঠাৎ)।

**অতল**—তলহীন, অগাধ, অথই। ... **অতল-স্পর্শ**—যাহার তল স্পর্শ করা যায় না, অগাধ।

**অতসী**—তিসি, মসিনা (নীলপুষ্প)। **শণ** গাছ। পীতবর্ণ পুষ্পে বিঃ।

**অতি** — অতিশয়, খুব। অতিরিক্ত, বাড়াবাড়ি ('-ভক্তি')

**অতিকথা** — অতিরঞ্জিত বা অনর্থক কথা।

**অতিকায়** — প্রকাণ্ডদেহবিশিষ্ট।

**অতিক্রম, -ক্রমণ** — লঙ্ঘন, পার হওয়া। উপেক্ষা। ... **অতিক্রমণীয়, অতিক্রম্য** — লঙ্ঘনসাধ্য। ... **অতিক্রান্ত** — লঙ্ঘিত। অতীত। উপেক্ষিত।

**অতিগ** — যে অতিক্রম করে। উত্তীর্ণ, পারগত।

**অতিঘরন্তী** — ঘরকন্নাই যে নারীর সর্বস্ব। (অতিঘরন্তী ঘর না পায়)।

**অতিতর** — অত্যন্ত।

**অতিথি** — অভ্যাগত, আগন্তুক, অপরের গৃহে আশ্রয়গ্রাহী ('-শালা, -সৎকার')। (§ আতিথেয়, আতিথ্য)

**অতিদিষ্ট** — স্থানান্তর হইতে প্রাপ্ত। আরোপিত ধর্মবিশিষ্ট।

**অতিদেশ** — একের ধর্ম অন্যে আরোপ।
**অতিদৈব** — দেবতার অতীত বা অসাধ্য।
**অতিধন্বা** ( -ধন্বন্ ) -- শ্রেষ্ঠ ধনুর্ধর।
**অতিপাত** — যাপন, অতিবাহন ('কালাতিপাত')। লঙ্ঘন।
**অতিপাতক** — গুরুতর অবৈধসংসর্গজাত পাপ।
**অতিপ্রসঙ্গ** — অত্যুক্তি, অতিবাদ, অত্যধিক আলোচনা।
**অতিপ্রাকৃত** — অনৈসর্গিক, অলৌকিক। অস্বাভাবিক।
**অতিবর্তন**—অতিক্রম, লঙ্ঘন।...ণ. অতিবর্তিত। ... **অতিবর্তনীয়** — অতিক্রম বা লঙ্ঘনের যোগ্য।... **অতিবর্তী** (-র্তিন্) — অতিক্রমকারী।
**অতিবল** — মহাবলশালী।
**অতিবলা** — একটি তপোলব্ধা অলৌকিক বিদ্যা। এই বিদ্যা অধিগতা হইলে অনশনজনিত ক্লেশ অনুভূত হয় না। মহর্ষি কৃশাশ্বের নিকটে বিশ্বামিত্র এই বিদ্যালাভ করিয়া রামলক্ষ্মণকে দান করেন।
**অতিবাড়** ] অত্যন্ত স্পর্ধা, বেশী বাড়াবাড়ি।
**অতিবাদ**—অত্যুক্তি। ... অতিবাদী (-দিন্) — অত্যুক্তিকারী। অপরের মত খণ্ডনকারী।
**অতিবাহন** — যাপন, ক্ষেপণ, অতিপাত ('কালাতিবাহন')। ... ণ. **-বাহিত**।
**অতিবৃষ্টি**—কৃষির হানিকর অত্যধিক বৃষ্টি।
**অতিবেল** — বেলাভূমি--অতিক্রমকারী। সীমার বহির্গত। অসীম।
**অতিভক্তি** — অতিমাত্র কৃত্রিম ভক্তি।
**অতিভোজন** — অপরিমিত আহার।
**অতিমাত্র** — অতিরিক্ত, অত্যন্ত।
**অতিমান** — অত্যধিক আত্মগৌরব বা অভিমান।
**অতিমানুষ** — ণ. অলৌকিক, লোকাতীত। ষ্য. মহামানব।
**অতিমুক্তা** — মাধবীলতা।
**অতিরঞ্জন** — বর্ণনা চিত্তাকর্ষক করিবার নিমিত্ত মিথ্যার অবতারণা, অত্যুক্তি। ... ণ. **-ঞ্জিত**।
**অতিরিক্ত** — প্রয়োজনের অধিক, বাড়তি। অত্যন্ত।
**অতিরেক** — আধিক্য। প্রাধান্য।
**অতিশয়** — ণ. অত্যন্ত। ষ্য. আধিক্য। (§আতিশয্য)। ... **অতিশয়িত**—অত্যন্ত। ... **অতিশয়োক্তি** — অত্যুক্তি, অতিরঞ্জিত বর্ণনা। কাব্যালংকার বিঃ।
**অতিশায়ী** (-য়িন্) — অতিক্রমকারী।
**অতিষ্ঠ** ] থাকিতে অক্ষম, অস্থির, উত্ত্যক্ত, বিরক্ত।
**অতিসার** (অতি- বিরল) — উদরাময়।
**অতীত** — ণ. যাপিত, বিগত; পূর্বকালীন ('বহুদিন — হইল।—ঘটনা') অতিক্রান্ত, বহিস্থ ('ধারণাতীত')। মৃত। ষ্য. বিগতকাল।
**অতীন্দ্রিয়** — ইন্দ্রিয়াতীত, ইন্দ্রিয়ের অগোচর।
**অতীব** — অত্যন্ত।
**অতুল, অতুলন, অতুলনীয়** — তুলনারহিত, অনুপম। ... স্ত্রী. **অতুলনা, অতুলনীয়া**। ... **অতুলিত** — যাহার তুলনা হয় নাই। অনুপম।
**অতুল্য** — অতুলনীয়। অসমান, অসদৃশ। ... স্ত্রী. **-ল্যা**।
**অতৃপ্ত**—অপরিতুষ্ট, যাহার ভোগেচ্ছা পূর্ণ হয় নাই। অসন্তুষ্ট। ... ষ্য. **অতৃপ্তি**।
**অত্যধিক** — খুব বেশী, প্রয়োজন অপেক্ষা অধিক।
**অত্যন্ত** — অতিশয়, খুব বেশী। (§ আত্যন্তিক)। ... **অত্যন্তগামী** ( -মিন্),

**অত্যন্তগামী**—অতিদ্রুতগামী। ... অত্যন্তাভাব—একান্ত অভাব, সম্পূর্ণ অভাব।

**অত্যয়**—অতিক্রম, অপগমন ('কালাত্যয়')। বিনাশ ('প্রাণাত্যয়')। বিপদ্, দুঃখ। দোষ। (§ আত্যয়িক) ... ণ. **অত্যয়িত**।

**অত্যল্প** — খুব কম, যৎসামান্য।

**অত্যহিত**—অতি অহিত, বেশী অনিষ্ট।

**অত্যাচার** — পীড়ন, দৌরাত্ম্য। নিষিদ্ধ আচরণ। অপরিমিত আহার বিহার পরিশ্রম ইঃ।...**অত্যাচারিত**—যাহার উপর অত্যাচার হইয়াছে।...**অত্যাচারী** (-রিন্) — অত্যাচারকারী।

**অত্যাজ্য** — অপরিহার্য।

**অত্যাসক্ত** — অত্যন্ত আসক্ত লিপ্ত বা অনুরক্ত। ... ষ্য. **অত্যাসক্তি**।

**অত্যাহিত** — মহাবিপদ্। প্রাণসংকটজনক অসমসাহসিক কার্য।

**অত্যুক্তি**—অতিশয়োক্তি, অতিরঞ্জিত বর্ণনা। অসম্ভব উক্তি।

**অত্যুগ্র** — অত্যন্ত প্রখর বা প্রচণ্ড।

**অত্র** — এখানে (প্রা অপ্রঃ)। ... **অত্রত্য**, **অত্রস্থ** — এখানকার।

**অত্রি** — ষোড়শ প্রজাপতির অন্যতম ঋষি।

**অথ** — অনন্তর।

**অথই** ] অগাধ, অতলস্পর্শ।

**অথচ** — তথাপি, তবুও। কিন্তু।

**অথবা** — কিংবা, পক্ষান্তরে।

**অথর্ব** (-র্বন্)—চতুর্থ বেদ। (বাং) উত্থানশক্তিহীন, জড়; অতিশয় জরাগ্রস্ত।

**অথান্তর** ] — অতিশয় নিরুপায় ও অসহায় অবস্থা।

**অদন** — ভক্ষণ। ('অন্ন')

**অদমনীয়**, অদম্য—যাহাকে দমন করা যায় না, অজেয়। যাহা কিছুতেই কমে না ('**—উৎসাহ**')

**অদলবদল** ] পরিবর্তন। পাল্টাপাল্টি করা। Exchange.

**অদহনীয়, অদাহ্য** — যাহা আগুনে পোড়ে না। যাহা পোড়ানো অনুচিত।

**অদিতি** — দক্ষকন্যা বিঃ, দেবমাতা, কশ্যপপত্নী। (§ আদিত্য)। ... **অদিতিনন্দন** — ইন্দ্রাদি দেবতা।

**অদীন** — অভাবহীন। অকাতর। ... **অদীন সত্ত্ব** — মহাপ্রাণ, মহানুভব।

**অদূর** — নিকট, অল্পদূর। ... **অদূরদর্শী** (-র্শিন্)—শেষে কি হইবে যে ভাবে না, অপরিণামদর্শী। ... ষ্য. **-দর্শিতা**। ... **অদূরবর্তী** (-র্তিন্) — নিকটস্থ।

**অদৃশ্য** — চক্ষুর অগোচর।

**অদৃষ্ট** — যাহা দেখা যায় নাই। ভাগ্য, কপাল, নিয়তি। ... **অদৃষ্টক্রমে** — ভাগ্যবশতঃ। ... **অদৃষ্টচর, অদৃষ্টপূর্ব** — যাহা পূর্বে দেখা যায় নাই।

**অদৃষ্টচক্র** — চক্রের সহিত উপমিত অদৃষ্ট, কারণ অদৃষ্ট মানুষের সুখদুঃখকে চক্রবৎ আবর্তিত করে।

**অদৃষ্টবাদ** — প্রাক্তন কর্মফলেই এ জন্মের সুখদুঃখ এই মতবাদ।

**অদৃষ্টবাদী** — যে ব্যক্তি সম্পূর্ণ অদৃষ্টের উপর নির্ভর করিয়া চলে।

**অদৃষ্টলিপি** — বিধির বিধান, ভাগ্যের লিখন।

**অদেখা, আদেখা** ] ষ্য. অদর্শন, না দেখা। ণ. যাহা দৃষ্ট নয়।

**অদেয়** — যাহা দিতে পারা যায় না বা দেওয়া উচিত নয়। দেওয়ার অযোগ্য।

**অদ্ভুত** — বিস্ময়কর, আশ্চর্য ('-কর্মা')। (বাং) অপরূপ, সৃষ্টিছাড়া।

**অদ্য**—আজ। সম্প্রতি, এখন।...**অদ্যকার** ] আজকার। ... **অদ্যতন** — আজকার। ...

**অদ্যপ্রভৃতি** — অদ্যাবধি, আজ হইতে।... **অদ্যাপি** — আজও। এখনও।

**অদ্রি** — পর্বত।

**অদ্রোহ** — অবিরোধ। অহিংসা।

**অদ্বয়** — অদ্বিতীয়, ব্রহ্ম। ... **অদ্বয়বাদ** — অদ্বৈতবাদ।

**অদ্বিতীয়** — যাহা হইতে স্বতন্ত্র দ্বিতীয় সত্তা নাই, ব্রহ্ম। যাহার জোড়া নাই।

**অদ্বৈত** — অদ্বিতীয়, ব্রহ্ম। ... **অদ্বৈতবাদ** — ব্রহ্ম ব্যতীত আর কিছু নাই এই দার্শনিক মত। ... **অদ্বৈতবাদী** (-দিন্) — উক্তমতাবলম্বী। ... **অদ্বৈতাচার্য** — শ্রীচৈতন্যদেবের সহযোগী ধর্মগুরু।

**অধঃ** (-ধস্) — নিম্ন। ... **অধঃকৃত** — পরাভূত। **অধঃপতন, অধঃপাত** — অধোগতি, নীচত্বপ্রাপ্তি, নৈতিক অবনতি। নিম্নে পতন।

**অধম** — অপকৃষ্ট, হীন, নীচ, মন্দ।

**অধমর্ণ** — দেনাদার, খাতক, ঋণকারী। (তুঃ উত্তমর্ণ)

**অধমাঙ্গ** — চরণ, পা। (তুঃ উত্তমাঙ্গ)

**অধর**—বি. নীচের ঠোঁট। ঠোঁট। ণ. নিম্ন। নিকৃষ্ট।... **অধরমদিরা, -সুধা, অধরামৃত** —থুতু। ... **অধরোষ্ঠ, অধরৌষ্ঠ**—নীচের ঠোঁট।

**অধরা**] যাহাকে ধরা যায় নাই।

**অধরীকৃত** — তিরস্কৃত। বিদূষিত। ভূপাতিত।

**অধর্ম** — ষ্য. অন্যায়, ধর্মবিরুদ্ধ আচরণ পাপ। ণ. ধর্মবিরুদ্ধ। ... **অধর্মী** (-র্মিন্), **অধার্মিক** — ধর্মবিরুদ্ধ আচরণকারী। ... **অধর্ম্য** — ধর্মবিরুদ্ধ, পাপজনক।

**অধশ্চোর** — সিঁধেল চোর।

**অধস্তন** — নিম্নস্থিত (বংশপরম্পরায়, পদমর্যাদায়, শ্রেণীতে ইঃ)

**অধি-** — আধিক্য উপরি অধিকার আধিপত্য অধীনতা ইঃ সূচক উপসর্গ।

**অধিক** — বেশী। অতিরিক্ত। (§ আধিক্য)। ... **অধিকতম** — সর্বাপেক্ষা অধিক। ... **অধিকতর** — অপেক্ষাকৃত অধিক। ... **অধিকন্তু** — আরও, তাহার উপর। ... **অধিকাংশ** — বেশীর ভাগ।

**অধিকরণ** — দখল, অধিকার করা। আধার, পাত্র। (ব্যাকরণে) কারক বিঃ। বিচারালয়, ধর্মাধিকরণ।

**অধিকরণিক** — বিচারকর্তা।

**অধিকর্তা** (-তৃ) — যাহার অধিকারে কোনও সরকারী বিভাগ থাকে, Director.

**অধিকার** — স্বত্ব, দাবি। দখল ('—করা')। স্বামিত্ব, আধিপত্য, কর্তৃত্ব। নিজ কর্তব্যের অন্তর্গত বিষয় ('আপত্তি জানাইবার—')। অভিজ্ঞতা, বিদ্যা ('শাস্ত্রে—')। যোগ্যতা ('স্বাধীনতায় —')। ... **অধিকারী** (-রিন্) — অধিকারবিশিষ্ট। দখলিকার। স্বামী। মালিক। অধ্যক্ষ। যাত্রাদল থিয়েটার ইঃর মালিক। অভিজ্ঞ। যোগ্য। উপাধি বিঃ। ... স্ত্রী. **অধিকারিণী**। ... **অধিকারিভেদ** — যোগ্যাযোগ্যের পার্থক্য বিচার।

**অধিক্ষেপ** — তিরস্কার। নিন্দা।

**অধিকৃত** — আয়ত্ত। বিজিত। শিক্ষা বা অভিজ্ঞতার দ্বারা লব্ধ। ... **অধিকৃতি** — অধিকার।

**অধিগত**—প্রাপ্ত। জ্ঞাত, শিক্ষাদ্বারা লব্ধ। ... ষ্য. **অধিগম**। ... **অধিগম্য** — প্রাপ্য। শিক্ষাদ্বারা লভ্য। জ্ঞানগম্য।

**অধিত্যকা** — পর্বতের সানুদেশ বা সমতল উপরিভাগ।

**অধিদেব, -দেবতা, -দৈবত** — অধিষ্ঠাত্রী দেবতা। (§ আধিদৈবিক)

**অধিনায়ক** — পরিচালক, অধ্যক্ষ।

**অধিনিয়ম** — বিধান-সংসদ্ বা বিধান-সভা কর্তৃক বিধিবদ্ধ আইন, Act.

**অধিপ, অধিপতি** — রাজা, প্রভু। (§ আধিপত্য)।

**অধিবাস** — নিবাস। পূজা বিবাহ ইঃ শুভ-কার্যের পূর্বে গন্ধমাল্যাদি দ্বারা সংস্কার বিঃ। ... **অধিবাসন** — উক্ত সংস্কার সাধন। ... ণ. **অধিবাসিত।**

**অধিবাসী** (-সিন্) — নিবাসী, বাসিন্দা।

**অধিবিদ্য** — বিশেষজ্ঞ।

**অধিবেদন** — এক স্ত্রী সত্ত্বে পুরুষের দ্বিতীয় বার বিবাহ।

**অধিবেশন** — সভা ইঃর অনুষ্ঠান। সভা, বৈঠক। অধিষ্ঠান।

**অধিমাংস** — চক্ষু-রোগ বিঃ। মাংসবৃদ্ধি, ফোড়া।

**অধিমাস** — মলমাস (দেখ)।

**অধিযজ্ঞ** — যজ্ঞের অধিষ্ঠাতা দেবপুরুষ।

**অধিরথ** — সারথি। মহারথ।

**অধিরাজ** — সম্রাট্, সার্বভৌম, যে রাজার অধীন অন্য রাজা আছে। (বাং) রাজার পদবী বিঃ ('মহারাজাধিরাজ')। (§ আধিরাজ্য)

**অধিরূঢ়** — আরূঢ়। আক্রান্ত।

**অধিরোপণ** — আরোহণ করানো, চড়ানো।

**অধিরোহণ** — আরোহণ, উপরে ওঠা। ... **অধিরোহণী** — সোপান, সিঁড়ি। ... **অধিরোহী** (-হিন্)—আরোহী।...স্ত্রী. **-রোহিণী**। ... **অধিরূঢ়** — আরূঢ়। আক্রান্ত।

**অধিশয়িত** — অধিষ্ঠিত। যে শুইয়াছে।

**অধিশায়িত**—অধিষ্ঠাপিত, শায়িত, যাহাকে শোয়ানো হইয়াছে।

**অধিশ্রয়**—স্ফটিকাদির মধ্য দিয়া সূর্যকিরণ বিকীর্ণ হইলে একটি বিন্দুতে তাহার focus। আশ্রয়।

**অধিষ্ঠাতা** (-তৃ) — অধিষ্ঠানকারী। অধি-দেবতা। অধ্যক্ষ। ... স্ত্রী. **অধিষ্ঠাত্রী।**

**অধিষ্ঠান** — প্রভাবান্বিত করিয়া অবস্থিতি, আবির্ভাব ('মূর্তিতে দেবতার—')। অবস্থিতি। উপবেশন, বাসস্থান। ... **অধিষ্ঠিত** — অধ্যুষিত, অবস্থিত। আক্রান্ত, অধিকৃত, আবিষ্ট, অবস্থিতির ফলে প্রভাবান্বিত ('সেনাদ্বারা—। দেবাধিষ্ঠিত')

**অধীত** — যাহা অধ্যয়ন করা হইয়াছে, পঠিত। ... **অধীতী** (-তিন্)—কৃতবিদ্য।

**অধীন** — আয়ত্ত, বশীভূত, শাসনের অন্তর্গত। আশ্রিত, অনুগত। ('অধীনে' — অধীনতায়, বশে)।...স্ত্রী. **অধীনা।** (অধীনী অশুপ্রঃ)। ... ষ্য. **অধীনতা।**

**অধীয়মান** — যাহা পঠিত হইতেছে।

**অধীয়ান** — অধ্যয়নকারী, ছাত্র, অধ্যেতা।

**অধীর** — চঞ্চল, অস্থির। অসহিষ্ণু। কাতর, ব্যাকুল। ... ষ্য. **-তা।**

**অধীশ, অধীশ্বর** — অধিপতি। অধিরাজ।

**অধুনা** — আজকাল, ইদানীং, সম্প্রতি, এখন। ... **অধুনাতন** — আধুনিক, আজ-কালকার।

**অধৃষ্য** — অজেয়। ... ষ্য. **-তা।**

**অধৃষ্ট** — অনুদ্ধত।

**অধৈর্য** — ণ. ধৈর্যহীন। ষ্য. ধৈর্যাভাব।

**অধোগতি, -গমন** — অধঃপতন, অবনতি, দুর্দশা। নিম্নদিকে গতি। নরকপ্রাপ্তি। পরজন্মে হীন যোনি প্রাপ্তি। ... ণ. **অধোগত। অধোগামী** (-মিন্)

**অধোদৃষ্টি** — নিম্নদিকে দৃষ্টি।

**অধোদেশ** — নিম্নদেশ।

**অধোবদন, অধোমুখ** — নতমুখ, যে মাথা হেঁট করিয়াছে।

**অধোভুবন, অধোলোক** — পাতাল।

**অধ্যক্ষ** — কর্তা, প্রভু। পরিচালক,

ম্যানেজার। ভারপ্রাপ্ত কর্মচারী ('কোষাধ্যক্ষ')

**অধ্যবসায়** — প্রযত্ন, অবিরাম চেষ্টা। ... **অধ্যবসায়ী** (-য়িন্) — অধ্যবসায়যুক্ত, আফলোদয়কর্মা।

**অধ্যয়ন** — মনোযোগপূর্বক পাঠ। পাঠ। (§ অধীত, অধ্যেতা)

**অধ্যশন** — অতিভোজন, অতিরিক্ত আহার।

**অধ্যস্ত** — আরোপিত।

**অধ্যাত্ম** — আত্ম- বা চিত্ত- বিষয়ক। ব্রহ্ম-বিষয়ক। (§ আধ্যাত্মিক) ... **অধ্যাত্মবাদ**— পরমাত্মাই বা চিচ্ছক্তিই বিশ্বের মূল নিদান এই দার্শনিক মতবাদ (জড়বাদের বিপরীত)

**অধ্যাপক** — শিক্ষক, আচার্য। ... স্ত্রী. অধ্যাপিকা। ... অধ্যাপন, **-পনা** — শিক্ষাদান। ... **অধ্যাপয়িতা** (-তৃ) — অধ্যাপক। ... স্ত্রী. **-য়িত্রী**।

**অধ্যাবাহনিক** — পতিগৃহ গমনকালে কন্যার পিতৃগৃহ হইতে প্রাপ্ত ধন।

**অধ্যায়** — গ্রন্থের পরিচ্ছেদ, সর্গ, পর্ব, কাণ্ড।

**অধ্যারূঢ়** — আরোহণকারী, যে চড়িয়াছে।

**অধ্যারোপ** — অধ্যাস (দেখ)

**অধ্যাস, অধ্যাসন** — এক বস্তুতে অপর বস্তুর ধর্ম স্থাপন বা কল্পনা, আরোপ; অধিষ্ঠান। স্থাপন। ... ণ. **অধ্যাসিত**।

**অধ্যাসীন** — অধিষ্ঠিত। উপবিষ্ট।

**অধ্যাহরণ, অধ্যাহার** — ঊহ্যবাক্যপূরণ। ... ণ. **অধ্যাহার্য**, অধ্যাহৃত।

**অধ্যুষিত** — অধিষ্ঠিত (দেখ)। উপনিবিষ্ট, যে স্থানে বাস করা হয়।

**অধ্যেতব্য** — যাহা অধ্যয়ন করিতে হইবে।

**অধ্যেতা** (-তৃ) — অধ্যয়নকারী, বিদ্যার্থী, ছাত্র। পাঠক।

**অধ্যেষণ** — সবিনয়ে জিজ্ঞাসা।

**অধ্রুব** — অনিশ্চিত, অনিত্য, পরিবর্তন-শীল।

**অধ্বগ** — পান্থ, পথিক।

**অধ্বর** — যজ্ঞ। **অধ্বর্যু** — যজুর্বেদীয়

**অন্-** (অ- দেখ)

**অনক্ষর** — নিরক্ষর।

**অনঘ** — নিষ্পাপ। দুঃখহীন। (অঘ দেখ)

**অনঙ্গ** — (মূঃ যাহার অঙ্গ নাই) অতনু, মদন, কাম, কন্দর্প।

**অনচ্ছ** — অনির্মল। যাহা স্বচ্ছ নয়, opaque. (অচ্ছ দেখ)

**অনটন** — > অনাটন, অভাব, অপ্রতুল, না চলা।

অনড় ] যে নড়ে না, অচল।

**অনড্বান্** (অনডুহ্) — বলদ। স্ত্রী. অনড়ুহী।

**অনতিহ** (প্রা- সা) > অন্যত্র — অন্য-দিকে।

**অনতি**—বেশী নয়, মাঝারি রকম ('-দীর্ঘ', -দূর, -পূর্ব, -বিলম্ব')

**অনতিক্রমণীয়, অনতিক্রম্য** — যাহা পার হওয়া অসাধ্য ('—বাধা') ... **অনতিদীর্ঘ** — কিঞ্চিৎ দীর্ঘ। ... **অনতিপূর্বে** — অল্পকাল পূর্বে। ... **অনতিবিলম্বে** — বিলম্বে কিন্তু বেশিকাল পরে নয়।

**অনধিক** — অধিক নয়, মধ্যে ('দশ টাকার—')

**অনভীতবাল্য** — যে এখনও ছেলেমানুষ।

**অনধিকার** — অধিকারের অভাব। ... **অনধিকারচর্চা** — যে বিষয়ে অভিজ্ঞতা বা যোগ্যতা নাই অথবা যাহা নিজ কর্তব্যের বহির্ভূত তাহার আলোচনা বা তাহাতে হস্তক্ষেপ। ... **অনধিকার-প্রবেশ** — বিনা অধিকারে বা অনুমতিতে

প্রবেশ। ... **অনধিকারী** (-রিন্) — অধিকারহীন। অযোগ্য।

**অনধ্যায়** — পাঠবিরতি। যে দিন শাস্ত্র-অধ্যয়ন নিষিদ্ধ।

**অননুকরণীয়** — যাহার অনুকরণ অসাধ্য।

**অননুমত, অননুমোদিত, অনভিমত** — যে বিষয়ে অনুমতি বা সমর্থন পাওয়া যায় নাই। মতের বিরুদ্ধ।

**অনন্ত** — অশেষ, অসীম। (তুঃ সান্ত)। ব্রহ্ম। শেষনাগ। বলরাম। (বাং) বাহুর অলংকার বিঃ, তাগা। (§ আনন্ত্য)। ... **অনন্তচতুর্দশী** — ভাদ্র-শুক্ল-চতুর্দশী, যে দিন অনন্তব্রত অনুষ্ঠিত হয়। ...**অনন্তনিদ্রা** — মৃত্যু। ... **অনন্তশয্যা**— নারায়ণের ক্ষীরোদ সমুদ্রে শেষনাগরূপ শয্যা।

**অনন্তর** — তাহার পর। অব্যবহিত। (§ আনন্তর্য)

**অনন্য**—অন্যের সহিত সম্বন্ধবর্জিত। যাহা অন্য নয়। যাহার অন্য কেহ বা কিছু নাই। একক। অভিন্ন। ... স্ত্রী. **অনন্যা**। ... **অনন্যকর্মা** (-র্মন্) — একমাত্র কর্মে রত। ... **অনন্যগতি** — যাহার গত্যন্তর বা উপায়ান্তর নাই। **অনন্যচিত্ত** একাগ্রচিত্ত। ... **অনন্যতন্ত্র** — যাহা অপরের নাই, মৌলিক। **অনন্যদৃষ্টি**— যাহার আর কোন দিকে দৃষ্টি নাই। একাগ্রদৃষ্টি। **অনন্যবৃত্তি** — যাহার অন্য কর্ম বা প্রচেষ্টা নাই। ... **অনন্যব্রত** — যাহার অন্য ব্রত নাই। ... **অনন্যমনা** [ < -নাঃ (-নস্) ] — একাগ্রচিত্ত। ... **অনন্যসাধারণ, -সুলভ** — যাহা অন্য ব্যক্তিতে নাই, অসাধারণ। ... **অনন্যোপায়** — যাহার অন্য উপায় নাই।

**অনন্বয়** — অলঙ্কার বিঃ, উপমান ও উপমেয় উভয়ের ধর্ম যাহাতে আরোপিত।

**অনপত্য** — নিঃসন্তান। ... ষ্য. **-তা**।

**অনপরাধ** — ষ্য. অপরাধের অভাব। ণ. নিরপরাধ।

**অনপেক্ষ** — যে অপরের উপর নির্ভর করে না, নিরপেক্ষ। ...ষ্য. **-তা**। ...**অনপেক্ষিত** — যাহার উপর নির্ভর করা হয় নাই। অপ্রত্যাশিত।

**অনবগুণ্ঠিতা** — যে নারীর মুখে ঘোমটা নাই।

**অনবদ্য** — অনিন্দনীয়।

**অনবধান** — ষ্য. অমনোযোগ। ণ. অমনোযোগী। ... **অনবধানতা** — অমনোযোগিতা, অসাবধানতা।

**অনবরত** — সতত, অবিশ্রান্ত।

**অনবস্থা** — অস্থিরতা। অব্যবস্থা। ... ণ. **অনবস্থ, -স্থিত**।

**অনবস্থা** — উপপাদ্য ও উপপাদকের অবিরত উল্লেখহেতু তর্ক দোষ বিঃ।

**অনবহিত** — অমনোযোগী, অসাবধান।

**অনভিজ্ঞ** — অভিজ্ঞতাহীন, আনাড়ী। ... ষ্য. **-তা**।

**অনভিপ্রেত** — অবাঞ্ছিত। যাহা উদ্দিষ্ট নয়।

**অনভিমত** ( দেখ)

**অনভ্যস্ত** — অভ্যাসরহিত। যাহার বা যে বিষয়ের অভ্যাস নাই। ... ষ্য. **অনভ্যাস**।

**অনম্বর** — আবরণহীন। সন্ন্যাসী বিঃ। (বাং। বিরল) আকাশ।

**অনর্গল**—অর্গলহীন, অবাধ, অপ্রতিবন্ধক। অজস্র।

**অনর্ঘ** — অমূল্য। (অর্ঘ দেখ)

**অনর্থ** — অমঙ্গল, অনিষ্ট। ভুল অর্থ। ণ. অর্থহীন। (§ আনর্থ্য)। ... **অনর্থপাত** — বিপদ্।

**অনর্থক** — অকারণ, শুধু শুধু, বৃথা। নিষ্ফল, ব্যর্থ। (ঽ আনর্থক্য)

**অনর্হ** — অযোগ্য।

**অনল** — অগ্নি।

**অনল্প** — অধিক।

**অনশন** — উপবাস।

**অনশ্বর** — চিরস্থায়ী, অবিনশ্বর।

**অনসূয়** — ঈর্ষাশূন্য। ... স্ত্রী. **অনসূয়া**। — শকুন্তলার এক সখী। অত্রিপত্নী।

**অনাগত** — অনুপস্থিত। ভবিষ্যৎ। ... **অনাগতবিধাতা** (-তৃ) — যে ভবিষ্যতের জন্য ব্যবস্থা করে বা প্রস্তুত থাকে।

**অনাঘ্রাত** (অঘ্রাত দেখ)

**অনাচার** — অবিহিত সমাজবিরুদ্ধ অভদ্র বা গর্হিত আচার। ... **অনাচারী** — (-রিন্) — যে তাহা করে।

**অনাটন** ] < অনটন (দেখ)

**অনাত্মজ্ঞ** — আপনাকে অথবা আপনার অবস্থা বা স্বভাব যে জানে না।

**অনাথ** — অভিভাবকহীন, অসহায়। নিরাশ্রয়। ... স্ত্রী. অনাথা। (অনাথিনী অশুদ্ধ) ... **অনাথাশ্রম** — মাতাপিতৃহীন নিরাশ্রয় বালকবালিকাদের আশ্রয়, orphanage.

**অনাদর** — উপেক্ষা, তাচ্ছল্য, অসম্মান। স্নেহের অভাব। ... ণ. **অনাদৃত**।

**অনাদায়** ] আদায়ের অভাব, অপ্রাপ্তি। ... **অনাদায়, অনাদায়ী** ] যে টাকা আদায় হয় নাই, বাকী।

**অনাদি** — আদিহীন, উৎপত্তিহীন, স্বয়ম্ভু। চিরাগত। ... **অনাদিনিধন** — যাঁহার জন্মমৃত্যু নাই।

**অনাবশ্যক** — অপ্রয়োজনীয়।

**অনাবিল** — নির্মল, স্বচ্ছ, অকলুষিত।

**অনাবিদ্ধ** — অচ্ছিদ্রিত, যাহাতে ফুটা করা হয় নাই।

**অনাবিষ্ট** — অমনোযোগী।

**অনাবৃত** — খোলা, অনাচ্ছাদিত।

**অনাবৃত্তি** — পুনরায় না আসা বা না ঘটা। অনভ্যাস।

**অনাবৃষ্টি** — বৃষ্টির অভাব।

**অনাময়** — ষ্য. আরোগ্য, সুস্থতা। ণ. নীরোগ, নিরাময়, সুস্থ।

**অনামা** (-মন্) — নামহীন।

**অনায়ত্ত**—অনধিগত, অবশীভূত, অনধীন।

**অনামিকা, অনামা** — কড়ে আঙুলের আগেকার আঙুল।

**অনামুখো** ] যাহার মুখ দেখিলে অমংগল হয়।

**অনায়াস**—অক্লেশ, অল্প পরিশ্রম ('-সাধ্য')

**অনারত** — অবিরত, অবিশ্রান্ত, নিয়ত।

**অনার্তবা** — যে স্ত্রীর ঋতু হয় নাই, অজাতরজস্কা।

**অনার্য**—আর্যেতর জাতি, non-Aryan. (সং) অভদ্র, অসভ্য, অসাধু; নীচ জাতি। ... ষ্য. **-তা**।

**অনালম্ব** — নিরবলম্বন, আশ্রয়চ্যুত।

**অনালোচনীয়, অনালোচ্য** — অযোগ্য।

**অনাশ্রয়** — নিরাশ্রয়।

**অনাসক্ত** — আসক্তিহীন, অননুরক্ত।

**অনাসৃষ্টি** ] অদ্ভুত, সৃষ্টিছাড়া।

**অনাস্থা** — অবিশ্বাস। অনির্ভর। উপেক্ষা, অনাদর।

**অনাহত** — যাহা আঘাত পায় নাই ('—দেহ, মৃদংগ')। অক্ষোভিত। অক্ষত।

**অনাহার** — উপবাস। ... **অনাহারী** (-রিন্) — যে খায় নাই, নিরাহার।

**অনাহূত** — অনিমন্ত্রিত।

**অনিকেত** — গৃহহীন।

**অনিচ্ছা** — অপ্রবৃত্তি। অরুচি। অসম্মতি, আপত্তি। ঔদাসীন্য। ('অনিচ্ছাকৃত।

-সত্ত্বে')। ... **অনিচ্ছু, অনিচ্ছুক** — ইচ্ছা-হীন, অনভিলাষী।

**অনিত্য** — অস্থায়ী। ... ষ্য. **-তা।**

**অনিদান** — অহেতুক, অকারণ ('মানমনিদানম্')।

**অনিদ্র** — নিদ্রাহীন, বিনিদ্র। ... **অনিদ্রা** — নিদ্রার অভাব, নিদ্রাহীনতা।

**অনিন্দনীয়, অনিন্দ্য** — অনবদ্য, নিখুঁত, যাহা নিন্দার যোগ্য নয় ('অনিন্দ্য-সুন্দর')

**অনিন্দিত** — যাহা নিন্দিত হয় নাই। অগর্হিত, অদুষ্ট।

**অনিবন্ধ** — অসংবন্ধ, অসংযত, শ্লথ, শিথিল।

**অনিবার** — বার বার, ক্রমান্বয়ে। অজস্র। অনিবার্য। ... **অনিবারিত** — অবাধ, অপ্রতিহত। অনিষিদ্ধ। ... **অনিবার্য, অনিবারণীয়** — যাহা ঘটিবেই, যাহাকে থামানো যায় না, অপ্রতিষেধনীয়। নিবারণের অযোগ্য।

**অনিমিত্ত** — অকারণ, অহেতুক।

**অনিমিষ, অনিমেষ** — অপলক ('-নেত্র')। ... **অনিমিখ** ] (পদ্যে)।

**অনিয়ত** — অসংযত, অব্যবস্থ। অনির্দিষ্ট।

**অনিয়ম** — অসংযম। নিয়মাভাব, অব্যবস্থা, বিশৃঙ্খলা। ... ণ. **অনিয়মিত।**

**অনিরুদ্ধ** — ণ. অবাধ। অদম্য। ষ্য. প্রদ্যুম্নের পুত্র, কৃষ্ণের পৌত্র।

**অনির্দিষ্ট** — অনির্ধারিত।

**অনির্বচনীয়** — বর্ণনাতীত, যাহা ভাষায় ব্যক্ত করা যায় না।

**অনিল** — বায়ু।

**অনিশ্চিত** — সন্দেহযুক্ত। অনির্ধারিত।

**অনিষ্ট** — ষ্য. হানি, ক্ষতি, অপকার ('-কর') ণ. অনভিলষিত।

**অনীক** — সৈন্য। সৈন্যদল। ... **অনীকিনী** —সেনা, সৈন্যদল, বাহিনী। অক্ষৌহিণীর দশমাংশ।

**অনীশ্বর** — যে ঈশ্বর মানে না, নাস্তিক। নিরীশ্বর।

**অনীহ** — নিঃস্পৃহ। ... ষ্য. **অনীহা।**

**অনু** — পশ্চাৎ, সাদৃশ্য, ব্যাপ্তি, অনুক্রম, সামীপ্য ইঃ সূচক উপসর্গ।

**অনুকম্পা** — দয়া। সমবেদনা।

**অনুকরণ**—নকল। সদৃশ আচরণ, অনুসরণ। জাল। (§ অনুকৃত)। ... **অনুকরণীয়** — অনুকরণযোগ্য।

**অনুকল্প** — মুখ্য নিয়মের ব্যতিক্রম, গৌণ বিধি। প্রতিনিধি। alternative, substitute.

**অনুকার** — অনুকরণ ('-শব্দ')। ... **অনুকারী** (-রিন্) — অনুকরণকারী, অনুসারী। সদৃশ। ... **অনুকার্য** — অনুকরণযোগ্য।

**অনুকূল** — সহায়, পোষক ('— বায়ু, অবস্থা')। সদয়। অনুরক্ত। (§ আনুকূল্য)

**অনুকৃত** — যাহার অনুকরণ করা হইয়াছে। অনুসৃত। ... **অনুকৃতি** — অনুকরণ।

**অনুক্ত** — অকথিত। উহ্য।

**অনুক্রম** — পারম্পর্য, ক্রমান্বয়, পর্যায় ('বর্ণানুক্রম')। ... **অনুক্রমণ** — অনুসরণ। ক্রমানুসারে করণ। ... **অনুক্রমণিকা, অনুক্রমণী** — গ্রন্থের ভূমিকা বা সূচী।

**অনুক্রোশ** — দয়া, অনুগ্রহ।

**অনুক্ষণ** — সর্বদা, নিরন্তর। **অনুখন** (পদ্যে)

**অনুগ** — অনুগামী, অনুচর। সেবক।

**অনুগত** — আশ্রিত, বশবর্তী, বাধ্য। । (§ আনুগত্য)

**অনুগমন** — অনুসরণ, পশ্চাদ্‌গমন। সহযাত্রা। সহমরণ। ... **অনুগামী** (-মিন্‌) — অনুসরণকারী, পশ্চাদ্‌গামী। সহযাত্রী।

**অনুগুণ** — অনুকূল। সমগুণ।

**অনুগৃহীত** — উপকৃত। কৃপাপ্রাপ্ত।

**অনুগ্র** — শান্ত, অপ্রখর, অনুদ্ধত।

**অনুগ্রহ** — কৃপা। আনুকূল্য। প্রসাদ। সহায়তা। ... **অনুগ্রহক, অনুগ্রহী** (-হিন্‌) — অনুগ্রহকারী, সহায়। ... স্ত্রী. **-গ্রাহিকা** ... **অনুগ্রাহ্য** — অনুগ্রহের যোগ্য। গ্রহণযোগ্য।

**অনুচর** — দাস, আজ্ঞাবহ। সহচর, অনুগামী। ... স্ত্রী. **অনুচরী।**

**অনুচ্চ** — নীচ, নিম্ন।

**অনুচারী** (-রিন্‌)—অনুগামী। পরিচারক।

**অনুচিকীর্ষা** — অনুকরণ করার ইচ্ছা। ... **অনুচিকীর্ষিত** — যাহাকে অনুকরণ করিতে ইচ্ছা হইয়াছে। ... **অনুচিকীর্ষু** — অনুকরণ করিতে ইচ্ছুক।

**অনুচিত** — অকর্তব্য, অযথা, অনুপযুক্ত। (বি. অনৌচিত্য)

**অনুচিন্তন, অনুচিন্তা** — পশ্চাৎ চিন্তা। অনুধ্যান, সর্বক্ষণ চিন্তন। গভীর চিন্তা।

**অনুচ্ছিষ্ট** — যাহা উচ্ছিষ্ট হয় নাই।

**অনুচ্ছেদ** — ক্ষুদ্র পরিচ্ছেদ, প্যারা।

**অনুজ, অনুজন্মা** (-ন্মন্‌)—কনিষ্ঠ ভ্রাতা। ... **অনুজা** — কনিষ্ঠা ভগিনী।

**অনুজীবী** (-বিন্‌) — ভৃত্য, আশ্রিত, পোষ্য। অনুবর্তী।

**অনুজীব্য** — আশ্রয়ণীয়।

**অনুজ্ঞা** — আদেশ, আজ্ঞা, অনুমতি। সম্মতি। নিয়োগ। ... **অনুজ্ঞাত** — আদিষ্ট। অনুমতিপ্রাপ্ত, অনুমত।

**অনুতপ্ত** — অনুতাপযুক্ত, কৃতকর্মের জন্য দুঃখিত।

**অনুতাপ** — অনুশোচনা, পশ্চাত্তাপ, আপসোস, কৃতকর্মের জন্য পরিতাপ। ... **অনুতাপী** (-পিন্‌) — অনুতাপযুক্ত।

**অনুত্তম** — যাহা হইতে উৎকৃষ্ট কিছু নাই, অত্যুত্তম। যাহা উত্তম নয়।

**অনুত্তর** — নিরুত্তর। রক্তসম্বন্ধের নিকটতা হেতু অকরণীয় (**'—সম্বন্ধ'**)

**অনুৎসাহ** — উৎসাহের অভাব।

**অনুদাত্ত** — (সংগীতে) নিম্ন স্বর।

**অনুদান** — সাহায্য, বৃত্তি।

**অনুদার** — সংকীর্ণমনা, নীচাশয়। কৃপণ।

**অনুদাস** — দাসের দাস।

**অনুদিত** — অনুদ্‌গত (**—পক্ষ**)। —

**অনুদিন** — প্রতিদিন, রোজ রোজ।

**অনুদ্‌ঘাতী** — অবন্ধুর, সমতল।

**অনুদ্দিষ্ট**—নিরুদ্দেশ, যাহার খোঁজ পাওয়া যায় না। যাহা লক্ষ্যের বিষয় নয়। ... **অনুদ্দেশ** — খোঁজ না পাওয়া।

**অনুদ্ধত** — বিনীত, অদর্পিত।

**অনুদ্ভিন্ন** — অনুদ্‌গত, অপরিস্ফুট।

**অনুধাবন**—পশ্চাদ্‌ধাবন, অনুসরণ। মনোনিবেশ, পর্যালোচনা। **অনুসন্ধান।** ... ণ. **অনুধাবিত।**

**অনুধ্যান** — সর্বক্ষণ চিন্তা, অনুচিন্তন। স্মরণ। ইষ্টচিন্তন। ... **অনুধ্যায়ী** (-য়িন্‌)—সতত চিন্তা- বা কামনা-কারী ('শুভানুধ্যায়ী')

**অনুনয়** — বিনীত অনুরোধ, প্রার্থনা, কাতরোক্তি। ... **অনুনয়ী** (-য়িন্‌) — অনুনয়কারী।

**অনুনাদিত**—শব্দিত। অপর ধ্বনির প্রভাবে ধ্বনিত, অনুরণিত। একসঙ্গে শব্দিত। সমশব্দবিশিষ্ট।

**অনুনাসিক** — নাকী, খোনা। নাসিকা-সাহায্যে উচ্চার্য (বর্ণ। ঙ ঞ ণ ন ম ং ঁ)

**অনুপ** ] < অনুপম।

**অনুপকার** — অপকার। ... **অনুপকারক, -কারী** (-য়িন্) — অপকারী। যে ব্যক্তি হইতে প্রত্যুপকারের সম্ভাবনা নাই।

**অনুপদ** — পশ্চাৎ। পদে পদে। ... **অনুপদী** (-দিন্) — অনুগামী, অনুবর্তী। অন্বেষণকারী।

**অনুপদীনা** — পাদাবরণ, মোজা।

**অনুপপত্তি** — অসংগতি। অসিদ্ধি।

**অনুপম** — যাহার উপমা নাই, নিরুপম, অতুল্য। ... স্ত্রী. **অনুপমা**। ... **অনুপমেয়** — যাহার উপমা দেওয়া যায় না।

**অনুপল** — ১/১৫০ সেকেণ্ড।

**অনুপস্থিত** — গরহাজির, অবর্তমান, অনাগত। ... ষ্য. **-স্থিতি**।

**অনুপাত** — এক রাশির সহিত অন্য রাশির ভাগ-সম্বন্ধ, ratio. এক বস্তুর হ্রাস-বৃদ্ধি অনুসারে অন্য বস্তুর হ্রাসবৃদ্ধি। অনুসারে। (§ সমানুপাতে)

**অনুপাতক** — মিথ্যাভাষণ, প্রবঞ্চনা ইত্যাদি ৩৫ প্রকারের অপ্রধান পাপ।

**অনুপান** — প্রধান ঔষধের সহিত সেবনীয় অন্য দ্রব্য।

**অনুপাম** (পদ্যে) — নিরুপম।

**অনুপায়** — ণ. উপায়হীন, নিরুপায়। ষ্য. উপায়হীনতা।

**অনুপূর্ব**—যথাক্রম, পর-পর, আনুপূর্বিক। (§ আনুপূর্ব্য, -র্ব)

**অনুপ্ত** — যাহা বপন করা হয় নাই।

**অনুপ্রবেশ** — ভিতরে প্রবেশ। ... ণ. **অনুপ্রবিষ্ট**।

**অনুপ্রস্থ** — আড়ের দিকে।

**অনুপ্রাণনা** — শক্তিসঞ্চার, প্রেরণা। ... ণ. **অনুপ্রাণিত**।

**অনুপ্রাস** — (অলংকারশাস্ত্রে) এক বর্ণের বহু বার প্রয়োগ।

**অনুবন্ধ** — অনুবন্ধী (দেখ)

**অনুবন্ধ** — অবতারণা, উপক্রম। প্রসঙ্গ। সংকল্প। অনুরোধ, নির্বন্ধ। অবিভেদ, সম্বন্ধ। উপলক্ষ্য। ... **অনুবন্ধী** (-ন্ধিন্)—সম্বন্ধবিশিষ্ট। অবিচ্ছিন্ন।

**অনুবর্তন** — অনুবৃত্তি, অনুসরণ, অনুগমন। ... **অনুবর্তী** (-র্তিন্) — অনুগামী, অনুযায়ী। বশবর্তী। ষ্য. **-বর্তিতা**।

**অনুবল** — ক্ষমতানুযায়ী।

**অনুবাত**—বায়ুর অনুকূল, যে দিক্ হইতে বায়ু বহিতেছে তাহার বিপরীতমুখ। (তুঃ প্রতিবাত)

**অনুবাদ**—ভাষান্তর, তরজমা। পুনঃকথন। ... **অনুবাদক** — অনুবাদকারী। ... **অনুবাদিত** ] (অশুপ্রঃ) অনূদিত, ভাষান্তরিত। ... **অনুবাদ্য** — অনুবাদ-যোগ্য।

**অনুবাদী** (-দিন্) — অনুরূপ। (সংগীতে) কোনও রাগ-রাগিণীতে বাদী সংবাদী বিবাদী ভিন্ন অন্য স্বর। অনুবাদকারী।

**অনুবাসন**—সুগন্ধীকরণ। ... ণ. **-বাসিত**।

**অনুবিদ্ধ** — খচিত, গ্রথিত, যুক্ত।

**অনুবৃত্তি** — অনুবর্তন। পূর্ব প্রসঙ্গের জের।

**অনুবেদন** — পশ্চাৎ জ্ঞান। সমবেদনা।

**অনুবোধ** — অনুভূতির পুনরুদ্দীপন।

**অনুব্রজী** — অনুগামী।

**অনুব্রজন** — অভ্যাগত সম্মানিত ব্যক্তি বিদায় গ্রহণ করিলে তাঁহার পিছু পিছু অথবা সঙ্গে কিছুদূর পর্যন্ত গমন।

**অনুব্রতী** — ব্রতের অনুগামী।

**অনুভব, অনুভূতি** — উপলব্ধি, বোধ ('স্পর্শ, গন্ধ, শীত, সুখ, দুঃখ —।

অনুভব করা, অনুভূতি হওয়া')। ... ণ. **অনুভূত**।

**অনুভাব** — প্রভাব, মহিমা ('মহানুভাব')। স্বভাব। নিশ্চয়বুদ্ধি। মনোভাবব্যঞ্জক ভঙ্গী। কাব্যালংকারে স্থায়ী ভাবের বহিঃপ্রকাশ-লক্ষণাবলী।

**অনুভাবিত** — যাহা অনুভব করানো হইয়াছে।

**অনুভূমিক** — ক্ষিতিজ-তলের সমান্তরাল, horizontal.

**অনুমত**—অনুমোদিত, অনুজ্ঞাত, সম্মতি-প্রাপ্ত। আদিষ্ট। ... **অনুমতি**—আদেশ, অনুজ্ঞা, সম্মতি ('— দেওয়া, পাওয়া')। ... **অনুমন্তা** (-ন্তৃ) — অনুমতিদাতা।

**অনুমরণ** — সহমরণ। (§ অনুমৃত)

**অনুমান, -মিতি**—বোধ, আন্দাজ ('অনুমান করা, হওয়া')। নির্ধারণ। যুক্তির দ্বারা সিদ্ধান্তে আগমন। অর্থালংকার বিঃ। (§ আনুমানিক)। ... ণ. **অনুমিত**। ... **অনুমেয়** — অনুমানদ্বারা লভ্য।

**অনুমাপক** — নির্ণায়ক। অনুমানের কারণ, যাহা হইতে অনুমান করা যায়।

**অনুমৃত** — সহমৃত। ... স্ত্রী. **-মৃতা**।

**অনুমেয়** — অনুমানের দ্বারা অধিগম্য।

**অনুমোদন** — সম্মতিদান। ... ণ. **অনু-মোদিত**।

**অনুযাত** — পশ্চাদ্‌গামী। অনুগত।

**অনুযাত্র, -যাত্রিক**—অনুচর, সমভিব্যাহারী।

**অনুযায়ী** (-য়িন্‌) — অনুগামী, অনুবর্তী। অনুরূপ, সদৃশ। অপর কোনও বিষয়ের সহিত সংগত।

**অনুযোক্তা** ( -ক্তৃ) — অনুযোগকারী।

**অনুযোগ**—দোষারোপ, অভিযোগ, নালিশ। ভর্ৎসনা। ... **অনুযোগী** (-গিন্‌) — অনুযোগকারী।

**অনুযোজ্য** — অনুযোগের যোগ্য।

**অনুরক্ত**—আসক্ত। প্রীতিবিশিষ্ট, ভক্ত। ... ষ্য. **অনুরক্তি**।

**অনুরঞ্জক** — প্রীতিদায়ক, মনোরঞ্জনকারী। যে রং করে।

**অনুরঞ্জন** — মনোরঞ্জন, প্রীতিসম্পাদন। ... **অনুরঞ্জিত** — বর্ণরঞ্জিত। অনুরাগযুক্ত।

**অনুরণন** — প্রতিধ্বনি। অপর ধ্বনির প্রভাবে ধ্বনিত হওয়া। ... ণ. **অনুরণিত**।

**অনুরত** — অনুরক্ত।

**অনুরথ্যা** — গলিপথ, রাজপথের শাখা।

**অনুরাগ** — প্রেম, প্রীতি। আসক্তি। আদর, সোহাগ। (§ অনুরক্ত)। ... **অনুরাগী** (-গিন্‌) — প্রেমিক। আসক্ত। ... স্ত্রী. **-গিণী**।

**অনুরাধা** — নক্ষত্র বিঃ।

**অনুরুদ্ধ**—যাহাকে অনুরোধ করা হইয়াছে। যাহা প্রার্থিত হইয়াছে, যাচিত।

**অনুরূপ** — সদৃশ, তুল্য, মতন। যোগ্য। অনুযায়ী। (§ আনুরূপ্য)

**অনুরোধ** — উপরোধ, প্রার্থনা, সুপারিশ ('অনুরোধে' — প্রার্থনাবশতঃ। খাতিরে, হেতুবশে। 'চাকরির—')। (§ অনুরুদ্ধ)

**অনুলম্ব** — খাড়াইএর দিকে।

**অনুলাপ** — বার বার কথন।

**অনুলিখন, অনুলিপি, অনুলেখ** — শ্রুত বাক্য যথাযথ লিখন। কোনও লেখার নকল।

**অনুলেপন, -লেপ**—গন্ধাদিলেপন, প্রলেপ। ... ণ. **অনুলিপ্ত**।

**অনুলোম** — অনুক্রম, যথাক্রম, অনুকূল। ... **অনুলোম বিবাহ**—উচ্চবর্ণ পুরুষের সহিত নিম্নবর্ণা স্ত্রীর বিবাহ। (তুঃ প্রতিলোম, বিলোম)

**অনুশয়** — সঞ্চিত ক্রোধ, পূর্ববিদ্বেষ।

**অনুশাসন** — আদেশ, বিধান, উপদেশ, edict ('অশোকের—')

**অনুশাসক** — যিনি সকলের আচার আচরণের শাসন করেন। যিনি সকলকে সতর্ক রহিতে উপদেশ দেন।

**অনুশিষ্য** — শিষ্যের শিষ্য।

**অনুশীলন**—চর্চা, অভ্যাস। ...**অনুশীলনীয়** — অনুশীলনযোগ্য। ... **অনুশীলিত** — চর্চিত, চর্চাদ্বারা লব্ধ। (নবপ্রচলিত অর্থ) — সুমার্জিত।

**অনুশীলনী** (নবরচিত) — অধীত পাঠ্যাংশের আলোচনা।

**অনুশোচন, -না** — অনুতাপ, গত বিষয়ের জন্য খেদ।

**অনুষঙ্গ** — সম্বন্ধ, association. প্রসঙ্গ। আসক্তি। (§ আনুষঙ্গিক)

**অনুষ্টুভ্, -ষ্টুপ্** (-ভ্) — সংস্কৃত ছন্দ বিঃ।

**অনুষ্ঠাতা** (-তৃ) — অনুষ্ঠানকারী, উদ্যোক্তা, সম্পাদক।

**অনুষ্ঠান** — আরম্ভ, উদ্যোগ, আয়োজন, ক্রিয়াকর্ম উৎসব লোকহিতকর কার্য ইঃ। — অধিবেশন (যেমন — সভাসমিতির)। ধর্মানুযায়ী ক্রিয়াপদ্ধতি, সংস্কার। (§ আনুষ্ঠানিক)।...**অনুষ্ঠিত**—আচরিত, নির্বাহিত ...**অনুষ্ঠেয়**—অনুষ্ঠানযোগ্য।

**অনুসন্ধান** — খোঁজ, অন্বেষণ। গবেষণা। ... গ. **অনুসংহিত**। ... **অনুসন্ধাতা** (-তৃ), **-ন্ধায়ক, -ন্ধায়ী** (-য়িন্) — অনুসন্ধানকারী। ... **অনুসন্ধিৎসা** — অনুসন্ধান করিবার ইচ্ছা।...**অনুসন্ধিৎসু** — অনুসন্ধান করিতে ইচ্ছুক। ... **অনু-সন্ধেয়** — অনুসন্ধানের যোগ্য।

**অনুসরণ, অনুসার**—অনুগমন, পশ্চাদ্গমন, সঙ্গে সঙ্গে যাওয়া। অনুরূপ আচরণ। ('অনুসারে'—অনুসরণ করিয়া, অনুযায়ী ভাবে)। ... **অনুসারী** (-রিন্) — অনুসরণকারী। ... স্ত্রী. **-রিণী**।

**অনুস্যূত** — সম্বদ্ধ। গ্রথিত।

**অনুস্মৃতি** — পশ্চাৎস্মরণ।

**অনুস্বার, -স্বর** — ং বর্ণ।

**অনূঢ়** — অবিবাহিত ... স্ত্রী. **অনূঢ়া**।

**অনূদিত** — অনুবাদিত, ভাষান্তরিত।

**অনূন, অন্যূন**—কম নয়, কম পক্ষে।

**অনূপ** — জলবহুল স্থান, জলা, বিল। (§ আনূপ)

**অনূরু** — অরুণ, গরুড়ের অনুজ অকালে ডিম ফোটানোর জন্য অরুণের ঊরু সবল হয় নাই — সেজন্য অনূরু।

**অনৃণী** — ঋণমুক্ত।

**অনৃজু** — বাঁকা, অসরল, কুটিল।

**অনৃত** — অসত্য। ... অনৃতী। **অনৃতবাদী** — মিথ্যাবাদী (ঋত দেখ)।

**অনেক** — একাধিক, বহু, নানা। খুব, ঢের, বিস্তর, অধিক। ('অনেকে' — বহু-লোকে। ... **অনেকধা**—বহুধা, বহু খণ্ডে প্রকারে বা দিকে। ... **অনেকবিধ** — বহু-প্রকার।

**অনৈক্য** — বিরোধ, গরমিল। মতভেদ।

**অনৈসর্গিক** — অস্বাভাবিক, অতিপ্রাকৃত।

**অনৌচিত্য** — অযুক্ততা, অকর্তব্যতা।

**অন্ত** — শেষ, অবসান ('দিনান্ত')। সীমা, প্রান্ত ('গ্রামান্ত')। মৃত্যু, নাশ ('-কাল')। স্বরূপ, তথ্য ('— পাওয়া ভার')। (§ অন্তিম, অন্ত্য)

**অন্তঃ**-(অন্তর্) — ভিতরে, মধ্যে। চিত্তে। (§ আন্তর)। ... **অন্তঃকরণ** — মন, হৃদয়। ... **অন্তঃপাতী** (-তিন্)—মধ্যবর্তী। ... **অন্তঃপুর**—অন্দরমহল। ...**অন্তঃপুরিকা** — অন্তঃপুরবাসিনী। ... **অন্তঃশত্রু** — গৃহশত্রু। রাজ্যের অধিবাসী বিদ্রোহী। ষড়্রিপু। **অন্তঃশিলা** — যাহার ভিতরে

বা নীচে পাথর আছে। ... **অন্তঃসত্ত্বা** — গর্ভবতী। ... **অন্তঃসংজ্ঞা** — অন্তঃস্থ বোধশক্তি। ণ — ভিতরে ভিতরে যাহার সংজ্ঞা নিহিত আছে। **অন্তঃসলিলা** — যাহার নিম্নে জল আছে। ... **অন্তঃসার** —ণ. যাহার ভিতরে সার বস্তু আছে। ষ্য. ভিতরের সার অংশ। ... **অন্তঃস্থ, অন্তস্থ**—মধ্যস্থিত। (ব্যাকরণে) য র ল ব এই চারিটি বর্ণ।

**অন্তক** — যম। নাশক।

**অন্তকাল** — মৃত্যুকাল।

**অন্তগ** — পারগত। অন্তস্থিত।

**অন্ততঃ** (-তস্), — অন্তত ] ন্যূনকল্পে শেষকল্পে, কমসে-কম, নিদেনে।

**অন্তর** — ষ্য. মধ্য। ফাঁক, ছিদ্র। ব্যবধান, তফাত। ভেদ, পার্থক্য, তারতম্য। মন, হৃদয়। ণ. অপর, ভিন্ন ('দেশান্তর')। স্বীয়, আত্মীয় ('অন্তরতর, -তম')। (§ অন্তরিত, আন্তর, আন্তরিক)। ... **অন্তরজ্ঞ** — বিশেষজ্ঞ। দূরদর্শী। **অন্তর্যামী**। ... **অন্তরস্থ** — মনোগত।

**অন্তরঙ্গ**—ণ. আত্মীয়, সুহৃদ্। অভ্যন্তর-গত। ষ্য. ভিতরের অঙ্গ। (তুঃ বহিরঙ্গ)

**অন্তরা**—গানের দ্বিতীয় পদ।

**অন্তরাত্মা** (-ত্মন্)—জীবাত্মা।

**অন্তরাপত্যা**—গর্ভবতী, অন্তর্বত্নী।

**অন্তরায়** — বাধা, প্রতিবন্ধক, বিঘ্ন।

**অন্তরাল**—ব্যবধান, অবকাশ, আড়াল।

**অন্তরিত**—লুক্কায়িত, অন্তর্হিত। আবৃত। অপসারিত, দূরীভূত। রাজাজ্ঞায় নির্দিষ্ট স্থানে আবদ্ধ, interned, internee (অন্তরীণ অশুপ্রঃ)। ... ষ্য. **অন্তরণ** — internment.

**অন্তরিন্দ্রিয়**—মন।

**অন্তরীক্ষ** ( -রি- বিরল ) — আকাশ। পুরাণোক্ত দেশ বিঃ। (§ আন্তরীক্ষ) **অন্তরীণ** ] অন্তরিত (দেখ)

**অন্তরীপ** — ক্রমসূক্ষ্ম ভূখণ্ড যাহার মুখ সমুদ্রবেষ্টিত, cape.

**অন্তরীয়, -রীয়ক** — অন্তর্বাস, অধোবাস। ধুতি শাড়ি ইঃ। (তুঃ উত্তরীয়)

**অন্তর্গত** — মধ্যগত, মধ্যবর্তী।

**অন্তর্গূঢ়** — ভিতরে লুক্কায়িত। মনে গুপ্ত।

**অন্তর্গৃহ** — গৃহের মধ্যস্থিত গৃহ।

**অন্তর্জগৎ** — মনোজগৎ (দেখ। তুঃ বহির্জগৎ)

**অন্তর্জল** — জলমধ্য। স্থলজলের মধ্য। ... **অন্তর্জলি** ] পারলৌকিক মঙ্গলের জন্য মুমূর্ষুর নিম্নাঙ্গ গঙ্গাদিতে নিমজ্জন।

**অন্তর্জাতীয়, অন্তঃ-রাষ্ট্রীয়** — জাতি বা রাষ্ট্রের অন্তর্গত।

**অন্তর্দর্শন** — নিজের মনের বা চিন্তার পরীক্ষা, introspection.

**অন্তর্দাহ** — সন্তাপ, দারুণ মানসিক দুঃখ।

**অন্তর্দেশ** — উপত্যকা। মধ্যবর্তী স্থান।

**অন্তর্দ্বার** — গুপ্তদ্বার, খিড়কি।

**অন্তর্ধান** — তিরোধান, অদৃশ্য হওয়া। (§ অন্তর্হিত)

**অন্তর্নিবিষ্ট** — ভিতরে স্থাপিত।

**অন্তর্নিহিত** — ভিতরে বা মনে স্থাপিত।

**অন্তর্বত্নী** — গর্ভবতী, অন্তরাপত্যা।

**অন্তর্বর্তী** (-র্তিন্)—মধ্যবর্তী, অন্তর্গত, অন্তঃপাতী।

**অন্তর্বাণিজ্য**—দেশের সীমার মধ্যে বাণিজ্য। (তুঃ বহির্বাণিজ্য)

**অন্তর্বাষ্প** — যে অশ্রু চাপিয়া রাখিয়াছে।

**অন্তর্বাস** — অধোবস্ত্র, অন্তরীয়। কৌপীন, শেমিজ ইঃ।

**অন্তর্বিপ্লব** — দেশের অধিবাসিগণের মধ্যে যুদ্ধ, civil war. গৃহবিবাদ।

**অন্তর্বিবাহ** — স্বগোত্র বা স্বকুলে বিবাহ।

**অন্তর্বেদনা** — মানসিক অশান্তি।

**অন্তর্বেদি, -দী** (-দিন্) — দুই নদীর মধ্যবর্তী প্রদেশ, দোআব। ব্রহ্মাবর্ত দেশ।

**অন্তর্ভূত** — অন্তর্গত, মধ্যস্থিত। অন্তরে উৎপন্ন।

**অন্তর্মুখ** — আত্মবিষয়ে চিন্তাশীল, introspective. (তুঃ বহির্মুখ।)। ... স্ত্রী. **-খী**।

**অন্তর্যামী** (-মিন্)—যিনি অন্তরে অবস্থান করেন, ঈশ্বর যিনি মনের কথা জানেন।

**অন্তর্হাস** — অব্যক্ত হাস্য।

**অন্তর্হিত**—তিরোহিত, চক্ষুর অগোচর।

**অন্তস্তল**—অন্তর্ভাগ। মন।

**অন্তস্থ-বর্ণ, অন্তঃস্থ-** — (ব্যাকরণে) য র ল ব।

**অন্তিক** — নিকট।

**অন্তিম** — মৃত্যুকালীন। শেষ, চরম।

**অন্তেবাসী** (-সিন্) — গুরুর নিকটে যে থাকে, শিষ্য। গ্রামপ্রান্তবাসী চণ্ডাল।

**অন্ত্য** — অন্তিম, শেষস্থ। ... **অন্ত্যজ**— নীচজাতি।

**অন্ত্যেষ্টি** — মৃতসৎকার ('-ক্রিয়া')

**অন্ত্র** — নাড়িভুঁড়ি, আঁতিড়ি। (শারীরস্থান) পাকস্থলীর নিম্ন হইতে মলদ্বার পর্যন্ত যন্ত্র, intestine. (§ আন্ত্রিক)। ... **অন্ত্রবৃদ্ধি** — রোগ বিঃ, hernia.

**অন্দর** [ফা] ভিতর। অন্দরমহল, অন্তঃপুর।

**অন্ধ**—দৃষ্টিহীন, কানা। দুই চক্ষু হীন। ...ষ্য. -তা, **-ত্ব**। ... **অন্ধকূপ** — এঁদো কুয়া। অল্পপরিসর অন্ধকার কক্ষ, blackhole. ... **অন্ধতম** [ <অন্ধ-তমস্ ], **অন্ধতামিস্র** — গাঢ় অন্ধকার। ঘোর অজ্ঞানতা। ... **অন্ধবিশ্বাস**—যুক্তি-হীন গভীর বিশ্বাস।

**অন্ধকার** — ষ্য. আলোকের অভাব, তম, তমিস্র, তিমির। ণ. (বাং) অন্ধকারময়। ... **ণ. অন্ধকারিত**।

**অন্ধিকা** — নেত্ররোগ বিশেষ। আঁধি লাগা।

**অন্ধিসন্ধি**] ফাঁক, রন্ধ্র। ভিতরের খবর ('—জানা')

**অন্ধীভূত** — অন্ধতাপ্রাপ্ত।

**অন্ধু** — এঁধো কুয়া।

**অন্ধ্র** — প্রাচীন জাতি বিঃ। তাহাদের দেশ, পশ্চিম কলিঙ্গ। আধুনিক মাদ্রাজ প্রদেশের উত্তরপূর্বাংশ, তেলুগুভাষীর দেশ।

**অন্ন** — ভাত। আহার্যদ্রব্য। ... **অন্নকষ্ট, অন্নাভাব** — খাদ্যের অভাব। দুর্ভিক্ষ। ... **অন্নকূট** — বৈষ্ণবমন্দিরে গোবর্ধন পূজা উপলক্ষে উৎসব বিঃ। শৈলাকারে অন্ন পুঞ্জীভূত করিয়া রবাহূত অনাহূতদের ভোজন করানো হয়। **অন্ন-চিন্তা—জীবিকার্জনের জন্য উদ্বেগ**। ... **অন্নদা, অন্নপূর্ণা** — ভগবতী, দুর্গা। ... **অন্নদাতা** (-তৃ) — প্রতিপালক। ... **অন্নদাস** — উদরান্নের জন্য পরের আজ্ঞাবহ। ... **অন্ননালী** — গ্রাসনালী (দেখ)। ... **অন্নপ্রাশন** — শিশুর প্রথম অন্নাহার সংস্কার, 'ভাত'। ... **অন্ন-সংস্থান** — জীবিকার ব্যবস্থা। খাদ্য-সংগ্রহ। **অন্নসমস্যা** — খাদ্যাভাবজনিত সমস্যা। ... **অন্নসত্র** — **অন্নছত্র**] অন্ন-বিতরণশালা।

**অন্য** — অপর। ভিন্ন, ব্যতীত। ... **অন্যগত** — অন্যের উপর নির্ভরশীল। অন্যের প্রতি আসক্ত। ... **অন্যতঃ** (-তস্) — অন্যভাবে। অপর হইতে। অন্যত্র। ... **অন্যতম** — বহুর মধ্যে এক। ... **অন্যতর** — দুইএর মধ্যে এক। ... **অন্যত্র** — **অন্য** স্থানে বা বিষয়ে। ... **অন্যথা** — অ.

অন্য প্রকারে। নতুবা। (বাং) ষ্য. ব্যতিক্রম। ... **অন্যথাচরণ** — বিপরীত আচরণ। ... **অন্যদীয়** — অপর সম্বন্ধীয়। **অন্যপুষ্ট, অন্যৎপুষ্ট** — (কাকের দ্বারা পালিত) কোকিল। **অন্যপূর্বা** — যে পূর্বে অপরের বাগ্‌দত্তা বা পত্নী ছিল। **অন্যবিধ** — অপরপ্রকার। ... **অন্য-মনস্ক, অন্যমনা** [ <-নাঃ (-নস্) ] আনমনা, অন্য বিষয়ে নিবিষ্ট।

**অন্যান্য** — অপরাপর।

**অন্যায়** — ণ. অনুচিত, অকর্তব্য। ষ্য. অনৌচিত্য। অবিচার। অনুচিত কার্য। ... **অন্যায়তঃ** (-তস্) — অন্যায়ভাবে। ... **অন্যান্য** — অসংগত। অনুচিত।

**অন্যাসক্ত** — অপরের প্রতি অনুরক্ত।

**অন্যূন** — অন্ততঃ। কম নয়। সম্পূর্ণ।

**অন্যোন্য** — পরস্পর ('-বিরোধী')। কাব্যালংকার বি — দুইটি পদার্থ পরস্পর একজাতীয় ক্রিয়ার কারণ রূপে বর্ণিত হইলে এই অলংকার হয়।

**অন্বয়** — পদের পরস্পর সম্বন্ধ। সম্বন্ধ-যুক্ত পদসমূহের যথাক্রমে বিন্যাস ('—করা')। ক্রম, ধারা। বংশ। সম্বন্ধ। (§ অন্বিত)। ... **অন্বয়ব্যতিরেক** — একের অস্তিত্বে বা অভাবে অন্যের অস্তিত্ব বা অভাব।

**অন্বয়ী** (-য়িন্) — সম্বন্ধবিশিষ্ট।

**অন্বর্থ**—অর্থানুরূপ, যথার্থ, অর্থসংগত।

**অন্বর্থনামা** — যাহার নামের ব্যুৎপত্তিগত অর্থের সহিত স্বভাবের মিল আছে।

**অন্বিত** — যুক্ত, সম্পন্ন ('ক্রোধান্বিত')। যাহার অন্বয় করা হইয়াছে।

**অন্বিষ্ট** — অন্বেষিত।

**অন্বীক্ষা** — পর্যালোচনা। অন্বেষণ।

**অন্বেষক, অন্বেষ্টা** (-ষ্টৃ)—অনুসন্ধান-কারী।

**অন্বেষণ** — অনুসন্ধান, খোঁজ। ... ণ. **অন্বিষ্ট, অন্বেষিত**। ... **অন্বেষণীয়, অন্বেষ্টব্য** — অন্বেষণযোগ্য।

অপ্ — জল।

অপ- — নিন্দা বিরোধ স্থানান্তর ইঃ সূচক উপসর্গ।

**অপকর্ম** (-র্মন্) — কুকর্ম। ক্ষতিকর কর্ম। ... **অপকর্মা** ( -র্মন্)—অপকর্মকারী।

**অপকর্ষ** — হীনতা, নিকৃষ্টতা, অবনতি। হ্রস্বীকরণ। (§ অপকৃষ্ট)

**অপকলঙ্ক** — মিথ্যা কলঙ্ক।

**অপকার** — অনিষ্টসাধন। ... **অপকারক, -কারী** (রিন্) — যে অপকার করে। ক্ষতিকর।

**অপকীর্তি** — দুর্নাম, অপযশ।

**অপকৃত** — যাহার অপকার হইয়াছে, ক্ষতি-গ্রস্ত। ... **অপকৃতি** — অপকার।

**অপকৃষ্ট** — নিকৃষ্ট, নীচ, মন্দ।

**অপকেন্দ্র** — কেন্দ্রাতিগ (দেখ)

**অপক্ক** — কাঁচা। অসিদ্ধ, আরাঁধা। অপরিণত।

**অপক্ষপাত**—ষ্য. নিরপেক্ষতা, ন্যায়দর্শিতা। ণ. নিরপেক্ষ, পক্ষপাতশূন্য। ... ণ. **অপক্ষপাতী** (-তিন্)। ... ষ্য. **-পাতিতা**।

**অপক্ষেপ** — প্রত্যাখ্যান।

**অপগত** — দূরীভূত, অপসৃত, বিগত, রহিত। ... **অপগম, -গমন** — অপসরণ, প্রস্থান, দূর হওয়া।

**অপগা** — নিম্নবাহিনী (নদী)

**অপগুণ** — অবগুণ, গুণহীনতা, দোষ।

**অপগ্রহ** — প্রতিকূল গ্রহ।

**অপঘন** — দেহ। শরৎকাল। ণ. মেঘমুক্ত।

**অপঘাত** — দুর্ঘটনাজনিত মৃত্যু, অপমৃত্যু। (বাং) আকস্মিক শারীরিক দুর্ঘটনা (আঘাত, জলে ডোবা, আগুনে পোড়া

ইঃ)। ... **অপঘাতক, -ঘাতী** (-তিন্) অপঘাতকারী।

**অপচয়** — অপব্যয়, বৃথাব্যয়, "অপ্‌চ"। ক্ষতি, ক্ষয়, হ্রাস। ... ণ. **অপচিত**। ... **অপচায়িত** — যাহা বৃথা ব্যয় করানো হইয়াছে।

**অপচার, অবচার** — অবিহিত আচরণ। অজীর্ণ, অপরিপাক।

**অপচিকীর্ষা** — অপকার করিবার ইচ্ছা। ... **অপচিকীর্ষু** — যে ঐ ইচ্ছা করে।

**অপচিকীর্ষা** — অপকার করিবার ইচ্ছা।

**অপচিতি** — (জীববিদ্যায়) দেহস্থ কলার ক্ষয়, ketabolism. (তুঃ উপচিতি)

**অপচীয়মান** — ক্ষীয়মাণ। যে বস্তুর অপচয় হইতেছে।

**অপচেষ্টা** — মন্দ উদ্দেশ্যে চেষ্টা।

**অপচ্ছায়া** — ছায়াময় আকার। প্রেতাদির অস্পষ্ট মূর্তি।

**অপজাত** — যে কুলোচিত গুণাবলী বা পূর্বের উৎকর্ষ হারাইয়াছে, degenerate. (§ আপজাত্য)

**অপটু** — অনিপুণ, অক্ষম। ... ষ্য. **-তা**।

**অপত্নীক** — বিপত্নীক। অবিবাহিত।

**অপত্য** — (ক্লী) সন্তান, পুত্র বা কন্যা ('-স্নেহ')। ... **অপত্যনির্বিশেষে** — সন্তানের সহিত পার্থক্য না করিয়া, নিজসন্তানবৎ। ... অপত্যার্থে (ব্যাকরণ) — সন্তান বুঝাইতে।

**অপত্রপ** — ত্রপা অর্থাৎ লজ্জা যাহার নাই। নির্লজ্জ।

**অপত্রী** — পক্ষহীন পতঙ্গ।

**অপত্রী** — পক্ষহীন পতঙ্গ। নির্লজ্জ।

**অপথ** — মন্দ পথ। পথের অভাব।

**অপথ্য** — কুপথ্য।

**অপদস্থ** — লাঞ্ছিত, অপমানিত।

**অপদার্থ** — অসার, অযোগ্য, মনুষ্যত্বহীন।

**অপদেবতা** — উপদেবতা, ভূত প্রেত ইঃ।

**অপনয়ন, অপনয়** — অপসারণ, দূরীকরণ। খণ্ডন। ... ণ. **অপনীত**।

**অপনোদন** — অপনয়ন।

**অপপাঠ** — অশুদ্ধ পাঠ বা লিপি।

**অপপ্রয়োগ** — অশুদ্ধ বা অর্থবিরুদ্ধ প্রয়োগ। অনুপযুক্ত উদ্দেশ্যে বা রূপে প্রয়োগ।

**অপবর্গ** — মুক্তি, মোক্ষ।

**অপবাদ** — নিন্দা, কুৎসা, বদনাম। ... **অপবাদক** — অপবাদকারী।

**অপবারণ** — আচ্ছাদন, অপ্রকাশ।

**অপবিত্র** — অশুচি, অশুদ্ধ।

**অপবৃত্ত** — বিপর্যস্ত। অনাবৃত।

**অপব্যবহার**—অনুচিত প্রয়োগ, misuse.

**অপব্যয়** — অযথা বা কুকর্মে ব্যয়। অপচয়। ... **অপব্যয়ী** (-য়িন্) — অপব্যয়কারী।

**অপভাষ** — নিন্দাবাদ।

**অপভাষা** — অসাধু গ্রাম্য বা ইতর ভাষা।

**অপভ্রংশ** — মূল শব্দের বিকৃত রূপ। গ্রাম্য প্রাকৃত ভাষা বিঃ। বিকার, বিকৃতি। ... ণ. **অপভ্রষ্ট**।

**অপমান** — অবমাননা, মানহানি, লাঞ্ছনা, অনাদর, অমর্যাদা। ... ণ. **অপমানিত**।

**অপমৃত্যু** — অপঘাত-মৃত্যু।

**অপযশ** [ <শঃ (-শস্ ] দুর্নাম, অখ্যাতি, বদনাম।

**অপয়া** ] অলক্ষণা। দুর্ভাগ্যকর। (প্রায় স্ত্রী.)

**অপর** — অন্য, পর। বিপরীত। পশ্চাদ্‌বর্তী। অন্য ব্যক্তি। পশ্চিম। ... স্ত্রী. **অপরা**। ... **অপরা বিদ্যা** — অপ্রধান বিদ্যা। শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ জ্যোতিষ ইত্যাদি সহ বৈদিক কর্মকাণ্ডের নাম অপরাবিদ্যা। ... **অপরঞ্চ,**

**অপরন্তু** — অপিচ, আরও। ... **অপরত্র** — অন্যত্র। অপর পক্ষে বা বিষয়ে।

**অপরাগ** — বিদ্বেষ।

**অপরাজিত** — যে পরাস্ত হয় নাই। ... স্ত্রী. **-তা**। ফুল বা লতা বিঃ। দুর্গা।

**অপরাধ**—দোষ, ত্রুটি। দণ্ডার্হ কর্ম। পাপ। ... **অপরাধী** (-ধিন্)—দোষী। ... স্ত্রী. **অপরাধিনী**।

**অপরাদ্ধ** — দোষী, অপরাধী। ভ্রান্ত।

**অপরাপর** — অন্যান্য।

**অপরাহ্ণ** — মধ্যাহ্নের পর সূর্যাস্ত পর্যন্ত কাল, বিকাল। (ঃ আপরাহ্ণিক)

**অপরিগ্রহ** — ষ্য. দান গ্রহণে অস্বীকার। **ণ.** নিঃসম্বল, নিঃস্ব। অনূঢ়।

**অপরিচিত** — অচেনা, অজ্ঞাত।

**অপরিচ্ছন্ন** — মলিন, অপরিস্কৃত।

**অপরিচ্ছিন্ন** — যাহা সীমাবদ্ধ বা খণ্ডিত নয়। অপরিসীম।

**অপরিজ্ঞাত** — অজ্ঞাত। যাহা উত্তমরূপে জ্ঞাত নয়।

**অপরিণত**—অপূর্ণ। তরুণ, কাঁচা, অপক্ক।

**অপরিণামদর্শী** (-র্শিন্) — যে পশ্চাৎফল ভাবিয়া দেখে না, অদূরদর্শী, অবিবেচক, অবিমৃশ্যকারী। ... ষ্য. **-দর্শিতা**।

**অপরিবর্তিত** — অবিকৃত, যথাযথ।

**অপরিমিত** — অপর্যাপ্ত, দেদার, যাহার মাপজোখ নাই, অসীম। ন্যায্যের অধিক।

**অপরিমেয়**—যাহার পরিমাণ করা যায় না।

**অপরিষ্কার** — মলিন, নোংরা। ... **অপরিষ্কৃত** — যাহা পরিষ্কার করা হয় নাই, অশোধিত।

**অপরিসীম** — অসীম।

**অপরিস্ফুট** — অস্পষ্ট।

**অপরিহরণীয়, অপরিহার্য** — যাহা পরিত্যাগ করিতে পারা যায় না। যাহা না হইলে নয়।

**অপরূপ** — কুরূপ, বেয়াড়া। অদ্ভুত, আশ্চর্য।

**অপরুব** (ব্রজবুলি)] > অপূর্ব। স্বর-ভক্তিতে অপূরব — অপরূব — অপরূপ।

**অপরোক্ষ** — প্রত্যক্ষ, সাক্ষাৎ।

**অপর্ণা** — উমা, পার্বতী, ভগবতী।

**অপর্যাপ্ত** — প্রচুর, প্রয়োজনের অধিক। যাহা হইতে আর পর্যাপ্ত হয় না। অসীম। (বিপরীত অর্থও বুঝায়) যাহা পর্যাপ্ত নয়, অপ্রচুর।

**অপলক** [ফা. -পলক] পলকহীন, অনিমেষ ('—নেত্র')

**অপলাপ** — সত্য কথা অস্বীকার, মিথ্যা উক্তি, অপহ্নব।

**"অপসকা"**] পলকা, ভঙ্গপ্রবণ।

**অপসরণ** — দূর হওয়া। ... **ণ. অপসৃত**। ... **অপসারণ** — দূরীকরণ, সরানো। ... **ণ. অপসারিত**।

**অপসর্প, অপসর্পণ** — পলায়ন।

**অপস্কর** — মল, পুরীষ। রথাঙ্গ বিঃ।

**অপস্নাত** — অশৌচান্তে-স্নাত।

**অপস্মার** — মৃগী রোগ, epilepsy.

**অপহত** — বিনষ্ট।

**অপহরণ** — চুরি। ... **অপহর্তা** (-র্তৃ), **অপহারক, অপহারী** (-রিন্) — চোর, যে অন্যায়ভাবে অপরের দ্রব্য লয়। ... **অপহারিত, অপহৃত**—চোরিত, লুণ্ঠিত।

**অপহ্নব, অপহ্নুতি** — অপলাপ, গোপন, অস্বীকার। চুরি। ... **ণ. অপহ্নুত**।

**অপহস্ত** — **ণ.** অর্ধচন্দ্রদানে বিতাড়িত।

**অপহ্নব** — সত্যগোপন, মিথ্যাভাষণের দ্বারা অস্বীকার।

**অপহ্নুতি** — কাব্যালংকার বিঃ। উপমেয়কে গোপন করিয়া উপমানের বিধান অথবা

কোন গোপনীয় বস্তুর প্রকাশ করিয়া পুনরায় প্রকারান্তরে তাহার সংগোপনকে অপহ্নুতি অলংকার বলে।
**অপাক** — অজীর্ণ।
**অপাঙ্‌ক্তেয়** — পঙ্‌ক্তিতে বসিবার অযোগ্য, পঙ্‌ক্তিভোজনে বর্জনীয়, একঘরে।
**অপাংগ** — নয়নকোণ। কটাক্ষ।
**অপাচ্য** — যাহা হজম হয় না।
**অপাঠ্য** — পাঠের অযোগ্য।
**অপাত্র** — অযোগ্য পাত্র (ব্যক্তি), কুপাত্র।
**অপাদান** — (ব্যাকরণে) কারক বিঃ।
**অপান** — নিঃশ্বাস বা ত্যাজ্য শ্বাস। দেহস্থ অধোবায়ু।
**অপাপবিদ্ধ** — পাপস্পর্শহীন, নিষ্পাপ।
**অপাবরণ** — আবরণমোচন, উন্মোচন। ... ণ. অপাবৃত।
**অপামার্গ** — আপাং গাছ, গুল্ম বিঃ।
**অপায়** — ক্ষতি। দুঃখ, অশুভ।
**অপার** — অসীম। দুস্তর, কূলহীন।
**অপারক** — অসমর্থ।
**অপারগ** — অ-পারগামী। অসমর্থ।
**অপার্থিব** — যাহা পৃথিবীর বস্তুগত নয়।
**"অপার্যমানে"** ] নিতান্ত না পারিলে।
**অপিচ** — আরও।
**অপিধান** — আচ্ছাদন, কোষ (অ-লোপেও প্রয়োগ হয়, পিধান দেখ)
**অপিনদ্ধ** — দেহের আবরণের জন্য পরিহিত। (ঐ, পিনদ্ধ দেখ)
**অপুত্রক** — পুত্রহীন।
**অপুনর্ভব** — পুনর্জন্ম হইতে মুক্তি, নির্বাণলাভ।
**অপুষ্পক** — যে বৃক্ষের পুষ্প জন্মে না।
**অপুষ্যি** ] >অপোষ্য — কুপোষ্য, গলগ্রহ।
**অপূপ** — পিষ্টক।
**অপূর্ণ** — অসম্পূর্ণ। অসাধিত। অতৃপ্ত ('—কামনা')
**অপূর্ব** — অভিনব। অদৃষ্টপূর্ব। উৎকৃষ্ট, চমৎকার।
**অপেক্ষক**—যে অপেক্ষা করে। নির্ভরশীল।
**অপেক্ষা** — অ. তুলনায়, হইতে, চেয়ে ('ইহার— । অপযশ — মৃত্যু শ্রেয়')। ষ্য. সবুর, বিলম্ব ('কিছুক্ষণ — কর')। নির্ভর, ভরসা ('বৃষ্টির অপেক্ষায় কৃষিকার্য')। খাতির, মর্যাদা, তোয়াক্কা ('কাহারও — রাখে না')। প্রত্যাশা, প্রতীক্ষা ('ফলাপেক্ষা')। (§ আপেক্ষিক) **অপেক্ষাকৃত**—অপর বিষয়ের তুলনায়। সাধারণতঃ যাহা হয় তাহার তুলনায়।... **অপেক্ষিত** — যাহার উপর নির্ভর করা হইয়াছে, প্রতীক্ষিত, প্রত্যাশিত। ... **অপেক্ষী** (-ক্ষিন্) — অপেক্ষক।
**অপেক্ষমাণ** — যে অপেক্ষা করিয়া আছে। প্রতীক্ষমাণ।
**অপেয়**—পানের অযোগ্য। নিষিদ্ধ পানীয়।
**অপোগণ্ড** — শিশু, নাবালক। (সং) ৫ হইতে ১০ বা ১৫ বৎসর বয়স্ক।
**অপোহ** — নিরসন, যুক্তিদ্বারা খণ্ডন।
**অপৌরুষ**—পুরুষকারের অভাব, পুরুষের অযোগ্য আচরণ। অগৌরব। ... **অপৌরুষেয়** — যাহা মানবের কৃত নয়।
**"অপ্‌চ"** ] <অপচয়, বৃথা ব্যয়।
**অপ্রকট**—অপ্রকাশিত, অব্যক্ত। তিরোহিত।
**অপ্রকাশ** — ষ্য. গোপন। অগোচরে অবস্থিতি। ণ. অব্যক্ত, অপ্রকাশিত।... **অপ্রকাশ্য** — যাহা প্রকাশযোগ্য নয়, গোপনীয়। গুপ্ত।
**অপ্রকৃত** — অযথার্থ, মিথ্যা।
**অপ্রকৃতিস্থ** — স্বাভাবিক অবস্থায় যে বর্তমান নয়। বিকৃতমস্তিষ্ক।
**অপ্রকৃষ্ট** — নিকৃষ্ট।

**অপ্রগল্‌ভ**—যে নির্লজ্জ বা ধৃষ্ট নয়।
**অপ্রতর্ক্য**—যাহা বিচার বা অনুমান দ্বারা স্থির করা যায় না।
**অপ্রতিগ্রহ**—অন্যের দান গ্রহণে অসম্মতি। ... **অপ্রতিগৃহ্য**—যাহার কাছ হইতে কোন দান গ্রহণ করা উচিত নয়।
**অপ্রতিদ্বন্দ্বী**—যাহার প্রতিপক্ষ কেহ নাই।
**অপ্রতিবন্ধক**—**ণ.** অবাধ।
**অপ্রতিবিধেয়**—যাহার প্রতিবিধান করা যায় না।
**অপ্রতিভ**—অপ্রস্তুত, লজ্জিত, উত্তর দিতে অসমর্থ।
**অপ্রতিম**—নিরুপম, অতুলনীয়।
**অপ্রতিরথ**—যাহার সমকক্ষ বা প্রতিদ্বন্দ্বী যোদ্ধা নাই।
**অপ্রতিষ্ঠ**—প্রতিপত্তিহীন, অখ্যাত। যাহা প্রতিষ্ঠিত হয় নাই। অনির্ণীত। ... **অপ্রতিষ্ঠা**—নিন্দা।
**অপ্রতিহত**—অবাধ, অব্যাহত।
**অপ্রতীপ**—অনুকূল।
**অপ্রতুল**] অভাব, অনটন।
**অপ্রত্যক্ষ**—পরোক্ষ।
**অপ্রত্যাশিত**—আশাতীত।
**অপ্রমত্ত**—মাদকপ্রভাবমুক্ত। অবহিত, ধীর।
**অপ্রমেয়**—অপরিমেয়। অজ্ঞেয়। যাহা প্রমাণ করা যায় না।
**অপ্রশস্ত**—সংকীর্ণ। অপকৃষ্ট, নিন্দিত।
**অপ্রসন্ন**—অসন্তুষ্ট, বিরক্ত। অপ্রফুল্ল।
**অপ্রস্তুত**—যাহা প্রস্তুত নয়। (বাং) অপ্রতিভ। অপ্রস্তুতপ্রশংসা—কাব্যালংকার বিঃ।
**অপ্রাকৃত**—অলৌকিক, অস্বাভাবিক।
**অপ্রাপ্তবয়স্ক**—যাহার বাল্য উত্তীর্ণ হয় নাই, নাবালক।... স্ত্রী. **-বয়স্কা**।
**অপ্রাসঙ্গিক**—আলোচ্য বিষয়ের বহির্ভূত।
**অপ্রিয়**—অপ্রীতিকর ('-বাদী, -ভাষী')। বিরাগভাজন।
**অপ্রীতি**—মনোমালিন্য। অসন্তোষ ('-কর')
**অপ্রৌঢ়**—অপরিণত, অপরিপুষ্ট।
**অপ্সরা** (-রস্‌)—স্বর্গবেশ্যা, স্বর্গের পরী। ... **অপ্সরী**] (গ্রাম্য)
**অফলা**] যাহাতে ফল উৎপন্ন হয় না।
**অফিস** [ই], **আপিস**] বিষয়কর্ম নির্বাহের বা কেরানীর কাজ করিবার স্থান, করণ, কাছারি, সেরেস্তা, দপ্তর।
**অফুটন্ত**]—যাহা ফুটে নাই—এখনও কোরক।
**অফুরন্ত**] যাহা ফুরায় না, যাহার শেষ নাই।
**অফুরান**] অফুরন্ত। (বিরল)
**অব**—ন্যূনতা নিম্নতা অনাদর নিশ্চয় ব্যাপ্তি বিয়োগ শুদ্ধি পুষ্টি ইঃ সূচক উপসর্গ।
**অবকর**—ঝাঁটানি, আবর্জনা।
**অবকাশ**—অবসর। ছুটি। ফাঁক, বিরাম।
**অবকীর্ণ**—ইতস্ততঃ বিক্ষিপ্ত।
**অবক্ষয়**—ক্ষয়প্রাপ্তি।
**অবক্ষেপ**—নিম্নে ক্ষেপণ।...**ণ.** অবক্ষিপ্ত।
**অবগত**—জ্ঞাত, বিদিত, সংবাদপ্রাপ্ত। ... ষ্য. **অবগতি**।
**অবগাই**]—তলাইয়া বুঝিয়া, বিশেষ চিন্তা করিয়া (ব্রজবুলি)।
**অবগাঢ়**—নিমগ্ন। গভীর, অন্তঃপ্রবিষ্ট। নিমজ্জন।
**অবগীত**—নিন্দিত।
**অবগুণ**—অপগুণ, গুণহীনতা, দোষ।
**অবগুণ্ঠন**, **অবগুণ্ঠিকা**—ঘোমটা। ... **ণ.** স্ত্রী. **অবগুণ্ঠিতা**।
**অবগ্রহ**—অনাবৃষ্টি। গ্রহবৈগুণ্য। প্রাকৃতিক উপদ্রব। প্রতিবন্ধক।
**অবঘট্ট**—জাঁতা।

**অবচয়** — চয়ন। সম্পত্তির মূল্যহ্রাস, depreciation. (তুঃ উপচয়। ... **ণ. অবচিত।**

**অবচ্ছিন্ন** — বিচ্ছিন্ন, সীমাবদ্ধ ('নিরবচ্ছিন্ন')। বিশেষিত। বিশিষ্ট ('মেঘাবচ্ছিন্ন')

**অবচ্ছেদ** — সীমা। বিভাগ, পরিচ্ছেদ, খণ্ড। বিশেষ করণ।

**অবজান]** — অবজ্ঞা।

**অবজ্ঞা** — উপেক্ষা, অনাদর, তাচ্ছিল্য, অপমান। ... **অবজ্ঞাত** — উপেক্ষিত, অনাদৃত, অপমানিত। ... **অবজ্ঞেয়** — অবজ্ঞার যোগ্য।

**অবতংস** — ভূষণ, কিরীট, হার বা কুণ্ডল ('চন্দ্রবংশাবতংস')

**অবতরণ** — অবরোহণ, নামা।

**অবতরণিকা** — গ্রন্থের ভূমিকা। সোপান।

**অবতল** — যাহার উপরিভাগ কটাহগর্ভ-তুল্য নিম্ন, concave.

**অবতার** — দেবতার মূর্তিগ্রহণ ও সংসারে আগমন। অবতীর্ণ দেবতা। মূর্তরূপ ('দয়ার—')। অবতরণ।

**অবতারণ** — অবরোহণ, নামা। নামানো। প্রস্তাবন। উৎপত্তি। ... **অবতারণা** — প্রস্তাবনা, ভূমিকা। ... **ণ.** অবতারিত। ... **অবতারণী** — সোপান।

**অবতীর্ণ** — অবতাররূপে আবির্ভূত। নিম্নাগত। উপস্থিত। অতিক্রান্ত ('বেলা—')

**অবদংশ** — মদের চাট।

**অবদাত** — শুভ্র, বিশুদ্ধ, নির্মল।

**অবদান** — মহৎ কর্ম; কীর্তি।

**অবদারণী** — কোদাল, শাবল ইঃ খননাস্ত্র।

**অবদ্য** — অকথ্য। নিন্দনীয়।

**অবধান** — মনোনিবেশ, প্রণিধান, সাবধানতা। (প্রাঅপ্রঃ) অভিভাষণ বিঃ, শুনিতে আজ্ঞা হউক। (§ অবধেয়, অবহিত)

**অবধারণ** — নিরূপণ, নির্ধারণ, নির্ণয়।...**ণ.** অবধারিত। ... **অবধার্য** — নির্ণেয়।

**অবধি** — হইতে ('সেদিন—আজ পর্যন্ত')। পর্যন্ত ('সেদিন হইতে আজ—')। সীমা, ইয়ত্তা ('সুখের — নাই')

**অবধীরিত** — উপেক্ষিত, অবজ্ঞাত।

**অবধূত** — সর্বসংস্কারমুক্ত সন্ন্যাসী। (§ আবধৌতিক)।

**অবধেয়** — অবধানযোগ্য।

**অবধ্য** — যাহাকে বধ করা উচিত নয় বা অসম্ভব। ... ষ্য. **-তা।**

**অবন** — রক্ষণ।

**অবনত** — বিনত, যাহা নিম্নে হেলিয়াছে। পতিত ('—জাতি')। ... অবনতি — পতন। হেলিবার ভাব।

**অবনমন** — নোয়ানো, নীচের দিকে বাঁকানো বা হেলানো। দমন। হীন অবস্থায় আনয়ন। ... ণ. অবনমিত।

**অবনয়ন** — অবনতি। অবনমন।

**অবনিবনাও, অবনতি]** — মনোমালিন্য, অসদ্ভাব।

**অবনী** (-নি বিরল) — পৃথিবী। দেশ।

**অবন্তী** (-ন্তি বিরল) — মালব দেশ। মালব-রাজধানী, উজ্জয়িনী।

**অবন্ধ্য** — সার্থক, সফল।

**অববাহিকা** — নদীর উভয়পার্শ্বস্থ ভূমি যাহা হইতে জল আসিয়া নদীতে পড়ে, পর্যঙ্ক, basin.

**অববুদ্ধ** — প্রবুদ্ধ। সজাগ।

**অববোধ** — সম্যক্ জ্ঞান। উদ্বোধন। জ্ঞাপন।

**অবভাস** — অধ্যাস, আরোপ।

**অবভৃথ** — যজ্ঞান্তে স্নান। মুখ্য যজ্ঞের অঙ্গীভূত, গৌণ যজ্ঞ।

**অবম** — নিকৃষ্ট, অধম।
**অবমতি** — অবজ্ঞা, হেয়জ্ঞান।
**অবমন্তা** (-ন্তৃ) — অপমানকারী।
**অবমর্ষণ** — অসহন, অক্ষমা।
**অবমাননা**—অপমান। ... **ণ.** অবমানিত। ... **অবমানয়িতা** (-তৃ)—যে অপমান করায়।
**অবমোচন** — উন্মোচন। মুক্তিদান।
**অবয়ব** — অঙ্গ, হস্তপদাদি। আকৃতি, মূর্তি। অংশ, উপকরণ। ... **অবয়বী** (-বিন্)—অবয়ববিশিষ্ট, সাঙ্গ। সাকার।
**অবর** — নিকৃষ্ট। পশ্চাদ্‌বর্তী। কনিষ্ঠ।
**অবরজ** — অনুজ।
**অবরে-সবরে ]** অসময়ে দরকার হইলে, কালেভদ্রে।
**অবরুদ্ধ** — আবদ্ধ, বন্দী। বেষ্টিত।
**অবরূঢ়** — যে নামিয়াছে, অবতীর্ণ।
**অবরেণ্য** — বরণের অযোগ্য।
**অবরোধ** — আটক, কারা। আবরণ। পরিবেষ্টন, সেনাদ্বারা নগরাদি ঘেরাও। অন্তঃপুর। কুলনারীকে পর্দানশিন করিয়া রাখা ('-প্রথা')। প্রতিবন্ধ। ... **অবরোধক** — অবরোধকারী।
**অবরোহ**—অবতরণ। (দর্শনে) কারণ হইতে কার্য অনুমান, deduction. (তুঃ আরোহ) ... **অবরোহণ**—অবতরণ, নীচে নামা। ... **ণ. -হিত**। ... **অবরোহী** (-হিন্) — যে নামে। deductive.
**অবর্তমান** — অবিদ্যমান। ('অবর্তমানে', মৃত্যুর পর। 'অমুকের—')
**অবলম্ব** — **ণ.** যাহা ঝুলিতেছে, লম্বিত। ষ্য. অবলম্বন। ... **অবলম্বন** — আশ্রয়, নির্ভর। আশ্রয়গ্রহণ। উপলক্ষ্য। ... **অবলম্বনীয়, -লম্বিতব্য, -লম্ব্য** — অবলম্বনযোগ্য। ... **অবলম্বিত** — আশ্রিত। আশ্রয়রূপে গৃহীত। লম্বমান। ...
**অবলম্বী** (-ম্বিন্) নির্ভরশীল ('স্বাবলম্বী')। যে ঝুলিতেছে।
**অবলা** — বলহীনা। নারী।
**অবলিপ্ত** — প্রলিপ্ত।
**অবলীঢ়** — যাহা লেহন করা হইয়াছে।
**অবলীলা** — অনায়াস, হেলা ('-ক্রমে, অবলীলায়')
**অবলুণ্ঠন** — ভূলুণ্ঠন, গড়াগড়ি। ... **ণ. -ণ্ঠিত**।
**অবলুপ্ত** — লোপপ্রাপ্ত, অন্তর্হিত।
**অবলেখ** — আঁচড় কাটা। চুল আঁচড়ানো।
**অবলেখনী** — চিরুনী।
**অবলেপ** — প্রলেপ। লেপন। (সং) গর্ব। অপমান।
**অবলেপন** — লেপন, মাখানো। ... **ণ. অবলিপ্ত**।
**অবলেহ** — লেহ্য খাদ্য। চাটিয়া খাইবার ঔষধ। ... **অবলেহন** — চাটা। (§ অবলীঢ়)
**অবলোকন** — দর্শন। ... **ণ. অবলোকিত**।
**অবলোকিতেশ্বর** — বৌদ্ধদের একটি দেবতা।
**অবশ** — অবাধ্য, অনায়ত্ত। বিকল, জড়, অসাড়। অস্বাধীন, পর কর্তৃক চালিত।
**অবশিষ্ট** — বাকী, উদ্‌বৃত্ত।
**অবশীভাব** — অবাধ্যতা। অবশ্যতা। ... **ণ. অবশীভূত**।
**অবশীর্ষ** — নতশির।
**অবশেষ** — সমাপ্তি, অন্ত, পরিশেষ ('অবশেষে')। অবশিষ্ট ('ধ্বংসাবশেষ')
**অবশ্য** — নিশ্চয় ('-কর্তব্য)। যাহা বলা বাহুল্য ('আমোদপ্রমোদ ভাল, — পরিমিত মাত্রায়)। অনিবার্য। (§ আবশ্যক)। ... ষ্য. **-তা**।
**অবশ্যক**—অবশ্যকরণীয়, compulsory.

**অবশ্যম্ভাবী** (-বিন্)—যাহা নিশ্চয় ঘটিবে। ... ষ্য. **-ভাবিতা।**

**অবশ্যায়** — কুয়াসা, শিশির।

**অবষ্টম্ভ** — সূচনা। আশ্রয়। অভিমান। প্রতিরোধ।

**অবসথ** — আবাস। গ্রাম।

**অবসন্ন** — অবসাদগ্রস্ত, শ্রান্ত। বিষণ্ণ। ... ষ্য. **-তা, অবসাদ।**

**অবসর** — অবকাশ, ফুরসত। ছুটি; কর্ম বা চাকরির অবসান, ('-গ্রহণ')। সুযোগ। অবচ্ছেদ, ফাঁক।

**অবসর্প** — গুপ্তচর।

**অবসাদ** — অবসন্নতা, শ্রান্তি। বিষণ্ণ ভাব।

**অবসান** — শেষ, অন্ত। মৃত্যু।

**অবসায়** — সায়, শেষ, সমাপ্তি।

**অবসিত** — অবসানপ্রাপ্ত। অতিক্রান্ত।

**অবসৃত** — অবসরপ্রাপ্ত।

**অবস্কন্দ** — সেনা-শিবির, স্কন্ধাবার।

**অবস্কর** — আবর্জনা, জঞ্জাল। বিষ্ঠা, মল। আঁস্তাকুড়।

**অবস্তু** — অসার পদার্থ। যাহার সত্তা নাই।

**অবস্থা** — দশা, রকম, প্রকার, গতিক, হাল ('সাংসারিক, রোগীর, মানসিক, চাকরির, গ্রামের—')। প্রতিষ্ঠা, সংগতি, ধন ('অবস্থাপন্ন')। স্থিতি, অবস্থান। ... **অবস্থান্তর** — অন্য অবস্থা।

**অবস্থান** — স্থিতি ('-করা')। বাস। বাসস্থান। site, location.

**অবস্থাপন** — স্থাপিত করণ, সন্নিবেশ, সংস্থাপন। ... ণ. **অবস্থাপিত।**

**অবস্থায়ী** (-য়িন্) — যে অবস্থান করে।

**অবস্থিত** — স্থিত। আশ্রিত। নিবিষ্ট ('-চিত্ত')। ... **অবস্থিতি** — অবস্থান।

**অবহার** — যুদ্ধবিরতি।

**অবহাস** — পরিহাস, উপহাস।

**অবহি, অবহু** (ব্রজবুলি) — এখন, এখনও।

**অবহিত** — মনোযোগী, নিবিষ্ট। সতর্ক। জ্ঞাত, বিদিত।

**অবহিত্থা** — ছলে কৌশলে মনোভাবের দৈহিক অভিব্যক্তি-গোপন।

**অবহেলা, -হেলন** — উপেক্ষা, অযত্ন, অনাদর, অবজ্ঞা, অমনোযোগ। অনায়াস, অবলীলা। ... ণ. **অবহেলিত।**

**অবাক্১** (অবাচ্) — বাক্যহীন, মূক। (বাং) বিস্ময়ের জন্য নির্বাক্।

**অবাক্২** (অবাচ্) — অবনত, নিম্ন। দক্ষিণ। ... **অবাঙ্মুখ** — অধোবদন।

**অবাচিকা** — দক্ষিণমেরু।

**অবাচী** — (স্ত্রী.) দক্ষিণ দিক্। ... ণ. **অবাচীন।**

**অবাচ্য** — অকথ্য।

**অবাঙালী**] — প্রধানতঃ বাঙালী ছাড়া ভারতবর্ষের অন্য জাতি।

**অবাধ** — বাধাহীন, অপ্রতিবন্ধ, অবারিত ...('অবাধে')। ... **অবাধ বাণিজ্য** — বিভিন্ন দেশের মধ্যে অবারিত বাণিজ্য, free trade.

**অবাধ্য** — (বাং) অবশীভূত। (সং) অনিবার্য। ... ষ্য. -তা।

**অবান্তর** — মুখ্য বিষয়ের বহির্ভূত। অপ্রধান। অন্তঃপাতী, প্রধানের অন্তর্গত।

**অবাপ্ত** — প্রাপ্ত।

**অবারিত** — অবাধ, মুক্ত।

**অবার্য** — অনিবার্য, দুর্বার।

**অবাস্তব** — যাহার সত্তা নাই, অসত্য, অমূলক।

**অবি** — মেষ। মেষলোম জাত আস্তরণ। ছাগ।

**অবিকল** — অবিকৃত, সম্পূর্ণ, পূর্ণাঙ্গ। যথাযথ।

**অবিকল্প** — নিঃশয়িত। অপরিবর্তিত। যাহার বদলে অন্য কিছু চলে না।

**অবিকার, অবিকারী** (-রিন্) — বিকার-রহিত, অপরিবর্তী। নির্বিকার, রাগ-দ্বেষশূন্য। ... **অবিকার, অবিকৃতি** — বিকার-রাহিত্য। ... **অবিকার্য** — যাহাকে বিকৃত বা পরিবর্তিত করা যায় না। ... **অবিকৃত** — অপরিবর্তিত, যথাযথ। যাহা পচে নাই। বিশুদ্ধ।

**অবিচল, অবিচলিত** — স্থির, দৃঢ়, অচঞ্চল।

**অবিচার** — অন্যায় বিচার, বিচারের অভাব। অবিবেচনা।

**অবিচ্ছিন্ন** — অবিরাম। অখণ্ডিত। যাহাতে ফাঁক নাই। ... ষ্য. **অবিচ্ছেদ।**

**অবিজ্ঞাত** — যাহা জানা যায় নাই। যে জানে নাই।

**অবিজ্ঞেয়** — যাহা জানা যায় না।

**অবিতথ** — যথাযথ, অভ্রান্ত।

**অবিদিত** — অজ্ঞাত, অজানা।

**অবিদ্যমান** — অবর্তমান, অনুপস্থিত। ... ষ্য. **-তা।**

**অবিদ্যা** — (দর্শনে) মায়া, প্রকৃতি, অজ্ঞান। (বাং) বেশ্যা, রক্ষিতা।

**অবিধবা** — সধবা।

**অবিধি** — কুবিধি, অনিয়ম। শাস্ত্রবিরুদ্ধ বিধি। (§ অবৈধ)। ... **অবিধেয়** — বিধিবিরুদ্ধ, অনুচিত।

**অবিনয়** — ঔদ্ধত্য, ধৃষ্টতা, অশিষ্টাচরণ। ... **অবিনয়ী** (-য়িন্) — উদ্ধত, ধৃষ্ট, অশিষ্ট।

**অবিনশ্বর, অবিনাশী** (-শিন্) — অমর, অক্ষয়, শাশ্বত।

**অবিনীত** — অবিনয়ী, দুর্বিনীত।

**অবিন্ধন** — অপ্ (জল) ইন্ধন যাহার (যে অগ্নির) — বাড়বানল, বজ্রানল।

**অবিন্যস্ত** — বিশৃংখলভাবে বিক্ষিপ্ত, অগোছালো।

**অবিবেক, অবিবেকী** (-কিন) — বিবেক-হীন। ... **অবিবেক, -বেকতা, -বেকিতা** — বিবেকহীনতা, অবিবেচনা।

**অবিভক্ত** — অখণ্ড।

**অবিভাজ্য** — যাহা ভাগ করা যায় না বা ভাগ করা অনুচিত।

**অবিমিশ্র** — ভেজাল-শূন্য, বিশুদ্ধ।

**অবিমৃশ্য** — অসন্দিগ্ধ, অবিবেচক। ... **অবিমৃশ্যকারী** (-রিন্) — যে সম্যক্ বিবেচনা না করিয়া কাজ করে, হঠকারী, গোঁয়ার। ... ষ্য. **-কারিতা।**

**অবিরত** — অনবরত, নিরন্তর, একটানা। ... **অবিরতি** — বিরামের অভাব, না থামা।

**অবিরল** — অবিরত। যাহাতে ফাঁক নাই, নিবিড়, ঘন।

**অবিরাম** — অবিশ্রান্ত, নিরন্তর। যাহা থামে না।

**অবিরোধ** — সমন্বয়, ঐকমত্য। অবিবাদ। ... ণ. **অবিরোধী** (-ধিন্), **অবিরুদ্ধ।**

**অবিলম্ব** — ত্বরা ('অবিলম্বে' — শীঘ্র, দেরি না করিয়া)। ... **অবিলম্বিত** — ত্বরিত, শীঘ্র ঘটিত।

**অবিশেষ** — ষ্য. অভেদ। ণ. অভিন্ন, নির্বিশেষ।

**অবিশ্বস্ত**—যাহাকে বিশ্বাস করা যায় না।

**অবিশ্রান্ত, অবিশ্রাম** — অবিরাম। অশ্রান্ত।

**অবিশ্বাস** — বিশ্বাসের অভাব, অপ্রত্যয়, না মানা ('—করা')। ... **অবিশ্বাসী** (-সিন্) — যাহাকে বিশ্বাস করা যায় না। যে বিশ্বাস করে না। ... **অবিশ্বাস্য** — বিশ্বাসের অযোগ্য।

**অবিষহ্য** — দুর্বিষহ, অসহ্য।

**অবিসংবাদ** — অবিরোধ। ... **অবিসংবাদিত** —যাহাতে বিরোধ বা মতভেদ নাই। ... **অবিসংবাদী** (-দিন্) — অবিরোধী। ... ষ্য. **-বাদিতা, -বাদিত্ব**।

**অবিহিত** — বিধিবিরুদ্ধ, অবৈধ, নিষিদ্ধ।

**অবীক্ষিত** — অপরীক্ষিত।

**অবীচি** — নরক বিঃ।

**অবীজক** — বীজশূন্য।

**অবীরা** — (মূঃ বীরশূন্যা) পতিপুত্রাদি-অভিভাবকহীনা, অনাথা, অসহায়া।

**অবুঝ** ] যাহাকে বোঝানো যায় না, অবোধ, নির্বোধ। ... **অবুঝা / অবোঝা** ] না বোঝা, অজ্ঞতা।

**অবুধ** ] > অবোধ। সং—অপণ্ডিত।

**অবেক্ষক** — পর্যবেক্ষক।

**অবেক্ষণ, অবেক্ষা** — পর্যবেক্ষণ, পরিদর্শন। প্রতীক্ষা। পর্যালোচনা, বিচার। মনোযোগ। ... ণ. **অবেক্ষিত**। ... **অবেক্ষণীয়** — দর্শনীয়। ... **অবেক্ষমাণ** — যে দেখিতেছে। ... স্ত্রী. **-ণা**। ... **অবেক্ষ্যমাণ** — যাহাকে দেখা যাইতেছে। ... স্ত্রী. **-ণা**। ... **অবেক্ষাধীন** — পরীক্ষাধীন, বিবেচনাধীন।

**অবেদ্য** — অজ্ঞেয়।

**অবেলা** — অসময়। দিনশেষ।

**অবৈতনিক** — যে বিনা বেতনে কর্ম করে। যাহাতে বেতন লওয়া হয় না ('— পাঠশালা')

**অবৈদিক** — যাহা বেদসম্মত নয়।

**অবৈধ** — নীতি- বা আইন-বিরুদ্ধ, অনুচিত।

**অবোধ** — অবুঝ, নির্বোধ। যাহার বোধ জন্মে নাই ('—শিশু')

**অবোল, অবোলা** ] মূক, যাহার বলিবার শক্তি নাই ('—প্রাণী')

**অব্জ** — পদ্ম।

**অব্দ** — বৎসর। বিশেষ পদ্ধতিতে গণিত বৎসর ('খ্রীষ্টাব্দ')

**অব্দ** — [ অপ্ (জল) দান করে বলিয়া ] মেঘ।

**অব্ধি** — সমুদ্র।

**অব্যক্ত** — অপ্রকাশিত, অস্ফুট। যাহা সাধারণ জ্ঞানের অতীত। অনির্দিষ্ট। (দর্শনে) প্রকৃতি; ব্রহ্ম।

**অব্যবসায়**—অভ্যাস বা অভিজ্ঞতার অভাব। অনধিকার। ... **অব্যবসায়ী** (-য়িন্) — অনভিজ্ঞ, যে বিশেষজ্ঞ নয়, অনধিকারী। ব্যবসায়বুদ্ধিহীন।

**অব্যবস্থ, অব্যবস্থিত** — বিশৃঙ্খল, আগোছালো। অস্থির, পরিবর্তনশীল ('-চিত্ত')

**অব্যবস্থা** — বেবন্দোবস্ত, বিশৃঙ্খলা, বিধান বা নিয়মের অভাব।

**অব্যবহার্য** — ব্যবহারের অযোগ্য।

**অব্যবহিত** — ব্যবধানহীন, সংলগ্ন ('-পূর্বে')

**অব্যভিচার** — অচ্যুতি। একনিষ্ঠতা। স্থিরতা। ... **অব্যভিচারী** (-রিন্) — একনিষ্ঠ। সাধনা হইতে অবিচলিত।

**অব্যয়** — অক্ষয়, অপরিবর্তী, অবিনাশী। ব্রহ্ম। (ব্যাকরণে) যে শব্দের রূপান্তর হয় না।

**অব্যয়ীভাব** — (ব্যাকরণে) সমাস বিঃ, অব্যয়ের সহিত বিশেষ্যের যোগ (যথা — 'অনুরূপ, যথার্থ')। অব্যয়ের ভাব, অক্ষয়ত্ব ইঃ।

**অব্যর্থ** — অমোঘ, যাহার ফল নিশ্চিত ('—ঔষধ')

**অব্যাজ** — অকপট। অবিলম্ব।

**অব্যাপার** — অধিকারের বহির্ভূত বিষয়। অনভ্যাস।

**অব্যাহত** — অবাধ, অপ্রতিবন্ধ। অব্যর্থ।

**অব্যাহতি**—নিস্তার, রেহাই, মুক্তি, পরিত্রাণ।
**অব্যূঢ়** — অবিবাহিত। ... স্ত্রী. **-ঢ়া**। ... ...**অব্যূঢ়ান্ন** — আইবড়ভাত।
**অব্রহ্মণ্য** — ব্রাহ্মণ্যধর্মের বিরুদ্ধ। শাস্ত্র-নিষিদ্ধ।
**অব্রাহ্মণ** — ব্রাহ্মণেতর। হীন ব্রাহ্মণ।
**অভক্তি** — অশ্রদ্ধা, ঘৃণা।
**অভক্ষ্য** — অখাদ্য। নিষিদ্ধ খাদ্য।
**অভদ্র** — অশিষ্ট, অসভ্য, নিন্দার্হ। ইতর, ছোটলোক। অশিক্ষিত, নিম্নজাতি। ... ষ্য. **-তা**।
**অভব্য** — অসাধু। (বাং) অসভ্য, অশিষ্ট। ... ষ্য. **-তা**।
**অভয়** — ষ্য. ভয়শূন্যতা। আশ্বাস, সাহস ('-দান')। মুদ্রা বিঃ ('বরাভয়')। ণ. নির্ভীক। ... স্ত্রী. **অভয়া**।—দুর্গা।
**অভাগা**] ভাগ্যহীন, হতভাগ্য। ... স্ত্রী. **অভাগী**, **-গিনী**]
**অভাগ্য** — ষ্য. দুরদৃষ্ট। ণ. ভাগ্যহীন।
**অভাজন** — অপাত্র, অযোগ্য। হীন।
**অভাব** — না থাকা, অবিদ্যমানতা। অনটন, টানাটানি, অর্থকষ্ট। ... **অভাবগ্রস্ত** — দুঃস্থ।
**অভাবনীয়**, **অভাব্য** — যাহা ভাবা যায় না, অচিন্তনীয়। অঘটনীয়।
**অভাবিত**—যাহা ভাবা হয় নাই, অচিন্তিত।
**অভি** — সমন্তাৎ আভিমুখ্য অভিলাষ বীপ্সা চিহ্ন নিকট সাদৃশ্য উৎকর্ষ ইঃ সূচক উপসর্গ।
**অভিকর্ষ** — (বিজ্ঞানে) ভূকেন্দ্রের অভিমুখে জড় পদার্থের আকর্ষণ, gravity. (পুঃ মাধ্যাকর্ষণ। মহাকর্ষ দেখ)
**অভিকেন্দ্র**—কেন্দ্রাভিগ (দেখ), Centripetal.
**অভিক্রম** — অভিযান। স্থানচ্যুতি।
**অভিক্ষেপ** — পরাভব।
**অভিখ্যা** — অভিধা। উপাধি। আখ্যা।
**অভিগমন**, **অভিগম** — অভিমুখে গমন, প্রত্যুদ্‌গমন। প্রাপ্তি। আশ্রয়। ... ণ. **অভিগত**।
**অভিগ্রস্ত** — যাহা গ্রাস করা হইয়াছে, কবলিত, আক্রান্ত।
ইষ্ট সাধনের জন্য তন্ত্রোক্ত প্রক্রিয়া
**অভিগ্রহ** — অভিযান, আক্রমণ।
**অভিগ্রহণ** — লুণ্ঠন। যুদ্ধদ্বারা দখল।
**অভিঘাত** — গুরু আঘাত। বধ। ... **অভিঘাতী** (-তিন্) — অভিঘাতকারী। (তুকতাক জাতীয়)। ... **অভিচারী**
**অভিচার** — অন্যের অনিষ্ট বা নিজের ইষ্টসাধনের জন্য প্রক্রিয়া (-রিন্) — অভিচারকারী।
**অভিজন** — উচ্চ বংশ, আভিজাত্য। বংশ।
**অভিজাত** — উচ্চবংশীয়। কুলীন। জ্ঞানী। ভদ্রোচিত। (§ আভিজাতিক, আভিজাত্য)। ... **অভিজাততন্ত্র** — উচ্চবংশীয়গণ কর্তৃক রাজ্যশাসন, aristrocracy.
**অভিজিৎ** — নক্ষত্র বিঃ, Vega.
**অভিজ্ঞ** — বিশেষজ্ঞ। বহুদর্শী। জ্ঞানী। যে পূর্বে কোনও বিষয়ে জ্ঞান লাভ করিয়াছে। ... স্ত্রী. **অভিজ্ঞা**। ... **অভিজ্ঞতা**—চর্চা বা বহুদর্শিতা দ্বারা লব্ধ জ্ঞান। পূর্বলব্ধ জ্ঞান। ... **অভিজ্ঞা** — স্মৃতি, প্রত্যভিজ্ঞা। ... **অভিজ্ঞাপত্র** — পরিচয়পত্র।
**অভিজ্ঞাত** — জ্ঞাত। নিদর্শন দ্বারা পরিচিত। চর্চা বা বহুদর্শিতা দ্বারা লব্ধ।
**অভিজ্ঞান** — স্মারক, নিদর্শন. পরিচায়ক বস্তু, চিহ্ন। ... **অভিজ্ঞানলিপি** — আত্মপরিচয়জ্ঞাপক লিখন।
**অভিধা** — নাম, সংজ্ঞা, উপাধি। শব্দের অর্থবোধক শক্তি। (§ অভিহিত)
**অভিধান** — শব্দকোষ। (§ আভিধানিক)

**অভিধেয়** — ণ. নামধারী, বাচ্য। বোধক। ষ্য. অভিধা, নাম।

**অভিনন্দন** — প্রশংসাদ্বারা সম্মান। ... **অভিনন্দনপত্র** — সম্মান ও প্রশংসা জানাইবার জন্য উপহাররূপে প্রদত্ত পত্র। ... **অভিনন্দিত** — প্রশংসাদ্বারা সম্মানিত। সানন্দে আদৃত।

**অভিনব** — নূতন, অপূর্ব।

**অভিনয়** — নাট্যপ্রদর্শন। নাটকের কোনও ভূমিকা গ্রহণ করিয়া নাট্যকলা প্রকাশ। অনুকরণ। কৃত্রিম ভাব প্রকাশ, ভান। ... ণ. **অভিনীত**। ... **অভিনেতা** (-তৃ) — অভিনয়কারী। ... স্ত্রী. **অভিনেত্রী**। ... **অভিনেয়** — অভিনয়ের বিষয়ীভূত। অভিনয়যোগ্য।

**অভিনিবেশ** — প্রণিধান, মনোযোগ, একাগ্রতা। ... ণ. **অভিনিবিষ্ট**।

**অভিন্ন** — ভেদরহিত, সমান। অচ্ছিন্ন, যুক্ত। ... **অভিন্নহৃদয়** — সমপ্রাণ, এক মনোভাবে আবিষ্ট।

**অভিপন্ন** — বিপন্ন। আশ্রিত।

**অভিপ্রয়াণ**—বিদেশযাত্রা, দেশান্তরে গমন।

**অভিপ্রায়**—ইচ্ছা, অভিলাষ। উদ্দেশ্য, মতলব। অর্থ। ... **অভিপ্রেত**—অভীষ্ট। বাঞ্ছিত। উদ্দিষ্ট, লক্ষ্য।

**অভিবাদক** — অভিবাদনকারী, নমস্কর্তা।

**অভিবাদন**—নমস্কার, বন্দনা। অভ্যর্হণা, অভিনন্দন। ... **অভিবাদ্য**—অভিবাদন-যোগ্য।

**অভিবাসন**—দেশান্তরে বসতিস্থাপন।

**অভিবিধি**—সীমা যাহাতে অন্তর্ভুক্ত। — সংপূর্ণ অভিব্যাপ্তি (ব্যাকরণে)।

**অভিব্যক্তি** — ক্রমবিকাশ, পূর্বতন জাতির ক্রমিক পরিবর্তনের ফলে নব জাতির উৎপত্তি, evolution ('বাদ')। প্রকাশ, বিকাশ। ... ণ. **অভিব্যক্ত**।

**অভিব্যঞ্জনা** — অভিব্যক্তি।

**অভিব্যাপ্ত**—পরিব্যাপ্ত, সম্যক্ বিস্তৃত। ... ষ্য. **অভিব্যাপ্তি**।

**অভিভব, -ভাব, -ভূতি** — পরাভব। ভাবাবেশ, বিহ্বলতা।

**অভিভাবক**—নাবালক বা দুর্বলের রক্ষক। তত্ত্বাবধায়ক। ... স্ত্রী. **অভিভাবিকা**।

**অভিভাষণ** — সভাস্থ জনমণ্ডলীকে সম্ভাষণ। বক্তৃতা।

**অভিভূত** — আক্রান্ত, পরাভূত। ভাবাবিষ্ট। বিহ্বল।

**অভিমত** — ণ. অনুমোদিত। মনোনীত। অভীষ্ট। ষ্য. মত। অভিপ্রায়, উদ্দেশ্য।

**অভিমন্ত্রণ** — আমন্ত্রণ, আবাহন। মন্ত্র-সংস্কার।

**অভিমন্থ** — চক্ষুরোগ বিঃ। Opthalmia.

**অভিমন্যু** — অর্জুন-সুভদ্রার পুত্র, উত্তরার স্বামী, পরীক্ষিতের পিতা।

**অভিমান**—প্রিয়জনের ত্রুটির জন্য ক্ষোভ। মান, আত্মমর্যাদাবোধ। গর্ব, অহংকার। ... **অভিমানী** (-নিন্) — প্রিয়জনের ত্রুটির জন্য ক্ষুব্ধ। যাহার আত্মমর্যাদায় অল্পে ঘা লাগে। গর্বিত, অহংকারী। ... স্ত্রী. **-মানিনী**।

**অভিমুখ, -মুখী** (-খিন্) — সম্মুখ, সম্মুখীন, উদ্দেশ্যে গমনোদ্যত ('গৃহাভিমুখ, -মুখী')। ... স্ত্রী. **-মুখী, -মুখিনী**। ... **অভিমুখ**—(বাং) উদ্দেশ, দিক্ ('গৃহাভিমুখে')। (§ আভি-মুখ্য)। ... **অভিমুখীন**—সম্মুখবর্তী।

**অভিযাচিত** — প্রার্থিত।

**অভিযান** — যুদ্ধযাত্রা দেশাবিষ্কার ইঃর জন্য সদলবলে গমন, expedition.

**অভিযাত্রী** — দুঃসাহসিক আবিষ্কার বা অভিজ্ঞতা লাভের জন্য অগ্রগামী।

**অভিযুক্ত** — যাহার উপর দোষারোপ হইয়াছে, আসামী, প্রতিবাদী।

**অভিযোক্তা** (-ক্তৃ) — দোষারোপকারী, বাদী, ফরিয়াদী।

**অভিযোগ** — দোষারোপ, নালিশ।

**অভিযোজন** — উদ্দেশ্য সাধনের উপযোগী করণ, adaptation. ... ণ. **অভিযোজিত**। ... **অভিযোজ্য** — যাহাকে ঐরূপ উপযোগী করা যাইতে পারে।... ষ্য. **অভিযোজ্যতা**।

**অভিরত** — অত্যাসক্ত। ... ষ্য. **অভিরতি**।

**অভিরাম** — তৃপ্তিদায়ক, রমণীয়, সুন্দর ('নয়নাভিরাম')

**অভিরুচি** — অভিলাষ, প্রবৃত্তি, প্রিয় বিষয়।

**অভিরূপ** — অনুরূপ। মনোহর। পণ্ডিত।

**অভিলাষ** — ইচ্ছা, বাঞ্ছা, স্পৃহা। ... ণ. **অভিলষিত**। ... **অভিলষণীয়** — অভিলাষের যোগ্য, স্পৃহণীয়। ... **অভিলাষী** (-ষিন্) — ইচ্ছুক।

**অভিশংকা** — আশংকা। সংশয়।

**অভিশপ্ত** — অভিশাপগ্রস্ত।

**অভিশস্ত** — সমাজে নিন্দিত।

**অভিশাপ** — অন্যের অনিষ্ট কামনা করিয়া উক্তি, অভিসম্পাত, শাপ।

**অভিশ্রুতি** — উচ্চারণে পূর্বস্বরের উপর ই ও উ স্বরের প্রভাবের ফলে পূর্বস্বরের পরিবর্তন।

**অভিষংগ**—আলিংগন। আবেশ। আসক্তি।

**অভিষব, -ষবণ** — মদ চুঁয়ানো।

**অভিষেক** — রাজপদাদিতে প্রতিষ্ঠিত হইবার নিমিত্ত স্নানাদি অনুষ্ঠান। **স্নান**। ভিজানো। ... ণ. **অভিষিক্ত**।

**অভিষ্যন্দ** (অভিস্যন্দ দেখ)

**অভিসন্তাপ** — মনস্তাপ, অত্যন্ত দঃুখ।

**অভিসন্ধান** — অভিসন্ধি।

**অভিসন্ধি** — গুপ্ত অভিপ্রায়, মতলব।

**অভিসম্পাত** — অভিশাপ (দেখ)

**অভিসরণ** — অনুগমন। অভিসার।

**অভিসার** — নায়ক নায়িকার সংকেতস্থানে গমন। ... **অভিসারিকা, -সারিণী** — যে নায়িকা নায়কের সংগে মিলনের জন্য সংকেতস্থানে যায়। ... পুং. **অভিসারক, অভিসারী** (-রিন্)

**অভিস্যন্দ, -ষ্যন্দ** — ক্ষরণ। জলের প্রবাহ।

**অভিহত** — আহত। তাড়িত। পরাজিত।

**অভিহিত** — নামযুক্ত, সংজ্ঞিত। উক্ত, কথিত।

**অভী** — ভয়হীন।

**অভীক** — নির্ভীক।

**অভীপ্সা** — পাইবার বাসনা।

**অভীপ্সিত** — অভীষ্ট, বাঞ্ছিত।

**অভীপ্সু** — ইচ্ছুক।

**অভীষ্ট** — বাঞ্ছিত। প্রিয়। ... **অভীষ্টফল** — যে ফলের আকাঙ্ক্ষা করা হয়। ... **অভীষ্টসিদ্ধি**—উদ্দেশ্যসিদ্ধি, অভিলাষ পূরণ।

**অভুক্ত** — যাহা খাওয়া হয় নাই, অভক্ষিত। যাহা ভোগ করা হয় নাই। যে খায় নাই, অনাহারী।

**অভুগ্ন** — সরল, অবক্র।

**অভূত** — যাহা হয় নাই বা জন্মে নাই। অবিদ্যমান। যাহা গত হয় নাই, অনতীত। ... **অভূতপূর্ব**—যাহা পূর্বে ঘটে নাই।

**অভেদ** — ষ্য. ঐক্য, অপার্থক্য। ণ. অভিন্ন, ভেদরহিত।...**অভেদ্য**—ভেদের অযোগ্য। যাহা ভেদ করা অসাধ্য।

**অভোগ্য** — ভোগের অযোগ্য।

**অভোগ্যা** — অগম্যা।

**অভোজ্য** — অখাদ্য।

**অভ্যংগ, অভ্যঞ্জন** — তৈলাদিদ্বারা অংগ মর্দন, আভাং।

**অভ্যগ্র** — আসন্ন। নূতন।

**অভ্যন্তর** — ভিতর, মধ্য। (§ আভ্যন্তর, -রিক, অভ্যন্তরীণ।)

**অভ্যর্থনা** — (বাং) অভ্যর্হনা, সংবর্ধনা, অভ্যাগত ব্যক্তিকে সসম্মানে গ্রহণ। (সং) প্রার্থনা। ... ণ. **অভ্যর্থিত।**

**অভ্যর্হণা** — সংবর্ধনা, সম্মাননা। ... ণ. **অভ্যর্হিত।**

**অভ্যসন** — অনুশীলন।

**অভ্যস্ত** — অভ্যাসদ্বারা আয়ত্ত বা সুপরিচিত। পুনঃপুনঃ কৃত।

**অভ্যাগত** — অতিথি, গৃহাগত। নিমন্ত্রিত।

**অভ্যাগম, -গমন** — অভিমুখে গমন। উপস্থিত। প্রাপ্তি।

**অভ্যাস**—নিত্য আচরণের ফলে প্রাপ্ত স্বভাব ('মিথ্যা বলার, তামাক খাওয়ার—')। শিক্ষা, আবৃত্তি, বার বার পাঠ ('সাঁতার — করা। বিদ্যাভ্যাস')। অভিজ্ঞতা, সুপরিচয় ('বিপদে পড়া — আছে')। ...

**অভ্যাসী** (-সিন্) — **অভ্যাসকারী।**

**অভ্যাহার** — বলপূর্বক হরণ।

**অভ্যুক্ষণ** — ভূমিতে জল সেচন।

**অভ্যুত্থান** — উন্নতি, সমৃদ্ধি। উত্থান, উদয়। প্রত্যুত্থান। বিদ্রোহ। ... ণ. **অভ্যুত্থিত।** ...... **অভ্যুত্থায়ী** (-য়িন্) — অভ্যুত্থানকারী।

**অভ্যুদয়** — সমুত্থান, সমৃদ্ধি, শ্রীবৃদ্ধি। মংগল। উৎসব। (§ আভ্যুদয়িক)। ... ণ. **অভ্যুদিত।**

**অভ্যুদাহরণ** — প্রতিকূল উদাহরণ।

**অভ্যুদিত** — সূর্যের উদয়ের পরেও যে শয্যাত্যাগ করে না। শ্রীবৃদ্ধিপ্রাপ্ত।

**অভ্যুপগত** — নিকটে সমাগত। প্রতিশ্রুত।

**অভ্যুপায়ন** — ভেট, উপহার ইঃ।

**অভ্যুপেত** — অংগীকৃত। অধিগত।

**অভ্র**—স্বচ্ছ নমনীয় স্তরময় খনিজ বস্তু বিঃ, mica. মেঘ। আকাশ। ... **অভ্রংলিহ** — গগনস্পর্শী। ... **অভ্রভেদী** (-দিন্)—মেঘলোকভেদকারী, অত্যুচ্চ। ... **অভ্রংকষ** — মেঘমালাচ্ছেদী। উত্তুংগ। ... **অভ্রপুষ্প** — বৃষ্টি। আকাশকুসুম। ... **অভ্রমাতংগ** — ঐরাবত।

**অভ্রক** — অভ্রধাতু। আভ।

**অভ্রাতৃক** — যাহার ভ্রাতা নাই।

**অভ্রান্ত** — যাহাতে ভুল নাই। যে ভুল করে নাই।

**অমংগল** — অশুভ, বিপদ্। ... **অমংগল্য**— অমংগলজনক।

**অমত** — অসম্মতি।

**অমৎসর** — দ্বেষশূন্য।

**অমন** ] ঐ প্রকার। ... **অমনই** ] ঠিক ঐ প্রকার। ... **অমনি, অম্নি** ] ঐ প্রকার ('ঠিক — কর')। অকারণে, শুধু শুধু ('— চটে ওঠে')। রিক্ত ('টাকা না নিয়ে — যেয়ো না')। অনাচ্ছাদিত, খালি, আদুড় ('—গায়ে')। শুধু, কেবল ('—ভাত খায়')। বিনামূল্যে ('—পেয়েছি') বিনা আয়াসে ('টাকা—আসে না')। অনির্দিষ্ট, ভালও নয় মন্দও নয় ('—এক রকম')। তখনই ('যেমন এল—গেল')

**অমনোযোগ** — মনোযোগের অভাব, অনবধানতা। ... **অমনোযোগী** (-গিন্) —যে মন দেয় না।

**অমন্ত্রক** — যে মন্ত্র গ্রহণ করে নাই।

**অমন্থর** — সত্বর, ক্ষিপ্র, তৎপর।

**অমর** — মৃত্যুহীন, চিরজীবী। দেবতা। চিরস্মরণীয় ('-কীর্তি, -কবি')। ... স্ত্রী. **-রী।** ... ষ্য. **অমরতা, -ত্ব।** ... **অমরা, অমরাবতী**—ইন্দ্রপুরী। ... **অমরা**—ফুল (দেখ), placenta. . **অমরেশ**—ইন্দ্র।

**অমরকোষ** — অমর সিংহ রচিত সংস্কৃত অভিধান। .. **অমরুশতক** — অমরু কবি প্রণীত একশত আদিরসাত্মক শ্লোকে রচিত সংস্কৃত কাব্য।

**অমর্ত্য** — ব্য. অমর। দেবতা। **ণ** — স্বর্গীয়।

**অমর্যাদ** — মর্যাদাহীন। সীমালঙ্ঘনকারী।

**অমর্যাদা** — অনাদর, অপমান।

**অমর্ষ, অমর্ষণ** — ষ্য. অক্ষমা, অসহিষ্ণুতা। ণ. ক্ষমাশূন্য, ক্রোধী। ... **অমর্ষিত, অমর্ষী** (র্ষিন্) — ক্রোধান্বিত।

**অমল**—নির্মল, অনাবিল।...স্ত্রী. **অমলা**।

**অমলক** — আমলকী।

**অমা, অমাবস্যা, -বাস্যা** — কৃষ্ণপক্ষের শেষ তিথি যখন চন্দ্রকলা অদৃশ্য হয়। ... **অমানিশা—অমানিশি**] অমাবস্যা রাত্রি।

**অমাতৃক** — মাতৃহীন।

**অমাত্য** — মন্ত্রী। ... **অমাত্যতন্ত্র**—অমাত্যগণের দ্বারা পরিচালিত শাসন ব্যবস্থা।

**অমাননা** — পালন বা সম্মান না করা।

**অমানব** — অমানুষ।

**অমানী** (-নিন্)—নিরহংকার, আত্মশ্লাঘাশূন্য। ... ষ্য. **-নিতা, -নিত্ব**।

**অমানুষ**—মনুষ্যত্বহীন। পশুতুল্য, অতিদুষ্টস্বভাব। মনুষ্যাতীত, অলৌকিক, অতিমানুষ। ... **অমানুষিক**—মানুষের অতীত ('—মেধা, করুণা, বীরত্ব')। মনুষ্যস্বভাবের বিরুদ্ধ ('—অত্যাচার')

**অমান্য** — যাহা মানা যায় না ('এই যুক্তি—')। অশ্রদ্ধেয়। (বাং) অমাননা, লঙ্ঘন ('গুরুজনকে — করা। আইন—')

**অমায়িক**—অকপট, সরল। স্নেহশীল, ভদ্র, নিরহংকার। ... ষ্য. **-তা**।

**অমার্জিত** — যাহার সংস্কার, পারিপাট্য ও পরিচ্ছন্নতা সাধন করা হয় নাই। Crude, unrefined.

**অমিত** — অপরিমিত, অসীম ('-তেজা, -বল')।... **অমিতব্যয়**—বেহিসাবী খরচ। ... **অমিতব্যয়ী** (-য়িন্)—যে তাহা করে। ... **অমিতাচার** — ভোগবিলাসে অসংযম; অযথা আচরণ ('অমিতাচারী') ... **অমিতাহার** — অধ্যশন, অতিভোজন।

**অমিতাভ** — (মুঃ অসীম তেজোময়) বুদ্ধদেব।

**অমিত্র** — শত্রু।

**অমিত্রাক্ষর, অমিতাক্ষর** — যাহাতে অন্ত্য অক্ষরের মিল থাকে না ('—ছন্দ')

**অমিয়**] <অমৃত (প্রায় পদ্যে)। ... স্ত্রী. **অমিয়া**]

**অমিশ্র, অমিশ্রিত** — ভেজালহীন, বিশুদ্ধ, খাঁটী। পৃথক্।

**অমুক** — অজ্ঞাতনামা, অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু।

**অমুত্র** — পরলোকে, পরত্র।

**অমূর্ত** — মূর্তিহীন, নিরাকার।

**অমূল** — মূলহীন, ভিত্তিহীন, মিথ্যা। ... **অমূলক** — মিথ্যা, কাল্পনিক।

অমূল্য — যাহার মূল্যের সীমা নাই, যাহা মূল্যের পরিবর্তে পাওয়া যায় না।

**অমৃত** — সুধা, পীযূষ, দেবতার পানীয়। যাহা পান করিলে মৃত্যু হয় না। অমৃততুল্য উপভোগ্য বা হিতকর বস্তু। অমর, দেবতা ('অমৃতের পুত্র')। অমরতা। অমরলোক। মোক্ষ। ... **অমৃতাংশু** — চন্দ্র। ... **অমৃতনালিকা** — একপ্রকার জিলিপি। ... **অমৃতযোগ**—শুভযাত্রাদির পক্ষে বার, তিথি ও নক্ষত্রের প্রশস্ত যোগ। ... **অমৃতসর** (সরোবর)—পঞ্জাবে শিখদের মহাতীর্থ।

**অমৃতায়মান** অমৃতের মত মাধুর্যে পরিণত।

**অমৃতি** ] দাল হইতে প্রস্তুত কুণ্ডলীর মত মিষ্টান্ন বিঃ।

**অমেধ্য** — অপবিত্র। অযজ্ঞীয়।

**অমেয়** — অপরিমেয়।

**অমোঘ**—অব্যর্থ। সার্থক।... ষ্য. **-তা, -ত্ব**।

**অম্বর** — আকাশ। বস্ত্র। গন্ধদ্রব্য বিঃ, ambergris (সমুদ্রে প্রাপ্য; তিমির অন্ত্রজাত)।...**অম্বরী, অম্বুরী** ] অম্বর-দ্বারা সুবাসিত ('—তামাক')

**অম্বরীষ** — সূর্যবংশীয় রাজা বিঃ।

**অম্বল** ] < অম্ল, টক, অম্লব্যঞ্জন। অম্ল-রোগ।

**অম্বষ্ঠ**—জাতি বিঃ। বৈদ্য (অনেকের মতে নয়)

**অম্বা** — মাতা। দুর্গা। মহাভারতে— কাশীরাজের প্রথমা কন্যা।... **অম্বালিকা** — দুর্গা। কাশীরাজের তৃতীয়া কন্যা, পাণ্ডুর মাতা। ... **অম্বিকা** — দুর্গা। কাশীরাজের দ্বিতীয়া কন্যা, ধৃতরাষ্ট্রের মাতা।

**অম্বু** — জল। ... **অম্বুজ** — জলজ। পদ্ম। ... **অম্বুজা** — পদ্মিনী। লক্ষ্মী। ... **অম্বুদ** — মেঘ। ... **অম্বুধি, -নিধি** — সমুদ্র।... **অম্বুবাচী, -চি**—আষাঢ় মাসে মিথুন রাশির সূর্য যখন আর্দ্রা নক্ষত্রের প্রথম পাদ ভোগ করে (প্রবাদ—পৃথিবী তখন রজঃস্বলা)

**অম্ভঃ** (-ম্ভস্) — জল। ... **অম্ভোজ** — জলজ। পদ্ম। চন্দ্র। শঙ্খ।... **অম্ভোজা** —লক্ষ্মী। ... **অম্ভোজিনী**—পদ্মিনী।... অম্ভোদ—মেঘ।...**অম্ভোধি, অম্ভোনিধি** — সমুদ্র।

**অম্র, অম্রাত, অম্রাতক** (আম্র, আম্রাত, -তক দেখ)

**অম্ল** — টক। টক ব্যঞ্জন, অম্বল। অম্ল-রোগ। (§ আম্ল)

**অম্লজান** (অক্সিজেন দেখ)

**অম্লান** — অমলিন। অবিষণ্ণ। অকুণ্ঠিত, দ্বিধাহীন ('বদনে মিথ্যা বলা')

**অযত্ন**—যত্নের অভাব, অবহেলা ('—করা')। ... **অযত্নকৃত** — বিনা চেষ্টায় সম্পাদিত। ... **অযত্নজাত, -সম্ভূত** — স্বভাবজ,

**অযথা** - অসত্য। অন্যায্য। মিছামিছি। — অসত্য, অবাস্তব, কৃত্রিম। অন্যায্য। ... ষ্য. **-তা**।

**অয়ন** — পথ। গতি। সাধনার মার্গ ('হীনায়ন')। শাস্ত্র। অবলম্বন। যুদ্ধ-ভূমি। (জ্যোতিষে) সূর্যের উত্তর বা দক্ষিণ দিকে গতি ('উত্তরায়ণ, দক্ষিণায়ন')। ... **অয়নাংশ** — সূর্যের ভ্রমণপথের পরিমাণ। **অয়নবৃত্ত**—রাশি-চক্র ধরিয়া সূর্যের কল্পিত গতিপথ।

**অযশ** [ <-শঃ (-শস্ ] অপযশ, অখ্যাতি, নিন্দা।... **অযশস্কর, অযশস্য**—অখ্যাতি-জনক।

**অয়স্** — লৌহ। (§ আয়স, আয়সী)।... **অয়স্কর্ষণী** (শক্তি) — চৌম্বক শক্তি magnetic power. **অয়স্কান্ত** — চুম্বক পাথর।

**অযাচনীয়, অযাচ্য** — প্রার্থনার অযোগ্য।

**অযাচিত** — অপ্রার্থিত।

**অযাজনীয়, অযাজ্য** — যে যজ্ঞের বা ব্যক্তির যাজনা অকর্তব্য। ... **অযাজ্যযাজন** — নিষিদ্ধ যজ্ঞের অনুষ্ঠান। পতিত জাতির পৌরোহিত্য। ... **অযাজ্যযাজী** (-জিন্) — যে তাহা করে।

**অযাত্রা** — অশুভ যাত্রা। যাত্রাকালীন অলক্ষণ।

**অরিত্র** — নৌকার হাল।

**অয়ি, অয়ে** — প্রীতি বা স্নেহ সূচক সম্বোধন ('— বসুন্ধরে, প্রিয়ে, কন্যে'। অয়ে বিরল)

**অযুক্ত** — সংযোগহীন, পৃথক্। যুক্তি-বিরুদ্ধ। অসংগত।... **অযুক্তি**—কুযুক্তি। অসংগতি। অনৌচিত্য। (§ অযৌক্তিক)

**অযুগ্ম** — বিজোড়, বিষম। জোড়া নয়। অযুক্ত, পৃথক্।

**অযুত** — দশসহস্র।

**অয়েল** [ই] তেল ('— করা' — যন্ত্রাদিতে তেল দেওয়া) ... **অয়েলপেপার** — মানচিত্র, নক্সা ইত্যাদির জন্য ব্যবহৃত তেলা কাগজ।

**অযোগ** — সম্বন্ধের অভাব, বিয়োগ। কুযোগ, দুর্যোগ। ... **অযোগবাহ বর্ণ** — ং ঃ।

**অযোগ্য** — অক্ষম। অনুপযুক্ত। অনুচিত। — ষ্য. **-তা**।

**অযোঘন** — লোহার হাতুড়ি, লোহা পিটাই-বার জন্য ব্যবহৃত লোহার মুগুর।

**অযোধ্য** — যাহার সহিত যুদ্ধ করা যায় না বা অনুচিত। অজেয়।

**অযোধ্যা** — প্রাচীন সূর্যবংশীয় রাজগণের রাজধানী, উত্তরপ্রদেশের নগর বিঃ।

**অযোনি** — জন্মরহিত। ... **অযোনিজ, -সম্ভব, -সম্ভূত**—যে স্ত্রীগর্ভে জন্মগ্রহণ করে নাই।

**অযৌক্তিক** — যুক্তিবিরুদ্ধ। ... ষ্য. **-তা**।

**অযৌগিক** — যাহা প্রকৃতিপ্রত্যয় যোগে ব্যুৎপন্ন নয় (শব্দ)।

**অর** — চাকার পাখি। ব্যাসার্ধ, radius.

**অরক্ষণীয়, অরক্ষ্য**—যাহাকে রাখা যায় না। ... **অরক্ষণীয়া** — যে কন্যাকে অবিবাহিত রাখা অবিধেয়।

**অরক্ষিত** — যাহা রক্ষা করা হয় নাই। অপালিত ('—নিয়ম')। অসঞ্চিত।

**অরঘট্ট**—কূপ হইতে জল তুলিবার চক্রযুক্ত যন্ত্র। কূপ।

**অরণি, -ণী** — অগ্নিমন্থনকাষ্ঠ। চকমকির পাথর।

**অরণ্য** — বন, জঙ্গল। (§ আরণ্য)। ... **অরণ্যপাল** — বনরক্ষক। **অরণ্যায়ন** — অরণ্যের সৃষ্টি, বৃক্ষহীন অঞ্চলকে বনভূমিতে পরিণতি। (নবরচিত) afforestation. **অরণ্যষষ্ঠী**—জ্যৈষ্ঠ-শুক্ল-ষষ্ঠী, জামাই-ষষ্ঠী। ... **অরণ্যে রোদন**—নিষ্ফল আবেদন। ... **অরণ্যানী,** — মহাবন।

**অরন্ধন** — যে দিনে রন্ধন নিষিদ্ধ, ভাদ্র-সংক্রান্তি। রন্ধন না করা।

**অরবিন্দ** — পদ্ম।

**অররু** — শত্রু।

**অরসজ্ঞ** — রসবোধহীন, অসমঝদার।

**অরসিক** — রসজ্ঞানহীন, বেরসিক।

**অরাজক** — রাজশক্তিবর্জিত, শাসনহীন। (বাং) রাজশক্তির অভাব, অরাজকতা।

**অরাল** — বক্র।

**অরি, অরাতি** — শত্রু। ... অরিন্দম — শত্রুদমনকারী।

**অরিত্র** — নৌকার হাল।

**অরিষ্ট** — গুড়মিশ্রিত আয়ুর্বেদীয় ঔষধ বিঃ। অমঙ্গল। দুর্লক্ষণ। ... **অরিষ্ট-লক্ষণ**—আয়ুর্বেদোক্ত আসন্ন মৃত্যুলক্ষণ।

**অরু** (ব্রজবুলি)]—আর, অন্য।

**অরুচি** — আহারে বা বস্তুবিশেষের ভোগে অপ্রবৃত্তি; বিতৃষ্ণা, অনিচ্ছা। অপ্রীতি। ... **অরুচিকর** — অপ্রীতিকর।

**অরুণ**—নবোদিত সূর্য, বালার্ক। উষা- বা সন্ধ্যা-রাগ। আরক্ত বা রক্ত বর্ণ ('-নয়ন')। সূর্যসারথি; কশ্যপ-বিনতার পুত্র। ... স্ত্রী. অরুণা। ... **অরুণিত** — রক্তিমাপ্রাপ্ত। ... **অরুণিমা** (-মন্) —

রক্তিমা, গোলাপী আভা। ... **অরুণিম**] গোলাপী। ... **অরুণোদয়** — উষাকাল, সূর্যোদয়ের পূর্ববর্তী চার দণ্ড। **অরুণোপল**—চুনী।

**অরুন্তুদ**—মর্মভেদী, অতিশয়

**অরুন্ধতী** — সপ্তর্ষিমণ্ডলের অন্ত ক্ষীণ নক্ষত্র বিঃ। বশিষ্ঠপত্নী।

**অরূপ** — নিরাকার। কুরূপ।

**অরে** — ওরে (প্রাঅপ্রঃ)

**অর্ক** — সূর্য। স্ফটিক। আকন্দগাছ। ... **অর্কপুষ্প** — আকন্দ ফুল।

**অর্কিড** (ই) — পরগাছা।

**অর্গল** — দরজার হুড়কা, খিল। প্রতিবন্ধ, অন্তরায় ('অনর্গল') ... **অর্গলিকা** — ছিটকিনি।

**অর্গ্যান** (ই) — বিলাতী বাদ্যযন্ত্র বিঃ।

**অর্ঘ**—মূল্য ('মহার্ঘ')। পূজার উপকরণ।

**অর্ঘ্য**—ষ্য. পূজার উপকরণ। মান্য ব্যক্তিকে সংবর্ধনার জন্য প্রদেয় মাল্যাদি উপহার। ণ. পূজ্য।

**অর্চক** — পূজক।

**অর্চনা, অর্চন** — পূজা, উপাসনা। ... **অর্চনীয়, অর্চ্য** — পূজনীয়, উপাস্য। ... **অর্চিত** — পূজিত। উপাসিত।

**অর্চি, অর্চিঃ** (-চিস্) — শিখা, জ্বালা। দীপ্তি।

**অর্জক, অর্জয়িতা** (-তৃ)—উপার্জনকারী।

**অর্জন**—উপার্জন, রোজগার, আয়। চেষ্টা-দ্বারা প্রাপ্তি। ... ণ. অর্জিত। ... **অর্জনক্ষম**—রোজগেরে, উপার্জনে সমর্থ।

**অর্জুন**—তৃতীয় পাণ্ডব, গাণ্ডীবী, ধনঞ্জয়, পার্থ, ফাল্গুনি, সব্যসাচী। কৃতবীর্যের পুত্র সহস্রবাহু বীর, পরশুরাম কর্তৃক নিহত। বৃক্ষ বিঃ। নেত্ররোগ বিঃ, আঞ্জনি।

**অর্ণঃ** (অর্ণ স্) — জল।

**অর্ণব** — সমুদ্র। ... **অর্ণবতরী, -তরি, -পোত, -যান** — সমুদ্রগামী জাহাজ।

**অর্থ** — ধন, বিত্ত, টাকাকড়ি। সম্পত্তি, ঐশ্বর্য ('-শাস্ত্র')। প্রয়োজন, উদ্দেশ্য, হেতু ('দেবসেবার্থ দান, পুত্রার্থে ভার্যা')। বিষয়, জ্ঞাতব্য বস্তু ('সর্বার্থতত্ত্ব')। অভিলাষ, প্রার্থনা ('বিদ্যার্থী')। কাম্য বা প্রয়োজনীয় বস্তু ('পুরুষার্থ')। তাৎপর্য, মানে ('কথার—')। তত্ত্ব, সত্য ('যথার্থ')। (§ অর্থ্য, আর্থ, আর্থিক)। ... **অর্থকর**—আয়জনক। উদ্দেশ্যসাধক। ··· স্ত্রী. **-করী**। ... **অর্থকৃচ্ছ্র**—অর্থাভাব, দারিদ্র্য। ... **অর্থগৃধ্নু, -পর, -পরায়ণ**—ধনলুব্ধ, কৃপণ। ... **অর্থগৌরব** — সাহিত্যে ভাবার্থের গুরুত্ব। ... **অর্থগ্রহ** —অর্থবোধ। ... **অর্থদণ্ড** — জরিমানা। ... **অর্থনীতি**—ধন-বিষয়ক বিধান। ··· (§ আর্থনীতিক)। ... **অর্থপিশাচ**—ধনের জন্য যে ধর্মজ্ঞান দয়া স্নেহ ইঃ ত্যাগ করিয়াছে। ... **অর্থবাদ**—বিশেষ তাৎপর্য-যুক্ত উক্তি। স্তুতি- বা নিন্দা-বাদ। ... ... **অর্থবান্** (-বৎ) — ধনশালী। ... **অর্থবিৎ** (-বিদ্)—শব্দার্থবেত্তা। তত্ত্বজ্ঞ। ... **অর্থবিদ্যা**—ধনের উৎপত্তি ও প্রসরণ বিষয়ক বিদ্যা, economics. ... **অর্থ-বৈকল্প**—কথার ফাঁকি। ... **অর্থভাগ্য** — অর্থাগমের শুভাদৃষ্ট। ... **অর্থভাণ্ডার** — তহবিল। ... **অর্থভেদ** — তাৎপর্যের ভেদ। ... **অর্থশাস্ত্র** — ধন শিল্পকলা রাজনীতি ইঃ বিষয়ক গ্রন্থ (বিশেষতঃ কৌটিল্যপ্রণীত শাস্ত্র)। ... **অর্থসংকট** — অর্থাভাবের সমস্যা। ... **অর্থসংগতি** — অর্থের প্রতুলতা। তাৎপর্যের সামঞ্জস্য। ... **অর্থসংস্থান**—অর্থসঞ্চয়, সংগতি। ... **অর্থসিদ্ধি**—উদ্দেশ্যসিদ্ধি। ... **অর্থহানি** — ধনক্ষয়।

**অর্থাগম** — আয়।

**অর্থাৎ** — ইহার মানে।

**অর্থান্তর**—অন্যবিধ তাৎপর্য।...**অর্থান্তর-ন্যাস** ... কাব্যের অলঙ্কার বিঃ।

**অর্থাপত্তি** — কাব্যালঙ্কার বিঃ। দর্শনে অনুমানের দ্বারা সিদ্ধান্তপ্রাপ্তি।

**অর্থার্থী** — ধনাকাংক্ষী।

**অর্থিত** — প্রার্থিত।

**অর্থী** (-র্থিন্) — প্রার্থনাকারী, যাচক; অভিলাষী ('বিদ্যার্থী', শুভার্থী')। ধনবান্। বাদী, অভিযোক্তা। ... **অর্থিতা** — অর্থীর ধর্ম। প্রার্থনা।

**অর্থোপপত্তি**—যথাযথ অর্থের উপলব্ধি বা উদ্ধার।

**অর্থ্য** — অর্থযুক্ত, যাহার মানে হয়। যুক্তিসংগত।

**অর্ধ** — দুই ভাগের এক ভাগ, আধা। ... **অর্ধচন্দ্র** — চন্দ্রখণ্ড। চন্দ্রকলার তুল্য বৃত্তাংশ। গলাধাক্কা। ... **অর্ধনারীশ্বর** — যে মূর্তির অর্ধাঙ্গ শিব, অর্ধাঙ্গ গৌরী। ... **অর্ধপথ** — মধ্যপথ। ... **অর্ধবয়স্ক** — আধাবয়সী, মধ্য বয়স্ক, প্রৌঢ়। ... **অর্ধমৃত** — আধমরা। ... **অর্ধরথী**—রথযুদ্ধে যে পূর্ণ দক্ষ নয়। ... **অর্ধরাত্র** — মধ্যরাত্র, নিশীথ। দুই প্রহর রাত্রি। ... **অর্ধস্ফুট**—আধফুটন্ত। আধআধ।

**অর্ধাঙ্গিনী** — পত্নী।

**অর্ধার্ধ** — অর্ধের অর্ধ, সিকি।

**অর্ধাধি** — আধাআধি, সমান দুই অংশ।

**অর্ধাশন** — আধপেটা খাওয়া।

**অর্ধাসন** — আসনের অর্ধাংশ।

*অর্ধেক] দুই ভাগের এক, আধখানা।*

*অর্ধেন্দু — অর্ধচন্দ্র, চন্দ্রখণ্ড।*

**অর্ধোদয়**—(জ্যোতিষে) যোগ বিঃ। পৌষ মাঘ মাসের রবিবারে শ্রবণানক্ষত্রযুক্ত ব্যতীপাত যোগ হইলে এই মহাযোগ হয়।

**অর্পণ, -ণা** — প্রদান। স্থাপন, ন্যাস। নিক্ষেপ। ... ণ. অর্পিত। ... **অর্পণীয়** — অর্পণযোগ্য। ... **অর্পয়িতা** (-তৃ) — অর্পণকারী।

**অর্বাচীন** — অপ্রবীণ, অপক্কবুদ্ধি; নবীন, অপ্রাচীন, আধুনিক।

**অর্বুদ** — দশকোটি। আব রোগ।

**অর্ভক** — বালক। শাবক।

**অর্যমা** (-মন্) — সূর্য।

**অর্শ** (অর্শস্) — মলনালীর রোগ বিঃ, piles. **অর্শোঘ্ন** — ওল।

**অর্সানো** [√ অর্স্-৫। √ অর্সা-১৭। ফা. ইর্স্-] বর্তানো, প্রাপ্য হওয়া ('পিতার সম্পত্তি পুত্রকে অর্সে')। লাগা, স্পর্শ করা ('দোষ অর্সায়')

**অর্হ**—ণ. যোগ্য ('পূজার্হ')। পূজ্য। ষ্য. মূল্য ('মহার্হ')। ... **অর্হণ, -ণা**—পূজা। ... ণ. **অর্হণীয়**।

**অর্হৎ**—জৈন বা বৌদ্ধ সন্ন্যাসী বিঃ। বুদ্ধ। (§ আর্হত)

**অলংকরণ, অলঙ্করণ, অলংকৃতি, অলঙ্কৃতি, অলংক্রিয়া, অলঙ্ক্রিয়া** — সজ্জা, অলংকৃত করণ, মণ্ডন, নকশা কাটা। প্রসাধন। অতিরঞ্জন। অলংকার, ভূষণ। ... ণ. **অলংকৃত, অলঙ্কৃত**।

**অলংকর্তা, অলঙ্কর্তা** (-তৃ) —যে সাজায়, প্রসাধক। ... স্ত্রী. **-ত্রী**।

**অলংকার, অলঙ্কার**—ভূষণ, আভরণ, গহনা। নকশা। প্রসাধন। কাব্যাদির মাধুর্য-সাধক রচনাভঙ্গী (অনুপ্রাস উপমা ইঃ)। তদ্বিষয়ক শাস্ত্র। ... **অলংকারকৌস্তুভ** — পরমানন্দ সেন কবিকর্ণপুর রচিত অলংকার শাস্ত্রের গ্রন্থ। (§ আলংকারিক)

**অলক**—চূর্ণকুন্তল, পার্শ্বের বা সম্মুখের কেশগুচ্ছ। মেঘ। ... **অলকমেঘ**—অলক-গুচ্ছের ন্যায় লম্বমান মেঘমালা।

**অলকানন্দা** — স্বর্গগঙ্গা, মন্দাকিনী। গাড়োয়াল প্রদেশের নদী বিঃ।

**অলকা** — কুবেরপুরী।

**অলকাতিলকা** ] পত্রলেখা, চন্দনাদিদ্বারা রচিত মুখচিত্র।

**অলক্ত, অলক্তক** — লাক্ষারস, আলতা।

**অলক্ষণ** — ষ্য. অশুভ লক্ষণ। ণ. কুলক্ষণ-যুক্ত। ... স্ত্রী. **অলক্ষণা**। ... **অলক্ষণে, "অলক্ষুনে"** ] কুলক্ষণযুক্ত। অশুভ। অপয়া।

**অলক্ষিত** — যাহা নজর করা হয় নাই, অদৃষ্ট। ('অলক্ষিতে' — অজ্ঞাতসারে, অদৃশ্যভাবে)

**অলক্ষ্মী**—দুষ্ট লক্ষ্মী, দুর্ভাগ্যের দেবী। অগোচরে।

**অলক্ষ্য** — ণ. অদৃশ্য। অনুদ্দেশ্য। অনির্ণেয়। ষ্য. (বাং) অদৃশ্য অবস্থা, আড়াল ('অলক্ষ্যে বসিয়া')

**অলখিতে** ] (পদ্যে) > **অলক্ষিতে** — অগোচরে।

**অলঙ্ঘন** — পালন, লঙ্ঘন না করা। অনুপবাস। ... **অলঙ্ঘনীয়, অলঙ্ঘ্য** — যাহা লঙ্ঘন করা যায় না বা অনুচিত, অবশ্যপ্রতিপাল্য ('—বাধা, আদেশ')

**অলজ্জ** — নির্লজ্জ। ... ষ্য. **অলজ্জা**।

**"অলবড্যে, -বড্ডে"** ] অসাবধান, অগো-ছালো, আনাড়ী।

**অলর্ক** — ক্ষেপা কুকুর।

**অলস**—*শ্রমবিমুখ, কুড়ে, আলসে। জড়তুল্য ('—দেহ')। (§ আলস্য)*

**অলাত** — জ্বলন্ত অঙ্গার। ... **অলাতচক্র** — অগ্নিশিখা বা জ্বলন্ত অঙ্গারের চক্রবৎ ঘূর্ণনে সৃষ্ট বহ্নিবলয়।

**অলাবু** — লাউ।

**অলাভ** — ক্ষতি, লোকসান।

**অলি, -লী** — ভ্রমর। মদ্য ('অলিপান')

**অলি** [ আ. ব.লী ] অভিভাবক। ... **অলি-আছি** ] নাবালক ইঃর সম্পত্তিরক্ষক।

**অলিক** — ললাট।

**অলিগলি** ] সংকীর্ণ পথ, গলি-ঘুঁজি।

**অলিজিহ্বা** — আলজিব, উপজিহ্বা।

**অলিঞ্জর** — মৃন্ময় জলপাত্র, জালা, কলস।

**অলিন্দ** — বারান্দা, চাতাল।

**অলীক** — মিথ্যা, অমূলক।

**অলুক্** — সমাসে বিভক্তির লুক্ বা লোপ না হইলে হয় অলুক।

**অলূন** — অচ্ছিন্ন।

**অলোকসাধারণ, -সামান্য** — মনুষ্যলোকে যাহা দুর্লভ, যাহা সাধারণতঃ ঘটে না।

**অলোকসুন্দর**—যাহার তুল্য সুন্দর মনুষ্য-লোকে দুর্লভ।

**অলৌকিক** — লোকাতীত, যাহা মর্ত্যে দুর্লভ। যাহা ইহলোকের নয়।

**অল্প**—ঈষৎ, কম, একটু, সামান্য। ('অল্পে অল্পে' — একটু একটু করিয়া। বেশী না বাড়িয়া। 'রোগ — সারা')। তুচ্ছ। ক্ষুদ্র। ... ষ্য. **অল্পতা**। ... **অল্পক্ষণ** — ক্ষণকাল। ... **অল্পচেতা** [ < -তাঃ (তস্) ] ক্ষুদ্রপ্রাণ, অনুদার। ... **অল্প-জীবী** (-বিন্) — যে অল্পকাল বাঁচে। ... **অল্পজ্ঞ** — যাহার জ্ঞান অল্প। ... *অল্পদর্শী (-র্শিন্) — অদূরদর্শী। যে বহুদর্শী নয়। ... অল্পপ্রাণ — ক্ষীণ-*জীবী। ক্ষুদ্রপ্রাণ, অনুদার। ('—বর্ণ' —বর্গীয় বর্ণের ১ম ৩য় ৫ম এবং য র ল ব)। ... **অল্পবিদ্য** — যাহার বিদ্যা

অল্প। ... **অল্পস্বল্প** — একটু আধটু। ... ('অল্পবয়স্ক, -বুদ্ধি, -ভাষী, -মতি')

**অল্পাধিক** — কমবেশী।

**অল্পায়ু** [ <-য়ুঃ (-য়ুস্)] অল্পজীবী।

**অল্পাশয়** — যাহার আকাঙ্ক্ষা তুচ্ছ বিষয়ে আবদ্ধ, হীনমতি।

**অল্পাহারী** — মিতভোজী।

**"অল্পেয়ে, অলপ্পেয়ে"**] <অল্পায়ু, গালি বিঃ।

**অশক্ত** — অক্ষম, দুর্বল। ... ষ্য. **অশক্তি**।

**অশক্য** — অসাধ্য, ক্ষমতার অতীত।

**অশঙ্ক** — নির্ভয়। নিঃসন্দেহ। ... **অশঙ্কনীয়** — শঙ্কার অযোগ্য। ... **অশঙ্কিত** — যে ভয় পায় নাই।

**অশথ**] < অশ্বত্থ।

**অশন** — ভোজন। ভোজ্য দ্রব্য ('-বসন')

**অশনি** — বজ্র। ... **অশনিসম্পাত** — বজ্রপাত।

**অশরণ** — নিরাশ্রয়।

**অশরীরী** (-রিন্) — নিরাকার, দেহহীন। ... স্ত্রী. **অশরীরিণী**।

**অশান্ত**—অস্থির, অপ্রশমিত। দুরন্ত। ... **অশান্তি** — অস্বাচ্ছন্দ্য, উদ্‌বেগ।

**অশাশ্বত** — অনিত্য, অচিরন্তন।

**অশাস্ত্র** — কুশাস্ত্র, অমান্য শাস্ত্র। ... **অশাস্ত্রীয়, অশাস্ত্র**—শাস্ত্রবিরুদ্ধ, অবৈধ।

**অশিক্ষিত** — যে শিক্ষা পায় নাই, মূর্খ, অসভ্য। যাহা শেখা হয় নাই।

**অশিথিল** — দৃঢ়, গাঢ়।

**অশিব** — অশুভ, অমঙ্গল।

**অশিশির** — উত্তপ্ত।

**অশিষ্ট** — অভদ্র, অসভ্য। দুরন্ত। ... ষ্য. **-তা**।

**অশীতি**—আশি, ৮০ অঙ্ক বা পরিমাণ। ... **অশীতিতম** — ৮০ সংখ্যার পূরক। ... **অশীতিপর**—আশি কিংবা তাহার উপরে যাহার বয়ঃক্রম।

**অশীল** — অসভ্য, দুঃশীল।

**অশুচি** — অপবিত্র। ... ষ্য. **-তা, অশৌচ**।

**অশুদ্ধ**—অপবিত্র। অসংস্কৃত, অশোধিত। ভুলযুক্ত, ভ্রমাত্মক। ... **অশুদ্ধি** — অপবিত্রতা। অশোধিত অবস্থা। ভুল, ভ্রান্তি।

**অশুধ**] > অশুদ্ধি — অশৌচ।

**অশুভ** — ষ্য. অমঙ্গল। ণ. অমঙ্গলকর।

**অশেষ** — নিঃশেষ, সম্পূর্ণ; অসীম ('-গুণান্বিত, -প্রকার')। ... **অশেষজ্ঞ**— সর্ববিষয়ে অভিজ্ঞ, বহুজ্ঞ। পারদর্শী, বিশারদ। ... **অশেষবিধ** — সর্বপ্রকার, বহুপ্রকার।

**অশোক**—ণ. শোকশূন্য। ষ্য. মৌর্য সম্রাট্ বিঃ, চন্দ্রগুপ্তের পৌত্র। বৃক্ষ বিঃ। ... **অশোকষষ্ঠী** — চৈত্র-শুক্ল-ষষ্ঠী। ... **অশোকাষ্টমী** — চৈত্র মাসের শুক্লাষ্টমী।

**অশোচনীয়, অশোচ্য** — শোকের অযোগ্য।

**অশোভন**—বেমানান, যাহা শোভা পায় না, কুদৃশ্য, অসাজন্ত।

**অশৌচ** — অশুদ্ধি। আত্মীয়ের মরণাদির জন্য দেহাশুদ্ধি ('মরণাশৌচ, জাতাশৌচ')। ... **অশৌচান্ত** — অশৌচকালের শেষ।

**অশ্ম** (-শ্মন্) — প্রস্তর। ... **অশ্মর** — প্রস্তরময়। ... **অশ্মরী** — পাথরি রোগ।

**অশ্মসার** — শিলাঘন। পাথরের মত শক্ত।

**অশ্মীভূত** — শিলীভূত (দেখ)

**অশ্রদ্দধান** — বীতশ্রদ্ধ, শ্রদ্ধাহীন।

**অশ্রদ্ধা** — অভক্তি, অননুরাগ। অবজ্ঞা। ... **অশ্রদ্ধ** — শ্রদ্ধাহীন। বিশ্বাসরহিত। ... **অশ্রদ্ধেয়** — শ্রদ্ধা বা বিশ্বাসের অযোগ্য।

**অশ্রান্ত** — অক্লান্ত। ধারাবাহিক, অবিরাম।

**অশ্রাব্য** — শ্রবণের অযোগ্য। অশ্লীল।

**অশ্রু** — চোখের জল, নেত্রবারি ('-ধারা, -পাত, -বর্ষণ, -বিন্দু, -মোচন, -রোধ') ... **অশ্রুগদ্‌গদ**—বাষ্পজড়িত। ... **অশ্রু-সংবরণ**—চোখের জল সামলানো।

**অশ্রুত**—যাহা শোনা যায় নাই।... **অশ্রুত-পূর্ব, অশ্রুতচর** — যাহা পূর্বে শোনা যায় নাই।

**অশ্রেয়ঃ** (-য়স্) — **অশ্রেয়** ] ষ্য. অশুভ, অহিত, অধর্ম ('অশ্রেয়স্কর')। ণ. অহিতকর, অপ্রশস্ত।

**অশ্রোত্রিয়** — বেদজ্ঞানহীন।

**অশ্লীল**—লজ্জাপ্রদ, কামবিষয়ক, কুৎসিত, জঘন্য, কুরুচিময়। ... ষ্য. **-তা।**

**অশ্লেষা** — নক্ষত্র বিঃ।

**অশ্ব**—ঘোড়া, ঘোটক, তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম, বাজী, হয়। ... স্ত্রী. **অশ্বা**। ... **অশ্বকোবিদ, অশ্ববিৎ** (-বিদ্)—অশ্ব-তত্ত্বজ্ঞ। ... **অশ্বগন্ধা** — আয়ুর্বেদীয় ঔষধে ব্যবহৃত ওষধি বিঃ।... **অশ্বডিম্ব** —অলীক কাল্পনিক বস্তু। ঘোড়ার ডিম। ... **অশ্বতর** — অশ্ব-গর্দভের মিলনজাত পশু, খচ্চর।... স্ত্রী. **-তরী**। ... **অশ্বপতি**—ভরতের মাতামহ কেকয়-রাজ। ... **অশ্বপাল**—অশ্বরক্ষক, সইস। ... **অশ্ববৈদ্য** — ঘোড়ার চিকিৎসক। ... **অশ্বমুখী** — কিন্নরী। ... **অশ্বমেধ** — প্রাচীন যজ্ঞ বিঃ (ঘোটক বলি হইত)। **অশ্বযান**—ঘোড়ার গাড়ী। ... **অশ্বশালা** — আস্তাবল। ... **অশ্বসাদী** (-দিন্), **অশ্বারোহী** (-হিন্)—ঘোড়সওয়ার।

**অশ্বত্থ**—পিপ্পল, অশথ গাছ।

**অশ্বত্থামা**—দ্রোণাচার্যের পুত্র।

**অশ্বিনী**—নক্ষত্র বিঃ। ... **অশ্বিনীকুমার**— যমজ দেববৈদ্য, নাসত্য।

**অষ্ট** (-ষ্টন্)—আট, ৮ অঙ্ক বা পরিমাণ। ... **অষ্টক** — আটটির সমষ্টি। আটটি। ... **অষ্টধা** — আট ভাগে, প্রকারে বা দিকে। আট বার। ... **অষ্টধাতু** — সুবর্ণ রজত তাম্র সীসক কান্তিক রঙ্গ লৌহ তীক্ষ্ণলৌহ। মতান্তরে, স্বর্ণ রৌপ্য তাম্র রঙ্গ যশদ সীসক লৌহ পারদ। ... **অষ্টনবতি** — আটানব্বই। ৯৮। **অষ্টপঞ্চাশৎ** — আটান্ন। ৫৮। ... **অষ্টপৃষ্ঠে** — **আষ্টেপৃষ্ঠে** ] অষ্টাঙ্গে, সর্বাঙ্গে। ... **অষ্টপ্রহর** — দিবারাত্র। অষ্টপ্রহর ধরিয়া হরি-সংকীর্তন। ... **অষ্টভুজা** — দুর্গার মূর্তি বিঃ। ... **অষ্টম**—আট সংখ্যার পূরক। ... স্ত্রী. **অষ্টমী**।—তিথি বিঃ। ... **অষ্টরম্ভা**—(বাং) শূন্য, কিছুই নয়। **অষ্টষষ্টি** — আটষট্টি। ৬৮। ... **অষ্ট-সপ্ততি** — আটাত্তর। ৭৮। ... **অষ্টসিদ্ধি** — অণিমা, মহিমা, গরিমা ইত্যাদি যোগলব্ধ অষ্টবিধ ঐশ্বর্য, বিভূতি (দেখ)

**অষ্টাংশিত** — আট ভাগে বিভক্ত। যে কাগজ ভাঁজ করিয়া আট পত্র বা ষোল পৃষ্ঠা করা হইয়াছে, octavo.

**অষ্টাঙ্গ** — ষ্য. অষ্ট অঙ্গ বা বিভাগ (সাষ্টাঙ্গ দেখ। আয়ুর্বেদে — শল্য শালাক্য কায়চিকিৎসা ভূতবিদ্যা কৌমার-ভৃত্য অগদতন্ত্র রসায়ন বাজীকরণ)। ণ. অষ্ট অঙ্গ যুক্ত।

**অষ্টাচত্বারিংশৎ** — আটচল্লিশ। ৪৮।

**অষ্টাত্রিংশৎ** — আটত্রিশ। ৩৮।

**অষ্টাদশ** (-শন্)—আঠার, ১৮ অঙ্ক বা পরিমাণ। ১৮ সংখ্যার পূরক। ... স্ত্রী. **অষ্টাদশী**।

**অষ্টাশীতি** — অষ্টআশি। ৮৮।

**অষ্টাপদ** — দাবা পাশা ইঃ খেলিবার ছক। স্বর্ণ।
**অষ্টাবক্র** — ঋষি বিঃ।
**অসংকীর্ণ** — উদার, প্রশস্ত।
**অসংকুচিত, অসঙ্কুচিত** — অকুণ্ঠিত, অহ্রস্বীভূত। দ্বৈধহীন, অকুণ্ঠ। ... ষ্য. **অসংকোচ, অসঙ্কোচ।**
**অষ্ঠি** — আঁঠি।
**অসংখ্য, অসংখ্যেয়**—অগণনীয়, সংখ্যাতীত। ... **অসংখ্য**—infinite, infinity.
**অসংগত, অসঙ্গত** — অনুপযুক্ত, বেখাপ। যুক্তিবিরুদ্ধ, অন্যায্য।... ষ্য. **অসংগতি, অসঙ্গতি।**
**অসংবৃত** — অনাচ্ছাদিত। যাহার কাপড় আলগা। ... স্ত্রী. **অসংবৃতা।**
**অসংযত** — অনিয়মিত, সংযমহীন, উচ্ছৃঙ্খল। আলগা, বন্ধনহীন।
**অসংযম** — রিপুসংযমের অভাব। যথেচ্ছাচার।
**অসংলগ্ন** — অসম্বদ্ধ, পরস্পর যোগশূন্য।
**অসংশয়** — ষ্য. অসন্দেহ, নিশ্চয়। ণ. নিঃসংশয়, নিশ্চিত। ... ণ. **-শয়িত।**
**অসংশ্লিষ্ট** — অসংপৃক্ত, সম্বন্ধশূন্য।
**অসংসক্ত** — নিঃসংসর্গ।
**অসংস্কৃত**—অশোধিত, অমার্জিত। সংস্কৃত ভাষা হইতে ভিন্ন।
**অসংহতি** — অনৈক্য।
**অসকৃৎ** — একাধিক বার, বহু বার।
**অসচ্ছল ]** — অপ্রতুল, অভাবগ্রস্ত।
**অসৎ**—অসাধু, মন্দ, খারাপ, বদ। অস্তিত্বহীন, অবিদ্যমান। ... **অসত্তা** — অবিদ্যমানতা।
**অসতর্ক** — অনবধান, অসাবধান।
**অসতী** — ব্যভিচারিণী, নষ্টা, কুলটা।
**অসত্য** — মিথ্যা। ... **অসত্যসন্ধ** — মিথ্যাচারী, কপটাচারী।
**অসদাচরণ** — দুর্ব্যবহার।
**অসদাচার** — ষ্য. কদাচার, দুর্বৃত্ততা। ণ. কদাচারী, দুর্বৃত্ত।
**অসদৃশ** — ভিন্নপ্রকার, বিসদৃশ। (§ অসাদৃশ্য)
**অসদ্‌গ্রাহী** (-হিন্‌) — অবৈধদানগ্রহীতা।
**অসদ্‌ব্যবহার** — দুর্ব্যবহার। দুর্বৃত্ততা।
**অসদ্‌ভাব** — অভাব, অপ্রতুল। মনোমালিন্য, বিবাদ।
**অসন্তুষ্ট**—অপ্রীত। সন্তোষশূন্য, অতৃপ্ত। ... ষ্য. **অসন্তোষ, অসন্তুষ্টি।**
**অসন্দিগ্ধ** — নিঃসন্দেহ, নিশ্চিত, সংশয়শূন্য। ... ষ্য. **অসন্দেহ।**
**অসন্নদ্ধ**—শ্লথবন্ধন, অসম্বন্ধ, বিশৃঙ্খল।
**অসপত্ন** — শত্রুহীন। (সপত্ন দেখ)
**অসবর্ণ** — পৃথক্ বর্ণের অন্তর্গত (যথা—ব্রাহ্মণ শূদ্র) — **অসবর্ণ বিবাহ** — এক-বর্ণের পুরুষের সহিত অন্যবর্ণের নারীর বিবাহ।
**অসভ্য** — অমার্জিত, অশিক্ষিত, অশিষ্ট, বর্বর, ভদ্রসমাজের অযোগ্য ('—লোক, আচরণ')। বন্য। ... ষ্য. **-তা।**
**অসম** — অসমান, ভিন্নপ্রকার। বিষম। অসমতল, উঁচুনীচু, বন্ধুর।
**অসমক্ষ** — অসাক্ষাৎ, পরোক্ষ, অগোচর, অদেখা ('অসমক্ষে')
**অসমঞ্জ** — সগর রাজার পুত্র বিঃ।
**অসমঞ্জস** — অসংগত, অনুপযুক্ত, বেখাপ। অসদৃশ। যুক্তিবিরুদ্ধ। (§ অসামঞ্জস্য)
**অসমতল** — বন্ধুর, উদ্‌ঘাতী, উঁচুনীচু।
**অসময়** — অনুপযুক্ত সময়। দুঃসময়, অকাল।
**অসমর্থ** — অক্ষম। ... ষ্য. **-তা।**
**অসমসাহস** — দুঃসাহস, অনুচিত সাহস, গোঁয়ারতমি। ... ণ. **অসমসাহসিক।** ... ষ্য. **-তা।**

**অসমস্ত** — সমাসে অনাবদ্ধ।

**অসমান** — অসদৃশ, অতুল্য, পরিমাণ, আকার বা গুণে পৃথক্। অসমতল, উঁচুনীচু, বন্ধুর।

**অসমাপ্ত** — অসম্পূর্ণ, অনিষ্পন্ন।

**অসমীক্ষ্যকারী** (-রিন্)—যে ফলাফল বা অগ্রপশ্চাৎ বিবেচনা না করিয়া কাজ করে, অবিমৃশ্যকারী, হঠকারী, গোঁয়ার। ... ষ্য. **-কারিতা**।

**অসমীচীন** — অসংগত।

**অসমীয়া** ] আসামের ভাষা বা অধিবাসী, আসামী।

**অসম্পর্ক**—ষ্য. সম্বন্ধের অভাব। ণ. সম্বন্ধহীন, নিঃসম্পর্ক। ... **অসম্পৃক্ত, অসম্পর্কীয়** — সম্বন্ধহীন।

**অসম্পর্কীয়** — যাহার সহিত সম্বন্ধ নাই, এমন বিষয় সংক্রান্ত। সম্বন্ধহীন।

**অসম্বদ্ধ** — অসংযুক্ত, অসংলগ্ন। এলোমেলো, অর্থহীন ('—প্রলাপ')

**অসম্বাধ** — অবাধ, বাধাহীন।

**অসম্ভব, অসম্ভবপর** — যাহা হইতে পারে না, impossible. ... **অসম্ভাবনীয়, অসম্ভাব্য**—যাহা সম্ভবপর বলিয়া ভাবা যায় না, improbable. ... **অসম্ভাবিত** — যাহা সম্ভবপর বলিয়া ভাবা হয় নাই, অভাবিত, অপ্রত্যাশিত, unexpected.

**অসম্ভ্রম** — অমর্যাদা।

**অসম্মত** — অস্বীকৃত, অনিচ্ছু, গররাজী। অননুমত। ... **অসম্মতি** — অমত, অনিচ্ছা।

**অসম্মান** — অবমাননা, অনাদর।

**অসম্যক্** — যাহা যথেষ্ট নয়, সর্বাঙ্গীণ নয়, আংশিক।

**অসহ** — অসহিষ্ণু। ক্ষমাশূন্য। অসহ্য, দুঃসহ। ... **অসহন** — ষ্য. অসহিষ্ণুতা। ণ. অসহ্য। ... **অসহনীয়** — অসহ্য। ... **অসহমান** — যে সহে না। যে ক্ষমা করে না।

**অসহযোগ** — সহযোগের অভাব। রাজশক্তিকে সাহায্য না করা। ... **অসহযোগী** (-গিন্)। ... **অসহযোগিতা**।

**অসহায়** — সহায়হীন। একক।

**অসহিষ্ণু**—যে সহিতে পারে না, অধীর। ... ষ্য. **-তা**।

**অসহ্য** — যাহা সহা যায় না, অসহনীয়, দুঃসহ।

**অসাক্ষাৎ** — অগোচর, অপ্রত্যক্ষ ('অসাক্ষাতে' — সামনে নয়, অনুপস্থিতিতে)

**অসাজন্ত** ] অশোভন।

**অসাড়** ] অনুভূতিশূন্য। অজ্ঞান। ... **অসাড়ে** ] অসাড় অবস্থায়। অজ্ঞাতসারে।

**অসাদৃশ্য** — সাদৃশ্যের অভাব, অমিল।

**অসাধ** ] অনিচ্ছা। শখের অভাব।

**অসাধারণ** — অসামান্য, যাহা সাধারণতঃ দেখা যায় না, বিশেষ। যাহা সাধারণ লোকের মধ্যে নাই। ... ষ্য. **-তা, -ত্ব**।

**অসাধু** — অসৎ, মন্দ। প্রতারক। গ্রাম্য, অপভ্রষ্ট, ব্যাকরণদুষ্ট। ... ষ্য. **-তা**।

**অসাধ্য** — সাধনার অতীত, অসম্পাদ্য ('—কর্ম')। অপ্রতিকার্য ('—রোগ')

**অসান** ] অসাড়, সংজ্ঞাহীন, অচৈতন্য। ... **অসানে** — সংজ্ঞাহীন অবস্থায়।

**অসাবধান** — অসতর্ক, অমনোযোগী। ... ষ্য. **-তা**।

**অসামঞ্জস্য** — অসংগতি।

**অসাময়িক** — যাহা কালোপযোগী নয়।

**অসামাজিক**—সমাজরীতিবিরুদ্ধ। সমাজের লোকের সঙ্গে যে মেলামেশা করিতে চায় না।

**অসামান্য** — অসাধারণ (দেখ)

**অসামাল** ] অসাবধান। যে সামলাইতে পারে না। অসংবৃত। বেগ দমনে অসমর্থ।

**অসাম্প্রদায়িক**—যাহা দলবিশেষের জন্য নয়, দলনিরপেক্ষ, সর্বজনীন। ... ষ্য. **-তা**।

**অসার** — অকিঞ্চিৎকর, অপদার্থ, বাজে। যাহাতে সার বস্তু নাই। যাহার ভিতর শক্ত নয় ('—কাঠ')। ... ষ্য. **-তা**।

**অসি** — তরবারি। ... **অসিচর্ম** — তরবারি ও ঢাল। ... **অসিপত্রব্রত, অসিধারাব্রত** — শয্যায় দুইজনের মধ্যে উন্মুক্ত অসি রাখিয়া যুবক যুবতীর জিতেন্দ্রিয়তা রক্ষণ।

**অসিপত্রক** — ইক্ষু।

**অসিযুদ্ধ** — তরবারি লইয়া সংগ্রাম।

**অসিত** — কৃষ্ণ, শ্যামল। ... স্ত্রী. **অসিতা**।

**অসিদ্ধ** — কাঁচা, যাহা সিদ্ধ বা রাঁধা নয়। অসম্পন্ন, অসম্পূর্ণ। নিষ্ফল। অপ্রমাণিত। (সিদ্ধ দেখ)। ... **অসিদ্ধি** — নিষ্ফলতা। প্রমাণাভাব।

**অসীম** — সীমাহীন, অনন্ত। প্রভূত। (তুঃ সসীম)

**অসু** — প্রাণ ('গতাসু')

**অসুখ**—দুঃখ, অশান্তি, কষ্ট। রোগ ('—করা, হওয়া। -বিসুখ')। **অসুখী** (-খিন্)—যাহার সুখ নাই, দুঃখী।

**অসুন্দর** — কুৎসিত, কুরূপ। অশোভন।

**অসুবিধা**—বাধা। স্বাচ্ছন্দ্যের অভাব।

**অসুমার** (ফা) — অসংখ্য, অগণ্য।

**অসুর** — পুরাণোক্ত অদ্ভুতকর্মা মহাবল জাতি বিঃ, দেবগণের বিপক্ষ। ... স্ত্রী. **অসুরী**। (§ আসুর, আসুরিক)

**অসুলভ** — দুর্লভ, দুষ্প্রাপ্য।

**অসুসার** ] — অসুবিধা।

**অসুস্থ** — পীড়িত, যাহার শরীর বা মন ভাল নাই ('—দেহ, মন, ব্যক্তি')। ... ষ্য. **-তা**।

**অসূয়ক** — পরনিন্দক, ছিদ্রান্বেষী।

**অসূয়া**—পরশ্রীকাতরতা, ঈর্ষা, দ্বেষ। গুণে দোষারোপ। ... **অসূয়াপর, -পরবশ, -পরতন্ত্র** — অসূয়াযুক্ত।

**অসূর্যম্পশ্যা** (মুঃ যে স্ত্রী সূর্য দেখে নাই), **অসূর্যম্পশ্যরূপা** (মুঃ সূর্যকে দেখে নাই এরূপ স্ত্রী) — অন্তঃপুর-বাসিনী।

**অসৃক** — রক্ত।

**অসেচনক** — যাহার রূপ দেখিয়া কিছুতেই তৃপ্তি হয় না। যাহার রূপলাবণ্য দেখিয়া চক্ষু ফিরানো যায় না।

**অসৈরন** ] — অসহন।

**অসোয়াস্তি** ] > অস্বস্তি।

**অসৌজন্য** — অশিষ্টতা।

**অসোরস** ] — অবনতি, মনোমালিন্য।

**অস্ত** — চন্দ্রসূর্যাদির পশ্চিমদিকে নামিয়া অদৃশ্য হওয়া ('-গমন।—যাওয়া')। শেষ, অবসান। ... **অস্তগত, অস্তমিত** — গগনের পশ্চিম প্রান্তের নিম্নস্থ, অদৃশ্য। বিলুপ্ত, ক্ষয়প্রাপ্ত। ... **অস্তগিরি** — অস্তাচল (দেখ)। ... **অস্তমন** — অস্তগমন।

**অস্তর১** ] < অস্ত্র, যন্ত্র, হাতিয়ার। রোগাদির জন্য দেহে অস্ত্রপ্রয়োগ।

**অস্তর২** [ফা] রঙের প্রথম লেপ, পলস্তারা, চুন সুরকি বালি ইঃর প্রলেপ। জামা ইঃর ভিতরের কাপড়।

**অস্তাচল** — অস্তগিরি, পশ্চিমাচল, পৌরাণিক পর্বত যাহার অন্তরালে সূর্যাদি অস্ত যায়।

**অস্তায়মান** — অস্তগমনে উদ্যত। (অস্ত-মান — অশুদ্ধ)।

**অস্তি**—আছে। ... **অস্তিত্ব**—থাকার ভাব, সত্তা, বিদ্যমানতা। (§ আস্তিক)

-হউক ('তথাস্তু')

**অস্তেয়** — পরদ্রব্য হরণ না করা।

**অস্ত্র**—হাতিয়ার, শস্ত্র, প্রহরণ ('অস্ত্রাঘাত, অস্ত্রাগার')। ধারাল যন্ত্র। সাধিত্র। ('— করা' — চিকিৎসার নিমিত্ত অস্ত্র প্রয়োগ করা)। **অস্ত্রক্ষত** — অস্ত্রের আঘাতজনিত ক্ষত। ... **অস্ত্রগুরু** — অস্ত্রবিদ্যার শিক্ষক। ... **অস্ত্রচিকিৎসা** — অস্ত্রপ্রয়োগ করিয়া চিকিৎসা। ... ... **অস্ত্রলেখা** — অস্ত্রাঘাতের চিহ্ন। ... **অস্ত্রশস্ত্র** — বিবিধ অস্ত্র। ... **অস্ত্রাগার** — অস্ত্রের ভাণ্ডার, সেলাখানা। ... **অস্ত্রাজীব**—অস্ত্রধারী হইয়া যুদ্ধ করাই যাহার জীবিকা। ... **অস্ত্রী** (-স্ত্রিন্) — অস্ত্রধারী। ... **অস্ত্রোপচার** — চিকিৎসার নিমিত্ত অস্ত্রপ্রয়োগ।

**অস্ত্রীক** — বিপত্নীক। অবিবাহিত।

**অস্থান** — অযোগ্য বা কুৎসিত স্থান। ... **অস্থানে** — অনুপযুক্ত স্থানে কালে বা পাত্রে ('স্থানে—')

**অস্থাবর**—যাহা (সম্পত্তি) স্থানান্তরিত করা যায় (টাকাকড়ি ইঃ)। গমনশীল, জঙ্গম।

**অস্থায়ী** (-য়িন্) — বিনাশী, ক্ষণভঙ্গুর। অল্পকালস্থায়ী। ... ষ্য. **অস্থায়িতা, -ত্ব**।

**অস্থি** — হাড়। কঙ্কাল। ... **অস্থিসার, অস্থিচর্মসার** — অত্যন্ত শীর্ণ। ... **অস্থিমজ্জাগত** — হাড়েমাসে জড়িত। জন্মগত বা অভ্যাসজাতরূপে যাহা অপরিহার্য।

**অস্থিসন্ধি**—দুইটি হাড়ের সংযোগ স্থল।

**অস্থিতপঞ্চক, -পঞ্চম, অস্থির-** — সমীকরণ-জাতীয় অংক বিঃ। কঠিন সমস্যা।

**অস্থির** — চঞ্চল। আকুল। অস্থায়ী। অনিশ্চিত, অনির্ধারিত। ... ষ্য. **-তা, -ত্ব, অস্থৈর্য**।

**অস্নাত** — যে স্নান করে নাই।

**অস্নাতক** — যে গুরুগৃহের অধ্যয়ন শেষ করিয়া গৃহস্থাশ্রমে এখনো প্রবেশ করে নাই। (গ্র্যাজুয়েটদের যখন স্নাতক বলা হয়, অস্নাতক তাহা হইলে Undergraduate.)

**অস্পন্দ** — নিস্পন্দ, স্তব্ধ।

**অস্পষ্ট** — অপরিস্ফুট। ঝাপসা। যাহা সহজে বোঝা যায় না। ... ষ্য. **-তা**।

**অস্পৃশ্য, অস্পর্শ্য, অস্পর্শনীয়**—স্পর্শের অযোগ্য, যাহাকে ছোঁয়া নিষিদ্ধ, অচ্ছুত। যাহা ছোঁয়া অসাধ্য। ... **অস্পৃশ্যতা** (নব প্রচলিত) — অস্পৃশ্য মনে করিয়া মানুষকে ঘৃণা করার সংস্কার।

**অস্পৃষ্ট** — যাহা ছোঁয়া হয় নাই।

**অস্ফুট** — অবিকশিত ('—কলিকা')। অস্পষ্ট, আধ-আধ ('—কথা')। অব্যক্ত।

**অস্মদীয়**—আমার বা আমাদের সম্বন্ধীয়।

**অস্মিতা** — অহংকার।

**অস্বচ্ছ** — ঘোলা, অনির্মল। যাহার ভিতর দিয়া দেখা যায় না, অনচ্ছ। Opaque.

**অস্বরস**] — মনোমালিন্য। (অসৌরস দেখ।)

**অস্বস্তি** — অস্বাচ্ছন্দ্য, দেহ বা মনের অশান্তি।

**অস্বাভাবিক** — অনৈসর্গিক। অসাধারণ। স্বভাববিরুদ্ধ।

**অস্বামিক** — যাহার অধিকারী নাই, বেওয়ারিস ('—ধন')

**অস্বীকার** — না মানা ('দোষ—করা')। অসম্মতিপ্রকাশ। অগ্রহণ, প্রত্যাখ্যান ('নিমন্ত্রণ —')। ... ণ. **অস্বীকৃত**। ... **অস্বীকার্য** — স্বীকারের অযোগ্য।

**অহংকার, অহঙ্কার** — গর্ব, অহমিকা, অভিমান। (দর্শনে) নিজের ব্যক্তিত্বজ্ঞান। ... **অহংকারী, অহঙ্কারী** (-রিন্), **অহংকৃত, অহঙ্কৃত** — গর্বিত।

**অহঃ** (অহন্) — দিনমান, দিবস।

**অহম্, অহং** — আমি, আমিত্ব-জ্ঞানসম্পন্ন সত্তা, ego. অহংকার। ... **অহমিকা, অহমহমিকা** — অহংকার, অহংসর্বস্ব-ভাব, egoism, egotism. ... **অহম্পূর্বিকা** — সকলের অগ্রে আমি এইরূপ বুদ্ধি।

**অহরহ** [ < -রহঃ] প্রত্যহ, সর্বদা।

**অহর্নিশ** — দিবারাত্র।

**অহল্যা**—গৌতম ঋষির পত্নী। অভিশপ্তা অহল্যাকে রামচন্দ্র উদ্ধার করেন।

**অহহ** — হায় হায়।

**অহি** — সর্প। ... **অহিতুণ্ডিক** — সাপুড়ে। ... **অহিনকুল** — সাপ ও বেজির তুল্য যাহাদের মধ্যে স্বাভাবিক বিরোধ আছে। ... **অহিনকুলিকা** — নিত্যবিরোধ, চির-বৈরিতা।

**অহিংস** — জীবহত্যায় অপ্রবৃত্ত। অপীড়ক, নিরুপদ্রব, বলপ্রয়োগে অপ্রবৃত্ত ('— অসহযোগ')। ... **অহিংসক** — যে হিংসা করে না। ... **অহিংসা** — জীবহত্যায় বা বলপ্রয়োগে বিরতি। ... **অহিংস্র** — অহিংসক। অ-শ্বাপদ ('—জন্তু')

**অহিত** — অমঙ্গল, হানি ('-কারী, -কামী। অহিতাচারী')

**অহিফেন** [ফা. হইতে নকল সংস্কৃত] আফিম (দেখ)

**অহেতুক, অহৈতুক** — অকারণ। যাহাতে কোনও প্রত্যাশা নাই, নিঃস্বার্থ। ... স্ত্রী. **অহেতুকী, অহৈতুকী** ('—ভক্তি')

**অহো** — বিস্ময় বা খেদ সূচক, ওহো।

**অহোরাত্র** — দিনরাত। সূর্যোদয় হইতে পুনর্বার সূর্যোদয় পর্যন্ত ২৪ ঘণ্টা।

**অ্যাঁ**] সম্বোধনের উত্তরে সাড়া। বিস্ময় সূচক।

**অ্যালুমিনিয়ম** [ই] ধাতু বিঃ।

**অ্যাসিড** [ই] দ্রাবক। রাসায়নিক অম্ল।

**অ্যাসেটিলীন** [ই] গ্যাস বিঃ (ক্যালসিয়ম কারবাইড ও জল যোগে উৎপন্ন। জ্বালিলে উজ্জ্বল আলোক হয়)

## আ

**আ**] বিস্ময় আনন্দ খেদ ইঃ সূচক অব্যয় ('আরে, আ কপাল')

**আ-** — ঈষৎ সম্যক্ ব্যাপ্তি সীমা বৈপরীত্য অভাব ইঃ সূচক উপসর্গ।

**আই, আয়ী, আইমা, আজীমা** [ < আর্যিকা] মাতামহী, দিদিমা।

**আইচ**] > আইচ্চ > আদিত্য — উপাধি বিঃ।

**আইড়** — অড়হর।

**আইঢাই**] ব্যাকুল, ছটফট ('প্রাণ — করা')

**আইন** [ফা.] রাজবিধি, কানুন ('আইনজ্ঞ')। ... **আইনত**] আইন অনুসারে। ... **আইনসংগত** — আইনের বিচারে নির্দোষ। আইনের অনুবর্তী।

**আইবড়, -বুড়ো** [ < অব্যূঢ়] অবিবাহিত। ... **আইবড়ভাত**] বিবাহের পূর্বে পাত্র বা পাত্রীর পিতৃগৃহে অন্নগ্রহণরূপ সংস্কার। (অব্যূঢ় দেখ)

**আইল** (আলি দেখ)

**আঁইশ, -ষ** (আঁশ, -ষ দেখ)

**আইশাশ**] — শাশুড়ীর মাতা।

**আউচ**] — একপ্রকার বৃহৎ বৃক্ষজাত সুগন্ধি ফুল।

**আউড়**] — শস্যশূন্য খড়ের আঁটি।

**আউদড়**] — অনাবৃত, আলুথালু, অসংবৃত। আদুড়, আদুল।

**আউলিয়া**] — একপ্রকার গুহ্য সাধনার বৈষ্ণব সম্প্রদায়ের লোক। সহজিয়া কর্তাভজা।

**আউশ, আশু** [ < আ-বৃষ্-] বর্ষাকালে উৎপন্ন ('—ধান')

**আওটানো** [ √আওটা-১৭। < আ-বৃৎ] আলোড়ন করা, ঘাঁটা। জ্বাল দিয়া নাড়িয়া ঘন করা (দুধ—')

**আওড়**] < আবর্ত, নদীর ঘূর্ণি।

**আওড়ানো** [ √আওড়া-১৭। < আ-বৃৎ] আবৃত্তি করা, মুখস্থ কথা বলিয়া যাওয়া ('শ্লোক—')। বার বার পাঠ করা।

**আওতা** [ < আতপত্র] আবরণ, ছায়া। আশ্রয়।

**আওয়াই**] — জনরব।

**আওয়াজ** [ফা. -জ.] শব্দ।

**আওয়াজি**] দেওয়ালের উপর দিকে ছোট জানালা।

**আওরত, আউ-** [আ] স্ত্রীলোক।

**আওরানো** [ √আওরা-১৭] টাটানো, ফুলিয়া ব্যথা হওয়া ('ফোড়া—')

**আওয়াই**] —জনরব।

**আওলাত** [আ. -লাদ] ফলকর। বৃক্ষাদি সম্পত্তি।

**আওয়াল** [আ. আহ্‌বাল] অবস্থা।

**আওসা**] — গোজাতির ব্যাধি বিঃ।

**আংটা, আঙটা**] কড়া, বলয়াকার হাতল। আগুন রাখার পাত্র।

**আংটি, আঙটি, আঙ্গটি** [ < অঙ্গুষ্ঠিকা] অঙ্গুরীয়, আঙুলের গহনা বিঃ।

**আংরা, আঙরা**] < অঙ্গার, কয়লা।

**আংরাখা, আঙ-** [ < অঙ্গরক্ষক] চাপ-কানের মত ছোট জামা।

**আংশিক** — অংশ সম্বন্ধীয়। খানিক, কতক।

**আঃ**] বিস্ময় ক্রোধ খেদ বা সুখ সূচক শব্দ।

**আক, আখ**] < ইক্ষু। (§ একো)

**আঁক**] < অঙ্ক, গণিতের হিসাব, ('—কষা')। দাগ, রেখা, আঁচড় ('—কাটা')

**"আকখুটে"**] উড়নচড়ে, অপব্যয়ী।

**আকচা আকাঁচ**] — রেশারেশি, হানাহানি।

**আকছার** [আ. অক্‌সর] হামেশা, সর্বদা, প্রায়ই।

**আঁকড়া**] আটকাইবার জন্য বাঁকা লোহা ইঃ, অঙ্কুশ। কড়া, আংটা। ... **আঁকড়া আঁকড়ি** — পরস্পর আঁকড়াইয়া ধরা-ধরি (ব্যতীহারে)।

**আঁকড়ানো** [ √ আঁকড়া-১৭। < অন্‌ক্] বেষ্টন করিয়া ধরা।

**আঁকড়ি**] অঙ্কুশাকার চিহ্ন ('ক-এর—')। আঁকশি।

**আকণ্ঠ** — গলা পর্যন্ত ('—ভোজন')

**আকথা কুকথা** — নোংরা কথা। বাজে কথা, গালগল্প।

**আকনি** (আখনি দেখ)

**আকন্দ** [ < অর্কমন্দার] গাছ বিঃ, অর্ক।

**আকবর** — সর্বশক্তিমান। মোগল বাদশাহ্।

**আকম্প, আকম্পন** — ঈষৎ কম্পন ... **ণ. আকম্পিত**।

**আকর** — খনি। উৎপত্তিস্থান, আধার ('গুণাকর')। ... **আকরিক, আকরীয়** — খনিজ। খনি সম্বন্ধীয়।

**আকর্ণ** — কান পর্যন্ত।...**আকর্ণ বিশ্রান্ত, — বিস্তৃত** — (চক্ষুর বিশেষণ) — কান পর্যন্ত টানা।

**আকর্ণন** — শ্রবণ। ... **ণ.** আকর্ণিত।

**আকর্ষ**—আকর্ষণ। (উদ্ভিদবিদ্যায়) লতার সূত্রাকার অঙ্গ যাহা আশ্রয়কে জড়াইয়া ধরে, লতাতন্তু, প্রতান, tendril.

**আকর্ষক, আকর্ষিক, আকর্ষী** (-র্ষিন্) — যে আকর্ষণ করে।

**আকর্ষণ, আকর্ষ** — টান। (§ **আকৃষ্ট**, আকৃষ্যমান। ... **আকর্ষণী** — আকর্ষণ

সম্বন্ধীয়া ('—শক্তি')। যাহাদ্বারা টানা যায়।

**আঁকশলী**] —ঢেঁকির অংশ বিঃ।

**আঁকশি** [ <অঙ্কুশী ] লাগি, লগা, ফল ইঃ পাড়িবার যন্ত্র। হস্তিতাড়নের অঙ্কুশ, ডাঙ্গস।

**আকস্মিক** — অকস্মাৎ উৎপন্ন, যাহা হঠাৎ ঘটে।

**আঁকা** [ আঁক্-৭। < অন্ক্ ] চিত্র করা; রেখা টানা। **ণ.** অঙ্কিত। **আঁকানো** [ √আঁকা-১১ ] অঙ্কিত করানো। ... **আঁকাবাঁকা** ] টেরা-বাঁকা, কিছু এক দিকে কিছু অন্য দিকে বাঁকা।

**আঁকা** ] — সেচের সময় দুনী রাখিবার খোঁটা।

**আঁকা-জোখা** ] — নক্সা করা, মাপের অনুপাত অনুসারে অঙ্কন করা।

**আকাঙ্ক্ষা** — বাসনা, ইচ্ছা। ... ণ. **আকাঙ্ক্ষিত**। ... **আকাঙ্ক্ষণীয়**—বাসনার যোগ্য। ... **আকাঙ্ক্ষী** (-ঙ্ক্ষিন্) — অভিলাষী। ... স্ত্রী. **-ঙ্ক্ষিণী**।

**আকাট** ] নিরেট, অত্যন্ত ('—মূর্খ')

**আকাটা** ] অকর্তিত।

**আকাঠ, আকাঠা** ] — নিকৃষ্ট শ্রেণীর কাঠ। অকেজো কাঠ।

**আকাঁড়া** ] যাহা তুষ হইতে পৃথক্ করা হয় নাই ('—চাল') অমার্জিত।

**আকামানো** ] — যাহার (যে সর্পের) বিষ-দাঁত ভাঙা হয় নাই।

**আকার** — মূর্তি, চেহারা, গঠন ('প্রকার')। আ-অক্ষর, া চিহ্ন। ... **আকারগুপ্তি** — মনের ভাবকে মুখে-চোখে প্রকাশিত হইতে না দেওয়া ... **আকার-প্রকার** — ভাবভঙ্গী।

**আকাল** ] < অকাল, দুর্ভিক্ষ।

**আকালিক** — অকালে জাত। অচিরস্থায়ী।

**আকাশ** — অন্তরীক্ষ, অম্বর, গগন, নভ, ব্যোম, শূন্য। ... **আকাশকুসুম** — অবস্তু, অসম্ভব কল্পনা, খপুষ্প। ... **আকাশ-গঙ্গা** — মন্দাকিনী। ছায়াপথ। ... **আকাশপ্রদীপ** — কার্তিক মাসে উঁচু বাঁশ ইঃর উপর যে প্রদীপ দেওয়া হয়। ... **আকাশবাণী**—দৈববাণী। ... **আকাশ-পাতাল** — অনন্তপ্রকার, সর্ববিষয় ('—চিন্তা করা')। বিস্তর, আসমান-জমিন ('—প্রভেদ') ... **আকাশবৃত্তি** — জীবিকার জন্য দৈব নির্ভর। ... **আকাশযান** — বিমান।

**আকিঞ্চন** — অকিঞ্চনতা, দৈন্য, দীনতা। (বাং) আকাঙ্ক্ষা, আগ্রহ; চেষ্টা।

**আকীর্ণ** — বিস্তীর্ণ, ছড়ানো।

**আকুঞ্চন** — সংকোচন, কোঁকড়ানো, কোঁচ-কানো, গুটানো। ... **ণ. আকুঞ্চিত**।

**"আঁকুপাঁকু, -বাঁকু"** ] **ণ.** ব্যগ্র, ব্যস্ত, ব্যাকুল। ষ্য. ব্যাকুলতা প্রকাশ।

**আকুড়া** ] — বড়শি বা বড়শির আকারের মাছ ধরিবার উপকরণ।

**আঁকুর** ] — অঙ্কুর।

**আকুল** — ব্যাকুল, কাতর। ব্যগ্র, উৎসুক, অস্থির ('—অলিকুল')। আলুলায়িত ('—কুন্তল')। ... ষ্য. **-তা**। ... **ণ. আকুলিত**। ... **আকুলীকৃত**। ... **আকুলী-ভূত**। ... **আকুলি ব্যাকুলি, — বিকলি** ] — অসহায় বা নিরুপায়ভাবে কাতরতা বা আগ্রহপ্রকাশ।

**আকূতি, আকূত** — আশয়, অভিলাষ।

**আকৃতি** — আকার, গঠন।

**আকৃষ্ট** — যাহাকে আকর্ষণ করা হইয়াছে। মুগ্ধ। প্রলুব্ধ। ... **আকৃষ্টি** — আকর্ষণ।

**আকৃষ্যমাণ** — যে আকৃষ্ট হইতেছে।

**আক্কেল** [ আ. আক্ল ] কাণ্ডজ্ঞান, বুদ্ধি। ... **"আক্কেলগুড়ুম"** ] হতবুদ্ধিতা। ...

... **আক্কেল-দাঁত**] পূর্ণবয়সে যে দাঁত ওঠে। ... **আক্কেল-সেলামি**] অনভিজ্ঞতার দণ্ড, মূর্খতার ফলে লোকসান।

**আক্রম** — বিক্রম। আক্রমণ। অধিকার। উদয়।

**আক্রমণ** — হিংসা বা অধিকার করার উদ্দেশ্যে বলপ্রয়োগ, হানা, হামলা। অধিষ্ঠান। ... **আক্রমণীয়** — আক্রমণ-যোগ্য। ... **আক্রান্ত** — যাহাকে আক্রমণ করা হইয়াছে ('রোগাক্রান্ত')। অধিষ্ঠিত। ক্লিষ্ট, অভিভূত। ... **আক্রামক**—আক্রমণ-কারী।

**আক্রা**] < অক্রেয়, মহার্ঘ, দুর্মূল্য।

**আক্রীড়** — রঙ্গভূমি। ক্রীড়াক্ষেত্র, আখড়া, পার্ক।

**আক্রোশ** — বিদ্বেষ। ক্রোধ।

**আক্লান্ত** — অতিশয় ক্লান্ত, পরিশ্রম।

**আক্ষরিক** — অক্ষর সম্বন্ধীয়। অক্ষরানু-যায়ী। শব্দশঃ, literal.

**আক্ষিপ্ত** — নিক্ষিপ্ত, বিক্ষিপ্ত। আক্ষেপ-যুক্ত। দুঃখে অধীর।

**আক্ষেপ** — বিক্ষেপ, জোরে সঞ্চালন। তড়কা, খেঁচুনি। বিলাপ, ক্ষোভ। কাব্যালঙ্কার বিঃ।

**আক্ষোট** — আখরোট (অক্ষোট দেখ)।

**আখ** (আক দেখ)

**আখচা-আখচি**] — রেশারেশি। দ্বেষা-দ্বেষি।

**আখড়া** [< অক্ষবাটক] গীতবাদ্য বা ব্যায়াম চর্চার স্থান। আড্ডা। সন্ন্যাসীর আশ্রম।...**আখড়াই**] মহলা, অভিনয়াদির অভ্যাস। ... **আখড়াধারী**] আখড়ার অধ্যক্ষ।

**আখতা**] — অণ্ডচ্ছেদ, খাসি করা।

**আখনি, আকনি** [ফা. য়খ্‌নী] মাংস বা মসলার ক্কাথ।

**আখণ্ডল** — ইন্দ্র।

**আখর**] < অক্ষর। কীর্তনাদি গীতে যে পদ মূলপদের সহিত ইচ্ছামত জুড়িয়া দেওয়া হয় ('—দেওয়া')

**আখরিয়া, আঁখরিয়া**] — লিপিকার, হস্তাক্ষর শিল্পী। যে পুঁথি নকল করে।

**আখরোট** [< অক্ষোট] ভক্ষ্য বীজ বিঃ, walnut.

**আখা**] উনান, চুল্লী, চোকা, চুলো।

**আখাম্বা**] থামের মত লম্বা, দীর্ঘাকৃতি।

**আঁখি**] < অক্ষি, চক্ষু। (পদ্যে)

**আঁখিঠার**] — চোখের ইঙ্গিত। কটাক্ষ।

**আখু** — ইঁদুর।

**আখুটি**] — আবদার, খোট।

**আখেটক, আখেটিক** — শিকারী।

**আখের** [আ. আখির] পরিণাম, শেষ, অন্ত। ... **ণ. আখেরী**] ষ. সালতা-মামি।

**আখ্যা** — নাম, উপাধি, সংজ্ঞা। কথন। ... **আখ্যাত** — কথিত, ব্যাখ্যাত। বিখ্যাত। ... **আখ্যান** — কাহিনী। ইতিহাস। কথন। ... **আখ্যানবস্তু** — বর্ণনার বিষয়। Theme. **আখ্যাপত্র** — পুস্তকের প্রথমে যে পত্রে নাম ইঃ থাকে, title-page. ... **আখ্যায়ক** — কথক।... **আখ্যায়িকা** — কাহিনী। ... **আখ্যায়ী** (-য়িন্) — কথক, বক্তা। ... **আখ্যেয়** — আখ্যাবিশিষ্ট নামযুক্ত। কথনীয়।

**আগ**] < অগ্র, সর্বোচ্চ ('গাছের -ডাল')। ('আগবাড়া, আগুবাড়া, -বাড়ানো' — অগ্রবর্তী হওয়া)

**আগড়** [< অগ্র] কপাটের মত বেড়া, ঝাঁপ, টাটি।

**আগড়-বাগড়**] নানাপ্রকার বাজে জিনিস। আবোল-তাবোল।

**আগড়া, আগরা** ] — চিটা, ধানের শীষে শস্যহীন ধান্য। খোসাসার ধান।

**আগত** — যে আসিয়াছে, উপস্থিত। প্রাপ্ত, অধিগত। **আগতপ্রায়** — আসন্ন।

**আগন্তুক** — নবাগত ব্যক্তি, অতিথি।

**আগম** — তন্ত্র বা বেদাদি শাস্ত্র। আগমন ('বর্ষাগম') ... **আগম-বাগীশ** — বহুশ্রুত পণ্ডিতের উপাধি বিঃ।

**আগমন** — আসা, উপস্থিত। ... **আগমনী** উমার পিত্রালয়ে আগমন বিষয়ক গীতি। আগমন সম্বন্ধীয়া।

**আগল** ] < অর্গল, খিল। রক্ষণাবেক্ষণ, আগলানো।

**আগলদার** ] — প্রহরী, রক্ষণাবেক্ষণ কার্যে মোতায়েন।

**আগলা** ] অনাবৃত, খোলা।

**আগলানো** [ √আগ্‌লা-১৭ ] রক্ষা করা, রক্ষার জন্য সতর্ক দৃষ্টি রাখা।

**আগা** ] < অগ্র, ডগা। সম্মুখভাগ। ... **আগাগোড়া** ] প্রথম হইতে শেষ পর্যন্ত। ... **"আগাপাছতলা, -পাস্তলা"** ] মাথা হইতে তলা পর্যন্ত সর্বাঙ্গ।

**আগাছা** ] অকেজো গাছ।

**আগাড়ি** ] — অগ্রিম।

**আগানো** [ √ আগা-১১। < অগ্‌ ] অগ্রসর হওয়া, এগনো।

**আগাম** ] < অগ্রিম (দেখ)

**আগামী** (-মিন্‌) — যাহা আসিবে বা ঘটিবে, ভাবী ('—বৎসর')

**আগার** — গৃহ, আলয়। আধার।

**আগি** (ব্রজবুলি) — আগুন।

**আগু** ] < অগ্র, প্রথম, পূর্ব, অগ্রবর্তী ('আগুতে' — প্রথমে, অগ্রে)। ... **আগুপাছু** ] অগ্রপশ্চাৎ। ... **আগুবাড়ি** ] অগ্রবর্তী হইয়া (পদ্যে। আগ দেখ) ... **আগুয়ান, আগুসর** ] অগ্রসর।

**আগুন** ] ষ্য. < অগ্নি ('—জ্বলা, জ্বালা, দেওয়া, ধরা, ধরানো, করা, লাগা, লাগানো, নেবা')। **ণ.** অগ্নিপ্রায় ('রেগে —হওয়া')

**আগুড়** ] — (আগড় দেখ)।

**আগুরী** ] জাতি বিঃ, উগ্রক্ষত্রিয়।

**আগুল্‌ফ** — গোড়ালি পর্যন্ত ('-লম্বিত')

**আগে** ] < অগ্রে, প্রথমে, পূর্বে। ... **আগে আগে** ] সামনে। ... **আগেকার** ] পূর্বের। প্রথমের। ... **আগেপাছে** ] সামনে ও পিছনে। ... **আগেভাগে** ] প্রথমাংশে, প্রথম দলে।

**আগোছালো** — গোছ অর্থাৎ বিন্যাস-শৃঙ্খলা ও পারিপাট্য নাই যাহাতে বা যাহার।

**আগ্নেয়** — অগ্নিসম্বন্ধীয় ('আগ্নেয়াস্ত্র')। প্রখর তাপে গলিত হইয়া উৎপন্ন, igneous ('—স্তর')। ... **আগ্নেয়-গিরি**—যে পর্বত হইতে অগ্নি বা গলিত প্রস্তরাদি উদ্‌গীর্ণ হয়। ... **আগ্নেয়-শিলা** — চকমকি। ... **আগ্নেয়াস্ত্র** — বন্দুক, কামান ইত্যাদি।

**আগ্রহ** — ঝোঁক। প্রবৃত্তি, আসক্তি। যত্ন, অভিনিবেশ। ... আগ্রহাতিশয়—আগ্রহের আধিক্য। ... **আগ্রহান্বিত** — উৎসুক।

**আঘাট, -টা** ] ব্যবহারের অযোগ্য ঘাট। জলাশয়ের বা নদীর তীরের যে অংশ ঘাটরূপে সচরাচর ব্যবহৃত হয় না।

**আঘন** ] — < অগ্রহায়ণ। (ব্রজবুলি)।

**আঘাত**—চোট, কোপ, ঘা, প্রহার ('অস্ত্রের, লাঠির, অঙ্গুলির — । দেহে, মৃদঙ্গে — । — করা, দেওয়া, লাগা')। বেদনা ('মনে—')। (§ আহত)। ... **আঘাতক**— আঘাতকারী। ... **আঘাতন** — আঘাত দান।

**আঘ্রাণ** — গন্ধগ্রহণ, শোঁকা ('—করা, লওয়া')। ... **আঘ্রাত** — যাহা শোঁকা হইয়াছে। ... **আঘ্রায়ক** — আঘ্রাণকারী।

**আঙটা, আঙরা, আঙরাখা** (আং- দেখ)

**আঙার]** < অংগার, কয়লা।

**আঁঙনা** (আঁংগনা দেখ)

**আঙুর, আঙুল** (আংগু- দেখ)

**আঙোট, আংগোট** [ <অংগ-বর্ত ] অখণ্ড ('—কলাপাত')

**আঙোট, আঙোঠ]** — পায়ের বুড়া আঙুলের আংটা।

**আংগ** — অংগ সম্বন্ধীয়। আংগিক।

**আংগটি** (আংটি দেখ)

**আংগিক** — অংগ সম্বন্ধীয়। বিষয় সম্বন্ধীয়। অংগভংগীদ্বারা ব্যক্ত ('—অভিনয়')

**আংগিনা / আঁঙনা]** <অংগন, উঠান।

**আংগিয়া]** — স্ত্রীলোকদের জামা, কাঁচুলী। শিশুদের পাজামা বা জাঙিয়া।

**আংগিরস** — দেবগুরু বৃহস্পতি।

**আংগুর / আঙুর** [ফা. অংগুর] দ্রাক্ষা।

**আংগুল / আঙুল]** < অংগুলি। ... **আঙুলহাড়া]** আঙুলের মাথা পাকিয়া ওঠা।

**আঁচ ১** [ < অর্চি ] আগুন ইঃর ঝাঁজ, তাপ ('—লাগা। নরম আঁচে রান্না')

**আঁচ ২** [ < অন্‌চ্‌- ] অনুমান, ('—করা')। ইংগিত, আভাস ('কথার—')

**আচকা]** — অকস্মাৎ।

**আচকান** [ফা.] চাপকান সদৃশ জামা বিঃ (সম্মুখে সোজা বোতামের সারি)

**আচঞ্চল** — ঈষৎ চঞ্চল।

**আঁচড়]** দাগ, ঈষৎ গভীর রেখা ('—কাটা, দেওয়া, লাগা') নখাঘাত। ... **আঁচড়ানো** [ √আঁচ্‌ড়া-১৭ ] আঁচড় দেওয়া, নখাঘাত করা। রেখাপাত করা। কেশ-সংস্কার করা ('চুল—') ষ্য. **আঁচাড়া** — যাহা দিয়া মাটিতে বা কাঠে আঁচড় দেওয়া হয়।

**আচমকা]** আচম্বিতে, সহসা, হঠাৎ, চমকিত করিয়া।

**আচমন** — আঁচানো, হস্তমুখাদি প্রক্ষালন। ... **আচমনীয়** — হাত মুখ ধুইবার জল। যাহা খাইলে আঁচাইতে হয়।

**আচমনক** — ডাবর। পিকদানী।

**আচম্বিতে]** আচমকা (দেখ)

**আঁচর, আঁচোর]** <অঞ্চল (পদ্যে)

**আচরণ** — আচারব্যবহার, চালচলন। ব্যবহার ('অপ্রত্যাশিত—')। অনুষ্ঠান ('ব্রত—')। ... **ণ. আচরিত**। ... **আচরণীয়** — অনুষ্ঠেয়। ব্যবহারযোগ্য ('জলাচরণীয়')

**আঁচল]** <অঞ্চল, শাড়ি ইঃর প্রান্ত। ... **আঁচলা]** কারুকার্যশোভিত আঁচল।

**আঁচা** [ √আঁচ্‌-৭। < অন্‌চ্‌ ] আন্দাজ করা।

**আঁচানো** [ √আঁচা-১১। <আ-চম্‌ ] আচমন করা।

**আচাভুয়া / -য়ো]** অত্যদ্ভুত।

**আচার১** — আচরণ, চালচলন, ('সদাচার')। রীতি ('দেশাচার')। সংস্কার ('স্ত্রী-আচার')। নিষ্ঠা, সদাচার ('-বান্‌')। ... **আচারী** (-রিন্‌) — নিষ্ঠাবান্‌, সদাচারী।

**আচার২** [পো. achar] তৈলাদি সহ-যোগে রক্ষিত অম্লখাদ্য ('আমের—')

**আচার্য** — শাস্ত্র-অধ্যাপক। শিক্ষাগুরু। দৈবজ্ঞ ব্রাহ্মণ, গ্রহবিপ্র। ... **আচার্যা** — শিক্ষাদায়িনী। ... আচার্যানী — আচার্য-পত্নী।

**আচালা]** যাহা চালা হয় নাই।

**আঁচিল]** তিল, উপমাংস। wart.

**আচোট]** অচষা, পূর্বে অব্যবহৃত ('—জমি')

**আচ্ছন্ন** — আবৃত, ঢাকা। ব্যাপ্ত। অচৈতন্য, অভিভূত।

**আচ্ছা** [ <অস্তু ] সম্মতিসূচক উক্তি। উত্তম, ভাল; খুব ('—ক'রে পড়')

**আচ্ছাদক** — আবরক, যে আচ্ছাদন করে।

**আচ্ছাদন, আচ্ছাদ** — আবরণ, ঢাকা। আবরক, ছাউনি। পরিধেয় বস্ত্র ('গ্রাসাচ্ছাদন')। ঢাকনি। ... **আচ্ছাদনীয়, আচ্ছাদ্য** — আচ্ছাদনের যোগ্য। ... **আচ্ছাদিত** — আবৃত, ঢাকা। ছাওয়া, ছাদবিশিষ্ট।

**আচ্ছিন্ন** — সম্যক্ ছিন্ন। যাহা ছিন্ন করিয়া লওয়া হইয়াছে।

**আছড়া** ] ছড়া, ছিটা, সেচন ('জল—') ...

**আছড়া-আছাড়ি** ] — বারবার আছাড় দেওয়া।

**আছড়ানো** [ √আছ্ড়া-১৭। <আ-ছদ্ ] ছিটানো। আছাড় দেওয়া।

**আছাড়** ] জোরে নিক্ষেপ বা পতন ('—দেওয়া, খাওয়া') ... **আছাড়ি-পাছাড়ি** ] হাত পা ছুড়িয়া কাতরতা প্রকাশ।

**আছালতন** (আ) — কাহারও মারফতে নয় নিজে হাজির হইয়া।

**আছি, আছে ইঃ** [ √আছ্-৭। <অস্ ] থাকা, রহা ('তার টাকা আছে; জ্বর, সময়, রাগ—। ঘরে মানুষ আছে, সে দেশে—')। অবস্থা বিশেষে থাকা, হওয়া ('সে ভাল আছে, তিনি নাহয় বড় লোক আছেন')

**আছিদর** (প্রাচীন সাহিত্যে) ধৃষ্ট, শঠ, প্রতারক।

**আছিল** ] ছিল (পদ্যে। 'আছিলা' — ছিলেন)

**আছুক** — থাকুক।

**আছোলা** ] — যাহা চাঁছা হয় নাই। যাহার ছাল তোলা হয় নাই।

**আজ** ] <অদ্য, বর্তমান দিন, ('—ভাল দিন')। বর্তমান দিনে ('—আসবে')। অধুনা ('—তিনি বড়লোক, কিন্তু পূর্বে কি ছিলেন')। ... **আজকার, আজিকার, -কের** ] অদ্য দিবসের। ... **আজকাল** ] অধুনা, বর্তমানকাল। ('আজিকালি প্রা অপ্রঃ)। ... আজকে ] আজ, অদ্যদিবসে। ... **আজ-নয়-কাল** ] দীর্ঘসূত্রতা, গড়িমসি। **আজি, আজিকে** ] আজ (পদ্যে)

**আজগবী / -গুবী** ] ভুত, বিশ্বাসের অযোগ্য।

**আজন্ম** — জন্মাবধি, যাবজ্জীবন।

**আজনাই, আঁজনাই** ] <অঞ্জনিকা — নেত্র-রোগ বিঃ।

**আজব** [ আ. অজব ] আশ্চর্য। ... **আজব ঘর** — যাদুঘর, প্রত্নশালা। Museum.

**আজবক** (তু) — < উজবেক — উজবুক, নির্বোধ।

**আঁজলা, আঁজল** ] < অঞ্জলি, করপুট।

**আজা** ] **আর্যক** — পিতামহ, মাতামহ। স্ত্রী. আজী < আর্যিকা।

**আজাড়** ] শূন্য, নিঃশেষ, উজাড়। √ **আজড়া** — খালি করা।

**আজাড়িয়া** ] — যাহার জাড় (জড়) বা মূল নাই — অমূলক। (লোকমুখে — আষাঢ়িয়া। — গল্প)

**আজাদ** (ফা.) — মুক্ত, স্বাধীন। ... **আজাদি** — স্বাধীনতা।

**আজান** [ আ. অজান ] নমাজের জন্য সকলের উদ্দেশ্যে আহ্বানমন্ত্র পাঠ।

**আজানু** — জানু পর্যন্ত ('-লম্বিত')

**আজি** (আজ দেখ)

**আঁজি** ] ডোরা, রেখা ('-কাটা')

**আজীব** — বৃত্তি, ব্যবসায়। জীবিকার উপায়। (ব্যবহারাজীব, ভিক্ষাজীব)

**আজীবন** — চিরজীবন, যাবজ্জীবন।
**আজীব্য** — উপজীব্য, জীবিকার অবলম্বন।
**আজীমা** (আই দেখ)
**আজুলী, আজলী**] — নেকী, আহ্লাদী, আদুরী — পুং আজল।
**আজেবাজে**] তুচ্ছ, নানাপ্রকার, বাজে।
**আজ্জানো** [ √আজ্জা-১৭ ] রোপণ বা বপন করা ('গাছ, বীজ—')
**আজ্ঞা**—আদেশ, অনুজ্ঞা, হুকুম, অনুমতি ('—করা, দেওয়া। **যথা** আজ্ঞা, যে আজ্ঞে')। ... **আজ্ঞা — আজ্ঞে**] মান্য ব্যক্তির কথায় সাড়া। ... **আজ্ঞাকারী** (-রিন্)—আজ্ঞাদাতা। আজ্ঞাপালক। ... **আজ্ঞাচক্র** — (যোগশাস্ত্রে) ষট্‌চক্রের অন্তর্গত চক্র বিঃ। ... **আজ্ঞাধীন, আজ্ঞাবহ** — আজ্ঞার অনুবর্তী, আদেশ-পালক। ... **আজ্ঞাপক** — আজ্ঞাদাতা, আদেশক। নিয়োগকর্তা। ... **আজ্ঞাপত্র, -লিপি** — আদেশপত্র, হুকুমনামা। ... **আজ্ঞাপন** — আদেশদান। ... **আজ্ঞাপিত** —আদিষ্ট।
**আজ্য** — হবি, যজ্ঞীয় ঘৃতাদি।
**আঝোড়া**] — ছোট ছোট ডালপালা ও গাঁইটগুলি কাটিয়া চাঁছিয়া যাহার বাদ দেওয়া হয় নাই।
**আঞ্জনি, আঞ্জুনি** [ <অর্জুন ] চোখের পাতায় ব্রণ। (আঞ্জিনেয় দেখ)
**আঞ্জনেয়** — অঞ্জনানন্দন, হনুমান্।
**আঞ্জা**] এক সন্তানের জন্ম হইতে পরবর্তী সন্তানের জন্মকালের ব্যবধান।
**আঞ্জাম** [ ফা ] নির্বাহ, সরবরাহ।
**আঞ্জিনেয়** — আঞ্জনি, আঞ্জুনি, আজনাই, টিকটিকি-জাতীয় প্রাণী বিঃ।
**আঞ্জীর** — [ ফা ] ডুমুর জাতীয় মিষ্ট ফল বিঃ fig.
**আঞ্জুমান** [ ফা ] সমিতি।

**আট**] <আষ্ট, ৮ অংক বা পরিমাণ। ... **আটকৌড়ে**] শিশুর জন্মের পর অষ্টম দিনে অনুষ্ঠেয় সংস্কার বিঃ। ... **আট-খানা**] অস্থির, কুটি কুটি ('আহ্লাদে —')। ... **আটঘাট. -কাট, -কাঠ** [ <-ঘট্ট, -কাষ্ঠা ] অষ্টদিক্, সর্বপ্রকার বাধা-বিপত্তির দ্বার ('—বাঁধা')। ... **আট-চালা**] আট চাল বিশিষ্ট মণ্ডপ। ... **আটপৌরে** [ <অষ্টপ্রহরিকা ] অষ্ট-প্রহর পরিবার যোগ্য, সর্বদা ব্যবহার্য ('—কাপড়'), **আটাশ**. ২৮, **আটত্রিশ,** ৩৮, **আটচল্লিশ,** ৪৮, **আটান্ন,** ৫৮, **আটষট্টি,** ৬৮, **আটাত্তর,** ৭৮, **আটাশি,** ৮৮, **আটানব্বই,** ৯৮।
**আঁট**] ষ্য. দৃঢ়তা, বাঁধনি; যুক্তি ('কথার—')। যত্ন ('কাজে—')। **ণ.** টান যুক্ত দৃঢ় ('—করা, হওয়া') ... **আঁটসাঁট**] — দৃঢ়বন্ধ, ঢিলেঢালা নয়। ... **আঁটিসাঁটি**] — কষাকষি, কড়াকড়ি।
**আটক**] ষ্য. বাধা, প্রতিবন্ধক। কয়েদ, অবরোধ ('—করা')। **ণ.** অবরুদ্ধ।
**আটকপালে**] হতভাগ্য।
**আটকা**] অবরুদ্ধ। বাধা প্রাপ্ত। থাকিতে বাধা ('—পড়েছে')
**আটকানো** [ √আট্‌কা-১৭ ] বাধা দেওয়া বা পড়া ('কাজ —')। আবদ্ধ করা ('ছাগল —। দেওয়ালে —')। বাধিয়া যাওয়া ('দাঁতে —')
**আটকে** [ ওড়িয়া একাটিয়া = একজনের ভাতের হাঁড়ি ] জগন্নাথ ইঃর ভোগের নিমিত্ত অর্থদান যাহাতে একজন নিত্য প্রসাদ পাইতে পারে ('—বাঁধা')
**আঁটকুড়**]—উচ্ছিষ্ট দ্রব্যাদি ফেলিবার কুণ্ড।
**আঁটকুড়া -কুড়ো**] নিঃসন্তান। ... **স্ত্রী. -কুড়ী**]
**আটন**] — দেবতার বেদী।

**আঁটনি / আঁটুনি**] বন্ধনের দৃঢ়তা ('বজ্র—')

**আটপিঠে**] কষ্টসহিষ্ণু।

**আটবিক** — অটবী সম্বন্ধীয়, আরণ্য। অরণ্যবাসী।

**আটা**] গমের গুঁড়া (ময়দার অপেক্ষা মোটা)। আট ফোঁটা চিহ্নিত তাস। (আঠা দেখ)

**আঁটা** [√আঁট্-৭] শক্ত করা, কষা। বন্ধ করা। আঠা ইঃ দিয়া জোড়া ('টিকিট—')। কুলানো, স্থান হওয়া ('ঘরে জিনিসপত্র—')। দমন করা ('তাকে — শক্ত')। গ. জোড়া, বন্ধ।

**আঁটাআঁটি**] বাঁধাবাঁধি, কষাকষি। কঠিন নিয়ম।

**আটাল** (আঠাল দেখ)

**আঁটালো, আঁটাল, অাঁটো**] শক্ত, মজবুত।

**আটাসে**] যে সন্তান অষ্টম মাসে জন্মে, দুর্বল। মাসের ২৮ তারিখ।

**আটি, আঁটি**] তৃণাদির গুচ্ছ ('—বাঁধা')

**আঁটু**] — হাঁটু।

**আঁটুলি, এঁটুলি**] — পশুদেহের এক-প্রকার চর্মকীট।

**আঁটো**] — গ. কষা (বিপঃ-ঢিলে, আলগা)। খাটো (জামা, জুতা)। গাঢ়, ঘন।

**আটোপ** — দম্ভ, দর্প।

**আঠা, আটা**] গঁদ, কাই, লেই। চটচটে জিনিস। আগ্রহ, অভিনিবেশ ('কাজে — নেই')। **আঠাকাঠি** — আঠা লাগানো কাঠি পাখী ধরার জন্য শিকারীদের দ্বারা ব্যবহৃত।

**আঠার, -রো**] অষ্টাদশ, ১৮ অংক বা পরিমাণ।

**আঠাল, -লো, আটাল, -লো**] চটচটে, আঠাযুক্ত।

**আঁঠি, আঁটি** [<অস্থি] বড় বীজ ('আমের —')। (আটি দেখ)

**আড়**] ষ্য. আড়াল। পার্শ্ব। জড়তা ('কথার —।— ভাঙা')। চওড়ার দিক, ওসার, প্রস্থ ('আড়ে বহরে')। গ. তেরছা, বাঁকা ('-চোখে')। এড়ো, across. (§ আড়াআড়ি)। ... **আড়পার**] অপর তট, পরপার। ... **আড় ভাঙা**] সোজা করা। কথার বা দেহের জড়তা দূর করা। ... **আড়মোড়া**] নিদ্রা ইঃর পর জড়তা-নাশের জন্য অংগবিক্ষেপ ('—ভাঙা')

**আড়, আইড়**] — মৎস্য বিঃ।

**আড়**] <অর্ধ। (আড়কালা, আড়পাগলা, আড়ঘোমটা)।

**আড়কাঠ**] কড়িকাঠ।

**আড়কাঠী, -টী**] কুলী সংগ্রহকারী। recruiter. যে ব্যক্তি বন্দরের নিকটে জাহাজ চালাইবার ভার লয়, pilot.

**আড়কোলা**] — পাথালিকোলা।

**আড়খেমটা**] সংগীতের তাল বিঃ।

**আড়গড়া**] অশ্বশালা। অশ্বব্যবসায়ীর আস্তাবল। কাঠগড়া।

**আড়ং, আড়ংগ**] গোলা, গঞ্জ, হাট, মেলা।

**আড়চা**] — বাঁকা।

**আড়ত**] গোলা, depot. ... **আড়তদার**] যে অন্যের মাল নিজের গোলায় রাখে ও বিক্রয় করে। ... **আড়তদারি**] ঐ ব্যবসায়। অন্যের মাল বেচিবার জন্য আড়তদারের প্রাপ্য অর্থ। ... গ. **-দারী**]

**আড়মোড়া** (আড় দেখ)

**আড়ম্বর** — ঘটা, জাঁকজমক। বাহুল্য। মেঘধ্বনি। রণবাদ্য। গর্ব।

**আড়ষ্ট**] জড়তুল্য। সংকুচিত, অস্বচ্ছন্দ।

**আড়া**] আড়কাঠ। ঘরের সাংগা। গঠন ('বে-')

**আড়া**] — ঝাঁপ বসাইয়া স্রোতের গতি আটকাইয়া মাছ ধরার ব্যবস্থা। ধান্যের মাপ বিঃ। ধান্য মাপের জন্য বেতের পাত্র (ধামা)।

**আড়াআড়ি**] **ণ.** চওড়ার দিকে স্থিত। বাঁকাভাবে স্থিত। ষ্য. **শত্রুতা**। প্রতিদ্বন্দ্বিতা।

**আড়াই** [ < অর্ধতৃতীয় ] সার্ধদ্বয়, ২৷৷, ২½।

**আড়াঠেকা**] সংগীতের তাল বিঃ।

**আড়ানা**] রাগিণী বিঃ।

**আড়ানি**] রাজচ্ছত্র। শোভাযাত্রার জন্য বড় ছাতা বা পাখা।

**আড়াল**] অন্তরাল, আবরণ।

**আড়ি**] মনান্তর, চটাচটি। লুকাইয়া শোনা ('—পাতা') ... **আড়াআড়ি**] — শস্যাদি রাখিবার ও মাপিবার পাত্র। ছোট ধামা। পাশা খেলায় পণ।

**আঁড়িয়া**] — এঁড়ে বাছুর। স্তন্যপায়ী শিশুর জননী গর্ভবতী হইলে স্তন্যাভাবে শিশুর অপুষ্টি ও ক্ষীণতা। **আঁড়িয়া** — অপিনিহিতিতে আঁইড়া।

**আড়ুলি** — নদীর উঁচু পাড়।

**আড়েহাতে**] সজোরে। উঠিয়া পড়িয়া, সোৎসাহে ('—লাগা')

**আড্ডা**] মিলনের স্থান, আখড়া। বাসস্থান ('—গাড়া')। কুলোকের মিলনস্থান ('চোরের, গাঁজার —')। আমোদপ্রমোদের বৈঠক ('তাসের —')। আড্ডায় যোগ ('—দেওয়া, মারা')। ... **আড্ডাধারী**] আড্ডার প্রধান ব্যক্তি। যে আড্ডায় যায়। **আড্ডাবাজ** — ইহার দোস্তদের দলে যে বেশি সময় কাটায়। বিঃ।

**আঢ়ক** — ধান্যের মাপ। বৃষ্টিপাতের মাপ।

**আঢ়কী** — অড়হর। আইড়ি।

**আঢাকা**] অনাবৃত, খোলা।

**আঢ্য** — ধনী। সম্পন্ন ('ধনাঢ্য, গুণাঢ্য')

**আণব, আণবিক** — অণু সম্বন্ধীয়।

**আণ্ডা, এণ্ডা**] < অণ্ড, ডিম। ... **আণ্ডা-বাচ্চা**] ছানাপোনা, ছেলেপুলে।

**আণ্ডিল, -ণ্ডী-** [ < আণ্ডার ] প্রচুর ধনশালী ('টাকার —')

**আণ্ডীর** — ডিম্ববহুল। অণ্ডযুক্ত।

**আঁত**] < অন্ত্র। পেট, অন্ত্র, জঠর। অন্তর, হৃদয় ('আঁতে ঘা')। ... **আঁতড়ি**] নাড়ীভুঁড়ি।

**আঁতকানো** [ √আঁত্‌কা-১৭। < আ-তন্‌ক্‌ ] আতঙ্কিত হওয়া, ভয়ে চমকানো।

**আতঙ্ক** — ভয়, বিভীষিকা। সন্তাপ। ... **ণ. আতঙ্কিত**।

**আতত** — বিস্তৃত, প্রসারিত।

**আততায়ী** (-য়িন্‌) — হিংস্র বা বধোদ্যত শত্রু। (সং) গৃহদাহক, বিষদাতা, ভূমি, দারা বা ধন অপহারক, শস্ত্রপাণি। ... ষ্য. **আততায়িতা**।

**আতপ**—রৌদ্র। ... **আতপ-তণ্ডুল**—আলো -চাল (দেখ)। ... **আতপত্র**—যাহা আতপ হইতে রক্ষা করে, ছত্র।

**আতর** [ আ. ইত্‌র্‌ ] পুষ্পসার (প্রায় — পুষ্পগন্ধযুক্ত চন্দনতৈল)

**আঁতর**] < অন্তর — ব্যবধান। (ব্রজবুলি)

**আতশ** [ফা] অগ্নি। ... **আতশবাজি** তুবড়ি হাউই ইঃ। ... **আতশী**] আগ্নেয়। ... **আতশী কাচ**] যে কাচ দ্বারা সূর্যকিরণ কেন্দ্রীভূত করিলে আগুন জ্বলে।

**আতা** [ পো. ] ফল বিঃ (হি. সরিফা, সীতাফল)

**আতান্তর** (অথান্তর দেখ)

**আতাম্র** — ঈষৎ তাম্রবর্ণ। পাটল।

**আতালি**] — মঞ্চ, ভারা।

**আতিক্ত** — **আতিত, আতিতা**] ঈষৎ তিক্ত।

**আতিথেয়** — অতিথিসেবাপরায়ণ ... ষ্য. **-তা**।

**আতিথ্য** — অতিথিসৎকার। আশ্রয় খাদ্য ইঃ ('-গ্রহণ')

**আতিপাতি** — তন্ন-তন্ন।

**আতিশয্য** — আধিক্য।

**আঁতুড়** ] সূতিকাগার।

**আতুর** — রোগী। আর্ত, কাতর।

**আতৃপ্য** — আতাফল।

**"আত্তি"** ] আত্মীয়তা, মমতা।

**আতোদ্য** — বিবিধ প্রকারের বাদ্য।

**আত্ত** — আদত্ত, প্রাপ্ত।

**আত্তীকরণ** — (জীববিদ্যায়) দেহের অংগীভূত করণ, assimilation.

**আত্ম-** (আত্মন্) — আপনার, নিজের স্বীয়। আত্মা সম্বন্ধীয়।

**-আত্মক** — গঠিত, তদ্ভাব- বা তদ্গুণ-অন্বিত ('জড়াত্মক, রসাত্মক')। ... স্ত্রী. — **-আত্মিকা**।

**আত্মকলহ** — গৃহবিবাদ। স্বজাতির মধ্যে বিবাদ।

**আত্মকৃত** — স্বকৃত, নিজের করা।

**আত্মগত** — স্বগত। আত্মনিষ্ঠ।

**আত্মগর্ব** — নিজের অহংকার। ... ণ. **-গর্বী**।

**আত্মগোপন, আত্মগুপ্ত** — নিজেকে বা নিজ মনোভাব লুকানো।

**আত্মগ্লানি** — অনুতাপ।

**আত্মঘাতী** (-তিন্) — আত্মহত্যাকারী, আত্মহা।

**আত্মজ** — পুত্র। ... **আত্মজা** — কন্যা।

**আত্মজ্ঞ** — যে আত্মার তত্ত্ব জানে। যে নিজের দোষগুণ বা স্বভাব জানে।

**আত্মজ্ঞান** — আত্মা বা পরমাত্মার জ্ঞান।

**আত্মতত্ত্ব** — আত্মজ্ঞান, আত্মার তত্ত্ব।

**আত্মতুল্য** — নিজের মতন।

**আত্মত্যাগ** — স্বার্থত্যাগ। আত্মোৎসর্গ। ... আত্মত্যাগী (-গিন্)

**আত্মদর্শন** — আত্মার স্বরূপ বোধ। আত্ম-পরীক্ষা, অন্তর্দর্শন। ... **আত্মদর্শী** (-র্শিন্)। ... ষ্য. **-দর্শিতা**। ... **আত্মদ্রষ্টা** (-ষ্টৃ)

**আত্মদোষ** — নিজের দোষ ('-ক্ষালন')

**আত্মদ্রোহ** — আত্মকলহ (দেখ)। আত্ম-পীড়ন। ... **আত্মদ্রোহী** (-হিন্)

**আত্মনিগ্রহ** — ইচ্ছা করিয়া কৃচ্ছ্রসাধনের দ্বারা নিজ দেহকে পীড়ন করা।

**আত্মনির্ভর** — নিজের ক্ষমতায় নির্ভর, স্বাবলম্বন।

**আত্মনিষ্ঠ** — আত্মজ্ঞানে নিষ্ঠাযুক্ত। ব্রহ্মনিষ্ঠ।

**আত্মপর** — আপনি ও পর। স্বপক্ষ ও বিপক্ষ।

**আত্মপরায়ণ** — স্বার্থপর।

**আত্মপ্রত্যয়**—নিজের মনে সত্যের উপলব্ধি, আত্মপ্রমাণ। আত্মনির্ভর।

**আত্মপ্রবঞ্চনা** — নিজেকে বৃথা সান্ত্বনা দান। নিজেকে ভোগাদি হইতে বঞ্চিত করা।

**আত্মপ্রসাদ** — নিজের মনে তৃপ্তি।

**আত্মবৎ** — নিজের মতন।

**আত্মবন্ধু** — আত্মীয় সুহৃৎ, ঘনিষ্ঠ বন্ধু-বান্ধব।

**আত্মবর্গ** — স্বজনসমূহ।

**আত্মবলি** — আত্মোৎসর্গ।

**আত্মবশ** — **ণ.** স্ববশ, স্বাধীন। ষ্য. আত্ম-সংযম।

**আত্মবিক্রয়**—অপরের ইচ্ছাধীন হইয়া নিজের স্বাতন্ত্র্য বর্জন।

**আত্মবিচ্ছেদ** — স্বজনের সহিত সম্বন্ধ লোপ। গৃহবিবাদ।

**আত্মবিৎ, -বিদ্** (-বিদ্), **-বেদী** (-দিন্)— আত্মজ্ঞ।

**আত্মবিদ্যা** — অধ্যাত্মবিদ্যা, পরমার্থতত্ত্ব, ব্রহ্মবিদ্যা।

**আত্মবিলোপ** — আত্মগোপন। নিজের কর্তৃত্ব নাম যশ লাভ ইঃ পরিহার।

**আত্মবিস্মরণ, -বিস্মৃতি** — নিজের অস্তিত্ব স্বাতন্ত্র্য বা গুণাগুণ ভুলিয়া যাওয়া। আপনভোলা ভাব, তন্ময়তা। ... **ণ. আত্মবিস্মৃত।**

**আত্মবুদ্ধি** — আত্মজ্ঞান। আপনার বুদ্ধি।

**আত্মমর্যাদা** — নিজের মান, আত্মসম্মান।

**আত্মম্ভরি** — স্বার্থপর, অহংসর্বস্ব। ... ষ্য. **-তা, -ত্ব।**

**আত্মরক্ষা** — নিজেকে বাঁচানো।

**আত্মশুদ্ধি** — আপনার চিত্তের শুদ্ধতা সম্পাদন, আত্মশোধন।

**আত্মশ্লাঘা**—নিজের গৌরব কথন, আত্মগর্ব, বড়াই। ... **আত্মশ্লাঘী** (-ঘিন্)

**আত্মসংযম** — মনঃসংযম। ইন্দ্রিয়সংযম।

**আত্মসমর্থন** — নিজের আচরণ ও ভাষণকে যথাযথ বলিয়া প্রমাণ করিবার জন্য যুক্তি প্রদর্শন।

**আত্মসমর্পণ**—সম্পূর্ণভাবে অন্যের বশ্যতা স্বীকার।

**আত্মসম্মান** — আত্মমর্যাদা।

**আত্মসাৎ** — কবলিত, হস্তগত, অন্যায়ভাবে গৃহীত ('—করা')। নিজের সহিত একীভূত।

**আত্মসার** — আত্মম্ভরি, স্বার্থপর।

**আত্মস্থ** — আত্মায় স্থিত। হৃদয়স্থ। প্রকৃতিস্থ।

**আত্মহত্যা** — নিজের প্রাণনাশ।

**আত্মহা** (-হন্) — আত্মঘাতী।

**আত্মা** (আত্মন্)—জীবাত্মা, চৈতন্যময় সত্ত্ব। পরমাত্মা, ব্রহ্ম। স্বভাব, মন, হৃদয় ('পাপাত্মা, দীনাত্মা')। স্বয়ং ('আত্মবৎ')

**আত্মানন্দ — আধ্যাত্মিক উল্লাস।**

**আত্মাপরাধ**—স্বকৃত অপরাধ, নিজের দোষ।

**আত্মাপহারক, -হারী** (-রিন্)—যে নিজের পরিচয় গোপন করিয়া বঞ্চনা করে। কপট, প্রবঞ্চক।

**আত্মাপুরুষ** ] আত্মা। প্রাণ।

**আত্মাভিমান**—আত্মমর্যাদাবোধ, অহমিকা।

**আত্মারাম** — আত্মজ্ঞানলাভহেতু তৃপ্ত। (বাং) আত্মাপুরুষ, প্রাণ। টিয়া ময়না ইঃকে সম্বোধন।

**আত্মীয়** — স্বজন, আপনার সহিত সম্বন্ধযুক্ত, জ্ঞাতি, কুটুম্ব, অন্তরঙ্গ। স্বকীয়। ... স্ত্রী. **-য়া।** ... **আত্মীয়তা — স্বজনের** সম্বন্ধ। হৃদ্যতা।

**আত্মোৎসর্গ** — সর্বতোভাবে স্বার্থত্যাগ। কোনও মহৎ কর্মে জীবনদান।

**আত্মোন্নতি** — নিজের বা নিজ স্বভাবের উন্নতি।

**আত্মোপম** — নিজের তুল্য। ... ষ্য. **আত্মোপম্য।**

**আত্যন্তিক** — অত্যন্ত, অশেষ। ... ষ্য. **-তা।**

**আত্যয়িক** — প্রাণান্তকর, বিপজ্জনক।

**আত্রেয়ী** — অত্রি মুনির কন্যা। উত্তর বঙ্গের নদী বিঃ।

**"আথান্তর, আতা"-** [ <অবস্থান্তর ] বিপদ্, সংকট।

**আথালিপাথালি** ] — ' চারিদিকে। যেখানে সেখানে।

**আথিবিথি** ] ব্যস্ত হইয়া (পদ্যে)

**আদ** ] <আদি, মূল, প্রথম ('—বাড়ি')

**আদত** [ আ ] ষ্য. অভ্যাস, স্বভাব। রীতি। **ণ.** আসল, খাঁটী, সত্য। আস্ত, সমগ্র।

**আদত্ত** — গৃহীত।

**আদব** [ আ. অদব ] শিষ্টাচার ('-কায়দা') ... আদবকায়দাদুরস্ত — শিষ্টাচারসম্মত।

**আদবে, -পে** ] <আদৌ, মূলে, মোটে, একেবারে।

**আদম** [ আ ] ইহুদী খৃীস্টান ও মুসলমানের পুরাণে উক্ত আদি মানব, Adam.

**আদমশুমার** [ আ-ফা ], **-রি** ] লোকগণনা, census.

**আদমী** [ আ ] মানুষ, ব্যক্তি।

**আদর**—খাতির, যত্ন, কদর, মর্যাদা। প্রীতি, ভক্তি। প্রেম বা স্নেহ প্রদর্শন। (§ আদুরী, আদুরে, আদৃত, আদ্রিয়মাণ)। ... **আদরণীয়**—আদরের যোগ্য। ... **আদরিণী**—আদরের পাত্রী। আদুরী।

**আদরা** ] আদল, ক্ষীণ সাদৃশ্য। চিত্র রচনা ইঃর সংক্ষিপ্ত প্রথম অবস্থা।

**আদর্শ**—অনুকরণীয় শ্রেষ্ঠ বিষয়। নমুনা দর্পণ, আরশি।

**আদল** ] সাদৃশ্য, চেহারার মিল ('—আসা')

**আঁদলসা, আঁদরসা** ] — চালের গুঁড়ি দিয়া তৈরি গুড়যুক্ত পিঠা বিঃ।

**আদলী** — ভাঙা হাঁড়ির নিম্নার্ধ। ইহাতে চারাগাছ লাগানো হয়।

**আদা** ] < আর্দ্রক, মূল বিঃ, শৃঙ্গবের (মসলা)

**আদাড়** ] জঞ্জাল ফেলার স্থান। ... **আদাড়ে** ] জঞ্জালে বা বনজঙ্গলে উৎপন্ন ('—কচু')

**আঁদাড়-পাঁদাড়** — বাড়ীর আশে-পাশে অব্যবহৃত অশুচি অপরিচ্ছন্ন স্থান।

**আদান** — গ্রহণ। (§ আদত্ত)। ... **আদানপ্রদান** — দানপ্রতিগ্রহ, দেওয়ানেওয়া। বিবাহাদি সম্বন্ধ স্থাপন। সামাজিক ব্যবহার।

**আদাব** [ আ ] মুসলমানী অভিবাদন, সেলাম।

**আদায়** [ আ. অদা ] উসুল, সংগ্রহ ('খাজনা — করা')

**আদালত** [ আ ] বিচারালয়। ... ণ. **-তী** ]

**আদি** — প্রথম, মূল। উৎপত্তিস্থান। হেতু, নিদান। প্রমুখ, ইত্যাদি ('ইন্দ্রাদি, বৃক্ষলতাদি')। প্রাচীন ('-নিবাস')। (§আদৌ, আদ্য)। ... **আদিকবি** — বাল্মীকি। ... **আদিপুরুষ** — যে পুরুষ হইতে বংশগণনা করা হয়, বংশপ্রবর্তক। ... **আদিবাসী** (-সিন্) — অধিবাসী আদিম জাতি। ... **আদিভূত** — আদ্য, মূলস্বরূপ। প্রথমে উৎপন্ন।

**"আদিখ্যেতা"** ] — বাড়াবাড়ি, আতিশয্য। (আধিক্যেতা দেখ)

**আদিত্য** — সূর্য। অদিতি-কাশ্যপের দ্বাদশ পুত্র, বিবস্বান্ অর্যমা পুষা ইঃ।

**আদিম** — প্রথম। অতিপ্রাচীন। আদিবাসী ('—জাতি')

**আদিরস** — (অলংকারশাস্ত্রে) প্রথম রস, শৃঙ্গাররস (কাম-প্রেম বিষয়ক)

**আদিষ্ট** — আজ্ঞাপ্রাপ্ত। উপদিষ্ট। অনুজ্ঞাত। নিয়োজিত।

**আদুড়** ] খোলা, অনাবৃত ('—গা')

**আদুরে** ] অতিশয় আদরপ্রাপ্ত। আদরের পাত্র। ... স্ত্রী. **আদুরী** ]

**আদৃত** — আদরপ্রাপ্ত, সমাদৃত। সাগ্রহে সানন্দে গৃহীত। অভিনন্দিত, সম্মানিত।

**আদেখলে** ] (মূঃ যে পূর্বে দেখে নাই) দেখিবার বা পাইবার জন্য অতিব্যগ্র, হ্যাংলা, লোভী।

**আদেখা** (অদেখা দেখ)

**আদেশ** — আজ্ঞা, হুকুম, অনুমতি। নিয়োগ। উপদেশ। অনুশাসন, বিধি। (ব্যাকরণে) এক বর্ণের স্থানে অন্য বর্ণের উৎপত্তি। (§ আদিষ্ট)। ... **আদেশক,**

**আদেষ্টা** (-ষ্টৃ) — আজ্ঞাদাতা, আজ্ঞা-পালক। উপদেষ্টা। শাসক।

**আদেশ** — দেবতার আবেশ, প্রত্যাদেশ, ভর।

**আদৌ** — আদিতে, প্রথমে, আরম্ভে। অগ্রে, পূর্বে। কিছুমাত্র, মোটেই, আদবে।

**আন্দাশ**] — নালিশ, অভিযোগ।

**আন্দি**] — তুলাজাত চিকণ কাপড়, জামার জন্য ব্যবহৃত (আন্দির পাঞ্জাবী)

**আদ্য** — প্রথম, আদিম, আদিভূত। ... স্ত্রী. **আদ্যা**। ... **আদ্যপ্রান্ত** — আগাগোড়া। ... **আদ্যরস** — আদিরস। (বাং) প্রথমে কুলীনকন্যা বিবাহ করিয়া আবার মৌলিককন্যা বিবাহ। ... **আদ্যশ্রাদ্ধ** — মৃতের প্রথম শ্রাদ্ধ।

**আদ্যন্ত** — আদি-অন্ত, আদ্যোপান্ত, আগাগোড়া, সমস্ত।

**আদ্যা** — আদিভূতা। প্রকৃতি। মহাবিদ্যা, দুর্গা কালী ইঃ। ... **আদ্যাশক্তি** — মহামায়া।

**আদ্রিয়মাণ** — যে আদর পাইতেছে।

**আধ**] <অর্ধ, আধা। ... **আধ-আধ, আধো-আধো**] অসম্পূর্ণ, অস্ফুট ('—কথা')। ... **আধকপালে**] একদিকে মাথা ধরা ... **আধধেড়ে** — আধবুড়া, প্রৌঢ়। পূর্ণবয়স্ক (অবজ্ঞায়)। **আধ-পাগলা**] অল্প পাগলা, পাগলাটে। ... **আধপেটা**] যে পরিমাণ খাদ্যে আধা পেট ভরে। ... **আধবয়সী, আধা-, আধবুড়ো**] মধ্যবয়স্ক, প্রৌঢ়। ... **আধমরা** — মৃতপ্রায়।

**আধলা**] অর্ধভাগ, আধখানা। আধপয়সা। ইটের অর্ধ অংশ।

**আধা**] <অর্ধ। ... **আধাআধি**] সমান দুই অংশে।

**"আধাখেঁচড়া"**] অর্ধসম্পন্ন। ... **আধাসার** — অর্ধনিঃশেষিত। অর্ধাবশিষ্ট।

**আধান** — স্থাপন ('গর্ভাধান, অগ্ন্যাধান')। সঞ্চার ('বলাধান')। আধার, পাত্র। (§ আধেয়, আহিত)

**আধার** — পাত্র, যাহাতে কিছু থাকে ('জলাধার, গুণাধার')। আশ্রয়। স্থান।

**আঁধার**] <অন্ধকার।

**আধি** — মনঃপীড়া। বিপদ্।

**আঁধি, আন্ধি** [হি] ঝড় ও তাহার সঙ্গে ধূলায় চারিদিক অন্ধকার হওয়া।

**আঁধিসাঁধি** — অন্ধিসন্ধি, রন্ধ্রকুহর, গূহ্যতম তথ্য। ঠিকঠিকানা। শৃঙ্খলা।

**আধিকারিক** — উচ্চ কর্মচারী,

**আধিক্য** — আতিশয্য, অতিরেক, বেশি, প্রাবল্য।

**"আধিক্যেতা"**] বাড়াবাড়ি, অত্যধিক আদর বা মমতা প্রকাশ।

**আধিক্লিষ্ট** — শোকার্ত।

**আধিদৈবিক** — দৈবজাত। অতিবৃষ্টি ভূমি-কম্প ইঃ সম্বন্ধীয় (বিপদ্, দুঃখ)

**আধিপত্য** — প্রভুত্ব, কর্তৃত্ব। রাজত্ব।

**আধিভৌতিক** — পঞ্চভূত বা জীব হইতে উৎপন্ন (বিপদ্, দুঃখ)

**আধিরাজ্য** — অধিরাজের পদ বা রাজ্য। অধিকার।

**আধুত, আধূত** — ঈষৎ কম্পিত।

**আধুনিক** — বর্তমান কালের, হালের, ইদানীন্তন, অধুনাতন, সাম্প্রতিক, নব্য। ... স্ত্রী. **আধুনিকী** (আধুনিকা অশুদ্ধ)। ... ষ্য. **আধুনিকতা**।

**আধুনিকীকরণ** — বর্তমানযুগের বা ব্যবস্থার উপযোগী করা।

**আধুলি**] মুদ্রাবিশেষ (টাকার অর্ধ)

**আধৃত** — গৃহীত।

**আঁধুয়া** ] — এ'দো, পানাশেওলায় ভরা ঝোপজঙ্গলে অন্ধকার।

**আধেক** ] অর্ধেক।

**আধেয়**—স্থাপনযোগ্য। উৎপাদ্য। আধারস্থ বস্তু।

**অধোয়া** ] অধৌত, অপরিষ্কৃত। কোরা, আকাচা।

**আধ্মাত** — নিনাদিত। বায়ুদ্বারা স্ফীত।

**আধ্মান** — শব্দ, নিনাদ। ফাঁপ, স্ফীতি ('উদরাধ্মান')

**আধ্যাত্মিক**—আত্মা সম্বন্ধীয় ব্রহ্মবিষয়ক। মানসিক (বিপদ্, দুঃখ)

**আধ্যান** — স্মরণ। উৎকণ্ঠা।

**আন** ] <অন্য (পদ্যে। প্রাঅপ্র)

**আনক** — ঢাক, পটহ, ভেরী।

**আনকা / -কো** ] অজ্ঞাত ('—লোক')। অদ্ভুত।

**আনকোরা** ] নূতন, আধোয়া ('—কাপড়')। টাটকা, অমলিন, অব্যবহৃত ('—নোট')

**আনচান** ] আকুল ('প্রাণ — করা')

**আনত** — ঈষৎ নত। অবনত ... **আনতি** — অবনমন। প্রণাম। নম্রতা।

**আনদ্ধ** — আবদ্ধ। গ্রথিত। চর্মাবৃত ('—বাদ্য')

**আনন** — মুখ, বদন,

**আনন্তর্য** — অব্যবধান, অনন্তরত্ব।

**আনন্ত্য** — অনন্তের ভাব, অসীমত্ব।

**আনন্দ** — সন্তোষ, আহ্লাদ, তৃপ্তি ('-দান, -লাভ। — নেওয়া, পাওয়া')। সুখময় অবস্থা ('আনন্দে থাকা')। ... **আনন্দ-লহরী** — একতন্ত্রী বাদ্যযন্ত্র বিঃ। ... **আনন্দলাড়ু, -নাড়ু** ] চালের গুঁড়া গুড় ইঃ যোগে প্রস্তুত মিষ্টান্ন বিঃ।

**আনন্দন** — সন্তোষদান। অভিনন্দন। ... **আনন্দিত**—আহ্লাদিত, সন্তুষ্ট। সুখী।

**আনমন** — নোয়ানো। ঈষৎ নোয়ানো। বাঁকানো ... **প. আনমিত**। ... **আনমনীয়, আনম্য** — যাহা নোয়ানো বা বাঁকানো যায়।

**আনমনা** ] <অন্যমনা, অন্যমনস্ক।

**আনয়ন** — আনা, লইয়া আসা। (§ আনীত, আনেতা)

**আনর্থ, আনর্থক্য** — অনর্থকতা, ব্যর্থতা।

**আনা ১** [ √আন্-৭। <আ-নী ] লইয়া আসা। (§ আনানো)

**আনা ২** ] ৪ পয়সা। ... **আনা, আনি** ] ষোড়শাংশ ('পাঁচ আনির শরিক')। ... **আনি** ] ৪ পয়সা মূল্যের মুদ্রা।

**আনাগোনা** ] আসা-যাওয়া, যাতায়াত।

**আনাচ-কানাচ** ] গলি-ঘুঁজি, অন্তরালবর্তী স্থান।

**আনাজ** [ <অন্নাদ্য ] শাকসবজি, কাঁচা তরকারি।

**আনাড়** ] — যাহা নাড়া বা ছোঁয়া হয় নাই ('আনাড় রান্নাকরা খাদ্য')।

**আনাড়ী** [ <অজ্ঞানী ] অপটু, অনভিজ্ঞ, অশিক্ষিত। মূর্খ।

**আনানো** [ √আনা-১১। <আ-নী ] আনয়ন করানো।

**আনায়** — জাল, ফাঁদ।

**আনার** [ ফা ] বেদানা, ডালিম।

**আনারস** ] পো. ananas ] ফল বিঃ।

**আনীত** — যাহা আনা হইয়াছে।

**আনীল** — ঈষৎ নীল।

**আনুকূল্য**—সহায়তা, পোষকতা, অনুগ্রহ।

**আনুগত্য** — বশ্যতা। অনুবর্তন, অনুসরণ।

**আনুপাতিক** — অনুপাত অনুসারে বিচারিত।

**আনুপূর্বিক** — অনুপূর্ব, যথাক্রম। আগা-গোড়া।

**আনুপূর্ব্য -পূর্ব** — যথাক্রমতা, পরম্পরা।

**আনুমানিক** — অনুমানসিদ্ধ। আন্দাজী।

**আনুরূপ্য** — সাদৃশ্য।
**আনুষঙ্গিক** — মূল বিষয়ের সহিত গৌণভাবে সংশ্লিষ্ট।
**আনুষ্ঠানিক** — শাস্ত্রবিধিসম্মত। বিহিত অনুষ্ঠান অনুযায়ী। অনুষ্ঠানপালনকারী।
**আনূপ** — জলবহুল স্থান সম্বন্ধীয়। যে জন্তু জল ভালবাসে বা জলাভূমিতে থাকে।
**আনৃণ্য** — ঋণমুক্তি।
**আনেতা** (-তৃ) — আনয়নকারী।
**আন্তরিক, আন্তর** — মনোগত, হৃদয়ে নিহিত। হৃদয়জাত, হার্দিক; অকৃত্রিম ('— যত্ন')। অভ্যন্তর। ... স্ত্রী. **আন্তরিকতা**।
**আন্তরীক্ষ** — আকাশ সম্বন্ধীয়।
**আন্তর্জাতিক** — জাতির অন্তর্গত। (বাং) নানাজাতি সংবলিত, সার্বজাতিক, সার্বরাষ্ট্রিক।
**আন্ত্রিক** — অন্ত্র সম্বন্ধীয়। অন্ত্রের পীড়া জনিত।
**আন্দাজ** [ ফা. আন্দাজ. ] অনুমান। ... **আন্দাজ, -জী** ] আনুমানিক ('— দু হাত')। অনুরূপ, অনুযায়ী ('যত লোক সেই — চাল ডাল')
**আন্দোলন** — আলোড়ন। দোলানো। বিক্ষোভ। প্রচার বা বহুল আলোচনা দ্বারা উত্তেজনাসঞ্চার।...ণ. **আন্দোলিত**।
**আন্বীক্ষিকী** — ন্যায়দর্শন।
**আন্ধি** (আঁধি দেখ)
**আপক্ক** — অল্পপক্ক, ডাঁসা। অল্প সিদ্ধ।
**আপগা** — নদী।
**আপটকা** ] — পলকা, ভঙ্গুর।
**আপজাত্য** — কুলোচিত গুণাবলীর বা পূর্ব উৎকর্ষের অভাব,
**আপণ** — বিপণি, দোকান, হাট। ... **আপণিক** — দোকানদার। দোকান বা কেনা-বেচা সম্বন্ধীয়।
**আপতন** — আকস্মিক ঘটনা। আলোক-রশ্মির পতন।
**আপতিত** — সহসাগত। সহসা সংঘটিত।
**আপত্তি**—অসম্মতি, অমত। বিরুদ্ধ যুক্তি।
**আপদ্** (স্ত্রী.) — **আপদ** ] বিপদ্, দুর্দশা, দুঃখ। কোনও অপ্রীতিকর বিষয় ('— জুটেছে') √(ই আপন্ন)। ... **আপৎকাল** — বিপদের সময়। **আপদ্-ধর্ম** — আপৎকালে অবলম্বনীয় ধর্ম যাহা অন্যকালে অবিধেয়।
**আপন, আপনার** [ <আত্মন্ ] নিজ, নিজের। আত্মীয় ('— জন')। ... **আপনা-** ] নিজ, স্বয়ং ('-হইতে')। ... **আপনাআপনি** ] নিজে নিজে, স্বতঃ। আত্মীয়স্বজন ('-র মধ্যে')।
**আপনি** ] তুমি-র গুরুরূপ (পংছ দেখ)। স্বয়ং, নিজে, আপনা হইতে।
**আপন্ন** — আপদ্গ্রস্ত, বিপন্ন। প্রাপ্ত ('শরণাপন্ন')। ... **আপন্নসত্ত্বা**—গর্ভিণী।
**আপরাহ্নিক** — বৈকালিক।
**আপল, আফল** ] < আপ্লব — মৎস্যাদির উল্লম্ফন বা আস্ফালন।
**আপস** ] আপনাআপনি, পরস্পর ('আপসে ঝগড়া')। উভয় পক্ষের সম্মতি ('আপসে মিটমাট') রফা, মিটমাট ('— করা)
**আপসোস, আফ-** [ ফা. আফ্- ] অনুতাপ। দুঃখ, পরিতাপ।
**অপাকা** ] অপক্ক। অল্প পক্ক।
**আপাগাড়ি** ] — দুনীতে জল সেচের জন্য জলাধার গর্ত। ক্ষেতের নালীতে ভাসিয়া আসা মাছকে বন্দী করার জন্য গর্ত।
**আপাণ্ডুর, আপাণ্ডর** — ঈষৎ পাণ্ডুবর্ণ।
**আপাত** — তৎকাল, ঘটিবার সময়, আরম্ভ ('-দৃষ্টি, -মধুর, -রমণীয়')। পতন।

... **আপাতসুন্দর** — সুন্দর বলিয়া দৃশ্যতঃ প্রতীয়মান। ... **আপাততঃ** (-তস্) — **আপাতত]** (বাং) এখন, সম্প্রতি, "আপাতক"।

**আপাদ**—পা পর্যন্ত। পা হইতে ('-মস্তক')

**আপন** — পানভূমি। মদের দোকান।

**আপামর** — (মূঃ পামর পর্যন্ত) উচ্চনীচ সকলেই।

**আপিঙ্গল** — ঈষৎ পিঙ্গল।

**আপিলুঁ** — অর্পণ করিলাম (ব্রজবুলি)

**আপিল, -পী-** [ই. appeal] পুনর্বিচারের নিমিত্ত আবেদন।

**আপিস** (অফিস দেখ)

**আপীড়** — শিরোভূষণ।

**আপীড়ন**—নিপীড়ন। ... **ণ. আপীড়িত।**

**আপীত** — ঈষৎ হরিদ্রাবর্ণ। যাহা সমস্ত পান করা হইয়াছে।

**আপীন** — গাভীর স্তন, পালান।

**আপূপিক** — যে পিষ্টক মিষ্টান্ন ইত্যাদির ব্যবসায় করে।

**আপৃচ্ছা** — জিজ্ঞাসা।

**আপেক্ষিক**—অপেক্ষাকৃত, তুলনাকৃত। অন্য বিষয়ের উপর নির্ভরশীল, সাপেক্ষ। ... **আপেক্ষিক গুরুত্ব** — অন্য বস্তুর (বিশেষতঃ জলের) তুলনায় গুরুত্ব, specific gravity. ... **আপেক্ষিকতা,** relativity.

**আপেল** [ই. apple] সেও, ফল বিঃ।

**আপোস-শ]** — (আপস দেখ)

**আপ্ত** — লব্ধ, প্রাপ্ত ('-কাম')। অভ্রান্ত, বিশ্বস্ত ('-বাক্য')। আত্মীয় ('-জন') ... **আপ্তবাক্য** — দেবতার প্রত্যাদেশ। মুনিঋষিদের উক্তি।

**আপ্তদূতী** — নায়ক-নায়িকার মধ্যে ভাব বিনিময়ের জন্য নিয়োজিত বিশ্বস্ত-দূতী।

**আপ্যায়ন** — সংবর্ধনা, অভ্যর্থনা। প্রীতি-সম্পাদন। ... **আপ্যায়িত** — সংবর্ধিত, আদরপ্রাপ্ত। তুষ্ট।

**আপ্লব, আপ্লাবন** — জলপ্লাবন, বন্যা। ... **ণ. আপ্লাবিত।** ... **আপ্লুত** — প্লাবিত। সিক্ত। স্নাত।

**আফগান** — [আ] আফগানিস্থানের অধিবাসী।

**আফতাব** — সূর্য।

**আফরা]** — ধান্যবৃক্ষের রোগ বিঃ।

**আফলোদয়** — ফল বা সিদ্ধি লাভ পর্যন্ত।

**আফলোদয়কর্ম** — অধ্যবসায়ী।

**আফসানি, আপ-]** ফালন। আপসোস।

**আফসানো, আপ-** [√আফ্সা, আপ্সা -১৭] আস্ফালন করা। বিফলমনোরথ হইয়া খেদ বা ক্রোধ প্রকাশ করা।

**আফসোস** (আপসোস দেখ)

**আফিম, আফিং** [আ. আফয়ূন] অহিফেন, পোস্ত-ফলের রস হইতে প্রস্তুত মাদক-দ্রব্য ও ঔষধ বিঃ।

**আব]** < অর্বুদ, রোগজনিত মাংসপিণ্ড।

**আবওয়াব** [আ] নির্ধারিত খাজনার অতিরিক্ত কর।

**আঁব]** > প্রাঃ অম্ব — আম।

**আবকার** [ফা] মদ্যাদি মাদকদ্রব্য প্রস্তুত-কারক। ... **আবকারি]** মাদকদ্রব্যের ব্যবসায় সম্বন্ধীয় রাজকীয় বিভাগ বা রাজস্ব। ... **ণ. আবকারী।**

**আবখোরা** [ফা] — ভোজনপাত্র।

**আবছায়া, আবছা]** অস্পষ্ট আকার।

**আবডাল]** আড়াল, অন্তরাল।

**আবড়া-খাবড়া, এবড়ো-খেবড়ো]** উঁচুনীচু, অসমান, বন্ধুর।

**আবদার]** বায়না, উৎকট অনুরোধ। ... **আবদেরে, আবদারে]** যে আবদার করে।

**আবন্ধ**—অবরুদ্ধ, আটক। বন্ধ ('দ্বার—')

বাঁধা ('শৃঙ্খলে—')। জড়িত, ব্যাপৃত ('নানা কাজে—')। বন্ধকী।

**আবর** — বর্বর, নির্বোধ।

**আবরক** — আবরণকারী। আচ্ছাদন। ঢাকনি।

**আবরণ** — আবৃত করণ। আচ্ছাদন, গাত্রবস্ত্র। ঢাকনি। ... **আবরণী** — ঢাকনি। ... **ণ. আবৃত। আবরিত ]**

**আবরু** [ফা = মান] নারীর সম্ভ্রম। আবরণ, পর্দা। ইজ্জৎ।

**আবরোঁয়া** [ফা] — মসলিন জাতীয় মিহি কাপড়।

**আবর্জন** — সম্যক্ বর্জন, পরিত্যাগ। আনমন। ... **ণ. আবর্জিত।**

**আবর্জনা** — জঞ্জাল, ময়লা।

**আবর্ত**—ঘূর্ণি, কুণ্ডলী, whorl. ('দক্ষিণাবর্ত')। ঘূর্ণিজল। আবর্তন।

**আবর্তক** — পুষ্কর বা পর্জন্যের মত মেঘ বিশেষের নাম। ঘূর্ণিজল।

**আবর্তন** — চক্রাকারে ভ্রমণ, ঘূর্ণন, পরিভ্রমণ। প্রত্যাবর্তন, পুনরাগমন। বেষ্টন। আলোড়ন, আওটানো। ... **ণ. আবর্তিত।** ... **আবর্তমান** — যাহা আবর্তন

**আবলী, -লি**

নিয়মাবলী')

**আবলুস** [ফা. আব্নূস] কৃষ্ণবর্ণ কাষ্ঠ বিঃ, ebony.

**আবল্য** — অবলতা, জড়তা। অবসাদজনিত নিদ্রাবেশ।

**আবশ্যক** — **ষ্য.** প্রয়োজন, দরকার। ... **ণ.** প্রয়োজনীয়, দরকারী। ... **আবশ্যকীয়** [অশুপ্রঃ] দরকারী। ... **আবশ্যকতা** — প্রয়োজনীয়তা।

**আবহ** — **ণ.** বাহক, ধারক। উৎপাদক, জনক ('ভয়াবহ')। ষ্য. বায়ু বিঃ। বায়ুমণ্ডল,

('ভয়াবহ')। ষ্য. বায়ু বিঃ। বায়ুমণ্ডল, atmosphere. ... **আবহবিদ্যা** — meteorology.

**আবহমান** — ক্রমাগত, চিরপ্রচলিত।

**আবহাওয়া** [ফা] জলবায়ু।

**আবা** [আ] বুক-খোলা লম্বা জামা বিঃ।

**আবা-আবা** — খেলা স্থগিত রাখার সংকেতসূচক শব্দ।

**আবাগা** — যে বাগ (বল্গা) বা বশ্যতা মানে না।

**"আবাগী" ]** অভাগী, হতভাগিনী। ... পুং **"আবাগে" ]**

**আবাদ** [ফা] চাষ, কৃষি। কর্ষিত জমি। জনপদ। ... **আবাদী ]** চাষের উপযুক্ত। কর্ষিত।

**আবাপ** — বীজবপন, শস্য রাখিবার পাত্র।

**আবাপন** — বস্ত্রবয়নের তাঁত।

**আবার ]** পুনর্বার ('—আসিব')। অধিকন্তু, আরও ('জ্বর, — পেটের অসুখ')। অবিশ্বাসে ('সে — গান গাইবে!')

**আবালবৃদ্ধ** — বালক বৃদ্ধ সকলেই। (অনুরূপ — আবালবৃদ্ধবনিতা)

**আবাল্য** — বাল্যাবধি, আশৈশব।

**আবাস** — বাসস্থান, বাটী।

**আবাসিক** — ছাত্রাবাসের অধিবাসী।

**আবাসিক বিশ্ববিদ্যালয়** — যে বিশ্ববিদ্যালয়ে ছাত্রগণ বিশ্ববিদ্যালয়ের সংলগ্ন ছাত্রাবাসে থাকিতে বাধ্য হয়।

**আবাহন**—মন্ত্রদ্বারা আহ্বান। আমন্ত্রণ। ... **ণ. আবাহিত।** ... **আবাহনী** — ষ্য. আবাহনের জন্য স্তুতি বা গীতি। মুদ্রা বা অঙ্গুলিবিন্যাস বিঃ। **ণ.** আবাহন সম্বন্ধীয়া।

**আবিদ্ধ** — ছিদ্রিত।

**আবির্ভাব, আবির্ভবন** — প্রকাশ, উদয়,

প্রাদুর্ভাব, অধিষ্ঠান ('দেবতার—')। (তুঃ তিরোভাব)। ... ণ. **আবির্ভূত**।

**আবিল** — কলুষিত, মলিন। পঙ্কিল, ঘোলা। ... ষ্য. **-তা**।

**আবিষ্কার, আবিষ্করণ, আবিষ্ক্রিয়া** — অজ্ঞাত বিষয়ের সন্ধানলাভ বা প্রকাশ। ... ণ. **আবিষ্কৃত**। ... **আবিষ্কর্তা** (-র্তৃ), **আবিষ্কারক** — যে আবিষ্কার করে।

**আবিষ্ট** — অভিভূত ('ক্রোধাবিষ্ট')। অধিষ্ঠিত ('ভূতাবিষ্ট')। পরিব্যাপ্ত ('মেঘাবিষ্ট')। বিহ্বল। তদ্গত, অভিনিবিষ্ট।

**আবীর, আবির** — ফাগ, হোলি-উৎসবে ব্যবহার্য রক্তবর্ণ চূর্ণ বিঃ।

**আবুই, আবুইমা**] ভাই বা ভগ্নীর শাশুড়ী। (তুঃ তালুই)

**আবুধী**] — বুদ্ধিহীনা (প্রাচীন সাহিত্যে)

**আবৃত** — আচ্ছাদিত, ঢাকা। বেষ্টিত। ... **আবৃতি** — আবরণ। বেষ্টন। বেষ্টিত স্থান, ঘেরা জায়গা।

**আবৃত্তি** — পাঠ। ছন্দ ভাব ইঃ ব্যঞ্জনা করিয়া পাঠ। অভ্যাসের নিমিত্ত বার বার পাঠ। পুনঃপুনঃ আগমন। ... ণ. **আবৃত্ত**।

**আবেগ** — উদ্বেগ, উৎকণ্ঠা। বেগ। ভাবাবেশ।

**আবেদক** — আবেদনকারী, প্রার্থী।

**আবেদন** — প্রার্থনা, দরখাস্ত, আরজি। নিবেদন। অভিযোগ। মনে ভাব উৎপাদন, চিত্তাকর্ষণ ('গানের—')। ... ণ. আবেদিত। ... **আবেদনীয়, আবেদ্য** — আবেদনের যোগ্য।

**আবেশ**—আবেগ, বিহ্বলতা ('ভাবাবেশ')। আসক্তি, অভিনিবেশ। প্রবেশ। অধিষ্ঠান, ভর ('ভূতাবেশ')। (§ আবিষ্ট)

**আবেষ্টক** — পরিবেষ্টক। বেড়া।

**আবেষ্টন**—পরিবেষ্টন, ঘেরাও। চতুর্দিকের বিষয়, প্রতিবেশ। ... ণ. **আবেষ্টিত**।

**আবোল-তাবোল**] অসম্বদ্ধ কথা, প্রলাপ।

**আব্রহ্ম** — ব্রহ্মা হইতে ('-স্তব')

**আভরণ** — ভূষণ, অলংকার, গহনা।

**আভা** — প্রভা, দীপ্তি। বর্ণ ('রক্তাভ')

**আভাং**] <অভ্যঙ্গ (দেখ)

**আভাঙ্গা / আভাঙা**] <অভগ্ন, আস্ত।

**আভাষ, আভাষণ** — সম্ভাষণ, আলাপ, অভিভাষণ। ভূমিকা, মুখবন্ধ। ... ণ. **আভাষিত**।

**আভাস**—অস্পষ্ট প্রকাশ। আদরা। ইঙ্গিত। সাদৃশ্য। প্রতিবিম্ব, ছায়া। আভা, দীপ্তি।

**আভিজাতিক** — বংশমর্যাদা সম্বন্ধীয়।

**আভিজাত্য** — বংশমর্যাদা, জন্মগত প্রতিপত্তি।

**আভিধানিক** — অভিধান সম্বন্ধীয়।

**আভিমুখ্য** — অভিমুখীনতা, সম্মুখতা।

**আভীর** — গোপজাতি বিঃ, আহির।

**আভীর পল্লী** — গোপপল্লী।

**আভোগ**—গানের শেষ পদ বা তৃতীয় পদের শেষ অংশ যাহাতে ভণিতা থাকে। পূর্ণতা, বিস্তর।

**আভ্যন্তর, -রিক** — অভ্যন্তরবর্তী, ভিতরের।

**আভ্যুদয়িক** — মাঙ্গলিক; সমৃদ্ধিসাধক। অনুষ্ঠান বিঃ, "আভ্যুতিক"।

**আম১** —ণ. কাঁচা, আরাঁধা ('-মাংস')। অন্ত্রের রোগ বিঃ, আমাশয় রোগ। অন্ত্র হইতে নিঃসৃত লালা। ... **আমরক্ত** — রক্তাতিসার। **আমরস** — অপরিপাকপ্রাপ্ত ভুক্ত খাদ্যের রস।

**আম২**] < আম্র। ... **আমআদা**] আম্রগন্ধ মূল বিঃ। ... **আমচুর, আমসি**] শুষ্ক

কাঁচা আম। ... **আমসত্ত্ব** ] পাকা আমের শুষ্ক রস। ... **আমসন্দেশ** — আমের আকার বিশিষ্ট সন্দেশ।
**আম৩** [ আ ] সাধারণ ('-দরবার')
**আমট** ] — আমসত্ত্ব।
**আমড়া** ] <আম্রাতক, ফল বিঃ।
**আমড়াগাছি** ] তোষামোদ ('—করা')
**আমতা-আমতা** ] অস্পষ্ট স্বীকারোক্তি। হাঁ-না পরিষ্কার করিয়া না বলা। ('—করা')
**আমদানি** [ ফা ] অন্য দেশ হইতে পণ্য আনয়ন। (তুঃ রপ্তানি)। ... **ণ. আমদানী** ]
**আমন** ] হৈমন্তিক (ধান)
**আমন্ত্রণ** — আহ্বান, নিমন্ত্রণ। নিয়োজন। ... **ণ. আমন্ত্রিত**। ... **আমন্ত্রয়িতা** (-তৃ) — আমন্ত্রণকারী।
**আমবাত** ] চুলকানির মত রোগ বিঃ।
**আমমোক্তার** [ আ-ফা. আম-মুখ্তার ] বিষয়কর্ম নির্বাহার্থ আইন অনুসারে নিযুক্ত প্রতিনিধি। ... **আমমোক্তারনামা** ] উক্ত প্রতিনিধি নিয়োগের দলিল। power of attorney.
**আময়** — রোগ ('নিরাময়, উদরাময়')
**আময়দা** ] অপরিমিত, দেদার।
**আমরণ** — মরণ পর্যন্ত।
**আমরুল** ] অম্ল শাক বিঃ।
**আমর্শ, আমর্শন** — স্পর্শ। চিন্তা।
**আমর্ষ** — ক্ষমাশূন্যতা, ক্রোধ।
**আমল** [ আ ] রাজত্বকাল, অধিকার ('নবাবী, মান্ধাতার —')। দখল; প্রশ্রয় ('—দেওয়া')। ... **আমলনামা** [ **আ-ফা** ] অধিকারদায়ক আজ্ঞাপত্র।
**আমলকী, -লক — আমলা** ] ফল বিঃ।
**আমলা** [ আ ] কর্মচারী, কেরানী। ... **আমলাফয়লা** — ছোটবড় কর্মচারী।
**আমসি** ] আমচুর, শুষ্ক কাঁচা আম।
**আমা** ] আধপোড়া ('— ইট')
**আমাতিসার**—আমাশয় রোগ,
**আমানত** [ আ ] গচ্ছিত ('টাকা — রাখা')
**আমানি** ] কাঁজি, পান্তাভাতের জল।
**আমান্ন** — অপক্ক অন্ন।
**আমামা** — পাগড়ি।
**আমাশয়** — পাকস্থলী। (বাং) **আমাতিসার** রোগ।
**আমি** [ <অহম্ ] বক্তা স্বয়ং (পঃছ দেখ)
**আমিত্ব** — নিজত্ব।
**আমিন, আমীন** [ আ ] জরিপকারী। কর্মচারী বিঃ।
**আমির, আমীর** [ আ ] সম্ভ্রান্ত ধনী মুসলমান। আফগানিস্থানের রাজার উপাধি। ধনী, বড়লোক। ... **আমিরি** ] বড়মানুষি। ... **ণ. আমিরী** ]
**আমিষ** — মাংস। মৎস্য-মাংস-ডিম্ব, আঁষ। ... **আমিষাশী** (-শিন্) — মৎস্য-মাংস-ডিম্ব-ভোজী।
**আমীক্ষা** — ছানা।
**আমুদে** ] আমোদপ্রিয়। রসিক।
**আমূল** — মূল পর্যন্ত, আগাগোড়া।
**আমৃষ্ট** — মাখাচোকা, এ'টো।
**আমেজ** [ ফা. -জ. ] ঈষৎ উদ্ভব। আদরা, আভাস, লেশ ('লালের, নেশার, বসন্তের —')
**আমোদ** — আহ্লাদ, আনন্দ। ক্রীড়াকৌতুক, উৎসব। মজা। সুগন্ধ। ... **আমোদন** — বিনোদন। সৌরভ-সম্পাদন। ... **আমোদিত** — আমোদপ্রাপ্ত। আনন্দিত। সুরভিত। ... **আমোদী** (-দিন্) — আমোদযুক্ত, আমুদে।
**আম্নায়** — তন্ত্রশাস্ত্র, আগমনিগম।
**"আম্বা"** ] স্পর্ধা, দুরাকাঙ্ক্ষা।
**আম্র, অম্র** — আম, চূত, রসাল, ফল বিঃ।
**আম্রাতক, আম্রাত, অম্রাত, -তক**—আমড়া।

**আম্রেড়ন** — পুনঃ পুনঃ আবৃত্তি। আমতা আমতা করা।

**আম্ল** — অম্লস্বাদযুক্ত, টক।

**আয়** — অর্থাগম, রোজগার। লাভ, উপস্বত্ব। ... **আয়কর** — **ণ.** লাভজনক। ষ্য. আয়ের উপর কর, ইনকমট্যাক্স।

**আয়ত**—বিস্তৃত, বিশাল ('-লোচন')। দীর্ঘ চতুষ্কোণ; oblong. (আয়তি২ দেখ)। (§ আয়াম)। **আয়তক্ষেত্র** — সমচতুষ্কোণ কিন্তু বিষমবাহু।

**আয়তন** — মাপ, ক্ষেত্রমান, area. ঘনমান, volume. পরিসর, প্রস্থ, বিস্তার। দেবালয়। গৃহ। যজ্ঞস্থান।

**আয়তি১** — দৈর্ঘ্য, বিস্তার। ভাবী কাল। ভাবী ফল।

**আয়তি২, আয়ত** [ <অবিধবত্ব ] এয়োতি, সধবার অবস্থা বা লক্ষণ। ... **আয়তী** ] সধবা, এয়ো।

**আয়ত্ত** — অধিকৃত, হস্তগত। বশবর্তী, অধীন। শিক্ষালব্ধ। ... ষ্য. **আয়ত্তি**।

**আয়না** [ ফা. আঈনহ্ ] আরশি, দর্পণ। কাচ।

**আয়মা** (আ) — মুসলমান নবাবদের প্রদত্ত পুরস্কার বা বৃত্তিস্বরূপ নিষ্কর ভূমি।

**আয়স** — ণ. লৌহঘটিত, লৌহময়। ষ্য. লৌহ। ... স্ত্রী. **আয়সী** — লোহার বর্ম।

**আয়া** [ পো ] মেমের দাসী, ইওরোপীয় শিশুর ঝি।

**আয়াত** — আগত।

**আয়ান** [ <অভিমন্যু ] রাধিকার স্বামী।

**আয়াম** — দৈর্ঘ্য।

**আয়াস** — শ্রম, শ্রান্তি, ক্লান্তি। প্রযত্ন। ... **আয়াসলব্ধ** — শ্রমার্জিত। ... **আয়াস-সাধ্য** — ক্লেশস্বীকারে সম্পাদ্য।

**আয়ী** (আই দেখ)

**আয়ু** [ আয়ুঃ (-য়ুস্) ] পরমায়ু, জীবিতকাল। জীবন। ... **আয়ুঃপ্রদ** — আয়ুষ্কর (দেখ)

**আয়ুধ** — যুদ্ধাস্ত্র, অস্ত্রশস্ত্র।

**আয়ুর্বেদ** — চিকিৎসাশাস্ত্র। কবিরাজী চিকিৎসাপদ্ধতি। ... **ণ. আয়ুর্বেদীয়**।

**আয়ুষ্কর, আয়ুষ্য** — জীবনবৃদ্ধিকর।

**আয়ুষ্কাল** — জীবৎকাল।

**আয়ুষ্মান্** (-ষ্মৎ) — দীর্ঘজীবী। ... **স্ত্রী. -ষ্মতী**।

**আয়েশ** [ আ. আইশ ] আরাম, সুখ. বিলাস। ... **আয়েশী** ] আরামপ্রিয়, ভোগবিলাসী।

**আয়োগ** — কমিশন (দেখ)

**আয়োজক** — আয়োজনকারী, উদ্‌যোক্তা।

**আয়োজন** — যোগাড়, উদ্‌যোগ, সংগ্রহ। ... **ণ. আয়োজিত**।

**আর** ] <অপর, অন্য, ইহা ভিন্ন ('—কেউ, কিছু')। ইহার অধিক ('— একটু')। ইহার পরে, অতঃপর ('— পারিব না')। পুনর্বার ('—এমন না হয়')। এবং, ও ('তুমি—আমি')। কিংবা, অথবা ('কথা বল — নাই বল')। পক্ষান্তরে ('— যদি বিপদই হয়')। এখন ('—সেদিন নাই')। কখনও ('টাকা কি — অমনি আসে?')। পুনশ্চ ('— দেখ')। বিগত ('— বৎসর')। ... **আর আর** ] অপরাপর। ... **আরও** ] অধিকন্তু, ইহা ছাড়া। অধিকতর ('—ভাল')

**আরক** [ আ. অরক ] নির্যাস, সার। চুয়ানো মদ, spirit, arrack.

**আরক্ত** — **আরক্তিম** ] ঈষৎ রক্তবর্ণ।

**আরক্ষা** — পুলিস (দেখ)। ... **আরক্ষিক, আরক্ষী** (-ক্ষিন্) — পুলিসের লোক, কনস্টেবল।

**আরজবেগ** — আদালতের পেশকার।

**আরজি** [আ. অর্জ.] দরখাস্ত, আবেদন।
**আরণ্য** — বন্য, অরণ্য সম্বন্ধীয় বা -জাত। ... **আরণ্যক** — বেদের অংশ বিঃ।
**আরতি১** — নিবৃত্তি। বিরতি।
**আরতি২** [<আরাত্রিক] প্রদীপাদিদ্বারা দেবমূর্তি বরণ, নীরাজনা।
**আরতি৩**] — < আর্তি — কাতরতা, আকিঞ্চন।
**আরতি৪** — অনুরাগ, আসক্তি।
**আরতিল** — লুব্ধ (প্রাচীন সাহিত্যে)
**আরদালী** [ই. orderly] পেয়াদা, পিয়ন, চাপরাসী।
**আরদ্র** — হরিদ্রা। (প্রাচীন সাহিত্যে)
**আরব** — এশিয়ার পশ্চিমবর্তী দেশ বিঃ। ... **ণ. আরব্য**। ... **আরবী**] আরব-দেশীয়। তাহার ভাষা।
**আরব্ধ** — যাহার আরম্ভ হইয়াছে,

**আরভমাণ** — যে আরম্ভ
**আরভ্যমাণ** — যাহার আরম্ভ হইতেছে।
**আরমানী**] আরমিনিয়া দেশবাসী বা দেশ সম্বন্ধীয়।
**আরম্ভ** — উপক্রম, শুরু। উৎপত্তি। উদ্‌যোগ। অনুষ্ঠান (§ আরব্ধ, আরভমাণ। ... **আরম্ভ**—আরম্ভকারী।
**আরশ** [আ.] — সিংহাসন।
**আরশি** [<আদর্শিকা] আয়না, দর্পণ, মুকুর।
**আরসলা, -সোলা, -শলা, -শোলা**] পতঙ্গ বিঃ, তেলাপোকা।
**আরা** [ফা.] — করাত। ।
**আরাত্রিক**—প্রদীপাদিদ্বারা দেবমূর্তি বরণ, নীরাজন, আরতি।
**আরাধক** — উপাসক, পূজক।
**আরাধনা, আরাধন** — উপাসনা, পূজা। ... **ণ. আরাধিত**। ... **আরাধনীয়, আরাধ্য** — উপাস্য, পূজার্হ। ... **আরাধ্যমান** — যে পূজিত হইতেছে।
**আরব** — শব্দ।
**আরাম১** — আনন্দ, সুখ, আয়েশ; বিশ্রাম ('— করা। আরামে থাকা')। উপবন।
**আরাম২** [ফা.] আরোগ্য ('— করা, হওয়া)।
**আরারুট, এরা-** [ই. arrowroot] হরিদ্রা-জাতীয় উদ্ভিদ বিঃএর মূল হইতে প্রস্তুত পালো (রোগীর পথ্য)
**আরূঢ়** — যে উপরে উঠিয়াছে বা চড়িয়াছে; সওয়ার ('বৃক্ষারূঢ়, অশ্বারূঢ়')
**আরে**] বিস্ময় ঘৃণা ক্রোধ ইঃ সূচক ('— এ কি? — গেল!')। ওরে।
**আরোগ্য** — রোগনিবৃত্তি ('-লাভ করা')। নীরোগতা, স্বাস্থ্য।
**আরোপ** — অযথা দোষগুণাদি অর্পণ ('দোষারোপ')। (দর্শনে) এক বস্তুতে অপর বস্তুর ধর্ম স্থাপন বা কল্পনা, অধ্যাস, অবভাস। স্থাপন, নিবেশ। ... **ণ. আরোপিত**। ... **আরোপক**—আরোপ-কারী। ... **আরোপণ**—আরোপ। স্থাপন, চড়ানো। রোপণ।
**আরোহ** — উচ্চতা। আরোহণ ('দুরারোহ')। (দর্শনে) কার্য হইতে কারণ বা বিশেষ হইতে সামান্য অনুমান, induction. (তুঃ অবরোহ)। নিতম্ব ('বরারোহা')। ... **আরোহণ** — উপরে ওঠা ('স্বর্গা-রোহণ')। চড়া ('বৃক্ষে, অশ্বে—')। ... **ণ. আরোহিত**। ... **আরোহী** (-হিন্)— যে ওঠে বা চড়ে। inductive. ...
**আরোহ্যমাণ**—যাহাকে চড়ানো হইতেছে।
**আরোহণী** — সোপান, সিঁড়ি।
**আর্কফলা**] (মুঃ রেফ চিহ্ন) টিকি (বিদ্রূপে)
**আর্জব** — ঋজুতা, সারল্য।

**আর্ট** [ ই ] রসসৃষ্টি; রসাত্মক রচনা; যে গুণাবলীর জন্য রচনা সুধীজনের হৃদয়-গ্রাহী হয় (সাহিত্যে, চিত্রে, ভাস্কর্যে, অলংকরণে)। কলা ('-স্কুল')

**আর্ত**—কাতর, বিপন্ন, পীড়িত ('-নাদ। ক্ষুধার্ত')। ... ষ্য. **আর্তি**।

**আর্তব** — ষ্য. স্ত্রীরজ। গ. তৎসম্বন্ধীয়। গ্রীষ্মাদি ঋতু সম্বন্ধীয়।

**আর্থ, আর্থিক** — অর্থ বিষয়ক। সংগতি বা ব্যক্তিগত ধন বিষয়ক ('—অবস্থা')। কথার মানে বিষয়ক।

**আর্থনীতিক**—অর্থনীতি বিষয়ক।

**আর্দ্র** — সিক্ত, সজল, ভিজা ('— বস্তু')। **নরম** ('দয়ার্দ্র')। তরল। ষ্য. **-তা**।

**আর্দ্রক** — আদা, শৃঙ্গবের।

**আর্দ্রা** — নক্ষত্র বিঃ।

**আর্য** — জাতি বিঃ যাহারা প্রাচীনকালে ভারতে ও পারস্যে বসতি স্থাপন করিয়াছিল। মান্য, শ্রেষ্ঠ, গুরুজন। ... স্ত্রী. **আর্যা**।—সংস্কৃত ছন্দ বিঃ। (বাং) পদ্যে রচিত সূত্র ('শুভংকরীর—')। ... ষ্য. **আর্যতা**। ... **আর্যপুত্র** — স্বামীকে সম্বোধন (স. সাহিত্যে)। ... **আর্যসমাজ** —দয়ানন্দ সরস্বতী প্রতিষ্ঠিত বৈদিক-ধর্মমূলক সমাজ। ... **আর্যসমাজী** (-জিন্)—উক্ত সমাজভুক্ত।

**আর্যাবর্ত**—ভারতের উত্তর অংশ, হিমালয় হইতে বিন্ধ্য পর্বতমালা পর্যন্ত। (তুঃ দাক্ষিণাপথ)

**আর্ষ** — ঋষি সম্বন্ধীয়। ঋষিপ্রোক্ত কিন্তু ব্যাকরণবিরুদ্ধ ('-প্রয়োগ')

**আর্সা** [ আ. ] — মুলতুবি।

**আর্হত** — অর্হৎ সম্বন্ধীয়। জৈনধর্ম সম্বন্ধীয়। বুদ্ধ বিঃ।

**আল১** ] <আলি (দেখ)

**আল২** [ <অল ] সূক্ষ্মমুখ বেধনাস্ত্র ('জুতা সেলাইএর —')। কাঠের সরু অগ্রভাগ যাহা অন্য কাঠের গর্তে জোড়া হয়।

**আলংকারিক, আলঙ্কারিক** — অলংকার সম্বন্ধীয়। অলংকারশাস্ত্রজ্ঞ। অলংকার-নির্মাতা।

**আলকাতরা** [ পো. alcatrao ] পাথুরে কয়লা ইঃ চুয়াইয়া প্রস্তুত কৃষ্ণবর্ণ নির্যাস বিঃ।

**আলকুশী** — শুঁয়াপোকার মতো ফলের লতা।

**আলখাল্লা** [ আ. আল্‌খালিক ] লম্বা ঢিলা জামা বিঃ।

**আলগা** ] <অলগ্ন, শিথিল, ঢিলা, অবন্ধ, এলো, ফসকা ('—কাপড়, দরজা, খোঁপা, গিরা')। অনাবৃত, আদুড়, খোলা ('দুধ —রয়েছে')। অসংযত, বেফাঁস ('মুখ —')। অসাবধান ('—মানুষ')। পৃথক্, আলাদা ('এই খাবারটা — রাখ')

**আলগোছ** ] অস্পর্শ, স্পর্শদোষ বাঁচানো ('আলগোছে রাখা')। অনবলম্বন।

**আলজিব, -জিভ** ] < অলিজিহ্বা, গল-নালীর মুখে জিবের মতন ছোট মাংসখণ্ড, উপজিহ্বা।

**আলটপকা** ] হঠাৎ। বিনা চেষ্টায়। আলগোছে।

**আলতা** ] <অলক্তক, স্ত্রীলোকের পায়ের তলায় দিবার জন্য লাল রং বা রংমিশ্রিত তুলা ('—পরা')

**আলতারাফ** ] আলমারি ইঃ বন্ধ করিবার খিল বিঃ।

**আলতো** ]—আলগা, ফাঁপা। ফুলানো।

**আলনা** ] কাপড় রাখিবার মঞ্চ দণ্ড বা দড়ি।

**আলপনা** (আলিপনা দেখ)

**আলপাকা** [ই] উজ্জ্বল পশমী কাপড় বিঃ।

**আলপিন** [পো. alfinete] কাগজ জুড়িবার পিন।

**আলবড্যে]** — উচ্ছৃঙ্খল, শিথিলচরিত্র।

**আলবত** [আ. অল্‌বত্তহ্‌] নিশ্চয়, অবশ্য।

**আলবলা]** সটকা, ফরসি, গুড়গুড়ি।

**আলবাল**—গাছের গোড়ায় জল দিবার জন্য মাটির ঘের।

**আলমারি** [পো. armario] জিনিসপত্র রাখিবার জন্য কপাটযুক্ত আধার বিঃ।

**আলমালগোত্র** — বংশপরিচয়ে, যেখানে গাঁই-গোত্রের কিছু ঠিক-ঠিকানা নাই সেখানে আলমালগোত্র বলা হয়।

**আলম্ব** — অবলম্বন, আশ্রয় ('নিরালম্ব')

**আলম্বন** — ঝোলানো, অবলম্বন। (অলংকারশাস্ত্রে) বিভাব বিঃ, যাহা অবলম্বন করিয়া রসের অবতারণা হয়। ... **আলম্বিত** — ঝোলা, লম্বিত, অবলম্বিত। ... **আলম্বী** (-ম্বিন্‌) — অবলম্বনকারী। লম্বমান।

**আলয়** — বাটী, গৃহ ('বিদ্যালয়')। বাসস্থান। আশ্রয়, নিলয় ('মঙ্গলালয়')

**আলর্ক** — অলর্ক বা ক্ষিপ্ত কুকুর হইতে সঞ্চারিত।

**আলস** — **গ.** অলস। ষ্য. আলস্য।

**আলসে]** <অলস, কুড়ে। (আলিসা দেখ)

**আলস্য** — অলসতা, কুড়েমি। জড়তা। ... **আলস্যত্যাগ** — হাই তোলা, আড়মোড়া ভাঙা।

**আলা]** আলোকিত। ক্লান্ত। অবহেলিত। (বিরল)

**আলা** (আ.) — উচ্চশ্রেণীর। সমুন্নত।

**আলাই]** — অমঙ্গল, আপদ। (আলাই-বালাই)।

**আলাদা** [আ. অলাহিদহ্‌] পৃথক, অন্য।

**আলান** — পশুবন্ধনস্তম্ভ, গোঁজ, খুঁটি।

**আলাপ** — সম্ভাষণ, কথাবার্তা। গানের সুর ভাঁজা। ('—করা')। (বাং) পরিচয় ('অমুকের সঙ্গে — থাকা, করা')। ... **আলাপন** — সম্ভাষণ, কথোপকথন। ... **আলাপনীয়, আলাপ্য** — আলাপের যোগ্য। ... **আলাপিত** — সম্ভাষিত। (বাং) যাহার সহিত আলাপ আছে। ... স্ত্রী. **আলাপিতা**। ... **আলাপী** (-পিন্‌) — যে আলাপ করে। (বাং) আলাপ করিতে তৎপর। পরিচিত ব্যক্তি। ... **আলাপচারি** — আলাপ-আলোচনা। বিশ্রম্ভালাপ।

**আলাল** [হি] ধনী।

**আলালের ঘরের দুলাল** — ধনীর প্রশ্রয়ে দূষিতচরিত্র সন্তান।

**আলাভোলা** — সাদাসিধে, সরলচরিত্র।

**আলি, আলী** — আল, আইল, ক্ষেত্রে জল আটকাইবার বা সীমানির্দেশের জন্য অনুচ্চ বাঁধ। (আলী১ দেখ)

**আলিঙ্গন** — আশ্লেষ, জড়াইয়া ধরা, কোলাকুলি। ... **গ.** আলিঙ্গিত।

**আলিপনা / আলপনা** [< আলেপন, আলিম্পন] মেঝে, পিঁড়ি বা দেওয়ালে অঙ্কিত মাঙ্গল্য চিত্র।

**আলিম** [আ] বিদ্বান্‌।

**আলিম্পন** — আলপনা।

**আলিসা / আলসে** [< আলি-] ছাদের প্রান্ত। ছাদের প্রাচীর। কার্নিস।

**আলী১, আলি**—শ্রেণী, মালা ('গীতালী') সখী। (আলি দেখ)

**আলী২** [আ] **গ.** উদার, অবাধ। ('-হুকুম')। ষ্য. মহম্মদের জামাতা।

**আলীঢ়** — বাম জানু মুড়িয়া উপবিষ্ট। যাহা লেহন করা হইয়াছে।

**আলীন** — বিলীন।

**আলু** — মূল বা কন্দ বিঃ ('গোল-। লাল —')। ... **আলুবোখারা**] কাবুলী ফল বিঃ, prune.

**আলুথালু**] যাহার কেশবেশ অসংবৃত।

**আলুনী**] যে খাদ্যে উপযুক্ত পরিমাণে নুন নাই।

**আলুলায়িত** — মুক্ত, এলানো ('— কেশ')

**আলেখ্য** — অঙ্কিত প্রতিমূর্তি, চিত্রপট।

**আলেপন** — লেপন। আলিপনা।

**আলেয়া**] জলাভূমিতে দৃষ্ট অগ্নি।

**আলো**] <আলোক। দীপ। ... **আলোয় আলোয়**] দিবালোক থাকিতে থাকিতে। ... **আলো-আঁধারি**] আলো ও অন্ধকারের মিশ্রণ। ... **আলো-ছায়া**] আলোক ও ছায়া, chiaroscuro.

**আলোক** — দীপ্তি, প্রভা, কিরণ, জ্যোতি। ... **আলোকচিত্র** — ফোটোগ্রাফ। ... **আলোক-বিজ্ঞান**—দৃগ্‌বিজ্ঞান, Optics ... **আলোকস্তম্ভ** — জলপথযাত্রীকে পথ দেখাইবার জন্য আলোকযুক্ত উচ্চ-মঞ্চগৃহ।

**আলোকন** — অবলোকন, দর্শন। দেখানো, প্রদর্শন।

**আলোকিত** — দীপ্ত, উজ্জ্বল, উদ্ভাসিত।

**আলোচনা, আলোচন** — চর্চা, বিচার, অনুশীলন। ... **আলোচনীয়, আলোচ্য**— আলোচনার যোগ্য বা তজ্জন্য উপস্থাপিত। ... **আলোচ্যমান** — যাহা আলোচিত হইতেছে। ... **আলোচিত** — যে বিষয়ের আলোচনা হইয়াছে।

**আলোচাল**] আতপ-তণ্ডুল, ধান সিদ্ধ না করিয়া রৌদ্রে শুখাইয়া যে চাউল তৈয়ারী হয়।

**আলোড়ন** — আবর্তন, মন্থন, ঘাঁটা। আন্দোলন। ... **ণ. আলোড়িত।**

**আলোয়ান** [আ] পশমী চাদর বিঃ।

**আলোল** — ঈষৎ লোল বা চঞ্চল।

**আলোহিত** — ঈষৎ লোহিত।

**আল্লা** [আ. আল্লাহ্] খোদা, ঈশ্বর।

**আশ১** — অশন, ভোজন ('প্রাতরাশ')

**আশ২**] <আশা, বাসনা।

**আঁশ, আঁইশ**] < অংশু, তন্তু, রোঁয়া ('তুলার, কলাগাছের —')। সুতার তুল্য ছিবড়া। শল্ক ('মাছের —')। **আঁশুয়া** — এঁশো, আঁশযুক্ত।

**আশংসা** — সম্ভাবনা, প্রত্যাশা। ইচ্ছা। ... **ণ. আশংসিত।**

**আশংসু** — প্রত্যাশী, আকাঙ্ক্ষী।

**আশক** [আ. আশিক] প্রণয়ী।

**আশকারা** [ফা] প্রশ্রয়।

**আশমান** [ফা.] — (আসমান দেখ)

**আশয়** — আধার ('জলাশয়')। অন্তঃকরণ ('সদাশয়')। অভিপ্রায়।

**আশরফি** [ফা. আশ্‌-] স্বর্ণমুদ্রা, মোহর।

**আশা** — কাম্যবস্তুলাভের সম্ভাবনা বা তজ্জন্য অপেক্ষা। ভরসা। আকাঙ্ক্ষা। ('— করা, থাকা, দেওয়া, রাখা। -পথ, -প্রদ, -ভঙ্গ। আশাতীত, আশাতিরিক্ত')।

**আশাবরী** — রাগিণী বিঃ।

**আশাহত** — হতাশ। দিক্ ('উত্তরাশা')

**আশি, -শী**] < অশীতি, ৮০ অঙ্ক বা পরিমাণ।

**আশাবরদার** — [ফা.] — মাতব্বর লোকের দণ্ডধারী অনুচর।

**আশিস** [<আশিস্] আশীর্বাদ, শুভেচ্ছা।

**আশী** — সাপের দাঁত।

**আশীবিষ** — সর্প।

**আশীর্বচন, আশীর্বাদ** — গুরুজন কর্তৃক শুভকামনাবাচন। ... **আশীর্বাদক** — **আশীর্বাদকারী** ... স্ত্রী. **-দিকা।** ...

**আশীর্বাদী**] — আশীর্বাদের সঙ্গে যে উপহার দেওয়া হয়। ('—কাপড়')

**আশু১**—শীঘ্র, সত্বর, অবিলম্বে, ক্ষিপ্র। ... **আশুকারী** (-রিন্) — যে শীঘ্র কাজ করিতে পারে, চটপটে। ... **আশুগ, -গতি, -গামী** (-মিন্) — শীঘ্রগামী। ... **আশুতোষ** — যিনি শীঘ্র তুষ্ট হন, শিব।

**আশু২** (আউশ দেখ)

**আশৈশব** — আবাল্য, বাল্যাবধি।

**আশোয়াস, আশোয়াসা**] > আশ্বাস (প্রাচীন সাহিত্যে)

**আশ্চর্য** — ণ. বিস্ময়কর, আজব, অদ্ভুত, অপূর্ব। ষ্য. বিস্ময় ('আশ্চর্যান্বিত')। (বাং) বিস্মিত ('— হওয়া')

**আশ্রম** — সাধুসন্ন্যাসীর বাসস্থান। তপোবন। সাধনা শাস্ত্রচর্চা ইঃর জন্য নির্দিষ্ট আবাস, মঠ। (বাং) আশ্রয় ('আতুরাশ্রম')। শাস্ত্রোক্ত জীবনযাত্রার চার অবস্থা (ব্রহ্মচর্য গার্হস্থ বানপ্রস্থ সন্ন্যাস)। ... **আশ্রমিক, আশ্রমী** (-মিন্)। — আশ্রমবাসী, আশ্রমধর্মাচারী।

**আশ্রয়** — অবলম্বন। শরণ, সহায়, রক্ষক। আধার। আলয়। ... **আশ্রয়ণ** — আশ্রয়গ্রহণ। ... **আশ্রয়ণীয়**—আশ্রয়গ্রহণযোগ্য। ... **আশ্রয়তরু** — লতা যে বৃক্ষে আরোহণ করে। ... **আশ্রয়ী** (-য়িন্) আশ্রয়গ্রহীতা। ... **আশ্রিত** — আশ্রয়প্রাপ্ত, শরণাগত। অনুগত। স্থিত ('দেহাশ্রিত')। ... আশ্রিতবৎসল — আশ্রিতের প্রতি স্নেহশীল।

**আশ্রুত** — প্রতিশ্রুত, অঙ্গীকৃত।

**আশ্লিষ্ট** — জড়িত, সংশ্লিষ্ট। আলিঙ্গিত।

**আশ্লেষ** — আলিঙ্গন। মিলন। একদেশ-সম্বন্ধ। শ্লেষ।

**আশ্বস্ত** — আশ্বাসপ্রাপ্ত, যাহার আশঙ্কা বিদূরিত হইয়াছে, নিরুদ্বেগ।

**আশ্বাস**—ভরসা। অভয়, প্রবোধ। উৎসাহদান। ... **আশ্বাসন** — আশ্বাসদান। ... ণ. **আশ্বাসিত**।

**আশ্বিন** — বাংলা সনের ষষ্ঠ মাস। ... ণ. **আশ্বিনে**]

**আঁষ, আঁইষ**] < আমিষ, মাছ-মাংস-ডিম্ব সম্বন্ধীয়। ... **আঁষটে**] মাছের তুল্য গন্ধ যুক্ত।

**আষাঢ়** — বাংলা সনের তৃতীয় মাস। ... আষাঢ়ে] আষাঢ় মাস সম্বন্ধীয়। অদ্ভুত, অসম্ভব ঘটনা সংবলিত ('—গল্প')

**আষাঢ় দণ্ড** — সন্ন্যাসীদের ব্যবহৃত পলাশ কাষ্ঠাদির দণ্ড।

**আষ্টেপৃষ্ঠে** (অষ্ট দেখ)

**আসকে**] পিঠা বিঃ।

**আসক্ত** — অতিশয় অনুরক্ত, সংসক্ত, সংলিপ্ত। ... **আসক্তি**—অনুরাগ, লিপ্সা। ভোগবিলাস। অভিনিবেশ। সহবাস।

**আসঙ্গ** — মিলন, সহবাস ('-লিপ্সা')। অনুরাগ। অভিনিবেশ।

**আসছে**] ণ, যাহা আসিতেছে, আগামী ('—বছর')

**আসত্তি** — বাক্যে পদবিন্যাসের ক্রম-শৃঙ্খলা।

**আসন** — বসিবার স্থান। বসিবার ছোট গালিচা ইঃ। পীঠ। যোগসাধনের জন্য উপবেশনের বিভিন্ন প্রণালী ('পদ্মাসন')। বাসস্থান ('ভদ্রাসন')। ... **আসনপিঁড়ি**] পায়ের উপর পা মুড়িয়া উপবেশন। ... **আসনঅঙ্গুরী** — দেবপূজার উপচার রূপে ব্যবহৃত রূপার পাতের আসন ও রূপার অঙ্গুরী।

**আসন্ন** — আগতপ্রায়, নিকটবর্তী ('—

বিপদ্। -প্রসবা')। ... **আসন্নকাল** — মৃত্যুকাল। বিপৎকাল।

**আসব** — চুয়ানো মদ।

**আসবাব** [ আ ] খাট আলমারি ইঃ গৃহ-সজ্জা। জিনিসপত্র। সরঞ্জাম।

**আসমান** [ ফা ] আকাশ। ... **আসমানী** ] আকাশ সম্বন্ধীয়। আকাশবর্ণ, ফিকা নীল। ... **আসমান জমিন** (ফা) — আকাশ হইতে ভূতল। আকাশ-পাতাল (— তফাৎ)

**আসমুদ্র** — সমুদ্র হইতে বা পর্যন্ত।

**আসর** ] সভা, মজলিস।

**আসল** [ আ. অস্‌ল ] প্রকৃত, সত্য, যথার্থ। খাঁটী, বিশুদ্ধ। মূল ধন ('সুদে আসলে')

**আসশেওড়া** ] বন্য গাছ বিঃ।

**আসা১** [ √আস্-৭। < আ-বিশ্ ] আগমন করা, উপস্থিত হওয়া ('ঘরে —')। অভ্যাস থাকা; যোগানো ('বক্তৃতা দেওয়া আসে না, অত কথা —')। উপযোগী হওয়া; লাগা ('কাজে —')। পরিণত হওয়া ('শেষ হয়ে, ফুরিয়ে—)। ষ্য. আগমন।

**আসা২** [ আ ] রাজদণ্ড ('-সোঁটা')

**আসান** [ ফা ] অবসান (মুশকিল-')। রেহাই, লাঘব। অভাবনিবৃত্তি।

**আসাম** ] বঙ্গের উত্তরপূর্ববর্তী প্রদেশ।

**আসামী১** ] আসাম সম্বন্ধীয়। তাহার ভাষা বা অধিবাসী, অসমীয়া।

**আসামী২** [ আ ] অভিযুক্ত ব্যক্তি, প্রতিবাদী। ঋণী। লোক, ব্যক্তি।

**আসার** — বৃষ্টিপাত। জলস্রাব ('নয়ন-')

**আসীন** — উপবিষ্ট।

**আসুর, আসুরিক** — অসুর সম্বন্ধীয়। অসুরের ন্যায়। অসুরগণের প্রথা অনুযায়ী ('— বিবাহ' — কন্যাপক্ষীয়কে অর্থদানপূর্বক বিবাহ)। ... **স্ত্রী. আসুরী, আসুরিকী।**

**আস্কান্দিত**—ঘোড়ার লাফাইয়া বেগে চলন।

**আস্ত** ] অখণ্ড, গোটা, সমগ্র, সমস্ত। প্রকৃত ('— চোর')

**আস্তব্যস্ত** ] অতিশয় ব্যস্ত।

**আস্তর**—(সং) পাতিয়া বসিবার কম্বলাদি। (ফা) জামার তলায় ব্যবহৃত বস্ত্র।

**আস্তরণ** — বসিবার জন্য বিস্তীর্ণ চাদর গালিচা ইঃ। আচ্ছাদনবস্ত্র।

**আঁস্তাকুড়** ] জঞ্জাল এঁটো ইঃ ফেলিবার স্থান।

**আস্তানা** [ ফা. -নহ্ ] আড্ডা। আশ্রম।

**আস্তাবল** [ ই. stable. কিংবা আ. ইস্ত্‌বল ] অশ্বশালা।

**আস্তিক** — ঈশ্বরবিশ্বাসী। বেদাদিশাস্ত্র-বিশ্বাসী।... ষ্য. **-তা, আস্তিক্য।**

**আস্তিন** [ ফা ] জামার হাতা।

**আস্তীর্ণ** — বিস্তীর্ণ, প্রসারিত। ছড়ানো, সমাকীর্ণ।

**আস্তৃত** — বিস্তৃত, প্রসারিত। আচ্ছাদিত।

**আস্তে** [ ফা. আহিস্তহ্ ] ধীরে ('— চলা'')। অনুচ্চকণ্ঠে ('— বলা')

**আস্থা** — বিশ্বাস, ভরসা ('তাঁহার উপর — নাই')। শ্রদ্ধা, নিষ্ঠা ('মূর্তিপূজায় —')। স্থিতি। সমিতি।

**আস্থান** — অবস্থিতি। স্থান। সভা। আস্থা।

**অস্থায়ী** — গানের প্রথম পদ।

**আস্থিত**—অধিষ্ঠিত, আশ্রিত। পরিব্যাপ্ত।

**আস্পদ** — পাত্র, আধার ('স্নেহাস্পদ')

**আস্পর্ধা** — স্পর্ধা (দেখ), বাড়, দর্প।

**আস্ফালন** — জোরে সঞ্চালন, বিক্ষেপ। তাড়ন। দম্ভ, দর্প। ... **ণ. -লিত।**

**আস্ফোট** — সংঘর্ষণ ঠোকাঠুকি বা আছড়াইবার শব্দ ('বাহ্বাস্ফোট')

**আস্য** — মুখ, বদন, আনন।
**আস্যাওড়া** — এক প্রকার গুল্ম।
**আস্বাদ** — স্বাদ, তার। ... **আস্বাদক** — স্বাদগ্রহণকারী। ... **আস্বাদন** — স্বাদ-গ্রহণ, চাখা। ... **আস্বাদনীয়, আস্বাদ্য**— আস্বাদনের যোগ্য। ... **আস্বাদিত**—যাহা চাখা হইয়াছে।
**আহত** — আঘাতপ্রাপ্ত, প্রহৃত। ধ্বনিত (যথা বাদ্যাদি)। ... **আহতি** — আঘাত।
**আহব** — যুদ্ধ।
**আহবনীয়** — হোমের যোগ্য। হোমের জন্য সংস্কৃত (অগ্নি)
**আহরণ** — সংগ্রহ, সঞ্চয়। সংকলন। উপার্জন। আয়োজন। উপঢৌকন। (§ আহৃত। ... **আহরণীয়, আহর্তব্য**— সংগ্রহের যোগ্য। ... **আহর্তা** (-র্তৃ) — আহরণকারী, সংগ্রাহক।
**আহরিৎ** — ঈষৎ সবুজ।
**আহা**] দুঃখ সমবেদনা আনন্দ ইঃ সূচক শব্দ, অহো। ... **আহা মরি**] অনুকম্পা প্রশংসা বা বিদ্রূপ সূচক।
**আহাব** — গবাদি পশুর জল পানের চবুতরা।
**আহাম্মক** [আ. আহ্‌মক] বোকা, বেকুফ, নির্বোধ।
**আহার** — ভোজন, খাওয়া। খাদ্য। আহরণ। ... **আহারার্থী** (-র্থিন্‌) — যে খাইতে চায়। ... **আহারী** (-রিন্‌) — যে খায় ('মিতাহারী')। ... **আহার্য** — খাদ্য, ভক্ষ্য।
**আহিত** — স্থাপিত, ন্যস্ত, প্রতিষ্ঠিত। ... **আহিতলক্ষণ** — নিজগুণদ্বারা খ্যাত। ... **আহিতাগ্নি** — অগ্নিহোত্রী।
**আহিতুণ্ডিক** — সাপুড়িয়া।
**আহির, আহীর**] < আভীর (দেখ)
**আহুত**—যাহাতে বা যাহা আহুতি দেওয়া হইয়াছে। ... **আহুতি** — হোম, যজ্ঞাগ্নিতে ঘৃতাদি নিক্ষেপ।
**আহূত** — আমন্ত্রিত, নিমন্ত্রিত, যাহাকে আহ্বান করা হইয়াছে ('রবাহূত')। ... **আহূতি** — আহ্বান।
**আহৃত** — সংগৃহীত, সঞ্চিত। উপার্জিত। আয়োজিত।
**আহেল, আহেলী** [আ. আহল] খাস বাসিন্দা; খাঁটী ('— বিলাত' — খাস বিলাতী)
**আহ্নিক** — ষ্য. সন্ধ্যাবন্দনাদি নিত্যকর্ম। **ণ.** দৈনিক। ... **আহ্নিকগতি**—পৃথিবীর ২৪ ঘণ্টায় আবর্তন।
**আহ্লাদ** — হর্ষ, আনন্দ। ... **আহ্লাদন** — আহ্লাদিত করণ। ... **আহ্লাদিত** — প্রীত, হৃষ্ট। ... **আহ্লাদী**] যে স্ত্রী অকারণে আহ্লাদ দেখায় বা আদর কাড়ে। ... পুং. **আহ্লাদে, আহেলদে**]
**আহ্বান** — সম্বোধন, ডাক। আমন্ত্রণ।
**আহ্বায়ক** — আহ্বানকারী।

**ই** [< হি] কেবল ('আমিই যাইব, টাকাই লইব, এই কথাতেই রাগ?')। নিশ্চয় ('আমি যাইবই, এখনই, ভালই আছি, কাজে কাজেই')। পক্ষান্তর, অনির্দিষ্টতা-সূচক পদে জোর দিবার জন্য ('যদিই যাই, লইলই বা')
**ইঃ**] বিস্ময় বেদনা বা অধীরতা সূচক শব্দ।
**ইউনানী, য়ুনানী** [ফা] গ্রীক, যাবনিক। হাকিমী চিকিৎসা সম্বন্ধীয়।
**ইওরেশীয়** [ই. Eurasian] ইওরোপ ও এশিয়ার অধিবাসী হইতে উৎপন্ন সংকরজাতি। ফিরিঙ্গী।

**ইওরোপীয়** [ই. European] ইওরোপ সম্বন্ধীয় বা তাহার অধিবাসী।

**ইংরেজ** [পো. Ingles. ফ্রেঞ্চ Anglaise.] ইংলণ্ডের অধিবাসী, সাহেব (ইংরাজ প্রাঅপ্রঃ)। ... **ইংরেজী**] ণ. ইংরেজ সম্বন্ধীয়। ষ্য· ইংরেজের ভাষা।

**ইক্ষু**—আক, তৃণ বিঃ, যাহার কাণ্ডের রস হইতে গুড় ও চিনি হয়। (§ ঐক্ষব)

**ইক্ষ্বাকু**—সূর্যবংশের প্রথম রাজা, বৈবস্বত মনুর পুত্র।

**ইঙ্গবঙ্গ**] ইংরেজী ও বাংলা মিশ্রিত। ইংরেজের চালচলন অনুকারী বাঙালী বা তৎসম্বন্ধীয়।

**ইঙ্গনা** — ইঙ্গিত।

**ইঙ্গিত**—ইশারা, ঠার, সংকেত।

**ইঙ্গুদী, ইঙ্গুদ** — বৃক্ষ বা ফল বিঃ (সংস্কৃত সাহিত্যে বহু উক্ত। '-তৈল')

**ইঁচড় / এঁচড়**] কাঁচা কাঁঠাল।... **"ইঁচড়ে পাকা"**] অকালপক্ক, জেঠা।

**ইচলা, ইচলি**] — চিংড়ি মাছ।

**ইচ্ছা** — অভিলাষ, বাসনা, বাঞ্ছা, স্পৃহা, "ইচ্ছে", প্রবৃত্তি ('-কৃত, -পূর্বক, -মৃত। ইচ্ছাধীন, ইচ্ছানুযায়ী')। ... **ইচ্ছাবসন্ত**—বসন্ত রোগ।... **ইচ্ছাময়**—যাঁহার ইচ্ছায় সব হয়, ঈশ্বর। ... **ইচ্ছিত**] (অশুপ্রঃ) ঈপ্সিত, বাঞ্ছিত।... **ইচ্ছু, ইচ্ছুক** — অভিলাষী। সম্মত, রাজী।

**ইজার / ইজের** [আ· ইজার] পাজামা, পেণ্টলুন।

**ইজারা** [আ] ঠিকা, নির্দিষ্ট খাজনায় জমির বন্দোবস্ত ('—দেওয়া, লওয়া')। ... **ইজারাদার, ইজার-**] ইজারা গ্রহণ-কারী, ঠিকাদার।

**ইজ্জত** [আ· ইজ্জৎ] সম্ভ্রম, সম্মান ('মান-')

**ইজ্যা**—যজ্ঞ।

**ইঞ্চ** [ই], **ইঞ্চি**] ১ / ১২ ফুট।

**ইঞ্জিন** — রেলগাড়ী, কারখানা ইত্যাদি চালাইবার যন্ত্র।

**ইট, ইঁট**] < ইষ্টক। ... **ইটখোলা**] ইট গড়িবার ও পাঁজায় পুড়াইবার স্থান।

**ইড়া** — শাস্ত্রোক্ত নাড়ী বিঃ।

**ইৎ** — ব্যাকরণে প্রত্যয়ের মধ্যবর্তী যে সব বর্ণ লোপ পায়—সেই সব বর্ণের লুপ্তিকে ইৎ যাওয়া বলে।

**ইতর** — নিম্নশ্রেণীস্থ ('-লোক')। পশু-শ্রেণীস্থ ('-জন্তু')। নীচ, অধম ('-প্রকৃতি')। ভিন্ন, অপর ('মনুষ্যেতর প্রাণী')। ... **ইতরবিশেষ** — প্রভেদ। কমিবেশি। ... **ইতরেতর** — অন্যোন্য, পরস্পর। দ্বন্দ্ব সমাসের প্রকার ভেদ।

**ইতরামি** — হীনতা, নীচতা।

**ইতঃপূর্বে** — ইহার পূর্বে। (ইতিপূর্বে দেখ)

**ইতস্ততঃ** (-তস্) — **ইতস্তত**] এখানে সেখানে, নানাদিকে। (বাং) দ্বিধা, সংকোচ ('ইতস্তত করা')

**ইতি**—ইহা, এইপ্রকার ('-কর্তব্য')। (বাং) শেষ ('—করা') ... **ইতিউতি**] ... ইতস্ততঃ। এদিক ওদিক (চাওয়া)। ... **ইতিকথা** — অর্থশূন্য বাক্য। উপকথা। ... **ইতিকর্তব্য** — ইহাই কর্তব্য। ... **ইতিকর্তব্যতা** — ইহাই কর্তব্য এই জ্ঞান।

**ইতিপূর্বে**] (অশুপ্রঃ) ইহার পূর্বে, ইতঃপূর্বে।

**ইতিবৃত্ত, ইতিহাস** — পুরাবৃত্ত, প্রাচীন কথা, পূর্ববৃত্তান্ত। (§ ঐতিহাসিক)

**ঈতিহ** — পরম্পরা লোকশ্রুতি। ঐতিহ্য, Tradition.

**ইতু** [ < মিত্র] সূর্য (অগ্রহায়ণে পূজা হয়)

**ইতোমধ্যে — ইতিমধ্যে**] (অশুপ্রঃ) ইত্যবসরে, এই সময়ের মধ্যে।

**ইত্যবসরে** — এই অবসরে, এই সময়ে, ইতোমধ্যে।

**ইত্যাকার** — এই প্রকার।

**ইত্যাদি** — ইহা এবং এই শ্রেণীর আরও, প্রভৃতি।

**ইথে** [ইত্থম্) ইহাতে। ইহার। (পদ্যে। অপ্রঃ)

**ইদানীং** — সম্প্রতি, আজকাল, এখন, "এদানি"। ... **ইদানীন্তন** — আধুনিক, অধুনাতন, এখনকার।

**ই'দুর**] < ইন্দুর।

**ইনাম** [আ] পুরস্কার। বকশিস।

**ইনামেল** [ই] ধাতু ইঃর উপর কাচতুল্য কলাই, মিনা।

**ইনি**] এই ব্যক্তি (গৌরবে। পঃছ দেখ)

**ইনিয়েবিনিয়ে** — ফুলিয়ে ফাঁপিয়ে। বিস্তারিতভাবে।

**ইন্তাকাল** (আ) - মৃত্যু।

**ইন্তাজারি** (আ) — আগ্রহের সঙ্গে প্রতীক্ষা।

**ইন্তেহাম, ইন্তেহান** (আ) — পরীক্ষা।

**ইন্দারা, ই'দারা** [ < ইন্দ্রাগার-] কূপ। বড় পাকা কুয়া।

**ইন্দিরা** — লক্ষ্মী।

**ইন্দীবর, ইন্দি-** — নীলপদ্ম।

**ইন্দু**—চন্দ্র। ... **ইন্দুনিভানন**—চন্দ্রের তুল্য আননবিশিষ্ট, চন্দ্রমুখ। স্ত্রী. **-ননা। -ননী**] ... **ইন্দুমতী** — পূর্ণিমা। অজ-মহিষী। ... **ইন্দুমৌলি — চন্দ্রচূড়,** শিব। ... **ইন্দুলেখা, -রেখা** — চন্দ্রকলা।

**ইন্দুর — ইন্দুর**] ই'দুর, মূষিক।

**ইন্দ্র** — দেবরাজ, আখণ্ডল, পাকশাসন, পুরন্দর, বাসব, মঘবা, শক্র। প্রধান, শ্রেষ্ঠ, রাজা ('নরেন্দ্র')। ... **ইন্দ্রাগার** — ইন্দারা। ... **ইন্দ্রগোপ** — রক্তবর্ণ কীট বিঃ, মখমলী পোকা। ... **ইন্দ্রচাপ, -ধনু** — রামধনু। ... **ইন্দ্রজাল** — মায়াবিদ্যা, ভোজবাজি, ভেলকি। ... **ইন্দ্রজালিক, ঐন্দ্রজালিক** — ইন্দ্রজালবিষয়ক। মায়াবী, জাদুকর, কুহকী। ... **ইন্দ্রজিৎ** — রাবণ-মন্দোদরীর পুত্র, মেঘনাদ। ... **ইন্দ্রত্ব** — ইন্দ্রের পদ। ... **ইন্দ্রনীল** — নীলকান্ত-মণি। ... **ইন্দ্রপুরী** — অমরাবতী। (লক্ষ্যার্থে) বিরাট সমারোহময় প্রাসাদ। ... **ইন্দ্রপ্রস্থ** — পাণ্ডবরাজধানী (দিল্লির নিকট)। ... **ইন্দ্রপ্রসাদী**—ইন্দ্রের প্রসাদের অর্থাৎ বৃষ্টিপাতের উপর নির্ভর। **ইন্দ্রলুপ্ত** — টাক। ... **ইন্দ্রলোক** — অমরাবতী।

**ইন্দ্রাণী** — ইন্দ্রপত্নী, শচী।

**ইন্দ্রায়ুধ** — রামধনু।

**ইন্দ্রিয়** — যে অঙ্গ বা শক্তি দ্বারা বাহ্য বিষয়ের উপলব্ধি হয়, অথবা কর্মের সাধন হয়; চক্ষু কর্ণ হস্ত পদ ইঃ। (দর্শনে) পঞ্চ জ্ঞানেন্দ্রিয় পঞ্চ কর্মেন্দ্রিয় ও মন বা অন্তরিন্দ্রিয়। শারীরিক ভোগ ('-পরায়ণ, -লালসা')। ... **ইন্দ্রিয়গম্য, -গোচর, -গ্রাহ্য** — বোধগম্য, প্রত্যক্ষ। ... **ইন্দ্রিয়গ্রাম** — ইন্দ্রিয়সমূহ। ... **ইন্দ্রিয়জিৎ** — জিতেন্দ্রিয়। ... **ইন্দ্রিয়-দোষ** — লাম্পট্য। ... **ইন্দ্রিয়বৃত্তি** — ইন্দ্রিয়ের ক্রিয়া, বিষয়ানুভূতি। ... **ইন্দ্রিয়লালসা** — কামুকতা। ... **ইন্দ্রিয়-সংযম** — ব্রহ্মচর্যসাধন।

**ইন্ধন** — যে দাহ্য পদার্থ দিয়া আগুন করা হয়, জ্বালানি, কাঠ কয়লা ইঃ।

**ইমন**] রাগিণী বিঃ।

**ইমান** [আ] বিবেক।... **ইমানদার**] সাধু, বিশ্বস্ত। ... ষ্য. **-দারি**]

**ইমাম** [আ] মুসলমান ধর্মনেতা বা গুরু। ... **ইমামবাড়া**] মহরমের অনুষ্ঠানের জন্য বাড়ি।

**ইমারত** [আ] অট্টালিকা, পাকা বাড়ি।

**ইয়ত্তা** — পরিমাণ, সংখ্যা, সীমা।

**ইয়াদ** (ফা) — স্মরণ, স্মৃতি। **ইয়াদঘর** — স্মৃতিমন্দির।

**ইয়ার** [ফা] বয়স্য, দোস্ত, বন্ধু। রসিক, ফাজিল। ... **ইয়ার্কি**] রসিকতা, ফাজলামি, বয়স্যগণের সহিত তুচ্ছ আলাপ ('— দেওয়া, মারা, করা')

**ইয়ারিং** [ই. ear-ring] মাকড়ি, কুণ্ডল।

**ইয়ে**] নাম মনে পড়িতেছে না এমন কিছু।

**ইরম্মদ** — বিদ্যুৎ, বজ্রাগ্নি।

**ইরশাদ (আ)** — অভিপ্রায়, ফতোয়া।

**ইরশাল** (আ) — খাজনা দাখিল।

**ইরা** — পৃথিবী। বাণী। জল।

**ইরাক** — মেসোপটেমিয়া।

**ইরান** [ফা] পারস্য। ... **ইরানী**] পারস্যদেশীয়।

**ইরাবতী** — পঞ্জাবের নদী বিঃ, আধুনিক রাবী। ব্রহ্মদেশের নদী বিঃ।

**ইলা** — পৃথিবী। বাণী। জল। বুধপত্নী।

**ইলাকা** (এলাকা দেখ)

**ইলাবৃতবর্ষ**—পুরাণোক্ত দেশ বিঃ, অনেকের মতে মঙ্গোলিয়া।

**ইলাহী** [আ] বৃহৎ ('—কাণ্ড')

**ইলিশ** [< ইলীশ, ইল্লীশ] মাছ বিঃ।

**ইলেক**] টাকা গণ্ডা মণ সের ইঃ সূচক বক্র রেখাচিহ্ন (৫, ‹৫ ৫/ /৫)

**ইলেকট্রিক** [ই] বৈদ্যুতিক, বিজলী সম্বন্ধীয় ('— পাখা')

**ইলোরা** — ইতিহাস-বিখ্যাত গুহামন্দির।

[আ] নোংরামি। ... **"ইল্লতে"**] নোংরা।

**ইশ, ইস**] বিস্ময় দুঃখ ক্লেশ ইঃ সূচক শব্দ।

**ইশকাপন** [ডাচ schopen] তাসের চিহ্ন বিঃ।

**ইশপিশ**] — অস্থিরতা।

**ইশাদী** [আ. ইশ্‌হাদ] সাক্ষী।

**ইশারা** [আ. ইশারৎ] ইঙ্গিত, সংকেত।

**ইষু** — বাণ, তীর।

**ইষ্ট** — ণ. কল্যাণকর। অভিলষিত, কাম্য ('-সিদ্ধি')। উপাস্য ('-দেবতা')। আত্মীয় ('-বিয়োগ')। ষ্য. কল্যাণ। যজ্ঞাদি। (§ ইষ্টি)

**ইষ্টগোষ্ঠী** — এক সম্প্রদায়ের লোকদের অথবা এক গুরুর শিষ্যদের মধ্যে ভাব-বিনিময় ও আলাপ-আলোচনা। ইষ্ট-জনের সঙ্গসুখ উপভোগ।

**ইষ্টক**—ইট। ... **ইষ্টকালয়** — পাকা বাড়ি।

**ইষ্টাপত্তি** — অভীষ্টলাভ।

**ইষ্টাপূর্ত** — যজ্ঞাদি ও জনহিতার্থ জলাশয়াদি।

**ইষ্টি** — যজ্ঞ। ইচ্ছা।

**ইষ্টিকা** — সুরখী। ইটের গুঁড়া।

**ইস** (ইশ দেখ)

**ইসবগুল** [ফা. ইস্‌প্‌গোল] লালাময় বীজ বিঃ (ঔষধ)

**ইসলাম** [আ] মুসলমান ধর্ম বা জাতি। ... **ণ. ইসলামী**]

**ইস্ক্রুপ** (স্ক্রু দেখ)

**ইস্তক** [হি. ইস্-তক] পর্যন্ত। তাস-খেলার রঙের সাহেব বিবি।

**ইস্তফা** [আ. ইস্তফা] শেষ। কর্মত্যাগ ('কাজে — দেওয়া')

**ইস্তাহার** [আ. ইশ্‌তি-] বিজ্ঞাপন, বিজ্ঞপ্তি।

**ইস্তিরি, ইস্ত্রি** [পো. estirar] কোঁচ-কানো কাপড় সোজা ও মসৃণ করিবার যন্ত্র। তাহার প্রয়োগ ('—করা')
**ইস্পাত** [পো. espada] অঙ্গারক ইঃ যোগে কঠিনীকৃত লোহ।
**ইহ** — এই স্থানে, এই কালে। এই ('-সংসার')। (§ ঐহিক)। ... **ইহকাল**—জীবিতকাল, এই জন্ম। ... **ইহলোক**—এই সংসার, ইহজীবন, মর্ত্যলোক। (§ ঐহলৌকিক)
**ইহা**] এই বস্তু বা বিষয়, এ। ... **ইহাকে ইহারা** ইঃ (পঃছ এ, ইহা দেখ)
**ইঁহাকে, ইঁহারা** ইঃ (পঃছ ইনি দেখ)
**ইহুদী** [আ. য়াহূদ] জাতি বিঃ, Jew.

## ঈ

**ঈক্ষণ** — দৃষ্টি, দেখা। ... **গ. ঈক্ষিত।**
**ঈগল** [ই. eagle] শ্যেনজাতীয় বৃহৎ পক্ষী বিঃ, গরুড়।
**ঈদ** [আ] মুসলমান পর্ব বিঃ (রমজান মাসের অন্তে)
**ঈদ্‌গা** (আ ঈদগাহ্‌) — সমবেত ভাবে মুসলমানদের নমাজের ভজনালয়।
**ঈদৃশ, ইদৃক্‌** (-দৃশ্‌) — এরূপ, এতাদৃশ। ... স্ত্রী. **ঈদৃশী।**
**ঈপ্সা** — পাইবার ইচ্ছা। লোভ। ... **ঈপ্সিত** — বাঞ্ছিত, অভিলষিত। ... **ঈপ্সু** — পাইতে ইচ্ছুক। ইচ্ছুক।
**ঈর্ষা, -র্ষ্যা** — পরশ্রীকাতরতা, "হিংসে"। ... **ঈর্ষালু, ঈর্ষী** (-র্ষিন্‌) —ঈর্ষাপরায়ণ।
**ঈশ** — ঈশ্বর। প্রভু, স্বামী ('নরেশ')। রক্ষক, পালক। ... স্ত্রী. **ঈশা।** (§ ঐশ, ঐশিক, ঐশী)
**ঈশা** [ই. Jesu] যীশুখ্রীষ্ট।
**ঈশান** — শিব। উত্তরপূর্ব কোণ। ... **ঈশানী**—দুর্গা।

**ঈশিত্ব, -তা** — যোগলব্ধ ঐশ্বর্য বিঃ, সর্বভূতের উপর প্রভুত্ব।
**ঈশ্বর** — ভগবান্‌। অধিপতি, প্রভু, রাজা ('দিল্লীশ্বর')। ' চিহ্ন (মৃতব্যক্তি দেবতা বা পুণ্যস্থানের পূর্বে প্রযোজ্য)। ... স্ত্রী. **ঈশ্বরী।** (§ ঐশ্বর, ঐশ্বরিক, ঐশ্বর্য)। ... **ঈশ্বরবাদ**—ঈশ্বরের অস্তিত্ব প্রতিপাদক মত। ... **ঈশ্বরবাদী** (-দিন্‌)
**ঈষ, ঈষা** — লাঙগলদণ্ড।
**ঈষৎ** — অল্প, কিঞ্চিৎ, একটু। ... **ঈষদূন** — ঈষৎ ঊন, একটু কম। ... **ঈষদুষ্ণ** — কবোষ্ণ, অল্পগরম।
**ঈষিকা, -ষী-** — তুলি। কাশতৃণ।
**ঈহা** — চেষ্টা। ইচ্ছা। ... **গ. ঈহিত।**

## উ

**উঁ**] অ্যাঁ-শব্দের সংক্ষেপ, ডাকের উত্তরে সাড়া।
**উই** [< উপদিকা] কীট বিঃ, পুত্তিকা। ... **উইঢিপি**] উইএর তৈয়ারী মাটির ঢিপি, উইএর বাসা, বল্মীক।
**উইচিংড়া** (উচ্চিংড়া দেখ)
**উইল** [ই] যে দানপত্র দাতার মৃত্যুর পর বলবৎ হয়।
**উঃ**] বিস্ময় কষ্ট বা অধীরতা সূচক শব্দ।
**উকড়া** — মুড়কি।
**উকটানো**] — [√ উকটা-১৯] — তল্লাস করা, খোঁজ করা।
**উকা**] — আগুনের ফিনকি।
**উঁকি**] হিক্কা, হেঁচকি ('—ওঠা, তোলা')
**উঁকি, উকি**] লুকাইয়া বা আড়াল হইতে দেখা ('—মারা') **উঁকিঝুঁকি** — ঐভাবে দেখিবার বার বার আগ্রহ চেষ্টা।
**উকিল, উকীল** [আ. বকীল] ব্যবহার-জীবী, আইনব্যবসায়ী। ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি। (§ ওকালতি)

**উকুন** ] < উৎকুণ, চুলের পোকা।
**উকুনবাড়ি** — ধান ঝাড়িবার জন্য খামারে ব্যবহৃত উপকরণ বিঃ।
**উক্ত** — কথিত। উল্লিখিত। ... **উক্তি** — কথন। উল্লেখ।

**উখড়ানো / উখড়নো, ওখড়ানো** [ √ উখ্ড়া-১৯ ] উৎপাটন করা, উপড়ানো।
**উখল, উখলি** ] < উদ্খল।
**উখা১** — উনান।
**উখা২ / উকো** ] ধাতু ইং ঘষিবার জন্য খরগাত্র অস্ত্র, রেতি।
**উখা৩** — বেতের তৈরি মাছ ধরিবার যন্ত্র বিঃ।

**উগরানো / উগরনো, ওগরানো** [ √ উগ্রা-১৯। < উৎ-গৃ ] উদ্গিরণ বা বমন করা। বাধ্য হইয়া গৃহীত দ্রব্য ফেরত দেওয়া ('চোরাই মাল —')
**উগ্র** — তীব্র, প্রখর ('— গন্ধ, তাপ')। প্রচণ্ড, নিষ্ঠুর, ক্রুদ্ধ ('-স্বভাব')। ... ষ্য. **-তা**। ... **উগ্রকর্মা** (-র্মন্) — যে ভয়ানক বা হিংসাজনক কর্ম করে। ... **উগ্রচণ্ডা, -চণ্ডী**—ক্রুদ্ধা ভয়ংকরী নারী। দুর্গার মূর্তি বিঃ। ... **উগ্রবীর্য** — অতিশয় তেজালো ('— ঔষধ')। ... **উগ্রমূর্তি** — ভয়ানক মূর্তি। অত্যন্ত ক্রুদ্ধ।

**উগ্রক্ষত্রিয়** — হিন্দু জাতি বিঃ, আগুরী।
**"উচক্কা"** ] উঠতি ('— বয়স')। হঠকারী। অবাধ্য।
**উঘরানো, উঘড়ানো** — [ √ উঘরা, উঘড়া-১৯ ] — উদ্ঘাটন করা, উন্মুক্ত করা, নগ্ন করা।

**উঘারী** ] — বিবসনা।
**উঙানি** ] — অতি ক্ষুদ্রজাতীয় পতঙ্গ। অনকি।

**উচল** ] — উচ্চস্থান। বিপঃ নীচল, নিচল।
**উঁচা, উচা / উঁচু, উচু** ] < উচ্চ। ... **উঁচু দরের** ] উচ্চ শ্রেণীর। ... **উঁচুনীচু, -নিচু** ] অসমান, বন্ধুর। ... **উঁচ্-কপালী** — যে মেয়ের কপাল খুব উঁচু। অলক্ষণা।

**উচাটন** ] < উচ্চাটন ] ষ্য. উৎকণ্ঠা, ব্যাকুলতা। **ণ.** উৎকণ্ঠিত, ব্যাকুল।
**উচানো / উচনো, ওচানো** [ √ উচা-১৪ ] উত্তোলন করা, মারিবার জন্য তোলা ('লাঠি —')
**উচিত** — কর্তব্য। যোগ্য, উপযুক্ত, যথার্থ, ন্যায্য ('-- কথা')। ... **উচিত বক্তা** — যে ন্যায্য কথা বলে। (§ ঔচিত্য)

**উচোট** ] হোঁচট (দেখ)
**উচ্চ** — উঁচু, উন্নত('— বৃক্ষ, পদ, হৃদয়, শ্রেণী')। চড়া; জোরালো ('— মূল্য, কণ্ঠ')। ... **উচ্চতা** — খাড়াই। আধিক্য, তীব্রতা। উন্নত অবস্থা। ... **উচ্চবাচ্য** ] সাড়াশব্দ, প্রতিবাদ ('— করা')। ... **উচ্চরোল** — চিৎকার। ... **উচ্চাকাঙ্ক্ষা** — উচ্চাভিলাষ। ... **উচ্চাশয়** — উদার, মহানুভব।

**উচ্চণ্ড** — প্রচণ্ড।
**উচ্চয়** — সমূহ। সংগ্রহ। সমৃদ্ধি।
**উচ্চাটন** — উন্মূলন। শত্রুপীড়নের জন্য অভিচার বিঃ। উৎকণ্ঠা।

**উচ্চাবচ** — (উচ্চ-অবচ) উঁচু-নীচু। বন্ধুর।
**উচ্চারণ, উচ্চার** — কথন। মুখদ্বারা শব্দ-প্রকাশ। কহিবার ভঙ্গী ('সাহেবী—')। ... **ণ. উচ্চারিত**। ... **উচ্চারণীয়, উচ্চার্য** — উচ্চারণের যোগ্য। কথনীয়। ... **উচ্চার্যমাণ** — যাহা উচ্চারিত হইতেছে।
**উচ্চিংড়া, উইচিংড়া / -চিংড়ে** [ < উৎ চিঙ্গট ] পতঙ্গ বিঃ।

**উচ্চৈঃশ্রবা** [ < -বাঃ (-বস্) ] ইন্দ্রের অশ্ব।
**উচ্চৈঃস্বর** — উচ্চরব, চিৎকার, জোরগলা ('উচ্চৈঃস্বরে')
**উচ্ছন্ন** ] < উৎসন্ন (দেখ)
**উচ্ছল** — সর্বত্র ব্যাপ্ত। উচ্ছলিত।
**উচ্ছলিত** — উৎক্ষিপ্ত, উচ্ছ্বসিত, স্ফীত, যাহা উথলাইয়া উঠিয়াছে।
**উচ্ছিত্তি** — উচ্ছেদ।
**উচ্ছিদ্যমান** — যাহার উচ্ছেদ হইতেছে।
**উচ্ছিন্ন** — উৎপাটিত।
**উচ্ছিষ্ট** — ভুক্তাবশেষ, এঁটো। পরিত্যক্ত।
**উচ্ছৃঙ্খল** — অনিয়ন্ত্রিত, এলোমেলো, বিশৃঙ্খল। যথেচ্ছাচারী। ... ষ্য. **-তা।**
**উচ্ছে** ] করলা-জাতীয় তিক্ত ফল বিঃ (তরকারি)
**উচ্ছেদ** -- উৎপাটন, সমূলে বিনাশ। (ঽ উচ্ছিদ্যমান, উচ্ছিন্ন)। ... **উচ্ছেদনীয়, উচ্ছেদ্য** — উচ্ছেদযোগ্য।
**উচ্ছোষণ** — শুষিয়া লওয়া, শুষ্ক করা। সন্তাপিত করা। ... **ণ. উচ্ছোষিত।**
**উচ্ছ্রয়, উচ্ছ্রায়** — উচ্চতা, উন্নতি। ... **ণ. উচ্ছ্রিত।**
**উচ্ছ্বসিত** — স্ফীত, উচ্ছলিত। হর্ষ-বিষাদাদির প্রাবল্যহেতু আকুল। ... ষ্য. **উচ্ছ্বসন, উচ্ছ্বাস।**
**উচ্ছ্বাস** — বিকাশ, স্ফুরণ। স্ফীতি। ভাবের আবেগ। উল্লাস। নিঃশ্বাস। ... **উচ্ছ্বাসিত** — উন্মেষিত। যাহাকে করা হইয়াছে।
**উছলিত** ] < উচ্ছল, উচ্ছলিত। (পদ্যে ক্রি. 'উছলিল')
**উজবুক** [ তু. উজ্‌বেক = তাতার জাতি বিঃ ] মূর্খ, আহাম্মুক।
**উজর, উজোর** ] > উজ্জ্বল। (প্রাঃ সাঃ)
**উজল** ] < উজ্জ্বল (পদ্যে। ক্রি. **'উজলিল'**)
**উজাগর** — সারারাত্রি জাগরণ। (প্রাঃ সাঃ)
**উজাড় / উজড়** ] শূন্য, খালি, নিঃশেষ।
**উজান** ] স্রোতের প্রতিকূল দিক্। জোয়ার। ... **উজানভাটি** ] জোয়ার-ভাঁটা।
**উজির, উজীর** [ আ. ব্‌জীর ] মন্ত্রী।
**উজিয়ার, উজিয়ারা** (ব্রজবুলি) ]—উজ্জ্বল, আলোকিত।
**উজ্জয়িনী, -য়নী** — প্রাচীন নগরী বিঃ, আধুনিক উজ্জৈন (গোয়ালিয়র রাজ্যে)
**উজ্জীবন** — সঞ্জীবন, মৃত বা মৃতপ্রায়ের দেহে চেতনাসঞ্চার। ... **ণ. উজ্জীবিত।**
**উজ্জৃম্ভণ** — বিবর্তন, বিকাশ।
**উজ্জ্বল** — আলোকিত, দীপ্তিমান্। চক্‌চকে। শোভমান। ... **উজ্জ্বলরস** — বৈষ্ণব সাহিত্যে মধুর রস বা শৃঙ্গার রস। **উজ্জ্বলনীলমণি** — রূপগোস্বামী রচিত রসশাস্ত্রের গ্রন্থ। ... ষ্য. **-তা, ঔজ্জ্বল্য।** ... **উজ্জ্বলিত** — যাহাকে উজ্জ্বল করা হইয়াছে। প্রজ্বলিত, প্রদীপ্ত। পরিষ্কৃত।
**উঞ্ছ** — (মূঃ উপেক্ষিত ধান্যাদি খুঁটিয়া লওয়া) হীন নীচ দীন বা তুচ্ছ জীবিকা। ... **উঞ্ছজীবী** (-বিন্), **-শীল** — যে ব্যক্তি তুচ্ছ কর্ম দ্বারা জীবিকা-নির্বাহ করে। ... **উঞ্ছবৃত্তি** — উঞ্ছকর্ম-দ্বারা জীবিকানির্বাহ। (সং) অত্যল্প উপকরণে জীবিকানির্বাহ।
**উট** ] < উষ্ট্র। ... **উটপাখি, -খী** ] আফ্রিকার বৃহৎ পক্ষী বিঃ, ostrich (উড়িতে পারে না, দ্রুত চলে)
**উটকা / উটকো** ] সহসা আগত ও অপরিচিত; অবিশ্বস্ত, বাজে ('—কুকুর, খবর')
**উটকানো / উটকনো, ওটকানো** [ √ **উট্‌কা-১৯** ] জিনিসপত্র ঘাঁটিয়া খোঁজা। (উকটানো — দেখ)
**উটজ** — কুটীর, গ্রাম্য গৃহ (**'-শিল্প'**)

**উটনা, উটনো** ] — দোকান হইতে প্রতিদিনকার প্রয়োজনীয় দ্রব্যাদি ধারে ক্রয়।
**উঠতি** ] ষ্য. উত্থান, উন্নতি। ণ. যাহার উন্নতি বা বৃদ্ধি হইতেছে ('—কারবার'। তুঃ পড়তি। '—বয়স' — যৌবনকাল) **উঠতিমুখে** — উন্নতির পথে।
**উঠা, উঠানো** (ওঠা দেখ)
**উঠান / উঠন** ] প্রাঙ্গণ, আঙিনা।
**উঠিৎ** ] — নদীর চর। জঙ্গলা জমি বা পতিৎ জমিকে আবাদী জমিতে পরিণতি।
**উড়াক** ] — এক প্রকারের ধান্য।
**উড়তি, উড়ন্ত** ] উড্ডয়নশীল, উড্ডীন, যাহা ওড়ে বা উড়িতেছে।
**উড়নচড়ে, -চণ্ডে** ] অপব্যয়ী। ... স্ত্রী. **-চণ্ডী** ]
**উড়া১, উড়ানো** (ওড়া দেখ)
**উড়া২ / উড়ো** ] উড়ন্ত ('—খই')। সহসা আগত ও অপরিচিত ('—চিঠি')। ... **উড়োজাহাজ** ] aeroplane, বিমান।
**উড়ানি / উড়নি, উড়ুনি** ] উত্তরীয়, চাদর।
**উড়িয়া / উড়ে** ] উড়িষ্যাদেশীয়।—উড়িষ্যাবাসী। (ওড়িয়া দেখ)
**উড়িষ্যা** ] উৎকল দেশ, ওড়িশা, ওড্র।
**উড়ুউড়ু** ] উড়িতে উদ্যত। অস্থির, পালাইপালাই ('মন — করা')
**উড়ুক্কু** — যে উড়িতে পারে।
**উড়ুপ** — ভেলা।
**উড়ুম্বর, উদুম্বর** — ডুমুর, যজ্ঞডুমুর।
**উড়ো** ] — উড়ন্ত (—জাহাজ)। ভিত্তিহীন (—খবর)। বেনামী (— চিঠি)।
**উড্ডয়ন** — ওড়া, আকাশে বিচরণ।
**উড্ডীন, উড্ডীয়মান, উড্ডয়মান** — উড়ন্ত, আকাশগামী।
**উৎ-** — ঊর্ধ্ব উৎকর্ষ প্রাবল্য মোচন বিরোধ ইঃ সূচক উপসর্গ।

**উতর, উতোর** ] < উত্তর, জবাব।
**উতরাই** ] পার্বত্য পথে উচ্চ স্থান হইতে নিম্নে অবতরণ। (তুঃ চড়াই)
**উতরানো / উতরনো, ওতরানো** [ √ উত্‌রা-১৯। < উৎ-তৃ ] নামিয়া আসা। উত্তীর্ণ সফল বা আশানুরূপ হওয়া ('পরীক্ষায় —')
**উতরোল** ] ষ্য. কোলাহল। ণ. উদ্‌বিগ্ন।
**উতলা** ] উদ্‌বিগ্ন, উৎকণ্ঠিত, চঞ্চল।
**উতোর** (উতর দেখ)
**উৎক** — উৎসুক। উদ্‌বিগ্ন।
**উৎকট** — উগ্র, কঠোর, তীব্র। বিকট।
**উৎকণ্ঠ** — উদ্‌গ্রীব। ... **উৎকণ্ঠা**—উদ্‌বেগ, আশঙ্কা, ব্যাকুলতা। ... ণ. **-ণ্ঠিত।**

**উৎকর্ষ** — উৎকৃষ্টতা, শ্রেষ্ঠতা। উন্নতি, বৃদ্ধি, আধিক্য।
**উৎকল** — উড়িষ্যা।
**উৎকলিকা** — উৎকণ্ঠা। তরঙ্গ। ফুলের কুঁড়ি।
**উৎকলিঙ্গ** — কলিঙ্গ দেশের উত্তরাংশ, উৎকল।
**উৎকলিত** — উদ্ধৃত, সংকলিত।
**উৎকাঙ্ক্ষা** — উচ্চাভিলাষ, ambition.
**উৎকিরণ** — ক্ষোদন, engraving.
**উৎকীর্ণ** — ক্ষোদিত। বিক্ষিপ্ত।
**উৎকীর্তন** — ঘোষণা, বহুল প্রচার। উচ্চপ্রশংসা। ... ণ. **উৎকীর্তিত।**
**উৎকুণ** — উকুন, কেশকীট।
**উৎকূলিত** — কূলে উত্তোলিত।
**উৎকৃত্ত** — কর্তিত। **উৎকৃত্যমান** — যাহাকে কাটা হইতেছে।
**উৎকৃষ্ট** — উত্তম, প্রকৃষ্ট। ... ষ্য. **-তা, উৎকর্ষ।**
**উৎকোচ** — ঘুষ, অবৈধ পুরস্কার। ... **উৎকোচক** — উৎকোচদাতা। ...

**উৎকোচগ্রাহী** (-হিন্) — যে ঘুষ লয়।

**উৎকর্ণ** — (উদ্যত কর্ণ) শ্রবণের জন্য উৎসুক।

**উৎক্রম** — ব্যতিক্রম, ক্রমভঙ্গ, বিপর্যয়, লঙ্ঘন। নির্গমন। মৃত্যু। ... **ণ. উৎক্রান্ত।**

**উৎক্রান্তি**—উদ্গমন। ক্রমোন্নতি। নির্গমন। মৃত্যু।

**উৎক্রোশ** — চীৎকার। কুরব (দেখ)

**উৎক্ষিপ্ত** — ঊর্ধ্বে নিক্ষিপ্ত। উৎপাটিত।

**উৎক্ষেপ, -ক্ষেপণ** — ঊর্ধ্বে ক্ষেপণ। ... **উৎক্ষেপক** — যে তাহা করে।

**উৎখাত** — উৎপাটিত, বিদারিত। ... **উৎখাতকেলি, -লী** — বৃষাদির শৃঙ্গদ্বারা মৃত্তিকাখনন ক্রীড়া, বপ্রক্রীড়া।

**উত্তপ্ত** — অতি উষ্ণ। ক্রোধান্বিত।

**উত্তম** — উৎকৃষ্ট, শ্রেষ্ঠ। সর্বশ্রেষ্ঠ। উপাদেয়। ... ষ্য. **-তা**। ... **স্ত্রী. উত্তমা।** ... **উত্তমপুরুষ** — (ব্যাকরণে) আমি আমরা ইঃ পদ। ... **উত্তমমধ্যম** — (বাং) যথেষ্ট প্রহার।

**উত্তমর্ণ**—ঋণদাতা, মহাজন। (তুঃ অধমর্ণ)

**উত্তমাঙ্গ** — মস্তক।

**উত্তমাশা** — Cape of Good Hope -এর বাঙ্লা প্রতিশব্দ।

**উত্তর**—ষ্য. জবাব, প্রতিবাক্য ('—দেওয়া')। মীমাংসা, আপত্তিখণ্ডন। উত্তরদিক্, উদক্, উদীচী। বিরাটরাজপুত্র। ণ. পরবর্তী, ভবিষ্য ('যুদ্ধোত্তর। উত্তরাধিকারী')। শ্রেষ্ঠ, অসাধারণ ('লোকোত্তর')। উত্তরদিকে অবস্থিত। শেষ ('-কাণ্ড')। অনন্তর ('ধাতুর — প্রত্যয়')। অধিক ('অষ্টোত্তর শত')। উপরের ('-চ্ছদ')। ... **উত্তরকাল** — পরবর্তী সময়, ভবিষ্যৎকাল। **উত্তরকুরু** — পুরাণোক্ত দেশ বিঃ, অনেকের মতে সাইবিরিয়া। ... **উত্তরকোশল, -কোশলা** — প্রাচীন অযোধ্যা। ... **উত্তরক্রিয়া** — অন্ত্যেষ্টি ক্রিয়া। ... **উত্তরচ্ছদ** — উপরের আচ্ছাদন, আস্তরণ। চাদর, উত্তরীয়। ... **উত্তরপক্ষ** — তর্কের সিদ্ধান্ত। প্রশ্নের উত্তর। (তুঃ পূর্বপক্ষ)। ... **উত্তরফল্গুনী, -ফাল্গুনী** — নক্ষত্র বিঃ। ... **উত্তরভাদ্রপদ** — নক্ষত্র বিঃ। ... **উত্তরপশ্চিম** — বায়ুকোণ। ... **উত্তরপুরুষ** — বংশধর। (বিপঃ পূর্বপুরুষ)। ... **উত্তরপূর্ব** — ঈশানকোণ। ... **উত্তরপ্রদেশ** — (পূঃ যুক্তপ্রদেশ) কাশী লখনউ আগ্রা ইঃ সংবলিত প্রদেশ। ... **উত্তরমীমাংসা** — বেদান্তদর্শন। ... **উত্তরসাক্ষী** (-ক্ষিন্) — যে সাক্ষী প্রত্যক্ষদ্রষ্টা নয়, অপরের কাছে শুনিয়া সাক্ষ্য দেয়। ... **উত্তরসাধক** — তান্ত্রিক সাধককে যে সাহায্য করে। শেষে যাহার সাহায্যে কার্য সম্পন্ন হয়। ... **উত্তরসূরি** পরবর্তী পণ্ডিত বা কবি।

**উত্তরঙ্গ** — তরঙ্গসংকুল।

**উত্তরণ** — পারগমন। গন্তব্যস্থানে আগমন। (§ উত্তীর্ণ)

**উত্তরা** — বিরাটরাজকন্যা, অভিমন্যুপত্নী।

**উত্তরাখণ্ড** — হিমালয়স্থ প্রদেশ বিঃ (গাঢ়োআল তিহরি কেদারনাথ ইঃ)

**উত্তরাধিকার**—মৃতের সম্পত্তিতে আত্মীয়ের অধিকার, ওয়ারিসী স্বত্ব। ... **উত্তরাধিকারী** (-রিন্)—মৃতের সম্পত্তির অধিকারী, ওয়ারিস, দায়াদ। ... স্ত্রী. **-কারিণী।**

**উত্তরাপথ**—উত্তরাখণ্ড (দেখ)। আর্যাবর্ত।

**উত্তরায়ণ** — সূর্যের উত্তরগতি, যে সময়ে সূর্যের পথ ক্রমশঃ উত্তর দিকে সরিতে থাকে (২২ ডিসেম্বর হইতে ২১ জুন; পঞ্জিকায় মাঘ হইতে আষাঢ়)

**উত্তরাশা** — উত্তর দিক্।

**উত্তরাষাঢ়া** — নক্ষত্র বিঃ।

**উত্তরাস্য** — উত্তরাভিমুখ, উত্তরমুখ।

**উত্তরীয় — উত্তরী** ] উড়ানি, চাদর।

**উত্তরোত্তর** — পর পর, ক্রমে ক্রমে।

**উত্তল** — যাহার উপরিভাগ কূর্মপৃষ্ঠতুল্য উচ্চ, convex.

**উত্তান** — ঊর্ধ্বমুখ, চিৎ। ... **উত্তানশায়ী** — চিৎ হইয়া শয়ান।

**উত্তাপ** — তাপ, উষ্ণতা। সন্তাপ। ... **উত্তাপিত** — উষ্ণীকৃত, যাহা গরম করা হইয়াছে। (§ উত্তপ্ত)

**উত্তারণ** — উত্তীর্ণ করানো।

**উত্তাল**—উচ্চ ('—তরঙ্গ')। উচ্চশব্দকারী।

**উত্তীর্ণ** — পারগত। অতিক্রান্ত। কৃতকার্য।

**উত্তুঙ্গ** — অতি উচ্চ।

[] — উত্তরদিক হইতে প্রবাহিত।

— উত্তেজনাকারী, বিবর্ধক। উদ্দীপক। তীক্ষ্ণতাসাধক।

**উত্তেজন** — উদ্দীপন, বিবর্ধন। তীক্ষ্ণীকরণ। ক্রিয়ায় প্রবৃত্তি সঞ্চারণ। ... **উত্তেজনা** — উদ্দীপনা, প্রবল প্রেরণা, চিত্তবিক্ষোভ। ... **উত্তেজিত**—উদ্দীপিত-প্রবল প্রবৃত্তি দ্বারা প্রেরিত।

**উত্তোলন**—উঠানো, ঊর্ধ্বে বহন। উত্থাপন। ... **ণ. উত্তোলিত।**

**উত্ত্যক্ত** — বিরক্ত, ব্যতিব্যস্ত, অস্থির।

**উত্থ** — উত্থিত; উৎপন্ন ('সাগরোত্থ')

**উত্থান** — ওঠা, উত্থিতি। গাত্রোত্থান ('—করা')। উন্নতি, অভ্যুদয়। বিদ্রোহ। (§ উত্থিত)। ... **উত্থান-একাদশী** — কার্তিক-শুক্ল-একাদশী (বিষ্ণুর নিদ্রা-ভঙ্গ)

**উত্থাপক** — প্রস্তাবকারী, যে কথা পাড়ে। যে উত্তোলন করে।

**উত্থাপন** — উত্তোলন। প্রসঙ্গের অবতারণা, উল্লেখ। ... **ণ. উত্থাপিত।** ... **উত্থাপনীয়** — উত্থাপনের যোগ্য।

**উত্থিত** — ঊর্ধ্বগত। দণ্ডায়মান। উদ্গত, নির্গত। উন্নত, বর্ধিত। বিদ্রোহে প্রস্তুত। ... **উত্থিতি** — উত্থান।

**উৎপতন** — উপরে ওঠা। ... **ণ. -তিত।**

**উৎপত্তি** — উদ্ভব, জন্ম। নির্মাণ।

**উৎপথ** — উন্মার্গ, বিপথ, অসদাচার।

**উৎপদ্যমান** — যাহার উৎপত্তি হইতেছে, জায়মান।

**উৎপন্ন** — সৃষ্ট, নির্মিত, জাত, উদ্ভূত। উৎপাদিত দ্রব্য (শস্য শিল্পজাত ইঃ)

**উৎপল** — কুমুদ। পদ্ম।

**উৎপাটক** — উন্মূলক, যে উপড়ায়।

**উৎপাটন** — উন্মূল্য, উপড়ানো। ... **ণ. উৎপাটিত।** ... **উৎপাটনীয়** — উৎপাটনের যোগ্য।

**উৎপাত** — উপদ্রব, দৌরাত্ম্য। দৈব বিপদ্ ('অগ্ন্যুৎপাত')

**উৎপাদক** — নির্মাতা, প্রস্তুতকারী, জনক। ... স্ত্রী. **উৎপাদিকা।**

**উৎপাদন** — নির্মাণ, তৈয়ারি, জনন। ... **উৎপাদনীয়, উৎপাদ্য**—উৎপাদনের যোগ্য। ... **উৎপাদয়িতা** (-তৃ) — উৎপাদক, জনয়িতা, নির্মাতা। ... স্ত্রী. **উৎপাদয়িত্রী।** ... **উৎপাদিত** — নির্মিত, তৈয়ারী, জনিত। ... **উৎপাদ্যমান** — যাহা উৎপাদিত হইতেছে।

**উৎপিঞ্জর** — পিঞ্জর হইতে মুক্ত।

**উৎপিপাসু** — অতিশয় পিপাসু। অতিশয় উদ্গ্রীব।

**উৎপীড়ক** — উৎপীড়নকারী, নির্যাতক।

**উৎপীড়ন**—নিগ্রহ, ক্লেশদান। ... **ণ. -ড়িত।**

**উৎপ্রাস** — উপহাস।

**উৎপ্রেক্ষণ** — প্রকৃত বস্তুতে অপ্রকৃতের আরোপ।

**উৎপ্রেক্ষা**—(অলঙ্কারশাস্ত্রে) উপমেয়-বস্তুই যেন উপমান-বস্তু এইপ্রকার কল্পনা (যথা —'হিমালয় যেন পৃথিবীর মানদণ্ড')। বিতর্ক। অনুমান।

**উৎপ্লব** — উল্লম্ফন, জলে ভাসা।

**উৎফাল** — মৎস্যাদির লম্ফন, আফল দেওয়া।

**উৎফুল্ল** — আনন্দে উচ্ছ্বসিত।

**উৎরাই** ] — পাহাড়িয়া পথের ঢালু অংশ।

**উৎরানো** ] — উত্তরণ, উত্তীর্ণ হওয়া। [ √ উৎরা ]।

**উৎস** — প্রস্রবণ, ঝরনা, ফোয়ারা।

**উৎসঙ্গ** — ক্রোড়, কোল। পর্বতের সানুদেশ, অধিত্যকা।

**উৎসন্ন** — উচ্ছন্ন, নষ্ট, ধ্বংসপ্রাপ্ত। অধঃপতিত ('উসন্নে যাওয়া')

**উৎসব** — আনন্দজনক অনুষ্ঠান।

**উৎসর্জক** — উৎসর্গকারী।

**উৎসর্জন** — উৎসর্গ।

**উৎসর্গ** — সদুদ্দেশ্যে অর্পণ। দেবতাকে নিবেদন। স্বত্বত্যাগ, দান। (§ উৎসৃষ্ট) ... **উৎসর্গপত্র** — গ্রন্থের যে পত্রে কাহারও নামে গ্রন্থকে নিবেদন করা হয়।

**উৎসর্গীকৃত** — (প্রচলিত প্রয়োগ, সুষ্ঠু প্রয়োগ নয়) — উৎসৃষ্ট, নিবেদিত।

**উৎসর্পণ** — ঊর্ধ্বে গমন।

**উৎসাদন** — উচ্ছেদ, উন্মূলন। বিনাশ। ... ণ. **উৎসাদিত**। ... **উৎসাদনীয়**—উচ্ছেদের যোগ্য।

**উৎসারণ** — অপসারণ। উৎক্ষেপ। ... ণ. **-রিত**।

**উৎসাহ** — কার্যে আগ্রহ, প্রযত্ন। উদ্যম, অধ্যবসায়। ... **উৎসাহক** — উৎসাহদাতা। ...**উৎসাহন**—উৎসাহদান। ... **উৎসাহনীয়** — উৎসাহদানের যোগ্য। ... **উৎসাহিত** — উৎসাহপ্রাপ্ত। উত্তেজিত। ... **উৎসাহী** (-হিন্)—উৎসাহশালী। ... ষ্য. **-হিতা**।

**উৎসিক্ত** — উপরে সিক্ত। সিক্ত, আদ্রীকৃত।

**উৎসুক** — আগ্রহান্বিত, ব্যগ্র। উৎকণ্ঠিত। ... ষ্য. **-তা, ঔৎসুক্য**।

**উৎসৃষ্ট** — নিবেদিত। সদুদ্দেশ্যে অর্পিত। প্রদত্ত। ত্যক্ত।

**উৎসেক, উৎসেচন** — উপরে সেচন। (§ উৎসিক্ত)

**উথলানো / উথলনো, ওথলানো** [ √উথ্‌লা-১৯। <উৎ-সল্ ] ফাঁপিয়া ওঠা ('দুধ —')। উপচানো, ছাপাইয়া পড়া।

**উথলিত** ] (সুষ্ঠু প্রয়োগ নয়) স্ফীত, উদ্‌বেলিত, পরিপ্লাবিত।

উদক্ (উদচ্) — উত্তর। (§ উদীচী)

উদক, **উদ** — জল।

**উদকুম্ভ** — উদকপূর্ণ অর্থাৎ জলভরা কলস।

উদগ্র — ঊর্ধ্বাভিমুখ। উচ্চ। তীব্র, উৎকট।

**উদজ** — জলজ।

**উদজান** (হাইড্রোজেন দেখ)

**উদঞ্চিত** — উদ্গত, উদ্গীত (উদঞ্চিত পঞ্চম রাগ)

**উদধি** — সমুদ্র।

**উদন্ত** — বৃত্তান্ত, সংবাদ।

**উদন্যা** — উদকপানের অভিলাষ, পিপাসা।

**উদবিড়াল**—উদ্র, ভোঁদড়-জাতীয় জন্তু বিঃ, ধেড়ে (জলে ডুবিয়া মাছ ধরে)

**"উদম"** ] < উদ্দাম। উলঙ্গ। অনাবৃত।

**উদমাদা** ] — আধপাগ্‌লা, সকল বিষয়ে উদাসীন, লাভ-লোকসান বিষয়ে নির্বিকার।

**উদয়** — উত্থান ('সূর্যোদয়')। আবির্ভাব, উৎপত্তি, সঞ্চার, প্রথম প্রকাশ ('সৌভাগ্যের —')। বৃদ্ধি। উৎকর্ষ।

লাভ, ফলসিদ্ধি। (পদ্যে ক্রি. 'উদিল')। (§ উদিত, উদীয়মান)। ... **উদয়াগার,** ... **উদয়াচল** — পৌরাণিক পর্বত যেখানে সূর্যের উদয় হয়। উড়িষ্যার পর্বত বিঃ। ... **উদয়াস্ত** — উদয় ও অস্ত। প্রভাত হইতে সন্ধ্যা। ... **উদয়োন্মুখ** — যাহা উদয় বা প্রকাশের উপক্রম করিতেছে।

**উদয়ন** — আবির্ভবন। সংস্কৃত সাহিত্যে প্রসিদ্ধ কৌশাম্বী প্রদেশের নৃপতি।

**উদর** — পেট, জঠর। ... **উদরপরতা** — ঔদরিকতা, বহুভোজনের লোভ। ... **উদরপরায়ণ, উদরম্ভরি, উদরসর্বস্ব** — পেটুক, ঔদরিক। ... **উদরসাৎ** — উদরে গৃহীত ('—করা')

**উদরাধ্মান** — পেট ফাঁপা।

**উদরাময়** — পেটের অসুখ, অতিসার।

**উদরী** — রোগ বিঃ (পেটে জল জন্মে)

**উদলা** ] উলঙ্গ। আবরণহীন।

**উদাত্ত** — সংগীতের স্বরভেদ, উচ্চ স্বর।

**উদাত্ত** — উদার, সমুন্নত, মহানুভব। মহিমময়।

**উদাত্ত** — কাব্যের অলঙ্কার বিঃ।

**উদান** — কণ্ঠস্থিত বায়ু।

**উদাম** ] — অনাবৃত, আঢাকা (উদম দেখ)

**উদার**—বদান্য, দানশীল, মহামতি, প্রশস্ত-চিত্ত। মহৎ, বিশাল, উচ্চ ('—চিত্ত, আকাশ')। অসংকীর্ণ। ... ষ্য. **-তা, ঔদার্য**। ... **উদারচরিত, -চিত্ত, -চেতা** [ < **-তাঃ** (-তস্) ] **-ধী, -প্রকৃতি, -মতি, -স্বভাব**—মহামতি দয়ালু ব্যক্তি। ... **উদারনীতি** — অসংকীর্ণ মত। ... **ণ. উদারনীতিক।**

**উদারা** — সংগীতের নিম্ন স্বরগ্রাম।

**উদাস** — অনুরাগশূন্য, উদাসীন। বিষণ্ণ। এলোমেলো ('—বাতাস')। (§ ঔদাস্য) ষ্য. — **বৈরাগ্যের ভাব।**

**উদাসী** (-সিন্), **উদাসীন** — অনাসক্ত, নির্লিপ্ত, নিরপেক্ষ, পক্ষপাতশূন্য। সন্ন্যাসী। ... স্ত্রী. **উদাসিনী। -সীনা।** ...ষ্য. **উদাসিতা, উদাসীনতা, ঔদাসীন্য।**

**উদাহরণ**—দৃষ্টান্ত। নিদর্শন। বর্ণনা বিশদ করিবার জন্য কোনও বিষয়ের উল্লেখ। ...

**উদাহৃত** — উদাহরণরূপে উক্ত। বর্ণিত।

**উদিত** — উত্থিত, প্রথম প্রকাশিত, আবির্ভূত। কথিত।

**উদীচী** — (স্ত্রী.) উত্তরদিক্। ... **উদীচ্য, উদীচীন** — উত্তর দিক্ সম্বন্ধীয়।

**উদীয়মান** — যাহার উদয় হইতেছে; যে উঠিতেছে বা প্রতিষ্ঠালাভ করিতেছে ('—সূর্য, কবি')

**উদীরণ** — কথন। প্রেরণ। উচ্চারণ। ... ণ. **উদীরিত।**

**উদুম্বর** (উডুম্বর দেখ)

**উদ্‌খল** — উখলি, কাঠের বড় খল।

**"উদো"** ] মূর্খ।

**উদ্‌গত** — উদ্ভূত। বহির্গত। উত্থিত। ... **উদ্‌গতি, উদ্‌গমন** — উপরে গমন। ... **উদ্‌গম** — উদ্ভব, উদয়।

**উদ্‌গাতা** (-তৃ) — সামবেদগায়ক। যে উচ্চ-রবে গান করে। ... স্ত্রী. **-গাত্রী।**

**উদ্‌গার** — ঢেকুর। বমন। উৎক্ষেপ। ... **উদ্‌গিরণ**—বমন। উৎক্ষেপ। — **উদ্‌গীর্ণ** —বান্ত। উৎক্ষিপ্ত।

**উদ্‌গীত** — ণ. উচ্চরবে গীত। ... ষ্য. **-গীতি।**

**উদ্‌গীথ** — সামগান।

**উদ্‌গ্রাহ** — বিদ্যাবিচার।

**উদ্‌গ্রীব** — উৎকণ্ঠ, ব্যগ্র, অতিশয় আগ্রহান্বিত।

**উদ্‌ঘট্টন** — ঘোঁটা।

**উদ্‌ঘাটক** — উন্মোচক। প্রকাশক।

**উদ্‌ঘাটন** — উন্মোচন, খোলা ('দ্বার —')।

প্রকাশকরণ। ... ণ. **উদ্‌ঘাটিত।**

**উদ্‌ঘাত** — উচ্চাবচতা, বন্ধুরতা। (উদ্‌ঘাতী পথ, উদ্‌ঘাতিনী ভূমি)। আঘাত। ভাব বা রসের পুষ্টির জন্য কোন প্রাগুক্ত বিষয়, তথ্য বা কথার উল্লেখ। allusion, reference.

**উদ্‌ঘূর্ণা** — ভাবাবেশে নানারূপ অস্বাভাবিক আচরণ। দিব্যোন্মাদ। (বৈষ্ণব সাহিত্যে)

**উদ্‌ঘোষিত** — উচ্চস্বরে কীর্তিত।

**উদ্দণ্ড** — ষ্য. উদ্যতদণ্ড। ণ. যে মারিবার জন্য লাঠি তুলিয়াছে। উত্তোলিত বাহু— (উদ্দণ্ড কীর্তন, উদ্দণ্ড নৃত্য)

**উদ্দাম** — দুর্দমনীয়, অতিপ্রবল। অসংযত, উচ্ছৃংখল, বন্ধনহীন।

**উদ্দালক** — আদর্শ গুরুভক্ত ঋষি বিঃ।

**উদ্দিষ্ট** — লক্ষিত, অভীষ্ট। অন্বিষ্ট। (§ উদ্দেশ)

**উদ্দীপক** — উত্তেজক, বিবর্ধক। দীপ্তিকারক, প্রকাশক।

**উদ্দীপন, -পনা** — উত্তেজন, বিবর্ধন। প্রজ্বলন। ... **উদ্দীপনীয়** — উদ্দীপনের যোগ্য। ... **উদ্দীপিত** — প্রজ্বলিত। প্রকাশিত। বিবর্ধিত।

**উদ্দীপন-বিভাব** — যে চেষ্টা বা ক্রিয়া বা দৃশ্যাদি কাব্যের রসসৃষ্টির প্রেরণা দেয়।

**উদ্দীপ্ত** — যাহা জ্বলিয়া উঠিয়াছে, প্রজ্বলিত, জ্বলন্ত। আলোকিত।

**উদ্দেশ** — অভিপ্রায়, অভিসন্ধি, মতলব। কারণ। সন্ধান, ঠিকানা। অনুসন্ধান, খোঁজ। খবর। লক্ষ্য টাঁক। (§ উদ্দিষ্ট)। ... **উদ্দেশক** — উদ্দেশকারী, লক্ষকারী। ... **উদ্দেশ্য**—উদ্দেশের বিষয়, অভিপ্রায়, মতলব, অভিসন্ধি, লক্ষ্য। প্রয়োজন। তাৎপর্য।

**উদ্ধত** — অবিনীত, উগ্রস্বভাব, ধৃষ্ট। গোঁয়ার, দুরন্ত। ... **উদ্ধতি** — ঔদ্ধত্য, ধৃষ্টতা।

**উদ্ধব** — বৃষ্ণিবংশীয় পরমভক্ত, শ্রীকৃষ্ণের মন্ত্রী।

**উদ্ধরণ**—উদ্ধার। উত্তোলন। মুক্তি। কোনও লেখা বা উক্তির অংশ উল্লেখ।

**উদ্‌ধ্মান** — চুল্লী, উনুন।

**উদ্ধার**—মুক্তি, পরিত্রাণ। উত্তোলন, উন্নতি, প্রতিষ্ঠা ('অবনত জাতির—')। নষ্ট-বস্তুকে ব্যবহারোপযোগী করণ। পর-হস্তগত বস্তুর পুনরধিকার। দায়ভাগে বিহিত জ্যেষ্ঠপুত্রের প্রাপ্য অতিরিক্ত সম্পদ্। কোনও লেখা বা উক্তির অংশ উল্লেখ বা উদ্ধৃত বাক্য। ... **উদ্ধারক** — উদ্ধারকারী। ... **উদ্ধারচিহ্ন** — " " চিহ্ন।... **উদ্ধৃত** — মোচিত, উদ্ধার-প্রাপ্ত। উত্তোলিত। অপরের বাক্য হইতে আহৃত। ... ষ্য. **উদ্ধৃতি।**

**উদ্‌বন্ধন** — ফাঁসি, গলায় দড়ি।

**উদ্‌বমন**—উদ্‌গিরণ, বমন।...ণ. **উদ্‌বান্ত।**

**উদ্‌বর্ত**—ষ্য. অবশিষ্ট অংশ। অতিরেক, আধিক্য। ণ. উদ্‌বৃত্ত, অবশিষ্ট, বাকী। অতিরিক্ত।

**উদ্‌বর্তন** — জীবনসংগ্রাম বা প্রাকৃতিক নির্বাচনের ফলে টিকিয়া থাকা, survival ('যোগ্যতমের—')

**উদ্‌বর্তন** — স্নানের পূর্বে তৈল হরিদ্রা ও গন্ধদ্রব্যের দ্বারা গাত্রের পরিমার্জন।

**উদ্‌বায়ী** (-য়িন্) — যাহা উবিয়া যায়, volatile.

**উদ্‌বাস্তু**—ণ.বাস্তুভিটা হইতে দূরীভূত। ষ্য. পরিত্যক্ত ভিটা।

**উদ্‌বাহ** — বিবাহ। (§ ঔদ্‌বাহিক)। ... **উদ্‌বাহন** — বিবাহ সম্পাদন। ... ণ. **উদ্‌বাহিত।**

**উদ্বাহু**—ঊর্ধ্ববাহু, যে উপরদিকে হাত

**উদ্বিগ্ন** — উৎকণ্ঠিত, সংশয়াকুল।

**উদ্বিড়াল** — জলচর নকুলজাতীয় জীব বিঃ। ভোঁদড়।

**উদ্বুদ্ধ**—প্রবুদ্ধ। জাগরিত। স্মৃতিপথে আগত।

**উদ্বৃত্ত** — অবশিষ্ট, বাকী।

**উদ্বেগ**—উৎকণ্ঠা, সংশয়জনিত ব্যাকুলতা। ভাবনা। উত্তেজনা। (§ উদ্বিগ্ন)

**উদ্বেজক** — উদ্বেগজনক। বিরক্তিকারক।

**উদ্বেজন**—উদ্বেগ। উদ্বিগ্ন বা উত্ত্যক্ত করণ। ... ণ. **উদ্বেজিত।**

**উদ্বেজয়িতা** (-তৃ) — উদ্বেজক।

**উদ্বেল, উদ্বেলিত** — যাহা বেলা বা তীর অতিক্রম করিয়াছে, উচ্ছলিত।

**উদ্বোঢ়া** — পরিণেতা, যে বিবাহ করে।

**উদ্বোধ** — বোধের উদয়। **স্মরণ।** ... **উদ্বোধক** — **স্মারক।** যাহা বোধের উদ্রেক করে। **উদ্বোধন** — বোধ বা চেতনা সঞ্চার। জাগরণ।

**উদ্ভট** (মূল রূপ — উদ্ভৃত=উদ্ধৃত)— অজ্ঞাত লেখকের রচিত ('—কবিতা')। গ্রন্থবহির্ভূত। প্রসিদ্ধ। (বাং) অদ্ভুত, আজগবী।

**উদ্ভব** — ষ্য. উৎপত্তি, জন্ম। **ণ.** উৎপন্ন, জাত। (§ উদ্ভূত)

**উদ্ভাবক** — রচয়িতা। পরিকল্পক। আবিষ্কারক।

**উদ্ভাবন** — আবিষ্করণ। বিরচন। পরিকল্পন। ... ণ. **উদ্ভাবিত।** ... **উদ্ভাবনীয়, উদ্ভাব্য** — উদ্ভাবনের যোগ্য।

**উদ্ভাস** — প্রকাশ। **শোভা।**

**উদ্ভাসক**—যে আলোকিত করে। **প্রকাশক।**

**উদ্ভাসন** — আলোকিত করণ। **প্রকাশন।** ... ণ. **উদ্ভাসিত।**

**উদ্ভিদ, -দ্, উদ্ভিজ্জ** — বৃক্ষ লতা তৃণ গুল্ম শেওলা ছাতা ইঃ। উদ্ভিদজাত। ... **উদ্ভিজ্জাশী, ভোজী**—তৃণপত্রাদি ভক্ষণ করে যে জীব।

**উদ্ভিদণু** — চক্ষুর অগোচর অণুপ্রমাণ উদ্ভিদ্।

**উদ্ভিন্ন** — অঙ্কুরিত। প্রস্ফুটিত, প্রকাশিত ('-যৌবনা')

**উদ্ভূত** — উৎপন্ন, উদ্গত। প্রকাশিত।

**উদ্ভেদ** — বিকাশ। উদ্গম।

**উদ্ভ্রম** — বুদ্ধিভ্রংশ। উদ্বেগ।

**উদ্ভ্রান্ত** — বিহ্বল, বিকল। পাগল, উন্মাদ। ব্যাকুল। হতজ্ঞান। উচ্ছৃঙ্খলভাবে ভ্রমণকারী।

**উদ্যত** — উপক্রমকারী, উন্মুখ, প্রবৃত্ত। উত্থিত। উত্তোলিত। উদ্যুক্ত। ... ষ্য. উদ্যতি।

**উদ্যম** — উৎসাহ, অধ্যবসায়, প্রয়াস। উদ্যোগ, উপক্রম। ... **উদ্যমী** (-মিন্)— উদ্যমশীল, উদ্যোগী, চেষ্টাবান্।

**উদ্যান** — বাগান, উপবন। ... **উদ্যানপাল, -পালক** — উদ্যানরক্ষক, মালী। ... **উদ্যানসম্মেলন** — উদ্যানে মিলিত হইয়া আমোদপ্রমোদ।

**উদ্যাপন**—সম্পাদন, সমাপন, নির্বাহ।... ণ. **উদ্যাপিত।**

**উদ্যুক্ত** — উদ্যোগবিশিষ্ট, চেষ্টিত।

**উদ্যোগ** — উপক্রম, আয়োজন, উদ্যম, চেষ্টা। ... **উদ্যোক্তা** (-ক্তৃ), **উদ্যোগী** (-গিন্) --- আয়োজক, উদ্যমী, চেষ্টাবান্। তৎপর।... **উদ্যোগপর্ব** — কার্যারম্ভের পূর্বে প্রস্তুত হওয়ার আয়োজন।

**উদ্র** — উদ্বিড়াল।

**উদ্রিক্ত**—যাহার উদ্রেক হইয়াছে। উত্তেজিত।

**উদ্রেক** — সঞ্চার, উদয় ('ক্ষুধার —')। উত্তেজনা, বৃদ্ধি।

**উধস্** — পশুমাতার দুগ্ধস্থলী বা স্তন। আপীন।

**উধাও** [ < উদ্ধাবন ] অদৃশ্য, পলায়িত, নিরুদ্দেশ ('—হওয়া')। ঊর্ধ্বে গত।

**উধার ]** > উদ্ধার; ধার; কর্জ।

**উধো ]** — বুদ্ধিহীন। উদাসীন।

**উন** [ < ঊর্ণা ] পশমী সুতা বা কাপড়।

**উন-** [ < ঊন ] কম, ন্যূন ('-কর্ম -আশি') ... **উনপাঁজুরে** — পাঁজরের জোর যাহার কম। দুর্বল।

**উনান / উনন, উনুন** [ < উদ্ধ্মান ] চুল্লী, চুলা।

**উনি ]** ঐ ব্যক্তি (গৌরবে। পঃছ দেখ)

**উনিশ ]** < ঊনবিংশতি, ১৯ অংক বা পরিমাণ।

**উনুই** — উৎস। যেখান হইতে জলক্ষরণ হয়।

**উন্নত** — উচ্চ। মহৎ, উদার, বৃদ্ধিপ্রাপ্ত। গৌরবান্বিত। ... **উন্নতি** — অভ্যুদয়। উৎকর্ষ, শ্রীবৃদ্ধি, ঋদ্ধি। উচ্চ অবস্থা।

**উন্নদ্ধ** — ঊর্ধ্বে বদ্ধ।

**উন্নমন** — উত্তোলন, উন্নয়ন। উন্নতি। উত্থাপন। ... ণ. **উন্নমিত।**

**উন্নয়ন** — উত্তোলন। উন্নতিসাধন। (§ উন্নীত)

**উন্নস**—যাহার নাসিকা উন্নত। (লক্ষ্যার্থে) —যে নাক তুলিয়া উপেক্ষা করে।

**উন্নিদ্র** — বিনিদ্র। সতর্ক ... ষ্য. **উন্নিদ্রা।**

**উন্নীত** — ঊর্ধ্বে নীত। যাহার উন্নতি বা উৎকর্ষ সাধিত হইয়াছে।

**উন্নেতা** (-তৃ) — যে উঠায়। **উন্নতিসাধক।**

**উন্মগ্ন** — মগ্নাবস্থা হইতে উত্থিত।

**উন্মজ্জন**—মগ্নাবস্থা হইতে উত্থান, ভাসিয়া ওঠা।

**উন্মত্ত, উন্মদ** — পাগল, ক্ষিপ্ত, বাতুল। উত্তেজনার জন্য কাণ্ডজ্ঞানহীন। **প্রমত্ত,** মাতাল। আত্মবিস্মৃত, তন্ময়। ... ষ্য. **উন্মত্ততা।**

**উন্মনা** [ < -নাঃ (-নস্) ] ব্যাকুল, উৎকণ্ঠিত। অন্যমনস্ক। উৎসুক।

**উন্মন্থন, উন্মন্থ**—মথন, ঘাঁটা, আলোড়ন।

**উন্মাদ** — উন্মত্ততা, ক্ষিপ্ততা, পাগলামি ('-গ্রস্ত')। উত্তেজনার জন্য বুদ্ধিভ্রংশ। ... **উন্মাদ, উন্মাদী** (-দিন্) — উন্মত্ত (দেখ)। ... স্ত্রী. **উন্মাদিনী।** ... **উন্মাদক** — মত্ততাকারক। যাহা মাতায়। যাহা পাগল করে। ... **উন্মাদন, -না** — ...— উন্মত্ত করণ। ... ণ. **উন্মাদিত।** ... **উন্মাদাগার** — পাগলাগারদ।

**উন্মান**—তৌল, ভারনির্ণয়। ওজন। উচ্চতা-নির্ণয়।

**উন্মার্গ** — ষ্য. অবিহিত পন্থা, ভ্রষ্টাচার। ণ. কুপথগামী, ভ্রষ্টচারী। ... **উন্মার্গ-গামী** — বিপথে চালিত।

**উন্মিষিত** — সদ্যোবিকশিত। প্রস্ফুটিত। উন্মীলিত।

**উন্মীলন** — চোখ মেলিয়া চাওয়া, উন্মেষ। প্রকাশ। ... ণ. **উন্মীলিত।**

**উন্মুক্ত** — উদ্ঘাটিত, খোলা। বন্ধনমুক্ত। খালাস। অনাবৃত। খোলসা, ব্যক্ত।

**উন্মুখ** — উৎসুক, আগ্রহান্বিত, উদ্যত। প্রবৃত্ত, তৎপর। ... ষ্য. **-তা।**

**উন্মুদ্র** — যাহাতে মুদ্রাচিহ্ন বা সীল-মোহর দেওয়া নাই।

**উন্মূলন**—উৎপাটন, উচ্ছেদ, সমূলে ধ্বংস। ... ণ. **উন্মূলিত।** ... **উন্মূলয়িতা** (-তৃ) —উৎপাটক, উচ্ছেদকারী।

**উন্মেষ**—উন্মীলন। উদ্রেক। ঈষৎ বিকাশ উদ্ভব। (§ উন্মিষিত)

**উন্মোচন** — বন্ধনমোচন, মুক্তিদান। .. ণ. **উন্মোচিত।**

**উন্মোচকা** — চাবি।

**উপ** — সামীপ্য সাদৃশ্য হীনতা উৎকর্ষ আনুকূল্য উদ্‌যোগ ইঃ সূচক উপসর্গ।

**উপকণ্ঠ** — নিকট, সমীপ, উপান্ত। গ্রাম-নগরাদির প্রান্ত।

**উপকথা** — উপাখ্যান, কাহিনী, গল্প।

**উপকর্ণ** — বধিরের দ্বারা কর্ণে ব্যবহৃত যন্ত্র বিঃ। শ্রুতিশক্তিবর্ধক যন্ত্র।

**উপকরণ** — উপাদান, যাহার সমবায়ে দ্রব্য নির্মিত বা কার্য সম্পাদিত হয়। পূজার নৈবেদ্যের বিবিধ অংশ, উপচার।

**উপকর্তা** (-তৃ) — উপকারক।

**উপকার**—হিতসম্পাদন, আনুকূল্য, সাহায্য, অনুগ্রহ। হিত, কল্যাণ। (§ উপকৃত) ... **উপকারক, -কারী** (-রিন্)—যে উপকার করে। ... স্ত্রী. **-কারিকা, -কারিণী।** ... **উপকারিতা** — উপকার সাধনের শক্তি। ... **উপকার্য**—উপকারের যোগ্য, উপকার-সাধ্য। যাহার উপকার করা উচিত।

**উপকারক** — (ব্যাকরণে) — বাক্যের মধ্যে যে সকল বিভক্তিযুক্ত বিশেষ্য ও সর্বনাম পদ কারকের গণ্ডিতে পড়ে না।

**উপকুল্যা** — খালের নালী।

**উপকূল** — সমুদ্র নদী স্থান, বেলাভূমি।

**উপকৃত** — উপকারপ্রাপ্ত, অনুগৃহীত। ... **উপকৃতি** — উপকার।

**উপকেশ** — কৃত্রিম কেশ, পরচুলা।

**উপক্রন্তা** (-ন্তৃ), — উপক্রমকারী, আরম্ভক, উদ্‌যোক্তা। চেষ্টাবান্।

**উপক্রম** — উদ্‌যোগ, আরম্ভ। চেষ্টা। ... **উপক্রমণিকা** — অবতরণিকা, গ্রন্থাদির মুখবন্ধ। ... **উপক্রমণীয়**—আরম্ভ করার যোগ্য। ... **উপক্রান্ত** — যাহার আরম্ভ হইয়াছে, আরব্ধ।

**উপক্রোশ** — অনুযোগ, নিন্দা।

**উপক্ষয়** — অপচয়, ক্ষতি।

**উপগত** — উপস্থিত। প্রাপ্ত। জ্ঞাত। মৈথুনে যুক্ত, সংগত।

**উপগম** উপস্থিতি। প্রাপ্তি। জ্ঞান সংগম।

**উপগিরি**—খণ্ডশৈল, ছোট পাহাড়। কৃত্রিম গিরি।

**উপগুপ্ত** — অশোকের বৌদ্ধধর্মে দীক্ষা-গুরু।

**উপগুরু** — গুরুকল্প, গুরুর প্রতিনিধি।

**উপগূঢ়** — প্রচ্ছন্ন।

**উপগ্রহ** — পৃথিবী বৃহস্পতি ইঃ গ্রহের চতুর্দিকে ভ্রমণকারী ক্ষুদ্র গ্রহ (যথা— পৃথিবীর উপগ্রহ চন্দ্র)

**উপগ্রাহ** — ভেট, উপায়ন, উপঢৌকন।

**উপচক্ষু** — চশমা।

**উপচয়** — সমূহ, নিচয়, সংগ্রহ। উন্নতি, পুষ্টি, বৃদ্ধি। সম্পত্তির মূল্যবৃদ্ধি, appreciation. (§ উপচিত, উপচিতি, উপচীয়মান)

**উপচরিত**—উপচারপ্রাপ্ত, সেবিত, পূজিত।

**উপচর্যা** — সেবা, পরিচর্যা।

**উপচানো / উপচনো, ওপচানো** [√ উপ্‌চা-১৯। < উৎ-পৎ] ছাপাইয়া পড়া।

**উপচার**—পূজার সামগ্রী, সেবার উপকরণ। ('ষোড়শ—')। চিকিৎসা ('অস্ত্রোপচার')। ব্যবহার। ধর্মানুষ্ঠান। (§ উপচরিত)।

**উপচিকীর্ষা** — উপকার করিবার ইচ্ছা, হিতৈষণা। ... **উপচিকীর্ষু** — উপকার করিতে ইচ্ছুক।

**উপচিত** — সংগৃহীত, সঞ্চিত। পুষ্ট। সমৃদ্ধ।

**উপচিতি** — (জীববিদ্যায়) দেহস্থ কলার পোষণ, anabolism.

**উপচীয়মান** — যাহা সংগৃহীত বা সঞ্চিত হইতেছে, সঞ্চীয়মান, ক্রমবর্ধমান।

**উপচ্ছায়া** — (বিজ্ঞানে) প্রচ্ছায়ার বা নিবিড় ছায়ার প্রান্তবর্তী লঘু ছায়া, penumbra.

**উপজাত**—প্রধান পণ্যদ্রব্যের উৎপাদনে জাত অন্য দ্রব্য, by-product.

**উপজাতি** — জাতি বা শ্রেণীর অন্তর্গত বিভাগ। সংস্কৃত ছন্দ বিঃ।

**উপজিল** [√উপজ্-৫। < উৎ-পদ্] জন্মিল (পদ্যে)

**উপজিহ্বা** — অলাজিব, অলিজিহ্বা।

**উপজীবিকা** — বৃত্তি, জীবিকা, পেশা, রোজগারের জন্য কাজ। ... **উপজীবী** -(বিন্) — জীবিকাবলম্বী। আশ্রিত। ... **উপজীব্য** — জীবিকা বা প্রয়োজনের জন্য বা সাহিত্য ইঃতে অবলম্বনীয়। আশ্রয়, অবলম্বন।

**উপড়, উপুড়** ] — (উবুড় দেখ)

**উপজ্ঞা** — সহজাত জ্ঞান, instinct.

**উপড়ানো / উপড়নো, ওপড়ানো** [√উপ্ড়া-১৯। < উপ-পট্] উৎপাটন করা।

**উপঢৌকন** — উপহার, ভেট, সওগাত।

**উপত্যকা** — পর্বতপাদস্থ বা দুই পর্বতের মধ্যবর্তী নিম্নভূমি।

**উপত্যকা** (নদীর) — নদীর অববাহিকা অঞ্চল।

**উপদংশ** — কুসংগমজনিত সংক্রামক রোগ বিঃ, ফিরঙ্গ রোগ, গরমি, syphilis.

**উপদা** — অবৈধ দান, স্বার্থসিদ্ধির জন্য উপহারাদি। রাজদর্শনী।

**উপদিশ্যমান** — যে বিষয়ের উপদেশ হইতেছে। যে উপদেশ পাইতেছে।

**উপদিষ্ট** — যে বিষয়ের উপদেশ দেওয়া হইয়াছে। যে উপদেশ পাইয়াছে। কথিত। আদিষ্ট।

**উপদেবতা, উপদেব** — ভূত প্রেত ইঃ, দেবযোনি।

**উপদেশ** — কর্তব্য সম্বন্ধে উক্তি। শিক্ষা। পরামর্শ, মন্ত্রণা। ('—দেওয়া, পাওয়া')। (§ উপদিশ্যমান, উপদিষ্ট)। ... **উপদেশক, উপদেষ্টা** (-ষ্টৃ) — উপদেশ-দাতা। ... **উপদেশনীয়, উপদেশ্য, উপদেষ্টব্য** — উপদেশ দিবার যোগ্য, শিক্ষণীয়।

**উপদ্রব** — উৎপাত, অত্যাচার, দৌরাত্ম্য। বিপদ্, অশুভ ঘটনা। ... **উপদ্রুত** — উৎপীড়িত।

**উপদ্বীপ** — যে ভূভাগের সীমার অধিকাংশ জলবেষ্টিত, প্রায়োদ্বীপ।

**উপধর্ম** — যে কুসংস্কার কালক্রমে ধর্মের অঙ্গীভূত হয়। সামান্যজনকর্তৃক আচরিত ধর্ম। লৌকিক ধর্ম।

**উপধা** — (ব্যাকরণে) উপান্ত্য বর্ণ।

**উপধাতু** — (আয়ুর্বেদে) ধাতুঘটিত বিবিধ দ্রব্য (মাক্ষিক তুত্থ কাংস সিন্দূর ইঃ); দেহ হইতে উদ্ভূত বিবিধ পদার্থ (কেশ নখ স্বেদ দুগ্ধ ইঃ)

**উপধান** (উপা- দেখ)

**উপধায়ক** — উৎপাদক।

**উপধি** — ছল।

**উপনগর** — কোন বৃহৎ শিল্প প্রতিষ্ঠানের পরিবেশে সৃষ্ট নগর। অর্ধপল্লী অর্ধনগর।

**উপনদী** — যে নদী পৃথক্ উৎপন্ন হইয়া বৃহত্তর অন্য নদীতে পড়িয়াছে।

**উপনদ্ধ** — খচিত।

**উপনয়** — সিদ্ধান্ত বাক্য।
**উপনয়ন** — (মুঃ অধ্যাপনার্থ বালককে আচার্যসমীপে আনয়ন) যজ্ঞসূত্রধারণরূপ সংস্কার, পইতা দেওয়া। (§ উপনীত)
**উপনাম**—প্রকৃত নামের পরিবর্তে উক্ত অন্য নাম। উপাধি।
**উপনায়ক** — নাট্যে বা উপন্যাসে অপ্রধান নায়ক। নায়কের গুণোৎকর্ষকথক।
**উপনিধান** — গচ্ছিত বা ন্যস্ত রূপে রাখা।
**উপনিধি** — গচ্ছিত বস্তু। ন্যস্তবস্তুর নাম প্রকাশ না করিয়া গচ্ছিত রাখা, মঞ্জুষা।
**উপনিবন্ধ** — লিপিবন্ধ, বিন্যস্ত, সংস্থাপিত।
**উপনিবেশ** — বিদেশস্থ আবাসভূমি ('— স্থাপন') (§ ঔপনিবেশিক)। ... **উপনিবেশিত** — উপনিবেশে স্থিত বা স্থাপিত। যেখানে উপনিবেশ স্থাপন করা হইয়াছে।
**উপনিষদ্, -ষৎ** (-যদ্) — (স্ত্রী.) বেদের ব্রাহ্মণভাগের শেষ অংশ বা জ্ঞানকাণ্ড, বেদান্ত। (§ ঔপনিষদ)
**উপনিহিত** — ন্যস্ত, গচ্ছিত।
**উপনীত** — আনীত। আগত, উপস্থিত। যাহার উপনয়ন হইয়াছে।
**উপনেত্র** — চশমা।
**উপন্যস্ত** — প্রস্তাবিত। দৃষ্টান্তস্বরূপ উল্লিখিত। গচ্ছিত।
**উপন্যাস** — (বাং) আখ্যায়িকা, গল্প, নভেল। (সং) বাক্যারম্ভ। প্রস্তাব। (§ ঔপন্যাসিক)
**উপন্যাসিকা** (বাং) — বড় গল্প, ছোট নভেল (নবরচিত)
**উপপতি** — জার, অবৈধপ্রণয়ী।
**উপপত্তি** — যুক্তি। প্রমাণ। সিদ্ধান্ত। ঘটনা। সম্পাদন। প্রাপ্তি। (§ ঔপপত্তিক)। ... ণ. **উপপন্ন**।
**উপপত্নী** — অবৈধপ্রণয়িণী। রক্ষিতা।
**উপপথ** — অপ্রসিদ্ধ পথ, অনুকল্পিত গৌণপথ।
**উপপদ** — ব্যাকরণে কৃদন্ত পদের পূর্বপদ, কৃদন্ত পদের সহিত যে পূর্বপদের সমাস হয়।
**উপপাতক** — পরদারগমন আত্মবিক্রয় ইঃ ৪৯ প্রকার পাপ।
**উপপাদক** — সিদ্ধান্তকারী। সম্পাদক।
**উপপাদন** — প্রতিপাদন, মীমাংসা। সম্পাদন। ... **উপপাদনীয়, উপপাদ্য** — প্রতিপাদ্য। সম্পাদ্য। ... **উপপাদ্য** -- (গণিতে) যে প্রতিজ্ঞা প্রমাণ করিতে হয়, theorem.
**উপপুরাণ**—অষ্টাদশ মহাপুরাণের অতিরিক্ত কতকগুলি পুরাণ, যথা নৃসিংহ কালিকা ইঃ।
**উপপ্লব** — প্রাকৃতিক উৎপাত। বিপ্লব।
**উপবন** — বাগান, উদ্যান।
**উপবর্ণন** — যথাযথ বর্ণনা।
**উপবাস** — অনাহার, অনশন, উপোস। ... **উপবাসী** (-সিন্), **উপবাসক**—উপবাস-কারী, অভুক্ত।
**উপবিদ্যা** — অপ্রধানবিদ্যা। শিল্পবিদ্যা।
**উপবিধি**—সামাজিক বিধিনিয়ম। রাষ্ট্রীয়-প্রতিষ্ঠান ছাড়া অন্যান্য প্রতিষ্ঠানের নিয়মকানুন।
**উপবিষ্ট** — যে বসিয়াছে, আসীন।
**উপবীজ্যমান** — যাহাকে ব্যজন করা হইতেছে।
**উপবীত** — বাম স্কন্ধে স্থাপিত যজ্ঞসূত্র, পইতা। ... **উপবীতী** (-তিন্) — উপবীতধারী।

**উপবেদ**—আয়ুর্বেদ ধনুর্বেদ গন্ধর্ববেদ ও স্থাপত্যশাস্ত্র ইঃ।

**উপবেশন, উপবেশ** — আসনগ্রহণ, বসা, বসানো। (§ উপবিষ্ট) ... **উপবেশয়িতা** (-তৃ)—যে অপরকে বসায়।...**উপবেশিত** —যাহাকে বসানো হইয়াছে।

**উপব্যাঘ্র** — নেকড়েবাঘ, চিতাবাঘ, বৃক।

**উপভাষা** — ভাষার প্রাদেশিক ভেদ।

**উপভুক্ত** — যাহা ভোগ করা হইয়াছে। ভক্ষিত। ব্যবহৃত।

**উপভুজ্যমান** যাহা উপভোগ করা হইতেছে।

**উপভুঞ্জান** — যে উপভোগ করিতেছে।

**উপভোক্তা** (-ক্তৃ)—উপভোগকারী।

**উপভোগ**—সম্ভোগ, তৃপ্তির সহিত ভোগ। ... **উপভোগ্য** — উপভোগের যোগ্য বা বিষয়।

**উপমন্ত্রী** — সহকারী মন্ত্রী। ... Deputy Minister.

**উপমন্যু** — আদর্শ গুরুভক্ত শিষ্য বিঃ।

**উপযম, উপযাম** — বিবাহ।

**উপমা** — তুলনা, সাদৃশ্য ('— দেওয়া, করা, হওয়া')। অর্থালংকার বিঃ (§ ঔপমিক, ঔপম্য)।... **উপমাতা** (-তৃ)— যে উপমা করে। ... **উপমান** — যাহার সহিত উপমা দেওয়া হয় ('চন্দ্রমুখ'— চন্দ্র = উপমান)। ... **উপমিতি** — উপমা। সাদৃশ্যজ্ঞান। ... **উপমেয়** — যাহার উপমা করা হয় ('চন্দ্রমুখ') — মুখ = উপমেয়)

**উপমাংস** — আঁচিল।

**উপমাতা** — মাতৃস্থানীয়া। বিমাতা। ধাত্রী-মাতা। পার্লায়িত্রী। (উপমা দেখ)

**উপযাচক**—যে স্বয়ং উপস্থিত হইয়া যাচ্ঞা করে। প্রার্থী। ... স্ত্রী. **-যাচিকা।**

**উপযাচিত** — প্রার্থিত।

**উপযুক্ত** — যোগ্য, উপযোগী। অনুরূপ, সমকক্ষ। যথাযোগ্য, উচিত। সমর্থ।

**উপযোগ** — প্রয়োগ, ব্যবহার। ভোজন, ভোগ। উপযোগিতা, কার্যকারিতা। আনুকূল্য। ... **উপযোগী** (-গিন্) — যোগ্য, সংগত, প্রয়োজনসাধক। অনুকূল। ... ষ্য. **উপযোগিতা।** ... **উপযোগবাদ** — জগতের সমস্তই কল্যাণপ্রসূ এই মতবাদ।

**উপযোজন** — অবস্থার উপযোগী করণ, accommodation.

**উপর / ওপর** [ < উপরি ] ঊর্ধ্ব ('— দিক্')। উপরে ('মাথার —')। অতিরিক্ত ('জ্বর, তার — পিলে')। প্রতি ('প্রজার — জুলুম')। (সংক্ষেপে — উপর = 'পর। উপরে = 'পরে)। ... **উপরে** ] ঊর্ধ্বে। বাড়ির উপর তলায়। অতিরিক্ত। ... **উপরওয়ালা** ] উপরিতন কর্মচারী। প্রভু। ... **উপরন্তু** ] অধিকন্তু। ... **উপর-উপর** ] — ভাসা-ভাসা। ... **উপরচড়াও** ] — অনধিকার প্রবেশ করিয়া আক্রমণ। ... **উপরচাল** — নিজে না খেলিয়া দাবাখেলায় চাল সম্বন্ধে উপদেশ দেওয়া। (লক্ষ্যার্থে)— — নিজে কোন কাজে যোগ না দিয়া দায়িত্বশূন্যভাবে আদেশনির্দেশ বা উপদেশ দেওয়া। ... **উপরচালাকি** — অতিরিক্ত চতুরতা প্রকাশের চেষ্টা। ... **উপরপড়া** — অযাচিতভাবে অনধিকার চর্চা।

**উপরক্ষ** — দেহরক্ষক।

**উপরতি** — নিবৃত্তি, বৈরাগ্য। মৃত্যু। ... ণ. **উপরত।**

**উপরত্ন** — অল্পমূল্যের রত্ন (গোমেদ স্ফটিক প্রবাল ইঃ)। ঝুটা নকল জহর।

**উপরাগ** — চন্দ্রসূর্য গ্রহণ। প্রাকৃতিক উপদ্রব।

**উপরাজ** — রাজপ্রতিনিধি।

**উপরি**—ঊর্ধ্বে, উপরে। ... **উপরি, উপ্‌রি**] অপ্রত্যাশিত। বেতনের অতিরিক্ত আয়। ... **উপরি-উপরি** — উপর্যুপরি, পর পর। ভাসাভাসা, অগভীর। ... **উপরিচর** — আকাশগামী। পৌরাণিক রাজা বিঃ। ... **উপরিতন** — ঊর্ধ্বতন, ঊর্ধ্বে স্থিত। পদমর্যাদায় উচ্চতর। ... **উপরি পাওনা** — ন্যায্য প্রাপ্যের উপর অতিরিক্ত পাওনা। দস্তুরি, ঘুষ, কমিশন, বোনাস ইত্যাদি। ... **উপরি-ভাগ** — উপর দিক্। পিঠ। উপরের অংশ। ... **উপরিস্থ, -স্থিত** — ঊর্ধ্বে বা উপরে স্থিত।

**উপরুদ্ধ** — অনুরুদ্ধ।

**উপরোধ** — সনির্বন্ধ অনুরোধ। সুপারিশ। ... **উপরোধক** — উপরোধকারী।

**উপর্যুক্ত** — উল্লিখিত। প্রাগুক্ত।

**উপর্যুপরি** — উপরি-উপরি, একের উপরে অন্য। পর পর, ক্রমান্বয়ে।

**উপল** — শিলা, পাথর।

**উপলক্ষ, -ক্ষ্য** — উদ্দেশ, প্রয়োজন। অবলম্বন; ঘটনাক্রম ('কার্যোপলক্ষে বিদেশযাত্রা')। ব্যপদেশ, ছুতা ('শান্তি-রক্ষার উপলক্ষে নিরস্ত্রীকরণ')। ... **উপলক্ষ্য**—উদ্দেশ্য, উদ্দিষ্ট, প্রয়োজনীয়; দ্রষ্টব্য। ... **উপলক্ষণ** — সূচনা। চিহ্ন। উপক্রম। ... **উপলক্ষণা** — অর্থালংকার বিঃ, লক্ষণা। ... **উপলক্ষিত** — উদ্দিষ্ট। সূচিত। অনুমিত।

**উপলব্ধ** — অনুভূত, জ্ঞাত। প্রাপ্ত। ... **উপলব্ধি** — অনুভূতি, বোধ। প্রাপ্তি।

**উপলভ্য** — জ্ঞেয়। প্রাপ্য।

**উপলিপ্ত** — উপরে লেপিত।

**উপলেপ, -লেপন** - -উপরে লেপন। উপরের লেপ।

**উপশম** — শান্তি, নিবৃত্তি। ইন্দ্রিয়দমন। ... **উপশমক** — যে উপশম করে। ... **উপশমনীয়** — উপশমের যোগ্য। ... **উপশমিত** — যাহার উপশম হইয়াছে। **উপশান্ত** — উপশমপ্রাপ্ত, নিবৃত্ত।

**উপশয়**—মৃগয়ার জন্য ব্যাধেরা যে গুপ্ত-স্থানে প্রতীক্ষা করে। (আয়ুর্বেদে)—বিশেষ ঔষধ পথ্যাদি প্রয়োগে রোগ-নির্ণয়ের প্রয়াস।

**উপশল্য** — গ্রাম প্রান্ত। গ্রামের ভাগাড়।

**উপশিষ্য**—শিষ্যস্থানীয়।

**উপশ্লেষ** — অসৎ অভিপ্রায়ে শব্দের স্পষ্টার্থ ত্যাগ করিয়া কূটার্থের সন্ধান। কদর্থন।

**উপসংহরণ** — সংকোচন, সরাইয়া বা গুটাইয়া লওয়া।

**উপসংহার** — সমাপ্তি, পরিশেষ। বিবৃত বিষয়ের শেষ অংশ। ... ণ. **উপসংহৃত**।

**উপসন্ন** — সমীপাগত।

**উপসম্পদা** — ভিক্ষুধর্মে দীক্ষা। ত্রিশরণ গ্রহণে অধিকার।

**উপসর্গ** — মূল রোগের আনুষঙ্গিক অন্য রোগ। বিঘ্ন, উৎপাত। গৌণ উপদ্রব। (ব্যাকরণে) প্র পরা অপ সম্ ইঃ যাহা ধাতুর পূর্বে বসিয়া অর্থের পরিবর্তন করে। (§ ঔপসর্গিক) ণ. **উপসৃষ্ট** — উপসর্গযুক্ত।

**উপসর্পণা** — বিবাহের উদ্দেশ্যে অনুরাগ নিবেদন।

**উপসর্যা** — গর্ভাধানের যোগ্যা গাভী।

**উপসাগর** — কিয়ৎপরিমাণে স্থলবেষ্টিত সাগরাংশ।

**উপসুন্দ** — অসুর বিঃ, সুন্দের কনিষ্ঠ ভ্রাতা।

**উপসূর্যক** — সূর্যের চারিপাশে রশ্মি-বলয়।

**উপসেক, উপসেচন** — জল ছিটাইয়া ভিজানো।

**উপসেবক** — উপভোক্তা।

**উপসেবন** — উপভোগ।

**উপস্কর** — আসবাবপত্র। রন্ধনের উপকরণ। পরিষ্করণ। গৃহস্থের প্রয়োজনীয় বিবিধ উপকরণ।

**উপস্থ** — জননেন্দ্রিয়, লিঙ্গ বা যোনি।

**উপস্থাপক, উপস্থাপয়িতা** (-তৃ) — প্রস্তাবক। আনয়নকারী। পেশকার।

**উপস্থাপন** — প্রস্তাবন। অবতারণা। আনয়ন। ... ণ. **উপস্থাপিত**।

**উপস্থিত** — আগত। বর্তমান, বিদ্যমান, হাজির। নিকটস্থ, সম্মুখবর্তী। ... **উপস্থিতবক্তা** (-ক্তৃ) — প্রস্তুত না হইয়া যে বক্তৃতা করিতে পারে। ... **উপস্থিত-বুদ্ধি** — ষ্য. ণ. প্রত্যুৎপন্নমতি (দেখ)। ... **উপস্থিতি** — বর্তমানতা, থাকা, হাজিরি। আগমন।

**উপস্বত্ব** — সম্পত্তি হইতে আয়।

**উপহত** — আক্রান্ত, আহত, অভিভূত।

**উপহসিত**—যাহাকে উপহাস করা হইয়াছে।

**উপহার** — প্রীতির সহিত প্রদেয় বস্তু, উপঢৌকন। (§ উপহৃত)

**উপহাস** — পরিহাস, ঠাট্টা, বিদ্রূপ। (§ উপহসিত)। ... **উপহাস্য** — উপ-হাসাস্পদ। ... ষ্য. **-তা**।

**উপহিত** — আরোপিত। ন্যস্ত। সমর্পিত।

**উপহৃত** — উপহাররূপে প্রদত্ত, অর্পিত, নিবেদিত। আহৃত, সংগৃহীত।

**উপাংশু** — নির্জনে। **উপাংশুহত্যা** — গোপনে প্রাণহরণ।

**উপাখ্যান**—আখ্যান, কাহিনী, গল্প। মূল আখ্যানের অন্তর্গত গল্প।

**উপাগত** — নিকটাগত, উপস্থিত। প্রাপ্ত। ... ষ্য. **উপাগম**।

**উপাঙ্গ** — প্রত্যবয়ব, অঙ্গের অঙ্গ (যথা — হস্তের উপাঙ্গ অঙ্গুলি)। পরিশিষ্ট।

**উপাচার্য** — আচার্যের সহকারী। বিশ্ব-বিদ্যালয়ের উপাচার্য — Vice-Chancellor.

**উপাত্ত**—প্রাপ্ত। যে স্বীকৃত বিষয় হইতে অনুমান বা সিদ্ধান্ত করা হয়, datum.

**উপাত্যয়** — নিয়মলংঘন।

**উপাদান** — উপকরণ (দেখ)। সমবায়ী কারণ। মালমশলা।

**উপাদেয়** — উপভোগ্য, মনোরম। সুখাদ্য।

**উপাধান, উপধান** — বালিশ, তাকিয়া।

**উপাধি** — বংশপরিচায়ক নাম। পদবী, সম্মান বা বিদ্যাবত্তা সূচক নামান্ত। গুণ। (§ ঔপাধিক)

**উপাধ্যায়** — শিক্ষক, অধ্যাপক। আচার্যের সহকারী বেতনগ্রাহী অধ্যাপক।

**উপাধ্যায়া** — শিক্ষাদাত্রী।

**উপাধ্যায়ানী** — উপাধ্যায়ের পত্নী।

**উপানৎ** (-নহ্) — জুতা।

**উপান্ত** — উপকণ্ঠ, প্রান্ত। নিকট। ... **উপান্ত্য** — প্রান্তবর্তী। অন্ত্যের অব্যবহিত পূর্ববর্তী, উপধা ('—বর্ণ')

**উপাবৃত্ত** — পুনরাগত।

**উপায়** — অভীষ্টলাভের প্রণালী, সাধন। কৌশল। প্রতিকার। উপার্জন, রোজগার, লাভ। রাজ্যপরিচালন-নীতি (সাম দান ভেদ দণ্ড)। ... **উপায়জ্ঞ** — যে কৌশল জানে। প্রতিকারক্ষম। ... **উপায়ক্ষম** — অর্জনে সমর্থ।

**উপায়ী** — যাহার আয় আছে, রোজগেরে।

**উপায়ন** — উপহার, ভেট। পারিতোষিক।

**উপায়ান্তর** — অন্য উপায়।

**উপারম্ভ** — প্রারম্ভ।

**উপার্জক** — যে রোজগার করে, রোজগারী।
**উপার্জন** — রোজগার। লাভ। সংগ্রহ। ... ণ. উপার্জিত।
**উপালম্ভ** — তিরস্কার, কটূক্তিপ্রয়োগ।
**উপাশ্রয়** — আশ্রয়স্থল। ভিক্ষুদের আশ্রম।
**উপাসক** — পূজক, সাধক।
**উপাসঙ্গ** — শরাধার। তূণীর।
**উপাসনা, উপাসন** — আরাধনা, পূজা। ঈশ্বরচিন্তা। ... **উপাসিত** — আরাধিত, পূজিত। ... **উপাস্য** — আরাধ্য, পূজ্য। ... **উপাস্যমান** — যাহার উপাসনা হইতেছে, আরাধ্যমান।
**উপাস্ত্র** — অস্ত্রস্থানীয়। অপ্রধান অস্ত্র। অস্ত্ররূপে ব্যবহৃত।
**উপাস্থি** — দেহমধ্যস্থ, অস্থিবৎ উপাঙ্গ, Cartilage.
**উপাহার** — অল্প আহার, জলযোগ।
**উপাহিত** — অহিতশংসী নৈসর্গিক উপদ্রব।
**উপাহৃত**—সংগৃহীত, আনীত।
**উপু, উপুড়** (উবু, উবুড় দেখ)
**উপেক্ষক** — উপেক্ষাকারী। উদাসীন।
**উপেক্ষা, উপেক্ষণ**—গ্রাহ্য বা ধর্তব্য বলিয়া গণ্য না করা। অমনোযোগ। অবহেলা, তাচ্ছল্য, অনাদর। ঔদাসীন্য। অস্বীকার। ... **উপেক্ষণীয়** — উপেক্ষার যোগ্য। ... **উপেক্ষিত** — যাহা গ্রাহ্য করা হয় নাই। অবজ্ঞাত। বর্জিত। অস্বীকৃত।
**উপেত** — প্রাপ্ত, অন্বিত।
**উপেন্দ্র** — ইন্দ্রের কনিষ্ঠ, বিষ্ণুর বামনরূপ অবতার।
**উপেন্দ্রবজ্রা** — সংস্কৃত ছন্দ বিঃ।
**উপোঢ়** — শ্রেণীবদ্ধ, সুবিন্যস্ত।
**উপোদ্ঘাত** — আরম্ভ। ভূমিকা, সূচনা, প্রস্তাবনা। দৃষ্টান্ত।
**উপোষ** — উপবাস। ... ণ. **উপোষিত**।
**উপোস** ] < উপবাস। ... **উপোসী** ] < উপবাসী।
**উপ্ত**—যাহা বপন করা হইয়াছে। ... **উপ্তি** — বপন, বীজ বোনা।
**উবরানো / উবরনো** [ √উব্‌রা-১৯। < উৎ-বৃৎ ] উদ্‌বৃত্ত বা বাড়তি হওয়া।
**উবা** (ওবা দেখ)
**উবু, উপু** [ <ঊর্ধ্ব ] পা মুড়িয়া হাঁটু তুলিয়া স্থিত ('— হ'য়ে বসা')
**উবুউবু** — না চিবাইয়া (গেলা)।
**উবুড়, উপুড়** ] উলট, যাহার সম্মুখ দিক্ নীচে এবং পশ্চাৎ দিক্ উপরে, পাল্‌টা। (তুঃ চিত)
**উভ** ] < উভয় (প্রায় পদ্যে)। < ঊর্ধ্ব; উচ্চ (অপ্রঃ। 'উভরায়'—উচ্চস্বরে)। ... **উভচর** ] উভয়চর (দেখ)
**উভয়** — দুই, দুইজন। ... **উভয়চর** — (উভচর অশুপ্রঃ) যে জন্তু জলে স্থলে উভয় স্থানে বিচরণ করে। ... **উভয়তঃ** (-তস্) — দুই দিকে, দুই পক্ষে। ... **উভয়তোমুখ** — দ্বিমুখ। যে দুই দিকে দেখে। ... **উভয়ত্র** — দুই স্থানে। ... **উভয়থা**—দুই প্রকারে। ... **উভয়সংকট**—দুই বিষয়ের মধ্যে যে কোনওটি অবলম্বন করিলে বিপদ্ এমন অবস্থা।
**উভয়ভারতী** — শঙ্করাচার্যের প্রতিযোগী মণ্ডনমিশ্রের বিদুষী ভার্যা।
**উভরড়ে** — দ্রুতবেগে।
**উভরায়** [ <ঊর্ধ্ব-রাব- ] উচ্চ রবে (অপ্রঃ)
**উমাতি** — উন্মাদিনী (প্রা-সা)
**উমর** [ আ ] বয়স।
**উমরা** (ওমরা দেখ)
**উমা** — হিমালয়-মেনকার কন্যা, পার্বতী।
**উম্নানি** — উঁয়ানি, একপ্রকার অতিক্ষুদ্র পতঙ্গ।

**উমেদ** [ফা] আশা। ... **উমেদার**] (উমেদ+ওয়ার) প্রত্যাশী। কর্মপ্রার্থী। ... **উমেদারি**] প্রার্থিত বিষয় লাভের জন্য চেষ্টা।

**উমেশ** — উমাপতি, শিব।

√**উর্** (কবিতায়) — অবতীর্ণ হওয়া।

**উরঃ** (উরস্) — বক্ষস্থল।

**উরগ, উরংগ, উরংগম** — সর্প। ... স্ত্রী. **উরগী, -ংগী, -ংগমী।**

**উরভ্র** — মেষ। মেষলোম ও তজ্জাত কম্বলাদি।

**উরস**] < উরঃ, বক্ষস্থল (পদ্যে। 'উরসে')। (§ ঔরস, ঔরস্য)

**উরসিজ, উরোজ** — বক্ষস্থলে জাত, স্তন।

**উরস্ত্র, উরস্ত্রাণ** — বক্ষস্থল রক্ষার জন্য বর্ম।

**উরু** — মহান। বিশাল। বৃহৎ।

**উরুক্রম** — বিষ্ণুর বামনাবতার।

**উরুত, উরত**] < ঊরু।

**উর্ণনাভ, ঊর্ণ-** — মাকড়সা। ... **উর্ণা, ঊর্ণা** — পশম, লোম, উন। মাকড়সার সুতা।

**উর্দি** [তু. ব. দী] কর্মচারীর নির্দিষ্ট পোশাক, Uniform.

**উর্দু** [তু] আরবী-ফারসী-শব্দবহুল হিন্দী ভাষা।

**উর্বর, ঊর্বর** — যাহাতে প্রচুর শস্যাদি উৎপন্ন হয়। ... স্ত্রী. **-রা।**

**উর্বশী** — অপ্সরা বিঃ।

**উর্বী** — পৃথিবী।

**উল** [ই] পশম।

**উলকি**] গাত্রে সূচী বিদ্ধ করিয়া রচিত চিত্র।

**উলংগ**] নেংটা, বিবস্ত্র। উন্মুক্ত, অনাবৃত। ... স্ত্রী. **উলংগিনী**]

**উলট, ওলট**] উলটা, উবুড়।...**উলটপালট, ওলট-**] একবার উল্টা একবার সোজা। বিপর্যস্ত।

**উলটা / উলটো**] উলট, উবুড়। বিপরীত ('— কথা, পথ'। ... **উলটাপালটা**] উলটপালট। গোলমেলে। ... **উলটা রথ**] জগন্নাথের পুনর্যাত্রা।

**উলটানো / উলটনো, ওলটানো** [√উল্টা -১৯] উবুড় হওয়া বা করা। পৃষ্ঠ পরিবর্তন করা ('ভাজা মাছ —')। বিপর্যস্ত করা, বদলানো, পালটানো।

**উলসি'**] উল্লসিত হইয়া (পদ্যে)

**উলা**] — নামা। **উলানো**] — নামানো।

**উলু১**] < হুলু, শুভকর্মে পুরনারীগণের মুখধ্বনি বিঃ।

**উলু২**] তৃণ বিঃ ('-খড়')

**উলুই**] — লক্ষ্মীছাড়া, অমিতব্যয়ী।

**উলেমা** (আ) — মুসলমান পণ্ডিত ব্যক্তি।

**উলূক** — পেঁচা।

**উল্কা** — আকাশ হইতে পতিত জ্বলন্ত প্রস্তর ('-পাত')। মশাল। স্ফুলিংগ। ... **উল্কাবাহী** — মশালচি। ... **উল্কা-মুখী** — খেঁকশেয়ালী। — যাহার মুখ হইতে আগুনের মত উজ্জ্বল বাষ্প নির্গত হয়। লক্ষ্যার্থে — অতিকোপনা কটুভাষিণী নারী।

**উল্মুক** — জ্বলন্ত অংগার।

**উল্লংঘন** — ডিঙানো, উল্লম্ফন। অতিক্রম। ... **উল্লংঘনীয়** — যাহা ডিঙানো যাইতে পারে। অতিক্রমণীয়। ... **উল্লংঘিত** — যাহা ডিঙানো হইয়াছে। অতিক্রান্ত।

**উল্লম্ফন** — উপর দিকে লাফানো।

**উল্লম্ব** — খাড়া, উর্ধ্বাধ ভাবে অবস্থিত, vertical.

**উল্লসিত**—উৎফুল্ল, আহ্লাদিত।

**উল্লাস** — অতিশয় আনন্দ, আহ্লাদ। ...

**উল্লাসী** (-সিন্) — উল্লাসযুক্ত। ... স্ত্রী. **-সিনী**।

**উল্লিখিত** — উপরে বা পূর্বে লিখিত। যে বিষয়ের উল্লেখ করা হইয়াছে।

**উল্লুক** ] লাঙ্গুলহীন বানরসদৃশ পশু বিঃ, gibbon. নির্বোধ, বোকা (গালি)

**উল্লুণ্ঠন** — ভূমিতে লুটালুটি করা।

**উল্লেখ, খল্লেখন**—প্রসঙ্গক্রমে কোনও বিষয় সম্বন্ধে উক্তি। পূর্বে কথন। (§ উল্লিখিত)। ... **উল্লেখনীয়, উল্লেখ্য** — উল্লেখযোগ্য।

**উল্লেখ** — কাব্যের অলঙ্কার বিঃ।

**উল্লোল**—ণ. দোদুল্যমান। ষ্য. বৃহৎ তরঙ্গ।

**উশনা** (নস্) — শুক্রাচার্য।

**উশীনর** -- চন্দ্রবংশীয় নৃপতি বিঃ, শিবি-রাজার পিতা।

**উশীর** (-ষী- বিরল)—খসখস, বেনার মূল।

**উশো** ] পলস্তারা ইঃ ঘষিয়া সমতল করিবার কাঠের যন্ত্র ('— মারা')

**উষর্বুধ** — অগ্নি।

**উষসী** — দিবাবসান, প্রদোষ। (বাং) উষা।

**উষা, ঊষা** (-ষস্) — প্রত্যুষ, ভোরবেলা। অনিরুদ্ধপত্নী।

**উষীর** — উশীর দেখ।

**উস্কখুস্ক** ] রুক্ষ, অচিক্কণ, অবিন্যস্ত ('— চুল')

-উট, ক্রমেলক।

**উষ্ট্রিকা** — উষ্ট্রী। মদ্যপানের জন্য ব্যবহৃত মৃদ্ভাণ্ড।

**উষ্ণ** — ণ. গরম, তপ্ত। তীব্র। ক্রুদ্ধ। ষ্য. তাপ। রৌদ্র। ... **উষ্ণতা** — তাপ। ... **উষ্ণতা, উষ্মা** (-ষ্মন্) — (বিজ্ঞানে) তাপের খরতার মাত্রা, temperature. ... **উষ্ণবীর্য** — উত্তেজক। ... **উষ্ণালু**— যে উত্তাপ সহ্য করিতে পারে না।

**উষ্ণক** — কর্মতৎপর, ক্ষিপ্রকারী।

**উষ্ণিকা** — যবমণ্ড।

**উষ্ণীষ** — পাগড়ি।

**উষ্ম, উষ্মা** (-ষ্মন্)—গ্রীষ্মকাল। উত্তাপ। (উষ্ণতা দেখ)। ক্রোধ। ... **উষ্মবর্ণ** — শ ষ স হ।

**উসখুস, উশখুশ** ] অধীরতার লক্ষণ প্রকাশ ('— করা')

**উসকানো / উসকনো, ওসকানো** [ √ উস্কা-১৯ ] বাড়াইয়া দেওয়া, উত্তেজিত করা। সলিতা ঠেলিয়া দীপ উজ্জ্বল করা। খোঁচা দিয়া ফোড়ার মুখ খুলিয়া দেওয়া। প্ররোচিত করা। ... ষ্য. **উসকানি** ]

**উসনা** ] (চাউল) সিদ্ধ চাউল।

**উসুনী** ] — চালের হইতে ঝরা বিবর্ণ জল।

**উসুল** [ আ. ব.সূল ] আদায়। জমা।

**উহা** ] ঐ বস্তু বিষয় বা প্রাণী। তাহা। ... **উহাকে, উহার ইঃ** ] বস্তু বিষয় প্রাণী বা ব্যক্তি সূচক (পঃছ উহা দেখ)

**উঁহাকে, উঁহার ইঃ** (পঃছ উনি দেখ)

**উহু** ] কষ্টসূচক শব্দ।

**উঁহু** ] না, অসম্মতিজ্ঞাপক শব্দ।

**উহ্যমান** — যাহা বাহিত হইতেছে।

## ঊ

**ঊঢ়** — বিবাহিত। ... স্ত্রী. **ঊঢ়া** ('নবোঢ়া', 'অনূঢ়া' )

**ঊধস্, ঊধস্** — পশুমাতার স্তন্যাধার, আপীন।

**ঊধস্য, ঊধন্য** — পশুর দুগ্ধ।

**ঊন** — ন্যূন, কম, উন। হীন। দুর্বল।

**ঊনবিংশতি**—উনিশ, ১৯ অঙ্ক বা পরিমাণ। ... **ঊনবিংশ, ঊনবিংশতিতম** — ১৯ সংখ্যার পূরক।

**উর**] আবির্ভূত হও (পদ্যে। অপ্রঃ)

**উরু** — জানুর ঊর্ধ্বভাগ, উরুত। ... **উরুস্তম্ভ** — উরুতে ফোড়া।

**ঊর্ণনাভ, ঊর্ণা** (উর্ণ- দেখ)

**ঊর্ধ্ব** — উপর ('-গামী। 'দশ টাকা—')। উন্নত, উচ্চ। ... **ঊর্ধ্বতন** — উপরিস্থ, উপরিতন (দেখ। '— কর্মচারী')। পূর্বতন ('— পুরুষ')। ... **ঊর্ধ্বদেহ** —মরণান্তে প্রাপ্ত শরীর। (§ ঔর্ধ্ব-দৈহিক)। ... **ঊর্ধ্বপাতন** — তাপদ্বারা কঠিন দ্রব্যকে বায়বীয় করিয়া উপরে পুনর্বার কঠিন আকারে জমানো, sublimation. .. **ঊর্ধ্ববাহু**—ঊর্ধ্ব-হস্ত সন্ন্যাসী বিঃ। যে হাত উঁচু করিয়াছে। ... **ঊর্ধ্বরেতা** [ < -তাঃ (তস্] শুক্রসংযমকারী যোগী। ... **ঊর্ধশ্বাস** — দ্রুতগমনাদির জন্য দ্রুত প্রবল শ্বাস ('ঊর্ধ্বশ্বাসে')

**ঊর্বর** (উর্বর দেখ)

**ঊর্মি** — তরঙ্গ, ঢেউ। ... **ঊর্মিমালী** (-লিন্) — সমুদ্র।

**ঊর্মিলা** — লক্ষ্মণের পত্নী।

**ঊষর** — ণ. অনুর্বর; ক্ষার বা নোনা ('— ভূমি')। ষ্য. নোনা মাটি।

**ঊষা** (উষা দেখ)

**ঊহিনী** — সমবায়, সমষ্টি ('অক্ষৌহিনী')

**ঊহ্য** — অনুক্ত, উল্লেখ না থাকিলেও যাহার অস্তিত্ব কল্পনা করিতে হয়, অনুমেয়, অধ্যাহার্য।

**ঋক্** (ঋচ্) — পদ্যময় বেদমন্ত্র বিঃ। ঋগ্বেদ।

**ঋক্থ** — ধন। মৃতব্যক্তির ত্যক্ত সম্পত্তি, দায়।

**ঋক্ষ** — ভল্লুক। ... **ঋক্ষমণ্ডল** — সপ্তর্ষি-মণ্ডল, নক্ষত্র, Great Bear.

**ঋগ্বেদ** — প্রথম বেদ।

**ঋজু** — অবক্র, সোজা ('-কায়, -রেখা')। অকপট, সরল। সহজ, সুসাধ্য। ... ষ্য. **-তা, আর্জব।**

**ঋণ** — কর্জ, ধার, দেনা ('-গ্রস্ত, -জাল')। (গণিতে) বিয়োগচিহ্ন ( – ), minus. ... **ঋণপত্র** — যে দলিলে ঋণগ্রাহী ঋণ স্বীকার করে, তমসুক, খত। ... **ঋণী** (-ণিন্) — ঋণগ্রাহী, অধমর্ণ, দেনদার, খাতক। উপকারের নিকট কৃতজ্ঞ।

**ঋত** — সত্য। ... **ঋতম্ভর** — সত্যপালক। বিষ্ণু। ... স্ত্রী. **ঋতম্ভরা।** — সত্যজ্ঞান-উৎপাদিকা চিত্তবৃত্তি।

**ঋতু** — বর্ষের প্রাকৃতিক বিভাগ, গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্ত শীত বসন্ত। স্ত্রীরজ, পুষ্প, আর্তব। (§ আর্তব)। ... **ঋতু-কাল** — রজস্বলা অবস্থা। ... **ঋতুপতি, -রাজ**—বসন্ত। ... **ঋতুমতী** — রজস্বলা। ... **ঋতুস্নান** — ঋতুর পর চতুর্থ দিবসে স্নানরূপ সংস্কার।

**ঋত্বিক্** (**ঋত্বিজ্**) — যিনি ঋতুতে ঋতুতে যাগ করেন। যজ্ঞের পুরোহিত।

**ঋদ্ধ** — সমৃদ্ধ, উন্নতিসম্পন্ন। ... **ঋদ্ধি** — সমৃদ্ধি, উন্নতি। সম্পত্তি।

**ঋভু** — দেবতা বিঃ।

**ঋষভ** — বৃষ। (সমাসে অন্য শব্দের পরে) শ্রেষ্ঠ ('ভরতর্ষভ')। (সংগীতে) স্বরগ্রামের দ্বিতীয় স্বর, 'রে'।

**ঋষি** — বেদমন্ত্র-রচয়িতা। শাস্ত্রজ্ঞ তপস্বী, মুনি, যোগী। বাঙালী চর্মকার জাতি বিঃ। (§ আর্ষ)

**ঋষ্য**—একশ্রেণীর হরিণ। ... **ঋষ্যমূক** — রামায়ণে উল্লিখিত দাক্ষিণাত্য পর্বত বিঃ। ... **ঋষ্যশৃঙ্গ**—রামায়ণে উল্লিখিত ঋষি বিঃ।

এ

**এ** [ < এষঃ ] ব্যক্তি জন্তু বা পদার্থ সূচক সর্বনাম; ইহা ('এ কে? এ কি?')। (একে, এরা ইঃ—পঃছ দেখ)। নির্দেশক বিশেষণ, এই ('এ লোক, এ গরু, এ ঘর। এজন্য, এপার, এপ্রকার')

**এই** ] সম্মুখবর্তী, নিকটস্থ, শেষোক্ত, ('— লোক, দিন, কারণে। -বার')। সম্বোধনে বা ধমকে ('এই, শুনে যা')। এখনই ('— যাচ্ছি')। ভয়ে বা বিস্ময়ে ('— রে! — যে!')। সমর্থনে বা বিরাগে ('— তো!')

**এউজ, এয়োজ** [ আ. ইব.জ. ] প্রতিনিধি, পরিবর্ত, যে একটিনি কাজ করে।

**এক** — ১ অংক বা পরিমাণ। কোনও ('— রাজা ছিলেন')। পূর্ণ, ভরা ('-পেট')। অভিন্ন, মিলিত ('-জোট। সকলে, চালে ডালে—হওয়া')। (§ একতা, একত্ব, ঐক্য)। ... **একে** ] প্রথমতঃ ('— রাত তায় বৃষ্টি')

**একক** — ণ. একাকী। কেবল। ষ্য. সংখ্যার দক্ষিণে প্রথম অংক। যে নির্দিষ্ট মাত্রার দ্বারা পরিমাপ হয়, unit.

**এককাট্টা** ] এক উদ্দেশ্যে দলবদ্ধ।

**এককালীন** — এক সময়ের, এক বারের মতো।

**একগাল** ] গালভরা (হাসি)।

**একগুঁয়ে** ] জেদী, একরোখা।

**একঘ'রে** ] নিজ সমাজ কর্তৃক বর্জিত।

**একঘেয়ে** ] পরিবর্তনের অভাবে অরুচিকর। ... ষ্য. -মি ] বৈচিত্র্যহীন।

**একচত্বারিংশৎ** — একচল্লিশ।

**একচাল** ] এক চালবিশিষ্ট ঘর।

**একচুল** ] লেশমাত্র।

**একচেটিয়া / -চেটে** ] কেবল এক ব্যক্তির বা সংঘবিশেষের আয়ত্ত ('— ব্যবসায়')

**একচোখো** ] এক ব্যক্তি বা বিষয়ের প্রতি অযথা প্রীতিযুক্ত, পক্ষপাতী।...ষ্য. **-মি** ]

**একচোট** ] এক দফায় প্রচুর ('— প্রহার')

**একচ্ছত্র — একছত্র** ] একরাজার অধীন।

**একছুটে** ] একবস্ত্র হইয়া, কেবল ধুতি (বা শাড়ি) পরিয়া।

**একজাই** ] ণ. নিরন্তর, বার বার। **একত্র**। তালিকাবন্ধ। ষ্য. মোট হিসাব।

**একজোট** ] দলবদ্ধ। একমত।

**একজ্বরী** (-রিন্) — অবিরাম-জ্বরভোগী।

**একটা, একটি** ] কোনও এক ('— কাজ আছে')। এক সংখ্যক ('— টাকা')। (অনাদরে — 'একটা'। আদরে—'একটি')

**একটানা** ] অবিরাম, নিরন্তর। একঘেয়ে।

**একটিনি** [ ই. acting ] স্থায়ী কর্মচারীর পরিবর্তে কিছুদিনের জন্য কাজ।

**একটু** ] অল্প; খানিক ('—জল।—দাঁড়াও')

**একঠোকা** ] একরোখা দেখ।

**একতঃ** (-তস্) — এক দিকে, এক পক্ষে।

**একতন্ত্রী** (-ন্ত্রিন্) — একমতাবলম্বী। একতারা, বাদ্যযন্ত্র বিঃ।

**একতম** — বহুর মধ্যে এক।

**একতর** — দুইএর মধ্যে এক।

**একতরফা** ] কেবল একপক্ষ সম্বন্ধীয়, exparte.

**একতা** — ঐক্য, মিলন। একত্ব, অভেদ।

**একতান** — সমস্বর। একাগ্রচিত্ত। (§ ঐকতান)

**একতার** (এখতিয়ার দেখ)

**একতারা** ] একতন্ত্রী, বাদ্যযন্ত্র বিঃ।

**একতালা** ] সংগীতের তাল বিঃ।

**একতিয়ার** (আ) — অধিকার। এখ্‌তিয়ার দেখ।

**একত্র** — মিলিত, সমবেত। একস্থানে।

**একত্ব** — একের ভাব। ঐক্য, মিলন, একতা। অভেদ।

**একথোকে** ] কিস্তীবন্দী না করিয়া একবারে।

**একদম** ] একেবারে, পুরা ('— বোকা')। মোটেই ('— পারে না')

**একদা** — কোনও সময়ে। একই কালে, যুগপৎ।

**একদৃষ্টি** — ণ. একাগ্রদৃষ্টি, স্থিরনেত্র। ষ্য. এক নজর, একবার দৃষ্টিপাত। ... **একদৃষ্টে** ] দৃষ্টি নিবদ্ধ করিয়া।

**একদেশ** — এক অংশ। ... **একদেশদর্শী** (-র্শিন্‌) — কোনও বিষয়ের এক অংশ মাত্র যে বিবেচনা করে। পক্ষপাতী, এক-চোখো। ... ষ্য. **-দর্শিতা**।

**একধা** — এক প্রকারে, একদিকে।

**একনলা** ] একটি মাত্র নল যাহার (যে বন্দুকের)

**একনাগাড়ে** ] ক্রমাগত একই ধারায়, নিরবচ্ছিন্ন ভাবে।

**একনায়কতন্ত্র** — একজন মাত্র শাসনকর্তার নির্দেশ অনুসারে যে শাসনব্যবস্থা।

**একনিষ্ঠ**—এক বিষয় বা ব্যক্তিতে নিষ্ঠাবান্‌, অব্যভিচারী। ... ষ্য. **-ষ্ঠা, -ষ্ঠতা**।

**একপত্নী** — পতিব্রতা।

**একপত্নীক** — যে দ্বিতীয় বার বিবাহ করে নাই।

**একপদী** — যে পথে একজন মাত্র যাইতে আসিতে পারে। সংকীর্ণ আলিপথ বা বনপথ।

**একপুরুষ** — এক ব্যক্তির জীবনকাল।

**একপেট** ] ভরপেট, পেটভরা।

**একপেশে** ] একদিকে কাৎ, পক্ষপাতী।

**একবগ্‌গা** ] — (একগুঁয়ে দেখ)

**একবচন** — (ব্যাকরণে) এক ব্যক্তি বস্তু বা বিষয় বাচক পদ।

**একবাক্যে** — ঐকমত্যের সহিত

**একবস্ত্র** — যাহার পরিধেয় বস্ত্র একটিমাত্র।

**একবারে** ] এক দফায়। ... **একবারে, একেবারে** ] নিতান্ত ('— বোকা')। সম্পূর্ণভাবে ('— দান করা')

**একমত** — সমমতাবলম্বী। (§ ঐকমত্য)

**একমনা** [ < -নাঃ (-নস্‌] একাগ্রচিত্ত।

**একমেটে** ] যাহাতে একবার মাটির লেপ দেওয়া হইয়াছে। অর্ধগঠিত।

**একর** (ই. acre) — ৪৮৪০ বর্গগজ পরিমিত (ভূমি)।

**একরকম** ] তুল্য প্রকার। ভালও নয় মন্দও নয়।

**একরত্তি** ] (মূঃ এক রতি পরিমাণ) অত্যল্প। ছোট্ট ('— মেয়ে')

**একরার** [ আ. এক্‌রার ] স্বীকার, কবুল। ... **একরারনামা** ] স্বীকারপত্র।

**একরোখা** ] একগুঁয়ে (দেখ)। যে বস্ত্রের কেবল এক পৃষ্ঠে নক্‌শা আছে।

**একল** — একক, একাকী। (§ ঐকল্য)

**একলব্য** — মহাভারতে উক্ত আদর্শ গুরু-ভক্ত ধনুর্বীর নিষাদতনয়।

**একলসেঁড়ে** ] অমিশুক।

**একলা** ] একাকী। ... **একেলা** ] (প্রায় পদ্যে)

**একলিঙ্গ** — মেবারের রাণাবংশের আরাধ্য শিবলিঙ্গ।

**একলেডা** ] পংক্তিগুলির ব্যবধানে একখানি করিয়া লেড বসাইয়া ছাপানো।

**একশা** [ < একশঃ ] একসঙ্গে। মিলিত, একাকার।

**একশিরা** ] অণ্ডকোষের একদিকের স্ফীতি।

**একশেষ** — (বাং) চূড়ান্ত ('অপমানের—') দ্বন্দ্ব সমাসের রূপভেদ।

**একসরী** ] > একেশ্বরী — একাকিনী।

**একহাত** ] একচোট (দেখ)

**একহারা** ] ছিপছিপে, কৃশকায়।

**একা** ] একাকী। কেবল।

**এ'কা** ] — আঁকা দেখ।

**একাকার** — সমাকৃতি। একত্র মিশ্রিত।

**একাকী** (-কিন্) — একক, একলা, নিঃসঙ্গ।

**একাক্ষী** — কাণী। মনসা দেবী।

**একাগ্র** — একনিষ্ঠ (-'চিত্ত')। ... ষ্য. **-তা**।

**একাতপত্র** — একচ্ছত্র, সার্বভৌম।

**একাত্তর** — একসপ্ততি ৭১।

**একাত্মা** (-ত্মন্) — ণ. একপ্রাণ, একমন। ... ষ্য. **একাত্মতা, ঐকাত্ম্য**। ... **একাত্ম-বাদ** — অদ্বৈতবাদ।

**একাদশ** (-দশন্) — এগার, ১১ অঙ্ক বা পরিমাণ। ১১ সংখ্যার পূরক। ... স্ত্রী. **একাদশী**। — তিথি বিঃ, হরিবাসর (উপবাসাদি করা হয়। '—করা। -পালন')

**একাদিক্রমে** — প্রথম হইতে, আনুপূর্বিক ভাবে। ক্রমাগত, নিরন্তর, এক নাগাড়।

**একাধিক** — একের বেশী।

**একাধিকার** — একচেটে-অধিকার, monopoly.

**একাধিপত্য** — কেবল একের প্রভুত্ব।

**একান্ত** — অত্যন্ত, নিতান্ত। নির্জন ('একান্তে')। (§ ঐকান্তিক)

**একান্তর** — একটির পর একটি করিয়া বাদ দিয়া অবস্থিত, alternate.

**একান্ন** — রন্ধনের এক ব্যবস্থা, এক গৃহ-স্থালি ('একান্নবর্তী' বা 'একান্নভুক্ত' পরিবার') — **একান্নিয়া। একানে** ] — নিঃসঙ্গ।

**একাবলী** — একনরী হার। ছন্দ বিঃ।

**একাম্রকানন** — ভুবনেশ্বর তীর্থের প্রাচীন নামান্তর।

**একাশ্রয়, একাশ্রিত** — একের উপর নির্ভর-শীল, অনন্যগতি।

**একাহার** — অহোরাত্রে একবার মাত্র আহার। ... **একাহারী** (-রিন্) — যে তাহা করে।

**একীকরণ** — সমান করণ। একত্র মিলিত করণ।

**একীভবন** — একাকার হওয়া, সমান হওয়া। একত্র মিলিত হওয়া।

**একীভাব** — ঐক্য। ... **একীভূত** — সমত্বপ্রাপ্ত। একত্র মিলিত।

**একুনে** ] সাকুল্যে, মোট।

**একে, এদের, এরা** ইঃ (পঃছ এ, ইহা দেখ)

**এ'কে, এ'দের, এ'রা** ইঃ (পঃছ ইনি দেখ)

**একেশ্বর** — একমাত্র ঈশ্বর ('-বাদী')। একমাত্র প্রভু, সর্বেসর্বা। ... স্ত্রী. **-রী**।

**একেশ্বর** — একাকী।

**একো** ] ইক্ষুজাত, ঐক্ষব, আকের ('—গুড়')

**একোদ্দিষ্ট**—একজন মৃতের উদ্দেশে শ্রাদ্ধ।

**একোন** — (এক-ঊন) এক কম ('-বিংশতি')

**এক্কা** ] দুই চাকা যুক্ত ঘোড়ার গাড়ি বিঃ।

**এক্ষণ** ] এইক্ষণ, এখন, এই সময়। ... **এক্ষণে** ] এই সময়ে।

**এখতিয়ার, একতার** [ আ. ইখ্তিয়ার ] ক্ষমতা, অধিকার, দখল।

**এখন** ] বর্তমান কাল, এই সময় ('—বর্ষা')। এই সময়ে ('— নয়')। এই অবস্থায় ('— কি হবে ?')। পরে কোনও সময়ে ('যাব —')। কথার ছেদ বুঝাইতে ('এখন, সেই সুয়োরানী ছিল রাক্ষসী')

**এখান** ] এই স্থান ('এখানে, এখান থেকে')। ... **এখানকার** ] এই স্থানের।

**এগজামিন** [ই. examination] পরীক্ষা ('ছাত্রের —। ডাক্তার দিয়ে —।— করা, দেওয়া')

**এগনো** [ √এগা-১১। < অগ্ ] অগ্রসর হওয়া, আগানো।

**এগার, -রো** ] একাদশ, ১১ অঙ্ক বা পরিমাণ।

**এগুনী-মা** ] — সূতিকাগৃহে যে নারী প্রসবকাল হইতে প্রসূতির শিশুকে লালন করে।

**এঁচড়** (ইঁচড় দেখ)

**এজন্য / এজন্যে** ] এই হেতু, একারণে।

**এজমালি** [ আ. ইজ্‌মাল ] একাধিক জনের ভোগ্য ('— সম্পত্তি')

**এজলাস** [ আ. ইজ্‌লাস ] বিচারালয়, কাছারি।

**এজাহার** [ আ. ইজা.হার ] সাক্ষ্য ('— দেওয়া')

**এজেন্ট** — প্রতিনিধি, Agent, আম-মোক্তার।

**এঞ্জিন** [ ই ] কলযুক্ত গাড়ি যাহা রেলের ট্রেন টানে। যে যন্ত্র স্বয়ং চলিয়া অন্য যন্ত্র চালায়।

**এঞ্জিনিয়ার** [ ই ] যন্ত্রবিশারদ। স্থপতি, পূর্তকর্ম গৃহনির্মাণ ইংতে অভিজ্ঞ ব্যক্তি, বাস্তুকার।

**এটর্নি** — আমমোক্তার, attorney.

**এটা, এটি** ] এই বস্তু বিষয় বা ব্যক্তি। (অনাদরে— 'এটা।' আদরে— 'এটি')

**এঁটে** ] কলা গাছের মূল, থোড়ের নিম্নাংশ।

**এঁটেল** ] আঁটালো, শক্ত ('— মাটি')

**এঁটো** ] উচ্ছিষ্ট, ভুক্তাবশিষ্ট। সকাড়ি।

**এড়ক** — ভেড়া।

**এড়া** ] বাসি, ছাড়া। (— কাপড়)

**এড়াটিয়া** ] যাহা এড়াইয়া পালায়। যাহা বাদ পড়িয়া যায়।

**এড়ানো / এড়নো** [ √এড়া-১১ ] বর্জন করা ('আমাকে এড়িয়ে চলে')। অতিক্রম করা ('আমার কথা এড়াতে পারে না')। জড়াইয়া যাওয়া ('কথা এড়িয়ে গেছে')। ... **এড়ান** ] নিষ্কৃতি, ছাড়ান ('— নেই')

**এঁড়ে** ] (মুঃ অণ্ডযুক্ত)। ণ. মর্দা ('— বাছুর')। ষাঁড়ের ডাকের মত ('— গলা')। ষ্য. শিশুর অজীর্ণ রোগ ('— লাগা')

**এড়ো** ] আড়, কাত, একপেশে। চওড়ার দিকে।

**এণ্ডি** — আসামজাত মোটা রেশমী সূতার বস্ত্র বিঃ।

**এণ** — হরিণ। **এণাক্ষী** — মৃগনয়না।

**এত** [ <এতদ্ ] এই পরিমাণ; এই সংখ্যক ('-ক্ষণ। — জল, লোক')।

**এতৎ** (এতদ্) — ইহা, এই বস্তু বিষয় বা ব্যক্তি ('এতৎসংক্রান্ত, এতদ্ব্যতীত')

**এতাদৃশ**—এই প্রকার, ঈদৃশ।...স্ত্রী. **-শী**।

**এতাবৎ** — এই পরিমিত, এইটুকু, এই সমস্ত। ... **এতাবতা** — এতাবৎ বাক্য-দ্বারা। ইহা অবধারিত হওয়াতে। (অপ্রঃ)

**এতিম** (আ) — অনাথ বালক-বালিকা। ... **এতিমখানা** — অনাথ-আশ্রম।

**এতেলা, এত্তেলা** [ আ. ইত্তিলা ] সংবাদ।

**এদিক** ] এই দিক্। এই দেশ। সেই অবস্থা ('তিনি গেলেন, এদিকে তাঁর চাকরও পালাল')। এই পক্ষ ('এদিকও দেখা উচিত')। (তুঃ ওদিক)

**এধ** — ইন্ধন।

**এঁধো** — (আন্ধুয়া) ] — অন্ধকারময় (এঁধো ডোবা)।

**এনু** ] আসিলাম। (পদ্যে অথবা গ্রাম্য)

**এন্তাজারি, এন্তে-** [ আ. ইন্‌ত্‌জা.র ] প্রতীক্ষা, অপেক্ষা, নির্ভর।

**এন্তার** [ পো. entaro ] দেদার, অজস্র।

**এপ্রিল** [ ই ] ইংরেজী বৎসরের চতুর্থ মাস।

**এবং** (এবম্‌) — এমন ('এবংবিধ, এবম্প্রকার')। (বাং) আর। (সাধারণতঃ দুই শব্দের মধ্যে 'ও', দুই বাক্যাংশের মধ্যে 'এবং')

**এবড়োখেবড়ো** ] অসমতল, উঁচুনীচু, বন্ধুর।

**এবার**] এই বার, এই সময়ে, এখন ('— চল')। এই দফায়, এ যাত্রায় ('— বেঁচে গেল')। ... **এবারকার** ] এবারের।

**এবে** ] এখন (পদ্যে)

**এমত** ] এমন (অপ্রঃ)

**এমন** [ <এবম্‌ ] এই প্রকার, ঈদৃশ, এত। ... **এমনই / এমনি, এম্‌নি** ] এই প্রকারই, ঠিক এই রকম ('—চাই, হয়')। ... **এমনই** ] এতই ('—কি অসুখ')। ... **এমন কি** ] অসামান্য বর্ণনায়, অধিক কি ('সেখানে খুব শীত — বরফ পড়ে')। ... **এমনতর** ] এই প্রকার।

**এয়ো** [ < অবিধবা ] সধবা, এয়োস্ত্রী, আয়তী। ... **এয়োত, এয়োতি** ] সধবার অবস্থা বা লক্ষণ, আয়তি। ... **এয়োতী** ] সধবা।

**এরকা** — নলখাগড়া, শরফুলের গাছ।

**এরণ্ড** — ভেরেণ্ডা, রেড়ি।

**এরারুট** (আরারুট দেখ)

**এলকানো** ] ভ্যাংচানো, ব্যঙ্গ করা।

**এলা** — এলাচ বা তাহার গাছ।

**এলাকা, ইলাকা** [ আ ] সীমা, অধিকার। সংস্রব, সম্পর্ক ('— রাখা')

**এলাকাড়া, এলাকাড়ি** ] — শৈথিল্য।

**এলাচি / এলাচ** ] < এলা, মসলা বিঃ ('ছোট —, বড় —')। ... **এলাচদানা** ] ভিতরে বড়-এলাচের দানা যুক্ত চিনির গুলি।

**এলানো** [ √ এলা-১১ ] আলুলায়িত করা, মেলিয়া দেওয়া ('চুল, গা —')। শয়িত বা অবসন্ন হওয়া ('এলিয়ে পড়া')। ণ. আলুলায়িত, এলো, প্রসারিত, শিথিল, ক্লান্ত।

**এলাহী** (ইলাহী দেখ)

**এলেম** [ আ. ইল্‌ম্‌ ] বিদ্যা।

**এলেমদার** (আ) সুধী, সুদক্ষ, অভিজ্ঞ, বিদ্বান্‌।

**এলো** [ <আকুল ] আলুলায়িত, এলানো, মুক্ত ('— চুল')। আলগা, শিথিল ('— খোঁপা')। অসম্বদ্ধ ('— কথা')। অবাধ, অসংযত, গোলমেলে ('— হাওয়া')। ... **এলোপাতাড়ি** ] যেখানে-সেখানে, বিশৃঙ্খলভাবে। ... **এলোমেলো** ] বিশৃঙ্খল। অসম্বদ্ধ।

**এষণা, এষা** — অন্বেষণ। ইচ্ছা।

**এষণিকা, এষণী** — স্বর্ণকারের নিখ্‌তি।

**এষণীয়া** — বাঞ্ছিতা।

**এসপার-ওসপার** ] চরম নিষ্পত্তি, সিদ্ধি কিংবা বিফলতা।

**এসরাজ, এসরার** ] তার-যুক্ত বাদ্যযন্ত্র বিঃ।

**এহেন** ] এইরূপ, এমন (পদ্যে বা ব্যঙ্গে)

**এহো** ] ইহাও (প্রাঃ সাঃ)

## ঐ

**ঐ** (ওই দেখ)

**ঐকতান** — সমস্বর বাদ্য, concert.

**ঐকবাক্য** — একবাক্যতা, সমোক্তি।

**ঐকমত্য** — মতের অভিন্নতা।

**ঐকরাজ্য** — একাধিপত্য।

**ঐকল্য** — এককত্ব।

**ঐকাত্ম্য** — একাত্মতা, অভেদ।

**ঐকান্তিক** — আত্যন্তিক, একনিষ্ঠ, প্রগাঢ়। ... য্য. -তা।

**ঐকাহিক** — এক দিন সম্বন্ধীয়।

**ঐক্য** — একতা, একত্র, মিল, অভিন্নতা।

**ঐক্ষব** — ইক্ষুজাত, একো।

**ঐছন, ঐসন** ] (ব্রজবুলি) — ঐপ্রকার, ঐরূপ।

**ঐতিহাসিক** — ইতিহাস সম্বন্ধীয়। ইতিহাসোক্ত। ইতিহাসবেত্তা।

**ঐতিহ্য** — কিংবদন্তী, বিশ্রুতি। পরম্পরাগত উপদেশবাক্য। ঐতিহাসিক কথা।

**ঐন্দ্রজালিক** (ইন্দ্রজালিক দেখ)

**ঐন্দ্রিয়িক** — ইন্দ্রিয় সম্বন্ধীয়।

**ঐন্দ্রিলা** — বৃত্রসংহারে বৃত্রাসুর পত্নী।

**ঐরাবত** — ইন্দ্রের হস্তী।

**ঐশ, ঐশিক** — ঐশ্বরিক। ... স্ত্রী. **ঐশী**।

**ঐশ্বরিক, ঐশ্বর** — ঈশ্বর সম্বন্ধীয়।

**ঐশ্বর্য** — ধনসম্পত্তি, বিভব। প্রভুত্ব। যোগলব্ধ অষ্টবিধ অলৌকিক শক্তি, অষ্টসিদ্ধি, বিভূতি (অণিমা লঘিমা ব্যাপ্তি প্রাকাম্য মহিমা ঈশিত্ব বশিত্ব কামাবসায়িতা। ষড়ৈশ্বর্য দেখ)

**ঐহিক, ঐহলৌকিক** — ইহলোক সম্বন্ধীয়। (তুঃ পারত্রিক, পারলৌকিক)

**ও ১** [ < অসৌ ] ব্যক্তি জন্তু বা পদার্থ বাচক সর্বনাম; সে, উহা ('ও কে? ও কি? ওটা নয়')। নির্দেশক, বিশেষণ, ওই ('ও লোক, জন্তু, জিনিস')। অপর ('ওদিক, ওপার')

**ও ২** ] সম্বোধন সূচক ('ও ভাই') স্মরণ বা বিস্ময় সূচক ('ও, মনে পড়েছে। ও, রাগ হয়েছে!')

**ও ৩** [ < অপি ] আর ('রাম ও শ্যাম'। এবং দেখ)। অধিকন্তু, আবার, আরও ('ভাতও খাব লুচিও খাব, তুমিও যেমন!')। মাত্র, পর্যন্ত ('কাহাকেও নয়, নামও করিও না')। সম্ভাবনায় ('হইলেও হইতে পারে')

**ওই, ঐ** [ < অমী ] সম্মুখবর্তী, সেই, পূর্বোক্ত। খেদ ভয় ইঃ সূচক ('— যা'! — রে!)। ... **ঐ** ] উপরিলিখিত শব্দ সূচক, ditto.

**ওঃ** ] খেদ কষ্ট বিস্ময় ইঃ সূচক।

**ওঁ, ওম্** — প্রণব, ব্রহ্ম বা ঈশ্বর বাচক চিহ্ন। ... **ওঁকার**, ওংকার, **ওঙ্কার** — ওঁ ধ্বনি বা অক্ষর।

**ওকালতনামা** [ আ-ফা. ব.কালৎনামহ্ ] উকিল বা প্রতিনিধি নিয়োগের পত্র।

**ওকালতি** [ আ. ব.ক.লৎ ] উকিলের কর্ম। ... ণ. **ওকালতী** ]

**ওকুস্থান** — ঘটনাস্থল।

**ওকে, ওদের, ওরা** ইঃ (পঃছ ও দেখ)

**ওঁকে, ওঁদের, ওঁরা** ইঃ (পঃছ উনি দেখ)

**ওক্ত** [ আ. ব.ক্.ৎ ] সময়। নির্দিষ্ট কাল।

**ওকড়া**—কণ্টকময় ফলের একপ্রকার গুল্ম।

**ওখড়ানো** (উখড়ানো দেখ)

**ওখানে** ] ওই স্থানে।

**ওগরা** ] চাল-ডাল সিদ্ধ, রোগীর পথ্য বিঃ।

**ওগরানো, ওগলানো** (উগরানো দেখ)

**ওগয়রহ** — প্রভৃতি।

**ওগো** ] প্রিয়জন অথবা সম -বা নিম্ন-পদস্থ ব্যক্তিকে সম্বোধন।

**ওঘ** — সমূহ। তরঙ্গ। জলপ্রবাহ।

**ওঁচলা** ] আবর্জনা, জঞ্জাল।

**ওচানো** (উচানো দেখ)

**ওঁছা, ওঁচা** [ <উঞ্ছ ] অতি নিকৃষ্ট, খেলো। নীচ, ঘৃণ্য।

**ওজঃ** (ওজস্)—তেজ, বল। দীপ্তি। ... **ওজোগুণ** — যে গুণ থাকিলে রচনা জমকালো হয় (সমাসবাহুল্য ইঃ)

**ওজন** [আ. ব.জ.ন্] তৌল, ভার। গুরুত্ব, মর্যাদা ('—বুঝিয়া চলা')

**ওজর** [আ. উজ.র্] আপত্তি। ছল, মিথ্যা অজুহাত।

**ওজস্বল**—তেজস্বী, বলিষ্ঠ।

**ওজস্বী** (-স্বিন্) — তেজস্বী। দীপ্তিমান্। ... স্ত্রী. **-স্বিনী**। ... ষ্য. **-স্বিতা**।

**ওজু** [আ. ব্.জ্.] নমাজাদির পূর্বে হাত-মুখ ধোয়া।

**ওজুহাত** (অজুহাত দেখ)

**ওঝা** [< উপাধ্যায়] রোজা। সর্পবিষ-চিকিৎসক। যে ভূত নামায়। উপাধি বিঃ।

**ওটকানো** (উটকানো দেখ)

**ওঠা** (উঠা বিরল) [√উঠ্-১০। <উৎ-স্থা] উত্থিত হওয়া। জাগরিত হওয়া ('ঘুম থেকে —')। উপরে যাওয়া, চড়া ('ছাদে, গাছে —')। অবস্থান্তর পাওয়া ('পাকিয়া, রাগিয়া —')। উদগত হওয়া ('গোঁফ —')। স্খলিত হওয়া ('চুল—')। ক্ষয় পাওয়া ('রং—')। লোপ হওয়া ('দোকান —')। উল্লিখিত বা উত্থাপিত হওয়া ('ফর্দে, কথা —')। ... **উঠানো / উঠনো, ওঠানো** [√উঠা-১৪] উত্তোলন করা, খাড়া করা, উন্নত করা। উত্থাপন করা। তুলিয়া দেওয়া। অপসারণ করা।

**ওড়ফুল** — জবাফুল।

**ওড়ং**] নারিকেল মালার হাতা।

**ওড়না** — আবরণ।

**ওড়না** [< অববেষ্টন-] স্ত্রীলোকের উত্তরীয়।

**ওড়ম্বা**] — অমিতব্যয়ী।

**ওড়ব, ঔড়ব** — যে রাগ-রাগিণীতে পাঁচ স্বর প্রযুক্ত হয়।

**ওড়া** (উড়া বিরল) [√উড়্-১০। <উৎ-ডী] আকাশে বিচরণ করা। দ্রুতবেগে যাওয়া। অদৃশ্য হওয়া, বিলীন হওয়া। ... **উড়ানো/উড়নো, ওড়ানো** [√উড়া-১৪] উড্ডীন করা ('ঘুড়ি —')। বিলীন করা। অপব্যয় করা ('টাকা —')

**ওড়িয়া**] উড়িষ্যার লোক, উড়িয়া। উড়িষ্যার ভাষা।

**ওড্র** — উড়িষ্যা, উৎকল।

**ওড্রপুষ্প** — জবাফুল।

**ওত**] আক্রমণ ইঃর উদ্দেশ্যে অপেক্ষা ('— পাতা')

**ওতপ্রোত** — পরিব্যাপ্ত, অনুস্যূত।

**ওতরানো** (উতরানো দেখ)

**ওথলানো** (উথলানো দেখ)

**ওদন** — সিদ্ধান্ন, ভাত।

**ওদিক**] ওই দিক্। ওই দেশ। সেই অবস্থা। ওই পক্ষ। (তুঃ এদিক)

**ওপড়ানো** (উপড়ানো দেখ)

**ওবা** (উবা বিরল) [√উব্-১০। <উৎ-ভূ] বায়ুর আকারে অদৃশ্য হওয়া (যথা —জল, কর্পূর)

**ওম্** (ওঁ দেখ)

**ওমরা, উমরা** [আ] উচ্চপদস্থ ব্যক্তি (মুসলমান রাজ্যে)। 'আমির'-এর বহুবচন।

**ওয়াক**] বমনের শব্দ।

**ওয়াকিফ** [আ. বা.কিফ] অভিজ্ঞ। ... **ওয়াকিফহাল**] অবস্থাভিজ্ঞ। upto-date.

**ওয়াজিব** [আ. বা.জিব] যথার্থ, ন্যায্য।

**ওয়াড়, ওড়** [< অববেষ্ট-] লেপ বালিশ ইঃর আবরণবস্ত্র, খোল।

**ওয়াদা** [ আ. ব.দহ্ ] নির্দিষ্ট সময়, মেয়াদ ('কর্জশোধের —')

**ওয়াপোশ** (ক) — উশুল, ফেরত।

**ওয়ারিস** [ আ. বা.রিস ] উত্তরাধিকারী। (বহুবচনে — ওয়ারিসান)

**-ওয়ালা / "-ওলা"** [ হি. বা.লা ] ব্যবসায়ী ('পান-')। কর্মচারী ('পাহারা-')। অধিকারী ('বাড়ি-')। যুক্ত, বিশিষ্ট ('পাড়-')। ... স্ত্রী. **-ওয়ালী / "উলী"** ]

**ওয়াসিল** [ আ. বা.সিল ] আদায়।

**ওয়াস্তা** [ আ. বা.সিতহ্ ] অপেক্ষা, নির্ভর ('কারও — রাখে না')। কারণ।

**ওর** ] — প্রান্ত। অন্ত। সীমা, অবধি।

**ওরফে** [ আ. উর্ফ্ ] বনাম, নামান্তরে।

**ওরে** ] সম্বোধন (তুচ্ছপ্রয়োগে)

**ওল** — কন্দ বিঃ (তরকারি)

**ওলকপি** [ ই kohlrabi ] শালগম তুল্য কন্দ বিঃ (তরকারি)

**ওলটপালট** (উলট দেখ)

**ওলটানো** (উলটানো দেখ)

**ওলন** [ < অবলম্ব ] ষ্য. লম্বরেখা নির্ণয়ের জন্য নীচে ভার বাঁধা সুতা। ণ. **উল্লম্ব, vertical.**

**ওলন্দাজ** [ পো. Hollandez ] হলান্ড দেশের অধিবাসী।

**ওলা** ] সাদা চিনির লাড়ু। (ওয়ালা দেখ)

**ওলাউঠা / -উঠো** ] (মূঃ নামা-ওঠা, ভেদ-বমি) কলেরা, বিসূচিকা।

**ওলো** [ < হলা ] স্ত্রী-সম্বোধন (তুচ্ছ-প্রয়োগে)

**ওষ** ] — সন্তাপ, দাহ।

**ওস্** ] — হিম, শৈত্য, শিশির।

**ওষধি, ওষধী** — ফলপাকান্ত উদ্ভিদ, যে গাছ একবার ফল দিয়া মরিয়া যায় (ধান কলা ইঃ) (ঃ ঔষধ)। ... **ওষধিনাথ** — চন্দ্র।

**ওষুধ** ] < ঔষধ (দেখ)। তুকতাক, বশীকরণ ('— করা')। বশীকরণদ্রব্য।

**ওষ্ঠ** — ঠোঁট। (সং) উপরের ঠোঁট। ... **ওষ্ঠাগত** — যাহা ওষ্ঠ পর্যন্ত পৌঁছিয়াছে, বাহির হইতে উদ্যত ('প্রাণ —')। ... **ওষ্ঠাধর** — উপর ও নীচের ঠোঁট।

**ওষ্ঠ্য, ঔষ্ঠ্য** — যে বর্ণ ওষ্ঠ দ্বারা উচ্চারিত হয় (উ ঊ প-বর্গ)

**ওসকানো** (উসকানো দেখ)

**ওসার** ] প্রস্থ, পরিসর।

**ওস্তাগর** [ ফা. উস্তাদ্‌কার ] প্রধান কারিগর। প্রধান দরজী।

**ওস্তাদ** [ ফা. উস্তাদ ] শিক্ষক, গুরু। সংগীতশিক্ষক। নিপুণ, পারদর্শী। ... ষ্য. **ওস্তাদি** ]। ... ণ. **ওস্তাদী** ]

**ওহাড়ন** ] — আচ্ছাদন।

**ওহে** ] সম্বোধন (সামান্য প্রয়োগে বা ঈশ্বরের প্রতি)

**ওহো** ] অহো, স্মরণ বিস্ময় বা খেদ সূচক।

**ঔখদ** ] (ব্রজবুলি) — ঔষধ।

**ঔচিত্য** — উপযুক্ততা, যোগ্যতা, ন্যায্যতা।

**ঔজ্জ্বল্য** — উজ্জ্বলতা।

**ঔড়ব** (ওড়ব দেখ)

**ঔৎকণ্ঠ্য** — উৎকণ্ঠা। উদ্বেগ।

**ঔৎসুক্য** — উৎসুকতা, আগ্রহ। উৎকণ্ঠা।

**ঔদরিক** — উদরপরায়ণ, পেটুক। উদর সম্বন্ধীয়।

**ঔদার্য** — উদারতা, বদান্যতা। বিশালতা।

**ঔদাসীন্য, ঔদাস্য** — উদাসীনতা। অনাসক্তি, উপেক্ষা। বৈরাগ্য।

**ঔদ্ধত্য**—উদ্ধতি, উগ্রতা, অবিনয়, ধৃষ্টতা। দর্প।

**ঔদ্বাহিক** — বিবাহ সম্বন্ধীয়।

**ঔপনিবেশিক** — উপনিবেশ সম্বন্ধীয়। উপনিবেশবাসী। উপনিবেশকারী।

**ঔপনিষদ** — উপনিষৎ সম্বন্ধীয়।

**ঔপন্যাসিক**—উপন্যাস সম্বন্ধীয়। উপন্যাস-লেখক।

**ঔপপত্তিক**—উপপত্তি সম্বন্ধীয়। প্রামাণিক, প্রতিপাদক।

**ঔপমিক** — উপমা সম্বন্ধীয়। উপমাদ্বারা বর্ণিত।

**ঔপম্য** — সাদৃশ্য, তুল্যতা।

**ঔপসর্গিক** — উপসর্গ সম্বন্ধীয়।

**ঔপাধিক** — উপাধি সম্বন্ধীয়। নামমাত্র।

**ঔরস, ঔরস্য** — (সং উরোজাত) ধর্ম-পত্নীজাত স্বয়মুৎপাদিত সন্তান। ... **ঔরসে** — (বাং) বীর্যে ('সূর্যের — জন্ম')

**ঔর্ধ্বদেহিক, -দৈহিক** — মৃত্যুর পর অনুষ্ঠিত, অন্ত্যেষ্টি, শ্রাদ্ধাদি ('— ক্রিয়া')

**ঔর্ব** — সমুদ্রতল হইতে উদ্গত অনল। বাড়বানল।

**ঔষধ** — রোগনাশক দ্রব্য, ভেষজ। ... **ঔষধালয়** — যেখানে ঔষধ বিক্রয় হয় বা পাওয়া যায়। ... **ঔষধি**—ভেষজ উদ্ভিদ। ওষধি।

**ঔষ্ঠ্য** (ওষ্ঠ্য দেখ)

## ক

**ক-** (কয় দেখ)

**-ক, -কো** ] নিষেধার্থক শব্দে জোর দিবার জন্য প্রত্যয় (পদ্যে বা মৌখিক ভাষায়। 'নাহিক, যেয়ো নাকো')

**কই ১** [ < ক্ব ] কোথায় ('— সে?')। প্রত্যাশিত বিষয় সম্বন্ধে প্রশ্নে ('— গান হবে না? সে এল — ?')

**কই ২** ] < কবয়ী, মাছ বিঃ।

**কইয়ে** ] — বাকপটু। (বলিয়ে — কইয়ে)

**কইলা / কইলে** [ < কপিলা ] নবজাত স্ত্রী-বাছুর।

**কইসর** [ [Caesar হইতে আ. ] সম্রাট্, বাদশা।

**কওয়া, কওয়ানো** (কহা দেখ)

**কংগ্রেস** [ ই ] ভারতবাসী কর্তৃক প্রতিষ্ঠিত রাজনীতিক মহাসভা।

**কংফুচি** — চীনদেশের প্রধান ধর্মগুরু।

**কংস, -শ** — কৃষ্ণশত্রু, মথুরার রাজা বিঃ। কাংস্য। ... **কংসকার, কংসবণিক** — কাংস্যকার, কাঁসারী। ... **কংসারি** — কৃষ্ণ।

**কক্খটী** — খটাশ। পদাবলী সাহিত্যে বৃন্দাবনের একটি বানরীর নাম।

**ককানো** [ √ কক-১১ ] শিশুর বদ্ধস্বরে কাঁদা। আর্তস্বরে কাঁদা ('কেঁদে ককিয়ে')। ... ষ্য. **ককানি** ]

**ককুৎ, ককুদ** ( -দ্ )—ষাঁড়ের ঝুঁটি, অংস-কূট।

**কক্ষ** — প্রকোষ্ঠ, ঘর। বগল, কক্ষপুট। কোমর, কাঁকাল। গ্রহাদির পরিভ্রমণমার্গ, orbit. ... স্ত্রী. **কক্ষা, কক্ষ্যা**। ... **কক্ষপুট** — বগল।

**কক্ষা** — প্রতিযোগিতা। বিতর্ক।

**কক্ষাপট** — কৌপীন।

**"কক্ষনো"** ] কখনই। কোনও কারণেই বা অবস্থাতেই।

**কখন** ] কোন্ সময়ে ('— আসবে?')। বহুক্ষণ পূর্বে ('সেই — বলেছি')। ... **কখনই** ] কদাপি ('—নহে')। ... **কখনও,**

**কখন**] কোনও কালে বা অবস্থায় ('—সুখ—দুঃখ')। ... **কখনও কখনও, কখন কখন**] কোনও কোনও কালে বা অবস্থায় ('—শিলাবৃষ্টি হয়')

**কঙ্ক**—কাঁক পাখি। বিরাটগৃহে যুধিষ্ঠিরের ছদ্মনাম.

**কঙ্কট**—বর্ম, কবচ।

**কঙ্কণ**—কাঁকন, খাড়ু, বলয় বিঃ।

**কঙ্কণিকা**—কিঙ্কিণী, ঘুঙুর।

**কঙ্কত, -তিকা, -তী**—কাঁকুই, চিরুনী।

**কঙ্কর**—কাঁকর।

**কঙ্কাল**—অস্থিপঞ্জর, হাড়-পাঁজরা।

**কচ্**] নরম জিনিস কাটিবার শব্দ ('—ক'রে কাটা'। ছোট — কুচ, কুচুৎ], বড় — কচাৎ], বার বার—কচকচ, কুচকুচ])। ... **কচকচি**] একটানা কচকচ শব্দ ('ঢেঁকির —')। বচসা। ... **কচকচে**] যাহা চিবাইলে কচকচ করে। ... **কচর-কচর, -মচর**] অনুকারশব্দ। অবোধ্য কথা।

**কচ ১**—বৃহস্পতির পুত্র, শুক্রের শিষ্য।

**কচ ২**] কলমের মুখ, কৎ। অসমকোণ ('জমির —')

**কচ ৩**—কেশ।

**কচটানো** [√কচ্‌টা-১৭] চটকানো, মাখা।

**কচলানো** [√কচ্‌লা-১৭] ধোয়া। রগড়ানো।

**কচা**] গাছের সরু ডাল।

**কচাল**] বিতর্ক, বিতণ্ডা। বাচালতা ('কূট-')। ... ণ. **-লে**]

**কচি**] অতি কাঁচা, সদ্যোজাত ('— পাতা, আম')। অতি শিশু ('— ছেলে')

**কচু** — কন্দ বিঃ (তরকারি)। ... **"কচু, কচুপোড়া"**] কিছুই নয় (অবজ্ঞাসূচক)

**কচুরি**] ময়দার ভিতর দাল ইঃর পুর দেওয়া ভাজা খাবার বিঃ।

**কচুরিপানা**] বেগনী ফুল বিশিষ্ট জলজ উদ্ভিদ বিঃ।

**কচ্ছ**—জলময় দেশ। গুজরাটের উত্তরস্থ সমুদ্রতীরবর্তী দেশ বিঃ। কাছা।

**কচ্ছপ**—কাছিম, কমঠ, কূর্ম।

**কজ্জল**—কাজল, অঞ্জন। ভুসা। মসী।... **কজ্জলী** — পারদ-গন্ধক ঘটিত কৃষ্ণবর্ণ চূর্ণ বিঃ, পর্পটিকা।

**কঞ্চি**—বাঁশের ডাল।

**কঞ্চুক**—বর্ম, কবচ, সাঁজোয়া। কাঁচুলি। সাপের খোলস।

**কঞ্চুকী** (-কিন্) — রাজান্তঃপুরচারী বিচক্ষণ বৃদ্ধ ব্রাহ্মণ। বর্মধারী।

**কঞ্চুলিকা, কঞ্চুলী** — কাঁচুলি, স্তনা-বরক বস্ত্র।

**কঞ্জ**—পদ্ম। **কঞ্জাক্ষ**—কমললোচন।

**কঞ্জুস**] কৃপণ।

**কট্**] শক্ত জিনিস কাটিবার শব্দ; দংশন সূচক ('— ক'রে কাটা, কামড়ানো'। ছোট—কুট], বড়—কটাৎ, কটাস], বার বার—কটকট, কুটকুট])। ... **কটকট**] ব্যথা, শূল ('কান—করা')। ... **কটকটে**] কটকট শব্দকারী ('— ব্যাং')। কঠোর, নীরস ('— কথা')

**কট ১**—হস্তিগণ্ড। সময়বন্ধ ('-কবালা')

**কট ২**—মাদুর, তৃণাসন। ধানের মরাই বাঁধিবার তৃণরজ্জু।

**কটক** — সৈন্য। সেনানিবেশ। পর্বতের সানুদেশ। উড়িষ্যার নগর বিঃ।

**কটকিনা, -কেনা**] কঠিন নিয়ম, বাঁধাবাঁধি।

**কটমট**] কঠোরতা বা ক্রোধের লক্ষণ প্রকাশ ('—ক'রে চাওয়া')।...**কটমটে, খটমটে**] কঠোর। দুর্বোধ ('—দার্শনিক তত্ত্ব')। ... **কটমটি**] দুর্বোধ বিষয়।

**কটরমটর** ] অনুকার শব্দ। অবোধ্য কথা।

**কটা** ] পিঙ্গল। ফরসা রং (অবজ্ঞায়)। (§ কটাসে)

**কটাক্ষ**—অপাঙ্গদৃষ্টি, বক্রদৃষ্টি, আড়চোখে চাওয়া। বক্র ইঙ্গিত, ঠেস ('-পাত। অমুকের উপর—করিয়া লিখিয়াছে')।... **কটাক্ষে**—নিমেষে।

**কটাৎ, কটাস** (কট্ দেখ)

**কটাল, কো-** ] অমাবস্যা পূর্ণিমার জোয়ার।

**কটাসে** ] ঈষৎ কটা রং বিশিষ্ট।

**কটাহ** — কড়া ৩, রাঁধিবার পাত্র বিঃ।

**কটি, কটী** — কোমর, কাঁকাল মাজা। নিতম্ব। মধ্যদেশ। ... **কটিতট**—কটি-দেশ। ... **কটিত্র** — কোমরবন্ধ। ঘুন্সি ... **কটিবন্ধ** — কোমরবন্ধ, পরিকর, সারসন। ... **কটিশূল**—কোমরের বেদনা। ... **কটিসূত্র** — ঘুন্সি।

**কটু** — কঠোর, কড়া, পরুষ ('-বাক্য। কটূক্তি')। ঝাল, ঝাঁজালো। তিক্ত, বিস্বাদ। বোদা। ... ষ্য. **-তা**। –

**কটুকাটব্য** ] — কটুবাক্য, অপ্রিয়ভাষণ।

**কটুভাষী** — অপ্রিয়বাদী।

**কটোরা** — বাটি, খুরি।

**কঠ** — উপনিষদের একটি প্রকরণ।

**কঠিন**—শক্ত, দৃঢ়, কঠোর। অতরল। আয়াস-সাধ্য, দুরূহ, দুর্বোধ। নীরস। কঠোর (দেখ)। ... ষ্য. **-তা, কাঠিন্য**।

**কঠিনা, কঠিনী**—খড়িমাটি।

**কঠোর** — কঠিন, কড়া। ('— প্রস্তর')। নির্মম, পরুষ ('— বাক্য')। দুঃসহ, কষ্টকর ('— পরিশ্রম')। ... ষ্য. **তা**।

**কড়** [ < কটহ ] বিবাহে কন্যার ধারণীয় গালার বা লোহার বালা। বঁড়শি বাঁধিবার শক্ত সুতা।

**কড়ুই** ] — ধানের গোলা। একপ্রকার ব্যঞ্জন।

**কড়ুয়া** ] — অঙ্কুর। ণ. প্রখর।

**কড়কড়, কড়মড়** ] অনুকারশব্দ (যথা — মেঘের ডাক, হাড় চিবাইবার শব্দ)। ... **কড়কড়ে, -মড়ে** ] শুষ্ক, ভঙ্গুর, যাহা চিবাইলে কড়কড় করে ('— মুড়ি')। (আদরে — কুড়কুড়, -মুড়, -ড়ে] )

**কড়কড়ে** ] — খরস্রোত।

**কড়কচ** — সামুদ্রিক লবণ।

**কড়কানো** [ √ কড়্কা-১৭ ] ধমকানো।

**কড়চ, করছ** ] কটিলগ্ন বসনপ্রান্ত। ট্যাঁক।

**কড়চা** (করচা দেখ)

**কড়তা, করতা** ] বিক্রেয় দ্রব্যের আধারের ওজন।

**কড়সী** ] — ঘুন্‌শী।

**কড়া ১** ] < কপর্দক, কড়ি। অত্যল্প পরিমাণ ('এক — ক্ষমতা নেই')

**কড়া ২** [ < কটক ] আংটা, বালার তুল্য হাতল ('দরজার —')

**কড়া ৩, কড়াই** ] < কটাহ, রাঁধিবার পাত্র বিঃ।

**কড়া ৪** ] ণ. কঠিন, শক্ত, দৃঢ় ('— ইস্পাত, বাঁধন')। তীব্র, খর ('— রোদ, তামাক, গন্ধ')। প্রবল, উগ্র ('— শাসন, মেজাজ, লোক, কথা')। ষ্য. ঘাঁটা, কিণ, ঘর্ষণের ফলে চর্মের কাঠিনতা ('হাতে—পড়া')। ... **কড়াকড়ি** ] কঠিন নিয়ম, বাধাঁবাঁধি। শাসন।

**কড়া ৫** ] — কচিফল। ফলের গুটি।

**কড়াই** (কড়া ২, কলাই ১ দেখ)

**"কড়াক্কড়"** ] কঠিন। কঠোর। ... **"কড়াক্কড়ি"** ] কড়াকড়ি।

**কড়াক্রান্তি** — অর্থের পরিমাণবোধক ক্ষুদ্রতম সংখ্যা বা সংকেত।

**কড়াৎ** ] বজ্রনাদের তুল্য শব্দ।

**কড়ার** [আ. করার] অঙ্গীকার, শর্ত।

**কড়ি ১, কৌড়ি]** < কপর্দক, শম্বুক-জাতীয় সামুদ্রিক প্রাণী বিঃএর খোলা। ধন ('টাকাকড়ি')

**কড়ি ২]** ছাদ রাখিবার নিমিত্ত লম্বা কাঠ লোহা ইঃ।

**কড়ি ৩]** কঠিন পোড়ামাটির জিনিস। চড়া সুর ('—ও কোমল')

**কড়িয়ালি, ল-]** বল্‌গার কড়া যাহা ঘোড়ার মুখে থাকে।

**কড়ে]** কনিষ্ঠ, ছোট ('আঙুল')। অল্প-বয়স্কা (অশিঃ। '-রাঁড়ী')। কচি ('—ফল')

**কণা, কণ** — রেণু, সূক্ষ্ম অংশ।

**কণাদ** — বৈশেষিক-দর্শন-প্রণেতা।

**কণিকা** — কণা। চালের খুদ।

**কণ্টক** — কাঁটা ('মৃণাল-। মৎস্যের—। -শয্যা')। অন্তরায়, ব্যাঘাত, অস্বস্তির হেতু ('পথের, সুখের —')। ক্ষুদ্রশত্রু। রোমাঞ্চ। ... **কণ্টকিত** — কণ্টকযুক্ত। রোমাঞ্চিত।

**কণ্টকী** (-কিন্) — কাঁঠাল।

**কণ্ঠ** — গলা ('-রোধ, -লগ্ন, -স্বর, -হার')। স্বর ('সু-')। (§ কণ্ঠ্য)। ... **কণ্ঠনালী, -লি** — গ্রাসনালী বা শ্বাস-নালী। ... **কণ্ঠশ্বাস**—মৃত্যুর পূর্বে মুখ দিয়া গৃহীত শ্বাস। ... **কণ্ঠগত, কণ্ঠাগত** — যাহা কণ্ঠে আসিয়াছে, বাহির হইতে উদ্যত (-'প্রাণ')। ... **কণ্ঠস্থ** — মুখস্থ, অভ্যস্ত।

**কণ্ঠা]** < কণ্ঠ। গলার নীচে দুই পাশের হাড়।

**কণ্ঠী** — কণ্ঠি] ছোট হার। বৈষ্ণবের তুলসীমালা। ... **কণ্ঠিবদল]** বৈষ্ণব সমাজে কণ্ঠি বদল করিয়া বিবাহ।

**কণ্ঠ্য** — কণ্ঠ সম্বন্ধীয়। কণ্ঠ হইতে উচ্চার্য। (কণ্ঠ্য বর্ণ — অ আ ঃ ক-বর্গ হ)

**কণ্ডন** — তুষ-নিষ্কাশন, কাঁড়া।

**কণ্ডু, কণ্ডূ** — চুলকানি, খোস-পাঁচড়া। ... **কণ্ডূতি** — চুলকানি। কিছু করিবার জন্য চঞ্চলতা। ... **কণ্ডূয়ন** — কণ্ডূতি। চুলকানো। ... **কণ্ডূয়মান** — যে চুলকাইতেছে।

**কণ্ডোল** — ধান্য রাখিবার ডোল। গোলা।

**কণ্ব** — শকুন্তলার পালক-পিতা স্বনাম-ধন্য ঋষি।

**কৎ]** কচ, কলমের মুখ ('—কাটা')

**কত** [< কতি] কি পরিমাণ, কয়টা ('-ক্ষণ। -- টাকা, জল, দিন')। অনেক, বহু ('— ক'রে বলেছি')। কি মূল্যে ('আম — ক'রে শ?')। ... **কতক]** কিয়ৎ পরিমাণ, কিছু অংশ, খানিক ('রোগ — সেরেছে')। কয়েকটা, কয়েকজন ('—ভাল — মন্দ')। ... **কতকটা]** খানিকটা, কিয়ৎ পরিমাণে। ... **কত কি]** অনেক প্রকার, যাহা বর্ণনা করা শক্ত। ... **কত না]** কতই, কত যে, খুব ('সে — কষ্ট পাচ্ছে')

**কতবেল** (কয়েত- দেখ)

**কতল** [আ. কৎল্] মুণ্ডচ্ছেদ।

**কতহুঁ** (ব্রজবুলি) — কতই, কত না।

**কতিপয়** — কতকগুলি।

**কতিহুঁ** (ব্রজবুলি) — কেন।

**কথক** — পুরাণপাঠক। বক্তা। ... **কথকতা** — ভাবভঙ্গীগীতাদির সহিত পুরাণ-পাঠ।

**কথঞ্চিৎ, কথঞ্চন** — কোনও প্রকারে।

**কথন** — বলা, উক্তি, ভাষণ। (§ কথিত, কথ্য)। ... **কথনীয়** — বক্তব্য, কহিবার যোগ্য।

**কথা** — উক্তি, বচন ('—বলা, কহা')। গল্প, উপাখ্যান ('-সাহিত্য। ভরত রাজার —')। কথকতা। বিবরণ, বৃত্তান্ত ('চুরির —')। প্রসঙ্গ, বিষয় ('ও — থাক। শক্ত —')। কর্তব্যতা ('যেতেই হবে, এমন কি —')। অঙ্গীকার, প্রতিশ্রুতি ('— দেওয়া')। অভিপ্রায়, চিন্তা ('মনের —')। প্রবাদ ('কথায় বলে')। ('— কাটাকাটি' — বাদপ্রতিবাদ। '— চালা, চালাচালি' — কথা রটানো। '— পাড়া' — প্রসঙ্গ উত্থাপন করা। '— শোনা' — কথা মান্য করা। 'কথায় কথায়' — কথা কহিতে কহিতে। প্রতি-কথায়। 'কথায় থাকা' — আলোচনায় যোগ দেওয়া। 'কথার কথা' — অবিবেচিত উক্তি)। ... **কথান্তর**—বিবাদ, কথা-কাটাকাটি। কথার মধ্যে অবসর। অন্যপ্রকার উক্তি। কথার খেলাপ। ... **কথাপ্রমাণ**—কথানুযায়ী। ... **কথাপ্রসঙ্গ** — কথাবার্তা। কথার অবতারণা। ... **কথাবার্তা** — কথোপকথন, আলাপ। ... **কথাসাহিত্য** — গল্প, উপন্যাস ইত্যাদি যাহাতে কোন আখ্যায়িকা থাকে। ... **কথাসাহিত্যিক** — যে গল্প-উপন্যাস লেখে।

**কথিত** — উক্ত, বর্ণিত।

**কথোপকথন** — কথাবার্তা।

**কথ্য** — কথনীয়। যাহা কহা হয় ('-ভাষা')

**কদক্ষর** — খারাপ অক্ষর বা লেখা।

**কদন্ন** — কদর্য খাদ্য, কুখাদ্য।

**কদভ্যাস** — খারাপ অভ্যাস।

**কদম ১** ] < কদম্ব (দেখ)

**কদম ২** [ আ ] পা। পদক্ষেপ। ঘোড়ার গতি বিঃ।

**কদমা** [ < কদম্ব ] চিনির ফাঁপা লাড়ু বিঃ।

**কদম্ব** — কদম, ফুল বা গাছ বিঃ। সমূহ।

**কদর** [আ. কদ্‌র] মর্যাদা, আদর, যত্ন।

**কদর্থ** — বিকৃত অর্থ। কুৎসিত অর্থ। ... **কদর্থন** — কদর্থ করণ। ... ণ. **কদর্থিত,**

**কদর্য** — কুৎসিত। নীচ। কৃপণ। ... ষ্য. **-তা**।

**কদলী, কদল** — কলা, রম্ভা। কলাগাছ।

**কদা** — কবে।

**কদাকার** — কুৎসিতমূর্তি, বিশ্রী। .. ষ্য. **-তা**।

**কদাচ** — কখনই। কখনও কখনও ... **কদাচিৎ, কদাচন** — কোনও এক কালে। দৈবাৎ, কখনও।

**কদাচার** — কুৎসিত আচার, নোংরামি। কুৎসিত অনুষ্ঠান। ... **কদাচারী** (-রিন্), **কদাচার** — যে তাহা করে।

**কদাপি**—কখনই। কোনও এক কালে।

**কদাহার** — কুখাদ্যভোজন।

**কদু** ] লাউ।

**কদুক্তি** — খারাপ কথা। গালাগালি।

**কদুষ্ণ** (কবোষ্ণ দেখ)

**কনক** — সুবর্ণ, সোনা। ... **কনকাঞ্জলি** — বিবাহ অনুষ্ঠানে বর বা কন্যা কর্তৃক মাতাকে সুবর্ণাদি অর্ঘ্য দান। বিসর্জনের পূর্বে প্রতিমাকে ঐরূপ অর্ঘ্যদান।

**কনকচূড়** — একপ্রকার ধান্য।

**কনকন** ] ব্যথা ('দাঁত — করা')। অত্যন্ত শীতল, অতিশয় শীতের লক্ষণ প্রকাশ ('ঠাণ্ডা —। — করা')। ... **কনকনানি** ] ব্যথা। অতিশয় শীত বোধ। ... **কনকনে** ] অত্যন্ত শীতল যাহাতে অস্বস্তি বোধ হয় ('— ঠাণ্ডা')। ... **কনকনানো** [ √ কনকনা-১১ ] ব্যথা করা।

**কনখল** — হিমালয় প্রদেশের তীর্থ বিঃ।

**কনয়, কনয়া** ] (ব্রজবুলি)—সোনা, কনক।

**কনসার্ট** [ ই ] বিবিধ যন্ত্রের ঐকতানবাদ্য।

**কনস্টেবল** [ ই ] পুলিসের প্রহরী, পাহারাওয়ালা, আরক্ষিক, আরক্ষী।

**কনিষ্ঠ** — সকলের ছোট ('— অঙ্গুলি, পুত্র')। অনুজ, পরে জাত ('এই ভ্রাতা আমার —')। ... স্ত্রী. **-ষ্ঠা**। — কড়ে আঙ্গুল।

**কনীনিকা**—চোখের তারা। কড়ে আঙ্গুল। কনিষ্ঠা ভগিনী।

**কনীয়ান্** (-য়স্) — কনিষ্ঠ। অপেক্ষাকৃত অলপবয়স্ক। অতি ক্ষুদ্র। ... স্ত্রী. **কনীয়সী**।

**কনুই** ] < কফোণি, বাহুর মধ্যগ্রন্থি।

**কনে** ] < কন্যা, বিবাহের পাত্রী। নববিবাহিতা কন্যা, নববধূ। ... **কনেবউ** ] নববধূ। কনিষ্ঠা বধূ।

**কন্থা** — কাঁথা।

**কন্দ ১** — ফলাকার উদ্ভিদমূল (যথা— আলু, কচু, মূলা, পিঁয়াজ)

**কন্দ ২** [ আ. কন্দ্ ] খাঁড় গুড়। চিনি।

**কন্দর** — পর্বতগুহা। কাঁদর।

**কন্দর্প** — মদন।

**কন্দল** — অঙ্কুর। তিরস্কার। কদলীবৃক্ষ। কথাকাটাকাটি।

**কন্দলী** — কলার মোচা। ব্যাঙের ছাতা। পতাকা।

**কন্দু** — ভাজিবার খোলা। তন্দুর।

**কন্দুক, কন্দূক** — ভাঁটা, বল, গেন্ডুক।

**কন্ধকাটা** ] কবন্ধ।

**কন্ধর** — গ্রীবা। কাঁধ।

**কন্না** (করনা দেখ)

**কন্যকা** — দশবর্ষবয়স্কা কুমারী। দুহিতা।

**কন্যা**—দুহিতা, তনয়া, পুত্রী, মেয়ে, সুতা। অবিবাহিতা নারী, কুমারী। কনে (দেখ)। রাশিচক্রের ষষ্ঠ রাশি। ... **কন্যাকর্তা** — বিবাহে কন্যাপক্ষীয় প্রধান ব্যক্তি। ... **কন্যাকাল**—নারীর অবিবাহিত কাল। ... **কন্যাদান** — বিবাহে কন্যাসম্প্রদান। ... **কন্যাদায়**—কন্যার বিবাহদান রূপ কর্তব্য বা দুরূহ কর্ম। ... **কন্যাযাত্র, -যাত্রী** — বিবাহে কন্যাপক্ষীয় নিমন্ত্রিত ব্যক্তি।

**কপ্** ] মুখে পুরিবার শব্দ ('— ক'রে খাওয়া'। বড় — কপাৎ ], ছোট — কুপ ], বার বার — কপকপ, কপাকপ, কুপকুপ ])

**কপচানো** [ √কপ্‌চা-১৭। < কল্প ] পাখি কর্তৃক বুলি আওড়ানো। শেখা কথা বলিয়া যাওয়া। ছাঁটা ('চুল —')

**কপট** — ছল, কৃত্রিমভাবপ্রকাশক ('— স্নেহ')। ছদ্ম ('— বেশ')। ভণ্ড, শঠ, প্রতারক। ... ষ্য. **-তা**। ... **কপটাচারী** (-রিন্), **কপটী** (-টিন্) — প্রতারক, বঞ্চক।

**কপনি** ] < কৌপীন, ল্যাঙট।

**কপর্দ ১** — শিবের জটা। ... **কপর্দী** (-র্দিন্) — শিব।

**কপর্দ ২, কপর্দক** — কৌড়ি, কড়ি।

**কপাট, কবাট** — দরজার পাল্লা। আবরণ।

**কপাটি, কবাটি, কবাডি** ] হাডুডু খেলা। ... **কপাটি** ] খিল ('দাঁত-')

**কপাল** — ললাট। ভাগ্য, অদৃষ্ট, নিয়তি। করোটি, মাথার খুলি। ভিক্ষাপাত্র। কলস ইঃর ভগ্ন অংশ, খাপরা। (ঃ কাপালিক)

**কপালি** ] চৌকাঠের মাথার কাঠ, ঝনকাঠ।

**কপালি** — রস সংগ্রহের জন্য খেজুর গাছের যেখানে কলসী বাঁধা হয়।

**কপালী১** (-লিন্)—নরকপালধারী। শিব। বাঙালী হিন্দু জাতি বিঃ। ... স্ত্রী. **-লিনী**।

**কপালী ২** — দৈবজ্ঞ, কপাল বা অদৃষ্ট সম্বন্ধে গণনাকারী, গণক।

**কপালে** ] ভাগ্যবিশিষ্ট ('পোড়া-')। সৌভাগ্যবান্ ('— পুরুষ')

**কপি ১** — বানর।

**কপি ২, কাপি** [ই. copy] প্রতিলিপি, নকল। যে লেখা দেখিয়া ছাপাখানায় কম্পোজ করা হয়।

**কপি ৩, কোপি** [পো. couve] শাক বিঃ, (তরকারি। ফুলকপি, বাঁধাকপি, ওল-কপি)

**কপিকল** ] ভার তুলিবার নিমিত্ত চাকায় দড়ি বা শিকল লাগানো যন্ত্র।

**কপিঞ্জল** — চাতক অথবা তিত্তির পক্ষী।

**কপিত্থ** — কয়েতবেল।

**কপিধ্বজ** — অর্জুনের রথ।

**কপিনাস** — বাদ্যযন্ত্র বিঃ।

**কপিল** — পিঙ্গলবর্ণ, কপিশ। সাংখ্য-দর্শনকার মুনি বিঃ। সগরবংশধ্বংস-কারী মুনি বিঃ।

**কপিলা** — কপিল বর্ণের গরু। কামধেনু। কইলা, স্ত্রী-বাছুর।

**কপিশ** — পিঙ্গলবর্ণ, কপিল।

**কপোত** — পারাবত, কবুতর, পায়রা। ... স্ত্রী. **কপোতী**। ... **কপোতপালিকা** — পায়রা থাকিবার স্থান, বিটঙ্ক। ... **কপোতবৃত্তি** — সঞ্চয়বিহীন জীবিকা।

**কপোতাক্ষ** — যশোহর জেলার একটি নদ।

**কপোল** — গণ্ড, গাল। ... **কপোলকল্পনা** — অপ্রকৃত বিষয় বা ঘটনার কল্পনা। গালগল্প ... **কপোলকল্পিত** — মনগড়া।

**কফ ১** — শ্লেষ্মা। আয়ুর্বেদোক্ত শরীরস্থ ধাতু বিঃ।

**কফ ২** [ই] জামার হাতা বা আস্তিনের অগ্রভাগ।

**কফি** [ই] বীজ বিঃ (চায়ের তুল্য পানীয় তৈয়ারী হয়), coffee.

**কফিন** [আ. কফন] যে আধারে মৃত দেহ রাখিয়া গোর দেওয়া হয়, শবাধার।

**কফোণি, কফণি** — কনুই।

**কবচ** — বর্ম, সাঁজোয়া। তাবিজ মাদুলি ইঃ মন্ত্রৌষধ।

**কবজ** [আ. কব্‌জ্] রসিদ।

**কবজা** [আ. কব্‌জ.হ্] কপাট ইঃ ভাঁজ করিবার সন্ধিপত্র। ... **কবজি** ] মণিবন্ধ।

**কবন্ধ** — কন্ধকাটা, মাথাকাটা ভূত বিঃ। মস্তকহীন দেহ।

**কবয়ী** — কই মাছ।

**কবর** [আ. কব্‌র্] গোর, সমাধি।

**কবরী** — খোঁপা। কেশবিন্যাস।

**কবর্গ** — (ব্যাকরণে) ক, খ, গ, ঘ, ঙ এই পাঁচটি কণ্ঠ্যবর্ণ।

**কবল** — গ্রাস। কুলকুচা। ছলে বলে দখল। ... **কবলিত, কবলীকৃত**—গ্রস্ত, ভক্ষিত। যাহা ছলে বলে দখল করা হইয়াছে।

**কবলানো** [√ কব্‌লা-১৭] কবুল করা, স্বীকার করা ('দোষ —')। দিবার অঙ্গীকার করা ('টাকা —')

**কবলিকা** — পুলটিশ।

**কবহুঁ** (ব্রজবুলি) — কখনও।

**কবাট** (কপাট দেখ)

**কবাটি** (কপাটি দেখ)

**কবালা** [আ] বিক্রয়ের দলিল।

**কবি** — কাব্যরচয়িতা ('-গুরু, -বর')। (সং) পণ্ডিত, তত্ত্বজ্ঞ। (বাং) গায়ক বিঃ ('কবির গান, লড়াই। কবি-ওয়ালা')। (§ কাব্য)। ... **কবিতা** — পদ্য। পদ্য-রচনা, কাব্য। ... **কবিত্ব** — কবিতার মাধুর্য। কাব্যকলা, কাব্যরচনার শক্তি। কবিজনোচিত ভাব। ... **কবি-প্রসিদ্ধি, কবিসময়প্রসিদ্ধি** — বহুপ্রচলিত

প্রাচীন কবিকল্পনা (যথা চকোরের জ্যোৎস্নাপান)

**কবিরাজ** — কবিশ্রেষ্ঠ। (বাং) আয়ুর্বেদীয় চিকিৎসক, বৈদ্য। ... **কবিরাজি** ] বৈদ্যের ব্যবসায়। ... ণ. **কবিরাজী** ]

**কবুতর** ] < কপোত, পায়রা।

**কবুল** [ আ ] ষ্য. স্বীকার ('দোষ—করা')। অঙ্গীকার। ণ. স্পষ্ট, দাবি, স্বীকার পূর্বক ('— জবাব')। স্বীকৃত। ... **কবুলতি, কবুলিয়ত** ] স্বীকারপত্র।

**কবে** ] কোন্ দিনে।

**কবোষ্ণ, কদুষ্ণ** — অল্প গরম।

**কব্য** — পিতৃলোককে নিবেদ্য অন্নাদি।

**কভু** ] কখনও (প্রায় পদ্যে)

**কম ১** — কমনীয়। (§ কম্র, কাম্য)

**কম ২** [ ফা ] অল্প। অনধিক, ন্যূন, হীন ('দশ টাকার কমে হবে। তুমি তার চেয়ে কিসে — ?')। ... **কমতি** ] হ্রাস। অল্পতা ... **কমবেশী, কমবেশ** ] অল্পাধিক। (§ কমি, কমিবেশি) **কম-সে কম** ] — অন্ততপক্ষে।

**কমজুরী** — দুর্বল।

**কমঠ** — কচ্ছপ।

**কমণ্ডলু** — সন্ন্যাসীর জলপাত্র, হাতল-দেওয়া ঘটি (লাউএর খোল বা ধাতু নির্মিত)

**কমনীয়** — মনোহর, রম্য। কাম্য, বাঞ্ছনীয়। ... ষ্য. **-তা**।

**কমবক্ত** [ ফা. কম্বখ্‌ৎ ] হতভাগ্য।

**কমল** — পদ্ম। ... **কমলা, কমলালয়া, কমলাসনা** — লক্ষ্মী। ... **কমলা** — দশমহাবিদ্যার এক, রাজরাজেশ্বরী। ... **কমলাসন** — ব্রহ্মা। ... **কমলিনী** — পদ্মের ঝাড়, পদ্মিনী। **কমলেকামিনী** — কবিকঙ্কণের চণ্ডীতে উক্ত সাগরোত্থিতা দেবী।

**কমলানেবু, -লেবু** ] মিষ্ট নেবু বিঃ, নারঙ্গ।

**কমা ১** [ √কম্-ড়ু ] হ্রাস পাওয়া। ... **কমানো** [ √কমা-১১ ] কম করা, ছোট করা।

**কমা ২** [ ই ] যতিচিহ্ন বিঃ ( , )

**কমি** ] কমতি, হ্রাস, অল্পতা। ... **কমি-বেশি** ] হ্রাসবৃদ্ধি। ন্যূনাধিক্য।

**কমিটি, কমীটি** [ ই ] মন্ত্রণাসভা। কার্য-নির্বাহকসমিতি।

**কমিশন** [ ই ] কেনা-বেচার উপর দস্তুরি, দালালি। তদন্তের নিমিত্ত নিযুক্ত সমিতি, আয়োগ। ... **কমিশনার** [ ই ] ম্যাজিস্ট্রেটের ঊর্ধ্বতন রাজকর্মচারী যাহার অধীনে কতকগুলি জেলা থাকে। তদন্ত-সমিতির সদস্য।

**কম্প** — কম্পন, কাঁপুনি। **কম্পজ্বর** — কাঁপুনির সঙ্গে যে জ্বর আসে, প্রধানতঃ ম্যালেরিয়া। (§ কম্প্র)

**কম্পন** — কাঁপুনি। শিহরণ। স্পন্দন। ... **কম্পমান, কম্পান্বিত, কম্পিত** — যে কাঁপিতেছে। বিধুনিত, স্পন্দিত।

**কম্পাউণ্ডার** [ ই ] ডাক্তারখানায় যে ঔষধ মিশায়। ... ষ্য. **-রি** ]

**কম্পানি** (কোম্পানি দেখ)

**কম্পোজ** [ ই ] ছাপার অক্ষর সাজানো ('—করা')। ... **কম্পোজিটার** [ ই ] যে তাহা করে। ... **কম্পোজিটারি** ] ঐ পেশা বা কাজ।

**কম্প্র** — কম্পিত।

**কম্ফর্টার** [ ই ] গলাবন্ধ।

**কম্বল** — শীতনিবারক মোটা পশমী আচ্ছাদনবস্ত্র।

**কম্বু** — শাঁখ। ... **কম্বুগ্রীবা** — শঙ্খের ন্যায় রেখাত্রয়যুক্ত কণ্ঠ। ... **কম্বুগ্রীব** — ঐরূপ কণ্ঠবিশিষ্ট।

**কম্বোজ** — দেশবিশেষ। তিব্বত।

**কম্র** — কমনীয়।

**কয় / ক** [ < কতি ] কত; কতিপয় ('কয়জন, কয়টি। ক-দিন')

**কয়লা** [ < কোকিলা- ] অংগার ('কাঠ-। পাথুরে —')

**কয়াল** ] যে ব্যক্তি আড়ত ইংতে মাল ওজন করে, তৌলিক। ... **কয়ালি** ] ঐ কাজ বা তাহার মজুরি।

**কয়েক** ] কতিপয়।

**কয়েতবেল, কত-** [ < কপিত্থ-বিল্ব ] বেল জাতীয় ফল বিঃ।

**কয়েদ** [ আ. কইদ ] ষ্য. কারা, জেল, ফটক। কারাদণ্ড ('— হওয়া')। ণ. কারারুদ্ধ ('— করা')। ... **কয়েদী** ] কারারুদ্ধ ব্যক্তি, বন্দী। ... **কয়েদখালাসী** — কারামুক্ত।

**কর**—হস্ত, হাত ('-কমল, -জোড়, -পল্লব। করায়ত্ত') হস্তিশুণ্ড। কিরণ, রশ্মি। রাজস্ব, খাজনা, শুল্ক, ট্যাক্স। হিন্দুর উপাধি বিঃ। (§ করী)

**-কর**—যে বা যাহা করে, উৎপাদক ('চিত্র-, কষ্ট-')। ... স্ত্রী. **-করী, -করা** (-করা বিরল)

**করকচ** ] সমুদ্রজলজাত লবণ।

**করকর** ] জ্বালা ('চোখ — করা')। ... **করকর, কিরকির** ] বালির মত বোধ। ... **করকরে, কিরকিরে** ] বালির মত, খরখরে। দানাদার। ... **করকরানো** [ √ করকরা-১১ ] করকর করা।

**করকা, করক** — শিলা, বর্ষোপল। ... **করকাবৃষ্টি** — শিলাবৃষ্টি।

**করকোষ্ঠী** — করতলের রেখা দ্বারা ভাগ্য-গণনা; কররেখা-নির্ণীত কোষ্ঠী।

**করগ্রহ, -গ্রহণ** — পাণিগ্রহণ, বিবাহ। হস্ত-ধারণ। রাজস্ব আদায়। ... **করগ্রাহী** (-হিন্), **-গ্রাহক, -গ্রাহ**—করগ্রহণকারী।

**করঙ্ক**—বাটা, ডিবা ('তাম্বুল-')। ভিক্ষা-পাত্র। মাথার খুলি।

**করঙ্গ** ] — জলপাত্র বিঃ। ভৃঙ্গার।

**করচা, কড়চা** ] পদ্যে লিখিত ইতিবৃত্ত (বৈষ্ণব সাহিত্যে)। সংক্ষিপ্ত বিবরণ। খাজনার হিসাবপত্র।

**করঞ্জ, করঞ্জক** — করঞ্জা, ফল বা গাছ বিঃ (নানাজাতীয়)

**করজ** — নখর।

**করণ** — করা, কার্য। (ব্যাকরণে) ক্রিয়া-নিষ্পাদনে মুখ্য সহায়; কারক বিঃ। কারণ। উপকরণ। সাধনের উপায়। অফিস, কাছারি। (দর্শনে) ইন্দ্রিয়। (জ্যোতিষে) তিথির ভাগ বিঃ। জাতি বিঃ (বৈশ্য-শূদ্রার পুত্র। মতান্তরে কায়স্থ)। (§ কর্তা, কর্তব্য, কারক, কারণ, কৃত)। ... **করণকারণ** — (বাং) বিবাহাদি সম্বন্ধ। ... **করণিক**—কেরানী। ... **করণীয়** — কর্তব্য,করিবার যোগ্য। বিবাহাদি সম্বন্ধের যোগ্য ('— ঘর')

**করণী** — গণিতে বর্গমূল বুঝাইবার জন্য চিহ্ন।

**করণ্ড, করণ্ডিকা** — ফুলের সাজি। ঝাঁপি।

**করত** ] করিয়া; করিতে করিতে ('চিন্তা —')। (করতঃ অশুদ্ধ)

**করতল** — হাতের তেলো।

**করতা** (কড়তা দেখ)

**করতাল** — বড় মন্দিরা, কত্তাল, খত্তাল।

**করতালি** — হাততালি। বাদ্য বিঃ (এক জোড়া ধাতুখণ্ড)

**করদ** — করপ্রদ, যে কর দেয়। ('-রাজ্য')

**করনা / কন্না** ] কৃত্য কর্ম ('ঘর-')

**করন্যাস** — পূজাকালে যথানিয়মে অ

**করপত্র** — করাত।

**করপীড়ন** — বিবাহ।

**করপুট** —

**করবাল** — তরবারি।

**করবী, -বীর** — ফুল বা গাছ বিঃ ('রক্ত-, শ্বেত-')

**করভ** — হস্তিশাবক। উষ্ট্রশাবক। উষ্ট্র।

**করভ** — মণিবন্ধ হইতে কনিষ্ঠাঙ্গুলির মূল পর্যন্ত করতলের বহির্ভাগ। ... **করভোরু** — করভের মতো ঊরুদেশের আকৃতি যাহার।

**করম** ] < কর্ম। কর্মফল। ভাগ্য। (পদ্যে)

**করমর্দন** — হাত চাপিয়া ধরিয়া প্রীতি-জ্ঞাপন।

**করমচা** [ < করমর্দ- ] অম্ল ফল বিঃ।

**করলা, করেলা** [ < কারবেল্ল ] উচ্ছে জাতীয় তিক্ত ফল বিঃ (তরকারি)

**করা** [ √কর্-৫। < কৃ ] ('পাঠ, চাকরি, ক্রন্দন, সম্পাদন —')। **নির্মাণ** বা উৎপাদন করা ('বাড়ি, রুটি, আগুন, বাতাস —')। হাওয়া ('অন্ধকার, আলো, মেঘ, অসুখ, পাস—')। তদন্বিত হওয়া, যুক্ত হওয়া ('আশা, ইচ্ছা, ভয়, রাগ, লজ্জা —')। প্রয়োগ বা নিয়োগ করা ('জোর, বুদ্ধি, মন, গুলি, কুলী —')। তৎসংক্রান্ত কর্ম করা ('আপিস, বাজার, তীর্থ —')। লওয়া ('কাঁধে, মনে, হাতে —')। (করিয়া দেখ)। ণ. কৃত ('ওজন করা জিনিস, করা কাজ')। ... **করানো** [ √করা-১১ ] অপরের দ্বারা করা।

**করাইত, কি-, করেত** [ < কিরাত ] বিষধর সর্প বিঃ।

**করাঘাত** — হাতের আঘাত।

**করাত** ] < করপত্র, কাঠ ইঃ চিরিবার অস্ত্র বিঃ। ... **করাতী** ] করাত দিয়া কাঠ চেরা যাহার ব্যবসায়।

**করায়ত্ত** — হস্তগত।

**করাল** — ভীষণ। তুঙ্গ। দন্তুর। ... স্ত্রী. **করালা**। — দুর্গার এক নাম। ... **করালী** — চণ্ডিকা। অগ্নির সপ্ত জিহ্বার এক।

**করিতকর্মা** ] কৃতকর্মা।

**করিকুম্ভ** — হাতীর মাথার কুম্ভাকৃতি অংশ।

**করিয়া / ক'রে** ] করিবার পর ('শেষ —')। দ্বারা ('হাতে, নৌকা —')। লইয়া ('হাতে, কাঁধে, মনে —')। প্রকারে, উপায়ে ('কি —')। ক্রমে ('একটি দুটি —')। হেতু সূচক ('তাতে ক'রে')

**করিষ্ণু** — যে করিতেছে।

**করিষ্যমাণ** — যে করিবে।

**করী** (-রিন্) — হস্তী। ... স্ত্রী. **করিণী**।

**করীষ** — শুষ্ক গোময়, ঘুঁটে।

**করুগেট** [ ই. corrugated] দস্তার কলাই করা ঢেউ-তোলা লোহার চাদর, ঢেউ-লোহা (ছাদ ইঃ ছাহিবার জন্য)

**করুণ** — যাহাতে করুণার বা শোকের উদয় হয়। কাতর, আর্ত ('—কণ্ঠে')। করুণা-যুক্ত। (অলংকারশাস্ত্রে) রস বিঃ। ... **করুণা** — দয়া, অনুকম্পা (-নিধান, -ময়। করুণার্দ্র')। (§ কারুণিক, কারুণ্য)

**ক'রে** (করিয়া দেখ)

**করেণু** — হস্তী বা হস্তিনী।

**করোটি, -টী** — মাথার খুলি।

**কর্ক** [ ই ], **কাক** ] ছিপি। বৃক্ষ বিঃ-এর বল্কল যাহাতে ছিপি তৈয়ার হয়।

**কর্কট** — কাঁকড়া। রাশিচক্রের চতুর্থ রাশি। (বাং) ক্যানসার রোগ।

**কর্কটক্রান্তিবৃত্ত** — নিরক্ষরেখার ২৩° ২৭′ অংশ উত্তরস্থ সমাক্ষরেখা, উত্তরায়ণান্ত-বৃত্ত, Tropic of Cancer.

**কর্কোটী, কর্কোটিকা**—কাঁকুড়।

**কর্কশ**—অমসৃণ, খরখরে। পরুষ, কঠিন, নিষ্ঠুর ('—বাক্য, স্বভাব')। শ্রুতিকটু।

**কর্কর** — দর্পণ। মুদ্গর। কাঁকর।

**কর্কারু** — পাকা বিলাতী কুমড়া। জিলিপি। কখারু (উড়িয়ায়)

**কর্জ** [আ. কর্জ্.] ঋণ, ধার ('—করা, লওয়া, দেওয়া')

**কর্ণ** — শ্রবণেন্দ্রিয়, কান। নৌকার হাল ('-ধার')। কোণাকোণি রেখা। সূর্য-কুন্তীর পুত্র। ... **কর্ণকটু** — শুনিতে মন্দ। **কর্ণকুহর, -কূপ, -বিবর, -রন্ধ্র** — — কানের ফুটা। ... **কর্ণগোচর** — শ্রবণের বিষয়ীভূত। শ্রুত। ... **কর্ণধার — যে** নৌকার হাল ধরে, কাণ্ডারী। ... **কর্ণপাত** — কান দেওয়া, শ্রবণ ('—করা')। ... **কর্ণবেধ** — কান বিঁধানো, সংস্কার বিঃ। **কর্ণমর্দন**—কান মলা ... **কর্ণমল**—কানের ভিতর সঞ্চিত ময়লা, খইল। **কর্ণশূল** — কান কটকট করা।

**কর্ণাট** — দাক্ষিণাপথের দেশবিশেষ। **কর্ণাটী** — কর্ণাটদেশের নারী। রাগিণী বিঃ।

**কর্ণিক** — বালি-চুন ইঃ লাগাইবার রাজ-মিস্ত্রীর যন্ত্র বিঃ।

**কর্ণিকা** — কর্ণাভরণ বিঃ। পদ্মের বীজ-কোষ।

**কর্ণিকার** — সোঁদালের ফুল বা গাছ। সোনালু।

**কর্তন** — ছেদন, কাটা। (§ কর্তিত)

**কর্তব**] সুর ভাঁজা, গানে কেরামতি দেখানো।

**কর্তব্য**—ণ. করণীয়, বিধেয়, উচিত। ষ্য. বিধেয় বা কর্তব্য কর্ম। ('-পরায়ণ -পালন')। ... **কর্তব্যতা**—ঔচিত্য।

**কর্তরী, -রিকা**—কাটারি। কাতুরি।

**কর্তা** (-তৃ) স্রষ্টা, নির্মাতা ('বিশ্ব-')। যে করে ('সৃষ্টি-, যজ্ঞ-')। প্রভু, অধ্যক্ষ। গৃহস্বামী, "কত্তা"। (ব্যাকরণে) কারক বিঃ। (§ কর্তৃত্ব)। ... স্ত্রী. **কর্ত্রী**। ... সম্প্রদায় বিঃ। **কর্তাব্যক্তি** — কর্তৃপক্ষ। প্রভু।...**কর্তাভজা**] আউলচাঁদ উপাসক।

**কর্তিত** — ছেদিত, যাহা কাটা হইয়াছে।

**কর্তৃক**—(বাং) কর্তৃত্বে ('অমুক—লিখিত')

**কর্তৃত্ব**—কারকত্ব। প্রভুত্ব, অধ্যক্ষতা।

**কর্তৃপক্ষ** — শাসকগণ, বিচারকগণ, পরিচালকগণ। প্রভুত্ব যাহাদের হাতে। উপরওয়ালা।

**কর্তৃবাচ্য** — যে বাচ্যে কর্তৃপদই প্রধান। Active voice.

**কর্ত্রী** — অধ্যক্ষা। গৃহিণী। রচয়িত্রী।

**কর্দম** — কাদা, পাঁক। ... কর্দমাক্ত — কাদামাখা।

**কর্পট** — কাপড়, প্রধানতঃ জীর্ণ মলিন। চীর।

**কর্পর** — খর্পর (দেখ)

**কর্পূর** — বৃক্ষ বিঃএর কাষ্ঠ চোলাই করিয়া প্রস্তুত শ্বেত কঠিন গন্ধদ্রব্য। **কর্পূরবাসিত** — কর্পূরের দ্বারা সুগন্ধিত।

**কর্বুর, কর্বূর** — রাক্ষস। নানাবর্ণবিশিষ্ট।

**কর্ম**—যাহা করা হয়, কার্য। পেশা, চাকরি ('কি—করা হয়? -স্থান')। শাস্ত্রবিহিত অনুষ্ঠান ('ক্রিয়া-') সুকৃতি-দুষ্কৃতি যাহার ফল জন্মান্তরে বা ইহজন্মে ভোগ্য ('-ফল। কর্মের ভোগ')। (§ কর্মণ্য, কর্মী, কার্মিক)

**কর্মকর্তা** (তৃ)—অধ্যক্ষ, যাহার তত্ত্বাবধানে কর্ম হয়, কর্মিগণের নেতা।

**কর্মকাণ্ড** — বেদের যে অংশে যজ্ঞাদির ব্যবস্থা আছে। কর্মসমূহ।

**কর্মকার** — কর্মার, লৌহকার, কামার।

**কর্মকারী** (-রিন্)—যে কর্ম করে, কর্মী।
**কর্মকুণ্ঠ** — অলস, কার্যে যাহার উৎসাহ বা উদ্যম নাই।
**কর্মক্ষম**—সমর্থ, যে কাজ করিতে পারে।
**কর্মক্ষেত্র** — কর্মসাধনার স্থান।
**কর্মচারী** (-রিন্) — নির্দিষ্ট কর্মের জন্য নিয়োজিত ব্যক্তি, আমলা।
**কর্মঠ** — কর্মক্ষম। কার্যকুশল।
**কর্মণ্য** — কর্মের যোগ্য, কেজো।
**কর্মণ্যা** — কর্মের পারিশ্রমিক।
**কর্মত্যাগ** — কর্মবর্জন। পদত্যাগ, চাকরি ছাড়া।
**কর্মধারয়** — সমাস বিঃ, বিশেষণ-বিশেষ্যের যোগ (যথা — 'কটুবাক্য')
**কর্মনাশা** — বিহার প্রদেশের নদী বিঃ। (বাং) কর্মপণ্ডকারী।
**কর্মপ্রবচনীয়**—(ব্যাকরণে) যে অব্যয় বাক্যের পদে বিভক্তির কাজ করে। অনুসর্গ।
**কর্মফল**—কৃতকর্মের ফল যাহা জন্মান্তরেও ভোগ্য। কর্মের ফল।
**কর্মবাচ্য** — (ব্যাকরণে) যে বাচ্যে কর্ম-পদই প্রধান।
**কর্মবিপাক** — কৃতকর্মের ফলভোগ।
**কর্মবীর** — যে মহৎ কর্মে সিদ্ধি লাভ করে।
**কর্মব্যতিহার** — পরস্পরের মধ্যে ক্রিয়া বিনিময়।
**কর্মভূমি** — কর্মক্ষেত্র। সংসার।
**কর্মভোগ** — কর্মফলভোগ। বৃথা পরিশ্রম।
**কর্মযোগ** — গীতায় বর্ণিত সাধনপদ্ধতি, নিষ্কাম কর্মের অনুষ্ঠান দ্বারা আত্মোন্নতি। ... **কর্মযোগী** (-গিন্) — কর্ম-যোগসাধক।
**কর্মশালা** — যে গৃহে কর্ম করা হয়। নির্মাণশালা।
**কর্মশীল** — কর্মপরায়ণ, কর্মী।
**কর্মসচিব** — কার্যপরিচালক মন্ত্রী।
**কর্মসন্ন্যাস** — কর্মের ফল কামনা না করিয়া কর্মে বিরতি।
**কর্মসংস্থান** — কর্মে নিয়োগ।
**কর্মসাক্ষী** (-ক্ষিন্) — কর্মের সাক্ষাৎদ্রষ্টা। চন্দ্রসূর্যাদি।
**কর্মসূত্র**—কার্যক্রম, কাজের গতিক। কর্মের সহিত ফলের অখণ্ডনীয় সম্বন্ধ।
**কর্মস্থান** — কর্ম করিবার স্থান। চাকরি বা ব্যবসায়ের নির্দিষ্ট স্থান।
**কর্মাধ্যক্ষ** — কর্মপরিচালনায় প্রধান ভার প্রাপ্ত ব্যক্তি।
**কর্মার** — কামার, কর্মকার।
**কর্মার্হ** — কার্যের উপযুক্ত, কার্যক্ষম।
**কর্মিষ্ঠ** — কার্যক্ষম, কর্মকুশল।
**কর্মী** (-র্মিন্) — কর্মচারী।
**কর্মেন্দ্রিয়** — যে ইন্দ্রিয় দ্বারা কর্ম করা যায় (বাক্ পাণি পাদ পায়ু উপস্থ)
**কর্ষক** — কৃষক। আকর্ষক।
**কর্ষণ, কর্ষ** — কৃষি, চাষ। আকর্ষণ। ঘর্ষণ ('নিকষে—')। ... ণ. **কৃষ্ট, কর্ষিত**। ... **কর্ষণীয়** — কর্ষণযোগ্য। ... **কর্ষী** (-র্ষিন্) — আকর্ষণকারী।
**কল ১** — কাকলি, শ্রুতিমধুর অস্পষ্ট শব্দ ('-কণ্ঠ, -ধ্বনি, -রব, -হাসিনী') ... **কলকণ্ঠ** — কণ্ঠের স্বর যাহার মধুর।
**কল ২** ] যন্ত্র ('ময়দার, ঘড়ির—')। কোনও জিনিসের যে অংশ ঘুরানো ফিরানো যায় এবং যাহাতে কৌশল আছে ('জলের —। হাঁস-, ইঁদুর-')। lock ('আলমারির —')। কলা, চাতুর্য ('কলে কৌশলে')। অংকুর ('—বেরিয়েছে')। ... **কল টেপা** ] গোপনে শিক্ষা পরামর্শ বা প্ররোচনা দেওয়া।
**কল ৩** — কবল ('গোকলব্রত')

**কলকল** — জলস্রোতের তুল্য শব্দ। (মৃদু —কুলকুল])। ... **কলকলানো** [ √কল-কলা-১১] কলকল শব্দ করা ... ষ্য. **কলকলানি**]

**কলকা** [ তু. কল্‌গা ] পত্রাকার নকশা, কুঞ্জ ('-পাড়')

**কলকে**] তামাকের ছিলিম, কলিকা। ফুল বিঃ (প্রায় হলদে। করবী জাতীয়)। ... **কলকে পাওয়া**] সমাজে বা সভায় খাতির পাওয়া। (ব্যঙ্গে)

**কলগা, -গি** [ তু ] মুকুট বা পাগড়ির চূড়া।

**কলঙ্ক** — দাগ, মালিন্য। ধাতুমল, মরিচা ('বাসনে—পড়া, ধরা')। দুর্নাম, অপবাদ, কেলেঙ্কারি। ... **কলঙ্কিত**—কলঙ্কযুক্ত, কলুষিত, অপবিত্র, পাপযুক্ত ('—জীবন। লেখনী—করা')। অপবাদযুক্ত। ... **কলঙ্কী** (-ঙ্কিন্) — যাহার কলঙ্ক আছে। অপবাদগ্রস্ত। ... স্ত্রী. **কলঙ্কিনী।**

**কলত্র** — (ক্লী) পত্নী, দারা।

**কলধৌত** — স্বর্ণ। রৌপ্য।

**কলন** — গণনা। ... ণ. **কলিত।**

**কলনাদ** — কলধ্বনি।

**কলন্দর** (আ) — একশ্রেণীর মুসলমান ফকির।

**কলন্দরা** — একশ্রেণীর মিহি কাপড়।

**কলপ** [ আ. কলফ ] পাকা চুল কাল করিবার রং। মাড়, size ('—দেওয়া, লাগানো')

**কলবিঙ্ক** — চড়ুই পাখী।

**কলভ** — করিশাবক। করভ।

**কলম** [ আ. কিংবা স. ] লেখনী। লেখনীসদৃশ যন্ত্র, style. ('কাচ-কাটা —')। পলকাটা লম্বা কাচ বা স্ফটিক ('ঝাড়ের —')। কাটা ডাল হইতে উৎপাদিত গাছ ('আমের —')। (§ কলমী)। ... **কলমদান**] কলম রাখার আধার। ... **কলম-পেশা**] মসীজীবীর বৃত্তি। কেরানীগিরি।

**কলমচি** (আ) — লিপিকর্মে সহকারী।

**কলমা** [ আ. কলিমহ্ ] মুসলমান ধর্মের ইষ্টমন্ত্র।

**কলমা**] < কলম্বী, শাক বিঃ। ডাঁটা বিঃ যাহা হইতে একপ্রকার কলম হয়।

**কলমী**] কলমের তুল্য, লম্বা স্ফটিকাকার ('—শোরা')

**কলম্ব** — বাণ, তীর।

**কলরব** — কাকলী। কোলাহল। (কল ১ দেখ)

**কলস, কলশ** — ঘড়া, গাগরা। কলসাকৃতি চূড়া বা অলংকার। ... স্ত্রী. **কলসী, -সি, -শী, -শি**। ('মাটির —')

**কলহ** — বিবাদ, ঝগড়া।

**কলহংস** — রাজহাঁস।

**কলহান্তরিতা**—যে নায়িকা নায়কের সহিত কলহজনিত বিচ্ছেদের ফলে অনুতাপ করে।

**কলা ১** — চন্দ্রের ষোড়শভাগের এক ভাগ। বৃত্তপরিধির বা কালের ভাগ বিঃ, minute. সূক্ষ্ম অংশ। (জীববিদ্যায়) যে বিশেষ বিশেষ বস্তু দ্বারা দেহের বিভিন্ন অংশ (অস্থি পেশী ইঃ) গঠিত হয়, tissue. শিল্প। শাস্ত্রবর্ণিত নৃত্যগীতাদি ৬৪ প্রকার বিদ্যা। সাহিত্য সংগীত নৃত্য চিত্র ইঃতে নৈপুণ্য। ... **কলাকৌশল** — শিল্পচাতুর্য। ... **কলা-নৈপুণ্য** — শিল্পে দক্ষতা। ... **কলাবিদ্** —শিল্পরসজ্ঞ। ... **কলাশ্রী, কলাসৌষ্ঠব** — শিল্পসৃষ্টির সৌন্দর্য।

**কলা ২**] < কদলী, রম্ভা। কিছুই নয় (অশিঃ)। ... **"কলা দেখানো"**]

বৃন্ধাঙগুলি প্রদর্শন। ফাঁকি দেওয়া (অবজ্ঞাসূচক)

**কলাই ১, কড়াই ]** কলায়, দাল বিঃ, বিরি-কলাই, মাষকলাই। ... **কলাইশুঁটি, কড়াই- ]** মটরশুঁটি।

**কলাই ২** [আ. কলী] রাং ইঃ ধাতুর প্রলেপ। এনামেল, মিনা ('— করা বাসন')

**কলানিধি** — চন্দ্র।

**কলাপ** — ভূষণ। ময়ূরপুচ্ছ। সমূহ ('ক্রিয়া-')। সংস্কৃত ব্যাকরণ বিঃ। ... **কলাপী** (-পিন্) — ময়ূর।

**কলাপক** — একভাবাশ্রিত উপর্যুপরি শ্লোক চতুষ্টয়।

**কলাবউ ]** দুর্গাপূজার প্রারম্ভে অর্চিত কদলী ইঃর পত্ররচিত মূর্তি, নবপত্রিকা (প্রবাদ — গণেশপত্নী)

**কলাবৎ** — কালোয়াত। ... **কলাবতী** — নৃত্যগীতাদিনিপুণা স্ত্রী।

**কলায়**—দাল মটর শিম ইঃ শস্য। কলাই১, কড়াই।

**কলি ১, কলী** — কলিকা, কুঁড়ি। সিঁথি-কাটার ভঙ্গী বিঃ। বৈষ্ণবের তিলক বিঃ ('রস-')। পদ্যের বা গানের পদ।

**কলি ২** — পুরাণোক্ত চতুর্থ যুগ ('-কাল')। দেবতা বিঃ।

**কলি ৩** [আ. কল] চুনকাম ('—ফেরানো, ধরানো')। ... **কলিচুন ]** ঝিনুক শামুক ইঃ পুড়াইয়া তৈয়ারী চুন।

**কলিকা** — কোরক, কলি, কুঁড়ি। (বাং) তামাকের ছিলিম, কলকে।

**কলিকাল** — দ্বাপর যুগের পরবর্তী যুগ। এই যুগের অধীশ্বর কলি — সেজন্য কলিযুগ নামে অভিহিত। অর্বাচীন যুগ।

**কলিঙ্গ** — প্রাচী প্রদেশ বিঃ (উড়িষ্যা ও তাহার দক্ষিণ)

**কলিজা / কলেজা** [হি] হৃদয়। যকৃৎ।

**কলিত** — চিত, আহৃত, ধৃত। আশ্রিত। গণিত।

**কলিন্দ** — কালিন্দী বা যমুনা নদীর জন্ম শৈল।

**কলিল** — গহন। মিশ্রিত।

**কলু ]** তৈলকার। ... স্ত্রী. **কলুনী ] কলুটোলা ]** — পুরজনপদের যে অংশে তৈলিকরা বাস করে।

**কলুষ** — মল, দোষ। পাপ। (§ কালুষ্য)। ... **কলুষিত** — মলিনীকৃত, দূষিত। কলঙ্কিত, পাপগ্রস্ত।

**কলেক্টার** [ই] জেলার রাজস্ব আদায়ের প্রধান কর্মচারী। আদায়কারী ('বিল-')

**কলেজ** [ই] উচ্চশিক্ষালয়।

**কলেবর** — দেহ, শরীর।

**কলেরা** [ই] ওলাওঠা রোগ, বিসূচিকা।

**কল্ক** — মল। খইল, শিঠা।

**কল্কা** — বস্ত্রের উপর সূচিশিল্পের এক-প্রকার কারুকার্য।

**কল্কি, কল্কী** (-ল্কিন্) — বিষ্ণুর দশম অবতার যিনি কলিযুগের শেষে আসিবেন।

**কল্প**—ব্রহ্মার এক দিবস (মনুষ্যের ৪৩২ কোটি বর্ষ)। প্রলয়। বিধি, নিয়ম, ব্রত ('মাঘে প্রয়াগে -বাস')। গৌণ বিধি, অনুকল্প। সংকল্প ('দৃঢ়-')। যজ্ঞবিধিরূপ বেদাঙ্গ বিঃ ('-সূত্র')

**-কল্প** — (প্রত্যয়) ঈষদূন, প্রায় ('মৃত-')

**কল্পক** — কল্পনাকারী, কল্পী।

**কল্পতরু, -দ্রুম, -বৃক্ষ** — অভীষ্টফলপ্রদ স্বর্গবৃক্ষ। যাহার কাছে কিছু চাহিলেই পাওয়া যায়।

**কল্পলোক** — কল্পনার জগৎ। কল্পিত রাজ্য।

**কল্পনা, কল্পন** — যাহা নাই তাহা আছে মনে করা। মানসিক সৃষ্টি। মনগড়া বিষয়। আরোপ। উদ্ভাবনা। রচনা। উদ্ভাবনী শক্তি। অনুমান। (§ কাল্পনিক)

**কল্পান্ত** — প্রলয়কাল।

**কল্পারম্ভ** — সংকল্পিত পূজানুষ্ঠানের সূচনা।

**কল্পিত**—মনগড়া। আরোপিত। উদ্ভাবিত। রচিত। সংকল্পিত।

**কল্পী** (-ল্পিন্) — কল্পনাকারী, কল্পক।

**-কল্পে** ] উদ্দেশ্যে ('রক্ষা-')

**কল্প্য** — কল্পনার যোগ্য।

**কল্মষ** — ষ্য. কলুষ, পাপ। ণ. মলিন। পাপী।

**কল্য** — কাল, আগামী দিন। (বাং) পূর্বদিন, গতকল্য। ... **কল্যকার** ] পূর্ব বা পর দিনের, কালিকার, কালকের।

**কল্যাণ** — ষ্য. মঙ্গল, শুভ, কুশল। ণ. সুখী, কল্যাণযুক্ত। শুভদ। রাগিণী বিঃ। ... স্ত্রী. **কল্যাণী**। ... **কল্যাণীয়** — কল্যাণযুক্ত, সুভগ। ... স্ত্রী. **কল্যাণীয়া**। ... (পত্রের আরম্ভে—পুং, কল্যাণবরেষু, কল্যাণীয়েষু। স্ত্রী. -বরাসু, -ণীয়াসু)

**কল্যাণময়ী — শুভংকরী।**

**কল্লোল**—শব্দকারী জলতরঙ্গ। মহাতরঙ্গ। কলরব। আনন্দ, উল্লাস। ... **কল্লোলিনী** — নদী। কলরবকারিণী।

**কশ** ] ঠোঁটের দুই পাশ, সৃক্কণী।

**কশা ১** (-ষা, -সা বিরল) চাবুক ('কশাঘাত')

**কশা ২** [ √কশ্-৫ ], **কশানো** [ √কশা-১১ ] চাবুক লাগানো।

**কশাড়** ] কাশ তৃণ।

**কশিদা** [ ফা. কশীদহ্ ] কাপড়ের উপর ছুঁচসুতা দিয়া নকশার কাজ।

**কশেরু** (-সে- বিরল) — মেরুদণ্ড। কেশুর। ... **কশেরুকা** — মেরুদণ্ডের এক একটি অংশ, vertebra.

**কশ্যপ** — ঋষি বিঃ, মরীচিপুত্র, দেব দৈত্য প্রাণী ইঁহার জনক।

**কষ** ] কষায় রস। তাহার দাগ ('— ধরা, লাগা')। চামড়া পাকাইবার জন্য কষায় দ্রব্য।

**কষণ** — নিকষে স্বর্ণপরীক্ষা। চামড়ায় কষ দেওয়া। (§ কষিত)

**কষা ১** [ < কষায় ] কষায় রসবিশিষ্ট। (§ কষাটে)

**কষা ২** [ √ কষ্-৫। < কৃষ্, কষ্ ] আঁটা, শক্ত করা ('পেঁচ —। ক'ষে বাঁধা')। কষ্টিপাথরে পরীক্ষা করা ('সোনা —')। অল্প আঁচে ভাজা ('মাংস —')। গণিতের ফল বাহির করা ('অংক —")। হিসাব করা ('দর —')। ণ. শক্ত, আঁট। বদ্ধকোষ্ঠ ('—ধাত')। কৃপণ। ... **কষাকষি** ] বাঁধাবাঁধি, কড়াকড়ি। দর কমাইবার জন্য জিদ। বিরোধ ('মন-')। ... **কষিয়া / ক'ষে** ] কোমর বাঁধিয়া, আচ্ছা করিয়া, চুটিয়ে ('— কাজ কর। — ঘা কতক দাও')

**কষাটে** ] ঈষৎ কষায় স্বাদ যুক্ত।

**কষায়** — রস বিঃ, কষা স্বাদ। ক্বাথ। গোলাপী লাল বা গেরুয়া রং। (§ কষায়)। ... **কষায়িত** — আরক্ত ('রোষ- নেত্র')। রঞ্জিত, ছোবানো।

**কষি** ] দাঁড়ি। রেখা ('— টানা')। কাপড়ের যে অংশ কোমরে বদ্ধ থাকে। কাঁচা আমের আঁঠি।

**কষিত** — নিকষে পরীক্ষিত। ('—কাঞ্চন')

**কষোপল** — কষ্টিপাথর।

**কষ্ট**—ক্লেশ, দুঃখ ('-কর, -সহিষ্ণু, -সাধ্য। —পাওয়া')। শ্রম, আয়াস ('—করা')। ... **কষ্টকল্পনা** — অস্বচ্ছন্দ জটিল কল্পনা। ... ণ. **কষ্টকল্পিত**। ... **কষ্ট-সহিষ্ণু** — ক্লেশসহনে অভ্যস্ত। ... **কষ্টসাধ্য** — দুঃসাধ্য — বহুক্লেশে সংপাদ্য। ... **কষ্টার্জিত** — বহুশ্রমে উপার্জিত। **কষ্টেসৃষ্টে**] অনেক কষ্ট করিয়া।

**কষ্টি** — সোনা ঘষিয়া পরীক্ষা করিবাব পাথর, নিকষ ('-পাথর')

**কসবী** [আ. কস্ব্-] বেশ্যা।

**কসম** [আ] শপথ, দিব্য।

**কসরত** [আ] ব্যায়ামকৌশল। কৌশল, কায়দা।

**কসাই** [আ. কস্সাব] পশুঘাতক; মাংস-বিক্রেতা ('-খানা')

**কসুর** [আ. কুসুর] দোষ, ত্রুটি। ন্যূনতা, কমতি।

**কস্তাপাড়**] চওড়া লাল পাড়। ... ণ. **কস্তাপেড়ে**] ('—শাড়ি')

**কস্তুরী, -স্তু-** — মৃগনাভি।

**কস্মিন্‌কালে** — কোনও কালে।

**"কহতব্য"**] কহিবার যোগ্য।

**কহা / কওয়া**] √কহ্-৬। < কথ্] বলা। ণ. কথিত। ... **কহানো / কওয়ানো** [√কহা-১২] বলানো। ... **কহিয়ে / কইয়ে**] যে ভাল করিয়া কথা কহিতে পারে।

**কহ্লার** — শ্বেতপদ্ম। শালুক, সুঁদি। কাঁসাতলী।

**কাই** [√ক্বাথ] লেই, আঠা, ঘন মাড় ('ময়দার—' )

**কাইট** (কাট২ দেখ)

**কাইবিচি**] তেঁতুলের বীজ।

**কাইয়াঁ**] — ধূর্ত, শঠ, স্বার্থপর।

**কাইয়াঁ, কেয়েঁ**] — একশ্রেণীর মাড়োয়ারী বণিক।

**কাউন, কাউনি** — একরূপ ধান্য। এক-প্রকার খাদ্যশস্য।

**কাউর**] চর্মরোগ বিঃ।

**কাওয়াজ** [আ. কাবাইদ] যুদ্ধকৌশল-শিক্ষা।

**কাওয়ালি** [আ. কবালী] সংগীতের তাল বিঃ।

**কাওরা** — এক প্রকার নীচ জাতি।

**কাংস্য, কাংস, কাংসক** — কাঁসা, তামা-রাং মিশ্রিত ধাতু। ... **কাংস্যকার, কাংস-** — কাঁসারী।

**কাক ১, কাগ** — বায়স। এক কড়ার সিকি ভাগ। স্ত্রী. **কাকী**। ... **কাকচক্ষু**] কাকের চোখের তুল্য স্বচ্ছ নীল ('—জল')। ... **কাকজ্যোৎস্না** — অল্প জ্যোৎস্না। ... **কাকতালীয়** — ন্যায় বিঃ (তালগাছের উপরে বা মূলদেশে কাক বসিবামাত্র তালপতন), কার্যকারণসম্বন্ধ-হীন দুই ঘটনা। ... **কাকনিদ্রা**—অগভীর সতর্ক নিদ্রা। (অনুরূপ—কাকতন্দ্রা)। ... **কাকপক্ষ**—দুই কানের পাশে অল্প ঝোলা চুল, কানপাটা। জুলফি। ...**কাক-পদ** — অনুরূপ চিহ্ন, × " " ইত্যাদি। ... **কাকবন্ধ্যা** — একগর্ভা, যে একবার মাত্র সন্তান প্রসব করিয়াছে।

কাক ২ (কর্ক দেখ)

**কাঁক**] < কঙ্ক, বক-জাতীয় পাখি বিঃ।

**কাঁক (২), কাঁখ**] — কাঁকাল, কটিদেশ।

**কাঁকড়া**] < কর্কট। ... **কাঁকড়াবিছা**] বৃশ্চিক বিঃ।

**কাঁকতলী** — বগল।

**কাঁকন**] < কঙ্কণ।

**কাঁকনী**] — কাঁকনের আকারে তৈরি জিলিপি।

**কাঁকর** ] < কঙ্কর, ছোট পাথর।
**কাঁকরোল** ] উচ্ছে জাতীয় ফল বিঃ (তরকারি)
**কাঁকলাস** ] < কৃকলাস, গিরগিটি জাতীয় প্রাণী বিঃ।
**কাকলি, -লী** — মধুর অস্ফুট ধ্বনি, কলধ্বনি।
**কা কা** — কাকের ডাক।
**কাকা** ] খুড়া, পিতার অনুজ। ...**কাকী** ] কাকার পত্নী, খুড়ী।
**কাকাতুয়া** [ মালয় ] শুক-জাতীয় পাখি বিঃ।
**কাঁকাল** [ < কংকালিকা ] কোমর, কটি।
**কাকু** — শোক ভয় ক্রোধ ইঃ জনিত কণ্ঠস্বরের বিকার। বিপরীত অর্থসূচক নঞর্থক বাক্য (যথা, 'আমার কি ইচ্ছা নাই ?')
**কাঁকুই, কাঁকই** ] < কঙ্কতিকা, মোটা চিরুনি বিঃ।
**কাঁকুড়** [ < কর্কোটিকা ] শসা-জাতীয় ফল বিঃ।
**কাঁকুরে** ] — (কাঁকরিয়া) — কাঁকরে ভরা। কঙ্করাকীর্ণ।
**কাকুতি** [ < কাকূক্তি ] কাতর অনুনয়।
**কাকে, কাঁকে, কার** ইঃ (পঃছ কে, কি দেখ)
**কাকোদর** — সর্প।
**কাঁখ** ] < কক্ষ, বগল, কোমর।
**কাগ** (কাক দেখ)
**কাগজ** [ফা. ·জ.] তুলা খড় কাঠ ইঃর অংশু হইতে প্রস্তুত পত্র। খবরের কাগজ ('আজকের —')। ... **কাগজী** ] কাগজ সম্বন্ধীয়।
**কাগজি** ] নেবু, বাদাম ইঃর জাতিসূচক।
**কাঙল** ] > কামল — পাণ্ডুরোগ।
**কাঙ্ক্ষা** — বাঞ্ছা, অভিলাষ। ... ণ. **কাঙ্ক্ষিত**। ... **কাঙ্ক্ষণীয়** — অভিলাষের যোগ্য।
**কাঙ্গাল, কাঙ্গালী / কাঙাল, -লী, কাঙলা, কাংলা** ] ভিখারী, দরিদ্র। লোভী, লোলুপ (যশের —')। ... স্ত্রী. **কাঙ্গালিনী / কাঙালিনী** ]
**কাচ—কাঁচ** ] বালি ক্ষার ইঃ গলাইয়া প্রস্তুত স্বচ্ছ পদার্থ, শিশা। ... **কাঁচকড়া** ] (মূঃ কাছিমের খোলা) শিঙের সদৃশ পদার্থ, vulcanite ইঃ। ... **কাঁচপোকা** ] উজ্জ্বল সবুজ রঙের পতঙ্গ বিঃ (ডানার আবরণ হইতে কপালে পরিবার টিপ হয়)
**কাচ** ] — সাজ। অভিনয়। ছল। লীলা।
**কাঁচকলা** ] তরকারি রূপে ব্যবহার্য কাঁচা কলা বিঃ।
**কাচা ১** ] মৃতাশৌচকালে পরিধেয় ধুতির প্রান্ত ('— গলায় দেওয়া')
**কাচা ২** [ √কাচ্-৭ ] বস্ত্র প্রক্ষালন করা, ধোয়া। ... **কাচানো** [ √কাচ-১১ ] ধোয়ানো।
**কাঁচা** ] অপক্ব ('— ফল')। আরাঁধা ('— মাংস')। অদগ্ধ ('— ইট')। অপরিণত ('— বয়স, বুদ্ধি')। মাটির তৈয়ারী, মেটে ('— ঘর, গাঁথনি, রাস্তা')। অশুষ্ক ('— পাতা, কাঠ')। আনাড়ী, অনিপুণ ('— লোক। লেখা-পড়ায় —')। অসাবধানে বা অনিপুণ ভাবে কৃত ('— কাজ')। প্রাথমিক, পরে পরিবর্তনীয় ('— খাতা, কথা')। যাহা টিকে না ('— রং')। বিশুদ্ধ ('— সোনা')। ... **কাঁচা ঘুম** ] যে ঘুম আরও অনেকক্ষণ হইতে পারিত ('— ভাঙানো')। ... **কাঁচা চুল** ] কাল চুল। ... **কাঁচা পয়সা** ] যে অর্থ অল্পায়াসে নিত্য রোজগার হয় ... **কাঁচা মাল** ] — যে

বস্তু হইতে শিল্পদ্রব্য নির্মিত হয়। ... **কাঁচামিঠা / -মিঠে ]** অপক্ব অবস্থায় মিষ্ট ('— আম') ... **কাঁচা রসিদ ]** — সাময়িক প্রাপ্তি স্বীকার। ... **কাঁচা লেখা ]** — অপরিণত শক্তির রচনা।

**কাঁচানো** [ √ কাঁচা-১১ ] আয়োজন পণ্ড করিয়া পূর্বাবস্থায় আনা।

**কাঁচি** [ তু. কাইঞ্চী ] দুই ফলা যুক্ত কাটিবার অস্ত্র বিঃ। লোহা ইঃর ফ্রেম যাহার উপর ছাদ থাকে।

**কাঁচিয়া / কেঁচে ]** আয়োজন পণ্ড হইয়া ('—যাওয়া')। নূতন করিয়া ('—আরম্ভ করা। কেঁচে গণ্ডুষ')

**কাঁচী ]** কম ওজনের, পাকী নয় ('— সের')। ঠাস-বোনা (কাপড় বিঃ)

**কাঁচুমাচু ]** লজ্জা ভয় ইত্যাদির জন্য অতিশয় সংকুচিত।

**কাঁচুলি, -চলি ]** < কঞ্চুলী, স্তনাবরক বস্ত্র।

**কাঁচ্চা ]** সিকি ছটাক ওজন।

**কাচ্চাবাচ্চা ]** ছেলেপুলে।

**কাছ** [ < কক্ষ ] নিকট ('তার — থেকে')। ... **কাছে ]** নিকটে ('— এস')। সহিত, সঙ্গে ('তার — চালাকি চলবে না'।) তুলনায় ('ওর — এ কিছুই নয়')। বিবেচনায় ('তাঁর — শত্রু মিত্র সব সমান') ... **কাছে কাছে ]** সঙ্গে সঙ্গে। ... **কাছে পিঠে ]** সন্নিকটে।

**কাছা ]** < কচ্ছ, পরিধেয় বস্ত্রের যে অংশ পায়ের ফাঁক দিয়া পিছনে গোঁজা হয়।

**কাছাকাছি ]** সন্নিকট ('দুই বাড়ি —। সন্ধ্যার —')। প্রায় সমান ('কুড়ির —')

**কাছাড় ]** — সমুদ্র বা নদীর তটভূমি।

**কাছানো** [ √ কাছ-১১ ] নিকটবর্তী হওয়া ('বিপদ কাছিয়ে আসছে')

**কাছারি** [ < কৃত্যগৃহ- ] আদালত। অফিস।

**কাছি ]** মোটা রশি, দড়া।

**কাছিম ]** < কচ্ছপ।

**কাছুটি ]** — মালকোঁচা।

**কাজ ]** < কার্য, কর্ম, ('— করা, চলা, চালানো, থাকা, দেখা, দেওয়া, পড়া, পাওয়া, বাতলানো, লওয়া, শেখা, সারা, হওয়া')। কৃত বিষয় ('কাজটা ভাল হয় নাই')। জীবিকা ('কাজের চেষ্টা')। প্রয়োজন ('— আছে। কাজে আসা, লাগা')। সুফল, প্রয়োজন সাধন ('ঔষধে —হয়েছে। জিনিসটার—দেখবে, দেবে')। ঔচিত্য ('ওখানে গিয়ে—নেই')। নির্মাণ-পদ্ধতি, কলাকৌশল ('অলংকারের সূক্ষ্ম —')। (§ কেজো)। ... **কাজকর্ম ]** জীবিকা, চাকরি। বিষয়-ব্যাপার। ... **কাজে কাজে ]** অতএব, এই কারণে। ... **কাজপাগলা ]** যে কাজ ভালবাসে খুব বেশি।

**কাজল ]** < কজ্জল, অঞ্জন। ... **কাজল-লতা ]** কাজল করিবার ও রাখিবার আধার।

**কাজরী** — বর্ষাকালে গেয় এক প্রকার সঙ্গীত।

**কাজলা ]** — করাতীদের ব্যবহৃত কাষ্ঠ-কীলক, wedge.

**কাজলী ]** — কালো রঙের এক প্রকার ইক্ষু।

**কাঁজি ]** < কাঞ্জিক, আমানি। সজল ভাত হইতে প্রস্তুত সিরকা।

**কাজিয়া** (আ) ঝগড়া, বিবাদ।

**কাজী** [ আ. কাজী. ] মুসলমান আমলের বিচারক। মুসলমান ধর্ম আচার ব্যবহার ইঃর ব্যবস্থাদাতা। কাজিয়তি — কাজীর কার্য।

**কাজী** ] — কাজের লোক।
**কাজেই** ] — অতএব।
**কাঞ্চন** — সুবর্ণ, সোনা। ফুল বা গাছ বিঃ। ... **কাঞ্চনজঙ্ঘা** — হিমালয়ের অত্যুচ্চ শৃঙ্গ।
**কাঞ্চী, কাঞ্চি** — মেখলা, কটিভূষণ, গোট। দাক্ষিণাপথের নগর বিঃ, আধুনিক কাঞ্জিবরম।
**কাঞ্জিক** — কাঁজি (দেখ)
**কাট ১** [ < কৃৎ- ] কর্তন; কাটার ফলে যে গঠন হয় ('জামার '—')। গঠন ('মুখের —')
**কাট ২** [ < কিট্ট ] (কাইট প্রাঅপ্রঃ) তেল ইঃর গাদ।
**কাটকুট** — কিছু কিছু ভুল কাটাকুটি। কাঠ ও কুটা।
**কাটখোট্টা** ] গোঁয়ার। রসবোধহীন।
**কাটছাঁট** — কাঁচির কাজ। বাদসাদ।
**কাটতি** ] বিক্রয়ের পরিমাণ। বাজারে চলন।
**কাটনা** [ < কর্তন ] সুতা কাটা। কাটনি —সুতা কাটার মজুরি। ... **কাটনী / কাটুনী** ] যে সুতা কাটে (প্রায় স্ত্রী.)
**কাটব্য** — কটুতা।
**কাটরা** (কাঠরা দেখ)
**কাটলেট** [ ই ] ভাজিয়া প্রস্তুত মাছ বা মাংসের খন্ড।
**কাটা** [ √কাট্-৭। < কৃৎ ] কর্তন বা ছেদন করা। খড়ন করা ('কথা —')। লেখার উপর রেখা দিয়া বাতিল করা ('ভুল —')। নির্দিষ্ট ক্রম হইতে চ্যুত হওয়া ('তাল, সুর —')। যাপিত হওয়া ('সময় —')। খনন করা, ('পুকুর, ভিত —')। তক্ষণ করা, খোদা, অঙ্কন করা ('আঁচড়, দাগ, নকশা, রুল —')। নিঃসরণ করা ('জল, লাল —')। দূর হওয়া ('মেঘ, নেশা, বিপদ—')। কাটিবার ভঙ্গী করা ('জিব, চিমটি —')। বিক্রয় হওয়া ('মাল —')। রচনা করা ('ছড়া, তিলক —')। অন্যান্য প্রয়োগ। — 'চরকা, চেক, ছানা, সাঁতার, সুতা, হুন্ডি —।' ণ. কর্তিত। ... **কাটাকাটি** ] পরস্পর অস্ত্রাঘাত, খুনাখুনি। পরস্পর খন্ডন বা অপনয়ন ('কথা, অংক —')। ... **কাটাকুটি** ] লেখা ইঃ সংশোধন। **কাটাই** — কাটিবার জন্য খরচ। ... **কাটানো** [ √কাটা ১১ ] অপরের দ্বারা কর্তিত করানো। যাপন করা ('সময়—')। মুক্ত হওয়া ('বিপদ —')। বিক্রয় করা ('মাল —')।
**কাঁটা** ] <কন্টক (দেখ)। মাছের সূক্ষ্মাগ্র হাড়। শলাকা, বিবিধ সূক্ষ্মাগ্র বস্তু ('খোঁপার, গোলাপের, ঘড়ির, বুনিবার, শজারুর —')। fork । ছোট পেরেক। তুলাদন্ড। ... **কাঁটায় কাঁটায়** ] ঠিক নির্দিষ্ট সময়ে ('— উপস্থিত')
**কাটান** ] — রেহাই। সংস্পর্শচ্ছেদ। বাদ। ক্ষালন।
**কাটারি** ] < কর্তরী, দা।
**কাঁটি** ] ছোট পেরেক।
**কাঠ** ] < কাষ্ঠ। ( § কেঠো)
**কাঠকাঠ** — লালিত্যহীন, কাঠের মতো অনেকটা শুষ্ক, রুক্ষ।
**কাঠখড়ি** — শক্ত খড়িমাটি। জ্বালানী কাঠ।
**কাঠখোলা** ] বালিশূন্য ভাজনা খোলা।
**কাঠগড়া** ] কাঠের বেড় দেওয়া মঞ্চ ('সাক্ষীর —')
**কাঠগোলা** — কাঠের আড়ত ও কারখানা।
**কাঠঠোকরা** ] পাখি বিঃ,woodpecker.
**কাঠপিঁপড়া / -ড়ে** ] পিঁপড়া বিঃ।

**কাঠবাম** — শুক্‌না, যাহাতে কিছুই উঠে না।

**কাঠবিড়াল / -বেরালি** ] ইন্দুরবর্গীয় বৃক্ষচর জন্তু বিঃ।

**কাঠমল্লিকা** ] বনমল্লিকা।

**কাঠরা, কাটরা** ] কাঠের ঘর। বাজারের সারবন্দী ঘর। কাঠগড়া। কাঠের জিনিস ('কাঠ-')

**কাঠা** ] < কাষ্ঠা, বিঘার ১/২০ অংশ, ৩২০ বর্গহাত। চাল ইঃ মাপিবার পাত্র বিঃ।

**কাঠামো, কাঠাম** [ ঠাট, ফ্রেম।

**কাঁঠাল / কাঁটাল** ] < কণ্টকী, ফল বিঃ, পনস।

**কাঠি / কাটি** ] কাঠ ইঃর লম্বা সরু টুকরা, শলাকা ('ঝাঁটার—। দেশলাই-, চাবি-')

**কাঠিন্য** — কঠিনতা, দৃঢ়তা। নির্দয়তা, কর্কশতা।

**কাঠিম** ] সুতা জড়াইবার রীল বা নাটাই।

**কাঠুরিয়া / কাঠুরে** ] কুড়ুল দিয়া গাছ কাটা যাহার পেশা।

**কাঁড়** ] ধনুকবাণ

**কাঁড়বাঁশ** ] ধনুক।

**কাড়া ১** ] ঢাক-জাতীয় বাদ্য বিঃ

**কাড়া ২** [ √কাড়্-ল্ল ] বলপূর্বক লওয়া, ছিনাইয়া লওয়া ('কাড়িয়া লওয়া, কেড়ে নেওয়া। ব্যবহারে আনা, নিয়োগ করা (নূতন হাঁড়ি)। বলা ('রা —') ... **কাড়াকাড়ি** ] পরস্পর কাড়িয়া লওয়া। ... **কাড়ানো** [ √কাড়া-১১ ] অন্যের দ্বারা কাড়া। আদায় করা ('আদর, কথা —')

**কাঁড়া** [ √কাঁড়্৭। < কন্‌ড্ ] ছাঁটা, তুষশূন্য করা ('চাল —')। ... **কাঁড়ানো** [ √কাঁড়া-১১ ] ছাঁটানো।

**কাড়ান** ] — আবাদের উপযোগিতা। ধান-গাছের গোড়া কোপানো।

**কাঁড়ি, কাঁড়** ] স্তূপ, রাশি ('টাকার—')

**কাণ্ঠা** ] — হাঁড়ী কলসীর কানা।

**কাণ্ঠে** ] স্বার্থের জন্য যে শঠতা করে (খেলার বেলায় ব্যবহৃত হয়।)

**কাণ্ড**—ব্যাপার, ঘটনা। বিষম ব্যাপার ('— ক'রে বসা')। গাছের গুঁড়ি বা ডাঁটা। শাখা। পর্ব, পাব। গ্রন্থের ভাগ ('সপ্ত-')। গ্রন্থের বিষয়-বিভাগ ('জ্ঞান-')। অবসর, সময়। ... **কাণ্ডজ্ঞান** —সময়োচিত বা উপস্থিত বিষয় সম্বন্ধে বিবেচনার শক্তি। ... **কাণ্ডাকাণ্ড** — ন্যায্যান্যায্য।

**কাণ্ডার** ] — তাঁবু। নৌকার হাল।

**কাণ্ডারী** [ <কাণ্ডগারী ] কর্ণধার, নাবিক।

**কাত** ] ষ্য. পার্শ্ব ('ডান—')। ণ. আড়, পার্শ্বে অবস্থিত ('— হ'য়ে শোয়া')। ভূপতিত ('এক চড়ে—')

**কাতর** — আর্ত। দুঃখে অভিভূত। ... ষ্য. -তা, কাতর্য।

**কাতরানো** [ √কাত্‌রা-১৭ ] যন্ত্রণা-ব্যঞ্জক শব্দ করা। ... ষ্য. **কাতরানি** ]।

**কাতলা** ] মাছ বিঃ।

**কাতা** ] নারিকেল ছোবড়ার দড়ি।

**কাতি** ] — ক্ষুর। কাঁচি। শাঁখের করাত। খাঁড়া।

**কাঁতি** ] — কান্তি (প্রাঃ সাঃ)

**কাতান** [ পো. catana ] দা, কাটারি।

**কাতার** [ আ. কতার ] দল, শ্রেণী ('কাতারে কাতারে লোক। —দেওয়া')

**কাতারি, কাতুরি** [ <কর্তরী ] ধাতুর পাত কাটিবার কাঁচি।

**কাতুকুতু** ] হাত দিয়া সুড়সুড়ি ('— দেওয়া')

**কাত্যায়ন** — মুনি বিঃ। বররুচি। ... **কাত্যায়নী**—দুর্গা।

**কাঁথ** ] — মাটির ভিত। দেওয়াল।

**কাঁথা** ] < কন্থা, কতকগুলি কাপড় একত্র সেলাই করিয়া তৈয়ারী আস্তরণ বা শীতবস্ত্র। ... **কাঁথড়াপুরী** — চাল হারা বা ছাদ হারা দেওয়ালের ভাঙা বাড়ী। ... **কাঁথাকলসী** ] দুইছত্রে একটি শব্দ ভাঙিয়া লেখা।

**কাঁদ-কাঁদ** ] — রোদনোন্মুখ, ক্রন্দন-প্রয়াসী।

**কাদম্ব** — কলহংস (স্ত্রী. কাদম্বা)। বাণ।

**কাদম্বরী** — বাণভট্টপ্রণীত কথাগ্রন্থ বিঃ। মদ্য বিঃ।

**কাদম্বিনী** — মেঘশ্রেণী।

**কাঁদর** ] বদ্ধ জলাভূমি।

**কাদা** ] < কর্দম, পাঁক। (§ কাদাটে)

**কাঁদা** [ √ কাঁদ্-৭। < ক্রন্দ্ ] ক্রন্দন করা, রোদন করা। ... ব্য. কাঁদন, **কাঁদুনি** ]। (§ কান্না)। ... **কাঁদাকাটি** ] ক্রন্দন ও খেদোক্তি। ... **কাঁদানো** [ √ কাঁদা-১১ ] অপরকে কাঁদিতে প্রবৃত্ত করা। ... **কাঁদুনে** ] যে বেশী কাঁদে। ... **কাঁদুনে গ্যাস** ] — যে গ্যাস চোখে লাগিলে চোখ দিয়া জল ঝরে।

**কাদাখোঁচা** ] পাখি বিঃ (হি. চাহা), snipe.

**কাদাটে** ] কর্দমযুক্ত। কাদার তুল্য।

**কাঁদি, কাঁধি** [ < স্কন্ধ ] বড় ফলের গুচ্ছ ('কলার, নারিকেলের —')

**কাঁদোকাঁদো, কাঁদকাঁদ** ] কাঁদিতে উদ্যত, কাঁদিবার মত।

**কাঁধ** ] < স্কন্ধ, ঘাড় ('কাঁধে করা, তোলা, নেওয়া'। 'কাঁধ দেওয়া' — বহিবার জন্য স্কন্ধ লগ্ন করা) ... **কাঁধকাট, কাঁধ-কাটা** ] যাহারা মৃতদেহ শ্মশানে বহিয়া লইয়া যায়। ... **কাঁধাকাঁধি** ] — একাধিক ব্যক্তির ভার বহনে কাঁধ বদলানো।

**কাঁধার, কান্ধার** ] কিনারা, ধার।

**কান** ] < কর্ণ। কানের গহনা বিঃ। তানপুরা ইঃর তার কষিবার হাতল। ('— খাড়া করা', শুনিবার জন্য উৎকর্ণ হওয়া। '—দেওয়া'—শোনা, গ্রাহ্য করা। '—পাতা' — শুনিতে মনোযোগী হওয়া। '—ভাঙানো, ভারী করা' — বিরুদ্ধ কুমন্ত্রণা দেওয়া। 'কানে ওঠা' — কর্ণগোচর হওয়া। 'কানে তোলা' — শুনানো। 'কানে লাগা' — বিশ্বাস বা সম্মতির যোগ্য বোধ হওয়া। শ্রুতিমধুর বোধ হওয়া)। ... **কানকাটা** ] শিশুকে ভয় দেখাইবার জন্য জুজু বিঃ। যাহার কান কাটা। যে নিজের বদনাম গ্রাহ্য করে না ( 'দু-কান-কাটা' )। ... **কানপাতলা** ] যে বিনা বিচারে অন্যের নামে লাগানি শোনে। ... **কানফাটা** ] যাহাতে কান ফাটে ('—শব্দ')। ... **কানেকান** ] কানায় কানায় পূর্ণ। ... **কানে কানে** ] কানের কাছে, চুপিচুপি ('—বলা')

**কানকো** [ < কর্ণকূপ ] মাছের ফুল্কার উপরের ঢাকনি।

**কানড়** ] — কর্ণাটদেশীয়। (কানড় খোঁপা)।

**কানড়** ] — নীল পদ্ম।

**কানন** — উপবন। অরণ্য।

**কানা ১** [ < কাণ ] চক্ষুহীন, অন্ধ। এক-চক্ষুহীন। ফুটা ('-কুড়ি')। ... স্ত্রী. **কানী** ]। ... **কানামাছি** ] ছোট ছেলে-মেয়ের খেলা বিঃ।

**কানা ২** [ < কর্ণ ] কিনারা ('কলসীর, পুকুরের—')। 'কানায় কানায়' — কানা পর্যন্ত)

**কানাই, কানু** ] < কৃষ্ণ।

**কানাকাঁন** ] কানে কানে কথা, গোপনে আলোচনা বা রটনা।

**কানাঘুষা / -ঘুষো]** গোপনে রটনা।
**কানাচ]** চালাঘরের ছাঁচ যাহা দেওয়ালের বাহিরে থাকে।
**কানাড়া** [ < কর্ণাটক] রাগিণী বিঃ।
**কানাত** [তু] তাঁবুর দেওয়াল বা পর্দা।
**কানি]** নেকড়া।
**কানীন** — অবিবাহিত কন্যার গর্ভজাত ('— পুত্র')
**কানু** (কানাই দেখ)
**কানুন ১** [আ] আইন। ... **কানুনগো** [আ-ফা] জমির হিসাবরক্ষক কর্মচারী বিঃ।
**কানুন ২]** তন্ত্রী বাদ্য বিঃ (কাঠি দিয়া বাজায়)
**কানেস্তারা** [পো. canastra] টিনের বড় পাত্র।
**কান্ত** — ষ্য. স্বামী, বল্লভ। ণ. কমনীয়, মনোরম। ... **কান্তা** — পত্নী, প্রিয়া। ... **কান্তি** — লাবণ্য, শোভা, সৌন্দর্য ('-মান্, -মতী')। দীপ্তি। ... **কান্তি-বিদ্যা** — সৌন্দর্যবিদ্যা, aesthetics.
**কান্তলৌহ, কান্তিক]** কান্তি-লোহা, ঢালাই লোহা। (মতান্তরে ইস্পাত অথবা পেটা লোহা)
**কান্তার** — নিবিড় অরণ্য। দুর্গম পথ।
**কান্ধার]** — জলের কিনারা।
**কান্না]** ক্রন্দন, রোদন। ... **কান্নাকাটি]** কান্নার সঙ্গে খেদোক্তি বা আবদার।
**কান্যকুব্জ** — প্রাচীন নগর বিঃ, আধুনিক কনোজ (উত্তরপ্রদেশে)
**কাপ ১]** বারেন্দ্র ব্রাহ্মণের শ্রেণী বিঃ। ভঙ্গ কুলীন বা বংশজ।
**কাপ ২** [ই] পেয়ালা ('চায়ের —')
**কাপড়]** বস্ত্র। ধুতি বা শাড়ি, পরিচ্ছদ ('— পরা')
**কাঁপন, কাঁপুনি]** কম্পন, স্পন্দন।
**কাঁপা** [√ কাঁপ্-৭। < কম্প্] কম্পিত হওয়া, নড়া। ... **কাঁপানো** [√ কাঁপ-১১] কম্পিত করানো, নড়ানো।
**কাপালিক** — নরকপালধারী তান্ত্রিক বিঃ।
**কাপাস]** < কার্পাস, তুলা বিঃ।
**কাপুরুষ**—যাহার পুরুষোচিত সাহস নাই, যে ভয়ে কর্তব্য বা আত্মসম্মান বিসর্জন করে। ... ষ্য. **-তা, -ত্ব**।
**কাপ্তেন** [ই. captain] জাহাজের অধ্যক্ষ। সেনাধ্যক্ষ। খেলার দলের সর্দার। যাহার টাকায় সহচরবর্গ ফুর্তি করে (অশিঃ)
**কাফরী** [পো. Cafre] আফ্রিকার লোক, নিগ্রো।
**কাফি]** রাগিণী বিঃ।
**কাফের** [আ. কাফির] অমুসলমান।
**কাবা** [আ. কাবহ্] মক্কার মন্দির। চোগার সদৃশ জামা বিঃ।
**কাবাড়ী]** — যাহারা নিলামে সস্তায় জিনিস কিনিয়া বিক্রয় করে। ধীবর শ্রেণীর জাতি বিঃ।
**কাবারি** — বাঁশের বাখারি।
**কাবাব** [আ] সেঁকা মাংস।
**কাবাবচিনি]** গোলমরিচ সদৃশ ফল বিঃ (মসলা ও ঔষধ)
**কাবার** [পো. acabar] শেষ ('মাস-')
**কাবিল** [আ] যোগ্য, লায়েক।
**কাবু** [তু] জব্দ, বশীভূত। দুর্বল ('জ্বরে —')
**কাবুল]** আফগানিস্থানের রাজধানী। ... **কাবুলী]** আফগানিস্থানের লোক বা তৎসম্বন্ধীয়।
**কাবেরী** — দক্ষিণাপথের নদী বিঃ।
**কাব্য** — পদ্যরচনা। রসাত্মক বা ভাব-সংবলিত রচনা ('গদ্য-')
**কাব্যপ্রকাশ** — মম্মটভট্ট রচিত বিখ্যাত

অলঙ্কার গ্রন্থ।

**কাব্যলিঙ্গ** — কাব্যালঙ্কার বিশেষ।

**কাম ১** — সম্ভোগেচ্ছা ('-গন্ধহীন। কামাতুর, কামান্ধ')। কামদেব, মদন। কামনা, অভিলাষ ('সিদ্ধ-')। (ঃ কামী, কাম্য)

**কাম ২** ] < কর্ম। ... **কামদার** ] কারুকার্য বিশিষ্ট।

**কামচারী** (-রিন্) — যে ইচ্ছানুসারে সর্বত্র যাইতে পারে। স্বেচ্ছাচারী।

**কামজ** — সম্ভোগেচ্ছাজাত। বাসনাজাত।

**কামড়** ] দংশন, দন্তাঘাত ('সাপের —। সন্দেশে —। — দেওয়া, বসানো, মারা')। বেদনা, শূল, কামড়ানি ('পেটের, মাথার —')। ... **কামড়ানো** [ √কাম্‌ড়া-১৭ ] দংশন বা দন্তাঘাত করা। বেদনা করা, শূলানো ('পেট —')। ... ষ্য. **কামড়ানি** ]। ... **কামড়াকামড়ি** ] পরস্পর কামড়ানো।

**কামড়ি** ] ধাতুর পাতের কিনারা মুড়িয়া জোড়।

**কামদ** — কামনাপ্রদ, অভীষ্টপূরক।

**কামদানী** ] — কাপড়ের উপর সল্‌মা চুম্‌কি জরি ইত্যাদির কারুকার্য।

**কামদুঘা** — কামধেনু।

**কামদেব** — মদন, কন্দর্প।

**কামধেনু, কামদুঘা** — পুরাণোক্ত অভীষ্টদায়িকা ধেনু, সুরভি অথবা নন্দিনী।

**কামনা** — বাসনা, ইচ্ছা।

**কামপ্রদ** — কামদ (দেখ)

**কামবাণ, -শর**—মদনের শর (পঞ্চবাণ দেখ) কামের উত্তেজনা।

**কামরা** [ পো. camara ] ঘর।

**কামরাঙ্গা / -রাঙা** ] ফল বিঃ।

**কামরূপ** — আসামের অন্তর্গত স্থান বিঃ।

**কামরূপী** (-পিন্), **কামরূপ** — যে ইচ্ছামত রূপ ধারণ করিতে পারে।

**কামলা, কামিলা** ] — জনমজুর। রোগ বিঃ।

**কামাই** [ ফা. কমী ] গরহাজিরি, অনুপস্থিতি, কাজ করিতে না আসা ('আপিস — করা')। বিরাম ('কথার — নেই')। রোজগার।

**কামাক্ষী** — মহাদেবী।

**কামাখ্যা** — গৌহাটির নিকট পর্বত বিঃ (মহাপীঠ)। তথাকার অধিষ্ঠাত্রী দেবী।

**কামান** [ ফা. কমান ] তোপ। বড় ধনু বিঃ।

**কামানি** [ ফা. কমানি ] ধনুর তুল্য বাঁকা ইস্পাত ইঃ, স্প্রিং।

**কামানিয়া** — গোলন্দাজ।

**কামানো** [ √কামা-১১ ] ক্ষৌর করা। রোজগার করা।

**কামাবশায়িতা, -সায়িতা** — ঐশ্বর্য বিঃ, যাহা ইচ্ছা তাহা করিবার যোগলব্ধ শক্তি। ইন্দ্রিয়দমনশক্তি।

**কামার** ] < কর্মার, কর্মকার, যে লোহার জিনিস গড়ে।

**কামার্ত** — কামাতুর, অত্যন্ত কামাবিষ্ট।

**কামিজ** [ আ. কমীস ] জামা বিঃ।

**কামিনা** ] কারিগর, কর্মকার।

**কামিনী**—রমণী, স্ত্রী। সাদা সুগন্ধ ফুল বিঃ।

**কামিল** ] — ওস্তাদ, স্বর্ণকার, শিল্পী।

**কামী** ( -মিন্ ) — কামুক। অভিলাষী ('মুক্তি-')

**কামুক**—রমণাভিলাষী। ... স্ত্রী. **-কা, -কী।**

**কামোদ** — সংগীতের রাগ বা রাগিণী বিঃ।

**কাম্বোজ** — কম্বোজদেশীয় অশ্ব। তিব্বতী ঘোড়া।

**কাম্য** — বাঞ্ছনীয়, অভীষ্ট। ভোগ্য। ফললাভের নিমিত্ত অনুষ্ঠেয় ('— কর্ম')

**কায়** — কায়া ] দেহ, শরীর। ... **কায়ক্লেশে** — শারীরিক কষ্ট ভোগ করিয়া। অতি

কষ্টে। ... **কায়চিকিৎসা** — (আয়ুর্বেদে) জ্বর ইঃ শরীরব্যাপী রোগের চিকিৎসা। ... **কায়মনোবাক্যে** — শরীর মন ও বাক্য দ্বারা, সর্ব প্রযত্নে।

**কায়দা** [ আ. কাইদহ্ ] কৌশল, পটুতা ('লাঠি খেলার —। আদব-')। আয়ত্তি ('কায়দায় পাওয়া')

**কায়ফল** — কটফল, আয়ুর্বেদীয় ঔষধে ব্যবহৃত।

**কায়স্থ** — হিন্দু জাতি বিঃ, কায়েত। (সং) লেখক, রাজকর্মচারী বিঃ।

**কায়িক** — শারীরিক।

**কায়েম, কায়েমী** [ আ. কায়িম ] মজবুত, পাকা। চিরস্থায়ী।

**কার** ]১ দায়, সংকট ('কারে পড়া')

**কার২**—নির্মাতা, শিল্পী ('কুম্ভ-, স্বর্ণ-')। ক্রিয়া ('নমস্কার, বহিষ্কার')। উক্তি, উচ্চারণ ('জয়জয়-, ধিক্-')। অক্ষর বা তাহার চিহ্ন ( 'ওঁ-কার, আ-কার' )

**কারক** — যে করে, কারী ('হত-')। (ব্যাকরণে) ক্রিয়ার সহিত যাহার অন্বয় হয়; ক্রিয়ার সহিত বিশেষ্য সর্বনাম ইঃর যে অন্বয় হয় (কর্তা কর্ম করণ ইঃ)। (ঃ কারিকা)

**কারকুন** [ ফা ] জমিদারির তত্ত্বাবধায়ক।

**কারখানা** [ ফা ] কারুশালা, যেখানে পণ্য নির্মাণ হয়। কান্ড, বৃহৎ ব্যাপার।

**কারচুবি** [ ফা. কারচোব ] কৌশল, চালাকি। কাপড়ের উপর নকশার কাজ।

**কারণ** — হেতু, নিমিত্ত। প্রয়োজন, উদ্দেশ্য। যেহেতু ('সে আসিবে না—সে অসুস্থ')। (দর্শনে) যাহার যোগে কার্য সম্পন্ন হয় (সমবায়ী বা উপাদান, নিমিত্ত, এবং অসমবায়ী বা সাধারণ কারণ)। ইন্দ্রিয়। তান্ত্রিক প্রক্রিয়ায় ব্যবহৃত মদ্য। ... **কারণবারি** — শাস্ত্রোক্ত আদিম বারি যাহা হইতে জীবের উৎপত্তি হইয়াছে। ... **কারণশরীর**—বেদান্তোক্ত সূক্ষ্মদেহ বিঃ। ... **কারণমালা** — একশ্রেণীর কাব্যালঙ্কারের নাম।

**কারণিক** — কারণ সম্বন্ধীয়। বিচারক।

**কারণীভূত** — কারণস্বরূপ।

**কারণ্ডব** — বালিহাঁস।

**কারদানি** [ ফা ] কর্মকৌশল। বাহাদুরি।

**কারপরদাজ** (ফা) — প্রতিনিধিস্থানীয় কর্মচারী।

**কারফরমা** — মুসলমানী উপাধি বিঃ।

**কারবা** — বাইজীদের নৃত্য বিঃ।

**কারবাইড** [ ই ] চুন-অঙ্গার ঘটিত পদার্থ বিঃ (ক্যালসিয়ম কারবাইড-এর সংক্ষেপ। জল দিলে অ্যাসেটিলীন গ্যাস উৎপন্ন হয়)

**কারবার** [ ফা. কারোবার ] ব্যবসায়। পেশা। ব্যবহার, আদান-প্রদান। ... **কারবারী** ] ব্যবসায়ী।

**কারবেল্ল** — করলা।

**কারয়িতা** (-তৃ) — যে অপরের দ্বারা করায়। ... স্ত্রী. **কারয়িত্রী**।

**কাররবাই** [ ফা] কর্মকৌশল, কারদানি।

**কারসাজি** [ ফা. কারসাজ = নির্মাতা ] কুটবে চালাকি।

**কারা** — কয়েদ, জেল ('-বরণ, -বাস, -রুদ্ধ')। **কারাগার** — জেলখানা, কারাগৃহ।

**কারাবা** [ আ ], কার্বা ] গোলাবপাশ। কুপী।

**কারি** [ তামিল ] কালিয়া, মাংসাদির ব্যঞ্জন বিঃ।

**কারিকা** — শ্লোকময় ব্যাখ্যাপুস্তক। **কর্ম**-কর্ত্রী, কারিণী।

**কারিগর** [ ফা ] শিল্পী, কারু, মিস্ত্রী। ... **কারিগরি / -গুরি** ] কারুকার্য, শিল্প-

নৈপুণ্য। কারিগরের পেশা।

**কারিত** — অন্যের দ্বারা কৃত. করানো।

**কারী** (আ) — কোরান পাঠক।

**কারী** (-রিন্) — যে করে ('হিতকারী')। ... স্ত্রী. **কারিণী।**

**কারু** — শিল্পী। ... **কারুকার্য** — শিল্প-কর্ম। নকশা।

**কারুণিক** — কৃপালু, দয়াময়।

**কারুণ্য** — করুণা। দয়াশীলতা।

**কারোয়া** (আ) — কেওড়া।

**কার্ড** [ই] মোটা কাগজের টুকরা। পোস্টকার্ড (সংক্ষেপে)

**কার্তবীর্য** — কৃতবীর্যের পুত্র সহস্র বাহু অর্জুন, পরশুরামের কুঠারে নিহত।

**কার্তিক**, **কার্তিকেয়** — শিবপার্বতীর পুত্র বিঃ, দেবসেনাপতি, গুহ, বিশাখ, ষড়ানন, স্কন্দ। ... **কার্তিক** — বাংলা সনের সপ্তম মাস। (§ কৃত্তিকা)। ... **কার্তিকে** ] কার্তিক মাস- সম্বন্ধীয় বা জাত।

**কার্তুজ** [ ফ্রেঞ্চ cartouche ] বন্দুকের টোটা।

**কার্নিস** [ই. cornice] ছাদ দেওয়াল ইঃর উপরের অংশ যাহা একটু বাহির হইয়া থাকে।

**কার্পণ্য** — কৃপণতা।

**কার্পাস** — কাপাস (দেখ)

**কার্পেট** [ ই ] গালিচা।

**কার্মিক** — কর্মসম্বন্ধীয়। কারুকার্য-বিশিষ্ট নির্মিত।

**কার্মুক** — ধনু।

**কার্য** — য্য. কাজ, কর্ম। ফল (তুঃ কারণ)। ণ. করণীয়, কর্তব্য, কৃত্য ('অবশ্য-')।... **কার্যকর** — ক্রিয়াসাধক; ফলজনক। ... স্ত্রী. **-করী**। ... **কার্যকলাপ** — কার্য-সমূহ। ... **কার্যবাহ** — সভা ইঃতে যে-সকল বিষয় আলোচিত বা নির্বাহিত হয়, proceedings.. **কার্যান্তর** — অপর কার্য।... **কার্যোদ্ধার** — কার্য-সিদ্ধি।

**কার্শ্য** — কৃশতা।

**কার্ষাপণ** — কাহন, ১৬ পণ।

**কাল১** — সময় ('বাল্য-, শীত-')। অবসর ('কালাভাব')। মৃত্যু ('তাঁর — হয়েছে')। যম। সর্বনাশের হেতু ('ঐ ব্যবসাই তাঁর — হ'ল')। (§ কালিক, কালীন)

**কাল২ — কালো** ] কৃষ্ণবর্ণ। শ্যামবর্ণ।

**কাল৩** < কল্য, আগামী দিন।। পূর্ব-দিন। ...**কালকে** ] কল্য। ...**কালি** ] কল্য (প্রায় পদ্যে)। ... **কালিকার / কালকের** ] কল্যকার, পূর্ব বা পর দিনের। ... **কালিকে** ] কল্য, কালকে (পদ্যে)

**কালকাশন্দ, কালকাশুন্দা** ] — একপ্রকার গুল্ম।

**কালকূট** — তীব্র বিষ, হলাহল।

**কালক্রমে** — কালের গতিতে, কালবশে। কিছু কাল পরে।

**কালক্ষেপ, -ক্ষেপণ** — কালাতিপাত, সময় কাটানো।

**কালগ্রাস** — মৃত্যুর কবল ('কালগ্রাসে পতিত' — মৃত)

**কালঘাম** ] মৃত্যুকালে যে ঘাম হয়; অত্যন্ত পরিশ্রম জনিত ঘর্ম ('— ছোটা')

**কালঘুম** — চিরনিদ্রা। মৃত্যু।

**কালচক্র** — চক্রবৎ আবর্তমান কাল।

**কালচিটা / -চিটে, কালচে** ] কাল দাগ ('— ধরা, পড়া')

**কালজাম** ] — কালো রঙের জাম। জম্বু।

**কালধর্ম** — কালের ধর্ম। কালক্রমে যে পরিবর্তন স্বভাবতঃ হয় (যথা ঋতুভেদ, জন্ম-জরা-মৃত্যু)। যুগধর্ম। মৃত্যু।

**কালনাগ** — কালসর্প (দেখ)। ... **স্ত্রী,**

-নাগী। -নাগিনী ]

**কালনেমি** — রাবণের মামা (হনুমান্‌কে না মারিয়াই মনে মনে নিজের পুরস্কার স্বরূপ লঙ্কাভাগ করিয়াছিল)

**কালন্দর** (আ) — (কলন্দর দেখ)।

**কালপুরুষ** — নক্ষত্রপুঞ্জ বিঃ, মৃগশিরা, Orion.

**কালপেঁচা** — অশুভসূচনাকারী ধূসর-মস্তক পেচক।

**কালপ্রাপ্তি** — মৃত্যু।

**কালবুদ** [ ফা ] খিলান গাঁথিবার ফর্মা। জুতা তৈয়ারির ফর্মা। খিলান করা সাঁকো।

**কালবেলা**—(জ্যোতিষে) অশুভ সময় বিঃ।

**কালবৈশাখী** — চৈত্র বৈশাখ মাসের বৈকালিক ঝড়বৃষ্টি।

**কালবোস** ] রোহিত-তুল্য মাছ বিঃ।

**কালযাপন** — কালক্ষেপণ (দেখ)

**কালরাত্রি**—যে রাত্রিতে মৃত্যু বা মহাবিপদের সম্ভাবনা। (জ্যোতিষে) রাত্রির অশুভ সময়।

**কালশিরা, -শিটে** ] আঘাতের ফলে রক্ত জমিয়া গাত্রে কাল দাগ ('—পড়া')

**কালসর্প** — **কালসাপ** ], কৃষ্ণসর্প, কেউটে।

**কালা ১** [ < কল্ল ] বধির, যে শুনিতে পায় না বা কম শোনে।

**কালা ২** [ < কাল- ] কলঙ্কিত ('-মুখ')। কৃষ্ণ, কাল ('-পাড়')। শ্রীকৃষ্ণ। অতিশয় শীতল ('ঠান্ডা —'। 'কালিয়ে যাওয়া' — শীতে অসাড় হওয়া)

**কালাংড়া** — গানের মিশ্ররাগ বিঃ।

**কালাগুরু** — কৃষ্ণ অগুরু কাষ্ঠ।

**কালাগ্নি, কালানল** — প্রলয়াগ্নি।

**কালাজ্বর** ] রোগ বিঃ।

**কালাতিক্রম, কালাতিপাত, কালাত্যয়** — কালক্ষেপ। সময় বহিয়া যাওয়া।

**কালান্তক** — যম।

**কালাপানি** ] সমুদ্র। দ্বীপান্তরদণ্ড।

**কালাপাহাড়** ] দেবমূর্তিভঙ্গকারী মুসলমান সেনাপতি বিঃ (পূর্বে হিন্দু ছিল)। প্রচলিত সংস্কার যে নষ্ট করিতে চায়।

**কালামুখ / -মুখো** ] কলঙ্কী। নির্লজ্জ, বেহায়া। ... স্ত্রী. **-মুখী** ]

**কালাশুদ্ধি** — অকাল, যে কালে শুভকর্ম ব্রতাদি অবিহিত।

**কালাশৌচ** — পিতা মাতা ইঃর মৃত্যুজনিত বর্ষব্যাপী অশৌচ।

**কালি১** ] < **কালী১** — মসি, লিখিবার তরল রং ('কাল, লাল —')। ছাপার কালি। কালিমা ('মনের —')।। কলঙ্ক ('কুলে —')। ভুসা ('প্রদীপের —')

**কালি২** ] ক্ষেত্রের বা ঘন পদার্থের মাপ, বর্গফল বা ঘনফল ('—কষা, করা')

**কালি৩, কালিকার, কালিকে** (কাল৩ দেখ)

**কালিক** — কাল সম্বন্ধীয়, সাময়িক, কালীন। সময়োচিত।

**কালিকা** — কালীর রূপ বিঃ।

**কালিদাস** — বিখ্যাত কবি বিঃ, বিক্রমাদিত্যের নবরত্নের এক।

**কালিনী** — কালিন্দী, যমুনা।

**কালিন্দী** — যমুনা।

**কালিমা** (-মন্) — মলিনত্ব। কলঙ্ক।

**কালিয়, কালীয়** — নাগ বিঃ, কৃষ্ণ যাহাকে দমন করিয়াছিলেন।

**কালিয়া** [ আ ] মাংস মাছ ইঃর ব্যঞ্জন বিঃ।

**কালী ১** — শিবপত্নী, দেবী বিঃ, দশমহাবিদ্যার এক। কালি, মসী।

**কালী ২** ] কৃষ্ণবর্ণ, কাল; শীর্ণ ('চোখের কোণ —। হাড় —')

**কালীন** — সাময়িক ('প্রাতঃ-')

**কালীয়** (কালিয় দেখ)

**কালুষ্য** — কলুষতা, মালিন্য। পাপ।
**কালে কালে** — মাঝে মাঝে, যুগে যুগে। কালক্রমে।
**কালেক্‌টার** (ইং) — রাজস্ববিভাগের প্রধান কর্মচারী
**কালেভদ্রে**] কদাচিৎ, অনেক দিন অন্তর।
**কালো**] < কাল, কৃষ্ণ।
**কালোয়াত**] < কলাবৎ, ওস্তাদ, ধ্রুপদ খেয়াল ইঃ গানে পারদর্শী।... **কালোয়াতি**] কালোয়াতের বিদ্যা নৈপুণ্য বা পেশা।... ণ. **-তী**]
**কাল্পনিক** — কল্পনাপ্রসূত। অমূলক, মিথ্যা।
**কাশ ১** — দীর্ঘ তৃণ বিঃ। শরৎকালে ইহার শ্বেতবর্ণের ফুল ফুটে।
**কাশ ২, কাস — কাশি, -সি**] রোগ বিঃ। ... **কাশা** [√কাশ্‌-৭] কাশির শব্দ করা।
**কাশী, -শি** — বারাণসী, বেনারস। ... **কাশীপ্রাপ্তি, -লাভ** — কাশীতে মৃত্যু। স্বর্গলাভ (অন্যত্র মরিলেও গৌরবে) ... **কাশীবাস** — কাশীধামে তীর্থবাস।
**কাশ্মীর** — হিমালয়ের পশ্চিম অংশে স্থিত প্রদেশ বিঃ। ... ণ. **-রী**]
**কাশ্মীর** — কুঙ্কুম। জাফরান।
**কাষায়** — কষায়বর্ণযুক্ত, গোলাপী লাল বা গৈরিক ('-বস্ত্র')
**কাষ্ঠ** — কাঠ, দারু। ... **কাষ্ঠকুট্ট** — কাঠ-ঠোকরা। ... **কাষ্ঠপাদুকা** — খড়ম। ... **কাষ্ঠফলক**—কাঠের তখ্‌তি বা তখ্‌তা। **কাষ্ঠহাসি**] অনিচ্ছায় কৃত্রিম হাসি।
**কাষ্ঠা** — সীমা ('পরা কাষ্ঠা')। সময়ের পরিমাণ বিঃ, অষ্টাদশ নিমেষ (প্রায় সিকি সেকেন্ড)। কাঠা।
**কাষ্ঠাসন** — চেয়ার, বেঞ্চি।
**কাষ্ঠিকা** — কাঠের টুকরা।
**কাস, কাসি** (কাশ ২ দেখ)
**কাসন**] সরিষার ঝোল বিঃ।
**কাসন্দি, কাসুন্দি** [< কাশমর্দ] কাঁচা আম সরিষা ইঃর আচার বিঃ।
**কাঁসর**] কাঁসার বাদ্যযন্ত্র বিঃ।
**কাঁসা**] < কাংস্য (দেখ)। ... **কাঁসারী**] কাঁসার বাসন নির্মাতা, কাংস্যকার। জাতি বিঃ। ... **কাঁসি**] কাঁসার কানা-উঁচু থালা বিঃ। কাঁসর।
**কাঁসাতলী** -- কহ্লার। একপ্রকার জলজ পুষ্প।
**কাসার** — জলাশয়, পুষ্করিণী।
**কাসীস** — হিরাকস।
**কাস্তে**] শস্যাদি কাটিবার বাঁকা দাঁতালো ছুরি।
**কাহন**] < কার্ষাপণ, ১৬ পণ।
**কাহাকে, কাহাদের, কাহার, কাঁহাকে ইঃ** (পঃছ কে, কি দেখ)
**কাহারবা** [হি] সংগীতের তাল বিঃ।
**কাহিনী** [হি. কহানী] গল্প, উপাখ্যান। বৃত্তান্ত।
**কাহিল** [আ] রোগা, ক্ষীণ, দুর্বল, নিস্তেজ ('—হওয়া। জ্বরে—করেছে')
**কি** [< কিম্‌] (অ) সংশয়সূচক প্রশ্নে ('তুমি কি যাবে?')। কিংবা ('কি ধনী কি নির্ধন')। (ণ. অথবা ক্রি-ণ.) কোন্‌, কেমন, কত ('কি জিনিস, কি করিয়া। কিজন্য, কিরূপ, কিহেতু। কি বুদ্ধি! কি ভয়ানক!')। (সর্বনাম) কোন্‌ বস্তু বা বিষয় (পঃছ দেখ। 'কি চাই বল। বল কি!')। কিছু নাই, কিছু নয় ('তাতে আর সন্দেহ কি। কি জানি। বেল পাকলে কাগের কি'। ... **কী**] বেশী জোর দিতে ('কী সুন্দর! তোমার কী হয়েছে?')
**কিংকর, কিঙ্কর** — চাকর, ভৃত্য, অনুচর।

... স্ত্রী. **-রী**। (সং. -রা — -রী — ভৃত্যপত্নী)

**কিংকর্তব্য** — কি করা উচিত। যাহা কর্তব্য। ... **কিংকর্তব্যবিমূঢ়** — বিস্ময় ভয় লজ্জা ইঃর জন্য কর্তব্যনিরূপণে অক্ষম, হতভম্ব।

**কিংকিণী, কিঙ্কিণী, -ণি** — ঘুঙুর, ছোট ঘণ্টা।

**কিংখাব** [ফা. কম্‌খোআব] ফুলকাটা জরিদার রেশমী বস্ত্র বিঃ।

**কিংবদন্তী, -ন্তি** — জনশ্রুতি। গুজব। (কিম্বদন্তী অশুপ্রঃ)

**কিংবা** — অথবা। (কিম্বা অশুপ্রঃ)

**কিংশুক** — পলাশ।

**কিঙ্কর** (কিংকর দেখ)

**কিঙ্কিণী, -ণি** (কিংকিণী দেখ)

**কিচকিচ, কিচমিচ, কিচিরমিচির**] ইঁদুর পাখি বানর ইঃর ডাকের মত শব্দ।

**কিছু**] < কিঞ্চিৎ, কিয়ৎ, অল্প ('— দিন, ভাত')। কোনও বস্তু বা বিষয় ('সে কিছুতে নেই')। সংশয় নিরসনে ('সে — পালাচ্ছে না')। ... **কিছুতে**] কোনও উপায়ে ('— রাজী হ'ল না')

**কিঞ্চন, কিঞ্চিৎ** — কিছু, অল্প, ঈষৎ।

**কিঞ্জল, কিঞ্জল্ক** — কেশর। পরাগ।

**কিড়মিড়, কিড়িমিড়ি**] দাঁতে দাঁতে ঘষার শব্দ।

**কিণ** — কড়া, জামড়া, ঘর্ষণচিহ্ন ('কিণাঙ্কিত')। আঁচিল।

**কিণ্ব** — খমির, leaven.

**কিতব** — শঠ, বঞ্চক। জুয়ারী। (§ কৈতব)

**কিতা** (আ) — ভূমিখণ্ড।

**কিতাবতী** (কেতাব দেখ)

**কিনা ১**, কিনানো (কেনা দেখ)

**কিনা ২**] সংশয়ে বা বিতর্কে ('সত্য —')। যেহেতু ('কৃষ্ণপক্ষ — তাই অন্ধকার')। অর্থাৎ ('হ্রী — লজ্জা')

**কিনারা** [ফা. কনারহ্‌] তীর, কূল ('নদীর —')। পার্শ্ব, প্রান্ত, পাড় ('রাস্তার, কাপড়ের —'। উপায়, ব্যবস্থা, প্রতিকার ('টাকার, নাবালকদের, বিপদের —')

**কিন্তু** — অথচ ('ধনী — বিনয়ী')। পক্ষান্তরে ('আজই যাওয়া স্থির, — বৃষ্টি হ'লে নয়')। (বাং। অশিঃ) সংকুচিত, দ্বিধাগ্রস্ত ('— হওয়া'); সংকোচ, দ্বিধা ('— করা')

**কিন্নর** — পুরাণোক্ত জাতি বিঃ, কিম্পুরুষ, দেবগায়ক ('-কণ্ঠ'। ... স্ত্রী. **কিন্নরী**।

**"কিপটে"**] < কৃপণ।

**কিফায়ত** [আ] অল্পখরচ, ব্যয়লাঘব, লাভ।

**কিবা**] কেমন (প্রশংসা বা বিদ্রূপে। '— রূপ, চেহারা!')। ... **কিবা, কী-বা**] কোন বস্তু বা বিষয়ই বা ('তুমি — জান!')

**কিমতে**] কেমন করিয়া (পদ্যে)

**কিমিয়া** [আ] প্রাচীন রসায়নী বিদ্যা, alchemy.

**কিম্পুরুষ** — কিন্নর।

**কিম্ভূতকিমাকার** — (বাং) বিকৃতাকার, অদ্ভুত, কুশ্রী।

**কিম্মত** [আ. কীমৎ] মূল্য, দাম।

**কিয়ৎ** — কিঞ্চিৎ, কিছু ('কিয়ৎক্ষণ, কিয়দংশ, কিয়দ্দূর')। কি পরিমাণ।

**কিয়ামত** (আ)—সমাধি হইতে পুনরুত্থান। **রোজ-কিয়ামত** — শেষ বিচারের দিন।

**কিরকির** (করকর দেখ)

**কিরণ** — আলোকরশ্মি, অংশু, কর, মরীচি। ... **কিরণমালী** (-লিন্‌) সূর্য।

**কিরা / কিরে**] শপথ, দিব্য (প্রাঅপ্রঃ)

**কিরাত** — প্রাচীন বন্যজাতি বিঃ। ব্যাধ।

**কিরিচ** [ পো. cris ] বক্র তরবারি বা ছোরা বিঃ।

**কিরীট**—মুকুট। ... **কিরীটী** (-টিন্)—মুকুটধারী। ... স্ত্রী. **-টিনী**।

**কিল** ] মুষ্টি, মুষ্টিদ্বারা আঘাত ('— দেখানো, মারা')। ... **কিলানো / কিলনো** [ √কিলা-১৩ ] কিল মারা, মুষ্ট্যাঘাত করা।

**কিলকিঞ্চিত** — একসঙ্গে বিবিধ ভাবের অভিব্যক্তি।

**কিলকিল** ] অনেক প্রাণীর একস্থানে চলাফেরা ('— করা')

**কিলবিল** ] সাপ কৃমি ইঃর তুল্য দেহ-সঞ্চালন ('— করা')

**কিল্লা** (কেল্লা দেখ)

**কিল্বিষ** — পাপ, দোষ। রোগ।

**কিশমিশ** [ ফা ] শুষ্ক ক্ষুদ্র বীজহীন আঙুর।

**কিশলয়** (-স- বিরল) — নবপল্লব, কচি পাতা।

**কিশোর** — যে যৌবনারম্ভে উপস্থিত হে, বালক যুবকের মাঝামাঝি। (সং) ১১ হইতে ১৫ বৎসর বয়স্ক। ... স্ত্রী. **কিশোরী**। (§ কৈশোর)

**কিষাণ** — কৃষাণ, চাষের মজুর।

**কিষ্কিন্ধ্যা, -ন্ধা** — রামায়ণোক্ত বানরদেশ (মৈসুরের উত্তরে)

**কিসম, কিসিম** [ আ. কিস্‌ম্ ] রকম।

**কিসমত** [ আ ] ভাগ্য, কপাল।

**কিসে** ] কি হইতে ('— কি হয়'); কোন্ উপায়ে ('— টাকা আসে')। কোন্ বিষয়ে ('তুমি — কম')। কাহার মধ্যে ('ও কথাটা — আছে')

**কিস্তি** [ আ. কিস্‌ত্ ] দেয় টাকা ইঃর অংশ। [ ফা. কশ্‌তী ] মালবাহী নৌকা। [ ফা. কিশ্‌ত্ ] দাবা খেলায় বল দ্বারা রাজাকে আক্রমণ। রাজার সরিবার পথ না থাকিলেই **কিস্তিমাত**। ... **কিস্তি-বন্দি** ] ক্রমে ক্রমে টাকা দিবার অঙ্গীকার বা ব্যবস্থা। ... **কিস্তিখেলাপ** (আ) — কিস্তিবন্দি ব্যবস্থায় কিস্তির শর্তমত টাকা দিতে অক্ষমতা।

**কী** (কি দেখ)

**কীচক**—বিরাট রাজার শ্যালক। বাঁশ বিঃ।

**কীট** — পোকা। কৃমি। ... **কীটঘ্ন** — কীটনাশক। ... **কীটজ** — কীট হইতে উৎপন্ন। ... **কীটাণু** — চক্ষুর অগোচর ক্ষুদ্র কীট। ... **কীটাণুকীট** — অতি তুচ্ছ, নগণ্য (লক্ষ্যার্থে)। ... **কীটদষ্ট** — পোকাধরা। ... **কীটপোষ** — রেশমের গুটীপোকা পালন।

**কীড়া** ] কীট। অপরিণত অবস্থার কীটকেই সাধারণতঃ কীড়া বলা হয়।

**কীদৃক্** — কীরূপ।

**কীদৃশ** — কি প্রকার। ... স্ত্রী. **-শী**।

**কীর** — শুকপাখী।

**কীর্ণ** — বিস্তীর্ণ, ছড়ানো। ব্যাপ্ত।

**কীর্তক** — কীর্তনকারী।

**কীর্তন** — গুণাদি বর্ণন। সংকীর্তন, কৃষ্ণলীলাদি বিষয়ক সংগীত। সংগীতের পদ্ধতি বিঃ। ... **কীর্তনীয়** — কীর্তন-যোগ্য, বর্ণনীয়। ... **কীর্তনিয়া / কীর্তনে** ] কীর্তনগায়ক। ... **কীর্তিত** — খ্যাত। প্রশংসার সহিত বর্ণিত।

**কীর্তি** — যশ, খ্যাতি ('-মান্, -শালী')। ... **কীর্তিকল্প** — অবদানপরম্পরা। যশস্কর কার্য সকল। ... **কীর্তিধ্বজা** — গৌরবপ্রচারিকা পতাকা। ... **কীর্তিনাশা** — রাজা রাজবল্লভের কীর্তিধ্বংসকারিণী পদ্মা নদী। ... **কীর্তিস্তম্ভ** — প্রসিদ্ধ ব্যক্তি বা ঘটনার স্মরণার্থে স্থাপিত স্তম্ভ।

**কীল, কীলক** — গোঁজ, খোঁটা। খিল, হুড়কা। শল্য। পেরেক, গজাল।

**কু-** — মন্দ, দুষ্ট, অনুচিত ('-কার্য, -চরিত্র')। অশুভ ('-দিন, -গ্রহ')। (তুঃ সু-)

**কুইনীন, -নাইন** [ই] জ্বরের ঔষধ বিঃ।

**কুঁকড়নো** (কোঁকড়ানো দেখ)

**কুঁকড়া / কুঁকড়ো**] < কুক্কুট, মোরগ।

**কুঁকড়িসুকড়ি**] জড়সড়, কুণ্ডলীর মত ('শীতে, ভয়ে —')

**কুকথা** — দুর্বাক্য। কুৎসিত কথা।

**কুকর্ম** (-র্মন্। ক্লী.) **কুকার্য** — অসৎ কর্ম।... **কুকর্মা** (-র্মন্। পুং), **কুকর্মী** (-র্মিন্) — যে তাহা করে।

**কুকসিমা** — কুকুরশোঁকা গাছ।

**কুকুর**] < কুক্কুর (দেখ)।... **কুকুরকুণ্ডলী** — শয়ান কুকুরের দেহের মত পাকানো কুণ্ডলী।

**কুক্কুট** — মোরগ, কুঁকড়ো। ... স্ত্রী. **-টী**।

**কুক্কুর — কুকুর**] সারমেয়, কুত্তা। ... স্ত্রী. **কুক্কুরী**।

**কুক্রিয়** — কুকর্মা, কুক্রিয়াসক্ত।

**কুক্ষণ** — অশুভ ক্ষণ।

**কুক্ষি** — উদরগহ্বর, জঠর, কোঁক। গর্ভ। অভ্যন্তর। গুহা। ... **কুক্ষিগত** — উদরে প্রবিষ্ট। গর্ভাশয়স্থিত। ... **কুক্ষিম্ভরি** — ঔদরিক। স্বার্থপর। ... **কুক্ষিশূল** — পেটের বেদনা।

**কুখ্যাত** — অখ্যাতিযুক্ত, বহুনিন্দিত। ... ষ্য. **কুখ্যাতি**।

**কুগ্রহ** — অশুভংকর গ্রহ। অমংগল।

**কুঙ্কুম** — জাফরান। (কুমকুম অর্থ অশুদ্ধ)

**কুচ ১** — স্তন।

**কুচ ২, কুচুৎ** (কচ দেখ)

**কুচ ৩** [ফা. কূচ] সৈন্যদলের দলবদ্ধ হইয়া যাত্রা ('-কাওয়াজ')

**কুঁচ**] < গুঞ্জা, রক্তবর্ণ বীজ বিঃ (১ রতি ওজন)

**কুঁচকানো** (কোঁচকানো দেখ)

**কুঁচকি**] ঊরু ও কোমরের সন্ধিস্থান। ... **কুঁচকিকণ্ঠা**] — কুঁচকি হইতে গলা পর্যন্ত ভরপুর (অতিরিক্ত ভোজন সম্বন্ধে প্রয়োগ হয়।)

**কুচকুচ**] কৃষ্ণতা ও চিক্কণতার লক্ষণ প্রকাশ ('— করা')। ... ণ. **কুচকুচে**] ('— কালো')

**কুচক্র** — ষড়্‌যন্ত্র, চক্রান্ত, কুমন্ত্রণা। কুগ্রহ, দুর্ঘটনা। ... **কুচক্রী** (-ক্রিন্) — চক্রান্ত-কারী।

**কুচনী**] (মঃ কোচ-নারী) বেশ্যা।

**কুচরিত্র** — ষ্য. মন্দ স্বভাব। ণ. অসচ্চরিত্র।

**কুচর্যা**—অন্যায় আচরণ। কদাচার, কুপ্রথা।

**কুচল**] — দুর্গম।

**কুচা / কুচো, কুঁচি**] ছোট টুকরা ('কুচি কুচি করা')।... **কুচানো / কুচনো** [√ কুচা-১৪] কুচি করিয়া কাটা। ণ. কুচি করিয়া কর্তিত।

**কুঁচি, কুচি**] < কূর্চ, শূকর ইঃর কর্কশ লোম। বুরুশ। মুড়া ঝাঁটা।

**কুচিলা / কুচলে, কুঁ-**] বিষময় বীজ বিঃ (ঔষধ)

**কুচুটে, কুচুণ্ডে**] কুটিলপ্রকৃতি, হিংসুটে।

**কুঁচে** [< কূচিক] সাপের মত মাছ বিঃ।

**কুচেল** — নোংরা কাপড়।

**কুচ্ছিত**] কুৎসিত।

**কুজ** — মংগল গ্রহ।

**কুঁজ** [< কুব্জ] পৃষ্ঠের বক্রতা বা স্ফীতি। ... **কুঁজা / কুঁজো**] < কুব্জ। ... স্ত্রী. **কুঁজী**]

**কুঁজড়া**] — ফলবিক্রেতা।

**কুজড়ো**] — ঝগড়াটে, কুপ্রকৃতি।

**কুজা, কুঁজা / কুঁজো** [ফা. কুজা.] **সোরাই,**

বেলে মাটির জলপাত্র বিঃ।

**কুঁজিকাঠি** — চাবি।

**কুজ্ঝটিকা, -ঝটি, -ঝটী** — কুহেলিকা, কুয়াশা।

**কুঞ্চন** — সংকোচন, কোঁচকানো। ... **কুঞ্চিত** — কোঁচকা, কোঁকড়া ('— কেশ')। সংকুচিত।

**কুঞ্চি** — মাপিবার পাত্র।

**কুঞ্চিকা** — চাবি। নির্ঘণ্ট।

**কুঞ্জ** — উপবন, লতাগৃহ ('-বন, -কানন')। বৈষ্ণবের আশ্রম। কাপড়ের কোণে ফুল-পাতার নকশা, কলকা। ... **কুঞ্জদার** ] — আঁচলে ফুলতোলা শাড়ী। কুঞ্জভঙ্গ — কুঞ্জে নিদ্রিত রাধাকৃষ্ণের নিদ্রাভঙ্গের সঙ্গীত। কীর্তন গানের একটি পালা। — হস্তী। (অন্য শব্দের পরে) শ্রেষ্ঠ। ... স্ত্রী. **কুঞ্জরা, -রী**।

**কুট ১** — দুর্গ, গড়। পর্বতশৃঙ্গ।

**কুট ২, কুট্স** (কট্ দেখ)

**কুটকুট** ] কর্কশ স্পর্শ বোধ ('কম্বলে গা — করা')। চুলকানি ('ওল খেয়ে মুখ —')। ... **কুটকুটানি / কুটকুটুনি** ] কণ্ডূতি। ... ণ. **কুটকুটে** ]

**কুটজ** — বৃক্ষ বিঃ, কুড়চি, গিরিমল্লিকা।

**কুটনা / কুটনো** ] কাটা তরকারি। কাটিবার তরকারি ('— কোটা')

**কুটনী** (কুটিনী দেখ)

**কুটা ১, কুটানো** (কোটা দেখ)

**কুটা ২ / কুটো, কুটি** ] তৃণাদির ক্ষুদ্রাংশ ('খড়কুটো')। কণা ('চোখে কুটি পড়া')

**কুটি কুটি** ] খুব ছোট ছোট কুচি। ... **কুটিকুটি, কুটিপাটি, কুটপাট** ] অস্থির ('হাসিয়া —')

**"কুটিনী/কুটনী"** ] < কুট্টনী, ব্যভিচারের দূতী। ... পুং. **"কোটনা"** ]

**কুটিল** — অসরল, বক্র ('— রেখা, পথ')। চক্রী, খল ('— স্বভাব')। ... স্ত্রী. **কুটিলা**। — রাধিকার ননদ। ... ষ্য. **কুটিলতা, কৌটিল্য**।

**কুটীর, কুটির** — কুড়ে ঘর। ছোট বাড়ি। ... **কুটীরশিল্প** — যে শিল্প কারিগরদের দ্বারা হাতে তৈরী।

**কুটুম্ব — কুটুম** ] আত্মীয়, পরিবার। (বাং) যাহার সহিত বৈবাহিক সম্বন্ধ আছে। ... **কুটুম্বী** ( - ম্বিন্ ) — গৃহস্থ। ... স্ত্রী. **কুটুম্বিনী**। — (বাং) স্ত্রী-কুটুম। ... **কুটুম্বিতা** — (বাং) বৈবাহিক সম্পর্ক বা তজ্জন্য আদানপ্রদান।

**কুটুম্বী** — গৃহস্থ। স্ত্রী-কুটুম্বিনী — গৃহস্থজায়া।

**কুট্টন** — কোটা, ছেঁচা, থেঁতলানো, গুঁড়া করা। কাটা। (সং) দূষণ।...ণ. **কুট্টিত**।

**কুট্টনী** — কুটিনী।

**কুট্টমিত** — নায়কের আচরণ প্রীতিকর হইলেও বিরক্তির ভান করিয়া নিবারণার্থ হস্তাদি সঞ্চালন।

**কুট্টিম** — চাতাল, মেঝে। রত্নের আকর।

**কুট্মল, কুড্মল** — কলিকা, কুঁড়ি। ... **কুট্মলিত** — মুকুলিত।

**কুঠ** ] < কুষ্ঠ। ... **কুঠিয়া, কুঠে** ] কুষ্ঠ-রোগী।

**কুঠরি, কুঠারি** ] ছোট ঘর। খোপ।

**কুঠার** — কুড়াল। টাঙ্গি, পরশু।

**কুঠি** [ < কোষ্ঠিকা ] অট্টালিকা। বাংলা, বাড়ি ('ম্যাজিস্ট্রেটের —')। ব্যবসায়ীর কার্যালয় বা পণ্যশালা ('নীল-')। ... **কুঠিয়াল** ] কুঠিওয়ালা, পণ্যশালার অধ্যক্ষ।

**কুঠিয়া / কুঠে** ] কুষ্ঠরোগী।

**কুড় ১** ] রাশি, পুঞ্জ, স্তূপ।

**কুড় ২** [ < কুষ্ঠ ] সুগন্ধ মূল **বিঃ**

(ঔষধ)

**কুড় ৩**] জঞ্জাল ফেলিবার স্থান ('আঁস্তাকুড়')

**কুঁড়**] — কুন্ড।

**কুড়কুড়, কুড়মুড়** (কড়কড় দেখ)

**কুড়চি**] < কুটজ, গাছ বিঃ (ঔষধ)

**কুড়া, কুড়বা**] বিঘা, বিশ কাঠায় এক কুড়বা।

**কুঁড়া / কুঁড়ো**] তুষের কণা ('খুদ-')

**কুঁড়াজালি / কুঁড়ো-**] মাছ ধরার ছোট জাল বিঃ। ইহাতে কুঁড়ার চার দিয়া মাছ ধরা হয়।

**কুড়ানী / কুড়নী, -ড়ু-**] দরিদ্রা স্ত্রী যে পতিত কাঠ-পাতা কুড়ায়।

**কুড়ানো / কুড়নো** [ √কুড়া-১৪ ] সংগ্রহ করা, জড় করা, তুলিয়া লওয়া। ণ. সংগৃহীত।

**কুড়াল, কুড়ালি / কুড়ুল**] < কুঠার।

**কুড়ি**] বিশ, ২০ অংক বা পরিমাণ।

**কুঁড়ি**] কলিকা, মুকুল।

**কুড়ে ১ কুঁ-**] কুটীর, দরিদ্রের ছোট ঘর ('-ঘর')

**কুড়ে ২, কুঁ-**] অলস। ... ষ্য. **কুড়েমি, কুঁ-**]

**কুড়ো**] — যাহাকে (যে শিশুকে অসহায় অবস্থায়) কুড়াইয়া পাওয়া যায়। বে-ওয়ারিশ শিশু।

**কুড্য** — গৃহভিত্তি, কাঁথ।

**কুণপ** — বিঁধ্‌বার অস্ত্র।

**কুণ্ঠ**—অনুদার, কৃপণ ('ব্যয়-')। সংকুচিত, কুণ্ঠিত। ব্যাহত। জড়, অলস ('কর্ম-')। ... **কুণ্ঠা** — সংকোচ, দ্বিধা। লজ্জা, ভয়। জড়তা। ... **কুণ্ঠিত** — সংকোচ-গ্রস্ত। অপ্রতিভ, লজ্জিত।

**কুণ্ঠক** — অকর্মা, অপদার্থ।

**কুণ্ড** — গর্ত ('নাভি-')। তীর্থজলাশয় ('সীতা-')। জলাধার, চৌবাচ্চা। আধার, জলাদির পাত্র ('তাম্র-')

**কুণ্ডল** — কর্ণাভরণ। বলয়। বলয়াকার বস্তু। ... **কুণ্ডলী** — পাকানো বা গোটানো জিনিস। ... **কুণ্ডলী** (-লিন্) — কুণ্ডলধারী।

**কুণ্ডলিত** — বলয়াকারে অবস্থিত বা আবর্তিত। কুণ্ডলীকৃত।

**কুণ্ডিকা** — হাঁড়িকুঁড়ি। পাকপাত্র।

**কুত**] নৌকাদিতে বাহিত দ্রব্যের উপর শুল্ক, toll ('-ঘর, -ঘাট')

**কুত**] — আন্দাজী হিসাব। অনুমান করিয়া পরিমাণ নির্ণয়।

**কুতর্ক** — বাজে তর্ক, যুক্তিহীন তর্ক।

**কুতুকুতু**] শরীরের স্থানবিশেষে স্পর্শ করিয়া হাসানো।

**কুতুপ** — তেলের কুপী।

**কুতুক** — হর্ষ, কৌতুক। **কুতুকী**—প্রফুল্ল।

**কুতূহল** — ষ্য. কৌতূহল, ঔৎসুক্য, জানিতে আগ্রহ। আমোদ। ণ. অদ্ভুত। ... **কুতূহলী** (-লিন্) — কৌতূহল-পরবশ, উৎসুক। আমোদে প্রবৃত্ত।

**কুত্তা** [ হি ], **"কুত্তো"**] কুকুর।

**কুত্রাপি** — কোথাও, কোনও স্থানে।

**কুৎসা** — নিন্দা, কলঙ্করটনা, "কুচ্ছা, কুচ্ছো"। ... **কুৎসন** — নিন্দন।

**কুৎসিত**—কুরূপ, বিশ্রী। কদর্য। অশ্লীল।

**কুথলী**—বৈষ্ণবদের মাধুকরীর ঝুলি।

**কুঁদ**] < কুন্দ, সাদা ফুল বিঃ। কুঁদিবার বা খরাদ করিবার যন্ত্র।

**কুদরত** [ আ ] সামর্থ্য। বাহাদুরি। গৌরব, মহিমা।

**কুঁদরু** [ < কুন্দুরুকী ] পটোল-সদৃশ ফল বিঃ (তরকারি)

**কুঁদন, কুঁদা ১, কুদা** (কোঁদা দেখ)

**কুঁদা ২ / কুঁদো**] কাঠের গুঁড়ি। কাঠের

মোটা হাতল ('বন্দুকের —')। চাঙড় ('মিছরির —')

**কুদিন** — দুর্দিন, অশুভ দিন। দুর্দশার সময়।

**কুঁদুলী** ] যে স্ত্রীর ঝগড়া করা স্বভাব। ... পুং. **কুঁদুলে** ]

**কুদৃষ্টি** — অশুভদৃষ্টি। ভ্রান্ত দৃষ্টি।

**কুদ্দাল, কুদাল** — কোদাল।

**কুনকী, কুনকে** ] পোষা হস্তিনী যাহার সাহায্যে খেদায় হাতি ধরা হয়।

**কুনকুন** ] আমাশয় জনিত পেটের বেদনা।

**কুনি** ] নখের কোণে প্রদাহ বা ভিতরে প্রবিষ্ট বক্র নখ।

**কুনিকা / কুনকে** ] শস্যাদি মাপিবার বেত ইঃর পাত্র বিঃ, রেক। মাপ বিঃ।

**কুনীতি** — দুর্নীতি, অসদাচরণ।

**কুনো** ] যে কোণে থাকিতে ভালবাসে ('— ব্যাং')। যে ঘর হইতে বাহির হইতে চায় না ('— লোক')

**কুন্ত** — অস্ত্রবিশেষ। পক্ষযুক্ত বাণ।

**কুন্তল** — কেশপাশ।

**কুন্তী, -ন্তি** — যুধিষ্ঠির-ভীম-অর্জুনের মাতা, পান্ডুপত্নী।

**কুন্থন** — কোঁথানো। কাতরানি।

**কুন্দ** — কুঁদ (দেখ)। ... **কুন্দদণ্ড** — কুন্দ ফুলের মত দণ্ড।

**কুন্দার** ] — কুঁদাইএর কাজ যে করে।

**কুন্দুরু** — তেলাকুচার মতো একপ্রকার ফল। কুঁন্দরুকি।

**কুপ** (কপ্ দেখ)

**কুপথ** — অসৎ মার্গ, মন্দ পথ।

**কুপথ্য** — অহিতকর পথ্য।

**কুপন** [ ফ্রেঞ্চ ] কোনও লেখনের ছেদ্য অংশ। মনিঅর্ডার পত্রের যে অংশ টাকা-গ্রহীতা পায়।

**কুপা / কুপো** [ < কূপক ] পেট-মোটা সরু-গলা জালা অথবা চামড়ার পাত্র ('তেলের —')। স্থূলোদর, নাদাপেট, বেশী মোটা (ব্যক্তি। বিদ্রূপে)। ...

**কুপি** [ <কূপিকা, কূপী ] ছোট কুপা।

**কুপাত্র** — অযোগ্য ব্যক্তি । অনুপযুক্ত বা মন্দ বর।

**কুপিত** — রুষ্ট, ক্রুদ্ধ। দূষিত বা প্রবল ('পিত্ত — হওয়া')। ... স্ত্রী. **-তা।**

**কুপুত্র** — দুশ্চরিত্র গুণহীন বা অবাধ্য পুত্র।

**"কুপোকাত"** ] ভূমিসাৎ, পরাভূত।

**কুপোষ্য** — যাহাকে পোষণ করার কথা নয় তথাপি যাহার ভার লইতে হয়, গলগ্রহ।

**কুপ্য** — স্বর্ণ রৌপ্য ভিন্ন অন্য ধাতু।

**কুফল** — মন্দ পরিণাম।

**কুবলয়** — নীলোৎপল। পদ্ম।

**কুবিধা** — অসুবিধা।

**কুবিন্দ** — তাঁতী।

**কুবুদ্ধি** — ষ্য. মূর্খতা। দুর্বুদ্ধি। ণ. যাহার বুদ্ধি মন্দ।

**কুবেণী** — মাছের খাড়ুই।

**কুবের** — যক্ষরাজ। মহাধনী ('ধন-')

**কুব্জ** — কুঁজো। বক্রপৃষ্ঠ। ... স্ত্রী. **কুব্জা।**

**কুমকুম** [ আ. কুম্‌কুমা ] আবীরপূর্ণ গোলক (হোলি খেলায়)

**কুমড়া / কুমড়ো** ] < কুষ্মাণ্ড ('ছাঁচি, বিলাতী —'। তরকারি)।

**কুমতি** — ষ্য. ণ. কুবুদ্ধি।

**কুমন্ত্রণা** — মন্দ পরামর্শ।

**কুমার ১** — বালক (সং. ৫ বর্ষীয় অথবা ৫-১০ বা ৫-১৬ বর্ষীয়। রাজপুত্র। পুত্র। অবিবাহিত। কার্তিকেয় ( § কৌমার) ... **কুমারতন্ত্র** — শিশু-চিকিৎসাবিদ্যা। ... **কুমারসম্ভব** — মহা-কবি কালিদাসের একখানি কাব্য।

**কুমার ২ / কুমোর** ] < কুম্ভকার, যে

মাটির পাত্র ইঃ তৈয়ার করে। জাতি বিঃ। ... **কুমারশাল / কুমোর-** ] কুমারের কর্মশালা, কুম্ভশালা।

**কুমারিকা** — ভারতের দক্ষিণস্থ অন্তরীপ।

**কুমারী** — অবিবাহিতা। অবিবাহিতা অল্পবয়স্কা কন্যা। রাজকন্যা।

**কুমির, কুমীর** ] < কুম্ভীর।

**কুমুদ** — শ্বেতোৎপল, শালুক ফুল, সুঁদি। ... **কুমুদনাথ** — চন্দ্র। ... **কুমুদবতী, কুমুদ্‌-** — কুমুদিনী। কুমুদ-শোভিত সরসী। ... **কুমুদিনী** — কুমুদের ঝাড়। ... **কুমুদী** ] কুমুদ (পদ্যে)

**কুমেরু** — দক্ষিণমেরু।

**কুম্ভ** — কলস। রাশিচক্রের একাদশ রাশি। হাতির মাথার দুই পাশের মাংসপিণ্ড। ... **কুম্ভকার** — **কুমোর**। ... **কুম্ভমেলা** — দ্বাদশ বৎসর অন্তর কুম্ভযোগে সাধু সন্ন্যাসীদের মহাসম্মেলন।

**কুম্ভযোগ** — গঙ্গাস্নানের পুণ্য যোগ বিঃ।

**কুম্ভক** — নিঃশ্বাসরোধ (যোগসাধনে)

**কুম্ভকর্ণ** — রাবণের দ্বিতীয় ভ্রাতা (নিদ্রাপ্রিয়)

**কুম্ভিকা** — ছোট কলসী।

**কুম্ভিল, কুম্ভিলক, কুম্ভীলক** — চোর। যে অপরের লেখা হইতে চুরি করে, plagiarist.

**কুম্ভীপাক** — নরক বিঃ।

**কুম্ভীর** — কুমির, নক্র।

**কুয়া, কুয়া / কুয়ো** ] < কূপ।

**কুযাত্রা** — অশুভ যাত্রা।

**কুযুক্তি** — অসঙ্গত যুক্তি। কুমন্ত্রণা।

**কুয়াশা, -সা** ] কুজ্‌ঝটিকা, কুহেলিকা।

**কুরঙ্গ** — হরিণ ('-নয়না')। ... **স্ত্রী. কুরঙ্গী**।

**কুরসিনামা** — (আ+ফা) — বংশতালিকা।

**কুরণ্ড** — কোষবৃদ্ধি রোগ, কোরন্দ।

**কুরনি / কুরুনি** ] নারিকেল ইঃ কুরিবার দাঁতওয়ালা শস্ত্র বিঃ।

**কুরবক** (কুরুবক দেখ)

**কুরর** — উৎক্রোশ পক্ষী (চিল জাতীয়)। ... স্ত্রী. **কুররী**।

**কুরু** — চন্দ্রবংশীয় রাজা বিঃ। প্রাচীন দেশ বিঃ ('-দেশ। -বর্ষ। উত্তর-')। (§ কৌরব)। ... **কুরুক্ষেত্র** — কুরুপাণ্ডবের যুদ্ধক্ষেত্র (দিল্লির উত্তরে)। তুমুল কলহ (ব্যঙ্গে)। ... **কুরুরাজ** — দুর্যোধন।

**কুরুচি** — অমার্জিত বা অশ্লীল বিষয়ে রুচি।

**কুরুবক, কুর-** — ঝিণ্টী, ঝাঁটি ফুল বা গাছ।

**কুরুবিন্দ** — কঠোর প্রস্তর বিঃ, কুরুন্দ, corundum (চুনি-জাতীয়। রত্নাদি পালিশ করিতে লাগে)

**কুর্তি** — (কোর্তা দেখ)

**কুর্দন** — লম্ফন, কোঁদন।

**কুর্নিশ** [ ফা. কোর্নিশ ] সসম্ভ্রম সেলাম।

**কুর্পর** — কনুই।

**কুর্মী** ] — জাতি বিঃ।

**কুর্সি** [ আ ] চেয়ার।

**কুল ১** — বংশ, গোত্র ('কুলাচার')। সদ্‌বংশ। গৃহ, সমাজ ('-ত্যাগ')। আবাস ('গুরু-')। দেশ। জাতি, বর্ণ ('ক্ষত্র-')। সমূহ, দল ('শত্রু-')। (§ কুলীন, কৌল, কৌলিক। ... **কুলকন্যা, -নারী, -বতী, -বধূ, -বালা** — সদ্‌বংশের কন্যা ইঃ, কুলটার বিপরীত। ... **কুল করা** ] কুলীনের বংশে বিবাহ করা। ... **কুলকর্ম** — বংশের উপযুক্ত ক্রিয়াকলাপ বিবাহাদি। ... **কুলক্ষয়** — বংশলোপ। ... **কুলকলঙ্কিনী** — কুলত্যাগিনী পতিতা

নারী। ... **কুলগুরু** — বংশানুক্রমে শিষ্যবংশের গুরু। ... **কুলঘ্ন** — বংশ-লোপকারী। ... **কুলজ** — সৎকুলজাত। ... **কুলজি** ] < কুলপঞ্জী, বংশবৃত্তান্ত। ... **কুলতিলক, -প্রদীপ, -ভূষণ** — যে কুলগৌরব বৃদ্ধি করে। ... **কুলদূষক, -দূষণ** — কুলাঙ্গার, যে কুলে কলঙ্ক দেয়। ... **কুলদেবতা** — বংশের উপাস্য দেবতা। ... **কুলধর্ম** — বংশগত আচার-অনুষ্ঠান। ... **কুলপঞ্জী**—বংশ পরিচয়। ... **কুলপতি** — বংশের প্রধান। (সং) যে বিপ্রর্ষি দশসহস্র মুনিকে প্রতিপালন ও শিক্ষাদান করেন। ... **কুলপাংশুল** — কুলের কলঙ্ক, কুলাঙ্গার। ... **কুল-পুরোহিত** — বংশপরম্পরাগত যজমানের বংশপরম্পরাগত পুরোহিত। ... **কুলব্রত** — কুলপরম্পরায় আচরিত অনুষ্ঠান। ... **কুলভ্রষ্ট** — নিজ কুল হইতে চ্যুত, পতিত। ... **কুলমর্যাদা** — কুলের উপযুক্ত প্রাপ্য মর্যাদা। ... **কুললক্ষণ** — (সং) আচার বিনয় বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শন নিষ্ঠা আবৃত্তি তপ দান এই নয়টি। ... **কুলশীল** — বংশ ও চরিত্র।

**কুল ২** [ < কোল ] ফল বিঃ, বদরী।

**কুলকুচা / -কুচো** ] জল দিয়া মুখের ভিতর পরিষ্করণ, কুল্লি।

**কুলকুণ্ডলিনী** — তন্ত্রে ও যোগশাস্ত্রে উক্ত দেহের অভ্যন্তরে মূলাধারপদ্মে স্থিত শিবশক্তি।

**কুলকুল** (কলকল দেখ)

**কুলক্ষণ** — ষ্য. অশুভ লক্ষণ। ণ. অশুভ-লক্ষণযুক্ত। ... স্ত্রী. **-ণা**।

**কুলগ্ন** — অশুভক্ষণ।

**কুলঙ্গি/কুলুঙ্গি** ] দেওয়ালে ছোট খোপ।

**কুলটা** — কুলত্যাগিনী। অসতী, ব্যভি-চারিণী।

**কুলত্থ** — কলায় বিঃ।

**কুলপি** [ আ. -ফী ] বরফ জমানো ক্ষীর শরবত ইঃ।

**কুলা/কুলো** [ < কুল্য ] শস্যাদি ঝাড়িবার অর্ধবৃত্তাকার ডালা, শূর্প।

**কুলাঙ্গার** — যে ব্যক্তি কুলের কলঙ্কস্বরূপ, কুলাধম।

**কুলাচার** — বংশে প্রচলিতকৃত্য।

**কুলাচল** — পুরাণোক্ত অষ্ট পর্বত, যথা—হিমালয় মহেন্দ্র মলয় সহ্য শুক্তিমান্ ঋক্ষ বিন্ধ্য পারিযাত্র (বা পারিপাত্র)

**কুলান** ] সংকুলান, পর্যাপ্তি। সংস্থান।

**কুলানো/কুলনো** [ √কুলা-১৪ ] পর্যাপ্ত বা অভাবমোচনের উপযুক্ত হওয়া ('টাকায় —')। স্থান পাওয়া ('এই ঘরে দুইজন কুলাইবে')। উপায় করা, সংস্থান করা ('কালী কুলাও')

**কুলায়** — নীড়, পাখির বাসা।

**কুলায়িকা** — চিড়িয়াখানা।

**কুলাল** — কুম্ভকার। ... **কুলালচক্র** — কুমোরের চাকা।

**কুলি** ] — গলি, অপ্রশস্ত পথ।

**কুলিশ, কুলীশ** — বজ্র।

**কুলী, কুলি** [ তু ] শ্রমিক, মজুর। মুটে।

**কুলীন** — খ্যাত বংশে জাত। বল্লালসেন কর্তৃক গৌরবিত বংশে জাত। আচারাদি নবগুণ বিশিষ্ট। (§ কৌলীন্য)

**কুলীরক** — কাঁকড়া।

**কুলুপ** [ আ. কুফ্‌ল্ ] বন্ধ করিবার তালা।

**কুলেখাড়া** ] — আয়ুর্বেদে উক্ত ঔষধের জন্য প্রয়োজনীয় বৃক্ষ বিঃ।

**কুল্যা** — গড়খাই। কাটা খাল। ছোট নদী।

**কুল্লি** ] কুলকুচা।

**কুল্লে** [ আ. কুল- ] মোটে, সাকল্যে। কেবল।

**কুশ** — তৃণ বিঃ ('কুশাসন')। রামের পুত্র,

লবের ভ্রাতা। পুরাণোক্ত সপ্তদ্বীপের এক।

**কুশণ্ডিকা** — বিবাহাদি কার্যে হোমের জন্য অগ্নিসংস্কারক্রিয়া।

**কুশধ্বজ** — রাজর্ষি জনকের ভ্রাতা।

**কুশপুত্তলি, -লী, -লিকা** — মৃতব্যক্তির প্রতীক স্বরূপ কুশমূর্তি। নকল মূর্তি।

**কুশর, কুশারি** ] — ইক্ষু। কুশুই।

**কুশল**—ষ্য. মঙ্গল, কল্যাণ। ণ. কুশলযুক্ত। নিপুণ, দক্ষ ('কার্য-')। (§ কৌশল)। **কুশলী** (-লিন্) — কল্যাণযুক্ত। (দক্ষ অর্থে কুশলী ভ্রান্ত প্রয়োগ।)

**কুশাগ্র** — কুশের অগ্রভাগ বা ডগা। (তীক্ষ্ণ ও সূক্ষ্ম। '-বুদ্ধি')।

**কুশাঙ্কুর** — তীক্ষ্ণমুখ নবজাত কুশ।

**কুশাঙ্গুরী** — তর্পণ শ্রাদ্ধাদি অনুষ্ঠানে ব্যবহৃত কুশতৃণের অঙ্গুরী।

**কুশাসন** — কুশতৃণের দ্বারা রচিত আসন।

**কু-শাসন** — প্রজার পক্ষে মন্দশাসন।

**কুশীলব**—(মূঃ কুশ ও লব) গায়ক, চারণ। নট, অভিনেতা।

**কুশূল** — ধানের গোলা।

**কুশেশয়** — পদ্ম।

**কুষি, কুশি** ] < কোষী, কোষা হইতে জল গ্রহণের পাত্র।

**কুষ্ঠ** — রোগ বিঃ, মহাব্যাধি, কুঠ। কুড় ১ (দেখ)। ... **কুষ্ঠী** (-ষ্ঠিন্) — কুষ্ঠ-রোগী, কুঠে। ... **কুষ্ঠাশ্রম** — কুষ্ঠ-রোগীদের হাসপাতাল।

**কুষ্মাণ্ড** — কুমড়া। ছাঁচি কুমড়া। ... **কুষ্মাণ্ডখণ্ড** — কুষ্মাণ্ডজাত একপ্রকার কবিরাজী ঔষধ।

**কুসংস্কার** —ভ্রান্ত বা দুষ্ট ধারণা প্রথা বা ধর্মবিশ্বাস।

**কুসম কুসম** ] কবোষ্ণ, অল্প গরম।

**কুসীদ** (-শী-, -ষী- বিরল) — সুদ। ... **কুসীদজীবী** (-বিন্) — যে তেজারতি করে, সুদখোর। ... **কুসীদব্যবহার** — তেজারতি। সুদ কষা।

**কুসুম ১** — পুষ্প, ফুল। (বাং) ডিমের হলদে অংশ। ... **কুসুমধন্বা, কুসুমায়ুধ, কুসুমেষু** — কন্দর্প। ... **কুসুমাকর** — বসন্ত। ... **কুসুমাসব** — ফুলের মধু। ... **কুসুমিত** — পুষ্পিত।

**কুসুম ২** ] < কুসুম্ভ, ফুল বিঃ, (কাপড়ে লাল রং করিতে লাগে)

**কুসুম্ভ** — কুসুম নামক ফুল। এই ফুলের রঙে বস্ত্র রঞ্জিত হয়।

**কুসুম্ভা** — সিদ্ধিমিশানো পানীয়।

**কুস্তি** [ফা. কুশ্‌তী] মল্লযুদ্ধ। ... **কুস্তিগির, -বাজ** ] কুস্তিতে পটু।

**কুহক** — ভেলকি, ইন্দ্রজাল, মায়া। ছল, প্রতারণা। ... **কুহকী** (-কিন্) — মায়াবী, জাদুকর। ... স্ত্রী. **-কিনী**।

**কুহনা** — বকধার্মিকতা।

**কুহর** — গর্ত, রন্ধ্র ('কর্ণ-')। কণ্ঠরব।

**কুহরণ** — কোকিল ইঃর ডাক, কুহুরব। (পদ্যে ক্রি, 'কুহরিল')। ... **কুহরিত** — কূজিত, ধ্বনিত।

**কুহু** — কোকিলের ডাক।

**কুহূ** — অমাবস্যা।

**কুহেলিকা, কুহেলী, কুহা** — কুজ্‌ঝটিকা, কুয়াশা।

**কূজন** — পাখির ডাক, কাকলি। ... ণ. **কূজিত**।

**কূট** — ণ. কুটিল ('-বুদ্ধি, -যোদ্ধা')। জটিল, দুর্বোধ ('— প্রশ্ন, অর্থ')। কপট, জাল ('-সাক্ষী')। ষ্য. দুর্বোধ বিষয় বা বাক্য ('ব্যাস-')। পর্বতশৃঙ্গ ('গৃধ্র-, চিত্র-')। ফাঁদ, জাল ('-যন্ত্র')। স্তূপ ('অন্ন-')। ... **কূট-কচাল** ] জটিলতা। বাধাবিঘ্ন। ... **কূট-কচালে** ]

দুর্বোধ, জটিল। বাধাসংকুল। কুটিল। কলহপ্রিয়। ... **কূটপ্রশ্ন** — ছলনা করিবার জন্য অথবা ঠকাইবার জন্য যে প্রশ্ন। ... **কূটবন্ধ** — জাল, ফাঁদ। ... **কূটযোদ্ধা** — প্রতিদ্বন্দ্বীর অজ্ঞাত কৌশলে যে যুদ্ধ করে। ... **কূটস্থ** — (দর্শনে) গূঢ়। চিরস্থায়ী। নির্বিকার। **কূটসাক্ষী** — জালসাক্ষী।

**কূটাগার** — চিলে কোঠা।

**কূপ** — কুয়া। গর্ত, ছিদ্র ('রোম-')। (§ কৌপ)। ... **কূপমণ্ডূক** — কুয়ার ব্যাং। সংকীর্ণ স্থানে আবদ্ধ, যে বাহিরের খবর রাখে না, অল্পজ্ঞ। সংকীর্ণচেতা। ... **কূপোদক** — কুয়ার জল।

**কূপক** — মাস্তুল, গুণবৃক্ষ।

**কূপী** — বোতলের মত আধার, কুপি।

**কূয়া** (কুয়া দেখ)

**কূর্চ** — কর্কশ লোম। কুঁচি। ... **কূর্চ, কূর্চিকা** — বুরুশ। কুঁচির ভুলি।

**কূর্ম** — কচ্ছপ। বিষ্ণুর দ্বিতীয় অবতার।

**কূল** — তীর, তট, কিনারা ('নদী-, সাগর-'। আশ্রয়।

**কূলংকষা** — তীরভূমিকে যে নদী বিধ্বস্ত ও প্লাবিত করে।

**কূহা** (কুহেলিকা দেখ)

**কৃকলাস** (-শ বিরল) — কাঁকলাস। গিরগিটি, বহুরূপী।

**কৃচ্ছ্র** — ষ্য. কষ্টসাধ্য ব্রত ('-সাধন')। ক্লেশ, শরীরপীড়ন। ণ. কষ্টকর।

**কৃৎ**—যে করিয়াছে, কর্তা ('পাপ-, পথি-')। (ব্যাকরণে) ধাতুর উত্তর বিহিত প্রত্যয় যাহা যোগ করিলে অসমাপিকা ক্রিয়া বা বিশেষ্য বিশেষণ উৎপন্ন হয়।

**কৃত** — যাহা করা হইয়াছে, সম্পাদিত, আচরিত ('-কর্ম')' শিক্ষিত, লব্ধ ('-বিদ্য। কৃতার্থ')। (§ কৃতী)

**কৃত** — সত্যযুগ।

**কৃতক** — কৃত্রিম।

**কৃতকপুত্র** — পালিত পুত্র।

**কৃতকর্মা** (-র্মন্) — কৃতী, কর্মপটু। কর্মসম্পাদনহেতু অভিজ্ঞ।

**কৃতকাম** — সিদ্ধকাম, কৃতার্থ।

**কৃতকার্য** — যাহার কার্য সম্পন্ন বা সফল হইয়াছে। ... ষ্য. **-তা।**

**কৃতকৃত্য** — কৃতকার্য, কৃতার্থ। ষ্য. **-তা।**

**কৃতঘ্ন**—যে উপকারীর অপকার করে অথবা উপকার স্বীকার করে না, নিমকহারাম, অকৃতজ্ঞ। ... ষ্য. **-তা।**

**কৃতজ্ঞ** — যে উপকার মনে রাখে এবং উপকারীর কাছে নিজেকে ঋণী মনে করে। ('— থাকা, হওয়া')। ... ষ্য. **-তা।**

**কৃতদার** — বিবাহিত।

**কৃতদাস**—দাসত্ব করিবার জন্য অঙ্গীকারবদ্ধ ব্যক্তি।

**কৃতধী** — মার্জিতবুদ্ধি, স্থিরবুদ্ধি (ব্যক্তি)

**কৃতনিশ্চয়**—স্থিরসংকল্প, যে কর্তব্য স্থির করিয়াছে। নিঃসংশয়।

**কৃতপূর্ব** — পূর্বে কৃত।

**কৃতবিদ্য** — লব্ধবিদ্য, সুশিক্ষিত। ... ষ্য. -তা।

**কৃতযুগ** — সত্যযুগ।

**কৃতাঞ্জলি** — বদ্ধাঞ্জলি, যে হাত জোড় করিয়াছে। ... **কৃতাঞ্জলিপুটে** — হাতজোড় করিয়া।

**কৃতান্ত** — যম।

**কৃতার্থ** — সিদ্ধকাম, চরিতার্থ। ধন্য। ... **কৃতার্থম্মন্য** — যে নিজেকে কৃতার্থ মনে করে।

**কৃতি**—কার্য (সুকৃতি')। নির্মাণ। নির্মিত বস্তু। যত্ন, চেষ্টা।

**কৃতী** (-তিন্)—কৃতকর্মা, কার্যে সফলতা

অর্জন করিয়া যে খ্যাত হইয়াছে। পণ্ডিত। ... ষ্য. **কৃতিত্ব।**

**কৃত্ত** — খণ্ডিত।

**কৃত্তিকা** — নক্ষত্র বিঃ। (§ কার্তিক, কার্তিকেয়)

**কৃত্তিবাস**—মহাদেব। বিখ্যাত বাংলা রামায়ণ রচয়িতা। ... **কৃত্তিবাসী]** কৃত্তিবাস-প্রণীত।

**কৃত্য** — ষ্য. করণীয়। ণ. **কর্তব্য কর্ম** ('প্রাতঃ-')

**কৃত্যা** — অভিচার, তুকতাক।

**কৃত্রিম**—ক্রিয়া দ্বারা নিষ্পন্ন, স্বভাবজ নয় ('— নীল, চুনি')। নকল ('— দন্ত, রেশম')। জাল ('— মুদ্রা')। অপ্রকৃত, কপট ('—স্নেহ')। ... ষ্য. **-তা।**

**কৃৎস্ন** — সকল, সম্পূর্ণ।

**কৃদন্ত** — (ব্যাকরণে) কৃৎ-প্রত্যয়ান্ত (শব্দ)

**কৃন্তন** — ছেদন, কর্তন।

**কৃপ** — পাণ্ডব-কৌরবদের অস্ত্রগুরু।

**কৃপণ** — যে খরচ না করিয়া অনর্থক জমাইতে চায়, ব্যয়কুণ্ঠ, কিপটে, কঞ্জুস। অনুদার। ... স্ত্রী. **-ণা, -ণী।** ... ষ্য. **কৃপণতা, কার্পণ্য।**

**কৃপা** — দয়া, করুণা, অনুকম্পা, অনুগ্রহ ('-কটাক্ষ, -দৃষ্টি')

**কৃপাণ** — তরবারি, খড়্গ। ছোরা।

**কৃপালু** — দয়ালু।

**কৃমি, ক্রিমি** — কীট। কেঁচো-জাতীয় পোকা। কীটের শূক রূপ, larva. ... **কৃমিঘ্ন** — যে ঔষধে পেটের কৃমি দূর হয়। ... **কৃমিজ** — কৃমি হইতে জাত, কীটজ। ... **কৃমিল** — কৃমিযুক্ত।

**কৃশ**—ক্ষীণ, শীর্ণ, রোগা ('-কায়। কৃশাঙ্গ, কৃশাঙ্গী')। ... ষ্য. **-তা, কার্শ্য।**

**কৃশর, কৃশরান্ন** (-স- বিরল) — তিল মিশ্রিত অন্ন বিঃ। খিচুড়ি।

**কৃশানু** — অগ্নি।

**কৃষক** — কৃষিজীবী, চাষা, কৃষাণ।

**কৃষাণ** — চাষা। যে লাঙ্গল দেয়। কিষান।

**কৃষি** — চাষ ('-কর্ম, -কার্য')। (§ কৃষ্য)।

**কৃষিঋণ** — কৃষির সাহায্যের জন্য সরকারী ঋণ।

**কৃষিকা** — লাঙ্গলের ফাল। ... **কৃষিজীবী** (-বিন্) — কৃষক, চাষা।

**কৃষীবল** — কৃষিজীবী।

**কৃষ্ট** — কর্ষিত, চষা। আকৃষ্ট।

**কৃষ্টি** — কর্ষণ, কৃষিকর্ম। (বাং) সংস্কৃতি (দেখ)

**কৃষ্ণ** — ষ্য. বসুদেব-দেবকীর পুত্র, কেশব, গোপাল, গোবিন্দ, জনার্দন, দামোদর, বাসুদেব, মধুসূদন, মুকুন্দ, মুরারি, শ্যাম, "কেষ্ট", কানাই। ণ. কৃষ্ণবর্ণ, কাল, অসিত। নীল। ... **কৃষ্ণকলি, -কেলি]** ছোট ফুলগাছ বিঃ। ... **কৃষ্ণচূড়া** — কেষ্টচুড়ো, বড় ফুলগাছ বিঃ, গুল-মোর। ... **কৃষ্ণদ্বৈপায়ন** — পরাশর-সত্যবতীর পুত্র, ব্যাস। .. যে পক্ষে চন্দ্রের ক্ষয় হয়। — মৃত্যু। ... **কৃষ্ণবর্ত্মা** (-বর্ত্মন্) — (মূঃ যাহার পথ কৃষ্ণবর্ণ) অগ্নি। ... **কৃষ্ণসর্প** — কালসাপ, কেউটে। ... **কৃষ্ণসার** — হরিণ বিঃ।

**কৃষ্ণা**—কৃষ্ণবর্ণা। দ্রৌপদী। মাদ্রাজ প্রদেশের নদী বিঃ।

**কৃষ্ণাগুরু** — কালাগুরু (দেখ)

**কৃষ্ণাজিন** — কৃষ্ণসার মৃগের চর্ম।

**কৃষ্ণাষ্টমী** — কৃষ্ণের জন্মতিথি, জন্মাষ্টমী। কৃষ্ণপক্ষের অষ্টমী।

কৃষ্য — কৃষির যোগ্য।

**কে** [ < কে, কিম্ ] (সর্বনাম) কোন্ ব্যক্তি (পঃছ দেখ)। কর্মকারকের বিভক্তি (পঃচ দেখ)

**কেউ** (কেহ দেখ)
**কেঁউ**] কুকুরের আর্তরব।
**কেউটিয়া / কেউটে**] বিষধর সর্প বিঃ, কালসর্প।
**কেওড়া**] কেয়াফুল-জাত সুগন্ধ জল।
**কেংকার, ক্রেং-** — হাঁসের ডাক, কাংস্য-পাত্রাদির ঘর্ষণ ইঃর শব্দ।
**কেক** [ই] ময়দা ডিম ইঃ যোগে প্রস্তুত পিষ্টক বিঃ।
**কেকয়** — প্রাচীন ভারতের দেশ বিঃ।
**কেকর** — টেরা।
**কেকা** — ময়ূরের ডাক। ... কেকী — ময়ূর।
**কেঙ্গারু, ক্যাঙ্গারু** (ই) — অস্ট্রেলিয়ার এক প্রকার তৃণভোজী জীব।
**কেঁচা, ক্যাঁচা, কোঁচ**] মাছ মারিবার বর্শা। বিঃ (মুখে অনেক শলা দেওয়া)
**কেঁচে** (কাঁচিয়া দেখ)
**কেঁচো** [ < কিঞ্চুলুক ] কৃমি বিঃ, মহী-লতা। কেঁচোর মত হীন ('ভয়ে —')
**কেচ্ছা** [আ. কিস্সহ্] কাহিনী, গল্প। কুৎসা, কলঙ্ককাহিনী।
**কেজু**] একপ্রকারের বাদাম।
**কেজো**] কাজের যোগ্য। কার্যকুশল ('— লোক)। প্রয়োজনীয় ('— জিনিস)
**কেটলি, কেতলি** [ই. kettle] জল গরম করিবার নলযুক্তপাত্র বিঃ ('চায়ের —')
**কেটে**] — মোটা তসরের কাপড়।
**কেঠো / কেটো**] কাঠের তৈয়ারী। কচ্ছপ বিঃ।
**কেঁড়ে**] ভাঁড়; বাঁশের চোঙা ইঃর পাত্র ('তেলের, দুধের —')
**কেঁড়োল**] — অকালপক্কতা।
**কেতকী, কেতক** — কেয়া ফুল বা গাছ।
**কেতন** — কেতু, ধ্বজ, পতাকা, নিশান।
**কেতা১** [আ. কিতহ্] কায়দা, শৃঙ্খলা ('-দুরস্ত')। গোছা বা ভাগ ('নোটের —। এক — নোট')
**কেতা২** — (ফা) — খণ্ড (এক — জমি)
**কেতাব** [আ. কিতাব] বহি, পুস্তক। ... **কেতাবী, কিতাবতী**] পুঁথিগত। **কেতাবকীট**] গ্রন্থকীট (দেখ)
**কেতু** — কেতন, ধ্বজ, পতাকা, নিশান। গ্রহ বিঃ (রাহু দেখ)
**কেদার ১** — হিমালয়স্থ তীর্থ বিঃ। শিব। আলবাল।
**কেদার ২** — শস্যক্ষেত্র, চাষের মাঠ। ... কেদারবাহিনী — চাষের মাঠের মধ্য দিয়া যে নদী প্রবাহিত হয়। ... **কেদারেশ্বর** — শিব।
**কেদারা ১** [ < কেদার] রাগিণী বিঃ।
**কেদারা২** [পো. caderia] চেয়ার।
**কেদারিকা** — ভূমিখণ্ড।
**কেঁদো, কোঁদা**] মোটা ('— বাঘ')
**কেন**] কিহেতু, কিজন্য। আহ্বানের উত্তরে প্রশ্ন। ... **কেননা**] যেহেতু।
**কেনা** (কিনা বিরল) [√কিন্-৯। < ক্রী] ক্রয় করা। ণ. ক্রীত ('জিনিস')। ... **কিনানো / কিননো, কেনানো** [√কিনা-১৩] ক্রয় করানো।
**কেন্দ্র** — [গ্রীক Kentron হইতে স] বৃত্ত বা গোলকের মধ্যবিন্দু। মূল বা প্রধান স্থান ('ব্যবসায়ের —')। ... ণ. **কেন্দ্রীয়, কৈন্দ্রিক**। ... **কেন্দ্রাতিগ** — অপকেন্দ্র, কেন্দ্র হইতে দূরে গমনকারী বা অপসারণকারী, centrifugal ('— শক্তি')। ... **কেন্দ্রাভিগ** — অভি-কেন্দ্র, কেন্দ্রের অভিমুখে গমনকারী বা আকর্ষণকারী, centripetal. ... **কৈন্দ্রিত** — কেন্দ্রগত। ... **কেন্দ্রীভূত** — যাহা কেন্দ্র হইয়াছে। অন্যস্থান হইতে কেন্দ্রে আগত।

**কেন্দ্রী** (জ্যোতিষে) — কেন্দ্রস্থলে অধিষ্ঠিত।

**কেন্নো, কেন্নুই, কেন্নাই]** বহুপদ কীট বিঃ।

**কেবট / কেয়ট, কেঅট** [< কৈবর্ত] ধীবরজাতি বিঃ।

**কেবল** — শুধু। ('চারিদিকে — জল')। সর্বদা, নিরন্তর ('—কাঁদিছে')। এইমাত্র, সবে ('— ঘুম থেকে উঠেছি')। অদ্বিতীয়, অসঙ্গ। শুদ্ধ। অবিকারী। (§ কৈবল্য)

**কেমন]** কিপ্রকার, কিরকম ('—করিয়া, — আছ, — জব্দ। কেমন, হ'ল তো?')। এরকম ('— পাগলের মত')। ব্যাকুল ('মন, প্রাণ — করা'। ... **কেমন কেমন, কেমন যেন]** সন্দেহজনক, ভাল নয় ('— ঠেকছে')

**কেমিক্যাল** [ই] রাসায়নিক (বস্তু)। কৃত্রিম, নকল ('— সোনা')

**কেম্বিস** (ই) — একপ্রকার মোটা আস্তরণ।

**কেয়া]** < কেতকী, ফুল বা গাছ বিঃ। (§ কেওড়া)

**কেয়াবাত** [হি] বাহবা, বেশ।

**কেয়ার** [ই] সম্মান, খাতির, অপেক্ষা ('কাকেও — করে না')। যত্ন, গ্রাহ্য বা গণ্য বলিয়া বোধ; ভয় ('টাকাকড়ি, চাকরি কিছুই — করে না। ঝড়বৃষ্টি, ভূত, ম্যালেরিয়া—')। ঠিকানা, care of ('অমুকের কেয়ারে চিঠি লিখো')

**কেয়ারি** [< কেদারিকা] আল দিয়া ঘেরা রোপিত ক্ষেত্রখণ্ড ('ফুলগাছের —')

**কেয়ূর** — অঙ্গদ, বাজু, বাহুর অলংকার।

**"কে'য়ে"]** মারোয়াড়ী।

**কেরল** — মালাবার দেশ (ভারতের দক্ষিণ-পশ্চিম প্রান্তে)। ঐ দেশবাসী। ... স্ত্রী. **কেরলী**।

**কেরাঞ্চি]** গরুর গাড়ি বিঃ। **ছক্কড়** ঘোড়ার গাড়ি।

**কেরানী]** < করণিক, লেখক কর্মচারী।... ষ্য. **-গিরি]**

**কেরামত, -মতি** [আ. করামৎ] ক্ষমতা, বাহাদুরি।

**কেরায়া** [আ. কিরায়হ্] ভাড়া।

**কেরোসিন** [ই], **কেরাসিন]** — খনিজ জ্বালানী তেল, মেটে তেল।

**কেরোয়াল]** — নৌকার দাঁড়।

**কেলাস** — রাসায়নিক বস্তুর ফটিকতুল্য নিয়তাকার দানা, crystal. (§ কৈলাস)। ... ণ. **কেলাসিত**।

**কেলি, কেলী** — বিহার, প্রমোদ ('-গৃহ')। কৌতুক, খেলা। ... **কেলিকদম্ব** — এক শ্রেণীর কদম্বফুল।

**কেলিকুঞ্চিকা** — ছোট শ্যালিকা।

**কেলু** — এক প্রকার পার্বত্য বৃক্ষ।

**"কেলে"]** কালো।

**কেলেঙ্কার]** < কলঙ্ককর।...**কেলেঙ্কারি]** কলঙ্ক, কুৎসিত বা লজ্জাজনক ব্যাপার।

**কেল্লা, কিল্লা** [আ. কল্অ] দুর্গ ... **কেল্লাদার** — কেল্লার ভারপ্রাপ্ত যোদ্ধা।

**কেল্লাফতে** — দুর্গজয়।

**কেশ** — চুল। (§ কৈশিক)। ... **কেশকলাপ** — কেশরাশি। ...**কেশকীট** — উকুন। ... **কেশতৈল** — মাথায় মাখিবার তেল।... **কেশদাম, -পাশ**—কেশগুচ্ছ, কেশকলাপ। **কেশপ্রসাধন** — কেশের পারিপাট্য সাধন। ... **কেশবিন্যাস, -রচনা, -সংস্কার** — চুল আঁচড়ানো, চুল বাঁধা। ... **কেশ-স্পর্শ** — কিছুমাত্র অনিষ্ট।

**কেশব** — কৃষ্ণ।

**কেশর** — ফুলের ভিতরের কেশের সদৃশ অঙ্গ ('পরাগ-, গর্ভ-')। সিংহ ইঃর ঘাড়ের লোম। জাফরান।

**কেশরী** (-রিন্) — সিংহ।
**কেশাকেশি** — চুলাচুলি।
**কেশিয়ার** (ই) — খাজাঞ্চী, কোষরক্ষক।
**কেশী** (-শিন্) কেশযুক্ত। দৈত্য বিঃ (কৃষ্ণ কর্তৃক নিহত)।...স্ত্রী. **কেশিনী।**
**কেশুর** [ < কশেরু ] কন্দ বিঃ ( ভক্ষ্য )
**কেশেল** ] কাশীয়াল, কাশীর অধিবাসী।
**কেষ্টবিষ্টু** ] — গণ্যমান্য।
**কেস** (ইং) — উকিলের কেস, ডাক্তারের কেস। চশমার কেস, ঘড়ির কেস। Case.
**কেহ / কেউ** [ <কঃ অপি ] কোনও লোক বা জন্তু।
**কৈকেয়ী** — ভরতের মাতা।
**কৈটভ** — দৈত্য বিঃ (বিষ্ণু কর্তৃক নিহত)
**কৈতব** — কপটতা, ছল। জুয়াখেলা।
**কৈন্দ্রিক** (কেন্দ্র দেখ)
**কৈফিয়ত** [ আ ] কারণপ্রদর্শন, জবাবদিহি ('— দেওয়া')। জমাখরচের বাকি ('— কাটা')
**কৈবর্ত** — হিন্দু জাতি বিঃ। জেলে।
**কৈরব** — কুমুদ।
**কৈবল্য** — (দর্শনে) পরমাত্মার অসংগ অবস্থা। প্রকৃতির প্রভাব হইতে মুক্তি। ব্রহ্মত্ব বা মোক্ষ লাভ।
**কৈলাস** — হিমালয়ের উত্তরস্থ পর্বত বিঃ। শিবের বাসস্থান। ( § কৈলাস)
**কৈশিক** — কেশতুল্য। সূক্ষ্ম নলাকার, capillary. কেশ সম্বন্ধীয়।
**কৈশোর** — কিশোর অবস্থা।
**-কো** ( -ক দেখ)
**কোঁ, কোঁকোঁ, কোঁক্** ] অনুকারশব্দ ('খিদেয় পেট কোঁকোঁ। লাথি খেয়ে কোঁক্ করা')
**কোক ১** [ ই ] অল্প পোড়ানো পাথুরে কয়লা।
**কোক ২** — চক্রবাক, চখা।
**"কোঁক, কোঁখ"** ] < কুক্ষি, উদর, জঠর গর্ভ।
**কোঁকড়া** ] কুঞ্চিত ('— চুল')। ... **কোঁকড়ানো, কুঁকড়নো** [ √ কোঁক্ড়া-২০ ] কুঞ্চিত করা বা হওয়া। কোঁচকানো। ণ. কুঞ্চিত, কোঁকড়া।
**কোকনদ** — রক্তপদ্ম। লাল শালুক।
**কোকিল** — সুকণ্ঠ পাখি বিঃ, পরভৃত, পিক। ... স্ত্রী. **কোকিলা।**
**কোকেন** [ ই ] মাদক দ্রব্য ও ঔষধ বিঃ।
**কোঙর, কোঁয়র** ] [ < কুমার ] — পুত্র।
**কোঙা** ] বক্রপৃষ্ঠ, কুঁজো।
**কোঙ্কণ**—মহারাষ্ট্রের অন্তর্গত প্রদেশ বিঃ।
**কোচ, কোঁচ** ] কুচবিহারের আদিম অধিবাসী। ধীবর জাতি বিঃ। (কেঁচা দেখ)
**কোঁচ** ] < ক্রৌঞ্চ — একশ্রেণীর জলচর পক্ষী।
**কোঁচকা** ] কুঞ্চিত। বলিরেখান্বিত। ('— চামড়া')। ... **কোঁচকানো, কুঁচকনো** [ √ কোঁচ্কা-২০। < কুন্চ্ ] কোঁকড়ানো, কুঞ্চিত করা বা হওয়া।
**কোঁচড়** ] কোঁচার বা ক্রোড়ের কাপড়ের আধার। কোল।
**কোচমান, "কোচোয়ান"** [ ই. coachman] ঘোড়ার গাড়ির চালক।
**কোঁচা** ] পরিহিত বস্ত্রের সম্মুখের কোঁচানো ঝোলা অংশ। ... **কোঁচানো** [ √ কোঁচা-১৫। < কুন্চ্ ] কুঞ্চিত করিয়া ভাঁজ করা। ণ. কোঁচাইয়া প্রস্তুত।
**কোজাগর** (মূঃ কে জাগ্রত ?) — শারদীয় পূর্ণিমারাত্রি যাহাতে লক্ষ্মীপূজা হয়।
**কোট ১** [ < কোট্ট ] দুর্গ। অধিকার, আয়ত্তি ('নিজের কোটে পাওয়া')। জিদ, প্রতিজ্ঞা ('— বজায় রাখা')

**কোট ২** [ ই ] জামা বিঃ।

**"কোটনা"** ] গুপ্ত প্রণয়াদি কুকর্মের দূত বা মধ্যস্থ ব্যক্তি। স্ত্রী. **"কুটনী"** ]। ... ষ্য. **"কোটনামি"** ]

**কোটর** — গাছের গুঁড়ির গর্ত, খোঁড়ল। গহ্বর ('চোখের —')। ছোট ঘর, খোপ।

**কোটা** (কুটা বিরল [√কুট্-১০। <কুট্ট ] টুকরা করা ('তরকারি, মাছ—')। ছেঁচা (হলুদ, মাথা —')। ছেনি দিয়া ঠুকিয়া কর্কশ করা ('শিল —')। ণ. কর্তিত। ... **কুটানো / কুটনো, কোটানো** [√কুটা-১৪] কাটানো। ছেঁচানো। ছেনি ঠোকানো।

**কোটাল, কোতোয়াল** [ < কোষ্ঠপাল, কোট- ] নগররক্ষক। প্রহরী।

**কোটাল** ] — নদীর জোয়ার বা জলোচ্ছ্বাস। (কটাল দেখ)

**কোটী, -টী** — শত লক্ষ, ক্রোর। ধনুর প্রান্ত যেখানে জ্যা সংলগ্ন থাকে। ধার, প্রান্ত। পরাকাষ্ঠা। শ্রেণী, কোঠা। তর্কের এক পক্ষ। ... **কোটিপতি** — ধনকুবের।

**কোট্ট** — দুর্গ। ... **কোট্টপাল** — দুর্গাধ্যক্ষ; কিল্লাদার।

**কোঠা** [ <কোষ্ঠ ] পাকা ঘর, অট্টালিকা ('-বাড়ি')। বাড়ি ('মাট-')। শ্রেণী ('ত্রিশের কোঠায় পড়েছে')। ... **কোঠি** ] কুঠি (দেখ)

**কোঁড়** ] বাঁশ বেত ইঃর অঙ্কুর।

**কোড়া** ] চাবুক, কশা।

**কোণ** — দুই পার্শ্বের মিলনস্থান ('ঘরের, কাপড়ের —')। সূক্ষ্ম প্রান্ত ('নয়ন-। নখের —')। দুই রেখার মিলনস্থান। বাড়ির ভিতর ('দিনরাত কোণে ব'সে আছে')। (ঃ কুনো)। ... **কোণাকোণি** — **কোনাকুনি** ] এক কোণ হইতে বিপরীত কোণ পর্যন্ত। **কোণঘেঁষা** ] — অমিশুক, লাজুক, নির্জনবাসী। ... **কোণঠাসা** ] সংকীর্ণ গন্ডীর মধ্যে আবদ্ধ।

**কোঁত, -থ** ] মলাদি ত্যাগের বেগ বা চেষ্টা ('— দেওয়া')। কাতরানি ('— পাড়া')

**কোঁতকা** [ তু. কুৎকা ] মোটা লাঠি।

**কোতরা** ] মাত গড়ু।

**কোতল** ( কতল দেখ )

**কোঁতানো, কোঁথানো** [ √কোঁতা, -থা-১৫। <কুন্থ ] কোঁত দেওয়া। কাতরানো।

**কোতোয়াল** (কোটাল দেখ)। ... **কোতোয়ালি** ] কোতোয়ালের কর্ম বা স্থান।

**কোথা, কোথায়** [ <কুত্র ] কোন্ স্থানে। বৈপরীত্যের জন্য খেদে বা বিস্ময়ে ('—রাম রাজা হবেন, না বনবাস')। ... **কোথাকার** ] কোন্ স্থানের। ভর্ৎসনায় ('দুষ্টু —')

**কোদণ্ড** — ধনু।

**কোঁদল** (কোন্দল দেখ)

**কোদলানো** [ √কোদ্‌লা-২০ ] কোদাল দিয়া মাটি কোপানো।

**কোঁদা ১, কোদা** (কুঁদা, কুদা বিরল) [ √কুঁদ্, কুদ্-১০। <কুর্দ ] লাফানো ('নাচা-')। ... ষ্য. **কুঁদন, কু- / কোঁ-, কো** ]

**কোঁদা২** [ কুঁদ্-১০ ] কুঁদ যন্ত্রে ঘুরাইয়া কাটা, খরাদ করা। কাটিয়া গঠন করা ('পাথর —')। **ণ.** কুঁদিয়া গঠিত। ... ষ্য. **কুঁদন** ]

**কোদাল** ] < কুদ্দাল, মাটি কাটিবার অস্ত্র বিঃ। ('— দেওয়া, পাড়া')

**কোন্, কোন** [ < কঃ পুনঃ ] কে, কি (প্রশ্নে। '—লোক, স্থান, কাজ')। কোনও ('— দিন শুনব সে পালিয়েছে' ]।

কেন না, কই ('তুমি — আমায় বললে')। কিসে, কি ('তুমিই — কম')। কেন ('সবাই যখন আসবে সে-ই — না আসবে')

**কোনও, কোন**] অনির্দিষ্ট ব্যক্তি বস্তু বা বিষয় ('— লোক, জন্তু, জিনিস, কাজ, দিন, চিন্তা। কোনও কোনও')। যে-কোনও ('কোনটাই ঠিক নয়। কোনও কাজের নয়')

**কোনা**] < কোণ। ... **-কোনা**] কোণ-বিশিষ্ট ('চার-')। ... **কোনাকুনি** (কোণ দেখ)

**কোনাচ**] কোণের দিক্ বা অংশ।

**কোন্দল / কোঁদল** [< কন্দল] কলহ। (§ কুঁদুলী, -লে)

**কোপ ১** — ক্রোধ, রোষ, রাগ। (§ কুপিত, কোপিত)। ... **কোপন** — ক্রোধপ্রবণ, রাগী ('-স্বভাব')। ... স্ত্রী. **কোপনা।**

**কোপ ২**] ধারাল ভারী অস্ত্রের আঘাত, চোট ('— মারা, লাগানো')

**কোপা**] ছাদ ইঃ পিটিবার কাঠের মুষল। **কোপানো** [√ কোপা — ১৫] কোপ মারিয়া কাটা ['মাটি, কাঠ —']

**কোপি** (কপি ৩ দেখ)

**কোপিত** — যাহাকে রাগানো হইয়াছে।

**কোপ্তা** [ফা. কোফ্তাহ্] পেষা মাংস বা মাছের ভাজা গুলি।

**কোবালা** (আ) — কবালা দেখ।

**কোবিদ** — পণ্ডিত, পারদর্শী। দক্ষ।

**কোবিদার** — কাঞ্চনফুল।

**কোমর** [ফা. কমর] কটি, মাজা। ... **কোমরপাটা** — মেখলা বিঃ। ... **কোমর-বন্ধ**] কটিবন্ধ, পরিকর।

**কোমল** — নরম, অকঠিন ('— পল্লব, শয্যা, হৃদয়। কোমলাঙ্গ, কোমলাঙ্গী')। মৃদু ('— আলোক')। ললিত, সুকুমার, মধুর ('— কণ্ঠ, গন্ধ, মলয়সমীর')। নরম সুর ('কড়ি ও —') ... ষ্য. **-তা, -ত্ব।**

**কোম্পানি, কম্পানি** [ই] যৌথ ব্যবসায়। ইংরেজ গভর্নমেণ্ট (প্রাঅপ্রঃ)। ... **কোম্পানির কাগজ**] সরকার কর্তৃক গৃহীত ঋণের স্বীকারপত্র।

**কোয়া**] < কোষ ('কাঁটালের, রেশমের—')

**কোঁয়া**] কুব্জদেহ।

**কোঁয়াজ্বর** — বাতশিরার জ্বর।

**কোয়েলা**] — কোকিল।

**কোর**] — বক্রতা, বাঁক।

**কোরক** — কলিকা, মুকুল, কুঁড়ি।

**কোরফা** [ফা] অন্য প্রজার নিকট জমি লইয়া যে চাষ করে ('— প্রজা')

**কোরবানি** [আ. কুর-] মুসলমানধর্ম-বিহিত পশুবলি।

**কোরা ১**] আধোয়া, মাড়যুক্ত ('— কাপড়')। নূতন, অব্যবহৃত, আনকোরা।

**কোরা ২** [√ কুর্-১০] কুরুনি দিয়া চাঁচা। **গ.** কুরিয়া প্রস্তুত ('নারিকেল-')

**কোরান** [আ. কুর্আন] মুসলমানধর্মের মূলগ্রন্থ।

**কোর্তা** [তু. কুর্তা] ছোট জামা বিঃ। (খুব ছোট — কুর্তি])

**কোর্মা** [তু] মাংস বা মাছের কালিয়া বিঃ।

**কোল ১**] < ক্রোড়, অঙ্ক, ('কোলে করা, নেওয়া'। '— দেওয়া' — আলিঙ্গন করা। '— পাওয়া' — মাতার আদর 'পাওয়া)। ... **কোল-আঁধার**] নিজের ছায়ার জন্য সম্মুখে অন্ধকার। ... **কোলকুঁজো**] — কোমর যাহার বাঁকিয়া কুঁজো হইয়াছে।

**কোলজোড়া**] — মায়ের আদরের ধন। ...

**কোলঝাড়া, কোলপোঁছা**] — শেষ গর্ভজাত সন্তান। ...

**কোলশরা**] — মঙ্গলাচারে ব্যবহৃত জোড়া শরা লাল সুতা দিয়া বাঁধা।

**কোল ২ ]** ভারতীয় আদিম জাতি বিঃ।

**কোলম্বক** — তন্ত্রী ভিন্ন বীণার সমগ্র অবয়ব।

**কোলাকুলি ]** আলিঙ্গন।

**কোলা ব্যাং ]** মোটা বড় ব্যাং বিঃ।

**কোলাহল** — অনেক লোকের উচ্চরব, গোলমাল।

**কোলি, কোলী** — কুল, বদরী।

**কোশ ১** (কোষ দেখ)

**কোশ ২ ]** <ক্রোশ (দেখ)

**কোশল** (-স-বিরল) — প্রাচীন অযোধ্যা-রাজ্য। প্রাচীন কয়েকটি রাজ্য ('উত্তর-, দক্ষিণ-, মহা-')। (§ কৌশল্যা)

**কোষ, কোশ** — ভাণ্ডার ('রাজ-')। ধন-রাশি। আবরণ, আধার, থলি ('বীজ-, অণ্ড-')। খাপ (খড়্গ)-')। অভিধানগ্রন্থ ('শব্দ-')। কোয়া ('কাঁঠালের —')। রেশমের গুটি। কুঁড়ি ('পদ্ম-')। (জীববিদ্যায়) জীবদেহের সূক্ষ্ম অংশ বিঃ, cell. (§ কৌষেয়)। ... **কোষকাব্য** — কবিতাবলী, বিভিন্ন কবিতাযুক্ত কাব্য-গ্রন্থ। ... **কোষকার** — অভিধান। ... **কোষবৃদ্ধি** — কুরণ্ডরোগ।

**কোষা, -শা** [ < কোষক ] পূজার জন্য নৌকাকৃতি বাসন বিঃ।

**কোষী, -শী** — কুষি (দেখ)

**কোষাধ্যক্ষ** — ধনরক্ষক, treasurer. খাজাঞ্চী।

**কোষ্টা ]** পাট।

**কোষ্ঠ** — গৃহ, ঘর, প্রকোষ্ঠ। মলাশয়। শস্যশালা, গোলা। ... **কোষ্ঠবদ্ধতা** — দাস্ত পরিষ্কার না হওয়া। ... **কোষ্ঠ-শুদ্ধি** — দাস্ত পরিষ্কার হওয়া।

**কোষ্ঠী** — জন্মপত্রিকা যাহাদ্বারা জীবনের শুভাশুভ নিরূপণ করা যায়। ... **কোষ্ঠীবিচার** — কোষ্ঠীর ফল নির্ণয়।

**কোষ্ণ** — ঈষদুষ্ণ, কবোষ্ণ।

**কোহল** — প্রাচীন মদ্য বিঃ। সুরাসার (তুঃ আরবী আলকোহল)

**কোহিনুর** [ ফা. কোহ্ = পর্বত। আ. নূর = আলোক ] বিখ্যাত হীরক বিঃ।

**কৌচ** [ ই ] গদি দেওয়া বড় আরাম-কেদারা। পালঙ্ক।

**কৌটা / কৌটো ]** ঢাকনিওয়ালা ছোট পাত্র, পুট।

**কৌটিল্য** — কুটিলতা, ক্রূরতা। বক্রতা। চাণক্য, অর্থশাস্ত্ররচয়িতা।

**কৌটুম্ব** — কুটুম্ব সম্বন্ধীয়।

**কৌড়ি** (কড়ি ১ দেখ)

**কৌণিক** — কোণ সম্বন্ধীয়।

**কৌণী** — এক বর্গহস্তপরিমাণ।

**কৌতুক** — আমোদ, মজা। রহস্য, পরিহাস, তামাশা, ঠাট্টা। কৌতূহল, ঔৎসুক্য। ... **কৌতুকাবহ** — কৌতূহলজনক, মজার। ... **কৌতুকী** (-কিন্) — আমুদে, রহস্যপ্রিয়। কুতূহলী, উৎসুক।

**কৌতূহল** — কুতূহল, ঔৎসুক্য, জানিবার আগ্রহ ('-পরবশ। কৌতূহলোদ্দীপক')

**কৌন্তেয়** — কুন্তিপুত্র, যুধিষ্ঠির ভীম অর্জুন।

**কৌন্সিলী, কৌঁসিলী** [ ই. counsel ] ব্যারিস্টার, বড় উকিল।

**কৌপ** — কূপ সম্বন্ধীয়।

**কৌপীন** — কপনি, ল্যাঙোট।

**কৌমার** — কুমার অবস্থা। বাল্যকাল (কুমার ১ দেখ। অবিবাহিত অবস্থা। ... **কৌমারভৃত্য** — (আয়ুর্বেদে) শিশুর চিকিৎসা ও পরিচর্যা।

**কৌমার্য** — অনূঢ় অবস্থা।

**কৌমুদী** — জ্যোৎস্না, চন্দ্রিকা। কার্তিক-পূর্ণিমা।

**কৌমোদকী** — বিষ্ণুর গদা।

**কৌরব** — কুরুবংশীয়। ধৃতরাষ্ট্রের পুত্রগণ।
**কৌল** — ষ্য. তান্ত্রিক বামাচার। ণ. বামাচারী তান্ত্রিক। কৌলিক। কুলীন।
**কৌলাচারী** — তান্ত্রিক সাধক।
**কৌলিক** — কুল সম্বন্ধীয়। বংশপরম্পরাগত। কুলপ্রথানুযায়ী।
**কৌলীন্য** — কুলীনত্ব, কুলমর্যাদা। ... **কৌলীন্যপ্রথা** — কতকগুলি বংশকে সৎকুল বলিয়া নির্দেশ করার প্রথা বল্লালসেন কর্তৃক প্রবর্তিত।
**কৌশল** — কুশলতা, দক্ষতা, সাধনপ্রণালী ('কর্ম-, কলা-')। ফন্দি, চাতুর্য ('কৌশলে টাকা আদায়')
**কৌশলী** — যাহার ফন্দী ফিকির জানা আছে। সুচতুর।
**কৌশল্যা** (-স- বিরল) — রামের জননী।
**কৌশাম্বী** — প্রাচীন নগরী বিঃ, বৎসরাজের উদয়নের রাজধানী (প্রয়াগের নিকট)
**কৌশিক** — বিশ্বামিত্র, কুশিকের পুত্র।
**কৌষেয়, কৌশেয়** — রেশমী।
**কৌসুম্ভ** — কুসুম্ভপুষ্পের বর্ণে রঞ্জিত।
**কৌস্তুভ** — পুরাণোক্ত মণি বিঃ, কৃষ্ণের ভূষণ।
**ক্যাঁক** ] অনুকারশব্দ ('লাথি খেয়ে কুকুর—করলে')
**ক্যাঁচ** ] অনুকারশব্দ ('— ক'রে কাটা। চাকার ক্যাঁচক্যাঁচানি')। ... **ক্যাঁচর ক্যাঁচর** ] ('আধসিদ্ধ তরকারি মুখে — করে')
**ক্যাঁটক্যাঁট** ] বার বার বিঁধিবার শব্দ। ... **"ক্যাঁটকে'টে"** ] কর্কশ ও স্পষ্ট ('— কথা')
**ক্যাঁত** ] লাথি মারার শব্দ।
**ক্যাম্বিস** [ ই. canvas ] মোটা মজবুত কাপড় বিঃ। (কেম্বিস দেখ)
**ক্যামেরা** (ই) — ফোটো তোলার যন্ত্র।
**ক্রকচ** — করাত।
**ক্রতু** — যজ্ঞ।
**ক্রন্দন** — কান্না, রোদন। ... ণ. **ক্রন্দিত।**
**ক্রন্দসী** — (মুঃ যাহা বর্ষণ করে) আকাশ। আকাশ ও পৃথিবী।
**ক্রব্য** — মাংস। ... **ক্রব্যাদ** — মাংসাশী প্রাণী। রাক্ষস।
**ক্রম** — অনুক্রম, পরম্পরা ('ক্রমে ক্রমে')। পদ্ধতি, প্রণালী ('নির্মাণ-')। অনুসরণ ('উপদেশক্রমে')। পদক্ষেপ। অতিক্রম ('কালক্রমে')। (§ ক্রমিক)
**ক্রমণ** — পাদক্ষেপ, পায়চারি। গমন।
**ক্রমনিম্ন** — ঢালু, গড়ানে।
**ক্রমবিকাশ** — ক্রমশঃ বিকাশ। অভিব্যক্তি।
**ক্রমভঙ্গ** — পরম্পরায় বিচ্ছেদ।
**ক্রমমাণ** — ইতস্ততঃ গমনশীল।
**ক্রমশঃ** (-শস্) — **ক্রমশ** ] ক্রমে ক্রমে।
**ক্রমাগত** — ধারাবাহিক। অবিশ্রান্ত।
**ক্রমান্বয়** — ধারাবাহিকতা। ... **ক্রমান্বয়ে** — পর পর।
**ক্রমাগত** — পরম্পরাগত।
**ক্রমিক** — ধারাবাহিক। ক্রমশঃ ঘটিত।
**ক্রমেলক** — উষ্ট্র।
**ক্রয়** — কেনা, খরিদ। (§ ক্রীত, ক্রেতব্য, ক্রেতা, ক্রেয়)। ... **ক্রয্য** — কিনিবার যোগ্য।
**ক্রান্ত** — আক্রান্ত। ব্যাপ্ত। ... **ক্রান্তদর্শী** (-র্শিন্) — সর্বদর্শী, সর্বজ্ঞ।
**ক্রান্তি** — সংক্রমণ। এক কড়ার তৃতীয়াংশ। বিষুবলম্ব (দেখ)। আক্রমণ। গতি। দশান্তরপ্রাপ্তি। ... **ক্রান্তিপাত**—বিষুববৃত্ত ও ক্রান্তিবৃত্তের পরস্পর ছেদনবিন্দু, equinoctial points. ... **ক্রান্তিবৃত্ত**—পৃথিবীর বার্ষিক ভ্রমণকক্ষ,

ecliptic.

**ক্রিকেট** (ই) — ব্যাট-বল খেলা।

**ক্রিমি** (কৃমি দেখ)

**ক্রিয়মাণ** — যাহা করা হইতেছে।

**ক্রিয়া** — কর্ম ('হস্তের, মনের, ঔষধের —')। অনুষ্ঠান, সংস্কার ('শ্রাদ্ধ-, অন্ত্যেষ্টি-')। (ব্যাকরণে) হওয়া যাওয়া করা ইঃ সূচক পদ। ... **ক্রিয়াকর্ম** — শাস্ত্রীয় বা সামাজিক অনুষ্ঠান, পূজো-পার্বণ বিবাহ শ্রাদ্ধ ইঃ। ... **ক্রিয়াকলাপ, -কান্ড** — অনুষ্ঠানসমূহ। কার্যাবলী। ...**ক্রিয়াবিশেষণ**—(ব্যাকরণে) adverb. ... **ক্রিয়াশীল** — কর্মপরায়ণ। ... **ক্রিয়াসক্ত** — কর্মে অনুরক্ত। শাস্ত্রীয় অনুষ্ঠানে আসক্ত। ... **ক্রিয়াসিদ্ধ** — কাজ করিতে করিতে যে দক্ষতালাভ করিয়াছে।

**ক্রীড়ক** — যে খেলা করে বা খেলা দেখায়।

**ক্রীড়ন** — ক্রীড়া, খেলা। ... **ক্রীড়নক** — খেলনা। ... **ক্রীড়নীয়**—খেলিবার যোগ্য। ... **ক্রীড়মান** — যে খেলিতেছে।

**ক্রীড়া** — খেলা। তামাশা, কৌতুকাবহ অনুষ্ঠান ('মল্ল-')। ... **ক্রীড়াকন্দুক** — খেলিবার ভাঁটা। ... **ক্রীড়াকৌ** খেলা ও আমোদপ্রমোদ। ... **ক্রীড়াচ্ছলে** — আমোদ করিয়া।

**ক্রীত** — যাহা কেনা হইয়াছে। ... **ক্রীতদাস** — কেনা গোলাম।

**ক্রীতক** — ক্রীতদাস।

**ক্রীশ্চান** [ ই. Christian ] খ্রীষ্টান।

**ক্রুদ্ধ** — রুষ্ট, ক্রোধান্বিত।

**ক্রুশ** — ইহুদীদের দেশে যে কাষ্ঠদণ্ডে অপরাধীকে বিঁধিয়া মারা হইত। খ্রীষ্ট-ধর্মের প্রতীক।

**ক্রুর** — নির্দয়, হিংসক। ... ষ্য. **-তা, ক্রৌর্য**। ... **ক্রুরকর্মা** (-র্মন্) — যে নৃশংস কর্ম করে।

**ক্রেংকার** (কেংকার দেখ)

**ক্রেতব্য** — ক্রেয় (দেখ)

**ক্রেতা** (-তৃ) — খরিদদার। ... স্ত্রী. **ক্রেত্রী**।

**ক্রেয়** — ক্রয়যোগ্য, যাহা কিনিতে হইবে, ক্রেতব্য।

**ক্রোক** [ তু. কুর্ক্ ] সম্পত্তি আটক।

**ক্রোটন** (ই) — পাতাবাহার গাছ বিঃ।

**ক্রোড়** — কোল, অঙ্ক, উৎসঙ্গ। (ক্রোর দেখ)। ... **ক্রোড়পত্র** — যে পত্র আলাদা ছাপিয়া পুস্তকাদির ভিতরে দেওয়া হয়।

**ক্রোধ**—কোপ, রোষ, রাগ, গোসা। (§ ক্রুদ্ধ)। ... **ক্রোধন**—ক্রোধপ্রবণ। ... **ক্রোধান্বিত**—ক্রুদ্ধ। ... **ক্রোধী** (-ধিন্) — যে অল্পে ক্রুদ্ধ হয়, রাগী।

**ক্রোধাগার** — গোসাঘর, প্রাচীনকালে ক্রুদ্ধা নারীর আশ্রয়ের জন্য গৃহ।

**ক্রোর, -ড়** ] কোটি, শত লক্ষ। ... **ক্রোর-পতি** ] কোটি টাকার মালিক। মহাধনী।

**ক্রোশ** — কোশ, দূরত্বের পরিমাণ বিঃ, ৪০০০ গজ, দুই মাইলের কিছু বেশী। আক্রোশ।

**ক্রৌঞ্চ**—কোঁচ বক। পুরাণোক্ত সপ্তদ্বীপের এক।

**ক্রৌর্য** — ক্রুরতা।

**ক্লম** — ক্লান্তি ('গত-')

**ক্লান্ত** — পরিশ্রান্ত। অবসন্ন। ... **ক্লান্তি** — পরিশ্রান্তি। অবসাদ।

**ক্লাব** [ ই ] আমোদপ্রমোদ বা কোনও বিষয় চর্চা করিবার জন্য সংঘ, গোষ্ঠী, সমিতি।

**ক্লাস** [ ই ] শ্রেণী (বিদ্যালয়ের, রেলগাড়ির

**ক্লিন্ন** — ক্লেদযুক্ত। আর্দ্র। ষ্য. **-তা**।

**ক্লিশিত**—ক্লেশপ্রাপ্ত, **ক্লিষ্ট**।

**ক্লিশ্যমান** — যে ক্লেশ পাইতেছে।

**ক্লিষ্ট** — ক্লেশপ্রাপ্ত।

**ক্লীব** — নপুংসক। পুরুষত্বহীন, অক্ষম, কাপুরুষ। ... ষ্য. **-তা, -ত্ব, ক্লৈব্য।** ... **ক্লীবলিঙ্গ**—(ব্যাকরণে) যে শব্দ পুরুষ বা স্ত্রী বাচক নয়।

**ক্লেদ** — তরল ময়লা। ময়লা। আর্দ্রতা। (§ ক্লিন্ন)। ... **ক্লেদাক্ত, ক্লেদিত** — ক্লেদযুক্ত।

**ক্লেশ** — কষ্ট, যন্ত্রণা, দুঃখ ('শারীরিক, মানসিক —')। (§ ক্লিশিত, ক্লিশ্যমান, ক্লিষ্ট)

**ক্লৈব্য** — ক্লীবতা। পুরুষকারের অভাব। (ক্লীব দেখ)

**ক্লোম** (-মন্) — ফুসফুস।

**ক্বচিৎ** — কুত্রাপি, কোথাও।

**ক্বণ** — নিক্বণ, বীণা ঘণ্টা ইঃর শব্দ। ... **ক্বণন**—ধ্বনিত বা ঝংকৃত করণ। ... ণ. **ক্বণিত।**

**ক্বাথ, ক্বথ**—সিদ্ধ করিয়া প্রস্তুত নির্যাস। ঘন নির্যাস, মাড়ি।

**ক্ষওয়া** (খওয়া দেখ)

**ক্ষণ**—কালের অংশ বিঃ, ৪ মিনিট। সময় ('বহু-')। মুহূর্ত ('তৎ-, শুভ-')। অল্পকাল ('-কাল, -বিলম্ব, -মাত্র, -স্থায়ী')। ... **ক্ষণজন্মা** (-ন্মন্) — যে শুভক্ষণে জন্মিয়াছে, ভাগ্যবান্। ... **ক্ষণদা** — রাত্রি। ... **ক্ষণপ্রভা** — বিদ্যুৎ। **ক্ষণবিধ্বংসী** — যাহার স্থায়িত্ব ক্ষণকালীন। ... **ক্ষণভঙ্গুর** — যাহা অল্প কাল পরে নষ্ট হয়। ... **ক্ষণস্থায়ী** — ক্ষণিক।

**ক্ষণিক** — ক্ষণস্থায়ী। ... ষ্য. **-তা।**

**ক্ষণেক** [ <ক্ষণৈক ] ক্ষণমাত্র, অল্প ক্ষণ।

**ক্ষত** — ষ্য. ঘা। কর্তিত বা ছিন্ন স্থান। ণ. আঘাতদ্বারা ছিন্ন, বিক্ষত। ... **ক্ষতবিক্ষত**—আঘাতজন্য বহুস্থানে ক্ষতযুক্ত।

**ক্ষতি**—হানি, অনিষ্ট। লোকসান, অর্থনাশ। ক্ষয়। ... **ক্ষতিগ্রস্ত** — যাহার ক্ষতি হইয়াছে। ... **ক্ষতিপূরণ** — ক্ষতির জন্য মূল্যদান, খেসারত। ... **ক্ষতিবৃদ্ধি** — লোকসান বা লাভ।

**ক্ষত্তা** (ক্ষত্তৃ)—দাসীপুত্র, বিদুর। সারথি। দ্বারপাল।

**ক্ষত্রিয়, ক্ষত্র** — চতুর্বর্ণের দ্বিতীয়। জাতি বিঃ, ক্ষেত্রী, ছত্রী। (§ ক্ষাত্র)। ... স্ত্রী. **ক্ষত্রিয়া, -য়াণী।** ... **ক্ষত্রধর্ম** — ক্ষত্রিয়ের বিহিত ধর্ম (যুদ্ধ রাজ্যরক্ষাদি)

**ক্ষন্তব্য** — ক্ষমার্হ, মার্জনীয়।

**ক্ষপণক** — প্রাচীন বৌদ্ধ সন্ন্যাসী বিঃ।

**ক্ষপা** — রাত্রি। ... **ক্ষপাট, ক্ষপাচর** — নিশাচর, রাক্ষস।

**ক্ষম**—ক্ষমতাশালী, দক্ষ ('কার্য-, পঠন-')

**ক্ষমতা** — শক্তি, সামর্থ্য, যোগ্যতা, পটুতা। প্রভাব। ('-পন্ন, -বান্, -শালী')

**ক্ষমা** — দোষমার্জনা ('— করা, চাওয়া। —বান্, -শীল')। সহিষ্ণুতা। ('ক্ষমা দেওয়া' — ক্ষান্ত হওয়া)। (পদ্যে ক্রি. 'ক্ষমিল')। ... **ক্ষমাপণ** — ক্ষমাপ্রার্থনা। ... **ক্ষমী** (-মিন্) — ক্ষমাশীল। ... **ক্ষম্য** — মার্জনীয়, ক্ষন্তব্য।

**ক্ষয়** — হ্রাস, ক্রমে কমিয়া যাওয়া, ক্ষীণ হওয়া ('চন্দ্রকলার—। অর্থ-, দেহ-')। নিত্যব্যবহার ঘর্ষণ ইঃর জন্য জীর্ণ হওয়া ('প্রস্তরের —')। ক্ষয়কাশ রোগ, যক্ষ্মা। ধ্বংস, নাশ (শত্রু-')। অন্ত, অবসান। ('— করা, পাওয়া, হওয়া')। ... **ক্ষয়িত**—ক্ষয়প্রাপ্ত। ... **ক্ষয়ী** (-য়িন্) — ক্ষয়শীল।

**ক্ষয়া-ক্ষয়া** ] — রোগা, পাতলা, ক্ষীয়মাণ (— চেহারা)

**ক্ষর**—যাহা ক্ষরিত হয়। নশ্বর।

**ক্ষরণ** — নিঃসরণ, স্রবণ। চুয়ানো, বিন্দু বিন্দু করিয়া বাহির হওয়া। ... ণ. **ক্ষরিত**।

**ক্ষাত্র** — ক্ষত্রিয় সম্বন্ধীয় ('-ধর্ম')

**ক্ষান্ত** — নিবৃত্ত, নিরস্ত। ('— করা, হওয়া') সহিষ্ণু, ক্ষমাবান্। (বাং) নিবৃত্তি ('— দেওয়া')। ... **ক্ষান্তি** — নিবৃত্তি, বিরতি। **ক্ষমা**। **সহিষ্ণুতা**, তিতিক্ষা।

**ক্ষাম** — দুর্বল, **কৃশ**, **ক্ষীণ**।

**ক্ষার**—alkali, সাজিমাটি সোডা চুন ইঃ। ... **ক্ষারমৃত্তিকা**, **ক্ষারভূমি**—লোনা জমি।

**ক্ষালন** — প্রক্ষালন, ধোয়া। মোচন ('দোষ-') ... ণ. **ক্ষালিত**।

**ক্ষিতি**—পৃথিবী। ... **ক্ষিতিজ**—ভূমিজাত। দিগন্ত, horizon. ... **ক্ষিতিধর**, **-ভৃৎ** — পর্বত। ... **ক্ষিতিপ**, **-পতি**, **ক্ষিতীশ** — রাজা।

**ক্ষিপ্ত** — নিক্ষিপ্ত। বিক্ষিপ্ত, বিকীর্ণ। ক্ষেপা, উন্মত্ত, পাগল।

**ক্ষিপ্যমাণ**—যাহা ক্ষেপণ করা হইতেছে।

**ক্ষিপ্র**—শীঘ্র, দ্রুত। ... **ক্ষিপ্রকারী** (-রিন্) — যে শীঘ্র কর্ম সম্পাদন করে, চটপটে। ... ষ্য. **-কারিতা**।

**ক্ষীণ** — শীর্ণ, কৃশ, রোগা। সরু ('-কটি, -মধ্যা')। ক্ষয়িত। অত্যল্প। ... ষ্য. **-তা**। ... **ক্ষীণজীবী** (-বিন্)—অল্পপ্রাণ, যাহার জীবনীশক্তি কম।

**ক্ষীয়মাণ** — যাহার ক্ষয় হইতেছে।

**ক্ষীর** — দুগ্ধ। (বাং) ঘন দুগ্ধ। (§ ক্ষৈরেয়। ... **ক্ষীরমোহন** — ক্ষীরের পুর দেওয়া চেপটা রসগোল্লা। ... **ক্ষীর-সমুদ্র** — পুরাণোক্ত সমুদ্র বিঃ, যাহাতে বিষ্ণু অনন্তশয্যায় থাকেন।

**ক্ষীরিকা** — শসা, ক্ষীরা।

**ক্ষীরোদ** — ক্ষীরসমুদ্র (দেখ)

**ক্ষুণ্ণ** — আশাভঙ্গ বা অপরের অপ্রত্যাশিত ব্যবহারের জন্য দুঃখিত, **ক্ষুব্ধ**, ব্যথিত। অপূর্ণ, ত্রুটিযুক্ত, খর্ব, ব্যাহত ('গৌরব, প্রতিষ্ঠা — হওয়া')

**ক্ষুৎ** (ক্ষুধ্) — ক্ষুধা ('ক্ষুৎপিপাসা')

**ক্ষুদ** — তণ্ডুলকণা (খুদ দেখ)।

**ক্ষুদকুঁড়া**]—মার্জিত চাউল ও অমার্জিত চাউলের মিশ্রিত গুঁড়া। অতিতুচ্ছ দরিদ্রভোগ্য খাদ্য।

**ক্ষুদে**] — ছোট, ক্ষুদ্র [— পিঁপড়ে]

**ক্ষুদ্র** — ছোট ('-কায়')। হ্রস্ব, খর্ব। নীচ, অনুদার ('— মন')। মৌমাছি। (§ ক্ষৌদ্র)। ... **ক্ষুদ্রচেতা** [ < তাঃ (-তস্)], **ক্ষুদ্রাশয়** — নীচমনা।

**ক্ষুদ্রক** — তোলা পরিমাণ। প্রাচীন ভারতের দেশ বিঃ।

ক্ষুদ্রা — মৌমাছি।

ক্ষুধা — খাইবার ইচ্ছা, বুভুক্ষা, খিদে। ইচ্ছা, লালসা। ... **ক্ষুধামান্দ্য** — ক্ষুধার অল্পতা ... **ক্ষুধার্ত**, **ক্ষুধাতুর** — ক্ষুধায় কাতর। ... **ক্ষুধিত** — যাহার ক্ষুধা পাইয়াছে।

**ক্ষুন্নিবৃত্তি** — ক্ষুধার শান্তি, ভোজন।

ক্ষুপ — ক্ষুদ্রশাখ বৃক্ষ, একশ্রেণীর গুল্ম। bush, shrub.

**ক্ষুব্ধ** — বিচলিত, ব্যাকুল। **ক্ষুণ্ণ**, **দুঃখিত**। ক্ষুভিত, আলোড়িত।

**ক্ষুভিত** — আলোড়িত।

**ক্ষুমা** — তিশি, মসিনা ইত্যাদির **তন্তু**, ক্ষুঁয়া।

**ক্ষুর** — ক্ষৌর বা কেশমুণ্ডনের **অস্ত্র**। খুর (দেখ)। (§ ক্ষৌর)। ... **ক্ষুরধার** — ক্ষুরের তুল্য তীক্ষ্ণধার।

**ক্ষুর** — অশ্বাদি পশুর কঠিন পদতল। ... **ক্ষুরক্ষুণ্ণ** — ক্ষুরের দ্বারা বিক্ষত।

**ক্ষুরা**] — গৃহসামগ্রী, আসবাবপত্র

ইত্যাদির কাঠ বা ধাতুনির্মিত আলম্বন।
**ক্ষুরপ্র, খু-** (খুরপা দেখ)
**ক্ষেত** (খেত দেখ)
**ক্ষেত্র** — ক্ষেত, খেত। ভূমি। স্থান ('কুরু-, যুদ্ধ-, তীর্থ-')। (গণিতে) সীমাবদ্ধ স্থান; তল, surface. (দর্শনে) দেহ-ইন্দ্রিয়-মন। স্থল, অবস্থা ('এ ক্ষেত্রে')। ... **ক্ষেত্রজ** — নিজ পত্নীর গর্ভে অপরের দ্বারা উৎপাদিত (পুত্র)। ... **ক্ষেত্রজ্ঞ** — স্থান বা অবস্থা অনুযায়ী কর্তব্য নিরূপণ করিতে সমর্থ ব্যক্তি। যাহার ক্ষেত্র সম্বন্ধে জ্ঞান আছে। (দর্শনে) **ক্ষেত্রতত্ত্ব** — জ্যামিতি।
**ক্ষেত্রপাল** — কৃষক। শিবের একটি নাম। রাঢ়দেশে গ্রাম্য দেবতা বি। পরমাত্মা। ... **ক্ষেত্রফল** — জমির কালি। ... **ক্ষেত্রমিতি** — জ্যামিতি।
**ক্ষেত্রাজীব** — কৃষক।
**ক্ষেত্রী** (-ত্রিন্) — যাহার ক্ষেত্র আছে, ক্ষেত্র-স্বামী। (খেত্রী দেখ)
**ক্ষেপ** — ক্ষেপণ, ত্যাগ ('শর-')। ফেলা, পাত, চালন ('দৃষ্টি-, পদ-, হস্ত-')। খেপ, বার, দফা ('দু-তিন —')। যাপন ('কাল-')। লঙ্ঘন।
**ক্ষেপণ** — নিক্ষেপ। ফেলা, পাতিত করা ('পট-')। যাপন। (§ ক্ষিপ্ত)। ... **ক্ষেপণীয়** — ক্ষেপণযোগ্য।
**ক্ষেপণী, -ণি** — নৌকার দাঁড়।
**ক্ষেপলা** ] (জালের বিশেষণ) — যে জাল মাথার উপর দিয়া দুই হাতে ঘুরাইয়া ক্ষেপণ করা বা ফেলা হয়।
**ক্ষেপা, ক্ষ্যাপা** ] — ক্ষিপ্ত, উন্মত্ত, পাগল। স্ত্রী. **ক্ষেপী**। ষ্য. **ক্ষেপামি**।
**ক্ষেপ্তা** ( -প্তৃ) — ক্ষেপণকারী।
**ক্ষেম** — মঙ্গল, শুভ, কল্যাণ। লব্ধবস্তু-রক্ষা ('যোগ-')। ... **ক্ষেমংকর**, **ক্ষেমঙ্কর** — মঙ্গলদায়ক। ... স্ত্রী. **-করী**। ... **ক্ষেমবান্** (-বৎ) — মঙ্গলশালী।
**ক্ষৈরেয়** — দুগ্ধজাত।
**ক্ষোদন**—উৎকিরণ, খোদাই, engraving. ... ণ. **ক্ষোদিত**।
**ক্ষোভ** — মানসিক চাঞ্চল্য, মনস্তাপ। বিক্ষোভ, আন্দোলন, আলোড়ন। (§ ক্ষুব্ধ)। ... **ক্ষোভিত**—আন্দোলিত।
**ক্ষোণী, -ণি** — পৃথিবী।
**ক্ষৌদ্র** — ণ. মধুমক্ষিকাজাত। ষ্য. মধু।
**ক্ষৌম** — মসিনার ছালের বস্ত্র, linen. রেশমী বস্ত্র।
**ক্ষৌর** — ক্ষৌরকর্ম, কামানো, খেউরি। ... **ক্ষৌরিক** — নাপিত।
**ক্ষ্মা** — পৃথিবী।

## খ

**খ** — আকাশ ('খগোল')। ... **খমধ্য** — আকাশ বিন্দু যাহা দর্শকের ঠিক উপরে থাকে, সুবিন্দু, zenith. ... ... **খপোত** — বিমান।
**খই** [ < খদিকা ] ধান ভাজিয়া তুষ ছাড়াইয়া তৈয়ারী খাদ্য বিঃ, লাজ।
**খইনি** — চুনমাখানো দোক্তা তামাক।
**খইচুর** ] খইএর লাড়ু। ... **খইঢেকুর** ] চোঁয়া ঢেকুর (দেখ)। ... **খইয়ে বন্ধন** — উভয় সংকট।
**খইল / খোল** ] < খলি, তিল সরিষা ইঃ হইতে তৈল বাহির করিলে যে ছিবড়া অবশিষ্ট থাকে।
**খওয়া, ক্ষওয়া** [ √ খ, ক্ষ-১। < ক্ষি ] ক্ষয় পাওয়া ('লোহা —')। ণ. **ক্ষয়িত**।
**খক, খকখক** ] কাশির শব্দ। (অল্পে — খুকখুক ])
**খগ** — পক্ষী। ... **খগপতি, -রাজ, খগেন্দ্র**

—গরুড়।

**খগোল** — নভোমণ্ডল। **নক্ষত্রাদির** চিহ্ন যুক্ত গোলক।... **খগোলবিদ্যা** — নভো-বিজ্ঞান।

**খচ** ] কাটিবার বা বিঁধিবার **শব্দ** ('— ক'রে কাটা, বেঁধা'। বার বার — খচখচ, খচাখচ ]। জোরে — খচাৎ ]। ছোট — খুচ ]। ... **খচখচ** ] বিন্ধ কাঁটার লক্ষণ প্রকাশ ('—করছে')। অনুরূপ শব্দ।

**খচমচ** ] করতাল ইঃর উগ্র **শব্দ**। খেচামেচি, গোলমাল।

**খচর** (খেচর দেখ)

**খচিত** — জড়িত, মধ্যে মধ্যে স্থাপিত ('রত্ন-, তারকা-')। ব্যাপ্ত।

**খচ্চর** [ < খেসর ] ঘোটক-গর্দভ হইতে জনিত পশু, অশ্বতর। গালি বিঃ (অশিঃ)

**খজা, খজাকা** ] — মর্ডান। তাড়ু। হাতা।

**খঞ্চা** [ ফা. খঞ্চহ্ ] বারকোশ, বড় থালা।

**খঞ্জ** — খোঁড়া।

**খঞ্জন** — **পক্ষী** বিঃ, wagtail (চক্ষুর উপমান)

**খঞ্জনি**] এক মুখে চামড়া দেওয়া চক্রাকার ছোট বাদ্যযন্ত্র বিঃ। (মন্দিরা অর্থ অশুপ্রঃ)

**খঞ্জর** [ ফা ] ছোরা বিঃ।

**খঞ্জরীট** — খঞ্জন পাখী।

**খট্** ] শক্ত জিনিস ঠোকাঠুকির **শব্দ**। (ছোট — খুট ]। বড় — খটাৎ, খটাস ]। বার বার — খটখট, খটরখটর, খুটখাট, খুটখুট ]। ঐ প্রকার শব্দ হওয়া — খটখটানি ])

**খটকা** ] সন্দেহ, সংশয় ('—বাধা, হওয়া')

**খটখট** ] শুষ্কতার লক্ষণ প্রকাশ ('শুখিয়ে— করা') ... **ণ. খটখটে** ] ('—মেঝে')

**খটমট** ] অনুকারশব্দ ('জুতো প'রে — ক'রে চলা')। ... **খটমট, খটমটে** ] দুর্বোধ, কঠিন।

**খটাখটি** ] — **দ্বন্দ্ব**, সংঘর্ষ, ঝগড়াঝাঁটি।

**খটাশ** ] < খট্টাশ (দেখ)

**খটি** ] — খোট, বায়না (**শিশুদের**)।

**খটিক** ] — গোরুর বাথান। হাঁস, মুরগী ইত্যাদি পক্ষিপালন যাহাদের জীবিকা।

**খটিকা, খটী** — খড়ি।

**খটী** ] — আড়ত, গঞ্জ।

**খট্বা** (খট্টা বিরল) — খাট, পর্যঙ্ক। ... **খট্বাঙ্গ** — খাটের অঙ্গ বা পায়া। ... **খট্বারূঢ়** — মূর্খ। দুর্বৃত্ত।

**খট্বাশ** — খটাশ, polecat; গন্ধগোকুল, civet cat. ... খট্টাশি ] তাহার কোষস্থ গন্ধদ্রব্য, civet.

**খণ্ড** (খন্দ দেখ)

**খড়** — শুষ্ক তৃণ। ... খ'ড়ো ] খড় দিয়া ছাওয়া ('—ঘর')। খড়ের তৈয়ারী।

**খড়কি** ] — অন্তঃপুরের দিকের **পথ**। খিড়কি।

**খড়কিয়া, খড়কে** ] — তৃণখণ্ড। দাঁত-খুঁটিবার জন্য ব্যবহৃত সরু চেঁচাড়ি।

**খড়খড়, খড়মড়** ] শুষ্ক পাতা ইঃর **শব্দ**। ... ণ. **খড়খড়ে, -মড়ে** ]

**খড়খড়ি** ] ঝিলমিল।

**খড়ম** ] কাঠের পাদুকা। ... **খড়মপেটা** ] — খড়মের দ্বারা প্রহার।

**খড়মপেয়ে** ] — যাহার পা-এর মধ্যভাগ ভূমি স্পর্শ করে না।

**খড়্মাটি** — খড়ের কুটা মিশ্রিত মাটি দিয়া মেটে ঘরের দেওয়ালে লেপনকার্য।

**খড়ুয়া** — খড়ের তৈরী।

**খড়ি** ] < খটিকা। ('খড়িপাতা' — অঙ্কপাত করা, জ্যোতিষীর গণনা)

**খড়ি** ] জ্বালানী কাঠ। শিল্পচাতুর্য।

**খড়িকা** — **খড়কে** ] সরু কাঠি। দাঁত

পরিষ্কার করিবার কাঠি। (**খড়কিয়া** দেখ)

**খড়্গ ]** — খাঁড়া, তরবারি। গণ্ডারের শৃঙ্গ। ... **খ হস্ত** — মারিতে উদ্যত। ... **খড়্গী** — গণ্ডার।

**খণ্ড**—অংশ, টুকরা, ছেদ। পুস্তকের ভাগ, volume. প্রদেশ ('উত্তরা-')। খান, piece ('বস্ত্র-')। খাঁড় গুড়। ... **খণ্ডকপালী** — অভাগিনী। পুং খণ্ডক-পালিয়া। **খণ্ড খণ্ড** — টুকরা টুকরা। ... **খণ্ডকাব্য** — একবিষয়াত্মক ক্ষুদ্র কাব্য। ... **খণ্ডপ্রলয়** — ক্ষুদ্র প্রলয়। **খণ্ডবাসী** — শ্রীখণ্ড নামক গ্রামের অধিবাসী।

**খণ্ড** — খাঁড় গুড়।

**খণ্ডশঃ** — খণ্ডখণ্ড করিয়া।

**খণ্ডন** — ছেদন। ভঞ্জন, নিরাকরণ ('ভবভয়-। বিরুদ্ধ মত —')। (§ খণ্ডিত)। ... **খণ্ডনীয়**—খণ্ডনযোগ্য।

**খণ্ডানো** [ √ খণ্ডা-১৭ ] খণ্ডন করা। অতিক্রম করা ('বিপদ —')। (পদ্যে — 'খণ্ডিল'। √ খণ্ড্-৫)

**খণ্ডিত** — বিভক্ত, কর্তিত। নিরাকৃত।

**খণ্ডিতা** — নায়কের পরনারীসঙ্গের চিহ্ন দেখিয়া কুপিতা নায়িকা।

**খত** [ আ ] চিঠি। চিঠা। স্বীকারপত্র ('দাস-'। 'নাকে খত'—নাক২ দেখ)

**খতবা** (আ) — কাহারও মঙ্গলকামনায় কোরানপাঠ।

**খতম** [ আ খৎম্ ] শেষ।

**খতানো** [ √ খতা-১১ ] হিসাব করা। কোরানপাঠ।

**খতি ]** — ঘুষ।

**খতিয়ান / খতেন ]** বিষয়ানুক্রমে বা দফে দফে হিসাব, ledger. জমির খাজনা আদায়-উসুল সংক্রান্ত হিসাব। যে খাতায় কেনা বেচা, আমদানী রপ্তানির হিসাব থাকে।

**খত্তাল ]** < করতাল, বড় মন্দিরা।

**খদ, খড** [ < খত ] পার্বত্য প্রদেশের গভীর নিম্নস্থান।

**খদি, খদিকা ]** — খই।

**খদির** — খয়ের।

**খদ্দর** [ গুজরাটী ] খাদি (দেখ)

**খদ্দের** (খরিদদার দেখ)

**খদ্যোত**—জোনাকি। ... স্ত্রী. **খদ্যোতিকা।**

**খধূপ** — হাউই তারাবাজি ইঃ।

**খণ ]** — ক্ষণ, মুহূর্ত।

**খনক** — খননকারী।

**খনখন ]** ধাতুপাত্রাদির শব্দ। ... ণ. **খনখনে ]** ('— গলা, অওয়াজ')

**খনন** — খোঁড়া। (§ খনিত, খন্য, খাত)। ... **খননীয়** — খননযোগ্য।

**খনা ]** কিংবদন্তীপ্রসিদ্ধা জ্যোতির্বিদ্ নারী বিঃ ('খনার বচন')

**খনি** — আকর, যেখানে ধাতব দ্রব্য কয়লা রত্ন ইঃ স্বাভাবিক অবস্থায় পাওয়া যায়। ... **খনিজ** — খনিজাত। আকরিক পদার্থ, mineral.

**খনিত** — খাত, যাহা খনন করা হইয়াছে।

**খনিত্র** — খন্তা।

**খন্তা, খোন্তা ]** < খনিত্র, খুঁড়িবার অস্ত্র, শাবল।

**খন্তি, খুন্তি ]** রাঁধিবার সময় তরকারি ইঃ উলটাইবার ছোট খন্তা।

**খন্দ ১** [ < কন্দ ] শস্য, ফসল ('রবি-')

**খন্দ ২ ]** খানা, গর্ত।

**খন্দক** (কা) — খানা, নালী।

**খন্দকার** — সম্ভ্রান্ত মুসলমানদের উপাধি বিঃ।

**খন্য** — খননীয়।

**খপ্ ]** হঠাৎ ('— ক'রে হাত ধরা')। শীঘ্র

('—ক'রে কাজ শেষ')
**খপুর** ] — তাম্বুলকরঙ্ক, পানের ডাবর বা বাটা।
**খপুষ্প** — আকাশকুসুম।
**খপোত**—আকাশযান, বিমান।
**খপ্পর** [ < খর্পর ] ধূর্তের কবল, ফাঁদ, চাতুরী ('খপ্পরে পড়া')। খাপরা, খোলা। খোলার চাল।
**খবর** [ আ ] সংবাদ। **সন্ধান**। তত্ত্বাবধান। ('— দেওয়া, লওয়া, রাখা, পাওয়া')। ... **খবরগিরি** ] তত্ত্বাবধান। ... **খবরদার** ] সাবধান, হুঁশিয়ার। ... **খবরদারি** ] সতর্কতা। তত্ত্বাবধান। ... **খবরাখবর** ] সংবাদ আদানপ্রদান। ... **খবরের কাগজ** ] সংবাদপত্র।
**খবিশ** (আ) — ভূত। নোংরা। অপবিত্র।
**খমধ্য** (খ দেখ)
**খমির, খামি** [ আ. খমীর ] গাঁজ, সন্ধিত করিবার বীজ, leaven (খামিরা দেখ)
**খয়না** ] — খই ভাজায় যে ধানগুলি খই হইয়া ফুটে না।
**খয়রা** ] ণ. খয়ের রঙের। ষ্য. মাছ বিঃ।
**খয়রাত** [ আ ] দান, বিতরণ। ... **খয়রাতী** ] দান সম্বন্ধীয়।
**খয়া** (ক্ষয়া দেখ)
**খয়ের ১** ] < খদির, বৃক্ষ বিঃএর কষায় ক্কাথ (পান সাজিবার উপকরণ)।
**খয়ের ২** [ আ ] ভাল, শুভ। ... **খয়ের খাঁ** [ ফা. -খোআহ্ ] যে খোশামোদের জন্য আড়ম্বর করিয়া মনিবের হিতাকাঙ্ক্ষা দেখায়, খোশামুদে কর্মচারী।
**খর** — ণ. তীক্ষ্ম ('-ধার')। প্রখর, উগ্র ('-তাপ। নুন-')। কর্কশ, করকরে ('-জিহ্বা')। কঠোর ('-বাক্য')। দ্রুত ('-স্রোতা')। ষ্য. গর্দভ। অশ্বতর। রামায়ণোক্ত রাক্ষস বিঃ, দূষণের ভ্রাতা। ... **খর জল** — লবণ ক্ষার ইঃ যুক্ত জল, hard water. (তুঃ মৃদু—)
**খরখর** ] তাড়াতাড়ি ('— ক'রে চলা'। ছোট — খুরখুর ]।
**খরখরে** ] প্রখর। অমসৃণ, কর্কশ। চালাক, চঞ্চল, প্রগল্ভ।
**খরগোশ** [ ফা ] শশক।
**খরচ, খরচা** [ ফা. খর্চ্ ] ব্যয় ('—হওয়া, করা, পড়া')। ... **খরচপত্র** ] নানাপ্রকার ব্যয়। ... **খরচান্ত** ] অতিমাত্র খরচ। ... খরচে, -চী ] যে বেশী খরচ করে।
খরজ ] < ষড়জ, (সংগীতে) 'সা'-সুর।
**খরধার** — তীক্ষ্মধার, শাণিত।
**খরমুজ, -বুজ, -জা** [ ফা. খরবুজ.হ্ ] ফুটিজাতীয় ফল বিঃ।
**খরশাণ -ণ** — শাণিত, তীক্ষধার।
**খরশুলা** ] — একপ্রকার মাছ।
**খরস্রোতা** (তস্) — স্রোতের বেগ যাহার প্রখর।
**খরা ১** [ < খর ] ষ্য. রৌদ্র। গ্রীষ্মের দাহ। বৃষ্টির অভাব, শুখা। ণ. বেশী ভাজা।
**খরা ২** ] খরগোশ।
**খরাদ** [ আ ] কুঁদ যন্ত্রে কাটিয়া গঠন।
**খরানি** ] — গ্রীষ্মকাল।
**খরানো** [ √খরা-১১ ] দগ্ধপ্রায় করা, বেশী ভাজা।
**খরিদ** [ ফা. খরীদ ] ক্রয়। ... **খরিদদার** / **খদ্দের** [ ফা. খরীদার ] ক্রেতা। ... **খরিদা** ] ক্রীত। **খরিদানি** — খরিদ মূল্য।
**খরিফ** (আ) হৈমন্তিক ফসল।
**খরোষ্ঠী** — ভাষা ও লিপি বিঃ।
**খর্জুর** — খেজুর (ফল বা গাছ)
**খর্পর** — খাপরা, খোলা, মৃৎপাত্রের টুকরা। ভিক্ষাপাত্র। মাথার খুলি। ধূর্ত।

**খর্ব** — হ্রস্ব, বেঁটে, ছোট ('-কায়')। সহস্রকোটি সংখ্যা। ... ষ্য. **-তা, -ত্ব।** ... **খর্বাকার** — খাটো, বেঁটে।

**খর্বট** — পর্বতপাদমূলস্থ গ্রাম।

**খল ১**—কপট, ক্রূর, কুটিল। **-তা।**

**খল ২** [ < অল্ল ] ঔষধাদি মাড়িবার পাত্র (খল-নুড়ি')

**খলখল** ] বিকট হাসির শব্দ।

**খলতি** ] — খালিত্য, টাক।

**খলপা** ] বাঁশের তৈরী চাটাই। দরমা।

**খলি** — খইল (দেখ) ,

**খলিত** — যাহার মাথায় টাক আছে। (§ খালিত্য)

**খলিন, খলীন** — লাগাম।

**খলিফা** [ আ. খলিফহ্ ] মুসলমানগণের ধর্মনেতা নরপতি। ওস্তাদ। দরজী।

**খলিশা /খলশে** ] ছোট মাছ বিঃ।

**খস** ] খসিবার শব্দ। (ছোট—খুস ])।... **খসখস** ] কাপড় খড় ইঃ ঘষার শব্দ। ... **খসখসানি** ] ঐরূপ শব্দ হওয়া। ... **খসখসে** ] অমসৃণ, কর্কশ।

**খসখস** [ ফা. খস ] বেনার সুগন্ধ মূল, উশীর।

**খসড়া** ] পাণ্ডুলিপি, মুসাবিদা।

**খসম** [ আ. খস্‌ম্ ] স্বামী।

**খসা** [ √খস্-৫ ] বিচ্যুত হওয়া, ভাঙিয়া পড়া, ধসা ('নক্ষত্র, বালি, চুন —')। আলগা হইয়া পড়া ('কোমরের কাপড় —')।...**খসানো** [ √খসা-১১ ] বিচ্যুত বা স্খলিত করা।

**খাঁ** [ তু. খান ] মুসলমানী উপাধি বিঃ।

**খাই** (খেই দেখ)

**খাঁই** ] আকাঙ্ক্ষা, লোভ, খাঁক ('— করা, থাকা')

**খাইখরচ** ] আহারের খরচ, খোরাকি।

**খাইখাই** ] খাইবার লালসা প্রকাশ ('— করা')

**খাইখালাসী** ] — জমির উপস্বত্ব হইতে ঋণ পরিশোধের ব্যবস্থায় বাধ্য।

**খাইয়ে** ] যে খুব খাইতে পারে।

**খাওয়া** [ √খা-২। < খাদ্ ] ভক্ষণ করা। পান করা ('জল, তামাক—')। সেবন বা ভোগ করা ('হাওয়া, হিম, আদর, মার, ভয়, ধমক, খাবি,—')। (অন্যান্য প্রয়োগ। —'ঘুষ, চিড়, ডিগবাজি, ঘুরপাক, গোত্তা—। ঘুড়ি সুতো খাচ্ছে, লাঠি তেল খায়, বালিশটা আরও তুলো খাবে')। ষ্য. ভোজন ('খাওয়া-দাওয়া')। ভোজ। ণ. ভক্ষিত। ... **খাওয়ানো** [ √খাওয়া-১৭ ] ভোজন করানো।

**খাংরা, খেংরা** ] ঝাঁটা।

**খাক** [ ফা = ধূলি ] ছাই।

**খাঁকতি** ] অভাব। লোভ, খাঁই।

**খাঁকার, খাঁকারি** ] গলা সাফ করার শব্দ।

**খাঁকার** ] অপযশ, কলঙ্ক।

**খাকী** [ ফা ] মেটে বা কপিশ। ঐ রঙের কাপড়। ছাই-রং।

**-খাকী** ] স্ত্রী. যে খায় ('চোখ-')। ... পুং. **-খেকো** ]। (-খাগী, -খেগো প্রাঅপ্রঃ)

**খাঁখাঁ** ] শূন্য বোধ, শূন্যতা প্রকাশ ('মন, ঘর—করা')

**খাগড়া** [ < খড়্গ ] তৃণ বা শর বিঃ। ... **খাগ** ] তাহার নল, "খাক" (লিখিবার কলম হয়)

**খাঁচা** ] পিঞ্জর। পিঞ্জরের তুল্য বাক্স ইঃ।

**খাঁজ** ] লম্বা ফাঁক ('-কাটা')। ভাঁজ।

**খাজা** ] < খাদ্য ] ষ্য. বহুস্তরযুক্ত ময়দার মিষ্টান্ন বিঃ। ণ. যাহা চিবানো যায়, কচকচে ('—কাঁঠাল')। মূর্খ, নিরেট।

**খাজাঞ্চী** [ আ-তু. খজা.নহ্-চি ] ধনরক্ষক কর্মচারী।

**খাজানা / খাজনা** [ আ. খজা.নহ্ ]

রাজস্ব, কর। ধনাগার, খাজনাখানা।

**খাঞ্চাপোশ** — পরাত বা বারকোশের আচ্ছাদনী।

**খাঞ্জা খাঁ** [ফা. খান্‌জাহান খাঁ] যে অত্যন্ত নবাবী চাল দেখায়।

**খাট** ] < খট্বা, পর্যঙ্ক, খাটিয়া। (খাটো দেখ)

**খাটা** [ √খাট্-৭ ] পরিশ্রম করা। কাজে লাগা ('রাজমিস্ত্রী খাটছে')। উপযুক্ত বা আপসই হওয়া ('ও কথা খাটবে না। আলমারিটা এখানে ঠিক খেটেছে')। ব্যবসায় ইঃতে নিযুক্ত থাকা ('টাকা খাটছে')। ... ণ. যাহার জন্য মেথরকে খাটিতে হয় ('—পায়খানা')। (ং খাটিয়ে, খাটুনি)। ... **খাটানো** [ √খাটা-১১ ] পরিশ্রম করানো ('লোকটাকে খুব খাটাচ্ছি')। কাজে নিয়োগ করা ('মিস্ত্রী —')। ব্যবসায় ইঃতে নিয়োগ করা ('টাকা —')। জুড়িয়া খাড়া করা ('তাঁবু, খাটের ফ্রেম —')। টাঙানো ('মশারি, পর্দা —')

**খাটাল** ] অন্তর, ব্যবধান। দুই থামের মাঝের অন্তর, খিলান। গো-মহিষ রাখিবার স্থান।

**খাঁটি** [ ই. country ] চুয়ানো দেশী মদ।

**খাটিয়া** ] ছোট বা অল্পমূল্যের খাট।

**খাটিয়া** ] পরিশ্রমী।

**খাঁটী, -টি** ] বিশুদ্ধ, আসল, প্রকৃত ('— সোনা, ঘি')। সার, মূল্যবান্ ('— কথা')

**খাটুনি** ] পরিশ্রম, মেহনত।

**খাটুলি** ] খুব ছোট খাট। মড়ার খাট। ডুলি।

**খাটো, খাট** ] ছোট, বেঁটে ('— গড়ন')। নিম্ন ('— গলা')। কম, হীন ('লোকের কাছে — হওয়া')

**খাট্টা** [ হি ] টক, অম্ল।

**খাঁড়** [ < খণ্ড ] শক্ত গুড়।

**খাড়ব** [ < ষট্- ] যে রাগ-রাগিণীতে ছয় স্বর প্রযুক্ত হয়।

**খাড়া** ] ণ. দণ্ডায়মান। একটানা, পুরা ('— দুই কোশ, দুই ঘণ্টা')। ষ্য. ডাঁটা বা ডাঁটার তুল্য ফল ('শজিনা-')

**খাঁড়া** [ < খণ্ড ] খড়্গ।

**খাড়াই** ] উচ্চতা।

**খাড়ি, খাঁড়ি** ] সমুদ্রসংগমের নিকট নদীর খাল বা শাখা। সংকীর্ণ সাগরাংশ।

**খাড়ু** ] কঙ্কণ বিঃ।

**খাড়ুই** ] — জেলেদের মাছ রাখিবার আধার।

**খাণ্ডব**—(মহাভারতে) ইন্দ্রপ্রস্থের নিকটস্থ অরণ্য বিঃ ('— দাহন')

**খাণ্ডা** — খাঁড়া।

**খাণ্ডার** ] কলহপ্রিয়, উগ্রপ্রকৃতি।

**খাত** — ণ. খনি। ষ্য. খনিত স্থান, গর্ত, পুষ্করিণী। প্রণালী। গড়খাই, পরিখা।

**খাতক** [ < খাদক ] দেনাদার, ঋণী, কর্জদারী।

**খাতা** ] লিখিবার বা হিসাবের বহি ('-পত্র')

**খাতির** [ আ ] সম্মান, মর্যাদা ('— করা, রাখা')। কারণ, গরজ ('চাকরির খাতিরে')। ... **খাতিরজমা** ] ষ্য. দৃঢ় বিশ্বাস। ণ. নিশ্চিত। ... **খাতির-নাদারত, -রদ** ] ণ. যে কাহারও খাতির রাখে না, স্পষ্টবক্তা। ষ্য. উপেক্ষা।

**খাতুন** [ আ ] মুসলমান মহিলার নামান্ত।

**খাদ** ] সোনা বা রুপার সহিত মিশ্রিত অপর ধাতু, পান। (সংগীতে) নিম্ন-স্বর। < খাত, গর্ত।

**খাদক** — ভক্ষক। পণ্যাদির ভোক্তা, consumer.

**খাদন** — ভোজন। খাওয়ানো। পণ্যাদির ভোগ, কাটতি। খাদ্যদ্রব্য। ... **খাদিত**

ভক্ষিত। ... **খাদী** (-দিন্) — ভক্ষক।

**খাঁদা, খেঁদা** ] যাহার নাক উঁচু নয়। ... স্ত্রী. **খাঁদী, খেঁদী** ]

**খাদা** ] জমির মাপের পরিমাণ।

**খাদি** [ <ক্ষুদ্র- ] খদ্দর, হাতে কাটা সুতা হইতে তাঁতে বুনিয়া প্রস্তুত কার্পাসবস্ত্র। (প্রাচীন অর্থ — ছোট মোটা কাপড়)

**খাদিম** (আ) — সেবক।

**খাদ্য** — ভক্ষ্যদ্রব্য, খাবার। ভক্ষ্য, খাইবার যোগ্য।

**খান ১** ] < খণ্ড ('খান খান করা')। সংখ্যাপরিমাণ, খানা ('তিন- কাপড়')

**খান ২** [ ফা. খানহ্ ] স্থান ('কোন্‌খানে')

**খানখানান** (ফা) সম্ভ্রান্ত।

**খানদান** [ ফা ] উচ্চবংশ। বংশ। ... তালুক বলে। **খানদানী** ] উচ্চ-বংশীয়।

**খানসামা** [ ফা. খান-ই-সামান ] পরিচারক, চাকর, খিদ্‌মতগার।

**খানা ১** [ <খণ্ড ] সংখ্যাপরিমাণ ('তিন-কাপড়')। বস্তু বা বিষয় নির্দেশক, টা ('মুখ- বিশ্রী। ব্যাপার- কি ?'। আদরে — খানি ]। ('তিন-, মুখ-')

**খানা ২** [ পো. cana ] খাত, ডোবা।

**খানা ৩** [ হি ] বিলাতী বা মুসলমানী রাঁধা খাদ্য ('— খাওয়া')। ... **খানাপিনা** ] ভোজন ও পান।

**খানা ৪** [ ফা. খানহ্ ] স্থান ('তোশা-')। ... **খানাতল্লাশ** ] অপরাধের তথ্য জানিবার জন্য গৃহাদি অনুসন্ধান।

**খানিক, খানেক** [ <ক্ষণ-এক, খণ্ড-এক ] কিছুক্ষণ ('—সবুর কর')। কিছু, কতক ('— ক্ষণ')। প্রায় এক ('কোশ —')

**খানুম** [ তু ] খাঁ-এর পত্নী।

**খানেখারাব** [ ফা-আ. খান্‌অ-খরাব ] নষ্ট।

**খাপ** ] কোষ, পিধান ('তলোয়ারের, চশমার —')। মিল, মানান, সামঞ্জস্য ('তালাতে চাবি — খায় না। ধুতির সঙ্গে হ্যাট-কোট, দুজনের কথা — খায় না')। সুসংলগ্ন ভাব ('— হ'য়ে বসা। খাপে খাপে')। ঠাস বুনন। ( § খাপা, খাপানো, খাপী)। ... **খাপছাড়া** ] অসম্বন্ধ। বেমানান।

**খাপরা** ] < খর্পর, কলসী ইঃর টুকরা। ঘর ছাইবার খোলা।

**খাপরেল** ] খোলার ঘর। ঘর ছাইবার খোলা।

**খাপা** [ √খাপ্-৭ ] খাপ খাওয়া, মানান-সই বা যোগ্য হওয়া। ... **খাপানো** [ √খাপা-১১ ] খাপ খাওয়ানো, মানানো।

**খাপী** ] ঠাস-বোনা ('— কাপড়')

**খাপ্‌পা, খাপা** [ ফা. খাফা ] ক্ষিপ্ত, ক্রুদ্ধ।

**খাবল** [ < কবল ] হাতের কোষ, থাবা ('— দেওয়া, মারা। এক — ময়দা')। তদ্দ্বারা গ্রহণ। কামড়, গ্রাস। ... **খাবলা** ] থাবার পরিমাণ ('খাবলা খাবলা')। ... **খাবলানো** [ √খাব্‌লা-১৭ ] খাবল দেওয়া। কামড়ানো।

**খাবার** ] ষ্য. খাদ্য। জলখাবার মিষ্টান্ন ইঃ ('-ওয়ালা') ণ. খাইবার ('— জল')

**খাবি** ] অন্তঃশ্বাস; অবশ অবস্থায় নিঃশ্বাস গ্রহণের চেষ্টা ('— খাওয়া')

**খাম** [ ফ ] লেফাফা।

**খাম আলু** ] কন্দ বিঃ, চুপড়ি আলু।

**খাম** ] < ক্ষাম — দুর্বল, অকর্মণ্য। ক্ষীণ। অপরিণত।

**খামকা** [ ফা. খোআ-ম-খোআ ] হঠাৎ। অকারণে।

**খামখেয়াল** [ ফা-আ ] হঠাৎ খেয়াল। নিরর্থক কল্পনা। ... **খামখেয়ালী** ] যাহার হঠাৎ খেয়াল হয় ও বদলায়।

**খামচ, খামচা** ] খাবল।

**খামচানো** [ √খাম্‌চা-১৭ ] নখ দিয়া খাবলানো। আঁচড়াইয়া আঘাত করা। ... ষ্য. **খামচি** ] ('— কাটা'। ছোট — খিমচি ])

**খামচি** ] খামচাইয়া যতটা তোলা যায়।

**খামার** ] শস্য ঝাড়িবার মাড়িবার ও রাখিবার স্থান।

**খামি** ] অলংকারের মধ্য অংশ। (খমির দেখ)

**খামিরা** [ আ. খমীর ] গুড় দিয়া পচানো তামাক। মসলাযুক্ত তামাক বিঃ। খমির (দেখ)

**খাম্বা** ] < স্তম্ভ, থাম, খুঁটি।

**খাম্বাজ** ] রাগিণী বিঃ।

**খারাপ** [ আ. খরাব ] মন্দ, বদ, নিকৃষ্ট ('— কাজ, জিনিস')। নষ্ট, দুষ্ট ('— লোক')। অশিষ্ট, অশ্লীল ('— কথা')। কর্কশ ('— মেজাজ')। অসুস্থ, বিকল ('মন, শরীর, কল —')। কলুষিত ('চরিত্র, জল —')। অশুভ ('সময় —')। ... **খারাবি** ] অনিষ্ট। দুষ্ট আচরণ।

**খারিজ** [ আ ] ণ. বাতিল, বর্জিত। ষ্য. বর্জন। পরিবর্তন ('প্রজার নাম —')

**খারিজা** (আ) ণ. দাখিলী, হুজুরী। যে তালুকের খাজনা সরাসরি কালেক্‌-টারিতে দাখিল হয়, তাহাকে খারিজা তালুক বলে।

**খারিফ** (ফা) — শরৎ কালের ফসল।

**খারী** ] শষ্য মাপার পাত্র বিঃ।

**খাল** [ < খল্ল ] প্রণালী, খাত। নিম্নভূমি, ডোবা। খিল, অঙ্গের আড়ষ্ট ভাব ('কোমরে —ধরা')। ছাল, চামড়া।

**খালসা** (আ) — সরকারী রাজস্ববিভাগের দপ্তর। খাসমহল। প্রধান রাজস্ব ঘটিত বিচারালয়।

**খালসা** (আ) — গুরুগোবিন্দের অনুবর্তী শিখসম্প্রদায়।

**খালা** — মুসলমানী ভাষায় মেসো।

**খালাস** [ আ ] ষ্য. মুক্তি, অব্যাহতি, রেহাই ('মাল — করা')। শূন্য ( ঘর — করা')। দায়মুক্ত ('আমি ব'লে —')। প্রসূতা ('পোয়াতী —')

**খালাসী** ] যে ভারী জিনিস বা কল ইঃ উঠায় নামায় বা খাটায়। জাহাজে যে ঐপ্রকার কাজ করে।

**খালি** [ আ ] শূন্য, রিক্ত ('— হাত, ঘর')। কেবল, শুধু ('— একটু জল খাব')। সর্বদা ('— কান্না')

**খালিত্য** — টাক।

**খালুই** [ < ক্ষারক ] মাছ রাখিবার খাঁচা বিঃ।

**খাস** [ আ ] নিজের ('-কামরা, -দখল')। বিশিষ্ট ('-দরবার')। ... **খাসখামার** ] নিজের চাষবাসের জমি। ... **খাসগেলাস** ] অভ্র ইঃর বাতিদান (শোভাযাত্রায়)। ... **খাসবরদার** ] আসাসোঁটাধারী। ... **খাস-মহল** ] যে জমি মালিকের নিজ দখলে থাকে।

**খাসা** [ আ. খাস- ] উৎকৃষ্ট, সুন্দর।

**খাসি, -সী** [ আ. খস্‌সী ] ছিন্নাণ্ড নপুংসক। ঐরূপ ছাগ।

**খাসিয়া** ] পূর্বভারতের পার্বত্য জাতি ও পাহাড় বিঃ।

**খাস্ত, খাস্তা** ] বিকৃত, নষ্ট ('সাত নকলে আসল —)

**খাস্তা** [ ফা. খস্ত ] প্রচুর ময়ান দেওয়া, মচমচে ('— কচুরি')। উৎকৃষ্ট।

**খি** — কেশ, সূত্র ইত্যাদির গণনায় সংখ্যার বিশেষণ। (এক খি সুতা)। খেই।

**খিঁচ** ] কাঁকর। ত্রুটি। মনান্তর।

**খিচনী, খেচনী** ] খচিতকরণ, শোভাবর্ধনের জন্য জড়িত বা গ্রথিত করা। (ব্রজবুলি)

**খিঁচা** (খেঁচা দেখ)

**খিচানো / খিচনো, খিঁচনো** [ √ খিচা, খিঁচা-১৩ ] বিকৃত অঙ্গভঙ্গী করা ('মুখ, দাঁত—')। আক্ষেপ করা ('হাত পা —')। ... **খিচানি / খিঁচুনি** ] ভেংচানি। ... **খিচনি / খেঁচুনি** ] আক্ষেপ।

**খিচিখিচি, খিচিমিচি** ] নিরন্তর বকাবকি।

**খিচুড়ি** [ < কৃশর- ] চাল দাল ঘি ইঃ একসঙ্গে সিদ্ধ করিয়া তৈয়ারী খাদ্য বিঃ। নানা বিসদৃশ বস্তুর সমাবেশ।

**খিটকেল** ] — কেলেঙ্কারি।

**খিটখিট** ] বার বার বিরক্তি ও ক্রোধ প্রকাশ ('— করা')। ... **খিটখিটে** ] যে তাহা করে।

**খিটমিট** ] নানা ছলে সর্বদা কলহ বা ভর্ৎসনা ('— করা')। ... **খিটমিটে** ] যে তাহা করে। ... **খিটিমিটি** ] বিরোধ ও বচসা।

**খিড়কি** [ < খড়কী ] বাড়ির পিছনের দরজা। জানালা।

**খিদমত** [ আ ] সেবা, পরিচর্যা। ... **খিদমতগার** ] পরিচারক, খানসামা। ... ষ্য. **-গারি** ]

**খিদে** ] < ক্ষুধা।

**খিদ্যমান** — যে খেদ করিতেছে।

**খিন্ন** — খেদযুক্ত, দুঃখিত।

**খিমচি** ] চিমটি। (খামচানো দেখ)

**খিল ১** — পরিশিষ্ট ('-হরিবংশ')

**খিল ২** [ < কীল ] অর্গল, হুড়কা ('— দেওয়া, লাগানো')। খাল, অঙ্গের আড়ষ্ট ভাব ('— ধরা, লাগা')

**খিলত** — পতিত, অনাবাদী।

**খিলখিল** ] হাসির শব্দ।

**খিলাত, খেলাত** [ আ. খিলৎ ] রাজদত্ত সম্মানসূচক পরিচ্ছদ।

**খিলি** ] সাজা পান।

**"খিস্তি"** ] অশ্লীল কথা বা গালি ('মুখ-করা')

**খুকখুক** (খক দেখ)

**খুকী** ] শিশুকন্যা। (আদরে — খুকু ])

**খুঙ্গী, খুঙি** ] ছোট ঝাঁপি যাহাতে সেকালে পুঁথি কাগজপত্র দোয়াত কলম ইঃ রাখা হইত।

**খুচরা / খুচরো** [ < ক্ষুদ্র ] অল্প ও বিবিধ ('— খরচ, কাজ')। ভাঙানো টাকা পয়সা ইঃ।

**খুঁচি** [ < কুঞ্চি ] চাল ইঃ মাপিবার কুনকে।

**খুঁজা** (খোঁজা দেখ)

**খুঞ্চি** [ ফা. খঞ্চহ্ ] ছোট খঞ্চা বা বার-কোশ। ... **খুঞ্চিপোশ** ] খুঞ্চি ঢাকিবার কাপড়।

**খুট** (খট্ দেখ)

**খুঁট** ] কাপড়ের কোণ বা টেপ। সুতার প্রান্ত।

**খুঁট** ] — সমকক্ষতা। সমান দর।

**খুঁটনি** ] — বিন্দু।

**খুঁটা ১** (খোঁট ১ দেখ)

**খুঁটা ২ / খোঁটা, খুঁটি** [ < কূট ] কাঠ বাঁশ ইঃর থাম। গোঁজ।

**খুঁটিনাটি** ] কোনও বিষয়ের সূক্ষ্ম অংশ। তুচ্ছ বিষয়।

**খুঁটিয়া / খুঁটিয়ে** ] সূক্ষ্মভাবে ('— দেখা')

**খুড়তুতা / -তুতো** ] ণ. নিজের খুড়ার অথবা স্বামীর বা পত্নীর খুড়ার সন্তান ('— ভাই। — দেওর, শালা')

**খুড়শ্বশুর** ] স্বামীর বা পত্নীর খুড়া। ... স্ত্রী. **-শাশুড়ী** ]

**খুড়া / খুড়ো** [ < খুল্ল-, ক্ষুদ্র- ]

খুল্লতাত। পিতার ছোট ভাই, কাকা।... **খুড়ী**] খুড়ার পত্নী, কাকী।
**খুঁড়া** (খোঁড়া ১ দেখ)
**খুঁত** [< কূট] ত্রুটি, দোষ ('— ধরা, দেখা, কাড়া)। ... **খুঁতখুত**] কোনও বিষয়ে ত্রুটির জন্য অশান্তি বোধ বা প্রকাশ ('মন — করা')। ... **খুঁতখুঁতে**] যে সর্বদা খুঁত ধরে বা অসন্তোষ প্রকাশ করে।
**খুঁতো**] — ত্রুটীযুক্ত। (বিপঃ নিখুঁত)।
**খুদ** [< ক্ষুদ্র. ক্ষোদ] তণ্ডুলকণা, ভাঙা চাল ('-কুঁড়ো')
**খুদা** (খোদা ১ দেখ)
**খুদে** [< ক্ষুদ্র] অতি ছোট।
**খুন** [আ. খূন] রক্ত। (বাং) হত্যা। 'খুন চড়া' — ক্রোধে রক্ত গরম হওয়া। হত্যা করার প্রবৃত্তি হওয়া)। ... **খুনখারাপি**] হত্যা; রক্তারক্তি। লাল রং বিঃ।
**খনসুড়ি**] ছেলেমানুষী ঝগাড় ও পরস্পরের উপর উপদ্রব।
**খুনাখুনি / খুনোখুনি**] সাংঘাতিক মারামারি, কাটাকাটি, রক্তারক্তি।
**খুনী, খুনে**] হত্যাকারী।
**খুন্তি** (খন্তি দেখ)
**খুপরি, খুবরি**] ছোট ঘর বা খোপ।
**খুপী**] খোপের সদৃশ। খোপ যুক্ত। খোপের তুল্য নকশা যুক্ত ('চৌখুপী')
**খুব** [ফা. খূব] অতি ('— বড়, ভাল')। বেশী, উত্তম ('— ক'রে খাও')। নিশ্চয় ('— পারবে')
**খুবি**] বীজ পুঁতিবার জন্য ছোট ছোট গর্ত।
**খুবলানো** (খোবলানো দেখ)
**খুবসুরত** [ফা-আ. খূব-সুরৎ] সুশ্রী।
**খুমারি**] খোঁয়ারি, ভর্ৎসনা।
**খুঁয়ে**] শণ তিসি ইত্যাদির সুতা (**ক্ষুমা**) — খুঁয়া। যে তাঁতীর জীবিকার উপকরণ ক্ষুমা বা খুঁয়া তাহাকে খুঁয়ে তাঁতী বলা হয়।
**খুর, ক্ষুর** — ঘোড়া গরু ইঃর পায়ের নিম্নভাগ। ক্ষৌর বা কেশমুণ্ডনের অস্ত্র।
**খুরখুর** (খরখর দেখ)
**খুরপা, -পো, -পি**] < **খুরপ্র, ক্ষুরপ্র** — মাটি খুঁড়িবার ছোট খন্তা।
**খুরলি**] বংশী বাদনের কৌশল শিক্ষা।
**খুরসি** [আ. কুর্সি] বসিবার ছোট চৌকি।
**খুরা / খুরো** [< খুরক] পায়া ('খাটের, ঘটি বাটির —') (ক্ষুরা দেখ)
**খুরি**] ছোট বাটি। মাটির কটোরা।
**খুর্মা** [ফা] পিণ্ড- অথবা কলসী-খেজুর।
**খুলা** (খোলা ২ দেখ)
**খুলি**] মস্তকের উপরিভাগ, করোটি।
**খুলী**] খোলবাজনদার, খোলের বায়েন।
**খুল্লতাত** — খুড়া।
**খুল্লনা**] ছোট কন্যা। চণ্ডীমঙ্গলে ধনপতিসাধুর ছোট পত্নী।
**খুশাক, খুষ্ক** [ফা. খুশ্‌ক্‌-] মরামাস।
**খুশামদ** (ফা) — চাটুকারিতা, তোষামোদ।
**খুশি** [ফা] ইচ্ছা, মর্জি, ('যা — তাই')। সন্তোষ। ... **খুশী**] সন্তুষ্ট।
**খুশ্‌ক, খুষ্ক** [ফা. খুশ্‌ক্‌] শুষ্ক, রুক্ষ।
**খেই, খাই** [< ক্ষেপ] সুতার প্রান্ত। সুতার এক গাছা। কথার ধারা বা সূত্র ('গল্পের — হারানো')
**খেউড়, খেঁউড়**] অশ্লীল গান।
**খেউরি**] < ক্ষৌর, ক্ষৌরকর্ম।
**খেঁকশিয়াল / -শেয়াল**] শৃগাল-জাতীয় পশু বিঃ, fox. ... স্ত্রী. **-লী**]
**খেঁকানো** [√ খেঁকা-১১] মুখ বিকৃত

করিয়া তীব্র স্বরে ক্রোধ প্রকাশ করা। ... ষ্য. **খেঁকানি** ]

**খেঁকী** ] যে খেঁকায় ('— কুকুর')। যে একটুতে রাগিয়া উঠিয়া ধমক দেয়।

**খেংরা** (খাংরা দেখ)

**-খেকো** ] ভোজী, যে খায় ('হাঁড়ি-, চোখ-, গতর-')। ... স্ত্রী. **-খাকী** ] (দেখ)। ... **-খেকো** ] ভক্ষিত ('পোকায়-')

**খেচকা** ] হেঁচকা টান।

**"খেচকানো"** [ √ খেচ্‌কা-১৭ ] বার বার অনুরোধ দ্বারা বিরক্ত করা। ... ষ্য. **-নি** ]

**খেচর, খচর** — আকাশচারী। পক্ষী।

**খেচরান্ন** — খিচুড়ি।

**খেঁচা** (খিঁচা বিরল) [ √ খিচ্‌-৯ ] টানা (প্রায় হঠাৎ জোরে)। আক্ষেপযুক্ত হওয়া ('হাত পা —')

**খেঁচাখেঁচি** ] বকাবকি।

**খেচামেচি** ] চেঁচামেচি, গোলমাল।

**খেঁচুনি** (খিচানো দেখ)

**খেজালত** (ফা) — ঝঞ্ঝাট, বিরক্তিকর পরিস্থিতি।

**খেজুর** ] < খর্জুর। ... **খেজুরছড়ি** ] খেজুরের ডালের মত দাঁতকাটা কাঠ ইঃ। ... **খেজুরমাথি** ] খেজুর গাছের মাথার শাঁস। ... **খেজুর রস** ] খেজুর গাছের কাঁধ চাঁচিলে যে রস নিঃসৃত হয়। ... **খেজুরে** ] খেজুর রস হইতে প্রস্তুত ('— গুড়')

**খেটক** — অস্ত্রশস্ত্র।

**খেটে** ] — মোটা লাঠি।

**খেটেল** ] — মজুর।

**খেঁড়ু ১** ] ইতর শ্রেণীর গান। খেউড়গান।

**খেঁড়ু ২** ] — যে গাভীর বাছুর বড় হইয়াছে এবং অল্প দুধ দেয়।

**খেঁড়ো** ] তরমুজের মত আকারের এক প্রকার আনাজ।

**খেত, ক্ষেত** ] < ক্ষেত্র, চাষের জমি, যে জমিতে শস্যাদি রোপিত হয়। ... খেত-খামার — চাষীর কর্ম ক্ষেত্র।

**খেতাব** [ আ. খি- ] সম্মানসূচক উপাধি।

**খেত্রী, ক্ষেত্রী** ] <ক্ষত্রিয়, জাতি বিঃ, ছত্রী।

**খেদ** — দুঃখ। বিলাপ। অনুতাপ। ( § খিদ্যমান, খিন্ন, খেদিত)

**খেদা** ] বন্য হস্তী ধরিবার জন্য বেষ্টিত স্থান। তাহাতে হাতি ধরা।

**খেঁদা, খেঁদী** (খাঁদা দেখ)

**খেদানো** [ √ খেদা-১১। < খিদ্‌ ] তাড়াইয়া দেওয়া।

**খেদিত** — খেদযুক্ত। বিতাড়িত।

**খেপ** ] < ক্ষেপ, বার, দফা ('তিন —')

**খেপলা** [ < ক্ষেপ- ] মাছ ধরিবার গোল জাল বিঃ (ঘুরাইয়া ছুড়িয়া ফেলে)

**খেপা ১** ] < ক্ষিপ্ত, পাগল। অবোধ, পাগলা (স্নেহে)। ... স্ত্রী. **খেপী**। ... **খেপামি** ] পাগলামি।

**খেপা ২** [ √ খেপ্‌-৫ ] ক্ষিপ্ত হওয়া। রাগিয়া ওঠা। ... **খেপানো** [ √ খেপা-১১ ] ক্ষিপ্ত করা, রাগাইয়া দেওয়া।

**খেমটা** ] সংগীতের তাল বিঃ। নাচ বিঃ ('-ওয়ালী')

**খেয়া** [ <ক্ষেপ ] নৌকা ইঃ দ্বারা পাড়ি। ... **খেয়াঘাট** ] পার হইবার ঘাট।

**খেয়াপার** — নদীর একপার হইতে অন্য পারে নৌকাযোগে গমন।

**খেয়ামাঝি** ] খেয়া পারাপার করে যে মাঝি।

**খেয়ারী** ] খেয়াঘাটের মাঝি।

**খেয়াল** [ আ. খি- ] কল্পনা, স্বপ্ন ('— দেখা')। শখ, ইচ্ছা ('খেয়ালে চলা')। হুঁশ, স্মরণ, জ্ঞান, অনুমান ('— থাকা, হওয়া, করা')। প্রবৃত্তি, ঝোঁক ('বদ- )।

গানের পদ্ধতি বিঃ। **খেয়ালমতো** — মর্জিমাফিক।

**খেয়ালী**] কল্পনাপ্রবণ। খেয়াল গানে দক্ষ।

**খেরাজ** [আ] — রাজস্ব, ভূমিকর।

**খেরাজী** — যাহার জন্য খাজনা লাগে (বিপঃ লা-খেরাজ)

**খেরুয়া / খেরো**] ঘোর লাল রঙের মোটা কাপড় বিঃ।

**খেল**] < খেলা, বাজি ('ভানুমতীর —')

**খেলন** — ক্রীড়া, খেলা করা।

**খেলনা, -লে-** [< খেলনক] খেলা করিবার জিনিস, ক্রীড়নক।

**খেলা ১** — ক্রীড়া ('ছেলে-। তাস, ফুটবল —। জুয়া-')। কৌতুক দক্ষতা বা ভঙ্গী প্রদর্শন ('সাপের —। লাঠি-')। ... **খেলাঘর**] ছোট ছেলেমেয়ের কৃত্রিম গৃহস্থালি। **খেলাপাতি**] — খেলাঘরে সাজানো খেলার উপকরণ। গৃহসংসারের নকল করিয়া খেলাঘর সাজানো। ... **খেলাধুলা**] শিশুর খেলা।

**খেলা ২** [√ খেল্-৫। < খেল্] খেলা করা। ... **খেলানো** [√ খেল্-১১] খেলা করানো, খেলায় নিযুক্ত করা ('ছেলেকে —')। চালিত করিয়া কৌতুক দক্ষতা বা ভঙ্গী দেখানো ('সাপ, হাত —')

**খেলাত** (খিলাত দেখ)

**খেলাপ** [আ. খি-] অন্যথাচরণ ('কথার —')। (§ বরখেলাপ)

**খেলুড়িয়া / খেলুড়ে**] যে খেলে। খেলার সাথী।

**খেলু** — খেলায় প্রতিযোগী বা সহযোগী।

**খেলো** [< ক্ষুল্লক] নিকৃষ্ট, মন্দ ('— জিনিস')। হীন, নীচ, অপদস্থ ('— করা, হওয়া')

**খেলোয়াড়**] যে ভাল খেলিতে পারে, ক্রীড়াদক্ষ। যে খেলে। ধূর্ত, চক্রী, প্রবঞ্চক।

**খেশ**] কার্পাস-রেশম নির্মিত চাদর বিঃ।

**খেসারত** [আ. খি-] ক্ষতিপূরণ। ... **খেসারতি**] ক্ষতিপূরণের জন্য প্রদত্ত অর্থাদি।

**খেসারি, খেঁসারি**] দাল বিঃ।

**খোকা**] শিশু বালক। (আদরে — খোকন])। ... স্ত্রী. **খুকী**]

**খোক্কস**] ছেলে-ভুলানো গল্পে রাক্ষস জাতীয় জীব বিঃ।

**খোঁচ**] তীক্ষ্ন অগ্রভাগ, কাঁটা। সূক্ষ্ম কোণ ('জমির —')

**খোঁচা**] সূক্ষ্মাগ্র বস্তু দ্বারা আঘাত ('বর্শার —')। লাঠি ইঃর আগা দিয়া ঠেলা। ('— দেওয়া, মারা, খাওয়া')। ... **খোঁচাখুঁচি**] পরস্পর কিংবা বার বার খোঁচা দেওয়া। ... **খোঁচানো** [√ খোঁচা -১৫] খোঁচা দেওয়া। উসকাইয়া দেওয়া। উত্যক্ত করা।

**খোঁজ**] সন্ধান, তল্লাশ, খবর ('— করা, লওয়া, পাওয়া, রাখা')

**খোজা** [ফা. খোআজহ্] অন্তঃপুররক্ষী নপুংসক। মুসলমানী উপাধি বিঃ।

**খোঁজা** (খুঁজা বিরল) [√ খুঁজ্-১০] অন্বেষণ করা।

**খোঁজারু**] খোঁজের জন্য যাহাকে নিযুক্ত করা হয়। সন্ধানী।

**খোট** — আবদার, জিদ, বায়না।

**খোঁটা ১** (খুঁটা বিরল) [খুঁট্-১০] নখ চঞ্চু ইঃ দিয়া তুলিয়া লওয়া বা কাটা। শলাকা দ্বারা খোঁচা দেওয়া ('দাঁত—') (§ খুঁটিয়া, খুঁটিয়ে)

**খোঁটা ২**] গঞ্জনা ('— দেওয়া, খাওয়া')

**খোট্টা**] হিন্দীভাষী লোক (অবজ্ঞায়)

**খোড়ল, খোঁদল**] কোটর, গর্ত।

**খোঁড়া ১** (খুঁড়া বিরল) [ √ খুড়্-১০। < খন্, ক্ষুদ্ ] খনন করা। ভূমিতে ঠোকা, কোটা ('মাথা —')। প্রশংসা দ্বারা সুস্থ বা ভাগ্যবান্ ব্যক্তির হানি করা।

**খোঁড়া ২** ] খঞ্জ। অঙ্গহীন, অকর্মণ্য।

**খোঁড়ানো** [ √ খোঁড়া-১৫ ] খোঁড়ার মত চলা। খনন করানো।

**খোৎবা** — ইসলামের বিজয়ঘোষণা।

**খোদ** [ ফা. খুদ ] স্বয়ং।

**খোদল, খোঁদল** ] — কোটর। দেওয়ালের কুলুঙ্গি।

**খোদকারি** ] খোদাইএর কাজ।

**খোদা১** (খুদা বিরল) [ √খুদ্-১০। < ক্ষুদ। ক্ষোদন বা উৎকিরণ করা। কাটিয়া গঠন করা। খনন করা। ... **খোদাই** ] ক্ষোদন। ... **খোদানো** ] ক্ষোদিত করানো।

**খোদা১** [ ফা. খুদা ] আল্লা, ঈশ্বর।

**খোদাবন্দ্** [ ফা. খুদাবন্দ ] প্রভু, মালিক।

**খোনা** ] যে নাকী সুরে কথা বলে। নাকী, অনুনাসিক।

**খোন্তা** (খন্তা দেখ)

**খোন্দকার**—কৃষক। মুসলমানী উপাধি বিঃ।

**খোপ, খোপর** ] ছোট ঘর, খুপরি।

**খোঁপা, খোপা** ] কবরী।

**খোবর** ] < গহ্বর, গর্ত। ... **খোবরানো** ] গর্তবিশিষ্ট।

**খোব্লানো, খুব্লনো** [ √ খোবলা-২০ ] খাবলাইয়া ছিন্ন করিয়া লওয়া ('চোখ —')

**খোবানি** [ ফ. খু- ] ফল বিঃ, apricot.

**খোয়া ১** [ < ক্ষয় ] নষ্ট, অপহৃত ('— যাওয়া')

**খোয়া ২** ] শুষ্ক ক্ষীর। ভাঙা ইট।

**খোয়া ৩** ] — আখের ছিবড়ে।

**খোঁয়াড়** ] শূকর ভেড়া ইঃ রাখিবার স্থান। উটকা গরু ইঃ আটক রাখিবার স্থান।

**খোয়ানো** [ √ খোয়া-১৫ ] নষ্ট করা, হারানো ('সম্পত্তি, চরিত্র, জাত —')

**খোয়ার** [ ফা ] ভর্ৎসনা, লাঞ্ছনা। দুর্গতি।

**খোয়ারি** [ আ. খুমার ] মদ খাইবার পর অবসাদ। ('— ভাঙা' — তাহা দূর করিবার জন্য পুনরায় অল্প মদ খাওয়া)

**-খোর** [ ফা ] যে খায়, আসক্ত ('গাঁজা-, ঘুষ-')

**খোরপোশ** [ ফা ] খোরাক-পোশাক, অন্ন-বস্ত্র। ভরণ-পোষণের খরচ।

**খোরশোলা, -শোল** ] ছোট মাছ বিঃ।

**খোরা** ] বড় বাটি। (ছোট — খুরি ])

**খোরাক** [ ফা. খু- ] খাদ্যদ্রব্য। আহার। ভোজনের পরিমাণ। ... **খোরাকি** ] খাইখরচ। খোরাক বাবদ দেয় অর্থ। ... **খোরাকী** > যাহার খোরাক বেশি।

**খোরাসানী** — খোরাসান দেশের লোক।

**খোল** — আবরণ, ওয়াড় ('বালিশের —')। খাপ। মৃদঙ্গ-জাতীয় বাদ্যযন্ত্র বিঃ। তুম্ব ('হুঁকার, সেতারের —')। গহ্বর ('চোখের —')। খোলা, বাকলা। (খইল দেখ)

**খোলক** — খোলা, আবরণ।

**খোলতা** ] বিকশিত, শোভমান। ... ষ্য. **খোলতাই** ]

**খোলস** ] সর্পের ত্বক্, নির্মোক। খোল, আবরণ।

**খোলসা** [ আ. খুলাসহ্ ] মুক্ত, পরিষ্কৃত ('আকাশ — হওয়া')। স্পষ্ট, বিশদ ('— ক'রে বলা')। খালি, শূন্য ('ঘর — করা')

**খোলা ১** [ < খোলক ] ষ্য. খাপরা। খোসা, ছাল; আবরণ ('নেবুর, ডিমের, কাছিমের —')। ভাজিবার পাত্র ('তপ্ত —')।

ক্ষেত্র ('ইট-। ধানের —')

**খোলা ২** (খুলা বিরল) [ √খুল্-১০ ] উন্মুক্ত করা। ণ. অবদ্ধ, উন্মুক্ত ('— জানালা, জমি')। সরল ('— মন')। ... **খোলাখুলি** ] স্পষ্টভাবে।

**খোলামকুচি** ] ভাঙা কলসী ইঃর টুকরো।

**খোশ** [ফা. খুশ] প্রীতিকর। প্রীত। ... **খোশখবর** ] সুসংবাদ। ... **খোশখোরাক** ] শৌখিন ভোজন। ... **খোশখোরাকী** ] তাহাতে অভ্যস্ত। ... **খোশগল্প** ] আমোদজনক গল্প। ... **খোশনবিশ** ] যাহার হস্তাক্ষর সুন্দর। ... **খোশনাম** ] সুখ্যাতি। ... **খোশপোশাক** ] শৌখিন পোশাক। ... **খোশপোশাকী** ] তাহাতে অভ্যস্ত। ... **খোশবায়** [ফা. খুশবু] সুগন্ধ। ... **খোশমেজাজ** ] প্রফুল্ল চিত্ত।

**খোশামোদ** [ফা. খুশ-আমদ] তোষামোদ, চাটুবাক্য। ... **খোশামোদি, -মুদি** ] চাটুবৃত্তি। ... **খোশামুদে** ] চাটুকার।

**খোশাল** (**খুশ-হাল**) — (ফা) — খুশী, আহ্লাদিত।

**খোস** [ < কচ্ছু ] চর্মরোগ বিঃ, পাঁচড়া।

**খোসলা** ] — শীতনিবারণের জন্য গায়ে দিবার কাঁথা।

**খোসা** [ < কোষ ] ত্বক্, ছাল, খোলা ('নেবুর —')

**খ্যাঁক** ] শেয়াল কুকুর ইঃর ডাক।

**খ্যাঁট** — ভোজন। (ইতর)

**খ্যাঁৎখ্যাঁৎ**—পীড়ার পূর্বলক্ষণের অনুভূতি।

**খ্যাত** — প্রসিদ্ধ, বিখ্যাত ('-নামা')। উক্ত, কথিত। ... **খ্যাতি** — যশ, সুখ্যাতি, প্রসিদ্ধি। প্রচার।

**খ্যাপক** — প্রচারক।

**খ্যাপন** — প্রচার, ঘোষণা। জ্ঞাপন, কথন।

**খৃষ্ট** [ই. Christ. গ্রীক Khristos] যীশুখৃষ্ট। ... **খৃষ্টান, ক্রীশ্চান** [ই. Christian] খৃষ্টধর্মাবলম্বী। ... ষ্য. -নি ]। ... ণ. -নী ]। ... **খৃষ্টাব্দ** ] খৃষ্টের জন্ম হইতে গণিত পরবর্তী অব্দ (= বাংলা সাল + ৫৯৩। ৫৯৪)। ... **খৃষ্টপূর্বাব্দ** ] খৃষ্টের জন্ম হইতে গণিত পূর্ববর্তী অব্দ। ... **খৃষ্টীয়** ] খৃষ্ট বা তদ্ধর্ম সম্বন্ধীয়।

## গ

**-গ** — গামী ('নিম্নগ')। ... স্ত্রী. **-গা**।

**গগন**—আকাশ। ... **গগনচুম্বী** (-ম্বিন্)—আকাশস্পর্শী। ... **গগনতল** — আকাশ-পৃষ্ঠ, আকাশের গা। ... **গগনমণ্ডল** — মণ্ডলাকার আকাশ।

**গঙ্গা**—ভাগীরথী নদী, জাহ্নবী, সুরধুনী। (ঃ গাঙ্গেয়)। ... **গঙ্গাজলি** ] অন্তিম-কালে মুখে গঙ্গাজল দান। ... **গঙ্গাজলী / -জলে** ] গঙ্গাজলের মত রং বিশিষ্ট, ঈষৎ গেরুয়া ('— শাল')। ... **গঙ্গাধর** ... শিব। ... **গঙ্গাপুত্র** — ভীষ্ম। শব-দাহক, মুর্দাফরাশ। ... **গঙ্গাপ্রাপ্তি, -লাভ** — গঙ্গাগর্ভে বা -তীরে মৃত্যু। মৃত্যু (অন্যত্র হইলেও, গৌরবে)। ... **গঙ্গাফড়িং** ] সবুজ রঙের পতঙ্গ বিঃ। .. **গঙ্গাযমুনা** — দুইরঙা। সোনা-রূপা নির্মিত। ... **গঙ্গাযাত্রা** — মুমূর্ষুর গঙ্গাতীরে যাত্রা। ... **গঙ্গাসাগর** — গঙ্গার সহিত সাগরের মিলনস্থান।

**গঙ্গোত্তরী — গঙ্গোত্রী** ] গঙ্গার অবতরণ-স্থান, হিমালয়স্থ তীর্থ বিঃ।

**গঙ্গোদক** — গঙ্গাজল।

**গঙ্গোপাধ্যায়** — গাঙ্গুলী, বাঙালী ব্রাহ্মণ-বংশের উপাধি বিঃ।

**গচ্চা** ] ক্ষতিপূরণ, দণ্ড। অসাবধানতার

জন্য লোকসান ('— দেওয়া, যাওয়া')

**গচ্ছিত** ] রক্ষিত, ন্যস্ত।

**গছানো** [ √ গছা-১১ ] গতানো, ছলে বা কৌশলে সম্মতি লইয়া অপরকে অর্পণ করা, "ঘাড়ে চাপানো" ('ভাঙা বাজনা অমুককে —')। গ্রহণ করানো।

**গজ ১** — হস্তী। দাবা খেলার বল বিঃ।

**গজ ২** [ ফা. গজ. ] দুই হাত, ৩৬ ইঞ্চি। ... **গজকাঠি** ] মাপিবার জন্য এক গজ লম্বা কাঠি। ... **-গজী, -গজা** ] গজ-পরিমাণ ('বিশগজী')

**গজকচ্ছপ** — (পুরাণে গজকচ্ছপরূপী দুই শাপভ্রষ্ট ভ্রাতার দীর্ঘকালব্যাপী যুদ্ধের কথা আছে। তাহা হইতে) দীর্ঘকাল ধরিয়া পৈতৃক সম্পত্তি লইয়া ভ্রাতৃগণের মামলা মকদ্দমাকে গজকচ্ছপের যুদ্ধ বলে।

**গজগজ** ] বিরক্তিসূচক অস্পষ্ট উক্তি ('রেগে — করা')। বাহির হইবার জন্য চঞ্চলতা ('পেটে কথা — করছে')। ... **গজগজ, গিজগিজ** ] স্থানাভাবে ঠেলাঠেলি ('পেটে লুচিমণ্ডা — করছে')

**গজগামিনী** — গজের তুল্য মন্থর শোভন গতিশালিনী।

**গজগিরি** ] শান-বাঁধানো চাতাল। পঙ্খের কাজ।

**গজঘণ্টা** — হাতির গলার ঘণ্টা।

**গজদন্ত** — হাতির দাঁত। দাঁতের উপরে যে দাঁত বাহির হয়। উঁচু দাঁত।

**গজপতি** — শ্রীচৈতন্যের পরম ভক্ত উড়িষ্যাধিপতি প্রতাপরুদ্রের উপাধি।

**গজপিপ্পলী** — চইফল।

**গজব** (আ) — জুলুম, অত্যাচার।

**গজভুক্ত** -গজকীট কর্তৃক ভক্ষিত। **গজভুক্ত কপিত্থবৎ** - - অন্তঃসারশূন্য।

**গজমুক্তা** -- গজমোতি ] হাতির মাথায় যে মুক্তা জন্মে (প্রবাদ)

**গজল** [ আ. গজ.ল ] গান বিঃ। প্রেম-সংগীত।

**গজা** ] ঘিএ ভাজিয়া চিনির রসে পাক-করা ময়দার মিষ্টান্ন বিঃ।

**গজাজিন** — হস্তিচর্ম। মহাদেবের পরিধেয় গজাসুরের চর্ম।

**গজানন** — গণেশ।

**গজানীক** — গজারোহী সৈন্যদল।

**গজানো** [ √ গজা-১১ ] উদ্‌গত হওয়া, বৃদ্ধি পাওয়া ('শিকড়, চুল, বুদ্ধি —')

**গজারি** — বৃক্ষ বিঃ।

**গজারোহী** (-হিন্‌) — হাতি-সওয়ার।

**গজাল** ] বড় পেরেক।

**গজুয়া** ] একপ্রকার ছোট আকারের মিষ্টান্ন।

**গজেন্দ্র** — উত্তম হস্তী। ঐরাবত। ('-গমন' — হস্তীর তুল্য মন্থর শোভন গতি। '-গামী, -গামিনী')

**গঞ্জ** [ ফা ] হাট। শস্যাদি বিক্রয়ের স্থান।

**গঞ্জন** — স্ত্য. তিরস্কার, লাঞ্ছনা। ণ. যে লাঞ্ছিত বা পরাজিত করে ('খঞ্জন-আঁখি')। ... **গঞ্জনা**—তিরস্কার, লাঞ্ছনা, খোঁটা।

**গঞ্জিকা** ] গাঁজা (দেখ)

**গট, গ্যাঁট** ] খাড়া ও নিশ্চল ('— হয়ে বসা')

**গটগট** ] চলিবার শব্দ। (ছোট—গুটগুট ])

**গঠন** [ < গ্রথন, ঘটন ] নির্মাণ, রচনা ('ভিত্তি-, সাম্রাজ্য-, চরিত্র-')। গড়ন, আকার ('-সৌষ্ঠব')। ... ণ. **গঠিত** ]

**গড় ১** — পরিখা। দুর্গ। ... **গড়খাই** [ < গড়-খাত ] পরিখা।

**গড় ২** ] প্রণাম, দণ্ডবৎ হওয়া ('— করা')। স্থূল গণনা, মাঝামাঝি হিসাব, average ('গড়ে দুই টাকা')। ... **গড়পড়তা** ] স্থূল গণনায় প্রত্যেকের

পিছু।

**গড়ই** ] — একপ্রকার মাছ। রাঢ় দেশে ছিঙুড়ি, কোন কোন অঞ্চলে ন্যাটা।

**গড়গড়** ] মেঘের ডাক, গড়াইবার বা গাড়ি চলা ইঃর শব্দ ('— করা, ক'রে চলা। পেটে — করা'। মৃদু — গুড়গুড় ])

**গড়গড়া** [ তামাক খাইবার আলবলা বিঃ।

**গড়ন** [ < গ্রথন, ঘটন ] গঠন, নির্মাণ, রচনা; আকার, ছাঁদ ('মুখের, গহনার —')। ... **গড়নাপিটন** ] আকার ও নির্মাণ-পদ্ধতি। আকারপ্রকার। ... **গড়নদার** ] যে ধাতু পিটিয়া জিনিস গড়ে। ... **গড়নকাঠ** — যে কাঠে টেবিল চেয়ার খাট ইত্যাদি তৈরি হয়।

**গড়া ১** ] মোটা কাপড় বিঃ।

**গড়া ২** [ গড়্-৫। < গ্রন্থ্, ঘট্ ] গঠন করা ('মন্দির, প্রতিমা, গহনা —')। শিক্ষিত করা ('মানুষ, মকদ্দমার সাক্ষী —')। ষ্য. গঠন ('ভাঙা-')। ণ. গঠিত; কল্পিত ('হাতে —। মন-')। কৃত্রিম, সাজানো ('— মকদ্দমা')। (§ গড়ানো ১)

**গড়াগড়ি** ] ভুলুণ্ঠন; শুইয়া উলটপালট ('ধুলায়, বিছানায়—দেওয়া') ছড়াছড়ি, অবহেলায় স্থিতি ('জিনিসপত্র — যাচ্ছে')

**গড়ানে, গড়ানিয়া** ] ঢালু, ক্রমনিম্ন।

**গড়ানো ১** [ √ গড়-১১। < গ্রন্থ্, ঘট্ ] গঠিত করানো ('গহনা, প্রতিমা —')

**গড়ানো ২** [ √ গড়া-১১। < গড়্ ] চাকার মত ঘুরিয়া চলা। ঢালু জায়গায় হড়কাইয়া নামা। পাত্র হইতে জল ইঃ ঢালা। বহিয়া যাওয়া ('গায়ে তেল গড়াচ্ছে')। শুইয়া বিশ্রাম করা ('গড়িয়ে নেওয়া')। গড়াগড়ি দেওয়া। অগ্রসর হওয়া (প্রায় নিন্দায়। 'ব্যাপার অনেক দূর গড়িয়েছে')

**গড়ায় গড়ায়, গড়াগড়া** ] পাশাপাশি শুইয়া ('— প'ড়ে আছে')

**গড়িমসি** ] হচ্ছে-হবে ভাব, দীর্ঘসূত্রতা।

**গড়িয়া** ] — গড়েপুকুর, ডোবা।

**গড়ে** (গড়িয়া) — অলস, গেঁতো। যে সারাদিন গা গড়াইতে চায়।

**গড্ডল, গড্ডর** — গাড়ল, ভেড়া। ... **গড্ডলিকা, -রিকা**—এক মেষের অনুবর্তী মেষশ্রেণী, ভেড়ার পাল। ... **গড্ডলিকা-প্রবাহ** — ভেড়ার পালের তুল্য পরস্পরের অনুসরণ, একজন যাহা করে সকলেরই অন্ধভাবে তাহা করা।

**গড্ডুক** — গাড়ু।

**গণ** — সমূহ, দল। বহুবচন সূচক (পংচ দেখ)। বর্গ, শ্রেণী। জনসাধারণ ('-নেতা')। গোষ্ঠীবর্গ। শিবের অনুচর, প্রমথগণ। (জ্যোতিষে) নক্ষত্র অনুসারে জাতকের ভেদ ('দেব-, রাক্ষক-, নর-,')

**গণক** — দৈবজ্ঞ, গণৎকার। যে গণনা করে।

**গণৎকার** ] (গণক দেখ)

**গণতন্ত্র** — জনসাধারণ কর্তৃক রাজ্যাদি পরিচালন, প্রজাতন্ত্র, democracy ... ণ **গণতন্ত্রীয়। গণতন্ত্রী** (-ন্ত্রিন্)

**গণদেবতা** — সংঘভূত দেবগণ, যথা ১২ আদিত্য, ১০ বিশ্ব, ৮ বসু, ১১ রুদ্র ইঃ।

**গণনা, গণন** — সংখ্যা করণ। অঙ্ক কষা। হিসাব। জ্যোতিষিক ব্যাপার বা ভূত ভবিষ্যৎ শুভাশুভ ইঃ নিরূপণ। (§ গণনীয়, গণিত, গণিতক, গণ্য, গাণনিক)

**গণনাথ** — গণেশ। শিব।

**গণনায়ক** — গণেশ। জননায়ক।

**গণনীয়** — গণনার যোগ্য, গণ্য, সংখ্যেয়। যাহার সংখ্যা করা যায়। উল্লেখযোগ্য। গ্রাহ্য, ধর্তব্য।

**গণপতি** — গণেশ। শিব (§ গাণপত্য)

**গণশক্তি** — জনসাধারণের সম্মিলিত শক্তি।
**গণাই ]** গণেশের ডাকনাম।
**গণিকা** — বহুভোগ্যা, বারাঙ্গনা, বেশ্যা।
**গণিত** — ণ. যাহার সংখ্যা করা হইয়াছে, সংখ্যাত। গণনাদ্বারা নির্ধারিত। ষ্য. অঙ্কশাস্ত্র। ('পাটী-, বীজ-। গণিতজ্ঞ')। (ঃ গাণিতিক)
**গণিতক** — হিসাব, accounts.
**গণীভূত** — যাহা গণের অন্তর্ভূত হইয়াছে। জাতিগত, সম্প্রদায়ভুক্ত।
**গণেশ** — শিব-পার্বতীর পুত্র, কার্তিকের ভ্রাতা, গজানন, গণপতি, বিনায়ক, লম্বোদর, হেরম্ব ('সিদ্ধিদাতা —')
**গণ্ড** — কপোল, গাল ('-দেশ, -স্থল')। ফোড়া, আব ('গল-')। গ্রন্থি। ঢিপি ('-শৈল')
**গণ্ডক** ... **গণ্ডকী** — উত্তর-বিহারের দুই নদী। **গণ্ডকীশিলা** — শালগ্রামশিলা ... **গণ্ডক** — গণ্ডার।
**গণ্ডকূপ** — হাস্যকালে গালের টোল।
**গণ্ডগোল ]** গোলমাল, গোলযোগ। বিশৃঙ্খলা।
**গণ্ডগ্রাম** — বৃহৎ গ্রাম।
**গণ্ডমালা** — ঘাড় গলা ইঃ গ্রন্থির স্ফীতি-রোগ।
**গণ্ডমূর্খ** — নিরেট বোকা।
**গণ্ডযোগ** — যে পঞ্জিকাসিদ্ধ যোগে জন্ম হইলে সন্তানের মাতা বা পিতার মৃত্যু হয়।
**গণ্ডশৈল** — পর্বত হইতে বিচ্যুত বৃহৎ শিলাখণ্ড।
**গণ্ডস্থল** — কপোলদেশ, গাল।
**গণ্ডা** [ < গণ্ডক ] চার, ৪। চার কড়া। ('পাওনা গণ্ডা' — প্রাপ্য টাকা)। ... **গণ্ডা গণ্ডা ]** অনেক, বহুসংখ্যক।
**গণ্ডার ]** < গণ্ডক, এক বা দুই শৃঙ্গ যুক্ত স্থূলচর্ম বন্য পশু বিঃ।
**গণ্ডি** [ < গণ্ড- ] বেষ্টনরেখা। সীমা।
**গণ্ডু** — গ্রন্থি, গাঁট। বালিশ।
**গণ্ডূষ** — হাতের এক কোষ জল। হাতের কোষ। মন্ত্রপাঠ করিয়া হাতের কোষ হইতে জল পান ('— করা')
**গণ্ডেপিণ্ডে / গাণ্ডে- ]** (মুঃ গাল হইতে পায়ের গুলি পর্যন্ত) পেট ঠাসিয়া ('— খাওয়া')
**গণ্ডেরি** (হি) — আখের টুকরা।
**গণ্ডোপল** — করকা।
**গণ্ডোল** — কবল, গ্রাস।
**গণ্য** — গণনীয় (দেখ)। ... **গণ্যমান্য** — সম্ভ্রান্ত।
**গৎ** [ < গতি ] সংগীতের নির্ধারিত সুর বা বোল। ধারা, গতি ('বাঁধা —')। ভাষায় লক্ষ্যার্থক বাক্যাংশ idiom।
**গত** — বিগত, অতীত ('-কল্য, -যুগ, -যৌবন')। অব্যবহিত পূর্ববর্তী ('-বৎসর')। প্রস্থিত। সমাপ্ত। মৃত ('— হয়েছেন')। অধিগত, প্রাপ্ত ('হস্ত-')। নিহিত, অনুব্যাপ্ত ('বংশ-, রন্ধ্র-, শরীর-')। ... **গতক্লম** — যাহার ক্লান্তি দূর হইয়াছে। ... **গতচেতন** — চেতনাহীন। ... **গতজীব, -জীবন, -প্রাণ** — মৃত, গতাসু। ... **গতনিদ্র** — যাহার ঘুম নাই। যাহার ঘুম ভাঙিয়াছে। ... **গতব্যথ** — যাহার ব্যথা দূর হইয়াছে। ... **গতযৌবন** — যাহার যৌবন অতীত হইয়াছে। ... স্ত্রী. **-যৌবনা**। ... **গত-শোচনা** — গতানুশোচন (দেখ)। ... **গতসঙ্গ** — আসক্তিহীন। ... **গতস্পৃহ** — কামনাশূন্য, নিষ্কাম।
**গতর** [ < গাত্র ] মোটা শরীর। সামর্থ্য, দেহের শক্তি ('— খাটানো')। ... **"গতর-খেকো" ]** সামর্থ্য থাকিলেও যে খাটিতে

চায় না। ... স্ত্রী. **"খাকী"**] — একটি গালি গ্রাম্য নারীদের মধ্যে প্রচলিত।

**গতাগত, গতাগতি** — যাতায়াত, গমনাগমন। বার বার জন্মমৃত্যু।

**গতানো** [ √ গতা-১১ ] গছানো (দেখ)

**গতানুগতিক**—পূর্বদৃষ্টান্তের বা মামুলী বা প্রচলিত প্রথার অনুবর্তী। ... ষ্য. **-তা। গতানুশোচন, -না** — বিগত বিষয় বা কৃত কর্মের জন্য খেদ।

**গতায়াত, গতায়াতি** — যাতায়াত।

**গতায়ু** [ < -য়ুঃ (-য়ু) ] যাহার আয়ু শেষ হইয়াছে। আসন্নমৃত্যু।

**গতার্তবা** — যে স্ত্রীর আর্তব অর্থাৎ ঋতু বন্ধ হইয়াছে।

**গতাসু** — মৃত। অসু অর্থাৎ প্রাণ যাহার নির্গত।

**গতি** — গমন, যাত্রা। চলন ('-হীন। মন্দ-' অস্থির-')। উপায়, ব্যবস্থা ('— করা')। আশ্রয়, শরণ ('অগতির —')। পরিণাম; মৃত্যুর পরে অবস্থান ('নরক-'কু। উদ্ধারের উপায় ('আমার — কি হবে')। সৎকার, অন্ত্যেষ্টিক্রিয়া ('মৃতের — করা')। গন্তব্যস্থান। অবস্থা। প্রাপ্তি।

**গতিক**] অবস্থা, দশা; লক্ষণ ('শরীর-, ভাব-। — ভাল নয়')। উপায়, কৌশল, ব্যবস্থা ('কোনও গতিকে, বেগতিক')। উপলক্ষ, সূত্র, প্রয়োজন ('কার্যগতিকে')

**গতিক্রিয়া** — দীর্ঘসূত্রতা।

**গতিবিধি** — গমনের ব্যবস্থা ('-র স্থিরতা নাই')। চলাফেরা, কার্যকলাপ, চালচলন ('-র উপর নজর রাখা')

**গতিরোধ** — গমনে বাধা।

**গতিশক্তি** — চলনশক্তি।

**গত্যন্তর** — অন্য গতি, উপায়ান্তর।

**গদ** — বিষ। ব্যাধি। (বাং) গুরুভোজনের ভার ('পেটে — আছে')

গ'দ] বাবলা ইঃ গাছের আঠা। আঠা।

**গদা** — মুদ্গরের তুল্য যুদ্ধাস্ত্র বিঃ। মুগুর। মোটা লাঠি। ... **গদাঘাত** — গদার দ্বারা আঘাত। **গদাযুদ্ধ** — গদায় গদায় যুদ্ধ।

**গদাই**] < গদাধর।

**গদাইলশকরী**] (মূঃ গাধাবোটের লশকরের মত) ঢিমে, অলস ('— চাল')

**গদাধর** — বিষ্ণু, কৃষ্ণ। শ্রীচৈতন্যের অন্তরঙ্গ সুহৃদ্।

**গদি**] মোটা তোশক। নরম আসন ('চেয়ারের —')। তক্ত, সিংহাসন ('রাজ-। মহন্তের —')। ব্যবসায়ীর কর্মস্থান। ... **গদিয়ান**] গদির মালিক, ব্যবসায়ের অধ্যক্ষ। গদির উপর উপবিষ্ট ... ণ. **-য়ানী**]

**গদিত** — উক্তি, ভাষণ।

**গদ্গদ** — ভাবের আতিশয্যে জড়িত ('— স্বর, ভাষ, কণ্ঠ, বচন')। শোকহর্ষাদির ফলে বিহ্বল ('— চিত্ত, ভাবে — হওয়া')

**গদ্য** — যে রচনা পদ্যের তুল্য ছন্দোবন্ধ নয়, মুখের কথায় চলে। গদিত অর্থাৎ যাহা কথিত হয়।

**গনগন**] আগুন জ্বলার প্রখর ভাব প্রকাশ ('— করা')। ... **গনগনে (গনগনিয়া)**] খুব জ্বলন্ত।

**গনৎকার**] গণক, দৈবজ্ঞ। (গণৎকার দেখ)

**গনতি, গুনতি**] গণনা।

**গনা** [ √ গন্-৫। < গণ্, গুণ্ ] গণনা করা, গোনা (দেখ)। গণ্য করা। অনুমান করা ('বিপদ —') ণ. গণিত, যাহার গণনা হইয়াছে। ... **গনাগাঁথা, গোনা-গাঁথা**] যাহা গনিয়া ব্যবস্থিত হইয়াছে, কমবেশি হইবার কথা নয়। ... **গনানো** [ √ গনা-১১ ] গণন করানো। দৈবজ্ঞ-

দ্বারা শুভাশুভ ইঃ নির্ধারণ করানো।

**গনাগোষ্ঠী** ] গণ ও গোষ্ঠী, গোষ্ঠীবর্গ।

**গন্তব্য** — যেখানে যাইতে হইবে বা যাওয়া উচিত, গমনীয়। অধিগম্য, জ্ঞাতব্য। **গন্তব্যপথ** — কোনস্থানে যাইবার জন্য যে পথে চলিতে হয়।

**গন্তা** ( -ন্তৃ) — যে যায়। ... স্ত্রী. **গন্ত্রী**।

**গন্তুকাম** — গমনেচ্ছুক।

**গন্ত্রী-** — গাড়ী, গো-গাড়ী।

**গন্ধ** -- বস্তুর যে গুণ নাসিকাদ্বারা অনুভূত হয়, বাস; ঐ অনুভূতি, ঘ্রাণ। ('— পাওয়া, ছাড়া, বাহির হওয়া, হওয়া, সোঁকা')। চন্দন। সম্পর্ক, লেশ ('নাম-গন্ধ')। ... **গন্ধগোকুল, -লা** [ < গন্ধ-নকুল ] খট্টাশ বিঃ, civet-cat (নাভির নিকট গন্ধকোষ থাকে)। ... **গন্ধতৈল** — সুবাসিত তৈল। ... **গন্ধদ্রব্য** — সুগন্ধ দ্রব্য। ... **গন্ধপুষ্প** — সুগন্ধ বা সচন্দন পুষ্প। ... **গন্ধবণিক্** -ণিজ্) — গন্ধদ্রব্য-ব্যবসায়ী। বাঙালী হিন্দু জাতি বিঃ, গন্ধবেনে। ... **গন্ধবহ, -বাহ** — বায়ু। **গন্ধভাদুলী** ] — গাঁধাল। একপ্রকার দুর্গন্ধি লতা. উদরাময়ের পক্ষে হিতকর। ... **গন্ধমাদন** — রামায়ণোক্ত পর্বত যাহা হনুমান্ বিশল্যকরণী সমেত তুলিয়া আনিয়াছিলেন। ... **গন্ধমৃগ** — কস্তুরী-মৃগ। ... **গন্ধরাজ** — সাদা সুগন্ধ ফুল বিঃ, gardenia.

**গন্ধক** — পীতবর্ণ মৌলিক পদার্থ বিঃ। ... **গন্ধকাম্ল** — sulphuric acid, মহাদ্রাবক।

**গন্ধর্ব** — পৌরাণিক দেবযোনি বিঃ, দেবগায়ক। ( § গান্ধর্ব)। ... **গন্ধর্ববিদ্যা** — সংগীতবিদ্যা। ... **গন্ধর্ববেদ** — সংগীতশাস্ত্র।

**গন্ধাজীব** — গন্ধবণিক, যাহারা গন্ধদ্রব্যের ব্যবসা করে।

**গন্ধাধিবাসন, -বাস** — বিবাহ পূজা ইঃতে বিবিধ গন্ধদ্রব্যের দ্বারা আনুষ্ঠানিক সংস্কার বিঃ।

**গন্ধী** (-ন্ধিন্) — গন্ধযুক্ত ('পুষ্প-')

**গন্ধেশ্বরী** — গন্ধবণিক্ জাতির কুল-দেবতা।

**গন্নাকাটা** ] যাহার উপরের ঠোঁট জন্মাবধি কাটা।

**গপগপ, গবগব** ] গ্রাসের শব্দ ('— ক'রে খাওয়া'। তাড়াতাড়ি — গপাগপ ])। ছোট গ্রাস — গুপগুপ ])

**গবয়** — গো-জাতীয় বন্য পশু বিঃ, গয়াল।

**গবচন্দ্র, গবু-** ] গল্পবর্ণিত হবচন্দ্র রাজার মূর্খ মন্ত্রী। বোকা।

**"গবা"** [ < গো ] বোকা, হাঁদা।

**গবাশন** — গোমাংস ভোজন। গোমাংস-ভক্ষক।

**গবালম্ভ** — গোহত্যা, যজ্ঞে গোবধ।

**গবাক্ষ** — জানালা।

**গবী** — গাভী।

**গবেষণা, গবেষণ** — তত্ত্বানুসন্ধান। অন্বেষণ। ... ণ. **গবেষিত**।

**গব্য** — ণ. গাভীজাত ('-ঘৃত')। ষ্য. গোজাত বস্তু ('পঞ্চপ্রকার')।

**গভর্নমেণ্ট** [ ই ] সরকার। রাজ্যশাসন-ব্যবস্থা।

**গভর্নর** [ ই ] প্রাদেশিক **শাসনকর্তা**, রাজ্যপাল।

**গভস্তি** -- সূর্যকিরণ।

**গভীর** — নিম্নে বহুদূর বিস্তৃত ('— জল, সমুদ্র')। অতিনিম্ন ('— উপত্যকা')। যাহার তল নীচু ('— পাত্র')। নিবিড়, গহন ('— বন')। প্রগাঢ় ('— জ্ঞান')। দুরধিগম, জটিল ('—

বিষয়')। গম্ভীর ('— স্বর')। ... ষ্য. গভীরতা।

**গম** ] < গোধূম, শস্য বিঃ।

**গমক** ] (সংগীতে) স্বরের কম্পন।

**গমগম** ] গম্ভীর শব্দ ('আসর — করছে')। উচ্চতর — গুমগুম ])

**গমন** — গতি, যাওয়া, প্রস্থান। সংগম ('অগম্যা-')। (§ গত, গন্তা)। ... **গমনাগমন** — যাতায়াত, যাওয়া-আসা। ... **গমনীয়, গম্য** — গন্তব্য (দেখ)। ... **গমিত** — অতিবাহিত। প্রাপিত। জ্ঞাপিত।

**গম্বুজ** (গুম্বজ দেখ)

**গম্ভীর** — নিম্নস্বরবিশিষ্ট, খাদ ('— স্বর')। ধীর, অচঞ্চল, ছেবলা নয়, ('-প্রকৃতি। — মানুষ')। গুরু, পরিহাসযোগ্য বা হালকা নয় ('— বিষয়')। ... ষ্য. -ভা, **গাম্ভীর্য**।

**গম্ভীরবেদী** — মদমত্ত হস্তী, নিরঙ্কুশ।

**গম্ভীরা** — মালদহ অঞ্চলের গাজনের উৎসব বিঃ।

**গম্য** — গন্তব্য (দেখ)। প্রাপ্য, জ্ঞেয়, অনুমেয় ('বোধ-, ইন্দ্রিয়-')। সাধ্য। ... **স্ত্রী.** গম্যা। — সংগমযোগ্যা। ... **গম্যমান** — যাহা জানা যাইতেছে বা অনুমান করা হইতেছে, জ্ঞায়মান।

**গয়ংগচ্ছ** ] যাচ্ছি-যাব হচ্ছে-হবে ভাব, গড়িমসি, দীর্ঘসূত্রতা, কুড়েমি।

**গয়বী, গৈবী** [ আ. গায়িব ] গুপ্ত, লুক্কায়িত। ... **গয়বী খেলা** ] ছক না দেখিয়া দাবা খেলা।

**গয়রহ** [ আ. ব. গইরহ্ ] ইত্যাদি (আদালতী ভাষায়)

**গয়লা, গয়লানী** (গোয়ালা দেখ)

**গয়া** — বিহারের অন্তর্গত তীর্থস্থান যেখানে পিণ্ড দেয়। ... **গয়ালী** ] গয়ার পাণ্ডা।

**গয়ার / গয়ের** ] গলনিঃসৃত সর্দির শ্লেষ্মা।

**গয়াল** ] গবয় (দেখ)

**গয়েশ্বরী** — গয়া অঞ্চলে প্রস্তুত একপ্রকার থালা।

**গর** — বিষ, গরল।

**গর-** [ আ. গয়র ] অভাব অন্যথা ইঃ সূচক উপসর্গ।

**গরকবুল** — অস্বীকৃতি ... **গরকায়েম** — অস্থায়ী। ... **গরবনেদী** — অনভিজাত, যাহার বংশগৌরব নাই।

**গরগর** ] ক্রোধের লক্ষণ প্রকাশ ('রেগে — করা')। ঘোর বর্ণ বা স্বাদ সঞ্চার ('ঝোলে লংকা —')। গদ্‌গদ — (ভাবে গরগর)। ... **ণ. গরগরে** ]

**গরজ** [ আ. -জ. ] স্বার্থ, দায় ('— থাকা, পড়া, হওয়া। নিজের গরজে') **যত্ন**, মনোযোগ ( '— করা' )

**গরজানো** ( গর্জানো দেখ )

**গরজী** — নিজ স্বার্থসাধনে তৎপর। গরজে।

**গরদ** ] রেশমী কাপড় বিঃ।

**গরদা, গর্দা** [ ফা., গর্দ্ ] ধুলা, ময়লা।

**গরব** ] < গর্ব। ... **গরবী** ] < গর্বী, অহংকারী। ... **গরবিনী** ] < গর্বিণী, গর্বিতা। সৌভাগ্যগর্বিতা।

**গরবা** [ গুজরাটী ] গুজরাটী নৃত্যগীত বিঃ।

**গরম** [ ফা. গর্ম্ ] **ণ.** উষ্ণ, তপ্ত ( '— জল' )। যাহাতে শীতনিবারণ হয় ( '— কাপড়' )। গ্রীষ্ম ( '-কাল' )। **উদ্ধত**, গর্বিত ( '— মেজাজ' )। **উষ্ণবীর্য**, উত্তেজক ( '— মসলা, ঔষধ' )। **মহার্ঘ**, চড়া ('বাজার —')। ষ্য. উত্তাপ, গ্রীষ্ম ( '— পড়া')। বিকার, রোগ ('পেট-,

মাথা-')। ... **গরম কাপড়]** — শীত-নিবারণের জন্য পশমী পোশাক। ... **গরম বাজার)** — চড়া দামের বাজার। ... **গরম মসলা]** এলাচ-লবঙ্গ-দারচিনি। ... **গরম মেজাজ]** — কোপন স্বভাব। ... **গরমানো** [√ গর্‌মা]-১৭] গরম হওয়া। গর্বিত বা রুষ্ট হওয়া।

**গরমি** [ফা] গ্রীষ্ম, উত্তাপ ('-কাল')। উপদংশ রোগ (অশিঃ)

**গরমিল** [আ. গয়ব-] অমিল। হিসাব না মেলা।

**গররা]** উচ্চরব, হররা।

**গররাজী** [আ] অসম্মত।

**গরল** — বিষ। সর্পাদির বিষ। ঘা বিঃ।

**গরহাজির** [আ] অনুপস্থিত।

**গরাদে** [পো. grade] লোহা কাঠ ইঃর সিক ('জানালার —')

**গরান]** গাছ বা কাঠ বিঃ, mangrove.

**গরাস]** < গ্রাস।

**গরিব, গরীব** [আ] দরিদ্র। ... **গরিবানা]** ণ. গরিবের উপযুক্ত বা মতন ('—চাল')। ষ্য. দারিদ্র্য। ... **গরিবখানা** — দরিদ্রের গৃহ।

**গরিমা** (-মন্‌) — গৌরব। গুরুত্ব। গর্ব।

**গরিলা** — আফ্রিকার বৃহদাকার বানর বিঃ।

**গরিষ্ঠ** — গুরুতম, বৃহত্তম। পূজ্যতম। সংখ্যায় উচ্চতম।

**গরীয়ান্‌** (গরীয়স্‌) — গুরুতর, বৃহত্তর। পূজ্যতর। অতিশয় গৌরবান্বিত, মহান্‌। ... স্ত্রী. **গরীয়সী।**

**গরু, গোরু** [< গো-রূপ] গাভী। গো (স্ত্রী বা পুং)। মূর্খ (ব্যঙ্গে)

**গরুড়** — পক্ষিরাজ, বিষ্ণুর বাহন, কশ্যপ-বিনতার পুত্র। ঈগলপক্ষী। (§ গারুড়) ... **গরুড়ধ্বজ** — বিষ্ণু।

**গরুৎ** — পক্ষ, পালক। নৌকার পাল। ... **গরুত্মান্‌** (-মৎ) — গরুড় পক্ষী। ... **গরুত্মতী** — পক্ষিণী। পাল-ওয়ালা নৌকা।

**গর্গ** — মুনি বিঃ।

**গর্গরী** — গাগরী, কলসী।

**গর্জক** — গর্জনকারী।

**গর্জন** — উচ্চ গম্ভীর ধ্বনি, নাদ ('মেঘের, সিংহের, কামানের —')। ... **গর্জিত** — ণ. শব্দিত। ষ্য. গর্জন।

**গর্জনতৈল** — বৃক্ষ বিশেষের তরল নির্যাস, ঘামতেল (বার্নিশ হয়)

**গর্জানো, গরজানো** [√ গর্জা, গর্‌জা-১৭] গর্জন করা (পদ্যে — 'গর্জিল, গরজিল' [√ গর্জ্‌-, গরজ্‌-৫])

**গর্ত** — গহ্বর, রন্ধ্র, ছিদ্র, ফুটা।

**গর্দভ** — গাধা, রাসভ। মূর্খ (গালি)। ... স্ত্রী. **-ভী।**

**গর্দা** (গরদা দেখ)

**গর্দান** [ফা. গর্দন] ঘাড়, গলা। ('—লওয়া' — মাথা কাটা)। ... **গর্দানি]** গলাধাক্কা।

**গর্ব** — আত্মশ্লাঘা, অহংকার। ... **গর্বিত** — অহংকৃত। ... স্ত্রী. **-তা।** ... **গর্বী** (-বিন্‌) — **অহংকারী।** স্ত্রী. **গর্বিণী।** **গর্বান্ধ** — গর্বভরে যে হিতাহিতজ্ঞানশূন্য।

**গর্ভ** — অভ্যন্তর, ভিতর, মধ্য ('ভূ-')। অন্তঃসত্ত্বা-অবস্থা ('— হওয়া। গর্ভাবস্থা')। কুক্ষি, গর্ভাশয় ('গর্ভে ধারণ')। ভ্রূণ। ... **গর্ভকেশর** — পুষ্পের মধ্যস্থিত কেশর যাহার নীচে বীজকোষ থাকে, pistil. ... **গর্ভকোষ** — জরায়ু। পুষ্পের বীজকোষ। ... **গর্ভগৃহ** — ভিতরের ঘর। সূতিকাগার। ... **গর্ভচ্যুত** — গর্ভ হইতে পতিত। ... **গর্ভজ** — গর্ভে জাত। ... **গর্ভদাস** —

ক্রীতদাসীপুত্র। ... **গর্ভদোহদ** — সাধ। গর্ভিণী অবস্থায় যাহা খাইতে বা পাইতে ইচ্ছা হয়। ... **গর্ভধারণ** — অন্তঃসত্ত্বা হওয়া। ... **গর্ভধারিণী** — জননী। ... **গর্ভনাড়ী** — যে নাড়ী সন্তানের নাভি ও প্রসূতির গর্ভস্থ ফুলের সহিত সংযুক্ত থাকে। ... **গর্ভপাত, -স্রাব** — অসময়ে গর্ভ হইতে ভ্রূণের চ্যুতি। ... **গর্ভপাতন** — ভ্রূণহত্যা। ... **গর্ভবতী** — গর্ভিণী, অন্তঃসত্ত্বা। ... **গর্ভবাক্য** — উপবাক্য। ব্যাকরণে মূল বাক্যের অধীনে যে উপাদানবাক্য থাকে। ... **গর্ভবাস** — মাতৃগর্ভে অবস্থান।...**গর্ভমোচন** — প্রসব। **গর্ভযন্ত্রণা** — ১। সন্তানের গর্ভবাসের কবিকল্পিত ক্লেশ। ২। গর্ভধারিণীর গর্ভধারণ ও সন্তান প্রসবের ক্লেশ। ... **গর্ভলক্ষণ** — গর্ভাবস্থায় গর্ভিণীর দেহে যে সকল চিহ্ন দেখা যায়। ... **গর্ভসঞ্চার** — গর্ভাধান, গর্ভোৎপত্তি।

**গর্ভাগার** — গর্ভগৃহ, ভিতরের ঘর।

**গর্ভাঙ্ক** — নাটকের অঙ্কের অন্তর্গত বিভাগ, দৃশ্য।

**গর্ভাধান** — গর্ভ উৎপাদন। তন্নিমিত্ত সংস্কার বিঃ।

**গর্ভাশয়** — জরায়ু।

**গর্ভিণী** — অন্তঃসত্ত্বা, গর্ভবতী।

**গর্ভিত** — গর্ভযুক্ত। পূরিত। ... **গর্ভিত-বাক্য** — মিশ্রবাক্য। যে বাক্যের অধীনে এক বা একাধিক উপবাক্য থাকে।

**গর্হণ, -ণা. গর্হা** — নিন্দা, তিরস্কার। ... ণ. **গর্হিত**। ... **গর্হ্য** — নিন্দনীয়, তিরস্কারের যোগ্য।

**গল** — গলা, কণ্ঠ ('-দেশ')

**গলকম্বল** — ছাগল, গরু ইঃর গলদেশে লম্বিত মাংস, সাস্না।

**গলগণ্ড** — গলদেশে উদ্‌গত মাংসপিণ্ড (রোগ)

**গলগ্রহ** — যে ভারস্বরূপ হইয়া পরের উপর নির্ভর করে, যাহার ভরণপোষণের ভার অপরে অনিচ্ছায় গ্রহণ করে।

**গলখেঁসিয়া, গলখেস্যে]** — একপ্রকার মেঠো সাদা রঙের ফুল। দ্রোণপুষ্প।

**গলৎ** — যাহা গলিতেছে বা ঝরিতেছে ('গলদশ্রুলোচন')

**গলতি** — অঙ্গহানি। জীর্ণ।

**গলদ** [ আ. গলৎ ] ভুল। দোষ।

**গলদশ্রু** — যাহা হইতে অশ্রু নির্গত হইতেছে।

**গলদা]** (চিংড়ি দেখ)

**গলদ্‌ঘর্ম** — যাহার ঘাম ঝরিতেছে।

**গলন** — দ্রব হওয়া। গলিয়া পড়া। স্রাব। (§ গলিত)। ... **গলনীয়** — গলনযোগ্য।

**গলনালী** — কণ্ঠনালী (দেখ)

**গলবস্ত্র, গললগ্নীকৃতবাস** — প্রার্থনা বিনয় ইঃ প্রকাশার্থ যে গলায় কাপড় দিয়াছে।

**গলস্তনী** — ছাগী।

**গলহস্ত** — গলাধাক্কা, অর্ধচন্দ্র।

**গলা ১ ]** < গল, কণ্ঠ। স্বর ('মিহি —')। ('গলা চাপা' — কণ্ঠস্বর নিম্ন করা। টুঁটি টেপা। '— ছাড়া' — কণ্ঠস্বর উচ্চ করা। '— ধরা, বসা, ভাঙা' — কণ্ঠস্বর বন্ধ বা বিকৃত হওয়া)। ... **গলাধাক্কা ]** গলহস্ত, অর্ধচন্দ্র, গলায় হাত দিয়া ধাক্কা, অপমান করিয়া দূরীকরণ। ... **গলাবন্ধ ]** গলায় জড়াইবার পটি, কম্ফর্টার। ... **গলাবাজি ]** চিৎকার। অধিক বক্তৃতা। ... **গলায় গলায় ]** আকণ্ঠ। অতি ঘনিষ্ঠ ('— ভাব')। ... **গলায় দড়ি ]** উদ্‌বন্ধন। ধিক্‌কার-সূচক উক্তি।

**গলা ২** [ √গল্‌-৫। <গল্‌ ] দ্রব হওয়া

('জলে চিনি —')। তরল হওয়া ('ঘি —')। নরম হওয়া ('ভাত —')। পচিয়া তরল হওয়া। নিঃসৃত হওয়া ('চালনি দিয়া জল —')। ফাটিয়া নিঃস্রাব করা ('ফোড়া —')। ঢোকা, প্রবেশ করা ('জামায় মাথা —')। মুগ্ধ হওয়া ('আহ্লাদে, খোশামোদে —')। ণ. গলিত, তরল। নরম। নিঃসৃত। প্রবিষ্ট। ... **গলানো** [ √ গলা-১১ ] গলিত করা ('চিনি, সোনা—')। প্রবিষ্ট করা, ঢুকানো ('মাথা, ছুঁচে সুতা —')। ফাটানো ('ফোড়া —')। ণ. (উক্ত সকল অর্থে)

**গলাগলি** ] — গলাধরাধরি করিয়া ঘনিষ্ঠতা।

**গলাধঃকরণ** — গিলন, ভক্ষণ বা পান।

**গলি** ] সরু রাস্তা। ... **গলি গলি** ] প্রতি গলি। ... **গলিঘুঁজি** ] গলি ও তাহার বাঁক বা পার্শ্ববর্তী সংকীর্ণ স্থান।

**গলিজ** [ আ. জ. ] নোংরা। পচা।

**গলিত**—দ্রবীভূত, তরল। নরম, তরলপ্রায়। নিঃসৃত। স্খলিত।

**গলুই** [ < গল-বাহিকা ] নৌকার সম্মুখ বা পিছনের সরু অংশ।

**গল্প** [ < জল্প ] উপকথা, কাহিনী, উপন্যাস ('-কার। — বলা')। কথাবার্তা ('— করা') ... **গল্পবাজ** — গল্প করাই যাহার বাতিক।

**গসগস** ] ক্রোধের লক্ষণ প্রকাশ ('রেগে — করা')

**গস্ত** [ ফা. গশ্‌ৎ ] ভ্রমণ। হাট-বাজারে ক্রয়।

**গস্তানী** [ ফা. গশ্‌ৎ- ] স্বৈরিণী। কুলটা।

**গস্তিদার** (ফা.) — কোথায় সুবিধাদরে জিনিসপত্র বিক্রীত হয়, যে তাহার খোঁজ করিয়া বেড়ায়।

**গহন** — ণ. দুর্গম। গভীর। দুর্বোধ, দুরূহ। ষ্য. দুর্গম স্থান। দুর্বোধ বিষয়।

**গহনা** [ < গ্রহণ- ] "গয়না", অলংকার ('-গাঁটি, -পত্র')

**গহনার নৌকা** [ < গমন- ] বহুযাত্রিবাহী বড় নৌকা।

**গহিন, গহীন** ] — গভীর (কবিতায়)।

**গহ্বর** — গর্ত। সংকীর্ণ গভীর স্থান। গুহা, রন্ধ্র।

**গা ১** ] < গাত্র, দেহের উপরিভাগ ('— গরম, ধোয়া')। বস্তুর পৃষ্ঠ ('দেওয়ালের —')। দেহ, শরীর ('গায়ের জোর')। ('গা-কেমন করা'—গা-বমি করা, অসুস্থ বোধ হওয়া। গা গড়ানো — শোওয়া। 'গা-ঝাড়া দেওয়া' — উঠিবার উপক্রম করা। 'গা-ঢাকা দেওয়া' — লুক্কায়িত হওয়া। 'গা দেওয়া, গা করা' — চেষ্টা করা, মন দেওয়া। 'গা নাড়া' — শরীর চালনা করা। 'গা পাতিয়া লওয়া' — বিনা প্রতিবাদে সহ্য করা। 'গা-বমিবমি করা' — বমনের উপক্রম হওয়া। 'গা-মাটি-মাটি, -ম্যাজম্যাজ করা' — অবসাদ বা অসুস্থতা বোধ করা। 'গায়ে ফুঁ দিয়া' — স্বচ্ছন্দে। বিনা দায়িত্বে। 'গায়ে মাখা' — গ্রাহ্য করা) ... **গা-জোরি, -জুরি** ] জবরদস্তি। ... **গায়েপড়া** ] অযাচিত-ভাবে যে ঘনিষ্ঠতা করিতে চায়। ... **গা-সহা** ] যাহা গাত্রে সহ্য হয় ('— গরম জল')। অভ্যস্ত ('নিন্দা — হওয়া')। ... **গায়ে হলুদ** ] গাত্রহরিদ্রা, বিবাহের পূর্বে সংস্কার বিঃ।

**গা ২** ] স্বরগ্রামের তৃতীয় স্বর গান্ধারের সংকেত।

**গা ৩** ] সম্বোধনে, গো (প্রায় স্ত্রীলোককে। 'হাঁগা, কেন গা')

**গা ৪** ] — উৎসাহ, উদ্যম, তৎপরতা।
**গাঁ** ] < গ্রাম।
**গাই** ] গাভী।
**গাঁই, গাঞী** [ < গ্রামীণ ] ব্রাহ্মণের শ্রেণীবিভাগ বিঃ (আদিম বাসস্থান অনুযায়ী)
**গাঁইট** — গাঁট দেখ।
**গাইয়ে** ] গায়ক।
**গাউন** (ই) — আলখাল্লা জাতীয় আপাদ-বিলম্বী জামা।
**গাওনা** ] সংগীত, আসরে গান।
**গাওয়া ১** ] < গব্য ('— ঘি')
**গাওয়া ২** [ √ গাহ্-৮। < গৈ ] গান করা। কীর্তন বা প্রচার করা ('গুণ —')। ...**গাওয়ানো** [ √ গাহা-১২ ] অপরের দ্বারা গান করানো।
**গাংচিল** ] সামুদ্রিক পাখি বিঃ, sea-gull.
**গাংদাড়া** ] বকঠুঁটো মাছ (সরু লম্বা ঠোঁট)
**গাংশালিক** ] নদীতীরবাসী শালিক-জাতীয় পাখি বিঃ।
**গাঁক, গাঁকগাঁক, গাঁগাঁ** ] ষাঁড় ইত্যাদি জন্তুর ডাক।
**গাগরা, গাগরি** [ < গর্গরী ] কলসী, গাড়ু, ঘড়া।
**গাঙ, গাং, গাঙ্গ্** [ < গঙ্গা। যে কোন বড় নদী।
**গাঙ্গিনী** — গঙ্গার একটি শাখা।
**গাঙ্গুলী** (গঙ্গোপাধ্যায়) — রাঢ়ীয় ব্রাহ্মণদের উপাধি বিঃ।
**গাঙ্গেয়** — গঙ্গা সম্বন্ধীয়। গঙ্গাপুত্র ভীষ্ম।
**গাছ** [ < গচ্ছ ] বৃক্ষ। বৃক্ষলতাগুল্ম-তৃণাদি ('আম, লাউ —')। ... **গাছকোমর বাঁধা** ] গাছে চড়িবার উপযুক্ত করিয়া কোমরে কাপড় বাঁধা। ... **গাছগাছড়া** ] বৃক্ষলতাদি। ঔষধে ব্যবহার্য উদ্ভিজ্জ দ্রব্য। ... **গাছপাকা** ] — গাছে থাকিতেই পক্ব (ফল)। ... **গাছপালা** ] বৃক্ষ-পল্লবাদি। বৃক্ষাদি।
**গাছা, গাছ** ] খণ্ড, টা, ('এক গাছা দড়ি। বেত গাছটা'। আদরে — গাছি ]। 'এক — চুল, চার — চুড়ি')
**গাছা** ] — দীপগাছা, পিলসুজ।
**গাছুড়ে** ] — গাছে চড়িতে ওস্তাদ।
**গাছুয়া** ] গেছো দেখ।
**গাঁজ, গাঁজলা** ] ফেনা। মাতিবার বা পচিবার লক্ষণ। ... **গাঁজ** ] খমির, কিণ্ব, leaven. ... গাঁজন ] মাতন, সন্ধান, গাঁজিয়া ওঠা।
**গাজন** [ < **গর্জন** ] শিব মনসা ইঃর উৎসব বিঃ।
**গাজর** [ < গর্জর ] কন্দ বিঃ (তরকারি)
**গাঁজা ১** ] গঞ্জিকা, সিদ্ধি গাছের মঞ্জরী বা জটা (ধূমপানে নেশা হয়। '-খোর')। ... **গাঁজাখুরী**—আজগুবী, অবিশ্বাস্য। (ধ্ব গেঁজেল)
**গাঁজা ২** [ √ গাঁজ্ -৭ ] মাতিয়া ওঠা, সন্ধিত হওয়া। ... **গাঁজানো** [ √ গাঁজা-১১ ] মাতানো, সন্ধিত করা।
**গাজী** [ আ. গাজী. ] ধর্মযোদ্ধা। প্রসিদ্ধ বীর। গাঞী (গাঁই দেখ)
**গাঁট** ] (গাঁইট প্রাঅপ্রঃ) < গ্রন্থি, সন্ধি ('আঙুলের, বাঁশের —')। গিরা, knot ('দড়িতে — বাঁধা, পড়া')। শক্ত করিয়া বাঁধা বস্তা ('কাপড়ের, পাটের —')। ... **গাঁটকাটা** ] যে অলক্ষ্যে কাপড়ের গিরা বা জামা কাটিয়া টাকাকড়ি চুরি করে। ... **গাঁটছড়া** ] বিবাহে বরের উত্তরীয়ের সহিত কন্যার অঞ্চলের গ্রন্থিবন্ধন।
**গাঁটরি** ] বোঁচকা।
**গাঁট্টা** ] মুষ্টিবদ্ধ অঙ্গুলির গাঁট।
**গাঁট্টাগোট্টা** ] — স্থূল, অথচ বলিষ্ঠ।

দৃঢ়কায়।

**গাঁড** ] — ফোড়া। **(রাজাগাঁড়)** — পেটের ভিতরকার ফোড়া।

**গাড়** ] < গর্ত — গহ্বর।

**গাড়ল** ] < গড্ডল, ভেড়া। বোকা, যে পরের বুদ্ধিতে চলে (গালি)

**গাড়া** [ √গাড়্-৭ ] পোঁতা ('খুঁটি —')। মাটিতে প্রবিষ্ট করা ('শিকড় —')। স্থাপন করা ('আড্ডা —')। ভূমিতে লগ্ন করা ('হাঁটু — ')। নিংড়ানো ('গামছা —')

**গাড়ি, -ড়ী** [ <গন্ত্রী ] শকট, চক্রযুক্ত যান ('ঘোড়ার —। রেল-। — চড়া, জোতা, 'হাঁকানো, চালানো')। ... **গাড়িবারান্দা** ] বাটীর সম্মুখস্থ ছাদযুক্ত স্থান যেখানে গাড়ি দাঁড়াইতে পারে।

**গাড়ু** [ < গড্ডু ] ঝারি, নলযুক্ত উঁচু জলপাত্র বিঃ।

**গাড়োয়ান** ] গাড়ির চালক।

**গাঢ়** — ঘন ('— দুগ্ধ')। নিবিড়, গভীর ('— প্রেম, অন্ধকার')। নিমগ্ন।

**গাঢ়বন্ধ** — সুসংহত, ঘনাপিনদ্ধ। (— রচনারীতি)

**গাঢ়া / গাড়া** ] < গাঢ়, ঘন।

**গাণনিক**—হিসাবরক্ষক, accountant.

**গাণপত্য**—গণেশ সম্বন্ধীয়। গণেশ-উপাসক সম্প্রদায় বিঃ।

**গাণিতিক**—গণিত সম্বন্ধীয়। গণিতজ্ঞ।

**গাণ্ডীব, গাণ্ডিব** — অর্জুনের ধনু। ... **গাণ্ডীবধন্বা** (-ন্বন্), **গাণ্ডীবী** (-বিন্) —অর্জুন।

**গাতা** ( -তৃ) — গায়ক।

**গাঁতা** ] কৃষকদের পরস্পরের মধ্যে শ্রমের আদান প্রদানে চাষ-আবাদের বন্দোবস্ত।

**গাঁতি** — পল্লীবাসীদের মধ্যে কোন কাজের জন্য সাময়িক সংঘবদ্ধতা।...**গাঁতিদার** — চাষের জন্য যে জমিজমা বন্দোবস্ত লয়।

**গাঁতি** ] শক্ত মাটি ইঃ কাটিবার দুমুখো কুড়ুলের তুল্য অস্ত্র।

**গাত্র** — গা, দেহের বা কোনও বস্তুর উপরিভাগ। দেহ। ... **গাত্রদাহ** — গা-জ্বালা। ঈর্ষা বা অপ্রীতিকর ব্যাপারের জন্য অস্বস্তি। ... **গাত্রমার্জনী**—গামছা ইঃ। ... **গাত্রহরিদ্রা**—গায়ে হলুদ (গা১ দেখ)। ... **গাত্রোত্থান** — গা তোলা ('— করা' — দাঁড়ানো)

**গাথক** — গাঁথনদার, গানরচয়িতা।

**গাঁথন** ] < গ্রন্থন, একটি একটি করিয়া সাজাইয়া নির্মাণ।

**গাঁথনি** ] ইট পাথর ইঃর তৈয়ারী কাজ। ইট পাথর বসাইবার পদ্ধতি।

**গাথা** — পদ্য, শ্লোক। কাহিনীমূলক কবিতা। গীতিকাব্য।

**গাঁথা** [ √গাঁথ্-১১। < গ্রন্থ্ ] গ্রন্থন করা ('মালা, মুক্তা —')। রচনা করা ('ছড়া —')। ইট ইঃ দিয়া নির্মাণ করা ('প্রাচীর —')। বিদ্ধ ও সংলগ্ন করা ('কাগজপত্র, বঁড়শিতে মাছ —')। দৃঢ়বদ্ধ করা ('মনে —')। ণ. গ্রথিত।

**গাদ** [ < কর্দ ] তরল দ্রব্যের ময়লা যাহা থিতাইয়া পড়ে অথবা যাহা সরের মতন উপরে উঠে।

**গাদা ১** ] রাশি, স্তূপ। (দাগা ২ দেখ)

**গাদা ২** [ √ গাদ্-১১ ] ঠাসিয়া ভরা ('বন্দুকে বারুদ, বাক্সে কাপড় —')। ... **গাদাবন্দুক** ] যে বন্দুকে বারুদ ঠাসিয়া ভরিতে হয়।

**গাদাগাদি** ] ঠাসাঠাসি। অল্প পরিসরের মধ্যে বহুর গায়ে গায়ে অবস্থিতি।

**গাঁদা, গেঁদা** ] ফুল বিঃ।

**গাদি, গাঁদি** ] রাশি, স্তূপ, ভিড় ('কাঠের — লাগানো। খদ্দেরের — লেগেছে')

**গাঁধি ]** — শ্রেণীবদ্ধভাবে বহুর সমাবেশ যেমন — মাছের গাঁধি, পিঁপড়ার গাঁধি।

**গাধ** — অগভীর, যাহার তল স্পর্শ করা যায় ('অগাধ')

**গাধা ]** < গর্দভ। বোকা (গালি)। ... স্ত্রী. **গাধী ]**। ... ষ্য. **গাধামি ]**

**গাধাখাটুনি ]** — লাভের বা পারিশ্রমিকের তুলনায় অতিরিক্ত খাটুনি।

**গাধাপিটানি ]** — গাধার ভাগ্যে যেমন নির্মম প্রহার।

**গাধাবোট ]** মন্দগতি ভারবাহী নৌকা।

**গাঁধাল, গাঁদাল** [ < গন্ধালী ] দুর্গন্ধ লতা বিঃ (ঔষধ)

**গান** — কণ্ঠসংগীত। ( § গাতা, গায়ক, গায়ন, গেয়)

**গান্ধর্ব** — গন্ধর্ব সম্বন্ধীয়। গন্ধর্বরীতি অনুযায়ী। ('— বিবাহ' — অপরের অনুমতি না লইয়া বর-কন্যার স্বমতে বিবাহ) ... **গান্ধর্ববিদ্যা**। — সংগীত-বিদ্যা।

**গান্ধার** — প্রাচীন দেশ বিঃ (কাবুল ও পেশোয়ারের নিকটবর্তী)। (সংগীতে) স্বরগ্রামের তৃতীয় স্বর, 'গা'।

**গান্ধারী** — ধৃতরাষ্ট্রপত্নী, দুর্যোধনাদির জননী।

**গাপ** [ আ. গায়িব ] গায়েব, অপহৃত; আত্মসাৎ ('—করা, হওয়া')

**গাফিল** [ আ ] অমনোযোগী, অসাবধান ... ষ্য. **গাফিলতি, গাফিলি ]**

**গাব** [ < গালব ] কষায় রস ও আঠা বিশিষ্ট ফল বিঃ, তিন্দুক। ধাতুদ্রব্যের কলঙ্ক। পাখোয়াজ ইঃর চামড়ার উপরে জমানো স্তর।

**গাবগুবাগুব ]** — বাউলদের বাদ্যযন্ত্র একতারা, আনন্দলহরী।

**গাবর ]** নৌকার মাঝিমাল্লা। অসভ্য। নির্বোধ।

**গাবা** [ √গাব্-১১ ] কলঙ্কযুক্ত হওয়া ('পিতলের বাসন —') পঙ্কিল করা, (জল গাবানো)।

**গাভিন ]** < গর্ভিণী (গরু ইঃ)

**গাভী** [ < গবী, গর্ভিণী ] গবী, গাই।

**গাভুর ]** জোয়ান, যুবক। **গাভুরালি** — যৌবন। (প্রা — সা)

**গামছা ]** গা ঘষিবার ও মুছিবার বস্ত্রখণ্ড।

**গামলা** [পো. gamella ] বড় বাটির মতন পাত্র।

**গামার ]** গোঁয়ার, গেঁয়ো। (প্রা-সা)

**গামারি ]** গাম্ভারি বৃক্ষ। একপ্রকার গড়ন-কাঠের গাছ।

**গামী** (-মিন্) — গমনশীল ('দ্রুত-, বিদেশ-')

**গাম্ভীর্য** — গম্ভীরতা, অচাপল্য।

**গায়ক** — যে গান করে। ... স্ত্রী. **গায়িকা**।

**গায়ত্রী** — সন্ধ্যাবন্দনাদিতে জপ্য ত্রিপাদ মন্ত্র বি ('তৎ সবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ')। বৈদিক ছন্দ বিঃ।

**গায়ন — গায়েন ]** গায়ক। পুরাণগায়ক।

**গায়েব** [ আ. গায়িব ] গাপ, গুপ্ত, অদৃশ্য ('— করা, হওয়া')। ... **গায়েবী ]** গুপ্ত ('— খুন')

**গারদ** [ ই. guard ] কয়েদ, কারাগার।

**গারুড়** — গরুড় সম্বন্ধীয়।

**গারুড়ী** — বিষবৈদ্য, গরুড়মন্ত্রজ্ঞ।

**গারো** — আসামের গারো পর্বত অঞ্চলের আদিবাসী।

**গার্গী** — প্রাচীনভারতের স্বনামপ্রসিদ্ধা ব্রহ্মজ্ঞা বিদুষী। গর্গমুনির কন্যা।

**গার্জেন** (ই) — নাবালকের অভিভাবক।

**গার্হপত্য** — আহিতাগ্নিক গৃহস্থ যিনি যজ্ঞাগ্নি আজীবন জ্বালাইয়া রাখিয়া

তাহাতে নিত্য আহুতিদান করেন।

**গার্হস্থ্য, -স্থ** — ষ্য. গৃহস্থের ধর্ম বা আশ্রম। ণ. গৃহস্থ সম্বন্ধীয়।

**গাল** [ < গল্ল ] গণ্ড, কপোল। (গালি দেখ)। ... **গালগল্প** ] কপোলকল্পনা, অমূলক ঘটনার বর্ণন। ... **গালপাট্টা** ] যে দাড়ি কেবল দুই গালের উপর রাখা হয়। ... **গালবাদ্য** ] বমবম শব্দ উচ্চারণ (শিবপূজায়)

**গালন** — গলানো, দ্রাবণ। ছাঁকা। (§ গালিত)

**গালব** — ঋষি বিঃ।

**গালা ১** ] লাক্ষা। ... **গালামোহর** — গলানো গালার উপর সীল (মুদ্রাঙ্ক) বসানো।

**গালা ২** [ √ গাল্-৭। < গল্ ] তরল পদার্থ নিষ্কাশিত করা ('ফেন —')। বিদ্ধ করিয়া রস ইঃ বাহির করা ('ফোড়া, চোখ —')। ছাঁকা।

**গালি** ( -লী বিরল) — গাল ] কটুবাক্য ('— দেওয়া, পাড়া, খাওয়া')। ... **গালাগালি / গালাগাল** ] গালি। ... **গালি-গালাজ, গালমন্দ** ] গালি ও তৎসদৃশ বাক্য।

**গালিচা / গালচে** [ তু. গলীচহ্ ] কার্পেট, পশম ইঃর নরম আস্তরণ বিঃ।

**গালিত** — তরলীকৃত, গলানো। **পরিস্রুত**, ছাঁকা। নিষ্কাশিত, নিংড়ানো।

**গাহন, গাহ** — অবগাহন, নিমজ্জন। স্নান। ... ণ. **গাহিত, গাঢ়।**

**গিজগিজ** (গজগজ দেখ)

**গিটকিরি** ] (সংগীতে) বিভিন্ন সুরের পর পর দ্রুত উচ্চারণ।

**গিঁঠ** ] < গ্রন্থি, গাঁটি, গাঁট, গিরা ('— দেওয়া, বাঁধা')

**গিনি** [ ই ] স্বর্ণমুদ্রা বিঃ। ... **গিনি-সোনা** ] গিনির সঙ্গে তামা মিশ্রিত সোনাকে গিনিসোনা বলে। (সোনা ২২ ভাগ, তামা ২ ভাগ)

**গিন্নী** ] < গৃহিণী, গৃহকর্ত্রী। ... **গিন্নীপনা** ] গৃহিণীর কাজ বা নৈপুণ্য। গিন্নীর মত আচরণ, পাকামি (ব্যঙ্গে)। ... **গিন্নীবান্নী** [ < গৃহিণী-বর্ণিনী ] বয়স্থা অভিজ্ঞা গৃহিণী।

**গিয়ে, গে** ] কথার মাত্রা ('তারপর গিয়ে')। অনুরোধ বা অনুমতি সূচক ('কর গে')

**গিরগিট** ] টিকটিকি-জাতীয় সরীসৃপ বিঃ, বহুরূপী, chameleon.

**গিরা / গেরো** [ ফা. গিরহ্ ] গ্রন্থি, গাঁট ('— দেওয়া, বাঁধা')। ... **গিরা / গিরে** ] ২¼ ইঞ্চি (দরজীর মাপ)

**গিরি** — পর্বত। সন্ন্যাসী সম্প্রদায় বিঃ। (§ গৈরিক, গৈরেয়)। ... **গিরিকন্দর** — পর্বতগুহা। **গিরিদরী** — পর্বতগুহা। **গিরিমল্লিকা** — কুড়চি ফুল। ... **গিরিজা** — গৌরী, পার্বতী। ... **গিরিজায়া** — হিমালয়পত্নী, মেনকা। ... **গিরিশ** — (মূঃ যিনি গিরিতে শয়ন করেন) শিব। — **গিরিশৃঙ্গ** — পর্বতের চূড়া। ... **গিরিসংকট, -সঙ্কট** — পর্বতমধ্যস্থ সংকীর্ণ পথ।

**-গিরি** ] কর্ম বৃত্তি আচরণ ইঃ সূচক তদ্ধিত প্রত্যয় ('মুটে-, বাবু-')

**গিরিশ** — শিব।

**গিরীন্দ্র** — হিমালয়।

**গিরীশ** — হিমালয়। শিব।

**গির্জা** [ পো. igreja ] খ্রীষ্টান ভজনালয়।

**গির্দা** [ ফা. গির্দ্ ] বড় বালিশ, তাকিয়া।

**গিল্টি** ] ই. gilt ] সোনা বা রূপার পাতলা লেপ ('-করা গহনা')

**গিলন** — গলাধঃকরণ, গ্রাস করা। (§

গিলিত)

**গিলা ১ / গিলে** ] চেপটা শক্ত মসৃণ বীজ বিঃ (কাপড় কোঁচকাইতে লাগে। ('— করা')

**গিলা ২, গিলানো** (গেলা দেখ)

**গিলিত** — গলাধঃকৃত। ভক্ষিত। ... **গিলিতচর্বণ** — রোমন্থন, জাবর কাটা।

**গিসগিস, গিশগিশ** ] ভিড়ের শব্দ বা লক্ষণ প্রকাশ ('লোক — করছে')

**গীঃ** (গির্) — বাণী, বাক্য ('গীষ্পতি')

**গীত** — ষ্য. গান। ণ. যাহা গাওয়া হইয়াছে। ... **গীতগোবিন্দ** — জয়দেব রচিত সংস্কৃতপদাবলীর গ্রন্থ।

**গীতা** — ভগবদ্গীতা (সংক্ষেপে)। তৎ-তুল্য ধর্মগ্রন্থ ('দেবী-')

**গীতি, গীতিকা** — গান। গাথা। ... **গীতি-কাব্য** — যে কাব্যের অন্তর্গত কবিতা গানের তুল্য বা গাহিতে পারা যায়। ... **গীতিনাট্য** — কেবল গান দিয়া রচিত নাটক।

**গীম, গিম** — গলা, গ্রীবা। (ব্রজবুলি)

**গীর্ণ** — কথিত, বর্ণিত। গিলিত।

**গীর্বাণ** — দেবতা।

**গীষ্পতি** — বৃহস্পতি। পণ্ডিত।

**"গু"** [ < গূ ] বিষ্ঠা। ... ণ. **"গুয়ে"** ]

**গুগলি** ] শামুক গেঁড়ি ইত্যাদির তুল্য জলচর প্রাণী বিঃ।

**গুগ্গুল, -গুলু** — বৃক্ষ বিঃএর সুগন্ধ নির্যাস (ধূপের উপাদান)

**গুচ্ছ** — গোছা, থোলো, স্তবক ('কেশ-, পুষ্প-, দ্রাক্ষা-')

**"গুচ্ছের"** ] কতকগুলা (অবজ্ঞায়। '— পচা মাছ')

**গুছানো / গুছনো, গোছানো** [ √গুছা-১৪ ] সাজাইয়া রাখা ('বই, জিনিস-পত্র —')। গুচ্ছ বা কেতা করা ('নোট, তাস —')। শৃঙ্খলা বা সুব্যবস্থা করা। ণ. (উক্ত সকল অর্থে)

**গুছি** ] < গুচ্ছ। বিনুনি লম্বা করিবার জন্য ফিতা পরচুল ইঃ।

**গুজগুজ** ] চুপিচুপি বা অস্পষ্ট কথা ('— করা')। ... ণ. **গুজগুজে** ]

**গুজব** ] জনরব ('— ওঠা, রটা')

**গুজরত** [ ফা ] মারফত, যাহার দ্বারা দেওয়া হয় ('— খোদ' — নিজের মারফত)

**গুজরাট** [ < গুর্জর-রাষ্ট্র ] ভারতের পশ্চিম সমুদ্রতীরবর্তী দেশ বিঃ। ... **গুজরাটী** ] গুজরাট সম্বন্ধীয়। তাহার অধিবাসী বা ভাষা।

**গুজরান** [ ফা. গুজ়রান ] জীবিকানির্বাহ-যাপন, অতিবাহন ('দিন —')। ... **গুজরানো** [ √গুজ্রা-১৯ ] গুজরান করা।

**গুর্জার** ] — তাল, নারিকেল, খর্জুর ইত্যাদি বৃক্ষের ক্ষতিকর একপ্রকার কীট।

**গুর্জারিপঞ্চম** ] পায়ের রৌপ্যনির্মিত গহনা বিঃ (সেকেলে)

**গুজ়্দা** (ফা) — সাবেক।

**গুঁজি** ] ছোট গোঁজ। খোঁপার কাঠি।

**গুঞ্জন, গুঞ্জ** — গুনগুন শব্দ, ঝংকার ('ভ্রমর-')। মৃদু অস্পষ্ট শব্দ। ... ণ. **গুঞ্জিত**। ... **গুঞ্জরন** ] গুঞ্জন করা। (পদ্যে ক্রি গুঞ্জিল, গুঞ্জরিল)। ... ণ. **গুঞ্জরিত** ]

**গুঞ্জা, গুঞ্জ, গুঞ্জিকা** — কুঁচ।

**গুটলি, -লে** ] গুটি, ডেলা।

**গুটানো / গুটনো, গোটানো** [ √গুটা-১৪। < গুড়্ ] গুড়ানো, জড়াইয়া লওয়া ('ফিতা —')। টানিয়া জড় বা সংকুচিত করা ('জাল, আস্তিন —')। বন্ধ করা, তুলিয়া দেওয়া ('কারবার,

বাসা —')

**গুটি, গুটিকা, গুটী** — গুলি, বটিকা, ছোট ডেলা। নবজাত ফল ('আমের —')। রেশমের কোষ। পতঙ্গের কোষাশ্রিত রূপ, chrysalis. বসন্ত ইঃ রোগের ব্রণ। (গোটা দেখ)। ... **গুটিপোকা** ] রেশমকীট।

**গুটিকতক** ] — কয়েকটি ছোট দ্রব্যের গণনায় গুটি — বড় দ্রব্যের বেলায় গোটা ব্যবহৃত হয়।

**গুটিগুটি, গুড়িগুড়ি** ] আস্তে আস্তে পা ফেলিয়া ('— চলা, আসা')

**গুড়** — আক, খেজুর ইত্যাদির ঘনীকৃত রস। ... গুড়অম্বল ] গুড় দিয়া রাঁধা অম্লব্যঞ্জন। ...**গুড়পাটালি** ] — পাটায় জমানো গুড়ের পাটকেলী। ... **গুড়-পিঠা** ] গুড় দিয়া তৈরি মালপোর মতো পিঠা। ... **গুড়েবালি** ] প্রত্যাশিতের অপ্রাপ্তি।

**গুড়গুড়** (গড়গড় দেখ)

**গুড়গুড়ি** ] আলবলা, ফরসি।

**গুঁড়া / গুঁড়ো** [ < গুণ্ডক ] চূর্ণ। কণা। ... **গুঁড়ানো / গুঁড়নো** [ √ গুঁড়া-১৪। < গুণ্ড্ ] চূর্ণ করা। ণ. চূর্ণিত।

**গুড়াকা** — নিদ্রা, আলস্য। ... **গুড়াকেশ** — নিদ্রাজিৎ, কর্মবীর।

**গুড়ানো / গুড়নো** [ √ গুড়-১৪। < গুড়্ ] গুটানো (দেখ)

**গুঁড়ি** ] গাছের কান্ড। গুঁড়া, চূর্ণ।

**গুঁড়িগুঁড়ি** ] বিন্দুবিন্দু (— বৃষ্টি)।

**গুড়িগুড়ি** ] গুটিগুটি, সংকুচিত পদ-ক্ষেপে, সন্তর্পণে।

**গুড়ি মারা** ] হাত পা গুটাইয়া লুকাইয়া থাকা।

**গুড়ুক** ] গুড় মিশ্রিত তামাক, কলিকায় সাজিয়া যাহার ধূম পান করা হয় ('— খাওয়া, টানা, ফোঁকা')

**গুড়ুম** ] বন্দুক ইঃর শব্দ।

**গুড়ূচী, -ড়ু-** — গুলঞ্চ (দেখ)

**গুণ** — ধর্ম, ভাব, property. ('জড়ের—। দ্রব্য-')। ফলোৎপাদিকা শক্তি, ক্রিয়া ('ঔষধের —')। সদ্‌গুণ, উৎকর্ষ ('-কথন, -কীর্তন, -গৌরব। -বান্, -ময়, -শালী, -হীন। -বতী, -ময়ী, -শালিনী, -হীনা')। উপকার, ফায়দা, ('শিক্ষার —')। দক্ষতা ('লোকটির অনেক —')। (দর্শনে) প্রকৃতির ধর্ম, সত্ত্ব রজঃ তমঃ; রূপ রস পরিমাণ পার্থক্য ইচ্ছা দ্বেষ ইঃ। (অলংকারশাস্ত্রে) প্রসাদ মাধুর্য, ওজঃ। (গণিতে) পূরণ ('— করা')। বার ('বিশ- বড়')। ধনুকের জ্যা ('ধনুর্গুণ')। দড়ি, কাছি ('নৌকার — টানা')। (বাং) জাদু, তুক ('— করা')

**গুণক** — যে রাশি দিয়া গুণ করা হয়, পূরক, multiplier.

**গুণজ্ঞ**—যে গুণের উৎকর্ষ বুঝিতে পারে, সমঝদার। গুণগ্রাহী।

**গুণগ্রাম** — গুণসমূহ, গুণাবলী।

**গুণগ্রাহী** ( -হিন্), **-গ্রাহক, গুণজ্ঞ** — যে অপরের গুণের মর্যাদা জানে। ... ষ্য. **গুণগ্রাহিতা, গুণজ্ঞতা।**

**গুণধর** — গুণশালী। (ব্যঙ্গে) গুণহীন, কুক্রিয়াসক্ত।

**গুণধাম, গুণনিধি** — বহুগুণের আধার।

**গুণন** — গুণ করা, পূরণ। ... **গুণনীয়** — যে রাশির গুণ করা হয়, গুণ্য, ... **গুণনীয়ক** — multiplicand. যে রাশি দিয়া অন্য নির্দিষ্ট রাশিকে ভাগ করিলে ভাগশেষ থাকে না, measure, factor. যে রাশি দিয়া

গুণ করিলে কোনও নির্দিষ্ট গুণফল উৎপন্ন হয়।
**গুণপনা, গুণিপনা** ] নৈপুণ্য, গুণবত্তা।
**গুণবত্তা** — গুণশালিতা।
**গুণবাচক, -বোধক** — যাহা গুণ প্রকাশ করে, (—বিশেষণ)।
**গুণবাদ** — গুণবর্ণন।
**গুণবৃক্ষ** — যে মাস্তুলে গুণ বা দড়ি বাঁধিয়া নৌকা টানা হয়।
**গুণবৈষম্য** — গুণের বিষমতা। বিরুদ্ধ গুণের সমাবেশ।
**গুণভৃৎ** — গুণধারী।
**গুণমণি** — নানা গুণের জন্য রত্নতুল্য ব্যক্তি।
**গুণরাজ** — শ্রীকৃষ্ণবিজয় কাব্যের রচয়িতা মালাধর বসুর উপাধি গুণরাজ খাঁ।
**গুণলুব্ধ** — গুণের দ্বারা আকৃষ্ট।
**গুণাকর, গুণাধার** — বহু গুণের নিধান।
**গুণাগুণ** — গুণ ও দোষ।
**গুণাঢ্য** — বহুগুণশালী।
**গুণানুবাদ** — গুণকীর্তন, প্রশংসা।
**গুণান্তর** — গুণভেদ। অন্য গুণ।
**গুণান্বিত** — গুণসম্পন্ন।
**গুণাবলী, -লি** — গুণসমূহ।
**গুণাভরণ** — গুণালংকার (দেখ)
**গুণাভাস** — গুণসাদৃশ্য। গুণ আছে বলিয়া ভ্রম।
**গুণার্ণব** — বহুগুণের আধার।
**গুণালংকার, -লঙ্কার, গুণালংকৃত, -লঙ্কৃত** — নানাগুণে ভূষিত।
**গুণিত** — যাহার গুণ করা হইয়াছে, পূরিত।
**গুণিতক** — যে রাশিকে অন্য নির্দিষ্ট রাশি দিয়া ভাগ করিলে ভাগশেষ থাকে না, multiple.
**গুণী** (-ণিন্) — গুণশালী। কলাবিৎ। তন্ত্রমন্ত্রজ্ঞ।
**গুণীভূত** — গৌণ। **গুণীভূতব্যংগ** — কবিতায় যে ব্যঞ্জনা বাচ্যার্থের গুণস্বরূপ হইয়া বাচ্যার্থেরই উৎকর্ষ সাধন করিয়া রসসৃষ্টির সহায়তা করে।
**গুণোৎকর্ষ** — গুণের জন্য শ্রেষ্ঠতা।
**গুণোপেত** — গুণযুক্ত।
**গুণ্ঠন** — অবগুণ্ঠন, ঘোমটা। আবরণ। বেষ্টন। ... ণ. **গুণ্ঠিত।**
**গুণ্ডা** ] দুর্বৃত্ত, বদমাশ। ... ষ্য. **গুণ্ডামি** ]
**গুণ্ডিত** — চূর্ণিত।
**গুণ্য** — গুণনীয়।
**গুঁতা / গুঁতো** ] লাঠি কনুই শিং ইঃর আগা দিয়া ধাক্কা ('— দেওয়া, মারা')। হুড়া, জুলুম। ... **গুঁতানো / গুঁতনো** [ √ গুঁতা-১৪ ] গুঁতা দেওয়া। ঢুঃ মারা। ... **গুঁতোগুঁতি** ] — হাতের ঠেলা বা মুষ্টির আঘাতে লড়াই।
**গুদাম/গুদম** [ পো. gudao ] পণ্যদ্রব্যের ভাণ্ডার, মাল রাখিবার ঘর।
**গুদারা** ] খেয়াঘাট।
**গুধড়ি** ] ফকিরের কাঁথা।
**গুন** [ < গোণী ] চট, gunny. চটের থলি। ... **গুনছুঁচ** ] চট ইঃ সেলাই করিবার বড় ছুঁচ।
**গুনগুন** ] গুঞ্জন, মৃদু অস্ফুট শব্দ ('— করা')
**গুনতি** (গনতি দেখ)
**গুনা / গুনো** [ < গুণ ] পেঁচ বা স্ক্রুর শিরা, screw-thread.
**গুনাহ্** [ ফা ] পাপ। ... **গুনাগার, -গারি / গুনো-** [ ফা. গুনাহ্গার ] ত্রুটির জন্য যে দণ্ড দিতে হয়, গচ্চা।
**গুপ্ত** — লুক্কায়িত, অলক্ষ্য, অদৃশ্য, অপ্রকাশিত। হিন্দুর উপাধি বিঃ। ... **গুপ্তকথা** — গোপনীয় কথা, যাহা

প্রকাশ্যে বলিবার নয়। অজ্ঞাত কাহিনী। ... **গুপ্তচর** — যে চর লুকাইয়া সংবাদ সংগ্রহ করে, গোয়েন্দা। ... **গুপ্তধন** — যে ধন বিশেষ সতর্কতার সহিত লুক্কায়িত। ... **গুপ্তযুগ** — প্রাচীন ভারতের গুপ্তবংশীয় রাজাদের শাসন-কাল। ... **গুপ্তসাম্রাজ্য** — গুপ্তবংশীয় নরপতি সমুদ্রগুপ্ত ও দ্বিতীয় চন্দ্র-গুপ্তের সাম্রাজ্য।

**গুপ্তি** — গোপন। রক্ষণ। (বাং) ফাঁপা লাঠির ভিতর লুক্কায়িত তলোয়ার।

**গুফা, গুম্ফা** ] গুহা, পর্বতকন্দর।

**গুফো, -পো** ] গোঁফ যুক্ত।

**গুবাক** (গু- বিরল) — সুপারি।

**গুম** [ফা] অপ্রকাশিত, লুক্কায়িত ('-খুন')। নিশ্চল ('— হয়ে থাকা')

**গুমগুম** (গমগম দেখ)

**গুমট** ] বাতাসের অভাব ও তাহার সঙ্গে গরম ('— হওয়া, করা')

**গুমটি** [ <গুল্ম-বাটিকা ] প্রহরীর কুটীর।

**গুমর** [ফা. গুমান] গর্ব, দেমাক, অহমিকা, অভিমান।

**গুমরানো / গুমরনো** [ √ গুম্‌রা-১৯ ] গোপনে শোক ভোগ করা। দুঃখ ঈর্ষা ইঃর আবেগ রোধ করিয়া কষ্ট পাওয়া।

**গুমসানো / গুমসনো** [ √ গুম্‌সা-১৯ ] গুমট হওয়া। ভেপসে যাওয়া। ... ণ. **গুমসা / গুমসো, গুমো** ]। ... ষ্য. **গুমসানি / গুমসনি** ]

**গুমান** (ফা) — গর্ব, অহংকার।

**গুম্ফ** — গোঁফ। গুচ্ছ।

**গুম্ফন** — গ্রন্থন, গাঁথা। ... ণ. **গুম্ফিত**।

**গুম্ফা** (গুফা দেখ)

**গুম্বজ** [ফা. গুন্‌বদ], **গম্বুজ** ] মন্দির মসজিদ প্রাসাদাদির বর্তুলাকার ছাদ।

**গুয়া** ] < গুবাক, সুপারি (প্রাঅপ্রঃ)

**গুরু**—ষ্য. দীক্ষাদাতা, সাধনার উপদেশক। আচার্য, শিক্ষাদাতা। গুরুজন, পূজনীয় ব্যক্তি। দেবগুরু বৃহস্পতি। ণ. মহৎ, উত্তম। পূজনীয়। ভারী। অধিক। দুরূহ। বিষম। গম্ভীর, serious. প্রণিধানযোগ্য। (ব্যাকরণে) দীর্ঘমাত্রা-যুক্ত। (§ গৌরব)। ... **গুরুকরণ** — গুরুর নিকট দীক্ষা গ্রহণ। ... **গুরুকুল** — গুরুর গৃহ বা আশ্রম। গুরুর বংশ। ... **গুরুগিরি** ] শিষ্যকে মন্ত্রদান ব্যবসায়। অধ্যাপনা। ... **গুরুচণ্ডাল** — গুরু লঘু শব্দের যে যোগ শিষ্টপ্রয়োগবিরুদ্ধ (যথা, 'শকট চড়া, গাড়ি আরোহণ')। ... **গুরু-জন** — পূজনীয় ব্যক্তি। ... **গুরুতম** — মহত্তম, বৃহত্তম। সর্বাপেক্ষা ভারী। ... ... **গুরুতর** — মহত্তর, বৃহত্তর। অপেক্ষাকৃত ভারী। মহা ('— অপরাধ')। ... **গুরুতা, গুরুত্ব** — ভার, ওজন। মহত্ত্ব, প্রণিধানযোগ্যতা। আধিক্য। দুরূহতা। ... **গুরুদক্ষিণা** — শিক্ষা বা দীক্ষার অন্তে গুরুকে প্রদেয় ধনাদি, গুরুবিদায়। ... **গুরুদশা** — পিতৃ- বা মাতৃ- বিয়োগের অবস্থা। বৃহস্পতির দশা।...**গুরুপাক**—দুষ্পাচ্য। ... **গুরুবল** — গুরুর কৃপাবল। ... **গুরুভাই** ] একই গুরুর শিষ্য সম্পর্কে ভাই। ... **গুরু-ভার** — ভারী। ... **গুরুমহাশয়** — পাঠশালার শিক্ষক। ... **গুরুমা** ] গুরু-পত্নী। মেয়েস্কুলের শিক্ষয়িত্রী। ... **গুরুমারা বিদ্যা** ] যে বিদ্যা গুরুর নিকট লব্ধ অথচ গুরুর বিরুদ্ধে প্রযুক্ত হয়। ... **গুরুমুখী** ] শিখগণের মধ্যে প্রচলিত বর্ণলিপি বিঃ। ... **গুরুমুখী বিদ্যা** — যে বিদ্যা কেবল গুরুর মুখ হইতে শুনিয়া অধিগত করিতে হয়। ...**গুরুলঘুজ্ঞান** — কে ভক্তিভাজন কে

নয় এতৎ সম্বন্ধে বোধ। ... **গ্নর্নু-স্থানীয়** — গ্নর্নুতুল্য। ... (পরবর্তী শব্দে 'গ্নর্নু'র অর্থ দীক্ষাদাতা বা শিক্ষক। — 'গ্নর্নুঠাকুর, -দেব, -নিন্দা, -পত্নী, -প্নত্র -বরণ, -ভক্তি')

**গ্নর্জর** — গ্নজরাট। তথাকার অধিবাসী। ... স্ত্রী. **গ্নর্জরী**। — রাগিণী বিঃ।

**গ্নর্বঙ্গনা** — গ্নর্নুপত্নী।

**গ্নর্বিণী** — গর্ভবতী।

**গ্নর্বী** — গ্নর্নুপত্নী। মহতী। গর্ভবতী।

**গ্নল ১** ] কয়লার গুঁড়ার গ্নলি। পোড়া তামাক। তামাকের কলকের টিকা।

**গ্নল ২** [ ফা ] ফ্নল। গোলাপ ফ্নল। গোল গোল দাগ বা নকশা ('-দার')

**গ্নলকন্দ্** (ফা) — গোলাব জল দেওয়া মিষ্টান্ন বিঃ।

**গ্নলজার** [ফা.-জা.র = ফ্নলের কেয়ারি] শোভিত, জমজমে ('সভা, নরক —')

**গ্নলঞ্চ** ] < গ্নড়্নচী, লতা বিঃ (ঔষধ)

**গ্নলতান** [ ফা. গল্তান ] জটলা, ঘোঁট ('— পাকানো')। গোলযোগ।

**গ্নলতি** [ হি ] গ্নলি, বাঁটুল। তাহা ছ্নড়িবার ধন্নক।

**গ্নলদস্তা** (ফা) — ফ্নলদানি।

**গ্নলদান** (ফা) ফ্নলদানি।

**গ্নলবদন** (ফা) — গোলাপ ফ্নলের মত কোমল স্নকুমার অঙ্গ যাহার।

**গ্নলবাহার** [ ফা ] ফ্নলকাটা, গ্নলদার ('— শাড়ি')

**গ্নলা / গ্নলো, "গ্ননো"** [ < কুল ] সমূহ, গণ (অনাদরে। 'রাক্ষস- চাকর- জিনিস-'। আদরে — গ্নলি, "গ্ননি" ]। 'মেয়ে-, গহনা-'। পঃচ দেখ)

**গ্নলানো / গ্নলনো** [ √ গ্নলা-১৪ ] বিশৃঙ্খল করা ('হিসাব, জিনিসপত্র —। গ্নলাইয়া ফেলা')। ঘ্নলানো, হওয়া, ('পেট, গা —'। বিশৃঙ্খল হওয়া ('হিসাব, মাথা গ্নলিয়ে যাওয়া')

**গ্নলাব** (ফা) — গোলাপজল।

**গ্নলাল** [ হি ] আবীর।

**গ্নলি১, গ্নলিকা, গ্নলী** — ছোট বর্তুলাকার বস্তু। বড়ি, pill ('ঔষধের, আফিমের —')। বন্দ্নকের গ্নলি, bullet ('— ছোড়া, মারা, করা')। হাত-পায়ের পিণ্ডাকার মাংসপেশী। আফিম হইতে প্রস্তুত মাদক দ্রব্য বিঃ ('গ্নলিখোর')। ... **গ্নলিখ্নরী** ] গ্নলিখোরের উপয্নক্ত, আজগবী। ... **গ্নলিডাণ্ডা, "গ্নলিডাং, ডাংগ্নলি"** ] খেলা বিঃ (গ্নলির আকার কাঠের ট্নকরা ও তাহা ছ্নড়িবার ডাণ্ডা)

**গ্নলি ২** (গ্নলা দেখ)

**গ্নলো** ] — পায়ের বর্তুলাকার মাংসপিণ্ড।

**গ্নল্ফ** — গোড়ালি।

**গ্নল্ম ১** — ঝাড়য্নক্ত ছোট গাছ, shrub; স্তম্ভ, কাণ্ডহীন বৃক্ষ। প্লীহাবৃদ্ধি রোগ।

**গ্নল্ম ২** — সৈন্যদল।

**"গ্নষ্টি"** (গোষ্ঠী দেখ)

**গ্নহ** — কার্তিক। বাঙালী কায়স্থ বংশের উপাধি বিঃ।

**গ্নহক** — রামায়ণে উল্লিখিত নিষাদরাজ, রামের মিতা।

**গ্নহা** — গহ্বর। পর্বতকন্দর। ... **গ্নহাচর** — গ্নহায় যে বিচরণ করে। ... **গ্নহাশয়** — গ্নহায় যে শয়ন বা বাস করে।

**গ্নহাহিত** — গ্নহ্য, গ্নহায় নিহিত, অন্ত-রাত্মায় অন্তর্যামির্নপে প্রচ্ছন্ন।

**গ্নহ্য** — ণ. গোপনীয়, অপ্রকাশ্য। নিভৃত। ষ্য. মলদ্বার।

**গ্নহ্যক** — যক্ষ। কুবেরান্নচর।

**গ্নঢ়** — গ্নপ্ত, অপ্রকাশিত। নিগ্নঢ়,

দুর্বোধ ('—অভিসন্ধি, তত্ত্ব')। গহন, দুষ্প্রবেশ। আচ্ছাদিত। নিভৃত। **গূঢ়োৎপন্ন**—বিবাহের পূর্বেই গর্ভাধানে সঞ্জাত।

**গুঞ্জন** — রসুন।

**গৃধ্নু** — লোলুপ ('অর্থ-')

**গৃধ্র—গৃধিনী]** শকুনি-জাতীয় পাখি বিঃ, vulture.

**গৃধ্রকূট**—মগধের প্রাচীন রাজধানী গিরিব্রজপুরের সন্নিকটে অবস্থিত পর্বত (বুদ্ধদেবের স্মৃতিবিজড়িত)।

**গৃহ** — ঘর, কক্ষ। বাটী, আবাস। ... **গৃহকর্তা** (-র্তৃ) — গৃহস্বামী, বাড়ির কর্তা। ... স্ত্রী. **-কর্ত্রী**। ... **গৃহকর্ম**—ঘরের কাজ। ... **গৃহকোণ** — গৃহের নিভৃত অংশ। ... **গৃহগোধিকা, -গোধা** — টিকটিকি। ... **গৃহচ্ছিদ্র** — গৃহের কলঙ্ক, গৃহের ভিতরের গলদ। ... **গৃহজন** — বাড়ির লোক। পরিজন, আত্মীয়স্বজন। ... **গৃহজ, -জাত** — ঘরে তৈয়ারী। ... **গৃহতল** — ঘরের মেঝে। ... **গৃহত্যাগ** — সংসারত্যাগ। সন্ন্যাস গ্রহণ। ... **গৃহদাহ** — গৃহে আগুন লাগা। ... **গৃহদেবতা** — গৃহে স্থাপিত দেববিগ্রহ। কুলদেবতা। ... **গৃহধর্ম** — গৃহীর কর্তব্য কর্ম। ... ... **গৃহপ্রতিষ্ঠা** — গৃহের ভিত্তিস্থাপন। ... **গৃহপ্রবেশ** — নূতন গৃহে প্রথম প্রবেশ। ... **গৃহপ্রাঙ্গণ**—বাড়ীর উঠান। ... **গৃহবলিভুক** — গৃহস্থের গৃহে খাদ্য সংগ্রহ করিয়া অথবা গৃহস্থের প্রদত্ত খাদ্য খাইয়া যে সকল জীব জীবনধারণ করে। ... **গৃহবাটিকা** — গৃহসংলগ্ন উদ্যান। বাগানবাড়ি। ... **গৃহবাসী** (-সিন্)—গৃহস্থ। ... **গৃহবিচ্ছেদ**। —আত্মীয়ের মধ্যে বিবাদজনিত বিচ্ছেদ, ঘরভাঙা। ... **গৃহবিবাদ** — ঘরোয়া ঝগড়া, আত্মকলহ। ... **গৃহভেদী** (-দিন্) — যে গৃহবিচ্ছেদ করায়, ঘরভাঙানে। ... **গৃহমণি** — প্রদীপ। ... **গৃহলক্ষ্মী** — গৃহিণী। কুলবধূ। ... **গৃহসজ্জা** — বাড়ীর আসবাবপত্র। ... **গৃহস্থ** — "গেরস্ত", সংসারী। গৃহস্বামী। মধ্যবিত্ত অবস্থার লোক। শাস্ত্রোক্ত দ্বিতীয় আশ্রম। গৃহে স্থিত। (§ **গার্হস্থ্য, -স্থ**)। ... **গৃহস্থালি]** গৃহস্থের করণীয় ব্যাপার। সংসার। ... **গৃহস্বামী** — বাড়ির কর্তা।

**গৃহাগত** — গৃহে আগত। অতিথি।

**গৃহাসক্ত**—স্বগৃহের প্রতি যাহার মমতা ও আসক্তি বেশি।

**গৃহী** (-হিন্) — সংসারী, গৃহস্থ, বিবাহিত। ... স্ত্রী. **গৃহিণী** — গিন্নী, গৃহকর্ত্রী। পত্নী। ... **গৃহিণীপনা]** গৃহিণীর কাজ বা নৈপুণ্য, গিন্নীপনা।

**গৃহীত** — যাহা লওয়া হইয়াছে। ধৃত। প্রাপ্ত। আশ্রিত। স্বীকৃত। (গ্রহণ দেখ)

**গৃহ্য**—গ্রহণযোগ্য। আয়ত্ত। গৃহসম্বন্ধীয়। ... **গৃহ্যসূত্র** — গৃহস্থের অনুষ্ঠেয় জাতকর্ম বিবাহ ইঃ সংস্কারের বিধিসংবলিত প্রাচীন গ্রন্থ বিঃ।

**গে** (গিয়ে দেখ)

**গেঙানো** [√ গেঙা-১১] গোঙানো (দেখ)

**গেছো]** যে গাছে গাছে বেড়ায় ('—ইঁদুর, মেয়ে, পেতনী')

**গেঁজ, গ্যাঁজ]** অঙ্কুর, কল। অর্বুদ, আব।

**গেঁজে]** সরু লম্বা থলি (কোমরে গুঁজিবার)

**গেজেট** (ই)—সরকারী দপ্তরের ইস্তাহার। সংবাদপত্র।

**গেঁজেল]** গাঁজাখোর।

**গেঞ্জি** [ ই guernsey ] বোনা জামা বিঃ।

**গেট** [ ই ] ফটক।
**গেঁটা, গ্যাঁটা** ] বেঁটে মোটা ও বলিষ্ঠ।
**গেঁটে** ] যাহার গাঁট আছে ('— লাঠি')। গাঁটের ('— বাত')
**গেঁড়** [ <গণ্ড ] কন্দ, tuber ; গ্রন্থিযুক্ত মূল, rhizome 'কচুর, আদার —')
**গেঁড়া** ] — খর্বাকৃতি, বেঁটে।
**"গেঁড়া"** ] ষ্য. অপহরণ, চুরি, গাপ ('— দেওয়া, মারা')।
**গেঁড়ি** ] ছোট শামুক বিঃ।
**গেঁড়ো** ]—কলার এঁটে।
**গেঁড়ুয়া** ] — ফুলের স্তবক, বতু ফুলের গোছা (পদাবলী)।
**গেণ্ডু, গেণ্ডুক, -ন্দু- — গেণ্ডুয়া** ] বল, কন্দুক।
**গেঁদা** (গাঁদা দেখ)
**গেয়**—যাহা গান করা হয়। গানের যোগ্য।
**গেয়ান** — জ্ঞান। (ব্র-বু)
**গেঁয়ো** ] গ্রাম্য, পাড়াগেঁয়ে।
**গেরি** ] < গৈরিক ('-মাটি')
**গেরুয়া** [ <গৈরিক, গবেরুক ] ণ. গৈরিক-বর্ণ। ষ্য. গৈরিকরঞ্জিত বস্ত্র।
**গেরেফতার** (ফা)—বন্দী করা।
**"গেরো ২"** [ < গ্রহ ] বিপদ্, বিঘ্ন।
**গের্দ** [ ফা. গির্দ্ ] বেষ্টন। আটক।
**গেল** ] যাহা গত হইয়াছে ('— বছর')
**গেলা** (গিলা বিরল) [ √ গিল্-৯। < গিল্ ] গলাধঃকরণ করা। খাওয়া (বিদ্রূপে)। ... **গিলানো / গিলনো / গেলানো** [ √ গিলা-১৩ ] গিলিত করানো। খাওয়ানো।
**গেলাপ** [ আ. গিলাফ ] খোল, ওয়াড়।
**গেলাস** (গ্লাস দেখ)
**গেহ**—(মূলরূপ—গৃহ) ঘর, আলয় (প্রায় পদ্যে। ... **গেহিনী** — গৃহিণী।
**গৈবী** (গয়বী দেখ)
**গৈরিক, গৈরেয়** — ষ্য. গেরিমাটি। গিরি-জাত বা খনিজ দ্রব্য। ণ. গেরিমাটির রং বিশিষ্ট, গেরুয়া।
**গো ১**—গরু, গাভী, ধেনু। বৃষ। (§ গব্য)
**গো ২** ] সাদর সম্বোধন ('ওগো, কোথা গো')
**গোঁ** ] জিদ ('— ধরা, করা')
**গোকল** ] (গোকবল) — ব্রত বিঃ, ইহাতে গোরুকে ঘাসের কবল খাইতে দেওয়া হয় এবং তাহার পূজা করা হয়।
**গোকুল**—মথুরার নিকটস্থ গ্রাম বিঃ, কৃষ্ণের বাল্যলীলাভূমি। গোষ্ঠ। গরুর পাল।
**গোক্ষুর — গোখুরা / গোখরো** ] বিষধর সর্প বিঃ।
**গোখরি** ] — গোরুর ক্ষুরের নকসা অনুযায়ী বানানো চুড়ি।
**গোঁগোঁ** ] যন্ত্রণা ও অচেতনতা সূচক শব্দ।
**গোগ্রাস**—গরুর মত মুখ দিয়া গ্রাস গ্রহণ। বড় বড় গ্রাস ('গোগ্রাসে গিলছে')
**গোঘাতক, গোঘ্ন**—গোহত্যাকারী। গোঘ্নের একটি বিশিষ্ট অর্থ অতিথি।
**গোঙা** ] যে গোঙাইয়া কথা বলে। বোবা। ... **গোঙানো** [ √ গোঙা-১৫ ] গোঁগোঁ শব্দ করা, কাতরানো। ... ষ্য. **গোঙানি** ]
**গোচর** — ণ. প্রত্যক্ষ, উপলব্ধ ('ইন্দ্রিয়-, জ্ঞান-')। ষ্য. অবগতি ('গোচরে আনা')। ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়। গোচারণভূমি।
**গোচারণ** — গরু চরানো।
**গোছ** ] < গুচ্ছ, গোছা। পানপাতার গণনায় ৮ গণ্ডায় একগোছ। শৃঙ্খলা ('কাজের —')। পায়ের গোড়ালির উপরের অংশ। ধরন, প্রকার ('বোকা গোছের')। ... **গোছগাছ** ] গোছানো, শৃঙ্খলা।
**গোছা** ] গুচ্ছ, স্তবক, আঁটি ('চাবির, ফুলের, খড়ের —')

**গোছানো** (গুছানো দেখ)

**গোছালো, -ল** ] যে শৃঙ্খলার সহিত কাজ করে; হিসাবী, মিতব্যয়ী ('—লোক')। সুশৃঙ্খল ('— সংসার')

**গোঁজ** ] ষ্য. খোঁটা, কীলক। ণ. বিরক্তি ক্রোধ ইঃর জন্য গম্ভীর ('মুখ — করা। -মুখো')

**গোঁজা** [ √গুঁজ্-১০ ] ঢুকানো ('কাঠি, মাথা —')। নত করা ('ঘাড় —')।...

**গোঁজা** ] — জঞ্জাল। ফুটা চালে খড় গুঁজিয়া ছিদ্র বন্ধ করা। যাহা কিছু গুঁজিয়া দেওয়া হয়।

**গোঁজামিল** ] মিথ্যা অঙ্কবিন্যাস ইঃ দ্বারা মিল ('হিসাবে — দেওয়া')

**গোট** ] কোমরের গহনা বিঃ, মেখলা।

**গোটা** ] আস্ত, অখণ্ড। সংখ্যানির্দেশে, খান ('-কতক, -দশ'। আদরে — গুটি ])। মসলা-চূর্ণ বিঃ। ... **গোটা-সিদ্ধ** ] আভাঙা মাষকলাই বেগুন ইঃ সিদ্ধ।

**গোটানো** (গুটানো দেখ)

**গোটিক** ] — একটিমাত্র। (কোটিকে গোটিক)

**গোঠ** ] < গোষ্ঠ, গোচারণভূমি।

**গোড়** ] গোড়া, শিকড়। পা। ('গোড়ে গোড় দেওয়া' — পদাঙ্ক অনুসরণ করা, মতে মত দেওয়া)

**গোড়া** ] মূল, শিকড় ('গাছের —')। ভিত্তি। আদি, মূল ('— থেকে। যত নষ্টের —')

**গোড়াগুড়ি** ] ... গোড়া হইতে।

**গোঁড়** ] — নাভির অস্বাভাবিক আয়তন বৃদ্ধি।

**গোঁড়া** ] প্রাচীনপন্থী, কোনও মত বা পদ্ধতিতে অতিশয় নিষ্ঠাবান্ ('— হিন্দু')। অন্ধভক্ত ('সে অমুকের —')। ... ষ্য. **গোঁড়ামি** ]

**গোঁড়ানেবু** ] অতিশয় টক নেবু বিঃ, জামির।

**গোড়ালি** ] গুল্ফ, পাদমূল।

**গোড়ে** ] মোটা করিয়া গাঁথা ফুলের মালা।

**গোণ্ড** — মধ্যভারতের অসভ্য আদিবাসী বিঃ।

**গোতম** — ঋষি বিঃ, ন্যায়শাস্ত্রপ্রণেতা। (§ গৌতম)

**গোত্তা** [ আ. গউতহ্ ] ঘুড়ির পাক খাইয়া বেগে পতন ('— খাওয়া')

**গোত্র ১** — কুল, বংশ। ঋষিপ্রবর্তিত বংশ ('ভরদ্বাজ-')। ... ণ. **গোত্রীয়**। ... **গোত্রজ** — গোত্রে জাত। সগোত্র।

**গোত্র ২** — পর্বত। ... **গোত্রভিদ্** — ইন্দ্র।

**গোদ** ] শ্লীপদ। একপ্রকার রোগ, ইহাতে পায়ের অতিরিক্ত স্ফীতি হয়।

**গোদা** ] মোটা। ধাড়ী, দলপতি। বানরের দলপতি ('পালের —')। গোদ বিশিষ্ট।

**গোদা, গোদাবরী**—দক্ষিণাপথের নদী বিঃ।

**গোদোহিনী** — দুধ দোহার কেঁড়ে।

**গোধন** — গাভীরূপ সম্পদ্।

**গোঁধলা** ] — পচা গোবর।

**গোধা, গোধিকা** — গোসাপ।

**গোধূম** — গম, শস্য বিঃ।

**গোধূলি** — সায়ংকাল (যখন গরুর পাল ধূলি উড়াইয়া গৃহে ফিরে)

**গোনা** [ √গুন্-১০। < গুণ্, গুণ্ ] গণনা করা, সংখ্যা করা, গনা। জ্যোতিষ গণনা করা। ণ. গণিত, যাহার গণনা হইয়াছে। ... **গোনাগাঁথা** ] গনাগাঁথা (দেখ)।

**গোপ** — গোপালক, গোয়ালা। ... স্ত্রী. **গোপী, গোপিকা**। ... **গোপিনী** ]

**গোপন** — ষ্য. অপরকে না জানানো, লুক্কায়িত করা বা রাখা। রক্ষণ। (বাং)

**গ.** গুপ্ত ('—কথা') (§ গুপ্ত, গোপিত, গোপ্তব্য, গোপ্তা, গোপা)। ... **গোপনীয়** —গোপনের যোগ্য, অপ্রকাশ্য।

**গোপাল, গোপালক** — গোয়ালা, রাখাল। ... **গোপাল** — কৃষ্ণ। বালকের আদরের নাম।

**গোপালন** — গরু পোষা, গোরক্ষা।

**গোপাষ্টমী** — কার্তিক-শুক্লাষ্টমী।

**গোপিকা, গোপিনী** (গোপ দেখ)

**গোপিকামোদ** — রাগিণী বিঃ।

**গোপিত** — লুক্কায়িত। রক্ষিত।

**গোপী** (গোপ দেখ)

**গোপীচন্দন** — বৈষ্ণবের তিলকমাটি।

**গোপীযন্ত্র** — বাউল বৈষ্ণবদের একতারা বাদ্যযন্ত্র বিঃ।

**গোপুর** — (গোপুরম্) মন্দিরের তোরণ। নগরদ্বার।

**গোপ্তা** ( -প্তৃ) — পালক, রক্ষক। গোপনকারী। ... স্ত্রী. **গোপ্ত্রী।**

**গোপ্য** — গোপনীয়।

**গোফা** ] — সাধন-ভজনের জন্য নির্জন বিবিক্ত স্থান। গুম্ফা।

**গোঁফ, -প** ] < গুম্ফ, মোচ, ঠোঁটের উপরের লোম। ( § গুঁফো, -পো) ... **গোঁফ খেজুরে** ] — অত্যন্ত অলস, অতি তুচ্ছ সহজ বিষয়েও যে অপরের কৃপার উপর নির্ভর করে।

**গোবদা, গোমদা** ] মোটা, মাংসল ('—মুখ')

**গোবর** [ < গোবিট্ ] গোময়, গোবিষ্ঠা। ... **গোবরগণেশ** ] বোকা অকর্মণ্য ভালমানুষ।

**গোবরাঠ, -রাট** [ < গর্ভাগার-কাষ্ঠ ] দরজার চৌকাঠের নীচের কাঠ।

**গোবর্ধন** — বৃন্দাবনের পর্বত বিঃ, কৃষ্ণ যাহা তুলিয়া ধরিয়াছিলেন।

**গোবাঘা** ] নেকড়ে বাঘ জাতীয় পশু বিঃ, hyena. (মতান্তরে) বড় বাঘ (যে গরু মারে) বা চিতা বাঘ।

**গোবিন্দ** — বিষ্ণু, কৃষ্ণ।

**গোবেচারা, -রী** ] নিরীহ ভালমানুষ।

**গোবৈদ্য** — গরুর চিকিৎসক।

**গোভাগাড়** ] গ্রামপ্রান্তে মরা গরু ফেলিবার স্থান।

**গোমড়া** ] গম্ভীর ও বিরক্তিসূচক ('—মুখ')

**গোমতী** — অযোধ্যাপ্রদেশের নদী বিঃ।

**গোময়** — গোবর।

**গোমায়ু** — শৃগাল।

**গোমস্তা** [ ফা. গুমাশ্তহ্ ] খাজনা আদায়কারী কর্মচারী বিঃ। প্রতিনিধি।

**গোমুখী**—হিমালয়স্থ গহ্বর যাহার ভিতর দিয়া গঙ্গা বাহির হইয়াছে।

**গোমূত্র** — চোনা।

**গোমূর্খ** — গরুর তুল্য বোকা, গণ্ডমূর্খ।

**গোমেদ**—মণি বিঃ, zircon বা jacinth (প্রধানতঃ নারঙ্গবর্ণ)

**গোমেধ** — বৈদিক যজ্ঞ বিঃ, যাহাতে গোবধ হইত।

**গোযান** — গরুর গাড়ি।

**গোঁয়ার** ] উদ্ধত, হঠকারী, অসমসাহসিক ('-গোবিন্দ')। অশিক্ষিত, কাণ্ডজ্ঞানহীন। ... ষ্য. **গোঁয়ারতমি** ]

**গোঁয়ারা, গোমরা** [ ফা. গহ্‌বা.রহ্ ] তাজিয়া ( দেখ )

**গোয়াল, গোহাল** ] < গোশালা। ... **গোয়াল** ] গোয়ালা।

**গোয়ালা, গয়লা** ] < গোপালক। দুগ্ধবিক্রেতা। ... স্ত্রী. **গোয়ালিনী, গয়লানী** ]

**গোয়ালিয়া** ] — **গ.** গোয়ালার পক্ষে যাহা স্বাভাবিক। ষ্য.—হংসপদী বা গোধাপদী নামিকা লতা।

**গোয়েন্দা** [ ফা. গোইন্দহ্ ] গুপ্তচর।

**গোর** [ ফা ] কবর, সমাধি ( '— দেওয়া')। ... **গোরস্থান** ] যেখানে গোর দেওয়া হয়, কবরস্থান।

**গোরক্ষক** — গোরুর রাখাল।

**গোরস** — গোদুগ্ধ।

**গোরা** ] < গৌর, ফরসা, গৌরবর্ণ। ইওরোপীয়। ইংরেজ সৈন্য। গৌরাঙ্গদেব। ... **গোরাচাঁদ** ] < গৌরচন্দ্র, শ্রীচৈতন্য।

**গোরি** ] — গৌরাঙ্গী। (ব্রজবুলি)।

**গোরু** ( গরু দেখ )

**গোরোচনা** — হলদে রং বিঃ ( প্রবাদ — গোমস্তক- বা গোপিত্ত-জাত ), পিউড়ি।

**গোল ১** — ষ্য. বৃত্ত। গোলক, বর্তুল। **ণ.** বৃত্তাকার বা বর্তুলাকার।

**গোল ২** [ ফা ] উচ্চরব ('— করা')। জটিলতা। ফেসাদ ('ব্যাপারটায় — আছে')। বিশৃঙ্খলতা; ভ্রম ('— ক'রে ফেলা') ... **গোলমাল** ] চিৎকার, গণ্ডগোল। ... **গোলমেলে** ] জটিল, বিশৃঙ্খল।

**গোলক**—গোলা, বর্তুল, sphere. মণ্ডল। ভাঁটা, বল। ... **গোলকধাঁধা** ] জটিল, পথ, যাহার শেষ বাহির করা কঠিন। জটিল সমস্যা।

**গোলকুণ্ডা** -- হীরকের খনির জন্য প্রসিদ্ধ দক্ষিণ ভারতের স্থান বিঃ।

**গোলগাল** ] প্রায় গোলাকার, গোলালো। সুপুষ্ট ( '—চেহারা, গড়ন' )

**গোলদার** ] গোলার মালিক, আড়তদার।... ষ্য. **গোলদারি** ]

**গোলন্দাজ** [ ফা. গোলহ্-অন্দাজ. ] যে সৈন্য কামানের গোলা ছোড়ে।

**গোলপাতা** ] তাল-বর্গীয় ছোট গাছ বিঃ-এর পাতা ( চাল ছাওয়া হয় )

**গোলমরিচ** — কাল মরিচ ( মসলা )

**গোলযোগ** — (বাং) গণ্ডগোল, গোলমাল। বিশৃঙ্খলতা, জটিলতা। ফেসাদ, বিঘ্ন। ব্যাঘাত। সমস্যা।

**গোলা ১** ] < গোলক, বল ('কামানের —')। শস্যাদি রাখিবার স্থান ('-ঘর, -বাড়ি')। ... **গোলাজাত** ] গোলায় রক্ষিত। ... **গোলাবাড়ী** — যে বাড়ীতে কেবল ধানের গোলা থাকে।

**গোলা ২** [ √গুল্-১০ ] জল ইঃর সহিত মিশ্রিত করা। **ণ.** তরলীকৃত। **ষ্য.** তরলীকৃত দ্রব্য ( 'চুন-' )

**গোলা** ] — **ণ.** নির্বোধ, সাধারণ (লোক)। ষ্য. — সাধারণ পায়রা।

**গোলাপ, গোলাব** [ ফা. গুলাব ] গোলাবজল। গোলাপফুল। ... **গোলাবজল** ] গোলাপফুলজাত সুগন্ধ জল। ... **গোলাবপাশ** [ফা] গোলাবজল ছিটাইবার কুপী বা পিচকারি।... **গোলাপী, -বী** ] গোলাপফুলের বর্ণ বা গন্ধ বিশিষ্ট।

**গোলাম** [ আ ] ক্রীতদাস। চাকর, নফর। ছবিযুক্ত তাস বিঃ।...**গোলামি** ] দাসত্ব।

**গোলার্ধ** — পৃথিবী, ভূগোলক বা কোনও বর্তুল পদার্থের অর্ধভাগ, hemisphere.

**গোলালো** ] প্রায় গোল। গোলগাল।

**গোলোক** — বৈকুণ্ঠ, বিষ্ণুর আলয়। ... **গোলোকধাম** — বৈকুণ্ঠ। খেলা বিঃ।

**গোল্লা** ] গোলাকার মিষ্টান্ন ('কাঁচা-, রস-')। শূন্য, কিছুই নয়। অধঃপাত ('গোল্লায় যাওয়া')

**গোশালা** — গোয়াল, গোগৃহ।

**গোষ্ঠ** — গোষ্ঠ, গরু চরাইবার মাঠ। মিলনস্থান, সমিতি, সভা। ... **গোষ্ঠাগার**— সভাগৃহ। ... **গোষ্ঠাষ্টমী** — গোপাষ্টমী। ... **গোষ্ঠবিহারী** — শ্রীকৃষ্ণ।

**গোষ্ঠী** — পরিবারবর্গ, জ্ঞাতি, "গুষ্টি"। বংশ, কুল। সমূহ, দল। সভা। আড্ডা,

ক্লাব। ... **গোষ্ঠীপতি** — কুলপতি। সভাপতি। ... **গোষ্ঠীসুখ** — আত্মীয় পরিজনের সঙ্গসুখ।

**গোষ্পদ** — গরুর খুরের চাপে মাটিতে যে দাগ বসে। অতি ক্ষুদ্র আধার ('গোষ্পদে যেমন জল')

**গোসল** [ আ. গুস্‌ল্‌ ] স্নান। ... **গোসল-খানা** [ আ. -ফা ] স্নান ইঃর গৃহ।

**গোসা** [ আ. গুস্‌সহ্‌ ] ক্রোধ, রাগ। ... **গোসাঘর** ] ক্রোধাগার ( দেখ )

**গোসাঁই** ] < গোস্বামী, প্রভু। বৈষ্ণব উপাধি বিঃ।

**গোসাপ** ] ছোট কুমিরের তুল্য স্থলচর প্রাণী বিঃ, গোধা।

**গোস্ত** [ ফা. গোশ্‌ত্‌ ] মাংস।

**গোস্তনী** — আঙুর।

**গোস্তাকি** [ ফা. গুস্তাখী ] ধৃষ্টতা, বেয়াদবি।

**গোস্বামী** (-মিন্‌) — গোসাঁই ( দেখ )। প্রভু, ভগবান্‌। বৈষ্ণব ও ব্রাহ্মণের উপাধি বিঃ।

**গোহারি** ] — আবেদন-নিবেদন, কাকুতি-মিনতি।

**গোহাল** ( গোয়াল দেখ )

**গৌড়** — বঙ্গদেশের প্রাচীন নাম। উত্তর-বঙ্গ। প্রাচীন কয়েকটি দেশের নাম ( 'পঞ্চ-')। ... **ণ. গৌড়ীয়**। ... **গৌড়জন** — বঙ্গবাসী।

**গৌড়ী** — রাগিণী বিঃ। গুড় দ্বারা তৈরী সুরা।

**গৌণ** — ণ. অপ্রধান, যাহা মুখ্য নয়। ষ্য. ( বাং ) বিলম্ব, দেরি ('গৌণে')

**গৌতম** — ঋষি বিঃ। বুদ্ধদেব। ... স্ত্রী. **-মী**।

**গৌর**—গোরা, ফরসা। পীত, স্বর্ণকান্তি। চৈতন্যদেব। ... **গৌরচন্দ্র** — গোরাচাঁদ, চৈতন্যদেব। ... **গৌরচন্দ্রিকা** — গানের পূর্বে চৈতন্যদেবের বন্দনা। ভূমিকা। উপক্রমণিকা। ... **গৌরাঙ্গ** — যাহার রং ফরসা। চৈতন্যদেব। স্ত্রী. **গৌরাঙ্গী**।

**গৌরব** — গরিমা, মহিমা। উৎকর্ষ। মর্যাদা, সম্মান, আদর। ... **গৌরবান্বিত, গৌরবিত** — গৌরবযুক্ত।

**গৌরী** — পার্বতী (দেখ)। গৌরবর্ণা স্ত্রী। অবিবাহিতা অষ্টবর্ষীয়া কন্যা।

**গৌরীদান**—অষ্টবর্ষীয়া কন্যাকে বিবাহার্থে সম্প্রদান।

**গৌরীপট্ট** — শিবলিঙ্গের নিম্নস্থ পীঠ, পেনেট।

**গৌরীশঙ্কর** — হিমালয়ের শৃঙ্গ বিঃ।

**গ্যাঁজ** (গেঁজ দেখ)

**গ্যাঁট, গ্যাঁটা** (গট, গেঁটা দেখ)

**গ্যালি** (ই) — যে কাষ্ঠফলকে ছাপার অক্ষর সাজাইয়া রাখা হয়। ... **গ্যালিপ্রুফ** (ই) — তাহা হইতে যে প্রুফ তোলা হয়।

**গ্যাস** [ ই ] বায়ব বস্তু। কয়লা ইঃ হইতে উৎপন্ন বায়ব বস্তু যাহা জ্বলে।

**গ্রথন, গ্রন্থন** — গাঁথা। গাঁথনি। রচনা। গুম্ফন।

**গ্রথিত, গ্রন্থিত** — গুম্ফিত, গাঁথা, মালার তুল্য রচিত। বিদ্ধ। রচিত। খচিত।

**গ্রন্থ** — পুস্তক, বহি, পুঁথি। শাস্ত্র। ('-কর্তা, -কার। গ্রন্থাগার')। ... **গ্রন্থকীট** — কেতাবকীট, যে সর্বদা বহি পড়ে। বহিতে যে পোকা থাকে।

**গ্রন্থকার** — যিনি গ্রন্থ রচনা করেন।

**গ্রন্থন** (গ্রথন দেখ)

**গ্রন্থাগার**—যে গৃহে বিবিধ পুস্তক থাকে। ... **গ্রন্থাগারিক** — তাহার রক্ষক।

**গ্রন্থি** — গাঁট, গিরা। সন্ধিস্থান। ('অঙ্গের,

বাঁশের —')। (শরীরস্থানে) দেহের ভিতরের বিবিধ রসনিঃসারক যন্ত্র বা কোষসমষ্টি, gland. ... **গ্রন্থিচ্ছেদক, গ্রন্থিভেদক** — গাঁটকাটা। চোর। ... **গ্রন্থিবন্ধন** — গাঁটছড়া। ... **গ্রন্থিল** — বহুগ্রন্থিযুক্ত।

**গ্রন্থী** — যে বহু গ্রন্থ পাঠ করে বা যে বহু গ্রন্থের অধিকারী।

**গ্রসন** — গ্রাসকরণ, ভক্ষণ। ... **গ্রসমান** — যে গ্রাস করিতেছে। ... **গ্রস্ত** — গিলিত ('রাহু-')। আক্রান্ত, অভিভূত ('বিপদ্-')

**গ্রহ**—পৃথিবী মঙ্গল বুধ ইঃ যাহা সূর্যকে বেষ্টন করিয়া ভ্রমণ করে, planet. (ভারতীয় জ্যোতিষে নবগ্রহ — সূর্য চন্দ্র মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি রাহু কেতু)। গ্রহণ, পরিগ্রহ ('দার-, মূর্তি-')। অপদেবতা। বোধ, জ্ঞান ('অর্থ-, রস-')। ... **গ্রহদেবতা** — গ্রহের অধিষ্ঠাত্রী দেবতা। ... **গ্রহদোষ, -বৈগুণ্য** — গ্রহের প্রতিকূল প্রভাব, গ্রহের ফের, "গেরো"। ... **গ্রহবিপ্র** — দৈবজ্ঞ ব্রাহ্মণ। ... **গ্রহযাগ** — গ্রহদোষ শান্তির জন্য যাগ। ... **গ্রহশান্তি**—গ্রহদোষ নিবৃত্তির জন্য যজ্ঞ স্বস্ত্যয়নাদি।

**গ্রহণ** — লওয়া, আদান ('ঋণ-, আদেশ-, বিদায়-')। স্বীকার ('নিমন্ত্রণ —')। ধারণ ('হস্ত-')। বন্দী করণ, বন্ধন। অবলম্বন, আশ্রয় ('সন্ন্যাস-')। বরণ ('অতিথিকে সাদরে —। দত্তকপুত্র —')। চন্দ্রের উপর পৃথিবীর ছায়াপাত; চন্দ্রের অন্তরালে সূর্যের আবরণ। (§ গৃহীত, গ্রাহক, গ্রাহিত, গ্রাহী, গ্রাহ্য)। ... **গ্রহণীয়** — গ্রহণযোগ্য, গ্রাহ্য। ... **গ্রহীতা** (-তৃ) — যে লয়, গ্রাহক।

**গ্রহণী, -ণি** — উদরাময় রোগ বিঃ। (শারীরস্থানে) ক্ষুদ্র অন্ত্রের প্রথমাংশ, duodenum.

**গ্রহিল** — গ্রহণে উৎসুক। আগ্রহশীল। লুব্ধ।

**গ্রহাচার্য** — দৈবজ্ঞ।

**গ্রাবু**] তাস খেলা বিঃ।

**গ্রাম** — গাঁ, পল্লী, পাড়াগাঁ। লোকালয়। সমূহ ('গুণ-, স্বর-')। ... **গ্রামণী** — গ্রামের নেতা। ... **গ্রামধর্ম** — স্ত্রীসঙ্গ। ... **গ্রামভাটি**] < গ্রামবৃত্তি, বিবাহাদি অনুষ্ঠানে সংগৃহীত অর্থ যাহা বারোয়ারি ইঃতে খরচ হয়। ... **গ্রাম-সম্পর্ক** — এক গ্রামে বাস করার জন্য পাতানো সম্পর্ক।

**গ্রামিক** — গ্রামের অধিকারী। গ্রামরক্ষক।

**গ্রামী** (-মিন্)—গ্রামস্থ। গ্রামের অধিকারী।

**গ্রামীণ** — গ্রামস্থ। গ্রামজাত, গ্রাম্য।

**গ্রামোফোন** [ই]। মুদ্রিত চাকতি হইতে বাক্য সংগীত ইঃ যথাযথ ধ্বনিত করিবার যন্ত্র।

**গ্রাম্য** — গ্রামজাত, গেঁয়ো। প্রাকৃত, অমার্জিত, ইতর। গ্রাম সম্বন্ধীয়। ... **গ্রাম্যতা** — অশিষ্টতা, অসভ্যতা। রচনায় অশোভনতা। **গ্রাম্যদেবতা** — সমগ্র গ্রামের অর্চনীয় সাধারণ লৌকিক দেবতা। ... **গ্রাম্যমৃগ** — কুকুর।

**গ্রাস** — এক বারে যতটা খাদ্য মুখে দেওয়া হয়, কবল। গলাধঃকরণ, গ্রসন, গিলন। গ্রহণকালে চন্দ্রসূর্যের আবরণ ('অর্ধ-, পূর্ণ-')। (§ গ্রস্ত)। ... **গ্রাসনালী** — যে নালী দিয়া খাদ্য মুখ হইতে পাকস্থলীতে যায়, অন্ননালী, gullet.

**গ্রাহ** — গ্রহণ, আদান, লওয়া। বোধ, জ্ঞান। আগ্রহ। কুমির হাঙ্গর ইঃ হিংস্র জলজন্তু।

**গ্রাহক** — গ্রহীতা, যে লয়। সাময়িক পত্রাদির নিয়মিত ক্রেতা। খরিদ্দার।

... স্ত্রী. **গ্রাহিকা।**

**গ্রাহিত** — যাহা গ্রহণ করানো হইয়াছে।

**গ্রাহী** (-হিন্) — গ্রাহক ('গুণ-, রস-')। আকর্ষক ('হৃদয়-')। ধারক, যে ঔষধে মল বন্ধ হয়।

**গ্রাহ্য** — ণ. বোধগম্য ('ইন্দ্রিয়-')। গ্রহণযোগ্য। স্বীকার্য, মান্য, গণনীয়, বিবেচ্য (মত যুক্তি আদেশ ইঃ)। (বাং) গণনীয় বলিয়া বোধ ('কষ্ট মান অপমান হুকুম —করে না')

**গ্রীবা** — ঘাড়, গলা। (§ গ্রৈব, গ্রৈবেয়)

**গ্রীবাভঙ্গ** — ঘাড়-বাঁকানোর ভঙ্গী।

**গ্রীষ্ম** — গ্রীষ্মঋতু, নিদাঘ, গরমিকাল। বায়ুর উত্তাপ, গরম। (§ গ্রৈষ্মিক)। ... **গ্রীষ্মনিবাস** — অপেক্ষাকৃত শৈত্য-প্রধান স্থানে গ্রীষ্মকালে বসতি বা বাস-ভবন। ... **গ্রীষ্মমণ্ডল** — কর্কট-ও মকর-ক্রান্তি বৃত্ত-দ্বয়ের মধ্যবর্তী ভূ-ভাগ যেখানে সূর্যতাপ অধিকতম, torrid zone.

**গ্রীষ্মাবকাশ**—গ্রীষ্মকালে বিদ্যালয়ের ছুটি, গরমের ছুটি।

**গ্রেফতার, গ্রেপ-** [ফা. গিরিফ্তার] ষ্য. পুলিস কর্তৃক ধরা ('—করা')। ণ. পুলিস কর্তৃক ধৃত ('—হওয়া')। ... ণ. **গ্রেফতারী**] ('— পরোয়ানা') (গেরেফতার দেখ)

**গ্রৈব, গ্রৈবেয়** — গ্রীবা সম্বন্ধীয়।

**গ্রৈষ্মিক** — গ্রীষ্ম সম্বন্ধীয়।

**গ্লানি** — ক্লান্তি, অবসাদ, অসুস্থতা। নিন্দা, অপবাদ। ... ণ. **গ্লান।**

**গ্লাস** [ই] / **গেলাস**] পানপাত্র বিঃ।

## ঘ

**ঘট** — কলস। পাত্র, আধার, ('সর্ব ঘটে')। মাথা (ব্যঙ্গে। 'ঘটে বুদ্ধি নাই') ... **ঘটপট** — পূজায় প্রতিমার অনুকল্প পূর্ণকলসী ও চিত্র। (ঘটপটে পূজা) ... **ঘটভরণ**] — দেবতার প্রতিমার সম্মুখে স্থাপনীয় মঙ্গল কলসীর জলপূর্ণ করিবার অনুষ্ঠান। ... **ঘটস্থাপন** — প্রতিমার অনুকল্প স্বরূপ পূর্ণঘটে দেবতার আবাহন।

**ঘটক** — যে সংঘটন করায়; যে দুই পক্ষের যোগ ঘটায় (স্ত্রী. ঘটিকা)। যে বিবাহের সম্বন্ধ আনে (স্ত্রী. ঘটকী)। ব্রাহ্মণ পদবী বিঃ। ... ষ্য. **ঘটকতা।** ... **ঘটকালি**] বিবাহের সম্বন্ধ করণ। ঘটকের কাজ।

**ঘটকর্পর** — কলসীর টুকরা। কবি বিঃ, বিক্রমাদিত্যের নবরত্নের একরত্ন।

**ঘটকার** — কুম্ভকার।

**ঘটঘট**] অনুকারশব্দ।

**ঘটতি, ঘাটতি** [হি] কমতি, লাঘব।

**ঘটদাসী** — দূতী। কুট্টনী।

**ঘটন** — সংঘটন, হওয়া, ভবন। যোজন। (§ ঘটিত)। ... **ঘটনীয়** — যাহা ঘটিবে। সম্ভাব্য। যোজনীয়।

**ঘটনা** — ব্যাপার, যাহা ঘটে। যোজনা। ... **ঘটনাক্রমে** — ব্যাপারবশতঃ, দৈবক্রমে। ... **ঘটনাচক্র** — ঘটনাপরম্পরা। ... **ঘটনাঘন** — যাহাতে ঘটনার আতিশয্য আছে। (— জীবন, উপন্যাস ইত্যাদি)। ... **ঘটনাধীন** — আকস্মিকব্যাপারাধীন, দৈবাধীন। ... **ঘটনাবলী, -লি** — ব্যাপার-সমূহ। ... **ঘটনাবহ** — ঘটনাকারক, ঘটনাসংকুল। ... **ঘটনাস্রোত** (তস্) — ঘটনার ধারাবাহিকতা।

**ঘটপটিয়া**] — ন্যায়ের কূটতার্কিক।

**ঘটমান**—যাহা ঘটিতেছে। যে ক্রিয়া বর্তমান কালেই ঘটিতেছে তাহাকে ঘটমান বর্তমান ক্রিয়া বলা হয়।

**ঘটা ১** — **সমারোহ**, আড়ম্বর; ('বিবাহের —। ঘন-')। রাশি, সমূহ। ঘটন।

**ঘটা ২** — [√ঘট্‌৫। < ঘট্‌] হওয়া ('বিপদ —')। সম্পন্ন হওয়া ('ঘ'টে ওঠা')। পরিণাম হওয়া ('কিসে কি ঘটে')। ... **ঘটানো** [√ ঘটা-১১] সংঘটন করা।

**ঘটাকাশ** — ঘটের মধ্যে পরিচ্ছিন্ন আকাশ (জীবাত্মার সঙ্গে উপমিত)।

**ঘটাটোপ** — গাড়ীর ঘেরাটোপ। সদম্ভ আড়ম্বর।

**ঘটিকা** — ঘণ্টা, hour. ক্ষুদ্র ঘট। ঘড়ি। (ঘটক দেখ)

**ঘটিত** — সংঘটিত, সম্পাদিত। জনিত ('প্রণয়-')। গঠিত, যোজিত ('পারদ-')

**ঘটিরাম** ] — অপদার্থ, অযোগ্য রাজকর্মচারী। (ঘটিরাম ডেপুটি)

**ঘটী** — ছোট ঘট, ঘটি (দেখ)।... **ঘটীযন্ত্র** — সময়নিরূপক প্রাচীন যন্ত্র বিঃ। ঘটি দ্বারা জল তুলিবার কল, অরঘট্ট।

**ঘটোৎকচ** — মহাভারতে ভীমের রাক্ষসীপত্নীর গর্ভজাত বীর সন্তান।

**ঘটোধ্নী** — ঘটের মত উধস্‌ বা দুগ্ধস্থলী যে গাভীর।

**ঘট্ট** — ঘাট।

**ঘট্টন** — ঘোটন, ঘাঁটা, নাড়া। ঘর্ষণ, বাটা। ... ণ. **ঘট্টিত**।

**ঘড়ঘড়** ] শ্লেষ্মাজনিত গলার শব্দ ('গলা — করা')

**ঘড়া** ] < ঘট, ধাতুর কলস।

**ঘড়াঞ্চি** ] সিঁড়িযুক্ত উঁচু টুল।

**ঘড়ি** [ < ঘটী ] সময়নিরূপক যন্ত্র। ঘণ্টা। ... **ঘড়ি ঘড়ি** ] প্রতি ঘণ্টায়, ঘন ঘন।

**ঘড়িয়াল / ঘড়েল** ] লম্বামুখ কুমির বিঃ, gavial. যে ঘড়ি বাজায় (অপ্রঃ)। ... ... **"ঘড়েল"** ] ধূর্ত, ধড়িবাজ।

**ঘণ্ট** — ব্যঞ্জন বিঃ।

**ঘণ্টা** — কাংস্যাদিনির্মিত মন্দিরচূড়াকার বাদ্যযন্ত্র বিঃ। আড়াই দণ্ড, ষাট মিনিট। ... **ঘণ্টাকর্ণ** — ঘেঁটু। ঘেঁটুঠাকুর।

**ঘণ্টাপথ** — প্রশস্ত রাজপথ। **ঘণ্টিকা, ঘণ্টী** — ছোট ঘণ্টা, ঘুণ্টি।

**ঘন** — ণ. গাঢ় ('— দুধ')। নিবিড় ('— অরণ্য')। অবিচ্ছিন্ন, ঠাস। পুরু, মোটা, জমাট। ঘোর, গভীর ('— বরষা')। ষ্য. মেঘ। (গণিতে) সমান তিন রাশির গুণফল, cube. ... **ঘন ঘন** — অল্প সময়ে বহুবার। অল্প স্থানে অনেক, কাছাকাছি। ... **ঘনঘটা** — মেঘাড়ম্বর। ... **ঘনঘোর** — ভীষণ মেঘাচ্ছন্ন। মেঘের মত ভীষণ। ... **ঘনতা, -ত্ব** — নিবিড়তা, গাঢ়তা, density. দৈর্ঘ্য প্রস্থ ও বেধের ভাব, volume. ... **ঘনফল** — দৈর্ঘ্য প্রস্থ বেধের গুণফল। ... **ঘনমূল** — যে রাশি নিজ দ্বারা দুইবার গুণিত হইলে অন্য নির্দিষ্ট রাশি উৎপন্ন করে, cube-root ... **ঘনশ্যাম** — মেঘের তুল্য শ্যাম।

**ঘনবারি** ] — মেঘাচ্ছন্ন।

**ঘনরস** — ১। গাঢ় রস, ২। বৃষ্টির জল।

**ঘনসার** — চন্দন। কর্পূর।

**ঘনাগম** — জলদাগম, বর্ষাকাল।

**ঘনাত্যয়, ঘনান্ত** — মেঘাপগম, শরৎকাল।

**ঘনানো** [√ঘনা-১১] নিকটবর্তী হওয়া ('মৃত —')। গাঢ় করা বা হওয়া।

**ঘনান্ধকার** — মেঘজন্য অন্ধকার।

**ঘনায়মান** — যাহা ঘন হইতেছে।

**ঘনিমা** — ঘনতা।

**ঘনিষ্ঠ** ] অতি নিকট ('— সম্পর্ক')। অন্তরঙ্গ ('— বন্ধু')। ... ষ্য. **-তা** ]

**ঘনীকৃত** — যাহা ঘন করা হইয়াছে।
**ঘনীভূত** — যাহা ঘন হইয়াছে।
**ঘনোপল** — করকা, হিমশিলা।
**ঘর** ] < গৃহ, প্রকোষ্ঠ, কুঠরি। বাড়ি। সংসার। পরিবার ('তিন — ব্রাহ্মণ')। বংশ ('ভাল ঘরের মেয়ে')। খোপ; রন্ধ্র ('দাবার ছকের, বোতামের —')। স্থান, সম্বন্ধ, বিষয় ('টাকার ঘরে শূন্য')। ('ঘর করা' — গৃহিণী বা বধূ হইয়া বাস করা। '— তোলা' — নূতন ঘর নির্মাণ করা। '— বাঁধা' — কুটীর নির্মাণ করা। '— ভাঙানো' — কুমন্ত্রণাদ্বারা গৃহ-বিচ্ছেদ করা, ... **ঘরকনা / কন্না** ] গৃহস্থালি, গৃহকর্ম। ... **ঘরকুনো** ] — অত্যন্ত গৃহাসক্ত, নিজের গৃহ ছাড়িয়া যে কোথাও যাইতে চায় না। **ঘরঘর** ] — প্রত্যেক পরিবারে, প্রত্যেক বাড়ীতে। **ঘরজামাই** ] যে জামাই শ্বশুরের আশ্রয়ে বাস করে। ... **ঘরজোড়া** ] যাহাদ্বারা ঘর পূর্ণ বা শোভিত হয়। ... **ঘর-জ্বালানী** ] — সংসারে যে নারী অবাঞ্ছিত আচরণের দ্বারা অশান্তির সৃষ্টি করে। ... **ঘরপোড়া** ] লঙ্কাদহন-কারী হনুমান্। যাহার ঘর পুড়িয়াছে ('—গরু')। ... **ঘরপোষা** ] গৃহপালিত। ... **ঘরবসত** ] -- দ্বিরাগমন। বিবাহের পর নববধূর প্রথম পতিগৃহে প্রবেশ। ... **ঘরভাঙানে** ] গৃহবিচ্ছেদকারী। ... স্ত্রী. **-নী** ]। ... **ঘরমুখো** ] গৃহাভিমুখ। ...**ঘরশত্রু** — যে আপন সংসারের দোষ-ত্রুটী পরকে জানাইয়া সংসারের অহিত করে। (ঘরশত্রু বিভীষণ)। ... **ঘর-সন্ধান** ] গৃহের ছিদ্র বা দোষ সন্ধান।
**ঘরট্ট** — জাঁতা। **ঘরট্টপেষক** — জাঁতায় শস্যাদি ভাঙা বা পেষণ করা যাহার বৃত্তি।
**ঘরনী** ] < গৃহিণী, পত্নী।
**ঘরন্তী** ] -- (অতিঘরন্তী দেখ)
**ঘরাও** (ঘরোয়া দেখ)
**ঘরানা** ] বংশীয় ('নবাব-')। উচ্চবংশীয়।
**ঘরামী** ] যে খড়ো ঘর ইঃ নির্মাণ করে।
**ঘরোয়া, ঘরাও** ] গৃহ সম্বন্ধীয়, পারিবারিক ('— বিবাদ')
**ঘর্ঘর** --- চলন্ত চাকার শব্দ। ... ণ. **ঘর্ঘরিত।**
**ঘর্ম** — ঘাম, স্বেদ। ... **ঘর্মচর্চিকা** — ঘামাচি। ... **ঘর্মাক্ত** — ঘামে ভেজা, স্বেদার্দ্র, স্বিন্ন।
**ঘর্ষণ** — ঘষা। ঘষ্টানি। মার্জন। ... ণ. **ঘর্ষিত, ঘৃষ্ট।**
**ঘষটানো, ঘষড়ানো** [ √ঘষ্‌টা, -ড়া-১৭ ] রগড়ানো। অদক্ষ ব্যক্তির বার বার চেষ্টা করা (ব্যঙ্গে। 'ঘষটে ঘষটে পাস হওয়া')। ...ষ্য. **ঘষটানি, ঘষড়ানি** ]
**ঘলঘসা** ] — দ্রোণপুষ্পে (গলঘেষে দেখ)।
**ঘষা** [ √ঘষ্‌-৫। < ঘৃষ্‌ ] **ঘর্ষণ** করা। ণ. ঘর্ষিত, ক্ষয়প্রাপ্ত ('— পয়সা')
**ঘষামাজা** ] — পরিচ্ছন্নতা ও পারিপাট্য সাধন করা।
**ঘাঁস** ] — ঘুঁটে।
**ঘা** ] < ঘাত, আঘাত, চোট ('খাঁড়ার, হাতুড়ির —')। ধাক্কা ('দরজায় —')। দুঃখ। ক্ষতি। ('— খাওয়া, দেওয়া, মারা, লাগানো, সহা')। ক্ষত। (ঃ ঘেয়ো)
**ঘা-কতক** ] -- কয়েকবার আঘাত বা প্রহার।
**ঘা-সহা** ] — ঘাতসহ, আঘাত সহ্য করায় যাহারা অভ্যস্ত।
**ঘাই** [ < ঘাতি ] জলে মাছের আস্ফালন ('— দেওয়া, মারা')
**ঘাগরা** ] স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র বিঃ।
**ঘাগী** ] (মূঃ ঘা-যুক্ত) ভুক্তভোগী, যে বার

বার ঘা খাইয়া অভিজ্ঞ হইয়াছে (প্রায় নিন্দায়। '—চোর')

**ঘাঘর**] — বাদ্য বিঃ। ঘুঙুর।

**ঘাট ১**] < ঘট্ট। নদী জলাশয়াদিতে নামিবার স্থান। নদী পার হইবার স্থান। গিরিসংকট। ত্রুটি, অপরাধ ('—হওয়া, মানা")। সেতার ইঃর বিভিন্ন সুর উৎপাদক স্থান।

**ঘাট ২**] — অশৌচান্ত। ... **ঘাটছাড়ানী** — অশৌচান্ত স্নানের পর নববস্ত্র পরিধান।

**ঘাটতি** [ হি ] কমতি। ত্রুটি।

**ঘাটদানী**] — খেয়াঘাটের শুল্কসংগ্রাহক (পদাবলী)

**ঘাঁটা ১** [ √ ঘাঁট্-৭। < ঘট্ট ] আলোড়ন করা, নাড়াচাড়া করা।...**ঘাঁটাঘাঁটি**] বার বার হাত দিয়া নাড়াচাড়া। আন্দোলন ('ঐ কথা নিয়ে —')। ... **ঘাঁটানো** [ √ ঘাঁটা-১১ ] নাড়ানো। বিরক্ত বা উত্তেজিত করা।

**ঘাঁটা ২**] কড়া, জামড়া ('—পড়া')

**ঘাটাল**] — উঁচুনীচু। বন্ধুর।

**ঘাঁটি, ১ ঘাঁট**] — নানা আনাজের মিশ্রণে ঘাঁটাঘাঁটি করিয়া রাঁধা অপকৃষ্ট শ্রেণীর ব্যঞ্জন।

**ঘাঁটি ২ / ঘাঁটী** [ < ঘট্ট ] চৌকি, পাহারার স্থান, পথের মুখ বা সন্ধি ('— আগলানো')। ... **ঘাটিয়াল, ঘাটো-**] যে ঘাট বা ঘাঁটি রক্ষা করে। ... **ঘাটোয়ার**] — যে খেয়াঘাটের শুল্ক আদায় করে।

**ঘাড়** [ < ঘাট ] কাঁধ। গ্রীবা ('— নাড়া' — হাঁ কিংবা না সূচক ইঙ্গিত করা। 'ঘাড়ে করা' — কাঁধে তোলা। দায়িত্ব লওয়া)

**ঘাড়ি**] — উপবেশনে ঘাড় রাখিবার অবলম্বন।

**ঘাত** — আঘাত, চোট। প্রহার। কোপ। হত্যা। (সং) ঘা, ক্ষত। সুযোগ, বাগ। (গণিতে) কোনও রাশিকে সেই রাশি দিয়া বার বার গুণ করিলে যে রাশি উৎপন্ন হয়, power (বর্গ ঘন ইঃ)। ... **ঘাতসহ** — যাহা পিটিলে সহজে ভাঙে না, malleable. ... ষ্য. **-তা, -ত্ব**।

**ঘাঁত**] — কৌশল। সুযোগ।

**ঘাতক, ঘাতুক** — হত্যাকারী। জল্লাদ।

**ঘাতন** — হত্যা। **ঘাতী** (-তিন্) — হত্যাকারী ('পিতৃ-')। ...**স্ত্রী. ঘাতিনী।** ... **ঘাত্য** — বধ্য। ঘাতসহ।

**ঘানি** [ < ঘ্রাণিকা ] সরিষা ইঃ হইতে তেল বাহির করিবার কল।

**ঘাপটি, ঘু-**] লুকাইয়া অপেক্ষা ('—মারা')

**ঘাবড়ানো** [ √ ঘাবড়া-১৭ ] থতমত খাওয়া, হতবুদ্ধি হওয়া।

**ঘাম**] < ঘর্ম। ... **ঘামা** [ √ ঘাম্-৭ ] ঘর্মাক্ত হওয়া। বায়ু হইতে জলকণা আকর্ষণ করিয়া আর্দ্র হওয়া। ... **ঘামানো** [ √ ঘামা-১১ ] খাটানো, পরিশ্রান্ত করা ('মাথা —') **ঘামতেল**] — বার্নিস করার জন্য ব্যবহৃত তৈল। প্রতিমার চিক্কণতা বৃদ্ধির জন্য তৈল।

**ঘামাচি**] গ্রীষ্মের জন্য উদ্গত ছোট ছোট ব্রণ।

**ঘায়েল / ঘাল**] জখম বা বধ ('— করা, হওয়া')। ণ. আহত।

**ঘাস** — তৃণ দূর্বা ইঃ। (§ ঘেসো)

**ঘি**] < ঘৃত, দুগ্ধজাত তৈলতুল্য দ্রব্য।

**ঘুমতী**] — গোমতী নদীর চলতি নাম।

**ঘিউ** (প্রাচীন সাহিত্যে) ঘি।

**ঘিওর**] — ঘৃতপক্ক পক্কান্ন বিঃ।

**ঘিঞ্জি**] সংকীর্ণ। ঘেঁষাঘেঁষি।

**ঘিনঘিন** [ < ঘৃণা- ] ঘৃণার জন্য অস্বস্তি বোধ ('গা — করা')

**ঘিরা, ঘিরানো** (ঘেরা দেখ)

**ঘিলু]** মস্তিষ্ক।
**ঘিশকাপ]** বড় রাঁদা।
**ঘুগনি]** সিদ্ধ মটর ইঃ ('-দানা')
**ঘুঘু]** পায়রা-জাতীয় পাখি বিঃ। ফন্দিবাজ লোক (অশিঃ)
**ঘুঙড়ি** — এক প্রকার কাসি।
**ঘুঙগুর / ঘুঙুর]** কিংকিণী, শিঞ্জিনী, নূপুর।
**ঘুচা, ঘুচানো** (ঘোচা দেখ)
**ঘুঁজি]** সংকীর্ণ স্থান।
**ঘুটঘুটে]** ঘোর ('— অন্ধকার')
**ঘুঁটি]** < গুটিকা (পাশা ইঃ খেলার। '— চালা')
**ঘুটিং]** কাঁকর বিঃ যাহা পুড়াইলে চুন হয়।
**ঘুঁটে** [ <গূথ ] গোবরের শুখনো চাকতি।
**ঘুড়ি]** কাগজের তৈয়ারী আকাশে উড়াইবার খেলনা বিঃ।
**ঘুণ** — কাঠের পোকা বিঃ ('— ধরা')। অভিজ্ঞ, পরিপক্ক (অশিঃ। 'অমুক এই কাজে —')। ... **ঘুণাক্ষর** — (মূঃ ঘুণ ধরিলে অক্ষরের মত যে দাগ হয়) ইঙ্গিতমাত্র ('ঘুণাক্ষরে টের না পাওয়া')
**ঘুণিত** — ঘুণধরা, ঘুণদষ্ট।
**ঘুণ্টি]** < ঘণ্টি, ছোট ঘণ্টা। গোল বোতাম।
**ঘুনসি]** কোমরের সুতা, কটিসূত্র।
**ঘুপটি** (ঘাপটি দেখ)
**ঘুপসি]** অন্ধকারময় সংকীর্ণ স্থান।
**ঘুম]** নিদ্রা ('— আসা, পাওয়া, ভাঙা'। '— পাড়ানো' — নিদ্রায় প্রবৃত্ত করা)। ... **ঘুমঘুম]** — নিদ্রালুতা, তন্দ্রার ভাব, ঢুল। ... **ঘুমন্ত]** নিদ্রিত। ... **ঘুমপাড়ানী]** যে বা যাহা ঘুম পাড়ায় ('— মাসী-পিসী, গান')
**ঘুমানো / ঘুমনো** [ √ঘুমা-১৪ ] নিদ্রিত হওয়া বা থাকা।
**ঘুর, ঘুর** [ < ঘূর্ণ ] ঘূর্ণন, পাক। গা মাথা ঘোরা ('— লাগা')। ... **ঘুরঘুর]** বার বার ঘুরিবার ভাব প্রকাশ ('—করা')। **ঘুরঘুরে]** — উচ্চিংগে-জাতীয় পোকা। ... **ঘুরপথ]** যে পথে অনেক ঘুরিয়া যাইতে হয়। ... **ঘুরপাক]** চক্রবৎ পরিভ্রমণ ('— খাওয়া, দেওয়া')। **ঘুরপেঁচ]** — অসরল ভংগী, জটিল কুটিল ধরণ।
**ঘুরা, ঘুরানি, ঘুরানো** (ঘোরা দেখ)
**ঘুলঘুলি]** দেওয়াল ইঃতে ছিদ্র।
**ঘুলানো / ঘুলনো, ঘোলানো** [ √ঘুলা-১৪। < ঘূর্ণ ] নাড়িয়া ঘোলা করা।
**ঘুষ]** উৎকোচ, সাহায্য লাভের নিমিত্ত অবৈধ পুরস্কার। ('— দেওয়া, লওয়া, খাওয়া, খাওয়ানো')। ... **ঘুষখোর]** যে ঘুষ লয়।
**ঘুষকী]** — গোপনে ব্যভিচারিণী।
**ঘুষঘুষে]** চাপা, অস্পষ্ট। ('— জ্বর' — অল্প কিন্তু দৈনিক জ্বর)
**ঘুষা / ঘুষো, ঘুষি, ঘুঁষি]** মুষ্ট্যাঘাত, মুষ্টি ('—মারা')। ... **ঘুষাঘুষি / ঘুষো-]** পরস্পর মুষ্ট্যাঘাত। ... **ঘুষি লড়া]** মুষ্টিযুদ্ধ করা।
**ঘুসৃণ** — কুঙ্কুম।
**ঘুৎকার** — পেচক ইঃর রব। ঘোঁতঘোঁত করা।
**ঘূর্ণ** — আবর্তিত। ... **ঘূর্ণবাত, -বায়ু** — যে ঝড় বৃত্তাকারে বহে, চক্রবাত, cyclone.
**ঘূর্ণন** — আবর্তন, ঘোরা। ... ণ. **ঘূর্ণিত।**
**ঘূর্ণমান, ঘূর্ণায়মান** — যাহা ঘুরিতেছে।
**ঘূর্ণাবর্ত** — ঘূর্ণি।
**ঘূর্ণি**—ঘূর্ণমান জল ইঃ, ভ্রমি। আবর্তন। ... **ঘূর্ণিজল**—নদী ইঃতে ঘূর্ণমান জল,

জলভ্রমি, whirlpool.

**ঘূর্ণ্যমান** — যাহাকে ঘোরানো হইতেছে।

**ঘৃণা** — কদর্যতাজনিত বিরাগ, "ঘেন্না"। অশ্রদ্ধা। অবজ্ঞা। অপমান বা লজ্জা বোধ। দয়া ('ক্ষমাঘেন্না')। ... **ঘৃণার্হ** —ঘৃণার যোগ্য। ... **ঘৃণাস্পদ**—ঘৃণার পাত্র। ...**ঘৃণিত** — যাহাকে ঘৃণা করা হয়। অবজ্ঞাত। কুৎসিত। গর্হিত। ... **ঘৃণী** (-ণিন্) — ঘৃণাকারী। দয়ালু। ... **ঘৃণ্য** — ঘৃণার যোগ্য।

**ঘৃত**—ঘি (দেখ), হবিঃ, সর্পিঃ, আজ্য।

**ঘৃতকুমারী** — গুল্ম বিঃ (ঔষধ)।

**ঘৃতপক্ক** — ঘি দিয়া ভাজা বা রাঁধা।

**ঘৃতাক্ত**—ঘি-মাখা।

**ঘৃতাচী**—অপসরা বিঃ।

**ঘৃতাহুতি** — যজ্ঞাগ্নিতে ঘৃতবর্ষণ। (লক্ষ্যার্থে) উদ্দীপনা।

**ঘৃষ্ট** — ঘর্ষিত। মার্জিত। ... **ঘৃষ্টি** — ঘর্ষণ।

**ঘেউ, ঘেউঘেউ**] কুকুরের ডাক।

**ঘেঁচড়া**] ঘর্ষণ বা বার বার আঘাতের জন্য গাত্রের অসাড় স্থান, জামড়া ('— পড়া') ণ. নির্লজ্জ, বহু তিরস্কারেও যাহার চৈতন্য হয় না।

**ঘেঁচু**] ছোট কচু। কিছুই নয় (অশিঃ)

**ঘেঁছড়া**] — ঘন হইয়া সংখ্যাবৃদ্ধি।

**ঘেঁটু**] < ঘণ্টাকর্ণ, চর্মরোগের দেবতা। বন্য ফুল বা গুল্ম বিঃ, ভাঁট।

**ঘেন্না**] — < ঘৃণা। যাহা ন্যক্কারজনক তাহার প্রতি অতিবিরক্তিভাব।

**ঘেয়ো**] যাহার ঘা আছে।

**ঘের**] বেড়, পরিধি, চারিদিকের মাপ। বেষ্টিত স্থান।

**ঘেরা** (ঘিরা বিরল) [ √ ঘির্-৯ ] বেষ্টন করা, পার্শ্ব আবৃত করা ('প্রাচীর দিয়া —')। আবৃত করা, ছাওয়া ('মেঘে আকাশ —')। ণ. বেষ্টিত। ষ্য. বেষ্টিত স্থান। ... **ঘিরানো / ঘিরনো, ঘেরানো** [ √ ঘিরা-১৩ ] বেষ্টিত করানো।

**ঘেরাও**] বেষ্টন, অবরোধ ('বাড়ি — করা')

**ঘেরাটোপ**] বাক্স ইঃ ঢাকিবার জন্য কাপড়ের খোল।

**ঘেঁষ**] স্পর্শ, সংস্রব, ('—লাগা, মাড়ানো') প্রশ্রয়, ঘনিষ্ঠতা ('— দেওয়া')। পাথুরে কয়লার ছাই (সুরকির বদলে চলে)।

**ঘেঁষড়া**] — ঘর্ষণ।

**ঘেঁষা** [ √ঘেঁষ্-৫। < ঘৃষ্] খুব কাছে যাওয়া। সংস্রবে থাকা ('কাকেও ঘেঁষতে দেয় না')। অঙ্গস্পর্শ করা ('ঘেঁষে বসা')। ণ. নিকটস্থ; সংসৃষ্ট ('গা ঘেঁষা')। ... **ঘেঁষাঘেঁষি**] ক্রি-ণ. খুব কাছাকাছি; গাত্র স্পর্শ করিয়া ('— বসা')। ষ্য. খুব কাছাকাছি বা গাত্র স্পর্শ করিয়া অবস্থান।

**ঘেঁস**]—পুরাতন ভাঙা কোটা বাড়ীর ভগ্নাবশেষ।

**ঘেসেড়া**] যে ঘোড়ার ঘাস কাটে।

**ঘেসো**] ঘাসপূর্ণ। ঘাসের তুল্য। অসার বস্তু।

**ঘোগ** [ < কোক ] কুকুর-জাতীয় বন্য জন্তু বিঃ। (উপকথায়) বাঘের শত্রু।

**ঘোচা** (ঘুচা বিরল) [ √ঘুচ্-১০ ] নষ্ট হওয়া, লোপ পাওয়া, বিগত হওয়া ('সুখ, দুঃখ, শান্তি —')। ... **ঘুচানো / ঘুচনো, ঘোচানো** [ √ঘুচা-৪ ] নাশ করা, শেষ করা ('দুঃখ, সম্বন্ধ —')। উচ্ছিষ্ট বা ময়লা পরিষ্কার করা।

**ঘোঁজ**] ঘুঁজি। জমির বাঁক। কোণ।

**ঘোঙট**] — ঘোমটা, অবগুণ্ঠন।

**ঘোঁট**] তরলদ্রব্য আলোড়ন। জটলা, বিরুদ্ধ আন্দোলন ('— করা, পাকানো') ... **ঘোঁটমণ্ডল**] — কোন অপবাদ লইয়া

গ্রাম্য আন্দোলন।
**ঘোটক** — ঘোড়া, অশ্ব, তুরঙ্গ, বাজী, হয়। ... স্ত্রী. **ঘোটকী।**
**ঘোটন** ] < ঘট্টন, ঘোঁটা, মর্দন।
**ঘোঁটা** [ √ ঘট্ট্-১০। < ঘট্ট ] আলোড়ন করা। তরল দ্রব্যের সহিত মিশ্রিত করা, মাড়া ('সিদ্ধি —')
**ঘোড়-** ] ঘোড়া সম্বন্ধীয়। ... **ঘোড়গাড়ি** ] ঘোড়ার গাড়ি। ... **ঘোড়দৌড়** ] জুয়া-খেলার জন্য ঘোড়ার দৌড়ের প্রতি-যোগিতা। ... **ঘোড়সওয়ার** ] অশ্বারোহী।
**ঘোড়তোলা** ] উঁচু গোড়ালি যুক্ত (জুতা)
**ঘোড়া** ] < ঘোটক। দাবা খেলার বল বিঃ। ... স্ত্রী. **ঘুড়ী।** ... **"ঘোড়ার ডিম"** ] কিছুই নয়, অলীক বস্তু। ... **ঘোড়া-শাল** ] আস্তাবল।
**ঘোড়া** ] — বন্দুকের যে অংশ টিপিলে বারুদে আগুন ধরে।
**ঘোড়ারু** ] — ঘোড়ার মতো আকৃতিবিশিষ্ট একশ্রেণীর মৃগ।
**ঘোণা** — ঘোড়ার নাক। নাক।
**ঘোঁতঘোঁত** ] শূকরের ডাকের মত শব্দ। ঘুৎকার।
**ঘোমটা** [ < গুণ্ঠিকা ] অবগুণ্ঠন, মাথায় কাপড়, স্ত্রীলোকের মুখাবরণ ('— দেওয়া, খোলা, তোলা, ফেলা')
**ঘোর** — ণ. ভয়ংকর, দারুণ। (বাং) গভীর, নিবিড়, গাঢ়, ঘন। অন্ধকারময়। ... ষ্য. জড়তা ('ঘুমের, নেশার —')। অন্ধকার ('— ক'রে আসছে')। ... স্ত্রী. **ঘোরা।** ... **ঘোর ঘোর** ] অল্প অন্ধকার। ... **ঘোরতর** — অতি ভয়ংকর।
**ঘোরা** (ঘুরা বিরল) [ √ঘুর্-১০। < ঘূর্ণ ] ঘূর্ণিত হওয়া, আবর্তন করা ('চাকা, মাথা —')। ভ্রমণ করা, বেড়ানো। হাঁটাহাঁটি করা। ... **ঘুরাঘুরি / ঘোরা-ঘুরি** ] হাঁটাহাঁটি, বার বার আনাগোনা। ... **ঘুরানো / ঘুরনো, ঘোরানো** [ √ ঘুরা-১৪ ] ঘূর্ণিত করা। পাক দেওয়া। বেড়াইয়া আনা। ফিরানো ('লোকটাকে অনেক বার ঘুরিয়েছি')। ... ষ্য. **ঘুরানি / ঘুরনি, ঘুরুনি** ]
**ঘোরালো, -ল** ] অন্ধকারযুক্ত। গাঢ়। অধিক রং বা স্বাদ যুক্ত। জটিল।
**ঘোল** — তক্র, মাখন-তোলা দই। জলের সহিত পাতলা করিয়া গোলা দই। ... **"ঘোল খাওয়া"** ] অসুবিধায় পড়িয়া অস্থির হওয়া।
**ঘোলা** ] অস্বচ্ছ, আবিল, কর্দমযুক্ত। ... **ঘোলাটে** ] অল্প ঘোলা।
**ঘোলানো** (ঘুলানো দেখ)
**ঘোষ** — ধ্বনি, গম্ভীর রব। ঘোষণা। গোপ। গোপপল্লী ('দুর্যোধনের -যাত্রা')। বাঙালী হিন্দুর উপাধি বিঃ। ... **ঘোষবতী** — উদয়ন রাজার বীণা। ... **ঘোষযাত্রা** — কৌরবদের ঘোষপল্লীতে গিয়া সাময়িক বসতি (মহাভারত)।
**ঘোষক** — প্রচারক। নিনাদক।
**ঘোষণা, ঘোষণ** — সর্বসাধারণকে জ্ঞাপন ('যুদ্ধ, পুরস্কার —')। উচ্চ রব করা। ... ণ. **ঘোষিত।**
**ঘোষা** [ √ ঘোষা-৫। < ঘুষ্ ] ঘোষণা করা। ... **ঘোষানো** [ √ ঘোষা-১৫ ] ঘোষিত করানো। আবৃত্তি করানো ('নামতা —')
**ঘোষাল** ] বাঙালী ব্রাহ্মণবংশের উপাধি বিঃ।
**ঘ্যানঘ্যান** ] নাকী সুরে কান্না বা অনুনয়। ... ণ. **ঘ্যানঘেনে** ] ... **ঘ্যানর ঘ্যানর** ] একটানা বিরক্তিকর কথা। চরকা ইঃর শব্দ।
**ঘ্রাণ** — গন্ধগ্রহণ, শোঁকা ('— করা')। গন্ধ

('— লওয়া')। নাসিকা, ঘ্রাণেন্দ্রিয়। ... **ঘ্রাণজ**—ঘ্রাণেন্দ্রিয়জাত ('— অনুভূতি')।
**ঘ্রাণতর্পণ** — নাসিকার তৃপ্তিসাধক।
**ঘ্রাণেন্দ্রিয়** — নাসিকা।
**ঘ্রাত** — যাহা শোঁকা হইয়াছে।
**ঘ্রাতব্য, ঘ্রেয়** — ঘ্রাণের যোগ্য।
**ঘ্রাতা** (-তৃ) — আঘ্রাণকারী।

**চই** [ < চবিকা ] পিপুল-জাতীয় লতা বিঃ। তাহার ডাল বা মূল (ঔষধ ও মসলা)
**চউড়া** ] — মণ্ড।
**চউতোর** ] — চণ্ডীমণ্ডপ। চৌচালা ঘর।
**চউহানী** ] — কৌতুকপ্রিয়া (প্রা-সা)
**চওড়া** [ < চর্পট ] ণ. প্রস্থবিশিষ্ট, ওসার যুক্ত, বিস্তৃত ('দুই হাত —')। প্রস্থের দিক ('চওড়ায় দুই হাত')। ... **চওড়াই** ] প্রস্থের মাপ।
**চক** [ < চতুষ্ক ] চতুষ্কোণ প্রাঙ্গণের চতুর্দিকে গৃহ ('চকমিলান বাড়ি, চক-বাজার')। চতুষ্কোণ ক্ষেত্র। জমিদারির অন্তর্গত কয়েকটি গ্রামের সমষ্টি।
**চকচক** ] জিব দিয়া জল খাইবার শব্দ। (অল্প — চুকচুক ])। উজ্জ্বলতা প্রকাশ। ('— করা'। আদরে বা অল্পে — চিক-চিক, চুকচুক ]। 'তেল চুকচুক করা')। ... **চকচকে, চিকচিকে, চুকচুকে** ] উজ্জ্বল।
**চকবন্দি** ] ভূমির সীমানির্ধারণ। জমির ভাগ, লাট। ... **চকবন্দী** ] চকমিলান।
**চকমক** ] উজ্জ্বলতা প্রকাশ, ঝকমক ('— করা'। ছোট — চিকমিক ])। ... ণ. **চকমকে, চিকমিকে** ]
**চকমকি** [ তু. চক্‌মাক ] আগুন জ্বালিবার পাথর ('— ঠোকা')
**চকমিলান / -মিলন** ] চতুষ্কোণ প্রাঙ্গণের চতুর্দিকে গৃহ বিশিষ্ট ('— বাড়ি')
**চকসা** ] — মেঘের অপসরণে সূর্যালোকের প্রকাশ।
**চকা** ] — যে সহজে ভয় পায়—গো মহিষ অশ্বের সম্বন্ধে প্রযোজ্য।
**চকার বকার** ] — অশিষ্টভাষণ (শকার বকার দেখ)।
**চকাচকী** ] < চক্রবাক-চক্রবাকী। হংস-জাতীয় পক্ষী বিঃ।
**চকিত** — ণ. চমকিত, ত্রস্ত। (বাং) ষ্য. ক্ষণমাত্র ('চকিতে হারানো')। ... স্ত্রী. **চকিতা**।
**চকেবা** ] — চক্রবাক (ব্রজবুলি)
**চকোর** — পক্ষী বিঃ (partridge জাতীয়। প্রবাদ — জ্যোৎস্না পান করে)। ... স্ত্রী. **চকোরী**।
**চক্কর** ] < চক্র, চাকা। আবর্ত। চক্রাকার স্থান বা পথ। ভ্রমণ ('এক — বেড়ানো। — দেওয়া')। সাপের ফণা বা তাহার উপরের চক্রাকার চিহ্ন।
**চক্র** — চাকা। আবর্তমান বিষয় ('কাল-')। আবর্ত, ঘুরপাক ('পাক-')। ভ্রমণ ('— দেওয়া')। কুমোরের চাক। চক্রাকার চিহ্ন ('সাপের —')। চক্রান্ত, ষড়যন্ত্র ('দশ-')। প্রাচীন অস্ত্র বিঃ, diskus ('সুদর্শন-')। মণ্ডল ('রাশি-')। গ্রামসমূহ, চাকলা। বৃহৎ রাজ্য ('চক্রবর্তী')। (ফলিত জ্যোতিষে) পতাকীচক্র ইঃ চিত্র। (তন্ত্রে) ষট্‌চক্র (দেখ); ভৈরবীচক্র ইঃ। ( § চক্রী)। ... **চক্রতীর্থ** — প্রভাস, বৃন্দাবন ও পুরীতীর্থের অংশ বিশেষ। ... **চক্রধর** — বিষ্ণু, কৃষ্ণ। চক্রযুক্ত সর্প। ... **চক্রনাভি** — চাকার মাঝের অংশ। ... **চক্রনেমি** (নেমি দেখ)। ... **চক্রপাণি** — বিষ্ণু, কৃষ্ণ। ... **চক্রবর্তী** (-র্তিন্) —

বহুবিস্তৃত রাজ্যের অধিপতি, সম্রাট্। বাঙালী ব্রাহ্মণের উপাধি বিঃ। ... **চক্রবাক** — পক্ষী বি (চকাচকী দেখ)। ... স্ত্রী. **-বাকী**। ... **চক্রবাত** — ঘূর্ণবাত, cyclone. ... **চক্রবাল** (-বাড় বিরল) — দিঙ্‌মণ্ডল, দিগন্ত, ক্ষিতিজ, যেখানে আকাশ ও ভূতল (বা সমুদ্র) মিলিয়াছে বলিয়া বোধ হয়, horizon. ... **চক্রবৃদ্ধি** — সুদের সুদ। ... **চক্রব্যূহ** — বলয়াকারে রচিত সৈন্যসমাবেশ।

**চক্রান্ত** — ষড়যন্ত্র ('-কারী')

**চক্রাবর্ত** — চক্রের ন্যায় ঘূর্ণন, ঘুরপাক।

**চক্রিকা** — হাঁটুর মালাই চাকি।

**চক্রী** (-ক্রিন্) — চক্রধারী (বিষ্ণু, সর্প)। চক্রান্তকারী, খল, কুটিল।

**চক্ষ** ] < চক্ষুঃ, চোখ (কেবল বিভক্ত্যন্ত প্রয়োগ — 'চক্ষে')

**চক্ষণ** — যাহা চাখিয়া চাখিয়া ভক্ষণ করা হয়।

**চক্ষু** [ < চক্ষুঃ (চক্ষুস্ ] চোখ, অক্ষি, দৃক্, নয়ন, নেত্র, লোচন। দৃষ্টি। (ঃ চাক্ষুষ)। ... **চক্ষুগোচর** [ < -র্গোচর) যাহা দেখা যায়, দৃষ্টির বিষয়ীভূত। ... **চক্ষুদান** [ < -র্দান ] দৃষ্টিশক্তিদান। অজ্ঞ ব্যক্তিকে জ্ঞানদান। অসতর্ক ব্যক্তিকে সতর্কীকরণ। চুরি (অশিঃ)। ... **চক্ষুরোগ** [ < ক্ষু-] চোখের অসুখ। ... **চক্ষুলজ্জা** [ < -র্লজ্জা ] অন্যের সমক্ষে কিছু করিতে বা বলিতে লজ্জাবোধ। ... **চক্ষুশূল** [ < -ক্ষুঃ-] যাহাকে দেখিলে বিরক্তি জন্মে। ... **চক্ষুস্থির** ] হতবুদ্ধিতা।

**চক্ষুষ্মান্** (ষ্মৎ) — যাহার চোখ আছে। সত্যদ্রষ্টা। ... ষ্য. **চক্ষুষ্মত্তা**।

**চংক** ] — চমক, ভীতি (ব্রজবুলি)

**চংক্রমণ** — বার বার বা বক্র পথে ভ্রমণ।

**চংগ** ] — সুস্থ, সবল, সতেজ। চাংগা।

**চঞ্চরী, চঞ্চরীক** — ভ্রমর। ... স্ত্রী. **-কা**।

**চঞ্চল** — অস্থির, যাহা চলিতেছে। ছটফটে, চপল। ব্যাকুল; বিচলিত। ... স্ত্রী. **চঞ্চলা**। — বিদ্যুৎ। লক্ষ্মী। ... ষ্য. **চঞ্চলতা, চাঞ্চল্য**। ... **চঞ্চলিত** — চাঞ্চল্যযুক্ত, অস্থিরীকৃত; বিচলিত।

**চঞ্চ** (-ঞ্চু বিরল) — পাখির ঠোঁট। ... **চঞ্চু, চুঞ্চু** — (উপাধির অন্তে) প্রসিদ্ধ, দক্ষ ('ন্যায়-')। ... **চঞ্চুপুট** — চঞ্চুরূপ আধার, দুই ঠোঁটের মধ্য।

**চট্** ] শীঘ্র, ঝট্ ('— ক'রে শেষ করা')

**চট** ] পাটের সুতার মোটা কাপড় যাহাতে থলি ইঃ হয়, গুন।

**চটক ১** — চড়াই পাখি।

**চটক ২** ] জমক, বাহার, চাকচিকা, মনোহারিতা; ভড়ং, আড়ম্বর ('চেহারার, কথার —')। ... ণ. **চটকদার, "চটুকে"** ]

**চটকা** ] নিদ্রাবেশ, তন্দ্রা; অন্যমনস্কতা ('— ভাঙ')

**চটকানো** [ √চট্‌কা-১৭ ] নরম জিনিস হাত বা মুঠার চাপ দিয়া পেষণ করা। ... ষ্য. **চটকানি** ]

**চটচট** ] আঠার লক্ষণ প্রকাশ ('— করা'। ছোট — চিটচিট ])। ... ণ. **চটচটে, চিটচিটে** ]

**চটপট** ] তাড়াতাড়ি, শীঘ্র শীঘ্র ('— কাজ শেষ করা')। করতালি ইঃর শব্দ। ... **চটপটে** ] যে শীঘ্র কাজ করিতে পারে, তৎপর। চালাক।

**চটা** [ √চট্-৫ ] ক্রুদ্ধ হওয়া, রাগ করা। ফাটা, চিড় খাওয়া, চাকলা ওঠা। ক্ষয় পাওয়া ('রং, ভক্তি —')। ণ. ক্রুদ্ধ, রাগী। ষ. চাকলা, উপরের স্তর ('— ওঠা। কাঠের, বাঁশের —')। ... **চটাচটি** ] রাগারাগি, বিবাদ। ... **চটানো** [ √

চটা-১১] রাগানো। ফাড়ানো, উপরের স্তর উঠানো।

**চটালো** ] — প্রশস্ত। চওড়া।

**চটাস্‌** ] — চড়-চাপড়ের শব্দ।

**চটি** ] স্ত্রী. জুতা বিঃ (গোড়ালির পিছন দিক্‌ খোলা)। পান্থশালা, যে মুদী-খানায় আশ্রয়ের ব্যবস্থা আছে। ণ. পাতলা ('— বহি')

**চটু** — চাটুবাক্য, তোষামোদ।

**চটুল** — চঞ্চল, লঘু ('— চরণ, স্বভাব')। মনোহরভঙ্গীযুক্ত ('— নৃত্য, বাক্য')

**চট্টল** — চট্টগ্রামের প্রাচীন নাম।

**চট্টোপাধ্যায়** — বাঙালী ব্রাহ্মণবংশের উপাধি বিঃ, চাটুজ্যে।

**চড়** ] < চপেট, করতলদ্বারা আঘাত, চাপড়, থাপ্পড়, থাবড় ('— মারা, লাগানো, বসানো, খাওয়া')

**চড়ক** ] চৈত্রসংক্রান্তিতে অনুষ্ঠেয় শৈব উৎসব বিঃ, গাজন।...**চড়কগাছ** ] খুঁটির উপর আড় করিয়া বাঁধা বাঁশ যাহাতে চড়কের সময় গাজনের সন্ন্যাসীরা ঘুরপাক খায়।

**চড়চড়, চচ্চড়** ] অনুকারশব্দ ('— করে কাপড় ছেঁড়া, গাছ ওপড়ানো, কাঠ ফাটা। গা শুকিয়ে — করা'। অল্প — চিড়চিড় ])

**চড়চড়ি / চচ্চড়ি** ] তেল দিয়া রাঁধা ব্যঞ্জন বিঃ।

**চড়তি** ] স্ত্রী. আরোহণ। মূল্যবৃদ্ধি। ণ. যাহা বাড়িতেছে ('— দর')

**চড়ন** ] আরোহণ। ... **চড়নদার** ] — আরোহী, যানের যাত্রী।

**চড়ন** ] — রসান। গহনায় রঙ ধরানো।

**চড়বড়** ] অনুকারশব্দ ('— ক'রে বৃষ্টি পড়া, খই ফোটা, কথা বলা।' অল্প — চুড়বুড় ])

**চড়বড়ে** ] — চর্মনির্মিত বাদ্য যন্ত্র বিঃ।

**চড়া ১** ] চর, নদীগর্ভে পলি পড়িয়া উৎপন্ন দ্বীপ ('— পড়া')

**চড়া ২** [ √চড়্‌-৫ ] আরোহণ করা, উপরে ওঠা ('গাছে, ঘোড়ায়, মাথায় —')। বাড়িয়া যাওয়া ('দাম, রাগ —')। চড়াও বা আক্রমণ করা ('শত্রুর উপর —')। ণ. উচ্চ, অধিক ('— দর')। তীব্র ('— রোদ, গন্ধ')। উগ্র ('— মেজাজ')। (§ চড়ানো)

**চড়া** ] — টান। কবিগানের সওয়াল জবাব। চড়ুই পাখী।

**চড়াই ১** ] আরোহণ। পার্বত্য পথে নিম্ন স্থান হইতে উচ্চে আরোহণ (তুঃ উতরাই)। ঊর্ধ্বগতি। উচ্চতা।

**চড়াই ২ / চড়ুই** ] < চটক, পাখি বিঃ।

**চড়াইভাতি / চড়ুই-** ] বনভোজন।

**চড়াও** ] আক্রমণ ('বাড়ি, শত্রুর উপর — করা')

**চড়াৎ** ] সহসা ফাটিবার শব্দ।

**চড়ানো** [ √ চড়া-১১ ] উপরে উঠানো ('গাছে, মাথায় —')। চাপানো, স্থাপন করা ('হাঁড়ি, দাঁড়িপাল্লায় ওজন, কলিকায় গাঁজা —')। বাড়ানো, উচ্চ করা ('দর, গলার সুর —')। চড় মারা।

**চড়ুই** (চড়াই ২ দেখ)

**চণক** — চানা. ছোলা, বুট।

**চণ্ড** — ভীম, ভয়ানক, প্রচণ্ড। উগ্র, তীব্র ('-বিক্রম')। উদ্ধত, ক্রুদ্ধ ('-স্বভাব')। দৈত্য বিঃ ('চণ্ডমুণ্ড')। ভূত বিঃ। ... স্ত্রী. চণ্ডা, চণ্ডী (দেখ)

**চণ্ডকৌশিক** — বিশ্বামিত্র।

**চণ্ডমুণ্ড** — মার্কণ্ডেয় চণ্ডীতে উক্ত দৈত্য ভ্রাতৃদ্বয়।

**চণ্ডাশোক** — যতদিন মহারাজ অশোক অদীক্ষিত ও নিষ্ঠুর প্রকৃতির নৃপতি

ছিলেন — ততদিন তিনি চণ্ডাশোক নামে অভিহিত হইতেন।
**চণ্ডাল** — চাঁড়াল, নিম্নজাতি বিঃ। নিষ্ঠুর। ... স্ত্রী. **চণ্ডালী।**
**চণ্ডিমা** — প্রচণ্ডতা, ভীষণতা।
**চণ্ডী, চণ্ডিকা** — দুর্গার মূর্তি বিঃ। ক্রুদ্ধ স্ত্রী. ... **চণ্ডী** — মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত দেবীমাহাত্ম্য ('-পাঠ')। ... **চণ্ডীদাস, চণ্ডিদাস** — প্রথম পদাবলী রচয়িতা (শ্রেষ্ঠ বৈষ্ণব কবি।) ... **চণ্ডীমঙ্গল** — চণ্ডীদেবীর মাহাত্ম্য কীর্তনের জন্য রচিত কাব্য। ... **চণ্ডীমণ্ডপ** — ঠাকুরদালান, যেখানে দুর্গাপূজা ইঃ হয়।
**চণ্ডু** ] আফিম হইতে প্রস্তুত মাদকদ্রব্য বিঃ (ধূমপান করে। '--খোর')
**চতুঃ** (চতুর্) চার, ৪ অঙ্ক বা পরিমাণ।
**চতুঃশাল, -শালা** — চকমিলান বাড়ি।
**চতুঃসম** — মৃগনাভি, চন্দন, কুঙ্কুম ও কর্পূর চূর্ণের মিশ্রণে প্রস্তুত গন্ধদ্রব্য। (প্রা-সা)
**চতুঃসীমা**—চারিদিকের সীমানা। চৌহদ্দী।
**চতুনা** ] — শিশুর মাথার টুপি।
**চতুর** — চালাক, ধূর্ত। ... স্ত্রী. **-রা**। ... ষ্য. **চতুরতা, চাতুরী, চাতুর্য**। (§ চতুরালি)
**চতুরংশ** — চার ভাগ। ... **চতুরংশিত** — চার অংশে বিভক্ত। যে কাগজ ভাঁজ করিয়া চার পত্র বা আট পৃষ্ঠা করা হইয়াছে, quarto.
**চতুরঙ্গ** — ণ. চার অঙ্গ যুক্ত। **হস্তী** অশ্ব রথ পদাতি যুক্ত ('-সেনা')। ষ্য. শতরঞ্জ, দাবা খেলা। গান বিঃ।
**চতুরস্র** — চতুষ্কোণ।
**চতুরানন** — চতুর্মুখ, ব্রহ্মা।
**চতুরালি, চতুরাই** ] চাতুরী, ছল (প্রাঅপ্রঃ)
**চতুরাশ্রম** — ব্রহ্মচর্য গার্হস্থ্য বানপ্রস্থ সন্ন্যাস।
**চতুর্গুণ** — চার গুণ।
**চতুর্থ** — ৪ সংখ্যার পূরক। স্ত্রী. **চতুর্থী**। — তিথি বিঃ। পিতামাতার মৃত্যুর পর চতুর্থ দিবসে বিবাহিতা কন্যা কর্তৃক অনুষ্ঠেয় শ্রাদ্ধ।
**চতুর্দন্ত** — যাহার চার দাঁত। ঐরাবত।
**চতুর্দশ** (-দশন্) — চৌদ্দ, ১৪ অঙ্ক বা পরিমাণ। ১৪ সংখ্যার পূরক। ... স্ত্রী. **চতুর্দশী**। — তিথি বিঃ। ... **চতুর্দশ-বিদ্যা** — ৪ বেদ, ৬ বেদাঙ্গ, মীমাংসা, ন্যায়, ইতিহাস ও পুরাণ। ... **চতুর্দশ ভুবন** — সপ্ত স্বর্গ ও সপ্ত পাতাল।
**চতুর্দিক্** (-দিশ্) — চারিদিক্।
**চতুর্দোল**—চার জন কর্তৃক বাহিত শোভা-যাত্রার শিবিকা।
**চতুর্ধা** — চার খণ্ডে প্রকারে বা দিকে। চার বার।
**চতুর্বর্গ** — ধর্ম অর্থ কাম মোক্ষ, পুরুষার্থ।
**চতুর্বর্ণ** — ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র। (§ চাতুর্বর্ণ্য)
**চতুর্বিধ** — চার প্রকার।
**চতুর্বেদ** — ঋক্ যজুঃ সাম অথর্ব।
— যাহার চার হাত। নারায়ণ। চার বাহু দ্বারা বেষ্টিত, চতুষ্কোণ ('—ক্ষেত্র')
**চতুর্মুখ** — ব্রহ্মা।
**চতুর্যুগ** — সত্য ত্রেতা দ্বাপর কলি।
**চতুষ্ক**—ষ্য. চতুষ্কোণ ক্ষেত্র। চতুস্তম্ভযুক্ত মণ্ডপ। চারটির সমষ্টি। চতুষ্কোণ পুষ্করিণী। ণ. চার অবয়ব যুক্ত।
**চতুষ্কোণ** — চারকোনা, চৌকা।
**চতুষ্টয়** — ণ. চতুর্বিধ। চার অবয়ব যুক্ত। ষ্য. চারটির সমষ্টি ('বেদ-')
**চতুষ্পথ** — চৌরাস্তা।

**চতুষ্পদ** — চার পা বিশিষ্ট, চারপেয়ে ('— জন্তু')

**চতুষ্পদী** — চৌপদী (দেখ)

**চতুষ্পাঠী** — যেখানে ব্যাকরণ কাব্য স্মৃতি ও দর্শন এই চতুঃশাস্ত্র বা নানা শাস্ত্র পড়ানো হয়, টোল।

**চতুষ্পাদ** — চার অবয়ব যুক্ত, সম্পূর্ণ চারপোয়া ('সত্যযুগে ধর্ম —')

**চতুষ্পার্শ্ব** — চার পাশ।

**চতুস্তল** — চৌতলা।

**চত্বর** — চবুতর, চাতাল, প্রাঙ্গণ।

**চত্বারিংশৎ** — চল্লিশ, ৪০ অঙ্ক বা পরিমাণ। ... **চত্বারিংশ, -শত্তম** — ৪০ সংখ্যার পূরক।

**চত্বাল** — চাতাল।

**চনচন** ] বেগ বা প্রখরতা সূচক ('জল — ক'রে ব'য়ে যাচ্ছে। রোদ — করছে')। ... ণ. **চনচনে** ] ('— রোদ')

**চনমন** ] চঞ্চল ('মন — করা')। **চনমনে** ] জড়তাহীন, স্ফূর্তিযুক্ত। সজাগ।

**চন্দন** — সুগন্ধ কাষ্ঠ বিঃ বা তাহার বৃক্ষ, শ্বেতচন্দন। চন্দনতুল্য কাষ্ঠ ('রক্ত-')। ('— ঘষা, বাটা')। ... **চন্দনধেনু** — যে শ্রাদ্ধে চন্দনাঙ্কিতা ধেনু দান করা হয়। ... **চন্দনপিঁড়ি** ] যে পাথরের পিঁড়িতে চন্দন ঘষা হয়।

**চন্দনা** ] গলায় লাল রেখা যুক্ত টিয়াপাখি।

**চন্দনী** — একপ্রকার মশলা।

**চন্দ্র** — চাঁদ, ইন্দু, চন্দ্রমা, নিশাকর, বিধু, মৃগাঙ্ক, শশধর, সুধাংশু, সুধাকর, সোম, হিমাংশু। আনন্দদায়ক; শ্রেষ্ঠ ('রাম-, কুল-')। বাঙগালী হিন্দুর উপাধি বিঃ। (ই চান্দ্র।) ... **চন্দ্রক** — ময়ূর-পুচ্ছের চন্দ্রাকার চিহ্ন। ... **চন্দ্রকলা** — চন্দ্রমণ্ডলের ১/১৬ অংশ। বিভিন্ন তিথিতে চন্দ্রের যে অংশ দেখা যায়, চন্দ্রের খণ্ডিত অংশ। ... **চন্দ্রগ্রহণ** — চন্দ্রের উপর পৃথিবীর ছায়াপাতে চন্দ্রের প্রভার বিলোপ। ... **চন্দ্রকান্ত** — মণি বিঃ, moonstone. ... **চন্দ্রগুপ্ত** — ভারতের স্বনামধন্য একাধিক সম্রাট। ... **চন্দ্রচূড়** — শিব। ... **চন্দ্রনাথ** — চট্টগ্রামে অবস্থিত একটি হিন্দুতীর্থ। ... **চন্দ্রপুলি** ] নারিকেলের অর্ধচন্দ্রাকার মিষ্টান্ন বিঃ। ... **চন্দ্রপ্রভ** — চন্দ্রের তুল্য কান্তি যুক্ত। ... স্ত্রী. **-প্রভা।** — জ্যোৎস্না। ... **চন্দ্রবংশ** — চন্দ্র হইতে জাত পৌরাণিক রাজবংশ, জনক কুরু পুরু যদু ইঃর বংশ। ... ণ. **-বংশীয়।** ... **চন্দ্রবিন্দু** — ঁ চিহ্ন। ... **চন্দ্রবোড়া** ] বিষধর সর্প বিঃ। ... **চন্দ্রভাগা** — পঞ্জাবের নদী বিঃ, আধুনিক চেনাব। **চন্দ্রমল্লিকা** — ফুল বিঃ। ... **চন্দ্রমুখ** — ষ্য. চন্দ্রতুল্য সুন্দর মুখ, চাঁদমুখ। ... ণ. ঐরূপ মুখবিশিষ্ট। ... স্ত্রী. **-মুখী।** ... **চন্দ্রমৌলি** — শিব। ... **চন্দ্রলোক** — চন্দ্রাধিষ্ঠিত পৌরাণিক স্থান বিঃ। ... **চন্দ্রশালা** — ছাদের উপরিস্থিত গৃহ। ... **চন্দ্রশেখর** — শিব। ... **চন্দ্রহার** — কোমরের গহনা বিঃ, মেখলা। কণ্ঠহার বিঃ। ... **চন্দ্রহাস** — খড়্গ বিঃ। পৌরাণিক রাজা বিঃ।

**চন্দ্রা** — এলাচ।

**চন্দ্রাতপ** — চাঁদোয়া, মণ্ডপ। জ্যোৎস্না।

**চন্দ্রানন** — চন্দ্রমুখ (দেখ)। স্ত্রী. **চন্দ্রাননা। -ননী** ]

**চন্দ্রাপীড়** — মহাদেব, চন্দ্র আপীড় (শিরোভূষণ) যাঁহার। কাদম্বরী কাব্যের নায়ক।

**চন্দ্রাবলী** — রাধিকার সখী বিঃ। জ্যোৎস্না।

**চন্দ্রিকা** — জ্যোৎস্না।

**চন্দ্রোদয়** — চাঁদ ওঠা।

**চপ** [ ই ] ভাজা মাংসখণ্ড। মাংস ইঃর পুর দেওয়া পিষ্টক বিঃ।
**চপচপ, চবচব** ] আর্দ্রতা ও লিপ্ততার লক্ষণ প্রকাশ ('কাদা — করছে, হালুয়ায় ঘি —')। ... ণ. **চপচপে, চবচবে** ]
**চপল** — চঞ্চল, অনবস্থিত, তরল। প্রগল্‌ভ। ক্ষণস্থায়ী। শীঘ্র। ... স্ত্রী. চপলা। — বিদ্যুৎ। লক্ষ্মী। ... ষ্য. **চপলতা, চাপল্য।**
**চপেট** — চড়, চাপড় ('চপেটাঘাত')
**চপেটী** — ভাদ্র মাসের শুক্লা ষষ্ঠী।
**চপ্পল** ] চটি জুতা বিঃ, বাধা, sandal.
**চবিকা** — চই।
**চবুতর, চবুতরা** ] < চত্বর, চাতাল।
**চব্বিশ পহর** ] — চব্বিশ প্রহর ধরিয়া একটানা হরিনাম সংকীর্তন।
**চমচম** ] — একপ্রকার রসযুক্ত মিষ্টান্ন।
**চমক** [ < চমৎ ] বিস্ময়, আশ্চর্য; আতঙ্ক ('— লাগা')। চৈতন্য, জ্ঞান, হুঁশ ('— হওয়া')। ('— ভাঙা' — সহসা অন্যমনস্কতা দূর হওয়া বা করা)। ... **চমকানো** [ √ চম্‌কা-১৭ ] হঠাৎ বিস্ময়ে বা ভয়ে নড়িয়া ওঠা। চকমক করা; মুহূর্তকাল দীপ্ত হওয়া ('হীরা, বিদ্যুৎ —')। চমকিত করা। অল্প ভাজা, চানকানো ('মসলা —')। ... ণ. **চমকিত** ]। ... ষ্য. **চমকানি** ]
**চমৎকরণ** — বিস্মিত করণ। ... ণ. **-কৃত**।
**চমৎকার** — (সং) বিস্ময়। (বাং) আশ্চর্য, সুন্দর, যাহা তাক লাগায়; অতি সুন্দর। ... **চমৎকারক, -কারী** (-রিন্‌) — বিস্ময়জনক। ... স্ত্রী. **-কারিণী।** ... **চমৎকারিতা, -ত্ব** — বিস্ময়জনকশক্তি।
**চমর** — তিব্বতী গরু বিঃ, yak (ল্যাজে চামর হয়)। ... স্ত্রী. **চমরী।**
**চমস** — চামচ। হাতা।
**চমূ** — (স্ত্রী) বৃহৎ সৈন্যদল।
**চম্পক** — চাঁপা ফুল বা গাছ।
**"চম্পট"** ] পলায়ন, পিট্‌টান ('— দেওয়া')
**চম্পা** — চাঁপা। প্রাচীন অঙ্গদেশের রাজধানী (ভাগলপুরের নিকট)।
**চম্পূ** — (স্ত্রী) গদ্যপদ্যময় কাব্য।
**চয়** — নিচয়, কয়েকটির সমূহ ('রিপু-')। চয়ন।
**চয়ন**—সংগ্রহ, সংকলন। তোলা ('পুষ্প-')। ... **চয়নীয়, চেয়** — চয়নযোগ্য। ... **চয়িত** ] (অশুপ্রঃ) চিত, আহৃত, সংগৃহীত। ... **চয়নিকা** — সংকলন পুস্তক (নব রচিত শব্দ)।
**চয়েন** ] — আরাম, আমোদ, আয়েশ। ণ. সতেজ।
**চর ১** — গুপ্তচর, চার, গোয়েন্দা। দূত। জঙ্গম, প্রাণী। বিচরণকারী ('জল-')
**চর ২** ] চড়া, নদীগর্ভে পলি পড়িয়া উৎপন্ন দ্বীপ।
**চরক** — বৈদ্যকশাস্ত্রকার বিঃ ('-সংহিতা')
**চরকা** [ ফা. চর্‌খহ্‌ ] সুতা কাটিবার যন্ত্র।
**চরকি** [ ফা. চর্‌খী ] আতশবাজি বিঃ (ঘুরিয়া স্ফুলিঙ্গ ছড়ায়)। সুতা জড়াইবার নাটাই।
**চরণ** — পদ, পা ('-কমল, -তরী, -তল, -রেণু')। শ্লোকের পাদ। চতুর্থাংশ। বিচরণ, ভ্রমণ। আচরণ, অনুষ্ঠান। (§ চরিত, চরিষ্ণু, চর্য, চর্যা)। ... **চরণ-কমলেষু** — গুরুজনের উদ্দেশে লিখিত পত্রের পাঠ। ... **চরণচারণ** — পায়চারি। ... **চরণামৃত** — পাদোদক, দেবমূর্তি বা পূজ্য ব্যক্তির পা-ধোয়া জল। ... **চরণায়ুধ** — মোরগ।
**চরম** — অন্তিম, চূড়ান্ত। ... **চরমপত্র** — মৃত্যুর অব্যবহিত পূর্বে করা উইল।
**চরমোৎকর্ষ** — শ্রীবৃদ্ধি বা উন্নয়নের

পরাকাষ্ঠা।

**চরস**] গাঁজা হইতে প্রস্তুত মাদকদ্রব্য বিঃ, hashish (ধূমপান করে)

**চরা** [ √ চর্-৫। < চর্] বিচরণ করা। ঘাস ইঃ খাইয়া বেড়ানো ('গরু চরিতেছে')। ... **চরানো** [ √ চরা-১১ ] পশুচারণ করা। (ব্যঙ্গে — 'ছেলে —')

**চরাচর** — চর ও অচর, জঙ্গম-স্থাবর, সমস্ত জগৎ।

**চরানি**] — পশুচারণ। ইহার জন্য মজুরি বা বেতন।

**চরিত** — ষ্য. আচরণ। চরিত্র। জীবনচরিত। ... ণ. আচরিত, অনুষ্ঠিত। সম্পন্ন। ... **চরিতকার** — জীবনচরিতলেখক, biographer.

**চরিতার্থ** — সিদ্ধকাম, কৃতকার্য, কৃতার্থ। ... ষ্য. **-তা**।

**চরিত্র** — স্বভাব, রীতিনীতি। আচরণ, চালচলন। সদাচার ('-বান্, -হীন')। (বাং) গল্প-নাটকাদির পাত্রপাত্রী। (§ চারিত্র, চারিত্রিক)। ... **চরিত্রদোষ** — লাম্পট্য সুরাসক্তি ইঃ। **চরিত্রহীন** — দুষ্টচরিত্র।

**চরিষ্ণু** — বিচরণশীল।

**চরু** — যজ্ঞীয় পায়সান্ন।

**চর্চরী**—প্রাচীন সংগীত বিঃ। বাদ্যযন্ত্র বিঃ। প্রাকৃত ছন্দ বিঃ।

**চর্চা** — অনুশীলন, আলোচনা; অভ্যাস, শিক্ষা ('কাব্য-, বিদ্যা-, সংগীত-')। জল্পনা ('পর-')। চিন্তা। জপ। অনুলেপন ('তিলক-') ... ণ. **চর্চিত** ('— বিদ্যা, বিষয়। চন্দন-')

**চর্পটা**—ভাদ্র মাসের শুক্লা ষষ্ঠীতে চর্পটা ষষ্ঠীর পূজা হয়। (মেয়েদের ভাষায়) চাপড়া ষষ্ঠী।

**চর্বণ** — চিবানো। ... ণ. **চর্বিত**। ... **চর্বণীয়, চর্ব্য** — চর্বণযোগ্য। যাহা চিবাইয়া খাইতে হয়। ... **চর্বিতচর্বণ** — জাবরকাটা, রোমন্থন, গিলিতচর্বণ। বহু আলোচিত বিষয়ের আলোচনা।

**চর্বি** [ফা. চর্ব্-] বসা, মেদ, প্রাণিদেহের ঘন তৈলতুল্য বস্তু।

**চর্ভট** — কাঁকুর।

**চর্ম** — প্রাণীর ত্বক্, ছাল, চামড়া। ঢাল ('বর্ম-')। (§ চার্ম)। ... **চর্মকার** — চর্মার, চামার, মুচী। ... **চর্মকীল** — আঁচিল। ... **চর্মচক্ষু** [-ক্ষুঃ (-ক্ষুস্] স্থূল চক্ষু, দিব্য চক্ষু নয়। ... **চর্মচটক** — চামচিকা। বাদুড়। ... স্ত্রী. **-চটিকা**। ... **চর্মপাদুকা** — জুতা। ... **চর্মপেটিকা** — চামড়ার সুটকেস। ... **চর্মপ্রসেবক** — কামারের হাপরের জাঁতা।

**চর্মণ্বতী** — মধ্যভারতের নদী বিঃ, আধুনিক চম্বল।

**চর্মার** — চামার।

**চর্মী** — চামধারী সৈনিক।

**চর্য** — আচরণীয়। ... **চর্যা** — আচরণ, অনুষ্ঠান ('ব্রত-')। নিয়মপালন ('দেহ-')

**চর্যাপদ** — বৌদ্ধসাধকদের রচিত গীতি।

**চল** — ণ. চঞ্চল, অস্থির ('চলোর্মি')। চলন্ত। ষ্য. (বাং) প্রচলন, রেওয়াজ ('— হওয়া')। ... **চলচিত্ত** — চঞ্চলচিত্ত।

**চলকানো, ছল-** [ √ চল্কা, ছল্কা-১৭ ] নাড়া পাইয়া উপচানো ('দুধ —')

**চলচ্চিত্র** — সিনেমার ছবি।

**চলৎ** — যাহা চলিতেছে, চলিত, চলন্ত। অস্থির। ... **চলৎশক্তি**] (অশুপ্রঃ) চলনশক্তি, চলিবার ক্ষমতা।

**চলতি**] চলন্ত ('— ট্রাম')। সক্রিয়, কর্মশীল ('— কারবার')। প্রচলিত, ('— দর, ভাষা')। যাহার সহিত ব্যবহার চলে ('— ঘর')

**চলদল** — অশ্বত্থ বৃক্ষ।

**চলন** — গমন, চলা। আচরণ, রীতি ('চাল-')। প্রচলন, রেওয়াজ ('— নেই')। (§ চলিত, চলিষ্ণু)। ... **চলনসই** ] কাজ চালাইবার মত, খুব ভাল নয় মন্দও নয়।

**চলমলিয়া** ] — চঞ্চল (পদাবলী)

**চলন্ত** ] চলৎ, গতিযুক্ত, চলতি।

**চলা** [ √চল্-৫। < চল্ ] গমন করা ('গাড়ি —')। যাত্রা করা, অগ্রসর হওয়া ('দেশে —। তুমি চল, আমি পরে যাব')। সঞ্চলিত হওয়া ('ঘড়ি, কল, হাত, পা, মুখ —')। হাঁটা ('আর চলতে পারি না')। সঞ্চরণ করা ('পথে লোক —। রক্ত, স্রোত —')। প্রচলিত থাকা বা হওয়া ('সমাজে, বাজারে —')। উপযুক্ত হওয়া, কুলানো ('এ লোক, এ কাপড়, এ পরামর্শ, এ টাকায় চলবে না')। নির্বাহ হওয়া ('সংসার, কাজ, দিন, জীবন —')। সক্রিয় থাকা ('দোকান, স্কুল —')। হইতে থাকা ('বক্তৃতা, পরীক্ষা, জ্বর —')। প্রসারিত হওয়া, পেঁছানো, ('ক্ষমতা, দৃষ্টি, বুদ্ধি —')। আচরণ করা ('কথামত, সৎপথে —')। ('চলিয়া যাওয়া' — প্রস্থান করা। প্রয়োজন সিদ্ধ হওয়া। নির্বাহ হওয়া)। ণ. যাহাতে হাঁটিতে হয় ('চলা পথ')। ... **চলাফেরা** ] ওঠাহাঁটা।

**চলাচল** ] যাতায়াত। সঞ্চলন ('বায়ু-')

**চলানো** [ √ চলা-১১ ] হাঁটানো। চালানো।

**চলিত** — প্রচলিত, চলতি। বিচলিত। ... **চলিতভাষা** — লৈখিক বাংলাভাষার অন্যতর রীতি যাহার কতকগুলি শব্দ (বিশেষতঃ সর্বনাম ও ক্রিয়াপদ) সাধুভাষা হইতে ভিন্ন এবং পশ্চিম বাংলার মৌখিক ভাষার সদৃশ। (সাধুভাষা দেখ)

**চলিষ্ণু** — যে চলে, গতিশীল।

**চলোর্মি** — চঞ্চল তরঙ্গ।

**চল্লিশ** ] < চত্বারিংশৎ, ৪০ অঙ্ক বা পরিমাণ।

**চশমখোর** [ফা. চশ্ম্কোর] চক্ষুলজ্জা-হীন।

**চশমা** [ফা. চশ্মহ্ ] যে কাচ ধারণ করিলে ক্ষীণ দৃষ্টির সাহায্য হয় ('— পরা, নেওয়া')

**চষক** — সুরাপানপাত্র।

**চষা** [ √ চষ্-৫। < চষ্ ] চাষ করা, লাঙ্গল দেওয়া। মাটি খুঁড়িয়া উলটাইয়া ফেলা। ণ. কর্ষিত।

**চষাল** ] — বলির হাড়িকাঠের খিল।

**চষিপোকা** ] — একপ্রকার চর্মকীট।

**চহলা** ] — জলকাদা।

**চা** [চীনা] পাতা বিঃ; তাহা হইতে প্রস্তুত পানীয়। ... **চা-কর** ] চা-উৎপাদক। ... **চাবাগান** ] — চায়ের আবাদের ক্ষেত। চাবাগিচা।

**চাঁই** ] প্রধান, সর্দার ('দলের —')। ঝানু। চাঙগড়। ... **চাঁইচুঁই** ] — ক্ষুধার জন্য পাকস্থলীর শূন্যতার অনুভূতি।

**চাইট, চাঁইট** ] — চাট দেখ।

**চাইতে** (চেয়ে দেখ)

**চাউনি** (চাহনি দেখ)

**চাউর** ] — রাষ্ট্র, ঘোষিত, সুপরিচিত।

**চাউল / চাল** ] < তণ্ডুল, শস্য বিঃ। ... **চাউলমুগরা** ] — একপ্রকার ছোট গাছ। ইহার বীজে খোস-পাঁচড়ার তৈল তৈয়ারী হয়।

**চাঁওড়** ] — গরজ, আগ্রহ। উৎসাহ।

**চাওয়া** [ √চাহ্-৮ ] ইচ্ছা বা কামনা করা ('যাইতে চাই। মুক্তি —')। যাচ্ঞা বা প্রার্থনা করা ('টাকা, অনুমতি, সময় —')। দৃষ্টিপাত করা, তাকানো ('চেয়ে

দেখ, এদিকে চাও')। চক্ষু উন্মীলন করা ('চোখ —')। দেখা ('মিটিমিটি —')। (ঃ চাহন, চাওন, চাহনি, চাউনি)

**চাক**] < চক্র। মৌচাক। কুমোরের চাক।

**চাকভাঙা**] — (মধু) টাটকা। সদ্য মৌচাক হইতে সংগৃহীত।

**চাকচিক্য** [ <-চক্য ] উজ্জ্বলতা, পালিশ।

**চাকতি** [ < চক্র-পত্রিকা ] চক্রাকার বস্তু ('কাগজের, মুড়ির —')। মেডেল।

**চাকর** [ফা] ভৃত্য, পরিচারক। কর্মচারী ('সরকারী —')। ... **চাকরবাকর**] পরিচারকবর্গ। ... **চাকরানী**] দাসী।

**চাকরান** [ফা] বেতনের পরিবর্তে প্রদত্ত জমি।

**চাকরি** [ফা] বেতন লইয়া অপরের কাজ করা। দায়িত্ব। ... **চাকরে**] যে চাকরি করে।

**চাকলা** [ < চক্র ] জমিদারির অন্তর্গত কয়েকটি পরগণার সমষ্টি। চক্রাকার খণ্ড, চাকতি। চোকলা। **চাকলাদার**] — চাকলার অধিকারী। উপাধি বিঃ।

**চাকা**] ষ্য. <চক্র ('গাড়ির —')। চক্রাকার খণ্ড ('মাছের —')। ণ. চক্রাকার, গোল ('— মুখ')

**চাকি ১**] চাকতি। গোল পিঁড়া যাহাতে লুচি ইঃ বেলা হয় ('-বেলন')

**চাকি ২**] — দাল ভাঙিবার জাঁতা।

**চাকী**] — গ্রাম্যভাষায় সূর্য। উপাধি বিঃ।

**চাকু** [তু] ছুরি।

**চাকুন্দা**] — একপ্রকার শাক।

**চাক্ষুষ** — নেত্রগ্রাহ্য, প্রত্যক্ষ, চোখে দেখা, দৃষ্ট ('— প্রমাণ')। ... স্ত্রী. **-ষী**।

**চা-খড়ি** [ই. chalk] সাধারণ বা ফুল খড়ি।

**চাখনদার** — স্বাদপরীক্ষক।

**চাখা** [ √চাখ্-৭। <চক্ষ্ ] স্বাদ লওয়া।

**চাগানো** — উদ্দীপ্ত করা। বাড়ানো।

**চাঙ, চাঙ্গ** — মাচা, তাক, শিকে।

**চাঙ্গড় / চাঙড়, -ড়া**] বড় ডেলা, চাপ, তাল ('মাটির —')

**চাঙ্গা** [ < চঙ্গ ] রোগ বা অবসাদ হইতে মুক্ত, সুস্থ, সবল।

**চাঙ্গারি / চাঙারি, চে-**] বাঁশের ঝুড়ি বিঃ।

**চাঁচ**] — দরমা, বাঁশের তৈয়ারী বেষ্টনী। পাতগালা।

**চাঁচ দা**] — রসের জন্য খেজুর গাছ কাটার দা।

**চাঁচর ১**] কুঞ্চিত ('— চিকুর')

**চাঁচর ২** [ <চর্চরী ] দোলপূর্ণিমার পূর্ব-রাত্রে আগুন জ্বালিয়া খেলা, মেড়া-পোড়া।

**চাচা** [ <তাত ] খুড়া, কাকা (মুসলমানী বা হিন্দী)। ... স্ত্রী. **চাচী**]

**চাঁচা** [ √চাঁচ্-৭ ] অস্ত্রাদিদ্বারা উপরের স্তর উঠাইয়া ফেলা, ছোলা ('কাঠ, বাঁশ, ক্ষীর —')। ণ. যাহার উপরের স্তর উঠাইয়া ফেলা হইয়াছে ('-ছোলা')। মার্জিত ('— গলা')। ... **চাঁচি**] জ্বাল দেওয়া দুগ্ধ ইঃর কঠিন অংশ যাহা পাত্র হইতে চাঁচিয়া তোলা হয়।

**চাঁচাড়ি, চে-**] বাঁশের পাতলা কাঠি।

**চাঁছি**] — যাহা কিছু চাঁচিয়া তোলা হয়।

**চাঞ্চল্য** — চঞ্চলতা, অস্থিরতা।

**চাট ১**] (মুঃ যাহা চাটিয়া খায়) নেশার অনুপান। মুখরোচক খাদ্য। অবদংশ।

**চাট ২, চাঁট**] ঘোড়া গরু ইঃর লাথি ('— মারা')

**চাটনি**] অম্লমধুর আচার বা ব্যঞ্জন।

**চাটা** [ √চাট্-৭ ] লেহন করা। ... **চাটাচাটি**] পরস্পরকে চাটা। বার বার চাটা।

**চাটাই, চাটা, চে-**] দরমা। খেজুরপাতা

বা তালপাতা ইঃ বুনিয়া তৈয়ারী আস্তরণ।

**চাটাল, চাটালো**] চওড়া।

**চাটি, চাঁটি**] চড় ('মাথায় — মারা, তবলায় —')

**চাট্যি**] — ণ. উৎসন্ন।

**চাটিম কলা**] মর্তমান-জাতীয় কলা বিঃ।

**চাটু ১** — খোশামোদ ('-বাক্য, -বাদ। চাটূক্তি')। ... **চাটুকার, -বাদী** (-দিন্) — খোশামুদে।

**চাটু ২** [ < চটুক ] অগভীর রন্ধনপাত্র বিঃ, তাওয়া।

**চাটুতি**] — চাটুয্যে বামুনদের গাঁই।

**চাটুয্যে**] — চাটুতি গাঁয়ের ওঝা, চট্টোপাধ্যায়।

**চাড়, চাড়া**] তুলিবার বা ভাঙিবার জন্য শক্ত দণ্ড ইঃ ঢুকাইয়া চাপ ('— দিয়া বাক্স খোলা')। ঠেকনা, ('ভাঙা ছাদ — দিয়া রাখা')। উৎসাহ, চেষ্টা ('লেখা-পড়ায় —')

**চাঁড়া**] — খোলামকুচি।

**চাঁড়াল**] < চণ্ডাল।

**চাণক্য** — চন্দ্রগুপ্তের মন্ত্রী, কৌটিল্য।

**চাতক** — পক্ষী বিঃ (প্রবাদ — মেঘের কাছে জল চায়)। ... স্ত্রী. **চাতকী। চাতকিনী**]

**চাতর**] — [ < চত্বর ] উঠান।

**চাতাল**] < চত্বাল, চত্বর। অনাবৃত বারান্দা, রোয়াক। উঠান।

**চাতুরী, চাতুর্য**—চতুরতা, চালাকি, দক্ষতা।

**চাতুর্বর্ণ্য** — ষ্য. ব্রাহ্মণাদি চার বর্ণ বা তাহাদের কর্ম। ণ. চতুর্বর্ণ সম্বন্ধীয়।

**চাতুর্মাস্য** — চার মাসে সাধ্য ব্রত বিঃ। (আষাঢ় মাসে আরম্ভ করিয়া কার্তিক মাসে উদ্‌যাপন করিতে হয়।)

**চাঁদ**] < চন্দ্র। ... **চাঁদমুখ**] < চন্দ্রমুখ (দেখ)

**চাঁদকপালী**] — কপাল যাহার অর্ধচন্দ্রের মতো।

**চাঁদমারি**] — গুলি ছুড়িবার বা গুলি ছোড়া অভ্যাসে লক্ষ্য বস্তু।

**চাঁদমালা**] — শোলার পাত ও রাঙতা দিয়া তৈয়ারী মালা — প্রতিমার ডাকের সাজে ব্যবহৃত হয়।

**চাঁদনি**] মণ্ডপ। জ্যোৎস্না। ছাদের উপরিস্থ গৃহ, চন্দ্রশালা।

**চাদর** [ ফা ] উত্তরীয়, উড়ানি। আস্তরণ ('বিছানার —')। ধাতু ইঃর পাত ('লোহার —')

**চাঁদা ১** [ < চন্দ্রক ] মাছ বিঃ।

**চাঁদা ২** [ ফা. চন্দ্‌- ] কোনও কার্য নির্বাহের জন্য অনেক লোকের নিকট সংগৃহীত অর্থ ('বারোয়ারির, দুর্ভিক্ষের —')। নির্দিষ্ট সময়ের ব্যবধানে প্রদেয় মূল্য বা অর্থসাহায্য ('সাময়িক পত্রিকার, ক্লাবের —')

**চাঁদা ৩, চাঁদি**] ব্রহ্মতালু, মাথার উপরের মধ্যভাগ।

**চাঁদি**] রৌপ্য। খাদহীন রৌপ্য। ব্রহ্ম-তালু।

**চাঁদিনী**] চন্দ্রশালিনী ('— নিশি')

**চাঁদোয়া**] চন্দ্রাতপ, শামিয়ানা।

**"চান"**] < স্নান ('করা')

**চানক**] — চাঁদোয়া।

চানকা] — লতাকে তুলিবার জন্য (তোরণাকৃতি) মাচান।

**চানকানো** [ √ চান্‌কা-১৭ ] জড়তা দূর করা, সক্রিয় করা ('শরীর চানকে নেওয়া, অমুককে চানকে দেওয়া')। উজ্জ্বল করা ('পুরনো আলমারিটা —') প্রতিমার চক্ষু প্রস্ফুটিত করা। অল্প ভাজা, চমকানো ('মসলা —')

**চানা**] < চণক, ছোলা। ... **চানাচুর**]

থে'তলানো ছোলাভাজা।

**চান্দ্র** — চন্দ্র সম্বন্ধীয়। ... **চান্দ্রমাস** — তিথিদ্বারা গণিত মাস (যথা — শুক্লা প্রতিপদ্ হইতে অমাবস্যা পর্যন্ত)। ... **চান্দ্রবৎসর** — ১২ চান্দ্রমাস।

**চান্দ্রায়ণ** — একচান্দ্রমাসসাধ্য ব্রত বা প্রায়শ্চিত্ত বিঃ যাহাতে চন্দ্রের হ্রাসবৃদ্ধি অনুসারে প্রত্যহ আহার নিয়মিত হয়।

**চাপ ১** — ধনু। বৃত্তপরিধির অংশ, arc.

**চাপ ২**] ষ্য. ভার; পীড়ন, প্রেষ, pressure. ('বোঝার, হাতের, বায়ুর, কাজের, রক্তের —। — নেওয়া, পড়া')। পীড়াপীড়ি ('চাপ দিলে দোষ স্বীকার করা')। চাংগড়, তাল, জমাট দ্রব্য, ডেলা ('মাটির —')। ণ. ঠাস, ঘন, জমাট ('— বুনন, দই')। ... **চাপদাড়ি, চাঁপ-**] আকর্ণবিস্তৃত ঘন খাটো দাড়ি।

**চাঁপি**] — কাঁটালের ভুঁতি।

**চাপকান** [হি] লম্বা জামা বিঃ।

**চাপটি, চাপটালি**] হাঁটু তুলিয়া পাছায় ভর ('— খেয়ে বসা')

**চাপড়**] < চপেট, চড়, থাবড়া।

**চাপড়া**] চেপটা চাংগড় ('ঘাসের —')

**চাপড়ানো** [√ চাপ্‌ড়া-১৭] বার বার চাপড় মারা।

**চাপদণ্ড** — পাম্প। বাষ্প, বায়ু, জল ইত্যাদির সঞ্চালনের যন্ত্র।

**চাপরাস** [ফা. চপ-রাস্ত্] পেয়াদা ইঃর পরিচয়জ্ঞাপক ধাতুপট্ট। ... **চাপরাসী**] পেয়াদা, আরদালী।

**চাপল্য** — চপলতা, চঞ্চলতা। প্রগল্‌ভতা।

**চাপা** [√ চাপ্-৭। < চপ্] চাপ দেওয়া ('চেপে বাঁধা')। টেপা ('গলা —')। গোপন করা, ঢাকা ('কথা, দুঃখ —')। চড়া ('ঘোড়ায়, ঘাড়ে —')। ণ. আবৃত ('সরা-')। চুপিচুপি, অনুচ্চ ('—কথা')। জড়িত, রুদ্ধ ('—গলা')। ভারের নিম্নে পতিত বা প্রোথিত ('গাড়ি-, মাটি-')। আলোচনা হইতে অপসারিত, নিবর্তিত ('ব্যাপারটা, কথাটা — পড়েছে')। যে মনের কথা খুলিয়া বলে না ('— লোক')। টোল খাওয়া, বসা ('পৃথিবীর মেরুদেশ —')

**চাঁপা**] < চম্পক, চম্পা, ফুল বা গাছ বিঃ। কলা বিঃ।

**চাপাটি** [< চর্পটী] হাতে চাপড়াইয়া গড়া রুটি।

**চাপান**] যে গানের প্রত্যুত্তর বিপক্ষকে দিতে হয় (কবির গান তরজা ইঃতে)। যাহা চাপানো হয়।

**চাপান**] — জমিতে সারমাটি দেওয়া।

**চাপানো** [√ চাপা-১১] ভার অর্পণ করা, চড়ানো ('ঘাড়ে, ওজন —')। আরোপ করা ('দোষ —')

**চাবকানো** [√ চাব্‌কা-১৭] চাবুক দিয়া মারা।

**চাবি** [পো. chave]] তালা খুলিবার কাঠি। কল ইঃ ঘুরাইবার হাতল বা টিপিবার তক্তি ('ঘড়ির, হারমোনিয়মের —')। ('— দেওয়া, লাগানো, বন্ধ করা, খোলা, টেপা')

**চাবুক** [ফা] কশা; চাবুকের প্রহার ('— মারা, লাগানো')।

**চাম**] < চর্ম। (§ চামসা, চিমসে) ... **চামদাড়ি**] — অস্থিচর্মসার।

**চামচ / চামচে** [ফা. চম্‌চহ স. চমস] মুখে খাদ্য তুলিবার ছোট হাতা বিঃ।

**চামচিকা / -চিকে**] < চর্মচটিকা, বাদুড়-জাতীয় প্রাণী বিঃ, bat.

**চামড়া**] < চর্ম ('গায়ের, জুতার —')

**চামর**—চমরী গরুর পুচ্ছ নির্মিত ব্যজনী।

**চামসা**] চিমসে, চামড়ার মত ('— গন্ধ')

**চামার** ] <চর্মার, চর্মকার, মুচি। (ব্যঙ্গে) নিষ্ঠুর। ... স্ত্রী. **চামারনী** ]

**চামীকর** — সোনা।

**চামুণ্ডা** — চণ্ডী, দুর্গার মূর্তি বিঃ।

**চামেলি** [ হি. চমেলী ] মল্লিকা বা jasmin জাতীয় ফুল বিঃ, জাতি।

**চায়েন** [ হি. চৈন ] চাঙ্গা, সুস্থ।

**চার ১** — চর, গোয়েন্দা। বিচরণ।

**চার ২** [ < চতুর্ ] চারি, ৪ অঙ্ক বা পরিমাণ। ... **চারকোনা** ] চতুষ্কোণ। ... **চারচৌকা / -চৌকো** ] সমচতুষ্ক। ... **চারটি** ] চারটা (আদরে)। অল্প, একটু ('— ভাত')। ... **চারচৌকস** — চারদিকে পটু ও কর্মক্ষম। ... **চারপাইয়া** ] — চারপেয়ে খাট।

**চার ৩** ] মাছ আকর্ষণ করিবার মসলা ('পুকুরে — দেওয়া, ফেলা')। মাছের বিচরণস্থান।

**চারক** — যে চরায় ('গো-')

**চারচক্ষু** — রাজা, চার বা চর যাহার চক্ষুর কাজ করে।

**চারজামা** ] — হাতীর হাওদার নীচে কাষ্ঠাসন।

**চারপেয়ে** ] — চতুষ্পদ।

**চারপোয়া** ] — একসের। পূরা।

**চারণ** — ভাট, স্তুতি- বা কুলকীর্তি-গায়ক। পশু চরানো ('গো-')। চরাইবার স্থান, চারণভূমি। ... **চারণ, -ণা** — চালনা ('পদ-')। (§ চারিত)

**চারা ১** ] ষ্য. ছোট গাছ ('আমের —')। মাছের বাচ্চা। ণ. নবজাত ('— গাছ, মাছ')

**চারা ২, চার** [ ফা. চারহ্ ] উপায়, প্রতিকার ('চারা নেই। বেচারা, নাচার')

**চারা ৩** ] — পশুর খাদ্য।

**চারানো** [ √ চারা-১১ ] ছড়ানো ('রোগের বীজ —')। ভাগ করিয়া দেওয়া ('খরচটা সকলের মধ্যে চারিয়ে দাও')

**চারি** [ < চতুর্ ] ৪, চার ('-দিক্')

**-চারি** ] চারণা ('পায়-')

**চারিত** — চালিত। সঞ্চারিত। বিস্তীর্ণ। যাহাকে চরানো হইয়াছে।

**চারিত্র** — চরিত্র। সদাচার, পবিত্র স্বভাব। কৌলিক আচরণ।

**চারিত্রিক** — চরিত্র সম্বন্ধীয়।

**-চারী** (-রিন্) — বিচরণকারী ('অরণ্য-')। আচরণকারী ('ব্রত-')

**চারু** — সুন্দর, সুদর্শন, মনোরম। ললিত, সুকুমার ('-কলা')। ... ষ্য. **-তা**। ... **চারুশিল্প** — সুকুমার কলা। ... **চারুশীলা** — সচ্চরিত্রা।

**চার্জ** (ই) — দায়িত্ব, ভার, অভিযোগ।

**চার্বাক** — (মুঃ চারু-বাক)। নাস্তিক মুনি বিঃ। আত্মা পরলোক ইঃ যে মানে না,

**চার্ম** — চর্ম সম্বন্ধীয়।

**চাল ১** — ছাদ, ছাপ্পর, উপরের আচ্ছাদন। প্রতিমার পিছনের পট ('-চিত্র')। (§ চালা ১)।...**চালকুমড়া** ] ছাঁচি বা দেশী কুমড়া। ... **চালচুলা / -চুলো** ] আচ্ছাদন ও উনান, অর্থাৎ বাস ও আহারের উপায়।

**চাল ২** ] জীবনযাত্রার রীতি, আচারব্যবহার ('নবাবী, খারাপ— । -চলন')। দাবা ইঃ খেলায় এক ঘর হইতে অন্য ঘরে ঘুঁটি সরানো। গতি ('ঘোড়ার —')। ফন্দি ('— চালা। -বাজ, -বাজি')। বড়াই, ক্ষমতা ধন বিদ্যা ইঃ জ্ঞাপক উক্তি বা আচরণ ('— মারা')। ... **চালচলন** ] স্বভাবচরিত্র, আচারব্যবহার, রীতিনীতি। ... **চালচিত্র**—প্রতিমার পিছুদিকের চিত্র।

**চাল ৩** (চাউল দেখ)। **চালচিঁড়ে** ] —

পথের খাদ্য। প্রয়োজনীয় দ্রব্যাদি।

**চালক** — যে চালায় ('মোটর-')। নেতা, পরিচালক। যে চালনা করে।

**চালতা** (চালিতা দেখ)

**চালবাজি** ] — ফন্দীফিকির। চালাকি। ধূর্ততা।

**চালন, চালনা** — চালানো, নড়ানো ('পদ-')। প্রয়োগ ('অস্ত্র-')। অনুশীলন, চর্চা, খাটানো ('বুদ্ধি-, মস্তিষ্ক-')। পরিচালনা ('রাজ্য-')। সঞ্চালন। স্থানান্তরিত করণ। ... ণ. **চালিত**। ... **চালনীয়** — চালনযোগ্য।

**চালনী — চালনি, চালুনি** ] শস্যাদি চালিবার ছিদ্রবহুল পাত্র, ধুলা গুঁড়া ইঃ পৃথক্ করিবার ছাঁকনি।

**চালশে** ] চল্লিশ বৎসর বয়সের কাছাকাছি যে দৃষ্টিদোষ জন্মে ('— ধরা')

**চালা ১, চালাঘর** ] খড় বা খোলার ছাদ বিশিষ্ট ঘর।

**চালা ২** [ √ চাল্-১১ ] চালনী দিয়া ছাঁকা। সঞ্চালন করা, নাড়া, ('মাথা, হাত পা —')। দাবা ইঃ খেলার ঘুঁটি সরানো। মন্ত্রবলে গতিযুক্ত করা ('নল-, বাটি-')। প্রয়োগ করা ('চাল, বুদ্ধি —')। ণ. চালনীর দ্বারা পরিষ্কৃত, ছাঁকা। চালিত। (§ চালানো)। ... **চালাচালি** ] নাড়ানাড়ি, বার বার সরানো।

**চালাক** [ ফা ] চতুর, বুদ্ধিমান্। ... **চালাকি** ] চাতুরী, ধূর্ততা। ফন্দি।

**চালান** ] স্থানান্তরে প্রেরণ। রপ্তানি, বিক্রয়ের জন্য পণ্য প্রেরণ। প্রেরিত পণ্য দ্রব্যের তালিকা। গ্রেফতার করিয়া প্রেরণ। ('— করা, দেওয়া')। ... **চালানী** ] রপ্তানি সম্বন্ধীয় ('— কারবার')

**চালানো** [ √ চালা-১১ ] গতিযুক্ত বা চালিত করা, ('গাড়ি, কল, পা —')। পরিচালন করা ('ব্যবসায়, রাজ্য —')। প্রয়োগ করা ('অস্ত্র, বুদ্ধি —')। প্রচলিত করা ('বাজারে, সমাজে —। নূতন ফ্যাশন —')। সাধারণকে গছানো ('মেকী টাকা, ভোজে পচা মাছ —')। নিয়ন্ত্রিত করা ('ছেলেকে সৎপথে —')। করিতে থাকা ('বক্তৃতা —')। নির্বাহ করা ('কাজ, অল্প টাকায় —')

**চালিত** (চালন দেখ)

**চালিতা, চালতা / চালতে** ] অম্ল ফল বিঃ।

**চালিয়াৎ** ] — যে অপদার্থ মিথ্যাভাষণের দ্বারা নিজের কৃতিত্ব প্রচারে তৎপর।

**চালু** [ হি ] প্রচলিত; বাজারে চলতি ('নূতন মাল — করা')। **চলন্ত** ('— কারবার')

**চাষ ১, চাস** — নীলকণ্ঠ পাখি।

**চাষ ২** ] কৃষি; উৎপাদন ('ধানের, মাছের —')। হলচালন। ... **চাষআবাদ** ] — লাঙলে জমি চাষ ও শস্য রোপণ। ... **চাষজমি** ] — আবাদী জমি। ... **চাষবাস** ] কৃষিদ্বারা জীবিকানির্বাহ, কৃষিকর্ম।

**চাষা** ] কৃষক, চাষী। জাতি বিঃ। মূর্খ (গালি)। ... **চাষাড়ে** ] চাষার তুল্য। অশিক্ষিত। ... **চাষাভুষা / -ভুষো** ] চাষা ও ঐ শ্রেণীর লোক।

**চাষী** ] কৃষিজীবী, যে চাষ করে।

**চাহন / চাওন** ] প্রার্থনা, চাওয়া।

**চাহনি / চাউনি** ] দৃষ্টিপাত, নজর।

**চাহিদা** [ হি ] প্রয়োজন। সাধারণে যে পরিমাণে কোনও পণ্য কিনিতে চায়, টান, demand. (তুঃ যোগান)

**চাহা** ] — কাদাখোঁচা পাখী।

**চিঁ, চিঁচিঁ** ] ক্ষীণ আর্তনাদ ('— করা')। পাখির ছানার ডাক। (জোরে — চ্যাঁ ])

**চিংড়ি** [ < চিঙ্গট ] জলচর প্রাণী বিঃ

(মাছ বলিয়া খ্যাত কিন্তু ভিন্ন বর্গের। 'কুচো-, ঘুষো-, বাগদা-, মোচা-, গলদা-')
**চিক** [তু] বাঁশ ইঃর কাঠির পর্দা। গলার গহনা বিঃ।
**চিকচিক, চিকমিক** (চকচক, চকমক দেখ)
**চিকন ১** ] < চিক্কণ, উজ্জ্বল, চকচকে। মসৃণ, সুন্দর ('— কালা, মালা')
**চিকন ২** [ফা] কাপড়ের উপর ছুঁচের কাজ; সুতা রেশম জরি ইঃর নকশা।
**চিকা** ] — গুণ চিহ্ন ×, ঢেঁড়া চিহ্ন।
**চিকনাই** [হি], **চেকনাই** ] চাকচিক্য।
**চিকিৎসক** — যে চিকিৎসা করে, ভিষক্, ডাক্তার বৈদ্য ইঃ।
**চিকিৎসা** — রোগনিবারণের নিমিত্ত ঔষধাদির ব্যবস্থা অস্ত্রপ্রয়োগ ইঃ। ... **চিকিৎসনীয়, চিকিৎস্য** — চিকিৎসার যোগ্য, চিকিৎসাসাধ্য। যাহার চিকিৎসা আবশ্যক। ... **চিকিৎসাধীন** — যে রোগের বা রোগীর চিকিৎসা চলিতেছে। ... **চিকিৎসিত** — যে রোগের বা রোগীর চিকিৎসা হইয়াছে।
**চিকি সুপারি** ] সিদ্ধ করা সুপারি বিঃ।
**চিকীর্ষা** — করিবার ইচ্ছা ('প্রিয়-, হিত-')। ... **চিকীর্ষিত** — যাহা করিতে ইচ্ছা হইয়াছে, অভিপ্রেত। ... **চিকীর্ষু** — করিতে ইচ্ছুক।
**চিকুর** — কুন্তল, কেশদাম। (সং) চঞ্চল।
**চিক্কণ** — চিকন, উজ্জ্বল, চকচকে। মসৃণ, তেলা। সুন্দর।
**"চিক্কুর"** [< চিকুর] বিদ্যুৎ ('— হানা')
**চিংগটী** — চিংড়ী।
**চিচিংগা / -ঙ্গে** [< চিচিন্ড] ধুঁদুল-জাতীয় সর্পাকার ফল বিঃ, হোঁপা, হুঁপো।
**চিজ** [ফা. চীজ.] জিনিস, বস্তু। ধূর্ত মন্দ লোক (অশিঃ। 'তিনি একটি —')
**চিটচিট** (চটচট দেখ)
**চিট** ] — চিরকুট।
**চিটনা** ] — শস্যশূন্য ধান্য। আগড়া।
**চিটা / চিটে** ] চটচটে। ... **চিটাগুড়** ] কোতরা গুড়, তামাকে ব্যবহৃত।
**চিটা** ] — আগড়া, শস্যশূন্য ধান। ধান্যের রোগ বিশেষ, যে রোগে ধান চিটা হইয়া যায়। ণ. অপকৃষ্ট, অসার।
**চিঠা** ] ফর্দ। হিসাব ('হাত-')। চিঠি।
**চিঠি** ] পত্র, লিপি।
**চিড়** [< চীর] ফাট, বিদারণ ('কাঠ, ছাদ — খাওয়া')
**চিড়** ] — দেবদারুজাতীয় পার্বত্য বৃক্ষ।
**চিড়চিড়** (চড়চড় দেখ)
**চিড়বিড়** ] জ্বালা ('ঘা — করা')
**চিঁড়া, চিড়া / চিঁড়ে** ] < চিপিটক, চাল হইতে তৈয়ারী খাদ্য বিঃ (ভিজা ধান ভাপাইয়া ঢেঁকিতে চেপটা করিয়া প্রস্তুত)
**চিড়িক** ] ছুঁচ ফোটার মত যন্ত্রণা ('— মারা')
**চিড়িতন** ] তাসের চিহ্ন বিঃ।
**চিড়িমার** ] — পাখমারা।
**চিড়িয়া** [হি] পাখি। ... **চিড়িয়াখানা** ] পক্ষিশালা বা প্রাণিশালা।
**চিৎ** — চৈতন্য। জ্ঞান। মন। ... **চিৎপ্রকর্ষ** — সংস্কৃতি। কৃষ্টি। চিত্তের উৎকর্ষ সাধন।
**চিত ১** — যাহা চয়ন করা হইয়াছে, চয়িত। সঞ্চিত। রচিত।
**চিত ২** ] < চিত্ত (পদ্যে)
**চিত ৩** ] ঊর্ধ্বমুখ হইয়া শয়ান ('— হওয়া। -পাত')। যাহার সামনের দিক উপরে পিছন দিক নীচে ('কড়ি — করা')। (তুঃ উবুড়)

**চিৎপাত** ] — চিত হইয়া পড়া।

**চিৎসাঁতার** ] — চিত হইয়া ভাসিয়া সাঁতার।

**চিতল** ] মাছ বিঃ।

**চিতা ১**—শবদাহের চুল্লী। (§ চৈত্য)। ... **চিতাভস্ম**—চিতার ছাই (গঙ্গায় দেওয়ার জন্য অথবা স্মৃতিরক্ষার মন্দিরাদির জন্য)।...**চিতারোহণ**—চিতায় আত্মাহুতি।

**চিতা ২** / **চিতে** [ < চিত্র-] গুল্ম বিঃ (রাংচিতা')। কাপড় ইঃতে ছাতাপড়া দাগ ('— পড়া')। বাঘ বিঃ, < চিত্রক, দ্বীপী (হলদে রঙের উপর কাল কাল ফোঁটা), leopard, panther অথবা chcetah.

**চিতান** / **চিতেন** ] কবিগানের মহড়ার পরের অংশ যাহা উচ্চ কণ্ঠে গাওয়া হয়।

**চিতানো** / **চিতনো** [ √ চিতা-১৩ ] চিত হওয়া। ('বুক —' — বুক ফুলানো)

**চিতি** [ < চিত্র-] সাপ বিঃ। চয়ন। সমবায়।

**চিৎকার, চী-** - চেঁচানি, উচ্চ কণ্ঠরব।

**চিত্ত** — মন, অন্তঃকরণ। (§ চৈত্ত, চৈত্তিক)। . **চিত্তগ্রাহী** — হৃদ্য, মর্মস্পর্শী। . **চিত্তদাহ**—মনের জ্বালা। ... **চিত্তনিরোধ** — বিষয় হইতে মনকে নিরস্ত করণ। **চিত্তপ্রসাদ** — মনের সন্তোষ, প্রসন্নতা। ... **চিত্তবিক্ষেপ** — নানা বিষয়ের আকর্ষণ জন্য মনের চাঞ্চল্য। ... **চিত্তবিনোদন** — মনোরঞ্জন। ... **চিত্তবিভ্রম** — বুদ্ধিভ্রংশ, মনের বিকার। ... **চিত্তবৃত্তি** — মনোবৃত্তি। ... **চিত্তরঞ্জন**—ষ্য. বিনোদন, মনের প্রফুল্লতা সাধন। গ. যে তাহা করে। ... **চিত্তরঞ্জিনী বৃত্তি**—যে বৃত্তির জন্য লোকে সৌন্দর্য কলা ইঃ উপভোগ করে। ... **চিত্তশুদ্ধি** — মনের মালিন্যনাশ। ... **চিত্তসংযম** — মনোবৃত্তির দমন। ... **চিত্তহারী** (-রিন্) — মনোহারী। ... **চিত্তাকর্ষক** — মনোরঞ্জক, কৌতূহলোদ্দীপক।

**চিত্র** — ষ্য. ছবি, আলেখ্য, প্রতিমূর্তি। নকশা। গ. আশ্চর্য, বিচিত্র, চমৎকার ("চিত্তির")। ... **চিত্রকর, -কার** — যে ছবি বা নকশা আঁকে। ... **চিত্রকলা** — চিত্রবিদ্যা। ... **চিত্রকাব্য** — যে কাব্যের পদসমূহ চিত্রের আকারে বিন্যস্ত হয়, পদ্মবন্ধ ইঃ। ... **চিত্রপট** — বস্ত্রাদির উপর অঙ্কিত চিত্র। **চিত্রফলক** — পট্ট তক্তা ইঃর উপর অঙ্কিত চিত্র। ... **চিত্রবিচিত্র** — বিবিধ বর্ণের বা প্রকারের নকশা যুক্ত। ... **চিত্রলিপি** — চিত্রের দ্বারা ভাব প্রকাশ। ... **চিত্রশালা** — চিত্রপ্রদর্শনগৃহ। চিত্রাঙ্কনগৃহ। ... **চিত্রশিল্পী** — পটুয়া, আর্টিস্ট। ... **চিত্রসেন** — মহাভারতে উল্লিখিত গন্ধর্ব বিঃ।

**চিত্রক** — চিতা বাঘ।

**চিত্রকূট** — রামায়ণোক্ত পর্বত বিঃ, রামগিরি (বুন্দেলখণ্ডে)

**চিত্রগুপ্ত** — যমের কেরানী।

**চিত্রণ** — ছবি বা নকশা অঙ্কন। (§ বিচিত্রিত)

**চিত্রতারকা** — সিনেমার অভিনেতা-অভিনেত্রী।

**চিত্রভানু** — অগ্নি। সূর্য।

**চিত্রল** — চিতলমাছ।

**চিত্রশালা, -শালিকা** — ছবিঘর।

**চিত্রলেখা** — অপ্সরা বিঃ।

**চিত্রা** — নক্ষত্র বিঃ।

**চিত্রাঙ্গদা** — অর্জুনের পত্নী মণিপুর রাজকন্যা।

**চিত্রার্পিত** — ছবিতে আঁকা ('-বৎ অচল')

**চিত্রিণী** — নায়িকা বা স্ত্রীর জাতি বিঃ।

**চিত্রিত** — অঙ্কিত। নকশা-কাটা।

**চিদানন্দ** — চৈতন্য- ও আনন্দ-স্বরূপ।

**চিদাভাস** — চৈতন্যের বিকাশ। জ্ঞান-স্বরূপ। জীবাত্মা।

**চিদ্রূপ** — চৈতন্যস্বরূপ।

**চিন** ] — চিহ্ন, নিদর্শন।

**চিনচিন** ] ঈষৎ জ্বালা। ঝিনঝিন।

**চিনানো / চিননো, চেনানো** [ √ চিনা -১৩। < চিহ্ন ] পরিচিত করানো, পরিচয় দেওয়া।

**চিনি** ] শর্করা। ... **চিনিপাতা** ] চিনি দিয়া প্রস্তুত (দই)

**চিন্তক** — চিন্তাকারী।

**চিন্তন** — চিন্তা করণ, মনন, মনের চালনা, ভাবা। অনুধাবন। স্মরণ। ধ্যান। ( § চিন্তিত, চিন্ত্যমান)। ... **চিন্তনীয়, চিন্ত্য** — চিন্তার যোগ্য। যাহা ভাবিতে পারা যায়।

**চিন্তা** — ধারণা স্মরণ বিবেচনা কল্পনা ইঃ সংবলিত মানসিক ব্যাপার, ভাবনা। চিন্তন, মনন ('— করা')। শঙ্কা, উদ্-বেগের কারণ ('— নাই')। ধ্যান ('ঈশ্বর-')। স্মরণ। ... **চিন্তাকুল, -কুলিত** — ভাবনায় আকুল। ... **চিন্তা-জনক** — ভাবনা- বা উদ্‌বেগ-জনক। **চিন্তানায়ক** — নব নব চিন্তা বা ভাবের প্রবর্তক। ... **চিন্তান্বিত** — ভাবিত, উদ্‌বিগ্ন। চিন্তাযুক্ত। ... **চিন্তামগ্ন** — গভীর চিন্তায় নিবিষ্ট। ... **চিন্তা-মণি** — অভীষ্টদায়ক মণি। ভগবান্। ... **চিন্তাশীল** — চিন্তাপরায়ণ, চিন্তা-দ্বারা বিচার করিতে সমর্থ।

**চিন্তিত** — চিন্তান্বিত, ভাবিত, উদ্‌বিগ্ন ('— হওয়া')। বিবেচিত, যাহা ভাবা হইয়াছে ('সু-')

**চিন্ত্য** — চিন্তনীয় (চিন্তন দেখ)

**চিন্ত্যমান** — যাহা চিন্তা করা হইতেছে।

**চিন্ময়** — চৈতন্যস্বরূপ, জ্ঞানময়।

**চিপটানো / চিপটনো** [ √ চিপ্‌টা-১৮ ] চেপটানো (দেখ)

**চিপিটক** — চিঁড়া।

**চিবানো / চিবনো** [ √ চিবা-১৩। < চর্ব্ ] চর্বণ করা। ণ. চর্বিত। ... **চিবন / চিবুনি** ] চর্বণ।

**চিবুক** — থুতনি।

**চিমটা / চিমটে** ] জ্বলন্ত বা তপ্ত বস্তু ইঃ ধরিবার যন্ত্র।

**চিমটানো / চিমটনো** [ √ চিম্‌টা-১৮ ] চিমটি কাটা। চিমটার মতন ধরা।

**চিমটি** ] দুই আঙুল দিয়া জোরে টিপুনি ('— কাটা')। দুই আঙুলে টিপিয়া যাহা তোলা যায় ('এক — নুন')

**চিমড়া / চিমড়ে** ] চামড়ার মত শক্ত ('— লুচি')। রোগা ও শক্ত ('— গড়ন')

**চিমনি** [ ই ] ল্যাম্পের উপরের কাচের চোঙা। ধূমনির্গমনের জন্য লোহা ইট ইঃর উচ্চ চোঙা।

**চিমসা / চিমসে** ] চিমড়া। চামসা।

**চিয়াড়ি** ] — প্রতিমা নির্মাণে শিল্পীর ব্যবহৃত বাঁশের চোঁচ। (চেয়াড়ি দেখ)

**চির ১** — নিত্য, সদা, অনন্তকাল ('-নূতন, -বসন্ত, -যৌবন'।) বহুকাল, দীর্ঘকাল। ... **চিরকর্মা** (-র্মন্), **-কারী** (-রিন্), **-ক্রিয়** — দীর্ঘসূত্র, কাজ করিতে যে দেরি করে। ... ষ্য. **চিরকারিতা, -ক্রিয়তা**। ... **চিরকাল, -দিন** — অনন্তকাল। বহু-কাল যাবৎ, বরাবর ('— ক'রে আসা')। ... **চিরকালীন** — চিরকালব্যাপী। চিরন্তন। ... **চিরকুমার** — আজীবন অবিবাহিত। ... **চিরক্রিয়** — দীর্ঘসূত্রী। ... **চিরজীবন** — সমস্ত জীবনকাল,

আজীবন। ... **চিরজীবী,** (-বিন্), **চিরঞ্জীব** — অমর। দীর্ঘজীবী। ... ষ্য. **চিরজীবিতা।** ... **চিরতুষার, -নীহার** — যে তুষার কখনও গলে না। ... **চিরতুষাররেখা** (হিমরেখা দেখ)। ... **চিরদুঃখী** (-খিন্)—আজীবন দুঃখী। ... **চিরনিদ্রা** — মৃত্যু। ... **চিরনূতন** — নবনবায়মান। ... **চিরন্তন** — চিরকালীন, বহুকাল হইতে যাহা চলিয়া আসিতেছে, অতিপ্রাচীন। ... স্ত্রী. **চিরন্তনী।** ... **চিরপ্রচলিত**—যাহা চিরকাল চলিয়া আসিতেছে। মামুলী। ... **চিরপ্রবাহিণী**—যাহার প্রবাহ কোন দিন বন্ধ হয় না। ... **চিরবসন্ত** — সারা বৎসর বসন্ত ঋতুর বিদ্যমানতা। ... **চিরবিচ্ছেদ**—চিরকালের জন্য বিরহ বা ছাড়াছাড়ি। চিরস্থায়ী মনোমালিন্য। ... **চিরবিদায়** — চিরকালের জন্য প্রস্থান। মৃত্যু। ... **চিরবিরোধ** — নিত্যবৈরিতা, অহিনকুল সম্বন্ধ। ... **চিরবৈরী** — আজন্ম শত্রু। ... **চিররহস্য**—যে রহস্যের সমাধান কখনও হয় না। ... **চিররুগ্ণ, -রোগী** (-গিন্) — যে চিরকাল রোগভোগ করে, সদারুগ্ণ। ... **চিরশ্যামল, -হরিৎ** — যাহার রং সকল ঋতুতে সবুজ থাকে, evergreen. ... **চিরস্থায়ী** (-য়িন্) যাহা চিরকাল থাকে, অবিনশ্বর। ... ষ্য. **-স্থায়িতা।** ... **চিরস্থায়ী বন্দোবস্ত ]** গভর্নমেণ্টের সহিত বঙ্গীয় জমিদারগণের বন্দোবস্ত (১৭৯৩ খৃীঃ) যাহার ফলে জমিদার কর্তৃক প্রদেয় খাজনার হার বৃদ্ধি পায় না, Permanent Settlement. ... **চিরস্মরণীয়**—চিরকাল যাঁহার নাম স্মরণ করার যোগ্য। পুণ্যশ্লোক। ... **চিরহরিৎ** — যাহার (যে তরুলতার) শ্যামলশ্রী কোনদিন বর্ণান্তরগ্রহণ করে না। evergreen.

**চির ২** [ < চীর ] লম্বা ফালি ('দুচির')। বিদারণ; বিদীর্ণ অংশ ('চৌচির')

**চিরকুট ]** ছেঁড়া টুকরা (কাগজ ইঃ)

**চিরতা, চিরেতা, চিরাতা** [ < কিরাততিক্ত ] তিক্ত ওষধি বিঃ। (ঔষধ)

**চিরাগ** [ ফা ], **চেরাগ ]** প্রদীপ।

**চিরাগত** — চিরপ্রচলিত।

**চিরাচরিত** — চিরকাল আচরিত।

**চিরানো / চিরনো, চেরানো** [ < চিরা-১৩ ] বিদারণ করানো। ফাড়ানো।

**চিরাভ্যস্ত** — বহুকাল হইতে অভ্যস্ত।

**চিরায়ত** — উৎকর্ষহেতু সুপ্রতিষ্ঠিত ও চিরস্থায়ী, classical ('— সাহিত্য')

**চিরায়ু** [ < -য়ুঃ (-য়ুস্ ], **চিরায়ুষ্মান্** (-ষ্মৎ) — অমর। দীর্ঘজীবী। ... স্ত্রী. **-ষ্মতী।** — (লক্ষণায়) আজীবন সধবা।

**চিরুনি ]** চুল আঁচড়াইবার কাঁকুই বিঃ।

**চিল** [ < চিল্লী ] মাংসাশী পাখি বিঃ।

**চিলম্‌চি** [ হি ] হাত মুখ ধুইবার গামলা।

**চিলা / চিলে ]** ছাদের উপরে ঘর (প্রায় সিঁড়ির উপরে। '— ঘর, — কোঠা'। 'চিলা ছাদ' — চিলা ঘরের ছাদ)

**চিল্ল** — চিল। **চিল্লানো ]** — চিলের মত চীৎকার।

**চিঁহি চিহিঁ ]** ঘোড়ার ডাক, হ্রেষা।

**চিহ্ন**—রেখা, দাগ ('স্বস্তিক-, ক্ষত-')। ছাপ ('পদ-')। চিনিবার জন্য সাংকেতিক লিখন, "চেন্না" ('— দেওয়া')। লক্ষণ ('মূর্খতার —')। নিদর্শন। অভিজ্ঞান। স্মারক। সংকেত, ইশারা। ... ণ. **চিহ্নিত।**

**চীৎকার** (চিৎকার দেখ)

**চীন** — এশিয়ার পূর্বস্থ দেশ বিঃ। ( ঃ চৈন, চৈনিক)। ... **চীনাংশুক** — চীন-

দেশজাত রেশমী বস্ত্র।

**চীনা ১ / চীনে**] চীন দেশের লোক। চৈনিক, চীনদেশজাত অথবা যাহার আদিভূমি চীনদেশ ('—সিঁদুর। -বাদাম, -মাটি')।—**চীনামাটি**] সাদা মাটি বিঃ। china-clay.

**চীনা ২**] শ্যামা-জাতীয় ক্ষুদ্র ধান্য বিঃ।

**চীবর, চীর** — সন্ন্যাসীর পরিধেয় বস্ত্রখণ্ড, কৌপীন বল্কল ইঃ ('-ধারী')। নেকড়া।

**চীর্ণ** — ছিন্ন, খণ্ডিত। বিদীর্ণ। **চীর্ণ-পর্ণ** — নিমগাছ।

**চুঁইচুঁই**] অনুকারশব্দ ('আগুনে জল, খিদেয় পেট — করছে')

**চুক** [হি] ভুল। ত্রুটি ('ভুল-')

**চুকচুক** (চকচক দেখ)

**চুকলি** [ফা. চুগল] আড়ালে নিন্দা, লাগানি। ('—খাওয়া'—চুকলি করা)। ... **চুকলিখোর**] যে চুকলি করে।

**চুকা ১ / চুকো** [< চুক্র] টক, অম্ল। ('-পালম' — অম্ল শাক বিঃ)

**চুকা ২ চোকা** [√ চুক্-১০] সমাপ্ত হওয়া, অপগত হওয়া ('হাঙ্গামা, আপদ —')। শেষ করা, মিটাইয়া ফেলা; নিষ্কৃতি পাওয়া ('সমস্ত করিয়া চুকিয়াছি')। ... **চুকানো / চুকনো, চোকানো** [√ চুকা-১৪] পরিশোধ করা ('হিসাব —')। শেষ করা, মিটানো ('আপদ, ঝগড়া—')

**চুকানীদার**] — জোতজমিতে স্বত্বহীন প্রজা।

**চুক্তি**] শর্ত, কড়ার। ('—করা। -ভঙ্গ')। নিষ্পত্তি।

**চুক্তিনামা** — রফা নিষ্পত্তির প্রতিশ্রুতি পত্র।

**চুঙ্গ / -ঙি**] ছোট চোঙা। [হি] আমদানি-রপ্তানির উপর মাসুল।

**চুঙ্গী** — (চুঙ্গি দেখ)।

**চুচুক** — স্তনের বোঁটা।

**চুচুকৃত** — চুম্বনের শব্দ।

**চুঞ্চু** — বিশেষজ্ঞতা বুঝাইতে তদ্ধিত-প্রত্যয় বিঃ (ন্যায়চুঞ্চু)।

**চুঁছি**] — দুই আঙুলের চিমটিতে যতটা খুঁটিয়া তোলা যায়।

**চুটকি**] ষ্য. পায়ের আঙুলের জন্য ঝুমকোদেওয়া আংটি। তুড়ি। চিমটি ('এক—নুন')। টিকি (অশিঃ। 'চৈতন —')। ণ. তুচ্ছ, লঘু, চটুল ('—সাহিত্য')

**চুটানো / চুটনো** [√ চুটা-১৪] শক্তি প্রয়োগ করা ('চুটিয়ে কাজ করা')

**চুড়ি** [< চূড়া] হাতের গহনা বিঃ (সরু বালার তুল্য। চওড়া হইলে — চুড়])। ... **চুড়িদার**] সরু ও কোঁচকানো ('—আস্তিন, পায়জামা')

**চুড়ো** (চূড়া দেখ)

**চুন** [< চূর্ণ] ক্ষার বিঃ (ঘুটিং পাথর শামুক ঝিনুক ইঃ পুড়াইয়া তৈয়ারী)। ... **চুনকাম**] চুনগোলা জলের প্রলেপ ('—করা')। ... **চুনারী / চুনুরী**] যে চুন তৈয়ারি করে।

**চুনট** (চুনাট দেখ)

**চুনা ১** [√ চুন্-১০] চয়ন করা, বাছিয়া লওয়া। ('চুনিয়া' ভিন্ন অন্য রূপ প্রাঅপ্রঃ)

**চুনা ২ / চুনো**] ছোট (মাছ)। **চুনাপুঁটি**] — লক্ষ্যার্থে নগণ্য ব্যক্তি।

**চুনা ৩**] — যাহাতে চুন আছে (— মাটি, পাথর)

**চুনাট / চুনট**] ষ্য. কোঁচকানো, কোঁচানো ('— করা কাপড়')

**চুনি, -নী** [< শোণী] লাল রঙের মণি বিঃ, পদ্মরাগ, মাণিক্য, ruby.

**চুন্‌রি** [ হি. চুন্‌রী ] রঙিন কাপড় ('— শাড়ি')

**চুপ** ] নীরব। ('— করা' — চুপ হওয়া, কথা থামানো)। (§ **চুপি, চুপে চুপে**)। ... **চুপচাপ** ] নিঃশব্দে। ... চুপ, চোপ ] চুপ কর, কথা কহিও না। গোল করিও না। **চুপটি ক'রে** ] নীরবে।

**চুপড়ি, চুবড়ি** ] ছোট ঝুড়ি। ধামা ('সিঁদুর-')

**চুপসা** (চোপসা দেখ)

**চুপসানো / চুপসনো, চোপসানো** [ √ চুপ্‌সা-১৯ ] চোপসা হইয়া যাওয়া। শোষিত ও বিস্তৃত হওয়া ('ব্লটিং কাগজে কালি —')

**চুপি** ] নীরবতা। গোপন। ... **চুপি চুপি** ] খুব আস্তে, অতি মৃদুস্বরে, ফিসফিস করিয়া ('— কথা')। অন্যের অগোচরে ('— পালানো')

**চুপে চুপে** ] চুপি চুপি (দেখ)

**চুবক** — চুয়া।

**চুবানো / চুবনো, চোবানো** [ √ চুবা-১৪ ] জলে ডোবানো, বুড়ানো ('কাপড় জলে —')। ... ষ্য. **চুবানি, চুবন / চোবানি, চুবনি** ] ('নাকানি-চোবানি')

**চুমকি** ] সোনালী রুপালী ছোট ছোট চাকতি (শাড়ি ইঃতে বসানো হয়)। ছোট, চুমুক দিবার উপযুক্ত ('— ঘটি')

**চুমকুড়ি** ] চুম্বনের মতন শব্দ ('পাখিকে — দেওয়া')

**চুমরানো / চুমরনো** [ √ চুম্‌রা-১৯ ] কাজ হাসিল করিবার জন্য চাটুবাক্য বলা। পাকানো ('গোঁপ —')

**চুমরি** ] যে কোষের ভিতর নারিকেল ফলে।

**চুমা / চুমো, চুমু** ] < চুম্বন ('— খাওয়া, দেওয়া'। পদ্যে ক্রি. 'চুমিল')

**চুমারি** — বটের ঝুরি। শাখামূল।

**চুমুক** ] পাত্রে ঠোঁট ঠেকাইয়া জল ইঃ পান ('— দেওয়া। এক —')

**চুম্বক** — অয়স্কান্ত প্রস্তর; চুম্বকধর্মী ইস্পাত (লৌহ আকর্ষণ ও দিক্ নির্ণয় করে। '-শলাকা')। (বাং) সংক্ষিপ্তসার ('পুস্তকের —')। ( § চৌম্বক)

**চুম্বন** — চুমা, ঠোঁট ঠেকানো ('মুখ-, কর-'। পদ্যে ক্রি. 'চুম্বিল')। ... **চুম্বিত** — যাহাকে চুম্বন করা হইয়াছে। স্পৃষ্ট ('সাগর-')। ... **চুম্বী** (-ম্বিন্) — স্পর্শী ('গগন-')

**চুয়া** ] ধুনা ইঃ চুয়াইয়া তৈয়ারী সুগন্ধ নির্যাস।

**চুয়ানো / চুয়নো, চোয়ানো** [ √ চুয়া-১৪। < চ্যু ] ক্ষরিত করা বা হওয়া, বিন্দু বিন্দু করিয়া ফেলা বা পড়া ('কলসীটা চোয়াচ্ছে। কলসী থেকে জল —')। বকযন্ত্র দ্বারা পাতিত করা, চোলাই করা ('মদ —')। ণ. যাহা চুয়াইয়া পড়িয়াছে। চোলাই করিয়া প্রস্তুত। ... ষ্য. **চুয়ানি** ]

**চুয়াত্তর** ] — ৭৪।

**চুয়ান্ন** ] — ৫৪।

**চুয়াল্লিশ** ] — ৪৪।

**চুর, চূর** ] < চূর্ণ, গুঁড়া ('লোহা-')। বিহ্বল ('নেশায় — হওয়া')। ... **চুর-মার** ] চূর্ণ ও নষ্ট।

**চুরি** ] < চৌর্য, অপহরণ। গোপন ('— করিয়া দেখা')। ... **চুরিচামারি** ] চুরি জুয়াচুরি ইঃ দুষ্কর্ম।

**চুরানব্বই** ] — ৯৪

**চুরাশি** ] — ৮৪

**চুরুট, চুরট** [ তামিল — শুরুট্টু ] ধূম-পানের জন্য তামাকপাতার পাকানো বাতি।

**চুর্মা** ] — সুজির লাড়ু।

**চুল** [ < চূল ] কেশ। ('— ওঠা') — কেশ উদ্‌গত হওয়া অথবা পড়িয়া যাওয়া। '— খোলা' — কবরী উন্মুক্ত করা। '— রাখা' — চুল বাড়িতে দেওয়া)। ... **চুলচেরা** ] অতি সূক্ষ্ম ('— ভাগ, বিচার')। ... **চুলাচুলি / চুলো-** ] পরস্পরের চুল টানা, কেশাকেশি।

**চুল**—(লক্ষ্যার্থে) সামান্য পরিমাণ (একচুল, চুলমাত্র)

**চুলকনা, -কনি, -কুনি** ] কণ্ডূরোগ। কণ্ডূয়ন। ... **চুলকানো / চুলকনো** [ √ চুল্‌কা-১৯ ] কণ্ডূয়ন করা, নখ দিয়া আঁচড়ানো।

**চুলবুল** ] চাঞ্চল্যপ্রকাশ ('— করা')। ... **চুলবুলে** ] চঞ্চল, স্থির থাকিতে অক্ষম। ... ষ্য. **চুলবুলানি / -বুলনি, -বুলুনি** ]

**চুলা / চুলো** ] < চুল্লা, চুল্লী, উনান। ('চুলোয় যাও')।

**চুলি** ] — চিতা।

**চুলুক** ] গণ্ডূষ। **চুলুকিত** — গণ্ডূষে পীত।

**চুল্লী, চুল্লি, চুল্লা** — চুলা।

**চুষি ১** ] শিশুর চুষিবার খেলনা, চুষিকাঠি। রবারের চুচুক।

**চুষি ২** ] — একরকম পিষ্টক।

**চূড়** ] — হাতের গহনা, বড় আকারের চুড়ি। (রতন —)

**চূড়-চূড়** — মাথায় মাথায়। এমন ভাবে ভরতি যে সামান্য যোগ দিলেই পড়িয়া যাইবে। (পাত্রভরা ধান, চাল, দাল, চিনি লবণ ইত্যাদি সম্বন্ধে প্রযোজ্য।)

**চূড়া — চুড়ো** ] পর্বতশিখর; মন্দিরাদির শীর্ষ। মুকুট। ঝুঁটি, টিকি। শ্রেষ্ঠ, প্রধান। ভূষণ। ... **চূড়াকরণ, -কর্ম** — মস্তকমুণ্ডন, সংস্কার বিঃ। ... **চূড়ান্ত** — ষ্য. পরাকাষ্ঠা, শেষ সীমা। ণ. চরম। ... **চূড়ামণি** — শিরোমণি, মুকুটের মধ্যমণি। পণ্ডিতের উপাধি বিঃ। **চূড়ামণিযোগ** — গঙ্গাস্নানের একটি মহাযোগ। (রবিবারে সূর্য গ্রহণ কিংবা সোমবারে চন্দ্রগ্রহণ হইলে এই যোগ হয়)।

**চূত** — আম্র। ... **চূতমঞ্জরী** — আমের মুকুল।

**চূর** (চুর দেখ)

**চূর্ণ** — গুঁড়া, চুর। নষ্ট ('দর্প —')। চুন। ... **চূর্ণকুন্তল** — অলক, কুঞ্চিত কেশ, চুলের ঝাপটা।

**চূর্ণক** — টীকাটিপ্পনী ভাষ্য ইত্যাদির সংযোগে সুব্যাখ্যাত পুস্তক।

**চূর্ণন** — ষ্য. গুঁড়া করা। (পদ্যে ক্রি. 'চূর্ণিল')। ... ণ. **চূর্ণিত**। ... **চূর্ণনীয়** — গুঁড়া করিবার যোগ্য। ... **চূর্ণীকৃত** — যাহা গুঁড়া করা হইয়াছে। ... **চূর্ণীভূত** — যাহা গুঁড়া হইয়াছে।

**চূর্ণিকা** — ছাতু

**চূর্ণী** — টীকা। পশ্চিম বঙ্গের নদী বিঃ।

**চূষণীয়, চূষ্য** — চুষিয়া খাইবার যোগ্য।

**চূষিত** — যাহা চোষা হইয়াছে।

**চেক ১** [ ই ] ছক, চৌখুপি ('— র‍্যাপার। -কাটা')

**চেক ২** [ ই ] টাকা দিবার আদেশপত্র। ('— কাটা' — চেক লেখা)

**চেকদাখিলা** ] — জমিদারির যে দাখিলা-পত্রে জমির স্বত্ব, মালিক ও প্রজার নাম-ধামাদি লিখিত থাকে।

**চেকমুড়ি** ] — চেকের যে অর্ধাংশ চেক-বইএ থাকিয়া যায়।

**চেকনাই** (চিকনাই দেখ)

**চেংগারি / চেঙারি** (চাংগারি দেখ)

**চেঁচাড়ি** (চাঁচাড়ি দেখ)

**চেঁচানো** [ √ চেঁচা-১১ ] চিৎকার করা। ... ষ্য. **চেঁচানি** ]। ... **চেঁচামেচি, -মিচি** ] চিৎকার ও গণ্ডগোল।

**চেটাই** ] (চাটাই দেখ)

**চেটালো** ] — চওড়া।

**চেটী, চেড়ী** — অন্তঃপুররক্ষিণী। দাসী।

**চেটো ১** ] করতল বা পদতল, তেলো।

**চেটো ২** ] — কিশোরী, নবযুবতী।

**চেতঃ (চেতস্)** — চিত্ত, মন। (সমাসে — উদারচেতা, লঘুচেতা)

**চেতক** — চেতনকারী, উদ্‌বোধক।

**চেতন** — ণ. চৈতন্যযুক্ত, সংজ্ঞাবিশিষ্ট; প্রাণযুক্ত ('— পদার্থ')। ষ্য. চৈতন্য, সংজ্ঞা ('সচেতন')

**চেতনা** — চৈতন্য (দেখ)। সজ্ঞান অবস্থা।

**চেতা** [ √ চেত্-৫ ] চেতনা পাওয়া। জাগা। জ্ঞানলাভ করা। সতর্ক হওয়া। ... **চেতানো** [ √ চেতা-১১ ] চেতনা-সম্পাদন করা। জাগানো। জ্ঞান দেওয়া। সতর্ক করা।

**চেদি** — প্রাচীনরাজ্য বিঃ। **চেদিরাজ** — শিশুপাল।

**চেন** [ ই ] শিকল ('ঘড়ির —')

**চেনা** [ √ চিন্-৯। < চিহ্ন ] পরিচিত বলিয়া জানা ('অমুককে চিনি')। দোষ-গুণ বোঝা ('জিনিস, মানুষ —')। পরিচয় করা ('একে চিনে রাখ')। জানা। ণ. পরিচিত, জানা ('— লোক')

**চেনাশোনা** ] — আলাপ-পরিচয়।

**চেনানো** (চিনানো দেখ)

**"চেন্না"** ] < চিহ্ন।

**চেপটা, চ্যাপটা** ] থেবড়া, চওড়া ও অনুচ্চ ('— সন্দেশ, নাক')। পিষ্ট, চাপ দ্বারা প্রসারিত। ... **চেপটানো** [ √ চেপ্‌টা-১৭ ] চাপ দিয়া প্রসারিত করা। পিষ্ট করা।

**চেয়** — চয়নীয়, চয়নযোগ্য।

**চেয়াড়ি**—বাঁশের চোঁচ, ছুরিরূপে ব্যবহৃত।

**চেয়ার** [ ই ] ঠেস দিয়া বসিবার উচ্চ আসন বিঃ, কেদারা, কুর্সি।

**চেয়ে, চাইতে** ] অপেক্ষা ('তার —')

**চেরপাকি** ]—নষ্টামি, দুরন্তপনা, ধৃষ্টতা।

**চেরা** [ √ চির্-৯ ] বিদারণ করা। লম্বা-লম্বি কাটা, ফাড়া ('কাঠ, কাপড়, পটোল —')। ছিন্ন করা, ফাঁক করা ('বুক, ফোড়া, চোখ —') ণ. বিদীর্ণ।

**চেরাই** ] কাঠ চিরিবার মজুরি।

**চেরাগ** (চিরাগ দেখ)

**চেরানো** (চিরানো দেখ)

**চেল** — পরিধেয় বস্ত্র (ধুতি, শাড়ি)। (§) **চেলাঞ্চল** — শাড়ীর আঁচল)।

**চেলা** ] শিষ্য, শাগরেদ। ছোট মাছ বিঃ। ফাড়া কাঠ।

**চেলানো** [ √ চেলা-১১ ] কুড়ুল দিয়া ফাড়া, চেলা করা ('কাঠ —')

**চেলী** — পট্টবস্ত্র। বিবাহাদিতে পরিধেয় রেশমী কাপড় বিঃ।

**চেষ্টক** — যে চেষ্টা করে।

**চেষ্টন** — চেষ্টা করণ।

**চেষ্টমান** — চেষ্টাশীল, সচেষ্ট।

**চেষ্টা** — অভীষ্টসাধনের নিমিত্ত যত্ন ('-রহিত, -শীল, -শূন্য, -হীন। চেষ্টান্বিত')। শারীরিক ক্রিয়া। ... **চেষ্টিত** — ণ. সচেষ্ট। যে বিষয়ের নিমিত্ত চেষ্টা করা হইয়াছে। ষ্য. চেষ্টা। ... **চেষ্টিতব্য** — চেষ্টাযোগ্য।

**চেহারা** [ ফা. চিহ্‌রহ্ ] মূর্তি, রূপ।

**চৈত** ] < চৈত্র। (চৈতালী)

**চৈতন** [ < চৈতন্য ] টিকি।

**চৈতন্য** — চেতনা, সংজ্ঞা, অনুভূতি, সাড়, জীবনের লক্ষণ। হুঁশ, জ্ঞান। জাগরণ।

প্রাণ, জীবন। প্রকৃত অবস্থা সম্বন্ধে জ্ঞান ('বিপদে পড়লে — হবে')। চৈতন্যদেব, গৌরাঙ্গ। (বাং) টিকি, চৈতন। ... **চৈতন্যচরিতামৃত** — শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী রচিত শ্রীচৈতন্যদেবের জীবন-চরিত ও বাণী। ... **চৈতন্যোদয়** — জ্ঞানের উন্মেষ।

**চৈতালী** ] চৈত্র মাস সম্বন্ধীয় বা -জাত।

**চৈতী** ] — চৈত্রমাসে জাত বা প্রচলিত (— ফসল, — হওয়া)

**চৈত্ত, চৈত্তিক**—চিত্ত সম্বন্ধীয়।

**চৈত্য** — ষ্য. বৌদ্ধ মঠ। মন্দির, পূজাস্থান। বেদী। যে মন্দিরে চিতাভস্ম অস্থি ইঃ রক্ষিত হয়। পবিত্র বৃক্ষ। ণ. চিতা সম্বন্ধীয়।

**চৈত্র** — চৈত, বাংলা সনের শেষ মাস। ... ণ. **চৈত্রী** ]

**চৈত্ররথ** — যক্ষপুরীর প্রমোদোদ্যান।

**চৈত্রী** — চৈত্রপূর্ণিমা।

**চৈন, চৈনিক** — চীনদেশ সম্বন্ধীয় বা -জাত। চীনদেশবাসী।

**চোঁ** ] বেগসূচক ('— ক'রে দৌড়নো। চোঁচোঁ ক'রে জল খাওয়া, শুখনো')। ... **চোঁচা** ] অতিবেগ ('— দৌড়')

**চোক** ] চার পণ, সিকির চিহ্ন (।০ ।।০ ৸০)

**চোকল** ] শস্যের ভুসি।

**চোকলা** ] খোসা। পাতলা টুকরা, চাকলা।

**চোকা, চোকানো** (চুকা ২ দেখ)

**চোখ** ] < চক্ষু। ('চোখ ওঠা' — চোখের রোগ বিঃ। '— টাটানো' — ঈর্ষা হওয়া। '— টেপা, ঠারা' — চোখ নাড়িয়া ইশারা করা। '— ফোটা' — চক্ষু উদ্‌গত হওয়া, যথা-পশুশাবকের। প্রকৃত অবস্থা বোঝা। '— রাঙানো' — রাগ দেখানো। 'চোখে ধূলা দেওয়া' — ঠকানো। 'চোখের পর্দা' — নেত্রপল্লব, ব্যঙ্গে — লজ্জা। 'চোখের বালি' — চক্ষুর অপ্রীতিকর, চক্ষুশূল)। দৃষ্টি, নজর ('— রাখা। মন্দ চোখে দেখা')। পত্র-কোরক, leaf bud ('আনারসের —'।) (§ চোখো)। ... **চোখখাকী** ] — গ্রাম্য মেয়েদের মধ্যে প্রচলিত গালি বিঃ (দৃষ্টিশক্তি নষ্ট হউক এইরূপ অভিশাপ।) ... **চোখগেল** ] — পক্ষী বিঃ — যাহার ডাককে 'চোখ গেল' — এইরূপ একটা শব্দ মনে হয়।

**চোখা** [ < চোক্ষ ] তীক্ষ্ণ, ধারাল ('— বাণ, কথা')। খাঁটী। ... **চোখালো** ] তীক্ষ্ণ স্বাদযুক্ত ('— রান্না')। তোখড়, চালাক, প্রগল্‌ভ ('— লোক')

**-চোখো** ] দৃষ্টিবিশিষ্ট ('এক-')

**চোগা** [ তু. চুগহ্ ] লম্বা ঢিলা জামা বিঃ।

**চোঙ্গা / চোঙা, চোঙ** ] নল। (**ছোট** — চুঙ্গি / -ঙি ])

**চোঁচ** [ < চোচ ] খোঁচ, কাঁটার মত শুঁয়া ('বাঁশের —')। < চঞ্চু, পাখির ঠোঁট।

**চোট** ] আঘাত, ঘা, কোপ ('পায়ে — লাগা। কুড়ুলের —। — দেওয়া, বসানো, মারা, লাগা')। জোর, শক্তি ('কথার, লাঠির, মন্ত্রের —')। বেগ, ধমক, প্রবাহ ('হাসির —')। ক্রোধপ্রকাশ ('— করা')। দফা, বার ('এক-')। ... **চোটপাট** ] কড়া, পরুষ ('— জবাব')

**চোটা** ] অত্যধিক সুদ।

**চোটানো** [ √ চোটা-১৫ ] কোপানো, কোদলানো।

**চোট্টা** [ হি ] চোর।

**চোতা, চোঁ-** [ < চ্যুত ] বাজে, রদী, ওঁচা ('— কাগজ')

**চোদ্দ** (চৌদ্দ দেখ)

**চোনা** ] গোমূত্র।

**চোপ ১** ] ষ্য. কোপ, ভারী ধারাল অস্ত্রের

আঘাত ('খাঁড়ার —। — দেওয়া, বসানো, মারা, লাগানো')

**চোপ ২** ] চুপ, চুপ কর, গোল করিও না ('— রও')

**চোপড়া** ] — ছোবড়া।

**চোপদার** [ ফা. চোব- ] আঁটাসোঁটাবাহী।

**চোপর** (চৌপর দেখ)

**চোপসা** ] (চুপসা বিরল) তোবড়া, বসা ('— গাল'।) ভিতরের রস বা বাতাস বাহির হইবার ফলে সংকুচিত ('— ফোড়া, ফুটবল')। ... **চোপসানো** (চুপসানো দেখ)

**চোপা, চোপরা** ] কড়া জবাব, তিরস্কার। মুখরতা। মুখ।

**চোবানো** (চুবানো দেখ)

**চোবে, চৌবে** ] < চতুর্বেদী, ব্রাহ্মণের উপাধি বিঃ।

**চোয়া** [ √চু-৪। < চ্যু ] ক্ষরিত হওয়া, বিন্দু বিন্দু করিয়া পড়া ('ছাদ হইতে জল চুইতেছে')। ... **চোয়ানো** (চুয়ানো দেখ)

**চোঁয়া** ] অল্প পোড়া ('— তরকারি')। ... **চোঁয়া ঢেকুর** ] অজীর্ণজনিত উদ্গার বিঃ, খইঢেকুর। ... **চোঁয়ানো** [ √ চোঁয়া-১৫ ] অল্প পোড়ানো।

**চোয়াড়** ] দুর্বৃত্ত নীচ জাতি। অসভ্য বর্বর।

**চোয়াল** ] মুখের ভিতর যে অংশে দাঁত থাকে, হনু।

**চোর** — যে চুরি করে, তস্কর। ... স্ত্রী. **চোরনী** ]। ... **চোরকাঁটা** ] ঘাস বিঃ (ফুলের শুঁয়া কাপড়ে আটকাইয়া যায়)। ... **চোরকুঠরি** ] গুপ্তগৃহ। ... **চোর-চোর** ] — একপ্রকার খেলা। ... **চোর-ছেঁচড়** ] — চোর এবং ঐ শ্রেণীর বদমায়েস।

**চোরা** ] গুপ্ত ('— পথ')। ... **চোরা, চোরাই** ] অপহৃত ('— মাল')। ... **চোরা-বালি** ] যে বালিতে নৌকা জন্তু ইঃ ডুবিয়া যায়।

**চোরা** ] — দুর্গাপ্রতিমার অসুর।

**চোরাগলি** ] — গলির ভিতর এঁদো গলি।

**চোরাগর্ত** ] — সাধারণতঃ তৃণাচ্ছন্ন থাকায় অথবা বালুকায় ঢাকা থাকায় যে গর্ত চোখে পড়ে না।

**চোরাগোপ্তা** ] — গুপ্ত থাকিয়া আঘাত।

**চোরিত** — অপহৃত।

**চোল** — দক্ষিণাপথের প্রাচীন দেশ বিঃ (তাঞ্জোরের নিকট)। কাঁচুলি। ঘাগরা।

**চোলক** — বর্ম।

**চোলিকা** — কাঁচুলি, নিচোল।

**চোলাই** ] বকযন্ত্রদ্বারা পাতন, চুয়ানো।

**চোষক** — যাহা চুষিয়া লয়।

**চোষণ** — চোষা, শোষণ। (§ চূষণীয়, চূষিত, চূষ্য)

**চোষা** [ √ চুষ্-১০। < চুষ্ ] মুখ দিয়া রস টানা। শোষণ করা।

**চোস্ত** [ ফা. চুস্ত্ ] পরিপাটি। সমতল, মসৃণ।

**চৌ-** ] < চতুঃ, চার ('চৌচির, চৌতলা')

**চৌক** (চক দেখ)

**চৌকস, -শ** ] < চতুষ্ক। যাহার চার দিকে নজর বা নানাপ্রকার অভিজ্ঞতা আছে, কার্যদক্ষ ('— লোক')

**চৌকা / চৌকো** ] < চতুষ্ক, চারকোনা। চার ফোঁটা চিহ্নিত তাস।

**চৌকা** ] — উনুন, চুলো।

**চৌকাঠ, চৌকাট** [ < চতুষ্কাষ্ঠ ] দরজার ফ্রেম যাহাতে কপাটের পাল্লা বসে।

**চৌকি** ] তক্তাপোশ। বেদী। চেয়ার। পাহারা ('— দেওয়া')। পাহারা-ওয়ালার ঘাটি। ... **চৌকিদার** ] যে পাহারা দেয়। ... ষ্য. **-রি** ]। ... ণ. **-রী** ]

**চৌকোণা** ] — চতুর্ভুজ। চারিটি কোণ যাহার।
**চৌখণ্ডী** — চৌপায়া।
**চৌখুপি** ] চৌকা খোপ, চেক। ... **চৌখুপী** ] চেক-কাটা ('— র‍্যাপার')। চার খোপ যুক্ত।
**চৌগুণ, -গুনা / -গুনো** ] < চতুর্গুণ।
**চৌগোঁপ্পা** ] যে দাড়ি দুই ভাগে চিরিয়া গোঁফের সহিত উপরে তুলিয়া দেওয়া হয়।
**চৌঘুড়ি** ] চার ঘোড়ার গাড়ি।
**চৌচাপট** ] চতুর্দিকের বিস্তার। সম-চতুর্ভুজ। ... **চৌচাপটে** ] চুটাইয়া, পূর্ণ-মাত্রায় ('— কাজ করা')
**চৌচালা** ] চার চাল বিশিষ্ট ঘর।
**চৌচাল্লা** ] — চার ভাগে ভাঙিয়া পড়া।
**চৌচির** ] চার খণ্ড। বহু খণ্ডে ভগ্ন, খণ্ডিত বা ছিন্ন।
**চৌঠ** ] — চতুর্থ।
**চৌঠা / -ঠো** [ < চতুর্থ ] মাসের চতুর্থ তারিখ।
**চৌতারা** ] — চারিতারের বাদ্যযন্ত্র। চত্বর।
**চৌতলা** ] < চতুস্তল, চারতলা (বাড়ি)
**চৌতাল** ] সংগীতের তাল বিঃ।
**চৌতিশা** ] — চৌত্রিশ অক্ষরের অনুপ্রাসে রচিত স্তব বা কবিতা। (প্রা-স)
**চৌথ** [ <চতুর্থ ] প্রজার উপস্বত্বের চতুর্থ ভাগ (রাজস্ব)
**চৌদশী** ] — চতুর্দশী।
**চৌদানি** ] — কানের গহনা বিঃ।
**চৌদিশ** ] — চারি দিক।
**চৌদোলা** ] — চতুর্দোলা।
**চৌদ্দ / চোদ্দ** ] চতুর্দশ, ১৪ অঙ্ক বা পরিমাণ।
**চৌধুরী** [ < চতুর্ধুরীণ ] সর্দার, মোড়ল, প্রধান। উপাধি বিঃ। ... স্ত্রী. **চৌধুরানী** ]
**চৌপট** ] সমতল।
**চৌপইয়া** ] — যে ছন্দে ৮ মাত্রার তিনটি পর্ব ও ৩ কিংবা চারিমাত্রার শেষ পর্ব থাকে।
**চৌপদী** ] <চতুষ্পদী, চার চরণ যুক্ত পদ্য। চারি পর্বের ছন্দ বিঃ।
**চৌপর, চো-** ] < চতুঃপ্রহর ('— দিন, রাত')
**চৌপল** ] চার পল বিশিষ্ট ('— বোতল')
**চৌপাড়ি, -বাড়ি** ] < চতুষ্পাঠী।
**চৌপায়া** ] চার পায়া বিশিষ্ট।
**চৌপালা** ] — চতুর্দোলা, চৌদোলা।
**চৌপাশ** ] — চারি ধার।
**চৌবাচ্চা** [ ফা. চাহ্‌বচ্চ ] জল রাখিবার চারকোণা কুণ্ড, হৌজ।
**চৌমাথা** ] চৌরাস্তা (দেখ)
**চৌমোহনা** ]—চারিটি নদীর সংগম স্থান। রাস্তার চৌমাথা।
**চৌম্বক** — চুম্বক সম্বন্ধীয়।
**চৌর** — চোর। ... **চৌর্য** — চুরি।
**চৌরস** ] < চতুরস্র, চারকোণা। সমতল। প্রশস্ত।
**চৌরাস্তা** ] যেখানে চার পথ মিলিয়াছে, চতুষ্পথ, চৌমাথা।
**চৌরী** ] — চারিচালার ঘর।
**চৌষট্টি** ] — ৬৪।
**চৌহদ্দি** ] চতুঃসীমা।
**চৌহান** — রাজপুত জাতির একটি শাখা।
**চ্যাঙ** — ন্যাটা জাতীয় মাছ।
**"চ্যাংড়া"** ] দায়িত্ববোধহীন বখা ছোকরা। ... ষ্য. **"চ্যাংড়ামি, -মো"** ]
**চ্যবন** — ঋষি বিঃ। **চ্যবনপ্রাশ** — কবিরাজী ঔষধ বিশেষ। কথিত আছে ঋষি চ্যবন তাহা সেবন করিয়া নবযৌবন লাভ করিয়াছিলেন।

**চ্যাপটা** (চেপটা দেখ)
**চ্যুত** — পতিত, ভ্রষ্ট ('হস্ত-, জাতি-')। বহিষ্কৃত ('কর্ম-')। ... ষ্য. **চ্যুতি।**

ছ

ছ (ছয় দেখ)
**ছই** [ < ছদি ] নৌকা গরুর গাড়ি ইঃর ছাদ, ছতরি।
**ছক** ] দাবা ইঃ খেলিবার ঘর-কাটা বস্ত্রখণ্ড ইঃ। ... **ছক-কাটা** ] রেখাদ্বারা চারকোণা ঘরে বিভক্ত। ... **ছকখেলা** ] — এক-প্রকারের জুয়াখেলা।
**ছকড়া-নকড়া**—অবজ্ঞার সহিত বেহিসাবী ব্যবহার। তুচ্ছতাচ্ছিল্য। নগণ্য।
**ছক্কড়** [ < শকট ] নিকৃষ্ট ঘোড়ার গাড়ি।
**ছক্কা** ] ছয় ফোঁটা চিহ্নিত তাস। অল্প খরচে আলুকুমড়া ইত্যাদির ব্যঞ্জন।
**ছট** — হিন্দুস্থানীদের পর্ব বিঃ।
**ছটকানো** [ √ছট্‌কা-১৭ ] বিক্ষিপ্ত হওয়া বা করা, ছিটকানো ('ছটকে পড়া')
**ছটকে** ] — ধারাপাতের শতকিয়া।
**ছটফট** ] অস্থিরতা প্রকাশ ('যন্ত্রণায় — করা, যাইবার জন্য —')। ... ণ. **ছটফটে** ] ... **ছটফটানি** ] — অস্থিরতা।
**ছটরা, ছররা** ] বন্দুকের ছিটেগুলি।
**ছটা** — কিরণ, দীপ্তি। সমূহ। পরম্পরা।
**ছটাক** [ <ষট্‌-টঙ্ক ] পাঁচ তোলা, ১/১৬ সের। ২০ বর্গ হাত, ১/১৬ কাঠা জমি।
**ছটাকে** — যাহার ওজন, পরিমাণ, শক্তি বা মূল্য যৎসামান্য। (— প্রাণ, — বুদ্ধি)
**ছড় ১** ] — চামড়া। আঁচড়।
**ছড় ২** ] বেহালা ইঃ বাজাইবার ছড়ি। সরু লম্বা দণ্ড, সিক ('লোহার —')
**ছড়া ১** [ < ছটা ] ছিটা ('গোবর — দেওয়া') গুচ্ছ, গাছা ('কলার — ; হার-')। মালা। গ্রাম্য কবিতা। ('— কাটা' — ছড়া আবৃত্তি বা রচনা করা) ... **ছড়াদার** ] কবির দলে যে মুখে মুখে ছড়া কাটে। ... **ছড়াহাঁড়ি** ] ঘর নিকানো অথবা গোবর জল ছিটানোর হাঁড়ি।
**ছড়া ২** [ √ছড়্‌-৫ ] আঁচড়াইয়া যাওয়া।
**ছড়ানো** ] — বিকীর্ণ। ইতস্ততঃ নিক্ষিপ্ত বা বিক্ষিপ্ত।
**ছড়াছড়ি** ] অযত্নে বহু দ্রব্যের বিক্ষেপ।
**ছড়ানো** [ √ ছড়া-১১ ] ছিটানো।
**ছড়ি** ] সরু লাঠি। ... **ছড়িদার** ] (মুঃ বেত্রধারী) পাণ্ডার অনুচর। ... **ছড়ি-বরদার** — রাজা বা জমিদারদের চোপ-ধার। নকিব।
**ছতরি** [ < ছত্র- ] ছই। মশারির ফ্রেম।
**ছত্র ১** — ছাতা, আতপত্র। (§ ছত্রী)
**ছত্র ২** [ আ. সত্‌র্‌ ] অক্ষরপঙ্‌ক্তি, লাইন ('দু — লিখে দাও')। < সত্র (দেখ)
**ছত্রক, ছত্রাক** — ছাতা, fungus. বেঙের ছাতা, শিলীন্ধ্র, mushroom.
**ছত্রপতি** — সম্রাট, রাজা। শিবাজীর উপাধি।
**ছত্রভঙ্গ** — ষ্য. দলের সংহতি নাশ (যথা পরাজিত সেনার)। অরাজকতা। (বাং) ণ. দলভ্রষ্ট, বিক্ষিপ্ত, ছোড়ভঙ্গ।
**ছত্রাকার** — ছত্রের তুল্য। (বাং) বিক্ষিপ্ত, ছড়ানো ('জিনিসপত্র — হ'য়ে থাকা')
**ছত্রিশ** ] — ৩৬। **ছত্রিশজাত** — নির্বিচারে বহু জাতের সমবায়।
**ছত্রী ১** (-ত্রিন্‌) — ছত্রধারী।
**ছত্রী ২** ] < ক্ষত্রিয়, জাতি বিঃ, খেত্রী।
**ছদ** — বৃক্ষপত্র ('সপ্তচ্ছদ')। আচ্ছাদন ('উত্তরচ্ছদ')। (§ ছন্ন)
**ছদি** — ছাদ, ছই।

**ছন** ] — ঘর ছাইবার উলুখড়।
**ছনছন** ] — জ্বালা।
**ছদ্ম** (ছদ্মন্) — ছল, কপট। ... **ছদ্মবেশ** — পরিচয় গোপনের উপযুক্ত বেশ। ... ণ. **ছদ্মবেশী** (-শিন্)
**ছন্দ ১** — অভিপ্রায়, বশতা ('স্বচ্ছন্দ')। ... **ছন্দানুবর্তী** — ইচ্ছানুগামী। বশংবদ।
**ছন্দ ২** [ < ছন্দঃ (ছন্দস্ ] পদ্যবন্ধ, পদ্য-রচনা। পদ্যের রচনাপ্রণালী। বেদ। (§ ছান্দস)। ... **ছন্দোদোষ** — ছন্দ রচনায় ত্রুটী। ... **ছন্দঃপাত, -পতন** — পদ্যের মাত্রার দোষ। ... **ছন্দোবন্ধ** — ছন্দে গ্রথিত। ... **ছন্দোবন্ধ** — ছন্দের পারিপাট্য, ছন্দের বাঁধুনী। ... **ছন্দো-মাধুর্য** — ছন্দের ঝংকারের জন্য রচনার মিষ্টতা।
**ছন্দানুগমন, -নুসরণ**—ইচ্ছানুসারে চলন।
**ছন্ন** — আচ্ছাদিত। প্রচ্ছন্ন। ... **ছন্নছাড়া** ] আশ্রয়হীন। ... **ছন্নমতি** — যাহার বুদ্ধিলোপ হইয়াছে, মোহগ্রস্ত। (অথবা ছন্নমতি [ < সন্নমতি ] ক্ষীণমতি) দুর্বুদ্ধি।
**ছবি ১** — দীপ্তি, শোভা, কান্তি ('রবি-চ্ছবি, মুখচ্ছবি')
**ছবি ২** [আ. শবীহ্ ] চিত্র, আলেখ্য, প্রতিমূর্তি।
**ছমছম** ] ভূত ইঃর ভয়ে দেহের বিকাব ('গা — করা')
**ছয়** ] ষ্য. < ষট্, ৬ অংক। ... **ছয় / ছ** ] ণ. ৬ পরিমাণ ('ছয় রাত্রি, ছ রাত')
**ছয়লাপ** [ ফা. সইল-আব ] ভাসাভাসি, প্লাবিত ('জিনিসপত্রে ঘর —')
**ছয়ুই** — মাসের ষষ্ঠ (দিবস)
**"ছরকট"** ] বিশৃংখলা ('কাজের —')
**ছরৎ** ] — শ্রমশক্তি, দৈহিক সামর্থ্য।
**ছর্দি, -দী** — বমি। (সর্দি অন্য শব্দ)
**ছররা** (ছটরা দেখ)
**ছল** — ষ্য. ছলনা, প্রতারণা ('ছলে বলে')। উপলক্ষ, ব্যপদেশ ('কথাচ্ছলে, ক্রীড়াচ্ছলে। স্তুতির ছলে নিন্দা')। ছুতা, ওজর ('রোগের — করা')। যুক্তি-দোষ; ত্রুটি ('— ধরা')। ণ. কপট। ... **ছলগ্রাহী** (-হিন্) — ছিদ্রান্বেষী। বাক্যদোষগ্রাহী। ... **ছলভরে** — ছলনা করিয়া।
**ছলচ্ছল** — ষ্য. তরঙ্গের শব্দ। ণ. উচ্ছলিত।
**ছলছল** ] ষ্য. তরঙ্গের শব্দ। অশ্রুর লক্ষণ প্রকাশ ('চোখ — করা')। ণ. অশ্রুপূর্ণ, সজল ('— চোখ')
**ছলন, ছলনা** — প্রতারণা, কপটতা। ... **ছলিত** — প্রতারিত।
**ছলা ১** ] < ছল, ছলনা ('-কলা')
**ছলা ২** [ √ ছল্-৫ ] ছলনা করা।
**ছলাৎ** ] হঠাৎ উথলাইবার শব্দ।
**ছা, ছাঁ** ] ছানা, বাচ্চা ('পাখির —')। ... **ছাপোষা** ] যাহাকে সন্তান পালন করিতে হয়।
**ছলিয়া** ] — ছলনাকারী। (প্রা-সা)
**ছল্লী** — ছাল, খোলস।
**ছাই** [ < ক্ষার ] ভস্ম, খাক। তুচ্ছ বিষয়, কিছুই নয়। জঞ্জালতুল্য হেয় বস্তু ('-পাঁশ, -ভস্ম। দূর ছাই')
**ছাঁই** ] — নারিকেল কোঁড়ার সহিত গুড়ের মিশ্রণে প্রস্তুত পিঠার পুর।
**ছাঁইচ** ] — (ছাঁচ দেখ)
**ছাঁইচতলা** — চালের জল যেখানে গড়াইয়া পড়ে।
**ছাউনি** [ <-ছাদনী ] চাঁদোয়া। আচ্ছাদন। শিবির, সেনানিবাস।
**ছাওয়া** [ √ ছাহ্-৮। < ছদ্ ] আচ্ছাদন করা, ঢাকা ('ঘরের চাল, চেয়ার, মেঘে আকাশ —')। ণ. আচ্ছাদিত। ...

**ছাওয়ানো** [ √ ছাহা-১২ ] আচ্ছাদিত করানো ('ঘর —')

**"ছাওয়াল, ছাবাল"** ] (প্রাদেশিক) অল্প-বয়স্ক, শিশু। সন্তান, ছেলে। শাবক।

**ছাঁক** ] — সুযোগ, অবসর।

**ছাঁকনা, ছাঁকনি** ] ছাঁকিবার পাত্র। ছাঁকিয়া তোলার জন্য ছিদ্রযুক্ত হাতা। চালনী (বিরল)

**ছাঁকা** [ √ছাঁক্-৭ ] কাপড় জাল ইঃ দ্বারা তরল দ্রব্যের সহিত মিশ্রিত কঠিন দ্রব্য বা ময়লা পৃথক্ করা। চালা, গুঁড়া পৃথক্ করা। ণ. যাহা ছাঁকিয়া শোধিত বা পৃথক্ করা হইয়াছে। ('— দুধ, গুঁড়া')। খাঁটী, নির্বাচিত ('— কথা')। ('— তেলে ভাজা' — ছানতা ব্যবহার করা যায় এত তেলে ভাজা)। ... **ছেঁকে ধরা** ] অনেকে মিলিয়া ব্যতিব্যস্ত করা ('পাওনাদারে —')

**ছাঁকাই** ] — নির্বাচন।

**ছাগ, ছাগল** — পাঁঠা, অজ। ... স্ত্রী. **ছাগী, ছাগলী**।

**ছাঁচ** [ < সঞ্চ ] যাহাতে চাপিয়া বা ঢালিয়া কোনও বস্তু নির্দিষ্ট আকারে গড়া যায় ('পুতুলের —')। ছাঁচ দিয়া গড়া জিনিস ('ক্ষীরের —')। সাদৃশ্য, প্রতিকৃতি। চালের প্রান্ত যাহা গৃহভিত্তির বাহিরে থাকে ('-তলা')

**ছাঁচি** [ < সত্য ]। ... **ছাঁচি কুমড়া** ] দেশী বা চাল কুমড়া। **ছাঁচি পান** ] সুগন্ধ পান বিঃ। ... **ছাঁচি বেত** ] সরু বেত।

**ছাট** [ < ছটা ] বায়ুতাড়িত জলের ছিটা ('বৃষ্টির —')

**ছাঁট** ] টুকরা, বর্জিত খণ্ড, কর্তিত অংশ, ('কাগজের —')। ছাঁটিবার প্রণালী ('চুলের —')

**ছাঁটকাট** — দর্জির কাজে পারিপাট্য।

**ছাঁটা** [ √ছাঁট্-৭ ] কাটিয়া ছোট করা বা বাদ দেওয়া ('চুল —। ছেঁটে ফেলা')। কাঁড়া ('চাল — ')। ণ. (উক্ত সকল অর্থে)। ... ষ্য. **ছাঁটাই** ]

**ছাঁটছুট** ] — ঝরতিপড়তি। বাদসাদ।

**ছাঁটাই** ] — ধান হইতে চাউল তৈরী। ছাঁটিবার খরচ। অপসারণ, সংখ্যা-সংকোচ।

**ছাটামো** — খড়ো ঘরের চালের কাঠামো তৈরি করা।

**ছাড়** ] ত্যাগ। মুক্তি। মুক্তি বা গমনের অনুমতি ('-পত্র')। বাদ পড়া।

**ছাড়া** [ √ ছাড়্-৭ ] ত্যাগ করা ('হাত, চাকরি, সঙ্গ, মদ —')। বদলানো ('কাপড় —')। যাত্রা আরম্ভ করা ('দিল্লি ছেড়েছেন')। খুলিয়া যাওয়া ('জোড় —')। দূর হওয়া ('জ্বর, শনি —')। মুক্ত করা ('গলা —। ছেড়ে দেওয়া')। নিষ্কৃতি দেওয়া ('নাকাল ক'রে —')। বাদ দেওয়া ('ছেড়ে কথা কওয়া')। ণ. ব্যতীত, বহির্ভূত ('এ —। সৃষ্টি-')। বর্জিত ('লক্ষ্মী-')। ত্যাগী ('দেশ-')। ষ্য. মুক্তি ('— পাওয়া')। ... **ছাড়াছাড়ি** ] বিচ্ছেদ। ... **ছাড়ান** ] উদ্ধার, মুক্তি, নিষ্কৃতি। ... **ছাড়ানো** [ √ ছাড়া-১১ ] মোচন বা ত্যাগ করানো ('হাত, আফিম —')। উদ্ধার বা খালাস করা ('জেল থেকে —')। তাড়ানো ('ভূত, চাকর —')। খোসা ছাল ইঃ বাদ দেওয়া ('ফল —')। ণ. মুক্ত। খোসা ইঃ বর্জিত।

**ছাড়া** ] — (অনুসর্গ) — বিনা, বই, বাদে।

**ছাড়াছাড়া** ] — বিক্ষিপ্ত, পৃথক পৃথক।

**ছাত** [ < ছত্র ] ছাদ (দেখ)

**ছাতলা** ] ছাতা, fungus, mould. শেওলা। ('— ধরা, পড়া')

**ছাতা ১, ছাতি** ] < ছত্র ১।

**ছাতা ২** ] < ছত্রক ('— ধরা, পড়া')। বেঙের ছাতা।

**ছাতার, ছাতারে** ] পাখি বিঃ।

**ছাতি** ] বুক। < ছত্র ১। **ছাতিফাটা** ] —হৃদয়বিদারক।

**ছাতিম** ] গাছ বিঃ, সপ্তপর্ণ।

**ছাতু** ] < শক্তু, ভাজা যব ছোলা ইঃর গুঁড়া। ... **ছাতুখোর** ] যাহার প্রধান খাদ্য ছাতু, হিন্দুস্থানী (ব্যঙ্গে)

**ছাত্র** — শিক্ষার্থী, পড়ুয়া। স্কুল কলেজ টোল ইংতে যে পড়ে। শিষ্য। ... স্ত্রী. **ছাত্রী** ]। ... **ছাত্রপাঠ্য** — ছাত্রগণের পাঠের উপযোগী। **ছাত্রবৃত্তি** — যোগ্য ছাত্রকে প্রদেয় অর্থসাহায্য, জলপানি।... **ছাত্রাবাস** — ছাত্রগণের বাসগৃহ।

**ছাত্রা** — শিক্ষার্থিনী।

**ছাদ** — গৃহাদির উপরের আচ্ছাদন, ছাত। ... **ছাদক** — যে আচ্ছাদন করে। ... **ছাদন** — আচ্ছাদন, আবরণ। ... ণ. **ছাদিত**।

**ছাঁদ** [ < ছন্দঃ ] গঠন, আকৃতি ('মুখের —')। প্রকার, ধরণ, ভঙ্গী। ('লেখার —। নানাছাঁদে')। (§ ছেঁদো)

**ছাঁদনদড়ি** ] দুধ দুহিবার সময় যে দড়ি দিয়া গরুর পা বাঁধা হয়।

**ছাঁদনাতলা, ছানলা-** ] যে ছায়ামণ্ডপ বা চাঁদোয়ার নীচে বিবাহ হয়।

**ছাঁদা** [ < ছাঁদ্-৭ ] বেষ্টন করা। পত্তন করা, ফাঁদা ('বাড়ি —')। ষ্য. নিমন্ত্রিত ব্যক্তি যে খাদ্য বাঁধিয়া লইয়া যায়।

**ছানতা** ] সচ্ছিদ্র হাতা, ঝাঁঝরি।

**ছানা ১** ] বাচ্চা, শাবক। **শিশু**। ... **ছানাপোনা** — কাচ্চাবাচ্চা।

**ছানা ২** ] দুধ ছিঁড়িয়া যে পিণ্ডাকার বস্তু উৎপন্ন হয়, তক্রপিণ্ড। ('— কাটা' — ছানা হওয়া বা প্রস্তুত করা)

**ছানাবড়া** ] — ছানা দিয়া তৈয়ারী পক্বান্ন বিঃ।

**ছানা ৩** (সানা দেখ)

**ছানি ১** [ < ছাদনী ] দৃষ্টির হানিকর নেত্ররোগ বিঃ, ('চোখে — পড়া')

**ছানি ২** [ < শানী ] ইঙ্গিত, সংকেত ('হাত-')

**ছানি ৩** ] গরুর জাব।

**ছানি ৪** [ আ. সানী ] দ্বিতীয়বার গোড়া হইতে মকদ্দমার বিচারের জন্য আবেদন।

**ছান্দস** — ছন্দঃসম্বন্ধীয়। বেদজাত।

**ছান্দোগ্য** — উপনিষদের অংশ বিঃ।

**ছাপ** ] মুদ্রণ ('সীলমোহরের, আঙুলের —')। চিহ্ন, দাগ ('রঙের, পাপের —')

**ছাপর** ] — খাটের উপরে (মশারির) চাঁদোয়া।

**ছাপরা** ] — খোলার ঘর ছাইবার জন্য খাপরা।

**ছাপা ১** ] চাপা, লুক্কায়িত, ঢাকা।

**ছাপা ২** [ √ছাপ্-৭ ] মুদ্রণ করা। ণ. মুদ্রিত। ... **ছাপা, ছাপাই** ] মুদ্রণ।

**ছাপাছাপি** ] ষ্য. সীমা অতিক্রমণ। ঢাকা-ঢাকি, গোপন। ণ. যাহা আধার পূর্ণ বা অতিক্রম করিয়াছে।

**ছাপানো** [ √ছাপা-১১ ] মুদ্রিত করানো। সীমা অতিক্রম করা, আধার প্লাবিত করা ('পুকুর —')

**ছাপ্পর** ] খোলার চাল।

**ছাবলা, ছে, ছ্যা-** ] লঘুস্বভাব, চপল, প্রগল্‌ভ। ... ষ্য. **-লামি, -লামো** ]

**ছাবাল** (ছাওয়াল দেখ)

**ছামনী** ] — বিবাহের সময়ে শুভদৃষ্টি।

**ছায়া** — কোনও বস্তুর দ্বারা আলোকরশ্মি রুদ্ধ হইলে যে প্রতিবিম্ব পড়ে, রৌদ্রের বা কিরণপাতের অভাব। প্রতিবিম্ব।

সাদৃশ্য, আভাস। অনিত্য রূপ। দীপ্তি ('রত্নচ্ছায়া')। সূর্যপত্নী। ... **ছায়াচিত্র** — সিনেমার ছবি। **ছায়াচ্ছন্ন** — ঘন-ছায়ায় আবৃত। **ছায়াতরু** — যে গাছের তলায় বেশী ছায়া পাওয়া যায়। ... **ছায়াদেহ, -রূপ** — রক্তমাংসাদিবর্জিত ছায়ার তুল্য রূপ। ... **ছায়ানট** — রাগিণী বিঃ। ... **ছায়াপথ** — শুভ্র-মেঘাকার বহুদূরস্থ নক্ষত্রপুঞ্জ বিঃ, আকাশগঙ্গা, যমের জাঙ্গাল, Milky Way. ... **ছায়াবাজি ]** — পটের উপর নিক্ষিপ্ত ছায়াচিত্র প্রদর্শন (ম্যাজিক লণ্ঠন ইঃ দ্বারা)। ... **ছায়ামণ্ডপ** — চাঁদোয়া। ছাঁদনাতলা।

**ছার** [ < ক্ষার ] তুচ্ছ, অধম, নগণ্য ('বাপকেই মানে না, আমরা কোন্ —')। মন্দ, পোড়া ('— কপাল')। ... **ছার-কপালী ]** — অভাগিনী, দুরদৃষ্টা। **ছারখার ]** ণ. উৎসন্ন ('— হওয়া')। ষ্য. ধ্বংস ('ছারখারে যাওয়া')

**ছারপোকা ]** মৎকুণ, শয্যাকীট।

**ছাল** [ < ছল্লি ] ত্বক্, খোসা, বল্কল ('গাছের —')। চামড়া ('বাঘের —')

**ছালট ]** — গাছের ছাল, বল্কল।

**ছালটি ]** শণ বা তিসি ইঃর ছালের সুতার বোনা কাপড়।

**ছালা ]** থলি, বস্তা।

**ছি ]** নিন্দা লজ্জা ঘৃণা ইঃ সূচক। ('ছি ছি করা' '— ধিক্কার দেওয়া। আধিক্যে — ছ্যা, ছ্যা ছ্যা)

**ছিঙুড়ি ]** — একপ্রকার মাছ। ন্যাটা।

**ছিঁচকা / -কে ]** হুঁকা ইঃর নলিচা সাফ করিবার লোহার কাঠি। ... **ছিঁচকে চোর ]** যে চোর ছোটখাটো জিনিস চুরি করে।

**ছিঁচকাঁদুনে ]** যে একটুতেই কাঁদে। ... স্ত্রী. **-কাঁদুনী ]**

**ছিট** [ < চিত্র ] ছিটা, ফোঁটা। নকশার ছাপ যুক্ত কাপড়। পাগলের চিহ্ন, বাতিক ('-গ্রস্ত')। টুকরা। অবশিষ্ট, শেষ ('কাজের —')

**ছিটকানো / ছিটকনো** [ √ছিট্‌কা-১৮ ] নিক্ষিপ্ত হওয়া, ঠিকরাইয়া পড়া ('ছিটকে পড়া')। ছিটানো ('জল —')

**ছিটকিনি ]** দরজা ইঃ বন্ধ করিবার ছোট হুড়কা।

**ছিটা / ছিটে ]** নিক্ষিপ্ত কণা, ছাট, ছড়া ('নুনের, জলের —')। ছিট, বিন্দু। তিলক। বন্দুকের ছটরা। নেশা করিবার গুলি (অশিঃ)। ... **ছিটাফোঁটা ]** দুই-এক ফোঁটা, ঈষৎ মাত্রা। বশীকরণের জন্য তিলক ইঃ।

**ছিটেবেড়া ]** — কঞ্চি ও ছেঁচা বাঁশের ঘন বেড়ার গায়ে কাদা লেপিয়া গড়া যে দেওয়াল।

**ছিটানো / ছিটনো** [ √ছিটা-১৩ ] ছড়ানো ('জল, নুন —')

**ছিদর ]** — ধূর্ত, শঠ।

**ছিদেম ]** — পাই, পয়সারও ক্ষুদ্রাংশ।

**ছিদ্র** — ছেঁদা, ফুটা, বিঁধ, রন্ধ্র। ত্রুটি, দোষ ('পরের -দর্শন। -দর্শী। ছিদ্রানুসন্ধান, ছিদ্রান্বেষণ, ছিদ্রান্বেষী')। ... **ছিদ্রিত** — ছিদ্রযুক্ত।

**ছিনভিনে** — রুচিবাতিকগ্রস্ত।

**ছিনা / ছিনে** [ < **ক্ষীণ** ] শীর্ণ, রোগা ('— গড়ন')। ... **ছিনে জোঁক ]** সরু জোঁক, যাহা কামড়াইলে সহজে ছাড়ে না (ব্যঙ্গে — নাছোড়বান্দা)

**ছিনানো / ছিননো** [ √ছিনা-১৩ ] কাড়িয়া লওয়া।

**ছিনাল ]** — পতিতা, ভ্রষ্টা, কুলটা।

**ছিনিমিনি ]** জলের উপর খোলামকুচি

চালাইয়া খেলা। বেহিসাবী খেয়ালমত টাকা খরচ করা।

**ছিন্ন** — ছেঁড়া, কর্তিত ('— বস্ত্র। -বাস, -মূল')। দূরীকৃত। ... **ছিন্নদ্বৈধ** — যাহার সংশয় দূর হইয়াছে। ... **ছিন্ন-ভিন্ন** — উচ্ছিন্ন ও বিক্ষিপ্ত। ... **ছিন্ন-মস্তা** — দশমহাবিদ্যার এক দেবী।

**ছিপ ১**] মাছ ধরিবার যন্ত্র বিঃ ('সরু বাঁশ ইঃতে সুতা ও বড়শি বাঁধা)

**ছিপ ২** [< ক্ষিপ্র] সরু দ্রুতগামী নৌকা।

**ছিপছিপে**] লম্বা ও পাতলা ('— গড়ন')

**ছিপানো / ছিপনো** [√ ছিপা-১৩] লুকানো।

**ছিপি**] কাক, শিশি ইঃর মুখ বন্ধ করিবার গোঁজ ('— আঁটা, দেওয়া, বন্ধ করা, খোলা')

**ছিবড়া / -ড়ে**] সার বাহির করিবার পর বা রস নিষ্কাশনের পর যাহা পড়িয়া থাকে, শিটা ('আকের —')

**ছিমছাম**] — শ্রীমন্ত, পরিচ্ছন্ন।

**ছিয়াত্তর**] — ৭৬। **ছিয়াত্তরের মন্বন্তর** — ১১৭৬ বাং সালের ভীষণ দুর্ভিক্ষ।

**ছিয়ানব্বই**] — ৯৬।

**ছিয়াশি** — ৮৬।

**"ছিরি"**] < শ্রী, লাবণ্য। রূপ। রঙিন পিঠালি দিয়া গড়া চূড়ার মত মাঙ্গলিক দ্রব্য বিঃ (বিবাহাদি শুভকার্যে)।

**ছিরিছাঁদ**] — শ্রীসৌষ্ঠব।

**ছিলকা / -কে** [হি] ছাল, খোসা।

**ছিলা / ছিলে** [< ছিল্লি] ধনুকের গুণ। কাপড়ের শেষে ঝালরের মত সুতা।

**ছিলিম** [হি. চিলম] তামাকের কলিকা। একছিলিমে যতটা ধরে (এক — তামাক)। ... **ছিলিমচি**] — হুঁকার অগ্রভাগ। হাত ধুইবার ধাতুপাত্র।

**ছুই** [ — একশ্রেণীর মাছ।

**"ছুকরী"**] নবযুবতী, কিশোরী, ছুঁড়ী। বালিকা। ... পুং. **ছোকরা**]

**ছুঁচ**] < সূচ, সূচী, যাহা দ্বারা বিঁধিয়া সেলাই করে, সীবনী।

**ছুঁচা / ছুঁচো**] < **ছুছুন্দরী**, গন্ধমূষিক, ইন্দুর-জাতীয় প্রাণী বিঃ, shrew. ... **ছুঁচোবাজি**] — এক রকমের আতশ-বাজি।

**ছুঁচালো / ছুঁচলো**] সূচীমুখ, সূক্ষ্ম তীক্ষ্ম মুখযুক্ত।

**ছুঁচিবাই** (শুচিবাই দেখ)

**ছুছুন্দরী** — (স্ত্রী) ছুঁচা।

**ছুট**] ছাঁট, পরিত্যক্ত অংশ ('— বাদ দেওয়া')। বাদ, বর্জন ('— যাওয়া') পরিধেয় ('একছুট, দো-')। দৌড় ('— দেওয়া, মারা। দে —'!)

**ছুটকা / ছুটকো**] যাহা ছটকাইয়া আসিয়াছে, সহসা আগত।

**ছুটকী** — ছোটবৌ।

**ছুটা, ছুটানো** (ছোটা ২ দেখ)

**ছুটাছুটি**] — দৌড়াদৌড়ি। ব্যস্ততার সহিত বারবার যাতায়াত।

**ছুটি**] বন্ধ, দৈনিক কর্মসময়ের অবসান ('পাঁচটায় —')। পর্বাদির জন্য কর্মের বিরাম ('পুজার —')। কর্ম হইতে কিছু কালের জন্য অবকাশগ্রহণ ('তিন মাসের —')। কর্ম হইতে নিষ্কৃতি ('এইবার আমার —')। ('— হওয়া, লওয়া, দেওয়া, পাওয়া')

**"ছুঁড়ী"**] ছুকরী, তরুণী, বালিকা। (অনাদরে)। ... পুং. **"ছোঁড়া"**]

**ছুত**] ণ. অপবিত্র ('— হাঁড়ি')। ষ্য. স্পর্শ-দোষ, অনাচরণীয় জাতির স্পর্শে দেহ খাদ্য পানীয় ইঃর অশুচিতা। অস্পৃশ্যতা। ... **ছুতমার্গ**] স্পর্শদোষ

বাঁচাইয়া চলাই শ্রেষ্ঠ ধর্ম এই ধারণানুযায়ী আচরণ।
**ছুতা / ছুতো** [ < সূত্র ] মিথ্যা হেতু, অছিলা, ছল ('রোগের —')। ত্রুটি, ছিদ্র, দোষ ('— ধরা')
**ছুতার / ছুতোর** ] < সূত্রধর, কাঠের মিস্ত্রী। জাতি বিঃ।
**ছুতোনাতা** — অছিলা, অজুহাত।
**ছুপ** ] — ক্ষুপ। ঝোপ।
**ছুপানো** — রঙ করা।
**ছুবানো** — লেলাইয়া দেওয়া। (প্রা-সা)
**ছুরি** [ < ছুরিকা, ছুরী, ক্ষুরিকা ] কাটিবার ছোট অস্ত্র, চাকু। (§ ছোরা)
**ছুরিত** — লিপ্ত, খচিত। ব্যাপ্ত।
**ছুলি** [ < ছল্লি ] চর্মরোগ বিঃ।
**ছে** [ < ছেদ ] খণ্ড ('কাঠের — কাটা')
**ছেক** — অনুপ্রাস বিঃ।
**ছেঁকা ১** ] তপ্ত দ্রব্যের স্পর্শে দাহ ('— দেওয়া, লাগা')
**ছেঁকা ২** [ √ ছেঁক্-৫ ] অল্প ঘি বা তেলে ভাজা।
**ছেঁচ** ] — জলসেচন। সেচ।
**ছেঁচকি** ] তেলে ভাজিয়া অল্প জলে সিদ্ধ তরকারি। (ঘিএ ভাজা — ছোঁকা, ছক্কা ])
**"ছেঁচড়, ছ্যাঁ-"** [ < ছিত্বর ] দুষ্ট প্রতারক।
**ছেঁচড়া** ] ছেঁচড়। মাছের কাঁটা তেল ইঃর সহিত শাকাদি মিশ্রিত ব্যঞ্জন।
**ছেঁচা** [ √ ছেঁচ্-৫ ] থেঁতলানো ('পান —') সেচন করা। জল ফেলিয়া দেওয়া ('পুকুর —')। ণ. পিষ্ট, থেঁতলানো ('-বাঁশের বেড়া')
**ছেঁড়া** [ √ছিঁড়্-৯। < ছিদ্ ] ছিন্ন বা বিদীর্ণ করা, ফাড়া ('কাপড় —')। বিচ্ছিন্ন করা, উপড়ানো ('ফুল, চুল —')। ছানা কাটা, তঞ্চিত হওয়া ('দুধ —')। ণ. ছিন্ন। তঞ্চিত ('— দুধ')। ... **ছেঁড়াছিঁড়ি** ] বার বার ছেঁড়া।
**ছেতো** ] — ছাতাপড়া।
**ছেত্তা** (-তৃ) — ছেদনকারী, ছেদক।
**ছেদ** — ছেদন, কর্তন ('মুণ্ডচ্ছেদ')। বিরাম ('কর্মের — নাই')। খণ্ড। যতি, দাঁড়ি কমা ইঃ। বিচ্ছেদ। অধ্যায়, পরিচ্ছেদ। ... **ছেদক** — যে ছেদ করে। ... **ছেদন** — কর্তন। ... **ছেদনীয়, ছেদ্য** — ছেদন-যোগ্য। ... **ছেদিত** — কর্তিত, খণ্ডিত।
**ছেদচিহ্ন** — বাক্যে যতিনির্দেশের চিহ্ন।
**ছেদনী** — ছেনী।
**ছেঁদা** ] < ছিদ্র, ফুটা।
**ছেঁদো** [ < ছন্দ- ] বাক্‌চাতুরীময়, কপট ('— কথা')
**ছেনি** [ < ছেদনী ] ধাতু কাটিবার বাটালি।
**ছেপ** ] থুতু।
**ছেবলা** (ছাবলা দেখ)
**ছেয়া** ] — ছিন্নাংশ। (বাঁশের —)
**ছেলী** ] — ছাগলী। (প্রা-সা)
**ছেলে** ] বালক। যুবক। পুত্র, বেটা ('অমুকের তিন —')। মানুষ (অশিঃ। 'বেটা-, মেয়ে-')। ... **ছেলেখেলা** ] শিশুর মত খেলা। ... **ছেলেধরা** ] শিশুকে ভয় দেখাইবার জুজু বিঃ। যে ছেলে চুরি করে। ... **ছেলেপিলে, -পুলে** ] ছোট ছেলে-মেয়ে। পুত্রকন্যা। ... **ছেলেবেলা** ] বাল্যকাল। ... **ছেলে-মানুষ** ] অল্পবয়স্ক। ... **ছেলেমানুষি, ছেলেমি, ছেলেমো** ] বালসুলভ আচরণ বা বুদ্ধি। ... ণ. **-ষী** ]
**ছোঁ** ] হঠাৎ ঠোঁট দিয়া আক্রমণ ('চিল — মেরে নিয়ে গেল')। ছোবল ('সাপে — মারে')।
**"ছোঁকছোঁক"** ] লোলুপতার জন্য চাঞ্চল্য প্রকাশ ('খাবার জন্য — করা')।

**ছোকরা** ] নবযুবক, কিশোর, ছোঁড়া। বালক। ... স্ত্রী. **"ছুকরী"** ]

**ছোঁকা** ] ছক্কা (ছেঁচকি দেখ)

**ছোঁচা** ] — নির্লজ্জ, ইতর প্রকৃতি, লোভী, ভোজনের ব্যাপারে যাহার মান অপমানের জ্ঞান নাই।

**ছোঁচানো** [ √ ছোঁচা-১৫ ] মলত্যাগের পর জলশৌচ করা।

**ছোট্**—গাছের **ছাল** রজ্জুরূপে ব্যবহৃত। ঘাস বা খড় পাকানো দড়ি।

**ছোট, -টো** ] < **ক্ষুদ্র** ('— গাছ'। আদরে ছোট্ট ])। কনিষ্ঠ ('বড় মেজো সেজো ন ছোট'। সংক্ষেপে — ছোড়- ]। 'ছোড়দা')। অপেক্ষাকৃত অল্পবয়স্ক ('আমার চেয়ে —')। খাটো, বেঁটে, হ্রস্ব, কম আকারের ('এর চেয়ে দু আঙুল —')। সমাজে অবনত ('— জাত')। নীচ, নিন্দিত, অনুদার ('— **নজর**, মন')। **ক্ষমতায়** বা পদে নিম্ন ('— আদালত। -সাহেব')। ... **ছোটখাটো, -ট** ] অল্পায়তন ('—বাড়ি')। সংক্ষিপ্ত ('— বক্তৃতা, ভোজ')। ... **ছোটঠাকুর** ] — **খুড়শ্বশুর** (বধূর) ... **ছোটলোক** ] নিম্নসমাজের লোক। ইতর লোক। নীচ প্রকৃতির লোক। **ছোট-হাজরি**—সাহেবদের প্রাতঃকালীন আহার। (খানসামাদের মধ্যে প্রচলিত।)

**ছোটা ১** ] বাঁধিবার জন্য কলার বাসনা ইঃর তন্তু।

**ছোটা ২** (ছুটা বিরল) [ √ ছুট্-১০ ] দৌড়ানো। বেগে চলা বা নির্গত হওয়া ('মোটর, তীর, রক্ত —')। লোপ হওয়া ('রং, নেশা, ঘুম —')। ... **ছুটাছুটি / ছুটো-** ] দৌড়াদৌড়ি। ... **ছুটনো / ছুটনো, ছোটানো** [ √ ছুটা-১৪ ] ধাবিত করানো ('ঘোড়া —')। বেগে নির্গত করানো ('রক্ত —')। দূর করা ('নেশা —')

**ছোড়** ] পৃথক্, বিচ্ছিন্ন (**'—হয়ে থাকা'**)

**ছোড়ভঙ্গ** ] বিচ্ছিন্ন ও বিক্ষিপ্ত। **ছত্রভঙ্গ**।

**ছোড়া, ছোঁড়া** [ √ ছুড়্, ছুঁড়্-১০ ] নিক্ষেপ করা ('ঢিল, গুলি —')। দাগা, to fire ('বন্দুক —')। বিক্ষেপ করা ('হাত পা —')

**"ছোঁড়া"** ] ছোকরা। বালক। **(অনাদরে)**। ... স্ত্রী. **"ছুঁড়ী"** ]

**ছোড়ান** ] — তালার চাবি।

**ছোপ** ] দাগ ('হলুদের, পানের —')

**ছোপানো** [ √ ছোপা-১৫ ] রং করা ('কাপড় —')। ণ. রঞ্জিত।

**ছোবড়া** ] অংশু, নারিকেল ইঃর খোসার আঁশ। ছিবড়া।

**ছোবল** ] মুখ দিয়া আক্রমণ ('সাপের —। — মারা')। ছোঁ। খাবল। ... **ছোবলানো** [ √ ছোব্‌লা-২০ ] ছোবল মারা। খাবলানো।

**ছোঁয়া** [ √ ছুঁ-৪। < ছুপ্ ] স্পর্শ করা। ণ. স্পৃষ্ট। ... **ছোঁয়াছুঁয়ি** ] বার বার স্পর্শ। পরস্পর ছোঁয়া। ... **ছোঁয়ালেপা** ] অস্পৃশ্য বস্তুর বা ব্যক্তির সংস্রব, মাখামাখি।

**ছোঁয়াচ** ] হানিকর বা অশুচি **স্পর্শ** ('রোগের, নীচজাতির — **লাগা**')।। ... **ছোঁয়াচকাড়া** — গোবরজল দিয়া অশুচি স্থানকে পবিত্র করা। ... **ণ. ছোঁয়াচে** ] স্পর্শক্রামী ('— রোগ')

**ছোঁয়ানো** [ √ ছোঁয়া-১৫ ] **স্পৃষ্ট করানো**, ঠেকানো।

**ছোয়ারা** (ছোহারা দেখ)

**ছোরা** ] বড় **ছুরি**।

**ছোলঙ্গ** — বাতাবিলেবু।

**ছোলা ১** ] শস্য বিঃ, **বুট, চণক**।

**ছোলা ২** [ √ছুল্‌-১০ ] চাঁচা ('জিব—') ... **ছোলাবাঁশ** — যে বাঁশের কঞ্চিগুলি কাটিয়া ফেলা হইয়াছে।
**ছোলেনামা** (আ) — আপোসে মিটমাট করিবার জন্য অঙ্গীকার-পত্র।
**ছোহারা / ছোয়ারা** ] শুষ্ক খর্জুর বিঃ।
**ছ্যা** (ছি দেখ)
**ছ্যাঁক** ] তপ্ত বস্তু জলে দিলে বা তপ্ত তৈলাদিতে তরকারি ইঃ ফেলিলে যে শব্দ হয়।
**ছ্যাকড়া**—তৃতীয় শ্রেণীর ভাড়াটিয়া (ঘোড়-গাড়ী)।
**ছ্যাঁচড়** (ছেঁচড় দেখ)
**ছ্যাঁচড়া** — নানাবিধ আনাজের সঙ্গে মাছের কাঁটা তেল ইত্যাদির মিশ্রণে প্রস্তুত একপ্রকারের ব্যঞ্জন।
**ছ্যাবলা** (ছাবলা দেখ)

## জ

**জ** [ < যব ] সিকি ইঞ্চি।
**-জ** — জাত ('জলজ, দেশজ')
**জই** [ < যবিকা ] যব-জাতীয় শস্য বিঃ, oat.
**জউ** ] < জতু, গালা।
**জওয়াব** — (জবাব দেখ)
**জওশম** [ হি ] — হাতের একপ্রকার অলঙ্কার। জশম (দেখ)
**জং** (জঙ্গ্‌ দেখ)
**জক** ] — (যক দেখ)
**জংলা, জঙলা, -লী** ] জঙ্গলজাত। বুনো, অসভ্য।
**জখম** [ ফা. জ.খ্‌ম্‌ ] ষ্য. আঘাত। **ণ.** আহত। ... **জখমী** ] আহত ব্যক্তি। আঘাত সম্বন্ধীয় ('— মামলা')
**জগজগ** ] ঝকঝক। ... **জগজগা**] রাংতা ইঃর চকচকে পাত।
**জগজগে** ] উজ্জ্বল।
**জগজ্জন — জগজন** ] জগতের লোক।
**জগজ্জননী**—জগতের জননী, পরমেশ্বরী।
**জগজ্জয়ী** (-য়িন্‌) — জগৎ-জয়কারী।
**জগঝম্প** ] ঢাক-জাতীয় বাদ্যযন্ত্র বিঃ।
**জগৎ** — বিশ্ব, ভুবন ('জগৎস্রষ্টা, জগদ্‌-বাসী, জগদ্‌বিখ্যাত, জগদ্‌ব্যাপী')। ... স্ত্রী. **জগতী**।
**জগতী** — বৈদিক ছন্দঃ বিঃ।
**জগদম্বা** — জগন্মাতা, দুর্গা।
**জগদীশ, জগদীশ্বর** — পরমেশ্বর।
**জগদ্‌গুরু**—জগতের শিক্ষাদাতা। ঈশ্বর।
**জগদ্‌গৌরী** — মা মনসার একটি নাম।
**জগদ্দল — জগদল** ] (মূঃ **জগৎ-দলন**-কারী) অত্যন্ত ভারী ('**— পাথর**')
**জগদ্ধাত্রী**—জগৎপালিনী। দুর্গার মূর্তি বিঃ।
**জগদ্‌বন্ধু — জগবন্ধু** ] জগতের বন্ধু। জগন্নাথদেব। ঈশ্বর।
**জগন্নাথ** — পুরীর প্রধান দেবমূর্তি। জগদীশ্বর। ... **জগন্নাথক্ষেত্র** — পুরীধাম, শ্রীক্ষেত্র।
**জগন্নিবাস** — জগতের আধার। বিষ্ণু। ঈশ্বর।
**জগভরি** ] — জগৎ ভরিয়া (পদাবলী)।
**জগন্ময়ী** — জগদ্‌ব্যাপিনী। পরমেশ্বরী।
**জগন্মাতা** — জগৎপ্রসবিনী। পরমেশ্বরী।
**জগন্মোহন** — ভুবনমোহন। ... **জগমোহন** ] পুরীর নাটমন্দির।
**জগাই মাধাই** ] নবদ্বীপের অতি দুর্বৃত্ত অধর্মাচারী ব্রাহ্মণ সন্তানদ্বয়। **লক্ষ্যার্থে** —(সৎপথে আনীত) উন্মার্গগামী ব্যক্তি।
**জগ্ধ** — ভক্ষিত।
**জগাখিচুড়ি** ] বিবিধ শাকসবজি দিয়া রান্না খিচুড়ি। বহু বিসদৃশ বস্তুর সমবায়।

**জঘন** — উরুদ্বয়ের মধ্যবর্তী স্থান ও নিতম্ব।

**জঘন্য** — কদর্য, নোংরা, ঘৃণিত, নীচ।

**জংগ্ ১** [ ফা ], জং ] যুদ্ধ। ... **জংগী** ] সামরিক। যোদ্ধা, বীর। ('-লাট' — ভারতের প্রধান সেনাপতি) ... **জংগী বিমান** — যুদ্ধে ব্যবহৃত বিমান।

**জংগ ২** [ ফা. জংগ্ ], **জং** ] মরিচা ('— ধরা')

**জংগম** — গতিশীল, প্রাণী, স্থাবরের বিপরীত। ('স্থাবর-')

**জংগল** — বন, অরণ্য। আগাছা ('বাগানে — হয়েছে')। ... ণ. **জংগুলে** ]। (§ জংলা, জংলী, জাংগল)

**জংঘা** — হাঁটু হইতে গোড়ালি পর্যন্ত, জাং।

**জজ** [ ই ] বিচারপতি। ... **জজিয়তি** ] জজের কাজ বা পদ।

**জঞ্জাল** ] আবর্জনা। ঝঞ্ঝাট, উৎপাত ('— বাধানো, জোটানো')

**জট** ] < **জটা**। গাঁট, জড়ানো অবস্থা ('— পড়া, পাকানো')

**জটলা** ] ভিড়। বহু লোকের একত্র জল্পনা, জোট ('— করা, বাঁধা, পাকানো') ঘোঁট-মন্ডলী।

**জটা** — জট (দেখ)। সংহত কেশ, যে চুল জড়াইয়া চাপ বাঁধিয়া গিয়াছে ('-জাল। সন্ন্যাসীর — । — পড়া, পাকানো')। গাছের ঝুরি ('বটগাছের —')। কেশর ('সিংহের —')। (§ জটিল, জটী, জটে)। ... **জটাজুট** — জটার গুচ্ছ। ... **জটাধর, -ধারী** (-রিন্) — যাহার মাথায় জটা আছে। শিব। ... **জটাল** — জটাযুক্ত।

**জটায়ু** [ < য়ুঃ (য়ুস্ ] রামায়ণোক্ত পক্ষী বিঃ (রাবণ কর্তৃক নিহত)

**জটিয়া** ] জটাধারী।

**জটিল** — জড়ানো, গোলমেলে, দুর্বোধ ('— বিষয়, তত্ত্ব, যন্ত্র')। জটাযুক্ত। ... স্ত্রী. **জটিলা**। — রাধিকার শাশুড়ী।

**জটী** (-টিন্) — জটাযুক্ত।

**জটুল — জড়ুল, জড়ুর** ] গাত্রের জন্মগত চিহ্ন।

**জটে** ] যাহার জটা আছে ('-বুড়ী')

**জঠর** — উদর, পাকস্থলী। গর্ভ, জরায়ু ('জঠরে ধারণ')। (§ জাঠর)। ... **জঠরাগ্নি, জঠরানল** — ক্ষুধা, ক্ষুধার তাড়না। পরিপাকশক্তি। ... **জঠর যন্ত্রণা** — গর্ভধারণ ক্লেশ।

**জড় ১** — অচেতন ('-পদার্থ')। ভৌতিক, ইন্দ্রিয়গ্রাহ্য, material ('-জগৎ')। অজ্ঞান, নিষ্ক্রিয় ('-বুদ্ধি')। মূর্খ। অপটু। মোহগ্রস্ত। (বিজ্ঞানে) বস্তুর উপাদান, matter. (§ জড়িমা, জাড্য)। ... **জড়তা, -ত্ব** — জড়ের ভাব, জাড্য। জড়পদার্থের ধর্ম। বিকলতা, অবসাদ ('দেহের —')। অস্পষ্টতা ('কথার —')। ... **জড়বাদ** — জড়বস্তু ভিন্ন কিছুই নাই এবং চৈতন্য জড়েরই বিকার বা ধর্ম এই মত, materialism. ... **জড়বাদী** (-দিন্) — উক্ত মতাবলম্বী। ... **জড়-ভরত** — পৌরাণিক রাজর্ষি বিঃ। (ব্যংগে) অকর্মণ্য, নিষ্ক্রিয়।

**জড় ২** [ < জটা ] শিকড়, গোড়া, মূল ('গাছের, রোগের, নষ্টের —')

**জড় ৩, জড়ো** ] একত্র আনীত; গোটানো, সংহত ('— করা, হওয়া')। ... **জড়সড়** ] সংকুচিত ('শীতে, লজ্জায় —')

**জড়াজড়ি** ] আলিংগন, পরস্পর বেষ্টন।

**জড়ানো** [ < জড়া-১১ ] মোড়া, বেষ্টন করা ('কম্বল, কাগজ —')। জাপটানো ('জড়িয়ে ধরা')। জড়িত বা লিপ্ত করা

বা হওয়া ('মকদ্দমায় **জড়িয়ে** পড়া')। গোটানো ('সুতা —')। অবশ বা অস্পষ্ট হওয়া ('হাত পা জড়িয়ে যাচ্ছে। কথা, অক্ষর —')। ণ. বেষ্টিত। গোটানো। অস্পষ্ট।

**জড়ি**] — বিষের প্রতিষেধক বৃক্ষলতার শিকড়। **জড়িবুটি** — টোটকা ঔষধ।

**জড়িত**] বেষ্টিত। লিপ্ত, ব্যাপৃত ('মকদ্দমায়, বিষয়কর্মে —')। যুক্ত, খচিত ('হীরক-')

**জড়িমা** (-মন্) — জড়তা, অস্পষ্টতা ('দেহের, কথার —')

**জড়ীভূত** — জড়তাপ্রাপ্ত। নিশ্চেষ্ট।

**জড়ুর, জড়ুল** (জটুল দেখ)

**জড়ো** (জড় ৩ দেখ)

**জড়োয়া**] মণিমুক্তাখচিত ('— গহনা')

**জতু** — গালা, লাক্ষা, তৎসদৃশ বস্তু ('-গৃহ। শিলা-')। **জতুগৃহ** — গালার তৈয়ারি বাড়ী (মহাভারতে উক্ত) ... **জতুরস** — আলতা, গালা হইতে প্রস্তুত লাল রং।

**জন** — ণ. ব্যক্তির সংখ্যা নির্দেশক ('তিন-চাকর')। ষ্য. মনুষ্য, লোক ('রসিক-, বধূ-। কোন্ —। তিন- খাবে')। জন-সাধারণ ('বিশ্ব-। -নায়ক')। মজুর ('— খাটানো')। (§ জনতা)। ... **জনকল্যাণ-কর** — যাহাতে সাধারণ লোকের মঙ্গল হয়। **জনতন্ত্র** — জনগণের দ্বারা নির্বাচিত প্রতিনিধিগণের শাসনব্যবস্থা। গণতন্ত্র। **জনপদ** — লোকালয়। দেহাত, মফস্বল (তুঃ পুর)। দেশ, রাজ্য। (§ জানপদ)। ... **জনপ্রবাদ** — জনশ্রুতি, কিংবদন্তী। ... **জনপ্রাণী** — কোনও মনুষ্য বা প্রাণী (অনুরূপ — জনমানব। '-শূন্য, -হীন')। ... **জনপ্রিয়** — সাধারণের প্রিয়। ... **জনবল্লভ** — জন-সাধারণের প্রীতিপাত্র। Popular. ... **জনমজুর**] — শ্রমিক, কোন শ্রমসাপেক্ষ কার্যের জন্য নিয়োজিত শ্রমজীবী। ... **জনমত** — জনসাধারণের অভিমত, সাধারণতঃ ভোটের দ্বারা পরীক্ষিত। ... **জনমর্দ** — জনতার পেষণ। ... **জনরব** — গুজব, লোকে যাহা রটায়। ... **জনলোক** — পুরাণোক্ত সপ্তলোকের এক। ... **জনশিক্ষা** — জনসাধারণের জ্ঞানবৃদ্ধির জন্য প্রচারিত শিক্ষা। ... **জনশ্রুত** — লোকবিখ্যাত, সাধারণে যাহা শুনিয়াছে। ... **জনশ্রুতি** — প্রসিদ্ধি, কিংবদন্তী। ... **জনসংঘ** — এক উদ্দেশ্যে জনগণের সম্মিলনী। ... **জনসংঘট্ট**—বহুলোকের একত্র সম্মিলন। **জনসংভরণ** — জনসাধারণের জন্য খাদ্যাদি সরবরাহের সরকারী ব্যবস্থা, civil supply. ... **জনসাধারণ** — সকল লোক। ... **জনসমুদ্র** — বিশাল জনতা। ... **জনস্রোত** [-তঃ (তস্] গমনশীল বহুলোকের প্রবাহ। ... **জন-স্থান** — রামায়ণে উল্লিখিত দণ্ডকারণ্যের অংশ বিঃ। ... **জনহিত** — জনসাধারণের কল্যাণ।

**জনক** — জন্মদাতা, পিতা। উৎপাদক ('আনন্দ-')। রাজর্ষি বিঃ, সীতার পিতা। (§ জানকী)। ... স্ত্রী. **জনিকা**। ... **জনকতা** — উৎপাদকতা।

**জনতা** — লোকের ভিড়। জনসমূহ। জন-সাধারণ।

**জনন** — জন্মদান, উৎপাদন। জন্ম উৎপত্তি। (§ জনিত, জাত)। ... **জননীয়** — উৎপাদনযোগ্য। ... **জননাশৌচ** — পরিবারে সন্তানের জন্মের জন্য পরিজন-গণের প্রতিপাল্য অশৌচ।

**জননী** — প্রসূতি, মাতা। উৎপাদিকা।

**জনম**] < জন্ম (প্রায় পদ্যে)

**জনয়িতা** (-তৃ) — জনক। ... স্ত্রী. **-য়িত্রী।**

**জনা ১**] < জন (প্রায় পদ্যে)। ... **জনা জনা**] প্রত্যেক ব্যক্তি।

**জনা ২**—জৈমিনি ভারতে উল্লিখিত নীল-ধ্বজ রাজার মহিষী, মহাবীর প্রবীরের জননী।

**জনাকীর্ণ** — জনসংকুল, যেখানে বহুলোক আছে ('— নগর')

**জনাদর** — জনসাধারণের শ্রদ্ধা প্রীতি।

**জনান্তিক** — (মূঃ জনসমীপ) অন্য লোক সমক্ষে গোপনে কথোপকথন (নাটকে জনান্তিকে কথোপকথন অন্যান্য অভি-নেতার অশ্রুত গণ্য হয়)

**জনাব** [ আ ] মান্য ব্যক্তিকে সম্বোধন, মহাশয় (প্রায় মুসলমানকে)

**জনার** [ হি ] মকাই বা তজ্জাতীয় শস্য বিঃ।

**জনারণ্য**—অরণ্য বৃক্ষের মত ঘনসন্নিবিষ্ট জনতা।

**জনার্দন** — (মূঃ জন-অসুর-হন্তা) কৃষ্ণ।

**জনি, -নী** — উৎপত্তি। জননী। নারী।

**জনি**] যেন, যেন না (পদাবলী)

**জনিকা** — জনয়িত্রী।

**জনিত** — জাত, উৎপাদিত, সম্ভূত।

**জনিতা** (-তৃ) — জনক, উৎপাদক। ... স্ত্রী. **জনিত্রী।**

**জনিত্র** — যে যন্ত্র বা যন্ত্রসমূহ দ্বারা কোনও বস্তু উৎপাদিত হয়, plant.

**জনু** — যেন (পদাবলীতে)।

**জন্তু** — প্রাণী। (§ জান্তব)

**জন্ম** (জন্মন্) — মাতৃগর্ভ হইতে নির্গমন ('-গ্রহণ, -তিথি, -দিন')। পৃথিবীতে আগমন; দেহাশ্রিত অবস্থা ('-লাভ। জন্মান্তর। জন্মে জন্মে')। জীবনকাল ('-দুঃখী')। উৎপত্তি ... **জন্মগত** — সহজাত, বংশানুক্রমে লব্ধ ('— দোষ, প্রাধান্য')। ... **জন্মদাতা** (-তৃ) — পিতা। ... **জন্মপত্র, -পত্রিকা** — কোষ্ঠী। ... ... **জন্মপরিগ্রহ** — জন্মগ্রহণ (মহা-পুরুষদের সম্বন্ধে প্রযোজ্য)। ... **জন্ম-ভূমি** — স্বদেশ। জন্মস্থান। ... **জন্মশোধ** — (বাং) জন্মের শোধ, চিরজীবনের জন্য।

**জন্মানো** [ √ জন্মা-১৭ ] উৎপাদন করা। (চলিত প্রয়োগে) জন্মগ্রহণ করা। ... **জন্মিল** [ √ জন্ম্-৫। কেবল সাধু-প্রয়োগ ] জন্মগ্রহণ করিল, উৎপন্ন হইল।

**জন্মান্তর** — অন্য জন্ম (পূর্ব বা পর। 'জন্মজন্মান্তর')। পরলোক। ... ণ. **জন্মান্তরীণ।** ... **জন্মান্তরবাদ** — পুন-র্জন্ম হয় এই মত।

**জন্মান্ধ** — জন্ম হইতে অন্ধ।

**জন্মাবচ্ছিন্ন** — জন্ম হইতে মৃত্যু পর্যন্ত নিরন্তর।

**জন্মাবধি** — আজন্ম, জন্ম হইতে।

**জন্মাষ্টমী** — কৃষ্ণের জন্মতিথি, ভাদ্র-

**"জন্মিত"**] বীর্যজাত, পিতৃত্ব হইতে জাত।

**জন্মেজয়, জনমেজয়** — মহাভারতে উক্ত সর্পযজ্ঞের অনুষ্ঠাতা বিখ্যাত রাজা, অর্জুনের প্রপৌত্র।

**জন্য** — জনিত ('রোগ- দুর্বলতা। তজ্জন্য')। উৎপাদ্য। ... **জন্য — জন্যে**] (বাং) কারণে, ফলে, বশতঃ ('রোগের — শীর্ণ। বৃষ্টির — যাওয়া বন্ধ')। নিমিত্ত, উদ্দেশ্যে, প্রয়োজনে ('শিশুর— দুগ্ধ। যাবার — ব্যস্ত') ... **জন্যজনক-সম্বন্ধ**—উৎপাদকের সহিত উৎপাদিতের সংপর্ক।

**জপ** — ইষ্টমন্ত্রাদির যথাবিধি উচ্চারণ।

(§ জপিত, জাপক)। ... **জপমালা** — জপকালে যে মালা হাতে লইয়া জপের সংখ্যা করা হয়। ... **জপযজ্ঞ** — সংকল্প করিয়া লক্ষবার ইষ্টনাম জপ।

**জপা** [ √জপ্-৫ ] জপ করা।...**জপানো** [ √ জপা-১১ ] স্বমতে আনিবার জন্য বার বার মন্ত্রণা দেওয়া, ভজানো। মুখস্থ করানো।

**জপিত** — যাহা জপ করা হইয়াছে।

**জপু** ] — যে জপ করে (পদাবলী)।

**জব** — দ্রুতবেগ।

**জবজব** ] সিক্ততার আধিক্য প্রকাশ ('লুচিতে ঘি — করছে')। ... ণ. **জবজবে** ]

**জবড়জঙ্গ, -জং, -জঙ্গী** ] বেমানান ও ভারাক্রান্ত ('— পোশাক')

**জবর** [ ফা. জ.বর ] জাঁকালো, উত্তম। জোরালো। বৃহৎ, ভারী। ... **জবরদস্ত** জোরালো। বৃহৎ, ভারী। ... **জবরদখল** —জোর করিয়া অধিকার। ... **জবরদস্ত** [ ফা. -দস্ত্ ] দুর্দান্ত, শক্তিশালী। ... **জবরদস্তি** ] ষ্য. জুলুম, পীড়ন। ক্রি. ণ. জুলুম করিয়া। ... **জবরদার** (ফা) — দুর্দান্ত, জুলুমবাজ।

**জবা** ] ফুল বিঃ (প্রায়শঃ রক্তবর্ণ)

**জবাই** [ আ. জ.ভা ] মুসলমান ধর্মবিধি অনুসারে কণ্ঠনালী কাটিয়া পশুবধ। বলিদান।

**জবান** [ ফা. জ.- ] ভাষা। কথা। জিহ্বা। ... **জবানবন্দি** ] সাক্ষ্য, বিচারকের নিকট উক্তি। লিখিত এজাহার। ... **জবানি** ] প্রমুখাৎ, মুখের কথা দ্বারা ('চাকরের— নিমন্ত্রণ')

**জবাব** [ আ.জবা.ব ] কথার উত্তর। কৈফিয়ত (কেন হয় নাই তার—')। বিদায়, ত্যাগ ('চাকরি থেকে — হওয়া। চাকরিতে — দেওয়া')। ... **জবাবদিহি** ] ষ্য. কৈফিয়ত। দায়িত্ব। ণ. দায়ী।

**জবাবী** — উত্তরে লিখিত বা কথিত। উত্তরের জন্য নির্দিষ্ট।

**জবালা** — ছান্দোগ্য উপনিষদে উল্লিখিত সত্যকাম জাবালির জননী।

**"জবুথবু"** ] জড়তুল্য, নিশ্চেষ্ট, আড়ষ্ট।

**জব্দ** [ আ. জ.বৎ ] লাঞ্ছিত, নাকাল। দমিত, পরাভূত ('কেমন জব্দ। শত্রুকে — করা')। অধিকৃত, বাজেয়াপ্ত।

**জমক** ] আড়ম্বরযুক্ত শোভা, সমারোহ ('জাঁক-')। দীপ্তি, জেল্লা।

**জমকানো** [ √ জম্‌কা-১৭ ] জাঁকানো, শোভিত হওয়া বা করা ('সভা —')

**জমকালো** ] জাঁকালো, আড়ম্বর ও শোভা যুক্ত ('— পোশাক')

**জমজম ১** ] ভিড় ও জমকের লক্ষণ প্রকাশ, গমগম ('সভা — করছে')

**জমজম ২** [ আ. জ.ম্‌জ.ম ] মক্কার পবিত্র কূপ।

**জমজমাট** ] — সুসংহত।

**জমদগ্নি** — ঋষি বিঃ, পরশুরামের পিতা।

**জমা ১** [ √ জম্-৫ ] সঞ্চিত হওয়া, সমবেত হওয়া ('টাকা, উঠানে জল, মাঠে লোক —')। উপভোগ্য হওয়া; সকলে অভিনিবিষ্ট ও উপভোগরত হওয়া ('গান, গানের আসর —')। তরল হইতে কঠিন হওয়া ('নারিকেল তৈল —')। ণ. সঞ্চিত। জমাট, ঘনীভূত।

**জমা ২** [ আ. জম্‌অ ] পুঁজি; আয় ('-খরচ')। সঞ্চয়, সংগ্রহ। খাজনা। জমি-বিলি। ... **জমাখরচ** — আয় ব্যয়ের হিসাব। ... **জমানবিস** ] জমি ও খাজনার হিসাবরক্ষক। ... **জমাবন্দি** ] প্রজাবিলি ও খাজনার হিসাব।

**জমাট** ] কঠিনতাপ্রাপ্ত, ঘনীভূত ('জল — হওয়া। — ক্ষীর')। দৃঢ়সম্বন্ধ ('—

গাঁথনি')। ... **জমাট, জমজমা**] যাহাতে সভাস্থ সকলে অভিনিবিষ্ট ও উপভোগ-রত হয় ('— গানের আসর')

**জমাদার** [আ-ফা. জমাঅৎ-দার] কনস্টেবল দারোয়ান ইঃর সর্দার।

**জমানত** [আ. জ.-] জামিন।

**জমানো** [√ জমা-১১] সঞ্চয় বা সংগ্রহ করা ('টাকা, বিস্তর বহি—')। গাদা করা ('জমিতে ইট —')। জমাট করা, তরল হইতে কঠিন করা ('কুলপি বরফ —')। সমবেত লোকের চিত্তবিনোদন করা ('আসর —')। ণ. সঞ্চিত। ঘনীকৃত।

**জমায়ত** [আ. জমাঅৎ] মিলন, সমাবেশ ('লোক — হওয়া')

**জমি** [ফা. জ.মীন] ভূমি। চাষবাসের উপযুক্ত ভূমি। কাপড় ইঃর বুনানি বা পৃষ্ঠ। ... **জমিজমা**] নিজের ও জমা-লওয়া জমি। ভূসম্পত্তি। ... **জমিজেরাত** [আ. -জ.রাঅৎ] চাষবাসের জমি। ... **জমিদার**] জমির মালিক, ভূস্বামী। ... **জমিদারি**] ভূসম্পত্তি। জমিদারের কার্য। ... ণ. **জমিদারী**]

**জম্পতি** — দম্পতি।

**জম্বীর, জম্বির** — জামির, গোঁড়া নেবু।

**জম্বু** — পুরাণোক্ত সপ্তদ্বীপের একটি, ভারতবর্ষ যাহার অন্তর্গত। জাম।

**জম্বুক, জম্বূক** — শৃগাল।

**জম্বুরা** — সাঁড়াশি। ভীমরুল।

**জম্ভ** — অসুর বিঃ, মহিষাসুরের পিতা।

**জম্ভলা** — রাক্ষসী বিঃ।

**জয়** — বিপক্ষের পরাভব ('যুদ্ধে, মকদ্দমায়, খেলায় —')। যুদ্ধাদি দ্বারা অধিকার বা লাভ ('দেশ-')। বশে আনয়ন ('ইন্দ্রিয়-')। কৃতকার্যতা ('পরীক্ষায় —')। স্তুতি শুভেচ্ছা ইঃ সূচক উক্তি ('-রাম। মহারাজের —। জয়জয়কার')। (§ জয়ী, জিত, জিষ্ণু, জেতব্য, জেতা, জেয়)। ... **জয়ঢাক**] বড় ঢাক বিঃ। ... **জয়দেব** — গীতগোবিন্দ রচয়িতা, মহারাজ লক্ষ্মণ সেনের সভাকবি। **জয়দ্রথ**—মহাভারতে উল্লিখিত ধৃতরাষ্ট্রের জামাতা। ... **জয়ধ্বনি** — জয়সূচক আনন্দধ্বনি বা আশীর্বচন, জয়জয়কার। ... **জয়পতাকা** — বিজয়-সূচক পতাকা। ... **জয়পত্র** — জয় বা সাফল্যের নিদর্শনপত্র। ... **জয়পত্রী** — প্রতিদ্বন্দ্বীর পরাজয় স্বীকার পত্র। ... **জয়মাল্য** — বিজেতার লভ্য গৌরব-সূচক মাল্য। ... **জয়শ্রী** — বিজয়লক্ষ্মী। ... **জয়স্তম্ভ** — যুদ্ধজয়ের স্মারক স্তম্ভ।

**জয়ত্রী — জয়িত্রি**] জাতিপত্র, জায়ফলের ছাল, mace (মসলা)

**জয়ন্ত** — ইন্দ্রের পুত্র।

**জয়ন্তী**—পতাকা। দুর্গা। শ্রীকৃষ্ণের জন্ম-রাত্রি বা জন্মতিথি। (বাং) বর্ধাপন (দেখ)। ছোট গাছ বিঃ।

**জয়ন্তী** — খ্যাতনামা নরনারীর জন্ম-দিবসে শ্রদ্ধাজ্ঞাপনের উৎসব (নব-রচিত)।

**জয়পাল** — বিরেচক ঔষধ বিঃ (বীজ হইতে croton oil হয়)

**জয়া** — পার্বতীর সখী বিঃ। ভাং, সিদ্ধি।

**জয়ী** (-য়িন্) — জয়যুক্ত।

**জয়োস্তু** — জয় হউক।

**জর** (ফা) — স্বর্ণ।

**জরজর**] < জর্জর দেখ। জীর্ণ (নুনে —')

**জরৎ** — জরাগ্রস্ত, বৃদ্ধ। ... স্ত্রী. **জরতী**।

**জরৎকারু** — মুনি বিঃ, তাঁহার পত্নীও (সর্পরাজ বাসুকির ভগিনী) জরৎকারু।

**জরথুস্ত্র**] প্রাচীন পারসীক ধর্ম প্রবর্তক।

**জরদ, জরদা, জর্দা** [ফা. জ.দ্র্] হলদে, পীত। ... **জরদা, জর্দা**] পানের সহিত খাইবার সুগন্ধ সুরতি বা তামাকচূর্ণ।

**জরদ্গব** — (মূঃ জরাগ্রস্ত বৃষ) অকর্মণ্য বৃদ্ধ, অথর্ব। ... স্ত্রী. **-গবী**।

**জরা ১** — বার্ধক্য ('-গ্রস্ত, -জীর্ণ। জরা-মৃত্যু')

**জরা ২** [√ জর্-৫। < জৄ] জীর্ণ হওয়া ('শোকে, নুনে —)। ণ. জারিত ('— নেবু, সোনা')। ... **জরানো** [√ জরা-১১] জারিত করা। ... **জরাজীর্ণ** — বার্ধক্যহেতু শুষ্ক শ্রীহীন ও ক্ষীণ।

**জরাসন্ধ** — মগধরাজ, — ভীমের হস্তে নিহত।

**জরায়ু** — গর্ভাশয়, womb, uterus. ... **জরায়ুজ** — যে প্রাণী জরায়ু হইতে শিশুরূপে প্রসূত হয়, অণ্ডজ নয় (যথা — পশু, মনুষ্য)

**জরি** [ফা. জ.র্রীন] সূক্ষ্ম সোনালী বা রুপালী তার বা তার-জড়ানো সুতা। ... **জরিদার** — জরির সহিত বয়ন করা।

**জরিপ** [আ. জরীব] জমির পরিমাপ।

**জরিমানা** [আ-ফা. জুর্ম্-আনহ্] অর্থদণ্ড।

**জরু** (জোরু দেখ)

**জরুয়া**] — জ্বররোগী (প্রাচীন সাহিত্যে)।

**জরুর** [আ. জ.-] অবশ্য, নিশ্চয়। ... **জরুরত**] দরকার। ... **জরুরী**] দরকারী। যাহাতে দেরি করা চলে না।

**জর্জর, জর্জরিত** — জরজর, অতিশয়, ক্লিষ্ট ('রোগে, শোকে —')

**জল** — য্য. অপ্, অম্বু, অম্ভঃ, উদক, তোয়, নীর, পয়ঃ, বারি, সলিল। বৃষ্টি ('— পড়া, হওয়া')। জলখাবার ('— খাওয়া। -যোগ') ণ. জলবৎ তরল ('গ'লে —হওয়া')। ঠাণ্ডা; শান্ত ('গা একবারে —। মিষ্ট কথায় —')। ('জল গালা' — নিংড়ানো। '— ভাঙা' — স্রাব হওয়া। জলের ভিতর দিয়া হাঁটা। '— সরা' — নিত্য জল ব্যবহার করা, যথা পুকুরে। জল নির্গত হওয়া, যথা নল দিয়া। '— সহা' — বিবাহাদিতে সংস্কার বিঃ, প্রতিবেশীর গৃহ হইতে জল সংগ্রহ। '— হওয়া' — বৃষ্টি হওয়া। 'জলে ফেলা' — অপাত্রে দেওয়া। 'জলে যাওয়া' — বৃথা নষ্ট হওয়া)। (§ জ'লো)

**জলকর** — জলাশয় নদী ইঃর খাজনা।

**জলকল্লোল** — জলের বৃহৎ তরঙ্গ।

**জলকষ্ট** — জলের অভাব বা অল্পতা জনিত কষ্ট।

**জলকেলি, -ক্রীড়া** — জলে নামিয়া খেলা।

**জলখাবার**] কচুরি মিষ্টান্ন ইঃ।

**জলচর** — যে প্রাণী জলে বাস করে।

**জলচল**] জলাচরণীয় (দেখ)

**জলচৌকি**] — স্নানাদির জন্য ছোট নীচু চৌকি।

**জলছত্র**] < জলসত্র (দেখ)

**জলছবি**] যে ছবি জলে ভিজাইয়া অন্য কাগজে বসানো যায়।

**জলজ** — জলে উৎপন্ন।

**জলজন্তু** — জলচর জন্তু।

**জলজান** (হাইড্রোজেন দেখ)

**জলজিয়ন্ত, -জীয়ন্ত, -জ্যান্ত**] পূর্ণমাত্রায় সজীব। স্পষ্ট (ব্যঙ্গে। '— মিথ্যা কথা')

**জলটুঙিগ, -ঙি**] জলের মধ্যে ঘর।

**জলতরঙ্গ** — বাদ্য বিঃ (কতকগুলি বাটিতে বিভিন্ন পরিমাণে জল দিয়া সুর বাঁধা হয়। কাঠি দিয়া বাজায়)। জলের তরঙ্গ।

**জলদ্** (আ) — সত্বর, দ্রুত।

**জলদ** — মেঘ ('-জাল, -মালা')। ... **জলদ-মন্দ্র** — মেঘের গম্ভীর শব্দ।

**জলদস্যু** — নদী বা সমুদ্রে বিচরণকারী ডাকাত।

**জলদাগম** — মেঘের আগমনকাল, বর্ষা।

**জলদি** [ আ. জল্‌দ্ ] শীঘ্র।

**জলদোষ** — কোষবৃদ্ধি। উদরী।

**জলধর** — মেঘ।

**জলধি** — সমুদ্র।

**জলনালী, -প্রণালী** — জল নিকাশের নরদমা।

**জলনিকাশ** — নালী নালা নর্দমা ইত্যাদির দ্বারা অতিরিক্ত জলের বহিষ্কার।

**জলনিধি** — সমুদ্র।

**জলপড়া** ] মন্ত্রশক্তিযুক্ত জল।

**জলপথ** — নৌকাদি যোগে যাইবার পথ, নদী ইঃ।

**জলপাই** ] অম্ল ফল বিঃ (olive জাতীয়)

**জলপান** — (বাং) মুড়ি মুড়কি ইঃ।

**জলপানি** ] ছাত্রবৃত্তি। জলখাবার খাইবার পয়সা।

**জলপিপি** ] বক-জাতীয় পাখি বিঃ।

**জলপ্রপাত** — উচ্চস্থান হইতে নিরন্তর নিপতিত জলরাশি।

**জলপ্লাবন** — বন্যা। ... ণ. **-প্লাবিত**।

**জলবায়ু** — কোনও স্থানের শীতগ্রীষ্ম বৃষ্টিপাত ইঃ লক্ষণ, আবহাওয়া।

**জলবিছুটি** ] — জলসিক্ত বিছুটি লতা। (জলবিছুটি দেখ)

**জলবিম্ব** — জলের বুদ্‌বুদ্, ভুড়ভুড়ি।

**জলভ্রমি** — ঘূর্ণি (দেখ)

**জলমগ্ন** — যে বা যাহা জলে ডুবিয়াছে।

**জলমজ্জন** — জলে ডুব। অবগাহন।

**জলমুক্** (-মুচ্) — মেঘ।

**জলযান** — জলপথে যাইবার যান, নৌকাদি।

**জলযন্ত্র-গৃহ** — গ্রীষ্মাবাসের জন্য সরোবরের মধ্যে নির্মিত গৃহ। জলের কৃত্রিম ফোয়ারা থাকে যে গৃহে।

**জলযোগ** — (বাং) জলখাবার ফল ইঃ আহার, উপাহার ('—করা')

**জলশৌচ** — ছোঁচানো।

**জলসত্র — জলছত্র** ] তৃষার্ত পথিককে জল-দানের ব্যবস্থা।

**জলসম** — জলের উপরিভাগের তুল্য সমতল, অনুভূমিক, level.

**জলসা** [ আ. জল্‌স্‌অ ] সংগীতাদির সহিত আনন্দসম্মেলন।

**জলসে** ] — বিস্বাদ, পানসে, জলীয় পদার্থের বাহুল্যে মাধুর্যহীন।

**জলসেক** — জলসেচন।

**জলস্তম্ভ** — সমুদ্র নদী ইঃ হইতে উত্থিত স্তম্ভাকার ঘূর্ণমান মেঘস্পর্শী জলরাশি।

**জলহস্তী** — দীর্ঘতুণ্ড জলজন্তু বিঃ, tapir.

**জলহাওয়া** ] জলবায়ু (দেখ)

**জলা** ] ণ. জলমগ্ন ('—জমি')। ষ্য. জলময় নিম্নভূমি, বিল।

**জলাচরণীয়** — যে জাতির ছোঁয়া জল ব্রাহ্মণাদির ব্যবহারযোগ্য, জলচল।

**জলাঞ্জলি** — শবদাহের পর প্রেতাত্মার উদ্দেশ্যে প্রদত্ত অঞ্জলিবদ্ধ জল। বিসর্জন; অপব্যয় ('লেখাপড়ায় —দেওয়া। টাকাকড়ি — দেওয়া')

**জলাতঙ্ক** — পাগলা কুকুর শেয়াল ইঃর রোগ বিঃ। তাহাদের দংশনে মনুষ্যাদিতে সংক্রামিত ঐ রোগ, hydrophobia.

**জলাত্যয়** — বৃষ্টির শেষ, শরৎকাল।

**জলাধার** — জলাশয়, যাহাতে জল সঞ্চিত রাখা হয়।

**জলাধিপ** — বরুণ। সমুদ্র।

**জলাবর্ত** — ঘূর্ণি, whirlpool.

**জলাশয়** — জলের আধার, পুষ্করিণী।
**জলীয়**—জল সম্বন্ধীয়। তরল। জলজাত (যেমন—বাষ্প)
**জলুই** ] নৌকাগঠনে ব্যবহৃত গজাল।
**জলুস** [ আ. জুলুস ] জেল্লা, ঔজ্জ্বল্য।
**জলেশ, জলেশ্বর** — বরুণ। সমুদ্র।
**জ'লো** ] জলমিশ্রিত, সজল ('— হাওয়া, দুধ')
**জলোচ্ছ্বাস** — জলের স্ফীতি। জোয়ার।
**জলৌকা** — জোঁক।
**জল্প, জল্পন, জল্পনা**—কথাবার্তা। বাক্য-ব্যয়, বাচালতা। ... ণ. **জল্পিত।** ... **জল্পক** — বহুভাষী, বাচাল।
**জল্লাদ** [ আ ] ঘাতক, দণ্ডপ্রাপ্ত ব্যক্তিকে যে বধ করে।
**জশম** [ ফা. জৌশন ] বাহুর অলংকার বিঃ। (জওশম দেখ)
**জহৎস্বার্থ** — যে শব্দ নিজের অর্থত্যাগ করিয়া অন্য অর্থ গ্রহণ করে। লক্ষ্যার্থক।
**জহর ১** [ ফা. জ.হ্.র ] বিষ। রাজপুত নারীগণের অগ্নিকুণ্ডে বা বিষপানাদি-দ্বারা প্রাণবিসর্জনরূপ ব্রত।
**জহর ২** [ আ. জবা.হির, জওহর ] মণি। ... **জহরত** [ আ. জবা.হিরাৎ ] মণিমুক্তাদি-সমূহ। ... **জহরী, জহুরী** ] মণিমুক্তাদি-বিক্রেতা।
**জহরব্রত** — রাজপুতরমণীগণের সতীত্ব-রক্ষার্থ অগ্নিকুণ্ডে আত্মোৎসর্গ।
**জহ্নু** — রাজর্ষি বিঃ (গঙ্গাকে পান করিয়া-ছিলেন।) **জহ্নুসুতা** — গঙ্গা। (§ জাহ্নবী)
**জা** ] < যাতা, স্বামীর ভ্রাতার পত্নী।
**জাউ** [ < যবাগু ] মণ্ড।
**জাওর** ] — (জাবর দেখ)।
**জাওলা** ] — যে সব মাছকে ঘরে জিয়াইয়া রাখা যায় — যেমন — কই, মাগুর, শোল, ন্যাটা ইঃ।
**জাঁওয়াল** ] — (জাঙ্গাল দেখ)।
**জাং** ] < জঙ্ঘা (দেখ)। ঊরু।
**জাঁক** ] গর্ব, গুমর ('— করা, দেখানো')। সমারোহ ('-জমক')। (§ জেঁকো)
**জাঁকড়** ] কেনা জিনিস পছন্দ না হইলে ফেরত দিবার শর্ত ('জাঁকড়ে কেনা')
**জাঁকা** [ √ জাঁক্-৭ ] জমকালো হওয়া ('আসর জেঁকেছে। জেঁকে বসা')। ... **জাঁকানো** [ √ জাঁকা-১১ ] শোভিত করা, গুলজার করা। ... **জাঁকালো** ] জমকালো (দেখ)
**জাগ** ] — কাঁচা ফলকে পাকানোর জন্য গরমে রাখা।
**জাগগান**—উত্তরবঙ্গে রাখালদের পৌষালী গান।
**জাগন্ত** ] জাগ্রৎ।
**জাগর** — জাগরণ, জাগ্রৎ অবস্থা।
**জাগরণ** — জাগিয়া থাকা, জাগ্রৎ অবস্থা। নিদ্রা হইতে উত্থান; অবসন্ন বা আত্ম-বিস্মৃত অবস্থা হইতে উত্থান ('জাতির —')। (§ জাগ্রৎ, জাগ্রত)। ... **জাগরিত** — যে জাগিয়াছে। বিনিদ্র।
**জাগরূক** — যে জাগিয়া আছে, সজাগ। সতর্ক, হুঁশিয়ার।
**জাগা** [ √ জাগ্-৭। < জাগৃ ] ঘুম হইতে ওঠা, জাগ্রত হওয়া ('ভোরে —')। না ঘুমানো ('জাগিয়া আছে')। বিনিদ্র হইয়া যাপন করা ('রাত —')। প্রবুদ্ধ হওয়া ('দেশ জাগিয়াছে')। সতর্ক হওয়া। প্রস্ফুট থাকা, বিরাজ করা ('মনে, হৃদয়ে —')। ... **জাগানে** — ফলাদি পাকাইবার জন্য বিশেষ প্রক্রিয়ায় রাখা ('— আম, পেঁপে')। ... **জাগানো** [ √জাগা-১১ ] জাগরিত করা, ঘুম ভাঙানো। প্রবুদ্ধ সতর্ক বা সচেতন করা। স্মরণে আনা।

**জাগ্রৎ — জাগ্রত** ] যে জাগিয়া আছে, জাগরূক ('জাগ্রদবস্থা')। দৈবশক্তিপ্রদর্শক (জাগ্রত দেবতা')। ... **জাগ্রদবস্থা** —

**জাংগল** — জংগল সম্বন্ধীয়, বন্য। অল্প জল ও তৃণ যুক্ত প্রচুর বায়ু ও রৌদ্র বিশিষ্ট দেশ ('কুরু-')

**জাংগলী** — মনসাদেবী।

**জাংগাল / জাঙাল** [ < জংগাল ] বাঁধ। সেতু। তাম্রঘটিত সবুজ রং বিঃ, verdigris.

**জাঙিগয়া, -ঙি-** ] খাটো পায়জামা যাহাতে উরুর উপরিভাগ পর্যন্ত ঢাকা পড়ে।

**জ্যাংগী**—একপ্রকারের হরীতকী।

**জাংগুলিক** — বিষবৈদ্য।

**জাজিম** [ ফা. জাজ.ম ] ফরাশ বিছানা ইঃর চাদর।

**জাজ্বল্যমান** — অতি উজ্জ্বল, দেদীপ্য-মান। অতি স্পষ্ট।

**জাট, -ঠ** ] জাতি বিঃ (পঞ্জাব ও রাজপুতানার)

**জাঠ-** (জেঠ দেখ)

**জাঠা** ] — লোহার গদা। দাণ্ডা।

**জাঠি** ] — লাঠি। বংশ কাষ্ঠ বা লৌহের দণ্ড।

**জাঠর** — জঠর সম্বন্ধীয়।

**জাড়** [ হি। < জাড্য ] শীত।

**জাড়ি** — জ্বরের পাঁচন।

**জাড্য** — জড়তা, আলস্য। মূর্খতা। শৈত্য। (বিজ্ঞানে) জড়পদার্থের ধর্ম যাহাতে তাহার নিশ্চলতার বা ঋজুগতির স্বতঃ পরিবর্তন হয় না, inertia.

**জাত ১** — ণ. উৎপন্ন ('নব-, বন-')। যে জন্মিয়াছে, শিশু ('-কর্ম')। ষ্য. সমূহ ('দ্রব্য-')। ... **জাতক** — যে জন্মিয়াছে। জন্মকোষ্ঠী। জাতকর্ম। বুদ্ধদেবের পূর্বজন্মবৃত্তান্ত সংবলিত গ্রন্থ। **জাতকর্ম, -কৃত্য** — শিশুর জন্মকালীন অনুষ্ঠান। ... **জাতকোপ, -ক্রোধ** — কোপাবিষ্ট। ... **জাতপত্র** — কোষ্ঠী, জন্মপত্রিকা। ... **জাতপুত্র** — যাহার পুত্র জন্মিয়াছে। ... **জাতপ্রত্যয়** — যাহার বিশ্বাস জন্মিয়াছে।

**জাত ২** ] ষ্য. < জাতি, বর্ণ; জন্মগত সামাজিক বিভাগ ('জাতে ব্রাহ্মণ। জাত খোয়ানো, দেওয়া, হারানো। — মারা, লওয়া')। প্রকার, শ্রেণী ('ছোট জাতের আম')। ণ. < জাত্য, শ্রেষ্ঠ ('জাত-সাপ' — বিষধর সাপ)। আজন্ম ('জাত বোষ্টম')। ... **জাতবেহারা** ] — মৃতের যেসব সজাতি কাঁধে করিয়া মৃতদেহ শ্মশানে লইয়া যায়। ... **জাতব্যবসা** ] — আপন জাতির পক্ষে বিহিত বৃত্তি। ... **জাতভাই**] — সজাতি। ... **জাতশত্রু** ] — আজন্মশত্রু অথবা সজাতিশত্রু।

**জাত ৩** [ < যাত্রা ] উৎসব, মেলা।

**-জাত** [ আ ] রক্ষিত ('গোলা-, গুদাম-')

**জাঁতা** [ < যন্ত্র ] শস্যাদি গুঁড়া করিবার যন্ত্র। হাপরে হাওয়া দিবার যন্ত্র, ভস্ত্রা।

**জাতাপত্যা** — যে স্ত্রীর সন্তান জন্মিয়াছে।

**জাতাশৌচ** — সন্তানের জন্মহেতু অশৌচ।

**জাতি ১** — সমলক্ষণ অনুযায়ী বিভাগ ('মানব-, উদ্ভিদ-, নারী-')। এক আদিম বংশ সম্ভূত মানবসমষ্টি ('আর্য-')। এক রাষ্ট্র এক দেশ বা এক ধর্মের অন্তর্গত মানবসমষ্টি ('ব্রিটিশ, বাঙালী, মুসলমান —')। জন্ম, উৎপত্তি। বংশ, জন্মগত সামাজিক বিভাগ, জাত ২ (দেখ), বর্ণ ('ব্রাহ্মণ, চণ্ডাল —। জাতিভেদ')। (§ জাতীয়, জাত্য)। ... **জাতিগত**—জাতির স্বভাবগত। জাতীয়। ... **জাতিচ্যুত** — স্বজাতি হইতে বহিষ্কৃত। ... **জাতিধর্ম**

—জাতির বিহিত ধর্ম কর্ম আচার ইঃ। ... **জাতিবাচক** — যাহা দ্বারা জাতি সূচিত হয় ('— উপাধি')। বর্গসূচক (শব্দ। যথা — পশু, ধাতু, বৈশ্য)। ... **জাতিবৈর** — জাতিতে জাতিতে শত্রুতা। ... **জাতিস্মর**—যাহার পূর্বজন্মের ঘটনা স্মরণে আছে।

**জাতি ২, -তী** — চামেলী ফুল। মালতী। ফুল।

**জাতি ৩, জাতিপত্র** — জয়ত্রী। ... **জাতি-ফল** — জায়ফল।

**জাঁতি** [ < যন্ত্রী ] সুপারি কাটিবার যন্ত্র।

**জাতীয়** — জাতি সম্বন্ধীয়। জাতিগত ('— দৌর্বল্য')। জাতিসংবলিত ('— মহাসভা')। তৎপ্রকার, সদৃশ ('হংস-')

**জাতেষ্টি** — জাতকর্ম।

**জাত্য** — সুজাত, সদ্‌বংশীয়। শ্রেষ্ঠ।

**জাত্যংশ** — জাতির অংশ বা খণ্ড। (জাত্যংশে — জাতি সম্বন্ধে, জাতিতে। '— শ্রেষ্ঠ, ব্রাহ্মণ')

**জাত্যভিমান** — উচ্চজাতিতে জন্মের জন্য অভিমান, কুলগর্ব।

**জাঁদরেল** [ ই. general ] সেনাপতি। (ব্যঙ্গে) জমকালো ভঙ্গী বিশিষ্ট লোক।

**জাদ** ] — রেশমী ফিতা। চুল বাঁধিবার ফিতা।

**-জাদা** [ ফা. জা.দহ্ ] জাত, জনিত, পুত্র ('বাদশা-, হারাম-')। ... স্ত্রী. **-জাদী** ]

**জাদু** [ ফা ], যাদু ] বশীকরণ ইঃ, তুক ('— করা')। ভেলকি, ইন্দ্রজাল ('-বল, -বিদ্যা')। শিশুকে আদরসম্বোধন ('-মণি')। ... **জাদুকর** ] ঐন্দ্রজালিক, মায়াবী। ... স্ত্রী. **-করী** ]। ... **জাদুঘর** ] প্রদর্শশালা (দেখ)। ... **জাদুবিদ্যা** — ইন্দ্রজালবিদ্যা।

**জান** [ ফা ] জীবন, প্রাণ। দৈবজ্ঞ।

**জনকী** — জনককন্যা, সীতা।

**জানত** ] < জ্ঞানতঃ, জ্ঞাতসারে।

**জানপদ** — জনপদ সম্বন্ধীয়। মফস্বল-বাসী (তুঃ পৌর)

**জানা** [ √ জান্-৭। < জ্ঞা ] অবগত হওয়া, টের পাওয়া ('খবর —')। অবগত থাকা, বোঝা ('কথার মানে, হিন্দী —')। সমর্থ হওয়া ('সাঁতার —')। ণ. জ্ঞাত ('— কথা')। পরিচিত ('— লোক') ... **জানাজানি** ] অনেক লোকের অবগতি। ... **জানান** ] সংবাদ দান। নিজের অস্তিত্ব জ্ঞাপন ('— দিচ্ছে')। ... **জানানো** [ √ জানা-১১ ] জ্ঞাপন করা, সংবাদ দেওয়া। সতর্ক করা। নিবেদন করা ('প্রণাম —')। ... **জানাশুনা / -শোনা** ] ষ্য. পরিচয়। অভিজ্ঞতা। ণ. পরিচিত।

**জানানা, জে-** [ ফা. জ.ন্নানহ্ ] ণ. অবরোধ-বাসিনী, পর্দানশিন ('-সওয়ারী')। ষ্য. অন্তঃপুর।

**জানালা, জানলা** [ পো. janella ] বাতায়ন, আলো বাতাস আসিবার দরজা।

**জানু** — হাঁটু। ... **জানুগতি** — হামা-গুড়ি।

**জানুআরি** [ ই ] ইংরেজী বৎসরের প্রথম মাস।

**জানোয়ার** [ ফা. জানব.র ] জন্তু, পশু।

**জান্তব** — জন্তুজাত। জন্তু সম্বন্ধীয়।

**জান্তা** ] — জানে যে ('সবজান্তা')।

**জাপক** — জপকারী।

**জাপটানো** [ √ জাপ্‌টা-১৬ ] জড়াইয়া ধরা। ... **জাপটাজাপটি** ] পরস্পর জাপটানো, জড়াজড়ি।

**জাফরান** [ আ. জা.- ] কাশ্মীর ইঃ দেশ-জাত পুষ্পবিশেষের কেশর, কুঙ্কুম (মসলা)

**জার্ফরি** [ আ ] ছিদ্রযুক্ত বেড়া।

**জাব, জাবনা** [ < যবস ] গরুর খাইবার কাটা খড় ইঃ।

**জাবড়া** (জোবড়া দেখ)

**জাবর** ] রোমন্থন, চার্বতচর্বণ ('— কাটা')

**জাবালি** — মহর্ষি গৌতমের শিষ্য, জবালার পুত্র।

**জাবেদা/জাবদা** [ আ. জা.বিতহ্ ] দৈনিব হিসাবের খাতা।

**জাম** ] < জম্বু, ফল বা গাছ বিঃ।

**জামড়া** — ঘষ্টানির দাগ, ঘেঁচড়া (দেখ)। দরকাঁচা।

**জামদগ্ন্য** — জমদগ্নিপুত্র পরশুরাম।

**জামদানি** [ ফা. ] বুনিয়া ফুল তোলা কাপড় ('— শাড়ি')

**জামবাটি** ] কাঁসার বড় বাটি।

**জামরুল** ] ফল বা গাছ বিঃ।

**জামা** [ ফা. জামহ্ ] পিরান কোট কামিজ ব্লাউজ ইঃ অঙ্গাবরণ।

**জামাই** ] < জামাতা, কন্যার স্বামী। ... **জামাইষষ্ঠী** ] জ্যৈষ্ঠ-শুক্ল-ষষ্ঠী (জামাইকে তত্ত্ব দেওয়া ও নিমন্ত্রণ করা হয়)

**জামাতা** [ -তৃ ] জামাই।

**জামিন** [ আ. জা.- ] প্রতিভূ, অপরের জন্য দায়ী। গচ্ছিত টাকা যাহা অঙ্গীকার পালন না করিলে কাটা যায়। ... **জামিনদার** (আ)—যে আসামীর জামিন হয়। ... **জামিননামা** (আ) — জামিন লইবার অঙ্গীকারপত্রী।

**জামিয়ার** [ ফা. জামাহ্.বা.র ] সমস্ত জমিতে নকশা যুক্ত শাল বিঃ।

**জামির** ] < জম্বীর, গোঁড়া নেবু।

**জাম্ববতী** — শ্রীকৃষ্ণের মহিষী।

**জাম্ববান** ( -বৎ) — **জাম্বুবান** ] পুরাণোক্ত

**জাম্বীর** — জম্বীরজাত।

**জাম্বুনদ** — কল্পিত সুমেরুশৈলজাত জম্বুনদ হইতে উৎপন্ন (স্বর্ণ)।

**জায়** [ হি ] ফর্দ, তালিকা, তফসিল।

**জায়গা** [ ফা ] স্থান, ঠাঁই ('বসিবার —')। জমি। ক্ষেত্র, অবস্থা ('এমন জায়গায় চুপ করাই ভাল')। বদল ('রামের জায়গায় শ্যাম')। আধার ('রাখিবার —')

**জায়গির** [ ফা. জাগীর ] পুরস্কারস্বরূপ প্রাপ্ত নিষ্কর ভূমি। ... **জায়গিরদার** ] জায়গিরভোগী।

**জায়দাদ** [ ফা ] ভূসম্পত্তি।

**জায়ফল** ] < জাতিফল, সুগন্ধ বীজ বিঃ, nutmeg (মসলা)

**জায়মান** — যাহা জন্মিতেছে, উৎপদ্যমান।

**জায়া** — পত্নী। ... **জায়াপতি** — দম্পতি। ... **জায়াজীব** — জায়ার অর্জিত অর্থে যে জীবনধারণ করে।

**জার** — উপপতি। ... **জারজ** — উপপতি-জাত, বেজন্মা।

**জারক** — যাহা জীর্ণ করে, পাচক, হজমী ('— রস, নেবু')

**জারণ** — জীর্ণ করণ, জরানো ('লৌহ-')। হজম। ( ⟨ জারিত)

**জারা** [ √ জার্-৭। < জৄ ] জরানো। ণ. জারিত। ষ্য. জারিত দ্রব্য ('সোনা-')। ... **জারানো** [ √ জারা-১১ ] জরানো। জারিত করানো।

**জারুল** ]—একপ্রকার বৃক্ষ ও তাহার কাষ্ঠ।

**জারি** [ আ ] প্রবর্তন, প্রয়োগ ('আইন, ডিক্রি — করা')

**জারিজুরি** ] প্রতাপ, দম্ভ।

**জারিত** — যাহা জরানো হইয়াছে ('— স্বর্ণ')

**জারুল** [ < জাটলি ] কাঠ বা গাছ বিঃ।

**জাল ১** — সুতা দড়ি তার ইঃ ফাঁক ফাঁক

করিয়া বুনিয়া প্রস্তুত আবরক ('মাছ-ধরা — । — ফেলা, গোটানো। তারের, মাকড়সার —')। ফাঁদ ('— পাতা')। সূক্ষ্ম আবরণ। পাশ। মোহিনী শক্তি, প্রবঞ্চনা ('ইন্দ্র-, মায়া-')। সমূহ। ('লতা-, কিংকিণী-')। জানালা, বাতায়ন। কোরক। (§ জালি ১)। ... **জালকাঁঠি, জালগাঁঠি** ] — জালকে ভারী করার জন্য লোহার কাঁঠি। ... **জালজীবী** — জালীক। জেলে।

**জাল ২** [ আ ] ষ্য. ঠকাইবার জন্য অনুকরণ ('নোট, টাকা, দলিল, হস্তাক্ষর, রচনা — করা')। ণ. কৃত্রিম, মেকী ('— নোট, ঔষধ, দলিল')। ছদ্মবেশী, কপট ('— সন্ন্যাসী')

**জালক** — কোরক, কুঁড়ি। কচি ফল, জালি ২। পাখীর উপদ্রব হইতে রক্ষা করিবার জন্য বা ফল পাড়িবার জন্য আঁকশির অগ্রভাগে ব্যবহৃত ছোট জালতি।

**জালতি** ] ছোট জাল। netting ('লোহার জালতি)

**জালপাদ** — লিপ্তপাদ (দেখ)

**জালা ১** [ আ. জর্‌রহ্‌ ] জল ইঃ রাখিবার বড় কলস, অলিঞ্জর। jar.

**জালা ২, জালানো** (জ্বা- দেখ)

**জালাতন, জ্বা-** ] ষ্য. যন্ত্রণাদান, উৎপাত, বিরক্তিজনন। ণ. উত্যক্ত।

**জালানি, জ্বা-** ] ইন্ধন। ... **জালানী, জ্বা-** ] জ্বালাইবার উপযুক্ত ('—কাঠ') ]

**জালানে, জ্বা-** ] যন্ত্রণাদাতা, যে জ্বালাতন করে। যে আগুন লাগায় ('ঘর-')। ... স্ত্রী. **জালানী, জ্বা-** ]

**জালি ১** [ < জাল ] ছোট জাল। জালের মত তৈয়ারী জিনিস। জাফরি ('-পর্দা। মারবেলের —')

**জালি ২** ] কচি ফল, জালক ('শসার —')

**জালিক** — জেলে। মাকড়সা। প্রতারক।

**জালিয়া** ] — জেলে।

**জালিম** (আ) — অত্যাচারী, যে দুর্বলের উপর জুলুম করে।

**জালিয়াত** [ আ. জাল- ] যে জাল করে। ... **জালিয়াতি** ] জালিয়াতের কাজ বা বৃত্তি। জাল ২।

**জালী** ] — এক প্রকার আচার (আমের)

**জাল্ম** — দুর্বৃত্ত। মূর্খ।

**জাসু** [ আ. জাসূস = গুপ্তচর ] ধূর্ত, ধড়িবাজ; অগ্রগণ্য ('চোরের —')

**জাস্তি** [ আ. জি়য়াদৎ ] ণ. বেশী।

**জাহাজ** [ আ. জাহাজ ] অর্ণবপোত। স্টীমার। .. **জাহাজী** ] জাহাজ সম্বন্ধীয়।

**জাহানকোশা** — একটি বৃহৎ নবাবী কামানের নাম।

**জাহান্দার** — দুনিয়ার মালিক।

**জাহান্নম** [ আ. জহন্নম ] নরক।

**জাহাঁপনা** [ ফা. ] জহান-পনাহ্‌ = জগতের আশ্রয় ] বাদশাহকে সম্বোধন।

**জাহাঁবাজ** [ ফা. জান-বাজ. ] ধড়িবাজ, কূটবুদ্ধি। দুর্দান্ত।

**জাহির** [ আ. জা.- ] খ্যাত, প্রকাশিত ('নাম — করা, হওয়া')। প্রদর্শিত ('বিদ্যা —')

**জাহ্নবী** — জহ্নুকন্যা, গঙ্গা।

**জি** (জী দেখ)

**জিওল** ] গাছ বিঃ। মাছ বিঃ।

**জিগমিষা** — গমনের ইচ্ছা।

**জিগির** [ ফা. জিগর = সাহস ] জোর, নির্বন্ধ ('— দিয়া বলা')। উচ্চরবে প্রচার। স্তবগান।

**জিগরিষা** — গিলিবার ইচ্ছা।

**জিগীষা** — জয়ের ইচ্ছা। ... **জিগীষু** —

জয়াভিলাষী।

**জিঘাংসা** — হননের ইচ্ছা ('-বৃত্তি')। ... **জিঘাংসু** — হননেচ্ছু।

**জিঘৃক্ষা** — গ্রহণ করিবার ইচ্ছা।

**জিজিয়া** [আ. জিজি.অহ্] মুসলমান রাজত্বে অমুসলমান প্রজা হইতে গৃহীত কর।

**জিজীবিষা** — জীবিত থাকিবার ইচ্ছা। ... **জিজীবিষু** — জীবিত থাকিতে ইচ্ছুক।

**জিজ্ঞাসা** — অনুসন্ধান, প্রশ্ন। জানিবার ইচ্ছা। ... **জিজ্ঞাসক** — যে জিজ্ঞাসা করে। ... **জিজ্ঞাসাবাদ** — জিজ্ঞাসা ও কথাবার্তা। ... **জিজ্ঞাসিত** — যাহা বা যাহাকে জিজ্ঞাসা করা হইয়াছে। ... **জিজ্ঞাসু** — জানিতে বা প্রশ্ন করিতে ইচ্ছুক। তত্ত্বজ্ঞানকামী। ... **জিজ্ঞাস্য** — জিজ্ঞাসার যোগ্য বা বিষয়।

**জিঞ্জির** [ফা. জ.ন্জীর] শিকল।

**-জিৎ** — জয়ী ('ইন্দ্র-')

**জিত** — বিজিত, জয়লব্ধ ('— রাজ্য')। বশীভূত ('-ক্রোধ')। জয় ('হার-জিত')

**জিতা** (জেতা ২ দেখ)

**জিতেন্দ্রিয়** — যে কামক্রোধাদি রিপু বশীভূত করিয়াছে। ... যা. **-তা।**

**জিদ, জেদ** [জি. জিদ্দ্] দৃঢ় সংকল্প, গোঁ। ... **জিদী, জেদী**] দৃঢ়প্রতিজ্ঞ, একগুঁয়ে। ... **জিদাজিদি, জেদাজেদি**] বার বার জিদ প্রকাশ।

**জিন ১** — যিনি জয়লাভ করিয়াছেন, সিদ্ধপুরুষ। বুদ্ধ। (§ জৈন)

**জিন ২** [ফা. জী.ন] ঘোড়ার পিঠের আসন।

**জিন ৩** [আ] দৈত্য।

**জিনা** [√ জিন্-৯। < জি] জয় করা (পদ্যে। 'সমরে জিনিল, ইন্দু জিনি')

**জিনিস** [আ. জিন্স্] বস্তু ('-পত্র')। সারবস্তু ('এতে — নেই')

**জিন্দা** (ফা) — জীবন্ত। ... **জিন্দাপীর** — সিদ্ধপুরুষ।

**জিন্দিগি** [ফা. জি.ন্দ্গী] জীবন ('-ভোর')

**জিব, জিভ**] < জিহ্বা। ('— কাটা' — লজ্জায় জিব দাঁতে চাপা)। ... **জিবে**] জিবের তুল্য ('-গজা')

**জিম্মা, জে-** [আ. জি.-] হেপাজত, সংরক্ষণ ('অমুকের জিম্মায় আছে')। **জিম্মাদার** — যাহার জিম্মায় কোন বস্তু রক্ষিত।

**জিয়ল** একপ্রকার মাছ।

**জিয়ানো, জী-** [√ জিয়া-, জীয়া-১৩। < জীব্] বাঁচানো, বাঁচাইয়া রাখা ('মাছ —')। ণ. (উক্ত অর্থে)

**জিরা** (জীরক দেখ)

**জিরাৎ** (আ) — বসতবাটীর সংলগ্ন জমি। ('জমিজিরাৎ')

**জিরান / জিরেন**] বিশ্রাম, অবকাশ ('কাজের —')। ... **জিরানো / জিরনো** [√ জিরা-১৩] বিশ্রাম করা।

**জিরানকাট** — তিন দিন জিরান দিয়া আবার খেজুর গাছ হইতে রস বাহির করা।

**জিরাফ** (ই) — আফ্রিকার চতুষ্পদ বন্য জন্তু বিঃ।

**জিল্দ্** [আ] পুস্তকের মলাট বা উপরের চামড়া ইঃ। পুস্তকের খণ্ড যাহা একসঙ্গে সেলাই করা হয়।

**জিলা** (জেলা দেখ)

**জিলাপি / জিলিপি** [হি. জলেবী] চালের গুঁড়া ময়দা ইঃর কুণ্ডলাকার মিষ্টান্ন বিঃ।

(আ) — ঔজ্জ্বল্য, চিকনাই। (জেল্লা দেখ)

**জিষ্ণু** — বিজয়ী। বিষ্ণু, কৃষ্ণ।

**জিহাদ** [ আ ], **জে-** ] কাফেরগণের বিরুদ্ধে মুসলমানের ধর্মযুদ্ধ।

**জিহীর্ষা** — হরণ করিবার ইচ্ছা। ... **জিহীর্ষু** — হরণ করিতে ইচ্ছুক।

**জিহ্বা** — জিব, রসনা। **জিহ্বামূলীয় বর্ণ** — ক, খ, গ, ঘ, ঙ — এই পাঁচটি বর্ণ কণ্ঠের জিহ্বামূল হইতে উচ্চারিত হয় — এইগুলি জিহ্বামূলীয়।

**জিহ্ম** — বক্রগুপ্তদৃষ্টি।

**-জী, -জি, -জীউ** [ < জীব ] সম্মানসূচক উপাধি ('বাবাজী, স্বামীজী, বাঈজী, শ্যামসুন্দরজীউ')

**জীব** — প্রাণী। দেহধারী আত্মা। প্রাণ। (বিজ্ঞানে) প্রাণী বা উদ্ভিদ। ( ঃ জৈব) ... **জীবজন্তু** — প্রাণিসমূহ। ... **জীবধর্ম** — ক্ষুধাতৃষ্ণা ইত্যাদি জীবমাত্রেরই যে শারীরিক বৃত্তি। ... **জীববলি** — দেবতার উদ্দেশে ছাগ-মেষাদির হত্যা। ... **জীববিদ্যা** — প্রাণী ও উদ্ভিদের জীবনবিষয়ক বিদ্যা, biology. ... **জীবলোক** — মর্ত্যলোক। ... **জীবহিংসা** — প্রাণিহত্যা।

**জীবৎ** — জীবন্ত।

**জীবদ্দশা** — জীবিতকাল।

**জীবন** — প্রাণ। প্রাণস্বরূপ ('জানকী-, বাবা-')। জীবিতকাল ('আ-। -ভোর, -যাত্রা, -যাপন')। ... **জীবনবীমা** ] life insurance (বীমা দেখ)। ... **জীবনচরিত** — কোনও ব্যক্তির জীবনের ঘটনাবলী কর্ম ও চরিত্রের বিবরণ। ... **জীবনবৃত্তান্ত** — জীবনের ইতিহাস। ... **জীবনসঙ্গিনী** — সহধর্মিণী, জীবনের সুখদুঃখভাগিনী। ... **জীবনস্বত্ব** — কেবল জীবৎকালের ভোগাধিকার।

**জীবনী** — প্রাণদায়িনী। (বাং) জীবনচরিত। ... **জীবনীয়** — প্রাণধারণের জন্য আবশ্যক। আয়ুষ্কর। ... **জীবনীশক্তি** — প্রাণধারণের শক্তি।

**জীবনোপায়** — জীবিকা।

**জীবন্ত** / **জিয়ন্ত, জীবন্ত, জ্যান্ত** ] জীবিত। অত্যন্ত পরিস্ফুট ('— সত্য')

**জীবন্মুক্ত** — জীবদ্দশাতেই মায়াবন্ধনমুক্ত। ... ষ্য. **-মুক্তি।**

**জীবন্মৃত** — বাঁচিয়াও মৃততুল্য, জ্যান্তে-মরা।

**জীবলোক** — মর্ত্যলোক।

**জীবাণু** — অণুবীক্ষণে দৃশ্য অতি সূক্ষ্ম উদ্ভিদ বা প্রাণী (বিশেষতঃ উদ্ভিদ) যাহাদ্বারা নানাপ্রকার বিকার উৎপন্ন হয়, microbe.

**জীবাত্মা** (-ত্মন্)—দেহধারী আত্মা, বিভিন্ন প্রাণীর দেহস্থ আত্মা।

**জীবান্তক** — প্রাণঘাতক।

**জীবাশ্ম** — শিলীভূত উদ্ভিদ বা প্রাণী, fossil.

**জীবিকা** — জীবনধারণের উপায়, বৃত্তি ('-নির্বাহ')

**জীবিত** — ণ. সজীব, জীবন্ত। ষ্য. জীবন ('জীবিতেশ্বর')

**-জীবী** (-বিন্) — জীবনধারী ('দীর্ঘ-')। জীবিকাযুক্ত ('মৎস্য-')

**জীমূত** — মেঘ ('-মন্দ্র')। পর্বত। ... **জীমূতবাহন** — ইন্দ্র। সংস্কৃত কথা-সাহিত্যে উল্লিখিত বিদ্যাধরগণের ভূপতি আত্মত্যাগী মহাপুরুষ।

**জীয়ন্ত** (জীবন্ত দেখ)

**জীরক—জিরা, জীরা / -রে** ] মসলা বিঃ।

**জীর্ণ** — ক্ষয়প্রাপ্ত। গলিত ('— বস্ত্র, দেহ, পত্র')। যাহা হজম হইয়াছে। ... ষ্য. **-তা**। ... **জীর্ণজ্বর** — পুরাতন জ্বর। ... **জীর্ণসংস্কার, জীর্ণোদ্ধার** —

মেরামত।

**জুঁই**] < যূথিকা, সুগন্ধ ফুল বিঃ।

**জুগুপ্সা** — নিন্দা। ঘৃণা। ... ণ. **জুগুপ্সিত।**

**জুজু**] শিশুকে ভয় দেখাইবার জন্য কল্পিত জীব। ... **জুজুবুড়ি**]

**জুজুৎসু** [জাপানী] জাপানী মল্লবিদ্যা বিঃ।

**জুটা, জুটানো** (জোটা দেখ)

**জুড়ানো / জুড়নো** [√ জুড়া-১৪] শীতল হওয়া বা করা ('দুধ —')। শান্ত হওয়া ('পাড়া —')। শান্তি পাওয়া, তৃপ্ত হওয়া ('মন, চোখ, হাড় —')। ণ. যাহা ঠাণ্ডা হইয়াছে। ... ষ্য. **জুড়ন**]

**জুড়ি**] দুই ঘোড়ার গাড়ি; দুই ঘোড়া ('— হাঁকানো')। সমান দ্বিতীয় ব্যক্তি বা বস্তু ('—মেলা ভার')। যাত্রার গায়ক-যুগল। ... **জুড়িদার**] সহযোগী।

**জুত**] সুবিধা, সুযোগ; মানান ('কাজের —। -মতন, -সই')

**জুতা / জুতো**] পাদুকা, উপানৎ, বিনামা। ... **জুতানো / জুতনো** [√জুতা-১৪] জুতা মারা।

**জুদা** (ফা) — পৃথক্। ভেদজ্ঞান।

**জুন** [ই] ইংরেজী বৎসরের ষষ্ঠ মাস।

**জুবড়ানো / জুবড়নো, জোবড়ানো** [√ জুবড়া-১৯] বেশী ভিজানো। ধেবড়ানো ('লেখা —')

**জুবিলি** (ই) — প্রধানতঃ পঞ্চাশ বৎসর হইলে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের স্মরণোৎসব বা জন্মোৎসব। ২৫ বৎসরে রজতজুবিলি, ৬০ বৎসরে হীরক-জুবিলি।

**জুমচাষ**]—জুমিয়া, গারো ইত্যাদি আদি-বাসীরা পাহাড়ের গায়ে স্থানে স্থানে গর্ত খুঁড়িয়া তাহাতে বীজ বপন করিয়া যে চাষ করে।

**জুমিয়া** — চট্টগ্রাম অঞ্চলে বন্যজাতি বিঃ।

**জুম্মা** [আ. জুম্‌হ্] শুক্রবার। ... **জুম্মা মসজিদ**] যে মসজিদে সাধারণে জুম্মার নমাজ করে।

**জুয়া**] < দ্যূত, বাজি রাখিয়া খেলা। ... **জুয়াচোর**] **"জোচ্চোর"**, যে ঠকায়, প্রবঞ্চক। ... ষ্য. **জুয়াচুরি**] — **জুয়াড়ী, -রী**] যে জুয়া খেলে।

**জুয়ানো** [√জুয়া-১৪] যোগানো ('কথা জুয়ায় না'। বিরল)

**জুরি** [ই] আদালত কর্তৃক জনসাধারণ হইতে নির্বাচিত কয়েকজন লোক যাহারা আসামী দোষী কিনা স্থির করে।

**জুলফি / -পি** [ফা. জুল্‌ফ্] কানের পাশের চুল। কানের পাশ হইতে গালের কিছুদূর পর্যন্ত রাখা দাড়ি।

**জুলাই** [ই] ইংরেজী বৎসরের সপ্তম মাস।

**জুলি**] জলনালী।

**জুলুম** [আ. জুল্‌ম্] অত্যাচার, পীড়ন।

**জুষ্ট**—সেবিত; পূজিত ('গন্ধর্ব- পর্বত')

**জুট** — ঝুঁটি, গুচ্ছ, সমূহ ('জটা-')

**জুহূ, জুহু** — যজ্ঞে ব্যবহৃত কাষ্ঠপাত্র বিঃ।

**জৃম্ভণ, জৃম্ভা** — হাই। মুখব্যাদান। বিস্তার। স্ফুটন, প্রকাশ। ... ণ. **জৃম্ভিত।**

**জৃম্ভকাস্ত্র**—রামায়ণে উল্লিখিত যে অস্ত্রের নিক্ষেপে শত্রুসেনা ঘুমাইয়া পড়ে।

**জেঁকো**] যে জাঁক করে।

**জেটি** [ই] যে ঘাটে জাহাজের যাত্রী বা মাল ওঠে বা নামে।

**জেঠ-, জাঠ-**] < জ্যেষ্ঠ। ... **জেঠতুতা, জাঠ-/-তুতো**] ণ. নিজের জেঠার অথবা স্বামীর বা পত্নীর জেঠার সন্তান ('—

ভাই। —দেওর, শালী')। ... **জেঠশ্বশুর, জাঠ-**] স্বামীর বা পত্নীর জেঠা। ... স্ত্রী. **-শাশুড়ী**]

**জেঠা, জ্যাঠা**] জ্যেষ্ঠতাত, বাপের বড় ভাই। (ব্যঙ্গে) অকালপক্ব, বাচাল, ফাজিল ('—ছেলে')। ... **জেঠাই, জেঠী**] জেঠার পত্নী।...**জেঠামি, -মো, জ্যা-**] বাচালতা, পাকামি।

**জেঠী**] — টিকটিকি।

**জেতব্য** — জেয় (দেখ)

**জেতা ১** (-তৃ) — বিজয়ী, জয়কারী।

**জেতা ২** (জিতা বিরল) [ √জিত্-৯। < জি ] জয়লাভ করা, প্রতিযোগে শ্রেষ্ঠ হওয়া; জয় করিয়া পাওয়া ('যুদ্ধে —, বাজি —')

**জেদ** (জিদ দেখ)

**জেনানা** (জানানা দেখ)

**জেন্দাবেস্তা** — পারসীকদের ধর্মগ্রন্থ।

**জেব** [ ফা ] পকেট।

**জেব্রা** (ই) — আফ্রিকার বন্য জন্তু বিঃ।

**জেম্মা** (জিম্মা দেখ)

**জেয়** — যাহাকে জয় করা যাইতে পারে, জেতব্য।

**জেঁয়চ, জেঁয়ছা** — যে প্রসূতির সকল সন্তান বাঁচিয়া আছে।

**জেয়াদা** [ আ. জিয়াদৎ ] বেশী, অধিক।

**জের** [ ফা. জে.র ] অনুবৃত্তি, পরবর্তী অংশ ('কাজের — মিটানো'। 'হিসাবের — টানা' — পরপৃষ্ঠায় হিসাবের অঙ্ক লইয়া যাওয়া)

**জেরবার** [ ফা. জে.- ] ভারগ্রস্ত, জর্জরিত ('দেনায় — হওয়া')

**জেরা** [ আ. জিরহ্ ] এজাহারের সত্যাসত্য নির্ণয়ের নিমিত্ত সাক্ষীকে প্রশ্ন।

**জেল** [ ই ] কারাগার, ফাটক, জেলখানা ('জেলে যাওয়া')। কারাদণ্ড ('—খাটা। অমুকের — হয়েছে')। ... **জেলখালাসী** — কারামুক্ত। ... **জেলফেরৎ, জেল-ফেরতা** — যে জেল খাটিয়াছে।

**জেলা, জিলা** [ আ. জি.ল্অ ] প্রদেশের অংশ।

**জেলি** (ই)—চিনি দিয়া পাক করা ফলের রস।

**জেলে** [ <জালিক ] ধীবর, মৎস্যব্যবসায়ী। জাতি বিঃ। ... স্ত্রী. **জেলেনী**]

**জেলেডিঙি** — মাছ ধরিবার ছোট নৌকা।

**জেল্লা** [ আ. জিলা ] জলুস, ঔজ্জ্বল্য।

**জেহাদ** (জিহাদ দেখ)

**জৈত্র** — জয়শীল।

**জৈত্রী** — (জয়ন্ত্রী দেখ)

**জৈন** — মহাবীর প্রবর্তিত ধর্মসম্প্রদায়।

**জৈব**—জীব সম্বন্ধীয়। প্রাণিজ। (বিজ্ঞানে) জান্তব বা উদ্ভিজ্জ, organic.

**জৈবাতৃক** — চন্দ্র। দীর্ঘজীবী।

**জৈমিনি** — মীমাংসাদর্শনপ্রণেতা।

**জো ১** [ <যোগ ] সুযোগ, সুবিধা, উপায় ('কাজের —। — পাওয়া। পালাবার — নেই')

**জো ২** ] — বীজ বপনের সময়। লাঙ্গল চালাইবার পক্ষে মাটির অনুকূল অবস্থা। বতর।

**জোঁক** ] <জলৌকা, রক্তপায়ী কৃমি বিঃ।

**জোঁকার, জোকার**] — উলুধ্বনি। জয়-ধ্বনি।

**জোখা** [ √ জুখ্-১০ ] ওজন করা ('মাপা-'। স্বতন্ত্র প্রয়োগ প্রাঅপ্রঃ)

**জোচ্চোর**] — প্রবঞ্চক, শঠ (জুয়া দেখ)

**জোছনা** ] < জ্যোৎস্না। (কবিতায়)।

**জোট**] মিলন; দল ('— বাঁধা। এক-')। জট, গাঁট ('— পড়া')। ... **জোটপাট**] — সম্মিলিত চেষ্টার আয়োজন।

**জোটা** (জুটা বিরল) [ √ জুট্-১০ ]

মেলা, যোগাড় হওয়া ('ভাত —')। মিলিত হওয়া ('অনেক লোক জুটেছে')। ... **জুটানো / জুটনো, জোটানো** [ √ -জুটা-১৪ ] সংগ্রহ করা।

**জোড়** ] মিলন ('— লাগা')। যুগল ('মানিক-')। ধুতিচাদর ('চেলির —')। ... **জোড়তোড়** ] — উদ্যোগ-আয়োজন। উপকরণাদি সংগ্রহ। সাজসরঞ্জাম। ... **জোড়হাত** ] যুক্তকর, কৃতাঞ্জলি।

**জোড়া ১** ] ষ্য. যুগল ('শালের —। গোঁপ-')। জুড়ি, সমান দ্বিতীয় বস্তু বা ব্যক্তি ('— মেলা ভার')। মিলন ('— দেওয়া, লাগা')। ণ. দুই, যুগল ('— মোষ')। ... **জোড়াতালি** — সেলাই ও তালি। কোনপ্রকারে কাজ চালানোর যোগ্য করা। গোঁজামিল।

**জোড়া ২** [ √ জুড়্-১০ ] যুক্ত বা মিলিত করা, আঁটা, জোড়া দেওয়া। আরম্ভ করা ('কান্না —')। ণ. যুক্ত, আঁটা ('— খাম')। ব্যাপ্ত, পূর্ণ ('ঘর-, আকাশ-')। ... **জোড়াতাড়া** ] কোনও রকমে জোড়। ... **জোড়ানো** [ √জোড়া-১৫ ] যুক্ত করানো।

**জোত** [ < যোত্র, যোক্ত্র ] চাষের জমি। লাঙ্গল বা গাড়িতে গরু ইঃ বাঁধিবার দড়ি। ... **জোতদার** ] রায়ত। ... **জোত-স্বত্ব** — চাষের জমিতে স্বত্ব।

**জোতা** [ √জুত্-১০ ] যুক্ত করা ('গাড়িতে ঘোড়া —')

**জোঁদা** ] অতি অম্ল।

**জোনাকি** ] দীপ্তিমান্ পতঙ্গ বিঃ, খদ্যোত।

**জোবড়া, জাবড়া** ] ধেবড়া ('— লেখা')। বেশী ভিজা। ... **জোবড়ানো** (জুবড়ানো দেখ)

**জোব্বা** [ আ. জুব্ব ] চোগা-জাতীয় জামা।

**জোয়ান ১** (যোয়ান দেখ)

**জোয়ান ২** [ ফা. জবা.ন ] যুবক। বলিষ্ঠ।

**জোয়ার** ] চন্দ্রসূর্যের আকর্ষণজনিত জল-স্ফীতি (তুঃ ভাঁটা)। শস্য বিঃ, দেধান (millet জাতীয়) ... **জোয়ারদার** ] — গ্রাম্য মণ্ডলের উপাধি বিঃ।

**জোয়াল** ] বলদের কাঁধে যে কাঠ থাকে, যুগ (গাড়ি লাঙ্গল ইঃর)

**জোর** [ ফা. জো.র ] ষ্য. শক্তি ('গায়ের, মনের —। — করা, দেওয়া')। উচ্চতা, তীব্রতা ('গলার —')। বলপ্রয়োগ, জবরদস্তি ('— ক'রে কেড়ে নেওয়া')। জিগির ('কথায় — দেওয়া')। ণ. উচ্চ, চড়া ('— গলা')। শক্তিযুক্ত ('— লিখিয়ে, বাতাস')। কড়া ('— তলব')। ... **জোর-জুলুম** ] জবরদস্তি। ... **জোরালো, -ল** ] শক্তিযুক্ত।

**জোরকলমে** — জোরালো ভাষায়।

— সত্বর হাজির হওয়ার জন্য কড়া হুকুম।

**জোরবরাত** — সৌভাগ্য। শুভাদৃষ্ট।

**জোরবাতাস** ] — বেগে প্রবাহিত বায়ু-স্রোত।

**জোরু** [ হি ], **জরু** ] পত্নী।

**জোল** ] জুলি কাটিয়া সারিবন্দী করিয়া সাজানো চুলি (যেমন — গুড় তৈয়ারির —)।

**জোলা** [ ফা. জুলাহ্ ] তাঁতী (প্রায় মুসলমান)

**জোলাপ** [ আ. জুল্লাব ] (মূঃ বিরেচক মূল বিঃ) বিরেচক ঔষধ ('— লওয়া, খাওয়া')

**জোলো** ] (জলুয়া) জলসে, জলমিশ্রিত।

**জো-সো** — যে কোন উপায়।

**জোহার** ] — অভিবাদন, প্রণাম।

**জো-হুকুম** — নির্বিচারে যে আদেশ পালন করে।

**জৌ** ] — (জতু দেখ)

**জ্ঞ** — জ্ঞাতা ('বিশেষজ্ঞ, অজ্ঞ')

**জ্ঞাত** — বিদিত, অবগত, যাহা জানা হইয়াছে বা যে জানিয়াছে ('— বিষয়, — থাকা')। ... **জ্ঞাতব্য** — জ্ঞেয়, জানিবার যোগ্য। ... **জ্ঞাতসারে** — জ্ঞানপূর্বক, সজ্ঞানে ('সে — করে নাই')। গোচরে ('তাহার — হয় নাই')

**জ্ঞাতা** (-তৃ) — যে জানে। অভিজ্ঞ।

**জ্ঞাতি**—সগোত্র, একবংশীয়। ... **জ্ঞাতিত্ব** — জ্ঞাতির সম্বন্ধ। ... **জ্ঞাতিগোষ্ঠী**—এক বংশজাত দায়াদবর্গ (চলতি ভাষায় ভায়াদ)।

**জ্ঞান** — সংজ্ঞা, চেতনা ('রোগীর — হয় নাই')। বোধ, অনুভূতি ('শৈত্য-, ইন্দ্রিয়লব্ধ —')। বিবেচনা ('তুল্য-')। অবগতি ('আমার জ্ঞানে এমন দেখি নাই')। বুদ্ধি ('-হীন শিশু')। অভিজ্ঞতা, ('বিষয়কর্মের —')। বুঝিবার ক্ষমতা, বৈদগ্ধ্য ('রস-, সৌন্দর্য-')। শিক্ষা, পাণ্ডিত্য ('শাস্ত্র-, তত্ত্ব-')। (§ জ্ঞাত, জ্ঞাতা, জ্ঞানী, জ্ঞেয়)। ... **জ্ঞানকাণ্ড** — বেদের তত্ত্বজ্ঞানবিষয়ক অংশ, উপনিষদাদি। ... **জ্ঞানকৃত** — সজ্ঞানে কৃত ('— অপরাধ')। ... **জ্ঞানগম্য** — যাহা জানিতে বা বুঝিতে পারা যায়, বোধগম্য। ... **জ্ঞানচক্ষু** [< -ক্ষুঃ (-ক্ষুস্)] জ্ঞানরূপ চক্ষু, অন্তর্দৃষ্টি। ... **জ্ঞানজ্যেষ্ঠ** — জ্ঞানে গরীয়ান্, জ্ঞানপ্রবীণ। ... **জ্ঞানতঃ** (তস্) — জ্ঞাতসারে। ... **জ্ঞানতৃষ্ণা, জ্ঞানপিপাসা**—জ্ঞানলাভের জন্য আগ্রহ। **জ্ঞানদ** — জ্ঞানদাতা। ... স্ত্রী. **-দা**। ... **জ্ঞানপাপী** (-পিন্) — যে জানিয়া পাপ করে। ... **জ্ঞানবান্** (-বৎ) — জ্ঞানী। যে জানে, অভিজ্ঞ। বুদ্ধিমান্। ... স্ত্রী. **-বতী**। ... **জ্ঞানময়** — জ্ঞানস্বরূপ, যিনি কেবল জ্ঞানের বিষয়। যাঁহাতে সমস্ত জ্ঞান নিহিত আছে; ব্রহ্ম। ... **জ্ঞানমার্গ** — যে সাধনার পথে জ্ঞানই সর্বশ্রেষ্ঠ উপায় বা পাথেয়। ... **জ্ঞান-যোগ** — গীতায় উক্ত জ্ঞানমূলক সাধনা-পদ্ধতি। ব্রহ্মজ্ঞানলাভের উপায়।

**জ্ঞানাঞ্জন** — তত্ত্বজ্ঞানরূপ অঞ্জন যাহাদ্বারা সত্যের প্রকাশ হয়।

**জ্ঞানী** (-নিন্) — জ্ঞানবান্, অভিজ্ঞ, তত্ত্বজ্ঞ, প্রশস্তজ্ঞানসম্পন্ন।

**জ্ঞানেন্দ্রিয়**—যে ইন্দ্রিয় দ্বারা বাহ্যবিষয়ের বোধ হয় (চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক্)

**জ্ঞাপক** — যে জানায়, জ্ঞাপয়িতা। সূচক, বোধক, ব্যঞ্জক, প্রকাশক ('পথের দৈর্ঘ্য-স্তম্ভ')

**জ্ঞাপন** — সংবাদদান, জানানো। ... **জ্ঞাপনীয়** — জানাইবার যোগ্য। ... **জ্ঞাপয়িতা** (-তৃ) — যে জানায়, জ্ঞাপক। ... **জ্ঞাপিত** — যাহাকে বা যাহা জানানো হইয়াছে।

**জ্ঞেয়** — জ্ঞাতব্য। জ্ঞানের বিষয়। যাহা জানিতে পারা যায়।

**জ্যা** — ধনুকের ছিলা, ধনুর্গুণ। (জ্যামিতিতে) যে রেখা বৃত্তাংশের দুই প্রান্ত যোজিত করে, পূর্ণজ্যা chord; sine. পৃথিবী। ... **জ্যানির্ঘোষ** — ধনুর্গুণ টানিয়া ছাড়িয়া দিলে যে শব্দ হয়, টংকার। ... **জ্যারোপণ** — ধনুকে ছিলা পরানো।

**জ্যাকেট** (ই) — একপ্রকার আঁটা জামা। পুস্তকের মলাটের আবরণ।

**জ্যাঠা** (জেঠা দেখ)। (লক্ষ্যার্থে) প্রগল্‌ভ অকালপক্ক অল্পবয়স্ক।

**জ্যান্ত** (জীবন্ত দেখ)

**জ্যামিতি** [geometry র নকল] রেখা

ক্ষেত্র ঘন ইঃ বিষয়ক গণিত। ... ণ. **জ্যামিতিক** ]

**জ্যায়ান্** — অপেক্ষাকৃত অধিকবয়স্ক।

**জ্যেষ্ঠ** — অগ্রজ, বয়সে বড়। বড় ভাই। প্রবীণ। শ্রেষ্ঠ। ... স্ত্রী. **জ্যেষ্ঠা**। — নক্ষত্র বিঃ। (§ জ্যৈষ্ঠ)। ... **জ্যেষ্ঠতাত** — জেঠা। ... **জ্যেষ্ঠাধিকার** — বংশগত সম্পত্তিতে জ্যেষ্ঠ পুত্রের উত্তরাধিকার (যথা রাজবংশে)। ... **জ্যেষ্ঠাশ্রম** — গার্হস্থ্য।

**জ্যেষ্ঠী** — টিকটিকি। (জেঠী দেখ)

**জ্যৈষ্ঠ** — বাংলা সনের দ্বিতীয় মাস।

**জ্যোতি** [ < জ্যোতিঃ (-তিস্ ] আলোক, দীপ্তি। গ্রহনক্ষত্রাদি। দৃষ্টিশক্তি ('চোখের —')

**জ্যোতিরিঙ্গ, -রিঙ্গণ**—জোনাকি, খদ্যোত।

**জ্যোতির্বিৎ, -বিদ্** (-র্বিদ্), **জ্যোতির্বেত্তা** (-তৃ) — জ্যোতিষী।

**জ্যোতির্বিদ্যা** — জ্যোতিষ (দেখ)

**জ্যোতির্ময়** — দীপ্ত, জ্যোতিষ্মান্। ... স্ত্রী. **-র্ময়ী**।

**জ্যোতিশ্চক্র** — রাশিচক্র।

**জ্যোতিষ** — জ্যোতির্বিদ্যা, গ্রহনক্ষত্রাদি-বিষয়ক বিজ্ঞান। ফলিতজ্যোতিষ। ... **জ্যোতিষিক, জ্যৌতিষিক** — জ্যোতিষ সম্বন্ধীয়। জ্যোতিষী। ... **জ্যোতিষী** (-ষিন্) — জ্যোতির্বিদ্।

**জ্যোতিষ্ক**—সূর্য চন্দ্র গ্রহ তারকা ধূমকেতু ইঃ।

**জ্যোতিষ্মান্** (-ষ্মৎ)—জ্যোতির্ময়, দীপ্তিমান। ... স্ত্রী. **-ষ্মতী**। ... ষ্য. **-ষ্মত্তা**।

**জ্যোতিষ্টোম** — যজ্ঞ বিঃ।

**জ্যোৎস্না** — জোছনা, চন্দ্রালোক, কৌমুদী, চন্দ্রিকা।

**জ্বর** — যে রোগে গা গরম এবং নাড়ী চঞ্চল হয় ('— আসা, ছাড়া, সারা, হওয়া'। 'জ্বরে পড়া' — জ্বরে আক্রান্ত হওয়া)। ... **জ্বরঘ্ন** — জ্বরনাশক। ... **জ্বরঠুঁটো** ] ঠোঁটের ঘা বিঃ। ... **জ্বরাতিসার** — জ্বরের সঙ্গে পেটের অসুখ। typhoid. ... **জ্বরান্তক** — জ্বরনাশক। ... **জ্বরিত** — জ্বরগ্রস্ত।

**জ্বরুয়া** (জেবারো) — জ্বরাক্রান্ত।

**ৱল** ] জ্বালা বা দীপ্তি প্রকাশ। স্পষ্টভাবে স্থিতি ('— করা')

**জ্বলৎ** — জ্বলন্ত।

**জ্বলন** — দহন। দীপ্তি। অগ্নি। জ্বালা। (§ জ্বলিত)

**জ্বলন্ত** ] যাহা জ্বলিতেছে ('— আগুন, কয়লা, চোখ')। ... **জ্বলজ্বলন্ত** — দেদীপ্যমান।

**জ্বলবিছুটি** — যে বিছুটি গায়ে লাগিলে শরীরে জ্বালা ধরে।

**জ্বলা** [ √ জ্বল্-৫। < জ্বল্ ] দীপ্ত হইয়া পোড়া; আলোকদান করা ('কয়লা, আগুন, আলো, প্রদীপ, বিজলী বাতি —')। দীপ্ত হওয়া ('চোখ —')। জ্বালা করা। সন্তপ্ত হওয়া ('কাটা ঘা, মন —')। ণ. দগ্ধ ('— তেল')।

**জ্বলানো, জ্বালানো, জালানো** [ √ জ্বলা, জ্বালা, জালা ১১ ] আগুন ধরানো, পোড়ানো। দীপ্ত করা। যন্ত্রণা দেওয়া, জ্বালাতন করা।

**জ্বলিত** — প্রদীপ্ত, অগ্নিময়। দগ্ধ।

**জ্বলুনি** ] জ্বলন। জ্বালাবোধ।

**জ্বাল** — আগুনের আঁচ ('অল্প জ্বালে রাঁধা। দুধ — দেওয়া')। অগ্নিশিখা।

**জ্বালা ১** — দহন, জ্বলন। অগ্নিশিখা। আগুনে পোড়ার তুল্য যন্ত্রণা ('— করা')। উৎপাত, বিরক্তিকর বিষয় ('কি জ্বালা!')

**জ্বালা ২, জালা** [ √ জ্বাল্, জাল্-৭ ] দীপ্ত করা ('প্রদীপ —')। আগুন

ধরানো ('উনান —')। **জ্বালানো** (জ্বলা দেখ)

**জ্বালাতন, জ্বালানে** (জালা দেখ)

**জ্বালানি** — জ্বালাইবার জন্য ('জ্বালানি কাঠ')

**জ্বালামুখ।** — পীঠস্থান বিঃ (পঞ্জাবে। স্বাভাবিক অগ্নিশিখা আছে)

**জ্বলিত** — যাহা জ্বালা হইয়াছে। দগ্ধীকৃত।

## ঝ

**ঝংকার, ঝঙ্কার** — ঝনৎকার, বীণা ইঃর শব্দ। গুঞ্জন, শিঞ্জন ('ভ্রমর-')। তর্জন ('— দিয়ে কথা বলা')। (পদ্যে—ক্রি. 'ঝংকারিল, ঝঙ্কারিল')। ... **ঝংকৃত, ঝঙ্কৃত** — শিঞ্জিত, গুঞ্জিত।

**ঝকঝক, -মক**] চকমক (দেখ)। ... ণ. **ঝকঝকে, -মকে**]

**ঝকঝকি, ঝকামকি**] — বাক্‌কলহ। বচসা।

**ঝকড়া**] — বল্লমজাতীয় অস্ত্র।

**ঝকমকানি** — উজ্জ্বল পরিচ্ছন্নতা মার্জিত বাসনপত্রের মতো।

**ঝকমকি**]—আলোকপাতে উজ্জ্বল আভার বিস্তার।

**ঝকমারি**] অপরাধ; নির্বুদ্ধিতা; হয়রানি (অনুতাপ বা বিরক্তি জ্ঞাপক। '— হয়েছে')

**ঝক্কি**] ঝঞ্ঝাট, হাঙ্গামা, ধকল; দায়িত্ব ('—নেওয়া, পোহানো')

**ঝগড়া**] কলহ, বচসা, বিবাদ ('— করা, হওয়া, বাধা, মেটা')। ... **ঝগড়াঝাঁটি**] ঝগড়া ইত্যাদি। ... **ঝগড়াটে**] কলহপ্রিয়।

**ঝঙ্কাট** (ঝনকাঠ দেখ)

**ঝঙ্কার, ঝঙ্কৃত** (ঝংকার দেখ)

**ঝঞ্জনা** — ঝনৎকার, ঝনঝন শব্দ।

**ঝঞ্ঝা** — ঝটিকা, বাত্যা, প্রচণ্ড ঝড়বৃষ্টি। ... **ঝঞ্ঝাক্ষুব্ধ** — প্রবল বাত্যাবেগে উত্তাল ও আলোড়িত। ... **ঝঞ্ঝাবর্ত**—ঘূর্ণবাত।

**ঝঞ্ঝাট**] হাঙ্গামা, ঝক্কি, লেঠা, অশান্তি ('কাজের —। — মেটা, চোকা')

**ঝট্**] শীঘ্র, চট্, ঝাঁ ('— ক'রে এস')। ... **ঝটপট**] শীঘ্র শীঘ্র। ডানা নাড়ার শব্দ।

**ঝটকা, ঝটকানি**] হঠাৎ জোরে টান।

**ঝটপটি** — পাখীর পাখার শব্দ।

**ঝটাপটি**] — জাপ্‌টাজাপ্‌টি। মুখোমুখি হইতে হাতাহাতি পর্যন্ত।

**ঝটিকা**] ঝড়। ... **ঝটিকাবর্ত**] ঘূর্ণবাত।

**ঝটিতি** — শীঘ্র।

**ঝড়**] ঝটিকা, প্রবল বায়ুপ্রবাহ। ... **ঝ'ড়ো**] ঝড়ের তুল্য ('— বাতাস')। ঝড়ে পীড়িত বা পাতিত ('— কাগ, আম') ... **ঝড়ঝাপটা**] — ঝড়ের আঘাত। লক্ষ্যার্থে — আপদবিপদ, বাধাবিঘ্ন।

**ঝড়তিপড়তি**] নাড়াচাড়ায় বা গুদামে যে অংশ নষ্ট হয় ('মালের — বাদ')

**ঝড়ি**] — ঝড়ের সঙ্গে বৃষ্টি।

**ঝনকাঠ, ঝঙ্কাট**] মাথার কাঠ, কপালি।

**ঝনঝন**] অনুকার শব্দ ('— ক'রে থালা গেলাস ফেলা')। টনটন, বেদনা ('মাথা — করা')। ... **ঝনাৎ**] হঠাৎ জোরে ঝন শব্দ।

**ঝনৎকার** — ঝনঝন শব্দ।

**ঝপ্**] খপ, শীঘ্র ('— ক'রে')। অনুকার-শব্দ ('ঝপঝপ, ঝপাঝপ দাঁড় ফেলা')

**ঝপাং**] জলে ঝাঁপ দিবার বা ভারী জিনিস জলে পড়িবার শব্দ।

**ঝমঝম**] বৃষ্টি নূপুর মল ইঃর শব্দ। ... **ঝমর ঝমর**] (মল)। **ঝমাঝম**] (বৃষ্টি)

**ঝম্প** — ঝাঁপ (দেখ)। ... **ঝম্পন** — ঝাঁপ

দেওয়া।

**ঝরকা, ঝরোকা** ] জানালা।

**ঝরঝর** ] জল ইঃ পড়ার শব্দ বা পড়ার ভাব ('— ক'রে জল, বালি পড়ছে')

**ঝরঝরে** ] তকতকে, পরিষ্কৃত ('— ঘর')। দানা দানা ('— ভাত')। স্পষ্ট ('— লেখা')। হালকা, সুস্থ ('শরীর — হওয়া')। ঝাঁঝরা, নষ্ট ('পরকাল —হওয়া')

**ঝরাতিপড়াতি** ] — (ঝড়াতিপড়াতি দেখ)

**ঝরনা** ] নির্ঝর, উত্থিত বা পতিত জলধারা।

**ঝরা** [ √ ঝর্-৫। < ঝৃ ] বিন্দু বিন্দু করিয়া বা ধারায় পড়া ('জল —')। খসা, চ্যুত হওয়া ('বালি, ফুল —')। স্রাবযুক্ত হওয়া ('সর্দিতে নাক —')। ণ. ক্ষরিত, চ্যুত। ... **ঝরানো** [ √ ঝর্-১১ ] ঝরিত করা।

**ঝরিত** — যাহা ঝরিয়াছে, ক্ষরিত।

**ঝর্ঝর** — ঝরঝর (দেখ)। ঝাঁজর, কাঁসার বাদ্যযন্ত্র বিঃ।

**ঝর্ঝরী** — ঝাঁঝরী। ছাঁকা তেল বা ঘিয়ে ভাজিতে যে সচ্ছিদ্র হাতার ব্যবহার হয়।

**ঝলক** ] আগুনের হলকা, অগ্নিশিখা। তীব্র আলোক ('বিদ্যুতের —')। উদ্গার ('এক — রক্ত')। (ছোট — ঝিলিক)। ... **ঝলকানো** [ √ ঝলক্-১৭ ] তীব্র আলোক প্রকাশ করা ('বিদ্যুৎ —')। ... য্য. **ঝলকানি** ]। ... **ঝলকিত** ] তীব্র আলোকে উদ্ভাসিত।

**ঝলকানি** ] — প্রখর আলোকের আকস্মিক স্ফুরণ।

**ঝলঝল** ] ঝোলা ও দোলার ভাব ('জোব্বা — করছে')। ... ণ. **ঝলঝলে** ]

**ঝলা** — আলোকতরঙ্গ। মরীচিকা।

**ঝলঝলা** ] — প্রখর আলোকপাতে বস্তু হইতে বিচ্ছুরিত আভা।

**ঝলমল** ] ঝকমক (দেখ)। ঝলঝল (দেখ)। (ছোট — ঝিলমিল ১)। ... ণ. **ঝলমলে** ] ('— গহনা, আলখাল্লা')

**ঝলসানো** [ √ ঝল্সা-১৭ ] উজ্জ্বল আলোকে অন্ধপ্রায় করা ('চোখ —')। আধপোড়া করা ('মাংস —')। ণ. ('চোখ- আলো। — মাংস')। ... য্য. **ঝলসানি** ]

**ঝল্ল** — প্রাচীন ভারতের সামরিক জাতি বিঃ। ঝালা।

**ঝল্লকণ্ঠ** — পারাবত।

**ঝল্লরী** — বাদ্যযন্ত্র বিঃ, করতাল।

**ঝল্লিকা** — গামছা। ঝাঁঝ। ঝলক।

**ঝষ** — মৎস্য।

**ঝাঁ** ] শীঘ্র, ধাঁ, চট্ ('— ক'রে')। ... **ঝাঁ ঝাঁ** ] শীঘ্র শীঘ্র। প্রখর উত্তাপের লক্ষণ প্রকাশ ('রোদ — করছে')

**ঝা** ] — মৈথিলী ব্রাহ্মণদের উপাধি বিঃ। উপাধ্যায় হইতে ওঝা.— তাহা হইতে ঝা।

**ঝাঁই** ]—খর ভাজা। তীব্র আলোকে চক্ষুঃ-পীড়া। বিকটশব্দে কর্ণপীড়া। মৎস্য বিঃ।

**ঝাউ** [ < ঝাবুক ] সূচীতুল্য পত্র বিশিষ্ট বৃক্ষ বিঃ, tamarisk.

**ঝাঁক** ] পাখি মাছ পতঙ্গ ইঃর দল ('ঝাঁকে ঝাঁকে')

**ঝাঁকড়া** ২ ] — ঘন শাখাপল্লবে বলয়িত। ঝোপের মত।

**ঝাঁকড়া** ২ ] — ঘন শাখাপল্লবে বলয়িত।

**ঝাঁকা ১** ] মোট বহিবার বড় ঝুড়ি ('-মুটে')

**ঝাঁকা ২** [ √ঝাঁক্-৭ ] নড়া; দেহ কম্পিত করা। ... **ঝাঁকানো** [ √ ঝাঁকা-১১ ] নাড়া দেওয়া ('ওষুধের শিশি —')। ... য্য. **ঝাঁকানি, ঝাঁকুনি** ]

**ঝাঁকার** ] — ঝাঁকি, ঝাঁকুনি, জোরে নাড়া

দেওয়া। গা-বমি বমি ভাব। সহসা কুপিত হইয়া কঠোর ভাষণ। যানবাহনের গতিবিপর্যয়ে ধাক্কা।

**ঝাঁজ** ] আঁচ, বিকীর্ণ প্রখর উত্তাপ ('আগুনের —')। উগ্রতা ('কথার, লঙ্কার, ঔষধের —') (ঝাঁজি দেখ)। ... **ঝাঁজালো** ] ঝাঁজযুক্ত, তীব্র, উগ্র।

**ঝাঁজর ১, ঝাঁজ** ] <ঝর্ঝর, কাঁসর। নূপুর বিঃ।

**ঝাঁজর ২, ঝাঁজরা** [ < জর্জর ] ফোঁপরা, বহুছিদ্রযুক্ত। ... **ঝাঁজরা, -রি** ] সচ্ছিদ্র হাতা, ছানতা। (ঝর্ঝরী দেখ) নরদমার মুখের গরাদে। গাছে জল দিবার ঝারি।

**ঝাঁজি, ঝাঁজ** ] জলজ গুল্ম বা শৈবাল বিঃ।

**ঝাট, ঝাঁট** ] — সত্বর, ঝটিতি।

**ঝাঁট** ] ঝাঁটা দিয়া পরিষ্কার, সম্মার্জন ('— দেওয়া')

**ঝাঁটানি** ] — ঝাঁটাইয়া জড়ো করা জঞ্জাল।

**ঝাঁটা** ] ঝাড়ু, খাংরা, সম্মার্জনী। ... **ঝাঁটানো** [ √ ঝাঁটা-১১ ] ঝাঁটা দিয়া পরিষ্কার করা। ঝাঁটা মারা। ... **ঝাঁটা-পেটা** — ঝাঁটা দিয়া পিটানো (প্রহার)।

**ঝাঁটি** ] — ছোট ঝাঁটা। কুরবক পুষ্প।

**ঝাড় ১** ] ঝোপ, বড় গুচ্ছ, ডালপালা। ('বাঁশ-। গাছের —')। বহুশাখাযুক্ত দীপাধার।

**ঝাড় ২** ] — বংশকুল।

**ঝাড়পোঁছ** ]—ঝাড়িয়া মুছিয়া পরিচ্ছন্নতা সাধন।

**ঝাড়বাঁধা** ] — একটি গাছের চারার মূল হইতে অনেকগুলি চারার জন্ম।

**ঝাড়ন** ] ধুলা ঝাড়িবার কাপড়। ধুলা দূর করণ। ঝাড়ফুঁক।

**ঝাড়ফুঁক** ] ভূত বিষ রোগ ইঃ বিতাড়নের নিমিত্ত মন্ত্রপাঠ ফুৎকার ইঃ।

**ঝাড়া** [ √ঝাড়্-৭ ] কাপড় ঝাটা ইঃ দিয়া বা নাড়িয়া ধূলি দূর করা। খালি বা উজাড় করা ('ঝুলি, নাক —')। বাহির করা; নিক্ষেপ করা (অশিঃ। 'একটি টাকা, বক্তৃতা, গায়ের ঝাল —')। মন্ত্র-দ্বারা ভূত বিষ রোগ ইঃ দূর করা। ণ. পরিষ্কৃত ('— চাল')। একটানা ('— এক ঘণ্টা')। ষ্য. সঞ্চালন ('— দেওয়া। গা-')। ... **ঝাড়ানো** [ √ ঝাড়া-১১ ] ধূলি দূর করানো। ঝাড়ফুঁক করানো। বহিষ্কৃত করানো। ... **ঝাড়াই** ] ঝাড়ার কাজ।

**ঝাড়ালো** ] — যাহা ঝাড় বাঁধিয়া উঠে। সতেজ। দীর্ঘকায় ('ঝাড়ালো চেহারা')

**ঝাড়ু** [ হি ] ঝাঁটা। ... **ঝাড়ুদার** ] যে ঝাঁট দেয়। মেথর।

**ঝাণ্ডা** [ হি ] পতাকা, নিশান।

**ঝানু** ] ঝুনা, পাকা, চতুর ('— লোক')

**ঝাঁপ** ] < ঝম্প, বুক নীচু করিয়া বা লাফাইয়া পতন ('জলে, আগুনে — দেওয়া')। আগড়, বাখারি চাটাই ইঃর কপাট ('— তোলা, ফেলা, বন্ধ করা')। তাঁতে টানা-সুতার ফাঁক যাহার ভিতর দিয়া মাকু চলে।

**ঝাপট, ঝাপটা** ] ধাক্কা ('হাওয়ার, বৃষ্টির, লেজের —')

**ঝাপটা** ] মাথার গহনা বিঃ।

**ঝাঁপতাল** ] সংগীতের তাল বিঃ।

**ঝাপসা** ] অস্পষ্ট ('কুয়াশায় —')

**ঝাঁপা** [ ঝাঁপ্-৭ ] ঢাকা, আবৃত করা ('কান, মুখ —'। বিরল)

**ঝাপান** ] মনসাপূজার উৎসবে সাপ খেলানো।

**ঝাঁপানো** [ √ ঝাঁপা-১১ ] ঝাঁপ দেওয়া।

**ঝাঁপি** ] ঢাকনিযুক্ত বেত তালপাতা ইঃর পেটিকা।

**ঝাবুক** -- ঝাউ।

**ঝামটা**] ধমক ('মুখ- দেওয়া')

**ঝামর**] বর্ষণোন্মুখ, জলভারাক্রান্ত। ... **ঝামরানো** [ঝাম্‌রা-১৭] রসাধিক্যে ভারী হওয়া ('সর্দিতে মুখ —')। বর্ষণোন্মুখ হওয়া ('আকাশ —')

**ঝামর**] (ব্রজবুলিতে) —শ্রীহীন, মলিন, বিমর্ষ।

**ঝামা** [< ঝামক] বেশী পোড়া ইট।

**ঝারা**] < ধারা। সচ্ছিদ্র জলপাত্র (যথা তুলসী গাছের উপর)

**ঝারি**] ভৃঙ্গার, গাড়ু। গাছে জল দিবার সচ্ছিদ্র পাত্র।

**ঝাল** [< জ্বাল] ণ. কটু, লঙ্কার তুল্য স্বাদযুক্ত। ষ্য. ঝাল মসলা, লঙ্কা ইঃ। ঝাল ব্যঞ্জন। প্রসূতির জন্য ঔষধ বিঃ। ক্রোধ, গাত্রদাহ। ('— ঝাড়া, মিটানো' — গালি দিয়া নিজের উত্তেজনা লাঘব করা)। ধাতু জুড়িবার পান ('রাং-')

**ঝালর** [< ঝল্লরী] কোঁচকানো কাপড়ের পাড় ('মশারির —')। শ্রেণীবদ্ধ লম্বিত অলংকার ('মুক্তার —')

**ঝালা** [√ঝাল্‌-৭] পান দিয়া ধাতু-দ্রব্য জোড়া। পাঁক ইঃ তুলিয়া পরিষ্কার করা ('পুকুর —')। ... **ঝালানো** [√ঝালা-১১] পান দিয়া জোড়ানো। পঙ্কোদ্ধার করানো।

**ঝালা** — < ঝল্ল — রাজপুত জাতির একটি শাখা। ইহাদের রাজ্য ঝালোয়ার। ('ঝালাপতি মান্না')

**ঝালাই**] — পাইন বা রাঙঝাল দিয়া বাসন পাত্রাদির মেরামতি। জীর্ণ সংস্কার।

**ঝালাপালা**] ণ. উচ্চ শব্দে বধিরপ্রায়; উত্ত্যক্ত ('কোন—।—করা, হওয়া')। ষ্য. বিরক্তিকর উচ্চ শব্দ; উৎপাত।

**ঝালিয়া**] — মরীচিকা। কুহকী।

**ঝি**] দাসী। < দুহিতা, কন্যা। ... **ঝিয়ারী / ঝিউড়ী**] দুহিতা।

**ঝিঁক**]—উনানের পাড়ের উঁচু অংশ যাহাতে হাঁড়ি বসে এবং যাহার ফাঁক দিয়া আঁচ ওঠে।

**ঝিঁক**] — জাঁতার উপরকার পাটের ছিদ্র যাহার মধ্য দিয়া শস্যাদি প্রবেশ করানো হয়।

**ঝিঁকড়া**] — ঝাড়বাঁধা গুল্ম।

**ঝিকমিক**] চিকমিক (দেখ)

**ঝিঁকা / ঝিকে**] নৌকার হালে জোরে টান ('— মারা')

**ঝিকিমিকি** — চিক্কণ বস্তুর আভার ছটা।

**ঝিকিমিকি বেলা** — বৈকাল বেলা।

**ঝিকুট**] — শুকাইয়া শক্ত, অকালে পাকা, দরকচা মারা।

**ঝিকুর**] — মস্তিষ্ক-।

**ঝিঙগা/ঝিঙে** — ফল বিঃ (তরকারি) ... **ঝিঙাশাল**] — একপ্রকার ধান্য।

**ঝিঁঝি**] ঝিল্লী (দেখ)

**ঝিঁঝিট, ঝিঝিট**] রাগিণী বিঃ।

**ঝিণ্টী, ঝিণ্টিকা** — ঝাঁটিফুল।

**ঝিনঝিন**] অসাড়তার লক্ষণ প্রকাশ, অঙ্গে কম্পনের তুল্য অনুভূতি ('হাত পা — করা')। ... ষ্য. **ঝিনঝিনি**] ('—লাগা')

**ঝিনিকিঝিনি** — নূপুরের শব্দ।

**ঝিনুক**] শুক্তি। শিশুকে দুধ খাওয়াইবার নিমিত্ত কুষির তুল্য পাত্র।

**ঝিম**] নেশা তন্দ্রা ইঃ দ্বারা জড়ীভূত, অবসন্ন ('— হ'য়ে ব'সে আছে)। ... **ঝিমঝিমে**] অবশতা বোধ ('গা, মাথা — করা')

**ঝিমন্ত** — যে ঝিমাইতেছে।

**ঝিমানো / ঝিমনো** [√ঝিমা-১৩] নেশা তন্দ্রা ইঃতে জড়ীভূত হইয়া ঢোলা।

**ঝিয়ারী** (ঝি দেখ)

**ঝিরঝির**] মৃদু প্রবাহের ভাব ('— ক'রে

বাতাস বহা')। ... ণ. **ঝিরঝিরে**]

**ঝিল**] বৃহৎ জলাশয়। বিল। চিতা।

**ঝিলমিল ১**] ঝলমল (ছোট), ঝিকমিক।

**ঝিলমিল ২, -মিলি**] খড়খড়ি।

**ঝিলিক**] ঝলক (ছোট), ক্ষণস্থায়ী আলোক ('— দেওয়া, মারা')

**ঝিলিমিলি**] ঝলমলে (ছোট), উজ্জ্বল ও তরঙ্গায়িত।

**ঝিল্লী, ঝিল্লি** — ঝিঁঝিপোকা, cricket ('-রব, -মুখর')। পাতলা চামড়া।

**ঝুঁকা**] (ঝোঁকা দেখ)

**ঝুঁকি**] ভার, দায়িত্ব ('কাজের — নেওয়া')

**ঝুঁকী**] — ঝোঁক ধরা যাহার স্বভাব। জেদী।

**ঝুঁঝকিবেলা** — সূর্যোদয়ের আগে ভোর বেলা।

**ঝুটা-/ঝুটো** [ <জুষ্ট ] এঁটো, উচ্ছিষ্ট। মিথ্যা। নকল, কৃত্রিম ('— মুক্তা')

**ঝুটাপাটি / ঝুটো-**] জাপটাজাপটি।

**ঝুঁটি, ঝুটি** [ < জূট ] চূড়াবাঁধা চুল, ঝোঁটন, মোটা টিকি ('— বাঁধা')। চূড়ার তুল্য অঙ্গ ('কাকাতুয়ার —')

**ঝুটিয়া**] — চুটকি।

**ঝুড়ি**] বাঁশ বেত ইঃর বড় চাঙারি (বড় — ঝোড়া১)।... **ঝুড়ি ঝুড়ি**] রাশি রাশি।

**ঝুনা / ঝুনো** [ < জূর্ণ ] পাকা ও শক্ত ('— নারিকেল')। অভিজ্ঞ, চতুর, ঝানু ('— লোক')

**ঝুপ**] ঝপ্ (ছোট), লম্ফ ইঃর শব্দ ('— ক'রে পড়া। ঝুপঝুপ ক'রে বৃষ্টি পড়া, দাঁড় ফেলা')

**ঝুপড়ি, ঝুপরি**] — জীর্ণ কুটীর।

**ঝুপ্সি**] — বায়ুপ্রবাহহীন আলোকশূন্য। ঝোপঝাপের পরিবেষে অবস্থিত।

**ঝুমকা/ঝুমকো**] গুচ্ছের তুল্য অলংকার, থুপ। কানের গহনা বিঃ। ফুল বা লতা বিঃ।

**ঝুমঝুম, ঝুমুর ঝুমুর**] ঝমঝম, ঝমর ঝমর (ছোট)

**ঝুমঝুমি**] শিশুর খেলনা (নাড়িলে শব্দ হয়)

**ঝুমুর**] নৃত্যগীত বিঃ।

**ঝুরঝুর**] ঝরঝর (ছোট), মৃদু ধারা ('— ক'রে বালি পড়া')। ... ণ. **ঝুরঝুরে**]

**ঝুরি**] বটগাছ প্রভৃতির জটা। ... **ঝুরি-ভাজা**] দালবাটা মাছ ইঃ সরু সরু করিয়া ভাজা।

**ঝুল ১**] নীচের দিকে প্রসার ('জামার—')। মাকড়সার জালের সহিত মিশ্রিত ধুঁয়ার কালি।

**ঝুল ২**]—কাঁধ হইতে পায়ের কোন স্থান পর্যন্ত জামার মাপ।

**ঝুলঝাঁপ্প** — গাছে চড়িয়া ঝুলিয়া পড়া ও ঝাঁপ দেওয়ার খেলা।

**ঝুলন**] দোলন। ঝুলিয়া থাকা। কৃষ্ণের দোলন উৎসব ('— যাত্রা')

**ঝুলনা**] — হিন্দোলা।

**ঝুলা, ঝুলানো** (ঝোলা১ দেখ)

**ঝুলাঝুলি/ঝুলো-**] সনির্বন্ধ অনুরোধ। পীড়াপীড়ি।

**ঝুলি**] থলি। কাঁধে ঝুলানো থলি ('বাজিকরের —')। (বড় — ঝোলা) ... **ঝুলিঝাড়া**] -ণ. ঝুলিকে উল্‌টাইয়া ঝাড়িয়া যাহা কিছু পাওয়া যায়।

**ঝোঁক**] ঝুঁকিয়া থাকার ভাব। টান, পক্ষপাত। আগ্রহ ('লেখাপড়ায় —')। শখ। অভিভাব, বিহ্বলতা ('নেশার —')

**ঝোঁকা** (ঝুঁকা বিরল) [ √ ঝুক্-১০ ] নত হওয়া। পক্ষপাতগ্রস্ত হওয়া ('অমুকের দিকে —')। আকৃষ্ট হওয়া।

**ঝোঁটন**] ঝুঁটি (আদরে। অনাদরে—ঝোঁটা ])

**ঝোড়া ১**] বড় ঝুড়ি।

**ঝোড়া ২** [ √ ঝুড়্‌-১০ ] অনাবশ্যক ডালপালা ছাঁটিয়া ফেলা।

**ঝোপ** ] < ক্ষুপ, ঝাড়ের মত ছোট গাছ। ছোট গাছের জঙ্গল।

**ঝোরা ১** ] ঝরনা। ('পাগলা ঝোরা')

**ঝোরা ২** — ধানের ক্ষেতে সুপুষ্ট ধানগাছগুলির মধ্যকার শস্যহীন গাছ।

**ঝোল** ] পাতলা ব্যঞ্জন ('মাছের —')। তরল অংশ। ... **ঝোলভাত** ] — মাছের ঝোল কিংবা নিরামিষ রসাঝাল ও ভাত। (সাধারণতঃ রোগীর পথ্য হিসাবে বিহিত)

**ঝোলা ১** (ঝুলা বিরল) [ √ঝুল্‌-১০ ] লম্বিত হওয়া। ('গাছের ডাল হইতে —')। দোল খাওয়া। ... **ঝুলানো / ঝুলনো, ঝোলানো** [ √ঝুলা-১৪ ] লম্বিত করা, লটকানো। ণ. যাহাকে লম্বিত করা হইয়াছে।

**ঝোলা ২** ] ণ. লম্বিত; ঝুল বিশিষ্ট ('— আলনা, আস্তিন')। ঝোলের মত, পাতলা ('— গুড়')। ষ্য. বড় ঝুলি।

## ট

**"টইটুম্বুর, -টম্বুর"** ] কানায় কানায় পূর্ণ, ছাপাছাপি ('জলে —')

**টং ১** [ < টঙ্ক = ক্রোধ ] অত্যন্ত ক্রোধাবিষ্ট ('রেগে —')

**টং ২** ] ঘণ্টা ইঃর শব্দ। (টঙ দেখ)

**টংকার, টঙ্কার** — ধনুকের জ্যা টানিয়া ছাড়িয়া দিলে যে শব্দ হয়।

**টক** [ < তক্র ] ণ. অম্ল। ষ্য. অম্লব্যঞ্জন, অম্বল। (§ টকা, ট'কো)

**টক্‌** ] অনুকারশব্দ। (মৃদু — টিক, টুক ])। বার বার — টকটক, টকাটক, টিকটিক, টুকটুক ])। ... **টক্‌** ] শীঘ্র ('— ক'রো'। আদরে — টুক ])

**টকটক** ] রগরগ, উজ্জ্বল ('লাল—'। আদরে — টুকটুক ])। ... **টকটকে, টুকটুকে** ] উজ্জ্বল রক্তবর্ণ।

**টকা** [ √ টক্‌-৫ ] টক হইয়া যাওয়া।

**ট'কো** ] অম্লস্বাদযুক্ত ('— আম')

**টক্কর** ] ঠোকর, হোঁচট ('— খাওয়া')। ধাক্কা ('— লাগা')। প্রতিযোগ ('— দেওয়া')। ঈষদুচ্চ বাধা, বন্ধুরতা।

**টগবগ** ] ফুটন্ত জল ঘোড়ার গতি ইঃর শব্দ।

**টগর** ] < তগর, সাদা ফুল বা গাছ বিঃ।

**টঙ, টং, টঙ্গ** [ < তুঙ্গ ] উচ্চ মঞ্চ, মাচা।

**টঙ্ক, টঙ্কণ** — সোহাগ।

**টঙ্কা, টঙ্ক** — টাকা, মুদ্রা। ... **টঙ্কশাল** — টাঁকশাল।

**টঙ্ক** — গাঁইতি, শাবল ইত্যাদি খননের অস্ত্র। পর্বতের উন্নত স্থান।

**টঙ্ক** — টন্‌কো, মজবুত, দৃঢ়।

**টঙ্কন** — টাঁক, বাঁধন। পার্বত্য ঘোটক।

**টঙ্কার** (টংকার দেখ)

**টঙ্গ** — টং > উঁচু মাচা।

**টন** [ ই ] ওজন বিঃ, ২০ হন্দর, ২৭ মনের কিছু বেশী।

**টনা** — নড়া।

**টনক ১** ] হুঁশ, খেয়াল, স্মরণ। ('— নড়া' — মনোযোগ আকৃষ্ট হওয়া)

**টনক ২** ] — টান।

**টনটন** ] টান তীক্ষ্ণতা ব্যথা স্পন্দন ইঃর লক্ষণ প্রকাশ ('ঢোলের চামড়া, ফোড়া — করা')। ... ষ্য. **টনটনানি** ] ('ফোড়ার —')। ... ণ. **টনটনে** ] তীক্ষ্ণ (ব্যঙ্গে। — জ্ঞান, বুদ্ধি')

**টপ্‌** ] অনুকারশব্দ। (মৃদু — টিপ, টুপ ] বার বার — টপটপ, টিপটিপ, টুপটুপ ] ('— ক'রে বৃষ্টি পড়া')। শীঘ্রতা-

সূচক ('টপ্, টপাটপ, টুপ ক'রে খাওয়া')। (§ টিপিটিপি, টুপ)

**টপকানো** [√টপ্কা-১৭] লাফাইয়া পার হওয়া, ডিঙানো।

**টপ্পা]** গান বিঃ (হিন্দী খেয়ালের অনুকরণে রচিত প্রধানতঃ প্রণয়সংগীত) **টপ্পর** — গোরুর গাড়ীর ছাউনি।

**টব** [ই] জল রাখিবার পাত্র বিঃ, ডাবা। ফুলগাছ ইঃ রোপণের পাত্র।

**টবটব]** জল নড়ার শব্দ; জলপূর্ণতার লক্ষণ প্রকাশ। (মৃদু—টুবটুব])

**টমটম** [ই. tandem] এক ঘোড়ার বগি-গাড়ি।

**টয়ে]** ঢাকের পালখ। চূড়া। পাল বুনিবার সুতা।

**টর্নি** (ই) — আমমোক্তার।

**টলটল]** জল নড়ার শব্দ। ঢলঢল। ... ণ. **টলটলে]**

**টলন, টল** — নড়ন। স্খলন। ... ণ. **টলিত**।

**টলমল]** আন্দোলন অস্থিরতা পতনোন্মুখতা ইঃর লক্ষণ প্রকাশ ('ভূমিকম্পে বাড়ি, গা, মাথা, কারবার — করা')

**টলা** [√টল্-৫। < টল্] নড়া, বিচলিত হওয়া ('গা, মন —')। অন্যথা হওয়া ('কথা —')। ... **টলানো** [√টলা-১১] নড়ানো, বিচলিত করা। অন্যথা করানো।

**টস]** ফোঁটা পড়ার শব্দ। (মৃদু—টুস])। বার বার — টসটস, টুসটুস])। (§ টোসা) ... **টসটস]** ভিতরে রস থাকার লক্ষণ প্রকাশ ('পেকে — করছে')। ... ণ. **টসটসে, টুসটুসে]**

**টসকানো** [√টস্কা-১৭] ভাঙ্গা, নষ্ট হওয়া ('জিনিস, শরীর —')

**টহল** [হি] পায়চারি ('—দেওয়া')। **টহলদার]** চৌকিদার। ... **টহলানো** [√টহলা-১১] পায়চারি করা বা করানো। ভোর রাত্রে ভগবানের নাম গাহিয়া গৃহস্থদের জাগানো।

**-টা]** সংখ্যা বা পরিমাণ নির্দেশে ('পাঁচটা আম, পাঁচটা বেজেছে। এতটা, কতটা, অনেকটা')। ব্যক্তি বস্তু বা বিষয় নির্দেশে ('লোকটা, কাপড়টা, কাজটা')। (অনাদরে — -টা, -টে])। আদরে — -টি])। পঃচ দেখ)

**টাইট** [ই] টানযুক্ত, আঁট।

**টাইপ** [ই] ছাপিবার অক্ষর ('—কম্পোজ করা')। ছাপা অক্ষর ('বইখানির—বেশ বড় বড়')

**টাইল** (ই) — টালি।

**টাক]** মাথায় চুলের অভাব, কেশহীনতা, ইন্দ্রলুপ্ত ('মাথায় — পড়া')। (§ টেকো)

**-টাক** [< তর্ক] আন্দাজ ('পোয়া-')

**টাঁক** [< তর্ক] লক্ষ, তাক, লুব্ধ দৃষ্টি, প্রতীক্ষা ('— ক'রে থাকা। অমুকের সম্পত্তির উপর —')

**টাকরা]** তালু, জিহ্বার ঊর্ধ্বদেশ।

**টাঁকশাল]** < টঙ্কশাল, যেখানে মুদ্রা প্রস্তুত হয়।

**টাকসোনা]** — এক প্রকার পক্ষী।

**টাকা** [< টঙ্কা] ধাতুমুদ্রা বিঃ (= ১৬ আনা)। ধন ('-ওয়ালা লোক')। ('— ওড়ানো' — অপব্যয় করা। '— করা' — টাকা জমানো। '— ভাঙানো' — টাকার বদলে সিকি দুআনি পয়সা ইঃ লওয়া)। ... **টাকাকড়ি]** ধনদৌলত, অস্থাবর সম্পত্তি।

**টাঁকা** [√টাঁক্-৭। < তর্ক্] টাঁক করা, প্রতীক্ষায় থাকা ('শত্রুর মরণ —')। সেলাই করিয়া জোড়া।

**টাকার** — ঘুঁসি।

**টাকু, টেকো**] < তর্কু, তর্কলি, সুতা কাটিবার ও জড়াইবার শলাকা।

**টাগ** — হাঁটু। জঙ্ঘা।

**টাঙ্গা**] দুই চাকার ঘোড়ার গাড়ি বিঃ।

**টাঙ্গানো/টাঙানো** [√ টাঙ্গা, -ঙা-১১] ঝুলানো, লটকানো ('মশারি, ছবি —')

**টাঙ্গি/টাঙি** [< টঙ্গ] পরশু, কুঠার-জাতীয় অস্ত্র বিঃ।

**টাট**] পূজায় ব্যবহার্য তামার থালা। টাটি (দেখ)

**টাটকা**] তাজা, সদ্যোজাত, নূতন ('—দুধ, ফুল, খবর')

**টাটানো** [√ টাটা-১১] যন্ত্রণাযুক্ত হওয়া, টনটন করা, আওরানো ('ফোড়া —')। ... ষ্য. **টাটানি**]

**টাটি, টাট**] চাটাই দরমা ইঃর বেড়া।

**টাট্টু, টাট্টু**] ছোট ঘোড়া, pony.

**টাড়** — তাড়বালা।

**টাড়স** (তাড়স দেখ)

**টান** [< তান] আকর্ষণ ('— দেওয়া, পড়া, লাগা। জোয়ারের, নাড়ীর, প্রেমের —')। আঁট ('দড়িতে — আছে'। মমতা, আসক্তি ('নাড়ির, বন্ধুর উপর —')। চাহিদার বৃদ্ধি ('বাজারে অমুক জিনিসের — ধরা, পড়া')। তরল দ্রব্য বা ধূম জোরে পান ('গাঁজার কলিকায় —')। হাঁপ, কষ্টশ্বাস ('রোগীর — ধরা')। প্রসারণ। অঙ্কনভঙ্গী ('রেখার —')। উচ্চারণের বৈশিষ্ট্য ('কথায় হিন্দী —')

**টানা ১**] কাপড় বুনিবার সময় যে সুতা লম্বালম্বি থাকে, warp ('টানাপ'ড়েন')। কোনও পদার্থ টানিয়া রাখিবার দড়ি ইঃ, guy. দেরাজ।

**টানা ২** [√ টান্-৭ < তন্] আকর্ষণ করা ('দড়ি —')। বিস্তৃত করা আঁকা ('রেখা, রুল —')। খরচ কমানো ('টেনে চলা')। পক্ষপাতী হওয়া ('অমুকের দিকে টেনে কথা বলা')। পান করা (অশিঃ। 'মদ, গাঁজা —')। ণ. আকৃষ্ট। চালিত ('গরুতে —')। নিরবচ্ছিন্ন, একটানা ('— দু ঘণ্টা')। সোজা ('— পথ')। ... **টানাগাড়ী** — যে গাড়ী মানুষে টানিয়া লইয়া যায়। ... **টানাটানি**] অনটন, অভাব। বার বার টানা। ... **টানাদুধ**] মাখনতোলা দুধ। ... **টানা পড়েন** — কাপড় বুনিবার তাঁতে যে সুতাগুলি দৈর্ঘ্যের দিকে টানিয়া বাঁধা হয় তাহাই টানা — আর ওসারের দিকে বাঁধা যেগুলিকে তাহার মধ্যে পরানো হয় — তাহাই পরেন বা পড়েন। ক্লান্তিকর যাতায়াত। ... **টানাপাখা**] ঝোলানো পাখা যাহা দড়ি দিয়া টানিয়া দোলানো হয়। ... **টানাহেঁচড়া**] হেঁচড়াইয়া টান, জোর করিয়া নাড়ানাড়ি। জোর করিয়া প্রবৃত্ত করিবার চেষ্টা।

**টাপোর** — টপ্পর দেখ।

**টাবা** — একপ্রকার নেবু।

**টায়টায়, টায়টোয়**] কোনও রকমে, কিছু কম হইলেই কুলায় না এমন ভাবে ('দশ টাকায় — চলবে')

**টার** (ই) — আলকাতরা, কয়লার ক্বাথ।

**টাল**] বাঁকা ভাব ('লোহার কড়ির — সোজা করা')। এক দিকে টলিবার বা হেলিবার ভাব ('চাকার —। — খাওয়া')। < তাল, ধাক্কা ('— সামলানো')। রাশি, স্তূপ ('— লাগানো')। ... **টালবাহানা**] অনিশ্চয় ও নানাবিধ ওজর। ... **টালমাটাল**] অস্থিরতা, সংশয়াপন্ন অবস্থা।

**টালান** — হেলন।

**টালি** [ই. tile] ছাদ মেঝে ইঃ ছাইবার জন্য পোড়া-মাটি পাথর ইঃর ফলক।

**-টি** ( -টা দেখ )

**টিক ১**] নিশানা, টিপ ('বন্দুকের —')
**টিক ২, টিকটিক** (টক্‌ দেখ)
**টিকটিকি**] (ধন্যাত্মক শব্দ) সরীসৃপ বিঃ, জ্যেষ্ঠী, গৃহগোধিকা। (ব্যঙ্গে) detective, গোয়েন্দা পুলিস।
**টিকরা** — উচ্চ ভূমি।
**টিকলি** [ হি ] ছোট চাকতি ('আকের—')। কপালে পরিবার টিপ।
**টিকা ১**] < তিলক, কপালে ফোঁটা ('রাজ-')
**টিকা ২/টিকে** [ < তিলক ] অঙ্গে ক্ষত বা বিদ্ধ করিয়া বসন্ত ইঃ রোগের প্রতি-ষেধক বীজ প্রয়োগ ('—দেওয়া, লওয়া') '—ওঠা'—টিকার ক্ষত পাকিয়া ওঠা)
**টিকা ৩/টিকে**] তামাক সাজিবার জন্য কয়লার গুঁড়ার জমানো চাকতি।
**টিকা ৪, টিকানো** (টেকা দেখ)
**টিকারা**] নাকারা জাতীয় বাদ্যযন্ত্র বিঃ।
**টিকালো/টিকলো**] তীক্ষ্ম, উচ্চ কোণাকৃতি ('— নাক')
**টিকি**] মস্তকের পশ্চাতে রক্ষিত কেশ-গুচ্ছ, চূড়া, শিখা, চৈতন।
**টিকিট** [ই. ticket] যে কাগজখণ্ড কাছে থাকিলে চড়িবার বা প্রবেশের বা অন্য কোনও অধিকার হয় ('রেলের, থিয়েটারের, লটারির —')। ডাকটিকিট ('— আঁটা, লাগানো, মারা')
**টিকিন** — তোশক, গদী ইত্যাদির তৈরির জন্য ব্যবহৃত মোটা কাপড়।
**টিটকারি**] নিন্দা বা বিদ্রূপ সূচক উক্তি ('—দেওয়া')
**টিট্টিভ, টিটিভ** — পক্ষী বিঃ।
**টিন** [ ই ] রাং (ধাতু)। রাঙের কলাই করা লোহার পাত ('টিনের বাক্স')। কানেস্তারা, টিনের পাত্র ('কেরোসিনের টিন')
**টিপ**] কপালের ফোঁটা বা অলংকার ('সিঁদুরের—')। আঙুলের ডগা। চিমটি ('এক—নস্য')। নিশানা, টিক ('—করা') ... **টিপকল** — হার, চুড়ী ইত্যাদির দুইমুখ জুড়িবার উপায়। ... **টিপসহি/-সই**] বুড়া আঙুলের ডগায় কালি মাখাইয়া ছাপ।
**টিপটিপ**] (টপ্‌ দেখ)। বেদনা ('মাথা —করা')। অল্প বৃষ্টির শব্দ।
**টিপা, টিপানো** (টেপা দেখ)
**টিপিটিপি**] নিঃশব্দে পা ফেলিয়া ('—চলা')। ঠোঁট টিপিয়া ('— হাসা')। টিপটিপ শব্দে ('—বৃষ্টি পড়া')
**টিপুনি, টেপন**] টেপার কাজ। ... **টিপুনি**] গুপ্ত সংকেত।
**টিপ্পনী** — টীকা, পুস্তকাদির তাৎপর্য সম্বন্ধে সংক্ষিপ্ত মন্তব্য। কথাপ্রসঙ্গে সংক্ষেপে মন্তব্য প্রকাশ ('—কাটা')
**টিফিন** [ ই ] বিদ্যালয়ে বা কর্মস্থানে বৈকালিক জলযোগ।
**টিমটিম**] মিটমিট, অল্প আলোক দান ('প্রদীপ — করছে'। ... ণ. **-টিমে**] ক্ষীণ, নিষ্প্রভ।
**টিয়া**] "টেয়া", তোতা, শুকপক্ষী।
**টিলা** [ হি ] ছোট পাহাড়।
**টীকা**—ব্যাখ্যা, পুস্তকের অর্থাদি সম্বন্ধে লিখিত মন্তব্য, টিপ্পনী। ভাষ্য। ... **টীকাকার** — ভাষ্যকার। ব্যাখ্যাতা।
**টুঁ**] সাড়া ('—শব্দ করে না')
**টুকটাক**] অল্পস্বল্প, ছোটখাটো; একটু একটু ('—জিনিস। —ক'রে খাওয়া')। ... **টুকিটাকি**] ছোটখাটো জিনিস বা বিষয়।
**টুকটুক** (টকটক দেখ)
**টুকনি**] ভিক্ষা পাত্র, টুকরি।
**টুকরা/টুকরো**] খণ্ড ('এক — রুটি,

জমি')। কর্তিত অংশ ('কাগজের —')
**টুকরি**] ছোট ঝুড়ি।
**টুকা/টোকা**] √ টুক্-২০] লিখিয়া লওয়া। দোষ উল্লেখ করা।
**-টুকু, -টুকুন**] আকার বা পরিমাণের অল্পতা সূচক (আদরে। 'কত-, দুধ-')
**টুংগি, টুঙি** [ < তুংগ-] মাচার উপর ছোট ঘর ('জল-')
**টুটা** [ √ টুট্-১০। < ত্রুট্] ভগ্ন হওয়া। দূর হওয়া ('অভিমান—')। ণ. ভগ্ন।
**টুঁটি**] কণ্ঠনালী। গলা।
**টুনটুনি**] ছোট পাখি বিঃ।
**টুপ**] ছোট বস্তু পড়িবার বা ডুবিবার শব্দ। (টপ্ দেখ)
**টুপি**] মাথার আবরণ।
**টুয়ানো** — উৎসাহিত করা, প্ররোচিত করা।
**টুল** [ই. stool] বসিবার ছোট উঁচু চৌকি।
**টুলি**] পল্লী, পাড়া ('কুমোর-'। বড় — টোলা])
**টুলো**] টোল সম্বন্ধীয়, টোলের ('— পণ্ডিত')
**টুস, টুসটুস, -টুসে** (টস দেখ)
**টুসি, টুসকি**] টোকা, অংগুলিদ্বারা লঘু আঘাত।
**-টে**] -টা (দেখ। 'তিনটে, এইটে')
**টেংরা, ট্যাংরা**] ছোট মাছ বিঃ।
**টেঁক, ট্যাঁক**] কোমরের কাপড় ('টেঁকে গোঁজা')। ... **টেঁকঘড়ি**] (মূঃ টেঁকে রাখিবার ঘড়ি) পকেট ঘড়ি (অপ্রঃ)
**টেকসই**] যাহা টেকে, মজবুত।
**টেকা** (টিকা বিরল) [ √ টিক্-৯] স্থায়ী হওয়া ('ধোপে —। বহুকাল টিকিবে')। তিষ্ঠানো, থাকা; বাঁচা ('সেখানে টিকতে পারবে না। রোগী বেশী দিন টিকবে না')। ... **টিকানো, টিকনো, টেকানো** [ √ টিকা-১৩] রাখা; স্থায়ী করা। বাঁচানো।
**টেকো**] যাহার মাথায় টাক আছে। (টাকু দেখ)
**টেক্কা**] টক্কর, প্রতিযোগ ('— দেওয়া')। এক ফোঁটা চিহ্নিত তাস।
**টেক্কা খোঁপা** — এক প্রকারের কবরীবন্ধন।
**টেক্স** (ট্যাক্স দেখ)
**টেঁটা** — মাছকে বিঁধিয়া মারিবার অস্ত্র বিঃ।
**টেটা, ট্যাটা**] কেঁচা (দেখ)
**টেড়া** [ < তির্যক্] বাঁকা, তেরছা।
**টেড়ি, টেরি, তেড়ি**] বাঁকা সিঁথি ('— কাটা')
**টেনা, তেনা**] মলিন বস্ত্রখণ্ড, কানি।
**টেপ**] কাপড়ের প্রান্ত, খুঁট ('কোঁচার —')
**টেপা** (টিপা বিরল) [ √ টিপ্-৯] আঙুল বা হাত দিয়া চাপা ('গলা, নাড়ী, কল —')। ডলা ('হাত পা —')। চাপিয়া রোধ করা ('হাসি —')। ঠারা, ইশারা করা ('চোখ —। তাকে টিপে দিয়েছে')। ণ. চাপা, টোল খাওয়া। ... **টিপাটিপি/টেপাটিপি**] পরস্পর টেপা বা ইশারা করা। ... **টিপানো/টিপনো, টেপানো** [ √ টিপা-১৩] ডলানো ('পা —')
**টেপারি, ট্যাঁ-**] অম্লমধুর ফল বিঃ।
**টেবিল** [ই. table] মেজ, লিখন ইঃর জন্য উঁচু চৌকি ('লেখাপড়ার, চায়ের —')
**টেবো**] ফুলো ('— গাল')
**টেমি**] চিমনিহীন টিনের ছোট কেরোসিন দীপ, ডিবা।
**টের**] অনুভূতি, বোধ ('চিমটি কাটলে — পায় না')। জ্ঞান, সংবাদ ('চুরি —

পাওয়া')। কোণ ('এক টেরে')
**টেরছা** (তেরছা দেখ)
**টেরা** [ < তির্যক্ ] যাহার দৃষ্টি বাঁকা। তেরছা (দেখ)
**টেলিগ্রাফ** [ ই ] তড়িৎ দ্বারা সংকেতে সংবাদ প্রেরণ, তার ('— করা)। ... **টেলিগ্রাম** [ ই ] তাড়িত সংবাদ।
**টেলিফোন** [ ই ] তড়িৎ দ্বারা কথন। তাহার যন্ত্র।
**টেলিস্কোপ** [ ই ] দূরবীক্ষণ যন্ত্র।
**টোআইন** [ ই ] কাগজপত্র বাঁধিবার মোটা সূতা।
**টোকা ১** ] অঙ্গুলিদ্বারা আঘাত ('— দেওয়া, মারা')। (টুকা দেখ)
**টোকা ২** [ পো. touca ] তালপাতা ইঃর ছাতা (টুপির মত পরে)
**টোকা** — তালপাতার তৈরি ক্ষুদ্র পাত্র।
**টোটকা** ] মুষ্টিযোগ (ঔষধ)। কাহারো অহিত করিবার জন্য মন্ত্র বা ঔষধ।
**টোটা ১** ] বন্দুকের কার্তুজ।
**টোটা ২** — বাগান।
**টোটো** ] নানা স্থানে অনর্থক বা অত্যধিক ভ্রমণ ('—করা')
**টোড়ি** (তোড়ি দেখ)
**টোপ** ] গুটির মত উঁচু নকশা; গদি আঁটিবার জন্য বোতাম বা কাপড়ের গুটি ('— তোলা')। মাছ ধরিবার জন্য বঁড়শিতে গাঁথা খাদ্য; প্রলোভনের উপায় ('— ফেলা, গেলা')
**টোপর** ] বরের মুকুট (সোলা ও জরির)। বড় টুপি।
**টোপা কুল** ] পাকা বড় দেশী কুল।
**টোল ১** ] চতুষ্পাঠী, সংস্কৃত পাঠশালা। ( § টুলো)
**টোল ২** ] তোবড়া ভাব ('—খাওয়া ঘটি')।
**টোলা** ] পল্লী, পাড়া ('কলু-'। ছোট — টুলি ])
**টোসা** ] ফোঁটা।
**ট্যাঁ** ] অতি ছোট শিশুর কান্নার শব্দ।
**ট্যাংরা** (টেংরা দেখ)
**ট্যাঁক** (টেঁক দেখ)
**ট্যাক্স** [ **ই** ], **টেক্স** ] রাজস্ব, কর, খাজনা। মাসুল।
**ট্যাক্সি** [ ই ] ভাড়াটে মোটর গাড়ি।
**ট্যাটা, ট্যাঁপারি** (টে- দেখ)
**"ট্যাঁস"** ] ফিরিঙ্গী (অবজ্ঞায়)
**ট্রাম, ট্র্যাম** [ ই ] শহরের ভিতরে বা নিকটে সাধারণ রাস্তায় লাইনের উপর যে গাড়ি চলে।
**ট্রেন** [ ই ] রেলগাড়ি।

## ঠ

**ঠং** ] ঘণ্টা ইঃর শব্দ। (ছোট — ঠুং ]
**ঠক্, ঠকঠক** ] কঠিন জিনিস ঠুকিবার শব্দ (মৃদু — ঠুক, ঠুকঠুক ]। হঠাৎ জোরে — ঠকাস ])
**ঠক** ] যে ঠকায়, প্রতারক, বঞ্চক।
**ঠকা** [ √ ঠক্-৫ ] প্রতারিত বা বঞ্চিত হওয়া। অকৃতকার্য হওয়া। অপ্রস্তুত হওয়া। ... **ঠকানে** ] যাহা ঠকায় ('জামাই-')। ... **ঠকানো** [ √ ঠকা-১১ ] প্রতারণা করা। অপ্রস্তুত করা। ... **ঠকামি, -মো** ] প্রতারণা। আড়ালে নিন্দা, চুকলি।
**ঠক্কর, ঠো-**] আঘাত, হোঁচট ('—খাওয়া')
**ঠক্কুর** — ঠাকুরের সংস্কারিত রূপ।
**ঠগ** ] দস্যুসম্প্রদায় বিঃ (এখন লুপ্ত) ইহারা গলায় ফাঁস দিয়া যাত্রীদের হত্যা করিত।
**ঠন, ঠনঠন** ] ধাতুপাত্র ইঃর শব্দ (ছোট — ঠুন, ঠুনঠুন ])

**ঠনঠন** — খালি। ধাতুপাত্রে আধেয় কিছু না থাকিলে তাহা ঠনঠন করে। তাহা হইতে ঠনঠন বলিলে শূন্য বা খালি বুঝায়।

**ঠমক** ] হাবভাবযুক্ত চলনভঙ্গী, ঠাট। থমক।

**ঠর্মাক ঠর্মাক** — থামিয়া থামিয়া (পদাবলী) হাবভাব প্রকাশ করিতে করিতে।

**ঠসক** ] ছলাকলা। ঠমক।

**ঠসা** — কালা। (টাকার বেলায়) মেকি।

**ঠাঁই** [ < **স্থামন্** ] ষ্য. স্থান। ভোজনের জন্য আসন ('— করা, হওয়া')। অ. স্থানে ('সব-')। নিকটে ('কার —')। ... **ঠাঁই ঠাঁই** ] পৃথক্ পৃথক্ ('ভাই ভাই —')

**ঠাওর, ঠাওরানো** (ঠাহর দেখ)

**ঠাকুর** [ < ঠক্কুর ] দেবতা। দেবমূর্তি ('— গড়া' ]। পূজ্য ব্যক্তি ('পিতা-, গুরু-')। শ্বশুর (নারী কর্তৃক উল্লেখে — 'ঠাকুরজামাই' — নন্দাই। 'ঠাকুরঝি' — ননদ। 'ঠাকুরপো' — দেবর)। ব্রাহ্মণের উপাধি বিঃ। ব্রাহ্মণ। পাচক ব্রাহ্মণ। ... স্ত্রী. **ঠাকুরানী / ঠাকরুন** ]। শ্রীমন্দিরের দালান। ... **ঠাকুরদাদা,** ... **ঠাকুরঘর** — দেবালয়। **ঠাকুরদালান** — ঠাকুরপূজার জন্য নির্দিষ্ট দালান, চণ্ডীমণ্ডপ। ... **ঠাকুরবাড়ি** ] দেবালয়। ... **ঠাকুরমা / ঠাকুমা** ] পিতামহী। **ঠাকুর সেবা** — দৈনন্দিন দেব পূজা।

**ঠাকুরালি, ঠাকুরাল** ] প্রভুত্ব। রঙ্গ। ছলনা। (অপ্রঃ)

**ঠাট** ] ঠমক, ভাবভঙ্গী, ছলাকলা। বাহিরের চাল-চলন ('— বজায় রাখা')। প্রচলিত ধারা। কাঠামো, ফ্রেম ('মাটির প্রতিমার —') সেতার ইঃর পর্দা বাঁধার প্রণালী। সৈন্যদল। সৈন্যশিবির। লোকশ্রেণী। সমাবেশশোভা। ... **ঠাট-ঠমক** — জাঁকজমক। **ঠাটবাট** — সাজ-সজ্জা। **ঠাটারী** — কাঁসারী। **ঠাটী** — লজ্জাহীন। (প্রা-সা)

**ঠাট্টা** ] পরিহাস, রঙ্গ। উপহাস।

**ঠাঠা** — বজ্র (প্রাঃ সাঃ)

**ঠাড়** ] খাড়া।

**ঠাড়ি** — দাঁড়াইয়া (প্রাঃ সাঃ)

**ঠাণ্ডা** ] ণ. শীতল; স্নিগ্ধ; শান্ত ('— জল, মেজাজ')। ষ্য. শীত ('— পড়া, লাগা')

**ঠান** — ঠাঁই (প্রাঃসা)

**ঠানদিদি, ঠানদি** ] ঠাকুরমা।

**ঠাম** ] গঠন, মূর্তি, রূপ ('বঙ্কিম —। সু-') স্থান। ভঙ্গী।

**ঠায়**] স্থিরভাবে; কিছু না করিয়া ('— ব'সে থাকা')। একটানা ('— দু মাস') সঙ্গীতের বেলায় সুর না চড়াইয়া মন্থর গতিতে।

**ঠার** ] ইঙ্গিত, ইশারা ('ঠারে ঠোরে')। ... **ঠারা** [ √ ঠার্-৭ ] ইশারা করা ('চোখ —')

**ঠারাঠারি** — চোখের ইঙ্গিতে ভাব বিনিময়।

**ঠারেঠোরে** — স্পষ্ট ভাবে কিছু না বলিয়া ইঙ্গিতে ইসারায়।

**ঠাস** ] ণ. ঘন ('— বুনন')। ষ্য. চাপ, ঠাসা-ঠাসি। চড় মারার শব্দ ('— ক'রে')

**ঠাসা** [ √ ঠাস্-৭ ] গাদা, ভরিয়া দেওয়া, ('বাক্সে কাপড় —')। চাপা ('ঠেসে ধরা')। থাসা, মর্দন করা ('ময়দা —')। ... **ঠাসাঠাসি** ] গাদাগাদি, অল্প স্থানে অনেক জিনিস।

**ঠাহর / ঠাওর** ] নিরীক্ষণ; মনোযোগ ('— ক'রে দেখা')। দৃষ্টি, উপলব্ধি ('—

হওয়া')। নির্ধারণ ('— পাওয়া') ... **ঠাহরানো / ঠাওরানো** [ √ঠাহরা-১১, √ ঠাওরা-১৭] বুঝা; স্থির করা ('ঠাওরাতে পারে না। বোকা ঠাউরেছে')

**ঠিক**] ণ. সত্য, যথার্থ, নির্ভুল, ন্যায্য ('— কথা')। পুরা, কমবেশী নয় ('— তিন সের')। শোধিত, দোষমুক্ত, দুরস্ত ('ঘড়ি — করা। ধমকে — করা')। স্থির, নির্ধারিত ('দিন, বাসা — হওয়া')। উপযুক্ত ('— মানুষ। পায়ে জুতা — হওয়া')। প্রস্তুত ('—হয়ে নাও')। ষ্য. সত্যতা, স্থিরতা ('কথার, কাজের, মাথার — নেই')। যোগ ('অংক — দেওয়া। ঠিকে ভুল')

**ঠিকঠাক** — যথাযথ।

**ঠিকন** — চিহ্ন। কাহারও অহিত কামনায় কোন অমংগলসূচক অশুচির বস্তু, কাহারও গমনপথে রাখিয়া দেওয়া।

**ঠিকরা / ঠিকরে**] ছোট ঢিল ('তামাকের কলিকায় —')

**ঠিকরানো / ঠিকরনো** [ √ঠিক্‌রা-১৮] ছটকাইয়া বা ঠক্কর খাইয়া পড়া। বিকীর্ণ হওয়া ('হীরায় আলো —')। উজ্জ্বল আলোক সহিতে না পারা ('চোখ —')

**ঠিকা**] ণ. অল্প সময়ের জন্য নিযুক্ত বা দখলপ্রাপ্ত ('— চাকর। — প্রজা')। ষ্য. কার্যসম্পাদনের চুক্তি। ভাড়া ('— দেওয়া লওয়া। -গাড়ি')। ... **ঠিকাদার**] চুক্তি করিয়া যে কার্যসম্পাদনের ভার লয়। ... ষ্য. **-দারি**]। ... ণ. **-দারী**]

**ঠিকানা**] থাকিবার স্থানের বিবরণ ('খামে —লেখা')। উদ্দেশ, পাত্তা, সন্ধান, খোঁজ '— পাওয়া, লওয়া')। স্থিরতা, অবধারণ ('কবে হইবে তাহার — নাই')

**ঠিকারি** — হাঁড়ীভাঙা খোলার কুচি।

**ঠিকুজি**] জন্মপত্রিকা।

**ঠিলি** — পিতলের পাতলা কলসী। ঠোঙা।

**ঠুং** (ঠং দেখ)

**ঠুংরি**] লক্ষ্ণৌ অঞ্চলে প্রচলিত গানের প্রণালী বিঃ।

**ঠুক** (ঠক্ দেখ)

**ঠুকরানো / ঠুকরনো, ঠোকরানো** [ √ঠুক্‌রা-১৯] ঠোকর দেওয়া, পাখির ঠোঁট বা অস্ত্রাদি দ্বারা আঘাত করা ('ঠোঁট, কুড়ুল দিয়া —')। (§ **ঠোকর**)

**ঠুকা, ঠুকানো** (ঠোকা ১ দেখ)

**ঠুংগি / ঠুঙি**] ছোট ঠোঙা।

**ঠুঁটা / ঠুঁটো**] হস্তহীন, নুলো।

**ঠুন** (ঠন দেখ)

**ঠুনকা / ঠুনকো**] ণ. ভংগুর। ষ্য. প্রসূতির স্তনরোগ বিঃ।

**ঠুমকি**] নাচের ভংগী বিঃ।

**ঠুলি**] চোখের ঢাকনি। খাপ।

**ঠুসা** (ঠোসা দেখ)

**ঠেক, ঠেকনা, ঠেকো**] ঠেস। আটকাইবার উপায় ('কপাটের —')

**ঠেকা ১**] বাধা, সংকট ('ঠেকায় পড়া')। (সংগীতে) সংক্ষেপে তাল বাজানো ('— দেওয়া')। ঠেকনা।

**ঠেকা ২** [ √ ঠেক্-৫ ] স্পৃষ্ট হওয়া, লাগা ('গায়ে পা —')। বাধা পাওয়া, সংকটে পড়া ('ঠেকে শেখা')। ণ. স্পৃষ্ট। ষ্য. স্পর্শ। ... **ঠেকাঠেকি**] পরস্পর স্পর্শ ('— হওয়া')। ... **ঠেকানো** [ < ঠেকা-১১ ] স্পর্শ করানো, লাগানো। রোধ বা নিবারণ করা, আটকানো, সামলানো ('ছেলেকে, বিপদ্ —')

**ঠেকা** — গানের সংগে বাদ্যের তাল রক্ষা।

**ঠেকার, ঠ্যাকার**] দেমাক, গর্ব। ... ণ. **ঠেকারে, ঠ্যা-**]

**ঠেকো** (ঠেক দেখ)

**ঠেংগা / ঠেঙা**] লাঠি। ... **ঠেংগানো /**

**ঠেঙানো** [ √ ঠেঙ্গা, -ঙা-১১ ] লাঠি দিয়া মারা। ... ষ্য. **ঠেঙ্গানি, ঠেঙানি** ]
**ঠেঙাড়িয়া** — পথদস্যু।
**ঠেঁটা, ঠ্যাঁ-** (ঢেঁটা দেখ)
**ঠেঁট** ] পাড়হীন ছোট কাপড়। কোন-রূপে লজ্জা নিবারণ করিতে পারে এমনি নিকৃষ্ট শ্রেণীর **ক্ষুদ্রবস্ত্র**।
**ঠেলা** [ √ ঠেল্-৫ ] **সম্মুখে** জোর বা ধাক্কা দেওয়া ('গাড়ি —')। লঙ্ঘন বা অগ্রাহ্য করা ('কথা —')। বর্জন করা; অবজ্ঞা করা ('জাতে। পায়ে —')। ষ্য. ধাক্কা, সম্মুখে বলপ্রয়োগ ('— দেওয়া, মারা')। সংকট ('— সামলানো')। ণ. যাহা ঠেলিয়া চালানো হয় ('-গাড়ি')। ... **ঠেলাঠেলি** ] পরস্পরকে ঠেলা।
**ঠেস** ] হেলান ('— দিয়ে বসা')। যাহাতে হেলান দেওয়া হয় ('চেয়ারের —')। যাহা কোনও বস্তুকে স্থানচ্যুত হইতে দেয় না, ঠেকনা। বক্র নিন্দা ('— দিয়ে বলা')
**ঠেসা** [ √ ঠেস্-৫ ] ঠেস দেওয়া। ঘেঁষা। ... **ঠেসানো** [ √ঠেসা-১১ ] ভেজানো, লগ্ন করা ('কপাট —')। হেলানো ('পিঁড়িটা দেওয়ালে ঠেসিয়া রাখ')। বক্র নিন্দা করা ('ঠেসিয়ে কথা বলা')। ... **ঠেসান** ] হেলান ('— দেওয়া')। ... **ঠেসাঠেসি** ] বেশী ভিড়, যাহাতে গায়ে গা ঠেকে। ঠাসাঠাসি।
**ঠোকন** ] প্রহার।
**ঠোকর** ] পাখির ঠোঁট বা অস্ত্রাদির আঘাত ('কাগের, হাতুড়ির —। — দেওয়া, মারা, খাওয়া')। অযাচিত মন্তব্য প্রকাশ ('সব কথায় — দেওয়া')। অল্পচর্চা ('সব বিদ্যায় — মারা')
**ঠোকরানো** (ঠুকরানো দেখ)
**ঠোকা ১** (ঠুকা বিরল) [ √ঠুক্-১০ ] চোট দেওয়া ('হাতুড়ি, পেরেক —')। কোটা, সশব্দে ঠেকানো ('মাথা, তাল, লাঠি —')। মারা, প্রহার দেওয়া। ... ষ্য. **ঠুকুনি, ঠোকন** ]। (§ ঠোকাঠুকি) ... **ঠুকানো** / **ঠুকনো, ঠোকানো** [ √ ঠুকা-১৪ ] চোট দেওয়ানো। কোটানো।
**ঠোকা ২** ] ধাক্কা ('— লাগা')। ... **ঠোকা-ঠুকি** ] পরস্পর ঠোকা লাগা ('মাথা —')। মারামারি।
**ঠোক্কর** (ঠক্কর দেখ)
**ঠোঙ্গা** / **ঠোঙা** ] পাতা কাগজ ইঃর তৈয়ারী আধার। (§ ঠুঙ্গি, -ঙি)।
**ঠোঁট** ] < ওষ্ঠ। ('— ফুলানো' — কান্না অভিমান আবদার ইঃর উপক্রম করা। ... **ঠোঁটকাটা** ] যাহার কিছু বলিতে বাধে না, স্পষ্টবক্তা।
**ঠোনকা** — প্রসূতির স্তনে দুগ্ধাধিক্য-বশতঃ বেদনা।
**ঠোনা** ] আঙুল দিয়া গালে আঘাত ('— মারা')
**ঠোস** ] স্ফীতি, ঠাস, পূর্তি ('পেট — মারা')
**ঠোসা** (ঠুসা বিরল) [ √ ঠুস্-১০ ] ঠাসা (দেখ)
**"ঠ্যাং"** ] পা।
**ঠ্যাকার** (ঠেকার দেখ)
**ঠ্যাঁটা** (ঢেঁটা দেখ)

## ড

**ডক** ( ই ) — যেখানে জাহাজ নির্মাণ বা মেরামত হয়। বন্দরের যে অংশে জাহাজ যাত্রার আগে প্রতীক্ষা করে।
**ডগ, ডগা** ] অগ্রভাগ, শীর্ষ ('গাছের, আঙুলের —')
**ডগলি, ডাগি, ডগলা** — তরুলতার শাখার

অগ্রভাগ।

**ডগডগে**] টকটকে (দেখ)। উজ্জ্বল।

**ডগমগ**] ঢলঢলে; বিভোর ('রসে, ভাবে —') আত্মহারা।

**ডগর** — দগড়, বাদ্যযন্ত্র বিঃ।

**ডঙ্কা**] জয়ঢাক; ঢেঁটরা। ('— দেওয়া, পেটা, মারা' — সগৌরবে প্রচার করা)

**ডজন** [ই. dozen] বার-টা, ১২।

**ডন** [< দণ্ড] নিম্নমুখ হইয়া ভূমিতে হাতপায়ের ভর দিয়া ব্যায়াম।

**"ডবকা"**] নধর ও নবযৌবনপ্রাপ্ত ('— ছুঁড়ী')

**ডবডব**] বিস্ফারণ বা সজলতার লক্ষণ প্রকাশ ('— করা')। ... ণ. **ডবডবে**] ('— চোখ')

**ডবল** [ই. double] দ্বিগুণ ('—দাম')

**ডমরু** — ডুগডুগি, বাদ্যযন্ত্র বিঃ (কাঠের খোলের দুই দিকে চামড়া, মাঝে সরু। সুতায় গুলি বাঁধা, নাড়িলে বাজে)। ... **ডমরুমধ্য** — ডমরুর তুল্য ক্ষীণ কটি বিশিষ্ট।

**ডম্ফ** — বাদ্যযন্ত্র বিঃ।

**ডম্বর** — আড়ম্বর।

**ডয়ন** — উড়ন।

**ডর** [< দর] ভয়, শঙ্কা। **ডরা** [√ডর্-৫। প্রায় পদ্যে] **ডরানো** [√ডরা-১১] ভয় করা।

**ডলা** [√ডল্-৫। < দল্] মর্দন করা, মলা, টেপা ('গা হাত পা —')। থাসা ('ময়দা —')। ... ষ্য. **ডলন**]। ... **ডলানো** [√ডলা-১১] মর্দন করানো, টেপানো।

**ডহর**] ণ. গভীর (বিরল। '— পানি')। ষ্য. গর্ত; দহ। রাঢ়দেশে গোচর ভূমি। অনাবাদী স্থান।

**ডাঁই**] স্তূপ ('জিনিসপত্রের — করা, লাগানো')

**ডাইনী, ডাইন, ডান**] < ডাকিনী, মায়াবিনী।

**ডাইল** (ডাল ১ দেখ)

**ডাংগুলি** (গুলিডাণ্ডা দেখ)

**ডাক ১**] — পিশাচ সিদ্ধপুরুষ বিঃ ('ডাকের কথা')। ... স্ত্রী. **ডাকিনী**। ... **ডাকপুরুষ** — সিদ্ধপুরুষ, যিনি ভবিষ্যৎ বলিতে পারেন।

**ডাক ২**] চিঠিবিলির নিমিত্ত সরকারী ব্যবস্থা ('-ঘর, -টিকিট, -পিয়ন, -বাক্স')। একসঙ্গে যে চিঠিপত্র আসে বা যায় ('সকালের, বিলাতের —। ফেরত ডাকে')। দূরদেশে পত্রপ্রেরণ বা গমনের জন্য সেকেলে ব্যবস্থা (কিছুদূর অন্তর পত্রবাহক ঘোড়া ইঃ বদলাইবার ও বিশ্রামের ব্যবস্থা। '-হরকরা। ঘোড়ার —।— বসানো')। **ডাকখরচ** — চিঠিপত্র পাঠাইবার মাশুল। ... **ডাকগাড়ি**] যে গাড়িতে বা ট্রেনে ডাক যায়। ... **ডাকঘর**] পোস্ট অফিস। ... **ডাক পেয়াদা** — ডাকের পিওন। ... **ডাকমাশুল** — ডাকে কিছু পাঠাইবার জন্য খরচা। ... **ডাকবাংলা**] সরকারী কর্মচারী ইঃর জন্য পান্থশালা।

**ডাক ৩**] বুলি, শব্দ (জন্তুর)। চিৎকার ('— ছাড়া')। সম্বোধন, আহ্বান ('-নাম। — দেওয়া, পাড়া')। নিলামে ক্রেতা যে দর হাঁকে। প্রতিমা সাজাইবার জন্য সোলা রাংতা জরি ইঃর অলংকার ('ডাকের সাজ')। খ্যাতি ('নাম-। ডাকের সুন্দরী')। ডাহুক, পাখি বিঃ।

**ডাকসাইটে** [< -সিদ্ধ] বিখ্যাত।

**ডাকা** [√ ডাক্-৭] শব্দ করা ('কুকুর ডাকছে। নাক —')। আহ্বান বা

সম্বোধন করা ('ডাক্তার, গাড়ি—। নাম ধ'রে, ভগবানকে —')। চেঁচাইয়া বলা, হাঁকা ('নিলামে—')। গর্জন করা ('মেঘ, বান —')। (§ ডাকানো)। ... **ডাকা-ডাকি**] বার বার আহ্বান। শোরগোল করিয়া ডাক।

**ডাকাত**] (ডাকাইত প্রাঅপ্রঃ) দস্যু, যে বলপূর্বক অপহরণ করে ('ডাকাতের দল। বাড়িতে — পড়া')। ... **ডাকাতি**] দস্যুবৃত্তি; দস্যুকর্তৃক লুণ্ঠন ('—করা, হওয়া')। ... **ণ. ডাকাতী**] ('—মামলা')

**ডাকানো** [ √ডাকা-১১] ডাকিয়া আনানো।

**ডাকিনী** — (ডাক ১ দেখ)। ডাইনী। পিশাচী বিঃ।

**ডাকু** — ডাকাত।

**ডাক্তার** [ ই. doctor ] বিলাতী পদ্ধতিতে যে চিকিৎসা করে। পাণ্ডিত্যসূচক উপাধি বিঃ।

**ডাগর**] বড় ('—চোখ। মেয়ে — হয়েছে')

**ডাঙগশ/ডাঙশ**] অংকুশ, হস্তিতাড়নদণ্ড।

**ডাঙগ, ডাঙ্** — দণ্ড। লাঠি।

**ডাঙগর** — স্থূলবুদ্ধি। স্থূল দেহ। মূর্খ।

**ডাঙগা/ডাঙা**] উচ্চভূমি। স্থল।

**ডাঁট**] [ < দণ্ড ] বাঁট, হাতল।

**ডাঁটা**] সরু ডাল বা তৎসদৃশ বস্তু ('কুমড়ার, শজনের —')

**ডাঁটি**] ছোট দণ্ড হাতল বা মুষল ('ছাতার, হামানদিস্তার —')

**ডাঁটো**] কঠিন, পরিপুষ্ট ('— ফল')। শক্ত সমর্থ ('— লোক')

**ডাণ্ডা**] < দণ্ড (দেখ)

**ডাণ্ডী**]—হিমালয় প্রদেশে নরবাহিত যান বিঃ।

**ডান** (ডাইনী, ডাহিন দেখ)

**ডানপিটে**] অসমসাহসী, গোঁয়ার।

**ডানা**] পাখা ('পাখির —')

**ডানাকাটা পরী** — অপূর্বসুন্দরী।

**ডানি** — ডাইন — ডাহিন — দক্ষিণ।

**ডাব**] অপক্ক নারিকেল।

**ডাবর**] বড় বাটি। গামলা।

**ডাবা ১**] ষ্য. ডাবর। টব। ণ. থেলো, বড় খোল বিশিষ্ট ('—হুঁকা')। গোরুর ছানি খাওয়ার বৃহৎপাত্র।

**ডাবা ২** — গো-গাড়ীর একদিকে ভারী।

**ডামর** — তন্ত্রশাস্ত্র বিঃ। গর্ব। আড়ম্বর।

**"ডামাডোল"**] গণ্ডগোল, কোলাহল।

**ডায়মন** [ ই diamond ] হীরার মত পলতোলা নকশা ('-কাটা বালা')

**ডাড়ুকা** — শিকল (প্রা—সা)

**ডাবুষ** — কুঠার জাতীয় অস্ত্র (প্রা-সা)

**ডামর** — তন্ত্রশাস্ত্র বিঃ। গর্ব। আড়ম্বর।

**ডাল ১** [ < দালি ] দাল, মুগ কলাই মসুর ইঃ। (ডাইল প্রাঅপ্রঃ)

**ডাল ২**] শাখা ('গাছের —। -পালা')

**ডালকুত্তা**] শিকারী কুকুর বিঃ।

**ডালনা**] ব্যঞ্জন বিঃ, ঘণ্ট।

**ডালা**] চাঁচাড়ি ইঃর তৈয়ারী পাত্র। ঢাকনি ('বাক্সের —')। ... **ডালি**] ছোট ডালা। ভেট, উপঢৌকন। আধার ('রূপের —')

**ডালিম** — দাড়িম্ব (দেখ)

**ডাঁশ** [ < দংশ ] বড় মশা বিঃ।

**ডাঁশা**] আধপাকা ('— ফল')

**ডাহা**] পুরা, অবিকল ('— মিথ্যা, নকল')

**ডাহিন/ডান**] < দক্ষিণ, বামেতর ('— হাত, দিক্')। ... **ডাহিনে/ডাইনে**] দক্ষিণে।

**ডাহুক** [ < দাত্যূহ ] জলচর পাখি বিঃ, ডাকপাখি।... স্ত্রী. **ডাহুকী**]

**ডিক্রি, ডিক্রী** [ ই ] আদালতের হুকুম ('—জারী করা')। ... **ডিক্রিদার**] যাহার স্বপক্ষে ডিক্রি হইয়াছে।

**ডিগডিগে**] কৃশ, পাতলা ('— চেহারা')

**ডিগবাজি**] মাথা নীচু করিয়া দেহ উলটানো ('— খাওয়া')

**ডিংগা ১ / ডিঙা**] নৌকা বিঃ। (ছোট — **ডিঙিগ / -ঙি**])

**ডিংগা ২, ডিঙিগ/ডিঙি**] পায়ের আঙুলে ভর; লম্ফন ('— মারা')

**ডিংগানো, ডিঙানো/ডিঙনো** [ < ডিংগা, ডিঙা-১৩ ] উল্লংঘন করা; পা বাড়াইয়া পার হওয়া ('সাগর, ডোবা —')। ... ষ্য. **ডিংগন/ডিঙন**]

**ডিংগর** — শঠ, ধূর্ত।

**ডিংগলী** — বিলাতী কুমড়া।

**ডিথ, ডবিথ** — কাল্পনিক ব্যক্তিবোধক নাম—যেমন (রাম-শ্যাম-যদু)

**ডিণ্ডিম** — ঢোল-জাতীয় প্রাচীন বাদ্য বিঃ।

**ডিবা/ডিবে**] কৌটা, বাটা ('পানের—')। চিমনিহীন টিনের ছোট কেরোসিন-দীপ, টেমি।

**ডিপো** (ই) — মালের আড়ৎ।

**ডিম**] < ডিম্ব, আণ্ডাই ('— পাড়া' — ডিম্ব প্রসব করা')। পায়ের গুলি।

**ডিম্ব** — ডিম, অণ্ড।

**ডিম্বিকা** — জলবিম্ব।

**ডিম্ভক** — শিশু, বালক।

**ডিশ** [ ই ] চীনামাটি ইঃর রেকাবি।

**ডিসমিস** [ ই ] খারিজ, বাতিল ('মামলা —')। কর্মচ্যুত, বরখাস্ত ('— করা')

**ডিসেম্বর** [ ই ] ইংরেজী বৎসরের দ্বাদশ বা শেষ মাস।

**ডিহি** [ ফা. দেহ্ ] গ্রামসমষ্টি।

**ডুকরানো / ডুকরনো** [ √ ডুক্‌রা-১৯ ] ফোঁপাইয়া কাঁদা।

**ডুগডুগ**] অনুকারশব্দ। ... **ডুগডুগি**] ডমরু।

**ডুগি**] কাঠ ইঃর খোলের এক দিকে চামড়া দেওয়া বাদ্যযন্ত্র বিঃ, বাঁয়া।

**ডুণ্ডুভ** — ঢোঁড়া সাপ।

**ডুব**] অবগাহন, মজ্জন ('জলে — দেওয়া'। 'ডুবজল' — এত জল যাহাতে মানুষ ডুবিতে পারে। 'ডুব মারা' — ব্যঙ্গে, লুকাইয়া থাকা)। ... **ডুবন**] নিমজ্জন।

**ডুবন্ত** — যে ডুবিতেছে।

**ডুবোজমি** — যে জমি বর্ষায় ডুবিয়া যায়।

**ডুবোজাহাজ** — সবমেরিণ।

**ডুবা, ডুবানো** (ডোবা ২ দেখ)

**ডুবারী / ডুবুরী**] যে ডুব দিয়া নিমগ্ন বস্তু তোলে।

**ডুবি**] নিমজ্জন, ডুবন ('জলে —। নৌকা-, ভরা-')

**ডুবুডুবু**] মগ্নপ্রায় ('নৌকা, সূর্য —')। প্লাবিতপ্রায় ('দেশ —')

**ডুমা / ডুমো**] ডেলার মত, চেপটা নয়, লম্বা চওড়া ও খাড়াইএ প্রায় সমান।

**ডুমুর**] < উড়ুম্বর, ফল বিঃ।

**ডুরি**] সরু দড়ি, সুতা।

**ডুরে**] ডোরাকাটা ('— শাড়ি')

**ডুলি** [ < দোলিকা ] পালকি-জাতীয় যান বিঃ, দোলা।

**ডেক** [ ফা. দেখ ] চওড়া গভীর বড় রাঁধিবার পাত্র বিঃ। ... **ডেকচি**] ছোট ডেক।

**"ডেকরা, ড্যাকরা"**] দুষ্ট, অশিষ্ট, শঠ।

**ডেংগু**] জ্বর বিঃ (গায়ে বেদনা হয়)

**ডেঙ্গো/-ঙো**] ভক্ষ্য শাক বিঃ।

**ডেপুটি** [ ই ] ডেপুটি ম্যাজিস্ট্রেট। উচ্চ-পদস্থ সহকারী কর্মচারী।

**ডেঁপো, -ফো**] প্রগল্‌ভ, ধৃষ্ট ('— ছোকরা')

**ডেমি** [ ই. demy ] আদালতে দরখাস্ত লিখিবার বিশেষ কাগজ।

**ডেয়ে, -য়ো**] বড় কাল পিঁপড়া।

**ডেরা** [ হি ] বাসা। আড্ডা। ... **ডেরাডাণ্ডা**]

বাসা ও আসবাব ('— গাড়া, তোলা')
**ডেরি** — কম। উদ্‌বৃত্ত (প্রা-সা)
**ডেলা**] দলা, ছোট চাংগড় ('ময়দার —')। ঢিল।
**"ডোকরা"**] হতভাগা, ডেকরা।
**"ডোকলা"**] অপব্যয়ী।
**ডোংগা / ডোঙা**] ছোট সর্‌ নৌকা, শালতি। জল তুলিবার বা বহাইবার নিমিত্ত নালীর মত পাত্র, দ্রোণী।
**ডোবা ১**] গর্ত। ছোট প্‌কুর।
**ডোবা ২** (ডুবা বিরল) [√ ডুব্‌-১০] জলে নিমগ্ন হওয়া। নষ্ট হওয়া ('কারবার —')। (§ ডুবন, ডুবি)। ... **ডুবানো/ডুবনো, ডোবানো** [√ ডুবা-১৪] নিমজ্জিত করা ('নৌকা —')। প্লাবিত করা ('দেশ —')। নষ্ট বা সর্বস্বান্ত করা ('আমাকে একেবারে ডুবিয়েছে')
**ডোম** — অবনত হিন্দ্‌ জাতি বিঃ। ... স্ত্রী. **ডোমনী**]
**ডোর** — সর্‌ দাড়ি, স্‌তা।
**ডোরা**] রেখা ('-কাটা')। ডোর।
**ডোল, ডোলা**] — বড় ডুলি, শিবিকা।
**ডোল**] — কম্পমান (প্রাচীন সাহিত্যে)
**ডোল**] কুয়া হইতে জল তুলিবার বা ধান্যাদি রাখিবার পাত্র বিঃ।
**ডৌল, ডোল**] গড়ন, আকার ('ম্‌খের —। স্‌ডৌল')
**"ড্যাকরা"** (ডেকরা দেখ)
**"ড্যাবড্যাব"**] বিস্ফারণ ও স্ফীতির ভাব প্রকাশ। ... ণ. **"ড্যাবডেবে"**] ('—চোখ')
**ড্যাশ** [ই] যতিচিহ্ন বিঃ (—)
**ড্রাম** (ই) — জয়ঢাক। জল রাখিবার ব্‌হৎ পাত্র।
**ড্রেন** [ই] নরদমা। মাটির নীচের নরদমা।
**ড্রিল** (ই) — কুচকাওয়াজ, সামরিক ব্যায়াম, গতিবিধির শ্‌ংখলা শিক্ষণ।
**ড্র্যাম** (ই) — ষাট ফোঁটা পরিমাণ।

## ঢ

**ঢং**] ঘণ্টা ইঃর শব্দ। ঢঙ (দেখ)
**ঢক, ঢকঢক**] শ্‌ন্য কলসী পাথর ইঃ নাড়ার শব্দ। জল ইঃ ঢালার বা গেলার শব্দ। (আদরে — ঢ্‌ক, ঢ্‌কঢ্‌ক] বেশী আদরে বা ব্যংগে — ঢ্‌কুঢ্‌কু]। হঠাৎ জোরে — ঢকাস])
**ঢক** — গড়ন, আকৃতিপ্রকৃতি, pattern.
**ঢক্ক** — ঢাক।
**ঢঙ, ঢং**] ভংগী; ছলনা ('— করা')। গড়ন, ফ্যাশন ('নানা ঢঙের কাপড়')
**ঢনঢন**] শ্‌ন্য কলসী ইঃতে আঘাতের শব্দ ('— করা')। ... **ঢনঢনে**] শ্‌ন্যগর্ভ।
**ঢপ**] গড়ন, আকার। কীর্তনগান বিঃ। ফাঁপা নরম জিনিসে আঘাতের শব্দ ('ঢপঢপ করা')। অবজ্ঞায় — ঢ্যাপঢ্যাপ])
**ঢর্কি**] — ছলকি, উচ্ছ্বসিত হইয়া। (প্রাচীন সাহিত্যে)
**ঢল**] ঢাল্‌ জায়গা। নিম্নে প্রবাহিত জলরাশি ('— নামা')
**ঢল**] — বন্যায় নদীর জলব্‌দ্ধি।
**ঢলঢল**] টলটল (দেখ)। লাবণ্য রস ভাব ইঃর লক্ষণ প্রকাশ। ... **ঢলঢলে**] তরল, যাহা একট্‌তে নড়ে। ঢিলা, আলগা। লাবণ্যময় ('— ম্‌খ')
**ঢলতা**] — যথার্থ ওজনের উপর বাড়তি, ওজনের সম্ভাব্য ঘাটতি প্‌রণের বাড়তি কিছ্‌।
**ঢলা** [√ ঢল্‌-৫] হেলিয়া পড়া। পক্ষপাতী হওয়া ('অম্‌কের দিকে ঢলেছে')। ... **ঢলানো** [√ ঢলা-১১] কেলেংকারি করা। হেলানো। ... **ঢলান,**

**ঢলাঢলি**] কেলেঙ্কারি। ... **"ঢলানো"**] যে তাহা করে। ... স্ত্রী. **"-নী"**]

**ঢাঁই ১** — একপ্রকারের বৃহৎ মৎস্য।

**ঢাঁই ২**] — পুঞ্জীভূত, রাশীকৃত।

**ঢাউস** (ধাউস দেখ)

**ঢাক**] < ঢক্কা, চর্মাবৃত বৃহৎ বাদ্যযন্ত্র বিঃ। ('— পেটা' — ব্যঙ্গে, সর্বত্র প্রচার করা)। (ঃ ঢাকী)

**ঢাকনা, ঢাকনি, ঢাকন**] আবরণ ('হাঁড়ির —')। ডালা ('বাক্সের —')

**ঢাকা** [√ ঢাক্-৭] আবৃত করা ('দুধ, মুখ —')। লুকানো ('গা, খবর —')। ষ্য. ঢাকনা ('— খোলা, দেওয়া')। ণ. আবৃত, অপ্রকাশিত ('— পড়া, থাকা')

**ঢাকাঢাকি**] — সংগোপন।

**ঢাকাই**] ঢাকা-অঞ্চলে প্রস্তুত ('— শাড়ি')। ঢাকা সম্বন্ধীয়।

**ঢাকি**] — বড় ঝুড়ি।

**ঢাকী**] যে ঢাক বাজায়।

**ঢাঙাতি**] — ছলনা, চাতুরী (প্রাঃ সাঃ)

**ঢামালি**] — রঙ্গভূমি, রং-তামাসা। ছড়া কাটাকাটি।

**ঢাল** — অস্ত্রাঘাত রোধের জন্য চর্ম ইঃর ফলক। (ঢালু দেখ)

**ঢালা** [√ঢাল্-৭] প্রবাহিত করা, আধার হইতে তরল বস্তু বা কঠিন বস্তুসমূহ পাতিত করা ('জল, চাল, আলু —। ছাঁচে —')। ... **ঢালা, ঢালাও**] বিস্তৃত ('— বিছানা')। দেদার, ফালাও ('— খাবার জিনিস')। ... **ঢালাঢালি**] বার বার ঢালা ('— করা')

**ঢালাই**] ষ্য. ধাতু ইঃ গলাইয়া ছাঁচে ঢালার কাজ। ণ. ছাঁচে ঢালিয়া তৈয়ারী ('— কড়া')। ... **ঢালাইখানা**] যেখানে ঢালাই হয়।

**ঢালী**] — ঢালধারী সৈনিক।

**ঢালু, ঢাল**] গড়ানে, ক্রমনিম্ন ('— জমি')

**ঢিকানো / ঢিকনো** [√ ঢিকা-১৩] অত্যন্ত আস্তে কিছু করা (প্রায় দ্বিরুক্ত। 'ঢিকিয়ে ঢিকিয়ে চলা')

**"ঢিট"**] < ধৃষ্ট, বেহায়া। দুরন্ত; জব্দ ('মেরে — করা') ... ষ্য. **"ঢিটপনা"**]

**ঢিঢি**] সর্বত্র প্রচারিত ('— পড়া, হওয়া')। ... **ঢিঢিকার, -ক্কার**] সর্বত্র প্রচার (প্রায় — ধিক্কারের সহিত প্রচার)

**ঢিপ ১**] অনুকারশব্দ ('— ক'রে প্রণাম। বুক ঢিপঢিপ করা')

**ঢিপ ২**] — স্তূপ, পুঞ্জ।

**ঢিপসী**] — স্থূলাঙ্গী।

**ঢিপি, ঢিবি**] স্তূপ ('উই-মাটির —')

**ঢিপুলি**—বহির্গমন বন্ধ করার জন্য তুলা নেকড়া ইত্যাদির গুঁজি।

**ঢিমা, ধিমা / ঢিমে**] মন্থর, বিলম্বিত ('— চাল')। মৃদু ('— আঁচ')। ... **ঢিমা তেতালা**] সংগীতের তাল বিঃ।

**ঢিল**] ছোট ঢেলা, লোষ্ট্র, ইট ইঃর টুকরা ('— ছোড়া, ফেলা')

**ঢিলা/ঢিলে, ঢিল**] ণ. < শিথিল, আলগা ('— জামা')। কার্যে অমনোযোগী, অসাবধান, অলস। ষ্য. শৈথিল্য; অযত্ন ('— দেওয়া')

**ঢিলেঢালা**] — বেসামাল, অসংযত, অসতর্ক, শ্লথপ্রকৃতি।

**ঢু, ঢুঁ**] মাথা বা শিং দিয়া গুঁতা (ছাগল ইঃর। '— মারা, দেওয়া')

**ঢুকঢুক**] — আস্তে আস্তে তরল পদার্থের গলাধঃকরণ (ধ্বন্যাত্মক শব্দ)

**ঢুক্না**] — হুড়কা। কপাট বন্ধ করার কাষ্ঠদণ্ড।

**ঢুকা, ঢুকানো** (ঢোকা দেখ)

**ঢুকা, ঢুকানো** (ঢোকা দেখ)

**ঢুঁড়া / ঢোঁড়া** [√ ঢুঁড়্-১০। <

ঢ্ন্ঢ্ ] খোঁজা। (প্রাঅপ্রঃ)
**"ঢ্ঢ্"** ] কিছুই নয় ('কাজের বেলা—')
**ঢ্ল, ঢ্লর্ন** ] তন্দ্রাবেশে মাথার দোলন। ... **ঢ্লঢ্লে, ঢ্লঢ্ল্** ] তন্দ্রা বা নেশার লক্ষণ যুক্ত ('—চোখ, আঁখি')
**ঢ্লা, ঢ্লানো** (ঢোলা ২ দেখ)
**ঢ্লী** ] যে ঢোল বাজায়।
**ঢ্সানো** ] — ঢ্ মারা।
**ঢেউ** ] তরঙ্গ, ঊর্মি। **ঢেউয়ানো — ঢেউ** দিয়া বা ঢেউ তুলিয়া জল বা জলে ভাসন্ত দ্রব্য সরানো।
**ঢেক** ] — ঢের, প্রচুর, যথেষ্ট।
**ঢেকা** ] — ধাক্কা (প্রাঃ সাঃ)
**ঢেঁক** ] ধান ইঃ ভানিবার বা কুটিবার পদচালিত যন্ত্র। (ব্যঙ্গে) ধাড়ী; গুণ-হীন ('বুদ্ধির —')। ... **ঢেঁকিশাল** ] ঢেঁকির ঘর।
**ঢেকুর, ঢেঁকুর** ] মুখ দিয়া উদরস্থ বায়ুর উদ্গার। হিক্কা। ('— ওঠা, তোলা')
**ঢেঙ্গা / ঢেঙা, ঢ্যাঙা** ] লম্বা ('— লোক')
ঢেঁটরা, ঢেঁড়া ] ঢাক-জাতীয় বাদ্যযন্ত্র বিঃ। ('— পেটা' — তদ্দ্বারা ঘোষণা করা)
ঢেঁটা, **ঢ্যাঁ-, ঠেঁটা, ঠ্যাঁ-** ] < ধৃষ্ট, বেহায়া, অবাধ্য।
**ঢেঁড়স, ঢ্যাঁ-** ] ফল বিঃ, (হি. ভিণ্ডি) (তরকারি)
ঢেঁড়ি ] কানের গহনা বিঃ (সেকেলে)। পোস্ত ফল। ঘোষণার জন্য ব্যবহৃত ঢোলজাতীয় বাদ্যযন্ত্র (ঢেঁড়া দেখ)
**"ঢেপসা, ঢ্যা-"** ] ঢিপির মত, মোটা।
**ঢেমনা, ঢেমন** ] নির্বিষ সাপ বিঃ।
ঢেমনী ] — উপপত্নী, রক্ষিতা।
**ঢের** ] প্রচুর, অনেক। ... **ঢেরি** ] রাশি, স্তূপ ('— করা')
**ঢেরা, ঢ্যারা** ] × চিহ্ন ('— কাটা')। দড়ি পাকাইবার যন্ত্র বিঃ। ... **ঢেরাসহি** ] নিরক্ষর ব্যক্তির ঢেরা কাটিয়া দস্তখত।
**ঢেরি** ] — স্তূপ, পুঞ্জ।
**ঢেলা** ] ডেলা, ঢিল।
**ঢোক, ঢোঁক** ] যে পরিমাণ তরল দ্রব্য একবারে গেলা যায় ('এক — দুধ')। গিলন। গিলিবার ভঙ্গী ('— গেলা')
**ঢোকা** (ঢুকা বিরল) [ √ঢুক্-১০। < ঢোক ] প্রবেশ করা ('গর্তে, ঘরে—')। ... **ঢুকানো, ঢুকনো, ঢোকানো** [ √ঢুকা-১৪ ] প্রবেশিত করা। ণ. প্রবেশিত।
**ঢোঁড়া ১** ] < ডুণ্ডুভ, নির্বিষ সর্প বিঃ। (ব্যঙ্গে) শক্তিহীন।
**ঢোঁড়া ২** (ঢুঁড়া দেখ)
**ঢোবা** ] — পায়ের জোরের অভাবে যে পড়িয়া যায়।
**ঢোয়া** [ √ঢু-৪ ] এক স্থান হইতে অন্যত্র বহন করা ('ইট —')। ... **ঢোয়াই** ] ঐ কাজ বা তাহার মজুরি, ঢোলাই। ... **ঢোয়ানো** [ √ ঢোয়া-১৫ ] বাহিত করানো।
ঢোল, **ঢোলক** — কাঠের খোলের দুইদিকে চামড়া দেওয়া বাদ্যযন্ত্র বিঃ। (ব্যঙ্গে) স্ফীত ('ফুলে ঢোল')। (§ ঢুলী)। ... **ঢোল-শোহরত** ] ঢোল বাজাইয়া ঘোষণা।
**ঢোলা ১** ] ঢিলা, আলগা।
**ঢোলা ২** (ঢুলা বিরল) [ √ ঢুল্-১০ ] তন্দ্রাবেশে মাথা দোলানো। ... **ঢুলানো / ঢুলনো, ঢোলানো** [ √ ঢুলা-১৪ ] দোলানো ('চামর —')
**ঢোলাই** ] ঢোয়াই (দেখ)
**ঢোসা, ঢোসকা** ] মোটা ও অন্তঃসারশূন্য ('— শরীর')
**ঢৌকন** — উপঢৌকন।
**ঢ্যাঙা, ঢ্যাপসা, ঢ্যারা** (ঢে- দেখ)
**ঢ্যাঁটা, ঢ্যাঁড়স** (ঢেঁ- দেখ)

**ঢ্যাপ্‌সা** — স্থূলদেহ কিন্তু অন্তঃসার-শূন্য।

## ত

**ত**] তত, সেই সংখ্যক (কেবল চলিত প্রয়োগে। ('-জন, -দিন, -বার') 'যদি—তবে'—এই আপেক্ষিক অব্যয়ের বদলে ব্যবহৃত। ('যাও ত এস') তবুর বদলে ব্যবহৃত ('ভাঙবে ত মচকাবে না')।

**তই**] রন্ধনপাত্র বিঃ, অগভীর কড়াই; তাওয়া।

**তইঅও**] — তবুও, তথাপি (প্রাঃ সাঃ)

**তক** [হি] পর্যন্ত ('কাঁহাতক')

**তকতক**] নির্মলতার লক্ষণ প্রকাশ ('ঘর—করছে') ... **ণ. তকতকে**]

**তকমা** [তু. তম্‌গা] চাপরাস। মেডেল।

**তকরার** [আ] বচসা। তর্কাতর্কি।

**তকরারী** [আ] — বিচারাধীন, মীমাংসা-সাপেক্ষ।

**তর্কাল**] — টাকু।

**তকালিফ** [আ] কষ্ট।

**তকলবী** [আ] — সুরুচিসঙ্গত, পরি-পাটী। (প্রাঃ সাঃ)

**তকসিম** [আ] — ভাগবাঁটোয়ারা।

**তকসির** [আ] — নির্দেশ লঙ্ঘন, অপরাধ।

**তকাজা** [আ] — তাগাদা, তলব।

**তকি**] — (তাগি দেখ)

**তক্কা** [আ] — *তোয়াক্কা দেখ।*

**তক্ত** [ফা. তখ্‌ৎ] সিংহাসন। ... **তক্ত-তাউস** [ফা-আ. তখ্‌ৎ-ই-তাউস] ময়ূর-সিংহাসন। ... **তক্তনামা** [ফা. তখ্‌ৎনুমা] শোভাযাত্রার জন্য মনুষ্যবাহিত যান বিঃ। ... **তক্তপোশ, তক্তা-** [ফা. তখ্‌ৎপোশ] বসিবার বা শুইবার বড় চৌকি।

**তক্তা** [ফা. তখ্‌তহ্‌] কাঠ ইঃর ফলক। তা ('কাগজের —')

**তক্তি** [ফা. তখ্‌তী] ছোট তক্তা। চতুষ্কোণ ফলক ('সন্দেশ')। ফলকের তুল্য গলার অলংকার।

**তক্র** — ঘোল। ... **তক্রপিণ্ড** — ছানা।

**তক্ষক** — যে তক্ষণ করে; ছুতার। বাসুকির ভ্রাতা (পরীক্ষিৎকে দংশন করিয়াছিল)। (বাং) গিরগিটি-জাতীয় প্রাণী বিঃ।

**তক্ষণ** — ছুতারের কাজ। কাঠ পাথর ইঃ কুঁদিয়া বস্তু নির্মাণ।

**তক্ষণী** — বাঁটালি।

**তক্ষশিলা** — প্রাচীন নগর বিঃ (পশ্চিম পঞ্জাবে)

**তখন** [< তৎক্ষণ] সেই সময়ে ('—সন্ধ্যা')। সেই অবস্থায়, তাহা হইলে ('আগে সে আসুক — বলব')। তাহার পর ('সব চুকে গেল — সে এল')

**ত-খরচ** [আ-ফা. তয়-খর্চ[ আনুষঙ্গিক বাজে খরচ।

**তগর** — টগর (দেখ)

**তগাবি** [আ] — প্রজাদিগকে প্রদত্ত সরকারী ঋণ।

**তাগি** — মাছ ধরার জন্য বড়শী লাগানো লম্বা সুতা।

**তঙ্কা** — টাকা।

**তছনছ** [ফা. তস্‌নস্‌] বিপর্যস্ত, নষ্ট ('জিনিসপত্র — করা')

**তছরূপ** (তসরুফ দেখ)

**তছু**] — তাঁহার (প্রাঃ সাঃ)

**তজ্জনিত** — তাহা হইতে উৎপাদিত।

**তজ্জন্য** — সেই কারণে।

**তজ্জাত** — তাহা হইতে উৎপন্ন।

**তজ্জবিতা** (আ) — বিচার, তদারক, পরীক্ষা, তল্লাস।

**তঞ্চক**] বঞ্চক, যে ঠকায়। ... ষ্য. **-তা**]

**তঞ্চন** — তরল হইতে পিণ্ডবৎ অবস্থার উৎপত্তি, clotting (যথা দুগ্ধ হইতে দধি বা ছানা)। ... ণ. **তঞ্চিত**।

**তট** — তীর, কূল ('নদী-')। স্থান ('কটি-')। ক্ষেত্র। সানুদেশ ('গিরি-')

**তটস্থ ১** — তীরস্থ, সমীপস্থ। উদাসীন, পক্ষপাতশূন্য।

**তটস্থ ২**] < ত্রস্ত, উৎকণ্ঠিত, শশব্যস্ত।

**তটাক, তটাগ** — তড়াগ।

**তটিনী** — নদী।

**তড়কা**] শিশুর আক্ষেপ রোগ।

**তরকা**] — লাফ।

**তড়পানো** [< তড়্পা-১৭] লাফানো, উৎসাহ ক্রোধ ইঃর জন্য অস্থির হওয়া।

**তড়বড়**] ব্যস্ততা অস্থিরতা বা তাড়াহুড়ো প্রকাশ ('— করা')। ... ণ. **তড়বড়ে**]

**তড়াক**] লম্ফের বেগ প্রকাশ ('— ক'রে লাফানো')

**তড়াগ** — বৃহৎ পুষ্করিণী, দিঘি।

**তড়িঘড়ি**] অবিলম্বে, তৎক্ষণাৎ।

**তড়িৎ** — বিদ্যুৎ। (§ তাড়িত)

**তণ্ডক** — বহুরূপী, বাজিগর।

**তণ্ডী**] — অতিরিক্ত তাগাদা। বিতণ্ডা। নাছোড়বান্দা ভাব।

**তণ্ডুল** — চাউল।

**তৎ-, তদ্-** — সেই ('তৎকাল, তদবধি')। তাহা ('তৎসদৃশ, তদনন্তর')। সেই ব্যক্তি ('তৎস্থলাভিষিক্ত, তদাত্মা')

**তত ১** — বিস্তৃত, বিতত। তন্ত্র বা তার যুক্ত। ... **ততযন্ত্র** — বীণা ইঃ বাদ্যযন্ত্র।

**তত ২** [< তাবৎ] সেই পরিমাণ ('— টাকা, দিন')। তেমন ('— ভাল নয়')

**ততক্ষণ**] সেই সময় ব্যাপিয়া বা পর্যন্ত। সেই সময়ের মধ্যে।

**ততোধিক** (ততঃ-অধিক) — তার চেয়ে বেশী।

**তৎকাল** — সেইকাল। ... **তৎকালীন, তাৎকালিক** — সেই সময়ের। সমসাময়িক।

**তৎক্ষণ** — সেই সময়। ... **তৎক্ষণাৎ** — তখনই, সেই মুহূর্তে।

**তত্তুল্য** — তাহার তুল্য।

**তত্ত্ব** — তদ্‌বিষয়ক জ্ঞান; শৃঙ্খলিত জ্ঞান, বিজ্ঞান ('পরলোক-, কৃষি-')। মূল বিষয়, principle ('সাংখ্য-')। পারমার্থিক জ্ঞান ('-বিদ্যা, -কথা')। তথ্য, যথার্থ অবস্থা, স্বরূপ। সংবাদ ('— লওয়া')। (বাং) উপঢৌকন ('পূজার —।— করা, পাঠানো')। (§ তাত্ত্বিক)। ... **তত্ত্বজ্ঞ** — যে তত্ত্ব জানে। ... **তত্ত্বজ্ঞান** — পারমার্থিক জ্ঞান, ব্রহ্মজ্ঞান। ... ণ. **তত্ত্বজ্ঞানী** (-নিন্)।

**তত্ত্বতঃ** (-তস্) — যথার্থতঃ, স্বরূপতঃ। ... **তত্ত্বতল্লাস** (সং—আ) — খোঁজখবর।

**তত্ত্বতাবাস** [আ. -তফহুস = খোঁজ] তত্ত্ব পাঠানো ও খবর লওয়া। ... **তত্ত্বদর্শী** (-র্শিন্) — তত্ত্বজ্ঞ। ... ষ্য. **-দর্শিতা**। ... **তত্ত্ববিৎ, -বিদ্** (-বিদ্) — জ্ঞানী, অভিজ্ঞ। ... **তত্ত্বাবধান** — পরিচালন, পরিদর্শন। রক্ষণাবেক্ষণ। ... **তত্ত্বাবধায়ক** — যে তত্ত্বাবধান করে। ... **তত্ত্বাবধারক** — তত্ত্বনির্ণায়ক। ... ষ্য. **তত্ত্বাবধারণ**। ... **তত্ত্বীয়** — তত্ত্ববিষয়ক। theoretical.

**তৎপর** — পটু, নিপুণ, চেষ্টাবান্। ব্যগ্র। আসক্ত। সতর্ক। তাহার পর ('তৎপরে')। ... ষ্য. **তৎপরতা**। (§ তাৎপর্য)। ... **তৎপরায়ণ** — তন্নিষ্ঠ, সেই বিষয়ে বা ব্যক্তিতে আসক্ত।

**তৎপুরুষ** — সেই পুরুষ, পরম পুরুষ। (ব্যাকরণে) সমাস বিঃ ('ষষ্ঠী-')

**তৎসংক্রান্ত** — তাহার সম্বন্ধীয়, তদ্‌-বিষয়ক।

**তৎসদৃশ** — তাহার তুল্য।

**তৎসম** — (ব্যাকরণে) সংস্কৃত হইতে গৃহীত এবং প্রাকৃত বা আধুনিক ভারতীয় ভাষায় মূল বানানে প্রচলিত (শব্দ। যথা—'ব্রাহ্মণ'। তুঃ তদ্ভব)

**তৎস্থলাভিষিক্ত**—তাহার পদে অধিষ্ঠিত। প্রতিনিধি।

**তত্র** — সেখানে, তথায়। ... **তত্রত্য** — তথাকার ... **তত্রাপি** — সেখানেও। তথাপি।

**তথা** — সেই স্থান, সেখান ('তথাকার')। সেই প্রকার ('—কর্তব্য। যথা রাজা — মন্ত্রী')। তথায়, সেখানে ('— নয়')। আরও, অপিচ, এমন কি ('বাংলা, — সারা ভারতবর্ষ')। দৃষ্টান্ত ('—শ্রীমদ্‌-ভাগবতে')। (§ তথ্য)। ... **তথাকথিত** —ঐ নামে প্রচলিত বা ঐ প্রকারে উক্ত কিন্তু ঐ নাম বা উক্তির যোগ্যতা সম্বন্ধে সন্দেহ আছে, so-called. ... **তথাচ, তথাপি** — তবুও, তাহা হইলেও। ... **তথাবিধ**—সেই প্রকার। ... **তথাভূত**— সেই অবস্থা প্রাপ্ত, তদবস্থ। সেই প্রকারে উৎপন্ন। ... **তথায়**] সেখানে।

**তথাগত** (তথা = পরম অবস্থা, বুদ্ধত্ব + গত = প্রাপ্ত) বুদ্ধদেব।

**তথাস্তু**—তাহাই হউক।

**তথৈব, তথৈবচ** — সেই প্রকারই।

**তথ্য** — প্রকৃত ব্যাপার, ঠিক খবর। তত্ত্ব, যাথার্থ্য, সত্য।

**তথ্য** — তদন্ত, পরীক্ষা, অনুসন্ধান, আলোচনা, গবেষণা ইত্যাদির দ্বারা প্রাপ্ত জ্ঞাতব্যবিষয়।

**তদনন্তর** — তাহার অব্যবহিত পরে।

**তদনুযায়ী** (-য়িন্‌) — তাহার অনুগামী, তদ্রূপ, সেই মত।

**তদনুরূপ** — তাহার সদৃশ, সেই প্রকার।

**তদনুসারী** (-রিন্‌) — তদনুযায়ী।

**তদনুসারে** — তাহার অনুসরণ করিয়া, সেই বশে, সেই প্রণালীতে।

**তদন্ত**—তাহার শেষ। (বাং) অনুসন্ধান, তদারক।

**তদন্য** — তাহা হইতে পৃথক্‌।

**তদবধি** — সেই সময় হইতে। তাহা হইতে আরম্ভ করিয়া।

**তদবস্থ** — সেই অবস্থা প্রাপ্ত। সেই প্রকারে অবস্থিত।

**তদবির** [ আ ] নির্বাহ, পরিদর্শন, কার্য-সিদ্ধির জন্য চেষ্টা ('মকদ্দমার — করা')। উপায়, প্রতিকার।

**তদর্থ, তদর্থে**—সেই উদ্দেশ্যে, তন্নিমিত্ত।

**তদা** — তৎকালে, তাহাতে।

**তদাত্মা (-ত্মন্‌)** — তাহার সহিত অভিন্ন-মনা, তৎস্বরূপ। (§ তাদাত্ম্য)

**তদানীং**—তখন, তৎকালে।

**তদানীন্তন** — তৎকালীন, তখনকার।

**তদাপ্রভৃতি** — তদবধি। (প্রাঅপ্রঃ)

**তদারক** [ আ. -রুক ] অনুসন্ধান; পরিদর্শন ('চুরি সম্বন্ধে, কাজকর্ম — করা')

**তদীয়** — সেই ব্যক্তি সম্বন্ধীয়। তাহার।

**তদুপরি** — তাহার উপর।

**তদুপলক্ষে, -ক্ষ্যে** — সেই সূত্রে বা উদ্দেশ্যে।

**তদেক** — তাহার সহিত এক ('-চিত্ত। তদেকাত্মা')। একমাত্র সেই ব্যক্তি বস্তু বা বিষয় ('-শরণ্য')

**তদ্‌গত**—তাহাতে অভিনিবিষ্ট ('-চিত্ত')

**তদ্‌গুণ** — কাব্যের অলংকার বিশেষ, যাহাতে স্বগুণ বর্জন অন্যের গুণ গ্রহণের কথা থাকে।

**তদ্দণ্ডে** — সেই দণ্ডে, তৎক্ষণাৎ।
**তদ্দ্বারা** — তাহার দ্বারা।
**তদ্ধিত** — (ব্যাকরণে) শব্দের উত্তর যে প্রত্যয় হইলে অন্য শব্দ উৎপন্ন হয়।
**তদ্‌বৎ** — তাহার তুল্য।
**তদ্‌বিধ** — সেই প্রকার।
**তদ্‌বিষয়ক** — তাহার বা সেই বিষয় সম্বন্ধীয়।
**তদ্ভব** — (ব্যাকরণে) সংস্কৃতজাত কিন্তু প্রাকৃত ভাষায় (অথবা প্রাকৃত হইতে আধুনিক ভাষায়) বিকৃতরূপে প্রচলিত (শব্দ। যথা — 'কৃষ্ণ' হইতে 'কাহ্ন, কানাই'। তুঃ তৎসম)
**তদ্ভাব** — তাহার স্বভাব ধর্ম অবস্থা বা সত্তা ('তদ্ভাবাপন্ন')। তাহার চিন্তা।
**তদ্ভিন্ন**—তাহা ছাড়া। তাহা হইতে ভিন্ন।
**তদ্রূপ** — সেই রূপ, সেই প্রকার।
**তনখা** [ফা. তন্‌খোআহ্‌] বেতন।
**তনয়** — পুত্র। ... **তনয়া** — দুহিতা।
**তনিমা** (-মন্‌) — কৃশতা। সূক্ষ্মতা।
**তনু** — স্ত্রী. দেহ। গ. কৃশ ('তন্বঙ্গী')। সূক্ষ্ম। অল্প। কোমল। ... স্ত্রী. **তনুতা**। ... **তনুচ্ছদ, তনুত্র, -ত্রাণ** — অঙ্গরক্ষক, বর্ম, সাঁজোয়া। ... **তনুজ** — তনয়। ... **তনুমধ্য** — ক্ষীণকটি। **তনুরুচি** - দেহের কান্তি। ... **তনুরুহ** লোম।
**তনূনপাৎ** — অগ্নি।
**তন্তু** — সূত্র। **তাঁত**, gut. আঁশ, fibre. (§ তান্তব)। ... **তন্তুকীট** — গুটি-পোকা। ... **তন্তুনাভ** — ঊর্ণনাভ, মাকড়শা। ... **তন্তুবায়, -বাপ** — তাঁতী।
**তন্ত্র** — স্ত্রী. শাস্ত্র বা সাধনার মার্গ বিঃ (শিবশক্তিবিষয়ক), আগম, নিগম। রাজ্য-শাসনপদ্ধতি ('সাধারণ-, আমলা-')। অনুবন্ধী বিষয়ের সমবায়, system ('রক্তসংবহনতন্ত্র' — circulatory system). সিদ্ধান্ত। শাস্ত্র। বাদ, cult, কোন বিশেষ মতে বা বিষয়ে প্রাধান্য স্থাপন ('বস্তু-, গণিকা-')। ক্রিয়াপদ্ধতি। মন্ত্রবিদ্যা ('-মন্ত্র')। তাঁত, বয়নযন্ত্র। জন্তুর অন্ত্রতন্তু। গ. অধীন ('পর-')। (§ তান্ত্রিক)। ... **তন্ত্রধারক** — ক্রিয়াকর্মের সময় পুঁথি দেখিয়া যে মন্ত্রপাঠ করায়।
**তন্ত্রী ১** — বীণাদি যন্ত্রের তাঁত বা তার।
**তন্ত্রী ২** (-ন্ত্রিন্‌) — যাহাতে তাঁত বা তার আছে, তত ১ ('— বাদ্যযন্ত্র')
**তন্দুর** [ফা. তন্দুর] পাঁউরুটি ইঃ সেঁকিবার চুল্লী।
**তন্দ্রা** — নিদ্রাবেশ, অর্ধজাগ্রত অর্ধনিদ্রিত ভাব। ... গ. **তন্দ্রিত**। ... **তন্দ্রালু** — তন্দ্রাবিষ্ট, তন্দ্রিত, যাহার ঘুম পাইয়াছে।
**তন্ন তন্ন** — (মূঃ তাহা নয় তাহা নয়, অতি সূক্ষ্ম বিচার) পুঙ্খানুপুঙ্খ, পাতি-পাতি ('— করিয়া খোঁজা, দেখা)
**তন্নিবন্ধন, তন্নিমিত্ত** — তজ্জন্য, সেই হেতু।
**তন্মনস্ক, তন্মনা** [< -নাঃ (নস্‌] — যাহার মন তাহাতে নিবিষ্ট, তন্ময়।
**তন্ময়** — তাহা ভিন্ন অন্য চিন্তা যাহার নাই, তদ্‌গতচিত্ত। ... স্ত্রী. **-তা, -ত্ব**।
**তন্মাত্র** — তৎপরিমাণ। কেবল তাহা। (সাংখ্যদর্শনে) সূক্ষ্মভূত, ক্ষিতি অপ্‌ ইঃর অমিশ্র ভাব।
**তন্বঙ্গী, তন্বী** — কৃশাঙ্গী, যে নারীর দেহ লঘু ও সুগঠিত।
**তপ** [< তপঃ (তপস্‌] তপস্যা, আত্মজ্ঞান বা স্বর্গাদি লাভের জন্য কঠিন সাধনা ('তপঃপ্রভাব, তপোবল')। যোগ। ব্রত।
**তপ** — গ্রীষ্মকাল। ... **তপাত্যয়** — বর্ষা-কাল।
**তপতী** — সূর্যপত্নী ছায়া। সূর্যকন্যা।

তাপ্তী নদী।

**তপন** — সূর্য।

**তপনীয়** — স্বর্ণ ('তপনীয়াশোক')

**তপশ্চরণ, -শ্চর্যা, -শ্চারণ** — তপঃসাধনা।

**তপসে, তপসি** [ < তপস্বী ] ছোট মাছ বিঃ।

**তপস্যা** — তপ (দেখ)

**তপস্বী** (-স্বিন্) — যে তপস্যা করে, তাপস, যোগী। ব্রতধারী। ... স্ত্রী. **-স্বিনী।**

**তপাক** (ফা) — খোঁজ, সন্ধান (প্রাঃ সাঃ)

**তপোধন** — তপস্যাই যাহার ধন, মুনি, ঋষি।

**তপোবন** — যে বনে ঋষিগণ তপঃসাধনার জন্য বাস করিতেন, মুনিঋষির আশ্রম।

**তপোবল** — তপস্যালব্ধ শক্তি।

**তপোভঙ্গ** — তপস্যায় বাধাসৃষ্টি।

**তপোলোক** — পুরাণোক্ত সপ্তলোকের এক।

**তপ্ত** — গরম, উষ্ণ। শোকার্ত। ... **তপ্ত-কাঞ্চন** — অগ্নিশোধিত স্বর্ণ ('-বর্ণ')

**তফসিল** [ আ ] বিবরণ, তালিকা। ... ণ. **তফসিলী** ] তফসিল-ভুক্ত। তফসিলে নির্দিষ্ট অবনত হিন্দু জাতি।

**তফাত** [ আ. তফাওউৎ ] ষ্য. দূরবর্তী স্থান ('তফাতে যাও')। অন্তর, ব্যবধান, প্রভেদ ('দুই বাড়ির মধ্যে অনেক —। দুই জিনিসে —')। ণ. দূরবর্তী। ব্যবহিত, পৃথক্ ('— করা, হওয়া')

**তব ১** — (পদ্যে) তোমার।

**তব ২** ] — তখন, তবে (প্রাঃ সাঃ)

**তরণি** — সূর্য।

**তবক ১** [ আ ] পাত ('সোনার —')। স্তর, থাক ('তবকে তবকে বহি সাজানো')

**তবক ২** (তু)—বন্দুক, কামান। **তবকী**— বন্দুকধারী।

**তবধরি** ] — তখন হইতে, তদবধি (প্রাঃসাঃ)।

**তবল ১** (আ) — বড় ঢাক।

**তবল ২** (ফা) — কুড়াল।

**তবল্চী** [ আ-তু ] তবলাবাদক।

**তবলদার** [ ফা. তবর = কুঠার ] কুঠার দিয়া যে গাছের গুঁড়ি কাঠ ইঃ কাটে।

**তবলা** [ আ ] কাঠ ইঃর খোলের এক দিকে চামড়া দেওয়া বাদ্যযন্ত্র বিঃ ('বাঁয়া-')

**তবহিঁ** ] — তখনই (প্রাঃসাঃ)

**তবহু** ] — তবুও, তখনও।

**তবিয়ত** [ আ ] স্বাস্থ্য, মেজাজ ('— খারাপ, খোশ-')

**তবিল** (তহবিল দেখ)

**তবিলদারি** (ফা) — কোষ রক্ষকের কাজ।

**তবু** ] তথাপি, তাহা হইলেও।

**তবে** ] তাহা হইলে, সে অবস্থায় ('যদি বৃষ্টি হয় — যাব না। তবেই তো মুশকিল')। সেই কারণে বা উপায়ে ('নালিশ ক'রে — টাকা পেয়েছি')। অতঃপর ('— আমি এখন উঠি')। তাহার পর ('আগে রোজগার — বিবাহ')। কিন্তু, পক্ষান্তরে ('— যদি')। ভর্ৎসনায় ('— রে')

**-তম** — (প্রত্যয়) সর্বাপেক্ষা অধিক বা অল্প ('উত্তম, বৃহত্তম, প্রিয়তম, ক্ষুদ্র-তম'। স্ত্রী. -তমা)। সংখ্যার পরে বসিলে পূরক বা ভাগসূচক ('নবতিতম' — — ninetieth; অথবা one-nine-tieth, ৯০ ভাগের ১ ভাগ। স্ত্রী. -তমী)

**তমঃ** (তমস্), **তম** — অন্ধকার ('তমসাচ্ছন্ন')। তমোগুণ, তামসিক ভাব'। অজ্ঞান। ( § তামস, তামসিক)

**তমসুক** [ আ. তমসসুক ] কর্জ লইবার সময় লিখিত দলিল, ঋণস্বীকারপত্র,

খত ('— কাটা')
**তমস্বিনী** — অন্ধকারময়ী (রাত্রি)
**তমাল** — বৃক্ষ বিঃ (গাব-জাতীয়)
**তমিস্র** — ষ্য. অন্ধকার। ণ. অন্ধকারময়। ... স্ত্রী. **তমিস্রা।**
**তমু]** — তবু (প্রাঃসাঃ)
**তমোগুণ** — (দর্শনে) প্রকৃতির গুণ বিঃ।
**তমোঘ্ন, তমোপহ, তমোহর, তমোহা** (-হন্) — অন্ধকার- বা অজ্ঞান-নাশক। সূর্য, অগ্নি।
**তম্বি** [আ. তন্বীহ্] তর্জন, ভর্ৎসনা; জুলুম।
**তম্বুরা** [আ. তন্বূরহ্] তানপুরা, তন্ত্রীযুক্ত বাদ্যযন্ত্র বিঃ।
**তয়** [আ] নিষ্পত্তি, শেষ। ভাঁজ, পাট, তো ('কাপড় — করা')
**তয়খানা** [ফা. তহ্খানহ্] মাটির নীচে ঘর (গ্রীষ্মকালে বাসের জন্য)
**তয়ফা** [আ. তাইফহ্] নাচওয়ালী। বাইজীদের এক শ্রেণীর সঙ্গীত।
**তয়ের** (তৈয়ার দেখ)
**তর ১** [ফা] বিভোর, চুর ('গান শুনে, নেশায় — হওয়া')
**তর ২]** < ত্বরা, বিলম্ব ('—সইছে না')
**-তর ১** — (প্রত্যয়) দুইএর মধ্যে বেশী বা কম ('বৃহত্তর, নিকৃষ্টতর')। আধিক্য-সূচক ('গুরুতর')। ... স্ত্রী. **-তরা।**
**-তর ২** [আ. তরহ্] প্রকার ('কেমন-')
**তরই** — ঝিঙা, ঢেঁরস।
**তরকারি** [ফা] আনাজ, রাঁধিবার যোগ্য ফলমূলশাকাদি। ব্যঞ্জন।
**তরক্ষু**—নেকড়ে বাঘ (মতান্তরে hynea).
**তরখিত**—তর্ষিত (তর্ষ-পিপাসা) তৃষ্ণার্ত। (প্রাঃ সাঃ)
**তরঘাট]** — নদীর যে ঘাটে খেয়া পারাপার হয়।
**তরঙ্গ** — ঢেউ, ঊর্মি, বীচি ('সাগর-, শব্দ-, আলোক-')। ... **তরঙ্গভঙ্গ** — ঢেউ ওঠা। ... **তরঙ্গায়িত** — যাহাতে তরঙ্গ উঠিয়াছে। ঢেউখেলানো ('— কেশ')। ... **তরঙ্গিণী** — নদী। ... **তরঙ্গিত** — তরঙ্গযুক্ত। ভঙ্গীযুক্ত।
**তরজমা** [আ. তর্জুমৎ] অনুবাদ, ভাষান্তর।
**তরজা]** দুই দলের প্রতিযোগিতামূলক গান বিঃ (কবির লড়াই জাতীয়)
**তরণ** — নদী ইঃ পার হওয়া। (§ তরিত, তরিত্র, তারক, তারণ, তিতীর্ষু, তীর্ণ)
**তরণি** — সূর্য।
**তরণী, ণি** — তরী, নৌকা। যাহা পার বা উদ্ধার করে।
**তরণ্ড** — মাছধরা ছিপের ফাৎনা। ভেলা।
**তরতম** — ন্যূনাধিক, কমবেশী। (§ তারতম্য)
**তরতর]** স্রোতাদির বেগ প্রকাশ ('— ক'রে বহা')
**তরতাজা** (ফা) — টাটকা।
**তরতিব** [আ] পদ্ধতি, কৌশল।
**তরপণ্য** — পারানি, খেয়ার মূল্য।
**তরপদী** — যাহারা পদের বিশিষ্ট গঠনের জন্য সাঁতার দিতে পারে।
**তরফ** [আ] দিক্, পার্শ্ব, প্রান্ত, ধার। পক্ষ ('আমার তরফে')। জমিদারির অংশ ('বড়, ছোট —') ... **তরফদার]** পক্ষের লোক। পক্ষপাতী। উপাধি বিঃ। ... **তরফদারি]** পক্ষপাত। ... **-তরফা]** পক্ষ সম্বন্ধীয় ('এক-')
**তরবারি** — **তলোয়ার, তরোয়ার, তরবার, তলবার]** অসি, করবাল, কৃপাণ।
**তরবেতর** [আ-ফা-আ. তরহ্-ব-তরহ্] হরেক রকম, নানাপ্রকার।
**তরমুজ, -বুজ** [ফা. -বুজ.] লতাজাত,

ফল বিঃ।

**তরল** — দ্রব, জলবৎ। গলিত। চঞ্চল ('-মতি, -নয়ন')। (§ তারল্য) ... স্ত্রী. **তরলা**। ... **তরলিত** — বিগলিত, দ্রবীভূত। ... **তরলীকৃত** — দ্রবীকৃত, যাহা গলানো হইয়াছে।

**তরল** — তলতা বা তলদা (বাঁশ)। (প্রাঃসাঃ)

**তরশু** [ < তিরঃ-শ্বঃ ] আগামী পরশুর পরদিন। গত পরশুর পূর্বদিন।

**তরস্ত** ] < ত্রস্ত, তটস্থ, ব্যস্ত।

**তরস্থান** — পারঘাট।

**তরস্বৎ** (-স্বৎ), **তরস্বী** (-স্বিন্) — বেগবান্, দ্রুতগামী। বলবান্ ... স্ত্রী. **তরস্বতী, তরস্বিনী**।

**তরা ১** [ √ তর্-৫। < তৃ ] পার হওয়া, উত্তীর্ণ হওয়া। ... **তরানো** [ √ তরা-১১ ] পার করা। উদ্ধার করা।

**তরা ২** ] — নদী জলের গভীরতা হ্রাস পাইলে যেখানে লোকে পায়ে হাঁটিয়া নদীপার হইতে পারে।

**তরাই** ] পর্বতের নিম্নদেশ।

**তরাজ** (ফা) — লুণ্ঠন (লুটতরাজ)

**তরাজু** [ ফা. -জূ ] দাঁড়িপাল্লা, তুলাদণ্ড।

**তরাস** ] < ত্রাস, ভয়, শংকা।

**তরিক** — খেয়াঘাটের শুল্ক আদায়কারী।

**তারিত** — যাহাকে পার করা হইয়াছে।

**তরিত্র** — যাহাদ্বারা পার হওয়া যায়, নৌকা ভেলা ইঃ।

**তরিবত** [ আ. তর্বিয়ৎ ] আদবকায়দা। শিক্ষা, উপদেশ।

**তরী, তরি** — তরণী, নৌকা।

**তরু** — গাছ, বৃক্ষ।

**তরুণ** — নবীন। অপরিণত। যুবক। ... স্ত্রী. **তরুণী**। ... ষ্য. **-তা -ত্ব, তারুণ্য**। ... **তরুণজ্বর** — নবজ্বর। ... **তরুণিমা** (-মন্) — তারুণ্য।

**তরে** ] (প্রায় পদ্যে) জন্য, নিমিত্ত ('তোমার —। চির-')

**তরোয়ার** (তরবারি দেখ)

**তর্ক** — বাদানুবাদ, বিতর্ক; যুক্তি, বিচার। হেতু। অনুমান। সন্দেহ। ... **তর্কজাল** — কূটতর্কের রাশি। ... **তর্কতীর্থ** — ন্যায়শাস্ত্রের পরীক্ষায় উত্তীর্ণ। ... **তর্কবিতর্ক** — বাদানুবাদ। ... **তর্ক-বিদ্যা, -শাস্ত্র** — ন্যায়শাস্ত্র। ... **তর্কা-তর্কি** ] তর্কবিতর্ক। ... **তর্কিত** — বিচারিত। সম্ভাবিত, অনুমিত। ... **তর্কী** (-র্কিন্) — তার্কিক। ... **তর্কে তর্কে** ] সতর্কতার সহিত। **সন্ধানে** ('— থাকা')

**তর্কু** — টাকু দেখ)

**তর্জন** — ক্রোধে গর্জন। ভর্ৎসনা। ... ণ. **তর্জিত**।

**তর্জনী** — হাতের বুড়া আঙুলের **পরের** আঙুল।

**তর্জানো** [ √ তর্জা-১৭ ] তর্জন করা।

**তর্পণ** — পিতৃলোকের প্রীত্যর্থে জলদান। তৃপ্তিসম্পাদন। ... **তর্পিত** — যাহার উদ্দেশে তর্পণ করা হইয়াছে। তোষিত। ... **তর্পী** (-র্পিন্) — তর্পণকারী।

**তর্ষ** — তৃষ্ণা। তর্ষিত। পিপাসিত।

**তর্সা** -- ঘেঁষাঘেঁসি না করিয়া **ফাঁক** ফাঁক।

**তল** — নিম্নদেশ ('পদ-'। পৃষ্ঠ, surface ('ভূমি-, শয্যা-')। ক্ষেত্র, plane. তলা, storey ('দ্বিতল')। করতল ('তলপ্রহার')। পলতোলা জিনিসের এক এক পার্শ্ব, facet. ... **তলে তলে** ] অন্তরালে থাকিয়া, ভিতরে ভিতরে ('তিনিই — এই সব করাচ্ছেন')

**তলতল** ] কোমলতা বা নমনীয়তার **লক্ষণ**

প্রকাশ ('—করা'। আদরে—তুল-তুল]। ... ণ. **তলতলে**] ('—পাকা ফল'। আদরে—তুলতুলে]। '—গাল')
**তলত্র** — করতলত্র, দস্তানা।
**তলদা, -তা**] বাঁশের জাতি বিঃ। (তরল দেখ।)
**তলপেট**] নাভির নিম্নদেশ।
**তলব** [আ] আহ্বান, ডাক, আসিবার জন্য আজ্ঞা। বেতন ('—পাওয়া')। ... **তলবানা**] মকদ্দমার সাক্ষী ডাকিবার খরচ।
**তলবার** (তরবারি দেখ)
**তলা**] < তল, উপর্যুপরি অবস্থিত গৃহ-তল বা মেঝে অনুসারে বাটির ভাগ ('চার-, এক-, উপর-'। নিম্নবর্তী স্থান ('গাছ-, কল-। পায়ের —')। স্থান ('কালী-, বারোয়ারি-')
**তলাও** [ফা. তালাব] পুষ্করিণী।
**তলাণ্ডিরা**] — তরল পদার্থের পাত্রে তলায় সঞ্চিত অসার বস্তু। তলানি।
**তলাতল** — পুরাণোক্ত পাতাল বিঃ।
**তলানি**] যাহা থিতাইয়া নীচে পড়ে, গাদ।
**তলানো** [√তলা-১১] তলায় পড়িয়া যাওয়া বা নামা ('পুকুরে —')। অন্তরে প্রবেশ করা, ভাল করিয়া বোঝা ('কথাটা তলিয়ে দেখ')
**-তলি**] প্রান্ত, উপকণ্ঠ ('শহর-')
**তলুয়া** — (তোলো দেখ)
**তলোয়ার** (তরবারি দেখ)
**তল্প** — শয্যা। **তল্পকীট** — ছারপোকা।
**তল্পি** [< তল্প] বিছানা পত্র। ... **তল্পিতল্পা**] তল্পি ও অন্যান্য জিনিসের গাঁটরি। ... **তল্পিদার**] মোটবাহক।
**তল্লাট**] প্রদেশ, অঞ্চল; সীমা ('সে তল্লাটে এমন জিনিস নাই')
**তল্লাশ** [আ. তলাশ] খোঁজ, অনুসন্ধান ('খানা-')
**তশলা**] — হাড়িকাঠ, ঢেঁকির আঁকশলা।
**তষ্টা** — দারুশিল্পী, ছুতর।
**তষ্টি**] — ধর্‌না, তীর্থের কাকের মতো প্রতীক্ষা।
**তষ্টিদার** — নাছোড়বান্দা।
**তসবি** [আ] মুসলমান ফকিরদের জপ-মালা।
**তসবির** [আ. -বী.র] ছবি, প্রতিমূর্তি।
**তসর** [< ত্রসর] রেশম বিঃ।
**তসরুফ, তছরুপ** [আ. তর্‌রুফ] ক্ষতি। আত্মসাৎকরণ, চুরি ('তহবিল —')
**তসলা**] রন্ধনপাত্র বিঃ। হুড়কা, খিল।
**তসলিম** (আ) — মুসলমানী প্রথায় প্রণত হইয়া অভিবাদন।
**তসু**] — তস্য, তাহার (প্রাঃ সাঃ)
**তস্কর** — চোর। ... ষ্য. **-তা, তাস্কর্য**।
**তহবিল / তবিল** [আ. তহবী.ল] মজুদ টাকা। ... **তহবিলদার / তবিল-**] নগদ টাকা ও তাহার হিসাব যে রাখে, খাজাঞ্চী। ... ষ্য. **-দারি**] খাজাঞ্চীর কাজ।
**তহ্‌মত** (আ) — মিথ্যা দোষারোপ।
**তহরি, তহুরি** (আ) — লিখনের জন্য পারিশ্রমিক।
**তহসিল / তসিল** [আ. তহ্‌সিল] খাজনা আদায়। সংগৃহীত খাজনা। ... **তহসিলদার/তসিল-**] যে খাজনা আদায় করে। ... ষ্য. **-দারি**]
**তঁহি, তহি**]—তত্র, সেখানে (প্রাঃ সাঃ)
**তহু**] — তজ্জন্য (প্রাঃ সাঃ)
**তা ১**] তাহা (দেখ)। কথার মাত্রা ('তা বেশ। তা আমি কি করব?')
**তা ২**] < তাপ। ডিম ফুটাইবার জন্য তাপ ('পাখি ডিমে তা দেয়')
**তা ৩** [< তার] পাক, মোচড় ('গোঁফে—

দেওয়া')

**তা ৪** [ ফা. তহ্ ] আস্ত একখণ্ড কাগজ।

**-তা, -ত্ব** — ভাবসূচক প্রত্যয় ('কোমলতা, মনুষ্যত্ব')

**তাই ১** ] তাহাই ('যা চাও — পাবে')। সেইজন্য ('রেগেছে — কথা কয় না')। ... **তাইতে** ] তাহাতে। সেই কারণে। ... **তাইতো** ] তাহাই তো। সেই জন্যই তো। বিস্ময় হতবুদ্ধিতা ইঃ সূচক ('— কি করা যায়')

**তাই ২** ] — করতালি, করতলের সঙ্গে করতালের সশব্দ সংযোগ।

**তাঈশ** — (আ) — তাড়না, জুলুম, রোষ প্রকাশ। জোরালো তাগিদ।

**তাউশ** (আ) — ময়ূর। তখ্ত-উ-তাউস— ময়ূরসিংহাসন।

**তাউই** (তালুই দেখ)

**তাওয়া** ] পাকপাত্র বিঃ, চাটু ('রুটি সেঁকিবার —')। কলিকার ভিতরের চাকতি যাহার তলায় তামাক থাকে।

**তাএন, তায়েন** (আ) — নিশ্চিতরূপে অবধারণ।

**তাওয়ানো** ] — তাতানো, উত্তেজিত করা, উদ্দীপিত বা উত্তাপিত করা।

**তাক ১**, তাগ [ < তর্ক ] লক্ষ, টিক, নিশানা (বন্দুকে — করা')। টাঁক (দেখ)। অনুমান। ... **তাকে তাকে** ] তর্কে তর্কে, সন্ধানে, অপেক্ষায় ('— থাকা')

**তাক ২** ] বিস্ময়জন্য হতবুদ্ধিতা ('— লাগা')

**তাক ৩** [ আ ] জিনিস রাখিবার জন্য দেওয়াল ইঃতে লাগানো তক্তা।

**তাকত** [ আ ] শক্তি, সামর্থ্য।

**তাকর** ] — তাহার (প্রাঃ-সাঃ)

**তাকা** [ √ তাক্ ৭। < তর্ক ] অপেক্ষা করা, টাঁক করা। লক্ষ করা। অনুমান করা। (বিরল)

**তাকানো** [ √ তাকা-১১ ] চাওয়া, দৃষ্টিপাত করা। ... **তাকাতাকি** — পরস্পরের পানে তাকানো। দৃষ্টি-বিনিময়।

**তাকাবি** [ আ. -বী. ] কৃষককে প্রদত্ত ঋণ।

**তাকিয়া** [ ফা ] ঠেসান দিবার বড় বালিশ।

**তাকে, তাদের** ইঃ (পঃছ সে, তাহা দেখ)

**তাঁকে, তাঁদের** ইঃ (পঃছ তিনি দেখ)

**তাগড়া, তাগড়াই** [ হি. তগ্ড়া ] দীর্ঘদেহ ও বলিষ্ঠ।

**তাগা** ] বাহুর অলংকার বিঃ, অনন্ত। হাতে বাঁধিবার সুতা তাবিজ ইঃ। রক্তসংবহন রোধ করিবার জন্য বন্ধনী (যথা সর্পাঘাতে)

**তাগাড়** [ তু. -র ] চুন সুরকি কাদা ইঃ জলের সহিত মিশাইবার কুণ্ড।

**তাগাদা, তাগিদ** [ আ. তাকাজাহ্ ] বার বার চাওয়া বা কিছু করিতে বলা ('টাকার —। কাজ শেষ করিবার জন্য —।— করা, দেওয়া')। জরুরী দরকার (কাজের — আছে')। ... **তাগিদ** ] মনে করাইয়া দেওয়া ('— দেওয়া')

**তাঙগড়ানো** — আধারে স্থান সংকুলান হওয়া।

**তাচ্ছল্য, তাচ্ছিল্য** ] তুচ্ছজ্ঞান, অবজ্ঞা।

**তাজ** [ আ ] মুকুট। উঁচু টুপি।

**তাজনী** ] — তর্জন, শাসন (প্রা-সা)

**তাজমহল** (আ) — আগ্রায় সম্রাজ্ঞী মমতাজমহলের মৃতদেহের উপর নির্মিত সমাধিসৌধ।

**তাজা** [ ফা. তাজহ্ ] টাটকা ('— মাছ, ফল')। নূতন ('— খবর')। সতেজ, সরস, স্ফূর্তিযুক্ত ('— মন')

**তাজিয়া** [ আ. তাজিয়হ ] মহরম যাত্রায়

বাহিত হোসেন-হাসানের কবরের প্রতিমা, গোঁয়ারা। মহরম উৎসব।

**তাজী** (ফা) — আরবী ঘোড়া।

**তাজ্জব** [আ. তঅজ্জুব] ণ. বিস্ময়জনক, অদ্ভুত। ষ্য. বিস্ময়।

**তাঞ্জাম** [হি. তামজান] মনুষ্যবাহিত যান বিঃ sedan chair.

**তাটঙ্ক** — কর্ণের অলংকার।

**তাড়্**] বাহুর অলংকার বিঃ।

**তাড়্**] — তালগাছ। **তাড়পত্র**—তালপাতা।

**তাড়ক** — যে তাড়না করে। ... **তাড়কা**— রাক্ষসী বিঃ, মারীচের জননী (রাম কর্তৃক নিহত)

**তাড়ন, তাড়না**—শাসন, ভর্ৎসনা, তাড়া। দণ্ড। প্রহার। (§ তাড়িত, তাড্যমান)। ...**তাড়নী**—যাহাদ্বারা তাড়না করা হয় (কশা অঙ্কুশ বেত্র ইঃ)

**তাড়স, টাড়স**] বেদনার প্রভাব ('ফোড়ার তাড়সে জ্বর')

**তাড়া ১** [√ তাড়্-৭। < তড়্] পশ্চাদ্ধাবন বা আক্রমণ করা ('তেড়ে যাওয়া'। 'তেড়েফুঁড়ে' — হঠাৎ তাড়া করিয়া)। ষ্য. তাড়না, ধমক; পীড়ন ('— খাওয়া। ছেলেকে — দেওয়া')। মারিবার জন্য পশ্চাদ্ধাবন; ভয়প্রদর্শন ('—করা')

**তাড়া ২**] < ত্বরা, শীঘ্রতার প্রয়োজন, জরুরী দরকার ('কাজের, যাইবার —')। শীঘ্র করিবার জন্য পীড়াপীড়ি ('— দেওয়া')। ... **তাড়াতাড়ি**] ষ্য. ত্বরা, শীঘ্রতা, জরুরী দরকার, ব্যস্ততা ('— নেই')। ক্রি-ণ. শীঘ্র, চটপট ('— শেষ করা')। ... **তাড়াহুড়া / -হুড়ো**] তাড়াতাড়ি করিবার জন্য পীড়ন।

**তাড়া ৩** [< তাড়] গোছা, বাণ্ডিল ('কাগজের, নোটের —')

**তাড়ানো** [√ তাড়া-১১। < তড়্] বিদায় করা, দূর করা, বহিষ্কৃত করা ('চাকর, জ্বর, ভূত —')। আসিতে না দেওয়া ('চোর, মাছি —')। তাড়না করিয়া চরানো ('গরু —')

**তাড়ি** [< তাল-] তাল বা খেজুরের গাঁজানো রস (মদ্য বিঃ)

**তাড়িত ১** — শাসিত, তিরস্কৃত, দণ্ডিত, উৎপীড়িত, প্রহৃত। দূরীকৃত।

**তাড়িত ২** — ণ. তড়িৎ সম্বন্ধীয়, বৈদ্যুতিক। ষ্য. বিদ্যুৎ, তড়িৎ। ... **তাড়িতবার্তা, -সংবাদ** — টেলিগ্রাম।

**তাড়ু** [< তর্দু] ভিয়ান করিবার বড় খুন্তি।

**তাড্যমান** — যাহাকে তাড়না বা আঘাত করা হইতেছে। বাদ্যমান।

**তাণ্ডব** — উদ্দাম নৃত্য ('শিবের —')। পুরুষের নৃত্য। (তুঃ লাস্য)

**তাত১**—পিতা। পিতৃতুল্য ব্যক্তি ('খুল্ল-')। পুত্রতুল্য ব্যক্তিকে স্নেহসম্বোধন (তুঃ বাবা)

**তাত২** [<তপ্ত] আঁচ, উষ্ণতা ('আগুনের, রোদের, মেজাজের —')

**তাঁত** [< তন্ত্র] কাপড় বুনিবার যন্ত্র। চামড়ার সুতা। অন্ত্রতন্তু। (§ তাঁতী)। ... **তাঁতঘর, -শাল**] যে ঘরে তাঁতে কাপড় বোনা হয়।

**তাতল**] — উত্তপ্ত (প্রা-সা)

**তাতা** [√ তাত্-৭] গরম হওয়া। ... **তাতানো** [√ তাতা-১১] গরম করা। ণ. উত্তাপিত।

**তাতারসি**] — আখ কিংবা খেজুরের রস উত্তাপের সাহায্যে ঘনীভূত। পাতলা গুড়।

**তাতাল** [< তাতল] রাং ঝাল লাগাইবার যন্ত্র।

**তাঁতী** [< তন্ত্র-] যে কাপড় বোনে,

তন্তুবায়। জাতি বিঃ। ... স্ত্রী. **তাঁতিনী**]

**তাতে** (তাহাতে দেখ)

**তাৎকালিক** (তৎকাল দেখ)

**তাত্ত্বিক** — তত্ত্ববিষয়ক, theoretical. তত্ত্বজ্ঞ ('ভাষা-')। সত্য, প্রকৃত।

**তাৎপর্য** — মর্ম, ভাবার্থ।

**তাথই** (থেই দেখ)

**তাদাত্ম্য** — তাহার সহিত একাত্মতা বা একীভাব।

**তাদৃশ**—সেই রকম, তদ্রূপ। ... স্ত্রী. **-শী।**

**তান** — সংগীতের স্বরবিস্তার, সুরের আলাপ ('— ছাড়া, ধরা')। সুর। বিস্তার। ... **তানপুরা**] তম্বুরা, তন্ত্রী-যুক্ত বাদ্যযন্ত্র বিঃ।

**তানব** — তনুতা, কৃশতা।

**তানা-না-না**] গানের বোল, গানের আরম্ভে স্বরসাধন। (ব্যঙ্গে) কাজের আরম্ভে কালক্ষেপ।

**তান্তব** — তন্তুনির্মিত। সূত্র সম্বন্ধীয়।

**তান্ত্রিক** — তন্ত্রশাস্ত্র সম্বন্ধীয়। যে তন্ত্রোক্ত সাধনা করে। বিশেষ মত সম্বন্ধীয়।

**তাপ** — উষ্ণতা। জ্বর। কষ্ট ('ত্রি-') (§ তপ্ত, তাপিত, তাপী)। ... **তাপক** — যে তাপ দেয়। মনস্তাপদাতা। ... **তাপন** — ষ্য. তাপপ্রয়োগ। সূর্য। ণ. তাপ-জনক। ... **তাপনীয়** — যাহাকে তপ্ত করিতে হইবে। ... **তাপমান** — উষ্ণতা-মাপক যন্ত্র, থার্মমিটার।

**তাপর**] — তদুপরি (প্রা—সা)

**তাপস** — তপস্বী, মুনি। ... স্ত্রী. **তাপসী**। ... **তাপস্য** — তপস্বীর ধর্ম।

**তাপা** [√ তাপ্-৭। < তপ্] তাতা, গরম হওয়া। তাপ লওয়া, পোহানো ('আগুন —')। ... **তাপানো** [√ তাপা-১১]. গরম করা।

**তাপিত** — ক্লেশিত, যাহাকে সন্তপ্ত করা হইয়াছে। যাহা গরম করা হইয়াছে।

**তাপী** (-পিন্) — সন্তাপযুক্ত। তাপজনক। ... স্ত্রী. **তাপিনী**।

**তাফতা** [ফা] পশমী বা রেশমী বস্ত্র বিঃ।

**তাফাল** (ফা)—গুড় তৈরি করার জোল বা উনুন।

**তাবকী** (তু)—বন্দুকধারী।

**তাবৎ** — সমুদায়; সেই সমস্ত ('— লোক')। তৎপরিমাণ, তত ('যাহা আবশ্যক—')। ততক্ষণ, সেই পর্যন্ত ('যাবৎ আমি না আসি —')

**তাবিজ** [আ. তাবীজ.] বাহুর অলংকার বিঃ। কবচ, মাদুলি।

**তাঁবু, তাম্বু** [হি] শিবির, বস্ত্রগৃহ, পটাবাস, স্কন্ধাবার ('—খাটানো, ফেলা')

**তাঁবে** [আ. তাবি] আজ্ঞাধীন ('তোমার —কত লোক?')। ... **তাঁবেদার**] অধীন ব্যক্তি, চাকর। ... ষ্য. **দারি**]

**তামড়ি** [< তাম্র] তাম্রবর্ণ মণি বিঃ. garnet.

**তামরস** — পদ্ম।

**তামলী**] < তাম্বুলী, পান-ব্যবসায়ী। জাতি বিঃ।

**তামস** — তামসিক। অন্ধকারময়। ... স্ত্রী. **তামসী**। ... **তামসতপ** — অন্যের অনিষ্ট সাধনের জন্য তপস্যা। অজ্ঞতা বশতঃ আত্মনিগ্রহমূলক কৃচ্ছ্রসাধন। ... **তামসদান** — অপাত্রে দান। ... **তামস-প্রকৃতি** — জাড্যভাবাশ্রিত স্বভাব। ... **তামসযজ্ঞ** — যে যজ্ঞ বিধিপূর্বক সম্পাদিত নয়। ... **তামসশাস্ত্র** — নিরীশ্বর দর্শন।

**তামসিক** — তমোগুণ সম্বন্ধীয় বা বিশিষ্ট। নিকৃষ্টপ্রবৃত্তিমূলক। ... স্ত্রী. **-সিকী**।

**তামা**] < তাম্র, "তাঁবা"। ... **তামাটে**] তামার মত রং বিশিষ্ট।

**তামাক** [পো. tobacco] (তামাকু বিরল) তাম্রকূট, পাতা বা গাছ বিঃ। ধূমপানের জন্য গুড়-মিশানো তামাক ('— সাজা, খাওয়া, টানা। -খোর')

**তামাদি** [আ. তমাদী] দাবি করিবার নির্ধারিত সময় অতিক্রম। ... ণ. **তামাদী**] ('— হওয়া')

**তামাম** [আ. তামাম] সমস্ত, বিলকুল।... **তামামি**] শেষ ('সাল-')

**তামাশা** [আ. তমাশা] ক্রীড়া, খেলা, বাজি ('— দেখানো')। কৌতুক, মজা, রহস্য, পরিহাস ('— করা')

**তামিল ১**] দ্রাবিড় দেশীয় ভাষা বিঃ।

**তামিল ২** [আ] পালন, নিষ্পাদন ('হুকুম — করা')

**তামী**] — কোশাকুশী ইত্যাদি তাম্রনির্মিত পাত্রাদি।

**তাম্বু** (তাঁবু দেখ)

**তাম্বুল** — পান, পত্র বিঃ যাহা চুন খয়ের ইত্যাদি দিয়া খায়। ... **তাম্বুলকরঙ্ক** — পানের বাটা ('-বাহিনী')। ... **তাম্বুল-রাগ** — পান খাইলে ঠোঁটে যে রং হয়। ... **তাম্বুলী** (-লিন্), **তাম্বুলিক** — > তামলী (দেখ)

**তাম্র** — তামা, ধাতু বিঃ। ... **তাম্রকুণ্ড** — পূজায় ব্যবহার্য পাত্র বিঃ। ... **তাম্রচূড়** — মোরগ। কুক্কুট। ... **তাম্রপর্ণী** — কর্ণাট দেশের ইতিহাস বিখ্যাত নদী বিঃ। ... **তাম্রপট্ট, -ফলক** — তামার পাটা বা তক্তি (যাহাতে সেকালে রাজাজ্ঞা ইঃ ক্ষোদিত হইত)। ... **তাম্রশাসন** — তাম্র-পট্টে ক্ষোদিত রাজাজ্ঞা।

**তাম্রকূট**] (নকল সংস্কৃত শব্দ) তামাক।

**তাম্রলিপ্ত, -প্তি** — তমলুকের প্রাচীন নাম। পূর্ব সমুদ্রতটে প্রাচীনবঙ্গের বিখ্যাত বন্দর।

**তাম্রাভ** — তাম্রবর্ণ।

**তায়**] তাহাতে আবার ('একে অমাবস্যা— মেঘাচ্ছন্ন')। (পদ্যে) তাহাতে; তাহাকে।

**তায়দাদ** [আ. তাদাদ] জমির সীমার বিবরণ। পরিমাণ।

**তার ১** — উচ্চ, তীব্র ('-স্বর')। পার, উত্তরণ, উদ্ধার ('বিপদে — করা')। তারকা।

**তার ২**] ধাতুর সূত্র ('লোহার, সেতারের, টেলিগ্রাফের —')। টেলিগ্রাফ, টেলিগ্রাম ('— করা, পাঠানো, আসা')

**তার ৩**] আস্বাদ ('ব্যঞ্জনের —')

**তার ৪, তারা** ইঃ (পঃছ সে, তাহা দেখ)

**তাঁর, তাঁরা** ইঃ (পঃছ তিনি দেখ)

**তারক** — যে পার করে। উদ্ধারকর্তা। নক্ষত্র। চোখের তারা। কার্তিকেয় কর্তৃক নিহত অসুর বিঃ। ... **তারকব্রহ্মনাম** — 'ওঁ শ্রীরামরাম' মন্ত্র। ... **তারকারি** — কার্তিকেয়।

**তারকা** — নক্ষত্র। চোখের তারা। * চিহ্ন।

**তারকিণী** — তারকাময়ী ('— রজনী')

**তারকিত** — তারকা-খচিত বা -চিহ্নিত।

**তারণ** — ষ্য. পার করণ; উদ্ধার। ণ. যে পার বা উদ্ধার করে ('অধম-, ভব-')

**তারণী, -ণি**—যাহাদ্বারা পার হওয়া যায়, নৌকাদি।

**তারতম্য** — (তর-তম হইতে) ন্যূনাধিক্য, ইতরবিশেষ, কমিবেশি।

**তারল্য** — তরলতা। চঞ্চলতা।

**তারস্বর** — অত্যুচ্চ রব।

**তারা** — তারকা, নক্ষত্র। চোখের তারা। * চিহ্ন। দশমহাবিদ্যার এক। তারিণী, ভগবতীর নাম বিঃ। বালীর পত্নী (পরে সুগ্রীবের)। বৌদ্ধ দেবী বিঃ। (সংগীতে)

উচ্চসপ্তক ('উদারা মুদারা তারা')। ... **তারানাথ, -পতি** — চন্দ্র।

**তারামৈত্রী** — প্রথমদর্শনে চোখের তারায় তারায় মিল হইলেই যে বন্ধুত্ব জন্মে।

**তারিক** — পারানির শুল্ক।

**তারিখ** [আ] মাসের প্রথম হইতে সংখ্যাত দিন।

**তারিণী** — নিস্তারিণী, ভগবতী।

**তারিফ** [আ] প্রশংসা। বাহাদুরি।

**'তারিয়ে তারিয়ে'**] — তাড়াতাড়ি গলাধঃকরণ না করিয়া বহুক্ষণ ধরিয়া স্বাদন সুখ অনুভব করিয়া।

**তারুণ্য** — তরুণতা, নবীনতা।

**তার্কিক** — তর্কপ্রিয়। তর্কশাস্ত্রে অভিজ্ঞ।

**তার্ণ** — তৃণজাত। খড়ের আগুন।

**তার্পিন** [ই. turpentine] সরল বা চির জাতীয় বৃক্ষের নির্যাস হইতে চুয়ানো উদ্‌বায়ী তৈল।

**তাল** — গীত বা নৃত্যে কালের বিভাগ; ছন্দ। হাততালি; করতল। ('— কাটা' — তাল ভঙ্গ হওয়া। '— দেওয়া' — তাল অনুসারে শব্দ করা বা হাত নাড়া। '— রাখা' — তালের সংগতি ঠিক রাখা। 'তালে তালে' — তাল অনুসারে)। বাহু ইঃতে চপেটাঘাত, বাহ্বাস্ফোট (আস্ফালনসূচক। '— ঠোকা')। ধাক্কা, টাল; আকস্মিক বিপদ্ ('— সামলানো')। ফল বা গাছ বিঃ ('-পাতা')। পিশাচ বিঃ ('-বেতাল')। (বাং) গোলাকার পিণ্ড ('— পাকানো')। রাশি, টাল ('— করা')। ... **তালকাঁড়ি**] — তালগাছের সারালো কাণ্ড। ... **তালকানা**] যাহার সংগীতাদিতে তালজ্ঞান নাই। যে লক্ষ্য করিয়া দেখে না, কাণ্ডজ্ঞানহীন। ... **তালক্ষীর** — দুধের সঙ্গে পাক করা পাকা তালের রস। ... **তালতাল** — রাশি-রাশি, তালের আকারে গোলাকার পিণ্ড। **তালবাখড়া, -বাগড়া** — তালপাতার ডাঁটা। ... **তালবৃন্ত** — পাতা সমেত তালগাছের ডাল। তালপাতার পাখা। ... **তালভঙ্গ** — সংগীতে তাল কাটিয়া যাওয়া, বেতাল। ... **তালশাঁস**] কচি তালের আঁঠির শাঁস।

**তালব্য** — তালু হইতে উচ্চারিত (বর্ণ। ই ঈ চ-বর্গ য শ)

**তালা ১** [ < তালক] কুলুপ।

**তালা ২**] উচ্চ শব্দ ইঃ জনিত বধিরতা। ('কানে — লাগা')

**তালাই**] — তাল পাতায় তৈরি আসন।

**তালাক** [আ. তলাক] মুসলমানের বিবাহ-বিচ্ছেদ ('— দেওয়া')

**তালাস** (তু) — (তল্লাস দেখ)

**তালাসী** — সন্ধান সম্বন্ধীয়। সন্ধানী।

**তালি ১** — হাততালি ('— দেওয়া')

**তালি ২**] পটি, জোড় ('কাপড়ে—দেওয়া, লাগানো, মারা')

**তালিকা** [আ] ফর্দ, নির্ঘণ্ট।

**তালিম** [আ] শিক্ষা, উপদেশ ('— দেওয়া')

**তালী** — তালগাছ ('-বন')

**তালু** — টাকরা, palate. (§ তালব্য)

**তালুই, তাউই** [ < তাতগু] ভ্রাতা বা ভগিনীর শ্বশুর। (তুঃ আঁবুই)

**তালুক** [আ. তঅল্লুক] ভূসম্পত্তি। মালিকের নিকট হইতে যে জমি বন্দোবস্ত করিয়া লওয়া হয়। ... **তালুকদার**] তালুকের অধিকারী। ... ষ্য. **-দারি**]

**তালেবর** [আ-ফা. তালে ব.র] মান্যগণ্য ধনী।

**তাস** [আ] খেলিবার চিত্রিত কাগজখণ্ড ('— খেলা, পেটা')

**তাসন**]—সূত্রাদির দৃঢ়তা সম্পাদনের জন্য মার্জন।

**তাসা**] তাসের মত কাগজে জড়ানো সুতা।

**তাসানো** [√ তাসা-১১] গোছার ভিতর হইতে তাস টানিয়া উপরে রাখা (সমস্ত তাস বিপর্যস্ত করিবার জন্য)

**তাস্কর্য** — তস্করতা, চুরি।

**তাহা/তা** [ < তদ্] সেই বস্তু বা বিষয় (পঃছ দেখ)

**তাহাকে, তাহার** ইঃ (পঃছ সে, তাহা দেখ)

**তাঁহাকে, তাঁহার** ইঃ (পঃছ তিনি দেখ)

**তাহাতে/তাতে**] সেই বস্তুতে বা বিষয়ে। তাহার সহিত ('— আমাতে বনে না')। সেই জন্য ('তাতেই এত রাগ')। তবে, তথাপি ('যদি না পার — ক্ষতি নাই')। তাহার পর, সেই প্রসঙ্গে ('— সে বলিল')

**তাহে**] (পদ্যে) তায়, তাহাতে। তাহাকে।

**তিঅজ, তিয়জ**] — তৃতীয় (প্রা-সা)

**তিউড়ি**] — উনুন, আখা (প্রা-সা)

**তিক**] — টিক, টিপ, লক্ষ্য।

**তিক্ত** — তিত (যথা নিম)

**তিখুর** — শঠীর মত এক শ্রেণীর মূল হইতে জাত পালো।

**তিখন, তিখনি**] — তীক্ষ্ম (প্রাঃ সাঃ)

**তিগ্ম**] — তীক্ষ্ম ('-চক্র'ী)। ... **তিগ্মাংশু** — সূর্য।

**তিজেল** [পো. tigela ] পাকপাত্র বিঃ, চেপটা হাঁড়ি।

**"তিড়বিড়"**] অস্থিরতা প্রকাশ ('— করা')। ... ণ. **"তিড়বিড়ে"**]

**তিত, তিতো/তেতো**] < তিক্ত।

**তিতল**] — তিতা। সিক্ত, ভিজা (প্রা-সা)

**তিতা** [√ তিত্-৯] (পদ্যে) ভিজা, আর্দ্র হওয়া। ... **তিতানো** [√ তিতা-১৩] ভিজানো, আর্দ্র করা।

**তিতিক্ষা** — সহিষ্ণুতা। ক্ষমা। ... **তিতিক্ষু** — সহিষ্ণু, ক্ষমাশীল।

**তিতীর্ষু** — তরিতে বা পার হইতে ইচ্ছুক।

**তিত্তির** — **তিতির**] পাখি বিঃ (partridge জাতীয়)

**তিথি** — চান্দ্রমাসের এক দিন, পূর্ণিমা হইতে পূর্ণিমা পর্যন্ত কালের ১/৩০ ভাগ।

**তিন**] < ত্রি, ৩ অঙ্ক বা পরিমাণ। ... **তিনকাল** — বাল্য, যৌবন ও প্রৌঢ়। ... **তিনকুল** — পিতৃকুল, মাতৃকুল ও শ্বশুরকুল। ... **তিনাঞ্জলি**—প্রেত তর্পণে তিনবার জলদান।

**তিনি**] সেই ব্যক্তি (গৌরবে। পঃছ দেখ)

**তিন্তিড়ী** — তেঁতুল (ফল বা গাছ)

**তিন্দুক** — গাব (ফল বা গাছ)

**তিব্বৎ** — হিমালয়ের উত্তরবর্তী দেশ। ... ণ. **তিব্বতীয়। তিব্বতী**]

**তিমি** — মহাকায় সামুদ্রিক স্তন্যপায়ী মৎস্যাকার জন্তু বিঃ, whale. ... **তিমিংগিল, -গিলগিল** — পৌরাণিক সামুদ্রিক জন্তু যাহা তিমিকে গিলিয়া খায়।

**তিমিত** — স্তিমিত। নিশ্চল। আর্দ্র।

**তিমির** — অন্ধকার।

**তিয়াষ**] < তৃষা (পদ্যে)

**তিরপিত**] < তৃপ্ত (পদ্যে)

**তিরস্করণী, -রিণী** — যে বিদ্যা দ্বারা অদৃশ্য হওয়া যায়। পর্দা।

**তিরস্কার** — ভর্ৎসনা, নিন্দা। অনাদর। আবরণ। ... ণ. **তিরস্কৃত**।

**তিরি**] তিন ফোঁটা চিহ্নিত তাস।

**"তিরিক্ষি, -ক্ষি"**] উগ্র, রাগী ('—মেজাজ')

**তিরিশ** (ত্রিশ দেখ)

**তিরোধান** — অন্তর্ধান, অদৃশ্য হওয়া। সিদ্ধ মহাপুরুষ ইঃর মৃত্যু। ... ণ.

তিরোহিত।

**তিরোভাব**—তিরোধান। (তুঃ আবির্ভাব)। ... ণ. **তিরোভূত।**

**তির্যক্**—বক্র, তেরছা, এড়ো ('—রেখা')। অনুভূমিক। যাহার দেহ ভূমির সমান্তরাল, মানবেতর (প্রাণী)। ... **তির্যক্‌পাতন** — বকযন্ত্র দ্বারা চুয়ানো। ... **তির্যগ্‌যোনি** — মানবেতর প্রাণি-জাতি।

**তিল** — তৈলপ্রদ শস্য বিঃ। অত্যল্প ('-মাত্র। তিলার্ধ, তিল তিল করিয়া, তিলে তিলে')। এক কড়ার ১/৮০ অংশ। গাত্রে কৃষ্ণ বা রক্তবর্ণ ক্ষুদ্র চিহ্ন। ... **তিলকাঞ্চন** — আদ্যশ্রাদ্ধের পূর্বে করণীয় স্বর্ণসহ তিল দান। (ব্যঙ্গে) অতি কম খরচে শ্রাদ্ধনির্বাহ ('— করা')। ... **তিলকুটো]** বাটা তিলের মিষ্টান্ন বিঃ।

**তিলক**—ললাট বাহু ইঃতে অঙ্কিত চিহ্ন, ফোঁটা, টিকা (চন্দন সিন্দুর তিলকমাটি ইঃর। '-ধারণ। —কাটা, পরা')। শ্রেষ্ঠ, অলংকারস্বরূপ ('কুল-')। ... **তিলকসেবা** —তিলকচর্চা, বৈষ্ণবাদির অঙ্গে তিলক-মাটির চিহ্ন ধারণ।

**তিলাখাজা]** — ভাজাতিলে ভরা খাজা— একপ্রকার মিষ্টান্ন।

**তিলাঞ্জলি** — তর্পণে তিলমিশ্রিত জলের অঞ্জলি। চিরবিদায় দান।

**তিলার্ধ**—তিল পরিমাণ সময়েরও আধা অর্থাৎ অত্যল্পকাল।

**তিলী]** জাতি বিঃ।

**তিলুয়া]** — ভাজা তিলের লাড়ু।

**তিলেক]** (পদ্যে) একতিল পরিমাণ, অত্যল্প।

**তিলোত্তমা**—বিশ্বকর্মা-সৃষ্ট অপ্সরা বিঃ।

**তিষ্ঠানো / তিষ্ঠনো** [√ তিষ্ঠা-১৮। < তিষ্ঠ] থাকা, রহা, বাস করা। সহিয়া থাকা ('তিষ্ঠতে দিলে না')

**তিসি** [< অতসী] মসিনা, তৈলপ্রদ শস্য বিঃ।

**তীক্ষ্ণ**—খরধার, সূক্ষ্মাগ্র, যাহা দুরূহ বিষয়ে অনায়াসে প্রবেশ করিতে পারে ('— অস্ত্র, কণ্টক, বুদ্ধি')। উগ্র, তীব্র ('— স্বাদ, বিষ') ... ষ. **-তা, তৈক্ষ্ণ্য।** ... **তীক্ষ্ণলোহ** — ইস্পাত।

**তীব্র** — প্রখর, কড়া, তীক্ষ্ণ, উগ্র, দুঃসহ ('— রৌদ্র, গন্ধ, স্বাদ, বিষ, যাতনা')। ... ষ্য. **-তা।**

**তীবর** — ব্যাধ শ্রেণীর একটি জাতি।

**তীর ১**—কূল, তট ('নদী-, সমুদ্র-')। ... **তীরস্থ**—তীরবর্তী। মৃত্যুকালে গঙ্গা-তীরে আনীত।

**তীর ২** [ফা] বাণ, শর। ... **তীরন্দাজ** [ফা. তীর-আন্দাজ.] তীর ছুঁড়িতে দক্ষ, ধনুর্ধর।

**তীর্ণ** — উত্তীর্ণ, পারগত।

**তীর্থ** — পুণ্যস্থান, দেবতা মহাপুরুষ ইঃর লীলা বা অধিষ্ঠানের জন্য বিখ্যাত স্থান ('-যাত্রা, -যাত্রী, -স্নান'। '— করা' — তীর্থদর্শন করা)। ঘাট। গুরু ('সতীর্থ')। উপাধ্যায়। উপাধি বিঃ ('কাব্য-')। ... **তীর্থকাক**—তীর্থক্ষেত্রের কাকের তুল্য লোভী ও প্রত্যাশী। ... **তীর্থংকর, তীর্থঙ্কর**—জৈন বা বৌদ্ধ শাস্ত্রপ্রণেতা সিদ্ধপুরুষ। ... **তীর্থযাত্রী** —তীর্থদর্শনের জন্য যাহারা যাত্রা করে। ... **তীর্থরাজ** — প্রয়াগ। ... **তীর্থস্নান** — তীর্থে পুণ্যতোয়া নদীতে বা কোন পুণ্য কুণ্ডে আনুষ্ঠানিক স্নান।

**তু]** কুকুর বিড়াল ইঃকে ডাকিবার শব্দ।

**তুই** [< ত্বম্] সম্বোধিত ব্যক্তি সূচক সর্বনাম (নিম্নপদস্থ বা অন্তরঙ্গ

ব্যক্তিকে তুচ্ছ সম্বোধন। পঃছ দেখ)। ... **তুইতোকারি**] তুই তোর ইঃ বলিয়া অসম্মান দেখানো ('— করা')

**তুক**] বশীকরণাদির জন্য তন্ত্রমন্ত্র, জাদু, গুণ ('— করা')। ... **তুকতাক**] তন্ত্র-মন্ত্রাদি।

**তুক্ক**] শ্লোকের শেষ চরণ। কীর্তনগানের অংগ বিঃ।

**তুখড়, তোখাড়** [ < তীক্ষ্ণ] চতুর, দক্ষ, অভিজ্ঞ।

**তুংগ** — উচ্চ, উন্নত। ... **তুংগী** (-ংগিন্) — রাশিচক্রের উচ্চস্থানে স্থিত (গ্রহ)।

**তুংগভদ্রা** — মৈসুর প্রদেশের নদী বিঃ। তুংগা এবং ভদ্রা এই দুটি নদী মিলিত হইয়া তুংগভদ্রা নামে কৃষ্ণানদীতে পতিত হইয়াছে।

**তুচ্ছ** — অকিঞ্চিৎকর, অত্যল্প, অবজ্ঞার যোগ্য। ... ষ্য. **-তা**। **তুচ্ছতাচ্ছল্য, -তাচ্ছিল্য**] অবজ্ঞা।

**তুজুক** (আ) — তর্জন, আস্ফালন।

**তুড়ি**] অংগুষ্ঠ ও মধ্যমাংগুলির দ্বারা শব্দ, অংগুলিস্ফোট (সংগীতে তাল দেওয়া, হাই তোলার দোষখণ্ডন, বে-পরোয়া ভাব দেখানো ইংর জন্য। '— দেওয়া')

**"তুড়িয়া / তুড়ে"** [ √ তুড়্-১০ ]. ধমকাইয়া ('তুড়ে দেওয়া')। জোরে, চুটিয়ে ('— বক্তৃতা দেওয়া')

**তুড়ুম** (তুরুম দেখ)

**তুণ্ড — মুখ** (প্রায় জন্তুর)। ঠোঁট (পাখির)

**তুঁত** [আ. তুত] গাছ বা ফল বিঃ, mulberry.

**তুঁতপোকা** — গুটিপোকা, তুঁতগাছের পাতা খাইয়া বাঁচে বলিয়া ইহার নাম তুঁতপোকা।

**তুঁতিয়া / তুঁতে**] < তুত্থ, তাম্র-গন্ধ-কাম্ল-ঘটিত দ্রব্য বিঃ, copper sulphate.

**তুতী** (ফা) — সারী (তোতার স্ত্রীলিংগে)

**তুতুরী** — সাপুড়িয়া ও বাজিগরদের বাঁশী।

**তুত্থক** — তুঁতে।

**তুন্দ** — পেট, ভুঁড়ি।

**তুন্নবায়** — যে রিফু করে। দরজী।

**তুফান** [আ] প্রবল ঝড়।

**তুবড়ানো / তুবড়নো, তোবড়ানো** [√ তুব্ড়া-১৯] টোল খাওয়া, চুপসানো। ণ. যাহা টোল খাইয়াছে বা চুপসাইয়া গিয়াছে ('— ঘটি, গাল')

**তুবড়ি**] আতস বাজি বিঃ (মাটির খোল হইতে আগুনের ফোয়ারা উঠে)। সাপুড়ের বাঁশি (লাউএর খোলে দুই নল লাগানো)

**তুবরিকা** — ফটকিরি

**তুমি** [ < ত্বম্] সম্বোধিত ব্যক্তি সূচক সর্বনাম (স্নেহপাত্র ঘনিষ্ঠ আত্মীয় বন্ধু পিতামাতা ও ঈশ্বরকে সম্বোধনে। পঃছ দেখ)

**তুমুল** — ঘোরতর ('— যুদ্ধ, ঝগড়া')

**তুম্ব, তুম্বি, তুম্বী** — লাউ। লাউএর খোল।

**তুম্বরু** — সংগীতবিদ্যাবিশারদ গন্ধর্ব।

**তুয়া**] — তুমি, তোমার, তোমাকে। (প্রা-সা)

**তুরকী** — ১। তুরস্ক, ২। তুর্কী ভাষা, ৩। তুর্কদেশীয়। (তুর্কী দেখ)

**তুরগ, তুরংগ, তুরংগম** — ঘোড়া। ... **স্ত্রী. তুরগী, -ংগী, -ংগমী**। ... **তুরগী** (-গিন্), **তুরংগী** (-ংগিন্) — অশ্বারোহী।

**তুরন্ত** [হি. -ন্ত্] শীঘ্র।

**তুরপুন**] কাঠ ইংতে ছিদ্র করিবার যন্ত্র, ভোমর।

**তুরস্ক, তুরুস্ক** — দেশ বিঃ, Turkey. উপরত্ন বিঃ, ফিরোজা, turquoise.

**তুরি, -রী** — তাঁতের মাকু।

**তুরীয়** — সমাধির অবস্থা বিঃ। ব্রহ্ম। চতুর্থ। ত্বরান্বিত।

**তুরুক সওয়ার]** অশ্বারোহী সৈন্য।

**তুরুপ** [ডাচ troef ] (তাস খেলায়) রঙের তাস দিয়া পিঠ লওয়া।

**তুরুম, তুড়ুম** [ই. trunk ] অপরাধীর হাত পা আটকাইয়া রাখার জন্য কাঠের যন্ত্র বিঃ, stocks ('— ঠোকা')

**তুর্ক, তুর্কী** [তু] তুরস্ক দেশ সম্বন্ধীয় বা -জাত। তাহার অধিবাসী বা ভাষা।

**তুল]** < তুল্য (পদ্যে)

**তুলকালাম** [আ] তুমুল কলহ।

**তুলদাঁড়ি]** — দাঁড়িপাল্লা যাহাতে তৌল করা হয়। তরাজু।

**তুলট** [< তূল-] তুলা হইতে প্রস্তুত দেশী কাগজ বিঃ। [< তুলা-] দাতার ওজনের সমান অর্থাদি দান, তুলাদান।

**তুলতুল** (তলতল দেখ)

**তুলনা** — উপমা, সদৃশ বিষয় ('মুখের — চন্দ্র')। সাদৃশ্য নিরূপণ ('— করা')। (§ তুলিত, তুল্য)। ... **তুলনীয়** — তুলনার যোগ্য।

**তুলসী** — ছোট গাছ বিঃ (বিষ্ণুর প্রিয় বলিয়া পূজ্য)। তুলসীপাতা।

**তুলসীদাস** — হিন্দী ভাষায় রামায়ণ-রচয়িতা সাধক কবি। ... **তুলসী-মঞ্চ** — যে উচ্চ বেদিকার উপর হিন্দুগৃহে তুলসীবৃক্ষ রোপিত ও পূজিত হয়।

**তুলা ১** — তুলাদণ্ড, দাঁড়িপাল্লা। রাশি-চক্রের সপ্তম রাশি। শতপল ওজন, ৪০০ তোলা। তুলনা। (§ তোলক, তোল্য, তৌল, তৌলিক)। ... **তুলাদান** — তুলট, দাতার ওজনের সমান অর্থাদি দান।

**তুলা ২, তূলা / তুলো]** < তূল, কার্পাস। কার্পাস শিমুল ইঃর ফলের অংশু।

**তুলানো/তুলনো, তোলানো** [√ তুলা-১৪] উত্তোলিত করানো। উৎপাটিত করানো। (তোলা ২ দেখ)

**তুলারু** — অতিদ্রুতগামী মৃগ বিঃ (প্রা-সা)

**তুলি]** < তূলি, -লী, -লিকা — ছবি আঁকিবার বা রং ইঃ লাগাইবার লোমাদি-নির্মিত লেখনী (মূঃ তূলনির্মিত)

**তুলিত** — উপমিত। যাহা ওজন করা হইয়াছে।

**তুল্য** — সদৃশ, অনুরূপ, মতন, সমান। ... **তুল্যমূল্য** — সমান মূল্যের, সমকক্ষ।

**তুষ — তুঁষ]** ধান ইঃর খোসা। ... **তুষানল** — তুষের অগ্নিতে দেহ দাহ করিয়া প্রায়শ্চিত্ত। তুষাগ্নির তুল্য বহুকাল-স্থায়ী শোক।

**তুষার** — হিমানী, নীহার, snow ('-পাত')। বরফ। ... **তুষারধবল** — তুষারের মতো শুভ্র।

**তুষিল** [√ তুষ্-১০। < তুষ্] **তুষ্ট** করিল (পদ্যে)

**তুষ্ট** — আনন্দিত, খুশী, তৃপ্ত। ... ষ্য. **তুষ্টি**।

**তুস** [আ] নরম পশমী বস্ত্র বিঃ।

**'তুস্‌কো'** — কোন নামের বা ব্যক্তির উল্লেখ না করিয়া অনির্দিষ্ট কোন শব্দের বদলে 'ফলনা'—কথার সঙ্গে ব্যবহৃত হয়।

**তুহার]** — তোমার (প্রা-সা)

**তুহিন** — ণ. শীতল। ষ্য. তুষার। ... **তুহিনকর** — চন্দ্র।

**তুহুঁ]** — তুমি (প্রা-সা)

**তূণ, তূণীর** — বাণ রাখিবার আধার, নিষঙ্গ।

**তূরী, তূর্য** — বাদ্যযন্ত্র বিঃ (ভেঁপু বা শিঙা জাতীয়)। (§ **তৌর্য**)

**তূর্ণ** — শীঘ্র।
**তূল** — তুলা, তুলো, কার্পাস।
**তূলি, তূলিকা, তূলী — তুলি]** (দেখ)
**তূষ্ণীম্ভাব** (তূষ্ণীম্ = নীরবে) — মৌন, অভাষণ, নীরবতা। ... ণ. **তূষ্ণীম্ভূত।**
**তৃণ** — ঘাস, খড়। ঘাস-জাতীয় উদ্ভিদ। ... **তৃণজ্ঞান** — তৃণতুল্য তুচ্ছ বোধ ('— করা')। ... **তৃণদ্রুম** — তৃণসদৃশ অথবা শাখাহীন বৃক্ষ (যথা — বাঁশ, তাল, নারিকেল)। ... **তৃণধান্য**—নীবার, উড়িধান (শ্যামা কোদো ইঃ)
**তৃণভুক্** — যে সকল জীব তৃণভক্ষণ করিয়া বাঁচে যথা—গো-মহিষ, ছাগল, মেষ।
**তৃতীয়** — ৩ সংখ্যার পূরক। ... স্ত্রী. **তৃতীয়া।** — তিথি বিঃ।
**তৃপ্ত**—কায়িক বা মানসিক ভোগের ফলে আনন্দিত, তুষ্ট। ... ষ্য. **তৃপ্তি।**
**তৃষা, তৃষ্ণা** — পিপাসা, জলপানের ইচ্ছা, "তেষ্টা"। ভোগ করিবার স্পৃহা ('বিষয়-')। ... ণ. **তৃষিত।** ... **তৃষার্ত, তৃষ্ণার্ত**—পিপাসায় কাতর। ... **তৃষালু, তৃষ্ণালু** — তৃষ্ণাযুক্ত।
**তে-]** < ত্রি, তিন ('তেকোনা, তেচোখো, তেশিরা')
**-তে]** (প্রত্যয়) ভিতরে ('বাড়িতে')। দ্বারা ('ছুরিতে কেটেছে')। (পঃচ দেখ)
**তে'ই]** (পদ্যে) তাই, সেইজন্য।
**তেউটে]** মিশ্রিত অনেক রকম দাল।
**তেউড়]** কলা ইঃ গাছের চারা।
**তেওড়** [< ত্রি-বৃৎ-] বাঁকা বা তোবড়া ভাব ('কাঠের তক্তার—')। ... **তেওড়ানো** [√ তেওড়া-৭] বাঁকিয়া যাওয়া।
**তেওড়া** — খে'সারি কলাই।
**তেওয়ারী** — হিন্দুস্থানী ব্রাহ্মণদের উপাধি বিঃ।
**তেকাঁটা]** তেশিরা মনসা গাছ।
**তেকাঠা]** তিনটা কাঠে নির্মিত আধার।
**তেকোনা]** ত্রিকোণ।
**তেজ** [< তেজঃ (-জস্] শক্তি, প্রভাব, বিক্রম। পৌরুষ, অন্যায় আচরণে অসহিষ্ণুতা। দীপ্তি, আলোক, তাপ। শুক্র। (§ তেজালো, তেজী, তেজীয়ান্, তৈজস)। ... **তেজন** — তীক্ষ্ণ উজ্জ্বল বা প্রজ্বলিত করণ। ... ণ. **তেজিত।** ... **তেজস্কর** — শক্তিবর্ধক, উদ্দীপক। দীপ্তিশালী। ... **তেজস্ক্রিয়**—(বিজ্ঞানে) যাহা হইতে বিশেষ প্রকার রশ্মি বা কণা স্বতঃ বিকীর্ণ হয়, radioactive. ষ্য. -তা। ... **তেজস্বান্** (-স্বৎ) — তেজোবিশিষ্ট, প্রভাববান্। দীপ্তিমান্। ... স্ত্রী. **তেজস্বতী।** ... **তেজস্বী** (-স্বিন্) — তেজী, পরাক্রান্ত, পৌরুষ-বিশিষ্ট, যে অন্যায় সহিতে পারে না। দীপ্তিমান্। ... স্ত্রী. **তেজস্বিনী।** ... ষ্য. **তেজস্বিতা।**
**তেজপত্র / তেজপাতা, -পাত]** দারুচিনি-জাতীয় বৃক্ষ বিঃএর পত্র (মসলা)
**তেজবরে]** তৃতীয়পক্ষে বিবাহকারী। (তিয়জ—তেজ)।
**তেজারত** [আ. তি-] ব্যবসায়, কারবার। ... **তেজারতি]** সুদে টাকা খাটানো, কুসীদব্যবহার। ... ণ. **-রতী]** ('— কারবার')
**তেজালো]** তেজস্কর, তীব্র।
**তেজিমন্দি** [হি] দরের হ্রাসবৃদ্ধি।
**তেজিল** [√ তেজ্-৫ < ত্যজ্] ত্যাগ করিল (পদ্যে। ত্যজন দেখ)
**তেজী]** তেজস্বী ('— লোক'। তেজস্কর ('— ঔষধ')
**তেজীয়ান্** (-য়স্), **তেজিষ্ঠ** — অতিশয় তেজস্বী। ... স্ত্রী. **তেজীয়সী, তেজিষ্ঠা।**
**তেজোময়** — দীপ্তিশালী।

**তেড়ছা, তেড়া** (তেরছা দেখ)
**তেঁড়ি** (টেঁড়ি দেখ)
**তেড়ে]** তাড়িয়া, তাড়া করিয়া। (তাড়া ১ দেখ)
**তেতলা]** < ত্রিতল ('— বাড়ি')
**তেতারা]** — ত্রিতন্ত্রী, সেতার।
**তেঁতুল]** < তিন্তিড়ী, অম্ল ফল বা গাছ বিঃ। ... **তেঁতুলে]** (বিছা দেখ)
**তেতো** (তিত দেখ)
**তেঁতো ন]** — তাঁতে তৈরি।
**তেনা]** (টেনা) জীর্ণ বস্ত্রখণ্ড।
**তেপান্তর]** জনবিরল বিশাল প্রান্তর।
**তেপায়া]** ণ. তিন পায়া যুক্ত। ষ্য. ঐরূপ টেবিল।
**তেভাগা]** — যে বন্দোবস্তে উৎপাদিত ফসলের তিনভাগের একভাগ মালিকের এবং দুইভাগ চাষীর প্রাপ্য হয়।
**তেমন]** সেই প্রকার। (পদ্যে—তেমতি])। ... **তেমনই]** সেই প্রকারই। ... **তেমনি, তেমনি]** তেমন। ঠিক সেই রকম ('যেমন কর্ম — ফল')। তখনই ('যেমন এল — গেল')
**তেমাথা]** যেখানে তিন পথ একত্র মিলিয়াছে, তেরাস্তা। তিন মস্তক। তিন মস্তক যুক্ত।
**তেমেটে]**—মাটির প্রতিমার গায়ে তৃতীয়-বার মাটি দিয়া সম্পূর্ণাঙ্গ করণ।
**তেমোহানা]** যেখানে নদীর তিন মুখের যোগ হয়।
**তেয়াগ]** < ত্যাগ (পদ্যে)
**তের, -রো]** ত্রয়োদশ, ১৩ অংক বা পরিমাণ।
**তেরছা, তেড়ছা, টেরছা, -চা, তেড়া, টেরা]** < তির্যক্. বাঁকা ('তেরছা চাহনি। তেড়াবাঁকা')
**"তেরাত্তির"]**—উপরি উপরি তিন রাত্রি (অশৌচ পালন অথবা উপবাস করার প্রসঙ্গে এই শব্দটি গ্রাম্য ভাষায় ব্যবহৃত হয়)।
**তেরিজ** [অ] অংক-যোগ।
**"তেরিমেরি"** [হি] অশ্লীল গালাগালি, কড়া কথা।
**তেরিয়া]** উদ্ধত, মারিতে উদ্যত।
**"তেরোদশী"]** (গ্রাম্য) — ত্রয়োদশী।
**"তেরোস্পর্শ"]** — ত্র্যহস্পর্শ।
**তেল]** < তৈল। (অশিঃ) অহংকার, ('— হওয়া')। ... **তেলচিটে]** তৈলাক্ত ও মলিন। ... **তেলধুতি** — যে ধুতি পরিয়া স্নানের আগে তেল মাখা হয়। ... **তেলপড়া** — মন্ত্রপূত তৈল। ... **তেলা]** মসৃণ। তৈলাক্ত।
**তেলাকুচা / -কুচো]** পটোলের তুল্য ফল বিঃ, বিম্ব।
**তেলাপোকা]** আরসোলা, তৈলপায়িকা।
**তেলী]** < তৈলিক, তৈলব্যবসায়ী। জাতি বিঃ। ... স্ত্রী. **তেলিনী]**
**তেলুগু** [< ত্রিকলিঙ্গ] দ্রাবিড় ভাষা বিঃ। তেলেঙ্গা, অন্ধ্রদেশীয়।
**তেলেঙ্গা** [< ত্রিকলিঙ্গ] অন্ধ্রদেশীয়।
**তেলেনা]** 'তা না তে রে' ইঃ অর্থহীন শব্দে রচিত গান।
**তেলো** [< তাল-] করতল বা পদতল, হাত পায়ের চেটো। ব্রহ্মতালু।
**তেষ্টা]** < তৃষ্ণা।
**তে-সনী** — ত্রৈবার্ষিক।
**তেসরা]** মাসের তৃতীয় দিন।
**তেহাই ১** [< ত্রিঘাত] (সংগীতে) সম বা তাল শেষ করিবার পূর্বে মৃদঙ্গাদিতে তিনবার আঘাত।
**তেহাই ২]** একতৃতীয়াংশ, ১/৩।
**তেহারা]** ত্রিগুণ। তিন ভাঁজ বা খেই যুক্ত।
**তৈক্ষ্ণ্য** — তীক্ষ্ণতা।

**তৈখন** — তৎক্ষণ (প্রা-সা)
**তৈছন** — তদ্রূপ (প্রা-সা)
**তৈজস** — ণ. তেজঃসম্বন্ধীয়। ধাতুনির্মিত। ষ্য. ধাতুনির্মিত বাসন ইঃ। ... **তৈজস-পত্র, তৈজসপাত্র** — বাসনকোসন।
**তৈয়ার** [ফা], **তৈয়ারি / তৈরি, তয়ের**] নির্মাণ, গঠন, প্রস্তুত করণ ('বাড়ি, খাবার, মানুষ — করা')। ... **তৈয়ারী, তৈয়ার / তৈরী**] নির্মিত, প্রস্তুত ('— জামা। যাবার জন্য —')। পরিপক্ক ('— আম, কলা, ছেলে')
**তৈল** — তেল (দেখ)। ... **তৈলকার** — কলু। ... **তৈলকিট্ট** — তেলের কাট, খোল। ... **তৈলদান** (ব্যঙ্গে)—**খোসামদ**। ... **তৈলপ, তৈলপা, -পায়িকা** — তেলা-পোকা, আরসোলা। ... **তৈলপক্ব** — তেলেভাজা কিংবা তেল দিয়া পাক করা। ... **তৈলবীজ** — তিল, সরিষা, মদিনা ইত্যাদি তৈলগর্ভ শস্য। ... **তৈলযন্ত্র** — ঘানি। ... **তৈলসেক** — তৈললেপন।
**তৈলিক, তৈলী** (-লিন্) — তেলী (দেখ)। তৈল সম্বন্ধীয়।
**তো ১** [< তু] আশা বা অনুমান সূচক প্রশ্নে ('ভাল আছ তো? জ্বরে পড়েছ তো?') অপেক্ষিত বিষয়ের ঘটন বা অঘটন সূচক ('বিবাহ তো হ'ল। কিছুই তো হ'ল না')। অনুরোধ সূচক ('দেখ তো')। যদিও ('তুমি তো বললে')। কিন্তু ('সে তো শুনবে না')। অন্ততঃ ('এখন তো নয়। আমি তো পারতাম না')। নিশ্চয়তা বা বিশ্বাস সূচক ('হবেই তো। সেই তো দোষী। আর তো পারি না')। সংশয়ে ('হয়তো। হ'লে তো ভালই')। কথার মাত্রা ('বেশ তো। তাই তো') [<ততঃ] তবে, তাহা হইলে ('ভাল চাও তো কথা শোন')
**তো ২**] তয়, ভাঁজ, পাট ('কাপড়—করা')
**তোক ১** — শিশুসন্তান।
**তোক ২** (আ) — হাতকড়ি।
**তোকমারি** [ফা. তুখ্ম্-ই-রৈহান] লালাময় বীজ বিঃ (পুলটিস হয়)
**তোকে, তোদের** ইঃ (পঃছ তুই দেখ)
**তোখোড়** (তুখড় দেখ)
**তোটক** — দ্বাদশাক্ষর ছন্দ বিঃ।
**তোড়**] প্রবল স্রোত ('জলের, কথার —')
**তোড়জোড়**] সরঞ্জাম, উপকরণ, সাধন।
**তোড়া** [আ. তুর্‌রাহ্] মুদ্রাপূর্ণ থলি ('টাকার —')। গোছা ('নোটের —')। ফুলের গোছা।
**তোড়া**] — নারীদেহের অলংকার বিঃ।
**তোড়ি, টোড়ি**] রাগিণী বিঃ।
**তোতলা**] (ধ্বন্যাত্মক শব্দ) যাহার জিব কথা কহিবার সময় আটকাইয়া যায়। ... ষ্য. **তোতলামি**]
**তোতা** [ফা. তূতী] শুকপাখি, টিয়া।
**তোপ** [তু] কামান ('— ছোড়া, দাগা')
**তোপচী** (তু) — গোলন্দাজ।
**তোফা** [আ. তুহ্‌ফহ্] উৎকৃষ্ট।
**তোবড়া**] টোল-খাওয়া, চোপসা, বসা ('— ঘটি, গাল')। ... **তোবড়ানো** (তুবড়ানো দেখ)
**তোবা** [আ. তৌবহ্] পাপবারণ অনুতাপ ইঃ সূচক মুসলমানী উক্তি।
**তোমর** — প্রাচীন কালীন যুদ্ধাস্ত্র বিঃ (শাবলের মতো)
**তোমরা, তোমাকে** ইঃ (পঃছ তুমি দেখ)
**তোয়** — জল। ... **তোয়দ, -ধর** — মেঘ। ... **তোয়ধি, -নিধি** — সমুদ্র।
**তোয়াক্কা** [আ. তবাক্কু] অপেক্ষা, ভয়, কেয়ার ('— করা, রাখা')
**তোয়াজ** [আ. তবাজু] সেবা, যত্ন।
**তোয়ালে** [পো. Toalha] গা মুছিবার

মোটা শোষক বস্ত্রখণ্ড।

**তোর, তোরা** ইঃ (পঃছ তুই দেখ)

**তোরঙ্গ** [ই. Trunk ] পেটরা, কাপড়-চোপড় রাখিবার বাক্স বিঃ।

**তোরণ** — সিংহদ্বার, ফটক, গেট।

**তোলক** — দাঁড়িপাল্লা, নিক্তি। তোলা ওজন।

**তোলন** — ওজন করা, তৌল। **উত্তোলন**। (§ তোল্য)। ... ণ. **তোলিত**।

**তোলপাড়** ] (মূঃ উঠানো-নামানো)। তোলা-পাড়া, উলটপালট, আলোড়ন, আন্দোলন ('র্জিনিসপত্র, বাড়ি, দেশ, এই ব্যাপার লইয়া — করা')

**তোলা ১** ] < তোলক, এক ভরি, ১/৫ ছটাক, ১৮০ গ্রেন।

**তোলা ২** [√ তুল্-১০। < **তুল্** ] উত্তোলন করা, উঠানো ('মোট, বিছানা, জল, সুর —')। উত্থাপন বা উল্লেখ করা, পাড়া ('কথা —')। উন্নত করা ('জাতে —')। সংগ্রহ করা (চাঁদা —')। উদ্ধার করা ('মন্ হইতে শেলাক —')। জাগানো ('ঘুম থেকে')। উৎপাটন করা ('গ্যাছ, ফুল, দাঁত —')। উঠাইয়া ফেলা ('ময়লা, মরিচা —')। রটনা করা ('গুজব, রব —')। অঙ্কিত করা ('ফোটোগ্রাফ —')। উদ্গার করা ('দুধ —')। (অন্যান্য প্রয়োগ।—'কানে, গা, ঘর, নকশা, পল, পাল, শোধ, হাই —')। ... ণ. যাহা উঠানো হইয়াছে বা উঠানো যায় ('—জল।—উনান')।...ষ্য. হাটের মালিক বিক্রেতার নিকট হইতে যে পণ্যাংশ বা টাকা লয়। ... **তোলানো** (তুলানো দেখ)

**তোলাপাড়া** ] তোলপাড় (দেখ)। বার বার চিন্তা ('মনে মনে — করা')

**তোলো** [ পো. talha ] তিজেল ('—হাঁড়ি')

**তোল্য** — যাহা ওজন করিতে হইবে।

**তোশক** [ ফা ] বিছানার জন্য তুলার গদি।

**তোশাখানা** [ ফা. তোশখনাহ্ ] মূল্যবান্ আসবাব ইঃ রাখিবার ভাণ্ডার।

**তোষ, তোষণ** — তুষ্টিসম্পাদন। **সন্তোষ**। যাহা দ্বারা তুষ্ট করা যায়। (পদ্যে ক্রি. তুষিল)

**তোষণীয়** — তোষণযোগ্য।

**তোষামোদ** ] খোশামদ। ... ণ. **তোষামুদে** ]

**তোষিত** — যাহাকে তুষ্ট করা হইয়াছে।

**তোসদান** [ ফা ] গুলি বারুদ ইঃ রাখিবার থলি।

**তৌজি** [ আ. -জী. ] খাজনার তালিকা। ... **তৌজিনবীশ** — তৌজিলেখক। ... **তৌজিমহাল** — যে মহালের নাম কালেক্টারের তৌজিনামার অন্তর্গত।

**তৌর্য** — তূর্যধ্বনি।

**তৌর্যত্রিক** — নৃত্যগীতবাদ্য।

**তৌল** — ওজন করা। ওজন। তুলাদণ্ড।

**তৌলা** [√ তৌল্-৫ ], **তৌলানো / তৌলনো** [√ তৌলা-১৬ ] ওজন করা ('তৌলিল, তৌলাইল')

**তৌলিক** — যে ওজন করে, কয়াল।

**ত্যক্ত** — যাহা ত্যাগ করা হইয়াছে, বর্জিত, পরিহৃত, নিক্ষিপ্ত। (বাং) উত্ত্যক্ত, বিরক্ত। ... **ত্যক্তবিরক্ত, তিক্তবিরক্ত** — জ্বালাতন।

**ত্যজন** — ত্যাগ, বর্জন। (পদ্যে ক্রি. 'ত্যজিল'। তেজিল দেখ)

**ত্যজ্যমান** — যাহা ত্যাগ করা হইতেছে।

**ত্যাগ** — বর্জন, পরিহার, ছাড়া ('হস্ত, সম্পত্তি — করা। দেশ-, নিঃশ্বাস-পত্নী-, প্রাণ-') বিসর্জন। বৈরাগ্য। ... **ত্যাগী** (-গিন্) — যে ত্যাগ করে। বিরাগী, বিষয়ভোগে বিমুখ। ... **ত্যাগবীর** — পরার্থে নিজের স্বার্থ ও

অর্ঘাদি উৎসর্গ করিয়া যিনি মহত্ত্ব দেখাইয়াছেন।

**ত্যাজ্য** — ত্যাগযোগ্য, বর্জনীয়। ... **ত্যাজ্য-পুত্র** — বিতাড়িত ও সম্পত্তি হইতে বঞ্চিত পুত্র।

"ত্যাঁদড়"] দুষ্ট, নির্লজ্জ।

**ত্রপা** — লজ্জা।

**ত্রয়** — ষ্য. তিন (ব্যক্তি বা পদার্থ)। তিনটির সমষ্টি। ... ণ. ত্রিসংখ্যক। ত্রিবিধ। ত্রিগুণিত। ... স্ত্রী. **ত্রয়ী**। — ঋক্ যজুঃ সাম ('-ধর্ম', -বিদ্যা')

**ত্রয়োদশ** (-শন্) — তের, ১৩ অঙ্ক বা পরিমাণ। ১৩ সংখ্যার পূরক। ... স্ত্রী. **ত্রয়োদশী**। — তিথি বিঃ।

**ত্রসন** — ত্রাস, ভয় পাওয়া। (§ ত্রস্ত)

**ত্রসর** — তাঁতের মাকু।

**ত্রসরেণু** — আলোকরশ্মিতে দৃশ্যমান ধূলি-কণা। (দর্শনে) ছয় পরমাণু বা তিন দ্ব্যণুর সমষ্টি।

**ত্রস্ত** — ত্রাসযুক্ত, ভীত, ভয়ে বিচলিত।

**ত্রাটক** — যোগশাস্ত্রের বিধি অনুসারে নিমেষপাত না করিয়া সূক্ষ্মবস্তুতে দৃষ্টিনিবদ্ধ রাখার সাধনা।

**ত্রাণ** — রক্ষা, উদ্ধার (বিপদ্ পাপ ইঃ হইতে)। ... ত্রাত — ত্রাণপ্রাপ্ত। ... **ত্রাতা** (তৃ) — ত্রাণকারী। ... **ত্রায়মাণ** — যে ত্রাণ পাইতেছে বা করিতেছে। ... স্ত্রী. **-মাণা**।

**ত্রাস** — ভয়, শঙ্কা। (§ ত্রস্ত)। ... **ত্রাসিত** — যাহাকে ভীত করা হইয়াছে।

**ত্রাহি** — ত্রাণ কর।

**ত্রি** — তিন, ৩ অঙ্ক বা পরিমাণ।

**ত্রিংশৎ** — ত্রিশ, ৩০ অঙ্ক বা পরিমাণ। ... **ত্রিংশ, ত্রিংশত্তম** — ৩০ সংখ্যার পূরক।

**ত্রিক** — ষ্য. মেরুদণ্ডের নিম্নদেশ, pelvis. তিনটির সমষ্টি। ... ণ. ত্রিবিধ।

**ত্রিকাল** — ভূত বর্তমান ভবিষ্যৎ। ... **ত্রিকালজ্ঞ, -দর্শী** (-র্শিন্) — যে ত্রিকালের ঘটনা জানে বা দেখিতে পায়।

**ত্রিকুল** — পিতৃ- মাতৃ- ও শ্বশুর-কুল।

**ত্রিকূট** — তিন শৃঙ্গ যুক্ত। রামায়ণাদিতে উক্ত পর্বত বিঃ।

**ত্রিকোণ** — ণ. তিন কোণ যুক্ত। ষ্য. ত্রিকোণক্ষেত্র, ত্রিভুজ। ... **ত্রিকোণমিতি** — ত্রিভুজের বাহু ও কোণের সম্বন্ধ বিষয়ক গণিত, trigonometry.

**ত্রিগঙ্গ** — ত্রিবেণী, প্রয়াগ।

**ত্রিগর্ত** — প্রাচীন দেশ বিঃ (পঞ্জাবে কাংড়া উপত্যকায়)

**ত্রিগুণ** — ষ্য. সত্ত্ব রজঃ তমঃ। ... ণ. তিন দ্বারা গুণিত। (§ ত্রৈগুণ্য)

**ত্রিজগৎ** — স্বর্গ মর্ত্য পাতাল।

**ত্রিতন্ত্রী** — তিন তন্ত্রী যুক্ত বীণা বিঃ।

**ত্রিতয়** — ণ. ত্রিবিধ। তিন অবয়ব যুক্ত। ... ষ্য. তিনটির সমষ্টি।

**ত্রিতল** — তেতলা ('— অট্টালিকা')

**ত্রিতাপ** — আধ্যাত্মিক আধিদৈবিক ও আধি-ভৌতিক দুঃখ।

**ত্রিদশ** — দেবতা, অমর ('-আলয়')

**ত্রিদিব** — স্বর্গ।

**ত্রিদোষ** — বাত পিত্ত ও কফের দোষ।

**ত্রিধা** — তিন খণ্ডে প্রকারে বা দিকে। তিনবার।

**ত্রিধারা** — তিন ধারা বিশিষ্টা। গঙ্গা (স্বর্গে মন্দাকিনী, মর্ত্যে ভাগীরথী, পাতালে ভোগবতী)। তিন ধারা।

**ত্রিনয়ন, -নেত্র** — শিব। ... স্ত্রী. **ত্রিনয়না, নেত্রা** — দুর্গা, কালী।

**ত্রিপণ্ড** — যে সমস্ত পণ্ড করে, দুষ্ট।

**ত্রিপত্র** — তিন পাতা (দল) যুক্ত। বিল্বপত্র।

**ত্রিপথগা** — গঙ্গার ত্রিধারা, স্বর্গ, মর্ত্য ও রসাতল — এই তিন ভুবনের পথে প্রবাহিত বলিয়া গঙ্গা ত্রিপথগা।

**ত্রিপদী** — তিন চরণ যুক্ত পদ্য। তেপায়া।
**ত্রিপাদ** — তিন পদ বা অংগ বিশিষ্ট। চার ভাগের তিন ভাগ। বামনরূপ বিষ্ণু।
**ত্রিপিটক** — বৌদ্ধ ধর্মগ্রন্থ বিঃ (সূত্র, অভিধর্ম, বিনয় এই তিন অংশে বিভক্ত)
**ত্রিপুণ্ড্র, -ণ্ড্রক** — ললাটে অংকিত তিন রেখা যুক্ত তিলক।
**ত্রিপুর** — শিব কর্তৃক নিহত তিন অসুর ভ্রাতা। তাহাদের তিন নগর। ... **ত্রিপুরারি** — শিব।
**ত্রিপুরা** — বঙ্গের পূর্ববর্তী রাজ্য বিঃ। দেবী বিঃ।
**ত্রিফলা** — বহেড়া হরীতকী আমলকী।
**ত্রিবর্গ** — ধর্ম অর্থ কাম।
**ত্রিবলী, -লি** — কণ্ঠ বা উদরের মাংস-সংকোচনজনিত রেখা।
**ত্রিবার্ষিক** — তিন বৎসর যাবৎ নিযুক্ত বা ঘটিত। (ত্রৈবর্ষিক, ত্রৈবার্ষিক দেখ)
**ত্রিবিক্রম** — বামনরূপ বিষ্ণু।
**ত্রিবিদ্যা** — ঋক্ যজুঃ সাম।
**ত্রিবিধ** — তিন প্রকার।
**ত্রিবৃত্ত** — ত্রিগুণিত।
**ত্রিবেণী** — গঙ্গা যমুনা সরস্বতীর মিলন বা বিয়োগ ক্ষেত্র (যুক্তবেণী — প্রয়াগ। মুক্তবেণী — হুগলী জেলার ত্রিবেণী গ্রাম)
**ত্রিবেদ** — ত্রিবিদ্যা দেখ।
**ত্রিবেদী** (-দিন্) — (মূঃ যে তিন বেদ অধ্যয়ন করে) ব্রাহ্মণের উপাধি বিঃ, তেওয়ারী।
**ত্রিভংগ** — তিন অংশে বাঁকা। যে মাথা কোমর পা হেলাইয়া দাঁড়ায়। ... **ত্রিভংগিম** — ত্রিভংগ ('— ঠাম')
**ত্রিভুজ** — তিন সরল রেখা দ্বারা বেষ্টিত ক্ষেত্র, ত্রিকোণক্ষেত্র।
**ত্রিভুবন** — স্বর্গ মর্ত্য পাতাল।
**ত্রিমূর্তি** — ব্রহ্মা বিষ্ণু ও শিবের যুক্ত-মূর্তি।
**ত্রিযামা** — রাত্রি, যাহার তিন যাম বা প্রহর ধরা হয় (বস্তুতঃ চার প্রহর, কিন্তু প্রথম ও শেষ প্রহরার্ধ ব্যবহারে দিনতুল্য সেজন্য ধরা হয় না)
**ত্রিরত্ন** — বুদ্ধ ধর্ম সংঘ।
**ত্রিলোক** — স্বর্গ মর্ত্য পাতাল। (§ ত্রৈলোক্য)
**ত্রিলোচন** — শিব। ... স্ত্রী. **ত্রিলোচনা, -নী।**
**ত্রিশ, তিরিশ**] < ত্রিংশৎ, ৩০।
**ত্রিশংকু** — পৌরাণিক রাজা বিঃ যিনি ইন্দ্র কর্তৃক স্বর্গ হইতে নিক্ষিপ্ত হইলে বিশ্বামিত্রের আজ্ঞায় শূন্যে স্থাপিত হইয়াছিলেন।
**ত্রিশূল** — তিন ফলক যুক্ত শূল (শিবের অস্ত্র)
**ত্রিসংধ্যা** [< ত্রিসন্ধ্যা] প্রাতঃ মধ্যাহ্ন অপরাহ্ণ।
**ত্রিসীমা — -সীমানা**] তিন প্রান্ত। নিকট, প্রান্ত ('ত্রিসীমায় না যাওয়া')
**ত্রিস্রোতা** [-তাঃ (-তস্] — ত্রিধারা (দেখ), গঙ্গা। তিস্তা নদী।
**ত্রিহুত** [< তীর-ভুক্তি] বিহার প্রদেশের উত্তরপূর্বাংশ, মিথিলা।
**ত্রুটি, -টী** — ন্যূনতা, অঙ্গহীনতা। হানি, ক্ষতি। স্খলন, অপরাধ।
**ত্রেতা** — পুরাণোক্ত দ্বিতীয় যুগ।
**ত্রৈগুণ্য** — সত্ত্ব রজঃ ও তমোগুণের সমন্বয়।
**ত্রৈবর্ষিক** — যাহা তিন বৎসরে হইবে। ... **ত্রৈবার্ষিক** — যাহা তিন বৎসর অন্তর ঘটে। তিন বৎসর স্থায়ী। **ত্রি-বৎসর** বয়স্ক (ত্রিবার্ষিক দেখ)
**ত্রৈমাসিক** — যাহা তিন মাস অন্তর ঘটে। তিন মাস স্থায়ী। যাহার বয়স তিন

মাস।

**ত্রৈরাশিক** — অংকপ্রণালী বিঃ, rule of three.

**ত্রৈলংগ** [ < ত্রিকলিংগ ] অন্ধ্রদেশীয়, তেলেংগা।

**ত্রৈলোক্য** — ত্রিলোকের সমাহার।

**ত্র্যক্ষর** — (অ-উ-ম) ওম্।

**ত্র্যম্বক** — শিব (অম্বক — চক্ষু)।

**ত্র্যস্র** — ত্রিকোণ। (অস্র — কোণ)।

**ত্র্যহস্পর্শ** — একদিনে তিন তিথির যোগ।

**-ত্ব** ( -তা দেখ )

**ত্বক্** (ত্বচ্) — চর্ম, ছাল, খোসা ('দেহের, বৃক্ষের, ফলের —')। স্পর্শেন্দ্রিয়। ( § ত্বাচ)

**ত্বদীয়** — ত্বদ্‌বিষয়ক, তোমার।

**ত্বরণ** — (বিজ্ঞানে) বেগের ক্রমবৃদ্ধি, acceleration (তুঃ মন্দন)। ... **ণ. ত্বরিত।**

**ত্বরমাণ** — শীঘ্রকারী, ত্বরান্বিত।

**ত্বর** (ত্বরা) — বিলম্ব ('ত্বর সহে না')।

**ত্বরা** — শীঘ্রতা, দ্রুততা। শীঘ্র সম্পাদনের প্রয়োজন, তাড়া ('কাজের — নাই')। ... **ত্বরায়** ] শীঘ্র, অবিলম্বে। ... **ত্বরিত** — সত্বর, দ্রুত। (ত্বরণ দেখ) ত্বরান্বিত — সত্বর।

**ত্বষ্টা** (-ষ্টৃ) — বিশ্বকর্মা। যে তক্ষণ করে। ছুতার।

**ত্বাচ** — ত্বক্ সম্বন্ধীয়।

**ত্বাদৃশ** — তোমার তুল্য।

**ত্বিষাম্পতি** (ত্বিষ্ = তেজ) — সূর্য।

## থ

**থ** ] কিংকর্তব্যবিমূঢ়, হতভম্ব, বিস্ময়ে বা ভয়ে স্তম্ভিত ('— হওয়া')

**থই, থাই** ] < স্থল, তল ('অথই জল')। কূল, আশ্রয়, ঠাঁই ('— পাওয়া'। ...

**থইথই** ] (ধ্বন্যাত্মক শব্দ) — জলরাশির প্রাচুর্যের শব্দ) প্লাবনের লক্ষণ প্রকাশ ('জল — করা')। (থৈই দেখ)

**থকথক** ] গাঢ়তার লক্ষণ প্রকাশ ('কাদা — করছে')। ... ণ. **থকথকে** ]

**থকা** [ √ থক্-৫ ] ক্লান্ত হওয়া ('থকে গেছে')

**থতমত** ] ষ্য. কিংকর্তব্যবিমূঢ়তা, ঘাবড়ানো ('— খাওয়া')। ... ণ. হতবুদ্ধি।

**থকিত** ] — স্থগিত, রুদ্ধগতি (প্রা-সা)

**থপ** ] নরম ভারী জিনিস পড়িবার শব্দ ('— ক'রে বসা, কাদার তাল ফেলা'। মৃদু — থুপ ]। জোরে — থপাস]। বার বার — থপথপ, থুপথুপ])

**থপথপে** — দেহভারের জন্য অথবা বার্ধক্যের জন্য মন্থর গতি।

**থমক** ] থামিয়া থামিয়া চলা, গজেন্দ্রগমন। ঠমক।

**থমকানো** [ √ থমকা-১৭ ] হঠাৎ স্থির হওয়া। ... ষ্য. **থমকানি** ]

**থমথম** ] স্তম্ভ নিশ্চলতা লক্ষণ প্রকাশ ('শরীর, করছে')। ... ণ. **থমথমে** ] ('— মেঘ')

**থর** ] < স্তর, থাক, বলি ('থরে থরে মেঘ। গলায়, পেটে — নেমেছে')

**থরথর** ] ষ্য. কম্পের লক্ষণ প্রকাশ ('— করা')। ণ. কম্পমান ('— তনু')। ... **থরথরানি** ] কম্পন।

**থরহরি** ] ('থরথরি') থরথর করিয়া।

**থল** ] — স্থল।

**থলথল** ] কোমলতা ও স্থিতিস্থাপকতার লক্ষণ প্রকাশ ('— করা')। ... **ণ. থলথলে** ]

**থলিয়া/থলি** ] < স্থলী, বস্ত্রাদিনির্মিত আধার, ঝুলি। ... **থলে** ] বড় থলি,

বস্তা, বোরা।

**থসথস**] আর্দ্রতা ও শিথিলতার লক্ষণ প্রকাশ ('— করা')। ... ণ. **থসথসে**]

**থাই**] (থই দেখ)

**থাউকা, থাওকা, থাউকো**] মোটের উপর, থোক হিসাবে ('— দর')

**থাক**] < স্তবক, স্তর, শ্রেণী ('থাকে থাকে সাজানো। তিন —। — করা, কাটা')

**থাক-কাটা**] — পৈঠার মতো স্তর বাঁধা।

**থাকা**] — স্তরে স্তরে বহু দেব প্রতিমার অবস্থাপন।

**থাকা** [√ থাক্-৭] রহা, স্থিতি করা ('দেশে, জেগে, কাছে, সন্দেহে, সন্ধানে, সুখে, মনে —। দরকার, মানসম্ভ্রম, জমিদারি —')। অবস্থাযুক্ত হওয়া ('খুশী, পীড়িত, অভ্যস্ত —')। সংশ্লিষ্ট হওয়া ('এই ব্যাপারে, কথায় —')। নিরস্ত হওয়া, থামা ('ও কাজ এখন থাক, ও কথা —। আর থাকিতে না পারিয়া বলিলাম')। নিত্য বা প্রায়শঃ অর্থে ('তিনি ব্যায়াম করিয়া থাকেন, এমন হয়ে থাকে')। ... **থাকিয়া থাকিয়া/থেকে থেকে**] কিছুকাল অন্তর, মাঝে মাঝে।

**থান**] ষ্য. যে পরিমাণ বস্ত্র একবারে বোনা হয়, অখণ্ডিত বস্ত্র ('এক — লংক্লথ')। সাদাপাড় কাপড় ('-ধুতি')। ... ণ. গোটা, অখণ্ড, আস্ত ('-ইট')

**থানা** [< স্থান] পুলিসের আড্ডা। পুলিস ইনস্পেক্টারের এলাকা। আস্তানা। সৈন্যসমাবেশ, ছাউনি (প্রাঅপ্রঃ। '— দেওয়া') **থানাদার** — থানার ভারপ্রাপ্ত কর্মচারী।

**থাপ্পড়, থাবড়া, থাবড়**] চড়, চাপড়। ... **থাবড়ানো** [√ থাব্ড়া-১৭] চড় মারা, চাপড়ানো।

**থাবড়ি**] ভূমিতে পাছার ভর ('— খেয়ে বসা')

**থাবা**] ষ্য. শ্বাপদ জন্তুর সম্মুখ পদতল ('— মারা, দেওয়া')। (ব্যঙ্গে) করতল, পাঞ্জা। ণ. যে পরিমাণ হাতে ধরে ('থাবা থাবা ভাত')

**থাম**] < স্তম্ভ, খুঁটি।

**থামা** [√ থাম্-৭। < স্তন্‌ভ্] গতি সংবরণ করা, নিশ্চল হওয়া ('চলিতে চলিতে —। ঘড়ি —')। চুপ করা, নিরস্ত হওয়া ('থাম, আর নয়')। বন্ধ হওয়া ('যুদ্ধ, কান্না, বৃষ্টি, রক্তস্রাব —')। সবুর করা ('ব্যস্ত হয়ো না, থাম')। ... **থামানো** [√ থামা-১১] গতি রোধ করা। নিরস্ত করা।

**থামাল**] খাড়া গাঁথনি। থামের মাথা।

**থার্মমিটার** [ই] উষ্ণতামাপক যন্ত্র, তাপমান।

**থাল, থালা** [< স্থাল] গোলাকার ঈষৎ গভীর ভোজনপাত্র ('কাঁসার, পাথরের —')। ... **থালি, থারি**] < স্থালী, ছোট থালা। ('থারি' প্রায় পদ্যে)

**থাসা** [√ থাস্-৭] মুঠা দিয়া চাপিয়া মিশানো, দলা, চটকানো ('ময়দা —')। ঠাসা, গাদা।

**থিকথিক** (থুকথুক দেখ)

**থিতানো/থিতনো** [√ থিতা-১৩] ময়লা ইঃ নীচে পড়িয়া যাওয়ায় নির্মল হওয়া ('ঘোলা জল —')। নীচে জমা ('কাদা —')

**থিয়েটার** [ই] অভিনয়শালা, নাট্যমঞ্চ। অভিনয়।

**থির** — স্থির।

**থু, থুঃ**] থুতু ফেলার শব্দ। ঘৃণাবাচক শব্দ।

**থুকথুক, থিকথিক]** কীটাদির সমাবেশ, ('পোকা — করছে')

**থুড়থুড়, থুত্থুড়]** স্থবিরতার লক্ষণ প্রকাশ ('— করা')। ... ণ. **থুড়থুড়ে, থুত্থুড়ে]** ('— বুড়ো')

**থুড়ি]** ভুল বা অনুচিত বাক্য বা কার্যের প্রত্যাহার সূচক শব্দ।

**থুতনি, থুঁতনি, থুঁতি]** চিবুক। (§ থোতনা)

**থুতু, থুথু]** নিষ্ঠীবন। ('— ফেলা')

**থুৎকার** — থুতু ফেলা বা তাহার শব্দ।

**থুপ** (থপ দেখ)

**থুপি]** ছোট থোপনা, গুছি।

**থুবড়া/থুবড়ো]** < স্থবির, অতি বৃদ্ধ। চলনশক্তিহীন। ... স্ত্রী. **থুবড়ী]**

**থুবড়ী]** — বেশি বয়স পর্যন্ত আববাহিতা।

**থুবড়ানো/থুবড়নো** [√ থুব্ড়া-১৯] নিম্নমুখ হইয়া পড়া ('মুখ থুবড়ে পড়া')। থাবড়ানো।

**থেই, থই]** উদ্দাম নৃত্যের ভঙ্গী ('তাথেই, তাথই, থেইথেই')

**থেকে]** হইতে ('কোথা, দেশ, সেই —')। অপেক্ষা, চেয়ে (গ্রাম্য। 'ওর — বেশী')

**থেঁতো]** পিষ্ট, কুট্টিত ('শিলে — করা, মুখ — করা')। ... **থেঁতলানো** [√ থেঁত্লা-১৭] কোটা, ছেঁচা। নিপীড়ন করা।

**থেবড়া, থ্যাবড়া]** চেপটা, বসা ('— নাক, গড়ন')। ... **থেবড়ানো** [√ থেব্ড়া-১৭। চেপটা করা। ... ণ. যাহা চেপটা করা হইয়াছে।

**থেলো]** বড় খোল বিশিষ্ট, ডাবা (হুঁকা)

**থোক** [ < স্তবক] মোট, সমূহ ('— কুড়ি টাকা']। কেতা, খণ্ড ('থোকে থোকে')। থোকা, গুচ্ছ। থাউকা ('— দাম')

**থোকা]** < স্তবক, গুচ্ছ, থোলো।

**থোড়]** কলাগাছের কাণ্ডের মজ্জা (তরকারি)

**থোড়া ১** [√ থুড়্-১০] চোপ দিয়া কুচি কুচি করা। চূর্ণ করা ('মাংস —')

**থোড়া ২** [হি] অল্প। ... **থোড়াই]** কিছুই নয় ('— কেয়ার করে')

**থোতনা]** বড় থুতনি।

**থোঁতা]** (মুঃ থুতনি যুক্ত) বড় ('— মুখ ভোঁতা')

**থোপনা, থোবনা, থোপা, থোপ]** গুচ্ছ (যথা — গরুর লেজের শেষে)। (§ থুপি)

**থোয়া** [√ থু-৪] রাখা ('ওখানে থোও')

**থোলো]** গোছা ('চাবির —। এক — আঙুর। থোলো থোলো আম')

**থ্যাবড়া** (থেবড়া দেখ)

**দ** (দহ দেখ)

**-দ** — যে দান করে ('বারিদ')। ... স্ত্রী. **-দা** ('বরদা')

**দই]** < দধি, অম্লস্বাদ ঘণ্চিত দুগ্ধ। ('দই পাতা'—দই প্রস্তুত করিবার জন্য দুধে দম্বল দিয়া রাখা) ... **দই কলমা** (কড়মা)] — দেবী পূজার শেষ ভোগ দধিমিশ্রিত চিড়া ইঃ খাদ্যের দ্বারা।

**দইমাছ]** — দধির সহিত রন্ধন করা মৎস্যের ব্যঞ্জন।

**দইবড়া]** — দধিতে সিক্ত কলাই ইত্যাদির বড়া।

**দংশ, দংশক** — ডাঁশ, বড় মশা। ... **দংশক** — দংশনকারী।

**দংশন** — দন্তাঘাত, কামড়। (পদ্যে ক্রি. 'দংশিল')। (§ দষ্ট)। ... **দংশানো** [√

দংশা-১৭] দংশন করা। ... **দংশিত** — দন্তদ্বারা আহত, দষ্ট।

**দংষ্ট্রা** — বড় দাঁত। দাড়া। ... **দংষ্ট্রাল, দংষ্ট্রী** (-ষ্ট্রিন্) — দংষ্ট্রাযুক্ত।

**দংক**] গভীর পঙ্ক; (ব্যঙ্গে) আকস্মিক দুরবস্থা ('দংকে পড়া')

**দপ্তি**—বই বাঁধিবার পীস বোর্ড (paste board)

**দক্ষ**—ণ. নিপুণ, পটু। ষ্য. প্রজাপতি বিঃ, সতী ও ২৭ নক্ষত্রের পিতা ('-যজ্ঞ')। ... স্ত্রী. **দক্ষা**। ... **দক্ষতা** — নিপুণতা, পটুতা।

**দক্ষিণ**—ষ্য. উত্তরের বিপরীত দিক্, অবাক্, অবাচী। ... ণ. ডান, বামেতর ('—হস্ত')। দক্ষিণদিগ্‌বর্তী বা দক্ষিণ সম্বন্ধীয় ('— দেশ, বায়ু, মেরু')। দাক্ষিণ্যযুক্ত, অনুকূল, উদার। বহু নায়িকায় অনুরক্ত ('— নায়ক')। (§ দাক্ষিণ্য)। ... **দক্ষিণ-পশ্চিম** — নৈর্ঋতকোণ। ... **দক্ষিণপূর্ব** — অগ্নি-কোণ। ... **দক্ষিণ পবন** — দক্ষিণ দিক হইতে প্রবাহিত বায়ু, মলয় বায়ু।

**দক্ষিণহস্ত** — ডানহাত। লক্ষ্যার্থে প্রধান সহায়।

**দক্ষিণা ১** — ণ. দক্ষিণদিক্ সম্বন্ধীয়, দখিনা। ... ষ্য. দক্ষিণ দিক্।

**দক্ষিণা ২** — ক্রিয়াকর্মের অন্তে পুরোহিত ব্রাহ্মণ ইঃর প্রাপ্য অর্থ ('পূজার, ব্রাহ্মণভোজনের —')। শিক্ষাসমাপ্তির পর গুরুকে দেয় অর্থ ('গুরু-')

**দক্ষিণাচল** — মলয়পর্বত।

**দক্ষিণাচার** — তান্ত্রিক আচার বিঃ। **দক্ষিণাচারী** (-রিন্) — যে তাহা করে।

**দক্ষিণান্ত** — পুরোহিতাদিকে দক্ষিণা দিয়া যে ক্রিয়াকর্ম শেষ করা হইয়াছে ('— করা')

**দক্ষিণাপথ** — ভারতবর্ষের যে অংশ বিন্ধ্য-পর্বতমালার দক্ষিণে অবস্থিত। (তুঃ আর্যাবর্ত)

**দক্ষিণাবর্ত** — ণ. যাহার আবর্ত (পাক, whorl) ডান দিকে ('—শঙ্খ')। যাহা দক্ষিণ দিকে ঘোরে, clockwise. ... ষ্য. দক্ষিণাপথ।

**দক্ষিণাবহ** — দক্ষিণ দিক্ হইতে প্রবাহিত ('— বায়ু')

**দক্ষিণামুখ, দক্ষিণাস্য** — যাহার মুখ দক্ষিণ দিকে।

**দক্ষিণায়ন** — সূর্যের দক্ষিণগতি, যে সময়ে সূর্যের পথ ক্রমশঃ দক্ষিণ দিকে সরিতে থাকে (২১ জুন হইতে ২২ ডিসেম্বর; পঞ্জিকায় শ্রাবণ হইতে পৌষ)

**দখল** [আ. দখ্‌ল্] অধিকার, আয়ত্তি ('দেশ, সম্পত্তি —। — করা, দেওয়া, পাওয়া')। ব্যুৎপত্তি, জ্ঞান ('শাস্ত্রে — থাকা')। ... **দখলিকার**] অধিকারী। ... **দখলী**] দখলসম্বন্ধীয় ('— স্বত্ব')। অধিকারভুক্ত। ... **দখলনামা** (আ) — যে আদেশপত্রে আইন অনুসারে দখল বা অধিকার মঞ্জুর করা হয়।

**দখিন**] < দক্ষিণ। ... ণ. **দখিনা**] < দক্ষিণা ('— বাতাস')

**দগড়** [< দ্রগড়] ঢাকজাতীয় বাদ্যযন্ত্র বিঃ, দামামা। (ডগর দেখ)

**দগড়া** (হি) — গোরুর গাড়ীর চাকার দাগ। কশাঘাতের দাগ।

**দগদগ**] জ্বলন বা ক্ষতের লক্ষণ প্রকাশ ('আগুন, মন, ঘা — করছে')। ... ণ. **দগদগে**] ('— ঘা')। ষ্য. **দগদগানি**]। ... ষ্য. **দগদগি**] (অপ্রঃ। 'হিয়া-')

**দগ্ধ** — পোড়া; উত্তপ্ত ('— অঙ্গার, লৌহ')। সন্তপ্ত ('— হৃদয়')।

হতভাগ্য; নির্দয় (খেদে। '— কপাল, বিধাতা'। 'দগ্ধোদর' — পোড়া পেট)

**দগ্ধপত্রন্যায়** — শুষ্ক পত্র দগ্ধ হইলে তাহার আকার পূর্ববৎ থাকিলেও তাহা পত্র বলিয়া গণ্য হয়না—এইরূপ।

**দগ্ধা ১** — অশুভ তিথি।

**দগ্ধা ২** [ <দগ্ধ্-৫ ] সন্তপ্ত করা (প্রায় পদ্যে। 'দগ্ধিল'। ... **দগ্ধানো** (√দগ্ধা-১৭ ] সন্তপ্ত করা বা হওয়া।

**দাগ্ধিকা** — পোড়া ভাত।

**দঙ্গল** ] দল ভিড় ('— বাঁধা')। কুস্তি।

**দজ্জাল** [ আ. = শয়তান ] দুর্দান্ত, দুষ্ট।

**দড়** ] < দৃঢ়, মজবুত ('বাঁশের চেয়ে কঞ্চি —')। পটু ('কাজ কর্মে —')

**দড়কাঁচা** (দরকাঁচা দেখ)

**দড়বড়** ] দৌড়িয়া চলিবার শব্দ। ... **দড়বড়ি** ] (পদ্যে) দড়বড় করিয়া।

**দড়া** ] মোটা দড়ি, রজ্জু, কাছি। ... **দড়াবাজি** — দড়ার উপর চড়িয়া বাজি দেখানোর কৌশল। ... **দড়াহার**—দড়ার মত আকারের মোটা হার।

**দড়াম** ] ভারী জিনিস পড়িবার শব্দ ('— ক'রে আছাড় খাওয়া')। দুড়ুম (দেখ)

**দড়ি** ] রশি, রজ্জু। ('— কাটা' — দড়ি তৈয়ার করা)

**দণ্ড** — শক্ত লম্বা জিনিস ('লৌহ-, তুলা-, মন্থন-')। ডাণ্ডা, লাঠি, কাঠি। শাস্তি, সাজা ('লঘু-, অর্থ-, প্রাণ-। -দান, -গ্রহণ। — দেওয়া, পাওয়া, লওয়া, হওয়া')। খেসারত, গচ্চা, জরিমানা ('দু টাকা — গেল')। রাজনীতি বিঃ, দমন ('সাম দান ভেদ দণ্ড')। যুদ্ধ। সৈন্য ('-নায়ক')। রাজদণ্ড, sceptre. কালের বিভাগ বিঃ, ৬০ পল, ২৪ মিনিট। ('দু দণ্ড' — কিছুক্ষণ)। (§ দণ্ডন, দণ্ডনীয়, দণ্ডিত, দণ্ডী, দণ্ড্য)

**দণ্ডকারণ্য** — নর্মদা ও গোদাবরী নদীর মধ্যস্থ প্রাচীন অরণ্যপ্রদেশ।

**দণ্ডধর** — রাজা। যম। যষ্টিধারী।

**দণ্ডন** — দণ্ডদান।

**দণ্ডনায়ক** — সেনাপতি। দণ্ডবিধানকর্তা।

**দণ্ডনীতি** — রাজ্যশাসননীতি। দমননীতি।

**দণ্ডনীয়, দণ্ডার্হ, দণ্ড্য** — দণ্ড পাইবার যোগ্য।

**দণ্ডপাণি** — দণ্ডধর। যম।

**দণ্ডপারুষ্য** — ব্যসন বিঃ, জবরদস্তি বা অতিরিক্ত দণ্ডদান।

**দণ্ডপাল, -পালক** — শাসক। দরোয়ান।

**দণ্ডবৎ** — (মূঃ দণ্ডের তুল্য) প্রণাম করিবার জন্য ভূমিতে পতিত ('— হওয়া')

**দণ্ডবিধি** — ফৌজদারী আইন।

**দণ্ডবিধান** — দণ্ডদান।

**দণ্ডমুণ্ড** — মুণ্ডচ্ছেদ পর্যন্ত দণ্ড ('দণ্ডমুণ্ডের কর্তা')

**দণ্ডযাত্রা** — যুদ্ধযাত্রা। দমনের জন্য অভিযান।

**দণ্ডস্থান** — যেখানে অপরাধীর দণ্ড হয়।

**দণ্ডাদণ্ডি** — দণ্ডে দণ্ডে রণ—ব্যতীহার। দাণ্ডা লইয়া লড়াই।

**দণ্ডায়মান** — যে দাঁড়াইয়া আছে, খাড়া।

**দণ্ডার্হ** (দণ্ডনীয় দেখ)

**দণ্ডাধিকরণ** — ফৌজদারী আদালত।

**দণ্ডাধীন** — যে দণ্ডনীয় হইয়া আছে।

**দণ্ডি** — দণ্ডপ্রমাণ তিনফের করিয়া গ্রন্থি দেওয়া যজ্ঞসূত্র।

**দণ্ডিত** — যে সাজা পাইয়াছে, শাসিত।

**দণ্ডী** (-ণ্ডিন্) — দণ্ডধারী। দণ্ডধারী সন্ন্যাসী বিঃ। দশকুমারচরিত-রচয়িতা। যম।

**দণ্ড্য** (দণ্ডনীয় দেখ)

**দত্ত** — ণ. যাহা দেওয়া হইয়াছে, অর্পিত।

ষ্য. হিন্দুর উপাধি বিঃ। ... স্ত্রী. **দত্তা** ('বাগ্-')

**দত্তক** — যথাবিধি গৃহীত পোষ্যপুত্র।

**দত্তহারী, দত্তাপহারী** (-রিন্) — দান করিয়া যে কাড়িয়া লয়।

**দত্তাত্রেয়** — ঋষি বিঃ (বিষ্ণুর অংশ; অত্রি-অনসূয়ার পুত্র)

**দদ্রু** — দাদ (দেখ)।

**দধি** — দুই (দেখ)। ... **দধিকর্ম** — দধি-সংস্কারঘটিত বৈদিক কৃত্য। ... **দধিবামন** — দুই চক্রচিহ্নিত শালগ্রামশিলা। ... **দধিমংগল** — বিবাহাদিতে অনুষ্ঠান বিঃ। ... **দধিমন্থন** — দধি হইতে ঘৃত উৎপাদন। ... **দধিমাংগলিক** — নন্দোৎসবে নাটমন্দিরে বা প্রাঙ্গণে দধিমিশ্র হরিদ্রাপঙ্ক ঢালিয়া তজ্জনিত কর্দমে আনন্দোৎসব। ... **দধিমুখ** — একশ্রেণীর বানর। ... **দধিসার** — ননি, মাখন। ... **দধিহাল** ] — দোয়েলপাখী।

**দধীচি, দধীচ** — পুরাণোক্ত মুনি যাঁহার অস্থিতে বজ্র নির্মিত হইয়াছিল।

**দধ্যম্ল** — দম্বল।

**দনুজ** — দানব (কশ্যপপত্নী দনুর গর্ভ-জাত), অসুর।

**দন্ত** — দাঁত, দশন, রদ, রদন। ... **দন্ত-কাষ্ঠ** — দাঁতন। ... **দন্তচ্ছদ** ... ওষ্ঠাধর। ... **দন্তধাবন** — দন্তমার্জন। দাঁতের মাজন। দাঁতন। ... **দন্তপংক্তি** — দাঁতের পাটি। ... **দন্তপুষ্প** — কুন্দ (কুন্দ দন্তের সহিত উপমিত হয় বলিয়া) ... ... **দন্তবেষ্ট, -মাংস** — মাঢ়ী। ... **দন্তরুচি** — হাস্যে দন্তের সৌন্দর্য। ... **দন্তশূল** — দাঁত-কনকনানি ... **দন্তস্ফুট** — দাঁত বসানো; দুরূহ বিষয়ের বোধ ('— করা')

**দন্তক** — প্রাচীরের গায়ে পোঁতা গোঁজ। নাগদন্ত।

**দন্তাদন্তি** — দন্তে দন্তে দংশনের দ্বারা রণ ব্যতীহার।

**দন্তাবল** — হস্তী।

**দন্তাল** — দন্তযুক্ত।

**দন্তালিকা** — লাগাম, বল্গা।

**দন্তী** (-ন্তিন্) — দন্তবিশিষ্ট। হস্তী।

**দন্তুর** — দাঁতালো, বৃহৎ দন্ত বিশিষ্ট।

**দন্তোদ্গম, দন্তোদ্ভেদ** — দাঁত ওঠা।

**দন্ত্য** — দন্তসাহায্যে উচ্চার্য (বর্ণ। ৯ ত-বর্গ ল স)

**দন্দশূল** — যে বারংবার দংশন করে।

**দপ্** ] আগুন জ্বলার শব্দ ('— ক'রে জ্ব'লে ওঠা')। ... **দপ্দপ** ] অগ্নিশিখা বা উজ্জ্বলতা প্রকাশ ('আগুন, সিঁথির সিঁদুর — করা')। বেদনা ('ফোড়া — করা')

**দপ্তর** [ আ. দফ্তর ] কাগজপত্রের বাণ্ডিল। কাছারির খাতাপত্র। কাছারি, অফিস। ... **দপ্তরখানা** ] অফিস। খাতাপত্র রাখিবার ঘর। ... **দপ্তরী** ] যে বহি বাঁধে বা অফিসে কাগজ কালি কলম ইঃর ভার লয়।

**দপ্ত** — (দৃপ্ত দেখ)

**দফা** [ আ. দফহ্ ] বার, ক্ষেপ, প্রকরণ। ('এক-। দফায় দফ'য়')। অবস্থা, গতিক ('— রফা, শেষ, সারা')। ... **দফাওয়ারি** — দফা বা প্রকরণের অনুক্রম বা পরম্পরা রক্ষা করিয়া ... **দফাদার** ] জমাদার। ষ্য. **-দারি** ]। ... **দফানিকাশ** — সমূলে সংহার। ... **দফে** ] দফা। দফায়। পুনশ্চ। ... **দফে দফে** ] বারে বারে। কিস্তিতে।

**দব** — বন, দাবানল।

**দবদবা** ] — প্রতাপ, প্রভুত্ব, প্রতিপত্তি।

**দবির-খাস** (ফা) — নবাবী সরকারে খাস মুন্সী, যেমন শ্রীরূপ গোস্বামী ছিলেন

নবাব হোসেনশার।

**দম্**] অনুকার শব্দ, দুম ('— ক'রে ফাটা'। বার বার — দমাদম])

**দম ১** — দমন। ইন্দ্রিয়দমন ('শম দম')

**দম ২** [ফা] নিঃশ্বাসপ্রশ্বাস ('— বন্ধ, বাহির। — লওয়া'। '— ফাটা' — দুঃখে বুক ফাটা)। জোরে ধূমপান, টান ('গাঁজার —')। ঘড়ি ইঃর স্প্রিংএর পাক ('— দেওয়া, ফুরানো')। ধাপ্পা, প্রতারণা ('-বাজ, -বাজি')। ভাপ বা অল্প আঁচ ('দমে বসানো')

**দম ৩**] ব্যঞ্জন বিঃ ('আলুর —')

**দমক ১** — দমনকারী, দময়িতা। শাসক।

**দমক ২**] বেগ, ধমক, ধাক্কা।

**দমকল**] জল তুলিবার কল, পাম্প। আগুন নিবাইবার জন্য জলনিক্ষেপের কল, fire-engine.

**দমকা**] সহসা বেগবান ('—হাওয়া, ভেদ')

**দমদমা** [আ. দমদমহ্] চাঁদমারির জন্য মাটির উচ্চ স্তূপ।

**দমন** — শাসন, নিগ্রহ ('শত্রু-, ইন্দ্রিয়-')। রোধ ('জ্বর-')। (§ দমিত, দমী, দম্য)। ... **দমনীয়** — দমনযোগ্য। ... **দময়িতা** (-য়িতৃ) — দমনকারী, দমক। শাসক।

**দময়ন্তী** — নলরাজার মহিষী।

**দমসম**] গুরুভোজন ইঃর জন্য ভারাক্রান্ত ('পেট — হওয়া')

**দমা** [√ দম্-৫। < দম্] দমিত হওয়া; নিরুৎসাহ হওয়া ('লোকটা দ'মে গেছে')। বসিয়া যাওয়া ('ছাদ, গদি —')। ... **দমানো** [√ দমা-১১] দমন করা। নমিত করা। নিরুৎসাহ করা।

**দমিত** — শাসিত, জব্দ, নিগৃহীত, বশীকৃত, সংযত।

**দমী** (-মিন্) — দমনকারী, দময়িতা।

**দম্পতি** — জায়া-পতি, স্বামী-স্ত্রী। (§ দাম্পত্য)

**দম্বল**] < দধ্যম্ল, দইএর অংশ যাহা দুধে মিশাইয়া দই পাতে, দধিবীজ, সাজা।

**দম্ভ** — দর্প, আস্ফালন। ধর্মধ্বজিত্ব। (§ দাম্ভিক)। ... **দম্ভী** (-ম্ভিন্) — যে দম্ভ করে।

**দম্ভোগ**] — দাপট, সদম্ভ আস্ফালন। (প্রাঃ সা)

**দম্ভোলি** — বজ্র।

**দম্য** — দমনীয়।

**দয়া** — পরদুঃখমোচনপ্রবৃত্তি, করুণা, কৃপা, অনুকম্পা, অনুগ্রহ ('— কর'), হওয়া। -বান্, -বতী, -ময়, -ময়ী')। ... **দয়ার্দ্র** — যাহার মন দয়ায় কোমল হইয়াছে, দয়াপরবশ। ... **দয়ালু** — **দয়াল**] সদয়, দয়াশীল।

**দয়িত** — প্রিয়, বল্লভ, পতি। ... **স্ত্রী. দয়িতা।**

**দর ১** — ষ্য. ভয়, ডর। গর্ত। কম্প। প্রবাহ। ... ণ. অল্প।

**দর ২**] দাম, মূল্য। মূল্যের হার। মর্যাদা ('উঁচু দরের')। ('— করা' — বিক্রেতার সহিত দর স্থির করা')। ... **দরকষাকষি** — ক্রেতাবিক্রেতার মধ্যে দাম কম-বেশি করিবার জন্য বাদানুবাদ। **দরদস্তুর**] দর ও বিক্রয় সম্বন্ধীয় রীতি। দর সম্বন্ধে কথাবার্তা।

**দর ৩**] — স্তর, গ্রাস, (যেমন — উঁচু-দরের লোভ)

**দরওয়াজা** (ফা) — দরজা।

**দরকাঁচা, -কচা, দড়-**] পাকা কিন্তু ভিতরে শক্ত জামুড়া-পড়া ('— ফল। — মারা, পড়া')

**দরকার** [ফা] প্রয়োজন। ... ণ. **দরকারী**]

**দরখাস্ত** [ফা. -খোআস্ত্] আবেদনপত্র।

আবেদন ('- করা')

**দরগা** [ফা] পীরের কবর সংবলিত পুণ্য-মন্দির।

**দরজা**] ফা. দর্‌বা.জ.হ্‌] দ্বার।

**দরজী** [ফা. দর্‌জ.ী] কাপড় সেলাই করা যাহার পেশা, সৌচিক।

**দরদ ১** — প্রাচীন ম্লেচ্ছজাতি বিঃ। ভয়প্রদ।

**দরদ ২** [ফা. দর্দ্‌] ব্যথা, বেদনা। মমতা, টান। সমবেদনা। ... **দরদী**] যাহার দরদ আছে। সমবেদনাযুক্ত, ব্যথার ব্যথী।

**দরদর** — অধিক স্রাব ('— করিয়া অশ্রু পড়া')। ... ণ. **দরদরিত** ('-ধারে')

**দরদা** — ভীতিসঞ্চারিকা (প্রা-সা)

**দরদালান** [ফা] ঘরের তুল্য বারান্দা।

**দরপত্তনি** [ফা]—পত্তনির অধীন পত্তনি।

**দরপেশ** [ফা] — বিচারাধীন।

**দরপরদা** [ফা] — পরদার আড়ালে।

**দরবার** [ফা] রাজসভা। উচ্চপদস্থ ব্যক্তির বৈঠকখানা বা তৎকর্তৃক আহূত সভা ('রাজ্যপালের —')। আদালত। ... ণ. **দরবারী**] (— কানাড়া) — রাগিণী বিঃ। ('— কায়দা') দরবারের উপযুক্ত রীতিনীতি। (— লোক) — যে দরবারে যাতায়াত করে।

**দরবিগলিত** — ভয়হেতু বা প্রবাহরূপে বা অল্প পরিমাণে নিঃসৃত (দর = ভয়; প্রবাহ; অল্প। '—অশ্রু')

**দরবেশ** [ফা. -বে.শ] ফকির, মুসলমান সন্ন্যাসী। মিঠাই বিঃ।

**দরমা**] বাঁশ ইঃ হইতে তৈয়ারী আবরণ, টাটি।

**দরমাহা** [ফা] মাহিনা, মাসিক বেতন।

**দরাজ** [ফা. -জ.] মুক্ত, বিস্তৃত ('— জায়গা')। উদার, দানশীল ('— হাত')

**দরাজদস্ত** [ফা] — মুক্তহস্ত, বদান্য।

**দরানি**] — নিঃস্রাব, রসস্বারণ, পুঁজ-রক্তাদির নিঃসরণ।

**দরি ১, দরী** — গুহা, কন্দর; গভীর সংকীর্ণ উপত্যকা ('গিরি-')

**দরি ২**] শতরঞ্জি, মোটা সুতী আস্তরণ বিঃ।

**দরিদ্র** — গরিব, দীন। স্ত্রী. **দরিদ্রা**। ... ষ্য. **দরিদ্রতা, দারিদ্র্য**। ... **দরিদ্রিত** — দারিদ্র্যপ্রাপ্ত।

**দরিয়া** [ফা. দর্‌য়া] সমুদ্র বা নদী।

**দরুদ** [ফা] — প্রণাম, আশীর্বাদ, অভি-বাদন, অভিনন্দন ইঃ।

**দরুন** [ফা. দরুন] জন্য ('অসুখের —')

**দরোয়ান, দারো-** [ফা. দর্‌বান] দ্বার-পাল, প্রতিহার। পিয়ন।

**দর্দুর** — ভেক, ব্যাং।

**দর্প** — দম্ভ, গর্ব। ... **দর্পহর, -হারী** (-রিন্‌) — যে দর্প নষ্ট করে ('— মধুসূদন')। ... **দর্পিত** — গর্বিত, দৃপ্ত। ... **দর্পী** (-র্পিন্‌)—দর্পকারী, দাম্ভিক।

**দর্পক** — কন্দর্প, কামদেব।

**দর্পণ** — আরশি, মুকুর।

**দর্বি, দর্বী** — হাতা, তাড়ু। ... **দর্বিকা** — ছোট হাতা, চামচ।

**দর্বীকর** — ফণাধর সর্প।

**দর্ভ** — কুশ, তৃণ।

**দর্শ** — অমাবস্যা। যজ্ঞ বিঃ। দর্শন।

**দর্শক** — যে দেখে, দ্রষ্টা। যে দেখায়, দর্শয়িতা, প্রদর্শক।

**দর্শন** — দৃষ্টি, দেখা। জ্ঞান, অভিজ্ঞতা ('ভূয়ো-, বহু-')। তত্ত্ববিদ্যা ('-শাস্ত্র')। চক্ষু। আরশি। (§ দর্শনীয়, দর্শিত, দর্শী)। ... **দর্শনদারি, -ডালি**] রূপ-বিচার ('আগে —')। বাহ্য আকৃতি।...

**দর্শনশাস্ত্র** — তত্ত্ববিদ্যা, অধ্যাত্মবিদ্যা।

**দর্শনী** ] দর্শন উপদেশ বা সাহায্য প্রাপ্তির জন্য প্রদেয় অর্থ (প্রণামী ফী ইঃ)

**দর্শনীয়** — দর্শনযোগ্য। সুদৃশ্য।

**দর্শনেন্দ্রিয়** — চক্ষু।

**দর্শয়িতা** (-য়িতৃ) — প্রদর্শক, যে দেখায়।

**দর্শা** [ √ দর্শ্-৫। দেখা যাওয়া ('উপকার দর্শে')। ... **দর্শানো** [ √ দর্শা-১৭ ] দেখানো ('কারণ —')

**দর্শিত** — যাহা দেখানো হইয়াছে।

**-দর্শী** (-র্শিন্) — দ্রষ্টা; জ্ঞানী ('দূর-, তত্ত্ব-')

**দল** — সমূহ, সম্প্রদায় ('কুসুম-। ডাকাতের —।—বাঁধা, ছাড়া, পাকানো। -বদ্ধ। দলে দলে')। পত্র ('বিল্ব-')। পাপড়ি ('ফুলের — । সহস্র-')। বেধ, স্থূলতা ('দলে পুরু')। জলজ তৃণ বিঃ, দাম। খণ্ড। ... **দলছাড়া** — যূথভ্রষ্ট। দল হইতে স্বতন্ত্র। ... **দলপতি** — সর্দার, সম্প্রদায়ের নেতা। ... **দলপুরু, দলভারি** — দলে জনসংখ্যার আধিক্য। ... **দলবন্ধ** — একত্র সংহত, সংঘবদ্ধ। ... **দলভুক্ত** — দলের অন্তর্ভুক্ত। ... **দলবল** — পক্ষীয় লোকজন। ... **দলাদলি** ] বিভিন্ন দলের বিরোধ।

**দলন** — মর্দন, পেষণ। পীড়ন, শাসন ('শত্রু-')। দলনকারী। ... স্ত্রী. **দলনী** ('দনুজ-')।

**দলা ১** [ < দল ] পিণ্ডাকার খণ্ড, ডেলা।

**দলা ২** [ √ দল্-৫। < দল্ ] দলন বা মর্দন করা, মাড়ানো ('পায়ে —')। ... **দলানো** [ √ দলা-১১ ] দলিত করানো।

**দলাইমলাই** ] — দলন-মর্দন (যেমন — ঘোড়ার)।

**দলিত** — মর্দিত, পিষ্ট ('-ফণিনী, পদ-')। নিপীড়িত, শাসিত।

**দলিজ, দলুজ** (ফা) — চণ্ডীমণ্ডপ। বৈঠকখানা, দরবার গৃহ। বাহিরের ঘর।

**দলিল** [ আ ] প্রমাণস্বরূপ কাগজপত্র ('-দস্তাবেজ')

**দলুই** — দলপতি (সাধারণতঃ সেনাদলের)।

**দলুয়া** (দলো দেখ)।

**দলো** ] গুড় হইতে রস ঝরাইলে যে ময়লা চিনি প্রস্তুত হয়।

**দশ** (দশন্) — ১০ অঙ্ক বা পরিমাণ। জনসাধারণ ('দশের কথা')। ... **দশক** — ণ. দশসংখ্যক। ... ষ্য. দশ সংখ্যা। সংখ্যার দক্ষিণ হইতে দ্বিতীয় অঙ্ক। দশ বস্তুর সমষ্টি। দশ বৎসরকাল, decade. ... **দশকর্ম** — হিন্দুর অনুষ্ঠেয় দশবিধ সংস্কার (গর্ভাধান পুংসবন সীমন্তোন্নয়ন জাতকর্ম নামকরণ অন্নপ্রাশন চূড়াকরণ উপনয়ন সমাবর্তন বিবাহ)। ... **দশকর্মান্বিত** — দশকর্মের অনুষ্ঠাতা বা তাহাতে অভিজ্ঞ। ... **দশকিয়া** ]—দশকের নামতা। ... **দশকুশী** ] —দশক্রোশ যে পথের দীর্ঘতা। ... **দশকোষী** ] কীর্তনগানের তাল বিঃ। ... **দশচক্র** — দশজনের মন্ত্রণা। ... **দশদশা** —অভিলাষ চিন্তা স্মৃতি ইঃ কামজ দশ অবস্থা। গর্ভবাস জন্ম বাল্য ইঃ দেহজ দশ অবস্থা। ... **দশদিক্** — উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম ঈশান অগ্নি বায়ু নৈর্ঋত ঊর্ধ্ব অধঃ। ... **দশধা** — দশ ভাগে প্রকারে বা দিকে। দশ বার।

**দশন** — দাঁত। দংশন।

**দশনামী** — শঙ্করাচার্য প্রবর্তিত দশটি আশ্রমের পুরী, ভারতী, গিরি ইত্যাদি উপাধিধারী সন্ন্যাসী সম্প্রদায়।

**দশপঁচিশ** ] কড়ি-খেলা বিঃ।

**দশবল** — দান, শীল, ক্ষমা ইত্যাদি দশপ্রকার বলে বলীয়ান। গৌতম বুদ্ধ।

**দশবাইচণ্ডী** [< দশবাহু-] দশভুজা দেবী। ফুলগাছ বিঃ।

**দশভুজা** — দুর্গা।

**দশম** — ১০ সংখ্যার পূরক। ... স্ত্রী. **দশমী**। — তিথি বিঃ।

**দশমহাবিদ্যা** — ভগবতীর দশ মূর্তি ...(কালী তারা ষোড়শী ভুবনেশ্বরী ভৈরবী ছিন্নমস্তা ধূমাবতী বগলা মাতঙ্গী কমলা)

**দশমিক** — একের ন্যূন রাশির গণনাপদ্ধতি বিঃ, decimal. দশগুণোত্তর, **দশদশ** করিয়া গণিত। আয়ুর্বেদোক্ত ঔষধে ব্যবহৃত দশবিধ মূল।

**দশরথ** — রামের পিতা। (§ দাশরথি)

**দশসালা** — দশবৎসরের জন্য বিহিত। (— বন্দোবস্ত)

**দশহরা** — দশবিধ-পাপ-হারিণী গঙ্গা। গঙ্গাবতরণদিন, জ্যৈষ্ঠ-শুক্ল-দশমী। বিজয়াদশমী।

**দশা** — অবস্থা, ভাব। বাল্যযৌবনাদি অবস্থা। (জ্যোতিষে) জন্মকালে গ্রহাদির স্থিতিজনিত প্রভাব। ভক্তিজনিত ভাবাবেশ, সমাধি ('— পাওয়া')

**দশানন** — দশমুণ্ড রাবণ।

**দশাবতার** — বিষ্ণুর দশ অবতার (মৎস্য কূর্ম বরাহ নৃসিংহ বামন পরশুরাম রামচন্দ্র বলরাম বুদ্ধ কল্কি)

**দশাবিপর্যয়** — অবস্থা বৈগুণ্য।

**দশাশ্বমেধ** — ব্রহ্মা কর্তৃক সম্পাদিত দশটি অশ্বমেধ যজ্ঞ। কাশীর ঐ নামীয় ঘাট তাহারই স্মৃতি বহন করিতেছে।

**দশাসই**] লম্বাচওড়া, দীর্ঘদেহ ('— পুরুষ')

**দশাহ** — দশদিন ব্যাপী, দশ অহ বা দিনের সমাহার।

**দশি** [< দশা-] কাপড়ের ছিলা বা আঁচলা।

**দষ্ট** — দংশিত, যাহাকে কামড়াইয়াছে ('সর্প-')। দন্তদ্বারা ছিন্ন, কাটা ('মূষিক-, কীট-')

**দস্ত** (ফা) — হস্ত, হাত।

**দস্তক** (ফা) — পরওয়ানা, সমন।

**দস্তখত** [ফা. দস্ত্-] হাতের সহি, স্বাক্ষর।

**দস্তুর** (ফা) — পাপড়ি।

**দস্তরখান** (ফা) — টেবিলে পাতিবার কাপড়।

**দস্তা**] < যশদ, ধাতু বিঃ, zinc.

**দস্তানা** [ফা] হাতমোজা।

**দস্তাবেজ** [ফা. -জ.] দলিল।

**দস্তিদার** (ফা) — নবাবী মোহর যাহার জিম্মায় থাকিত।

**দস্তুর** [ফা] প্রথা, নিয়ম, কায়দা ('-মত')। ... **দস্তুরি**] ক্রয়কালে মূল্যের যে অংশ ছাড় পাওয়া যায়। দালালি।

**দস্যু** — ডাকাত ('-বৃত্তি')। ... ষ্য. **-তা**।

**দহ/দ** [< হ্রদ] অতলস্পর্শস্থান, অগাধ জল। ঘূর্ণিজল। সংকট। ('দহে পড়া, মজানো')

**দহন** — জ্বলন, পোড়া, দাহ। অগ্নি। (§ দগ্ধ, দহ্যমান)। ... **দহনীয়** — দাহ্য (দেখ)

**দহর**] — জলাভূমি। গ্রামের পতিত গোচর ভূমি (ডহর দেখ)

**দহরম** [ফা. দহর্ম] মেলামেশা, আত্মীয়তা।

**দহলা**] দশ ফোঁটা চিহ্নিত তাস।

**দহা** [√দহ্-৬। < দহ্] পোড়া, দগ্ধ হওয়া। দগ্ধ করা।

**দহিয়াল**] — দোয়েল, পাখী দধিহাল।

**দহ্যমান** — যাহা পুড়িতেছে।

**দা**] < দাত্র, কাটারি।

**দাঁ** — হিন্দুদের একটি উপাধি।

**দাই**] < ধাত্রী, ধাই (দেখ)। হিন্দুস্থানী দাসী।

**দাইল** (দাল দেখ)

**দাউদাউ**] জোরে আগুন জ্বলার শব্দ ('— ক'রে জ্বলা')

**দাউলি, দাওলি** — ছোট দা, ছোট খোন্তা।

**দাঁও, দাঁ** [< দান] সুযোগ ('— বুঝে কাজ করা')। সুযোগে লাভ ('—মারা')

**দাওয়া ১** [< দারুর্ট] বারান্দা, রোয়াক।

**দাওয়া ২** [আ] দাবি, পাওনা।

**দাওয়াই, দাবাই** [আ. দবা.] ঔষধ ('-খানা')

**দাক্ষায়ণী** — দক্ষকন্যা, সতী।

**দাক্ষিণাত্য** — দক্ষিণ দেশীয়, দক্ষিণাপথে স্থিত বা জাত ('—জনপদ, ব্রাহ্মণ')

**দাক্ষিণ্য** — দয়া, আনুকূল্য, উদারতা, সৌজন্য। সরলতা।

**দাখিল** [আ] ষ্য. অর্পণ, পেশ ('খাজনা, হিসাব—করা')। ... ণ. উপস্থাপিত। তুল্য, শামিল ('যাবার —')। ... **দাখিলা**] খাজনা ইঃর রসিদ। ... **দাখিলী**] যাহা দাখিল করা হইয়াছে।

**দাগ** [ফা] চিহ্ন, ছোপ, কলঙ্ক ('কালির, চরিত্রের — । — উঠানো, তোলা, ধরা, পড়া, লাগা, হওয়া')। পরিচয়চিহ্ন, মার্কা; রেখা, আঁচড় ('—করা, কাটা, দেওয়া')। ... **দাগী**] দাগযুক্ত ('— কাপড়, ফল')। কলঙ্কিত, পূর্বে দণ্ডিত ('— আসামী')

**দাগড়া**] প্রহার বা ঘর্ষণ জনিত গায়ে দাগ।

**দাগরাজি** [ফা. -জ.ী] ছাদ ইঃর ফাট মেরামত।

**দাগা ১** [ফা. দগা] লেখা শিখিবার জন্য আদর্শ ('— বুলানো')। কলঙ্ক, অপবাদ। প্রতারণা; পীড়ন, ক্লেশ, সন্তাপ ('— দেওয়া, পাওয়া')। ... **দাগাদার**] কলঙ্কদাতা। প্রতারক। অনিষ্টকারী। ... ষ্য. **-দারি**] ... **দাগাবাজ**] দাগা দিতে পটু। ... ষ্য. **-বাজি**]

**দাগা ২, গাদা**] বড় মাছের পিঠের খণ্ড।

**দাগা ৩** [√ দাগ্-৭] দাগ দেওয়া। তপ্ত ...লৌহাদি দ্বারা চিহ্নিত করা ('ষাঁড়—')। ছোড়া ('কামান —')

**দাঙ্গা** [হি] মারামারি (প্রায়শঃ বহু লোকের) ... **দাঙ্গাবাজ** (হি + ফা) — দাঙ্গা বা মারামারি করাই যাহার অভ্যাস।

**দাঁড় ১** [ < দণ্ড। ষ্য. ক্ষেপণী, বহিত্র, নৌকা চালাইবার দণ্ড ('— টানা')। ... ণ. দণ্ডায়মান, খাড়া ('— করানো')। (§ দাঁড়ী)

**দাঁড় ২**] — খাঁচার মধ্যে পাখীর বসিবার আলম্বন।

**দাঁড়কাক** [< দণ্ডকাক] ঘোর কৃষ্ণবর্ণ কাক বিঃ।

**দাড়া**] < দাঢ়া, দংষ্ট্রা। হুল ('কাঁকড়ার, আরসোলার —')

**দাঁড়া ১** [< দণ্ড] মেরুদণ্ড ('শির-')

**দাঁড়া ২**] — ক্ষেতে জলসেচনের জন্য কাটা নালী।

**দাঁড়া ৩**] — ধারা, রীতি, দস্তুর, রেওয়াজ।

**দাঁড়ানো** [√ দাঁড়া-১১] খাড়া বা দণ্ডায়মান হওয়া। গতি সংবরণ করা, থামা, সবুর করা ('গাড়ি —। দাঁড়াও, আগে ও বলুক')। স্থির হইয়া থাকা, জমা ('উঠানে জল —')। সুপ্রতিষ্ঠিত হওয়া ('কারবার, নিজের পায়ের উপর —')

**দাড়ি** [< দাঢ়িকা, দংষ্ট্রিকা] শ্মশ্রু, গণ্ড ও চিবুকের লোম। চিবুক, থুতনি।

( § দেড়ে)

**দাঁড়ি**] দাঁড়িপাল্লা, তুলাদণ্ড। পূর্ণচ্ছেদ চিহ্ন ( । )

**দাড়িম্ব, দাড়িম, ডালিম**—বেদানাজাতীয় ফল বিঃ।

**দাঁড়ী**] যে নৌকার দাঁড় টানে।

**দাঢ়া** — দাড়া (দেখ)

**দাণ্ডা**] — বড় লাঠি। বংশখণ্ড।

**দাণ্ডি**] — পার্বত্য পথে মনুষ্যবাহী যান বিঃ (ডাণ্ডী দেখ)।

**দাঁত**] < দন্ত ('—ওঠা, খিচানো, তোলা, পড়িয়া যাওয়া, ফোটানো, বসানো, মাজা')। ( § দাঁতালো, দেঁতো)। ... **দাঁতকপাটি**] দাঁতে দাঁত লাগা, চোয়ালের খিল আটকানো। ... **দাঁতভাংগা** — উচ্চারণে ক্লেশকর, শ্রুতি কটু (শব্দ)

**দাঁতন**] দাঁত মাজিবার জন্য গাছের সরু ডাল। তাহার দ্বারা দন্তমার্জন।

**দাতব্য** — দানযোগ্য। যাহা দান করা হয় ('— ঔষধ, চিকিৎসা')

**দাতা** ( -তৃ ) — যে দান করে, দানশীল, বদান্য। যে দেয় ('কর-')। ... স্ত্রী. **দাত্রী**। ... **দাতৃত্ব** — দানশীলতা।

**দাঁতালো**] দন্তযুক্ত। যাহার বড় বড় দাঁত আছে, দন্তুর, দেঁতো।

**দাত্যূহ**—ডাহুক পাখী।

**দাত্র** — দা, কাটারি।

**দাদ ১**] < দদ্রু, চর্মরোগ বিঃ।

**দাদ ২** [ফা] প্রতিশোধ ('— তোলা')

**দাদখানি** [ফা. দাউদ-] সরু চাল বিঃ।

**দাদন** [ফা] অগ্রিম মূল্য, বায়না।

**দাদরা**] সংগীতের তাল বিঃ।

**দাদা** [< তাত] জ্যেষ্ঠ ভ্রাতা। পিতামহ বা মাতামহ। পৌত্র দৌহিত্র বা তত্তুল্যকে স্নেহসম্বোধন। (আদরে—দাদু])। ... **দাদাঠাকুর**] ব্রাহ্মণেতর কর্তৃক ভ্রাতৃ-স্থানীয় ব্রাহ্মণকে সম্বোধন। ... **দাদা-মহাশয়/-মশায়**] পিতামহ বা মাতামহ ...**দাদাশ্বশুর**] পতি বা পত্নীর পিতা-মহ মাতামহ বা তৎস্থানীয়।

**দাদী** [হি] পিতামহী বা মাতামহী। (মুসলমানী বা হিন্দী)

**দাদু**] — পিতামহ। মাতামহ। একজন সাধক কবি।

**দাদুপন্থী**] দাদু কর্তৃক প্রবর্তিত বৈষ্ণব-সম্প্রদায় বিঃ।

**দাদুর**] < দর্দুর, ব্যাং (পদ্যে)। ... স্ত্রী. **দাদুরী**]

**দান** — দেওয়া, অর্পণ, সম্প্রদান, বিতরণ, উৎসর্গ ('ভিক্ষা-, কন্যা-। দরিদ্রকে, স্কুলে, জনসাধারণকে —')। দত্ত বস্তু ('দেবতার —')। যৌতুকে প্রদত্ত তৈজস-পত্র। হস্তিমদজল। ( § দত্ত, দাতা, দানীয়, দাপন, দাপিত, দীয়মান, দেনো, দেয়)। ... **দানপত্র** — দাতা কর্তৃক সম্পাদিত দানের প্রমাণস্বরূপ দলিল। ... **দানবীর, -শৌণ্ড**—অতিশয় দানশীল ... **দানসজ্জা** — দানের জন্য সজ্জিত বস্তুসম্ভার। ... **দানসত্র** — যে প্রতিষ্ঠানে অনাহূত রবাহূত সকলকেই নির্বিচারে অন্নাদি দান করা হয়। চলতি ভাষায়—দানছত্তর। ... **দানসাগর** — শ্রাদ্ধে যোলটি ষোড়শ দান।

**-দান, -দানি** [ফা] আধার ('আতরদান, পিকদানি')

**দানব** — দনুজ (দেখ)

**দানা ১, দানো**] < দানব।

**দানা ২** [ফা. দানহ্] শস্যাদির বীজ ('ঘুগনি-। ঘোড়ার —। বেদানার —')। বীজ সদৃশ বস্তু ('সাগু-। সোনার —')। ... **দানাপানি**] অন্নজল।

**দানাদার ১** — (ফা) যাহাতে দানা বাঁধিয়াছে।

**দানাদার ২** (ফা) — এক প্রকার মিঠাই।
**দানীয়** — দানের পাত্র। দানযোগ্য, দেয়।
**দানুয়া**] — দেনো, শ্রাদ্ধাদি উপলক্ষে দানে প্রদত্ত।
**দানো**] — অপদেবতা বিঃ।
**দান্ত** — যে ইন্দ্রিয়দমন করিয়াছে ('শান্ত-')। দমিত, বশীভূত। শাসিত, দণ্ডিত। ... **দান্তি** — দম, সংযম।
**দাপ**] < দর্প, দাপট।
**দাপক** — যে দেওয়ায়।
**দাপট**] দুর্দম প্রতাপ ('মুখের, ঝড়ের —')
**দাপণ**] — দর্পণ (প্রা—সা)
**দাপন** — দান করানো।
**দাপনা** — ঊরুর ভিতরের দিক। (দাবনা দেখ)
**দাপাদাপি**] উদ্দামভাবে সশব্দে সদর্পে চলাফেরা।
**দাপানো** [ √ দাপা-১১ ] দাপাদাপি করা ('দাপিয়ে বেড়াচ্ছে')। ... ষ্য. **দাপুনি**]
**দাপিত** — যাহা দেওয়ানো হইয়াছে। জরিমানা দ্বারা দণ্ডিত।
**দাব ১** — বন ('-দাহ। দাবানল। মৃগদাব')। বনাগ্নি। অগ্নি, তাপ।
**দাব ২**] চাপ। দমন, শাসন, কর্তৃত্ব।
**দাবড়ি**] ধমক, ভর্ৎসনা ('— দেওয়া')
**দাবনা**] ঊরুর মাংসল স্থল।
**দাবা ১**] শতরঞ্জ খেলা। ঐ খেলার মন্ত্রী। ... **দাবাবোড়ে**] ঐ খেলার সমস্ত ঘুঁটি।
**দাবা ২** [ √ দাব্-৭ ] **দাবানো** [ √দাবা-১১ ] চাপা। দমন করা। ('দেবে, দাবিয়ে রাখা')। ... **দাবা**] চাপিয়া ধরা ('বগল- করা')
**দাবা ৩** — দাওয়া, বারান্দা।
**দাবাই** (দাওয়াই দেখ)
**দাবি** [ ফা. দাবী. ] দাওয়া, স্বত্ব, অধিকার ('-দাওয়া'। 'দাবি করা' — ন্যায্য প্রাপ্য বলিয়া চাওয়া)। অভিযোগ, প্রার্থনা। ... **দাবিদার**] যে দাবি করে।
**দাম ১** (দামন্)—রজ্জু, সূত্র ('দামোদর')। গুচ্ছ ('অলক-')। মাল্য ('কুসুম-')। দল, জলজ তৃণ বিঃ।
**দাম ২** [ <দ্রম্ম। গ্রীক। < drakhme হইতে ] মূল্য, দর। ( § দামী)
**দামড়ি** [ < দ্রম্ম। **দাম** দেখ ] পয়সার ১/৮ অংশ।
**দামড়া**] ছিন্নমুষ্ক ষণ্ড।
**দামামা** [ ফা. দমামহ্ ] ঢাক-জাতীয় বাদ্য-যন্ত্র বিঃ।
**দামাল**] দুর্দম, দুরন্ত ('— ছেলে')
**দামিনী** — বিদ্যুৎ।
**দামী**] মূল্যবান্, মহার্ঘ।
**দামোদর** — কৃষ্ণ। পশ্চিমবঙ্গের নদ বিঃ।
**দাম্পত্য** — ণ. দম্পতি সম্বন্ধীয়। ... ষ্য. পতিপত্নীর প্রণয়। বিবাহিত অবস্থা।
**দাম্ভিক**—দর্পী, আস্ফালনকারী। দর্প-যুক্ত। ... ষ্য. **-তা**।
**দায়** — উত্তরাধিকারসূত্রে প্রাপ্য সম্পত্তি ('-ভাগ')। (বাং) সংকট, বিপদ্ ('বড় —')। কর্তব্য কর্ম ('কন্যা-, পিতৃ-')। গরজ, প্রয়োজন ('দায়ে পড়া, ঠেকা। পেটের —')। অপরাধ ('চুরির —')। ( § দায়ী)। ... **দায়গ্রস্ত** — (বাং) কর্তব্যভারাক্রান্ত। সংকটে পতিত। ... **দায়ভাগ** — জীমূতবাহন-কৃত উত্তরাধিকার বিষয়ক গ্রন্থ। ... **দায়মাল** — চোরাই মাল।
**দায়ক** — যে দেয় ('পীড়া-')। দায়ী। ক্ষতিপূরণকারী। ... স্ত্রী. **দায়িকা**।
**দায়মুল** (আ) — যাবজ্জীবন কারাবাস অথবা দ্বীপান্তর।
**দায়রা** [ আ. দাইরহ্ ] ফৌজদারী উচ্চ আদালত, ঐরূপ আদালতে বিচার। সত্র,

sessions ('-সোপরন্দ')

**দায়াদ** — উত্তরাধিকারের অংশী। **জ্ঞাতি,** সগোত্র। পুত্র।

**দায়ী** (-য়িন্)—যে দেয়, দায়ক (**'সুখ-'**) (বাং) যাহার উপর কর্তব্যের ভার আছে বা যাহাকে কোনও কর্মের জন্য কৈফিয়ত দিতে হয়। ... স্ত্রী. **দায়িনী**। ... ষ্য. **দায়িত্ব**।

**দায়ের** [ফা] রুজু, আদালতে বিচারের জন্য উপস্থাপিত ('মকদ্দমা — করা')

**দার—দারা**] পত্নী ('পরদার')। ... **দার-কর্ম, -গ্রহণ, -পরিগ্রহ** — বিবাহ।

**-দার** [ফা] ওয়ালা। যুক্ত, বিশিষ্ট ('চুড়ি-, নকশা-, মজা-')। মালিক, অধিকারী, অধ্যক্ষ ('জমি-, থানা-')। পাত্র ('দেনা-, পাওনা-')। বৃত্তিযুক্ত, ব্যবসায়ী, কর্মচারী ('বাজন-, দোকান-, জমা-')। ... ষ্য. **-দারি**]। ... ণ. **-দারী**]

**দারক**—পুত্র। ভেদক। ... স্ত্রী. **দারিকা**।

**দারণ** — বিদারণ, ভেদন। বিদারক অস্ত্র। ... ণ. **দারিত**।

**দারব** — দারুময়, কাষ্ঠনির্মিত।

**দারা** (দার দেখ)

**দারিকা** — কন্যা ('ভর্তৃ-')

**দারিদ্র্য, দারিদ্র** — দরিদ্রতা, নির্ধনতা।

**দারু ১** — কাষ্ঠ। (§ দারব)। ... **দারু-চিনি / দারচিনি**] বৃক্ষ বিঃএর সুগন্ধ মিষ্টস্বাদ ত্বক (মসলা)। ... **দারুজ** — কাষ্ঠনির্মিত। কাষ্ঠ হইতে উৎপন্ন। ... **দারুব্রহ্ম** — জগন্নাথের দারুময় মূর্তি।

**দারু ২** [ফা] মদ্য।

**দারুণ** — অতিশয়, উগ্র, দুঃসহ ('— গ্রীষ্ম, কষ্ট')। কঠোর, নিষ্ঠুর ('— বাক্য')

**দারোগা** [তু] পুলিসের সাবইনস্পেকটার।

**দারোয়ান** (দরো- দেখ)

**দার্ঢ্য** — দৃঢ়তা, স্থিরতা। কঠোরতা।

**দার্শনিক** — দর্শনশাস্ত্র সম্বন্ধীয়। ঐ শাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি।

**দাল** [<দালি] (দাইল প্রাঅপ্রঃ) ডাল, মুগ মসুর কলাই ইঃ। ... **দালপুরী**] —দালবাঁটার পুর দিয়া তৈরী পুরী।

**দালমুট**] ভাজা ছোলার দাল বা দানা।

**দালান** [ফা] পাকা বাড়ি। মণ্ডপতুল্য ঘর ('পূজার—')। বারান্দা। দরদালান।

**দালাল** [আ. দাল্লাল] যে ব্যক্তি ক্রেতার সহিত বিক্রেতার যোগ ঘটায়। ক্রেতৃ-সংগ্রহকারী। ... **দালালি**] দালালের কাজ। দালালের পারিশ্রমিক, দস্তুরি।

**দাশ** — ধীবর। বৈদ্যবংশের উপাধি বিঃ।

**দাশরথি, দাশরথ** — দশরথপুত্র, রাম।

**দাশরাজ** — মহাভারতে কৈবর্তরাজ, সত্যবতীর পিতা।

**দাস** — চাকর, ভৃত্য। ক্রীতদাস ('-ব্যবসায়ী')। অধীন ('অবস্থার —')। প্রাচীন অনার্য জাতি, দস্যু। ধীবর। হিন্দুর উপাধি বিঃ। (§ দাস্য)। ... স্ত্রী. **দাসী**। ... ষ্য. **দাসত্ব**। ... **দাস-খত**] দাসত্ব করিবার প্রতিশ্রুতিপত্র। ... **দাসমনোভাব** — দাসের তুল্য অন্ধভাবে আপনাকে অন্যের বশবর্তী ও তদপেক্ষা নিকৃষ্ট মনে করা, slave mentality.

**দাসানুদাস** — দাসের দাস।

**দাসীপুত্র** — দাসীর গর্ভজাত পুত্র। ইহা একটি গালি।

**দাসীবৃত্তি** — চাকরানীর কাজ।

**দাসেয়, দাসের** — দাসীর গর্ভজাত পুত্র।

**দাস্ত** [ফা. দস্ত্] মলত্যাগ, ভেদ ('— হওয়া')

**দাস্য** — দাসত্ব, দাসের ভাব।

ভগবানের উপাসনা। ... **দাস্যবৃত্তি** — দাসত্ব, চাকরি।

**দাহ** — দহন, জ্বলন, পোড়া ('গৃহ-')। মৃতসৎকার, শবদাহ। উত্তাপ ('জ্বরের —')। জ্বালা, যন্ত্রণা ('ক্ষতের, শোকের —। গাত্র-')। ... **দাহক** — যে পোড়ায়। জ্বালাকর। ... স্ত্রী. **দাহিকা**। ... **দাহঘ্ন** — যাহা জ্বালা বা দেহের তাপ দূর করে। ... **দাহজ্বর** — যে জ্বরে দেহের তাপ ও জ্বালা অধিক হয়।

**দাহন** — ষ্য. দগ্ধ করণ, পোড়ানো, সন্তাপন। ...ণ. **দাহক**। ...ণ. **দাহিত**।

**দাহিকা** — দহনকারিণী।

**দাহী** (-হিন্) — দাহক।

**দাহ্য** — দহনীয়, দহনযোগ্য, যাহা পুড়িতে পারে।

**দিক্** (দিশ্) — (স্ত্রী) উত্তর দক্ষিণ ইঃ (দশদিক্ দেখ)। আভিমুখ্য ('আমার দিকে')। পার্শ্ব, সীমা ('বাঁ-। চৌদিকে')। অংশ, তরফ, পক্ষ ('কার দিকে, কোন্ —')। প্রদেশ, স্থান ('সে দিকে')। (§ দিশা)। ... **দিক্চক্র** — মণ্ডলাকার, দিক্সমূহ, চক্রবাল। ... **দিক্পতি, -পাল** — অষ্ট দিকের অধিষ্ঠাত্রী দেবতা, ইন্দ্র অগ্নি যম ইঃ, লোকপাল। ... **দিক্শূল** — গ্রহাদির অবস্থানজনিত দিগ্‌বিশেষে যাত্রাদোষ।

**দিক** [আ] বিরক্ত, উত্ত্যক্ত। ... **দিকদারি**] বিরক্তি।

**দিগকে / দিকে, দিগের / দের**] (পঃচ দেখ)

**দিগঙ্গনা, দিগ্‌বধূ** — অষ্টদিকের অধিবাসিনী দিব্যাঙ্গনা।

**দিগন্ত** — দিকের প্রান্ত। ক্ষিতিজ, চক্রবাল (দেখ)

**দিগম্বর** — বস্ত্রহীন, উলঙ্গ। শিব। জৈন-সম্প্রদায় বিঃ। ... স্ত্রী. **দিগম্বরী**।

**দিগর** [ফা] গণ, প্রভৃতি (আদালতী ভাষায়)

**দিগ্‌গজ** — ঐরাবত পুণ্ডরীক ইঃ দিগ্-রক্ষক অষ্ট হস্তী, দিঙ্‌নাগ। (বাং) মস্ত বড়, প্রখ্যাত ('—পণ্ডিত। বিদ্যা-')

**দিগ্‌দর্শন** — দিক্ নির্ণয় বা প্রদর্শন। কোনও বিষয় সম্বন্ধে মোটামুটি আলোচনা বা নির্দেশ।...**দিগ্‌দর্শী** (-র্শিন্) — যে দিক্ দেখে বা দেখায়। দিগ্-দর্শন যন্ত্র।

**দিগ্ধ** — লিপ্ত, মিশ্রিত ('বিষ-')

**দিগ্‌বলয়** — দিক্চক্র দিগন্তে যেখানে নভোরেখা বলয়িত হইয়া দেখা যায়।

**দিগ্‌বসন** — দিগম্বর। ... স্ত্রী. **-বসনা**।

**দিগ্‌বিজয়** — যুদ্ধদ্বারা সর্বদিক্ বা নানাদেশ জয়। ... **দিগ্‌বিজয়ী** (-য়িন্) — যে তাহা করে।

**দিগ্‌বিদিক্** — দিক্ ও বিদিক্ (বিদিক্ দেখ)। কিংকর্তব্য, ভালমন্দ ('-জ্ঞান-শূন্য')

**দিগ্‌ভ্রম** — দিঙ্‌নির্ণয়ে ভ্রম। ... ণ. **-ভ্রান্ত**।

**দিঘল, দী-**] < দীর্ঘ, লম্বা।

**দিঘি, দীঘি**] < দীর্ঘিকা, লম্বা বা বড় পুকুর।

**দিঙ্‌নাগ** — দিগ্‌গজ।

**দিঙ্‌নির্ণয়** — দিক ঠিক করা।

**দিঙ্‌মণ্ডল** — দিক্চক্র (দেখ)

**দিঙ্‌মূঢ়** — দিগ্‌ভ্রান্ত।

**দিঠি**] < দৃষ্টি (পদ্যে)

**দিতি** — দৈত্যগণের জননী, কশ্যপপত্নী বিঃ।

**দিৎসা** — দান করিবার ইচ্ছা। ... **দিৎসু** — দান করিতে ইচ্ছুক।

**দিদি**] জ্যেষ্ঠা ভগিনী। পিতামহী মাতা-

মহী পৌত্রী দৌহিত্রী ভগিনী বা তৎস্থানীয়াকে সম্বোধন। ... **দিদিমা**] মাতামহী। ... **দিদিমণি** — আধুনিককালে শিক্ষয়িত্রীদের উদ্দেশে ছাত্রীদের সম্বোধন শব্দ।

**দিদৃক্ষা** — দেখিবার ইচ্ছা। ... **দিদৃক্ষমাণ, দিদৃক্ষু** — দেখিতে ইচ্ছুক।

**দিধক্ষু** — দহনেচ্ছুক।

**দিধিষু** — দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রীর স্বামী। ... **দিধিষূ, -ষু** — যে স্ত্রীর দ্বিতীয়বার বিবাহ হইয়াছে, পুনর্ভূ।

**দিন**—দিবস, দিবা, দিনমান, সূর্যের উদয় হইতে অস্ত পর্যন্ত কাল ('নিশি-। -রাত, -ক্ষেপ, -যাপন')। অহোরাত্র ('তিন —')। (§ দৈন, দৈনিক)। ... **দিনকর, -নাথ, -পতি** — সূর্য। ... **দিনকাল** — সময় ও অবস্থা ('যে — পড়েছে')। ... **দিন দিন** — প্রতিদিন। ... **দিনপাত** — কালযাপন। ... **দিনমান** — দিনের বেলা, দিবাভাগ। দিবার পরিমাণ। ... **দিনমজুর**] যে মজুর দিন হিসাবে শ্রমের পারিশ্রমিক লয়।

**দিনান্ত** — দিনের শেষ, সায়ংকাল।

**দিনিকা** — দৈনিক মজুরি।

**দিনেমার** [ ফ্রেঞ্চ Danemark ] ডেনমার্ক দেশের লোক।

**দিনেশ** — সূর্য।

**দিবস** — দিনমান।

**দিবসী**]—মৃতব্যক্তির মৃত্যুদিবস পালন। সাংবাৎসরিক শ্রাদ্ধ।

**দিবা** — দিনমান। ... **দিবাকর** — সূর্য। ... **দিবানিশি** [ < দিবানিশ ], **দিবারাত্র** — দিনরাত। ... **দিবাভাগ** — দিবাকাল, দিনমান। ... **দিবাস্বপ্ন** — আকাশকুসুম রচনা। (সং) দিবানিদ্রা।

**দিব্য**—ণ. স্বর্গীয়, অলৌকিক। সুন্দর। ... ষ্য. শপথ। প্রাচীন বরেন্দ্রভূমির কৈবর্ত-জাতীয় রাজা বিঃ। ... **দিব্যচক্ষু** [ < -চক্ষুঃ ( -চক্ষুস্ ], ... **দিব্যনেত্র** — অলৌকিক দৃষ্টিশক্তি যাহার দ্বারা অতীন্দ্রিয় বিষয় দৃষ্টিগোচর হয়। ... **দিব্যজ্ঞান** — অলৌকিক জ্ঞান। ... **দিব্যাঙ্গনা** — অপ্সরা।

**"দিব্যি"**] < দিব্য। ণ. সুন্দর ('— চেহারা')। ষ্য. শপথ ('মা-কালীর —')

**দিয়া / দিয়ে**] দ্বারা ('চাকর, ছুরি —')। সংযোগে ('দই — চিঁড়া')। অনুসরণ করিয়া, তৎপথে ('রাস্তা, জানালা, পূর্বদিক্ —')। (পঃচ দেখ)

**দিয়াড়ি**] — দেউটি, দীপাবলী (প্রা-সা)

**দিয়াশলাই / দেশলাই**] < দীপশলাকা, যে কাঠি ঘষিয়া আগুন জ্বালা হয়।

**দিল** [ ফা ] মন, হৃদয়। ... **দিলখোশ**] প্রফুল্লচিত্ত। যাহা মন প্রফুল্ল করে। ... **দিলদরাজ**] [ ফা ] — উদারচিত্ত। ... **দিলদরিয়া**] যাহার মন সমুদ্রতুল্য উদার, বদান্য, মুক্তপ্রাণ। ... **দিলদার**] হৃদয়বান্, মহানুভাব।

**দিলাসা** [ ফা ] — সান্ত্বনা, ভরসা।

**দিল্লী**] — ভারতের রাজধানী।

**দিল্লীশ্বর** — দিল্লীর বাদশা।

**দিশপাশ**] দৃষ্টিসীমা; কূলকিনারা; নির্ধারণ ('কাজের — নেই')

**দিশা** (স্ত্রী.) — **দিশে**] দিক্। সন্ধান, উপায় ('— পাওয়া')। ... **দিশারী**] দিগ্‌দর্শক। ... **দিশারা/দিশে-**] দিগ্‌-ভ্রান্ত।

**দিশি**] — দিক্ (পদ্যে)। ... **দিশিদিশি** — দিকেদিকে।

**দিস্তা / দিস্তে** [ ফা. দস্তহ্- ] ২৪ তা (কাগজ), quire. ডাঁটি, মুষল ('হামান-

দিস্তা')। ... **দিস্তাপড়া / দিস্তে-]** যাহা মোট-বাঁধা থাকিয়া খারাপ হইয়া গিয়াছে ('— কাপড়')

**দীক্ষা** — মন্ত্রোপদেশ, ব্রতসাধনে নিয়োগ ('গুরুর নিকট — গ্রহণ। বৈষ্ণবধর্মে, স্বাধীনতার মন্ত্রে —')। ... **দীক্ষাগুরু** —মন্ত্রদাতা, ব্রতগ্রহণে যে প্রবৃত্ত করে। ... **দীক্ষক** — দীক্ষাদাতা। ... **দীক্ষণীয়** — দীক্ষার যোগ্য। **দীক্ষিত** — যে দীক্ষা পাইয়াছে।

**দীঘ]** — দৈর্ঘ্য। (প্রা-সা)

**দীঘল** (দিঘল দেখ)

**দীঘি** (দিঘি দেখ)

**দীধিতি** — আলোক, কিরণ।

**দীন ১** — দরিদ্র, অভাবযুক্ত। করুণ ('-নয়ন, -বচন')। হীন। ... স্ত্রী. **দীনা**। (§ দৈন, দৈন্য)। **দীনতা** — দারিদ্র্য দৈন্য। অভাব ('বুদ্ধির —')। ... **দীন-নাথ, -বন্ধু, -শরণ** — দীনের আশ্রয়। ভগবান্। **দীনহীন** — অতি দরিদ্র।

**দীন ২** [আ] ধর্ম ('-দুনিয়ার মালিক')

**দীনার** [আ] প্রাচীন স্বর্ণমুদ্রা বিঃ।

**দীপ** — প্রদীপ। ... **দীপমালা** — দীপশ্রেণী। ... **দীপশলাকা** — দিয়াশলাই। ... **দীপশিখা** — প্রদীপের শিষ।

**দীপক** — ণ. দীপ্তিকর, প্রকাশক। উদ্দীপক, উত্তেজক। ... ষ্য. প্রদীপ। সংগীতের রাগ বিঃ।

**দীপন** — আলোকিত করণ। উদ্দীপন, উত্তেজন। (§ দীপিত)

**দীপাধার** — পিলসুজ।

**দীপান্বিতা** — দেওয়ালির রাত্রি।

**দীপাবলী, দীপালী, -লি** — দেওয়ালি, আশ্বিনী অমাবস্যায় বা কালীপূজা উপলক্ষ্যে দীপোৎসব। দীপমালা।

**দীপিকা**—প্রকাশিকা। প্রদীপ। জ্যোৎস্না।

**দীপিত** — জ্বালিত। উদ্ভাসিত। উত্তেজিত।

**দীপ্ত** — জ্বলিত। আলোকিত, উজ্জ্বল। তেজোময়। ... **দীপ্তি** — আলোক, প্রভা, দ্যুতি; কান্তি ('-মান্, -মতী')

**দীপ্যমান** — জ্বলন্ত, ভাস্বর। উজ্জ্বল। শোভমান। প্রকাশমান।

**দীপ্র** — দীপ্যমান। তীক্ষ্ণ। গণিত।

**দীয়মান** — যাহা দেওয়া হইতেছে।

**দীর্ঘ** — লম্বা, বিস্তৃত, ব্যাপক ('-কায়। — অবসর, কাল, পথ')। (ব্যাকরণে) দ্বিমাত্র স্বর (যথা আ ঈ এ)। (§ দৈর্ঘ্য)। ... **দীর্ঘগ্রীব**—উষ্ট্র, জিরাফ। ... **দীর্ঘত্রিপদী** — ছন্দ বিঃ — তিনটি আটমাত্রার পর্বে গঠিত ছন্দ। ... **দীর্ঘ-চৌপদী** — চারটি আটমাত্রার পর্বে গঠিত ছন্দ। ... **দীর্ঘজীবী** (-বিন্) — যে বহু কাল বাঁচে। ... **দীর্ঘদর্শী** (-র্শিন্) — দূরদর্শী। ... **দীর্ঘনাস** যাহার নাক বড়। ... **দীর্ঘনিঃশ্বাস** — দুঃখসূচক সশব্দ নিঃশ্বাস। দীর্ঘক্ষণ-ব্যাপী নিঃশ্বাস। ... **দীর্ঘপাদ** — যাহার পা লম্বা। ... **দীর্ঘমেয়াদী** — বহুদিনব্যাপী। ... **দীর্ঘরোমা** (-মন্) — যাহার রোম বড় বড়। ভল্লুক। ... **দীর্ঘসূত্র, -সূত্রী** (-ত্রিন্) — যে কাজ করিতে দেরি করে, চিরক্রিয়। ... ষ্য. **দীর্ঘসূত্রতা**। ... **দীর্ঘায়ু** [ < -য়ুঃ (য়ুস্) **দীর্ঘজীবী**।

**দীর্ঘিকা** — দিঘি।

**দীর্ণ** — বিদীর্ণ, ভগ্ন, ফাটা। ভীত।

**দুঅজ]** — দ্বিতীয় (প্রা-সা)

**দুআনি, দোআনি]** দুই আনা মূল্যের মুদ্রা। (আনি দেখ)

**দুই]** < দ্বি, অঙ্ক। উভয় ('—সমান')।

... **দুই / দু**] ২ পরিমাণ ('দুইটা, দুটো, দুই দিন, দুদিন। দুনলা, দুমুখো, দুয়সা, দুকোড়ি।

**"দুও, দুয়ো"**] ধিক্কারসূচক উক্তি ('— দেওয়া')। (দুয়া দেখ)

**দুঃ-** (দুর্, দুস্) — দোষ নিন্দা নিষেধ দুঃখ ইঃ সূচক উপসর্গ।

**দুঃখ**—দুখ, মনস্তাপ, কষ্ট ('—পাওয়া')। খেদ ('— করা')। ... **দুঃখার্ত**—দুঃখে কাতর। ... **দুঃখিত**—দুঃখপ্রাপ্ত। ক্ষুণ্ণ। ... **দুঃখী** (-খিন্)—**দুখী**] যে দুঃখ ভোগ করে। গরিব। ... স্ত্রী. **দুঃখিনী —দুখিনী**]

**দুঃশাসন** — যাহাকে শাসন করা কঠিন। দুর্যোধনের মধ্যম ভ্রাতা।

**দুঃশীল**—দুশ্চরিত্র। ... স্ত্রী. **লা**।

**দুঃশ্রব** — যাহা শুনিতে পাওয়া শক্ত। যাহা শুনিলে দুঃখ হয়। যাহার শব্দ ক্লেশকর।

**দুঃসময়**—দুঃখের সময়, দুর্দিন। অকাল, মন্দদশা।

**দুঃসহ** — যাহা সহা ক্লেশকর, অসহ্য। —দুর্বিষহ।

**দুঃসাধ্য** — কষ্টসাধ্য, অসাধ্য ('—কর্ম')। অপ্রতিকার্য, দুরারোগ্য, অচিকিৎস্য ('— ব্যাধি')

**দুঃসাহস** — অসম, অবিবেচিত বা অনুচিত সাহস। ... ণ. **দুঃসাহসিক**। **দুঃসাহসী** ( -সিন্)

**দুঃস্থ**, দুস্থ, দুঃস্থিত, **দুস্থিত** — দুঃখে অবস্থিত, দুর্দশাগ্রস্ত।...ষ্য. দুঃস্থিতি, **দুস্থিতি**।

**দুঃস্পর্শ**—যাহা স্পর্শ করা কষ্টকর।

**দুঃস্বপ্ন** — অশুভঘটনার স্বপ্ন।

**দুকানকাটা** — নির্লজ্জ।

**দুকূল** — রেশমী কাপড়। ক্ষৌমবস্ত্র। সূক্ষ্ম বস্ত্র। শুভ্র বস্ত্র।

**দুখ, দুখী** (দুঃখ দেখ)

**দুগ্ধ** — দুধ, ক্ষীর, পয়ঃ, স্তন্য, ঔধন্য। ... **দুগ্ধধবল** — দুধের মতো সাদা। ... **দুগ্ধপোষ্য** — যাহাকে দুধ খাওয়াইয়া পালন করিতে হয় ('— শিশু')। ... **দুগ্ধফেননিভ** — দুধের ফেনার তুল্য সাদা ('— শয্যা')। ... **দুগ্ধবতী** — পয়স্বিনী, দুধালো ('— গাভী')

**দুচাল** (দোচালা দেখ)

**দুচোখো**] — দু চোখে যাহা কিছু পড়ে তাহারই উদ্দেশে।

**দুটানা** (দোটানা দেখ)

**দুড়দুড়**] দ্রুত পদক্ষেপ মেঘের ডাক হৃৎপিণ্ডের স্পন্দন ইঃর শব্দ ('— ক'রে চলা। মেঘ, বুক — করা')

**দুড়ুম**] বন্দুক ইঃর শব্দ। ভারী জিনিস পড়িবার শব্দ ('— ক'রে আছাড় খাওয়া'। জোরে — দড়াম])

**দুৎ**] ধুৎ, ধেৎ, দূর (দেখ)

**দুঁদে**] দুর্দান্ত, দুরন্ত।

**দুধ**] < দুগ্ধ। ('— ছেঁড়া' — দুধ বিকৃত হওয়া বা কাটিয়া যাওয়া। '— তোলা'—শিশুর দুগ্ধ বমন করা। '— দোহা, জ্বাল দেওয়া')। ... **দুধকলমা** —এক প্রকার ধান্য। ... **দুধদাঁত, দুধে-**] শিশুর দাঁত যাহা পড়িয়া গেলে পরে অন্য দাঁত ওঠে।

**দুধে আলতা**] — দুধের সঙ্গে আলতার রঙ মিশাইয়া যে বর্ণ হয়। (বর্ণের বিশেষণ)

**দুধেভাতে** — লক্ষ্যার্থে অভাবাতীত সচ্ছল অবস্থায়।

**দুধারী**, দো-] দুই পার্শ্বস্থ। দুই ধার বিশিষ্ট, দ্বিধার ('—তলোয়ার')

**দুধালো, দুধলো**] দুগ্ধবতী ('— গাই')

**দুন**] বাদ্যের দ্রুত তাল, একমাত্রার কালে দুই মাত্রা বাজানো।

**দুনা/দুনো**] < দ্বিগুণ, ডবল।

**দুনি**] < দ্রোণী, ডোঙগা, জলসেচনের সরঞ্জাম।

**দুনিয়া** [আ] জগৎ। ... **দুনিয়াদারি**] সাংসারিক জ্ঞান। সংসারধর্ম। স্বার্থপর বিষয়বুদ্ধি।

**দুন্দুভি** — দামামা-জাতীয় প্রচীন বাদ্য বিঃ। (ধন্যাত্মক শব্দ)

**দুপ**] ধুপ (ধপ্ দেখ), পদশব্দ। (বার বার — দুপদাপ])

**দুপুর, দুপর**] < দ্বিপ্রহর, মধ্যাহ্ন বা মধ্যরাত্র ('— বেলা। রাত —')

**দুবরী**] — দুর্বলা (প্রা—সা)

**দুবলা**] — দুর্বা (প্রা—সা) দুর্বলা।

**দুভাপা**] — দুইবার সিদ্ধ করা বা ভাপ দেওয়া (চাউল)

**দুভাষী** (দো- দেখ)

**দুম**] দুড়ুম (দেখ)। ('—ক'রে বন্দুক ছোড়া, কিল মারা'। বার বার—দুমদুম, দুমদাম])

**দুমড়া / দোমড়া**] বক্র, মোচড়া। ... **দুমড়ানো/দুমড়নো**, দোমড়ানো, [√ দুমড়া-১৯] বাঁকানো, মুচড়ানো। ভাঁজ করা।

**দুমনা/দোমনা**] < দ্বিমনা, দ্বিধাগ্রস্ত।

**দুমুখো**] দুই মুখ বিশিষ্ট।

**দুমুঠো**] — অল্প পরিমাণ।

**দুমেটে, দোমেটে**] যাহাতে দুইবার মাটির লেপ দেওয়া হইয়াছে।

**দুম্বা** [ফা. দুম্বহ] ভেড়ার জাতি বিঃ (চর্বিযুক্ত মোটা ছোট লেজ), গাড়ল।

**দুয়া/দুয়ো**] < দুর্ভাগা, স্বামীর অপ্রিয়া। ... **দুয়োরাণী** — উপকথায় রাজার উপেক্ষিতা রানী।

**দুয়ার / দোর**] < দ্বার, দরজা।

দুয়ো (দুও, দুয়া দেখ)

দুর্- (দুঃ- দেখ)

**দুরক্ষ** — কপট পাশাখেলা।

**দুরক্ষর** — পরুষভাষণ।

**দুরতিক্রমণ** — কষ্টে উত্তরণ। ... **দুরতিক্রম, -ক্রমণীয়, -ক্রম্য** — যাহা কষ্টে অতিক্রম করা যায়, দুর্লঙ্ঘ, দুস্তর ('— **পথ**, বাধা')

**দুরত্যয়** — দুরতিক্রম, দুর্লঙ্ঘ।

**দুরদুর**] দুড়দুড় দেখ। ('বুক—করা')। পদ্যে — দুরুদুরু]। ('হিয়া —')

**দুরদৃষ্ট** — ষ্য. মন্দ ভাগ্য। ... ণ. **মন্দ**-ভাগ্যযুক্ত।

**দুরধিগম** — যাহা কষ্টে পাওয়া যায়, দুর্লভ। দুর্গম। দুর্জ্ঞেয়।

**দুরধ্যয়** — দুষ্পাঠ্য। দুঃসাধ্য। যাহা পড়িতে ক্লেশ হয়।

**দুরন্ত** — দুষ্ট, অশান্ত ('— ছেলে')। দুর্দান্ত। দুর্দমনীয় ('— ব্যাধি')। ... **দরন্তপনা**] দুষ্টামি, দৌরাত্ম্য।

**দুরন্বয়** — ষ্য. দুষ্ট অন্বয়; বাক্যে কর্তা কর্ম ক্রিয়াদির অনর্থক বিপর্যয় (যথা 'যাচ্ছিল সে এলিয়ে খোঁপা কাঁধে')। ... ণ. ঐ দোষযুক্ত। দুর্গম। দুর্বোধ।

**দুরপনেয়** — যাহার অপনয়ন **দুঃসাধ্য**, দুর্মোচনীয় ('— কলঙ্ক')

**দুরবগম** — দুরধিগম (দেখ)

**দুরবগাহ** — যাহাতে অবগাহন বা **প্রবেশ** দুঃসাধ্য। দুর্গম। দুর্বোধ।

**দুরবস্থ**—দুর্দশাপন্ন, যাহার অবস্থা **মন্দ**। দরিদ্র। ... ষ্য. **দুরবস্থা**।

দুরবীন, **দুরবীন**] — দূরবীক্ষণ **যন্ত্র**।

**দুরভিগ্রহ** — যাহার গ্রহণ দুঃসাধ্য। দুর্জ্ঞেয়।

**দুরভিসন্ধি** — খারাপ মতলব।

**দুরমুশ** ] রাস্তা ইঃ পিটিবার মুষল। তাহাদ্বারা পেটাই ('— করা')

**দুরস্ত** [ ফা. দুরস্ত্ ] ঠিক্, নির্ভুল। গোছালো, পরিপাটি ('কায়দা-, লেফাফা-')। সংশোধিত, সংযত, শাসিত ('ছেলেকে — করা')

**দুরাকাঙ্ক্ষা** — দুরাশা, দুষ্প্রাপ্য বিষয়ে আকাঙ্ক্ষা। ... **দুরাকাঙ্ক্ষ** — যে দুরাশা করে। যে নিজের শক্তিসামর্থ্যের অনায়াত্ত বস্তুর প্রত্যাশা করে।

**দুরাক্রম** — যাহা আক্রমণ করা দুঃসাধ্য।

**দুরাগ্রহ** — ষ্য. দুষ্ট বা দুর্লভ বিষয়ে আগ্রহ। ... ণ. ঐ প্রকার আগ্রহযুক্ত।

**দুরাচার** — ষ্য. দুর্বৃত্ততা। কদাচার। ... ণ. দুর্বৃত্ত, পাপাত্মা। কদাচারী।

**দুরাত্মা** ( -ত্মন্ ) — দুষ্টস্বভাব, পাপাত্মা। নির্দয়। ( § দৌরাত্ম্য )

**দুরাধর্ষ** — দুর্ধর্ষ, দুর্দম।

**দুরাপ** — দুর্লভ।

**দুরারোগ্য** — যাহার আরোগ্য দুঃসাধ্য, দুশ্চিকিৎস্য।

**দুরারোহ** — যাহাতে আরোহণ করা দুঃসাধ্য। দুর্গম।

**দুরালভা** — আলকুশীলতা।

**দুরালাপ** — ষ্য. দুষ্ট আলাপ। ... ণ. দুষ্টভাষী।

**দুরাশয়** — ষ্য. দুরভিসন্ধি, খারাপ মতলব। ... ণ. দুরভিসন্ধিযুক্ত, পাপাশয়।

**দুরাশা** — দুষ্প্রাপ্য বিষয়ের আশা।

**দুরাসদ** — দুর্ধর্ষ। দুষ্প্রাপ্য। দুজ্ঞেয়।

**দুরি** ] দুই ফোঁটা চিহ্নিত তাস।

**দুরিত** — ষ্য. পাপ। অনিষ্ট। ণ. পাপিষ্ঠ।

**দুরিতহারিণী** — পাপবিনাশিনী।

**দুরুক্তি** — কটু বাক্য।

**দুরুচ্চার্য** — যাহার উচ্চারণ কষ্টকর।

**দুরুত্তর** — যাহা সহজে পার হওয়া যায় না।

**দুরুদুরু** (দুরদুর দেখ)

**দুরূহ** — কষ্টসাধ্য, কঠিন। দুর্বোধ।

**দুর্গ** — যে স্থানে শত্রুসৈন্যের আগমন দুঃসাধ্য, কেল্লা, গড়।

**দুর্গত** — দুর্দশাপন্ন।

**দুর্গতি** — দুর্দশা; নরকগতি ('-নাশিনী')

**দুর্গন্ধ** — খারাপ গন্ধ। ... **দুর্গন্ধ, দুর্গন্ধী** ( -ন্ধিন্ ) — খারাপ গন্ধযুক্ত। ( § দৌর্গন্ধ)

**দুর্গম** — যেখানে যাওয়া কষ্টকর বা দুঃসাধ্য। দুজ্ঞেয়, দুর্বোধ।

**দুর্গা** — ভগবতীর মূর্তি বিঃ, দশভুজা। ... **দুর্গোৎসব** — দুর্গাপূজার উৎসব।

**দুর্গ্রহ** — ষ্য. দুষ্ট গ্রহ। ণ. দুরধিগম।

**দুর্ঘট** — যাহা ঘটা শক্ত। যাহার ঘটিবার সম্ভাবনা অল্প।

**দুর্ঘটনা** — অশুভ ঘটনা, বিপদ্। আকস্মিক বিপদ।

**দুর্জন** — দুষ্ট ব্যক্তি, দুরাত্মা। ( § দৌর্জন্য)

**দুর্জয়** — যাহাকে জয় বা দমন করা দুঃসাধ্য ('— অরি, ক্রোধ, অভিমান')

**দুর্জ্ঞেয়** — যাহা জানা দুঃসাধ্য, দুর্বোধ। যাহা উপলব্ধি করা সহজ নয়।

**দুর্দম, দুর্দমনীয়, দুর্দম্য** — যাহাকে দমন করা দুঃসাধ্য, দুর্দান্ত, দুরন্ত ('— ক্রোধ, শত্রু')

**দুর্দশা** — দুঃখজনক অবস্থা, দুরবস্থা, দুর্গতি।

**দুর্দান্ত** — দুর্দমনীয়, দুরন্ত।

**দুর্দিন** — দুঃসময়, বিপৎকাল। দুর্যোগ, ঝড় বৃষ্টি ইত্যাদির দ্বারা অস্বস্তিকর বা মেঘাচ্ছন্ন দিন।

**দুর্দৈব** — মন্দ ভাগ্য, দুরদৃষ্ট। দুর্ঘটনা।

**দুর্ধর্ষ** — যাহাকে পরাজিত বা জব্দ করা

দুঃসাধ্য।
**দুর্নাম** — অপযশ, অখ্যাতি, বদনাম।
**দুর্নিবার** — যাহাকে রোধ করা দুঃসাধ্য।
**দুর্নিমিত্ত** — অশুভ লক্ষণ।
**দুর্নিরীক্ষ্য** — যাহাকে নিরীক্ষণ করা কষ্টকর (যথা মধ্যাহ্নসূর্য)
**দুর্নীত** — দুর্নীতিপরায়ণ, দুঃশীল। ... **দুর্নীতি, দুর্নীত** — অসদাচরণ, কুনীতি।
**দুর্বচ** (চস্) — কটুভাষণ।
**দুর্বৎসর** — যে বৎসরে অনিষ্ট ঘটে। যে বৎসর দুঃখকষ্টে কাটে। কৃষিজীবীদের পক্ষে যে বৎসর অজন্মা হয়।
**দুর্বল** — হীনবল, অশক্ত, ক্ষীণ, রোগা। ... ষ্য. **-তা, দৌর্বল্য।**
**দুর্বহ**—যাহা বহন করা বা সহা দুঃসাধ্য ('— ভার, শোক, ক্লেশ')
**দুর্বাক্** (-র্বাচ্) — কটুভাষী। ... **দুর্বাক্য** — কটু বাক্য, গালি।
**দুর্বার** — দুর্নিবার, দুর্দমনীয়।
**দুর্বাসা** [ <-সাঃ (-সস্)] (মূঃ কুৎসিত বসনধারী) কোপনস্বভাব মুনি বিঃ।
**দুর্বিনীত** — অবিনয়ী, উদ্ধত; যে ভদ্র-ব্যবহার শেখে নাই। ... **দুর্বিনেয়** — দুর্দমনীয়।
**দুর্বিপাক** — দুর্যোগ। মন্দ পরিণাম।
**দুর্বিষহ** — দুঃসহ, অসহনীয়।
**দুর্বুদ্ধি** — ষ্য. অসৎ বুদ্ধি, কুমতি। বোকামি। যে বুদ্ধি অশুভকর। ... ণ. দুর্মতিশালী। বোকা।
**দুর্বৃত্ত** — দুর্জন, দুষ্টস্বভাব, দুরাত্মা।
**দুর্বোধ** — যাহা বুঝিতে পারা দুঃসাধ্য, দুজ্ঞেয়।
**দুর্ব্যবহার** – অসৎ, অশিষ্ট বা অভদ্র ব্যবহার।
**দুর্ভক্ষ্য** — যাহা খাওয়া কষ্টকর।
**দুর্ভগ** — যাহার ভাগ্য মন্দ। ... স্ত্রী. **-গা।**
**দুর্ভর** — দুর্বহ।
**দুর্ভাগা]** যাহার ভাগ্য মন্দ, অভাগা। ... স্ত্রী. **-গিনী]**
**দুর্ভাগ্য** — ষ্য. মন্দ ভাগ্য, দুরদৃষ্ট ('-ক্রমে')। ... ণ. ভাগ্যহীন, হতভাগা।
**দুর্ভাবনা** — দুশ্চিন্তা, অমঙ্গলাশঙ্কা, উদ্‌বেগ।
**দুর্ভিক্ষ** — দেশব্যাপী অন্নকষ্ট, আকাল। (তুঃ সুভিক্ষ)
**দুর্ভেদ্য** — যাহা ভেদ করা দুঃসাধ্য, দুষ্প্রবেশ ('— বর্ম, অন্ধকার, তত্ত্ব')
**দুর্মতি**—ষ্য. দুষ্টবুদ্ধি। বোকামি। ... **ণ.** দুষ্টবুদ্ধিশালী। **মন্দমতি,** বোকা। (দুর্বুদ্ধি দেখ)।
**দুর্মদ** — দুর্ধর্ষ। উন্মত্ত।
**দুর্মর** — যাহা সহজে মরে না। (নবরচিত)
**দুর্মনা** [ < -নাঃ (-নস্] দুর্ভাবনাগ্রস্ত। ... **দুর্মনায়মান** — যে দুশ্চিন্তা করিতেছে।
**দুর্মা** — দোমালা নারিকেল।
**দুর্মুখ** — কটুভাষী। অপ্রিয়সত্যবাদী। (ঠোঁট কাটা)
**দুর্মূল্য** — মহার্ঘ, আক্রা।
**দুর্মেধা** [< -ধাঃ ( -ধস্] যাহার মেধা বা স্মৃতিশক্তি মন্দ। দুর্বুদ্ধি।
**দুর্যোগ**—ঝড় বৃষ্টি ইঃর সময়। দুঃসময়, অশুভকাল।
**দুর্যোধন** — ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র।
**দুর্লক্ষণ**—ষ্য. অশুভ লক্ষণ। ... **ণ.** অশুভলক্ষণবিশিষ্ট। ... স্ত্রী. **-ণা।**
**দুর্লক্ষ্য** — যাহা লক্ষ্য করা বা **দেখিতে** পাওয়া দুঃসাধ্য।
**দুর্লঙ্ঘ** — যাহা লঙ্ঘন করা **দুঃসাধ্য** ('— পর্বত, সাগর, বিধি')
**দুর্লভ** — দুষ্প্রাপ্য। মহামূল্য।

**দুল**] (মুঃ যাহা দোলে) কর্ণভূষণ বিঃ।
**দুলকি**] ঘোড়ার চাল বিঃ। trot.
**দুলদুল** [আ] মহম্মদের জামাতা আলীর ঘোড়া (মহরমের শোভাযাত্রায় তাহার অনুকল্প বাহির করা হয়।)
**দুলহ**] — দুর্লভ (ব্রজবুলি)।
**দুলাভাই**] — ভগিনীপতি।
**দুলারী** — দুলালী, সোহাগিনী কন্যা।
**দুলা, দুলানো** (দোলা ২ দেখ)
**দুলাল**] আদরের পাত্র। আদুরে ছেলে, অতিশয় যত্নে প্রতিপালিত পুত্র। ... স্ত্রী. **দুলালী**]
**দুলি**] — কাছিম। (প্রা-সা)
**দুলিচা**] ছোট গালিচা।
**দুলে**] দোলা পাল্কি ইঃর বাহক, জাতি বিঃ।
**দুশমন** [ফা] শত্রু। ... ষ্য. **দুশমনি**]
**দুশ্চর** — যেখানে বিচরণ করা বা যাওয়া দুঃসাধ্য ('— অরণ্য')। যাহার আচরণ দুঃসাধ্য ('— তপস্যা')
**দুশ্চরিত, দুশ্চরিত্র,** — ণ. যাহার চরিত্র মন্দ। ... ষ্য. দুষ্ট চরিত্র, কুস্বভাব।
**দুশ্চিকিৎস্য** — দুরারোগ্য। চিকিৎসকের পক্ষে আরোগ্য করা দুঃসাধ্য।
**দুশ্চিন্তা** — দুর্ভাবনা (দেখ)
**দুশ্চেষ্টা** — অসাধ্য বা মন্দ কর্মে চেষ্টা। ... **দুশ্চেষ্টিত** — ণ. কুচেষ্টাযুক্ত। ... ষ্য. দুশ্চেষ্টা। কদাচরণ।
**দুশ্ছেদ্য** — যাহা ছেদন করা দুঃসাধ্য।
**দুষা** (দোষা দেখ)
**দুষ্কর** — দুঃসাধ্য।
**দুষ্কর্ম** (-র্মন্। ক্লী.) — কুকর্ম। ... **দুষ্কর্মা** (-র্মন্। পুং.) — কুকর্মকারী।
**দুষ্কার্য** — দুষ্কর্ম।
**দুষ্কাল** — অশুভকাল।
**দুষ্কুল** — ষ্য. অসৎ বা নীচ কুল। ... ণ. নীচকুলে জাত।
**দুষ্কৃত, দুষ্কৃতি** — ষ্য. দুষ্কার্য, পাপ। ... ণ. পাপী।
**দুষ্কৃতী** (-তিন্) — কুকর্মা পাপী।
**দুষ্ক্রিয়া** — কুকর্ম ('দুষ্ক্রিয়াসক্ত')
**দুষ্ট** — দোষযুক্ত, দূষিত, অসৎ, মন্দ ('— ব্যক্তি, চরিত্র')। অশুভ ('-গ্রহ')। অশান্ত, দুরন্ত, "দুষ্টু" ('— বালক') ... **দুষ্টব্রণ** — যে ব্রণ সহজে সারে না। ... স্ত্রী. **দুষ্টা**। — নষ্টা, ব্যভিচারিণী। ... **দুষ্টামি / দুষ্টুমি**] দুষ্টতা। দুরন্তপনা।
**দুষ্টি** — দোষ, বিকৃতি। (রক্তদুষ্টি)।
**দুষ্পচ** — দুষ্পাচ্য। ... ষ্য. **-তা**।
**দুষ্পাচ্য** — যাহা পরিপাক করা শক্ত, দুষ্পচ। ... ষ্য. **-তা**।
**দুষ্প্রবৃত্তি** — অসৎ প্রবৃত্তি।
**দুষ্প্রবেশ, দুষ্প্রবেশ্য** — যেখানে প্রবেশ করা দুঃসাধ্য।
**দুষ্প্রাপ্য, দুষ্প্রাপ** — যাহা সহজে পাওয়া যায় না, দুর্লভ।
**দুষ্মন্ত, দুষ্যন্ত** — চন্দ্রবংশীয় রাজা বিঃ, শকুন্তলার স্বামী।
**দুসুতি, দো-**] ডবল সুতায় বোনা কাপড়।
**দুস্তর** — যাহা পার হওয়া দুঃসাধ্য, দুর্লঙ্ঘ।
**দুস্থ, দুস্থিত, দুস্থিতি** (দুঃস্থ দেখ)
**দুহাতিয়া**] — দুই হাত প্রয়োগে। ডাইনে বাঁয়ে।
**দুহিতা** (-তৃ) — তনয়া, কন্যা।
**দুঁহু**] দুজনে (পদ্যে। প্রাঅপ্রঃ)
**দুহ্য, দোহ্য** — দোহনীয়। ... **দুহ্যমানা** — যাহাকে (গাভী, ছাগী ইত্যাদি) দোহন করা হইতেছে।
**দূত** — বার্তাবহ ('রাজ-, ভগ্ন-, মেঘ-')। চর। (§ দৌত্য)। ... স্ত্রী. **দূতী**।

**দূতিয়াল]** — দূতীর কাজ।

**দূন** — দুঃখিত, বিষণ্ণ।

**দূর** — ষ্য. অনৈকট্য, অন্তর, ব্যবধান। ('বহু দূরে, দূরদূরান্তে, দূরবর্তী')। ণ. অনিকট ('-দেশ, সু-')। দূরব্যাপী ('-দৃষ্টি')। বহিষ্কৃত, বিতাড়িত ('— করা')। দূরীভূত, অপগত ('—হওয়া') (অ.) অসম্মতি বিরক্তি লজ্জা অবজ্ঞা ইঃ সূচক ভর্ৎসনা, দূৎ, ধুৎ, ধেৎ। ... **দূরগ, দূরগামী** (-মিন্)—যে দূরে গিয়াছে বা যায়। ... **দূরতা, -ত্ব** — অনৈকট্য, ব্যবধান। ... **দূরদর্শন** — দূরদৃষ্টি। ... **দূরদর্শী** (-র্শিন্) — যে ভবিষ্যৎ ভাবিয়া কার্য অবধারণ করিতে পারে, পরিণাম সম্বন্ধে সতর্ক। বহুদর্শী, বিচক্ষণ। ... ষ্য. **-দর্শিতা**। ... **দূর দূর** — বিতাড়নসূচক, ভর্ৎসনা, দূর হ। ... **দূরদূরান্ত**—বহুদূরস্থ সীমা। ... **দূরদূরান্তর** — বহুদূরের ব্যবধান। ... **দূরদৃষ্টি** — পরিণাম সম্বন্ধে সতর্কতা। দূরব্যাপী বা দূর হইতে দৃষ্টি। ... **দূরবর্তী** (-র্তিন্) — দূরস্থিত। ... **দূরবীক্ষণ** — দূরবীন, দূরের বস্তু দেখিবার যন্ত্র, telescope. ... **দূরবীন** [ফা] দূরবীক্ষণ। ... **দূরস্থ, -স্থিত** — দূরবর্তী।

**দূরীকরণ** — বহিষ্করণ, অপসারণ, বিতাড়ন। ... ণ. **দূরীকৃত**।

**দূরীভবন** — অপসরণ, দূরে বিতাড়িত হওয়া। ... ণ. **দূরীভূত**।

**দূর্বা** — ঘাস বিঃ ('-দল')। ... **দূর্বাদল** —দূর্বাতৃণের পত্র। ... **দূর্বাষ্টমী** — ভাদ্রমাসের শুক্লাষ্টমী।

**দূষক** — যে দোষ দেয়, নিন্দক। ... স্ত্রী. **দূষিকা**।

**দূষণ** — ষ্য. দোষারোপ। দোষা। রামায়ণোক্ত রাক্ষস বিঃ, খরের ভ্রাতা। ... ণ. দূষক। ... **দূষণীয়, দূষ্য** — নিন্দনীয়। ... **দূষয়িতা** (-তৃ) — দূষক।

**দূষিত**—দোষপ্রাপ্ত, কলুষিত ('—জল')

**দৃক্** (দৃশ্) — চক্ষু। দৃষ্টি; জ্ঞান। ... **দৃক্‌পাত** — দৃষ্টিপাত। ভ্রূক্ষেপ, গ্রাহ্য বলিয়া বোধ ('কিছুতেই — করে না')। ... **দৃগ্‌বিজ্ঞান** — চক্ষু সম্বন্ধে জ্ঞাতব্য বিদ্যা। Optics.

**দৃঢ়** — শক্ত, কঠিন, মজবুত, আঁট ('— প্রস্তর, বন্ধন, মুষ্টি। -কায়')। অবিচলিত, অটল ('-চিত্ত, -নিশ্চয়, -প্রতিজ্ঞ, -ব্রত, -সংকল্প')। ... ষ্য. **দৃঢ়তা, দার্ঢ্য**। (§ দ্রঢ়িষ্ঠ)। ... **দৃঢ়নিশ্চয়** —অটল বিশ্বাস বা সিদ্ধান্ত যুক্ত। ... **দৃঢ়ীকরণ** — শক্ত করা। সুপ্রতিষ্ঠিত করণ। ... ণ. **দৃঢ়ীকৃত**। ... **দৃঢ়ীভবন**— শক্ত হওয়া। সুপ্রতিষ্ঠিত হওয়া। ... ণ. **দৃঢ়ীভূত**।

**দৃঢ়মূল** — মাটিতে যাহার শিকড় **শক্ত**।

**দৃপ্ত, দৃপ্র** — দর্পযুক্ত, উদ্ধত।

**দৃশদ্** — প্রস্তর।

**দৃশদ্‌বতী** — প্রাচীন নদী বিঃ (পশ্চিম পাকিস্তানে)।

**দৃশ্য** — ষ্য. দর্শনীয় বা দৃশ্যমান বিষয় ('প্রাকৃতিক, বীভৎস —')। পট ইঃ নির্মিত রঙ্গমঞ্চের সজ্জা, নাটকের গর্ভাঙ্ক। ... ণ. দর্শনীয়। ... **দৃশ্যকাব্য** — নাটক। ... **দৃশ্যপট** — থিয়েটারের সীন। ... **দৃশ্যমান** — যাহা দেখা যাইতেছে। ... **দৃশ্যসংগীত** — নৃত্য।

**দৃষ্ট**—যাহা দেখা হইয়াছে, লক্ষিত। ব্যক্ত। পরীক্ষিত। (বাং) দৃষ্টি ('এক-দৃষ্টে')। ... **দৃষ্টচর, -পূর্ব**—পূর্বে দৃষ্ট।

**দৃষ্টরজা** [ < -জাঃ ( -জস্ ] যে স্ত্রীর পুষ্পোদ্গম হইয়াছে, প্রাপ্তযৌবনা।
**দৃষ্টান্ত** — উদাহরণ, নিদর্শন। উপমান। ... **দৃষ্টান্তস্থল** — উদাহরণের বিষয়।
**দৃষ্টি** — দর্শন। জ্ঞান, বোধ ('সূক্ষ্ম-')। অবধান, নজর, লক্ষ ('—রাখা')। চক্ষু। ঈর্ষা বা লোভ সূচক দৃষ্টি ('—দেওয়া') অশুভ দৃষ্টি ('শনির —')। ... **দৃষ্টিগোচর** — চক্ষুর বিষয়ীভূত, নয়নপথবর্তী, দর্শনসাধ্য। ... **দৃষ্টিপথ** — যে দিকে চাওয়া হয়। ... **দৃষ্টিপাত** — দৃষ্টিনিক্ষেপ, চাওয়া ('— করা') **দৃষ্টিসুখ** — দেখিবার আনন্দ। ... **দৃষ্টি-হীন** — অন্ধ।
**দে** [ < দেব ] বাঙালী **হিন্দুর** উপাধি বিঃ।
**দেইজী** ] দায়াদ, জ্ঞাতি।
**দেউটি** [ <দীপবর্তিকা ] প্রদীপ। মশাল।
**দেউড়ি** [ < দেহলী ] বাটীর প্রবেশদ্বার। ধনিগৃহের ছাদযুক্ত তোরণ।
**দেউল** [ < দেবকুল ] দেবমন্দির।
**দেউলিয়া / দেউলে** [ < দেবকুলিক- ] স্বগৃহ হারাইয়া যে দেবালয়ে আশ্রয় লইয়াছে। নিঃসম্বল, যাহার ঋণশোধের সামর্থ্য নাই।
**দেওদার** ] — দেবদারুবৃক্ষ।
**দেওয়া** [ √দি-৪। < দা ] প্রদান করা ('টাকা, ধার, মেয়ে, উপাধি —')। যোগানো ('ভাত-কাপড় —')। উৎপন্ন করা ('গরু দুধ দেয়, প্রদীপ আলো দেয়')। মঞ্জুর করা; নিবারণ না করা ('অনুমতি, ছুটি, সময় —। পলাইতে —')। পাঠানো ('ডাকে, ধোবার বাড়ি —')। ন্যস্ত করা, সমর্পণ করা ('কাজ, ভার, দায়িত্ব—')। প্রয়োগ করা ('গাছে জল, উনানে আগুন, কাজে মন, কথায় কান—। দৃষ্টান্ত, ফাঁকি, প্রহার, চাপ, টান, শান, লাফ —')। ক্ষমতা প্রদর্শন করা ('পরীক্ষা, পাল্লা —')। বলা, জানানো ('সংবাদ, উত্তর, গালি, ধমক, শাপ, সাড়া, ডাক, ধন্যবাদ, পরিচয় —')। অনুষ্ঠান সম্পাদন বা শেষ করা ('পূজা, ভোজ, বিবাহ, বলি —। করাইয়া, বলিয়া, ছাড়িয়া, ফুঁকে —')। স্থাপন করা, বসানো, লাগানো ('রোদে —। বেড়া, প্রাচীর, গাছপালা, অন্নসত্র, গায়ে জামা, গানে সুর, আঁচড়—')। নিযুক্ত করা, প্রবিষ্ট করা ('স্কুলে, জেলে—')। লগ্ন বা বন্ধ করা ('তালা, ছিপি, কপাট—')। নিক্ষেপ বা বিসর্জন করা ('জলে, গোল্লায় —। প্রাণ, জাত —')। স্পর্শ করা ('হাত —')। ... ণ. প্রদত্ত ('দেওয়া জিনিস')। ... **দেওয়ানো** [ √দেওয়া-১৭ ] প্রদান করানো। সম্পাদন করানো ('বাড়ি করিয়ে —')
**দেওয়া-নেওয়া** ] — আদান-প্রদান।
**দেওয়ান** — [ ফা. দীবা.ন ] খাজনা ইঃ আদায়ের প্রধান কর্মচারী। রাজস্বমন্ত্রী। রাজসভা, মন্ত্রণাসভা ('দেওয়ান-ই-আম, -ই-খাস')। ... ষ্য. **দেওয়ানি** ]। ... **দেওয়ানী** ] বিষয়ের অধিকার সম্বন্ধীয় ('—আদালত, মকদ্দমা')
**দেওয়ানা** [ ফা ] — বাতুলী, পাগলী।
**দেওয়ার** [ ফা ] — প্রাচীর।
**দেওয়াল, দেয়াল** [ ফা. দীবা.র ] প্রাচীর ('ঘরের —')
**দেওয়ালি** ] দীপান্বিতার উৎসব। < দীপাবলী (দেখ)
**দেওর** ] < দেবর (দেখ)
**দেক, দিক্** [ ফা ] — বিরক্ত।
**দেকদারি** [ ফা ] — বিরক্তি।

**দেখ**] মনোযোগ আকর্ষণের জন্য সম্বোধন। **দেখতা**] দৃষ্ট; দর্শনকালে, সমক্ষে; প্রত্যক্ষ করা, সমকালীন ('আমাদের —')
**দেখন**] দর্শন। ... **দেখনহাসি**] (মুঃ যে দেখিলেই হাসে; যাহাকে দেখিলে আনন্দ হয় এবং মুখে হাসি ফুটে) সখীর পাতানো নাম।
**দেখা** [√দেখ্-৫। <দৃশ্] দর্শন করা ('ছবি, মুখ, থিয়েটার —। চেয়ে —')। দৃষ্টিপাত করা, চাওয়া ('এদিকে দেখ')। প্রত্যক্ষ করা, অভিজ্ঞতা থাকা ('ঢের দেখেছি')। তত্ত্বাবধান করা ('কাজ-কর্ম —। কে তাকে দেখবে')। সেবা বা চিকিৎসা করা ('রোগীকে —। ডাক্তার দেখছে')। খুঁজিয়া বাহির করা ('একটা গাড়ি দেখ')। চেষ্টা করা ('ব'লে কয়ে —')। বোঝা বা স্থির করা ('ভেবে —')। অপেক্ষা করা ('দেখি কি হয়')। পরীক্ষা করা ('নাড়ী —')। জব্দ করা ('তাকে দেখে নেব')। সাবধান হওয়া ('দেখো যেন ভুলো না')।...ষ্য. দর্শন, সাক্ষাৎকার ('— করা, পাওয়া, যাওয়া, দেওয়া। চোখের —')।...ণ. দৃষ্ট ('— জিনিস')। ... **দেখাদেখি**] ষ্য. পরস্পর দেখা।...ক্রি-ণ. অনুকরণে ('— হাসা')।...**দেখাশুনা / -শোনা**] দেখা-সাক্ষাৎ; তত্ত্বাবধান ('—করা')। ... **দেখা-সাক্ষাৎ**] দেখা করিয়া আলাপ।
**দেখানো** [√দেখা-১১] প্রদর্শন করা, দৃষ্ট করানো ('ছবি, মেয়ে, রূপ, তামাশা, ভয় —')
**দেখিতে দেখিতে / দেখতে দেখতে**] চোখের সামনে, ক্ষণমধ্যে ('— বিলীন হওয়া')
**দেড়**] <দ্ব্যর্ধ, এক ও আধ, ১½ ('-গুণ, -শ')।...**দেড়া**] দেড়গুণ ('— ভাড়া')
**দেড়ে, দেড়েল**] যাহার বড় দাড়ি আছে, শ্মশ্রুল।
**দে'তো**] দাঁতালো (দেখ) ... **দে'তোহাসি** —যে হাসি অকপট নয়, যাহাতে দাঁতই হাসে, চোখ মুখ হাসে না।
**দেদার**] প্রচুর, বিস্তর।
**দেদীপ্যমান** — অতিশয় দীপ্তিশীল, জাজ্বল্যমান।
**দেধান** [< দেবধান্য] জোয়ার (দেখ)
**দেনমহর** [আ. দয়ন-মহ্র্] মুসলমান বিবাহে স্বামী কর্তৃক স্ত্রীকে প্রদেয় যৌতুক।
**দেনা**] ঋণ, কর্জ। যে অর্থ দিতে হইবে। ... **দেনাদার, দেন-**] ঋণী, খাতক। ... **দেনাপাওনা**] শোধ্য ও প্রাপ্য অর্থ। ... **দেনো**] যাহা ক্রিয়াকর্মে দান করা হয় ('—বাসন')
**দেব** — দেবতা, অমর, ত্রিদশ, সুর, ঠাকুর। ঈশ্বর। অধিপতি। গৌরবসূচক নামান্ত ('গুরু-, পিতৃ-')। ব্রাহ্মণ -ইঃর উপাধি ('-শর্মা')। রাজার উপাধি। (§ দৈব, দৈবী)।...স্ত্রী. **দেবী** (দেখ)।...**দেব-কুল** — দেউল, মন্দির। দেবগণ। ... **দেবখাত**—স্বাভাবিক হ্রদ।...**দেবগুরু** — বৃহস্পতি। ... **দেবতা** — দেব বা দেবী (স্ত্রীলিঙ্গ, যথা 'অধিষ্ঠাত্রী—', কিন্তু অর্থে পুং বা স্ত্রী.)।...**দেবতাত্মা** (-ত্মন্) — দেবস্বরূপ। ... **দেবত্র, দেবোত্তর** [<দেবত্রা] দেবসেবার নিমিত্ত নিয়োজিত সম্পত্তি। ... **দেবত্ব**—দেবের ভাব বা ঐশ্বর্য। ... **দেবদত্ত** — দেবতা কর্তৃক দত্ত। সংস্কৃত সাহিত্যে ব্যক্তির নাম বিঃ। ... **দেবদারু** — বৃক্ষ বিঃ (বিভিন্ন বর্গীয়)। ... **দেবদাসী**—দেব-মন্দিরের নর্তকী। ... **দেবদুর্লভ** — দেবতারও দুষ্প্রাপ্য। ... **দেবদূত** —

স্বর্গীয় বা ঈশ্বরপ্রেরিত দূত। ... **দেবদেব** — দেবগণের দেব। মহাদেব। ... **দেবধূপ** — গুগ্গুল। ... **দেবনাগর, দেবনাগরী** — যে অক্ষরে হিন্দী মারাঠী ইঃ ভাষা লিখিত হয়, নাগরী। ... **দেবপতি** — ইন্দ্র ... **দেবপশু** — বলির পশু। ... **দেবপুরী** — ইন্দ্রালয়, অমরাবতী। ... **দেববাণী** — দৈববাণী। সংস্কৃত ভাষা ... **দেবব্রত** — ভীষ্ম। ... **দেবভাষা** — সংস্কৃত ভাষা। ... **দেবমাতা** (-তৃ) — কশ্যপপত্নী অদিতি। ... **দেবমাতৃক** — (মূঃ দেবতা কর্তৃক পালিত) যে দেশে বৃষ্টি দ্বারা প্রচুর শস্য উৎপন্ন হয়। ... **দেবযান** — বিমান, ব্যোমযান। যে পথে জ্ঞানিগণ স্বর্গে গমন করেন। ... **দেবযানী** — শুক্রের কন্যা, যযাতির পত্নী। **দেবযোনি** — উপদেবতা, ভূত প্রেত যক্ষ **দেবরাজ** — ইন্দ্র। **দেবর্ষি** — যিনি দেব এবং ঋষি, নারদ ইঃ। ... **দেবল** — পূজারী ব্রাহ্মণ। ... **দেবলোক** — স্বর্গ, অমরাবতী। ... **দেবশর্মা** (-র্মন্) — ব্রাহ্মণের সাধারণ উপাধি। ... **দেবশিল্পী** (-ল্পিন্) — বিশ্বকর্মা। ... **দেবসেনা** — কার্তিকেয়-পত্নী। দেবগণের সেনা। ... **দেবস্ব** — দেবসেবার্থ নির্দিষ্ট সম্পত্তি, দেবত্র।

**দেবকী, দৈ-** — কৃষ্ণজননী, বসুদেবপত্নী।

**দেবন** — পণ রাখিয়া পাশা খেলা। আক্ষেপ।

**দেবর** — দেওর, স্বামীর অনুজ ভ্রাতা।

**দেবাজীব** — দেবতার পূজা করাই যাহার জীবিকা।

**দেবাত্মা** (-ত্মন্) — দেবস্বরূপ, দেবতাত্মা। দেবতার তুল্য স্বভাব বিশিষ্ট।

**দেবাদিদেব** — সকল দেবের প্রধান। শিব বিষ্ণু।

**দেবাদেশ** — দেবতার প্রত্যাদেশ।

**দেবারি** — অসুর দৈত্য রাক্ষস ইঃ।

**দেবালয়, দেবায়তন** — দেবমন্দির।

**দেবী** — স্ত্রী দেবতা। গৌরবসূচক নামান্ত ('মাতৃ-')। ভগবতী, দুর্গা ('-মাহাত্ম্য')। দ্বিজা বা ভদ্রমহিলার উপাধি। ... **দেবীভাগবত** — পুরাণ গ্রন্থ বিঃ। ... **দেবীবর** — বিখ্যাত কুলপঞ্জীকাকার।

**দেবোত্তর** (দেব দেখ)

**দেমাক** [আ. দিমাগ] গর্ব।

**দেয়** — যাহা দিতে হইবে। দানের যোগ্য।

**দেয়া** [ <দেবতা] আকাশ, মেঘ (প্রাঅপ্রঃ। '— ডাকছে')

**দেয়াড়, দেয়াড়া**] নদীর পলি মাটিতে গড়া তটভূমি।

**দেয়ান** [ফা.] আদালত।

**দেয়ালা**] শিশুর স্বপ্নে করা')

**দেয়াসীন**] — লৌকিক দেবতার ভার-প্রাপ্ত পূজারী।

**দেয়াসিনী** [ < দেববাসিনী] দেবকন্যা। মন্ত্রসিদ্ধা নারী। (প্রাঅপ্রঃ)

**দেরকো, দেলকো** [ < দীপরক্ষ] কাঠের পিলসুজ।

**দেরাজ** [ই. drawer] বাক্সের তুল্য আধার যাহা টানিয়া খোলা এবং ঠেলিয়া বন্ধ করা যায়, টানা ('টেবিলের —')

**দেরি** [ফা. দের] বিলম্ব।

**দেলখোশ** — (দিলখোশ দেখ।)

**দেশ** — পৃথিবীর কোনও বিশেষ অংশ (যথা — ভারতবর্ষ, বঙ্গ। '-বাসী, -ময়। দেশ-দেশান্তর')। রাষ্ট্র, মুলুক। স্বগ্রাম ('দেশে যাইব')। স্বদেশ ('-ত্যাগ, -দ্রোহী, -হিতৈষী')। স্থান ('মরু-, গ্রীবা-')। space. ভাগ, দিক্, ('তল-,

নিম্ন-, বাম-। একদেশদর্শী')। (§ দেশিক, দৈশিক। ... **দেশকাল** — স্থান ও কাল। ... **দেশজ** — দেশজাত। ... **দেশবিদেশ** — নানা দেশ। ... **দেশদেশান্তর** — স্বদেশ এবং বিদেশ। ... **দেশদ্রোহী** — দেশের কল্যাণ-সাধনের বিরুদ্ধে যে যায়। ... **দেশ-প্রেম, দেশভক্তি** — স্বদেশের প্রতি ভালবাসা। ... **দেশবন্ধু** — দেশের কল্যাণসাধন যাঁহার ব্রত। ... **দেশমান্য, দেশপূজ্য** — দেশের জনসাধারণের শ্রদ্ধাভক্তির পাত্র। ... **দেশমুখ** — দেশের মুখ্যব্যক্তি। ... **দেশহিতৈষী** — দেশের কল্যাণসাধন যাঁহার ব্রত।

**দেশনা** — নির্দেশ, উপদেশ।

**দেশলাই** (দিয়াশলাই দেখ)

**দেশাচার** — দেশে প্রচলিত রীতি।

**দেশাত্মবোধ** — স্বদেশের স্বার্থই নিজের স্বার্থ এই বুদ্ধি।

**দেশান্তর** — অন্য দেশ, দূরদেশ। কোনও নির্দিষ্ট স্থানের মধ্যরেখা হইতে অন্য কোনও স্থানের মধ্যরেখার কৌণিক ব্যবধান, দ্রাঘিমা, longitude. ... **দেশান্তরী**] দেশান্তরিত। বিদেশবাসী।

**দেশিক** — স্থানীয়। স্থানীয় অধিবাসী।

**দেশিকোত্তম** — অসামান্য ও গণ্যমান্য ব্যক্তির উপাধি বিঃ।

**দেশী**] দেশবাসী ('পর-')। স্বদেশজাত ('— কাপড়')

**দেশীয়, দেশ্য** — দেশ সম্বন্ধীয়, দৈশিক, দেশজাত ('পারস্যদেশীয়')। প্রায়, কাছাকাছি. ('অষ্টাদশবর্ষদেশীয়')। ... স্ত্রী. **দেশীয়া, দেশ্যা।**

**দেহ ১** — শরীর। (§ দৈহিক)। ... **দেহতত্ত্ব** — শারীরবিদ্যা। দেহ আত্মা ইঃর তত্ত্ব (কীর্তনগানে)। ... **দেহাতীত** — আত্মিক। ... **দেহত্যাগ** — প্রাণত্যাগ। ... **দেহপাত** — জীবন বা স্বাস্থ্য বিসর্জন। ... **দেহপিঞ্জর** — আত্মারূপ পাখীর দেহরূপ পিঞ্জর। ... **দেহভৃৎ** — দেহধারী, জীব। আত্মা ... **দেহযাত্রা** — জীবনযাপন। ... **দেহরক্ষা** — দেহ-ত্যাগ ('কাশীতে — করেছেন')

**দেহ ২**] দাও (পদ্যে)

**দেহলী, -লি** — গৃহদ্বারের বাহিরের দাওয়া। চৌকাঠের নীচের কাঠ।

**দেহাত** [ফা] গ্রাম, পাড়াগাঁ। ... ণ. **-তী।**

**দেহাত্মপ্রত্যয়** — দেহই আত্মা এই বিশ্বাস।

**দেহাত্মবাদ** — দেহ হইতে স্বতন্ত্র আত্মা নাই এই মত, চার্বাকমত।

**দেহান্ত, দেহাবসান** — মৃত্যু।

**দেহান্তর** — অন্য দেহ। পুনর্জন্ম।

**দেহারা**] দেউল, মন্দির।

**দেহি** — দাও ('দেহি দেহি করা')

**দেহী** (-হিন্) — দেহধারী জীব। যে দেহধারণ করে, আত্মা।

**দৈত্য** — কশ্যপ-দিতির পুত্র, অসুর। ... **দৈত্যগুরু** — শুক্র।

**দৈত্যারি** — বিষ্ণু। দেব।

**দৈন** — ণ. দৈনিক। ... ষ্য. দীনতা, দৈন্য।

**দৈনন্দিন** — প্রতিদিনের, দৈনিক।

**দৈনিক** — প্রাত্যহিক, যাহা রোজ হয় বা করিতে হয় ('— বেতন, ঘটনাবলী, কর্ম')। যে সংবাদপত্র প্রত্যহ প্রকাশিত হয়।

**দৈন্য** — দীনতা, অভাব, দারিদ্র্য ('অর্থের, ভাবের, বুদ্ধির —')। কৃপণতা, অনুদারতা। হীনতা, কাতরতা। ... **দৈন্যদশা** — দারিদ্র্যাবস্থা।

**দৈব** — ণ. দেবতা সম্বন্ধীয়, দেবতা হইতে জাত, অলৌকিক ('-শক্তি।—ঔষধ')। ... ষ্য. অদৃষ্ট, ভাগ্যদেবতা ('দুর্দৈব')। ...

স্ত্রী. দৈবী।... **দৈবক্রমে, -গতিকে, -গত্যা** —দৈবাৎ। ... **দৈবজ্ঞ** — যে ভাগ্য বা শুভাশুভ গণনা করে, গনৎকার। ... **দৈবদুর্বিপাক** — অদৃষ্টের মন্দ পরিণাম। ... **দৈবদোষ** — অদৃষ্টের দোষ।... **দৈব-বশে** — ভাগ্যক্রমে, দৈবাৎ। ... **দৈববাণী** — আকাশবাণী, অদৃশ্য দেবতার উক্তি। ... **দৈববিড়ম্বনা** — দেবতা বা ভাগ্য কর্তৃক প্রতিকূলতা। **দৈবযোগ** — আকস্মিক ঘটনা।

**দৈবকী** (দেবকী দেখ)

**দৈবত** — দেবতা। (দেবতা + স্বার্থে ষ্ণ)। দেবতাবৃন্দ (সমূহার্থে ষ্ণ)।...ণ. দেবতা সম্বন্ধীয়।

**দৈবাৎ** — হঠাৎ, দৈববশে।

**দৈবাধীন, দৈবায়ত্ত** — বিধিনির্দিষ্ট, যাহা মানুষের ইচ্ছাধীন নয়।

**দৈবী** — দেবতা সম্বন্ধীয়া ('— মায়া')

**দৈর্ঘ্য** — লম্বাই, লম্বা দিকের মাপ।

**দৈশিক** — দেশ সম্বন্ধীয়, দেশীয়।

**দৈহিক** — দেহ সম্বন্ধীয়।

**দো-**] < দ্বি, দুই, দু ('দোনলা')

**দোআনি** (দুআনি দেখ)

**দোআব**] দুই নদীর মধ্যবর্তী বা দুই নদী যুক্ত দেশ।

**দোআঁশলা** [< দ্বি-অংশ-] দুইএর অংশে জাত, বর্ণসংকর। দুই প্রকার পদার্থের মিশ্রণে উৎপন্ন। বেলে ও এঁটেল মাটি মিশ্রিত।

**দোকর**] দুইবার, দ্বিতীয়বার ('— মেহনত, খাজনা')

**দোকলা**] একসঙ্গে দুইজন।

**দোকান** [ফা. দুকান] যেখানে জিনিসপত্র বিক্রয় হয়, পণ্যশালা, বিপণি ('—করা, খোলা')। ... **দোকানদার, দোকানী**] দোকানের মালিক। ... **দোকানদারি**] দোকানের কাজ। দোকানদারের তুল্য স্বার্থপর আচরণ। ... **দোকানপাট**] — বিক্রেয় পণ্যসহ দোকানের বিস্তার। ... ণ. **দোকানদারী**]

**দোক্তা**] তামাকের শুষ্ক পাতা।

**দোগ্ধা** (-গ্ধৃ) — যে দোহন করে, দোহক। ... স্ত্রী. **দোগ্ধ্রী**। — দুগ্ধবতী।

**দোচালা, দু-**] দুই চাল বিশিষ্ট ঘর।

**দোছত্তরি**] — ছত্রী বা ছাতের তলায় আর একটি ছত্রী বা ছাত।

**দোছুট, দোছোট** [< দ্বি-সূত্র] উত্তরীয়।

**দোজখ** [ফা] নরক।

**দোজবরে**] যে দ্বিতীয়বার বিবাহ করে ('—বর')

**দোজমি**] — যে জমিতে বৎসরে দুইবার ফসল হয়।

**দোটানা**] দুই দিকে মনের আকর্ষণ; দ্বিধা ('-য় পড়া')

**দোতরফা**] উভয় পক্ষ সম্বন্ধীয়।

**দোতলা**] < দ্বিতল ('— বাড়ি')

**দোতারা**] — দুই তারের বাদ্যযন্ত্র।

**দোথরি**] — যাহাতে দুই স্তর আছে।

**দোদমা**] দুইটিবার শব্দ করিয়া ফাটে এমন (বোমা)

**দোদুল**] যাহা দুলিতেছে।

**দোদুল্যমান** — যাহা খুব দুলিতেছে, দোলায়মান।

**দোধারি**] দুই ধারে অবস্থিত।

**দোনলা**] — দুইটি নল বিশিষ্ট (বন্দুক)

**দোনা** [< দ্রোণ] ঠোঙা ('পানের —')

**দোপাটি** [< দ্বিপুটী] ফুল বিঃ।

**দোপাট্টা** [< দ্বিপট্ট] দুই খণ্ড লম্বা-লম্বি সেলাই করিয়া জোড়া ('—চাদর')

**দোপিঁয়াজা** [ফা. -জহ্] মাংস-পিঁয়াজের ব্যঞ্জন বিঃ।

**দোপেয়ে**] — দুইটি পায়া যাহার।

**দোফলা** ] দুই ফলক বিশিষ্ট ('— ছুরি')। যাহা বৎসরে দুইবার ফল দেয় ('— আমগাছ')

**দোফসলী** — যে জমিতে দুইবার ফসল পাওয়া যায় বছরে।

**দো ফ্যাঁকড়া** ] — দুই শাখায় বিভক্ত।

**দোবজা** ] মোটা চাদর বিঃ। উত্তরীয়।

**দোবারা, দোবরা** ] (মুঃ দুইবার পরিষ্কৃত) দানাদার সাদা (চিনি)

**দোভাপা** ] দুই বার ভাপানো বা সিদ্ধ করা।

**দোভাষী, দুভাষী** ] যে দুই ভাষা জানে; যে একের ভাষা অন্যকে বুঝাইয়া দেয়, ভাষান্তরিক।

**দোমড়ানো** (দুমড়ানো দেখ)

**দোমনা** (দুমনা দেখ)

**দোমালা** ] আধপাকা নারিকেল।

**দোমেটে** ] — দুইবার মাটি প্রলেপ দেওয়া (দেবপ্রতিমার)। লক্ষ্যার্থে — দ্বিতীয় সংস্কার করা।

**দোয়জ** ] — দ্বিতীয়।

**দোয়া** [ আ. দুআ ] আশীর্বাদ। (দোহা দেখ)

**দোয়াত** [ আ. দবাত ] লিখিবার কালির আধার, মস্যাধার।

**দোয়ার** (দোহার দেখ)

**দোয়াস্তা** ( ফা. ) — দুই বার চুঁয়ানো সুরা।

**দোয়েম** (ফা.) — দ্বিতীয় শ্রেণীর।

**দোয়েল** ] সুকণ্ঠ পাখি বিঃ, magpie-robin.

**দোর** (দুয়ার দেখ)। ... **দোরগোড়া** ] দ্বারের নিম্নদেশ।

**দোরসা** ] অল্প পচা ('— মাছ')। অল্প রস যুক্ত ('— মাটি')

**দোরোখা** ] যে বস্ত্রের দুই পিঠ কারুকার্য বিশিষ্ট বা সমান।

**দোর্দণ্ড** — (মুঃ দণ্ড তুল্য দৃঢ় বাহু। দোস্ = বাহু) প্রবল শাসন ('-প্রতাপ')

**দোল** — দোলন, ঝুলন, ('— খাওয়া, দেওয়া')। কৃষ্ণের দোলযাত্রা, হোলি। দোলা (চতুর্দোল')

**দোলক**—যাহা দোলে (যথাpendulum)

**দোলন** — দোল, পর্যায়ক্রমে দুই দিকে সঞ্চলন। ঝুলন।

**দোলনা** ] দোল খাইবার জন্য ঝুলানো পিঁড়ি ইঃ।

**দোলমা, দোরমা** ] মাছ ইঃর পুর দেওয়া পটোলের ব্যঞ্জন বিঃ।

**দোলা** ১ — দোলনা। শিবিকা বিঃ, চতুর্দোল। খাটুলি, মড়ার খাট।

**দোলা** ২ (দুলা বিরল) [ √দুল্-১০। < দুল্ ] দোল খাওয়া, ঝোলা, আন্দোলিত হওয়া। ... **দুলানো/দুলনো, দোলানো** [ √দুলা-১৪ ] দোল দেওয়া, আন্দোলিত করা।

**দোলাই** ] দুই স্তর কাপড়ের তৈয়ারী শীতবস্ত্র।

**দোলায়মান** — যাহা দুলিতেছে, দোদুল্যমান। অস্থির, সংশয়াপন্ন ('— চিত্ত')

**দোলায়িত** — আন্দোলিত।

**দোলিকা** — ছোট দোলা, ডুলি।

**দোশালা** ] দুই ফর্দ শাল, শালের জোড়া।

**দোষ** — অপরাধ, কসুর, পাপ, কলঙ্ক, ত্রুটি ('— করা, দেওয়া, ধরা, লওয়া, হওয়া। চরিত্র-, ইন্দ্রিয়-। বংশের, গঠনের, কলকবজার —। দোষক্ষালন, দোষাপনয়ন')। রোগ ('মাথার, চোখের —')। ( § দোষী)।...**দোষগ্রাহী** (-হিন্), **-দর্শী** ( -র্শিন্) — যে দোষ ধরে বা দেখে। ... **দোষজ্ঞ**—যে দোষগুণ বিচার

করিতে পারে, পণ্ডিত। চিকিৎসক। ... **দোষত্রয়** — ত্রিদোষ, বাত পিত্ত কফ। রাগ দ্বেষ মোহ। ... **দোষল** — দোষযুক্ত।

**দোষা ১** (দুষা বিরল) [দুষ্-১০] দোষ দেওয়া।

**দোষা২**—রাত্রিকাল। রাত্রির অন্ধকার। ... **দোষাতন** — নৈশ। ... **দোষাকর** — চন্দ্র।

**দোষাদোষ** — দোষ-অদোষ, দোষগুণ।

**দোষাবহ** — দোষজনক।

**দোষারোপ** — দোষ দেওয়া।

**দোষী** (-ষিন্) — অপরাধী, দোষযুক্ত। ... স্ত্রী. **দোষিণী।**

**দোষৈকদর্শী** (-র্শিন্) — যে কেবল দোষ দেখে।

**দোসর]** দ্বিতীয় ব্যক্তি, সঙ্গী, সহচর ('যমের —')। সহায়।

**দোসরা]** দ্বিতীয়, অন্য। মাসের দ্বিতীয় তারিখ।

**দোসারি]** — দুই সারিতে বিন্যস্ত।

**দোসীমানা]** দুই জমির মাঝের সীমারেখা।

**দোসূতি** (দুসূতি দেখ)

**দোস্ত** [ফা. দোস্ত্] বন্ধু। ... ষ্য. **দোস্তি]**

**দোহক** — যে দুধ দোয়, দোগ্ধা, দোহাল।

**দোহদ** — গর্ভবতীর নানাপ্রকার সাধ ('-বতী')। গর্ভ ('-লক্ষণ')। ... **দোহদদান** — গর্ভবতীকে বাঞ্ছিত বস্তু দান, সাধ দেওয়া।

**দোহন** — দুধ দোহা। ... **দোহনীয়, দুহ্য, দোহ্য** — দোহনযোগ্য।

**দোহা** [√দুহ্-১০। < দুহ্] / **দোয়া** [দু-৪] দোহন করা। (§ দোহানো, দোয়ানো, দোহাল)

**দোঁহা]** প্রাকৃতভাষা বাংলার চর্যাপদ ও হিন্দী ভাষার ছন্দ বিঃ। দোঁহা ছন্দে রচিত কবিতাকে দোঁহা বলে। যেমন— কবীরের দোঁহা। দুইজন (পদ্যে)

**দোহাই]** শপথ, দিব্য ('কালীর — দেওয়া')। ছুতা, অছিলা ('কাজের —')। দায়িত্ব বা প্রামাণ্য আরোপ ('অমুকের, বিজ্ঞানের —')। ন্যায়বিচার বা দয়ার জন্য অনুনয় ('— হুজুর')

**দোহানো / দোয়ানো** [√ দোহা, দোয়া-১৫] দোহন করানো।

**দোহার, দোয়ার** [< ধ্রুবকার] সহকারী গায়ক, যে ধুয়া ধরে।

**দোহারি, দোহারকি]** — দোহারের কাজ। মূল গায়েনের সহকারিতা।

**দোঁহার, দোঁহাকার]** দুজনের (পদ্যে)

**দোহারা]** দ্বিগুণ। দুই ভাঁজ বা খেই যুক্ত ('— কাপড়, সুতা')। রোগা মোটার মাঝামাঝি ('— গড়ন')

**দোহাল]** যে গরু দোয়, দোগ্ধা।

**দোঁহে]** দুজনে (পদ্যে)

**দোহ্য** (দুহ্য দেখ)

**দৌড়]** বেগে গমন, ছুট ('— দেওয়া, করানো'); বেগে পলায়ন ('— মারা')। বিস্তার, সীমা ('বুদ্ধির —')। ... **দৌড়ঝাঁপ, -ধাপ]** দৌড় ও লাফ।

**দৌড়া** [√ দৌড়্-৫], **দৌড়ানো / দৌড়নো** [√দৌড়া-১৬] বেগে চলা, ছোটা ('সে দৌড়িল। সে দৌড়াইল, দৌড়ল'। পঃ৬-১৬ দেখ)। ... **দৌড়ানো /দৌড়নো]** দৌড় করানো ('ঘোড়াকে —')। ... **দৌড়াদৌড়ি / দৌড়দৌড়ি]**

**দৌত্য** -- দূতের কাজ।

**দৌবারিক** — দ্বারপাল।

**দৌরাত্ম্য** — উৎপীড়ন, নিষ্ঠুরতা। দুষ্ট স্বভাব, পাপাচরণ, দুরাত্মার কাজ। (বাং) দুরন্তপনা, উপদ্রব ('ছেলের—')

**দৌর্গন্ধ্য** — দুর্গন্ধের ভাব।
**দৌর্জন্য** — দুর্জনতা,
**দৌর্বল্য** — দুর্বলতা, শক্তির অভাব। কোনও বিষয়ে সংযমের অভাব বা অত্যাসক্তি, মোহ।
**দৌর্মনস্য** — দুর্ভাবনা, দুঃখ।
**দৌলত** [আ] সম্পদ্, ঐশ্বর্য ('ধন-')। অনুগ্রহ, সহায়তা ('তোমার দৌলতে')। ... **দৌলতখানা**] ধনীর প্রাসাদ।
**দৌহিত্র** — দুহিতার পুত্র। ... **দৌহিত্রী** — দুহিতার কন্যা।
**দ্যাবাপৃথিবী** — স্বর্গ ও পৃথিবী।
**দ্যু, দ্যুলোক** — স্বর্গ।
**দ্যুতি** — প্রভা, ঔজ্জ্বল্য; শোভা ('-মান্')
**দ্যূত** — অক্ষক্রীড়া, পাশাখেলা (বাজি রাখিয়া)। জুয়াখেলা। ... **দ্যূতকার, -কর** — যে পাশা খেলে, জুয়াড়ী, কিতব।
**দ্যুমণি** — সূর্য।
**দ্যো** — স্বর্গ।
**দ্যোতক** — সূচক, ব্যঞ্জক, প্রকাশক। দীপ্তিমান্।
**দ্যোতনা** — ব্যঞ্জনা, প্রকাশ।
**দ্রঢ়িমা** — দৃঢ়তা।
**দ্রঢ়িষ্ঠ** — অতি দৃঢ়।
**দ্রব** — ণ. তরল, গলিত। ষ্য. জল ইঃতে বিগলিত বস্তু, solution. তরল বস্তু। (ঃ দ্রাবক, দ্রাবণ)। ... **দ্রবণ, দ্রাব** — গলন, তরল হওয়া। ... **দ্রবণীয়, দ্রাব্য** — যাহা গলানো যায়। ... **দ্রবত্ব** — তরলতা। ... **দ্রবীকরণ** — দ্রাবণ; গলানো। ... ণ. **দ্রবীকৃত**। ... **দ্রবীভবন, -ভাব** — তরল হওয়া। ... ণ. **দ্রবীভূত**।
**দ্রবিড়** (দ্রাবিড় দেখ)
**দ্রবিণ** — ধন, অর্থ, সুবর্ণ।
**দ্রব্য** — জিনিস, বস্তু, পদার্থ। ... **দ্রব্যগুণ** — দ্রব্যের ধর্ম ক্রিয়া ইঃ। শরীরের উপর দ্রব্যের ক্রিয়া।
**দ্রষ্টব্য** — দর্শনীয়। যাহা দেখা বা পড়া উচিত। বিবেচ্য।
**দ্রষ্টা** (-ষ্টৃ) — দর্শক, যে দেখে। বিচারক।
**দ্রাক্ষা** — আঙ্গুর।
**দ্রাঘিমা** ( -মন্ ) — **দেশান্তর** (দেখ)। দৈর্ঘ্য।
**দ্রাব** — দ্রবণ। ... **দ্রাবক** — যাহা গলায়, solvent. অম্ল, acid ('গন্ধক-')। ... **দ্রাবণ** — দ্রবীকরণ, গলানো। ... ণ. **দ্রাবিত**।
**দ্রাবিড়, দ্রবিড়** — ষ্য. দক্ষিণ ভারত। আধুনিক মাদ্রাজ প্রদেশ। ... ণ. তৎ-সম্বন্ধীয় বা তাহার অধিবাসী। ভারতের আদিম জাতি বিঃ, Dravidian.
**দ্রাব্য** — দ্রবণীয়। (দ্রব দেখ)
**দ্রুত** — শীঘ্র, ত্বরান্বিত ('-বেগে')। ... ষ্য. দ্রুতি। ... **দ্রুতচারী** — সত্বরতার সহিত বিচরণকারী। ... **দ্রুতপদে** — তাড়াতাড়ি পা চালাইয়া।
**দ্রুপদ** — দ্রৌপদীর পিতা, পাঞ্চালরাজ।
**দ্রুম** — বৃক্ষ।
**দ্রোণ** — কুরুকুলের অস্ত্রগুরু, দ্রোণাচার্য, ভরদ্বাজপুত্র। পরিমাপক পাত্র। পরিমাণ বিঃ।
**দ্রোণী, -ণি** — ডোঙ্গা, জলসেচনী, দুনি। কলস। দুই পর্বতের মধ্যস্থ নিম্নভূমি।
**দ্রোহ** — অনিষ্টাচরণ, শত্রুতা, ('রাজ-')। **দ্রোহী** ( -হিন্) — যে তাহা করে ('দেশ-')। ... ষ্য. **দ্রোহিতা**।
**দ্রৌপদী** — দ্রুপদকন্যা, কৃষ্ণা, পাঞ্চালী, যাজ্ঞসেনী, পঞ্চপাণ্ডবপত্নী।
**দ্বন্দ্ব** — কলহ। বিরোধ। যুদ্ধ। (ব্যাকরণে) সমাস বিঃ (যথা 'অন্নজল')। পরস্পর বিরোধী দুই বিষয় (যথা রাগদ্বেষ, সুখদুঃখ)। স্ত্রীপুরুষ, মিথুন; যুগল।

... **দ্বন্দ্বযুদ্ধ** — দুইজনের যুদ্ধ, duel. ... **দ্বন্দ্বী** (-ন্দ্বিন্) — বিবাদী। অপরের বিরোধী। ... **দ্বন্দ্বসমাস** — যে সমাসে প্রত্যেক পদের অর্থপ্রাধান্য, থাকে।

**দ্বয়** — দুই, যুগল ('নেত্র-')

**দ্বাচত্বারিংশৎ** — বিয়াল্লিশ।

**দ্বাত্রিংশৎ** — বত্রিশ।

**দ্বাদশ** (-শন্) — বার, ১২ অংক বা পরিমাণ। ১২ সংখ্যার পূরক। ... স্ত্রী. **দ্বাদশী**। — তিথি বিঃ।

**দ্বাপর** — পুরাণোক্ত তৃতীয় যুগ।

**দ্বাবিংশতি** — বাইশ।

**দ্বার** — দুয়ার, দরজা, প্রবেশপথ। ... **দ্বারপণ্ডিত** — যে পণ্ডিতের কাছে মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হইলে শিক্ষার্থী সেকালের বিদ্যায়তনে প্রবেশ করিতে পারিত। ... **দ্বারপাল, -রক্ষক, -রক্ষী** (-ক্ষিন্) — দরোয়ান, প্রতিহার, দৌবারিক। ... **দ্বারস্থ** — দ্বারে বা প্রার্থী রূপে উপস্থিত।

**দ্বারকা, দ্বারিকা, দ্বারাবতী, দ্বারবতী** — কৃষ্ণের নগরী (কাথিয়াওআড়ে আরব-সাগরতীরে)

**দ্বারা** — সাহায্যে, যোগে, দিয়া, মারফত, ('যন্ত্র-, মনিঅর্ডার-। তাহার —')

**দ্বারী** (-রিন্), **দ্বারিক** — দ্বারপাল।

**দ্বাষষ্টি** — বাষট্টি।

**দ্বাসপ্ততি** — বাহাত্তর।

**দ্বি** — দুই, ২ অংক বা পরিমাণ।

**দ্বিত্ব** — দ্বিগুণত্ব। পুনরুক্তি।

**দ্বিকর্মিকা** — যে ক্রিয়ার দুইটি কর্ম থাকে।

**দ্বিখণ্ডিত** — দুইভাগে বিভক্ত।

**দ্বিগু** — (ব্যাকরণে) সমাস বিঃ (সংখ্যার সহিত বিশেষ্যের, যথা 'ত্রিরাত্র')

**দ্বিগুণ** — দুই গুণ, ডবল। ... **দ্বিগুণিত** — যাহা দ্বিগুণ হইয়াছে। ... **দ্বিগুণীকৃত** — যাহাকে দ্বিগুণ করা হইয়াছে।

**দ্বিচারিণী** — দুই পুরুষে আসক্তা।

**দ্বিজ** — ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য (যাহার দেহোৎপত্তি ও উপনয়নাদি-সংস্কার রূপ দুই জন্ম হয়)। ব্রাহ্মণ। অণ্ডজ প্রাণী, যথা পক্ষী। ... স্ত্রী. **দ্বিজা**। ... ষ্য. **দ্বিজত্ব**। ... **দ্বিজপতি, -রাজ** — চন্দ্র। গরুড়।

**দ্বিজন্মা** (-ন্মন্) — দ্বিজাতি, দ্বিজ।

**দ্বিজিহ্ব** — সর্প। কপটভাষী, খল।

**দ্বিজেন্দ্র** — দ্বিজপতি (দেখ)। ব্রাহ্মণ-শ্রেষ্ঠ।

**দ্বিজোত্তম** — ব্রাহ্মণশ্রেষ্ঠ।

**দ্বিতয়** — ণ. দ্বিবিধ। দুই অবয়ব যুক্ত। ... ষ্য. দুইটির সমষ্টি।

**দ্বিতল** — দোতলা।

**দ্বিতীয়** — ২ সংখ্যার পূরক। ... স্ত্রী. **দ্বিতীয়া**। — তিথি বিঃ।

**দ্বিদল** — দাইল।

**দ্বিধা** — অ. দুই ভাগে প্রকারে বা দিকে ('-বিভক্ত')। (বাং) ... ণ. দ্বিখণ্ড ('পৃথিবী — হও')। ... ষ্য. দ্বৈধ, সংশয়, দোটানা ('— করা। বিনা দ্বিধায়')

**দ্বিনবতি** — বিরানব্বই।

**দ্বিপ** — হস্তী।

**দ্বিপঞ্চাশৎ** — বাহান্ন।

**দ্বিপদ, দ্বিপাদ** — দুই পা যুক্ত। ... **দ্বিপদী** — দুই চরণ যুক্ত পদ্যের ছন্দ বিঃ।

**দ্বিবার্ষিক** — 'দুই বৎসর যাবৎ নিযুক্ত বা ঘটিত। (দ্বৈবর্ষিক, দ্বৈবার্ষিক দেখ)

**দ্বিবিধ** — দুই প্রকার। (§ দ্বৈবিধ্য)

**দ্বিভাষী** (-ষিন্) — দোভাষী (দেখ)
**দ্বিভুজ** — যাহার দুই হাত।
**দ্বিরদ** — (মূঃ দুই দন্ত যুক্ত) হস্তী।
**দ্বিরাগমন** — বিবাহের পর কন্যার দ্বিতীয় বার পতিগৃহে গমন রূপ সংস্কার।
**দ্বিরুক্ত** — দুইবার কথিত বা লিখিত।... **দ্বিরুক্তি** — দুইবার উক্তি বা উল্লেখ। (বাং) আপত্তিজ্ঞাপন ('— করা')
**দ্বিরেফ** — ভ্রমর ('ভ্রমর' শব্দে দুই রেফ বা র আছে সেজন্য)
**দ্বিষৎ** — দ্বেষী, শত্রু।
**দ্বিষ্ট** — যাহার প্রতি দ্বেষ করা হইয়াছে।
**দ্বীপ** — জলবেষ্টিত ভূভাগ। (§ দ্বৈপ)। ... **দ্বীপান্তর** — দূরবর্তী দ্বীপে নির্বাসন। অন্য দ্বীপ।
**দ্বীপী** (-পিন্) — চিতাবাঘ। বাঘ। দ্বীপবাসী ('শাক-')
**দ্বেষ** — বিরাগ। শত্রুতা, বৈরভাব। ঈর্ষা, অসূয়া। (§ দ্বিষ্ট)। ... **দ্বেষণ** — ঈর্ষাকরণ। শত্রুতাচরণ। ... **দ্বেষী** (-ষিন্), **দ্বেষ্টা** (-ষ্টৃ) — যে দ্বেষ করে। ... **দ্বেষ্য** — দ্বেষের পাত্র।
**দ্বৈত** — দ্বিবিধত্ব, দ্বিত্ব। ... **দ্বৈতবাদ** — দার্শনিক মত যাহাতে জীবাত্মা ও পরমাত্মার অথবা স্রষ্টা ও সৃষ্টির অথবা পুরুষ ও প্রকৃতির স্বাতন্ত্র স্বীকৃত হয়। ... **দ্বৈতবাদী** (-দিন্) — উক্ত-মতাবলম্বী।
**দ্বৈধ** — দ্বিবিধভাব, অনৈক্য ('মত-')। দ্বিধা, সংশয়, সন্দেহ।
**দ্বৈপ** — দ্বীপ সম্বন্ধীয়।
**দ্বৈপায়ন** — ব্যাসদেব (দ্বীপে জাত)
**দ্বৈবার্ষিক** — যাহা দুই বৎসরে হইবে।... **দ্বৈবার্ষিক** — যাহা দুই বৎসর অন্তর ঘটে। দুই বৎসর স্থায়ী। (দ্বিবার্ষিক দেখ)
**দ্বৈবিধ্য** — দ্বিবিধত্ব।
**দ্বৈমাতৃক** — যে দেশে নদী ও বৃষ্টির জলে প্রচুর শস্য উৎপন্ন হয়।
**দ্বৈরথ** — দুই রথীর ('-যুদ্ধ')
**দ্ব্যক্ষর** — দুই অক্ষর বিশিষ্ট।
**দ্ব্যণুক** — দুই অণুর সমবায়।
**দ্ব্যর্থ** — দুই প্রকার অর্থ। ... **দ্ব্যর্থ**, **দ্ব্যর্থক** — যে কথার দুই প্রকার অর্থ হয়।
**দ্ব্যহ** — দুই দিন। ... **দ্ব্যাহিক** — দুই দিন ব্যাপী। যাহা দুই দিন অন্তর ঘটে। ('—জ্বর')

## ধ

**ধকধক**] আগুন জ্বলার শব্দ। (অল্পে — ধিকিধিকি]। হৃৎপিণ্ডের স্পন্দন ('বুক — করা'। অল্পে — ধুকধুক])
**ধকল**] ধাক্কা, পীড়ন, উৎপাত, কর্মভার-জনিত শ্রম ('ছেলেপিলের —')। ব্যবহারজনিত ক্ষয়; অতিব্যবহার ('— সইবে না')
**ধটী** — ধড়া, ধুতি, কটিবসন ('পীত-')
**ধড়**] স্কন্ধ হইতে নিতম্ব পর্যন্ত দেহ। মুণ্ডহীন দেহ। ('ধড়ে প্রাণ নেই')
**ধড়ফড়**] হৃৎপিণ্ডের দ্রুত স্পন্দন ('বুক— করা')। অস্থিরতা প্রকাশ, ছটফট ('মাছ — করছে। যাবার জন্য — করা')। ... ষ্য. **ধড়ফড়ানি**] ... ণ. **ধড়ফড়ে**]
**ধড়মড়**] হঠাৎ চাঞ্চল্য প্রকাশ ('— ক'রে উঠে দাঁড়ানো')
**ধড়া** [ <ধট-] ধটী, কটিবসন।... **ধড়া-চূড়া**] কৃষ্ণের বেশ। (ব্যঙ্গে) পোশাক, ইজার টুপি ইঃ।
**ধড়াম**] দড়াম (দেখ)
**ধড়াস**] জোরে পতন বা হৃৎস্পন্দনের শব্দ।

**ধড়ি**] — কাছা।

**ধড়িবাজ**] ধূর্ত, ফন্দিবাজ। প্রবঞ্চক।

**ধন** — অর্থ, টাকাকড়ি, বিত্ত, সম্পদ্ ('-গর্ব, -জন, -ভাণ্ডার, -রত্ন, -লিপ্সা, -শালী, -সম্পদ্। গো-')। মহার্ঘ বাঞ্ছনীয় বস্তু ('পরম-')। শিশুকে আদরের সম্বোধন ('বাপ-')। (গণিতে) যোগচিহ্ন (+)। ... **ধনকুবের** — কুবেরতুল্য ধনী। ... **ধনদ** — ধনদাতা। কুবের। ... **ধনতন্ত্র** — ধনীশ্রেণীর শাসন। ... **ধনদণ্ড** — জরিমানা। ... **ধনদেবতা** — কুবের। ... **ধনদৌলত, ধনসম্পদ, ধনসম্পত্তি** — নগদ টাকা ও বিষয় আশয়। ... **ধননিয়োগ** — টাকাকড়ি ব্যবসায়াদিতে লাগানি। ... **ধনবিজ্ঞান** — অর্থনীতি। ধনের আগম-নিগম বর্ধন বিনিয়োগ ইত্যাদি সম্বন্ধে বিদ্যা। ... **ধনভাণ্ডার** — তহবিল। ... **ধনদা** — লক্ষ্মী। ... **ধনদাস** — অর্থের দাস। কৃপণ। অর্থের নিমিত্ত যে ধনীর দাসত্ব করে। ... **ধনপতি** — মহাধনী। শ্রীমন্তের পিতা। কুবের। ... **ধনবান্** (-বৎ) — **ধনবান**] ধনী, বড়লোক। ... স্ত্রী. **ধনবতী**। ... ষ্য. **ধনবত্তা**। ... **ধনমদ** — ধনগর্ব। ... **ধনহীন** — দরিদ্র।

**ধনঞ্জয়** — অর্জুন।

**ধনগর্ব** — ধনিত্বের অহংকার।

**ধনগৃধ্নু** — ধনলোভী।

**ধনাগম** — আয়, অর্থাগম।

**ধনাগার** — ধনভাণ্ডার।

**ধনাঢ্য** — ধনী, বড়লোক।

**ধনাধিপ** — মহাধনী। কুবের।

**ধনাধ্যক্ষ** — কোষাধ্যক্ষ (দেখ)

**ধনার্জন** — রোজগার।

**ধনার্থী** (-র্থিন্) — যে ধন চায়, ধনাকাঙ্ক্ষী।

**ধনিক** — ধনী। মহাজন। যাহার অর্থে ব্যবসায় চলে। (তুঃ শ্রমিক)। ... **ধনিকা** — ধনিকবধূ। সুন্দরী স্ত্রী। ধনিয়া।

**ধনিচা/ধনচে**] শিম্ববর্গীয় গাছ বিঃ (জমিতে পাতা-সার রূপে প্রযুক্ত হয়)

**ধনি ধনি**] — ধন্য ধন্য (প্রা-সা)

**ধনিয়া/ধনে** [ < ধন্যা] মসলা বিঃ।

**ধনিষ্ঠ** — ধনিশ্রেষ্ঠ।

**ধনিষ্ঠা** — নক্ষত্র বিঃ।

**ধনী ১** — যুবতী; নারী (পদ্যে)

**ধনী ২** (-নিন্) — ধনবান্, বড়লোক। ... স্ত্রী. **ধনিনী**।

**ধনু, ধনুঃ** (ধনুস্) — ধনুক, যাহা হইতে বাণ ছোড়া হয়, কার্মুক, কোদণ্ড, চাপ, শরাসন। রাশিচক্রের নবম রাশি। পরিমাণ বিঃ (দুই গজ)। (§ **ধন্বী**, ধানুকী, ধানুষ্ক)। ... **ধনুষ্কাণ্ড** — ধনুর্বাণ। ... **ধনুর্গুণ** — ধনুকের ছিলা, জ্যা, শিঞ্জিনী। ... **ধনুর্ধর** — ধনু দ্বারা যে যুদ্ধ করে, তীরন্দাজ। (ব্যঙ্গে) যে বাহাদুরি দেখাইতে চায়। ... **ধনুর্ধারী** (-রিন্) — ধনুর্ধর। ... **ধনুর্বাণ** — ধনু ও বাণ, তীর-ধনুক। ... **ধনুর্বিদ্যা, ধনুর্বেদ** — যুদ্ধাস্ত্র বিষয়ক প্রাচীন শাস্ত্র। ... **ধনুর্ভঙ্গপণ** — হরধনু যে ভাঙ্গিতে পারিবে সেই সীতাকে বিবাহ করিতে পারিবে — এই রূপ কোন কঠোর পণ বা প্রতিজ্ঞা। ... **ধনুষ্কোটি** — ধনুর অগ্রভাগ বা ডগা। সেতুবন্ধের নিকট তীর্থস্থান।

**ধনুষ্টংকার, ধনুষ্টঙ্কার** — ধনুকের ছিলা টানিয়া ছাড়িয়া দিলে যে শব্দ হয়, জ্যানির্ঘোষ। আক্ষেপ রোগ, খেঁচুনি. tetanus. ... **ধনুষ্পাণি** — ধনর্ধারী।

**ধনুক** — ধনু।

**ধনেশ ১, ধনেশ্বর** — মহাধনী। কুবের।

**ধনেশ২** ] বৃহৎ-চঞ্চু পক্ষী বিঃ, hornbill.

**ধন্দ, ধন্ধ** [ < দ্বন্দ্ব ] ধাঁধা, ধোঁকা, সংশয় ('— লাগা')

**ধন্য** — কৃতার্থ, ভাগ্যবান্ ('— হওয়া, করা')। প্রশংসনীয়, সাধু ('— তুমি')। সাধুবাদ ('—তোমারে')। ... স্ত্রী. **ধন্যা**। ... **ধন্যবাদ**—সাধুবাদ, প্রশংসা। (বাং) কৃতজ্ঞতাজ্ঞাপন ( thanks এর নকল। '— দেওয়া')

**ধন্যাক, ধন্যা** — ধনিয়া (মসলা)

**ধন্বন্তরি** — দেবচিকিৎসক। গোত্র বিশেষ।

**ধন্বী** (ধন্বিন্) — ধনুর্ধারী।

**ধপ** ] পতনের শব্দ ('— ক'রে পড়া, ফেলা, বসা'। অল্প — ধুপ ] জোরে — ধপাস ])

**ধপধপ, ধবধব** ] শুভ্রতার লক্ষণ প্রকাশ ('— করা')। ণ. **ধপধপে, ধবধবে** ] ('সাদা —। — কাপড়')

**ধব** — স্বামী (সধবা, বিধবা)

**ধবল**—ণ. শ্বেত, সাদা। ষ্য. চর্মরোগ বিঃ, শ্বিত্র, শ্বেতকুষ্ঠ। ... স্ত্রী. **ধবলা**। ... **ধবলিত** — যাহা সাদা হইয়াছে, শুক্লী-ভূত। ... **ধবলিমা** (-মন্) শুভ্রতা। ... **ধবলী** — সাদা গরুর নাম। (তুঃ শ্যামলী)। ... **ধবলীকৃত** — যাহাকে সাদা করা হইয়াছে। ... **ধবলীভূত** — যাহা সাদা হইয়াছে।

**ধমক** ] তিরস্কার ('— দেওয়া, খাওয়া')। প্রভাব, বেগ, তাড়স ('জ্বরের —')। ... **ধমকানো** [ √ধমকা-১৭ ] ধমক দেওয়া। ... ষ্য. **ধমকানি** ]

**ধমনী, -নি**—রক্তবাহিকা নাড়ী। (শারীর-বিদ্যায়) যে নাড়ী দিয়া হৃৎপিণ্ড হইতে রক্ত দেহের বিভিন্ন স্থানে সঞ্চারিত হয়, artery. (শিরা দেখ)। ( § ধামনিক)

**ধম্মিল্ল** — খোঁপা, ঝুঁটি।

**-ধর** — যে ধারণ করে ('জল-')

**ধরণ** — ধারণ।

**ধরণী, -ণি** — পৃথিবী, ধরিত্রী। ... **ধরণীতল** — ভূপৃষ্ঠ, মাটি। ... **ধরণীধর** — পর্বত। বাসুকি।

**ধরতা** ] — গান, কবিতা ইত্যাদির আরম্ভ।

**ধর্তি** ] যাহা পূরণস্বরূপ বা অতিরিক্ত দেওয়া হয় (যথা ক্রয়বিক্রয়ে)

**ধরন** ] পদ্ধতি, রীতি, চাল ('কাজের —')। আকৃতি, লক্ষণ, রকম ('মুখের, রোগের, কথার —')

**ধরনা** ] "ধন্না", কাহারও দ্বারে অনশনে পড়িয়া থাকিয়া অভীষ্টলাভের চেষ্টা, প্রতিশয় (যথা দেবমন্দিরের দ্বারে, ঋণীর গৃহদ্বারে। '— দেওয়া, পাতা')। যে কাঠের উপর ঘরের চাল থাকে। যে বাঁশ ধরিয়া ঢেঁকিতে পা দেওয়া হয় বা সাঁকো পার হয়।

**ধরপাকড়** ] ধরা ও পাকড়ানো, ধরিয়া গ্রেফতার।

**ধরম** ] < ধর্ম (প্রায় পদ্যে)

**ধরা ১** — পৃথিবী, ধরণী। ... **ধরাতল** — ভূপৃষ্ঠ, মাটি। ... **ধরাধর** — পর্বত। ... **ধরাধাম** — পৃথিবীরূপ আবাস। ... **ধরাশায়ী** (-য়িন্) — ভূতলে শয়িত।

**ধরা ২** [ √ধর্‌৫। < ধৃ ] হস্ত দ্বারা ধারণ করা ('লাঠি, হাত, পায়ে —')। অঙ্গে ধারণ করা, যুক্ত হওয়া ('বেশ, রূপ, বল, বুদ্ধি, প্রাণ, নাম —')। পাকড়ানো ('চোর, মাছ —। ঠেসে, চেপে —')। আটকানো ('দোকানে মাল ধ'রে রাখা')। আক্রমণ করা ('ডাক'তে, রোগে —। কম্প —')। যথাসময়ে যাইয়া পাওয়া ('ট্রেন —')।

সনির্বন্ধ প্রার্থনা করা ('মনিবকে —')। আশ্রয় করা ('ঠাকুরের দুয়ার

—')। পছন্দ হওয়া ('মনে —')। অবলম্বন করা ('সোজা রাস্তা, সৎপথ, আবদার, গোঁ —')। আরম্ভ করা ('গান, পড়াশুনা, মদ, বড়মানুষী চাল, নিয়ম —')। ঠাওরানো, অবধারণ করা ('রোগ, চুরি —')।

নির্ধারণ করা ('দাম —')। বোধ করা; দেখানো ('দোষ, ভুল —')। কল্পনা করা ('ধর যদি বিপদ হয়')। গণ্য করা ('তার কথা ধ'রো না, তাকে ধ'রে দশ জন')।

গুণ প্রকাশ করা ('ঔষধ —')। বেদনা বা বিকার যুক্ত হওয়া ('মাথা, সর্দিতে গলা, ওলে মুখ —')। উৎপন্ন হওয়া, প্রকাশ পাওয়া ('গাছে ফল, ফলে পোকা, ছাতা, রং, চুলে পাক —')। লগ্ন হওয়া ('কাপড়ে দাগ, ঘরে আগুন —')।

স্থান পাওয়া ('ঘরে জিনিস, মুখে হাসি ধরে না')। বন্ধ হওয়া, থামা ('বৃষ্টি, জ্বর, পেট —')। প্রজ্বলিত হওয়া ('উনন —')। রন্ধনকালে তলায় পুড়িয়া যাওয়া ('ভাত —')।

অতিরিক্ত বা ধর্তি স্বরূপ গণ্য করা ('দু টাকা ধ'রে দিন')। হওয়া ('টান, ঠেল—')। ... ণ. যে ধরে ('ছেলে-, ধামা-, হাত-। মাছ- জাল')। ধৃত; লক্ষিত ('— পড়া')। নির্ধারিত ('ও কথা ধরাই আছে')। রন্ধনদোষে দগ্ধ ('—গন্ধ')। ... ষ্য. আত্মসমর্পণ ('— দেওয়া')। ...

**ধরাকাট**] বাঁধাবাঁধি, কঠিন নিয়ম।

**ধরাছোঁয়া**] ধৃত বা স্পৃষ্ট হওয়া; নিকটে আগমন ('— দেয় না')।

**ধরাধরি**] কয়েকজন কর্তৃক ধারণ ('— ক'রে নিয়ে আসা')।

**ধরাবাঁধা**] নির্ধারিত। ... **ধরিয়া/ধ'রে**] ব্যাপিয়া, যাবৎ ('তিন দিন —')। ধীরে, স্থিরহস্তে ('ধ'রে ধ'রে লেখা')

**ধরাট**] — কমিশন, বাটা।

**ধরাটি**] — বাঁধ বাঁধিবার জন্য রাশীকৃত মাটি।

**ধরাধরি**] — একাধিক লোকের ধারণের দ্বারা সাহায্য। নানাজনের কাছে অনুগ্রহ প্রার্থনা।

**ধরানো** [√ ধরা-১১] ধৃত করানো ('চোর, মাছ —')। অভ্যাস করানো ('মদ —')। লগ্ন করা ('রং, বালি —')। রাখিবার স্থান করা ('আলমারিতে বই —')। জ্বালানো ('উনন —')

**ধরিত্রী** — পৃথিবী, ধরা, ধরণী।

**ধর্তব্য** — বিবেচ্য, গণনীয়, গ্রাহ্য। ধারণ-যোগ্য।

**ধর্তা** (-র্তৃ) — ধারণকর্তা। ... **স্ত্রী. ধর্ত্রী।**

**ধর্ম** — সৎকর্ম, সদাচার, পুণ্যকর্ম, কর্তব্য-কর্ম ('অহিংসা পরমো-')। সমাজ-হিতকর বিধি, law; সুনীতি, morality ('-সংগত')।

পরম্পরাগত সামাজিক আচার-অনুষ্ঠান বা বিহিত কর্ম ('হিন্দু-, ক্ষত্র-')।

সাম্প্রদায়িক উপাসনাপদ্ধতি সংস্কার রীতিনীতি এবং ঈশ্বর পরকাল ইঃ বিষয়ক মত, religion ('মুসলমান-, ব্রাহ্ম-, বৈষ্ণব-')।

সাধনার মার্গ। স্বভাব, গুণ, শক্তি ('পশু-, কাল-, যুগ-। যৌবনের, অগ্নির —')। যম ('-রাজ')। ধর্মঠাকুর, নিরঞ্জন (দেখ)। (§ ধর্মিষ্ঠ, ধর্মী, ধর্ম্য, ধার্মিক)

**ধর্মকর্ম, -কার্য** — ধর্মবিহিত কার্য, পুণ্যকর্ম। ধর্মের অনুষ্ঠান।

**ধর্মকাম** — ধর্মসাধন বা পুণ্যলাভ করিতে ইচ্ছুক।

**ধর্মক্ষেত্র** — পুণ্যভূমি।
**ধর্মগুরু** — ধর্ম সম্বন্ধে যিনি দান করেন।
**ধর্মগণ্ডা]** — ন্যায্যপ্রাপ্য।
**ধর্মগ্রন্থ** — ধর্মমতের প্রতিপাদক গ্রন্থ (যথা বেদ বাইবেল কোরান)। কর্তব্য সদাচার ইঃ বিষয়ক গ্রন্থ।
**ধর্মঘট** — সংঘবদ্ধ হইয়া প্রতিজ্ঞা গ্রহণ। প্রার্থনা পূরণ না হওয়া পর্যন্ত কাজ বন্ধ করা (মজুর ইঃর)। ... বৈশাখে অনুষ্ঠেয় ঘটদান ব্রত।
**ধর্মঘটী** (-টিন্) — ধর্মঘটকারী।
**ধর্মচক্র** — বুদ্ধের উপদেশ চতুষ্টয় (দুঃখের কারণ ও নিবৃত্তি বিষয়ক)
**ধর্মচর্যা** — ধর্মপালন, ধর্মাচরণ।
**ধর্মজ্ঞ** — যে ধর্মের তত্ত্ব জানে। ... ষ্য. **ধর্মজ্ঞতা। ধর্মজ্ঞান।**
**ধর্মঠাকুর** — লৌকিক দেবতা। নিরঞ্জন।
**ধর্মতঃ** (-তস্) — ধর্মানুসারে।
**ধর্মদ্রোহী** (-হিন্) — ধর্মসংগত আচরণ বা বিশ্বাসের বিরোধী। অধার্মিক।
**ধর্মধ্বজী** (-জিন্) — কপটধার্মিক, ধর্মের ভানকারী।
**ধর্মনাশ** — ধর্মের হানি বা লোপ। বিধি-লঙ্ঘনের ফলে স্বধর্মের নাশ। সতীত্ব-নাশ।
**ধর্মনিষ্ঠ, -পরায়ণ** — ধর্মাচরণে অনুরক্ত। ... ষ্য. **-নিষ্ঠতা। -নিষ্ঠা। -পরায়ণতা।**
**ধর্মপত্নী**—সহধর্মিণী, যথাবিধি বিবাহিতা স্ত্রী। (সং) প্রথমা পত্নী যাহার সহযোগে ধর্মাচরণ বিধেয়।
**ধর্মপথ** — সত্যন্যায়ের অনুসৃতি।
**ধর্মপাল** — ধর্মকে যে রক্ষা করে। পাল-বংশীয় বঙ্গের রাজা বিঃ।
**ধর্মপিতা** (-তৃ) — **ধর্মবাপ], ধর্মভ্রাতা** (-তৃ) — **ধর্মভাই]** ধর্মসাক্ষী করিয়া যাহার সহিত পিতৃত্ব বা ভ্রাতৃত্ব সম্বন্ধ স্থাপন করা হইয়াছে।
**ধর্মপিপাসা** — ধর্ম সম্বন্ধে জ্ঞান লাভের আগ্রহ।
**ধর্মপুত্র** — যুধিষ্ঠির (যম-কুন্তির পুত্র)। ধর্মপিতার পুত্রস্থানীয় ব্যক্তি; ভিক্ষা-পুত্র।
**ধর্মপুস্তক** — ধর্মগ্রন্থ (দেখ)
**ধর্মপ্রমাণ** — ধর্মসাক্ষী করিয়া যাহা করা বা বলা হয়।
**ধর্মপ্রাণ** — ধর্মে একান্ত অনুরক্ত।
**ধর্মবিপ্লব** — প্রচলিত ধর্ম বিষয়ের ব্যাপক বিদ্রোহ বা স্বেচ্ছাচারিতা।
**ধর্মবুদ্ধি** — ধর্মনির্ণায়ক বুদ্ধি।
**ধর্মভয়** — ধর্মহানির ভয়। ... ণ. **ধর্ম-ভীরু।**
**ধর্মমঙ্গল** — ধর্মঠাকুরের মহিমা প্রচারের জন্য রচিত কাব্যগ্রন্থ।
**ধর্মযুদ্ধ** — ধর্মবিহিত উপায়ে অনুষ্ঠিত যুদ্ধ। ধর্মরক্ষার্থ যুদ্ধ।
**ধর্মরক্ষা** — ধর্ম বজায়। ধর্মপালন। সতীত্ব-রক্ষা।
**ধর্মরাজ** — যম। যুধিষ্ঠির। বৌদ্ধ ধর্ম-ঠাকুর শিবরূপে পূজিত (রাঢ়দেশে)।
**ধর্মশালা** — বিচারালয়। ধরমশালা, অতিথিশালা।
**ধর্মশাসন** — ধর্মপালনের জন্য নির্দিষ্ট বিধি বা অনুশাসন।
**ধর্মশাস্ত্র** — যে শাস্ত্রে ধর্মসংগত আচার-ব্যবহার নির্দিষ্ট থাকে। স্মৃতিশাস্ত্র।
**ধর্মসংস্কার** — প্রচলিত ধর্মের উন্নতিসাধন। ... **ধর্মসংস্কারক** — যে তাহা করে।
**ধর্মসাক্ষী** (-ক্ষিন্) — ধর্ম যাহার সাক্ষী। (বাং) ধর্মসংগত অনুষ্ঠান পূর্বক প্রতিজ্ঞা গ্রহণ।
**ধর্মহানি** — ধর্মের ক্ষয়, ধর্মপালনের ত্রুটি।
**ধর্মাচরণ** — ধর্মসংগত আচরণ।

ধর্মানুষ্ঠান।
**ধর্মাচার্য** — যিনি ধর্ম সম্বন্ধে উপদেশ দান করেন।
**ধর্মাত্মা** (-ত্মন্) — ধর্মে একান্ত অনুরক্ত, ধর্মপ্রাণ।
**ধর্মাধিকরণ** — বিচারালয়। বিচারক। ... **ধর্মাধিকার** — বিচারকের কার্য। ... **ধর্মাধিকারী** (-রিন্) — বিচারক।
**ধর্মাধ্যক্ষ** — প্রধান বিচারপতি, প্রাড্‌বিবাক।
**ধর্মানুষ্ঠান**—ধর্মবিহিত কর্মের অনুষ্ঠান।
**ধর্মান্তর** — অন্য ধর্ম ('-গ্রহণ')
**ধর্মান্তরিত** — এক ধর্ম ত্যাগ করিয়া অন্যধর্মে দীক্ষিত।
**ধর্মান্ধ**—স্বধর্মে অন্ধবিশ্বাস এবং পরধর্মে বিদ্বেষ যুক্ত। ... ষ্য. **-তা**।
**ধর্মাবতার** — সাক্ষাৎ ধর্ম (বিচারক প্রভু ইঃকে সম্বোধন)
**ধর্মাবলম্বী** (-ম্বিন্) — ধর্মবিশিষ্ট। ধর্ম-সম্প্রদায়ভুক্ত।
**ধর্মাসন** — বিচারকের আসন।
**ধর্মিষ্ঠ** — ধর্মে অত্যন্ত অনুরক্ত। ... স্ত্রী. **-ষ্ঠা**।
**ধর্মী** (-র্মিন্) — স্বভাব বা গুণ বিশিষ্ট ('পশু-')। ধার্মিক।
**ধর্মোন্মাদ** — ধর্মের দোহাই দিয়া কাণ্ডা-কাণ্ডজ্ঞানশূন্যতা।
**ধর্মোপেত** — ধর্মসংগত।
**ধর্ম্য** — ধর্মসংগত। ধর্মযুক্ত। ধর্মলব্ধ।
**ধর্ষণ** — পীড়ন, অত্যাচার। বলাৎকার। ... **ধর্ষক** — ধর্ষণকারী। — **ধর্ষণীয়** — ধৃষ্য, ধর্ষণযোগ্য। যাহাকে দলন করিতে পারা যায়। ... **ধর্ষিত** — উৎপীড়িত। অপমানিত, পরাজিত। ... **ধর্ষিতা** — বলাৎকৃতা। উৎপীড়িতা।
**ধলা** ] < ধবল, সাদা, ফরসা।
**ধস** ] মাটির চাপ ইঃর স্থানচ্যুতি ('— নামা, ভাঙা')। খসিয়া পড়ার শব্দ।
**ধসকানো** [ √ধস্‌কা-১৭ ] শিথিল হওয়া, ভাঙিয়া পড়া ('শরীর ধসকে গেছে')
**ধসা** [ √ ধস্-৫ ] খসিয়া পড়া ('নদীর পাড়, দেওয়াল —')। নষ্ট বা অসাড় হওয়া ('রোগে অঙ্গ —')। ... ণ. যাহা ধসিয়া পড়িয়াছে।
**ধস্তাধস্তি** ] টানাটানি, ঠেলাঠেলি, বার বার বা পরস্পর বলপ্রয়োগ ('ভারী জিনিস তুলিবার জন্য —। বিপক্ষের সঙ্গে —')
**ধা** ] স্বরগ্রামের ষষ্ঠ স্বর ধৈবতের সংকেত।
**ধাঁ** ] শীঘ্র, চট্‌, ঝাঁ ('— ক'রে এস')
**ধাই** ] < ধাত্রী, উপমাতা, মাতার তুল্য যে শিশুপালন করে। যে স্ত্রী প্রসব করায় বা প্রসূতি ও সন্তানের সেবা করে। যে অন্যের শিশু স্তন্যদ্বারা পালন করে।
**ধাঁই** ] অনুকার শব্দ (চড় মারা ইঃর)
**ধাউড় ১** ] — দ্রুতগামী বার্তাবহ।
**ধাউড় ২** ] — ধৃষ্ট, শঠ (প্রা-সা)
**ধাউস, ঢাউস** ] বড় ('— ঘুড়ি')
**ধাওয়া** [ √ধা-২। < ধাব্ ] ধাবন করা, দৌড়ানো। ... ষ্য. ধাবন ('পিছনে — করা')
**ধাওয়াধাই** ] — দ্রুত, সত্বর ধাবনের দ্বারা।
**ধাওড়া** ] — সাঁওতালদের কুঁড়ে।
**ধাওলা** ] — ধলা, ধবলা, সাদা।
**ধাকড়া** ] — ছেঁড়াকাপড়। নেকড়া, তেনা।
**ধাক্কা** ] হঠাৎ ঠেলা ('গলা- দেওয়া')। সংঘর্ষ, ঠোকাঠুকি ('— লাগা')। আঘাত ('দরজায় — দেওয়া') সহসা আগত বেগ ঠেলা ভার বিপদ্ ইঃ ('ঢেউএর, কাজের, জ্বরের —। — সামলানো, সহা')। ...
**ধাক্কাধাক্কি** ] — ধাক্কার বিনিময়ে ধাক্কা (ব্যতীহারে দ্বিত্ব)
**ধাঙ্গড়/ধাঙড়** ] অবনত হিন্দু জাতি বিঃ।
**ধাঁজ, ধাঁচ** ] প্রকার, রকম ('মেজাজটা কড়া

ধাঁজের')

**ধাড়া**] — পাঁচসের বা পসুরি ওজনের তৌলদাঁড়ি।

**ধাঁড়** ] — মেটেঘরের বারান্দা (রাঢ়ে)।

**ধাড়ী ১** [(স্ত্রী) < ধাত্রী] যাহার বাচ্চা হইয়াছে ('বাচ্চা ও ধাড়ী')। (পুং) বয়স্থ ('বুড়ো-')। সর্দার, অগ্রণী ('দলের, বজ্জাতের —')

**ধাড়ী ২** ] — অকস্মাৎ আক্রমণ (প্রা-সা)

**ধাত** ] < ধাতু, প্রকৃতি, স্বভাব, মেজাজ ('শ্লেষ্মার, কড়া —')। নাড়ী ('— ছেড়ে যাওয়া')। শুক্র। ... **ধাতস্থ** ] স্বাভাবিক অবস্থায় আগত, সুস্থ, প্রকৃতিস্থ।

**ধাতসহ, ধাতসওয়া** ] — শারীরিক ধাতুর পক্ষে সহনে অভ্যস্ত।

**ধাতকী** — ধাইফুল।

**ধাতব** — ধাতু সম্বন্ধীয়, ধাতুঘটিত।

**ধাতা** (-তৃ) — বিধাতা। ব্রহ্মা। ধারয়িতা। পিতা। ... স্ত্রী. **ধাত্রী** (দেখ)

**ধাতানি** — তিরস্কার। ধমক (পূঃ বঃ)

**ধাতু** — স্বর্ণ রৌপ্য লৌহ ইঃ। খনিজ দ্রব্য। (আয়ুর্বেদে) বায়ু পিত্ত কফ রক্ত মাংস অস্থি ইঃ। শুক্র ('-দৌর্বল্য')। স্বভাব, ধাত। (ব্যাকরণে) ক্রিয়াবাচক শব্দমূল। (§ ধাতব)। ... **ধাতুকোষ** — যে পুস্তকে ধাতুর বিবিধরূপের নির্ঘণ্ট থাকে। ... **ধাতুগত** — শরীরগত, প্রকৃতিগত। ... **ধাতুগর্ভ** — যাহার ভিতরে বুদ্ধাদি মহাপুরুষের ধাতু (অস্থি দন্ত ইঃ) রক্ষিত আছে, dagoba, চৈত্য মঠ ইঃ। ... **ধাতুঘটিত** — ধাতু বা খনিজ দ্রব্য সংযোগে প্রস্তুত ('— ঔষধ')। ... **ধাতুপ্রত্যয়** — ধাতু ও প্রত্যয় নির্দেশ করিয়া কৃদন্তপদের ব্যুৎপত্তি। ... **ধাতুময়** — ধাতুনির্মিত। ... **ধাতুমল** — মরিচা। ... **ধাতুশিল্প** — স্বর্ণ, রৌপ্য, তাম্র ইত্যাদি ধাতুর দ্বারা রচিত শিল্প। ... **ধাতুরূপ** — বিবিধকালে ও পুরুষে ধাতুর বিবিধ ক্রিয়ারূপ।

**ধাত্রী** — ধাই (দেখ)। ধারয়িত্রী। মাতা।

**ধাত্রী, ধাত্রিকা** — আমলকী।

**ধাত্রীবিদ্যা** — সন্তানপ্রসব সম্বন্ধে জ্ঞান লাভ করা যায় যে বিজ্ঞানে।

**ধাধস** ] — ভ্রান্তি। সঞ্চারিত বেগের জের।

**ধাঁধা ১** [ < দ্বন্দ্ব ] দৃষ্টিবিভ্রম ('চোখে — লাগা')। ধোঁকা, সংশয়, সমস্যা ('ধাঁধায় পড়া')। কৌতূহলজনক দুরূহ প্রশ্ন। জটিল সমস্যা ('গোলক-')

**ধাঁধা ২** [ √ ধাঁধ্-৭ ] দৃষ্টি বিভ্রান্ত করা (প্রায় পদ্যে। 'ধাঁধিল নয়ন')

**ধান ১** — আধার, নিধান। স্থান। ... স্ত্রী. **ধানী** ('রাজ-')

**ধান ২** ] < ধান্য (দেখ)। ওজন বিঃ (সিকি রতি, প্রায় ১ গ্রেন)। ('ধান কাঁড়া, ভানা' — তুষ হইতে চাল বাহির করা। '— বোনা' — বীজ-ধান ছড়াইয়া বপন করা। '— রোয়া' — ধানের চারা রোপণ করা)। (§ ধেনো) ... **ধানী** ] ধানের তুল্য। কাঁচা ধানের রং বিশিষ্ট।

**ধানবাড়ি** ] — সুদে বাড়াইবার জন্য ধান ধার দেওয়া।

**ধানসারা** ] — ধান মাড়াইয়ের পর সংগৃহীত সারধান বা আসল ধান।

**ধানশী** [ < ধনাশ্রী ] রাগিণী বিঃ।

**ধানাইপানাই** ] — অসম্বদ্ধ বাগ্জাল বিস্তার।

**ধানী** — আধার ('পুষ্পধানী')। বাসস্থান ('রাজধানী')

**ধানুষ্ক** — ধানুকী ] ধনুর্ধর।

**ধান্দা, -ধা** [ < দ্বন্দ্ব ] কাজকর্মের চিন্তা বা চেষ্টা।

**ধান্য** — ধান, যে শস্য হইতে চাল হয়। ধান যব গম ইঃ ('শালি-, শূক-') ... **ধান্যেশ্বরী** — (ব্যঙ্গে) ধেনো মদ। ... **ধান্যশীর্ষ** — ধানের শীষ।

**ধাপ ]** সিঁড়ির পইঠা।

**ধাপ্পা ]** মিথ্যা আশ্বাস ও উপদেশ বা ভয়-প্রদর্শন। দম, প্রতারণা ('—দেওয়া')। ... **ধাপ্পাবাজ ]** যে ধাপ্পা দেয়। ... ব্য. **-বাজি ]**

**ধাবক** — যে দৌড়িয়া যায়। ধোবা। ধৌতকারী, পরিষ্কারক। জনৈক প্রাচীন কবি।

**ধাবড়া ]** — কালির ময়লা চিহ্ন।

**ধাবন** — বেগে গমন, ধাওয়া। ধৌত করণ, প্রক্ষালন ('দন্ত-')। ... **ধাবমান** — যে দৌড়িতেছে। ... **ধাবিত** — যে দৌড়িয়াছে। অনুসৃত। ধৌত।

**ধাম** (-মন্) — আবাস। তীর্থস্থান, দেবতার আবাস ('কাশী-, গোলোক-')। আধার ('গুণ-')

**ধামনিক** — ধমনী সম্বন্ধীয়।

**ধামসানো** [ √ ধাম্‌সা-১৭ ] দলন করা, হাত পা দিয়া চটকানো ('বিছানা —')

**ধামা** [ < ধামক ] শস্যাদি মাপিবার বা রাখিবার বেতের ঝুড়ি বিঃ। (ছোট — ধামি ])। ... **ধামাচাপা ]** আবরণ, গোপন ('— দেওয়া')। ... **ধামাধরা ]** খোশামুদে।

**ধামার ]** সংগীতের তাল বিঃ।

**ধামাল ]** — অশান্ত, দামাল।

**ধামালী ]** — রঙ্গরস। রসকলহ। অঙ্গ-ভঙ্গী করিয়া নাচগান। চতুরালি। ছড়া কাটা।

**ধার** — ঋণ, কর্জ, হাওলাত ('— করা, লওয়া, দেওয়া')। সংস্রব ('লেখাপড়ার — ধারে না')। কিনারা, প্রান্ত, সীমা ('নদীর —')। তীক্ষ্ণতা ('বুদ্ধির —। — দেওয়া, করা')। তীক্ষ্ণ প্রান্ত (§ ধারাল)। ধারা, বর্ষণ, ('মুষল-')

**-ধার** — যে ধারণ করে ('কর্ণ-, সূত্র-')

**ধারক** — যে ধরে ('তন্ত্র-')। যাহাতে ভেদ বন্ধ বা মল কঠিন হয় ('— ঔষধ')

**ধারণ** — হস্তে বা অঙ্গে গ্রহণ ('অস্ত্র, হস্ত, মাল্য, বেশ, মাদুলি — করা')। পরিগ্রহ, ('রূপ, মূর্তি —')। যুক্ত হওয়া ('বল, বুদ্ধি, নাম —')। ধারণা, মনন, স্মরণ ('উপদেশ —')। সংবরণ ('মলমূত্রের বেগ —')। বহন ('গোবর্ধন-')। রক্ষণ ('জল-')। (§ ধারণীয়, ধারিত, ধার্য, ধৃত, ধ্রিয়মাণ)

**ধারণা** — বোধ, প্রতীতি, নির্ধারণ, বিশদ জ্ঞান ('—য় আনা। — করা')। সংস্কার ('ভুল —')। মেধা, স্মরণশক্তি। একাগ্রতা। স্থাপনা।

**ধারণীয়** — ধারণ করিবার যোগ্য।

**ধারয়িতা** (-তৃ) — ধারণকর্তা। ... স্ত্রী. **ধারয়িত্রী।**

**ধারয়িষ্ণু** — যে ধারণ করিয়া আছে।

**ধারা ১** — প্রবাহ, স্রাব ('ত্রি-, বারি-, অশ্রু-। নদীর, বৃষ্টির, ঝারির —')। বৃষ্টি। নির্ঝর, প্রস্রবণ, ঝরনা ('সহস্র-')। পরম্পরা ('চিন্তা-')। শৃঙ্খলা, নিয়ম ('কাজের —')। রীতি, ধরন, রকম ('কেমন —')। অস্ত্রাদির ধার। (বাং) আইনের বিধি, section ('৩২৪ ধারা') ... **ধারাগৃহ**—ফোয়ারা যুক্ত গৃহ। ... **ধারাধর** — মেঘ। ... **ধারানিবন্ধ ১** — প্রথাবদ্ধ। কেতাদুরস্ত। **ধারানিবন্ধ ২** — ধারে ধারে সংলগ্ন। ... **ধারাপাত** — জলধারাপতন। (বাং) পাটীগণিত শিক্ষার প্রাথমিক পুস্তক। ... **ধারা-বাহিক, ধারাবাহী** (-হিন্)—অবিচ্ছিন্ন,

ক্রমিক। শৃঙ্খলিত। ... ষ্য. **-বাহিকতা, -বাহিতা।** ... **ধারাযন্ত্র** — ফোয়ারা। স্নানের নিমিত্ত জলধারাপাতন যন্ত্র।... **ধারাসম্পাত** — বৃষ্টিপাত। ... **ধারাসার** — মুষল ধারায় বর্ষণ।

**ধারা ২** [ √ধার্-৭ ] ঋণী হইয়া থাকা, ঋণযুক্ত হওয়া ('তার কাছে ধারি। দশ টাকা ধারি')

**ধারানি ]** — ধারাকারে যাহা ঝরিয়া পড়ে।

**ধারাল** — শানিত, খরধার।

**ধারি ]** — ধাড়ি দেখ। (রাঢ়ে)

**ধারিণী** — পৃথিবী। কালিদাসের মালবিকাগ্নিমিত্র নাটকের রাণী।

**ধারিত** — যাহা ধরানো হইয়াছে। গ্রাহিত।

**ধারী** (-রিন্) — যে ধারণ করে ('বেশ-, বংশী-')। ধারযুক্ত ('দুধারী')। ... স্ত্রী. **ধারিণী** ('গর্ভ-, বহুবল-')

**ধারুয়া ]** — ঋণী, ধেরো।

**ধারোষ্ণ** — সদ্য দোহা ঈষদুষ্ণ ('— দুগ্ধ')

**ধার্তরাষ্ট্র** — ধৃতরাষ্ট্রের পুত্র।

**ধার্মিক** — যে ধর্মপালন করে, ধর্মিষ্ঠ। ধর্মবিষয়ক। ... স্ত্রী. **-কী।**

**ধার্য** — ধারণীয় (দেখ)। (বাং) স্থিরীকৃত, অবধারিত ('বেতন, কর্তব্য, বিবাহের দিন — করা, হওয়া')। ... **ধার্যমাণ** — যাহা ধৃত আছে।

**ধার্ষ্ট্য** — ধৃষ্টতা।

**"ধাষ্টামি, -মো" ]** ধৃষ্টতা, স্পর্ধা। লজ্জা বা নিন্দা জনক আচরণ।

**ধিক্** — নিন্দা ঘৃণা বা বিরক্তি সূচক শব্দ, ছি ('তারে, জীবনে —')। ... **ধিক্কার** — ধিক্-উক্তি। ... **ধিক্কৃত** — ঘৃণিত। ভর্ৎসিত।

**ধিকিধিকি** (ধকধক দেখ) অল্পে অল্পে, ধীরে ধীরে (দহন)।

**ধিঙ্গী ]** **চঞ্চলস্বভাব, প্রগল্ভ, উদ্দাম,** যাহার আচরণ অসংযত (প্রায় স্ত্রী)। দলের সর্দার।

**ধিনধিন ]** নাচের ভাব ('— ক'রে নাচা') বাজনার বোল।

**ধিমা ]** (ঢিমা দেখ)

**ধিষণা, ধীষণা** — বুদ্ধি।

**ধী** — বুদ্ধি, জ্ঞান ('-মান্, -শক্তি')। ... **ধীগুণ** — বুদ্ধির অষ্টবিধ গুণ বা উপায়, যথা শুশ্রূষা (জানিবার ইচ্ছা), শ্রবণ, গ্রহণ, ধারণ, ঊহ (তর্ক), অপোহ (তর্কখণ্ডন), অর্থজ্ঞান, তত্ত্বজ্ঞান।

**ধীবর** — জেলে, মৎস্যজীবী।

**ধীমান্** (-মৎ) — বুদ্ধিমান্। জ্ঞানী।

**ধীর** — মন্থর, মৃদু ('-গতি। ধীরে চলা। ধীরে ধীরে')। স্থির, অচঞ্চল, শান্ত ('-ভাবে')। ধৈর্যশীল ('— হওয়া। অধীর')। স্থিরবুদ্ধি, বিবেচক ('— ব্যক্তি')। ... স্ত্রী. **ধীরা।** — যে নায়িকা স্পষ্ট ক্রোধ না দেখাইয়া ব্যঙ্গোক্তি করে। ... ষ্য. **ধীরতা, -ত্ব, ধৈর্য।**

**ধীরাধীরা** — যে নায়িকা রোষ গোপন করে। যে নায়িকা অশ্রুপাত করিতে করিতে নায়কের প্রতি বক্রোক্তি করে।

**ধীরিধীরি ]** — আস্তে আস্তে।

**ধীরেসুস্থে** — রয়ে বসে। উত্তেজিত না হইয়া।

**ধীরোদাত্ত** — নিরহংকার, সুখদুঃখে দরদী নায়ক।

**ধীরোদ্ধত** — শান্ত ধীর কিন্তু মাঝে মাঝে উদ্ধত।

**ধুকড়ি** (ধোকড়া দেখ)। কাঁথার ঝুলি।

**ধুকধুক** (ধকধক দেখ)। ... **ধুকধুকি ]** কণ্ঠহারের সহিত সংলগ্ন অলংকার যাহা বুকের উপর ঝোলে।

**ধুকপুক ]** আশংকাজনিত হৃৎস্পন্দন ('বুক — করা') — ধুকধুকুনি।

**ধুঁকুনি** (ধোঁকা ১ দেখ)

**ধুচ্‌নি/ধুচুনি** ] চাল ইঃ ধুইবার সচ্ছিদ্র পাত্র।

**ধুৎ** ] দুৎ, ধেৎ, দূর (দেখ)

**ধুত, ধূত** — কম্পিত, বিধূনিত। বিদূরিত ('-পাপ')

**ধুতি ১** [ < ধোত্র বা ধৌতি ] পুরুষের পরিবার কাপড়।

**ধুতি ২** ] ঘুষ, উৎকোচ, ভেট, সওগাত।

**ধুতুরা/ধুতরা** ] < ধুস্তুর, বিষময় ফল বিঃ বা তাহার গাছ বা ফুল।

**ধুঁদুল** (ধুন্দল দেখ)

**ধুধু** ] আগুন জ্বলার শব্দ, দাউদাউ ('— ক'রে জ্বলা')। শূন্যতা বিস্তার উত্তাপ ইঃর লক্ষণ প্রকাশ ('মাঠ, মরুভূমি, বুকের ভিতর — করা)

**ধুনচি / ধুনুচি** ] ধুনা জ্বালাইবার পাত্র।

**ধুনন, ধু-** — কম্পন। ( ≬ ধুত, ধূত)

**ধুনা/ধুনো** [ < ধুনক বা ধূপন ] শাল-বৃক্ষের নির্যাস, সর্জরস (পুড়াইলে সুগন্ধ ধুঁয়া হয়। '— দেওয়া')

**ধুনারী/ধুনরী, ধুনুরী** ] যে তুলা ধোনে।

**ধুনি** ] সন্ন্যাসীর অগ্নিকুণ্ড ('—জ্বালা')

**ধুনী** — নদী ('সুরধুনী')

**ধুন্দুল/ধুঁদুল** ] ঝিঙা-জাতীয় ফল বিঃ (তরকারি)

**ধুন্ধুকার** — ধূমে অন্ধকার।

**ধুন্ধুমার** — পৌরাণিক রাজা বিঃ। (বাং) ... ণ. তুমুল ('— ঝগড়া')। ... ষ্য. মহা গোলমাল ('— বাধানো')

**ধুপ ১** (ধপ্ দেখ)

**ধুপ ২** [ হি ] রৌদ্র। ... **ধুপছায়া** ] (মূঃ রৌদ্র ও ছায়া) ময়ূরকণ্ঠী রং।

**ধুম** ] ষ্য. সমারোহ, জাঁকজমক ('পূজায়, বিবাহে —')। ভিড়, লোকের আগ্রহ ('তীর্থযাত্রার, গঙ্গাস্নানের —। —পড়া, লাগা') ... ণ. বিপুল, কোলাহলময় ('—ঝগড়া') ... **ধুমধাম, "ধুমধড়াক্কা"** ] সমারোহ ও উৎসাহ।

**"ধুমসা/ধুমসো"** ] মোটা ('— গড়ন, চেহারা, লোক')। ... স্ত্রী. **"ধুমসী"** ]

**"ধুম্বু"** ] লম্বা ও মোটা ('— মিনসে, মাগী')। ... স্ত্রী. **"ধুম্বী, ধুমড়ী"** ]

**ধুয়া/ধুয়ো** [ < ধ্রুব ] কীর্তনাদি গানের যে পদ দোহারগণ বার বার গায়। অতিকথিত নূতন মত বা আবদার ('— ধরা')

**ধুঁয়া/ধোঁয়া** ] < ধূম।

**ধুর, ধুরা** [ < ধুর্ ]। শকটের অগ্রভাগ যাহা বলদ ইঃর স্কন্ধে থাকে, যুগ, জোয়াল। চাকার মধ্যের দণ্ড, ঈষ।

**ধুরন্ধর, ধুরীণ** — (মূঃ ভারবাহক) যে দক্ষতার সহিত কার্যনির্বাহ করিতে পারে, কার্যকুশল।

**ধুলট** ] সংকীর্তনের পর ভাবাবেশে ধুলায় গড়াগড়ি। এবং তদুপলক্ষে উৎসব।

**ধুলপরিমাণ** — এক কাঠা জমির বিশ ভাগের এক ভাগ।

**ধুলা, ধুলো / ধুলো** ] < ধূলি (দেখ)। ... **ধুলা-পা** ] দ্বিরাগমন-সংস্কারের পরিবর্তে বিবাহের অষ্টাহের মধ্যে পতির সহিত বধূর দ্বিতীয়বার পতিগৃহে আগমন।

**ধুস্তুর, ধুস্তূর** — ধুতুরা (দেখ)

**ধূত, ধূনন** (ধূ- দেখ)

**ধূপ** — সুগন্ধ ধূম উৎপাদনের জন্য গন্ধদ্রব্য বা তাহার বর্তিকা।

**ধূপন** — ধূপদ্বারা বাসন। ধূপ।

**ধূপায়িত** — রূপে পরিণত। ধূপধূমে সুরভিত।

**ধূপিকা** — ধূপাধার।

**ধূম** — ধুঁয়া। ... **ধূমকেতু — সপুচ্ছ**

জ্যোতিষ্ক বিঃ (ঝাঁটার তুল্য আকৃতি)। অগ্নি। ... **ধূমপথ**—চিমনি। ... **ধূমপান** — তামাক চুরুট ইঃ খাওয়া। ... **ধূমপায়ী** (-য়িন্) — যে ধূমপান করে। ... **ধূমযোনি**—মেঘ। অগ্নি। ...

**ধূমল** (ধূম্র দেখ)

**ধূমাভ** — ধূম্রবর্ণ যুক্ত।

**ধূমাবতী** — দশমহাবিদ্যার এক।

**ধূমায়মান** — যাহা হইতে ধূম উঠিতেছে।

**ধূমায়িত, ধূমিত** — ধূমযুক্ত। ধূমাবৃত।

**ধূমিকা** — কুয়াশা, কুহেলিকা।

**ধূম্র, ধূমল** — ধূমবর্ণ, কপিশ বা কৃষ্ণ-লোহিত। ... **ধূম্রলোচন** — শুম্ভ-নিশুম্ভের সেনাপতি।

**ধূর্জটি** — শিব।

**ধূর্ত** — (প্রায় মন্দ অর্থে) চালাক, চতুর, ধড়িবাজ। (সং) শঠ, প্রতারক। জুয়াড়ী। ... স্ত্রী. **ধূর্তা**।

**ধুর্য** — ভারবাহী। অগ্রণী। পুরোভাগে অবস্থিত।

**ধূলি, -লী** — ধূলা, মাটির গুঁড়া, রজঃ, রেণু ('-ধূসর, -ময়, -লুণ্ঠিত, -শয্যা। ধূল্যবলুণ্ঠিত')। ... **ধূলিপটল** — উড্ডীয়মান ধূলিরাশি। ... **ধূলিমুষ্টি** — একমুঠা ধূলি, নিতান্ত তুচ্ছ বস্তু। ... **ধূলিশয্যা** — ভূমিশয়ন। ... **ধূলি-সাৎ** — ধূলায় পরিণত।

**ধূসর** — ছাই রঙের। পাণ্ডু বা পাংশুবর্ণ। ... **ধূসরিত** — ধূসর বর্ণে রঞ্জিত ('ধূলি-')। ... **ধূসরিমা** (-মন্) — ধূসর বর্ণ।

**ধূস্তুর** — ধুতুরা।

**ধুসা**] একপ্রকার পশমী শীতবস্ত্র।

**ধৃত**—যাহা ধারণ করা হইয়াছে। গৃহীত। অবলম্বিত। পুস্তকাদি হইতে উদ্ধৃত। ... **ধৃতব্রত** — ব্রতধারী। ... **ধৃতাত্মা** (-ত্মন্) — সংযতচিত্ত।

**ধৃতরাষ্ট্র** — দুর্যোধনাদির পিতা। (§ ধার্তরাষ্ট্র)

**ধৃতি** — ধারণ। ধারণা। ধৈর্য। অধ্যবসায়। সন্তোষ।

**ধৃষ্ট** — প্রগল্ভ, নির্লজ্জ, স্পর্ধিত, উদ্ধত। নির্লজ্জ মিথ্যাবাদী নায়ক। ... ষ্য. -তা, ধার্ষ্ট্য।

**ধৃষ্টদ্যুম্ন** — দ্রৌপদীর ভ্রাতা।

**ধৃষ্য** — ধর্ষণীয় (দেখ)

**ধেই ধেই**] উদ্দাম নৃত্যের ভঙ্গী।

**"ধেড়ানো"** [ √ ধেড়া ১১ ] অসামাল ভাবে মলত্যাগ করা। অপটুতার জন্য কর্ম পণ্ড করা।

**ধেড়ে**] ধাড়ী, বয়স্থ। যুবক ('বুড়ো বয়সে — রোগ')। উদবিড়াল।

**ধেৎ**] দুৎ, ধুৎ, দূর (দেখ)

**ধেনু** — নবপ্রসূতা দুগ্ধবতী গাভী।

**ধেনুক** — বৃন্দাবনে উপদ্রবকারী ছদ্মবেশী অসুর বিঃ।

**ধেনুকারি** — শ্রীকৃষ্ণ।

**ধেনো** — যাহাতে ধান উৎপন্ন হয় ('— জমি')। ধান হইতে প্রস্তুত ('— মদ')

**ধেবড়া, ধ্যা-**] গ. জেবড়া; মোটা ও কুগঠিত ('— লেখা')। ... ষ্য. তরল বা নরম জিনিসের বিশ্রী দাগ বা পিণ্ড ('এক — কালি, গোবর')। ... **ধেবড়ানো** [ √ ধেব্ড়া-১৭ ] জুবড়ানো; ধেবড়া করিয়া লাগানো।

**ধেয়** — গ্রহণীয়, জ্ঞেয়।

**ধেয়াই** — ধ্যান করি (পদ্যে)

**ধেয়ান**] < ধ্যান (পদ্যে)। ... **ধেয়ানী**] < ধ্যানী (পদ্যে)

**ধৈবত**—(সংগীতে) স্বরগ্রামের ষষ্ঠ স্বর, 'ধা'।

**ধৈরজ**] < ধৈর্য (পদ্যে)

**ধৈর্য** — সহিষ্ণুতা, সহন বা অপেক্ষা করিবার শক্তি, ধীরতা ('-চ্যুত, -চ্যুতি, -ধারণ, -বান্, -শালী, -শীল')

**ধোকড়, ধোকড়া, ধুকড়ি**] ছেঁড়া কাঁথা ইঃ। মোটা কাপড়। থলি। ('কথার ধোকড়, ধুকড়ি' — বাক্যবাগীশ)

**ধোঁকা ১**] সংশয়, সন্দেহ ('— খাওয়া, দেওয়া। ধোঁকায় পড়া, ফেলা'। 'ধোঁকার টাটি'—মায়ার বা ভ্রমের বেষ্টন)। ধাপ্পা, প্রবঞ্চনা ('-বাজ')

**ধোঁকা ২**] দাল-বাটার ব্যঞ্জন বিঃ।

**ধোঁকা ৩** [√ ধুক্-১০] শ্রম বা দুর্বলতার জন্য হাঁপানো। ... ষ্য. **ধুঁকনি/ধুঁকুনি**]

**ধোনা** [√ ধুন্-১০। < ধ্বন্] ধনুকের তুল্য যন্ত্র দিয়া তুলা পরিষ্কার করা ও ফাঁপানো। (ঃ ধুনরী)

**ধোপ**] ধোবা কর্তৃক কাচানো, ধোলাই ('— দেওয়া, পড়া। দু-। -কাপড়')। ... **ধোপদস্ত, -দুরস্ত**] উত্তমরূপে ধোলাই করা ('— জামা')

**ধোবা, ধোপা**] রজক, যে কাপড় ধোলাই করে। জাতি বিঃ। ... স্ত্রী. **ধোবানী, ধোপানী**]

**ধোয়া** [√ধু-৪। < ধাব্] ধৌত করা, জল দিয়া পরিষ্কার করা। কাচা। ... ণ. ধৌত ('— কাপড়, বাসন')। ... **ধোয়ানি**] যে জল দিয়া ধোয়া হইয়াছে।...**ধোয়ানো** [√ধোয়া-১৫] ধৌত করানো। ... ণ. ধৌত।

**ধোয়াট** — জলের আবর্তিত প্রবাহ। সে প্রবাহে ধোয়া মাটি।

**ধোঁয়া** (ধুঁয়া দেখ)

**ধোলাই**] প্রক্ষালন, ধোপ, ধৌত করণ।

**ধোসা**] পশমী শীতবস্ত্র বিঃ।

**ধৌত** — প্রক্ষালিত, জলদ্বারা পরিষ্কৃত। ... **ধৌতি** — প্রক্ষালন। হঠযোগের প্রক্রিয়া বিঃ (অন্ত্র ইঃ জলদ্বারা শোধন)

**ধৌম্য** — পাণ্ডবগণের পুরোহিত।

**ধ্মাঙ্ক্ষ** — কাক।

**ধ্মাঙ্ক্ষপুষ্ট** — কোকিল।

**ধ্মাত** — শব্দিত, ধ্বনিত (শব্দধ্বনির সম্বন্ধে প্রযুক্ত হয়।)

**ধ্যাত** — যে বিষয়ের ধ্যান করা হইয়াছে। চিন্তিত, স্মৃত। ... **ধ্যাতব্য** — ধ্যান-যোগ্য, ধ্যেয়। চিন্তনীয়, স্মরণীয়। ... **ধ্যাতা** (-তৃ)—যে ধ্যান করে।

**ধ্যান** — গভীর চিন্তা, অভিনিবেশ। রূপ-চিন্তন ('দেবতার —')। ... **ধ্যানগম্য** — ধ্যানদ্বারা জ্ঞেয়। ... **ধ্যানগম্ভীর** — ধ্যানমগ্নতার জন্য যাহার গাম্ভীর্য। ... **ধ্যানজ্ঞান** — একমাত্র চিন্তনীয়। ... **ধ্যানভঙ্গ** — ধ্যানে বাধার সৃষ্টি। ... **ধ্যানমগ্ন** — সমাহিত। ... **ধ্যানস্থ** — ধ্যানে রত। ... **ধ্যানী** (-নিন্) — যে ধ্যান করে।

**ধ্যাবড়া** (ধেবড়া দেখ)

**ধ্যেয়** — ধ্যানযোগ্য, ধ্যাতব্য। চিন্তনীয়।

**ধ্রিয়মাণ** — যাহাকে ধারণ করা বা ধরা হইতেছে।

**ধ্রুপদ** [< ধ্রুবপদ] সংগীতের পদ্ধতি বিঃ। উচ্চাঙ্গের সঙ্গীত। এই সঙ্গীতে আস্থায়ী, অন্তরা, সঞ্চারী ও আভোগ এই চারিটি অঙ্গ। ... **ধ্রুপদী**] পটু ধ্রুপদগায়ক।

**ধ্রুব** — ষ্য. নক্ষত্র বিঃ, pole-star (আকাশের উত্তর দিকে স্থির থাকে। দেখিয়া দিঙ্নির্ণয় হয়)। উত্তানপাদ রাজার হরিভক্ত পুত্র ('-লোক')। ... ণ. নিশ্চিত ('— সত্য, বিশ্বাস')। নিত্য, স্থির, নিশ্চল। অবশ্য। ... ষ্য. **-তা**।

**ধ্রুবপদ** — ধুয়া।

**ধ্রুবলোক** — মর্ত্যজীবনের অবসানে যে লোকে ধ্রুবের সদ্‌গতি হইয়াছিল।

**ধ্রুবা** — গানের ধুয়া।

**ধ্বংস** — নাশ, উচ্ছেদ ('শত্রুকুল, রাজ্য, নগর —।— করা, হওয়া')। বধ। ক্ষয়; অপচয় ('অন্ন —')। (পদ্যে ক্রি. 'ধ্বংসিল')। (§ ধ্বস্ত। ... **ধ্বংসক** — ধ্বংসকারী। ... **ধ্বংসনীয়** — ধ্বংস-যোগ্য। ... **ধ্বংসপথ** — বিনাশের পথ। ... **ধ্বংসম্মুখ** — ধ্বংসের উপক্রম। ... **ধ্বংসশেষ, ধ্বংসাবশেষ** — ধ্বংসের পর যাহা পড়িয়া থাকে ('নগরের —')। ... **ধ্বংসিত** — নাশিত, উৎসাদিত। ... **ধ্বংসী** (-সিন্) — নাশশীল, নশ্বর।

**ধ্বজ, ধ্বজা** — পতাকা, নিশান। ... **ধ্বজ** — পুংজননেন্দ্রিয় ('-ভঙ্গ')। ... **ধ্বজ-বজ্রাঙ্কুশ** — ধ্বজ বজ্র ও অঙ্কুশ চিহ্ন. বিষ্ণুর চরণচিহ্ন। ... **ধ্বজী** (-জিন্) — ধ্বজাধারী।

**ধ্বনি** — শব্দ, রব, স্বর ('বাদ্য-, কণ্ঠ-, কুহু-')। শব্দের ব্যঙ্গার্থ। যে কাব্যের উৎকর্ষ বাচ্যার্থ অপেক্ষা ব্যঙ্গার্থের উপর অধিক নির্ভর করে। (পদ্যে ক্রি. 'ধ্বনিল' — শব্দ করিল)। ... **ধ্বনিত** শব্দিত।

**ধ্বস]** — ধস দেখ।

**ধ্বস্ত** — নষ্ট। পতিত, স্খলিত।

**ধ্বান্ত** — অন্ধকার। ... **ধ্বান্তারি** — সূর্য।

## ন

**ন-** (নঞ্) — নিষেধ অভাব বিরোধ ইঃ সূচক অব্যয় ('নগণ্য')

**ন ১]** < নব, ৯। (নয়২ দেখ)

**ন ২** [< নব=নূতন] বড় মেজো সেজোর পরবর্তী ('নদিদি, নকাকা, নবউ')

**নই ১** [< নবী] বকনা বা মাদী (বাছুর)

**নই ২]** নদী (প্রা-সা)

**নইলে** (নাহিলে দেখ)

**নও]** নূতন, নব।

**নওল]** নবীন।

**নওবত** [আ], **নহবত/নবত]** সানাই ইঃর ঐকতান বাদ্য। ... **নওবতখানা]** যে মঞ্চে বা গৃহে তাহা বাজে।

**নং]** 'নম্বর'-এর সংক্ষেপ।

**নকড়া ছকড়া]** তুচ্ছজ্ঞান, অবজ্ঞাপ্রকাশ।

**নকরি]** নওকরি (হিঃ) — ভৃত্যের কাজ। চাকরি।

**নকল** [আ. নক্‌ল্] ষ্য. অনুকরণ। প্রতি-লিপি ('দলিলের, নকশার —')। ... ণ. অনুকরণে প্রস্তুত, ভেজ, কৃত্রিম, জাল ('—মুক্তা, রাজা') (§ নকুলে)। ... **নকল-দানা]** — চিনির রসে পাক করা চীনা-বাদাম। ... **নকলনবিস]** অনুকরণকারী। যে লেখা নকল করে, প্রতিলিপিকারক। ... ষ্য. **-নবিসি]**

**নকশা** [আ. নক্‌শ্] চিত্রিত বা উৎকীর্ণ অলংকার ('— কাটা')। রেখাচিত্র, drawing, sketch, plan, map ('বাড়ির, জরিপের —। — আঁকা, করা')। হাস্যরসাত্মক রচনা। ... **নক্‌শা-কার** — যে নক্‌শা করে। ... **নক্‌শা-দার** — যাহাতে নক্‌শার কারুকার্য থাকে।

**নকাশি** [আ. নক্কাশ] সোনা রুপা ইঃতে খোদাইএর কাজ; নকশা।

**নকিব, নকীব** [আ] যে যশ ঘোষণা করে বা পরিচয় দেয় (রাজা ইঃর অথবা রাজ-দরবারে আগন্তুকের। ('— ফুকারিল')

**নকুল** — নেউল, বেজি। মহাদেব। চতুর্থ পাণ্ডব, মাদ্রীপুত্র।

**নকুলে]** যে নকল বা ভাঁড়ামি করিয়া রঙ্গ

করে।

**নক্ত** (নক্তম্) — রাত্রি। ... **নক্তচর, নক্তঞ্চর, নক্তচারী** (-রিন্) — নিশাচর। ... **নক্তন্দিব** — দিনরাত।

**নক্র** — কুম্ভীর।

**নক্ষত্র**—তারা। বিশেষ বিশেষ নামে পরিচিত তারকাপুঞ্জ। রাশিচক্রের সাতাশ ভাগের এক ভাগ। (পুরাণে) চন্দ্রপত্নী (২৭টি, যথা—অশ্বিনী ভরণী কৃত্তিকা রোহিণী মৃগশিরা আর্দ্রা পুনর্বসু পুষ্যা অশ্লেষা মঘা পূর্বফল্গুনী উত্তরফল্গুনী হস্তা চিত্রা স্বাতী বিশাখা অনুরাধা জ্যেষ্ঠা মূলা পূর্বাষাঢ়া উত্তরাষাঢ়া শ্রবণা ধনিষ্ঠা শতভিষা পূর্বভাদ্রপদা উত্তরভাদ্রপদা রেবতী)। (§ নাক্ষত্র, নাক্ষত্রিক)। ... **নক্ষত্রগতি, -বেগ** — উল্কার তুল্য বেগ। ... **নক্ষত্রপাত**—নক্ষত্রের পতন; যশস্বী ব্যক্তির মৃত্যু বা সহসা অবনতি। উল্কাপাত। ... **নক্ষত্রবেগে**—উল্কাবেগে।

**নক্ষত্রামৃতযোগ** — বার বিশেষে নক্ষত্র বিশেষের সংযোগে শুভক্ষণের সৃষ্টি।

**নখ, নখর** — অঙ্গুলির অগ্রভাগস্থ কঠিন ফলক। ... **নখদর্পণ** — (মূঃ নখরূপ দর্পণ, যাহাতে অলৌকিকশক্তিশালী ব্যক্তি সমস্ত ঘটনা দেখিতে পায়) কোনও বিষয় সম্বন্ধে পুঙ্খানুপুঙ্খ জ্ঞান ('নখ-দর্পণে থাকা, দেখা, জানিতে পারা')। ... **নখরঞ্জনী** — নরুন। ... **নখায়ুধ** — যে সব জন্তু তীক্ষ্ণ নখের সাহায্যে আত্মরক্ষা করে। ... **নখশূল** — নখের কুনি রোগ। ... **নখাঘাত** — নখ দিয়া আঁচড়।

**নখতর**] — নক্ষত্র (ব্রজবুলি)।

**নখানি**] (নখপানি) — নখস্পর্শে অশুচি জল।

**নখী ১** — গন্ধদ্রব্য বিঃ (সামুদ্রিক শামুক বিঃ-এর খোলা। ভাজিলে সুগন্ধ হয়)

**নখী ২** (-খিন্) — তীক্ষ্ণ নখ বিশিষ্ট (জন্তু)

**নগ** — পর্বত। ... **নগনন্দিনী**—পার্বতী, উমা। ... **নগপতি, -রাজ** — হিমালয়।

**নগণ্য** — গণনার অযোগ্য, যাহা ধর্তব্য নয়, তুচ্ছ।

**নগদ** [আ. নক্দ] যে অর্থ আবদ্ধ নয়, নোট টাকা ইঃ ('— টাকা')। ক্রয়কালে প্রদেয় ('—মূল্য')। ... **নগদা**] কাজ শেষ হইলেই যাহার মজুরি দিতে হয় ('— মজুর')। ... **নগদবিদায়**] হাতে হাতে প্রাপ্য দিয়া নিষ্পত্তি।

**নগ্দী** (আ) — জমিদারের পাইক।

**নগর**—**শহর** ('-বাসী')। ... স্ত্রী. **নগরী**। (§ নাগর, নাগরিক)। ... **নগরকীর্তন** — নগরের পথে পথে দল বাঁধিয়া হরি-নাম গান। ... **নগরিয়া** — নগরবাসী। ... **নগরপাল** — নগররক্ষক, কোটাল। ... **নগরীয়** — নগর সম্বন্ধীয়।

**নগাধিপ, নগাধিরাজ** — হিমালয়।

**নগ্ন**—উলঙ্গ, নেংটা। অনাবৃত ('-গাত্র')। ... ষ্য. **-তা**। ... **নগ্নক** — উলঙ্গ। ক্ষপণক। ... স্ত্রী. **নগ্নিকা**। — শিশু-কন্যা।

**নঙ্গ**] নগ্ন, নাঙ্গা, অনাবৃত।

নঙ্গর, **নো-/নোঙর** [ফা. নঙ্গর] শিকল বা কাছির সহিত সংলগ্ন লোহার অংকুশ যাহা জলের নীচে ফেলিয়া জাহাজ নৌকা বাঁধা হয়।

**নচেৎ** — নতুবা, নহিলে, অন্যথায়।

**"নচ্ছার"**] নীচ, দুষ্ট, পাজী, লম্পট।

**নজগজে**] ঢিলেঢালা, যাহার আঁটসাঁট নাই।

**নজর** [ফা. নজ্র্] দৃষ্টি ('— করা, দেওয়া, পড়া')। মনোযোগ, তত্ত্বাবধান ('— রাখা')। লক্ষ্য ('উঁচু —')। লুব্ধ

**দৃষ্টি** ('— দেওয়া। ডাইনের —')। উদারতা বা কার্পণ্যের মাত্রা ('বড়, ছোট —')। পছন্দ বা অপছন্দ ('নজরে পড়া, লাগা। মনিবের সু-, কু-, নেক-')। উপঢৌকন, নজরানা ('— দেওয়া')। ... **নজরবন্দী**] যাহাকে চোখে চোখে রাখা হইয়াছে। যে পাহারার বাহিরে যাইতে পায় না। ... ষ্য. **-বন্দি**]। ... **নজরানা**] দর্শনী, রাজা ইঃর সহিত সাক্ষাৎকালে প্রদেয় সেলামী। ভেট, উপঢৌকন।

**নজির, নজীর** [আ. নাজ়ীর] দৃষ্টান্ত। প্রমাণ (আইনে) পূর্বে যাহা বিচারালয়ে নির্ধারিত হইয়াছে।

**নঞর্থক** — অনস্তিত্ববাচক, negative. (তুঃ সদর্থক)

**নট ১** — নর্তক। অভিনেতা। (§ নাটক, নাট্য)। ... **নটী** — নর্তকী। অভিনেত্রী। বেশ্যা। ... **নটবর** — নর্তকশ্রেষ্ঠ, কৃষ্ণ। (নট ২ দেখ)। ... **নটরাজ, নটেশ্বর** — শিব। নৃত্যরত শিবমূর্তি।

**নট ২**] < নষ্ট, লম্পট, যে বহুনারীর সহিত প্রণয় করে (নটবর শব্দে এই অর্থও আছে)। ... **নটঘট**] (মূঃ নষ্ট ঘটনা) অবৈধ প্রণয়।

**নট**] নষ্ট।

**নটকান**] ছোট গাছ বিঃ বা তাহার বীজ, anatto (বীজে বাসন্তী রং হয়)

**নটন** — নৃত্য।

**নটনারায়ণ** — (সংগীতে) রাগ বিঃ।

**নটখট, -খটি**] আয়াসসাধ্য বা বিরক্তিকর খুঁটিনাটি। ... ণ. **নটখটে**]

**নটঘট, -ঘটি**] নষ্ট বা কলঙ্কিত ঘটনা। ... ণ. **নটঘটে**]

**নটিনী**] (কবিতায় ব্যবহৃত) — **নটী**।

**নটিয়া/নটে**] ভক্ষ্য শাক বিঃ। **নর্তক**।

**নঠ**] নষ্ট, বিকৃত।

**নড়**] নলখাগড়া।

**নড়ন**] বিচলন, নড়া। ... **নড়নচড়ন, নড়চড়**] বিচলন, স্পন্দন ('রোগীর — নেই')। ব্যতিক্রম, অন্যথাচরণ ('কথার — হবে না')

**নড়নড়, নড়বড়**] সংলগ্ন থাকিয়া দোলন। ... ণ. **নড়নড়ে, -বড়ে**]

**নড়া ১**] বাহু ('— ধ'রে তোলা')

**নড়া ২** [√ নড়্-৫] আন্দোলিত হওয়া, কাঁপা ('বাতাসে পাতা —')। আলগা হওয়া ('দাঁত, ইট —')। সরা, চলা ('নড়তে পারে না')। অন্যথা হওয়া ('কথা, হুকুম —')। ... ণ. যাহা নড়ে ('—দাঁত')। ... **নড়ানো** [√নড়া-১১] নাড়া, আন্দোলিত করা ('গাছ —')। সরানো, চালিত করা ('রোগীকে —')। অন্যথা করানো ('কথা —')

**নড়ি**] যষ্টি, লাঠি; অবলম্বন ('অন্ধের —')

**নত** — অবনত, হেঁট ('-মস্তক, -দৃষ্টি')। নিম্ন, অনুন্নত। প্রণত। ... **নতজানু** — যে হাঁটু গাড়িয়া বসিয়াছে। ... **নতনাস, -নাসিক** — যাহার নাক চেপটা, খাঁদা। ... **নতমস্তক — নতশির** [-শিরাঃ -রস্] যে মাথা নীচু করিয়াছে।

**নতানাতা**] — ওজর, ওজুহাত। অছিলা। ('ছুতানতা')

**নতি** — প্রণাম। নমন, ঝোঁকা, হেলিয়া পড়া। inclination. বিনীত প্রার্থনা।

**নতুন**] < নূতন।

**নতুবা** — নচেৎ, নহিলে, অন্যথায়।

**নতোন্নত** — নিম্ন ও উচ্চ, উঁচুনীচু। বন্ধুর উদ্ঘাতী।

**নত্তা** — সূতিকাগৃহের সংস্কার বিঃ।

**নথ** [< নাথ = বলদের নাকের দড়ি] নাকের গহনা বিঃ (বলয়াকার তারের। নাকের এক পার্শ্বে পরে)

**নথি**] সূত্রে গ্রথিত কাগজপত্র। কোনও বিষয় সংক্রান্ত কাগজপত্রের তাড়া ('মকদ্দমার —')

**নদ** — নদীর পুংলিঙ্গ, সিন্ধু ব্রহ্মপুত্র ইঃ পুং-নামযুক্ত জলপ্রবাহ।

**নদী** — স্বাভাবিক জলপ্রবাহ, তটিনী, তরঙ্গিণী, নির্ঝরিণী, প্রবাহিণী, শৈবলিনী, সরিৎ, স্রোতস্বতী, স্রোতস্বিনী, স্রোতোবহা। (§ নাদেয়, নাদ্য)।... **নদীগর্ভ** — নদীর দুই তটের মধ্যবর্তী স্থান, নদীর খাত। ... **নদী-মাতৃক** — যে দেশ নদীহেতু উর্বর। নদী-বহুল। ... **নদীমুখ** — যেখানে নদী সাগরের সহিত মিলিত হয়, নদীর মোহানা।

**নদেরচাঁদ**] নদীয়া চন্দ্র শ্রীগৌর চন্দ্র।

**নদ্ধ** — বদ্ধ।

**নধর** [< নবধর] পুষ্ট, সুডৌল; কমনীয়; তাজা ('— দেহ, পল্লব')

**ননদ**], < **ননন্দা** (ননন্দৃ) — স্বামীর ভগিনী। (পদ্যে — ননদী, ননদিনী])

**ননদপেটারি**] — নববিবাহিতা কন্যাকে শ্বশুরবাড়ীতে পাঠানোর সময় তাহার ননদের জন্য যে পেটিকায় ভর্তি করিয়া কতকগুলি উপহারদ্রব্য দেওয়া হয়।

**ননি, ননী**] < নবনীত, মাখন। ... **ননীচোরা**] বালককৃষ্ণ, নন্দালয়ে ননী চুরি করিয়া খাওয়ার জন্য এই নাম।

**নন্দ** — কৃষ্ণের পালক পিতা। আনন্দ। ... **নন্দবংশ** — মগধের রাজা মহাপদ্মের বংশ। চন্দ্রগুপ্তের দ্বারা নির্মূল। **নন্দলাল, -দুলাল**] কৃষ্ণ।

**নন্দন** — পুত্র। আনন্দদায়ক। ইন্দ্রের উদ্যান ('-কানন')। ... স্ত্রী. **নন্দনা**। (নন্দিনী দেখ)

**নন্দা** — ননদ। প্রতিপদ ষষ্ঠী ও একাদশী তিথি। দুর্গা।

**নন্দাই** [< ননন্দৃপতি] ননদের স্বামী।

**নন্দিত** — আনন্দিত।

**নন্দিনী** — কন্যা। আনন্দদায়িকা। বশিষ্ঠের কামধেনু, সুরভির কন্যা। পুং নন্দন্।

**নন্দী** (-ন্দিন্), **নন্দি, নন্দিকেশ্বর** — শিবের অনুচর বিঃ ('-ভৃঙ্গী')। আনন্দদায়ক। আনন্দিত।

**নন্দ্য** — আনন্দের যোগ্য।

**নপুংসক** — ক্লীব, হিজড়ে, খোজা।

**নপ্তা** (নপ্তৃ) — পৌত্র বা দৌহিত্র। ... স্ত্রী. নপ্ত্রী।

**নফর** [আ] চাকর, ভৃত্য।

**নব ১** — নূতন। সদ্যউৎপন্ন। (§ নবীন, নব্য)। ... **নবকার্তিক** — নবজাত কার্তিকের তুল্য সুন্দর। ... **নবকুমার** — নবজাত বালক। ... **নবজাত** — সদ্য উৎপন্ন বা প্রসূত। ... **নবজীবন** — নূতন জীবন; সাংঘাতিক রোগের পর স্বাস্থ্য বা অপকৃষ্ট অবস্থার পর উন্নত অবস্থা ('— লাভ')। ... **নবজ্বর** — সদ্যউৎপন্ন জ্বর, তরুণ জ্বর। ... **"নবডঙ্কা"**] কিছুই নয়, অবজ্ঞা ও উপেক্ষা সূচক শব্দ। ... **নবনবতি** — নিরানব্বই। ... **নববর্ষ** — নূতন বৎসর। বৎসরারম্ভ।

**নববিধান** — ব্রাহ্মসমাজের শাখা বিঃ (কেশবচন্দ্র সেন প্রবর্তিত)। ... **নব-মল্লিকা, -মালিকা** — মল্লিকা-জাতীয় ফুল বা গাছ বিঃ। ... **নবযুবক** — যাহার যৌবন আরম্ভ হইয়াছে। ... স্ত্রী. **নবযুবতী, -যৌবনা**। ... ষ্য. **নবযৌবন**। ... **নবরঙ্গ** — নারঙ্গা লেবু, টাবা লেবু।

**নব ২** (নবন্)—নয়, ৯ অঙ্ক বা পরিমাণ। ... **নবগ্রহ** — চন্দ্র, সূর্য, মঙ্গল, বুধ,

বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু। ... **নবদ্বার** — দেহের নয় ছিদ্র (২ চক্ষু, ২ কর্ণ, ২ নাসারন্ধ্র, মুখ, পায়ু, উপস্থ)। ... **নবধা** — নয় খণ্ডে প্রকারে বা দিকে। নয় বার। ... **নবপত্রিকা** — কদলী কচু ইঃ নয় প্রকার পত্রে রচিত দেবীমূর্তি, কলাবউ (দেখ)।

**নবম**—৯ সংখ্যার পূরক।...স্ত্রী. **নবমী**। —তিথি বিঃ। ... **নবরত্ন**—মুক্তা মাণিক্য বৈদূর্য গোমেদ হীরক বিদ্রুম পুষ্পরাগ মরকত নীলকান্ত (মতান্তরে অন্যবিধ)। বিক্রমাদিত্যের নয় জন সভাপণ্ডিত, কালিদাস বররুচি বরাহমিহির অমরসিংহ ধন্বন্তরি ক্ষপণক শঙ্কু বেতালভট্ট ঘটকর্পর।

**নবরস**—অলংকারশাস্ত্রোক্ত নয় রস, আদি (বা শৃঙ্গার) হাস্য করুণ অদ্ভুত রৌদ্র বীর ভয়ানক বীভৎস শান্ত। ... **নবরাত্র** —আশ্বিন-শুক্ল-প্রতিপদ্ হইতে নবমী পর্যন্ত নয় তিথিতে কৃত্য দুর্গাব্রত।

**নবশায়ক** — **নবশাক, -শাখ**] বাঙালী হিন্দুজাতির নয় শাখা বিঃ, সদ্‌গোপ ময়রা তাঁতী তেলী মালী কামার কুমার বারুই নাপিত।

**নবত** (নওবত দেখ)

**নবতি** — নব্বই, ৯০ অঙ্ক বা পরিমাণ।... **নবতিতম** — ৯০ সংখ্যার পূরক।

**নবনী**, **নবনীত** — ননি, মাখন। ... **নবনীতক** — ননি। ঘৃত।

**নবাত** — বড় বাতাসা।

**নবান্ন** — নূতন ধান কাটার পর উৎসব বিঃ যাহাতে দুধ গুড় নারিকেল ইঃর সহিত নূতন আতপ চাল খাওয়া হয়।

**নবমী** — পূর্ণিমা বা অমাবস্যার পর নবম দিন। ... **নবমীদশা** — নায়িকার প্রিয় বিরহে অত্যন্ত শোচনীয় **দশা**।

**নবাব** [আ. নওবাব] বাদশাহী আমলের সামন্ত মুসলমান রাজা ('বাংলার —')। রাজদত্ত মুসলমানী খেতাব। (ব্যঙ্গে) নবাবের তুল্য বিলাসী। ... ষ্য. **নবাবি**] ('—করা')। ... ণ. **নবাবী**] ('—আমল, চাল')

**নবাবজাদা** — নবাবের পুত্র। ... স্ত্রী. **নবাবজাদী**।

**নবাবনাজিম** — নবাবের প্রতিনিধি। প্রদেশের শাসক ও বিচারক।

**-নবিস**, **-নবীস** [ফা. নবীস] লেখক ('নকল-, হিসাব-')

**নবী** [আ] ঈশ্বরের দূত, পয়গম্বর।

**নবীকরণ** — নূতন করিয়া গঠন, নূতনত্ব-সাধন। জীর্ণোদ্ধার। ... ণ. **নবীকৃত**।

**নবীন** — নূতন, নব, নব্য, তরুণ। ... স্ত্রী. **নবীনা**। ... ষ্য. **নবীনতা, -ত্ব**।

**নবীভবন**, **নবীভাব** — নূতনত্বলাভ। ... ণ. **নবীভূত**।

**নবোঢ়া** — নববিবাহিতা।

**নব্বই/নব্বুই**] < নবতি, ৯০ অঙ্ক বা পরিমাণ।

**নব্য** — নবীন, নূতন। যুবা, তরুণ। আধুনিক ('— ন্যায়, সম্প্রদায়')

**নভঃ** (নভস্), **নভ** — আকাশ। শ্রাবণ মাস। ... **নভশ্চর** — আকাশচারী (পক্ষী বিদ্যাধর মেঘ নক্ষত্র ইঃ)। ... **নভস্তল** — আকাশপৃষ্ঠ। ... **নভস্থল, নভঃস্থল** — আকাশপ্রদেশ। ... **নভস্পৃক্** (-স্পৃশ্) —আকাশস্পর্শী। ... **নভস্য** — ভাদ্র মাস। ... **নভস্বান্** (-স্বৎ) — বায়ু।

**নভেম্বর** [ই] ইংরেজী বৎসরের একাদশ মাস।

**নভেল** [ই] উপন্যাস।

**নভোমণ্ডল** — মণ্ডলাকার আকাশদেশ।

**নমঃ** (নমস্) — **নম**] প্রণাম ('নমো-

নমঃ')। (পদ্যে ক্রি. 'নমিল')

**নমন**—নতি, নত হওয়া বা করা। (§ নমিত, নত)। ... **নমনীয়, নম্য**—যাহাকে নোয়ানো বা ইচ্ছামত আকার দেওয়া যায়, pliable ('—ধাতু, স্বভাব')। ... ষ্য. **-তা**।

**নমশূদ্র**] বাঙালী হিন্দু জাতি বিঃ।

**নমস্কার**—প্রণাম। কপালে যুক্তকর স্পর্শ করিয়া অভিবাদন। ... **নমস্কর্তা** (-র্তৃ) —যে নমস্কার করে। ... **নমস্কারী**] বিবাহাদিতে মান্য কুটুম্বগণকে দেয় বস্ত্রাদি। ... **নমস্কার্য** — নমস্কারের যোগ্য, নমস্য। ...**নমস্কৃত** — যাহাকে নমস্কার করা হইয়াছে, প্রণমিত।

**নমস্য** — প্রণম্য, পূজনীয়। ... স্ত্রী. **-স্যা**।

**নমস্তে** — তোমাকে নমস্কার।

**নমাজ** [ফা. -জ.] মুসলমানধর্মবিহিত উপাসনা।

**নমিত** — যাহাকে নোয়ানো হইয়াছে।

**ন-মাসে ছ-মাসে**] ক্বচিৎ কখনও।

**নমুনা** [ফা. নমূনহ্] পদার্থের নিদর্শন বা অংশ যাহা হইতে সেইরূপ সমস্ত পদার্থের পরিচয় হয় ('কাপড়ের, কাজের —')। আদর্শ ('দরজীর জন্য জামার —')

**নম্বর** [ই] ক্রমনির্দেশক অথবা মাত্রা উৎকর্ষ বিভেদ ইঃ সূচক অঙ্ক ('পয়লা —। বাড়ির, জুতার, ময়দার, নোটের —'। সংক্ষেপে — নং)। পরীক্ষায় ছাত্র-প্রদত্ত উত্তরের যাথার্থ্য- বা উৎকর্ষ-মাপক অঙ্ক, marks ('—পাওয়া')। ... **নম্বরী**] নম্বর-যুক্ত।

**নম্য** (নমন দেখ)

**নম্র**—বিনীত, অনুদ্ধত, নরম ('— বচন, ভাব, স্বভাব')। নত, হেঁট ('-মুখ')। ... **নম্রতা** — বিনয়। কোমলতা। নমনীয়তা।

**নয় ১** — নীতি ('নয়জ্ঞ')। ... **নয়প্রবীণ** — নীতি বিষয়ে প্রাক।

**নয় ২**] < নব, ৯ অঙ্ক। ... **নয়/ন**] ৯ পরিমাণ ('নয় রাত্রি, ন রাত')

**নয় ৩**] নহে (দেখ)। নাহয়, কিংবা ('হয় পুত্র নয় কন্যা')। ... **নয়তো**] নতুবা।

**নয়ত**] নহিলে, নচেৎ।

**নয়ন** — চক্ষু ('-কোণ, -জল, -পথ') প্রাপণ। (§ নীত)। ... **নয়নগোচর** — দৃষ্টিগোচর (দেখ)। ... **নয়নবাণ** — চিত্তবিক্ষেপকর দৃষ্টি ('— হানা')

**নয়নসুক**] মিহি সুতী কাপড় বিঃ।

**নয়না**] < নয়ন। অপাঙ্গদৃষ্টি ('—হানা')।

**নয়নানন্দ** — ষ্য. চক্ষুর আনন্দ। ... ণ. যাহাকে দেখিলে আনন্দ হয়। গৌর-চন্দ্রিকা পদের একজন কবি।

**নয়নাভিরাম** — চক্ষুর আনন্দজনক, প্রিয়-দর্শন।

**নয়া** [হি। < নব] নূতন।

**নয়ান**] < নয়ন (পদ্যে)

**নয়ানজুলি, নয়ন-**] জলনিকাশের নর্দমা।

**নর ১** —মনুষ্য। ঋষি বিঃ। অর্জুন। (বাং। গ্রাম্য) মর্দা ('— পায়রা')। ... স্ত্রী. **নারী**। ... **নরকপাল** — মড়ার খুলি। ... **নরদেব** — রাজা। ব্রাহ্মণ। ... **নরনারায়ণ** — পৌরাণিক ঋষিদ্বয় (অর্জুন ও কৃষ্ণ রূপে জাত)। ... **নরপতি** — রাজা। ... **নরপশু** — পশুপ্রকৃতি মানব। ... **নরপিশাচ** — পিশাচপ্রকৃতি মানব। ... **নরমেধ** — যে যজ্ঞে নরবলি হইত। ... **নরলোক** — মর্ত্যধাম। ... **নরসিংহ, নরহরি** — নৃসিংহ, বিষ্ণুর চতুর্থ অবতার (অর্ধনর অর্ধসিংহ। হিরণ্যকশিপুহন্তা)। নরশ্রেষ্ঠ। ... **নর-সুন্দর** (বাং) নাপিত।

**নর ২** [< লহরী] পঙ্‌ক্তি, সারি ('সাত- হার')।...**-নরী**] পঙ্‌ক্তি বিশিষ্ট ('এক-')

**নরক ১** — মৃত পাপী যেখানে শাস্তি ভোগ করে, নিরয়, যমালয়, জাহান্নম। (§ নারক, নারকী)। ... **নরককুণ্ড**—নরকের কদর্য কুণ্ড বিঃ। অতি নোংরা জায়গা। ... **নরকস্থ** — নরকে স্থিত বা গত।

**নরক ২** — একটি অসুরের নাম।

**নরকারি, নরকান্তক** — বিষ্ণু।

**নরদমা, নরদামা**] নরদমা জল বহিষ্করণের নালী, পয়ঃপ্রণালী, ড্রেন।

**নরম** [ফা. নর্ম্] কোমল ('— বিছানা, গা')। মৃদু, অতীক্ষ্ন ('— গলা, কথা, আঁচ')। শান্ত, ভালমানুষ ('— মেজাজ, স্বভাব')। ভাবপ্রবণ, দয়া স্নেহ ইঃ দ্বারা যাহা সহজে আবিষ্ট হয় ('— মন')। দয়ার্দ্র, অনুকূল, বশীভূত ('মন — হওয়া')। আলগা, শিথিল ('বাঁধন — করা')। কম ('জ্বর, বাজার — হওয়া')। নিকৃষ্ট, নিরেস ('তার চেয়ে —')। ... **নরম-গরম**] মৃদু ও কড়া ('— কথা, চিঠি')। ... **নরমানো** [√নরমা-১৭] নরম হওয়া।

**নরাধম** — অধম মনুষ্য, দুরাত্মা, পাপী।

**নরাধিপ** — রাজা।

**নরান্তক** — নরহত্যাকারী। যম।

**নরুন** [< নখহরণিকা] নখ কাটিবার অস্ত্র।

**নরেন্দ্র, নরেশ** — রাজা।

**নরোত্তম** — নরশ্রেষ্ঠ। নারায়ণ, কৃষ্ণ। একজন সাধক বৈষ্ণব কবি।

**নর্তক** — যে নাচে, নৃত্যজীবী, নট। ... স্ত্রী. **নর্তকী**।

**নর্তন** — নাচন, নৃত্য। ... **নর্তিত** — ণ. যাহাকে নাচানো হইয়াছে। ষ্য. নৃত্য।

**নর্দিত** — ণ. শব্দিত। ... ষ্য. শব্দকরণ।

**নর্ম** — ক্রীড়া, কৌতুক। ... **নর্মসখী, -সহচরী** — ক্রীড়াসাঙ্গনী। ... **নর্মসচিব** — বিদূষক। ক্রীড়াসহচর।

**নর্মদা** — মধ্যভারতের নদী বিঃ, রেবা।

**নল** — চোঙা, পাইপ ('জলের, বন্দুকের —')। তৃণ বিঃ, খাগড়া। নিষধরাজ, দময়ন্তীর স্বামী। রামের সহায় বানর বিঃ। ('নল চালা' — গুপ্তবস্তুর সন্ধান জন্য মন্ত্রদ্বারা নল চালিত করা)। ... **-নলা, -নলী**] নল বিশিষ্ট ('দু-বন্দুক')

**নলপালো**] — বিদ্যুতের চমকানি।

**নলিকা** — সরু নল।

**নলিচা/নলচে**] হুঁকা ইঃর কাঠের নল যাহার উপর কলিকা বসে।

**নলিন** — পদ্ম ('নলিনাক্ষ')।

**নলিনী** — পদ্ম। পদ্মিনী। পদ্মসমূহ।

**নলী, -লি, নলিকা** — ছোটনল ('গলার নলী')

**নলেন গুড়**] নূতন খেজুরে গুড়।

**নশ্বর** — নাশশীল, অস্থায়ী। সংহারক। ... ষ্য. **-তা**।

**নষ্ট** — নাশপ্রাপ্ত, ধ্বস্ত ('রাজ্য, মান, প্রাণ —')। অপব্যয়িত ('টাকা, পরিশ্রম —')। দোষযুক্ত, বিকৃত ('চরিত্র, দুধ —')। খারাপ, পণ্ড ('কাজ, আয়োজন —')। হৃত, গত ('-চেতন। -ধনের উদ্ধার')। কুচরিত্র, দুষ্ট ('যত নষ্টের গোড়া')। ... **নষ্টচন্দ্র** — ভাদ্র কৃষ্ণা ও শুক্লা চতুর্থীর চন্দ্র যাহা দেখিলে দোষ হয়। ... **নষ্টচেষ্ট** — ব্যর্থ প্রয়াস। ... **নষ্টমতি** — দুষ্টবুদ্ধি। ... **নষ্টা** — দুষ্টা। ভ্রষ্টা, ব্যভিচারিণী। ... **নষ্টামি**] দুষ্টামি।

**নষ্টোদ্ধার** — বেহাত বস্তুর পুনঃপ্রাপ্তি।

**নসিব, নসীব** [আ] অদৃষ্ট।

**নস্য** — "**নাস্য**"] তামাকের গুঁড়া যাহা নাকে দেয়। নাকে দিবার ঔষধ, নাস। (ব্যঙ্গে) কোনও কাম্য বস্তুর অত্যল্প পরিমাণ। ... **নস্যদানী** — নস্য রাখিবার আধার। নস্যধানী।

**নস্যাৎ** ('ন-স্যাৎ = যদি না থাকে)—(বাং) লোপ ('— করা')

**নহবত** (নওবত দেখ)

**নহর** [আ. নহ্‌র্‌] খাল।

**নহলা**] নয় ফোঁটা চিহ্নিত তাস।

**নহলী**] — নবীন। (প্রা-সা)

**নহিলে/নইলে**] না হইলে, নতুবা।

**নহে, নহ/নয়, নও** ইঃ [√নহ্‌-৬] না-হওয়া বাচক ('সত্য নহে, আজ নয়, আমি নহি')

**নহুষ** — যযাতির পিতা।

**না ১, নাও**] < নৌ, নৌকা। (§ নেয়ে)

**না ২** [< ন] ক্রিয়ার অঘটন বা নিষেধ বাচক ('হবে না, করিত না, যেয়ো না, না-ই যদি করে')। প্রশ্নের উত্তরে বৈপরীত্য অভাব বা অসম্মতি বাচক ('টাকা আছে? না। খাবে? না')। অনুরোধে ('দেখই না, দাও না')। আধিক্য জ্ঞাপনে ('কত না কষ্ট')। প্রশ্নে সন্দেহে ('যাবে না?')। বিকল্পে ('কেউ না কেউ, হইতে না হইতে')। কোনটাই নয় ('না মানুষ না জন্তু')। কিংবা ('মানুষ না জন্তু, সত্য না মিথ্যা')। স্বকথিত প্রশ্নোত্তরে ('ঘরে কে? না আমি কলা খাই নি')। (§ নাকি)

**না-** [ফা] অভাববাচক উপসর্গ ('নারাজ, নাছোড়বান্দা')

**নাই ১** [< স্নেহ] আশকারা, প্রশ্রয় ('ছেলেকে — দেওয়া। — পাওয়া')

**নাই ২**] < নাভি ('-কুণ্ড')। চাকার মাঝের অংশ, বেলুন। কীলক, গোঁজ। (নেহাই দেখ)

**নাই ৩ / নি**] ক্রিয়ার অভাব বা অঘটন বাচক ('করি নাই, হয় নাই, হয় নি')

**নাই ৪ / নেই**] অভাববাচক, নাস্তি (বর্তমান কালে। 'টাকা, রাত্রি, বিবাদ —। তিনি এখানে —। সেখানে গিয়ে কাজ —। 'তিনি আর নাই' — তিনি মৃত)। ... **নাহি**] (পদ্যে)

**নাই-আঁকড়া**] — নাই-জাঁতার কীলক, নাতি। জাঁতায় যখন দাল ভাঙা হয়— তখন কীলকে যে দানাগুলি আঁকড়াইয়া থাকে সেগুলি ভাঙেনা। এই দানাগুলি নাই-আঁকড়া। লক্ষ্যার্থে — আত্মরক্ষার জন্য যে নিরাপদ আশ্রয়কে ধরিয়া থাকে। অস্বীকৃতি সম্বন্ধে যে জেদ রক্ষা করে।

**নাইট্রোজেন** [ই] মৌলিক গ্যাস বিঃ (বায়ুর অন্যতম উপাদান। পুঃ যবক্ষারজান)

**নাইয়া**] — নাবিক, নেয়ে।

**নাও**] — নৌ, নৌকা, তরী।

**নাওয়া** [√নাহ্‌-৮। < স্না] স্নান করা। ... **নাওয়ানো** (নাহানো দেখ)

**নাক ১** — আকাশ। স্বর্গ।

**নাক ২** [< নক্র] নাসিকা, নাসা। ('— ঝাড়া' — নাক হইতে শ্লেষ্মা বাহির করিয়া ফেলা। '— ডাকা' — ঘুমন্ত অবস্থায় নাক হইতে শব্দ বাহির হওয়া। '— বিঁধানো' — গহনা পরিবার জন্য নাকে ছিদ্র করা। '— সিঁটকানো' — নাসিকা কুঞ্চিত করিয়া ঘৃণা বা অবজ্ঞা দেখানো। 'নাকে খত, নাকখত'—ভূমিতে নাক ঘষিয়া হীনভাবে দোষ স্বীকার)। (§ নাকী)। ... **নাককাটা**] ছিন্ননাস। বেহায়া (অশিঃ)। ... **নাকচোনা**] —

নাকের অলংকার। ... **নাকছাবি]** নাকের এক পাশে পরিবার অলংকার বিঃ। ... **নাকতোলা]** — অবজ্ঞা প্রকাশ।

**নাকচ** [আ. নাকিস] রদ, রহিত ('— করা')

**নাকানিচোবানি]** নাকে মুখে জল ঢোকা, জলে নিমজ্জন ('— খাওয়া' — ব্যঙ্গে, নাকাল হওয়া)

**নাকারা, -ড়া** [আ. নক্কারহ্] ঢাক জাতীয় বাদ্যযন্ত্র বিঃ।

**নাকাল]** ণ. হয়রান, জব্দ। ... ষ্য. নিগ্রহ, খোয়ার, কষ্ট।

**নাকি]** নহে কি, সন্দেহে প্রশ্নে ('তুমি — কবি? পাগল —? তাই —?') অনিশ্চিত কথার উল্লেখ ('সে — মারা গেছে')

**নাকী]** অনুনাসিক, খোনা ('— সুর')

**নাকে-কান্না]** — খোনা সুরে আবদারী কাঁদন।

**নাক্ষত্র, নাক্ষত্রিক** — নক্ষত্রসম্বন্ধীয়।

**নাখোদা** [ফা. নাখুদা] জাহাজের অধ্যক্ষ। যে ব্যক্তি জাহাজে আমদানি রপ্তানি করে। বোম্বাই প্রদেশের মুসলমান জাতি বিঃ।

**নাখোশ, নাখুশ** [ফা] অসন্তুষ্ট।

**নাগ** — সর্প। হস্তী। ('দিঙ্‌নাগ')। ... স্ত্রী. **নাগী। নাগিনী]**। ... **নাগফণা, নাগফণী** — ফণীমনসার গাছ। ... **নাগদন্ড** — দেওয়ালের গায়ে পোতা গোঁজ। ... **নাগদমন** — সর্পবৈদ্য। ... **নাগপঞ্চমী** — শ্রাবণ মাসের শুক্লাপঞ্চমী। এই পঞ্চমীতে মনসা পূজা হয়। ... **নাগপাশ** — বন্ধন করিবার পৌরাণিক অস্ত্র বিঃ। বরুণের অস্ত্র। ... **নাগবল্লী** — পানলতা। ... **নাগরাজ** — বাসুকি। ... **নাগলোক** — পাতাল।

**নাগকেশর — নাগেশ্বর]** সুগন্ধ ফুল বিঃ বা তাহার গাছ।

**নাগর** — নগর সম্বন্ধীয়, নাগরিক। নগরবাসী। শৌখিন রসিক পুরুষ। প্রণয়ী। (§ নাগর্য)। ... স্ত্রী. **নাগরী**। ... **নাগরদোলা** — দোলা বিঃ যাহাতে বসিয়া কয়েকজন চারিদিকে বা উপর-নীচে ঘোরে।

**নাগরঙ্গ** — নারঙ্গ (দেখ)

**নাগরা]** দেশী জুতা বিঃ।

**নাগরালি]** প্রণয়চাতুরী। লাম্পট্য। বৈদগ্ধ্য, রসিকতা।

**নাগরি** — ভাঁড় বিঃ ('গুড়ের —')

**নাগরিক** — নগরীয়, পৌর, শহুরে। নগরবাসী। ... স্ত্রী. **নাগরিকী।**

**নাগরী** — দেবনাগর লিপি। (নাগর দেখ)

**নাগর্য** — নাগরিকতা। চাতুর্য।

**নাগা** [< নগ্ন] উলঙ্গ সন্ন্যাসী সম্প্রদায় বিঃ। নাগাপর্বতবাসী জাতি বিঃ।

**নাগাড়]** অবিরাম, একটানা। (লাগাড় প্রাঅপ্রঃ)

**নাগাত** [আ. লিগাইৎ] পর্যন্ত ('— কলিকাতা। আশ্বিন —')

**নাগানন্দ** — শ্রীহর্ষরচিত একখানি সংস্কৃত নাটক।

**নাগাল]** অধিগম্যতা, সামীপ্য, পৌঁছ ('নাগালের বাহিরে। উঁচু জিনিসের — পাওয়া, মেলা')

**নাগেন্দ্র, নাগেশ** — অনন্ত নাগ। বাসুকি। ঐরাবত।

**নাঙ্গা]** — নগ্ন। অনাবৃত।

**নাচ]** <নৃত্য ('-ওয়ালী, -ঘর') ... **নাচন, নাচান, নাচুনি]** নর্তন। ... **নাচনী / নাচুনী]** নর্তকী। নৃত্যের ভঙ্গী যুক্ত ('— ছন্দ')। ... **নাচিয়ে]** নৃত্যপটু। নর্তক।

**নাচা** [√ নাচ্-৭। < নৃৎ] নৃত্য করা।

স্পন্দন করা ('ডান চোখ —')। ... **নাচানো** [ √ নাচা-১১ ] নৃত্য করানো।

**নাচাড়ী** (লাচাড়ী দেখ)

**নাচার** [ ফা ] নিরুপায়। (চারা—উপায়)

**নাছ, নাচ** ] বাড়ির সদর দরজা ('-দুয়ার')। খিড়কির বা পিছনের দরজা (বিরল)

**নাচি, নাচি** ] ধাতুর পাত ইঃ জুড়িবার পেরেক বিঃ যাহার মুখ পিটিয়া দৃঢ়বন্ধ করা হয়, rivet.

**নাছোড়** ] যে ছাড়ে না। ... **নাছোড়বান্দা** ] যে ছাড়বার পাত্র নয়, নেইআঁকড়া, জিদী।

**নাজায়, নাজাই** ] — অনাদায়ী, বেকৈফেয়ৎ।

**নাজিম** [ আ. নাজিম ] শাসনকর্তা ('নবাব-')

**নাজির** [ আ. নাজির ] আদালতের কেরানী বিঃ।

**নাজিনা** ] যে সজিনা গাছে বারোমাস ফুলফল হয়।

**নাজেহাল** [ আ. নজহাল ] হয়রান, নাকাল, নিগৃহীত।

**নাট ১** — নৃত্য, অভিনয়। রঙ্গ ('নাটের গুরু')। ( ≤ নাট্য)। ... **নাটমন্দির** — দেবমন্দিরসংলগ্ন মন্ডপ যেখানে নৃত্য-গীতাদি উৎসব হয়।

**নাট ২** < নাট। (প্রাঅপ্রঃ)

**নাট ৩** — নৃত্য।

**নাটক** — দৃশ্যকাব্য, অভিনয়োপযোগী গ্রন্থ। ... **নাটকিত** — নাটকাকারে রচিত। ... **নাটমন্দির** — মন্দিরের যে চাতালে নৃত্যগীত হয়। ... **নাটমহল** — বাড়ীর যে অংশে নাট্যাভিনয় হয়। ... **নাটকীয়** — নাটক সম্বন্ধীয়।

**নাটাই** [ < নর্তকী ] সুতা গুটাইবার পিঞ্জরাকার যন্ত্র বা চরকি ('ঘুড়ির, তাঁতীর —')

**নাটা** ] — সোঁদাল গাছের ফলের বীজ। অথবা নাটা করঞ্জের বীচি।

**নাটিকা** — ছোট নাটক।

**নাটুয়া** ] নট, নর্তক।

**নাট্য** — অভিনয়, নৃত্যগীতবাদ্য, তৌর্যত্রিক ('-কলা, -গৃহ, -মন্দির, -শালা। নাট্যাচার্য')। নাটক।

**নাড়া** [ √ নড়্-৭ ] দোলায়িত করা; নড়ানো ('ঘন্টা, মাথা —')। সঞ্চালিত করা ('হাত পা —')। ঘাঁটা ('কাঠি ঝাঁকানি ('— দেওয়া')। ... **নাড়াচাড়া** ] বিচালন, স্থানপরিবর্তন ('জিনিসপত্র, দিয়ে—। জিনিসপত্র—')।...ষ্য. বিচালন, (রোগীকে — করা')। অল্প চর্চা ('শাস্ত্র নিয়ে —')। ... **নাড়ানাড়ি** ] বার বার স্থানপরিবর্তন।

**নাড়ানো** [ √ নাড়া-১১ ] নড়ানো। বিচালিত বা আন্দোলিত করানো।

**নাড়ী, নাড়ি** — ধমনী। নাড়ীর স্পন্দন ('-জ্ঞান। — টেপা, দেখা')। গর্ভনাড়ী ('— কাটা')। (সং) এক দণ্ডকাল। ... **নাড়ীনক্ষত্র** — (মূঃ জন্মকাল ও নক্ষত্র) আমূল বৃত্তান্ত ('— জানা')। ...

**নাড়ীভুঁড়ি** ] উদরমধ্যস্থ সকল যন্ত্র, অন্ত্র ইঃ।

**নাড়ু** (লাড়ু দেখ)। ... **নাড়ুগোপাল** — লাড়ু ভোজনে রত শিশু কৃষ্ণের মূর্তি।

**নাতি** [ < নপ্তৃ ] পৌত্র বা দৌহিত্র। ... **নাতিনী/নাতনী** ] পৌত্রী বা দৌহিত্রী। ... **নাতজামাই** ] নাতনীর স্বামী। ... **নাতবউ** ] নাতির স্ত্রী। ... **নাতিপুতি** ] — পৌত্র ও পুত্র।

**নাতি-** — ন-অতি, অনতি, বেশী নয় ('-দীর্ঘ, -স্থূল')। ... **নাতিশীতোষ্ণ** — যাহা বেশী গরম বা ঠান্ডা নয়। ... **নাতিশীতোষ্ণমণ্ডল** — উত্তর বা দক্ষিণ হিমমণ্ডল এবং গ্রীষ্মমণ্ডলের মধ্যবর্তী

ভূভাগ, temperate zone.
**নাতোয়ান** ] — অক্ষমতা। ণ.—অভাবগ্রস্ত।
**নাথ** — প্রভু, রক্ষক, স্বামী। ... **নাথবতী** —সধবা। পতিযুক্তা।
**নাদ ১** — শব্দ, গর্জন ('কল-, বজ্র-')। পদ্য ক্রি. 'নাদিল')। ... **নাদিত** — শব্দিত।...**নাদী** (-দিন্) — শব্দকারী। ... স্ত্রী. **নাদিনী**।
**নাদ ২, লাদ** ] জন্তুর বিষ্ঠা ('হাতির, ঘোড়ার —'। ছোট জন্তুর — 'নাদি, লাদি ] 'ছাগল-, ইঁদুর-')
**নাদনা** ] — মোটা লাঠি।
**নাদা** ] বড় জালা বা গামলা। ('নাদা-পেটা' — যাহার পেট জালার মত)
**নাদুসনুদুস** ] মোটা গোলগাল ('— চেহারা')
**নাদেয়, নাদ্য** — নদী সম্বন্ধীয়, নদীজাত।
**নানক** ] শিখ সম্প্রদায়ের প্রবর্তক।
**নানা ১ — নানান** ] বিবিধ, বিভিন্ন; বহু, অনেক (নানা প্রকার, -বিধ, -রূপ। নানান রকম')। ... **নানামতে** ] নানা প্রকারে।
**নানা ২** [ হি ] মাতামহ।...স্ত্রী. **নানী** ]
**নান্দী** — নাটকাদির আরম্ভে মঙ্গলাচরণ। ... **নান্দীমুখ** — আভ্যুদয়িক শ্রাদ্ধ (বিবাহাদি শুভকর্মের পূর্বকৃত্য)
**নাপছন্দ** [ ফা. নাপসন্দ্ ] অপছন্দ, অমনোনীত।
**নাপাক** [ ফা ] অপবিত্র, অশুচি।
**নাপিত** — ক্ষৌরকার। জাতি বিঃ।...স্ত্রী. **নাপিতানী / নাপিতনী** ]
**নাফরা** (লাফরা দেখ)
**নাফা** [ আ. নফ্অ ] লাভ।
**নাবা, নাবানো** (নামা দেখ)
**নাবাল, নাবো** ] নিম্ন, ঢালু ('— জমি')
**নাবালক** [ ফা. নাবালিগ ] অপ্রাপ্তবয়স্ক। (তুঃ সাবালক)
**নাবিক** — জাহাজ নৌকা ইঃ যে চালায়। সমুদ্রযাত্রায় অভিজ্ঞ ব্যক্তি।
**নাবী** ] যাহা বিলম্বে বা শেষে হয় ('— বর্ষা, ফসল')
**নাব্য** — নৌকা জাহাজ ইঃ চালাইবার যোগ্য। নৌকাদি দ্বারা উত্তরণযোগ্য।
**নাভি** — নাই ২ ('-কুণ্ড')। চাকার মাঝের অংশ, বেলুন।
**নাম** (নামন্) — আখ্যা, সংজ্ঞা, যে **শব্দ** দ্বারা পরিচয় হয় ('লোকের, বস্তুর —। — রাখা')। খ্যাতি ('-ডাক। সুনাম, দুর্নাম।—করা, হওয়া, ডুবানো')। নাম উচ্চারণ, উল্লেখ ('তোমার—করছিলুম')। ইষ্টদেবের নাম ('— করা, জপা, লওয়া। নামামৃত')। বাক্যমাত্র ('নামে বড়লোক')। ঈষৎ ('-মাত্র')। (§ -নামা ১, -নাম্নী, নামী)
**-নামক** — নামধারী, নামবিশিষ্ট।
**নামকরণ** — সন্তানের নাম রাখা সংস্কার। নামপ্রদান।
**নাম-করা** — বিখ্যাত।
**নামজপ** — তুলসী বা রুদ্রাক্ষের মালার গুটিকার সাহায্যে ইষ্টদেবের নামকরণ।
**নামজাদা** [ ফা. -জ.দ ] খ্যাতনামা।
**নামঞ্জুর** (ফা—আ. না-মন্জুর ] অননুমত, অগ্রাহ্য ('ছুটি, দরখাস্ত —')। ... ষ্য. **নামঞ্জুরি** ]
**নামতঃ** (-তস্) — নামে। নামে মাত্র।
**নামতা** [ < নামপত্র ] অংক গুণ করিবার স্মারক তালিকা।
**নামধর** — নামধারী।
**নামধাতু** — নামপদ অর্থাৎ বিশেষ্য বিশেষণ পদ ধাতুতে পরিণত হইলে— নামধাতু হয়।
**নামধেয়** — নাম, সংজ্ঞা।

**নামমুদ্রা** — নামাঙ্কিত সীলমোহর।

**নামশেষ** — মৃত। নাম ছাড়া আর কিছুই থাকে না যার।

**নামসংকীর্তন** — ঠাকুর বাড়ীর নাটমন্দিরে বা পথে পথে হরিনাম গান।

**নামহারা** — যাহাতে নাম পর্যন্ত লুপ্ত হইয়াছে।

**নামা, নাবা** [ √নাম্, নাব্-৭। < নম্ ] অবতরণ করা, উপর হইতে আসা ('নীচে, জলে — । ধস, বর্ষা —')। হ্রাস পাওয়া ('রোদ, জ্বর, দর —')। অবনত হওয়া ('ছাদ নেমে গেছে')। হীন হওয়া ('তুমি এত দূর নেমে গেছ ?')। ... **নামানো, নাবানো** [ √নামা, নাবা-১১ ] নীচে আনা বা রাখা ('বোঝা —')। কমানো ('জ্বর, দর—')। অবতরণ করানো ('ভূত —')

**-নামা ১** (নামন্) — নামধারী, নামবিশিষ্ট ('খ্যাত-')। ... স্ত্রী. **-নাম্নী**।

**-নামা ৪** [ফা. নামহ্ ] পত্র, লিখন ('ওকালত-')

**নামাঙ্ক** — নামের চিহ্ন। ... **নামাঙ্কিত** — যাহাতে নাম অঙ্কিত বা লিখিত আছে।

**নামাবলী, -বলি** — নামসমূহ। দেবতার নামের ছাপ দেওয়া চাদর।

**নামী** ] নামজাদা, খ্যাত ('— লোক')

**-নাম্নী** (-নামা ১ দেখ)

**নায়ক** — নেতা ('দেশ-, সেনা-, দস্যু-')। যে অগ্রবর্তী হইয়া লইয়া যায়। গল্প-নাটকাদির প্রধান ব্যক্তি, hero. প্রণয়ী। (কাব্যশাস্ত্রে) বিশেষ বিশেষ প্রকৃতির পুরুষ বা প্রণয়ী (ধীরোদাত্ত, ধীরপ্রশান্ত, ধীরললিত, ধীরোদ্ধত)। ... স্ত্রী. **নায়িকা**। — (স্বীয়া, পরকীয়া, সাধারণী)। ভগবতীর **অষ্টশক্তি** (উগ্রচণ্ডা চামুণ্ডা ইঃ)

**নায়েব** [ আ. নায়িব ] জমিদারির পরিচালক কর্মচারী। প্রতিনিধি। নিম্নবর্তী কর্মচারী ('-মুনশী')। ... ষ্য. **নায়েবি** ] ... ণ. **-বী** ]

**নারক** — নরক সম্বন্ধীয়। নরকস্থ।

**নারকী** (-কিন্) — নরকভোগী, পাতকী। নরকভোগ যাহার কপালে আছে অথবা যে নরকভোগেরই উপযুক্ত।

**নারঙ্গ** — **নারাঙ্গ** ] নাগরঙ্গ, কমলানেবু। ...' **নারঙ্গ** —**নারাঙ্গ, -ঙ্গী** ] ঐরূপ বর্ণ, পীত-লোহিত।

**নারদ** — দেবর্ষি বিঃ (প্রবাদ — কলহের দেবতা)। ... ণ. **নারদীয়**।

**নারা** [ √নার্-৭। গ্রাম্য বা পদ্যে ] না পারা ('দেখতে নারি')

**নারাচ** — লৌহময় বাণ বিঃ, প্রক্ষেড়ন।

**নারাজ** [ ফা-আ. না-রাজ. ] গররাজী, অসম্মত। অসন্তুষ্ট।

**নারায়ণ** — বিষ্ণু। ... **নারায়ণী** — লক্ষ্মী। ভগবতী। নারায়ণসম্ভূত ('— সেনা, মায়া')

**নারিকেল** — নারকেল, -কল, -কোল ] ফল বা গাছ বিঃ। ... **নারিকেলী /নারকুলে** ] নারিকেলাকৃতি ('— কুল')

**নারী** — রমণী, কামিনী, স্ত্রী। পত্নী ('পরনারী')

**নার্ভ** [ ই ] মস্তিষ্ক সুষুম্নাকাণ্ড ইঃ হইতে দেহের অন্যত্র বিস্তৃত তন্তু যাহার দ্বারা সংবেদন পেশীক্রিয়া ইঃ প্রবর্তিত হয়, স্নায়ু (দেখ)

**নাল ১** — নল। মৃণাল। ডাঁটা।

**নাল ২** ] < লালা, লাল, থুতু ('—কাটা, গড়ানো, পড়া। — হড়হড়ে')

**নাল ৩** [ আ ] ঘোড়া বলদ ইঃর খুরের তলায় যে লোহা লাগানো হয় ('— বাঁধা')

**নালা** [ < নালক ] জল নিকাশের খাত, পয়ঃপ্রণালী, ড্রেন। (সরু — নালী)

**নালায়েক** [ ফা. -য়িক ] অযোগ্য, অক্ষম। নাবালগ্।

**নালিক, নালীক** — নলবিশিষ্ট প্রাচীন যুদ্ধাস্ত্র বিঃ। শর।

**নালিতা /নালতে** [ <নলিত ] পাট শাক।

**নালিশ** [ ফা ] অভিযোগ, ফরিয়াদ। আবেদন।

**নালী, নালি** — সরু নালা। নল। শোষ ('— ঘা')

**নাশ** — ধ্বংস, বিনাশ, ক্ষয় ('রাজ্য-, শত্রু-, প্রাণ-, অর্থ-, ধর্ম-, সর্ব-। — করা, হওয়া,')। (§ নষ্ট)। ... **নাশক** — যে নাশ করে। ... **নাশন** — নাশ করণ, বধ। উচ্ছেদ। নাশক। ... **নাশিত** — যাহাকে নাশ করা হইয়াছে। ... **নাশী** (-শিন্) — বিনাশশীল। নাশক। ... স্ত্রী. **নাশিনী**।

**নাশপাতি** [ ফা ] আপেল-জাতীয় ফল বিঃ, pear.

**নাশা** [ √ নাশ্-৭। ] নাশ করা ('নাশিল')। ... ণ. নাশক ('সর্ব-')

**নাস** ] < নস্য।

**নাসত্য** — অশ্বিনীকুমারদ্বয়।

**নাসা** — নাসিকা, নাক ('-রন্ধ্র')। নাকের ভিতরে ব্রণ।

**নাসিকা** — নাক।

**নাসিক্য** — নাসিকা হইতে উচ্চারিত।

**নাস্তা** [ ফা. নাশ্‌তহ্ ] জলযোগ।

**নাস্তানাবুদ** [ ফা. নীস্ত্-নাবুদ ] বিধ্বস্ত, নাজেহাল।

**নাস্তি** — নাই, নাহি।

**নাস্তিক** — নিরীশ্বরবাদী। বেদে বা শাস্ত্রোক্ত ধর্মে অবিশ্বাসী। ... ষ্য. **-তা, নাস্তিক্য**।

**নাহক** [ ফা-আ ] অনর্থক, শুধু শুধু।

**নাহয়** ] বরং ('তুমি — পরে এস')। পক্ষান্তরে বড় জোর ('— কিছু খরচ হবে')। কিংবা ('হয় সারবে — মরবে')। তর্কে স্বীকারসূচক ('তাই — হ'ল')

**নাহানো / নাওয়ানো** [ √ নাহা-১২ ] স্নান করানো।

**নাহি** (নাই ৪ দেখ)

**নি-** — অভাব সামীপ্য সাদৃশ্য নিশ্চয় অতিশয় নিবেশ ইঃ সূচক উপসর্গ।

**নি ১** ] (নাই ৩ দেখ)

**নি ২** ] স্বরগ্রামের সপ্তম স্বর নিষাদের সংকেত।

**নিউমোনিয়া** [ ই ] ফুসফুসের প্রদাহ।

**নিংড়ানো / নিংড়নো** [ √ নিংড়া-১৮ ] পাক দিয়া বা চাপিয়া বস্ত্রাদি হইতে জল বাহির করা।

**নিঃ** (নির্ দেখ)

**নিঃশঙ্ক** — ভয়হীন।

**নিঃশব্দ** — নীরব ('নিঃশব্দে')

**নিঃশেষ** — যাহার অবশিষ্ট নাই, সম্পূর্ণ। ... **নিঃশেষিত** — যাহা নিঃশেষ করা হইয়াছে।

**নিঃশ্রেয়স** — মঙ্গল। মুক্তি। জ্ঞান। ('-কর')

**নিঃশ্বাস, নিশ্বাস** — নাসিকা বা ফুসফুস হইতে নির্গত বায়ু (তুঃ প্রশ্বাস)। (বাং) নাসিকা বা ফুসফুস দ্বারা গৃহীত বা বহিষ্কৃত বায়ু, শ্বাস, দম ('— টানা, লওয়া, ফেলা। — বন্ধ, বাহির')। শ্বাস-গ্রহণকাল ('এক নিঃশ্বাসে')। ... **নিঃশ্বসন, নিশ্বসন** — নিঃশ্বাসত্যাগ। ... **নিঃশ্বসিত, নিশ্বসিত** — নিঃশ্বাসরূপে বহির্গত।

**নিঃসংজ্ঞ** — সংজ্ঞাহীন, অচেতন।

**নিঃসংশয়** — সংশয়শূন্য, **নিশ্চিত,**

নিঃসন্দেহ ('নিঃসংশয়ে')
**নিঃসঙ্গ** — সঙ্গহীন, একাকী। আসক্তিহীন। সম্বন্ধহীন।
**নিঃসত্ত্ব** — অসার। বলহীন। প্রাণহীন। প্রাণিশূন্য।
**নিঃসন্তান** — সন্তানহীন, আঁটকুড়া।
**নিঃসন্দেহ** — সংশয়শূন্য, নিশ্চিত, নিঃসংশয় ('নিঃসন্দেহে')
**নিঃসম্পর্ক** — সম্বন্ধহীন। আত্মীয় বা আত্মীয়তা শূন্য।
**নিঃসম্বল** — পাথেয়শূন্য, রিক্তহস্ত। নিঃস্ব।
**নিঃসরণ** — নির্গমন, বাহির হওয়া ('বাক্য-, জল-')। (§ নিঃসৃত)
**নিঃসহায়** — সহায়হীন, অসহায়।
**নিঃসাড়**] শব্দহীন, নিস্তব্ধ। অসাড়। ('নিঃসাড়ে')
**নিঃসারক** — যাহা নিঃসারিত করে ('শ্লেষ্ম-')
**নিঃসারণ** — বহিষ্করণ, নিষ্কাশন। নির্বাসন। ... ণ. **নিঃসারিত।**
**নিঃসৃত** — নির্গত। ক্ষরিত।
**নিঃস্পৃহ, নিস্পৃহ** — বাসনাশূন্য। ... ষ্য. **-তা।**
**নিঃস্ব** — নির্ধন, দরিদ্র। ... ষ্য. **-তা।**
**নিঃস্রব, নিস্রব, নিঃস্রাব, নিস্রাব** — তরলদ্রব্যের নিঃসরণ ('রক্ত-, আগ্নেয়গিরির ধাতু-')
**নিকট** — সমীপ, অদূর; সমীপে, কাছে ('কলিকাতার নিকটে, নিকট। তাঁহার — পাইবে'); আসন্ন ('মৃত্যু —')। ... ষ্য. **-তা, -ত্ব, নৈকট্য।** ... **নিকটবর্তী** (-র্তিন), **নিকটস্থ** — যাহা নিকটে আছে। আসন্ন।
**নিকড়িয়া** — নিঃস্ব, যাহার কড়ি অর্থাৎ **ধন নাই।**

**নিকর** — সমূহ ('মধুকর-')
**নিকষ** — কষ্টিপাথর, যাহাতে সোনা কষে। কষণরেখা। শান। (§ নৈকষ্য)। ... **নিকষণ** — নিকষে ঘর্ষণ। ... **নিকষিত** — নিকষে পরীক্ষিত। শানে পালিশ-করা।
**নিকষা** — রাবণের মাতা।
**নিকা** [আ. নিকাহ্ = বিবাহ] মুসলমানী বিধবা-বিবাহ।
**নিকানো / নিকনো** [√নিকা-১৩] **ঘরের** মেঝে দেওয়ালে ইঃতে গোবর ইঃ লেপা অথবা ভিজা নেতা দিয়া মোছা। ... **ণ.** (উক্ত অর্থে)
**নিকাম** — বাঞ্ছনীয়, যথেষ্ট, প্রচুর।
**নিকামাইয়ে** — বেকার।
**নিকায়** — আবাস। সমধর্মবিশিষ্ট ব্যক্তিসমূহ, body. লক্ষ্য। ব্রহ্ম।
**নিকার** — পরাভব, তিরস্কার।
**নিকারবকার** (ই) — শিশুদের পরিধেয় জামা বিঃ।
**নিকাশ** [< নিষ্কাশ] নিষ্কাশন, নির্গম ('জল — করা')। শেষ, সমাপন ('হিসাব-')। সারা, নাশ, **"নিকেশ"** ('দফা —')
**নিকাশী** — খতমসূচক।
**নিকারী** — মুসলমান মাংসবিক্রেতা।
**নিকী** — উকুনের ডিম।
**নিকুচি** — নিকাশ, দফারফা।
**নিকুঞ্জ** — লতাগৃহ, তরুলতাবেষ্টিত **স্থান।**
**নিকৃন্তন** — ছেদন।
**নিকৃষ্ট** — অপকৃষ্ট, অধম, নীচ।
**নিকেতন, নিকেত** — আবাস, গৃহ।
**নিকোচন** — সংকোচন।
**নিক্তি**] ছোট তুলাদণ্ড।
**নিক্বণ** — ঝংকার, ধ্বনি ('বীণা-, নূপুর-')
**নিক্ষিপ্ত** — যাহা ছুড়িয়া ফেলা হইয়াছে। ত্যক্ত। অর্পিত, গচ্ছিত।

**নিক্ষেপ** — ক্ষেপণ; ছুড়িয়া ফেলা ('পদ-, শর-, জাল-')। ত্যাগ। অর্পণ। (পদ্যে ক্রি. 'নিক্ষেপিল')। ... **নিক্ষেপক** — যে নিক্ষেপ করে।

**নিখরচা**] ক্রি. ণ. বিনা ব্যয়ে। ণ. যাহাতে ব্যয় নাই।

**নিখর্ব** — দশ সহস্র কোটি।

**নিখাত** — যাহা খনন করা হইয়াছে। প্রোথিত।

**নিখাদ**] < নিষাদ (দেখ)

**নিখিল**—(মূঃ নিঃশেষ) ণ. সমস্ত, সমুদয় ('-বিশ্ব, -ভারত')। ষ্য. সমস্ত জগৎ।

**নিখুঁত**] ত্রুটিহীন, নির্দোষ।

**নিখোঁজ**] নিরুদ্দেশ।

**নিগড়** — শৃংখল। পায়ের বেড়ি। ... ণ. **নিগড়িত**।

**নিগদ** — কথন, উক্তি। ... ণ. **নিগদিত**।

**নিগম** — তন্ত্রশাস্ত্র বিঃ। বেদাদি শাস্ত্র। নির্গমন। পথ। নগর। বণিক্‌সংঘ, guild. নগরাদি-পরিচালন-সংঘ, corporation.

**নিগমন** — নির্গমন।

**নিগরণ** — গলাধঃকরণ, গিলন।

**নিগীর্ণ** — গিলিত।

**নিগূঢ়** — গুপ্ত, রহস্যময়, অপ্রকাশিত। গভীর, জটিল, দুর্জ্ঞেয়।

**নিগ্রহ** — দণ্ড, শাসন, লাঞ্ছনা ('শত্রু-')। দমন, নিরোধ ('ইন্দ্রিয়-')। কষ্ট, খোয়ার ('অশেষ—')।...ণ. **নিগৃহীত**। ... **নিগ্রাহক** — নিগ্রহকারী।

**নিঘণ্টু** -- কোষগ্রন্থ, অভিধান। নির্ঘণ্ট।

**নিঘ্ন** — অধীন, বশায়ত্ত।

**নিঙাড়িল** [√ নিঙাড়্-৭। পদ্যে] নিংড়াইল।

**নিচয়** — সমূহ। উপচয়, বৃদ্ধি।

**নিচিতি** — সমূহ।

**নিচু** (নীচু দেখ)

**নিচুল** — উত্তরীয় বস্ত্র। হিজল জাতীয় বৃক্ষ বিঃ।

**নিচোল** — ঘাগরা। উত্তরীয়, আচ্ছাদন-বস্ত্র। বর্ম।

**নিছক**] অমিশ্র, কেবল ('—সত্য কথা')

**নিছনি** [√ নির্মঞ্ছনিকা] (অপ্রঃ)। অশুভ, বালাই। লাবণ্য। প্রসাধন। বরণ, নিবেদন, অর্ঘ্য, উপহার। তুলনা।

**নিচ্ছিদ্র** — ছিদ্রহীন।

**নিজ** — আপন, স্বীয়, স্বকীয় ('নিজ মন। নিজ নিজ কার্য')। (বাং) স্বয়ং ('নিজে বলা। নিজের মন')।... **নিজস্ব** — স্বকীয় ধন। (বাং) যাহাতে কেবল নিজের অধিকার আছে।

**নিজাম** [আ. -জা.-] প্রাদেশিক শাসনকর্তা। হায়দ্রাবাদের রাজার উপাধি।...**নিজামত**] শাসনকর্তার পদ বা অধিকার। ... ণ. **নিজামতী**]

**নিঝুম**] নীরব। নিশ্চল, নিস্পন্দ।

**নিট ১** [< নিষ্ঠা] নিশ্চয়। ন্যায্য ('পাওনা')

**নিট ২** [ই. net] আনুষঙ্গিক খরচ বা বস্তু বাদে ('—লাভ, ওজন')

**নিটোল**] যাহাতে টোল পড়ে নাই; সুগোল, সুগঠিত, সুপুষ্ট ('—শরীর')

**নিঠুর**] < নিষ্ঠুর (পদ্যে)

**নিঠুরাই** — নিষ্ঠুরতা (প্রা-সা)

**নিডর** (হি) — নির্ভয়।

**নিড়বিড়**] কাজ করিতে দেরি ('—করা')। ...**নিড়বিড়ে**] যে তাহা করে।

**নিড়ান / নিড়ন** [< নিস্তৃণ] শস্যক্ষেত্রের তৃণ উৎপাটন। ... **নিড়ানি / নিড়েন**] নিড়ানের অস্ত্র।...**নিড়ানো / নিড়নো** [√ নিড়া-১৩] নিড়ানি দিয়া তৃণ তুলিয়া ফেলা।

**নিতম্ব** — পাছা। স্ত্রীকটির পশ্চাদ্‌ভাগ, শ্রোণী, আরোহ। ... **নিতম্বিনী** — যে স্ত্রীর নিতম্ব সুগঠিত।

**নিতাই**] < নিত্যানন্দ (দেখ)

**নিতান্ত**—অত্যন্ত। নেহাত, একান্তপক্ষে।

**নিতি**] < নিত্য (পদ্যে। 'নিতি নিতি'—রোজ রোজ)

**নিত্য**—সতত, সর্বদা ('-সুখী')। প্রত্যহ, প্রাত্যহিক, নিয়মিত ('-কর্ম', -স্নান')। চিরস্থায়ী, অক্ষয় ('-বস্তু। অনিত্য')। অনন্ত, চির ('-কাল')। ... **নিত্যকর্ম** — দৈনিক কর্তব্য। দৈনিক পূজাদি। ... **নিত্যনৈমিত্তিক** — দৈনিক করণীয় ও বিশেষ উদ্দেশ্যে করণীয়। ... **নিত্যপ্রলয়** — সুষুপ্তি, প্রাত্যহিক নিদ্রাকাল যখন বহির্জগতের বোধ লুপ্ত হয়।...**নিত্যসেবা**—দৈনিক সেবা বা পূজা।

**নিত্যস্নানী** — নিত্য যে স্নান করে।

**নিত্যানন্দ** — সর্বদা আনন্দিত। চৈতন্যদেবের ভক্ত অগ্রজতুল্য সহচর বিঃ, নিতাই।

**নিত্যাভিযুক্ত** — সতত শ্রীভগবানে নিবেদিতচিত্ত।

**নিথর**] নিস্তব্ধ, নিশ্চল।

**নিথরা** (হি) — পরিচ্ছন্ন।

**নিদ**] < নিদ্রা (পদ্যে)

**নির্দয়**] < নির্দয় (প্রায় পদ্যে)

**নিদর্শন** — দৃষ্টান্ত, উল্লেখ। প্রমাণ। চিহ্ন, অভিজ্ঞান।

**নিদর্শনা** — কাব্যালঙ্কার বিঃ।

**নিদাঘ** — গ্রীষ্মকাল। (§ নৈদাঘ)

**নিদান** — ষ্য. মূল কারণ ('রোগের—')। রোগের হেতু নির্ণয়। তদ্‌বিষয়ক শাস্ত্র। পরিণাম। ... ণ. শেষ, অন্তিম, চরম ('-কাল')। নিদেন, একান্ত, নেহাত, অন্ততঃ ('-পক্ষে। নিদেনে')।

**নিদারুণ** — অতি দারুণ।

**নিদালি** (নিদুটি দেখ)

**নিদিগ্ধ** — চন্দনাদির দ্বারা অনুলিপ্ত।

**নিদিধ্যাসন, -ধ্যাস** — শ্রুত অর্থের মনন। একান্তচিত্তে ধ্যান।

**নিদিষ্ট** — আদিষ্ট। নির্দিষ্ট।

**নিদুটি, নিদালি / নিদুলি**] নিদ্রাজনক মন্ত্র বা মন্ত্রশক্তিবিশিষ্ট ধূলি ('চোখে —দেওয়া, লাগা')

**নিদেন**] < নিদান (দেখ)

**নিদেশ**—আদেশ। নির্দেশ। (§ নিদিষ্ট)। ... **নিদেষ্টা** (-ষ্টৃ) — আদেষ্টা। নির্দেষ্টা।

**নিদ্রা** — ঘুম ('— আসা, ভাঙা'। '—যাওয়া, দেওয়া' — ঘুমানো)। ... **নিদ্রাকর্ষণ**—ঘুম আসা। ... **নিদ্রাগত** — যে ঘুমাইয়া পড়িয়াছে, নিদ্রিত। ... **নিদ্রাজনক** — যাহাতে ঘুম আসে। ... **নিদ্রাতুর**—যাহার অত্যন্ত ঘুম পাইয়াছে। ... **নিদ্রাবিষ্ট**—নিদ্রায় মগ্ন, নিদ্রিত।... **নিদ্রাবেশ**—ঘুমের ঘোর। ঘুম পাওয়া। ... **নিদ্রাভঙ্গ** — ঘুম ভাঙা, জাগরণ। ... **নিদ্রাভিভূত** — নিদ্রায় মগ্ন। ... **নিদ্রায়মাণ** — যে ঘুমাইতেছে। ... **নিদ্রালস**—ঘুম আসার জন্য জড়ীভূত। ... **নিদ্রালু** — নিদ্রাপ্রিয়। যাহার ঘুম পাইয়াছে।

**নিদ্রিত** — ঘুমন্ত, নিদ্রাগত।

**নিদ্রোত্থিত** — যে ঘুম হইতে উঠিয়াছে।

**নিধন** — নাশ, মৃত্যু। (§ নিহত)

**নিধন** — নির্ধন, দরিদ্র।

**নিধরক** (হি) — নির্ভীক ভাবে।

**নিধান** — আধার, ভাণ্ডার ('করুণা-')। নিধি (দেখ)। নিবেশ, স্থাপন। (§ নিধেয়)

**নিধি** — নিধান, আধার ('গুণ-, জল-')।

ধনরত্নাদি। গচ্ছিত ধন, ন্যাস। সঞ্চিত ধন। বিশেষ উদ্দেশ্যে নিয়োজিত বা রক্ষিত ধন, fund. কুবেরের ধন (পদ্ম মহাপদ্ম শঙ্খ ইঃ)।... নিধিনাথ, -পতি, নিধীশ—কুবের।

**নিধুবন** — মৈথুন। ক্রীড়া। কম্পন। কেলিকানন (অশুপ্রঃ)

**নিধেয়** — গচ্ছিত রাখিবার যোগ্য।

**নিনাদ** — শব্দ, গর্জন ('বজ্র-')। (পদ্যে ক্রি. 'নিনাদিল')। ... ণ. **নিনাদিত**।

**নিন্দক** — **নিন্দুক**] নিন্দাকারী।

**নিন্দন** — নিন্দাকরণ, নিন্দাবাদ।

**নিন্দনীয়**—নিন্দার যোগ্য, নিন্দ্য, নিন্দার্হ।

**নিন্দা**—অপবাদ, বদনাম, দোষকথন ('—করা, হওয়া')। (পদ্যে ক্রি. 'নিন্দিল')। ... **নিন্দার্হ** — নিন্দার যোগ্য।

**নিন্দিত** — যাহার নিন্দা করা হইয়াছে। গর্হিত। বিনিন্দিত, পরাভূত ('মৃণাল-নিন্দিত বাহু'—যে বাহু দ্বারা মৃণাল পরাভূত হইয়াছে। অশুপ্রঃ। শুদ্ধ — '-নিন্দক, -নিন্দী')

**নিন্দুক**] < নিন্দক।

**নিন্দ্য** — নিন্দনীয়।

**নিপট**] অত্যন্ত, নিতান্ত (প্রাঅপ্রঃ। '—কপট')

**নিপতন**—নিম্নে পতন।...ণ. **নিপতিত**।

**নিপাত** — বিনাশ, মরণ ('শত্রু-।—যাও')

**নিপাতন** — অধঃক্ষেপণ। বধসাধন। (ব্যাকরণে) সূত্রোক্ত নিয়মের ব্যতিক্রম। ... ণ. **নিপাতিত**।

**নিপান** — পশুপক্ষীর পানের বা স্নানের জন্য ক্ষুদ্র জলাধার। চৌবাচ্চা।

**নিপীড়ক** — যে নিপীড়ন করে।

**নিপীড়ন** — উৎপীড়ন, ক্লেশদান। দলন, মর্দন। (পদ্যে ক্রি. 'নিপীড়িল')।...ণ. **নিপীড়িত**।

**নিপীত** — যাহা নিঃশেষে পান করা হইয়াছে।

**নিপুণ** — পটু, দক্ষ, কুশল। ... স্ত্রী. **নিপুণা**। ... ষ্য. **-তা, নৈপুণ্য**।

**নিব** [ই] কলমের ধাতুনির্মিত মোচ বা মুখ যাহা বদলানো যায়।

**নিবদ্ধ** — বদ্ধ; পরিহিত ('দৃঢ়-')। নিবেশিত, স্থির ('দৃষ্টি —')। রচিত, গ্রথিত, বিন্যস্ত ('ধারা-')

**নিবনিব** (নিবোনিবো দেখ)

**নিবনো** (নেবা ১ দেখ)

**নিবন্ত**] নির্বাণপ্রায়; নির্বাপিত ('—আগুন')

**নিবন্ধ** — প্রবন্ধ, রচনা, গ্রন্থ। প্রস্তাব। নিয়ম, ব্যবস্থা। নির্ধারণ। বন্ধন।

**নিবন্ধক**—যে রেজিস্ট্রি করে, registrar.

**নিবন্ধন**—(সমাসের অন্তে) কারণ, হেতু, জন্য, প্রযুক্ত ('অসুস্থতা-')। রেজিস্ট্রি।

**নিবর্তক**—নিবৃত্তিকারক।

**নিবর্তন** — নিবৃত্তি, বিরতি, ক্ষান্তি। নিবারণ। প্রত্যাবর্তন। ... **নিবর্তিত** —প্রত্যাবর্তিত। নিবারিত।

**নিবসতি, নিবসন** — বাসস্থান। বাস।

**নিবহ** — সমূহ, সকল।

**নিবা, নিবানো** (নেবা ২ দেখ)

**নিবাত** — নির্বাত, বায়ুশূন্য। বাতাস না থাকায় স্থির ('—প্রদীপ')

**নিবাত কবচ** — অসুর বিশেষ, হিরণ্যকশিপুর পুত্রগণ।

**নিবাজ** — পিতৃগণের উদ্দেশে পিণ্ড-জলাদি।

**নিবারক** — যে নিবারণ করে।

**নিবারণ**—নিষেধ, বারণ ('অমুককে, কলহ —করা')। প্রতিষেধ। দূরীকরণ ('রোগ-, শোক-')। (পদ্যে ক্রি. 'নিবারিল')। ... **নিবারণীয়, নিবার্য**—নিবারণযোগ্য। ...

**নিবারিত** — প্রতিষিদ্ধ, নিরস্ত, নিষিদ্ধ।
**নিবাস** — অবস্থান, বসতি ('— করা')। আবাস, সাকিন, দেশ। ... **নিবাসী** (-সিন্) — যে বাস করে, অধিবাসী, বাসিন্দা। ... স্ত্রী. **নিবাসিনী।**
**নিবিড়** — ঘন, গভীর, গাঢ় ('— অন্ধকার, বন, রহস্য, প্রেম, আলিঙ্গন')। স্থূল, পীবর ('— নিতম্ব, স্তন')। ... ষ্য. **-তা।**
**নিবিষ্ট** — একান্তঃকরণে নিযুক্ত ('কার্যে —। -চিত্তে, -মনে'। প্রবিষ্ট। বিন্যস্ত।
**নিবীত** — উত্তরীয়। কণ্ঠলম্বিত যজ্ঞসূত্র।
**নিবৃত্ত** — ক্ষান্ত, বিরত। ... **নিবৃত্তি** — ক্ষান্তি, বিরতি, বিরাম ('রোগ-, শোক-, সন্দেহ-')। বিরাগ ('-মার্গ')
**নিবেদক** — নিবেদনকারী।
**নিবেদন** — জ্ঞাপন ('সবিনয় —')। বিনীত উক্তি। আবেদন। সমর্পণ ('আত্ম-')। উৎসর্গ ('দেবতাকে —')। (§ নৈবেদ্য)। ... ণ. **নিবেদিত।** ... **নিবেদনীয়, নিবেদ্য** — নিবেদনযোগ্য।
**নিবেশ** — শিবির ('সেনা-')। ... **নিবেশ, নিবেশন** — বিন্যাস, স্থাপন ('মনোনিবেশ')। আলয়। প্রবেশ। ... ণ. **নিবেশিত।** ... **নিবেশক** — স্থাপক।
**নিবোনিবো, নিবনিব]** ষ্য. নির্বিবার উপক্রম ('প্রদীপ — করা')। ... ণ. নির্বাণপ্রায়।
**-নিভ** — সদৃশ, তুল্য, সন্নিভ ('মরকত-। ইন্দুনিভাননা')
**নিভাঁজ]** ভাঁজশূন্য। ভেজালশূন্য, খাঁটী।
**নিভৃত** — গোপন, অন্তরালবর্তী, বিজন ('—আলাপ, স্থান। নিভৃতে')। নিশ্চল। নিঃশব্দ।
**নিম]** < নিম্ব, গাছ বিঃ।
**নিম-** [ফা. নীম] অর্ধ, প্রায় ('-রাজী')
**নিমক** [ফা. নমক] লবণ। ... **নিমকহারাম]** (মুঃ নুন খাইয়াও যে অনিষ্টাচরণ করে) অকৃতজ্ঞ, কৃতঘ্ন। ... ষ্য. **-হারামি]।** ... **নিমকহালাল]** কৃতজ্ঞ। ... ষ্য. **-হালালি]**
**নিমকি** [ফা. নমকীন] ময়দার ভাজা নোনতা খাবার বিঃ। নোনতা খাদ্য।
**নিমখুন** [ফা] আধমরা, অত্যন্ত জখম।
**নিমগ্ন** — যে বা যাহা ডুবিয়া আছে ('জলে—')। আবিষ্ট, নিবিষ্ট ('আনন্দে, চিন্তায় —')। (পদ্যে — নিমগন])
**নিমজ্জন** — নিমগ্ন করণ, ডুবানো। অবগাহন, ডুবন। ... ণ. **নিমজ্জিত।**
**নিমন্ত্রণ** — ভোজনে বা কোনও অনুষ্ঠানে সাদর আহ্বান ('বিবাহের, সভায় —। — খাওয়া। -রক্ষা')। ... **নিমন্ত্রক** — যে নিমন্ত্রণ করে। ... **নিমন্ত্রিত** — যাহাকে নিমন্ত্রণ করা হইয়াছে।
**নিমরাজী** [ফা-আ] আধা রাজী।
**নিমাই]** (নিম হইতে) চৈতন্যদেবের মাতৃদত্ত নাম।
**নিমিত্ত** — হেতু, কারণ; প্রয়োজন, উদ্দেশ্য ('তন্নিমিত্ত')। যাহার দ্বারা কর্ম সাধিত হয় কিন্তু যাহার কর্তৃত্ব নাই ('-কারণ। নিমিত্তের ভাগী')। শুভাশুভ লক্ষণ ('-জ্ঞ। দুর্নিমিত্ত')। (বাং) প্রয়োজনে, উদ্দেশ্যে ('শিশুর — দুগ্ধ')। (§ নৈমিত্তিক)
**নিমিষ, নিমেষ** — পলক, চোখের পাতা ফেলা ('অনিমিষ নেত্র')। চোখের পাতা ফেলিতে যে সময় লাগে, অত্যল্পকাল ('নিমেষমাত্র, নিমেষের তরে')
**নিমীলন**—মুদ্রিত করণ, বোজা ('চক্ষু-')। ... ণ. **নিমীলিত।**
**নিম্ন** — ণ. নীচু ('-গামী, -ভূমি')। অধঃ, নীচের ('-ভাগ')। ... ষ্য. **নিম্নদেশ** ('-লিখিত। নিম্নে, নিম্নোক্ত')। ...

**নিম্নগ** — অধোগামী। ... স্ত্রী. **নিম্নগা**। —নদী।

**নিম্ব** — নিম।

**নিম্বার্ক** — বৈষ্ণব ধর্মের সনক সম্প্রদায়ের প্রধান আচার্য।

**নিম্বুক, নিম্বু** — নেবু।

**নিয়ত**—সতত, নিত্য। বদ্ধ, স্থির, অপরিবর্তিত ('নিয়তাকার')। সংযত, নিয়ন্ত্রিত ('নিয়তাত্মা, নিয়তাহার')

**নিয়তি** — বিধির বিধান, অদৃষ্ট, ভাগ্য, কিসমত, নসিব।

**নিয়ন্তা** ( -ন্তৃ) — নিয়ামক, যে নিয়ন্ত্রিত করে, পরিচালক, নিরূপক ('ভাগ্য-')। ... স্ত্রী. **নিয়ন্ত্রী**।

**নিয়ন্ত্রণ** — নিয়মন, সংযমন। পরিচালন। শাসন। দমন। ... ণ. **নিয়ন্ত্রিত**।

**নিয়ম**—ব্যবস্থা, বিধান, নির্দেশ ('শাস্ত্রের, সামাজিক —')। বিধি, সূত্র, ধারা ('ব্যাকরণের, খেলার —')। পদ্ধতি, শৃঙ্খলা, ক্রম ('কাজের —')। সংযত আচার ('অনিয়ম')। সংযম; ব্রতাদি ('-ভঙ্গ')। ('— করা, মানা। -নিষ্ঠা, -পালন, -পূর্বক, -বিরুদ্ধ, -রক্ষা, -লঙ্ঘন। নিয়মানুবর্তিতা। নিয়মাবলী')। (§ নিয়ত, নৈয়মিক)। ... **নিয়মন** — ব্যবস্থাপন, নিয়ম বাঁধিয়া দেওয়া। সংযম, নিয়ন্ত্রণ ('আহার-')। দমন। ... **নিয়মিত** — নিয়মবদ্ধ, নিয়ন্ত্রিত, শৃঙ্খলিত নিয়মানুযায়ী ('—ব্যায়াম')। ... **নিয়মী** (-মিন্)— নিয়মপালক। ... **নিয়ম্য** — নিয়মের যোগ্য। সংযম্য, দম্য।

**নিয়ামক** — নিয়মকর্তা, ব্যবস্থাপক। নিয়ন্তা, পরিচালক।

**নিযুক্ত** — ব্যাপৃত, রত ('পাঠে —')। বাহাল ('কর্মে, চাকরিতে —')

**নিযুত** — দশ লক্ষ।

**নিয়োগ** — কার্যের ভার অর্পণ ('চাকরিতে — করা)। প্রবর্তন ('কুকর্মে —')। নির্দেশ ('তাঁহার — অনুসারে')। প্রয়োগ, নিবেশ ('মনো-')। (§ নিযুক্ত)। ... **নিয়োক্তা** (-ক্তৃ) — নিয়োগকর্তা। ... **নিয়োগী** (-গিন্) — নিয়োগকর্তা। উপাধি বিঃ। ... **নিয়োগপত্র** — কাজে যোগদানের অনুমতি পত্র। appointment letter.

**নিয়োজক** — নিয়োগকর্তা, নিয়োজয়িতা।

**নিয়োজন** — নিযুক্ত করণ, প্রবর্তন। ... **নিয়োজয়িতা** (-তৃ) — নিয়োগকর্তা। ... **নিয়োজিত** — যাহাকে নিযুক্ত করা হইয়াছে। ... **নিয়োজ্য** — নিয়োজনের যোগ্য। প্রয়োজ্য।

**নির্-, নিঃ-** — অভাব নিশ্চয় অতিশয় বহিষ্করণ ইঃ সূচক উপসর্গ।

**নিরক্ষবৃত্ত, -রেখা** — দুই মেরু হইতে সমদূরবর্তী পূর্ব-পশ্চিমে বিস্তৃত ভূপৃষ্ঠস্থ কাল্পনিক বৃত্ত, ভূ-বিষুববৃত্ত, equator. ... **নিরক্ষমণ্ডল** — কর্কটক্রান্তি ও মকরক্রান্তি বলয়ের মধ্যবর্তী অংশ।

**নিরক্ষর** — যাহার অক্ষরপরিচয় নাই।

**নিরখিল** [√নিরখ্-৫। পদ্যে] নিরীক্ষণ করিল।

**নিরগ্নি** — যে অগ্নিহোত্রাদি অনুষ্ঠান পালন করে না। অগ্নিশূন্য।

**নিরঙ্ক** — নিষ্কলঙ্ক।

**নিরঙ্কুশ** — অনিবার্য, বাধাহীন। স্বেচ্ছাচারী।

**নিরঙ্গরূপক** — যে রূপকে শুধু অঙ্গ মাত্রেরই আরোপ হয় কোন অঙ্গের আরোপ হয় না।

**নিরঞ্জন** — অকলঙ্ক, নির্মল। পরমাত্মা। (বাং) প্রতিমাবিসর্জন (বোধ হয়

নীরমজ্জনের অশুদ্ধ রূপান্তর)। শূন্য-রূপ দেবতা বিঃ, ধর্মঠাকুর।

**নিরত** — ব্যাপৃত, নিবিষ্ট ('কর্ম-')। আসক্ত। ... **নিরতি** — অত্যাসক্তি।

**নিরতিশয়** — অত্যধিক, অত্যন্ত।

**নিরত্যয়** — অক্ষয়, অবিনাশী। নির্দোষ।

**নিরন্তর** — নিরবচ্ছিন্ন, সর্বদা। নিরবকাশ, যাহাতে ফাঁক নাই।

**নিরন্ন** — অন্নহীন। অতিশয় দরিদ্র।

**নিরপত্য** — নিঃসন্তান।

**নিরপরাধ** — নির্দোষ, অপরাধশূন্য। ... স্ত্রী. **নিরপরাধা**। (নিরপরাধিনী অশুদ্ধ)

**নিরপেক্ষ** — পক্ষপাতশূন্য। যে কাহারও উপর নির্ভর করে না, স্বাধীন, স্বতন্ত্র। ... ষ্য. **-তা, নৈরপেক্ষ্য।**

**নিরবকাশ** — যাহাতে ফাঁক নাই। যাহার অবসর নাই।

**নিরবগ্রহ** — অপ্রতিবন্ধ, অব্যাহত।

**নিরবচ্ছিন্ন** — নিরন্তর (দেখ)

**নিরবদ্য** — অনবদ্য, অনিন্দ্য, নিষ্কলঙ্ক।

**নিরবধি** — যাহার সীমা নাই, অনন্ত। নিরন্তর, সর্বদা।

**নিরবয়ব** — অবয়বশূন্য, নিরাকার।

**নিরবলম্ব, -লম্বন** — অবলম্বনহীন, নিরালম্ব। নিরাশ্রয়, অসহায়।

**নিরবশেষ** — নিঃশেষ।

**নিরম্বু** — নির্জল, জলবর্জিত ('— উপবাস')

**নিরয়** — নরক।

**নিরর্থক** — অর্থহীন। অনর্থক, বৃথা, অকারণ।

**নিরলস** — অনলস, আলস্যশূন্য।

**নিরসন** — নিরাস, নিরাকরণ, খণ্ডন, ভঞ্জন ('সন্দেহ, ভ্রম —')। নিবারণ। প্রত্যাখ্যান।

**নিরস্ত** — বিরত, নিবৃত্ত। নিরাকৃত, নিবারিত, দূরীকৃত।

**নিরস্ত্র** — অস্ত্রহীন। ... **নিরস্ত্রীকরণ** — অস্ত্রহীন করণ। যুদ্ধোপকরণ বর্জন **বা কমানো**, disarmament.

**নিরহংকার** — অহংকারশূন্য।

**নিরাকরণ, নিরাকৃতি** — খণ্ডন, নিরসন। নিবারণ। প্রত্যাখ্যান। ... **নিরাকরণ** — (গ্রাম্য) নির্ণয়। ... ণ. **নিরাকৃত।**

**নিরাকাঙ্ক্ষ** — নিস্পৃহ, নির্লোভ। ... ষ্য. **-তা।**

**নিরাকার**—আকারহীন, অদৃশ্য, নিরবয়ব।

**নিরাকুল**—অতি আকুল, ব্যাকুল। অব্যাকুল, প্রশান্ত।

**নিরাধার** — আধারশূন্য, নিরালম্ব।

**নিরানন্দ** — ণ. আনন্দহীন, দুঃখিত। ... ষ্য. (বাং) আনন্দের অভাব, দুঃখ।

**নিরাপদ্‌** — **নিরাপদ]** আপদশূন্য, নির্বিঘ্ন ('নিরাপদে')। যাহার আপদ নাই। (পত্রে সম্বোধনে — পুং. বা **স্ত্রী. নিরাপৎসু**)। ... ষ্য. **নিরাপত্তা,** নৈরাপদ্য।

**নিরাভরণ** — অলংকারহীন। ... **স্ত্রী. -ভরণা।**

**নিরাময়** — নীরোগ, সুস্থ।

**নিরামিষ** — যাহাতে আমিষ নাই, মৎস্য মাংস ডিম্ব চর্বি ইঃ বর্জিত খাদ্য ('-ভোজী। নিরামিষাশী')

**নিরালম্ব** — যে অপরের আশ্রয় ব্যতীত অধিষ্ঠান করে।

**নিরালা** [ < নিরালয় ] ণ. নিভৃত নির্জন ... ষ্য. নিভৃত স্থান।

**নিরাশ** — আশাহীন, হতাশ। ... ষ্য. **নৈরাশ্য, নৈরাশ। নিরাশা ]**

**নিরাশ্রয়** — যাহার আশ্রয় নাই। অসহায়।

**নিরাশ্বাস** — যাহার ভরসা নাই।

**নিরাস** — নিরসন (দেখ)

**নিরাহার** — ণ. অনাহারী, উপবাসী। ... ষ্য. অনাহার।

**নিরিখ** [ফা. নির্খ্] দর, হার ('— বাঁধা, করা')

**নিরিন্দ্রিয়** — চক্ষুকর্ণাদিবিহীন।

**নিরিবিলি** [ < নিরাবিল] ণ. নিভৃত, নিরালা, বিবিক্ত। ... ষ্য. নিভৃত নির্জন স্থান।

**নিরীক্ষক** — যে নিরীক্ষণ করে।

**নিরীক্ষণ, নিরীক্ষা** — মনোযোগের সহিত দর্শন। ... ণ. নিরীক্ষিত। ... **নিরীক্ষমাণ** — যে নিরীক্ষণ করিতেছে। ... স্ত্রী. **-মাণা**। ... **নিরীক্ষ্যমাণ** — যাহা নিরীক্ষিত হইতেছে। ... স্ত্রী. **-মাণা**।

**নিরীশ্বর** — ঈশ্বরহীন, যে বিষয়ে ঈশ্বর মানা হয় না ('-বাদ')। নাস্তিক।

**নিরীহ** — (বাং) নির্বিরোধ, শান্ত, অনপকারী। (সং) নিঃস্পৃহ। নিশ্চেষ্ট। ... ষ্য. **-তা**।

**নিরুক্ত** — যাস্ক-প্রণীত ব্যুৎপত্তিপ্রদর্শক বৈদিক অভিধান বা ব্যাখ্যাগ্রন্থ বিঃ।

**নিরুক্তি** — শব্দের ব্যুৎপত্তি নির্দেশ। নির্বচন।

**নিরুত্তর** — উত্তরদানে বিরত, নির্বাক্, যে প্রতিবাদ করে না।

**নিরুৎসব** — যেখানে কোন উৎসবাঙ্গের অনুষ্ঠান নাই।

**নিরুৎসাহ** — উৎসাহহীন।

**নিরুৎসুক** — অতিশয় উৎসুক। ঔৎসুক্য-হীন।

**নিরুদ্দেশ** — যাহার সন্ধান বা ঠিকানা অজ্ঞাত, নিখোঁজ।

**নিরুদ্ধ** — অবরুদ্ধ, আবদ্ধ।

**নিরুদ্যম** — উদ্যমহীন।

**নিরুদ্বেগ** — উদ্বেগশূন্য।

**নিরুপদ্রব** — যাহাতে উৎপাত নাই, নিরাপদ। যাহাতে বলপ্রয়োগ নাই।

**নিরুপম** — অনুপম, অতুলনীয়। ... স্ত্রী. **-মা**।

**নিরুপাখ্য** — অনির্বচনীয়।

**নিরুপাধি, -ধিক** — উপাধিশূন্য। নির্গুণ। (তুঃ সোপাধি)

**নিরুপায়** — উপায়হীন, প্রতিকার করিতে অক্ষম, সহায়হীন।

**নিরূপক** — নির্ণায়ক।

**নিরূপণ** — নির্ণয়, অবধারণ। ... ণ. নিরূপিত।

**নির্ঋতি** — অশুভংকরীদেবতা, সংহারের দেবতা (অলক্ষ্মী)। নৈর্ঋত কোণের (দক্ষিণপশ্চিম কোণের) অধিষ্ঠাত্রী। দুর্গতি।

**নিরেট**] যাহা ফাঁপা বা তরল নয়। কঠিন, দৃঢ়। (ব্যঙ্গে) মস্তিষ্কহীন, মূর্খ।

**নিরেস** [ < নীরস] নিকৃষ্ট। (তুঃ সরেস)

**নিরোধ** — অবরোধ। প্রতিরোধ, নিবারণ, নিগ্রহ ('ইন্দ্রিয়-')। (§ নিরুদ্ধ)। ... **নিরোধক** — যে নিরোধ করে। ... **নিরোধন** — রুদ্ধ করণ।

**নির্গত** — বহির্গত। নিঃসৃত।

**নির্গম, নির্গমন** — বহির্গমন।

**নির্গুণ** — গুণহীন, ত্রিগুণাতীত ('— ব্রহ্ম')। সদ্গুণহীন ('— মানুষ')

**নির্গ্রন্থ** — (মূঃ যাহার পরিধেয় বস্ত্রের গ্রন্থি নাই অথবা সংসারবন্ধন নাই)। সর্ববন্ধন মুক্ত। সংস্কার মুক্ত। জৈন বা বৌদ্ধ সন্ন্যাসী বিঃ, **ক্ষপণক**।

**নির্ঘণ্ট** — সূচী, অনুক্রমণিকা। তালিকা।

**নির্ঘাত** — ষ্য. পরস্পর আঘাত জনিত **শব্দ** ('অস্ত্র-')। বায়ুর আঘাত। **বজ্রাঘাত**। ... ণ. (বাং) প্রচণ্ড, কঠোর; **অব্যর্থ**, মোক্ষম ('— বাক্য')

**নির্ঘৃণ** — যাহার ঘৃণা নাই, "নির্ঘৃণে"।

নির্লজ্জ। নির্দয়।

**নির্ঘোষ** — উচ্চ নিনাদ ('অশনি-, জ্যা-')

**নির্জন** — জনশূন্য, নিরিবিলি। ('নির্জনে' — নিভৃত স্থানে)। ... ষ্য. **নির্জনতা।**

**নির্জর** — জরাশূন্য। দেবতা।

**নির্জল,** স্ত্রী. **নির্জলা** — জলশূন্য, যাহা জলমিশ্রিত নয় ('নির্জল দুগ্ধ')। যাহাতে জলপান নিষিদ্ধ, নিরম্বু ('নির্জলা একাদশী')। (ব্যঙ্গে) অমিশ্র, নিভাঁজ ('— মিথ্যা কথা')

**নির্জিত** — পরাজিত, বশীকৃত।

**নির্জীব** — অতিশয় দুর্বল। জীবনীশক্তি-হীন। (তুঃ সজীব)।

**নির্ঝঞ্ঝাট]** ঝঞ্ঝাটশূন্য।

**নির্ঝর** — ঝরনা, উৎস। ... **নির্ঝরিণী** — নদী।

**নির্ণয়** — নির্ধারণ, নিরূপণ, সিদ্ধান্ত ('সংখ্যা-, মূল্য-, অর্থ-, কর্তব্য-')। ... **নির্ণায়ক, নির্ণেতা** (-তৃ) — যে নির্ণয় করে। ... **নির্ণীত** — যাহার নির্ণয় হইয়াছে। ... **নির্ণেয়** — নির্ণয়যোগ্য। যাহা নির্ণয় করিতে হইবে।

**নির্দয়** — দয়াহীন, নিষ্ঠুর। ... ষ্য. **-তা।** কবিতায় নিদয়।

**নির্দিষ্ট** — যাহার নির্দেশ করা হইয়াছে। প্রদর্শিত। নিরূপিত, স্থিরীকৃত।

**নির্দেশ** — প্রদর্শন, বিশেষ করিয়া দেখানো ('অঙ্গুলি-। পথ-')। নির্ধারণ ('কর্তব্য-')। আদেশ, উপদিষ্ট প্রণালী ('তাঁহার — অনুসারে')। উল্লেখ, বর্ণনা। ... **নির্দেশক, নির্দেষ্টা** (-ষ্টৃ) — নির্দেশকারী।

**নির্দোষ** — দোষহীন, নিরপরাধ। ত্রুটিহীন, নিখুঁত।

**নির্দ্বন্দ্ব** — নির্বিবাদ, বিরোধহীন। (দর্শনে) শীতোষ্ণরাগদ্বেষাদি-দ্বন্দ্ব-রহিত।

**নির্ধন** — ধনহীন, দরিদ্র। ... ষ্য. **-তা।**

**নির্ধারণ** — স্থিরীকরণ, নির্ণয় (দেখ)। নির্বাচন, উৎকর্ষ অপকর্ষ বিচারে বহুর মধ্যে একের অবধারণ। ... **নির্ধারক** — নির্ণায়ক (দেখ)। ... **নির্ধারিত** — **নির্ণীত** (দেখ)। ... **নির্ধার্য** — নির্ণেয় (দেখ)

**নির্ধুত, নির্ধূত** — বিকম্পিত। বিদূরিত।

**নির্ধূম** — ধূমশূন্য।

**নির্নিমেষ, নির্নিমিষ** — অনিমেষ, পলক-শূন্য ('— নেত্র')

**নির্বংশ** — সন্তানহীন, বংশধরহীন।

**নির্বচন**—বিশেষরূপে কথন। (জ্যামিতিতে) প্রতিজ্ঞাবাক্য — enunciation, নিরুক্তি।

**নির্বন্ধ** — আগ্রহ, জিদ, আবদার, পীড়া-পীড়ি ('সনির্বন্ধ। নির্বন্ধাতিশয়')। বিধান ('দৈবের, প্রজাপতির —')। নিশ্চয়, সংকল্প।

**নির্বপণ** — পিতৃপুরুষের উদ্দেশে পিণ্ড-জলাদিদান।

**নির্বর্ষ** — বর্ষা- বা বর্ষণ-হীন।

**নির্বাক্** — বাক্যহীন, মৌনী।

**নির্বাচক** — যে বাছে। পদপ্রার্থীর নির্বাচনে যাহার অধিকার আছে ('-মণ্ডলী')

**নির্বাচন** — বাছিয়া লওয়া, স্থিরীকরণ, নির্ধারণ ('বিষয়-, সদস্য-,)। ... ণ. **নির্বাচিত।** ... **নির্বাচ্য** — যাহা বাছিতে হইবে, নির্বাচনযোগ্য। কথনযোগ্য।

**নির্বাণ**—ব্য. মোক্ষ, ভববন্ধন হইতে মুক্তি। লয়, অবসান। নিবিয়া যাওয়া ('দীপ-')। ... ণ. যাহা নিবিয়াছে ('-দীপ')। মুক্ত। অস্তগত। নষ্ট।

**নির্বাত** — নিবাত (দেখ)

**নির্বাধ** — অবাধ, বাধাহীন।

**নির্বাপক** — যে বা যাহা নিবায় ('অগ্নি-যন্ত্র')। প্রভাতে নগরপথের আলোকমালা যে নিবাইয়া দেয়।

**নির্বাপণ** — নিবানো; অবসান করানো ('অগ্নি, জ্বালা, শোক —')। ... ণ. **নির্বাপিত**।

**নির্বাসন**—দেশ হইতে বহিষ্করণ। তজ্জন্য অন্য দেশে বাস। ... ণ. **নির্বাসিত** (দেশান্তরিত)।

**নির্বাহ** — সম্পাদন, চালানো ('জীবিকা-')। সমাধা ('বিবাহব্যাপার-')। ... ণ. **নির্বাহিত**। ... **নির্বাহক**—নির্বাহকারী।

**নির্বিকল্প** — যাহার বিকল্প বা অন্য রূপ নাই। জ্ঞাতৃজ্ঞেয়াদিভেদশূন্য। সংশয়-শূন্য।

**নির্বিকার** — বিকাররহিত, অপরিবর্তনীয়; রাগদ্বেষাদিবর্জিত ('-চিত্ত')

**নির্বিঘ্ন**—বাধাশূন্য, নিরাপদ ('নির্বিঘ্নে')

**নির্বিচার** — বিচারশূন্য। ('নির্বিচারে' — বিচার না করিয়া। না বাছিয়া। পরীক্ষা না করিয়া।)

**নির্বিণ্ণ** — দুঃখিত, অনুতপ্ত, নির্বেদযুক্ত।

**নির্বিবাদ** — নির্দ্বন্দ্ব, বিবাদহীন ('নির্বি-বাদে')। ... **নির্বিবাদী**] যে বিবাদ করে না, নিরীহ।

**নির্বিরোধ** — **নির্বিরোধী**] বিরোধহীন, অবিরোধী, নিরীহ ('নির্বিরোধে')

**নির্বিশঙ্ক** — নির্ভীক।

**নির্বিশেষ** — অবিশেষ, অভিন্ন, তুল্য ('অপত্যনির্বিশেষে')

**নির্বিষ** — বিষশূন্য।

**নির্বীজ** — বীজশূন্য। জীবাণুশূন্য. sterile. ... **নির্বীজন** — **জীবাণুনাশন**, sterilization, disinfection. ... ণ. **নির্বীজিত**।

**নির্বীর** — বীরশূন্য।

**নির্বীর্য** — বীর্যহীন, দুর্বল।

**নির্বুদ্ধি** — বুদ্ধিহীন। ... ষ্য. **-তা**।

**নির্বেদ** — খেদ, অনুতাপ। নৈরাশ্য। বৈরাগ্য। (§ নির্বিণ্ণ)

**নির্বোধ** — জ্ঞানশূন্য, মূর্খ।

**নির্ব্যাজ** — অকপট।

**নির্ব্যূঢ়** — প্রমাণদ্বারা স্থিরীকৃত, নিশ্চিত। যথেচ্ছ ব্যয়ের অধিকারযুক্ত ('— স্বত্ব')

**নির্ভয়** — ভয়হীন, নিঃশঙ্ক।

**নির্ভর** — (বাং) ষ্য. অবলম্বন, অপেক্ষা, ভরসা ('তাহার কথায়, পরের উপর — করা')। আশ্রয়। ... (সং) ণ. অধিক, পূর্ণ।

**নির্ভাবনা** — নিশ্চিন্ততা।

**নির্ভীক** — ভয়হীন, সাহসী।

**নির্ভুল**] যাহাতে ভুল নাই, ভ্রমশূন্য।

**নির্ভৃতি** — ভৃতি অর্থাৎ মজুরি নাই **যে** কাজে। বেগার।

**নির্ভেদ** — বিচ্ছেদন, বিদারণ।

**নির্মক্ষিক** — মক্ষিকাশূন্য। জনপ্রাণিহীন।

**নির্মঞ্ছন** — নীরাজনা, আরাত্রিক। নিছনি।

**নির্মৎসর** — অনসূয়। সর্বজনের হিতাকাঙ্ক্ষী।

**নির্মদ** — নিরহঙ্কার, অনুদ্ধত।

**নির্মম** — মমতাশূন্য। বাসনাশূন্য। নির্দয়। ... নির্লোভ, স্বার্থবোধশূন্য। ... ষ্য. **-তা**।

**নির্মল** — মলহীন, স্বচ্ছ, অনাবিল ('— জল, আকাশ')। অকপট, পবিত্র, অকলঙ্ক ('— অন্তঃকরণ, চরিত্র')। ... **স্ত্রী. নির্মলা**। ... ষ্য. **নির্মলতা**।

**নির্মলি** [ < নির্মলা ] জলপরিষ্কারক বীজ বিঃ।

**নির্মাণ** — তৈয়ার, গঠন, রচনা ('গৃহ, প্রতিমা, মাল্য — করা')। (পদ্যে **ক্রি.**

'নির্মিল')। ... **নির্মাতা** (-তৃ) — যে নির্মাণ করে। ... **নির্মিত** — গঠিত, রচিত। ... **নির্মিতি** — নির্মাণ। ... **নির্মিৎসা** — নির্মাণ করিবার ইচ্ছা। **নির্মীয়মাণ** — যাহা নির্মিত হইতেছে।

**নির্মাল্য**—দেবতাকে নিবেদিত মাল্য পুষ্প ইঃ।

**নির্মুক্ত** — সম্যক্ মুক্ত।

**নির্মূল** — মূল সমেত উৎপাটিত, সমূলে বিনষ্ট, উন্মূলিত, বিলুপ্ত। মূলহীন, অমূলক।

**নির্মোক** — সাপের খোলস। বর্ম। সাঁজোয়া। আচ্ছাদন।

**নির্যাতক**—যে নির্যাতন করে, উৎপীড়ক।

**নির্যাতন**—নিপীড়ন (বাং)। নিগ্রহ। প্রতিশোধ ('বৈর-')। ... ণ. **নির্যাতিত।**

**নির্যাণ**—পশুর পৃষ্ঠে বসিবার বা কিছু বসাইবার আসন। পালান। নির্গমন। মোক্ষ। মৃত্যু।

**নির্যাস** — রস, সার। বৃক্ষাদি হইতে নিঃসৃত রস বা আঠা, নিস্যন্দ ('শাল-')

**নিলজ**] — নির্লজ্জ। (ব্রজবুলি)

**নির্লজ্জ** — লজ্জাহীন, বেহায়া। ... ষ্য. **-তা।**

**নির্লিপ্ত** — সংস্রবশূন্য, জড়িত নয় ('বিবাদে, ব্যাপারে — থাকা')। অনাসক্ত ('বিষয় ভোগে —')। ... ষ্য. **-তা।**

**নির্লোভ** — লোভশূন্য।

**নির্লোম** — লোমশূন্য।

**নির্হেতুক**—অকারণ, অনিদান (প্রণয়িণীর মান)

**নিলম্বন**—কোনও বিষয় বা ব্যক্তি সম্বন্ধে সিদ্ধান্ত স্থগিত রাখা, suspension, ... ণ. **নিলম্বিত।**

**নিলয়** — আলয়, আবাস। আধার।

**নিলাজ**] < নির্লজ্জ (প্রায় পদ্যে)। বেহায়া।

**নিলাম** [পো. leilao] সমবেত ক্রয়ার্থিগণের মধ্যে যে সর্বাপেক্ষা অধিক মূল্য দিতে চায় তাহাকে বিক্রয় ('—করা'। 'নিলামে ডাকা'—নিলাম কালে দর বলা ... ণ. **নিলামী**]

**নিলীন** — বিলীন, অন্তর্হিত, নিমগ্ন।

**নিলীয়মান** — প্রচ্ছন্ন।

**নিশপিশ**] অস্থিরতা প্রকাশ ('মারিবার জন্য হাত—করা')

**নিশমন**—শ্রবণ।

**নিশা** — **নিশি**] রাত্রি। (§ নৈশ)। ... **নিশাকর** — চন্দ্র। ... **নিশাচর** — যে রাত্রিকালে বিচরণ করে (যথা শ্বাপদ পেচক চোর লম্পট)।...স্ত্রী. **নিশাচরী।** ... **নিশাত্যয়** — প্রভাত। ... **নিশানাথ, -পতি, -মণি** — চন্দ্র। ... **নিশামুখ** — সন্ধ্যাকাল। ... **নিশাপতি** — কোতোয়াল (প্রাচীন সাহিত্য)

**নিশাদল** [ফা. নৌশাদর] লবণজাতীয় দ্রব্য বিঃ, ammonium chloride.

**নিশান** [ফা.] পতাকা। ... **নিশান, নিশানা**] নিদর্শন, চিহ্ন ('— করা, দেওয়া')। লক্ষ, টিক ('বন্দুকের — করা')।... **নিশানদিহি**] চেনা, পরিচিত বলিয়া নির্দেশ, শনাক্ত।

**নিশি**] < **নিশা,** রাত্রি ('-দিন। দিবা-') (কবিতায়)। ... **নিশিপালন**]—ব্রতাদিতে রাত্রি জাগরণ। অমাবস্যা পূর্ণিমার রাত্রিতে আহার সংযম।

**নিশিদিশি**]—দিনরাত, অনুক্ষণ (প্রা-সা)

**নিশিত** — শাণিত, খরধার।

**নিশীথ**—মধ্যরাত্র। রাত্রি। ... **নিশীথিনী** — রাত্রি। গভীর রাত্রি।

**নিশুতি**] — নিশীথে যখন সকলে নিষুপ্ত — কেহ জাগিয়া নাই। গভীর

রাত্রি।

**নিশুম্ভ** — অসুর বিঃ। ভ্রাতা **শুম্ভের** সহিত মার্কণ্ডেয় চণ্ডীতে উল্লিখিত।

**নিশোয়াশ]** — নিশ্বাস। (ব্রজবুলি)

**নিশ্চয়** — ষ্য. নিঃসন্দেহ জ্ঞান, নির্ধারণ, সিদ্ধান্ত ('করা। কৃত-, দৃঢ়-')। (বাং) ণ. নিশ্চিত, নিঃসন্দেহ ('— হওয়া। ইহা —')। অবশ্য ('তুমি — আসবে')। ... **নিশ্চায়ক** — নির্ণেতা। ... **নিশ্চিত** — নিঃসন্দেহ।

**নিশ্চল** — অচল, স্থির।

**নিশ্চিন্ত** — ভাবনাহীন, উদ্‌বেগশূন্য ('— থাকা, হওয়া')

**নিশ্চেষ্ট** — চেষ্টাহীন, অলস। যে নড়ে না। ... ষ্য. **-তা**।

**নিশ্ছিদ্র** — ছিদ্রহীন, নীরন্ধ্র।

**নিশ্বাস** (নিঃশ্বাস দেখ)

**নিষঙ্গ** — তূণীর। ... **নিষঙ্গী** (-ঙ্গিন্) — তূণীরধারী।

**নিষধ** — প্রাচীন দেশ বিঃ, নল রাজার রাজ্য।

**নিষণ্ণ** — উপবিষ্ট। শয়িত।

**নিষাদ** — প্রাচীন বন্য জাতি বিঃ। ব্যাধ। **চণ্ডাল**। ধীবর। (সংগীতে) নিখাদ, স্বরগ্রামের সপ্তম স্বর, 'নি'। ... স্ত্রী. **নিষাদী**।

**নিষাদী** (-দিন্) — মাহুত। গজারোহী।

**নিষিক্ত** — সিক্ত, ভিজা, ক্ষরিত।

**নিষিদ্ধ** — যাহা নিষেধ করা হইয়াছে। অবিহিত, নিবারিত।

**নিষুতি]** ষ্য. < নিষুপ্তি, গাঢ়, নিদ্রা। ... ণ. নিদ্রিত। নিস্তব্ধ। (নিশুতি দেখ)

**নিষুপ্ত** — নিদ্রিত। ... ষ্য. **নিষুপ্তি**।

**নিষেক** — সেচন। (§ নিষিক্ত)।

**নিষেধ** — বারণ, মানা। **নিবারণ**। (§ নিষিদ্ধ)। ... **নিষেধক** — যে মানা করে। নিবারক।

**নিষেবণ** — সেবা, আরাধনা। ... ণ. **নিষেবিত**। ... **নিষেবক** — সেবক।

**নিষ্ক** — স্বর্ণমুদ্রা। স্বর্ণের পরিমাণ বিঃ।

**নিষ্কণ্টক** — কণ্টকহীন। বিঘ্নহীন। শত্রুহীন।

**নিষ্কম্প** — কম্পনশূন্য।

**নিষ্কর** — রাজস্বহীন, লাখেরাজ ('— জমি')

**নিষ্করুণ** — করুণাশূন্য, নির্দয়।

**নিষ্কর্মা** (-র্মন্) — যাহার কাজ নাই। যে কাজ করে না, অলস। (§ নৈষ্কর্ম্য)

**নিষ্কর্ষ** — নিষ্কাশিত সার। ... **নিষ্কর্ষণ** — নিষ্কাশন।

**নিষ্কল** — অংশহীন, অখণ্ড ('—ব্রহ্ম')। বন্ধ্য। বৃদ্ধ।

**নিষ্কলঙ্ক** — অকলঙ্ক, নির্দোষ।

**নিষ্কলুষ** — অনঘ, পাপহীন।

**নিষ্কামভক্তি** — যে ভক্তির মূলে কোন প্রার্থনা নাই। প্রেমভক্তি, রাগানুগা-ভক্তি।

**নিষ্কাম**—যাহার কামনা নাই, ফলাশাশূন্য।

**নিষ্কাশ** — বহির্গমন। বহিষ্করণ।

**নিষ্কাশন** — বহিষ্করণ। **ক্কাথ সার ইঃ** বাহির করা। দূরীকরণ। ... ণ. **নিষ্কাশিত**।

**নিষ্কিঞ্চন** — নিঃস্ব, নিঃসম্বল।

**নিষ্কৃতি** — নিস্তার, অব্যাহতি। ... ণ. নিষ্কৃত।

**নিষ্কোষণ** — কোষমুক্ত করা যেমন তরবারি নিষ্কোষণ।

**নিষ্ক্রমণ, নিষ্ক্রম** — বহির্গমন, বাহিরে আসা। ... ণ. **নিষ্ক্রান্ত**।

**নিষ্ক্রয়** — মূল্য, বিনিময়। বেতন। ভাড়া। বিক্রয়।

**নিষ্কাথ** — ণ. অগ্নিসংযোগে যাহার

ক্বাথ বাহির করিয়া লওয়া হইয়াছে। ... ষ্য. নির্যাস।

**নিষ্ক্রিয়** — ক্রিয়াহীন, অক্রিয়। (তুঃ সক্রিয়)। ... ষ্য. **-তা**। ... **নিষ্ক্রিয় প্রতিরোধ** — স্বয়ং নিশ্চেষ্ট থাকিয়া অন্যের কার্যে বাধাজনন, passive resistance.

**নিষ্কূজ** — কূজনহীন।

**-নিষ্ঠ** — নিষ্ঠাযুক্ত, অবলম্বী ('ধর্ম-, এক-')

**নিষ্ঠা** — দৃঢ় অবলম্বন; শ্রদ্ধা, অনুরক্তি ('কর্তব্য-। শাস্ত্রে, ধর্মে —')। ধর্মানুষ্ঠানে অনুরক্তি ('-বান্, -বতী')। (§ নৈষ্ঠিক)

**নিষ্ঠীবন** — থুতু ('-ত্যাগ')

**নিষ্ঠুর** — নির্দয়। ... ষ. **-তা**।

**নিষ্ঠ্যূত** — মুখ হইতে নিক্ষিপ্ত। উদ্‌গীর্ণ। ... ষ্য. **নিষ্ঠ্যূতি**।

**নিষ্ণাত** — পারংগত, বিশেষ দক্ষ, বিশেষভাবে ব্যুৎপন্ন।

**নিষ্পঙ্ক** — পঙ্কহীন। নির্মল।

**নিষ্পত্তি** — মীমাংসা, অবধারণ। **সমাপ্তি**। সিদ্ধি। উৎপত্তি ('বাঙ্-')। (বাং) মিটমাট ('মকদ্দমার — করা')

**নিষ্পন্ন** — সিদ্ধ। সম্পন্ন, সমাপ্ত।

**নিষ্পাদক** — যে নিষ্পাদন করে।

**নিষ্পাদন** — সম্পাদন, সমাধান। ... **নিষ্পাদনীয়, নিষ্পাদ্য** — নিষ্পাদনযোগ্য। ... **নিষ্পাদিত** — সম্পাদিত, সাধিত।

**নিষ্পাপ** — পাপশূন্য।

**নিষ্পিষ্ট**—অতিশয় পিষ্ট, মর্দিত, দলিত। ... ষ্য. **নিষ্পেষণ, নিষ্পেষ**।

**নিষ্প্রতিভ** — প্রতিভাশূন্য। দীপ্তিহীন।

**নিষ্প্রদীপ** — নিরালোক, বে-চেরাগ। black out.

**নিষ্প্রত্যূহ** — নির্বিঘ্ন, অবাধ।

**নিষ্প্রভ** — দীপ্তিহীন।

**নিষ্প্রয়োজন** — অনাবশ্যক।

**নিষ্প্রাণ** — জড়বৎ, প্রাণহীন।

**নিষ্ফল** — বিফল, পণ্ড। নিরর্থক।

**নিষ্যন্দ** (নিস্যন্দ দেখ)

**নিসর্গ** — প্রকৃতি, স্বভাব ('-শোভা')। সৃষ্টি। (§ নৈসর্গিক)। ... **নিসর্গশ্রী** — প্রাকৃতিক সৌন্দর্য।

**নিসিন্দা**] গাছ বিঃ (ঔষধ)

**নিসূদক** — বিনাশকারী।

**নিসূদন** — ষ্য. বধ। ... ণ. বিনাশকারী।

**নিস্তনী** — স্তনহীনা।

**নিস্তরঙ্গ** — তরঙ্গহীন, অচঞ্চল, স্থির।

**নিস্তরণ** — উত্তরণ, পার হওয়া। নিস্তার, উদ্ধার, মুক্তি। নির্গমন।

**নিস্তব্ধ** — নিশ্চল। নীরব, চুপ। ... ষ্য. **-তা**।

**নিস্তল** — যাহার কোনও পার্শ্ব সমতল নয়, বর্তুল, গোলালো।

**নিস্তার** — পার। উদ্ধার, ত্রাণ। অব্যাহতি। নিষ্কৃতি। ('— করা, পাওয়া')। ... ণ. **নিস্তীর্ণ**। ... **নিস্তারক** — পরিত্রাতা।

**নিস্তারা** — ণ. তারকাহীন (গগন)

**নিস্তেজ** [ < নিস্তেজাঃ (-জস্] দীপ্তিহীন। দুর্বল, ক্ষীণ। যাহার গুণ বা শক্তি কমিয়া গিয়াছে।

**নিস্ত্রিংশ** — খড়্গ।

**নিস্ত্রৈগুণ্য**—ত্রিগুণের প্রভাব হইতে মুক্ত।

**নিস্পন্দ** — অকম্পিত, স্থির।

**নিস্পৃহ** (নিঃস্পৃহ দেখ)

**নিস্যন্দ, নিষ্যন্দ** — ক্ষরণ, স্রাব। নির্যাস। ... ণ. **নিস্যন্দিত, নিষ্য-**। ... **নিস্যন্দী, নিষ্যন্দী** (-ন্দিন্) — ক্ষরণকারী।

**নিস্রব, নিস্রাব** (নিঃস্রব, নিঃস্রাব দেখ)

**নিস্বন, নিস্বান** — শব্দ।

**নিহত** — বিনাশিত। ... **নিহতার্থ** —

একই শব্দ যদি প্রচলিত (প্রধান) অর্থে ও অপ্রচলিত অর্থেও ব্যবহৃত হয় — তবে অপ্রচলিত অর্থে ব্যবহারকে বলে নিহতার্থ পদদোষ।

**নিহারিল, নেহারিল** [ √ নিহার্, নেহার্ -৭। পদ্যে ] দেখিল।

**নিহিত** — স্থাপিত। গুপ্ত। দত্ত। নিক্ষিপ্ত।

**নীচ** — ণ. নীচু, নিম্ন ('-গামী')। নিকৃষ্ট, হীন ('— জাতি। -প্রকৃতি। নীচাশয়')। অনুদার, অভদ্র, হীনপ্রকৃতি। (বাং) ষ্য. নিম্নস্থান ('নীচে')। ... ষ্য. **নীচতা, -ত্ব**। ... **নীচযোনি** — ষ্য. তির্যগ্‌যোনি, মানবেতর প্রাণী রূপে জন্ম। নীচকুলে জন্ম। ... ণ. নীচযোনিজাত।

**নীচু, নিচু** ] নিম্ন ('— জমি')। নত ('— করা, হওয়া')

**নীড়** — পাখির বাসা, কুলায়।

**নীত ১** — যাহা লইয়া যাওয়া হইয়াছে। গৃহীত।

**নীত ২** ] — আচার, আচরণ।

**নীতি** — ধর্মসংগত বা সমাজহিতকর বিধান, ('-জ্ঞ, -বাক্য, -বিরুদ্ধ'। 'নীতি-বিদ্যা' — ethics). ধর্মাধর্মবোধ, তদনুযায়ী আচরণ ('রীতি-। দুর্নীতি')। বিধান, সাধনের উপায়, policy ('অর্থ-, শুক্র-, রাজ-')। ( § নৈতিক)

**নীদ, নিদ** ] — নিদ্রা (ব্রজবুলি)।

**নীপ** — কদম্ব পুষ্প বা বৃক্ষ।

**নীবার** — তৃণধান্য (দেখ)

**নীবি, -বী** — (নীবিবন্ধ) কটিবন্ধন, কটিবস্ত্রের গ্রন্থি ('-বন্ধ, -বন্ধন)। মূলধন, পুঁজি।

**নীয়মান** — যাহাকে লইয়া যাওয়া হইতেছে। যাহা লওয়া হইতেছে।

**নীর** — জল। ... **নীরজ** — জলজ। পদ্ম। ... স্ত্রী. **নীরজা**। ... **নীরদ, নীরধর** — মেঘ। ... **নীরধি, নীরনিধি** — সমুদ্র।

**নীরক্ত** — রক্তহীন।

**নীরত** — বিরত।

**নীরদ** — (নির্ + রদ) — **দন্তহীন**।

**নীরন্ধ্র** — ছিদ্রহীন।

**নীরব** — (নি- বিরল) — নিঃশব্দ, চুপ। ... ষ্য. **-তা**।

**নীরস** (নি- বিরল) — রসহীন, শুষ্ক। যাহাতে মন আকৃষ্ট হয় না ('— প্রসঙ্গ')। রসবোধহীন, অরসিক ('— লোক')। ... ষ্য. **-তা**।

**নীরাজন, -না** — দিগ্‌বিজয়-যাত্রার পূর্বে অশ্ব-অস্ত্রাদির সংস্কার নিমিত্ত আরাধনা বিঃ। আরাত্রিক।

**নীরাধিপ** — বরুণ।

**নীরুজ** — নিরাময়, নীরোগ, রোগশূন্য।

**নীরোগ** — রোগহীন, সুস্থ।

**নীল** — ণ. নীলবর্ণ। কাল, অসিত, শ্যাম। ... ষ্য. নীল গাছ হইতে উৎপন্ন রঞ্জনদ্রব্য, নীলবড়ি। ... **নীলকণ্ঠ** — শিব। পক্ষী বিঃ, চাষ, roller bird. ময়ূর। ... **নীলকর** — যে নীলের চাষ করে। ... **নীলকান্ত** — মণি বিঃ, নীলা, sapphire. .. **নীলকুঠি** ] নীল প্রস্তুত করিবার কারখানা। ... **নীলগাই** ] গো-সদৃশ বন্য পশু বিঃ (হরিণ-জাতীয়। পুং পশু নীলাভ, স্ত্রী পাটলবর্ণ)। ... **নীলগিরি**—মান্দ্রাজ প্রদেশের পর্বতমালা বিঃ। নীলাচল (দেখ)। ... **নীলধ্বজ** — জৈমিনিভারতে একজন রাজা — ইহার রানী জনা, পুত্র প্রবীর। ... **নীলমণি** — কৃষ্ণের আদরের নাম। নীলা। ... **নীলমাধব** — শ্রীকৃষ্ণ। উড়িষ্যার জগন্নাথ দেবকে বিশেষ করিয়া **নীলমাধব** বলা হয়। ... **নীললোহিত** — শিব। বেগনী

রং।

**নীলা** [ < নীলক ] নীলকান্ত মণি।

**নীলাচল** — উড়িষ্যার নীলগিরি পর্বত-মালা। জগন্নাথক্ষেত্র।

**নীলাঞ্জন** — তুঁতে। রসাঞ্জন।

**নীলাভ** — নীলবর্ণবিশিষ্ট।

**নীলাম্বর** — ব্য. নীল কাপড়। নীল আকাশ। ... ণ. যাহার কাপড় নীল। ... বলদেবের একটি নাম। ... **নীলাম্বরি** ] নীল শাড়ি।

**নীলাম্বু** — সমুদ্র।

**নীলিমা** (-মন্) — নীলত্ব, নীল বর্ণ।

**নীলিকা, নীলী** ] — নীলবর্ণের উৎপাদক ওষধি বিঃ।

**নীলোৎপল** — নীল পদ্ম।

**নীহার** — তুষার, হিমানী। বরফ।

**নীহারিকা** — আকাশে দৃষ্ট বহুদূরস্থ নীহারপুঞ্জসদৃশ বাষ্পীয় পদার্থ বা নক্ষত্রসমষ্টি, nebula.

**নুকি** (ব্রজবুলি) — লুকাই বা লুকাইয়া।

**নুটি** ] সুতা ইঃর গুটানো তাল।

**নুড়কুত** ] — যখন তখন ডাকিয়া যাহাকে কাজের ভার দেওয়া যায় এবং সর্বদা আদেশ পালনের জন্য কাছে কাছেই থাকে।

**নুড়নুড়ি/নুন্নুড়ি** ] ঘুণ্টি। আলজিব।

**নুড়া / নুড়ো** ] গুচ্ছ, আঁটি ('খড়ের, শণের —')। ছোট—নুড়ি ]। নোড়া দেখ)

**নুতি** — স্তুতি।

**নুদি** — ভুঁড়ি।

**নুন** ] < লবণ। (ঃ নোনতা, নোনা)। ... **নুনিয়া** ] লবণ প্রস্তুতকারী জাতি বিঃ।

**নুন্নুড়ি** (নুড়নুড়ি দেখ)

**নুর** [ ফা. নুর ] আলোক ('কোহিনুর')। দাড়ি।

**নুরি** [ মালয় ] শুক-জাতীয় পক্ষী বিঃ, lory.

**নুলা / নুলো** ] যাহার হাত কাটা বা বিকল।

**নুলিয়া** ] — পুরীর সমুদ্রে যাহারা মাছ ধরে এবং সমুদ্র-স্নানার্থীদের স্নানে সাহায্য করে।

**নূতন** — নতুন, নব। ... ব্য. **-তা, -ত্ব।**

**নূপুর** — ঘুঙুর, ঘুণ্টি দেওয়া পায়ের গহনা বিঃ, মঞ্জীর, শিঞ্জিনী।

**নৃ** — নর, মনুষ্য। ... **নৃবিদ্যা** — মানব-বিষয়ক বিদ্যা, anthropology.

**নৃকুলবিদ্যা** — বিভিন্ন মানবজাতি বিষয়ক বিদ্যা, ethnology.

**নৃত্ত** — অঙ্গবিক্ষেপযুক্ত সবিলাস নৃত্য।

**নৃত্য** — নাচ। ... **নৃত্যপর** — যে নাচিতেছে। ... স্ত্রী. **-পরা।**

**নৃপ, নৃপতি** — নরপতি, রাজা। ... **নৃপাংশ** — রাজার প্রাপ্য রাজস্ব। (প্রাচীন ভারতে) উৎপাদিত শস্যের ষষ্ঠাংশ। ... **নৃপমণি** — নৃপশ্রেষ্ঠ।

**নৃমুণ্ড** — নরমুণ্ড ('-মালিনী')

**নৃযজ্ঞ** — অতিথিসৎকারস্বরূপ যজ্ঞ।

**নৃলোক** — নরলোক, মর্ত্যলোক।

**নৃশংস** — নিষ্ঠুর। পরদ্রোহী। ... ব্য. **-তা।**

**নৃসিংহ** — নরসিংহ (দেখ)

**নেই** (নাই ৪ দেখ। নেহাই দেখ)

**নেইআঁকড়া, -ড়ে** [ < ন্যায়- অথবা নাভি- ] নাছোড়বান্দা।

**নেউল** ] < নকুল, বেজি।

**নেউটিয়া** ] — ঘাড় ফিরাইয়া, ফিরিয়া। (প্রা-সা)।

**নেওটা, ন্যাওটা, -টো** [ < স্নেহ-বৃত্ত ] স্নেহদ্বারা বশীভূত ('—ছেলে')

**নেওয়া** [ √ নি-৩। < নী ] লওয়া (দেখ)। ... **নেওয়ানো** [ √ নেওয়া

-১৭ ] লওয়ানো (দেখ)

**নেংচানো** [ √ নেংচা-১৭ ] লেংচানো (দেখ)

**নেংটা, ন্যাংটা, লেংটা, -টো** [ < নগ্ন-বৃত্ত ] উলঙ্গ।

**নেংটি, লেংটি** ] কৌপীন।

**নেংটি ইঁদুর, নেংটে-** ] ছোট ইঁদুর।

**নেংড়া** (লেংড়া দেখ)

**নেকড়া, ন্যাকড়া** [ < নক্তক ] পুরানো কাপড়ের টুকরা।

**নেকড়ে বাঘ, নেকড়ে** ] কুক্কুর-জাতীয় হিংস্র পশু বিঃ, বৃক, wolf.

**নেকনজর** [ ফা-আ. -জ.- ] অনুগ্রহদৃষ্টি।

**নেকরা, ন্যাকরা** [ ফা. নখ্‌রহ্‌ ] কৌতুক ('— করা')। ... **নেকামি**।

**নেকা, ন্যাকা** [ ফা. নেক = সাধু ] অজ্ঞতা সরলতা বা সাধুতার ভানকারী। ... স্ত্রী. **নেকী** ]। ... ষ্য. **নেকামি, -মো, নেকাপনা** ]

**নেকার, ন্যাকার** ] ন্যক্কার (দেখ)

**নেজ, নেজা** (লেজ, লেজা দেখ)

**নেজা** ] — বল্লম। শিকারের অস্ত্র।

**নেজামৎ** — নবাব নাজিমের দপ্তর।

**নেঞ্জার** ] — ঝঞ্ঝাট। আনুসঙ্গিক উপসর্গ।

**নেটা** ] যে ডান হাতের বদলে বাঁ হাতে কাজ করে।

**নেড়া, ন্যাড়া** ] যাহার মাথায় চুল নাই; মুণ্ডিতকেশ ('— মাথা')। অনাবৃত; নিরাভরণ ('—হাত')। ... স্ত্রী. **নেড়ী** ]। ... **নেড়ানেড়ী** ] বৈষ্ণব সম্প্রদায় বিঃ। ... **নেড়াপোড়া, মেড়া-** ] চাঁচর (দেখ)

**নেড়ীকুত্তা** ] — লোমহীন কুক্কুরী।

**"নেড়ে"** ] নিম্নশ্রেণীর মুসলমান (ব্যঙ্গে)

**নেত** [ < নেত্র ] সূক্ষ্ম পট্টবস্ত্র বিঃ।

**নেতবাস** ] — তসর কাপড়।

**নেতা ১** ( -তৃ ) — নায়ক, পরিচালক, ('জন-, দস্যু-')। অগ্রণী, পথপ্রদর্শক। ... স্ত্রী. **নেত্রী**। ... ষ্য. **নেতৃত্ব**।

**নেতা ২, ন্যাতা** [ < নক্তক ] কানি, যে কাপড় দিয়া ঘর লেপা ইঃ হয়।

**নেতা ৩** ] — মনসামঙ্গলে মনসার সহকারিণী।

**নেতাড়** — জের, সংযোগ, সংলগ্নতা।

**নেত্র** — চক্ষু ('-গোচর, -পাতা')। ... **নেত্রচ্ছদ** — চক্ষুর পল্লব।

**নেদীয়ান** — অপেক্ষাকৃত নিকটবর্তী।

**নেদিষ্ঠ** — নিকটতম।

**নেপটানো** (লেপটানো দেখ)

**নেপথ্য** — রঙ্গালয়ের সাজঘর। অভিনেতৃগণের বেশভূষা। ... **নেপথ্যে** — রঙ্গমঞ্চের অন্তরালে। ... **নেপথ্যবিধান** — অভিনয়ের জন্য সজ্জা বা তাহার ব্যবস্থা।

**নেপা, নেপানো** (লেপা দেখ)

**নেপাল** ] ভারতের উত্তর সীমায় হিমালয়স্থ রাজ্য বিঃ। ... **নেপালী** ] নেপাল সম্বন্ধীয় বা তাহার অধিবাসী।

**নেবা ১, ন্যাবা** ] কামলা রোগ, jaundice.

**নেবা ২** (নিবা বিরল) [ √ নিব্‌-৯। < নির্‌-বা ] নির্বাপিত হওয়া ('প্রদীপ, আগুন, উৎসাহ —')। ( § নিবোনিবো, নিবন্ত)। ... **নিবানো / নিবনো, নেবানো** [ √ নিবা-১৩ ] নির্বাপিত করা। ... ণ. নির্বাপিত।

**নেবাজ** [ ফা. ] — মুরুব্বি। পৃষ্ঠপোষক।

**নেবু, লেবু** ] < নিম্বু, ফল বিঃ ('কাগজি-, পাতি-, গোঁড়া-, কমলা-')

**নেমি, -মী** — চক্রবেষ্টনী, চাকার হাল। পরিধি, বেড়।

**নেয়াই** (নেহাই দেখ)

**নেয়াড়ি** ] — এক রকম টক ফল।

**নেয়াপাতি]** — অল্প নরম শাঁসের ডাব।
**নেয়ামৎ** (আ.) — মেহেরবানি, অনুগ্রহ।
**নেয়ার, নেয়াল]** খাট ইঃ ছায়িবার মোটা চওড়া ফিতা।
**নেফলী]** — নবমল্লিকা। সেঁউতি ফুল।
**নেয়ে]** < নাবিক, মাঝী।
**নেশা** [আ. নশাতুন] মত্ততা। মাদকদ্রব্য। মাদকসেবন। প্রবল আসক্তি। ('— করা, ছোটা, ধরা, লাগা, হওয়া। মদের, খেলার, ভাবের, চোখের —')। ... **নেশাখোর]** যে নেশা করে, মাদকসেবী।
**নেহাই / নেয়াই, নাই, নেই** [< নিধাপিকা কিংবা নাভি] যে লৌহপীঠের উপর ধাতু পেটা হয়।
**নেহাত** [আ. নিহায়ৎ] নিতান্ত, একান্ত-পক্ষে ('যদি — না পার')। অত্যন্ত ('— ছেলে মানুষ')
**নেহারিল** (নিহারিল দেখ)
**নৈকট্য** — নিকটত্ব।
**নৈকষ্য** — (মূঃ নিকষে পরীক্ষিত) বিশুদ্ধ ('— কুলীন')
**নৈতিক** — নীতি সম্বন্ধীয়।
**নৈদাঘ** — নিদাঘ সম্বন্ধীয়, গ্রীষ্মকালীন।
**নৈপুণ্য** — নিপুণতা।
**নৈবেদ্য** — দেবতাকে নিবেদ্য সামগ্রী।
**নৈমিত্তিক** — প্রয়োজনার্থ, বিশেষ উদ্দেশ্যে অনুষ্ঠেয় ('নিত্য-')। নিমিত্তজ্ঞ, শুভা-শুভলক্ষণবেত্তা।
**নৈমিষারণ্য** — প্রাচীন তপোবন বিঃ, আধুনিক নিমসার (উত্তর প্রদেশে)
**নৈয়মিক** — নিয়ম সম্বন্ধীয়। নিয়ম অনুযায়ী।
**নৈয়ায়িক** — ন্যায়শাস্ত্রজ্ঞ।
**নৈরপেক্ষ্য** — নিরপেক্ষতা।
**নৈরাশ্য, -শ** — আশাশূন্যতা।
**নৈর্ঋত** — দক্ষিণপশ্চিম কোণ। যে কোণের অধিষ্ঠাত্রী অশুভংকরী দেবী নির্ঋতি।
**নৈশ** — নিশাকালীন।
**নৈষ্কর্ম্য** — নিষ্ক্রিয়তা। নিষ্কর্মার ভাব। আলস্য।
**নৈষ্ঠিক** — নিষ্ঠাবান্। নিষ্ঠাবিষয়ক।
**নৈসর্গিক** — প্রাকৃতিক, স্বাভাবিক।
**নোংরা]** ণ. অপরিষ্কার, ঘৃণ্য, অশ্লীল ('— কাপড়, জায়গা, কাজ, কথা')।...ষ্য. ময়লা, জঞ্জাল ('— সাফ করা')। ... **নোংরামি]** নোংরা ভাব বা আচরণ।
**নোকর** [ফা. নওকর] চাকর।... **নোকরি]** চাকরি।
**নোকসান** (লোকসান দেখ)
**নোক্তা** [আ. নুক্তহ্] আরবী-ফারসী অক্ষরে যোজিত বিন্দু।
**নোঙর** (নঙর দেখ)
**নোট** [ই] টাকার পরিবর্তে ব্যবহার্য কাগজখন্ড। স্মারক লেখন ('— করা' — টুকিয়া রাখা)। টীকা ('— লেখা, মুখস্থ করা')
**নোট, লোট** — ঘর ছায়িবার জন্য পরিষ্কৃত খড়ের আঁটি।
**নোটিস** [ই] সাধারণের বা ব্যক্তিবিশেষের অবগতির জন্য লেখন ('— জারি করা')। সূচনা, বিজ্ঞাপন।
**নোড় ১** [< লবণী] সাদা টক ফল বিঃ।
**নোড় ২]** < ছুতা ছলনা (প্রাঃ-সাঃ)
**নোড়া]** < লোষ্ট্র, গোলালো পাথর। যে পাথর দিয়া শিলের উপর মসলা ইঃ পেষা হয়। (ছোট — নুড়ি])
**নোনতা]** লবণস্বাদ, লবণাক্ত।
**নোনা ১** (লোণা দেখ)
**নোনা ২** [পো. anona] আতা-জাতীয় ফল বিঃ।

**নোয়া ১** [ < লোহ ] 'লোহা' শব্দের গ্রাম্য রূপ। লোহার চুড়ি (সধবার লক্ষণ)

**নোয়া ২** [ √নম্‌-৪। < নম্‌ ] নত হওয়া, হেলিয়া বা ঝুঁকিয়া পড়া ('নুয়ে পড়া')। ... **নোয়ানো** [ √নোয়া-১৫ ] নত করা ('মাথা, বাঁশ —')। ... ণ. নমিত।

**নোলক** [ < লোলক ] মুক্তা ইঃর অলংকার যাহা নাকের নীচে ঝোলে।

**নোলা** [ < লোলা ] জিহ্বা। খাইবার লোভ।

**নৌ** — নৌকা, জলযান ('-বিদ্যা, -সেনা')

**নৌকা**—তরণী, তরী। দাবা খেলার বল বিঃ। ... **নৌকাজীবী** (-বিন্‌), **-জীবিক** —নৌকা চালানো যাহার পেশা, মাঝী দাঁড়ী ইঃ।

**নৌঘাঁটি** — জাহাজের প্রতীক্ষার বা অভিযান যাত্রার স্থান। জলযুদ্ধের কেন্দ্র।

**নৌচলাচল** — নৌকা বা জলযানের যাতায়াত।

**নৌবল** — জলযুদ্ধের জন্য জাহাজ ও সৈন্যদলের সমষ্টি।

**নৌবাহ**—জাহাজ চালানো, navigation.

**নৌবাহিনী** — যুদ্ধ-জাহাজ সমূহ।

**নৌবীর** — নৌযুদ্ধের যোদ্ধা।

**নৌসেনা** — জলযুদ্ধের সৈনিক।

**নৌসেনাপতি** — জলযুদ্ধের বাহিনীর সর্বাধ্যক্ষ।

**ন্যক্কার** — নেকার, বমি। ('-জনক' — অত্যন্ত ঘৃণাজনক)

**ন্যগ্রোধ** — বটবৃক্ষ।

**ন্যস্ত** — নিহিত, স্থাপিত। অর্পিত, গচ্ছিত, রক্ষিত। পাতিত। ত্যক্ত।

**ন্যাওটা, ন্যাংটা, ন্যাকড়া, ন্যাকরা, ন্যাকা, ন্যাকার, ন্যাজা, ন্যাড়া, ন্যাতা, ন্যাবা** (নে- দেখ)

**ন্যাটা** (ল্যাঠা দেখ)

**ন্যায়** — যুক্তি, যাথার্থ্য, সুবিচার ('-সংগত')। তর্কশাস্ত্র, আন্বীক্ষিকী বিদ্যা, গোতম-প্রবর্তিত দর্শনশাস্ত্র বিঃ। যুক্তির দৃষ্টান্ত বা উপমা বিঃ ('কাক-তালীয়-')। (বাং) সদৃশ, তুল্য, মতন ('পশুর —')। (§ ন্যায্য)। ... **ন্যায়কর্তা** (-র্তৃ) — ন্যায়প্রণেতা। বিচারক। ... **ন্যায়তঃ** (-তস্‌) — সুবিচার অনুসারে। ... **ন্যায়নিষ্ঠ** — ন্যায়পরায়ণ। ... ষ্য. **-নিষ্ঠতা**। **-নিষ্ঠা**। ... **ন্যায়পথ, -মার্গ**— ন্যায্য উপায়, ধর্মপথ। ... **ন্যায়পর, -পরায়ণ, -বান্‌** (-বৎ) — **ন্যায়বিচার** —ন্যায্য অপক্ষপাত বিচার। ... **ন্যায়-সংগত** — ন্যায্য। ... ষ্য. **-পরতা, -পরায়ণতা**।

**ন্যায়াধীশ** — বিচারপতি।

**ন্যায়ালয়** — আদালত।

**ন্যায্য** — ন্যায়সংগত, উচিত। ... ষ্য. **-তা**।

**ন্যালনেলে** ] লালাযুক্ত বা লালার তুল্য।

**ন্যালাখেপা** — যাহার আচরণ বোকা বা খেপার মতন। কোন বিষয় হুঁস নাই।

**ন্যাস** — গচ্ছিত বস্তু। গচ্ছিত বিষয় রক্ষা বা রক্ষার ভার, trust. অর্পণ, স্থাপন। ত্যাগ। প্রাণায়ামাদি। (§ ন্যস্ত) ... **ন্যাসপাল** — trustee.

**ন্যাসী** — ত্যাগী, সন্ন্যাসী (প্রাঃ সা)

**ন্যুব্জ** — বক্র, কুব্জ, গোলপৃষ্ঠ। উবুড়।

**ন্যূন** — কম, অপেক্ষাকৃত অল্প। ... ষ্য. **-তা, -ত্ব**। ... **ন্যূনকল্পে, -পক্ষে** — কম করিয়া ধরিলে। ... **ন্যূনাধিক** — কম-বেশী। ... **ন্যূনাধিক্য** — কমিবেশি, তারতম্য, অল্পতা ও আধিক্য।

**-প** — পায়ী, যে পান করে ('মদ্যপ, পাদপ')। পালক ('গোপ, নৃপ')

**পইছা, প'ইছা]** বালার তুল্য হাতের গহনা বিঃ।

**পইঠা** [ < প্রতিষ্ঠা] সিঁড়ির ধাপ।

**পইতা** [ < পবিত্রা-] উপবীত ('—পরা')। উপনয়ন ('—দেওয়া, হওয়া')

**পইপই]** < পদে পদে, পুনঃপুনঃ ('—ক'রে বলা')

**পউখ]** — পৌষমাস (প্রাঃ-সা)

**পউষলী]** — পৌষমাসের অন্তর্গত (প্রা-সা)

**পউটি, পৌটি]** — কুড়ি আড়িতে এক বিশ। ষোল বিশে এক পউটি (ধান্যের মাপে)

**পকেট** [ই] জেব, জামার সহিত সংলগ্ন থলি। ('—মারা'—পকেট হইতে চুরি করা)। ... **পকেটমার]** পকেট হইতে যে চুরি করে। ... **পকেটস্থ]** — পকেট জাত। আত্মসাৎ।

**পক্ক** — পাকা ('—ফল')। সাদা, পলিত ('-কেশ')। সিদ্ধ, রন্ধিত ('— অন্ন')। পরিণত। দৃঢ়। ... **পক্ককেশ** — ণ. যাহার চুল পাকা। ... ষ্য. পাকা চুল।

**পক্কাশয়** — পাকস্থলী।

**পক্কান্ন** — ঘৃতদিয়া তৈরী জিলিপি, গজা, খাজা ইত্যাদি।

**পক্ষ** — চন্দ্রের ক্ষয়- বা বৃদ্ধি-কাল ('কৃষ্ণ-, শুক্ল-')। মাসার্ধ। পাখা, পাখির ডানা, পালক। বাণের মূলে যে পালক থাকে। পরস্পরবিরোধী ব্যক্তি বা বিষয়ের একটি, তরফ ('উভয়-, অপর-, আত্ম-। পক্ষান্তরে')। সহায়, দল, party. ('শত্রু-, বর-, স্ব-'। তর্কে প্রশ্ন বা উত্তর ('পূর্ব-, উত্তর-')। বিশেষ অবস্থা ('তাঁহার পক্ষে যথেষ্ট। পারতপক্ষে')। বিবাহের সংখ্যা বা বার। একাধিক পত্নীর একটি ('দ্বিতীয়-')। পার্শ্ব ('পক্ষাঘাত')। পার্শ্বগৃহ। বাটীর পার্শ্ব, wing. কপাট ইঃর পাল্লা। (§ পক্ষীয়, পাক্ষিক)। ... **পক্ষগ্রহণ** — দুই বিরোধী পক্ষের একটিতে যোগদান। ... **পক্ষদ্বার** — পার্শ্বদ্বার। খিড়কির দরজা। ... **পক্ষপাত** — এক পক্ষের প্রতি অনুরাগ, এক দিকে টান, এক-চোখোমি। ... **পক্ষপাতী** (-তিন্) — এক পক্ষের প্রতি অনুরক্ত, যে এক দিকে টানিয়া কথা বলে বা কাজ করে, এক-চোখো। ... ষ্য. **পক্ষপাতিতা, -পাতিত্ব।** ... **পক্ষপুট** — পক্ষরূপ আধার, ডানার ভিতর। ... **পক্ষবল** — সহায়কবর্গ, সহায়ের জোর। ... **পক্ষশাতন** — পক্ষচ্ছেদন। ... **পক্ষসমর্থন** — কোন এক পক্ষের মত অনুমোদন করিয়া সহায়তা।

**পক্ষাঘাত** — রোগ বিঃ যাহাতে এক পার্শ্বের অংগ অবশ হয়, paralysis.

**পক্ষান্ত** — পূর্ণিমা বা অমাবস্যা।

**পক্ষান্তর** — অপর পক্ষ, বিচার্য বিষয়ের অপর দিক্। ... **পক্ষান্তরে** — অপর পক্ষে। পরন্তু।

**পক্ষী** (-ক্ষিন্) — পাখি, খগ, পতত্রী, বিহগ, বিহংগ, বিহংগম, শকুন্ত। ... স্ত্রী. **পক্ষিণী। পক্ষিতত্ত্ব** ... পক্ষীদের সম্বন্ধে বিজ্ঞান। ... **পক্ষিরাজ** — গরুড়। ডানাওয়ালা ঘোড়া (রূপকথায়) ... **পক্ষিশালা** — চিড়িয়াখানা।

**পক্ষীয়** — পক্ষ সম্বন্ধীয়। দলভুক্ত।

**পক্ষোদ্গম, পক্ষোদ্ভেদ** — ডানা ওঠা।

**পক্ষ্ম** (পক্ষ্মন্) — নেত্রলোম। পাখির

পালক।

**পগমিল** (ই) — ইষ্টকাদি নির্মাণের জন্য কাদা পাট করিবার কল।

**পগার** [ < প্রাকার ] ডোবা, খানা। জমির সীমাসূচক উঁচু আল। ("— পার হওয়া" — সীমার বাহিরে পালানো)

**পঙার** ] — প্রবাল (ব্রজবুলি)

**পঙ্ক** — পাঁক, কর্দম। পঙ্খ, ঘরের মেঝে বা দেওয়ালের উপর চুনের মসৃণ লেপ ('পঙ্কের কাজ')। ... **পঙ্কজ** — পদ্ম। ... স্ত্রী. **পঙ্কজা**। ... **পঙ্কজিনী** — যে পুষ্করিণীতে পদ্ম আছে। পদ্মের ঝাড়।... **পঙ্করুহ** — পদ্ম।

**পঙ্কিল** — পঙ্কযুক্ত।

**পঙ্কোদ্ধার** — পাঁক তুলিয়া ফেলিয়া পুকুর ইঃ পরিষ্করণ।

**পঙ্‌ক্তি** — পাঁতি, সারি, শ্রেণী ('দন্ত-')। লেখার লাইন। (§ পাঙ্‌ক্তেয়)। ... **পঙ্‌ক্তিদূষক** — যাহার সহিত এক পঙ্‌ক্তিতে বসিলে দোষ হয়। ... **পঙ্‌ক্তিভোজন** — এক সঙ্গে বসিয়া ভোজন।

**পঙ্খ** (পঙ্ক দেখ)

**পঙ্খি, পঙ্খী** ] < পক্ষী (প্রাঅপ্রঃ। 'ময়ূর-')

**পঙ্গপাল** [ < পতঙ্গপালি ] ফড়িং-জাতীয় পতঙ্গ বিঃ যাহারা সদলে আসিয়া শস্যাদি নিঃশেষ করে, শলভ, locust.

**পঙ্গু** — খোঁড়া। যে নড়িতে চড়িতে পারে না। ... ষ্য. **-তা, -ত্ব**।

**পচ** ] — পচনের কাজ। (পচ্‌ধরা)

**পচন ১** — পাক, রন্ধন। পরিপাক।

**পচন ২, পচ** ] পচিয়া যাওয়া, বিকৃতি, শটন ('পচ ধরা')

**পচপচ, প্যাচপ্যাচ** ] কাদার উপর চলিবার শব্দ। ... ণ. **পচপচে, প্যাচপেচে** ]

**পচা** [ √ পচ্‌-৫। < পচ্‌ ] বিকৃত হওয়া, শড়িয়া যাওয়া। ... ণ. বিকৃত, শড়া, গলা ('— মাছ, মাল, নরদমা'। ('পচা গরম' — যে গ্রীষ্মে বেশী ঘাম হয়)। ... **পচানো** [ √ পচা-১১ ] বিকৃত করা। গাঁজানো, সন্ধিত করা।

**পচ্য** — যাহা পরিপাক হয়। রাঁধিবার যোগ্য।

**পচাই** ] — ধেনো (মদ) — চাউল পচাইয়া যে মদ তৈরী হয়।

**পচানি** ] — পচা জিনিসের রসানি।

**পছন্দ** [ ফা. পসন্দ্‌ ] ণ. মনের মতন, রুচি অনুযায়ী; নির্বাচিত। ... ষ্য. নির্বাচন ('— করা')। রুচি ('সই') ... **পছর** ] — পশ্চাৎ, পিছন (প্রা-সা)

**পজ্‌ঝটিকা** — ষোলোমাত্রার সংস্কৃত ছন্দ। ইহা হইতে বাংলা পয়ারের সৃষ্টি হইয়াছে।

**পঞ্চ** (পঞ্চন্‌)—পাঁচ, ৫ অংক বা পরিমাণ। ... **পঞ্চক** — পাঁচটির সমষ্টি ('সাধন-')। পাঁচটি। ... **পঞ্চকর্ম** — আয়ুর্বেদীয় চিকিৎসায় পাঁচটি প্রাথমিক ব্যবস্থা — বমন, বিরেচন, নশা, নিরূহ ও অনুবাসন। ... **পঞ্চকোষ** — অন্নময়কোষ, প্রাণময়কোষ, মনোময়কোষ, জ্ঞানময়-কোষ ও আনন্দময়কোষ — আত্মার এই পাঁচটি আবরণ। ... **পঞ্চক্রোশী** — কাশীধামের বিশেষণ আয়তনদ্যোতক। ... **পঞ্চগব্য** — দুগ্ধ দধি ঘৃত গোমূত্র গোময়। ... **পঞ্চগুণ** — রূপ রস শব্দ স্পর্শ গন্ধ। পাঁচগুণ। ... **পঞ্চ-গৌড়** — রাঢ়, বরেন্দ্র, বঙ্গ, বাগড়ি ও মিথিলা। ... **পঞ্চচামর** — ছন্দোবিশেষ। ... **পঞ্চজন** — অসুর বিঃ — হিরণ্য-কশিপুর পৌত্র। বিষ্ণু ইহাকে বধ

করিয়া ইহার অস্থিতে তাঁহার শঙ্খ নির্মাণ করেন—সেজন্য তাঁহার শঙ্খের নাম পাঞ্চজন্য। ... **পঞ্চতন্ত্র** — সংস্কৃত কথাগ্রন্থ বিঃ। ... **পঞ্চতপা** [ < -তপাঃ (তপস্)] চতুর্দিকে অগ্নি ও উপরে সূর্য এই পঞ্চ উত্তাপের মধ্যে যে তপস্যা করে। ... **পঞ্চত্ব**—পঞ্চভূতে পরিণতি, মৃত্যু ('-লাভ করা, -প্রাপ্ত হওয়া')। ... **পঞ্চতিক্ত**—নিম, গুলঞ্চ, বাসক, পলতা ও কণ্টকারি। ... **পঞ্চতীর্থ**—কাশীর পাঁচটি পুণ্যস্থান। ... **পঞ্চদশ** (-শন্) —পনর, ১৫ অংক বা পরিমাণ। ১৫ সংখ্যার পূরক। ... স্ত্রী. **পঞ্চদশী**— পূর্ণিমা ও অমাবস্যা। বেদান্তদর্শনের প্রসিদ্ধ গ্রন্থ। ... **পঞ্চদেবতা**—গণেশ, গৌরী, আদিত্য, রুদ্র ও কেশব। (গণেশাদি পঞ্চ দেবতাভ্যো নমঃ)। ... **পঞ্চধা**—পাঁচ খণ্ডে প্রকারে বা দিকে। পাঁচ বার। ... **পঞ্চনখ**—যে জন্তুর পায়ে পাঁচ নখ আছে (যথা শশক, শল্লকী, গোধা, গণ্ডার, কূর্ম)। ... **পঞ্চনদ**— (মূঃ শতদ্রু বিপাশা ইরাবতী চন্দ্রভাগা বিতস্তা এই পঞ্চনদীযুক্ত দেশ) পঞ্জাব প্রদেশ। ... **পঞ্চপর্ব**—পাঁচটি তিথিকে আশ্রয় করিয়া হিন্দুর পর্বদিন নিরূপিত—সেগুলি অষ্টমী, চতুর্দশী, পূর্ণিমা, অমাবস্যা ও সংক্রান্তি। ... **পঞ্চপাণ্ডব** — যুধিষ্ঠির, ভীম, অর্জুন, নকুল ও সহদেব। ... **পঞ্চপাত্র** — (বাং) পূজায় ব্যবহার্য পাত্র বিঃ। (সং) দেব-পক্ষদ্বয় ও পিতৃপক্ষত্রয়, যাহাদের উদ্দেশ্যে শ্রাদ্ধ করিতে হয়। ... **পঞ্চ-পিতা**—জন্মদাতা, ভয়ত্রাতা, দীক্ষাদাতা, অন্নদাতা ও শ্বশুর। ... **পঞ্চপ্রদীপ**— আরতির জন্য পঞ্চমুখ প্রদীপ। ... **পঞ্চপ্রাণ**—(পঞ্চবায়ু দেখ)। ... **পঞ্চ-বটী**— রামায়ণোক্ত বন বিঃ (নাসিকের নিকট, মতান্তরে বিদর জেলায়)। পঞ্চ-বৃক্ষের বন (অশ্বত্থ বট বিল্ব আমলকী অশোক)। ... **পঞ্চবর্ণ**—শ্বেত, পীত, কৃষ্ণ, লাল ও লোহিত। ... **পঞ্চবর্গ**— ক-চ-ট-ত-প বর্গ বর্ণমালার। ... **পঞ্চবাণ** — মদনের **পঞ্চশর** (সম্মোহন উন্মাদন শোষণ তাপন স্তম্ভন। অথবা অরবিন্দ, অশোক, আম্র, নবমল্লিকা বা শিরীষ, নীলোৎপল)। ... **পঞ্চবায়ু**—শাস্ত্রোক্ত দেহস্থ পঞ্চ বায়ু, পঞ্চপ্রাণ (প্রাণ অপান সমান উদান ব্যান)। ... **পঞ্চভুজ** — পঞ্চ বাহুর দ্বারা বেষ্টিত ক্ষেত্র। ... **পঞ্চভূত** — ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ব্যোম। (§ পাঞ্চভৌতিক)। ... **পঞ্চম** — ৫ সংখ্যার পূরক। (সংগীতে) স্বরগ্রামের পঞ্চম স্বর, 'পা'। মাদ্রাজ প্রদেশের অস্পৃশ্য জাতি। ... স্ত্রী. **পঞ্চমী**। — তিথি বিঃ। ... **পঞ্চমকার** — তন্ত্রোক্ত পঞ্চসাধন, মদ্য মাংস মৎস্য মুদ্রা মৈথুন। ... **পঞ্চমুখ** — শিব। ... **পঞ্চযজ্ঞ** — ব্রহ্মযজ্ঞ বা বেদপাঠ, নৃযজ্ঞ বা অতিথি-সৎকার, পিতৃযজ্ঞ বা শ্রাদ্ধ-তর্পণাদি, দেবযজ্ঞ বা দেবতাপূজা, ভূতযজ্ঞ বা ইতর প্রাণীর সেবা। ... **পঞ্চরত্ন** — নীলকান্ত হীরক পদ্মরাগ মুক্তা প্রবাল (মতান্তরে অন্যবিধ)। ... **পঞ্চশর** — পঞ্চবাণ (দেখ)। মদন। ... **পঞ্চস্মরণীয়া** — অহল্যা, দ্রৌপদী, কুন্তী, তারা ও মন্দোদরী।

**পঞ্চানন** — শিব।

**পঞ্চামৃত** — গর্ভিণীর পঞ্চম মাসে সেব্য দধি দুগ্ধ ঘৃত মধু চিনি।

**পঞ্চায়ত, -য়েত**] গ্রাম্য বিচারসভা। স্বজাতি বা সমব্যবসায়ীর বিবাদাদি নিষ্পত্তির জন্য বৈঠক।

**পঞ্চাল** — গঙ্গা যমুনার মধ্যবর্তী ও নিকটস্থ প্রাচীন প্রদেশ বিঃ। (§ পাঞ্চাল)

**পঞ্চালিকা** — ধাতু কাষ্ঠ ইত্যাদি রচিত পুত্তলিকা।

**পঞ্চাশ, পঞ্চাশত্তম** — ৫০ সংখ্যার পূরক। ... **পঞ্চাশৎ** — পঞ্চাশ, ৫০ অঙ্ক বা পরিমাণ।

**পঞ্চিকা** — বাজি রাখিয়া কড়ি খেলা।

**পঞ্চেন্দ্রিয়** — পঞ্চ জ্ঞানেন্দ্রিয় (দেখ)। পঞ্চ কর্মেন্দ্রিয় (দেখ)

**পঞ্চোপচার** — গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য।

**পঞ্চোপাসক** — শাক্ত, শৈব, সৌর, গাণপত্য ও বৈষ্ণব।

**পঞ্জর** — পিঞ্জর, খাঁচা। পাঁজরা, কঙ্কাল।

**পঞ্জা**] পাঁচ ফোঁটা চিহ্নিত তাস।

**পঞ্জাব**] ভারতের উত্তর-পশ্চিমস্থ প্রদেশ বিঃ, পঞ্চনদ। পূর্ব ও পশ্চিম পঞ্জাব। ... **পাঞ্জবী**] তৎসম্বন্ধীয় বা তথাকার অধিবাসী।

**পঞ্জিকা, পঞ্জী, পঞ্জি** — পাঁজি, যে পুস্তকে তারিখ তিথি পর্বদিন শুভদিন ইঃ থাকে। বিবরণী। ... **পঞ্জীকার** — যে যে-কোন পঞ্জী রচনা করে।

**পট্**] অনুকারশব্দ ('—ক'রে শব্দ হ'ল')। হঠাৎ] ('— ক'রে মারা গেল')। (বার বার — পটপট, পটাপট])

**পট** — চিত্রপট, ছবি। দৃশ্যপট, থিয়েটারের সীন ('-পরিবর্তন'। আবরণবস্ত্র ('শাটপটাবৃত')। (§ পটুয়া)। ... **পটবাস, পটাবাস** — তাঁবু, শিবির। ... **পটভূমি, -ভূমিকা** — যে দৃশ্যপটের সম্মুখে অভিনয় হয়। আলেখ্যের পশ্চাদ্ভূমি। লক্ষ্যার্থে পারিপার্শ্বিকতা বা পরিবেষ্টনী। ... **পটমঞ্জরী** — রাগিণী বিঃ। ... **পটমণ্ডপ** — শামিয়ানা ইঃ।

**পটকা**] ষ্য. আতশবাজি বিঃ (ফাটিলে শব্দ হয়)। মাছের পেটের বায়ুপূর্ণ থলি। ... ণ. দুর্বল ('রোগা-')

**পটকানো** [√ পট্কা-১৭] ফেলা, আছাড় দেওয়া। পরাস্ত করা। রোগে পড়া (অশিঃ)

**পটচ্চর** — জীর্ণবস্ত্র। তস্কর।

**পটল** — সমূহ ('নবজলধর-')। পরিচ্ছেদ। ছাদ। (পটোল দেখ)

**পটহ** — ঢাক। কর্ণপটহ, কানের ভিতরের ঝিল্লী।

**পটা** [√ পট্-৫] মিল হওয়া, ঘনিষ্ঠ হওয়া; বনা, খাপ খাওয়া; রাজী হওয়া। ('তার সঙ্গে পটেছে, অতি কষ্টে —') (§ পোট)। ... **পটানো** [√ পটা-১১] রাজী করা। বশে আনা।

**পটাবাস** (পট দেখ)

**পটি ১** — বস্ত্রখণ্ড ('কপালে জল-')। ক্ষত ইঃতে জড়াইবার জন্য কাপড়ের লম্বা ফালি।

**পটি ২** [< পট্ট] বাজারের বিভাগ ('লোহা-')

**পটিমা** — পটুতা। দক্ষতা।

**পটীয়ান্** (-য়স্) — নিপুণ, সমর্থ। ... স্ত্রী.**পটীয়সী**।

**পটু** — দক্ষ, নিপুণ। সমর্থ, কার্যক্ষম। ... ষ্য. **-তা, -ত্ব, পাটব**।

**পটুক্য** — কোমরবন্ধ।

**পটুয়া/প'টো**] যে পট আঁকে, চিত্রকর। যে শিকা ঘুনসি ইঃ পাটের সুতার জিনিস তৈয়ার করে।

**পটুয়াটুলি, পটুয়াটোলা** — শহরের যে অংশে পটুয়ারা বাস করে।

**পটোল — পটল**] ফল বিঃ (তরকারি)। ("— তোলা" — মরা)। ... **পটোললতা** — পলতা।

**পট্ট** — পাটা, তক্তা, ফলক ('তাম্র-, শিলা-')। পিঁড়ি। সিংহাসন ('-মহিষী')। পাট্টা, সনদ। পাট, রেশম, কৌষেয় ('-বস্ত্র')। পটি; পাগড়ি; উত্তরীয়। গ্রাম, নগর। ... **পট্টমহিষী** — পাটরানী, প্রধানা মহিষী।

**পট্টন** — পত্তন, নগর।

**পট্টি** — ধাপ্পা, ছলকাপট্য। ... **পট্টিবাজ** — ধড়িবাজ।

**পট্টিশ, -স** — প্রাচীন খড়্গ বিঃ।

**পট্টু**] মোটা পশমী কাপড় বিঃ।

**পঠদ্দশা** — ছাত্রাবস্থা।

**পঠন** — পাঠ, পড়া, আবৃত্তি। অধ্যয়ন। (§ পাঠন)। ... **পঠনীয়** — পাঠ্য, পাঠের যোগ্য। যাহা পড়িতে হইবে। ... **পঠিত** — যাহা পড়া হইয়াছে। ... **পঠ্যমান** — যাহা পড়া হইতেছে।

**পড়তা**] খেলায় যে দান পড়ে। ভাগ্য ('— খারাপ')। সৌভাগ্য, সুসময়। হিসাব করিয়া যে সংখ্যা পাওয়া যায় ('গড়-')। পণ্যদ্রব্য উৎপাদন বা বিক্রয়ার্থ-সংগ্রহের জন্য যে খরচ পড়ে।

**পড়তি**] ষ্য. পতন, অবনতি। যাহা পড়িয়া যায় ('ঝরতি-')। ... ণ. যাহার পতন অবনতি বা অবসান হইতেছে ('— কারবার, বেলা, বয়স'। তুঃ উঠতি)

**পড়ন্ত**] ণ. পড়তি ('— ঘর, রৌদ্র')

**পড়পড়**] কাপড় ইঃ ছেঁড়ার শব্দ। (পড়োপড়ো দেখ)

**পড়শী**] < প্রতিবেশী।

**পড়া ১** [√পড়্-৫। < পঠ্] পাঠ করা, অধ্যয়ন করা ('বহি —। কলেজে —')। আবৃত্তি করা ('মন্ত্র —')। ... ষ্য. পাঠ, অধ্যয়ন ('স্কুলের —। পড়াশুনা। পড়ার বহি')।... ণ. পঠিত ('— বহি')। মন্ত্রপূত ('জল-')। ... **পড়ানো** [√পড়া-১১] শিক্ষা দেওয়া, অধ্যাপন করা ('ছেলে, ইতিহাস, স্কুলে —')। আবৃত্তি করানো ('মন্ত্র, পাখি —')

**পড়া ২** [পড়্-৫। < পৎ] পতিত হওয়া ('বৃষ্টি, দাঁত, নজর —। পা পিছলে, জলে, পায়ে —। বসিয়া, শুইয়া —')। স্থানান্তরে বা অবস্থান্তরে আসা ('মেয়ে ভাল ঘরে, জ্বরে, বিপদে —')। রহা, থাকা ('পিছনে, সামনে —')। স্রাব হওয়া ('রক্ত —')।

অব্যবহৃত বা বৃথা থাকা ('বাড়ি খালি প'ড়ে আছে')। অনাদায় থাকা ('অনেক টাকা প'ড়ে আছে')। খরচ হওয়া ('অনেক টাকা পড়েছে')। আক্রমণ করা ('ডাকাত —')। উপস্থিত হওয়া, ঘটা ('নূতন বৎসর, গরম —। মনে, ভ্রমে, হাতে —।)

আসিয়া, ধরিয়া —। পাশা খেলার দান, বাধা, দুঃসময় —')। দশাগ্রস্ত হওয়া ('ঘেরা, ধরা, বাঁধা, মারা —')। লাগা, ধরা ('ছাতা, পোকা, কালশিরা, টাক, গিরা —')।

প্রযুক্ত হওয়া ('টান, ঝাঁট, ডাক, হাত —')। কমা, মন্দীভূত হওয়া ('জ্বর, বেলা, রৌদ্র, ছুরির ধার —')। ... ণ. পতিত ('-বাড়ি')। (§ পাড়া ২, পাড়ানো)

**পড়িয়ান / প'ড়েন** [< প্রতিবাণি] কাপড়ের প্রস্থের দিকের সুতা (তুঃ টানা)। [< প্রতিমান] ওজন করিবার বাটখারা।

**পড়ুয়া/প'ড়ো**] যে পাঠ করে, ছাত্র।

**প'ড়ো**] যাহা পড়িয়া গিয়াছে বা অব্যবহৃত অবস্থায় পড়িয়া আছে ('— বাড়ি, জমি')।

**পড়োপড়ো, পড়পড়**] পতনোন্মুখ ('—

বাড়ি')

**পণ** — প্রতিজ্ঞা ('— করা। দৃঢ় —')। হারিলে যাহা দিতে হয়, বাজি ('দ্যূত-ক্রীড়ায় —। প্রাণ-')। শর্ত ('ধনুকভাঙা —')। বিবাহের জন্য বর- বা কন্যাপক্ষকে যাহা দিতে হয়। মূল্য। বিক্রেয় বস্তু। **কুড়ি গণ্ডা, ৵০।** (§ পণ্য)। **পণপ্রথা** — বিবাহে পণ যৌতুক গ্রহণের প্রথা।

**পণব** — ঢোলক-জাতীয় প্রাচীন বাদ্য বিঃ।

**পণ্ড** — বিফল ('চেষ্টা — হওয়া')। নষ্ট ('কাজ — করা')। ... **পণ্ডশ্রম**—নিষ্ফল শ্রম।

**পণ্ডিত** — বিদ্বান্, জ্ঞানী, অভিজ্ঞ। শাস্ত্রজ্ঞ, সংস্কৃতজ্ঞ। (বাং) সংস্কৃত বা বাংলা ভাষার শিক্ষক ('-মহাশয়')। (§ পাণ্ডিত্য)। ... **পণ্ডিতমানী** (-নিন্) — যাহার পাণ্ডিত্যের অভিমান আছে। ... **পণ্ডিতমূর্খ** — বিদ্যা শিখিয়াও যে মূর্খ। ... **পণ্ডিতম্মন্য** — যে নিজেকে পণ্ডিত মনে করে। ... **পণ্ডিতি]** পণ্ডিতের কার্য ('স্কুলে — করা')। ... **পণ্ডিতী]** পণ্ডিতের তুল্য। সেকেলে পণ্ডিতের অনুযায়ী। সংস্কৃতবহুল ('— ভাষা')

**পণ্য** — ষ্য. বিক্রেয় দ্রব্য ('-সম্ভার')। মূল্য, মাসুল, ভাড়া। ... ণ. বিক্রেয় ('-দ্রব্য')। ... **পণ্যবীথি** — দোকানের সারি। ... **পণ্যশালা** — দোকান, বাজার। পণ্য উৎপাদনের স্থান।

**পণ্যাঙ্গনা** — বেশ্যা।

**পণ্যাজীব** — বণিক্।

**পতঙ্গ** — যে কীট উড়িতে পারে। (প্রাণি-বিদ্যায়) ষট্পদ কীট, insect. (সং) পক্ষী, বাণ। ... **পতঙ্গবৃত্ত** — পতঙ্গের তুল্য যে অন্ধভাবে আগুনে (মনোহর বিপজ্জনক বস্তুতে) ঝাঁপ দেয়। ... ষ্য. -বৃত্তি।

**পতঞ্জলি** — যোগসূত্র (পাতঞ্জলদর্শন) ও পাণিনিভাষ্য রচয়িতা। ঋষি বিঃ। (§ পাতঞ্জল)

**পতত্র** — পাখির ডানা। ... **পতত্রী** (-ত্রিন্), **পতত্রি** — পাখি।

**পতন** — পাত, পড়া; অধোগতি, অবনতি, দুর্দশাপ্রাপ্তি; ধ্বংস; স্খলন ('ভূমিতে, নরকে —। রাজ্যের —। শরীর-। ধর্ম হইতে —')। বিপক্ষসেনা কর্তৃক অধিকার ('দুর্গের —')। (§ পতিত)। ... **পতনোন্মুখ** — পড়িতে উদ্যত, পড়ো-পড়ো।

**পত্তর** [ < পত্র] ধাতুর পাত ('লোহার —')

**পতাকা** — কেতন, ঝাণ্ডা, ধ্বজা, নিশান, বৈজয়ন্তী। ... **পতাকী** (-কিন্) — পতাকাধারী। পতাকী চক্র — জাতকের রিষ্টি নিরূপণের জন্য জ্যোতিষ চক্র।

**পতি** — স্বামী, ভর্তা। প্রভু, রাজা, ঈশ্বর ('নর-, জগৎ-'। প্রধান, নেতা ('সেনা-, সভা-')। ... ষ্য. -ত্ব। ... **পতিংবরা** — যে নিজে পতি বরণ করে, স্বয়ংবরা। ... **পতিদেবতা** — পতিই যাহার দেবতা-স্বরূপ, পতিপ্রাণা। পতি-রূপ দেবতা। ... **পতিব্রতা, পতিপ্রাণা** — স্বামীর প্রতি একান্ত অনুরক্তা, পতিপরায়ণা। (§ পাতিব্রত্য)। ... **পতিবত্নী** — যাহার স্বামী জীবিত আছে। ... **পতিবরা** — যে স্বামী নিজে নির্বাচন করিয়া বিবাহ করে।

**পতিত** — যে বা যাহা পড়িয়া গিয়াছে, অধোগত, ভ্রষ্ট (পতন দেখ)। সমাজে অবনত ('-জাতি')। পাপী। অকর্ষিত, অব্যবহৃত ('— জমি')। উপস্থিত ('দৃষ্টিপথে —')। (§ পাতিত্য)। ...

স্ত্রী. **পতিতা**। — ভ্রষ্টা, কুলটা। ... **পতিতপাবন** — যিনি পাপীকে পাপমুক্ত করেন। ... স্ত্রী. **-নী**।

**পত্তন** — নগর, পট্টন। (বাং) নির্মাণ; প্রতিষ্ঠা; আরম্ভ; স্থাপন, সন্নিবেশ ('বাড়ি — করা। গোড়া —। খাতায় নাম —')।

**পত্তনি**] যে ভূসম্পত্তির উপর নির্ধারিত কর দিতে হয়।... **পত্তনিদার**] পত্তনের অধিকারী।

**পত্নী** — জায়া, ভার্যা, সহধর্মিণী, স্ত্রী।

**পত্তি** — পদাতিক সৈন্য।

**পত্র** — পাতা, পল্লব ('বৃক্ষের, পুস্তকের —')। চিঠি ('— দেওয়া, লেখা, পাওয়া')। লিখিত কাগজ, দলিল ('প্রতিজ্ঞা-, বায়না-')। ছাপা কাগজ ('সংবাদ-')। পাত ('স্বর্ণ-')। পক্ষ, ডানা। (বাং) প্রভৃতি, এবং অন্যান্য বস্তু ('জিনিস-, বিছানা-')। ... **পত্রপাঠ** — চিঠি পড়া। (বাং) চিঠি পড়িবামাত্র। ... **পত্রপুট** — পাতার ঠোঙা। ... **পত্রবাহ, -বাহক** — যে চিঠি লইয়া যায়। হরকরা। ... **পত্রব্যবহার** — চিঠির আদানপ্রদান। ... **পত্ররচনা** — চিঠির মুসাবিদা করা। ললাট কপোল ইত্যাদি অঙ্গে তিলকাদি রচনা। ... **পত্রভঙ্গ, পত্রলেখা** — কপোলাদিতে চিত্ররচনা। ... **পত্রসূচি** পুস্তকের পৃষ্ঠার সংখ্যা নির্দেশের সূচি।

**পত্রাঙ্ক** — পুস্তক ইঃর পত্র বা পৃষ্ঠার ক্রমসূচক সংখ্যা।

**পত্রাবলী, -লি, পত্রালী, -লি** — পত্রের সমষ্টি। পত্রভঙ্গ (দেখ)

**পত্রাবলী**—চুয়া চন্দনে রচিত অঙ্গচিত্রণ।

**পত্রিকা** — খবরের কাগজ ইঃ ('মাসিক-, দৈনিক-')। লিখিত কাগজ। চিঠি।

**পত্রী ১** — পত্রিকা। পাঁতি — পণ্ডিতগণের বিধান।

**পত্রী ২** (-ত্রিন্) — যাহার পত্র আছে। বৃক্ষ। পক্ষী। বাণ।

**পত্রোদ্গম** — বৃক্ষলতায় পাতা গজানো।

**পথ**—রাস্তা, মার্গ, সরণী, সড়ক ('রাজ-। — চলা, হাঁটা')। গমনের দিক্ ('— দেখানো, ছাড়া')। অভিমুখ ('ধ্বংসের —')। দ্বার, ছিদ্র ('পালাইবার, জলনিকাশের —')। উপায়, পন্থা ('সাধনার —। সৎপথ। — পাওয়া')। গোচর ('নয়ন-, শ্রবণ-')। ('পথ চাওয়া' — আগমন প্রতীক্ষা করা। '— দেখা' — ব্যঙ্গে, প্রস্থান করা, সরিয়া পড়া)। ... **পথকর** — রাস্তা তৈয়ার বা মেরামতের জন্য প্রজা যে কর দেয়, road-cess. ... **পথখরচ**] পাথেয়। ... **পথপ্রান্ত** — পথের পার্শ্ব। পথের শেষ।...**পথভ্রান্ত**—**পথশ্রান্ত** — পথচলিয়া ক্লান্ত। — গামী। ... **পথশ্রান্ত**—পথচলিয়া ক্লান্ত।

**পথিক** — পথ দিয়া যে চলে। পর্যটক, পান্থ, ভ্রমণকারী, মুসাফির।

**পথিকৃৎ** — পথকার, অগ্রকর্মী, pioneer.

**পথিপ্রদর্শক** — যে পথ দেখায়। পথের দিশারী।

**পথিমধ্যে** — পথের মাঝে।

**পথ্য** — রোগীর উপযুক্ত খাদ্য। হিতকর। ('— করা, পাওয়া' — রোগান্তে অন্নাদি ভোজন করা)

**পদ** — পা, চরণ, পাদ। পদক্ষেপ ('পদে পদে')। পূজ্য ব্যক্তির অনুগ্রহ বা আশ্রয় ('পদে রাখা')। কর্মের ভার, চাকরি; আধিপত্য ('মন্ত্রীর —। রাজ-। -ত্যাগ, -মর্যাদা)। অবস্থা। **স্থান, বসতি** ('জন-')। বাচক **শব্দ, বিভক্তিযুক্ত শব্দ**। **ছন্দোবদ্ধ বাক্য, পদ্য** ('**-কার**।

পদাবলি')। কবিতার পঙ্‌ক্তি। বিভিন্ন বস্তু বা অংগ ('ভোজের —')। চতুর্থাংশ, পাদ। (§ পদ্য)। ...**পদকর্তা** — বৈষ্ণব পদাবলী রচয়িতা। ... **পদ-ক্ষেপ** — পা ফেলা, কদম। ... **পদ-গৌরব, পদমর্যাদা** — উচ্চপদের আভি-জাত্য। ... **পদচারণ** — পায়চারি। ... **পদচিহ্ন** — পায়ের ছাপ। ... **পদচ্ছায়া** — **পদছায়া**] পদতলে আশ্রয়। ... **পদচ্যুত** — কর্ম বা আধিপত্য হইতে অপসারিত; বরখাস্ত। ... **পদত্যাগ** — চাকরিতে ইস্তফা। ... **পদদলিত** — পা দিয়া যাহা মাড়ানো হইয়াছে। ... **পদ-ধূলি** — পদরেণু, পায়ের তলার ধূলা। ... **পদপল্লব** — পল্লবসদৃশ কমনীয় চরণ। ... **পদপ্রান্ত** — পায়ের তলা। ... **পদপ্রার্থী** (-র্থিন্) — যে লোক পদ বা কর্ম বিশেষে নিয়োজিত হইতে চায়। চরণাশ্রয়প্রার্থী। ...**পদবিন্যাস** — রচনায় যথাযথ বাক্য বিন্যাস। ... **পদব্রজ** — হাঁটিয়া গমন। ... **পদযুগল** চরণদ্বয়। ... **পদরজ** [ < -রজঃ (-রজস্], **পদরেণু** — পদধূলি। ... **পদলেহন** — পা চাটা, হীনভাবে খোশামোদ। ... **পদসেবা** — পা টেপা। ... **পদস্খলন** — পা পিছলানো। সৎপথ বা কর্তব্য হইতে চ্যুতি। ... **পদস্থ** — পদে প্রতিষ্ঠিত। উচ্চপদস্থ।

**পদক** — তক্তি। প্রশংসা বা সম্মানের নিদর্শন স্বরূপ ধাতুময় অলংকার, medal.

**পদবী, -বি** — উপাধি। বংশসূচক নাম। স্তর। পর্যায়। পথ। (§ পাদবিক)

**পদাঘাত** — লাথি।

**পদাংক** — পদচিহ্ন।

**পদাতিক, পদাতি** (পাদাতিক বিরল) — যে সৈন্য পায়ে চলিয়া যুদ্ধ করে, পাইক।

**পদানত** — যে পায়ে পড়িয়াছে।

**পদানুগমন** — পদচিহ্ন ধরিয়া গমন, অনুসরণ।

**পদানুবর্তী** (-র্তিন্) — অনুসরণকারী।

**পদাবলী** — বৈষ্ণব গীতি কবিতা।

**পদাম্বুজ, পদারবিন্দ** — চরণরূপ পদ্ম।

**পদায়ুধ** — কুক্কুট।

**পদার্থ** — দ্রব্য, বস্তু, জিনিস। সার ('শরীরে—নেই')। পদের বা শব্দের অর্থ। (বৈশেষিক দর্শনে) দ্রব্য, গুণ, কর্ম, সামান্য (class), বিশেষ (individual), সমবায় (গুণ ও ক্রিয়ার যোগ), অভাব। category ... **পদার্থবিদ্যা** — বস্তুর সাধারণ ধর্ম ও বল শব্দ তাপ আলোক তড়িৎ ইঃ বিষয়ক বিজ্ঞান, physics.

**পদার্পণ** — পা দেওয়া। প্রবেশ ('ভক্তের গৃহে, যৌবনে — করা')

**পদাশ্রয়** — চরণরূপ আশ্রয়। ... ণ. **-শ্রিত**।

**পদাহত** — যাহাকে লাথি মারা হইয়াছে।

**পদ্মিনী** — পদ্মিনী (ব্রজবুলি)

**পদোন্নতি** — আধিপত্য মর্যাদা বেতন ইঃর বৃদ্ধি।

**পদ্ধতি** — প্রণালী, রীতি। আচার। পথ।

**পদ্ম** — জলজ পুষ্প বিঃ, অরবিন্দ, ইন্দীবর, উৎপল, কমল, কুবলয়, কোকনদ, তামরস, নলিন, পংকজ, পুণ্ডরীক, পুষ্কর, রাজীব, শতদল।...**পদ্মকাঁটা**— পদ্মের মৃণালের গায়ের মত ব্রণানুরূপ চর্মরোগ বিঃ। ... **পদ্মগন্ধি** — পদ্মের গন্ধের মতো গন্ধ যাহার। ...**পদ্মনাভ** — বিষ্ণু। ... **পদ্মনাগ** — পদ্মের মৃণালের ঊর্ধ্বাংশ। ... **পদ্ম-পাণি** — পদ্ম পাণিতে যাহার অথবা পদ্মের মত পাণি যাহার। ... **পদ্ম-**

যোনি — ব্রহ্মা। ... **পদ্মরাগ** — রক্তবর্ণ মণি বিঃ, চুনি, মাণিক্য, ruby (অথবা সুগন্ধি, spinel) ... **পদ্মলোচন, পদ্মপলাশলোচন** — যাহার চক্ষু পদ্মের পাপড়ির তুল্য আয়ত। ... **পদ্মশ্রী** — বোধিসত্ত্বের একটি নাম। বর্তমান ভারতে প্রবর্তিত একটি সরকারি উপাধি।

**পদ্মা**—লক্ষ্মী, কমলা। বঙ্গের নদী বিঃ। মনসার একটি নাম। পদাবলী সাহিত্যে চন্দ্রাবলীর সখী।

**পদ্মাকর** — যে জলাশয়ে বহু পদ্ম জন্মে।

**পদ্মাক্ষ** — পদ্মলোচন। পদ্মবীজ।

**পদ্মাবতী** — মনসা দেবী। কর্ণপত্নী।

**পদ্মালয়া** — লক্ষ্মী।

**পদ্মাসন** — যোগাসন বিঃ। পদ্মনির্মিত আসন। ব্রহ্মা।

**পদ্মিনী**—পদ্মবিশিষ্টা। যে পুষ্করিণীতে বহু পদ্ম আছে। পদ্মের ঝাড়। নারীর শ্রেণী বিঃ, সুলক্ষণা সুন্দরী নারী।

**পদ্য** — ছন্দোবদ্ধ রচনা।

**পনর, -রো**] পঞ্চদশ, ১৫ অঙ্ক বা পরিমাণ।

**পনস, পণস** — কাঁঠাল।

**পনসিকা** — কর্ণরোগ বিঃ।

**-পনা**] আচরণ বা ভাব সূচক প্রত্যয় ('গিন্নী-, নেকা-, গুণ-')

**পনির, পনীর** [ফা] লবণযোগে সংরক্ষিত ছানা বিঃ, cheese.

**পন্থা** [ < পন্থাঃ (পথিন্] পথ, উপায়। সাধনার মার্গ।

**পন্থিক** — পথিক (প্রা-সা)

**-পন্থী**] ধর্মসম্প্রদায়ভুক্ত, মতাবলম্বী ('কবীর-, প্রাচীন-')

**পন্নগ** — সর্প।

**পপিহা** — পাপিয়া পাখী (ব্রজবুলি)

**পবন** — বায়ু। ... **পবননন্দন** — হনুমান্।

**পবমান** — বায়ু। গার্হপত্য অগ্নি।

**পবিত্র** — পূত, পুণ্যজনক ('—তীর্থ')। বিশুদ্ধ, নিষ্পাপ ('—চরিত্র')। ... স্ত্রী. **পবিত্রা**। ... ষ্য. **পবিত্রতা**। ... **পবিত্রিত** —যাহা পবিত্র হইয়াছে। ... **পবিত্রীকৃত** —যাহাকে পবিত্র করা হইয়াছে।... ষ্য. **পবিত্রক** — ক্ষত্রিয়ের উপবীত। ... **পবিত্রা** — পইতা। ... **পবিত্রীকরণ**।

**পয়**] সৌভাগ্য।

**পয়া**] ভাগ্যবান্। সুলক্ষণযুক্ত।

**পয়কারী** — ভাগচাষী।

**পয়ঃ (পয়স্)** — জল ('পয়োনিধি')। দুগ্ধ ('পয়স্বিনী')। (§ পায়স্য, পায়স)। ... **পয়ঃপ্রণালী** — নরদমা, ড্রেন।

**পয়গম্বর** [ফা] ঈশ্বরপ্রেরিত দূত, prophet. মহম্মদ।

**পয়জার** [ফা. -জার] চটি জুতা।

**পয়দা** [ফা.] উৎপত্তি, জন্ম ('—হওয়া')। উৎপাদন ('—করা')

**পয়দল, পায়দল** — পদাতি সৈন্য (প্রা-সা)

**পয়নালা** [ < পয়োনালক] নরদমা।

**পয়মন্ত** — শুভলক্ষণসূচক।

**পয়মাল** [ফা. পায়মাল] নষ্ট।

**পয়রা গুড়** [ < পয়স্-] পাতলা গুড়।

**পয়লা** (পহেলা দেখ)

**পয়সা** [ < পাদ-] তাম্রমুদ্রা বিঃ, সিকি আনা। অর্থ, ধন ('বিস্তর — করেছে')

**পয়স্য** — দুগ্ধজাত দ্রব্যাদি ছানা, দধি, ঘৃত ইত্যাদি।

**পয়স্বিনী** — দুগ্ধবতী ('— গাভী')

**পয়া** (পয় দেখ)

**পয়ান** (পদ্যে) — প্রয়াণ।

**পয়ার** [ < পদকার] চৌদ্দ অক্ষরে রচিত দুই চরণ বিশিষ্ট বাংলা পদ্যের ছন্দ।

**পয়োদ** — মেঘ।

**পয়োধর** — স্তন। মেঘ।
**পয়োধি, পয়োনিধি** — সমুদ্র।
**পয়োমুক্** (-মুচ্) — মেঘ।
**পয়োষ্ণী** — দক্ষিণাপথের নদী বিঃ।
**পর** — অপর, অন্য ব্যক্তি ('-হস্ত। পরোপকার')। অনাত্মীয় ('তুমি — নও')। পশ্চাৎ, পরে, ('তাহার —। -বর্তী'। 'পর পর' — পরে পরে, একের পর আর এক; উত্তরোত্তর)। পরম, চরম ('-ব্রহ্ম। পরাৎপর')। শত্রু ('পরন্তপ')। ... স্ত্রী. **পরা** (দেখ)। (উপর দেখ)।
**-পর** — আসক্ত, নিরত ('তৎ-, স্বার্থ-')। ... স্ত্রী. **-পরা** ('নৃত্য-')
**পর** [ফা.] — পাখীর পালখ।
**পর** — (পহর) প্রহর।
**পরওয়ার** [ফা.] — প্রতিপালক।
**পরকলা** [ফা. পর্কালা] কাচ। lens. আরশি।
**পরকাল**—মৃত্যুর পরের অবস্থা, পরলোক।
**পরকাশ** (পদ্যে) — প্রকাশ।
**পরকীয়** — অপর সম্বন্ধীয়, অপরের, অন্যদীয়। ... স্ত্রী. **পরকীয়া।** — নায়িকা বিঃ, পরপত্নী; প্রেমপাত্রী পরনারী। (তুঃ স্বীয়া, স্বকীয়া)
**পরখ**] < পরীক্ষা, যাচাই ('—করা')
**পরগনা** [ফা.] অথবা স. প্রগণ] গ্রাম-সমষ্টি। জেলার অংশ।
**পরগাছা**] যে গাছ অপর গাছের উপর জন্মে, পরজীবী উদ্ভিদ।
**পরঘরী** — পরগৃহবাসী।
**পরচর্চা** — পরের সম্বন্ধে আলোচনা। পরনিন্দা।
**পরচুল, -চুলা / -চুলো**] কৃত্রিম কেশ।
**পরচ্ছন্দ** — ণ. পরাধীন। ... ষ্য. অপরের ইচ্ছা ('পরচ্ছন্দানুবর্তী')

**পরজ** — রাগিণী বিঃ।
**পরজারি** — হলপ করিয়া মিথ্যা সাক্ষ্য-দান।
**পরচ্ছিদ্র** — পরের দোষ। (পরচ্ছিদ্রা-ন্বেষণ)
**পরজীবী** (-বিন্) — যে পরের দ্বারা প্রতিপালিত হয়। যে জীব (উদ্ভিদ বা প্রাণী) অন্য জীবের দেহে বাস করে, parasite.
**পরঞ্জয়** — শত্রুবিজয়ী। অরিন্দম।
**পরটা, পরোটা**] অল্প ঘিএ ভাজা রুটি বা লুচি।
**পরত**] স্তর, ভাঁজ ('পরতে পরতে')
**পরতঃ** (-তস্) — অপর হইতে। (তুঃ স্বতঃ)। বাহিরে, অতিক্রম করিয়া।
**পরতন্ত্র** — পরবশ, পরাধীন। ... ষ্য. **-তা, পারতন্ত্র্য।**
**পরতাপ** (পদ্যে) — প্রতাপ।
**পরতাল** — তৌলদাঁড়ির পাল্লা ফিরাইয়া দ্বিতীয়বার ওজন।
**পরতীত** (পদ্যে) — প্রতীত।
**পরতেক, পরতেখ** — প্রত্যক্ষ (ব্রজবুলি)
**পরত্র** — পরলোকে, অমুত্র। (ঃ **পারত্রিক**)
**পরদা** (পর্দা দেখ)
**পরদার** — পরের পত্নী। (ঃ পারদার্য)। ... **পরদারিক, পারদারিক** — পরস্ত্রীর সহিত যে ব্যাভিচার করে।
**পরদেশ** — বিদেশ। স্বর্গ। ... **পরদেশী**] বিদেশী।
**পরদ্বেষী** (-ষিন্) — যে অপরের প্রতি ঈর্ষা বা অপরের অনিষ্টচেষ্টা করে।
**পরধর্ম** — নিজ জাতি সমাজ বা প্রকৃতির বিরুদ্ধ ধর্ম। (তুঃ স্বধর্ম)
**পরন**] পরিধান। (পরা ২ দেখ)
**পরনারী** — পরস্ত্রী, পরের পত্নী। কোনও পুরুষের অনাত্মীয়া নারী।

**পরনিন্দা** — পরের কুৎসা।

**পরন্তপ** — শত্রুকে যে নিগৃহীত করে।

**পরন্তু** — কিন্তু। অপরঞ্চ। পক্ষান্তরে।

**পরপর** — একের পর এক। পরম্পরা ঠিক রাখিয়া।

**পরপুরুষ** — স্বামী ভিন্ন অন্য পুরুষ। কোনও নারীর অনাত্মীয় পুরুষ।

**পরপূর্বা** — অন্যপূর্বা (দেখ)

**পরপুষ্ট** — কোকিল।

**পরব**] < পর্ব, উৎসব।

**পরবর্তী** (-র্তিন্) — পরে স্থিত ('— শব্দ')

**পরবশ** — পরাধীন। কোনও চিত্তবিকারের অধীন ('ঈর্ষা-, করুণা-')। ... ষ্য. **-তা, পারবশ্য।**

**পরবাদ** — নিন্দা, অখ্যাতি। প্রত্যুত্তর।

**পরবাস**] < প্রবাস, বিদেশ। ... **পরবাসী**] < প্রবাসী।

**পরবী** — পর্বানুষ্ঠানে প্রাপ্য বকসিস। পার্বণী।

**পরব্যোম** — মহা শূন্য।

**পরব্রহ্ম** — সর্বাতীত ব্রহ্ম।

**পরভাগ্যোপজীবী** (-বিন্) — যে পরের ভাগ্যে নির্ভর করিয়া জীবিকানির্বাহ করে।

**পরভাতী** — পরান্নজীবী।

**পরভৃৎ** — পরকে অর্থাৎ কোকিলশাবককে যে পালন করে, কাক।

**পরভৃত** — পর (কাক) কর্তৃক পালিত, কোকিল। ... স্ত্রী. **পরভৃতা।**

**পরম** — শ্রেষ্ঠ, মহৎ, অত্যন্ত ('— গতি, পদ, পদার্থ, স্নেহ, শ্রদ্ধা, সুন্দর')। প্রধান, চরম, সর্বাতীত ('পরমেশ্বর। -পুরুষ')। স্ত্রী. **পরমা।**

**পরমহংস** — নির্বিকার সমদর্শী যোগসিদ্ধ সন্ন্যাসী।

**পরমাণু** — মৌল পদার্থের সূক্ষ্মতম অংশ, atom. (§ পারমাণব, -বিক)

**পরমাত্মা** — ব্রহ্ম।

**পরমাদ**] < প্রমাদ, বিপদ (পদ্যে)

**পরমানন্দ** — অত্যন্ত আনন্দ।

**পরমান্ন** — পায়সান্ন, দুগ্ধে পক্ব অন্ন।

**পরমায়ু** [< -য়ুঃ (-য়ুস্)] আয়ু, জীবনকাল, "প্রমাই"।

**পরমার্থ** — শ্রেষ্ঠ বস্তু। পরম সত্য। ধর্ম। (§ পারমার্থিক)

**পরমুখাপেক্ষা** — পরের সাহায্য প্রত্যাশা, পরনির্ভর। ... **পরমুখাপেক্ষী** (-ক্ষিন্) — যে তাহা করে। ... **পরমুখাপেক্ষিতা** — তাহার স্বভাব।

**পরমেশ, পরমেশ্বর** — জগদীশ্বর। শিব। বিষ্ণু। ... **পরমেশ্বরী** — ভগবতী, দুর্গা।

**পরমেষ্ট** — পরমকাম্য।

**পরমেষ্ঠী** (-ষ্ঠিন্) — ব্রহ্মা। মন্ত্রদাতা গুরু।

**পরম্পর** — ক্রমান্বয়, অনুক্রম ('পরম্পরা-গত')। ... স্ত্রী. **পরম্পরা।** — ধারা, এক হইতে অন্যে আগম ('বংশ-। লোক-পরম্পরায় শোনা গেল')। (§ পারম্পর্য)। ... **পরম্পরিতরূপক** — বাক্যে যে রূপকের ধারা চলিতে থাকে। ... **পরম্পরীণ** — ধারাবাহিক।

**পরলা**] — ধুধুল, পুরুল। ঝিঙা জাতীয় আনাজ বিঃ।

**পরলোক** — লোকান্তর, মৃত্যুর পরবর্তী অবস্থা, পরকাল। ('-গমন, -প্রাপ্তি'— মৃত্যু)। (§ পারলৌকিক)

**পরশ ১** — **পরশপাথর**] স্পর্শমণি, যাহার স্পর্শে অন্য ধাতু সোনা হয়, philosophers' stone.

**পরশ ২**] < স্পর্শ। ... **পরশন** —

স্পর্শন। (পদ্যে)

**পরশু** — প্রাচীন যুদ্ধাস্ত্র বিঃ, টাঙিগ, কুঠার (মতান্তরে scimitar)। (পরশ্ব দেখ)। ... **পরশুরাম** — ঋষি বিঃ, জামদগ্ন্য, বিষ্ণুর ষষ্ঠ অবতার যিনি পরশুদ্বারা ক্ষত্রিয়কুল নির্মূল করিয়াছিলেন।

**পরশ্ব** [< -শ্বঃ (-শ্বস্)] — **পরশু**। আগামী কল্যের পরদিন। (বাং) গত কল্যের পূর্বদিন।

**পরশ্রীকাতর** — পরের সৌভাগ্য দেখিলে যে অসুখী হয়। ... ষ্য. **-তা**।

**পরসাদ** (পদ্যে) — প্রসাদ।

**পরস্ত্রী** — পরনারী (দেখ)

**পরস্পর** — উভয়ের মধ্যে, একের প্রতি বা সহিত অন্য, অন্যোন্য, ইতরেতর ('-বিরোধী। পরস্পরের প্রেম, পরস্পর ঘৃণা')

**পরস্ব** — পরের ধন ('পরস্বাপহরণ') স্ব = ধন।

**পরস্মৈপদী** — সংস্কৃত ধাতুর শ্রেণীভেদ।

**পরহিত** — পরের মঙ্গল ('পরহিতৈষী, পরহিতৈষণা')

**পরা ১** — (পর দেখ)। পরমা, শ্রেষ্ঠা, চরমা ('— প্রকৃতি, বিদ্যা')

**পরা ২** [√ পর্-৫। < পরি-ধা] পরিধান করা, অঙ্গে ধারণ করা ('কাপড়, গহনা, টিপ —')। ... ণ. পরিহিত ('— কাপড়। হ্যাটকোট-')। ... ষ্য. **পরন**] পরিধান ('পরনের কাপড়')। (§ পরানো)

**পরা-** — আতিশয্য আভিমুখ্য প্রাতিকূল্য ধর্ষণ ইঃ সূচক উপসর্গ।

**-পরা** (-পর দেখ)

**পরাকরণ** — অবজ্ঞাকরণ। ... ণ. **পরাকৃত**।

**পরা কাষ্ঠা** — চূড়ান্ত, চরম উৎকর্ষ, শেষ সীমা।

**পরাক্রম** — বিক্রম, বল, বীরত্ব। ... ণ. **পরাক্রান্ত**।

**পরাগ** — ফুলের রেণু, পুষ্পরজ, pollen. ... **পরাগকেশর** — ফুলের যে কেশরে পরাগ থাকে, stamen.

**পরাগত** — ব্যাপ্ত। যুক্ত। প্রত্যাগত। প্রস্ফুটিত।

**পরাঙ্মুখ** — যে মুখ ফিরাইয়া আছে, বিমুখ, প্রতিকূল। বিরত, নিবৃত্ত।

**পরাজয়** — হার, পরাভব। ... ণ. **পরাজিত**।

**পরাত** [পো. prato] ] **বড় থালা**।

**পরাৎপর** — শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ, পরমেশ্বর।

**পরাধীন** — অন্যের অধীন ('— জাতি')। পরবশ। ... ষ্য. **-তা**।

**পরান, ণ**] < প্রাণ। হৃদয়। (প্রায় পদ্যে)

**পরানী** — প্রাণী। প্রাণ।

**পরানো** [√ পরা-১১] পরিধান করানো ('ছেলেকে জামা —')। সংলগ্ন করা, ('ছুঁচে সুতা —')

**পরান্ন** — পরের অন্ন ('-জীবী, -ভোজী')

**পরাবর্ত** — বদল, পরিবর্ত। ... **পরাবর্ত, পরাবর্তন** — প্রত্যাবর্তন, ফিরিয়া আসা। ... **পরাবর্তিত** — যাহাকে ফিরানো হইয়াছে।

**পরাবৃত্ত** — যে ফিরিয়াছে। ... **পরাবৃত্তি** — প্রত্যাবর্তন। পরিবর্তন।

**পরাভব** — হার, পরাজয়, পরিভব। ... ণ. **পরাভূত**।

**পরামর্শ** — অপরের সহিত মন্ত্রণা, যুক্তি ('— করা')। কর্তব্য সম্বন্ধে অভিমত ('— দেওয়া, লওয়া')

**পরামর্ষ** — সহন। ক্ষমা।

**পরামানিক** [< প্রামাণিক] নাপিত।

**পরায়ণ** — ষ্য. পরম গতি। ... ণ. (সমাসের অন্তে) অত্যাসক্ত ('উদর-')। নিষ্ঠাবান্

('ন্যায়-')
**পরায়ত্ত** — অন্যের আয়ত্ত বা অধীন।
**পরারি** — শত্রুর শত্রু। গত বৎসরের পূর্ব-বৎসর।
**পরার্থ** — অপরের উপকার বা প্রয়োজন। ... **পরার্থপর** — পরোপকারপরায়ণ। ... ষ্য. **-তা**।
**পরার্ধ** — সংখ্যা বিঃ, একের পিঠে সতর শূন্য। শেযার্ধ।
**পরাশর** — ঋষি বিঃ, ব্যাসের পিতা। (§ পারাশর)
**পরাশ্রয়ী** (-য়িন্) — পরের উপর নির্ভর-কারী। ... **পরাশ্রিত** — পরের আশ্রয়-প্রাপ্ত। পরপালিত।
**পরাস্ত** — পরাজিত, পরাভূত।
**পরাহ** — পরদিবস।
**পরাহত** — ব্যাহত, বাধাপ্রাপ্ত ('সুদূর-')। পরাজিত।
**পরাহ্ণ** — অপরাহ্ণ, বিকাল।
**পরি-** — সম্যক্ ব্যাপ্তি বিরোধ নিন্দা চিহ্ন ইঃ সূচক উপসর্গ।
**পরিকথা** — বিস্ময় ও কৌতূহলের উদ্দীপক গল্প।
**পরিকর** — কটিবন্ধ ('বদ্ধ-')। পরিজন। সমূহ। অনুচর।
**পরিকর্ম** — প্রসাধন। সুদৃশ্যতাসম্পাদন।
**পরিকল্পক** — পরিকল্পনকারী।
**পরিকল্পন, -কল্পনা** — চিন্তন, নির্ধারণ। রচনার প্রণালী উদ্ভাবন; সংকল্পিত রচনাপ্রণালী ('চিত্রের, গল্পের —')। ... ণ. **পরিকল্পিত**।
**পরিকীর্ণ** — বিক্ষিপ্ত। বিস্তৃত।
**পরিকীর্তন** — সবিস্তারে কথন বা গান ('মহিমা —')। ... ণ. **পরিকীর্তিত**।
**পরিক্রম, -ক্রমণ** — পায়চারি, ভ্রমণ। পরিভ্রমণ, প্রদক্ষিণ।...**পরিক্রমা**] কোনও তীর্থস্থান প্রদক্ষিণ করিয়া ভ্রমণ ('কাশী-')
**পরিক্রয়** — বিক্রীর বস্তুর পুনর্বার ক্রয়।
**পরিক্লিষ্ট** — অতিশয় ক্লেশপ্রাপ্ত।
**পরিক্ষিৎ** (পরীক্ষিৎ দেখ)
**পরিক্ষিপ্ত** — বিক্ষিপ্ত। পরিত্যক্ত। ... ষ্য. **পরিক্ষেপ**।
**পরিক্ষীয়মাণ** — যাহা অত্যন্ত ক্ষয় পাইতেছে।
**পরিখণ** — পরীক্ষণ (ব্রজবুলি)
**পরিখা** — গড়খাই, দুর্গাদির চতুর্দিকের খাত। ... **পরিখীকৃত** — পরিখাবেষ্টিত।
**পরিখ্যাত** — বিখ্যাত।
**পরিগণন, -গণনা** — বিশেষভাবে গণন। ... ণ. **পরিগণিত**। — বিবেচিত ('পণ্ডিত বলিয়া —')
**পরিগ্রহ** — গ্রহণ ('দার-, মূর্তি-')। ... ণ. পরিগৃহীত। ... **পরিগ্রাহক** — গ্রহণ-কারী।
**পরিঘ** — মুদ্গরজাতীয় প্রাচীন যুদ্ধাস্ত্র বিঃ।
**পরিচয়** — নাম ধাম ইঃ বিবরণ; জানাশুনা; অভিজ্ঞতা; অভ্যাস ('অমুকের সঙ্গে — আছে। বিপদের সঙ্গে —')। আলাপের সূত্রপাত ('— করিয়ে দেওয়া')। নিদর্শন ('বিদ্যার —')। (§ পরিচায়ক, পরিচিত, পরিচেয়)
**পরিচর** — অনুচর, সেবক, ভৃত্য।
**পরিচর্যা** — সেবা। পূজা।
**পরিচলন** — (বিজ্ঞানে) বায়ব বা তরল বস্তুর প্রবাহের সহিত তাপ-সঞ্চলন, convection. ... ণ. **পরিচলিত**।
**পরিচায়ক** — যে পরিচয় জানায়। জ্ঞাপক।
**পরিচারক** — সেবক, ভৃত্য।
**পরিচালক** — যে চালায়, অধ্যক্ষ। (পরিবাহী দেখ)। ... ষ্য. **পরিচালন,**

-চালনা। ... ণ. **পরিচালিত।**

**পরিচিত** — যাহার পরিচয় জানা আছে, চেনা ('—ব্যক্তি')। জ্ঞাত, যাহার সম্বন্ধে অভিজ্ঞতা আছে, অভ্যস্ত ('— বস্তু, বিষয়')। ... স্ত্রী. **পরিচিতা।**

**পরিচিন্তন** — সম্যক্ চিন্তন। ... ণ. **পরিচিন্তিত।**

**পরিচেয়** — পরিচয়যোগ্য।

**পরিচ্ছদ** — বেশ, পোশাক। আচ্ছাদন।

**পরিচ্ছন্ন** — পরিষ্কৃত, জঞ্জালশূন্য ও গোছানো।

**পরিচ্ছিন্ন** — বিভক্ত। পরিমিত, সীমাবদ্ধ।

**পরিচ্ছেদ** — গ্রন্থাদির বিষয়বিভাগ। অংশ। নির্ধারণ। সীমা ('প্রাণান্ত-')

**পরিচ্যুত** — বিচ্যুত।

**পরিজন** — পরিচারকবর্গ। আত্মীয়বর্গ, স্বজন। পোষ্যবর্গ।

**পরিজ্ঞান** — সম্যক্ জ্ঞান। ... ণ. **-জ্ঞাত।**

**পরিণত** — পরিপক্ব, পূর্ণতাপ্রাপ্ত ('— বয়স, বুদ্ধি')। পর্যবসিত, অবস্থান্তর-প্রাপ্ত ('মৃত্তিকায় —')। ... **পরিণতি** — পরিণাম, শেষ অবস্থা। পূর্ণতাপ্রাপ্তি।

**পরিণদ্ধ** — বদ্ধ। পরিবেষ্টিত।

**পরিণয়, -ণয়ন** — বিবাহ। (§ পরিণীত, পরিণেতা, পরিণেয়)। ... **পরিণয়সূত্র** —বিবাহরূপ সম্বন্ধ।

**পরিণাম** — শেষ অবস্থা, শেষ ফল ('পাপের —')। পরিণতি, অবস্থান্তর-প্রাপ্তি। ... **পরিণামদর্শী** (-র্শিন্) — শেষে কি হইবে যে বুঝিতে পারে।... ষ্য. **-দর্শিতা।**

**পরিণীত** — বিবাহিত। ... স্ত্রী. **পরিণীতা।**

**পরিণেতা** (-তৃ) — যে বিবাহ করে।

**পরিণেয়** — বিবাহের যোগ্য।

**পরিতাপ** — দুঃখ, খেদ, সন্তাপ। আপসোস। ... ণ. **পরিতপ্ত।**

**পরিতুষ্ট** — অতিশয় তুষ্ট। ... ষ্য. **-তুষ্টি।**

**পরিতৃপ্ত** — অতিশয় তৃপ্ত। ... ষ্য. **-তৃপ্তি।**

**পরিতোষ** — সন্তোষ, আনন্দ। (§ পারিতোষিক)

**পরিত্যাগ**—বর্জন, ত্যাগ। ... ণ. **পরিত্যক্ত।** ... **পরিত্যাজ্য** — বর্জনীয়, পরিত্যাগ-যোগ্য।

**পরিত্রাণ** — উদ্ধার; রক্ষা ('পাপীর —। বিপদ হইতে — করা। সাধুগণের —')। ... **পরিত্রাতা** (-তৃ) — যে পরিত্রাণ করে।

**পরিত্রাহি** — পরিত্রাণ কর।

**পরিদর্শন** — সর্বতোভাবে দর্শন, পর্যবেক্ষণ। তত্ত্বাবধান, inspection. ... **পরিদর্শক** — যে পরিদর্শন করে, inspector.

**পরিদৃশ্যমান** — যাহা সুস্পষ্ট অথবা চারিদিকে দেখা যাইতেছে।

**পরিদেবন, -দেবনা** — খেদ, পরিতাপ, অনুতাপ।

**পরিধান** — দেহে ধারণ, পরন ('বস্ত্র-, মাল্য-')। পরিবার বস্ত্র। (§ পরিহিত)। ... **পরিধায়ী** (-য়িন্) — যে পরে। ... **পরিধেয়** — পরিধানযোগ্য। পরিবার বস্ত্র।

**পরিধারণ** — ধারণ। পরিধান। ... ণ. **পরিধৃত।**

**পরিধি** — বৃত্তাদির বেষ্টনী, circumference. বেড়, সীমারেখা, periphery.

**পরিনির্বাণ** — ভববন্ধন হইতে মুক্তি ('বুদ্ধের —')

**পরিপক্ব** — পূর্ণ মাত্রায় পক্ব ('—ফল')। পরিণত; বিচক্ষণ ('— বয়স, বুদ্ধি')

**পরিপন্থী** (-ন্থিন্) — অন্তরায়, বাধা-দায়ক, প্রতিকূল। বিপক্ষ।

**পরিপাক** — হজম, ভুক্ত দ্রব্য জীর্ণ করণ ('— করা, হওয়া')

**পরিপাটী, -পাটি**—ষ্য. শৃঙ্খলা। নৈপুণ্য। ... ণ. সুশৃঙ্খল, সুবিন্যস্ত। (§ পারিপাট্য)

**পরিপালন** — রক্ষণাবেক্ষণ ও পোষণ।

**পরিপূর্ণ** — সম্যক্ পূর্ণ, ভরতি ('জলে —')। সম্পূর্ণ, সম্যক্ সিদ্ধ ('আশা— হওয়া')। ... ষ্য. **-তা**।

**পরিপ্রেক্ষিত** — দৃশ্যমান বিষয়ের বিভিন্ন অংশের যেরূপ দূরত্ব নিকটত্ব ঘনত্ব ইঃ বোধ হয় চিত্রে তদ্রূপ প্রকাশ, perspective.

**পরিপ্লুত** — প্লাবিত। জল ইঃতে পরিপূর্ণ।

**পরিবর্জন** — পরিত্যাগ। ... ণ. **পরিবর্জিত**।

**পরিবর্ত** — বিনিময়, বদল।

**পরিবর্তন** — অবস্থান্তর, বদলানো, আবর্তন। ... ণ. **পরিবর্তিত**। ... **পরিবর্তক** — যে পরিবর্তন করায়। যে ফিরিয়া আসে। ... **পরিবর্তমান**—যাহা বদলাইতেছে। ... **পরিবর্তী** (-র্তিন্) —যাহা বদলায়, পরিবর্তনশীল।

**পরিবর্ধন**—বৃদ্ধিসম্পাদন। ... **পরিবর্ধক** — যে বাড়ায়। ... **পরিবর্ধিত** — যাহা বাড়ানো হইয়াছে।

**পরিবহন** — মানুষ মাল ইঃ এক স্থান হইতে অন্য স্থানে বহন, transport. (বিজ্ঞানে) কোনও বস্তুর মধ্য দিয়া তাপ বিদ্যুৎ ইঃর প্রবাহ, conduction. ... **পরিবাহী** (-হিন্) — যাহার মধ্য দিয়া ঐরূপ প্রবাহ হইতে পারে, conductor. (পুঃ পরিচালক)

**পরিবাদ** (পরী- বিরল)—অপবাদ, নিন্দা। ... **পরিবাদক, -বাদী** (-দিন্) — নিন্দক।

**পরিবাদিনী** — সপ্ততন্ত্রী বীণা।

**পরিবার** — পোষ্য আত্মীয়বর্গ। পত্নী।

**পরিবাহী** (পরিবহণ দেখ)

**পরিবৃত** — বেষ্টিত। সমাবৃত। ... ষ্য. **-বৃতি**।

**পরিবৃত্ত** — পরিবর্তন।

**পরিবেদন** — জ্যেষ্ঠ ভ্রাতা অবিবাহিত থাকিতে কনিষ্ঠের বিবাহ। ... **পরিবেত্তা** (-ত্তৃ) — যে ঐপ্রকার বিবাহ করে।

**পরিবেদনা**—অতিশয় বেদনা। বিবেচনা।

**পরিবেশ, -বেষ** — পরিধি, পরিবেষ্টন। মণ্ডল ('সূর্যের —')

**পরিবেশন, -বেষণ** — ভোজনকালে ভোক্তৃগণকে খাদ্য বিতরণ। ... ণ. **পরিবেশিত, -বেষিত**। ... **পরিবেশক, -ষক** — পরিবেশনকারী।

**পরিবেষ্টন** — আবেষ্টন, বেড়। ঘিরিয়া ফেলা। প্রদক্ষিণ। ... **পরিবেষ্টন, -নী** প্রতিবেশ (দেখ)। ... ণ. **পরিবেষ্টিত**।

**পরিব্রাজন, -ব্রা-** — পর্যটন।

**পরিব্রজ্যা** — প্রব্রজ্যা (দেখ)

**পরিব্রাজক** — নিত্যভ্রমণকারী সন্ন্যাসী, ভিক্ষু। ... স্ত্রী. **পরিব্রাজিকা**।

**পরিভব** — পরাভব। ... ণ. **পরিভূত**।

**পরিভাষা** — বিশেষ অর্থ বোধক শব্দ, সংজ্ঞা ('বৈজ্ঞানিক, দার্শনিক —')

**পরিভোগ** — সম্ভোগ, উপভোগ। ... ণ. **পরিভুক্ত**।

**পরিভ্রমণ** — চতুর্দিকে ভ্রমণ, প্রদক্ষিণ, পরিক্রম। পর্যটন।

**পরিভ্রষ্ট** — বিচ্যুত।

**পরিমণ্ডল** — মণ্ডল, পরিবেষ্টন। বর্তুল, গোলাকার বস্তু।

**পরিমল** — পুষ্পাদির সৌরভ। (সং.) যে সুগন্ধ মর্দন করিলে বাহির হয় (যথা

চন্দনের)

**পরিমাণ** — মাত্রা, মাপ, ওজন, সংখ্যা ('কালের, বিদ্যার, দৈর্ঘ্যের, দেহের, জলের, খাদ্যের, টাকার —')। ... **পরিমাণফল** — বর্গফল বা ঘনফল।

**পরিমাপ** — মাপা, পরিমাণনিরূপণ। পরিমাণ, মাপ।

**পরিমিত** — প্রয়োজনের অনধিক, সংযত-পরিমাণ ('— মাত্রা, আহার')। পরিমাণ-বিশিষ্ট ('দ্বিহস্ত-')। যাহার পরিমাপ হইয়াছে।

**পরিমিতি** — মাপ। ক্ষেত্রমিতি, mensuration.

**পরিমেয়**—পরিমাপযোগ্য, যাহা মাপা যায়।

**পরিমেল**—কোনও উদ্দেশ্য সাধনের জন্য সংঘ, association.

**পরিম্লান** — অতিশয় ম্লান।

**পরিরক্ষণ** — সংরক্ষণ, সর্বতোভাবে রক্ষণ।

**পরিরম্ভ, -রম্ভণ** — আলিঙ্গন।

**পরিশিষ্ট** — অবশিষ্ট, বাকী। গ্রন্থাদির শেষে যে অংশ সংযুক্ত হয়।

**পরিশীলন** — অনুশীলন। নিরন্তর স্পর্শ, আলিঙ্গন। ... **ণ. পরিশীলিত।**

**পরিশুদ্ধ** — পরিষ্কৃত। বিশুদ্ধ।

**পরিশেষ** — অবশেষ, শেষকাল। উপসংহার, পরিশিষ্ট।

**পরিশোধ** — প্রত্যর্পণ ('ঋণ-')।

**পরিশ্রম** — মেহনত, আয়াস, খাটুনি। শ্রান্তি। (§ পারিশ্রমিক)। ... **পরিশ্রমী** (-মিন্) — যে মেহনত করিয়া কাজ করে।

**পরিশ্রান্ত** — পরিশ্রমের ফলে ক্লান্ত। অতিশয় শ্রান্ত। ... **ষ্য. পরিশ্রান্তি।**

**পরিশ্লেষ** — আশ্লেষ, আলিঙ্গন।

**পরিষদ্, -ষৎ** (-ষদ্) — (**স্ত্রী.**) সভা, সংসদ্। (বিধান দেখ)। (§ **পারিষদ**)

**পরিষেবক** — যে রোগীর সেবা করে, nurse. ... স্ত্রী. **-ষেবিকা। ... ষ্য. -ষেবা।**

**পরিষ্করণ, পরিষ্কার** — শোধন, নির্মলী-করণ। ... **পরিষ্কার** — (বাং) পরিষ্কৃত, পরিচ্ছন্ন, নির্মল, সাফ, স্বচ্ছ ('—করা, হওয়া। — জল, আকাশ')। স্পষ্ট ('— অক্ষর, কথা। — দেখিতে পাওয়া')। অপকট, সরল; বিকারহীন ('— মন')। বিচারক্ষম ('— মাথা, বুদ্ধি')। সুন্দর (অশিঃ। '— গড়ন, মুখ')

**পরিষ্কৃত** — নির্মলীকৃত, শোধিত, মার্জিত।

**পরিসংখ্যা** — গণনা। ... **পরিসংখ্যান** — কোনও বিষয়ের তথ্যজ্ঞাপক সংখ্যার সংগ্রহ, statistics.

**পরিসমাপ্তি** — সম্পূর্ণতা, শেষ।

**পরিসর** — বিস্তার, আয়তন। প্রস্থ।

**পরিসীমা** — চতুর্দিকের সীমা। অবধি, ইয়ত্তা ('দুঃখের — নাই')

**পরিস্থিতি** — চতুর্দিকের অবস্থা।

**পরিস্ফুট** — স্পষ্ট, প্রকাশিত, বিশদ। বিকশিত।

**পরিস্রাবণ, পরিস্রুতি** — ক্ষরণ। তরল পদার্থ ছাঁকিয়া শোধন, filtration. ... ণ. **পরিস্রুত।**

**পরিহরণ** — ত্যাগ, পরিহার। (পদ্যে ক্রি. 'পরিহর' — পরিহার কর)। ... **পরি-হরণীয়, -হর্তব্য**—পরিহার্য, বর্জনীয়।

**পরিহসনীয়**—পরিহাসযোগ্য।

**পরিহার** — ত্যাগ, বর্জন। উপেক্ষা। (§ পরিহৃত)। ... **পরিহার্য**—বর্জনীয়। উপেক্ষণীয়।

**পরিহাস** — কৌতুক, ঠাট্টা, নর্ম। ... **পরিহাসক** — পরিহাসকারী। **পরি-হাস্য** — পরিহাসযোগ্য।

**পরিহিত**—যাহা পরিধান করা হইয়াছে ('— বস্ত্র')

**পরিহৃত** — বর্জিত।

**পরী** [ফা] সুন্দরী উপদেবতা বিঃ (অপ্সরা তুল্য। ডানা আছে)

**পরীক্ষা**—গুণ যোগ্যতা পরিমাণ যাথার্থ্য ইঃর বিচার। ছাত্রের বিদ্যাবত্তা নির্ণয় ('— করা, লওয়া, দেওয়া। পরীক্ষায় পাস ফেল')। যাচাই ('রত্ন-')। সত্যাসত্য নির্ণয় ('সাক্ষীর —')। স্বরূপ বা উপাদানাদি নির্ণয় ('রাসায়নিক —। পরীক্ষাগার')। ব্যবহারদ্বারা গুণবিচার, ক্রিয়াদ্বারা ফলনির্ণয় ('জিনিসটা —করিয়া দেখ। ভাগ্য-')। ... **পরীক্ষক** — পরীক্ষাকারী। ... **পরীক্ষণ** — পরীক্ষা করণ। ... **পরীক্ষণীয়** — পরীক্ষার যোগ্য। যাহার পরীক্ষা হইবে। ... **পরীক্ষাধীন** — যাহার পরীক্ষা হইতেছে। পরীক্ষাসাপেক্ষ, যাহা পরীক্ষার উপর নির্ভর করিতেছে। ... **পরীক্ষার্থী** (-র্থিন্) — যে পরীক্ষা দিতে চায়। ... **পরীক্ষিত** — যাহার পরীক্ষা হইয়াছে। ... **পরীক্ষোত্তীর্ণ** — পরীক্ষায় যে বা যাহা উপযুক্ত গুণসম্পন্ন গণ্য হইয়াছে বা পাস হইয়াছে।

**পরীক্ষিৎ, পরিক্ষিৎ** — অভিমন্যু-উত্তরার পুত্র, জনমেজয়ের পিতা।

**পরীণাহ** — ব্যাপ্তি, বিশালতা।

**পরীত** — পরিবৃত, পরিবেষ্টিত।

**পরুষ**—কঠোর, কর্কশ, নিষ্ঠুর ('—বাক্য, কণ্ঠ, ব্যবহার')। ... ষ্য. **-তা, -ত্ব,** পারুষ্য।

**পরে** [< পর] তাহার পর, অনন্তর। পশ্চাতে। ... **পরে পরে**] পর পর। (পর দেখ)

**পরেশ** — পরমেশ।

**পরেশনাথ** (পার্শ্বনাথ)—জৈন তীর্থঙ্কর। তন্নামীয় পর্বত (ছোটনাগপুরে)

**পরোক্ষ**—অপ্রত্যক্ষ, যাহার সম্বন্ধে সাক্ষাৎ জ্ঞান নাই ('— প্রমাণ')। ইন্দ্রিয়াতীত। গৌণ।

**পরোঢ়া** — অন্যের বিবাহিতা।

**পরোপকার** — অন্যের উপকার। ... **পরোপকারক, -কারী** (-রিন্) — যে তাহা করে।...ণ. অন্য কর্তৃক উপকৃত। ... ষ্য. পরোপকার।

**পরোপচিকীর্ষা** — পরের উপকার করিবার ইচ্ছা।

**পরোপজীবী** (-বিন্) — যে অপরের সাহায্যে জীবিকানির্বাহ করে, পরের গলগ্রহ।

**পরোয়া** [ফা. পর্‌বা.] ভয়, আশঙ্কা, ভাবনা, ('কুছ — নেই। বে-')

**পরোয়ানা** [ফা. পরবা.না] আদেশপত্র, রাজা শাসনকর্তা আদালত ইঃর লিখিত হুকুম।

**পর্কটি, -টী** — পাকুড় (দেখ)

**পর্চা** — বংশাবলীর পরিচয়।

**পর্জন্য** — মেঘ। ইন্দ্র।

**পর্তুগীজ, পোর্তুগীজ** — পোর্তুগালের লোক। ফিরিঙ্গি।

**পর্ণ** — পত্র, পাতা ('-কুটীর, -শয্যা')। পান, তাম্বুল। পক্ষ, পালক ('সুপর্ণ')। ... **পর্ণপুট** — পাতার ঠোঙা। ... **পর্ণশালা** — পাতা দিয়া ছাওয়া ঘর। ... **পর্ণী** (-র্ণিন্) — পত্রযুক্ত। বৃক্ষ।

**পর্ণাশী** — যে সকল জীব পাতা খায়।

**পর্ণিক** — যাহারা শাকসব্জির চাষ করে।

**পর্দা** [ফা. পর্দহ্] যবনিকা, বস্ত্রাদিনির্মিত আবরণ ('— তোলা, ফেলা')। আচ্ছাদন ('চোখের —')। অন্তঃপুর। নারীর অবরোধ প্রথা। ... **পর্দানশিন,**

**-নশীন** [ফা] অবরোধবাসিনী।
**পর্পট** — পাঁপর। ক্ষেত-পাপড়া।
**পর্ব** (পর্বন্) — পরব, উৎসব। দেবতা-বিশেষের পূজা বা অনুষ্ঠানবিশেষের জন্য নির্দিষ্ট দিন, পার্বণ। সংক্রান্তি অষ্টমী চতুর্দশী পূর্ণিমা ও অমাবস্যা। গ্রন্থি, সন্ধি, জোড়। পাব, দুই গ্রন্থির মধ্যবর্তী অংশ ('অংগুলির, ইক্ষুর —')। গ্রন্থের অধ্যায় ('অষ্টাদশ-')
**পর্বত** — পাহাড়, অচল, অদ্রি, গিরি, নগ, শৈল। ... ণ. **পর্বতীয়, পার্বত, পার্বতীয়**। ... **পর্বতপ্রমাণ** — পর্বত-তুল্য বৃহৎ।
**পর্বাস্ফোট** — আঙুল মটকানো।
**পর্বাহ** — পর্বদিন।
**পর্যংক, পল্যংক** — পালংক, খাট।
**পর্যটন** — ভ্রমণ। (§ পর্যাটক)
**পর্যন্ত** — অবধি ('মাথা হইতে পা —। শেষ —')। ও, অপি ('তিনি — রাগ করেছেন')। সীমা। প্রান্ত।
**পর্যবসান** — সমাপ্তি। শেষ ফল, পরিণাম, ... ণ. **পর্যবসিত**।
**পর্যবেক্ষক** — পরিদর্শক।
**পর্যবেক্ষণ** — পরিদর্শন, নিরীক্ষণ। ... ণ. **-ক্ষিত**। ... **পর্যবেক্ষণিকা**—মানমন্দির।
**পর্যসন**—দূরীকরণ। নিক্ষেপ। (§ পর্যাস)
**পর্যস্ত** — বিক্ষিপ্ত। দূরীকৃত। উলটানো, বিপর্যস্ত।
**পর্যাটক — পর্যটক**] ভ্রমণকারী।
**পর্যাণ** — পশুপৃষ্ঠের পালান।
**পর্যাপ্ত** — প্রচুর, যথেষ্ট। পরিমিত ('-বাদী')। সমর্থ। ... **পর্যাপ্তি** — প্রাচুর্য। পরিপূর্ণতা। পরিমিততা। সামর্থ্য।
**পর্যায়** — আনুপূর্ব্য, পালা ('-ক্রমে')। ক্রম ('বংগদর্শনের নব-')। **বংশের** প্রবর্তক হইতে গণিত সন্তানসংখ্যা, generation. **সমনাম**, synonym.
**পর্যায়ক্রমে** — পালা করিয়া।
**পর্যায়োক্ত** — কাব্যালংকার বিশেষ।
**পর্যালোচন, -লোচনা**—সম্যক্ অনুশীলন, উত্তমরূপে বিচার। ... ণ. **পর্যালোচিত**।
**পর্যাস** — উলটপালট, বিপর্যয়। বিক্ষেপ। (§ পর্যস্ত)
**পর্যাসিত** — পরাবর্তিত। পরিণত। বিস্তারিত।
**পর্যুদস্ত** — পরাজিত। নিবারিত, নিষিদ্ধ।
**পর্যুষিত** — পূর্বদিনে রন্ধিত, বাসী ('— অন্ন')
**পর্যেষণ, পর্যেষণা** — গবেষণা।
**পর্ষদ্** — পরিষদ্, সভা। (§ পার্ষদ)
**পল ১** — ১/৬০ দণ্ড বা ২৪ সেকেণ্ড কাল। ৪ তোলা ওজন। **মাংস** ('পলান্ন')। খড়।
**পল ২** [ফা. পহল্] পার্শ্ব; **শির** ('বেলোয়ারী কাচের, হীরার —। -কাটা, -তোলা। চৌপল বোতল')
**পল ৩** — পোয়াল, খড়।
**পলক** [ফা] চোখের পাতা। তাহা ফেলিতে যে সময় লাগে, নিমেষ ('পলকে হারানো। -পাত, -শূন্য')
**পলকা**] ভংগুর।
**পলংকষ** — রাক্ষস।
**পলতা**] পটোলের পাতা (ভক্ষ্য শাক)
**পলতে** (পলিতা দেখ)
**পলল** — মাংস। পংক। পলি।
**পললাশী** — মাংসাশী।
**পলস্তারা, পলে-** [ই. plaster] ] **বালি** সুরকি চুন সিমেণ্ট ইঃর লেপ।
**পলা**] তেল ইঃ তুলিবার জন্য লম্বা-**হাতল**-যুক্ত ছোট বাটি। < প্রবাল।

**পলাণ্ডু** — পিঁয়াজ।
**পলাতক** ] যে পালাইয়াছে। ... স্ত্রী. **পলাতকা** ]
**পলানো** (পালানো দেখ)
**পলান্ন** — মাংসের সহিত পক্ব অন্ন, পোলাও।
**পলায়ন** — পালানো, ভয় ইঃ কারণে প্রস্থান, চম্পট। ... ণ. **পলায়িত**। ... **পলায়মান** — যে পালাইতেছে।
**পলাশ** — বৃক্ষ বা পুষ্প বিঃ, কিংশুক (লাল ফুল)। পত্র বা পাপড়ি ('পদ্ম-')
**পলি** ] ঘোলা জল হইতে যে মাটির স্তর থিতাইয়া পড়ে ('-মাটি। — পড়া')
**পলিত**—ষ্য. কেশের শুক্লতা। ... ণ. সাদা, পাকা। (§ পালিতা)। ... **পলিতকেশ** — যাহার চুল পাকা।
**পলিতা / পলতে** [ আ. ফতীলাহ্ ] সলিতা, বাতি।
**পলু** ] রেশমকীট।
**পলো, পোলো, পলুই** [ < পলব ] ঝুড়ির তুল্য মাছ ধরিবার খাঁচা বিঃ।
**পল্টন** [ ই. platoon ] সৈন্যদল।
**পল্যঙ্ক** (পর্যঙ্ক দেখ)
**পল্লব** — পত্র, পাতা ('বৃক্ষ-, নেত্র-, কর-')। নবপত্র, কিশলয়; নবপত্রযুক্ত শাখাগ্র। ... **পল্লবগ্রাহী** (-হিন্) — যাহার নানা বিষয়ে অল্প জ্ঞান আছে অথবা যাহার বিদ্যা অগভীর। ... ষ্য. **-গ্রাহিতা**। ... **পল্লবিত** — পল্লবমণ্ডিত। বিস্তারিত, বাহুল্যযুক্ত ('— বর্ণনা')
**পল্লী, পল্লি** — পাড়া; গ্রাম ('গোপ-। -গ্রাম, -বধূ, -বৃদ্ধ')
**পল্বল** — ডোবা, বিল।
**পশম** [ ফা. পশম্ ] ভেড়া ইঃ পশুর লোম, ঊর্ণা। ... ণ. **পশমী** ] ... **পশমিনা** ] পশমী বস্ত্র বিঃ।

**পশিল** [ √ পশ্-৫। < প্র-বিশ্। পদ্যে ] প্রবেশ করিল ('মরমে পশিল')
**পশু** — লোমলাঙ্গুলযুক্ত জন্তু। যজ্ঞের বলি, ছাগ ইঃ। প্রমথ ('-পতি')। (§ পাশব)। ... ষ্য. **-ত্ব**। ... **পশুধর্ম** — পশুর স্বাভাবিক বৃত্তি। মৈথুন। ... **পশুপতি** — শিব। (§ পাশুপত)। ... **পশুরাজ** — সিংহ।
**পশ্চাৎ** — পরে; পর ('ভোজনের —। পশ্চাতে দুঃখ')। পিছনে; পিছন ('পশ্চাদ্ধাবন, পশ্চাদ্‌ভাগ, গৃহের পশ্চাতে')। পশ্চিমে। (§ **পাশ্চাত্য, -ত্ত্য**)
**পশ্চাত্তাপ** — অনুতাপ।
**পশ্চাৎপদ** — যে পিছনে হটে, পিছপা।
**পশ্চাদ্‌ভূমি** — পিছনের ভূমি; দৃশ্যের বা চিত্রের দূরবর্তী অংশ, background (তুঃ পুরোভূমি)
**পশ্চার্ধ** — নিম্ন অর্ধ। নাভির নিম্নস্থ দেহ।
**পশ্চিম** — যে দিকে সূর্য অস্ত যায়, প্রতীচী। পিছু, পরে। অনন্তর। শেষ। ... **পশ্চিমা/-মে** ] পশ্চিমদিকের ('— হাওয়া')। পশ্চিমদেশীয়।
**পশ্বাচার** — পশুর তুল্য আচরণ। তান্ত্রিক আচার বিঃ। ... **পশ্বাচারী** (-রিন্) — যে পশ্বাচার করে।
**পসরা** [ < প্রসারিক ] পণ্যসম্ভার, বিক্রেয় দ্রব্যের ঝুড়ি বা আধার।
**পসলা** ] বর্ষণ ('এক — বৃষ্টি')
**পসার** [ < প্রসার ] পসরা ('দোকান-')। প্রসার, প্রতিপত্তি, ক্রেতা মক্কেল ইঃর প্রাচুর্য ('ওকালতিতে — করা, হওয়া')
**পসারিয়া** ] — যাহার পসার আছে। প্রতিপত্তিশালী।
**পসারী** [ < প্রসারিক ] দোকানদার, বিক্রেতা।

... স্ত্রী. **পসারিনী]**

**পসিদা** (ফা) — পিছনে। অগোচরে।

**পসুরি]** পাঁচ সের ওজন। **পাঁচসেরী।**

**পস্তানো** [√ পস্তা-১৭] পশ্চাত্তাপ পাওয়া, আপসোস করা।...ষ্য. **পস্তানি]**

**পহর]** < প্রহর।

**পহিরণ** — পরিধান। (ব্রজবুলি)

**পহিলহি** — প্রথমে (ব্র-বু)

**পহু, পহুঁ]** — প্রভু (ব্র-বু)

**পহুরী** — প্রহরী (প্রা-সা)

**পহ্লব, পহ্লভ** — প্রাচীন পারসীক জাতি বিঃ। ... ণ. **পহ্লবী।**

**পা ১]** < পাদ, পদ, চরণ। পায়া।

**পা ২]** স্বরগ্রামের পঞ্চম স্বরের সংকেত।

**পাই]** এক পয়সার ১/৩ অংশ।

**পাইক** [প্রাচীন ইরানীয়] পদাতিক ('ভগ্ন-')। পেয়াদা।

**পাইকস্তা** [ফা] এক জমিদারের অধীনে বাস করিয়া যে রায়ত অন্য জমিদারের অধীনে জমি চাষ করে।

**পাইকা** (ই) — কিছু বড় আকারের ছাপার অক্ষর।

**পাইকার** [ফা] যে দোকানদার খুচরা বেচে। ফেরিওয়ালা। ... **পাইকারী]** পাইকার যে দরে কেনে তৎসম্বন্ধীয়; অনেক ক্রয় বা পুনর্বিক্রয়ের জন্য ক্রয় সম্বন্ধীয় ('— দর, খরিদদার')

**পাঁইজ** (পাঁজ দেখ)

**পাঁইজর]** নূপুর বিঃ।

**পাইট** — *পারিপাট্যসাধন* (ঘরসংসারের, চায়ের মাটির। বস্ত্র পরিচ্ছদ ইত্যাদির)

**পাইট** (ই) pint (পাইণ্ট) — তরল-*পদার্থের ওজনে প্রায় দেড় পোয়া* পরিমাণ।

***পাইন (পান ৩ দেখ)***

**পাইপ** [ই] নল ('জলের, গ্যাসের—')

**পাইলট** [ই] — দিশারী, বিমান চালক।

**পাউখ]** — প্রাবৃট, বর্ষা। (ব্র-বু)

**পাউড়া** — গোরুর মুখ বন্ধনী।

**পাউঁড়ি** — গুলিডাণ্ডা খেলার ছোট ডাণ্ডা।

**পাউডার** [ই] মুখে গায়ে মাখিবার গুঁড়া। ডাক্তারী গুঁড়া ঔষধ।

**পাউন্ড** [ই] ওজন বিঃ (প্রায় আধ সের)

**পাঁউরুটি, পা-** [পো. pao] **]** তন্দুরে তৈয়ারী ফাঁপা রুটি।

**পাউষষ]** — (প্রাবৃষ্) বর্ষাকালে বর্ষার জলে পথঘাট সাময়িকভাবে ডুবিয়া গেলে তাহাকে পাউষ বলে। ('পাউষে মাছধরা')

**পাওনা]** প্রাপ্য ('দেনা-')। ... **পাওনাগণ্ডা]** প্রাপ্য অর্থ। ... **পাওনাদার]** যে টাকা পাইবে, উত্তমর্ণ।

**পাওয়া** [√ পা-২। < প্র-আপ্] প্রাপ্ত হওয়া, মেলা ('চিঠি, মাহিনা, চাকরি, চাকর, জবাব, সাড়া, উপদেশ —')। সমর্থ হওয়া, পারা, উপায়যুক্ত হওয়া ('কানে শুনিতে পায় না। সেখানে খাইতে পায়')। ঘটনাক্রমে সমর্থ হওয়া ('দেখিতে পাইলাম')। বোধ বা ভোগ করা ('গন্ধ, ব্যথা, ভয়, কষ্ট, আনন্দ, মজা —')। দেখা বা জানা, ঠাওরানো *('তাকে ভালমানুষ পেয়ে')*। অনুভূতি বা উদ্রেক হওয়া ('ক্ষুধা, হাসি, কান্না, ঘুম —')। অধিষ্ঠান করা ('ভূতে —')। ... *ণ. লব্ধ*। ... **পাওয়ানো** [√ *পাওয়া-*১৭] প্রাপিত করা ('টাকা পাইয়ে দেওয়া')

*পাংক্তেয় — পংক্তিতে স্থান পাইবার* যোগ্য।

***পাংশন*** — *যে কলঙ্কিত করে ('কুল-')*

**পাংশু** — পাঁশ, ছাই; ধূলি ('-বর্ণ')। কলঙ্ক, দোষ। ... **পাংশুল** — ধূলি-ধূসর। কলঙ্কিত, দুষ্ট। ... স্ত্রী. **পাংশুলা**। — পৃথিবী।

**পাক ১** — রন্ধন ('-পাত্র, -শালা। অন্ন — করা')। উত্তাপদ্বারা প্রস্তুত করণ ('কবিরাজী ঔষধ—')। পরিপাক, হজম। বিপাক, পরিণতি ('কর্মের—')। কেশের শুক্লতা ('চুলে — ধরা')। পক্বতা ('ফলে — ধরা')। (§ পক্ব, পাচ্য)। ... **পাকচক্র** — ঘটনাচক্র। কর্মবিপাক। (বাং) চক্রান্ত। ... **পাকমোড়া]** — হাত কিংবা ডানা-পাখাকে পাক দিয়া জড়াইয়া বাঁধা। ... **পাকযন্ত্র** — পাকস্থলী। পাক করিবার যন্ত্র। ... **পাকশালা** — রান্নাঘর। ... **পাকস্থলী** — উদরের মধ্যে যে যন্ত্রে খাদ্য জীর্ণ হয়, **পাকাশয়, stomach.** ... **পাকস্থালী** — রন্ধনপাত্র। ... **পাকশালা** — রান্নাঘর। **পাকস্পর্শ** — বউভাত (দেখ)

**পাক ২]** মোড়া, মোচড় ('সুতায়, গোঁফে —। দেওয়া, খোলা')। ঘূর্ণন, পরিভ্রমণ ('-খাওয়া। সাত —')। পেঁচ, আবর্ত ('জিলিপির —')

**পাক** — পরিক্রম। যাওয়া ও আসায় একটি পাক।

**পাঁক]** < পঙ্ক, পচা কাদা। (§ পেঁকো)

**পাক** (ফা) — পবিত্র, নিষ্পাপ।

**পাকড়ানো [** √ পাক্‌ড়া-১৭ ] ধরা ('চোর —') ... ষ্য. **পাকড়]** ('ধর-')। ... **পাকড়াও]** সবলে বা সনির্বন্ধে ধৃত করণ ('— করা')

**পাকতৈল** — ঔষধের জন্য নানা দ্রব্য মিশাইয়া পাক করা তৈল।

**পাকনাড়া** — ঘুরপাক খাওয়ানো। (প্রা-সা)

**পাকল** — রক্তবর্ণ (প্রা-সা)

**পাকলানো [** √ পাক্‌লা-১৭] মাঢ়ী দিয়া চিবানো। (চোখ) রাঙানো।

**পাকশাসন** — ইন্দ্র। (পাক = অসুর বিঃ)

**পাকসাট** (পাখ- দেখ)

**পাকা ১ [** √ পাক্‌-৭। < পচ্‌] পক্ব বা পরিণত হওয়া ('ফল, ফোড়া, বুদ্ধি —')। সাদা হওয়া ('চুল —')। অভিজ্ঞ বা নিপুণ হওয়া ('এই কাজে পেকে গেছে')

**পাকা ২, "পাক্ক"]** < পক্ব। অভিজ্ঞ, নিপুণ, ঝানু ('— লোক, কারিগর, চোর, হাত')। নিপুণভাবে কৃত ('— কাজ')। পূর্ণ ('— দু মন')। ... **পাকা]** < পক্ব পরিণত ('— ফল, মাছ, বুদ্ধি')। মজবুত, স্থায়ী ('— গড়ন, রং')। পোড়ানো ('— ইট')। ইট পাথর ইঃ দিয়া তৈয়ারী, মেটে নয় ('— রাস্তা, বাড়ি')। স্থিরীকৃত, যাহার পরিবর্তন হইবে না ('— কথা, খাতা। — করা')। আইন অনুসারে নিষ্পন্ন ('— দলিল')। (§ পাকাপাকি)। ... **পাকা ওজন** — ৮০ তোলা সেরের ওজন। ... **পাকাখাতা** — স্থায়ী খতিয়ান। ... **পাকা-গাঁথনী** — চুন সুরকী বা সেমেণ্ট দিয়া গাঁথা। ... **পাকাঘাট** — ইট পাথর দিয়া তৈয়ারী ঘাট। ... **পাকা-দেখা]** পাত্র ও পাত্রীকে শেষ বার দেখিয়া আশীর্বাদ এবং বিবাহ স্থির করা। ... **পাকাপনা, পাকামি,-মো]** জেঠামি, অল্প বয়সে বুড়োর মতন কথা ও আচরণ। ... **পাকাপোক্ত** — ঝানু। বহুদর্শী। ... **পাকামাছ** — বয়ঃপ্রাপ্ত বড় মাছ। ... **পাকা লেখা]** সুশৃঙ্খল হস্তলিপি বা রচনা। ... **পাকা সোনা]** খাঁটী সোনা। ... **পাকা হাড়]** বৃদ্ধের শরীর যাহা অনেক দুঃখ কষ্ট সহিয়া

শক্ত হইয়াছে।

**পাঁকাটি**] পাট গাছের শুখনো ডাঁটা। (পাট + কাঠি)

**পাকাটে**] (মুঃ পাঁকাটির তুল্য) রোগা ও শ্রীহীন ('—গড়ন')

**পাকানো ১** [√ পাকা-১১] পক্ক করা ('ফল, রুটি—')। ... ণ. **পক্কীকৃত**।

**পাকানো ২** [√ পাকা-১১] পাক দেওয়া ('দড়ি —')। গোলাকার করা ('গুলি —')। জটিল করা ('জট —')। দল বাঁধার চেষ্টা করা ('জটলা—')।...ণ. (উক্ত সকল অর্থে)

**পাকাপাকি**] ষ্য. নির্ধারণ, উভয়পক্ষের কর্তব্য নিরূপণ। ... ণ. নির্ধারিত।

**পাঁকাল** [< পঙ্কাল] মাছ বিঃ। পাঁক-যুক্ত (জমি)

**পাকাশয়** — পাকস্থলী, পক্কাশয়।

**পাকিস্থান, -স্তান** [ফা. -স্তান] ভারত-রাষ্ট্র হইতে পৃথগ্‌ভূত মুসলমান-প্রধান রাষ্ট্র (পূর্ব বঙ্গ, পশ্চিম পাঞ্জাব, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ, সিন্ধু ও বেলুচিস্তান সংবলিত)

**পাকী**] যে ওজনে ৮০ তোলায় বা তাহার বেশীতে সের ধরা হয়।

**পাঁকুই**] আঙুলের হাজা রোগ।

**পাকুড়**] < পর্কটী, অশ্বত্থ জাতীয় বৃক্ষ বিঃ।

**পাকেপ্রকারে**] ঘটনাচক্রে। কুটিল কৌশলে।

**পাকোয়ান** [< পক্কান্ন] ঘিএ ভাজা খাবার, লুচি কচুরি গজা ইঃ।

**পাক্কা** (পাকা ২ দেখ)

**পাক্ষিক** — যাহা এক পক্ষ বা অর্ধ মাস অন্তর হয়।

**পাখনা**] পাখা, ডানা, ('মাছের, পাখির—')

**পাখপাখালী** — সাধারণভাবে পক্ষীজাতি।

**পাখমারা** — এক শ্রেণীর ব্যাধ।

**পাখসাট, পাক-**] ডানার ঝাপটা ('—মারা')

**পাখা**] < পক্ষ, ডানা। পালক। যাহা-দ্বারা বাতাস করে, ব্যজনী। ('—ওঠা' —ডানা বাহির হওয়া। '— করা' — পাখা দিয়া বাতাস করা)

**পাখালে** [√ পাখাল্‌-৭। < প্র-ক্ষল্‌। প্রায় পদ্যে] প্রক্ষালন করে।

**পাখি, পাখী**] < পক্ষী। খড়খড়ির কাষ্ঠ-ফলক। চক্রের অর, spoke.

**পাখোয়াজ** [< পক্ষবাদ্য] মৃদঙ্গ, মুরজ, ঢোলের তুল্য বাদ্যযন্ত্র বিঃ। ... **পাখোয়াজী**] পাখোয়াজ-বাদক।

**পাগড়ি, পাগ**] উষ্ণীষ, মাথায় জড়ানো কাপড়।

**পাগল** — উন্মাদ, বাতুল, খেপা। মত্ত; অস্থির ('—করা')। অবোধ (আদরে)। ... স্ত্রী. **পাগলিনী**] (স. পাগলী)

**পাগলা**] < পাগল (প্রায় আদরে)। ... স্ত্রী. **পাগলী**]। ... **পাগলাটে**] পাগলের তুল্য, যাহার ছিট আছে। ... **পাগলামি, -মো**] পাগলের ভাব বা আচরণ (প্রায় আদরে)। ... **পাগলাগারদ** — বাতুলাশ্রম।

**পাঙ্‌ক্তেয়** — পঙ্‌ক্তিতে স্থান পাইবার যোগ্য, যাহার সঙ্গে বসিয়া আহারাদি করা যাইতে পারে।

**পাঙগাশ/পাঙাশ** [< পাংশু-] পাংশুবর্ণ, ফেকাশে। [< পিঙ্গশ] মাছ বিঃ।

**পাঁচ**] < পঞ্চ, ৫ অঙ্ক বা পরিমাণ। ... **পাঁচচুলা/-চুলো** [< পঞ্চচূড়] বিশ্রী উঁচুনীচু করিয়া চুল ছাঁটা। ... **পাঁচ-ফোড়ন**] মিশ্রিত মসলা বিঃ (জিরা কালজিরা মৌথি মৌরি রাঁধনি)। ... **পাঁচনরী** — পাঁচহালী হার। ... **পাঁচপাঁচি** — সাধারণ ধরনের। ... **পাঁচমিশালী/-মিশলী, -মিশুলী**] কয়েকপ্রকার দ্রব্যের

মিশ্রণজাত।

**পাঁচই (পঞ্চমী)** — মাসের পঞ্চম তারিখ।

**পাচক** — যে রাঁধে, সূপকার। যাহা জীর্ণ করায়, হজমী। (স্ত্রী পাচিকা)

**পাঁচড়া** [ < পিচ্চট ] চর্মরোগ বিঃ, খোস।

**পাচন** — যাহা জীর্ণ করায়, হজমী, পাচক। পাঁচন।

**পাঁচন** ] < পাচন, কয়েকপ্রকার গাছগাছড়া সিদ্ধ করিয়া তৈয়ারী ঔষধ।

**পাচনবাড়ি, পাচনি** [ < প্রাজন- ] গরু তাড়াইবার ছোট লাঠি।

**পাচার** ] সাবাড়, শেষ; লুকাইয়া সরানো; চুরি করিয়া নিঃশেষ ('— করা')। এক পিঠ হইতে উলটা পিঠ পর্যন্ত ('— বিঁধ')

**পাঁচালি** [ < পঞ্চালিকা ] গীতিবাক্য বিঃ।

**পাচিকা** — রন্ধনকারিণী।

**পাঁচিল** ] < প্রাচীর।

**পাঁচুটি** — সূতিকাগৃহে শিশুর পঞ্চম দিনে লৌকিক অনুষ্ঠান বিঃ।

**পাচ্য** — পরিপাকযোগ্য। রন্ধনযোগ্য।

**পাছড়া, পাছুড়ি** ] উত্তরীয়, চাদর। (প্রা-সা)

**পাছড়ানো** [ < পাছ্ড়া-১৭ ] কুলা দিয়া শস্যাদি ঝাড়া।

**পাছা** [ < পশ্চাৎ ] নিতম্ব। ... **পাছা-পেড়ে** ] তিন পাড় বিশিষ্ট (মধ্যের পাড় *পাছাড় উপরে পড়ে। '— শাড়ি')*

**পাছাড়ে** ] আছাড়ে।

**পাছু, পিছু/পেছু** ] < পশ্চাৎ, পর ('আগু-')। পিছন দিক্ ('— হাঁটা'। '— ডাকা' — অগ্রসর ব্যক্তিকে পিছন হইতে ডাকা। '— নেওয়া' — অনুসরণ করা)। ... **পাছুতে, পিছুতে** ] পশ্চাতে, পিছনে ('— লাগা' — উত্যক্ত করা। কোনও বিষয়ে দৃঢ়ভাবে নিযুক্ত হওয়া)। পরে, শেষে, অবশেষে।

**পাছে** ] আশঙ্কায়, যদি — সেজন্য ('— সে রাগ করে')। পিছুতে।

**পাঁজ** [ < পাঁজি ] (পাঁইজ প্রাঅপ্রঃ) তুলার বাতি যাহা হইতে সুতা কাটে, পিঞ্জিকা।

**পাঁজর, পাঁজরা** ] < পঞ্জর, কঙ্কাল। বুকের ও পাশের হাড়।

**পাঁজা ১** [ ফা. পজা.ব.হ্ ] পুড়াইবার জন্য ইটের স্তূপ, ইট পুড়াইবার ভাটি।

**পাঁজা ২** ] পাঞ্জা (দেখ)। কোনও লোককে তুলিবার জন্য তাহার কাঁধ ও ঊরুর নীচে করতল স্থাপন ('— ক'রে ধরা, তোলা')। ... **পাঁজাকোলা** ] কোলের কাছে উক্ত-প্রকারে ধারণ।

**পাঁজা** — উগ্রক্ষত্রিয় জাতির উপাধিবিশেষ।

**পাজামা** (পায়জামা দেখ)

**পাঁজাল, পাঁজালি** — কৃষকদের দ্বারা ব্যবহৃত খড়ের নুড়োর আগুন।

**পাঁজি** ] < পঞ্জিকা (দেখ) ... **পাঁজি-পুঁথি** ]. — প্রামাণ্য গ্রন্থাদি। পঞ্জিকা এবং শাস্ত্র গ্রন্থাদি স্মৃতিসংহিতার মত।

**পাজী** [ ফা ] নচ্ছার, দুষ্ট, নীচ।

**পাঞ্চজন্য** — কৃষ্ণের শঙ্খ (পঞ্চজন-নামক অসুরের অস্থি)

**পাঞ্চভৌতিক** — পঞ্চভূত -বিষয়ক বা -জাত।

**পাঞ্চাল** — ণ. পঞ্চালদেশ সম্বন্ধীয়। ... ষ্য. পঞ্চাল দেশ। ... **পাঞ্চালী** — দ্রৌপদী।

**পাঞ্জা** [ ফা. পঞ্জহ্ ] করতল, থাবা। করতলের ছাপ (দস্তখত বা মোহরের বদলে। 'নবাবের —')। ('— কষা, লড়া' — পরস্পর পঞ্চাঙ্গুলি সংযুক্ত করিয়া পাঞ্জার বল পরীক্ষা)

**পাঞ্জাবি** ] ঢিলা জামা বা পিরান বিঃ।

**পাট ১** [ < পট্ট ] কোষ্টা, jute, নালিতা। রেশম, কৌশেয় ('পাটের কাপড়')। ভাঁজ,

স্তর ('কাপড় — করা। — খোলা, ভাঙা')। পাটা, তক্তা (ধোবার, কপাটের —')। সিংহাসন ('রাজ-। -রানী')। বৈষ্ণব পীঠস্থান, ধাম ('শ্রীপাট নবদ্বীপ')। অস্তাচল ('সূর্য পাটে বসা, নামা')। গৃহের নিত্যকর্ম ('— সারা। বাসী —')। পদ্ধতি, অনুষ্ঠান ('বংশের —। — তুলে দেওয়া')। (§ পেটো)। ... **পাটকরণী** — যে দাসীর কাজ ঘর সংসারের মাজাঘষার কাজ। ... **পাটকাঠি** — পাঁকাটি। পাটের কাঠি। ... **পাটভাঙা** — (বস্ত্রের) ভাঁজ খোলা।

**পাট ২** [ < পাটক ] পাতকুয়ার ভিতরের পোড়া মাটির বেষ্টনী, পাড়।

**পাটক** — পাড়া। পাশার ঘুঁটি চালানো।

**পাটরানী** ] প্রধানা মহিষী।

**পাটকিলে** ] ইটের রং বিশিষ্ট।

**পাটকেল** ] ইটের টুকরা।

**পাটল (পত্তন)**] — প্রদেশ, দেশের অংশ। নগর।

**পাটনী/পাটুনী** ] খেয়াঘাটের মাঝী, ঘাট-মাঝী।

**পাটব** — পটুতা।

**পাটল** — পাটকিলে। গোলাপী। ... **পাটল**, গোলাপ ফুলেরও নাম)। ... **পাটল**, **পাটলী, -লি** — পারুল ফুল (মতান্তরে — পাটল বর্ণের গাভী।।

***পাটলিপুত্র* — পাটনার প্রাচীন নাম।**

**পাটা** ] < পট্ট, তক্তা ('কাঠের, পাথরের, ধোবার —')। 'বুকের —' — বক্ষের বিস্তার অর্থাৎ সাহস)। পাট্টা।

**পাটাতন** [ < পট্ট-পত্তন ] কাঠের মেঝে।

**পাটাবুকী** ] — বেপরোয়া, দুঃসাহসিনী, অদম্যচিত্তা, (পদাবলী)

**পাটালি** ] পাটায় ঢালা শুষ্ক গুড়ের তক্তি।

**পাটি ১, পাটী** — শৃংখলা, ধারা, প্রণালী ('পরি-')। এক জাতীয় শ্রেণী, পঙ্‌ক্তি, সারি ('দন্ত দাঁত')

**পাটি ২** ] জোড়ার একটি ('এক — জুতা')।

**পাটি ৩** ] — মাদুর। ('শীতলপাটি')। পাশুটি (পাশা খেলায়)

**পাটীগণিত, পাটি-** — অংক বিষয়ক গণিত।

**পাটেশ্বরী** [ < পট্টেশ্বরী ] পাটরানী।

**পাটোয়ার, -রী** ] যে খাজনা আদায় করে ও তাহার হিসাব রাখে। যে হার ইঃ গহনা গাঁথে। অতিহিসাবী, লাভ লোক-সান সম্বন্ধে অত্যধিক সাবধান ('পাটো-য়ারী বুদ্ধি')

**পাট্টা** [ < পট্ট ] জমি ভোগ করিবার অধিকারপত্র। পাট, ভাঁজ; কাপড়ের জোড় ('দো-, দেড়-')। চাপ, ঘন স্তর ('গাল-')

**পাঠ** — পঠন, পড়া। অধ্যয়ন। আবৃত্তি ('মন্ত্র-')। (§ পঠনীয়, পাঠ্য)।...**পাঠক** — যে পড়ে বা আবৃত্তি করে। পুরাণ-পাঠক, কথক। ... স্ত্রী. **পাঠিকা**। ... **পাঠশালা** — বিদ্যালয়। (বাং) প্রাথমিক বিদ্যালয় ('গুরুমহাশয়ের —')। ... **পাঠ্যক্রম, পাঠ্যসূচী** — পঠন-পাঠনের নির্দিষ্ট ধারা syllabus.

**পাঠন, -না** — অধ্যাপনা, শিক্ষাদান। ... **পাঠনা কক্ষ** — ক্লাস রুম। বিদ্যালয়ের যে ঘরে পড়ানো হয়।

**পাঁঠা** ] ছাগল। ... স্ত্রী. **পাঁঠী** ]। ...

**পাঠান** [ পস্তু ] ভারতের উত্তরপশ্চিম প্রদেশের মুসলমান জাতি বিঃ।

**পাঠানো** [ √ পাঠা-১১। √ প্র-স্থা ] প্রেরণ করা ('চিঠি —'। 'ডেকে, ব'লে—' — লোক পাঠাইয়া ডাকা বা বলা)

**পাঠান্তর** — লিখিত বিষয়ের অন্য রূপ।

**পাঠাভ্যাস** — অধ্যয়ন। পড়া মুখস্থ করা। **পাঠার্থী** (-র্থিন্) — ছাত্র। যে পড়িতে চায়।
**পাঠিকা** — পাঠকারিণী।
**পাঠী** (-ঠিন্) — পাঠকারী; ছাত্র ('সহ-')। ... স্ত্রী. **পাঠিনী।**
**পাঠীন** — বোয়াল মাছ।
**পাঠ্য** — পঠনীয়, পাঠযোগ্য। যাহা পড়িতে হয় ('-পুস্তক')। ... **পাঠ্যসূচী** — যাহা যাহা পড়িতে হইবে, curriculum. ... **পাঠ্যাবস্থা** — পঠদ্দশা।
**পাড়** [ < পাটক ] নদী পুষ্করিণী ইঃর কিনারা। আল ('খেতের —')। পাতকুয়ার পাট। খুঁটির মাথায় লম্বা কাঠ ইঃ যাহার উপর ঘরের চাল থাকে। [ < পট্ট ] বস্ত্রাদির প্রান্ত ('কাপড়ের —')। [ < পাত ] চালাইবার জন্য পায়ের চাপ ('ঢেঁকিতে — দেওয়া')
**"পাঁড়"** [ < পণ্ড ] অত্যন্ত। পাকা (মন্দ অর্থে। '— মাতাল, শসা')
**পাঁড়** — দলের নেতা। সর্দার।
**পাড়া ১** [ < পদ্র ] পল্লী, মহলা। ... **পাড়াগাঁ ]** পল্লীগ্রাম। ... ণ. **পাড়াগেঁয়ে ]**। ... **পাড়াপড়শী ]** পাড়ার প্রতিবেশী। ... **পাড়াকুঁদুলী** — যে নারী পাড়ার সকলের সঙ্গে ঝগড়া করিয়া বেড়ায়।
**পাড়া ২** [ √ পাড়্-৭। < পৎ ] পাতিত *করা, নামানো ('ফল —। উপরের তাক থেকে —')। ভূমিষ্ঠ করা ('ডিম —')।* প্রসারিত করা, পাতা ('বিছানা —')। আঘাতদ্বারা ভূমিতে ফেলা ('এক কোপে পেড়ে ফেলা')। অন্যের উদ্দেশে উচ্চৈঃ-*স্বরে বলা ('গালি, ডাক —')।* ...
**পাড়ানো** [ √ *পাড়া-২১ ]* অন্যের দ্বারা পাতিত করা বা নামানো। (ঘুম দেখ)
**পাড়ি ]** পার, উত্তরণ ('নদী, সাগর — দেওয়া')। এক পার হইতে অন্য পারের বিস্তার ('লম্বা —')। ('— জমানো') — পার হওয়া)
**পাড়ি** (পাইড়) — খুঁটীর উপর যে লম্বা কাঠ খড়ের চাল ধরিয়া থাকে।
**পাঁড়ে** (পাণ্ডে দেখ)
**পাণি** — হস্ত। ... **পাণিগ্রহ, -গ্রহণ** — বিবাহ। ... **পাণিপীড়ন** — বিবাহ। করমর্দন।
**পাণিনি** — বিখ্যাত সংস্কৃতব্যাকরণকার বিঃ। ... ণ. **পাণিনীয়।**
**পাণ্ডব, পাণ্ডবেয়** — পাণ্ডুপুত্র, যুধিষ্ঠিরাদি। ... ণ. **পাণ্ডবীয়।** ... **পাণ্ডববর্জিত** — যে দেশ এত মন্দ যে পাণ্ডবগণ তাহা জয় করেন নাই বা তথায় যান নাই।
**পাণ্ডর** (পাণ্ডু দেখ)
**পাণ্ডা ]** তীর্থস্থানের পূজারী। উদ্‌যোক্তা, কর্মকর্তা ('সভার —')
**পাণ্ডাল ]** সভা ইঃর জন্য মণ্ডপ।
**পাণ্ডিত্য** — বিদ্যাবত্তা। নৈপুণ্য।
**পাণ্ডু** — যুধিষ্ঠিরাদির পিতা। রোগ বিঃ, নেবা। ... **পাণ্ডু, পাণ্ডুর, পাণ্ডর** — ফেকাশে, শুক্লপীতবর্ণ।
**পাণ্ডুলিপি, -লেখ, -লেখ্য** — প্রথম লিখিত খসড়া, মুসাবিদা ('নূতন আইনের —')। হাতে লেখা কাগজ, মুদ্রণের নিমিত্ত লিখন ('পুস্তকের —')
*পাণ্ডে, পাঁড়ে [ < পণ্ডিত ] হিন্দুস্থানী* ব্রাহ্মণের উপাধি বিঃ।
**পাণ্ড্য** — দাক্ষিণভারতীয় প্রাচীন দেশ (মাদুরা ও তিনেভেল্লি জেলা) বা জাতি *বিঃ।*
**পাত ১** — পতন ('বৃষ্টি-, বজ্র-')। স্রাব ('রক্ত-')। ক্ষয়, নিপাত ('দেহ- করা।

শত্রু-')। নিক্ষেপ, প্রয়োগ ('দৃষ্টি-, কর্ণ-')। ঘটন ('অনর্থ-')

**পাত ২**] < পত্র, পাতা ('কলা-। বহির —')। ভোজনের কলাপাত বা তাহার ব্যবস্থা ('— পাতা, করা')। ধাতু ইঃর চাদর বা পত্র ('লোহার, সোনার —')। ... **পাতক্ষীর** — যে ক্ষীর এত ঘন যে পাতায় করিয়া লওয়া যায়। ... **পাত-গালা** — পাতের মত পাতলা গালা। ... **পাতচাটা** — এঁটো পাতা যে চাটিয়া খায় — অতিরিক্ত তোষামুদে। ... **পাততাড়ি**] লিখিবার জন্য তালপাতের গোছা। ('— গোটানো' — প্রস্থানের আয়োজন করা)

**পাতক** — পাপ ('মহা-')। ... **পাতকী** (-কিন্) —পাপী। ... স্ত্রী. **পাতকিনী**।

**পাতকুয়া, -কুয়া / -কুয়ো**] ছোট কুয়া।

**পাতঞ্জল** — পতঞ্জলি-প্রণীত ('— দর্শন' — যোগসূত্র)

**পাতড়া** — এঁটো পাতা। উচ্ছিষ্ট।

**পাতন** — পাতকরণ, অধঃক্ষেপণ। চুয়ানো, বকযন্ত্রদ্বারা নিষ্কাশন, distillation ('ঊর্ধ্ব-')। বিছানো। নিপাত করণ। (§ পাতিত, পাত্যমান)

**পাতনা** — (১) ধান্যের মধ্যে যে সব তুষ চিটা ইত্যাদি থাকে। (২) বৃহৎ মৃৎপাত্র যাহাতে গোরু মহিষ জাব-ছানি খায়।

**পাতনা পচা** — সিদ্ধ করা ধান পাতনার দুর্গন্ধি জলে ঢালার জন্য চাউলে যে দুর্গন্ধি হয়।

**পাঁতর** — প্রান্তর (ব্র-বু)

**পাতলা** [ < পত্র-] যাহা পুরু বা ঘন নয় ('— কাগজ, দুধ')। সূক্ষ্ম, সরু ('— চুল')। রোগা, কৃশ ('— গড়ন')

**পাতা ১** (-তৃ) — পালনকর্তা, রক্ষক ('জগৎ-')। যে পালন করে।

**পাতা ২**] < পাত্র, পাত ('গাছের, বহির —')। খাইবার কলাপাত, (পাত ২ দেখ)। ('চোখের —' — নেত্রপল্লব। 'পায়ের —' — পদতল)

**পাতা ৩** [ √ পাত্-৭। < পৎ] বিছানো, বিস্তারিত করা ('আসন, বিছানা, জাল, হাত—')। উন্মুখ করিয়া রাখা, স্থাপন, করা ('কান, ফাঁদ —')। (অন্যান্য প্রয়োগ — 'আড়ি, ওত, দই, বুক, মাথা, সংসার —')। ... ণ. বিস্তৃত। স্থাপিত। ... **পাতানো** [ √ পাতা-১১] বিছাইয়া লওয়া। সম্বন্ধ স্থাপন করা ('সই —')। ... ণ. কৃত্রিম সম্বন্ধ যুক্ত ('— বোন')

**পাতারি** — নদীর ধারে ধারে বন্যা-নিবারণের জন্য ছোট বাঁধ।

**পাতাল** — মর্ত্যলোকের নিম্নবর্তী পুরাণোক্ত স্থান বিঃ (সপ্তপাতাল দেখ)। নাগলোক। ভূগর্ভ ('সীতার -প্রবেশ')। নরক।

**পাতি**] < পঙ্‌ক্তি। ... **পাতি পাতি**] তন্ন তন্ন ('— করিয়া খোঁজা')

**পাতি-**] জাতিসূচক (ক্ষুদ্র বা নিকৃষ্ট। '-কাক, -নেবু, -হাঁস')

**পাঁতি**] < পঙ্‌ক্তি। শাস্ত্রীয় ব্যবস্থা ('— দেওয়া')

**পাতিত** — নিক্ষিপ্ত, অধঃকৃত। (পাতন দেখ)

**পাতিত্য** — পতিতের ভাব।

**পাতিব্রত্য** — পতিপরায়ণতা, সতীধর্ম।

**পাতিয়ার** — প্রত্যয় ক'র (ব্র-বু)

**পাতি**] — √ পাতা ক্রিয়া হইতে বিশেষ্য পদ। — যেমন— খেলা পাতি।

**পাতী** (-তিন্) — যাহা পড়ে, পতনশীল ('অন্তঃ-, সদ্যঃ-')

**পাত্তা** [হি. পতা] উদ্দেশ, ঠিকানা, খবর

('— পাওয়া')

**পাত্তি, পাঁত্তি**] — পাটী বা মাদুর তৈরির জন্য ব্যবহৃত নরম শরজাতীয় তৃণ।

**পাত্যমান** — যাহাকে পাতিত করা হইতেছে।

**পাত্র** — আধার ('ভোজন-')। আস্পদ, ভাজন, বিষয় ('প্রেম-। স্নেহের —')। যোগ্য ব্যক্তি ('দয়ার, ঘৃণার —')। লোক ('সহজে ছাড়বার — নয়')। বর, যাহার সহিত বিবাহের সম্বন্ধ হয়। নাটকীয় বা গল্পবর্ণিত ব্যক্তি। অমাত্য')। ... স্ত্রী. **পাত্রী**। ... **পাত্রতা** — যোগ্যতা। গৌরব। **পাত্রস্থ** — বরের সহিত বিবাহিত ('কন্যা — করা')। **পাত্রমিত্র** — রাজসভার সভ্যগণ। **পাত্রাপাত্রবিচার** — যোগ্যাযোগ্য বিবেচনা।

**পাথর**] < প্রস্তর, পাষাণ। পাথরের থালা। মণি ('আংটির —')। ... **পাথরকুচি** — এক প্রকারের গুল্ম — ঔষধে ব্যবহৃত।

**পাথর চাপা** — যাহা চিরদিন পাথরের ন্যায় কঠোর বাধার চাপে সার্থক হইতে পায় না। (কপাল)

**পাথরি /পাথুরি**] মূত্রাশয় বা পিত্তাশয়ের রোগ বিঃ, অশ্মরী (পাথরের তুল্য বস্তু জন্মে)

**পাথার** [< প্রস্তার] সমুদ্র, বিশাল জলরাশি ('অকূল —')

**পাথালি** — এক হাতে মাথা অন্য হাতে পাদুটি উপর দিকে তুলিয়া উত্তোলন।

**পাথেয়** — পথখরচ, সম্বল।

**পাদ** — পা, পদ, চরণ। গোড়া, মূল। শ্লোকের চরণ। পোয়া, চতুর্থাংশ (ধর্মের এক —')। সম্মানসূচক ('প্রভু-')। ... **পাদচারণ, -চার** — পায়চারি। ... **পাদচারী** (-রিন্) — যে পায়ে হাঁটিয়া চলে। ... **পাদটীকা** — পুস্তকাদির পৃষ্ঠার নিম্নদেশে লিখিত টীকা। ... **পাদপদ্ম** — চরণরূপ পদ্ম। ... **পাদপীঠ** — পা রাখিবার পিঁড়ি। ... **পাদপূরণ**—অবশিষ্ট চরণ দ্বারা শ্লোক সম্পূর্ণ করণ। ... **পাদমূল** — চরণের নিম্নদেশ। ... **পাদলেহন** — পা চাটা, হীনভাবে খোশামোদ। ... **পাদশৈল** — বৃহৎ পর্বতের নিম্নবর্তী ক্ষুদ্র পর্বত।

**পাদপ** — (মূঃ যে পাদদ্বারা পান করে) বৃক্ষ।

**পাদবিক** ভ্রমণকারী, পথিক।

**পাদরী** [পো. padre] ] খ্রীষ্টীয় যাজক।

**"পাঁদাড়"**] বাড়ির পিছনের নোংরা জায়গা।

**পাদান** [ফা.] যাহাতে পা দিয়া গাড়ি ইঃতে উঠিতে হয়।

**পাদুকা** — জুতা।

**পাদোদক**—পূজ্য ব্যক্তির চরণস্পৃষ্ট জল।

**পাদোন** — (পাদ-ঊন) — পৌনে।

**পাদ্য** — পা ধুইবার জল।

**পান ১** -- তরল বা বায়ব দ্রব্য গলাধঃকরণ ('— করা। সুরা-, ধূম-')। (§ পানীয়, পেয়)। ... **পানগোষ্ঠী** — মদের আড্ডা ... **পানদোষ** — মদ খাইবার অভ্যাস। ... **পানপাত্র** — পান করিবার পাত্র।

**পান ২**] < পর্ণ, তাম্বুল। পানের পাতা বা সাজা পানের খিলি।

**পান ৩**] (পাইন প্রাঅপ্রঃ) ঝাল, যে মিশ্র-ধাতুর যোগে ধাতুদ্রব্য জোড়া হয়। ('— মরা' — সোনা রূপার গহনা গলাইলে পান থাকার জন্য ওজনের হ্রাস)। ইস্পাত ইঃ ধাতুতে অভীষ্ট কাঠিন্য সঞ্চার ('— দেওয়া। কড়া, নরম —')

**পানক** — পানা, সরবত্।

**পানকৌড়ি** ] পাখি বিঃ (cormorant জাতীয়। জলে ডুব দিয়া মাছ ধরে)

**পানতুয়া** ] ভাজিয়া চিনির রসে ফেলিয়া তৈয়ারী ছানার অণ্ডাকার মিষ্টান্ন।

**পানসি** [ ই. pinace] ছোট নৌকা বিঃ।

**পানসে** ] ফিকা, জ'লো, যাহার স্বাদ কম।

**পানসেরা** — যে তোলদাঁড়িতে পাঁচ সের পর্যন্ত ওজন করা যায়।

**পানা ১** [ < পানক ] শরবত ('মিছরির—')

**পানা ২** ] শেওলা-জাতীয় জলজ উদ্ভিদ বিঃ।

**পানা ৩** ] মতন, তুল্য ('চাঁদ-')

**পানাসক্ত** — সুরাপায়ী।

**পানি** [ হি। < পানীয় ] জল। ... **পানি-পাঁড়ে** ] — রেলস্টেশনে যে ব্রাহ্মণশ্রমিক যাত্রীদের জলবিতরণ করে। ... **পানি-বসন্ত/পান-** ] জলবসন্ত, রোগ বিঃ। ... **পানিফল/পান-** ] জলজ ফল বিঃ, শৃঙ্গাটক (হি সিঙাড়া।

**পানীয়** — পেয়, পানের যোগ্য ('—জল')। যাহা পান করা হয়।

**পানুই, পানই** ] উপানৎ, জুতা।

**পানে** ] প্রতি, অভিমুখে (পদ্যে অথবা গ্রাম্য। 'আমার — চায়')

**পান্তা** ] জলে ভিজানো বাসী ভাত।

**পান্তী** — পানবিক্রেতা।

**পান্থ** — পথিক। ... **পান্থনিবাস, -শালা** — পথিকদের থাকিবার স্থান, ধর্মশালা চটি ইঃ। ... **পান্থপাদপ** — নির্জল প্রদেশের একশ্রেণী বৃক্ষ যাহার পত্রমূলে জল সঞ্চিত থাকে।

**পান্না** [ < পর্ণ ] সবুজ মণি বিঃ, মরকত, emerald. *খাঁটী সোনা বা তাহার* পাত।

**পাপ** — ধর্মবিরুদ্ধ কার্য, কলুষ, কল্মষ, কিল্বিষ, দুরিত, দুষ্কৃতি। আপদ্ ('—বিদায় করা')। পাপী। ... **পাপকৃৎ** — পাপকারী। ... **পাপগ্রহ** — অশুভকর গ্রহ, শনি মঙ্গল রাহু ইঃ। ... **পাপঘ্ন, পাপহর** — পাপনাশক। ... **পাপবুদ্ধি** — দুষ্টবুদ্ধি। ... **পাপভাক্ (-ভাজ্)**— পাপকারী।

**পাপড়ি** [ < পর্ব ] ফুলের দল, petal.

**পাঁপর ১** [ < পর্পট ] দালের সহিত ঈষৎ ক্ষার মিশাইয়া তৈয়ারী পাতলা রুটি ('-ভাজা')

**পাঁপর ২** [ ই. pauper] **নিঃস্ব** লোক যাহার মকদ্দমা সরকারী ব্যয়ে হয়।

**পাপাচার** — ষ্য. পাপানুষ্ঠান। ... ণ. **পাপ-**কারী, দুরাচার।

**পাপাত্মা** ( -ত্মন ), **পাপাশয়**—পাপপরায়ণ।

**পাপিয়া** ] কোকিল-জাতীয় পাখি বিঃ, hawk-cuckoo.

**পাপিষ্ঠ** — মহাপাপী। ... স্ত্রী **পাপিষ্ঠা**।

**পাপী** (-পিন্) — যে পাপ করে। ... স্ত্রী. **পাপিনী**।

**পাপীয়সী** — পাপিষ্ঠা।

**পাপোশ** [ ফা ] পায়ের ধূলা মুছিবার জন্য নারিকেলছোবড়া ইঃর আস্তরণ।

**পাব** ] < পর্ব, গ্রন্থি, গাঁট। দুই গাঁটের মাঝের অংশ ('আঙুলের, আকের —')

**পাবক** — শোধক, যে পবিত্র করে। অগ্নি।

**পাবদা** [ < পর্বত ] আঁশহীন ছোট মাছ বিঃ।

**পাবন** — ষ্য. শোধন। ... ণ. পাবক, **শোধক** ('পতিত-')। ... স্ত্রী **পাবনী**।

**পাম, পামা** — খোসচুলকানি।

**পামর** — নরাধম, পাপী। মূর্খ, **নীচ** ('আপামর')। ... স্ত্রী. **পামরী**।

**পাম্প** [ ই ] জল তুলিবার কল।

**পায়খানা** [ ফা. পায়খানহ্ ] মলত্যাগের ঘর।

**পায়চারি**] পাদচারণ, হাঁটা। সীমাবদ্ধ স্থানে ভ্রমণ ('বারান্দায় — করা')

**পায়জামা, পাজামা** [ফা. -জামহ্] ইজার।

**পাঁয়তারা**] কুস্তি ইং‌তে পদক্ষেপভঙ্গী। কাজের আগে আস্ফালন। ('— করা')

**পায়দল** [হি] পদব্রজে হাঁটিয়া।

**পায় পায়, পায়ে পায়ে**] প্রতি পদে।

**পায়রা**] < পারাবত, কবুতর।

**পায়স — পায়েস**] পরমান্ন, দুগ্ধযোগে প্রস্তুত গাঢ় তরল মিষ্ট খাদ্য।

**পায়া** [ফা. পায়হ্] খাট টেবিল ইং‌র নীচে সংলগ্ন খুঁটি, খুরা।

**পায়াভারি**] উচ্চপদের জন্য গর্ব।

**পায়ু** — মলদ্বার।

**পার** — নদী ইং‌র অপর তীর ('পারে যাওয়া')। উত্তরণ; বিপদ পাপ ইং হইতে উদ্ধার ('— করা, হওয়া')। প্রান্ত, তীর ('এপার, ওপার')। (§ পারানি, পারানো, পেরনো)। ... **পারঘাট** — যে ঘাটে লোকে খেয়ানৌকায় পারাপার করে।

**পারংগম, পারঙ্গম** — পারগ, পারগামী।

**পারক** — যে পারে, সমর্থ।

**পারক্য** — ণ. পরকীয়। শত্রু সম্বন্ধীয়। পারলৌকিক। ... য্য. পরকীয়তা। পরাধীনতা।

**পারগ** — পারগামী। সমর্থ।

**পারণ, পারণা** — ব্রতজন্য উপবাসের পর প্রথম ভোজন।

**পারতন্ত্র্য** — *পরতন্ত্রতা, পরাধীনতা।*

**পারতপক্ষে**] পারিলে, সম্ভবপর হইলে (প্রায় নিষেধে। ('— সেখানে যেয়ো না')

**পারত্রিক** — পারলৌকিক। (তুঃ ঐহিক)

**পারদ**—পারা, তরল ধাতু বিং, mercury.

**পারদর্শী** (-র্শিন্) — পরিণামদর্শী। অভিজ্ঞ, বিচক্ষণ, সমর্থ। ...ষ্য.-দর্শিতা।

**পারদারিক** (পরদার দেখ)

**পারদার্য** — পরস্ত্রীগমন।

**পারবশ্য** — পরবশতা, অধীনতা।

**পারমাণব, -বিক** — পরমাণু বিষয়ক।

**পারমার্থিক** - পরমার্থ বিষয়ক।

**পারম্পর্য** - ধারাবাহিকতা।

**পারলৌকিক** — পরলোক বিষয়ক। (তুঃ ঐহলৌকিক)

**পারশ** — পরিবেশন।

**পারশে**] ছোট মাছ বিং।

**পারসী** [ফা] ফারসী, পারস্যদেশের ভাষা। পারসীক, ইরানী। জরথুস্ত্রপন্থী পারসীক জাতি যাহারা বহুকাল হইতে ভারতে বাস করিতেছে। উক্ত জাতি সম্বন্ধীয় ('— শাড়ি')

**পারসীক, -শীক**—পারস্য দেশীয় বা দেশবাসী, ইরানী।

**পারস্য, -শ্য** - এশিয়ার অন্তবর্তী দেশ বিং, ইরান।

**পারা ১**] < পারদ (দেখ)

**পারা ২**] < প্রায়, সদৃশ, তুল্য (প্রায় পদ্যে। 'পাগল-')

**পারা ৩** [√পার্-৭। < পৃ] পারক বা সমর্থ হওয়া; ('সাঁতার দিতে —')। সম্ভবপর হওয়া; বাধাহীন বা অনুমতিপ্রাপ্ত হওয়া ('হইতে পারে। তুমি এখন যাইতে পার')

**পারানি**] পার হইবার মূল্য, খেয়ার কড়ি।

**পারানো** [√পারা-১১] পার করা। পার *হওয়া, পেরনো।*

**পারাপার** — (পার-অপার) উভয় তীর। এক তীর হইতে অন্য তীরে গমন। (সং.) পারাবার, সমুদ্র।

**পারাবত** — পায়রা, কপোত।

**পারাবার** — (পার-অবার) সমুদ্র। (সং) উভয় তীর।

**পারায়ণ** — সম্পূর্ণতা। পুরাণাদি গ্রন্থের

সমগ্র পাঠ ('মহাভারত-')
**পারাশর** — পরাশর সম্বন্ধীয়। তৎপুত্র কৃষ্ণদ্বৈপায়ন ব্যাস।
**পারি** — নৌকাপথ।
**পারিজাত** — স্বর্গের পুষ্প বিঃ।
**পারিতোষিক** — পরিতুষ্ট হইয়া বা খুশী করিবার জন্য যাহা দেওয়া হয়, পুরস্কার, বকশিশ।
**পারিপাট্য** — শৃঙ্খলা, গোছ, সুবিন্যাস। নৈপুণ্য।
**পারিপাত্র** — মালবদেশীয় পর্বত।
**পারিপার্শ্বিক** — ষ্য. (নাটকে) সূত্রধারের সহচর নট। ... ণ. পার্শ্ববর্তী, চতুর্দিগ্‌বর্তী।
**পারিব্রজ্য** — পরিব্রজ্যা, পরিব্রাজকের ধর্মপালন।
**পারিভদ্র** — নিম্ববৃক্ষ।
**পারিভাষিক** — পরিভাষা বিষয়ক।
**পারিশ্রমিক** — পরিশ্রমের মূল্য, মজুরি।
**পারিষদ** — সভাসদ্, সদস্য। পার্শ্বচর।
**পারীন্দ্র** — সিংহ।
**পারুল** ] < পাটলী, পাটলবর্ণ ঘণ্টাকার সুগন্ধ ফুল বিঃ।
**পারুষ্য** — পরুষতা, কর্কশভাষণ।
**পার্থ** — পৃথার (কুন্তীর) পুত্র। অর্জুন।
**পার্থক্য** — পৃথক্‌ত্ব, বিভিন্নতা, প্রভেদ।
**পার্থিব** — পৃথিবী সম্বন্ধীয়, জাগতিক, ঐহিক ('— দেহ, সুখ')। রাজা।
**পার্বণ** — পর্ব, উৎসব ('পৌষ-')। অমাবস্যাদি পর্বদিনে কৃত্য শ্রাদ্ধ। ... **পার্বণী** — পর্ব উপলক্ষ্যে প্রদত্ত পারিতোষিক।
**পার্বত, পার্বতীয়** — পর্বত সম্বন্ধীয়, পর্বতীয়, পাহাড়ে। পর্বতময় ('— প্রদেশ')। পর্বতবাসী ('— জাতি')। পর্বতজাত ('— তরু')
**পার্বতী**—হিমালয়-মেনকার কন্যা, অপর্ণা, উমা, গৌরী, হৈমবতী।
**পার্বত্য** ] (অশুপ্রঃ) পার্বত।
**পার্যমানে** — পারতপক্ষে।
**পার্লামেণ্ট** (ই)—গণতন্ত্রীয় শাসন ব্যবস্থার প্রতিনিধি সভা।
**পার্শেল** (ই) — ডাকযোগে প্রেরিত দ্রব্যাদি।
**পার্শ্ব** — পাশ, দিক্। ... **পার্শ্বচর** — সহচর। মোসাহেব। ... **পার্শ্বপরিবর্তন** — পাশ ফেরা। ... **পার্শ্ববর্তী** (-র্তিন্), **পার্শ্বস্থ** — পার্শ্বে অবস্থিত।
**পার্শ্বনাথ** — জৈনতীর্থংকর (পরেশনাথ দেখ)
**পার্ষদ** — পারিষদ (দেখ)
**পার্ষ্ণি** — গোড়ালি। পৃষ্ঠদেশ। সৈন্যের পশ্চাদ্‌ভাগ।
**পাল ১** — পালক, রক্ষক ('গো-, ধর্ম-')। উপাধি বিঃ।
**পাল ২** [ < পালি ] সমূহ, দল ('গরুর —')। *গরু ইঃ পশুর সংগম, প্রজনন।*
**পাল ৩** ] (পাইল প্রাঅপ্রঃ) বায়ুর দ্বারা চালাইবার নিমিত্ত নৌকাদির মাস্তুলে প্রসারিত বস্ত্র ('— তোলা, খাটানো, নামানো') চাঁদোয়া ('— টাঙানো')
**পালং, পালঙ, পালম** [ < পালংক ] ভক্ষ্য *শাক বিঃ। (পালংক দেখ)*
**পালক ১**—পালয়িতা, রক্ষক। ( § পালিকা)
**পালক ২, পালখ** ] পক্ষ, ডানা ('পাখির, প্রজাপতির —')। ডানার এক-একটি অংশ, প্রপক্ষ ('পালকের ঝাঁটা')
**পালকি** [ < পল্যংকিকা ] মনুষ্যবাহিত যান বিঃ, শিবিকা।
**পালংক/পালং, -ঙ** ] < পল্যংক, পর্যঙ্ক, খাট।
**পালট** ] প্রত্যাবর্তন, ফের ('উলট-')

**পালটা** ] বিপরীত, উলটা ('— হুকুম')। অপর পক্ষ দ্বারা প্রযুক্ত ('— জবাব, নালিশ')

**পালটানো** [ √ পাল্‌টা-১৭ ] উলটানো, পৃষ্ঠ পরিবর্তন করা ('ভাজা মাছ —')। পরিবর্তিত করা, ফিরানো, বদলানো ('হুকুম —')

**পালটি** ] যাহার সহিত বৈবাহিক আদান-প্রদান চলিতে পারে ('— ঘর')

**পালন** — পোষণ ('গো-, সন্তান-')। রক্ষণ ('নিয়ম-, সত্য-')। ( § পালিত, পাল্য)। ... **পালনীয়** — পালনযোগ্য, পাল্য।

**পালপার্বণ** [ < পাল্য- ] পালনীয় পার্বণ।

**পালয়িতা** (-তৃ) — পালক, রক্ষক। ... স্ত্রী. *-য়িত্রী।*

**পাললিক** — পলিমাটি সম্বন্ধীয়।

**পালা ১** ] < পল্লব; ছোট ডাল ('ডাল-')

**পালা ২** [ < পালি ] পর্যায়, বার ('— করিয়া কাজ করা'। এইবার তোমার —')। গীত বা অভিনয়ের বিষয় ('মান-ভঞ্জনের —')

**পালা ৩** [ < প্রালেয় ] তুষার।

**পালা ৪** [ √ পাল্‌-৭। < পাল্‌। প্রায় পদ্যে ] পালন করা।

***পালা ৫ — খড়ের আঁটির স্তূপ।***

**পালাই-পালাই** — পালাইবার জন্য অত্যন্ত আগ্রহ।

**পালান ১** [ < পল্যয়ন ] ঘোড়া ইঃর পিঠের গদি।

**পালান ২** ] গরুর স্তন।

**পালানিয়া** — পলাতক। যে কেবল পালাইয়া বেড়ায়।

**পালানো** [ √ পালা-১১। < পরা-অয়্‌ ] পলায়ন করা। ... **পলানো** [ √ পলা-১১। কেবল সাধুপ্রয়োগে ]

**পালি ১, -লী** — রাশি, পাল ২। পঙ্‌ক্তি, শ্রেণী। প্রান্ত। (বাং) শস্যাদির পরিমাণ বিঃ।

**পালি ২** ] প্রাচীন মাগধী ভাষা বিঃ।

**পালিকা, পালিনী** — পালয়িত্রী, রক্ষিত্রী।

**পালিত** — পোষিত; পোষা ('সযত্নে —। গৃহ-')। বাঙালী কায়স্থ বংশের উপাধি বিঃ। ... স্ত্রী. **পালিতা।**

**পালিত্য** — কেশের পক্কতা।

**পালিশ** [ ইঃ. polish ] মসৃণতা, উজ্জ্বলতা। উজ্জ্বল করিবার নিমিত্ত প্রলেপ ('— লাগানো')। উজ্জ্বলতা সম্পাদন ('গহনা — করা')

**পালুই** [ < পল্লক ] খড় ইঃর গাদা।

**পালো** ] শটি পানফল ইঃর শোধিত চূর্ণ, শ্বেতসার, starch.

**পালোয়ান** [ ফা. পহল্‌বান ] মল্ল, কুস্তিগির। বলবান্‌।

**পাল্য** — পালনীয়।

**পাল্লা** ] পক্ষ, পাট ('দরজার —')। তুলা-দণ্ডের দুই প্রান্তে যে আধার লম্বিত থাকে ('দাঁড়ি-')। যে দ্রব্য তৌল হইতেছে তাহার সমান ওজন ('— চড়ানো')। প্রতিযোগ ('— দেওয়া')। ব্যবধান ('দূর —')। আয়ত্তি, সঙ্গ ('অমুকের পাল্লায় পড়া')

**পাশ ১** — রজ্জু, দড়ি। বন্ধনাস্ত্র বিঃ, ফাঁস ('নাগ-')। বরুণের অস্ত্র। গুচ্ছ ('কেশ-')। পাশা ('-ক্রীড়া')। ( § পাশী)

**পাশ ২** ] < পার্শ্ব ('— ফেরা। পাশে বসা')। ... **পাশাপাশি** ] পরস্পরের পার্শ্ববর্তী, কাছাকাছি।

**পাঁশ** ] < পাংশু, ছাই। ছাইএর তুল্য তুচ্ছ বস্তু ('ছাই-')। ... **পাঁশুটে** [ < পাংশু-বৃত্ত ] পাংশুবর্ণ, ছাই রঙের।

**পাশক** — পাশা, অক্ষ। (পাকাটি দেখ)

**পাশব** — পশু সম্বন্ধীয়। পশুর তুল্য ('— অত্যাচার')। ... ষ্য. **-তা**। ... **পাশবিক**] (অশুপ্রঃ) পাশব।

**পাশরা, পাসরা** (পদ্যে) — ভোলা।

**পাশা**] < পাশক, খেলা বিঃ। ঐ খেলার অক্ষ। কানের গহনা বিঃ।

**পাশী** (-শিন্) — পাশধারী, বরুণ। যম। ব্যাধ।

**পাশুপত** — শিব সম্বন্ধীয় ('— অস্ত্র')। শৈব সম্প্রদায় বিঃ।

**পাশুলী, পাশলি**] — রূপার তৈরী পায়ের গহনা বিঃ।

**পাশ্চাত্য, -ত্ত্য** — পশ্চিমদেশীয়, প্রতীচ্য, ইওরোপীয় ও মার্কিন ('— সভ্যতা')। পশ্চাদ্‌বর্তী। পশ্চাৎ আগত।

**পাষণ্ড, পাষণ্ডী** (-ণ্ডিন্) — ধর্মে অবিশ্বাসী, নাস্তিক। অধার্মিক, দুরাচার। ... স্ত্রী. **পাষণ্ডিনী**।

**পাষাণ** — পাথর। কঠিন, নির্দয় ('— হৃদয়'। ... স্ত্রী. পাষাণী])। তুলাযন্ত্রের দুই পাল্লা সমান করিবার জন্য যে পাথর বা ওজন চাপাইতে হয় ('— ভাঙা' — পাল্লা সমান করা)

**পাস** [ই] পরীক্ষায় উত্তরণ বা উত্তীর্ণ ('— করা, হওয়া। পাসের খবর')। প্রবেশের জন্য অনুমতিপত্র ('থিয়েটারের, রেলের —')। ছাড়পত্র।

**পাসরিল** [√পাসর্-৫। < প্র-স্মর। পদ্যে] বিস্মৃত হইল। ... ষ্য. **পাসরন**]

**পাহাড়**] পর্বত। পাড়, উচ্চ তীরভূমি। ... **পাহাড়তলি**] পর্বতের নিম্নদেশ, তরাই। উপত্যকা। ... **পাহাড়িয়া / পাহাড়ে**] পার্বত। ... **পাহাড়ী**] পার্বত্য জাতি। পাহাড়ে। রাগিণী বিঃ।

**পাহারা** < প্রহর-] প্রহরীর কার্য, রক্ষার নিমিত্ত সতর্কতা ('— দেওয়া')। ... **পাহারাওয়ালা / -ওলা**] প্রহরী, আরক্ষিক, কনস্টেবল।

**পাহুন**] — প্রবাসী (ব্রজবুলি)

**পিউড়ি**] গোমূত্র হইতে প্রস্তুত হলদে রং বিঃ, গোরোচনা। হলদে রং বিঃ।

**পিউলী**] — পীতবর্ণের ধেনু।

**পিক ১** — কোকিল। ... স্ত্রী. **পিকী**।

**পিক ২, পিচ**] চিবানো পানের রস; থুতু ('— ফেলা')। ... **পিকদান, -দানি**] থুতু ফেলিবার পাত্র।

**পিঙ্গল, পিংগ**—হরিতাভ পাটল; কপিশ, কপিল ('— জটা')। ... স্ত্রী. **পিঙ্গলা**। —শাস্ত্রোক্ত নাড়ী বিঃ। ... **পিঙ্গাক্ষ**— —যাহার চক্ষু পিঙ্গল। শিব।

**পিচ** [ই] আলকাতরা হইতে উৎপন্ন *কৃষ্ণবর্ণ কঠিন নমনীয় দ্রব্য বিঃ। (পিক ২ দেখ)*

**পিচকারি**] জল ইঃ ছুড়িবার যন্ত্র ('— দেওয়া')

**পিচবোর্ড, পিস-** [ই. pasteboard] জমানো মোটা কাগজ।

**পিচুটি, পিঁচুটি** [< পিচ্চট] চোখের ক্লেদ ('— পড়া')

**পিচ্ছ** — ময়ূরপুচ্ছ। চূড়া। পুচ্ছ।

**পিচ্ছল, পিচ্ছিল**—পিছল, তেলা। লালাময়, হড়হড়ে।

**পিছ**] পশ্চাৎ। ('পিছে' — **পিছনে**। পরে)। ... **পিছটান**] পিছনের টান, মায়া স্নেহ ইঃর আকর্ষণ যাহা সংসারে ধরিয়া রাখিতে চায়। ... **পিছপা**] পশ্চাৎপদ, অনগ্রসর।

**পিছন**] পশ্চাৎ ('—দিক্')। পাছু (দেখ)

**পিছল, পিছলা**] < পিচ্ছল।

**পিছলানো / পিছলনো** [√পিছ্‌লা-১৮] পিচ্ছল স্থানে স্খলিত হওয়া, হড়কানো ('পা—')

**পিছা** — মাছের পুচ্ছাংশ।
**পিছানো / পিছনো** [ √ পিছা-১৩ ] পিছনে যাওয়া, পশ্চাদ্‌গমন করা। পিছনে পড়া। পিছনে থাকা, অগ্রসর না হওয়া।
**পিছপা** ] — পশ্চাতে।
**পিছু** (পাছু দেখ)
**পিঞ্ছ** — ময়ূরের পাখা।
**পিঞ্ছ মুকুট** — ময়ূরের পাখার চূড়া।
**পিঁজরা / -রে** ] < পিঞ্জর, খাঁচা। ... **পিঁজরাপোল** ] অকর্মণ্য গরু ঘোড়া ইঃ রাখিবার স্থান।
**পিঁজা** (পেঁজা দেখ)
**পিঞ্জন** — পেঁজা। তুলা ধুনিবার যন্ত্র।
**পিঞ্জর** — পিঁজরা, খাঁচা। পঞ্জর।
**পিঞ্জিকা** — তুলার পাঁজ।
**পিট** ] তাসখেলায় এক খেপে নিক্ষিপ্ত তাস।
**পিটন, পিটনি** (পেটা দেখ)
**পিটনা / -নে** ] ছাদ ইঃ পিটিবার কাঠের যন্ত্র।
**পিটপিট** ] মিটমিট ('চোখ — করা')। খিটখিট, অসন্তোষ প্রদর্শন। শুচিবাই-এর লক্ষণ প্রকাশ। ... ণ. **পিটপিটে** ]
**পিটা** (পেটা দেখ)
**পিটালি, পিঠালি / পিটুলি** ] ভিজা চাল-বাটা পিঠার উপাদান।
*"পিট্‌টান" [ < প্রস্থান ] পলায়ন, চম্পট ('— দেওয়া')*
**পিঠ** ] < পৃষ্ঠ; পশ্চাৎ ('পিঠের বোঝা। তিনের পিঠে পাঁচ')। ... **পিঠদাঁড়া** ] < পৃষ্ঠদণ্ড, মেরুদণ্ড। ... **পিঠাপিঠি / পিঠো-** ] পর পর ('— দুই ছেলে')। পিঠের দিকে পিঠ রাখিয়া ('— বসা')
**পিঠা / পিঠে** ] < পিষ্টক, চাল-বাটা দাল-বাটা ছানা ক্ষীর নারিকেল ইঃ যোগে প্রস্তুত মিষ্টান্ন। ... **পিঠাপুলি** — ভাজা পিঠা ও সিদ্ধ পিঠা।
**পিঁড়া / পিঁড়ে** [ < পিণ্ড ] পিঁড়ি। গৃহদ্বারের নিম্নস্থ অপ্রশস্ত অংশ বসিবার জন্য। দাওয়া।
**পিঁড়ি** [ < পিণ্ডি ] বসিবার জন্য কাঠের তক্তা। পট্ট ('চন্দন-')
**পিণ্ড** — "পিণ্ডি", মৃতের উদ্দেশে প্রদত্ত খাদ্য ('— দেওয়া, চটকানো। -লোপ)। খাদ্যের ডেলা। ডেলা ('উল্কা-, মাংস-')। ... ণ. **পিণ্ডিত**। ... **পিণ্ড, পিণ্ডি, পিণ্ডিকা, পিণ্ডী**—চক্রের নাভি। পায়ের গুলি। খর্জুর বিঃ ('পিণ্ডি খেজুর')। রোয়াক, পিঁড়া। ... **পিণ্ডদ** — মৃতের উদ্দেশে যে পিণ্ড দেয়। অন্নদাতা ('অনাথ-') ... **পিণ্ডলোপ** — বংশধরের অভাব + বংশধর না থাকায় পূর্ব-পুরুষগণ পিণ্ডজল পায় না।
**পিণ্ডারী** — মারাঠা দস্যু।
**পিতল** ] < পিত্তল (দেখ), "পেতল"।
**পিতা** (পিতৃ)—জন্মদাতা, জনক, জনয়িতা, জনিতা, বাপ। (সম্বোধনে — পিতঃ)। (§ পিত্র্য, পৈতৃক, পৈত্র্য)। ... **পিতামহ** — পিতার পিতা, ঠাকুরদাদা। ... **পিতামহী** — পিতার মাতা, ঠাকুরমা। (§ পৈতামহ)
**পিতুঃস্বসা, -ষ্বসা** (পিতৃষ্বসা দেখ)
*পিতৃঋণ — যে তিন ঋণ সহজাত — জাতকের পিতৃঋণ অন্যতম — প্রজা অর্থাৎ বংশধর উৎপাদনে এই ঋণ মুক্তি ঘটে।*
**পিতৃকল্প** — পিতার তুল্য, বাপের মতন, পিতৃস্থানীয়।
**পিতৃকার্য, -কৃত্য, -ক্রিয়া** — পিতৃপুরুষের উদ্দেশে শ্রাদ্ধতর্পণাদি।
**পিতৃকুল** — পিতা পিতামহ ইঃর বংশ।

**পিতৃগণ** — (পুরাণে) পিতৃলোকবাসী মুনিগণ যাঁহারা মনুষ্যাদির আদিপুরুষ (অগ্নিষ্বাত্ত ইঃ সপ্ত)। পূর্বপুরুষগণ।

**পিতৃদায়** — পিতৃশ্রাদ্ধনির্বাহরূপ কর্তব্য বা দুরূহ কর্ম।

**পিতৃধন** — পিতার উত্তরাধিকারে প্রাপ্ত-ধন।

**পিতৃধর্ম**—পিতার আচরিত ধর্ম (রীতি-নীতি প্রথা-পদ্ধতি)

**পিতৃপক্ষ**—আশ্বিন-শুক্লপক্ষের পূর্ববর্তী কৃষ্ণপক্ষ। পিতার সহিত সম্বন্ধযুক্ত আত্মীয়বর্গ।

**পিতৃপুরুষ** — পিতা পিতামহ ইঃ পূর্ব-পুরুষ।

**পিতৃবৎ** -- পিতার তুল্য।

**পিতৃব্য**—পিতার ভ্রাতা; জেঠা বা খুড়া।

**পিতৃভূমি** — পিতাপিতামহের বাসভূমি। স্বদেশ।

**পিতৃযান** — পিতৃগণ যে পথে চন্দ্রলোকে যান। পিতৃলোকে যাইবার পথ।

**পিতৃরিষ্টি** — যে পাপযোগে জন্ম হইলে জাতক পিতৃহীন হয়।

**পিতৃলোক** — পুরাণোক্ত ভুবন যেখানে পিতৃগণ বাস করেন।

**পিতৃশ্রাদ্ধ** — পিতার মৃত্যুর পর বৈদিক নিয়মানুসারে পিণ্ডাদিদান।

**পিতৃষ্বসা, পিতুঃস্বসা, -ষ্বসা** ( -সৃ) -- পিসী, পিতার ভগিনী। ... **পি**
**-স্রেয়** — পিসতুতো ভাই।
**পিতৃষ্বস্রীয়া, -স্রেয়া**—পিসতুতো বোন।

**পিতৃস্থানীয়** পিতৃকল্প। পিতার স্থলাভিষিক্ত।

**পিতৃহন্তা** ( -ন্তৃ), **পিতৃহা** (-হন্)—পিতৃ-ঘাতী, পিতৃহত্যাকারী।

**পিত্ত**—"পিত্তি", যকৃৎ হইতে নিঃসৃত তিক্ত রস বিঃ, bile (§ **পৈত্তিক**)। ... **পিত্তকোষ, পিত্তাশয়** — যে স্থলীতে পিত্ত সঞ্চিত হয়, gall-bladder ... **পিত্তঘ্ন, -নাশক** — যাহাতে পিত্তের প্রকোপ বা দোষ নষ্ট হয়। ... **পিত্ত পড়া**] ক্ষুধার সময় খাদ্যের অভাবে পিত্তের বৃথা স্রাব হওয়া।... **পিত্তরক্ষা** — ক্ষুধার সময় যৎকিঞ্চিৎ আহার। (ব্যঙ্গে) নামে মাত্র আকাঙ্ক্ষা নিবৃত্তি।

**পিত্তল** — পিতল, তামা-দস্তা মিশ্রিত ধাতু।

**পিত্রালয়** — পিতৃগৃহ, বাপের বাড়ি।

**পিত্র্য** — পৈতৃক।

**পিদিম, পিদিপ**] < প্রদীপ (দেখ)

**পিধান** — খাপ, খড়্গকোষ। পরিধান, বেষ্টন, ঢাকনি। (§ **পিহিত**)

**পিন** [ ই ] আলপিন। কাঁটা, ছোট পেরেক। বস্ত্রাদি আটকাইবার কাঁটা ('সেফটি-')

**পিনদ্ধ** — পরিহিত। বদ্ধ।

**পিনাক** — শিবধনু। ত্রিশূল। তন্ত্রীযুক্ত বাদ্যযন্ত্র বিঃ। ... **পিনাকপাণি, পিনাকী** ( -কিন্) — শিব।

**পিনাস, পিনেস**] < পীনস (দেখ)

**পিন্ধন**] পরিধান (প্রা-সা)

**পিঁপড়ে** (পিপীলিকা দেখ)

**পিপা / পিপে** [ পো. pipa ] ঢোলের তুল্য আধার।

**পিপাসা** — জলপানের ইচ্ছা, তৃষ্ণা, তৃষা ('—পাওয়া')। ... **পিপাসিত, পিপাসী** ('-সিন্) — যাহার পিপাসা পাইয়াছে, তৃষিত। ... **পিপাসু** — পান করিতে ইচ্ছুক।

**পিপীলিকা—পিঁপড়া / পিঁপড়ে**] কীট বিঃ (সংস্কৃতে পুং. পিপীল, -লক, -লিক। ... স্ত্রী. পিপীলী, -লিকা)

**পিপ্পল, পিঁপুল**] < **পিপ্পলী**, গোল-মরিচজাতীয় ফল বিঃ (ঔষধ)

**পি-পদ্ৰ ফি-শদ্ৰ** — অলসের চূড়ান্ত।
**পিপ্পল** — অশ্বত্থবৃক্ষ।
**পিপ্পলী, -লি** — পিপুল (দেখ)
**পিয়** — প্রিয়তম।
**পিয়ন** [ই] পেয়াদা, পত্রবাহক।
**পিয়ল]** — পীতবর্ণ। পীতবর্ণে রঞ্জিত।
**পিয়া]** < প্রিয়া প্রিয় (পদ্যে)
**পিয়াজ / পিঁয়াজ, পেঁ-** [ফা. পিয়াজ.] পলাণ্ডু, রসুন তুল্য কন্দ বিঃ (তরকারি) ... **পিয়াজী / পিঁয়াজী]** পিয়াজরঙের, ফিকা বেগনী, পিঁয়াজের বড়া।
**পিয়ানো** (ই) — একপ্রকার বিলাতী বাদ্যযন্ত্র।
**পিয়ার / পেয়ার** [< প্রিয়কার] প্রীতি, ভালবাসা। আদর ('— করা')। ... **পিয়ারা / পেয়ারা** [< প্রিয়কারক] প্রিয়পাত্র। ... স্ত্রী. **পিয়ারী / পেয়ারী** [< প্রিয়কারিকা]
**পিয়ারা, পেয়ারা]** — ফলবিশেষ (পেয়ারা দেখ)।
**পিয়াল** [< প্রিয়াল] গাছ ফল বা বীজ *বিঃ। (বীজ বাদামের তুল্য ভক্ষ্য। হি. চিরোঞ্জি)*
**পিয়ালা, পে-** [ফা. পিয়ালহ্] বাটি পানপাত্র, কাপ ('চায়ের, মদের—')
**পিয়াস, -সা]** < পিপাসা। ... **পিয়াসী]** পিপাসিত, পিপাসু।
**পিয়িল** [√প্রিয়্-৯। < পা। পদ্যে] পান করিল।
**পিরান, পীরান** [ফা. পৈরাহন] ঢিলা জামা বিঃ।
**পিরালী / পিরিলী]** বঙ্গীয় ব্রাহ্মণশ্রেণী বিঃ (প্রবাদ — মুসলমান অন্নের স্পর্শ-দোষযুক্ত)
**পিরিচ** [পো. pires] রেকাবি।
**পিরিতি, পিরীতি / "পিরিত"]** < প্রীতি, প্রণয় ('— করা'। পিরিত — প্রায় অবৈধ প্রণয় অর্থে)
**পিল** [ই] ঔষধ ইঃর বড়ি।
**পিলখানা** [ফা. পিল = হাতি] হস্তি-শালা।
**পিলপা / পিলপে]** জমির সীমানির্দেশক ছোট থাম। সেতুরক্ষক থাম।
**পিলপিল]** পিপীলিকা ইঃর তুল্য একত্র সমাবেশ ও চলন। রন্ধ্র হইতে নিঃস্রাব। ('— করা। — ক'রে বার হওয়া')
**পিলসুজ** [আ-ফা. ফতীলহ্-সোজ.] প্রদীপ রাখিবার স্তম্ভের তুল্য আধার।
**পিলু]** রাগিণী বিঃ।
**পিলে]** < প্লীহা (দেখ)
**পিশাচ** — প্রেত বিঃ। অতি পাপিষ্ঠ ও নিষ্ঠুর। নীচাশয় ('অর্থ-')। (§ পৈশাচিক)। ... স্ত্রী. **পিশাচী।**
**পিশিত** — মাংস।
**পিশুন** — যে কুৎসা রটায়। খল, ক্রূর। (§ পৈশুন, -ন্য)
**পিষা, পিষানো** (পেষা দেখ)
***পিষ্ট*** *— যাহা পেষা হইয়াছে, বাটা, চটকানো, দলিত। (§ পৈষ্টিক, পৈষ্টী)*
**পিষ্টক** — পিঠা, পুপ, পিষ্টদ্রব্য দিয়া প্রস্তুত মিষ্টান্নাদি।
**পিসতুতা / -তুতো]** ণ. নিজের পিসীর অথবা স্বামীর বা পত্নীর পিসীর সন্তান ('— ভাই, বোন। — দেওর, শালী')
**পিসশ্বশুর]** স্বামীর বা পত্নীর পিসা। ... স্ত্রী. **-শাশুড়ী]**
**পিসা / পিসে]** পিসীর স্বামী।
**পিসী, -সি]** < পিতৃঃস্বসা, পিতার ভগিনী।
**পিসু** — ক্ষুদ্রকীট বিঃ।
**পিস্তল** [পো. pistola] ছোট বন্দুক বিঃ ('— ছোড়া')

**পিহিত** — পিধানে বা খাপে রক্ষিত, কোষবদ্ধ। আচ্ছাদিত।
**পীচ** [ই] ফল বিঃ।
**পীঠ** — বেদী, উচ্চ আসন। পিঁড়ি। তীর্থস্থান, প্রাচীন দেবালয়। সুদর্শন-চক্রে ছিন্ন সতীর অঙ্গ যে যে স্থানে পড়িয়াছিল ('-স্থান। ৫১ পীঠ')। প্রতিষ্ঠান ('বিদ্যা-')
**পীড়ক** — পীড়নকারী।
**পীড়ন** — ক্লেশদান, নির্যাতন। নিপীড়ন, মর্দন। সাদরে গ্রহণ ('পাণি-')। ... **পীড়নীয়** — পীড়নযোগ্য।
**পীড়া** — রোগ। ক্লেশ। ... **পীড়িত** — রোগগ্রস্ত। ক্লিষ্ট। মর্দিত। ... **পীড্যমান** — যে পীড়িত হইতেছে।
**পীড়াপীড়ি / পেড়াপীড়ি]** পীড়ন করিয়া অনুরোধ।
**পীড্যমান** — যে পীড়িত বা উৎপীড়িত হইতেছে।
**পীত** — হলদে, হরিদ্রাবর্ণ। যাহা পান করা হইয়াছে। ... **পীতাম্বর** — ষ্য. পীত বস্ত্র। ... ণ. পীতবস্ত্রধারী। শ্রীকৃষ্ণ। ... **পীতপুষ্প** — চম্পক ... **পীতমুদ্গ** — সোনামুগ।
**পীতম]** — প্রিয়তম (ব্রজবুলি)।
**পীতিমা** — পীতবর্ণশ্রী।
**পীতাম্বর** — শ্রীকৃষ্ণ (পীতবসন তাঁহার পরিধেয়। অম্বর বস্ত্র।)
**পীন** — স্থূল ('— পয়োধর। পীনোন্নত')
**পীনস** — নাসিকার ক্ষতরোগ বিঃ, পিনাস।
**পীবর** — স্থূল, পীন। বলিষ্ঠ।
**পীযূষ** — অমৃত, সুধা।
**পীর** [ফা] মুসলমান সাধু মহাত্মা।
**পুঁই]** < পূতিকা, ভক্ষ্য শাক বিঃ। ... **পুঁইমেটুরি** — পুঁইলতার পাকা বীজ।
**পুং-** (পুমস্) — পুরুষ, মর্দা ('পুং-বৎস')। ... **পুংকেশর** — পুষ্পের যে কেশরের পরাগে ফলের জন্ম হয়। ... **পুংগব, পুঙ্গব** — বৃষ। (অন্য শব্দের পরে) শ্রেষ্ঠ ('নর-')। ... **পুংবৎস** — এঁড়ে বাছুর। ... **পুংলিঙ্গ** — (ব্যাকরণে) পুরুষবাচক শব্দ। ... **পুংশ্চলী** — কুলটা। পরপুরুষগামিনী, গণিকা। ... **পুংশ্চিহ্ন** — পুরুষের জননেন্দ্রিয়। ... **পুংসবন** — পুত্রকামনায় গর্ভিণীর তৃতীয় মাসে করণীয় সংস্কার বিঃ। ... **পুংস্কোকিল** — মর্দা কোকিল। ... **পুংস্ত্ব** — পুরুষত্ব, পুরুষের ভাব।
**পুকি** — ছোট পোকা।
**পুকুর** [< পুষ্কর] পুষ্করিণী, ছোট জলাশয়।
**পুক্কশ** — চণ্ডাল শ্রেণীর হীনজাতি।
**পুঙ্খানুপুঙ্খ** — (পুঙ্খ = বাণমূল)। (বাং) অতি সূক্ষ্ম, তন্ন তন্ন ('-রূপে')
**পুঙ্খিত** — পক্ষযুক্ত (বাণ)।
**পুঙ্গব** (পুং- দেখ)।
**"পুচকে, ফুচকে"]** ছোট্ট ('— ছেলে')
**পুচ্ছ** — লাঙ্গুল, লেজ।
**পুছা** [√ পুছ্-১০। < প্রচ্ছ্] (গ্রাম্য) প্রশ্ন করা, জিজ্ঞাসা করা। তত্ত্ব লওয়া, গ্রাহ্য করা ('তাকে কেউ পোছে না')
**পুঁছা, পুঁছানো** (পোঁছা দেখ)
**পুঁজ** < পূয, ঘা ফোড়া হইতে নির্গত ক্লেদ।
**পুঁজি** [< পুঞ্জি] সঞ্চিত অর্থ, যে অর্থ মজুদ আছে, রেস্ত। মূলধন। ... **পুঁজি-পাটা]** সঞ্চিত ধনসম্পত্তি।
**পুঞ্জ** — সমূহ, রাশি। ... **পুঞ্জিত, পুঞ্জী-ভূত** — যাহা জমিয়াছে, রাশীভূত। ... **পুঞ্জীকৃত** — যাহা জমানো হইয়াছে, রাশীকৃত।
**পুট** — আধার, কোষ ('অঞ্জলি-, কর-')।

যাহাদ্বারা ধরা যায় ('চঞ্চু-, পক্ষ-')। কৌটা, ঠোঙা, খাপ ('পত্র-')। কাদার ঠুলি বা মুচি, crucible ('-পাক')। (§ পুটিত)। ... **পুটক** — ঠোঙা।

**পুটগ্রীব** — গাড়ু।

**পুটপাক** — কোন আবরণের মধ্যে ঔষধ নিহিত করিয়া তাহাকে অগ্নিতে দগ্ধ করার নাম পুটপাক।

**পুটিকা** -- পুড়িয়া। কৌটা। ঔষধের আধার।

**পুঁটলি/পুঁটুলি**] ছোট পোঁটলা, বুঁচকি।

**পুঁটি ১** [ < প্রোষ্ঠী ] ছোট মাছ বিঃ।

**পুঁটি ২** [ < পুত্রিকা ] ছোট মেয়ের নাম।

**পুটিং** [ই. putty] খড়ির গুঁড়া তিসির তেল ইঃ যোগে প্রস্তুত পলস্তারা (কাচ ইঃ আঁটিবার জন্য)

**পুটিত** — বদ্ধ। পুটে পক্ব। মর্দিত।

**পুঁটে**] ঘুণ্টি। বালা ইঃ গহনার মুখ।

**পুড়া** — ধান্য রাখিবার আধার।

**পুড়ানো** (পোড়া দেখ)

**পুণ্ডরীক** — শ্বেতপদ্ম। ... **পুণ্ডরীকাক্ষ** -- বিষ্ণু।

**পুণ্ড্র, পুণ্ড্রক, পৌণ্ড্র** — প্রাচীন জাতি বিঃ (পোদ) বা তাহাদের দেশ (উত্তর বঙ্গে)। ফোঁটা, তিলক ('ত্রিপুণ্ড্র')

**পুণ্য** — য্য. সুকৃতি, সৎকার্যের ফল যাহাতে মঙ্গল বা পরলোকে সদ্‌গতি হয় ('-সঞ্চয়, -ক্ষয়')। ধর্মানুষ্ঠান। ... ণ. পুণ্যদায়ক, পবিত্র ('-কর্ম, -দিন, -ভূমি')। ... **পুণ্যকর্মা** (-র্মন্) — যে পুণ্যদায়ক কর্ম করে। ... **পুণ্যকীর্তি, -শ্লোক** -- যে পুণ্যকর্মদ্বারা যশস্বী হইয়াছে। ... **পুণ্যতোয়া**—যে নদীর জল পুণ্যদায়ক। ... **পুণ্যফল** — পুণ্যকর্মের শুভফল। ... **পুণ্যবল** — পুণ্যকর্মজনিত শক্তি, পুণ্যের জোর। ... **পুণ্যবান্** (-বৎ)—যে পুণ্য-সঞ্চয় করিয়াছে, ধার্মিক। ... স্ত্রী. **পুণ্যবতী**। ... **পুণ্যভূমি** — তীর্থাদি পবিত্র স্থান। ... **পুণ্যশ্লোক** — পবিত্র-চরিত, পুণ্যকীর্তি।

**পুণ্যাত্মা** (-ত্মন্) — পূতস্বভাব, ধার্মিক।

**পুণ্যাহ** — যে দিবসে পুণ্যকর্ম করিতে হয়। পবিত্র বা শুভ দিন। জমিদার কর্তৃক অনুষ্ঠিত উৎসব বিঃ (নববর্ষের খাজনা আদায় আরম্ভ হয়)

**পুৎ** — পুত্র। পুৎ নামক নরক।

**পুতন্তী** — পুত্রবতী (প্রা-সা)

**পুতলি**] < পুত্তলি, পুতুল ('স্নেহের —')। চোখের তারা।

**পুঁতি** [ < প্রোত- ] মুক্তার আকারে প্রস্তুত কাচ ইঃর গুটি।

**"পুতুপুতু"**] (মূঃ পুত্রের তুল্য) অতি যত্ন ও সাবধানতা ('— ক'রে')

**পুতুল, পু-** [<পুত্তল] মানুষ-জন্তু ইঃর মূর্তি ('মাটির —')। (ব্যঙ্গে) দেবতার বিগ্রহ ('— পূজা')

**পুত্তলিকা, পুত্তলি, -লী**—(স্ত্রী.) পুতুল। ...পুং. **পুত্তল**। (§ পৌত্তলিক)

**পুত্তিকা** — উই।

**পুঁথি, পুথি** [ < পুস্তিকা। ইরানীয় হইতে ] হাতে-লেখা পুস্তক (প্রায় — প্রাচীন পুস্তক)

**পুত্র** (পুত্তু বিরল)—ছেলে, আত্মজ, তনয়, নন্দন, সুত, সূনু। (§ পৌত্র)। ... **পুত্রকাম** — যে পুত্রকামনা করে। ... **পুত্রবধূ** — পুত্রের পত্নী, স্নুষা। ... **পুত্রী, পুত্রিকা** — কন্যা। ... **পুত্রীয়** — পুত্র সম্বন্ধীয়। ... **পুত্রেষ্টি** — পুত্র-কামনায় যাগ।

**পুত্রিকা** — কন্যা। পুত্তলিকা। পুত্রী (কন্যা) রূপে প্রতিপালিতা।

**পুদিনা** [ফা. পুদীনহ্] সুগন্ধ শাক বিঃ।

**পুনঃ** (পুনর্) — আবার। ... **পুনঃপুনঃ** —বার বার। (§ পৌনঃপুনিক, পৌনঃপুন্য)

**পুনকে** — ক্ষুদ্র, নগণ্য।

**পুনরপি** — আবারও, পুনর্বার, পুনশ্চ।

**পুনরাগমন**—আবার আসা, প্রত্যাগমন। ... ণ. **পুনরাগত**।

**পুনরাবর্তন** — প্রত্যাগমন। পুনর্জন্মগ্রহণ। ... ণ. **পুনরাবর্তী** (-র্তিন্)

**পুনরাবৃত্তি** — পুনর্বার করণ ঘটন কথন বা পাঠ। প্রত্যাগমন। ... ণ. **পুনরাবৃত্ত**।

**পুনরায়**] পুনর্বার, আবার।

**পুনরুক্তি** — পুনর্বার কথন। ... ণ. **পুনরুক্ত**।

**পুনরুজ্জীবিত** — পুনর্বার জীবন বা চেতনা প্রাপ্ত।

**পুনরুত্থান** — পুনর্বার উত্থান। মৃত্যুর পর পুনর্বার সজীব হওয়া, resurrection.

**পুনর্জন্ম** — মৃত্যুর পর আবার জন্ম। ... ণ. **পুনর্জাত**।

**পুনর্বসু** — নক্ষত্র বিঃ।

**পুনর্বার** — পুনরায়, আবার।

**পুনর্ভব** — ণ. পুনর্বার জাত। ... ষ্য. পুনর্জন্ম।

**পুনর্ভূ** — দ্বিতীয়বার বিবাহিতা নারী।

**পুনর্যাত্রা** — প্রত্যাগমন। উলটারথ ('জগন্নাথের —')

**পুনশ্চ**—আবারও, পুনরপি। (লেখা শেষ করিয়া আবার কিছু লিখিতে হইলে 'পুনশ্চ' দিয়া আরম্ভ হয়, সংক্ষেপে — পুঃ)

**পুন্নাগ** — নাগকেশর-জাতীয় বৃক্ষ বিঃ।

**পুন্নামনরক** — পুৎ নামক নরক, পুত্র না হইলে যেখানে যাইতে হয়।

**পুব, পুব**] < পূর্ব দিক্ বা -দিগ্বর্তী ('বাড়ির পুবে। পুব বাংলা')। ... **পুবে, পুবে**] পূর্ব দিকের ('—হাওয়া')

**পুর ১** — নিকেতন, আলয়, বাড়ি ('-নারী')। নগর ('হস্তিনা-, শান্তি-')। তুঃ জনপদ)। দেহ। (§ পৌর)

**পুর ২** [< পূর] যাহা ভিতরে পোরা হয় ('কচুরির —')

**পুরট** — স্বর্ণ।

**পুরঃসর** — অগ্রবর্তী। (সমাসের অন্তে) অগ্রে করিয়া, পূর্বক ('প্রণাম-')

**পুরতঃ** (-তস্) — অগ্রে, সম্মুখে।

**পুরদ্বার** — নগরদ্বার। প্রাসাদাদির প্রধান দ্বার।

**পুরন্ত**] পরিপুষ্ট। সম্পূর্ণ।

**'পুরুষ্ট'** — পরিপুষ্ট। (গ্রাম্য)

**পুরনারী, পুরস্ত্রী** — অন্তঃপুরবাসিনী নারী, কুলস্ত্রী। নগরবাসিনী।

**পুরন্দর** — ইন্দ্র।

**পুরন্ধ্রী, -ন্ধি** — পতিপুত্রবতী স্ত্রী। গৃহিণী।

**পুরব, পুরব**] < পূর্ব (পদ্যে)

**পুরবাসী** (-সিন্) — নগরবাসী। গৃহবাসী। ... স্ত্রী. **-বাসিনী**।

**পুরবী, পুরবী**] রাগিণী বিঃ।

**পুররক্ষী** (-ক্ষিন্)—নগরপাল, চৌকিদার।

**পুরশ্চরণ** — অভীষ্টলাভের নিমিত্ত পূজা বিঃ।

**পুরস্কার** — বকশিশ, পারিতোষিক। সম্মান। ... ণ. **পুরস্কৃত**।

**পুরস্ত্রী** (পুরনারী দেখ)

**পুরহর** — ত্রিপুরারি, শিব।

**পুরা ১** — প্রাচীন ('-তত্ত্ব, -বিৎ')। অতীতে।

**পুরা ২/পুরো**] < পূর্ণ ('— মাত্রা, তিন হাত, পাগল')। ভরতি ('— এক ঘটি')। ... **পুরাপুরি**] পুরা মাত্রায়, ভরতি করিয়া।

**পুরা ৩, পুরানো** (পোরা দেখ)

**পুরাকাল** — প্রাচীন যুগ।

**পুরাকৃত** — পূর্বে বা পূর্বজন্মে কৃত।

**পুরাঙ্গনা, পৌরাঙ্গনা** — পুরনারী (দেখ)

**পুরাণ**—ষ্য. প্রাচীন ইতিবৃত্ত ও কিংবদন্তী মূলক শাস্ত্রগ্রন্থ (সর্গ প্রতিসর্গ বংশ মন্বন্তর বংশানুচরিত এই পঞ্চ লক্ষণ যুক্ত। মহাপুরাণ উপপুরাণ দেখ)। ... ণ. পুরাতন, প্রাচীন। অনাদি ('-পুরুষ')। (§ পৌরাণিক)। ... **পুরাণপ্রসিদ্ধ** — পুরাণে প্রসিদ্ধ। যে প্রসিদ্ধি বহুকাল হইতে আছে।

**পুরাতত্ত্ব** — পুরাবৃত্ত (দেখ)

**পুরাতন** — পুরানো, প্রাচীন ('— কথা, ভৃত্য, যুগ')। ... স্ত্রী. **পুরাতনী**।

**পুরাদস্তুর** — রীতিমত, যথাযথ।

**পুরানো ১, পুরান/পুরনো ]** < পুরাতন, প্রাচীন, সেকেলে ('— আমল, চাল, ফ্যাশন, লোক')

**পুরানো ২/পুরনো, পোরানো ]** √ পুরা- ১৪। < পুর ] পূর্ণ করা, ভর্তি করা ('আশা, হাজার টাকা —')

***পুরাপুরি*** — *বাদবাকি না রাখিয়া।* সম্পূর্ণ ভাবে।

**পুরাবিৎ** (-বিদ্) — পুরাবৃত্তজ্ঞ। পুরাণজ্ঞ।

**পুরাবৃত্ত** — প্রাচীনযুগের বৃত্তান্ত, পুরাতত্ত্ব, ইতিহাস।

**পুরি** [ < **পুরিকা, পুরী** ] **লুচি**।

**পুরিয়া** ] কাগজের মোড়ক ('ঔষধের —') (পুড়িয়া দেখ)।

**পুরী** — নিকেতন, ধাম, ভবন, গৃহ; নগরী ('রাজ-, ইন্দ্র-')। শ্রীক্ষেত্র জগন্নাথধাম। সন্ন্যাসীর উপাধি বিঃ।

**পুরীষ** — বিষ্ঠা।

**পুরু ১** (পুরু বিরল) — যযাতি-শর্মিষ্ঠার পুত্র। (§ পৌরব)

**পুরু ২** ] মোটা, স্থূল।

**পুরুত** ] < পুরোহিত (দেখ)

**পুরুব, পুরব** ] — পূর্ব (পদ্যে)।

**পুরুদ্রুজ** — একপ্রকার কীট, যাহার দেহ বিচ্ছিন্ন হইয়া নূতন কীটের সৃষ্টি হয়।

**পুরুষ** — মরদ ('-মানুষ')। মনুষ্য, লোক ('মহা-')। আত্মা ('-প্রকৃতি')। ঈশ্বর। বংশের পর্যায় ('তিন-')। (ব্যাকরণে) আমি তুমি সে ইঃর ভেদ ('উত্তম-মধ্যম-, প্রথম-')। (§ পৌরুষ, পৌরুষেয়)। ... **পুরুষকার** — দৈবের উপর নির্ভর না করিয়া নিজের ক্ষমতা প্রয়োগ। উদ্যম। পৌরুষ। ... **পুরুষত্ব** — পুরুষোচিত উদ্যম সাহস ইঃ, পৌরুষ। রতিশক্তি ('-হানি')। ... **পুরুষসিংহ, -ব্যাঘ্র** — অসাধারণ গুণবান্ তেজস্বী উদ্যমশীল পুরুষ, পুরুষশ্রেষ্ঠ।

**পুরুষাঙ্গ** — পুংজননেন্দ্রিয়।

**পুরুষালী** — নারীর পক্ষে পুরুষবৎ-আচরণ।

***পুরুষানুক্রম*** — *বংশপরম্পরা, বংশের এক* পুরুষ হইতে অন্য পুরুষে ('পুরুষানুক্রমে')

**পুরুষার্থ** — পুরুষের সাধনীয় বিষয়, চতুর্বর্গ, ধর্ম অর্থ কাম মোক্ষ।

**পুরুষোত্তম** — শ্রেষ্ঠ পুরুষ, ঈশ্বর, কৃষ্ণ। জগন্নাথদেব।

**পুরুহূত** — ইন্দ্র।

**পুরূরবা** — মহাকবি কালিদাসের বিক্রমোর্বশী নাটকের নায়ক।

**পুরোগ, পুরোগামী** (-মিন্) — অগ্রগামী।

**পুরোডাশ** — রুটি বা পিষ্টক জাতীয় প্রাচীন খাদ্য বিঃ। যজ্ঞীয় ঘৃত বা পশু-মাংস।

**পুরোধা** [ < -ধাঃ (-ধস্) ] পুরোহিত।
**পুরোবর্তী** (-র্তিন্) — অগ্রবর্তী।
**পুরোভূমি** — সম্মুখের ভূমি। দৃশ্যের বা চিত্রের সম্মুখবর্তী অংশ foreground. (তুঃ পশ্চাদ ভূমি)
**পুরোহিত** — পুরুত, যজমানের জন্য ক্রিয়াকর্ম পূজাদি যে করে, যাজক। (§ পৌরোহিত্য)
**পুল** [ফা] সেতু, সাঁকো ('—বাঁধা')
**পুলক** — রোমাঞ্চ, হর্ষ। ... ণ. **পুলকিত।**
**পুলটিস** [ই. poultice] ফোড়া ইঃতে লাগাইবার তপ্ত গাঢ় প্রলেপ।
**পুলস্ত্য** — সপ্তর্ষির মধ্যে একজন।
**পুলহ** — সপ্তর্ষির অন্যতম।
**পুলি** [ < পুলিকা] পিঠা বিঃ।
**পুলিন** — তট (যমুনা-')। চড়া।
**পুলিন্দা**] বাণ্ডিল, পুঁটলি।
**পুলিস** [ই. police] শান্তিরক্ষার জন্য সরকারী বিভাগ, আরক্ষা ('পুলিস দেওয়া')। পুলিশের কর্মচারী, আরক্ষিক ('—ডাকা')
**পুলে** — (পোলা) — সন্তান।
**পুষকা** (পূষণ) — বৈদিকদেব — সূর্য।
**পুষ্কর** — পদ্ম। মেঘের ভেদ বিঃ। পুরাণোক্ত দ্বীপ বিঃ। আজমিরের নিকট তীর্থ ও হ্রদ বিঃ। জল। আকাশ।
**পুষ্করিণী** — পুকুর, সরোবর।
**পুষ্কল** — পর্যাপ্ত।
**পুষ্ট** — বৃদ্ধিপ্রাপ্ত। পালিত। নধর ('-দেহ')। পরিণত। পক্ক।
**পুষ্টি** — পোষণ। বৃদ্ধি। পরিণতি। ... **পুষ্টিকর** — যাহাতে দেহের পোষণ হয়, পোষ্টাই ('—খাদ্য')
**পুষ্টিকা** — ঝিনুক।
**পুষ্প**—ফুল, কুসুম, প্রসূন। স্ত্রীরজ। ... **পুষ্পক, পুষ্পরথ** — কুবেরের আকাশগামী রথ। ... **পুষ্পকেতন, -কেতু, -ধন্বা** (-ন্বন্) — মদন। ... **পুষ্পবতী** — রজস্বলা ... **পুষ্পবাটিকা, -বাটী** — ফুলের বাগান। ... **পুষ্পবাণ, -শর** — মদনের বাণ। মদন। ... **পুষ্পবৃষ্টি** — উপর হইতে ফুল ছড়ানো। আকাশ হইতে পুষ্পবর্ষণ। ... **পুষ্পমাস** — মধুমাস, চৈত্রমাস, বসন্তকাল। ... **পুষ্পরজ** [-জঃ (-জস্)], -রেণু—পরাগ। ... **পুষ্পরস** — ফুলের মধু। ... **পুষ্পরাগ** — পোখরাজ (দেখ)
**পুষ্পাঞ্জলি** — দেবতা ইঃকে নিবেদ্য এক অঞ্জলি ফুল।
**পুষ্পাসব** — ফুলের মধু, মকরন্দ।
**পুষ্পিকা** — প্রাচীন গ্রন্থে অধ্যায়শেষে বিবৃত বিষয়ের উল্লেখ বা ভণিতা।
**পুষ্পিত** — কুসুমিত, যাহার ফুল ফুটিয়াছে। ... স্ত্রী. **পুষ্পিতা** ('—লতা')। ঋতুমতী।
**পুষ্পোৎসব** — প্রথম রজোদর্শন জন্য উৎসব। ফুলের উৎসব।
**পুষ্য** — নক্ষত্র বিঃ।
**পুস্তক** (প্রাচীন ইরানীয় হইতে স) — গ্রন্থ, বহি। ... **পুস্তিকা, পুস্তী** — ছোট বহি। ... **পুস্তকাগার** — গ্রন্থাগার (দেখ)। ... **পুস্তকালয়** — বহির দোকান।
**পুস্তানি** — দপ্তরীরা বাঁধা বইএ মলাটের উল্টাপিঠে যে কাগজ লাগায়।
**পুহদা** — পুষ্প (ব্র-বু)
**পুহবি** — পৃথিবী (ব্র-বু)
**পূগ** — সুপারি। সমূহ। সংঘ।
**পূজক** — যে পূজা করে, উপাসক। পূজারী।
**পূজন** — আরাধন, পূজা। (§ পূজিত)। ... **পূজনীয়** — পূজ্য, আরাধ্য, পূজার

যোগ্য। গুরুস্থানীয়। ... **পূজয়িতা** (-তৃ)—যে পূজা করে, **পূজক**।

**পূজা ১**—আরাধনা, উপাসনা, অর্চনা। নৈবেদ্যাদিদ্বারা আরাধনা ('পূজা-আহ্নিক। দুর্গা-')। সংবর্ধনা। ... **পূজার্হ** — পূজার যোগ্য, পূজনীয়।

**পূজা ২** [√ পূজ্-১০। < পূজ্। প্রায় পদ্যে] পূজা করা ('পূজিল')

**পূজারী / পূজরী**] < পূজাকারী, প্রতিষ্ঠিত বিগ্রহের যে নিত্য পূজা করে, দেবল। উপাসক। ... স্ত্রী. **পূজারিণী**।

**পূজিত** — অর্চিত, যাহাকে পূজা করা হইয়াছে। সম্মানিত।

**পূজ্য** — পূজনীয় (দেখ)। ... **পূজ্যপাদ** — পরমপূজনীয়। ... **পূজ্যমান** — যাহাকে পূজা করা হইতেছে।

**পূত**—পবিত্র।

**পূতনা ১**—কৃষ্ণ কর্তৃক নিহত দানবী বিঃ।

**পূতনা ২**—শিশুরোগ বিঃ।

**পূতনী** — পুদিনা (একপ্রকারের শাক)।

**পূতা**—দূর্বা।

**পূতি**—পচা গন্ধযুক্ত ('-গন্ধ')

**পূতিকা**—পুঁই শাক।

**পূপ**—পিষ্টক।

**পূব** (পুব দেখ)

**পূয** — পুঁজ (দেখ)

**পূর**—পূরণ। জলোচ্ছ্বাস। প্রবাহ। খাদ্য বিঃ, পুরিকা। পিষ্টকের ভিতরে ক্ষীর, গুড়মিশ্র নারিকেল কোরা, তিলের গুঁড়া ইত্যাদি।

**পূরক** — যাহা পূর্ণ করে ('সংখ্যা-, কামনা-')। (গণিতে) কোনও কোণের সহিত যে কোণ যোগ করিলে সমকোণ হয়, complement, কোটি; গুণক, multiplier. প্রাণায়ামের অঙ্গ বিঃ *(বায়ুগ্রহণ)*

**পূরণ**—ষ্য. পূর্ণ হওয়া বা করা ('কামনা-, সংখ্যা-, পাদ-')। সমাধান ('সমস্যা-')। গুণন। ... ণ. পূরক। (§ **পূর্তি**)। ... ণ. **পূরিত**। ... **পূরয়িতা** (-তৃ) — যে পূরণ করে।

**পুরুস্ত**] — নিটোল, সুগঠিত, পূর্ণাঙ্গ।

**পূরব, পূরবী** (পূরব, পুরবী দেখ)

**পূরা** — অখণ্ড, গোটা, সংপূর্ণ।

**পূরিকা, পূরী** — দাল ইঃর পুর দেওয়া লুচি, দালপুরি। (পুরি দেখ)

**পূরিত** (পূরণ দেখ)

**পূর্ণ** — পূরা। ভরাতি ('-কলস')। অখণ্ড, যাহাতে কিছু বাকী নাই ('-চন্দ্র, -ব্রহ্ম। পূর্ণানন্দ')। সফল, সিদ্ধ, ('মনস্কামনা—হওয়া')। **সম্পূর্ণ**, সমাপ্ত ('কাল — হওয়া')। ... ষ্য. **পূর্ণতা**। ... **পূর্ণকাম** — যাহার কামনা সিদ্ধ হইয়াছে। ... **পূর্ণকুম্ভ** — জলভরা কলসী। ... **পূর্ণগর্ভা** — আসন্নপ্রসবা। ... পূর্ণচন্দ্র — পূর্ণিমার চন্দ্র। ... **পূর্ণচ্ছেদ** — সম্পূর্ণ বাক্য লিখিয়া যে যতিচিহ্ন দেওয়া হয়, দাঁড়ি। ... **পূর্ণবয়স্ক** — পূর্ণযৌবনপ্রাপ্ত। ... **পূর্ণব্রহ্ম** — অখণ্ড ব্রহ্ম, অবতার দেবতা বা সগুণ ঈশ্বর নয়। ... **পূর্ণমাত্রা** — পুরা মাত্রা, অংশ নয়। ... **পূর্ণমাসী** — পূর্ণিমা। (§ পৌর্ণমাসী)। ... **পূর্ণসংখ্যা** — ভগ্নাংশ-হীন সংখ্যা, integer ... **পূর্ণাবতার** — শ্রীকৃষ্ণ।

**পূর্ণায়ু** [< -য়ুঃ (-য়ুস্] — সুস্থ-দেহীর যত দিন বাঁচা সম্ভবপর তত দিন যে বাঁচে, দীর্ঘজীবী।

**পূর্ণাহুতি**—যে আহুতিতে হোম সম্পূর্ণ হয়।

***পূর্ণিমা*** — *যে তিথিতে পূর্ণচন্দ্রের উদয়*

হয়।

**পূর্ণেন্দু** – পূর্ণচন্দ্র।

**পূর্ণোপমা** — যে উপমায় উপমান, উপমেয় সাধারণ ধর্ম ও উপমাবাচক অব্যয়পদ এই চারি অংগই বর্তমান থাকে।

**পূর্ত** — জনহিতার্থ জলাশয়াদি খনন মন্দির নির্মাণ ইঃ ('-কার্য')

**পূর্তি** — পূরণ, ভরতি করা ('উদর-')

**পূর্ব** — ষ্য. পুব, পূর্বদিক্, প্রাচী। অতীতকাল, অগ্র ('পূর্বের ঘটনা। -কথিত')। ... ণ. পূর্বদিগ্‌বতী ('-বংগ')। আগেকার, অতীত ('-পুরুষ, -জন্ম'। তুঃ উত্তর)। আদি, প্রথম। জ্যেষ্ঠ।

**-পূর্বক** — পূর্বে করিয়া, পুরঃসর ('প্রণাম-')। সহিত, সহকারে ('অনুগ্রহ-')

**পূর্বকায়** — নাভির ঊর্ধ্ব দেহ।

**পূর্বকাল** — অতীত কাল। পুরাকাল। ... ণ. **পূর্বকালীন, -কালিক।**

**পূর্বগামী** ( -মিন্ ) — অগ্রগামী।

**পূর্বজ** — পূর্বপুরুষ। অগ্রজ।

**পূর্বজন্ম** — বর্তমান জন্মের পূর্ববর্তী কোনও জন্ম ('পূর্বজন্মার্জিত')

**পূর্বজ্ঞান** — পূর্বের অভিজ্ঞতা। ভাবী ঘটনা সম্বন্ধে জ্ঞান।

**পূর্বতন** — আগেকার।

**পূর্বদৃষ্ট** — যাহা পূর্বে দেখা হইয়াছে। প্রথমে দৃষ্ট। যাহার সম্ভাবনা পূর্বে অনুমিত হইয়াছে। ... ষ্য. **পূর্বদৃষ্টি।**

**পূর্বপক্ষ** — (তর্কশাস্ত্রে) শাস্ত্রীয় প্রশ্ন, বিচারের জন্য উপস্থাপিত বিষয়, proposition (তুঃ উত্তরপক্ষ)। অভিযোগ।

**পূর্বপুরুষ** — *বংশের ঊর্ধ্বতন পুরুষ।*

**পূর্বফল্গুনী** — নক্ষত্র বিঃ।

**পূর্ববৎ** — আগেকার মতন।

**পূর্ববর্তী** (-র্তিন্) — আগেকার, গতকালের, অগ্রবর্তী। ... ষ্য. **-বর্তিতা।**

**পূর্ববাদ** — প্রথম অভিযোগ। ... **পূর্ববাদী** ( -দিন্) — অভিযোক্তা।

**পূর্বভাদ্রপদ** — নক্ষত্র বিঃ।

**পূর্বমীমাংসা** — জৈমিনিকৃত স্মৃতি-শ্রুতির সমন্বয়সাধক দর্শনশাস্ত্র।

**পূর্বরংগ** — নাটকাদি অভিনয়ের আরম্ভে প্রস্তাবনা সংগীত ইঃ, prologue.

**পূর্বরাগ** — বিবাহের পূর্বে নায়কনায়িকার মধ্যে প্রণয়সঞ্চার। প্রথম অনুরাগ।

**পূর্বরাত্র** — রাত্রির প্রথম ভাগ। ... **পূর্বরাত্রি** — গত রাত্রি।

**পূর্বলক্ষণ** — ভাবী ঘটনার চিহ্ন।

**পূর্বসংস্কার** — পূর্বের ধারণা বিশ্বাস বা অভ্যাস। পূর্বজন্মার্জিত মনোবৃত্তি।

**পূর্বাচল** — উদয়াচল।

**পূর্বাপর** — আনুপূর্বিক, আগাগোড়া, আগের ও পরের ('—সংগতি')। **পূর্ব**-পশ্চিম। (§ পৌর্বাপর্য)

**পূর্বাপেক্ষা** — আগেকার চেয়ে।

**পূর্বাভাষ** — পূর্বে যাহা জানানো হয়, সূচনা, ভূমিকা।

**পূর্বাভাস** — পূর্বসূচনা।

**পূর্বাবধি** — পূর্ব হইতে, আগে থেকে।

**পূর্বাশা** — পূর্বদিক্।

**পূর্বাষাঢ়া** — নক্ষত্র বিঃ।

**পূর্বাহ্ণ** — দিনমানের প্রথম অংশ, মধ্যাহ্নের পূর্ববর্তী কাল। (§ পৌর্বাহ্ণিক)

**পূর্বিতা** — পূর্ববর্তিতা; পূর্বগণ্যতা, priority.

**পূর্বোক্ত** — পূর্বে যাহা বলা হইয়াছে।

**পূষা** (পূষন্) — সূর্য।

**পৃক্ত** — *লগ্ন, যুক্ত, সংশ্লিষ্ট, মিশ্রিত।*

**পৃক্তি** — *সংস্পর্শ।*

**পৃতনা** — সৈন্যবাহিনী।

**পৃচ্ছা** — প্রশ্ন, জিজ্ঞাসা।
**পৃথক্** — আলাদা, ভিন্ন, স্বতন্ত্র, ফরক ('পৃথক্ পৃথক্')। ... ষ্য. **-ত্ব, পার্থক্য।**
**পৃথগন্ন** — অন্যের সহিত যে একান্নবর্তী নয়।
**পৃথগ্বিধ** — অন্যপ্রকার। বিভিন্নপ্রকার।
**পৃথা** — কুন্তী। (§ পার্থ)
**পৃথিবী, পৃথ্বী** — অবনী, উর্বী, ক্ষিতি, ক্ষোণী, ধরণী, ধরা, ধরিত্রী, বসুধা, বসুন্ধরা, বসুমতী, ভূ, ভূমণ্ডল, মহী, মেদিনী। ভূমি। ... **পৃথিবীপতি** — ভূপতি, রাজা, সম্রাট্।
**পৃথু, পৃথুল** — স্থূল। বিস্তৃত। মহৎ। ... **পৃথু** — পৌরাণিক রাজা বিঃ।
**পৃষ্ট** — জিজ্ঞাসিত।
**পৃষ্ঠ** — পিঠ, দেহের পশ্চাদ্ভাগ ('-দেশ')। পিছন দিক্। তল, উপরি-ভাগ ('ভূ-')। পৃষ্ঠা। ... **পৃষ্ঠপোষক** —সহায়ক। ... **পৃষ্ঠপ্রদর্শন**—পলায়ন। ... **পৃষ্ঠবংশ** — মেরুদণ্ড। ... **পৃষ্ঠভঙ্গ** — পরাজিত হইয়া পলায়ন।
*পৃষ্ঠা [ < পৃষ্ঠ ] পুস্তকাদির পত্রের এক* পৃষ্ঠ।
**পৃষ্ঠাঙ্ক** — পৃষ্ঠার ক্রমসূচক অঙ্ক।
**পেকো ]** — পাকচক্রে দক্ষ। চক্রান্তকারী।
**পেঁকো ]** পাঁক যুক্ত ('—পুকুর')। পাঁকের মত ('— গন্ধ')।
**পেখন ]** — দর্শন, প্রেক্ষণ (ব্রজবুলি)
**পেখম ]** ময়ূর ইঃর পুচ্ছ। < **পক্ষ,** ডানা।
**পেঁচ, পাঁচ** [ ফা. পেচ ] পাক, মোচড় ('— দেওয়া')। স্ক্রু ('— কষা, আঁটা, ঘোরানো, খোলা')। কুটিলতা, চক্রান্ত ('পেঁচে ফেলা')। সমস্যা, সংকট ('পেঁচ পড়া')। কুস্তিতে আক্রমণের কায়দা। বিভিন্ন ঘুড়ির সুতা জড়াইয়া যাওয়া এবং পরস্পর কাটিবার চেষ্টা ('—লাগা, খেলা')। ... **পেঁচাও, পেঁচোয়া, পেঁচালো ]** কুটিল। জটিল।
**পেচক** — পেঁচা, প্যাঁচা ] পাখি বিঃ, উলূক। ... স্ত্রী. **পেচকী। পেঁচী ]**
**পেঁচানো** [ √ পেঁচা-১১ ] পেঁচ দেওয়া, পাকানো। জটিল করা। কাটিবার জন্য বার বার অস্ত্র ঘষা ('পেঁচিয়ে কাটা')
**পেঁচো ]** উপদেবতা বিঃ যাহার আক্রমণে শিশুর ধনুষ্টংকার হয় ('পেঁচোয় পাওয়া')
**পেছু** (পাছু দেখ)
**পেঁজা** (পিঁজা বিরল) [ √ পিঁজ্-৯। < পিনজ্ ] পিঞ্জন করা, তুলা ইঃর অংশু টানিয়া পৃথক্ ও সোজা করা।
**পেট ]** উদর, জঠর। ('— আঁটা' —কোষ্ঠ বদ্ধ হওয়া। '— কামড়ানো' — পেট ব্যথা করা। ... **পেট-চলা** — আহারের সংস্থান। ... **পেটচালানো** — উদরান্ন সংগ্রহ করিয়া ক্ষুন্নিবৃত্তি। ... **পেটটালা** —পরান্নে বা ভিক্ষান্নে জীবন ধারণ। '— নামানো' — পাতলা দাস্ত হওয়া। *'— ফাঁপা' — পেটে বায়ু জন্মানো।* '— ভরা' — যথেষ্ট আহারে উদর পূর্ণ হওয়া। ... **পেটভাতা**—শ্রমের জন্য কেবল পেটভরা ভাত মাত্র। 'পেট-রোগা' — উদরাময়রোগী। 'পেটের কথা' — মনের গোপন কথা)। গর্ভ (অশিঃ। '— হওয়া')। (§ পেটুক)। ... **পেটসর্বস্ব** — ঔদরিক।
**পেটক** — পেটরা। (§ পেটিকা, পেটী)
**পেটরা ]** বাক্স তোরঙ্গ ঝাঁপি ইঃ।
**পেটা** (পিটা বিরল) [ √ পিট্-৯ ] আঘাত দেওয়া, মারা ('লাঠি —')। আঘাতদ্বারা শব্দ করা ('ঢাক —'। 'তাস —' —তাস খেলা)। দুরমুশ করা ('ছাদ —')। ... ণ. পিটিয়া প্রস্তুত ('-লোহার কড়া')।

যাহা পিটিয়া বাজানো হয় ('-ঘড়ি')। (§ পিটনা)। ... **পেটাই**] পেটার কাজ ('লোহা-')। ... ষ্য. **পিটন, পিটনি / পিটুনি**] ('— দেওয়া')। ... **পিটানো / পিটনো, পেটানো** [√পিটা-১৩] পিটা, আঘাত দেওয়া, মারা। অপরের দ্বারা পিটনি দেওয়া। ('গরু, ছেলে, ঢাক, ছাদ —')

**পেটাও, পেটোয়া**] অধীন, অনুগত, আজ্ঞাবহ।

**পেটানো** (পিটা দেখ)

**পেটি**] কোমরবন্ধ। মাছের পেটের অংশ।

**পেটিকা, পেটী** — ছোট পেটরা।

**পেটুক**] উদরপরায়ণ, যে খাইতে ভালবাসে।

**পেটেপেটে** — ভিতরে ভিতরে।

**পেটেল** — গ্রামের মণ্ডল।

**পেটো ১**] কপালের উপর চাপিয়া কেশবিন্যাস ('— পাড়া')

**পেটো ২**] পাট নির্মিত ('- সুতা')

**পেটোয়া** (পেটাও দেখ)

*পেট্রল [ই] কেরোসিন জাতীয় উদ্‌বায়ী* তৈল যাহাতে মোটরকার ইঃ চলে।

**পেড়া**] < পেটক, পেটরা (দেখ)। ক্ষীরের মিষ্টান্ন বিঃ।

**পেড়াপীড়ি** (পীড়াপীড়ি দেখ)

**পেঁড়ে** — পেটাড়ি, বেতের ঝাঁপি।

**পেতনী, পেত্নী**] প্রেতিনী, স্ত্রী-ভূত। (ব্যঙ্গে) কুৎসিত বা নোংরা স্ত্রী।

**পেতে**] ছোট চুবড়ি।

**পেন** [ই] কলম, লেখনী।

**পেনশন** [ই] চাকরি ছাড়িবার পর যে বৃত্তি পাওয়া যায়।

**পেনসিল** [ই] লেখনী বিঃ যাহাতে কালির দরকার হয় না ('লালনীল —। স্লেট-')

**পেনেট**] গৌরীপট্ট।

**পেণ্টলুন** [ই. pantaloons] ইওরোপীয়

**পেঁপে** [পো. papaya] ফল বিঃ।

**পেয়** — পানীয় (দেখ)

**পেঁয়াজ** (পিয়াজ দেখ)

**পেয়াদা** [ফা. পিয়াদহ্] পত্রবাহক, চাপরাসী। রাজকর্মচারী ইঃর অনুচর।

**পেয়ার, পেয়ারা, পেয়ারী** (পিয়ার দেখ)

**পেয়ারা** [পো. pera] ফল বিঃ।

**পেয়ালা** (পিয়ালা দেখ)

**পেরনো** [√পেরা-১১। < পৃ] পার হওয়া ('নদী, বিপদ —')। অতিক্রান্ত হওয়া ('আট মাস —')

**পেরু** [পো] মোরগ-জাতীয় পাখি বিঃ, turkey (দক্ষিণ আমেরিকা হইতে প্রথমে আনীত)

**পেরেক** [পো. prego] লোহা ইঃর কাঁটা ('— ঠোকা, আঁটা, মারা')

**পেল** — অণ্ডকোষ।

**পেলব** — কোমল, মৃদু। লঘু। ভঙ্গুর। ... ষ্য. **-তা, পৈলব**।

*পেলা, প্যালা] গান ইঃর আসরে শ্রোতারা* গায়ক গায়িকাকে যে পুরস্কার দেয়।

**পেলা** — ঠেকনো।

**পেশ** [ফা] সম্মুখে স্থাপন (যথা বিচারকের নিকট আবেদনাদি। '— করা')। ... **পেশকার**] যে কর্মচারী কাগজপত্র পেশ করে এবং রক্ষা করে। ... **পেশকারি**] তাহার কাজ।

**পেশল** — সুন্দর। কোমল। নিপুণ।

**পেশা** [ফা. পেশহ্] ব্যবসায়, বৃত্তি। ... **পেশাকার, -কর**] বেশ্যা। ... **পেশাদার**] ব্যবসায়ী। ... ণ. **পেশাদারী**]

**পেশী, পেশি** — দেহের মাংসল অংশ বিঃ যাহাদের সংকোচনে অঙ্গপ্রত্যঙ্গ চালিত হয়, muscle, মাংসপিণ্ড। কোষ, খাপ।

**পেশোয়া** — মারাঠা অধিনায়কের উপাধি। শিবাজীর বংশধরদের প্রধান মন্ত্রী।

**পেশোয়াজ** [ফা. -জ.] ঘাগরা বিঃ (প্রায় নর্তকীর)

**পেষক** — যে পেষণ করে।

**পেষণ** — দলন, মর্দন, বাটা। চূর্ণন। (§ পিষ্ট)। ... **পেষণী, -ণি** — যাহা দ্বারা পেষণ করা হয় (যথা—শিলনোড়া, জাঁতা)। ... **পেষিত** — যাহা পেষণ করা

**পেষা** (পিষা বিরল) [√ পিষ্-৯। < পিষ্] পেষণ করা, বাটা ('মসলা —')। ... ণ. পিষ্ট। ... ষ্য. **পেষাই**] ... পিষানো/পিষনো, পেষানো [√ পিষা-১৩] পেষণ করানো।

**পেষাই**] পেষণ।

**পেস্তা** [ফা. পিস্তা] বাদাম-জাতীয় ভক্ষ্য বীজ বিঃ।

**পৈঠল, পৈশল**] — পশিল, প্রবেশ করিল। (ব্রজবুলি)।

**পৈড়**] — ডাব নারিকেল। (ব্রজবুলি)

**পৈঁছা, পিঁচা** — হাতের গহনা বিঃ।

**পৈঠা** — সিঁড়ি, সোপান।

**পৈতা**] — পবিত্র, উপবীত। ... **পৈতা-ধারী** — দ্বিজ।

**পৈতামহ** — পিতামহ সম্বন্ধীয়।

***পৈতৃক, পৈত্র*** — *পিতৃসম্বন্ধীয়; পিতা হইতে প্রাপ্ত ('— সম্পত্তি')*

**পৈত্তিক** — পিত্ত সম্বন্ধীয়।

**পৈলব** — পেলবতা।

**পৈশাচ**—পিশাচ সম্বন্ধীয়। প্রাচীন বিবাহ বিঃ (মত্তা কন্যাকে হরণ করিয়া)। ... **পৈশাচিক**—পিশাচ সম্বন্ধীয়। পিশাচের তুল্য ('— অত্যাচার')

**পৈশুন, পৈশুন্য** — কুৎসারটনা। খলতা, ক্রূরতা।

**পৈষ্টিক, পৈষ্টী** — পিষ্টদ্রব্য হইতে প্রস্তুত। মদ্য বিঃ।

**পো**] < পুত্র (গ্রাম্য)

**পোঁ**] বাঁশির তুল্য শব্দ। সানাইএর যে সুর একটানা বাজে। ('— ধরা' — ব্যঙ্গে, অন্যের অনুগামী হওয়া বা সব কথায় সায় দেওয়া)

**পোক, পোকা**] কীট। ... **পোকামাকড়**] কীট পতঙ্গ মাকড়সা ইত্যাদি।

**পোক্ত** [ফা. পুখ্‌তহ্] **শক্ত**, মজবুত। দক্ষ, অভিজ্ঞ।

**পোখরাজ**] < পুষ্পরাগ, মণি বিঃ topaz (প্রায়শঃ আপীত বা বর্ণহীন)

**পোখরি**] পুকুর (প্রা-বাং)

**পোগণ্ড** — অপোগণ্ড। বিকলাঙ্গ।

**পোঁচড়া** — চুনকামের জন্য ব্যবহৃত বৃহৎ পাটের তৈরী তুলী।

**পোঁছ, -চ**] লেপ ('এক — রং')। মোছা ('ঝাড়পোঁছ')

**পোঁছা ১** (পুঁছা বিরল) [√ পুঁছ্-১০। < প্র-উঞ্ছ্] কাপড় ইঃ দিয়া ঘষা. মোছা (§ পোঁছ)। ... **পুঁছানো / পুঁছনো, পোঁছানো** [√ পুঁছা-১৪] মোছানো।

**পোঁছা ২**] < পুচ্ছ — লেজ।

**"পোট"**] সদ্‌ভাব, মিল, পটিয়া যাওয়া ('তার সঙ্গে — হওয়া')

***পোঁটলা*]** *বড় পুঁটলি, বোঁচকা, কাপড়ে* বাঁধা জিনিসপত্র।

***পোঁটা*]** *নাকের শ্লেষ্মা, শিকনি।* মাছের অন্ত্র।

**পোটা** — স্ত্রীভাবাপন্ন পুরুষ অথবা পুরুষ ভাবাপন্ন স্ত্রী।

**পোড়** — অগ্নিপরীক্ষা। ঘাসির আগুন। (পোড়ের ভাত)

**পোড়-খাওয়া** — অগ্নি পরীক্ষায় উত্তীর্ণ।

**পোড়]** দহন; জ্বালাযন্ত্রণা ('— খাওয়া')
**পোড়ানি** — দাহন, জ্বালা (প্রা-সা)
**পোড়া** [√ পুড়্-১০। < পুট] দগ্ধ হওয়া ('আগুনে, রোদে, জ্বরে, শোকে —')। ... ণ. দগ্ধ ('— কাঠ')। প্রতিকূল (নিন্দায়। '— বিধি')। মন্দ, বিড়ম্বিত ('— কপাল')। দুষ্ট, কলঙ্কিত ('— মুখ। মুখ-')। ... **পোড়ানে]** যে পোড়ায় বা কষ্ট দেয় ('হাড়-')। ... স্ত্রী. **পোড়নী]**। ... **পুড়ানো/পুড়নো, পোড়ানো** [√ পুড়া-১৪] দগ্ধ করা 'কাঠ, মড়া —')। যন্ত্রণা দেওয়া। ... ণ. দাহিত।
**পোড়েন** — তাঁতের টানা সুতায় যে সুতা পরানো হয়।
**পোড়ো]** — পড়ুয়া, ছাত্র।
**পোত** — নৌকা, জাহাজ। ... **পোতাধ্যক্ষ** — জাহাজের কাপ্তেন।
**পোতক** — পুত্র, শাবক, ছা।
**পোঁত]** দেওয়াল খুঁটি ইঃর যে অংশ ভূমিতে পোঁতা থাকে।
**পোঁতা ১, পোতা]** জমি হইতে ঘরের মেঝে পর্যন্ত।
**পোঁতা ২** [√ পুঁত্-১০। < প্রোথ্] প্রোথিত করা, গাড়া, ভূমিতে কিয়দংশ প্রবেশিত করা ('খুঁটি—')। রোপণ করা ('গাছ—')। মাটির নীচে রাখা ('মৃতদেহ —')। ... ণ. (উক্ত সকল অর্থে)
**পোতা** — *পৌত্র। ঋত্বিক।*
**পোতাশ্রয়** — বন্দর, জাহাজের আশ্রয়-স্থল।
**পোথা** — পুঁথি (প্রা-সা)
**পোদ** [< পুণ্ড্র] বাঙালী জাতি বিঃ।
**পোদ্দার** [আ-ফা. ফোতহ্-দার] যে নোট টাকা ইঃ ভাঙাইয়া দেয় বা সোনা রুপা যাচাই করে বা তাহা বন্ধক রাখিয়া ধার দেয়। ... ষ্য. **পোদ্দারি]**
**পোনা]** রুই কাতলা ইঃ মাছের বাচ্চা। ... **পোনামাছ]** রুই কাতলা ইঃ মাছ।
**পোয়া ১** — ঢেঁকির অংশ।
**পোয়া ২** — মালপোয়া জাতীয় তেলে ভাজা খাদ্য।
**পোয়া ৩** [< পাদক] চতুর্থাংশ। সিকি সের ... **পোয়াবারো]** পাশা খেলার দান বিঃ। (ব্যঙ্গে) সৌভাগ্য।
**পোয়াতী** [< পুত্রবতী] অন্তঃসত্ত্বা। প্রসূতি, নবজাত সন্তানের জননী।
**পোয়ানো** (পোহানো দেখ)
**পোয়াল** [< পলাল] খড়, বিচালি।
**পোরা** (পুরা বিরল) [√ পুর্-১০। < পুর্] পূর্ণ হওয়া ('আশা —। দশ টাকা পুরেছে')। পূর্ণ করা, ভরা, ঢুকানো ('বালিশে তুলা, ফুটবলে হাওয়া —') ভিতরে রাখা ('মুখে, বাক্সে, জেলে —')। ... **পোরানো** (পুরানো ২ দেখ)
**পোলা]** (গ্রাম্য) শিশু। ছেলে।
**পোলাও** [ফা. পুলাও] পলান্ন। ঘি মসলার সহিত মাছ বা মাংস দিয়া বা নিরামিষ রাঁধা ভাত।
**পোলো** (পলো দেখ)
**পোশ** [ফা] — আচ্ছাদন। পরিচ্ছদ।
**পোশাক** [ফা] পরিচ্ছদ। ভব্য পরিচ্ছদ *('আপিসের —')। ... **পোশাকী]** যাহা ভদ্রসমাজের জন্য আবশ্যক কিন্তু সর্বদা না হইলেও চলে, আটপৌরের বিপরীত* ('— কাপড়)
**পোষ]** পালকের বশবর্তিতা ('কুকুর — মানে')। ... ণ. **পোষা]**
**পোষক** — পালক, যে পালন করে, পোষ্টা। পুষ্টিকর ('শরীর-')। সহায়ক। ... **পোষকতা** — সমর্থন, আনুকূল্য, সহায়তা ('মতের, কার্যের —')

**পোষড়া** ] পৌষপার্বণ।

**পোষণ**—পুষ্টি। পুষ্ট করণ, বর্ধন, পালন ('আত্মীয়, আশা, ক্রোধ —')। ... **পোষণীয়, পোষ্য** — পোষণযোগ্য, প্রতিপাল্য।

**পোষা** [ √ পুষ্-১০। < পুষ্ ] পোষণ বা পালন করা ('গরু, পাখি, ছেলে —')। ... ণ. পালিত, বশবর্তী ('— পাখি, কুকুর')

**পোষানি** — পুষিতে দেওয়ার জন্য খরচ।

**পোষানো** [ √ পোষা-১৫ ] প্রয়োজনের অনুরূপ হওয়া, কুলানো ('এত কম টাকায় পোষাবে না')। বনিবনাও হওয়া ('তার সঙ্গে —')

**পোষিত** — বর্ধিত, পালিত।

**পোষ্টা** ( -ষ্টৃ ) — পোষক, প্রতিপালক। — পোষণকর্তা। ... **পোষ্টৃবরেষু** — সম্মানিত ব্যক্তিদের নামে পত্রলিখনে প্রচলিত পাঠ।

**পোষ্টাই** ] পুষ্টিকর।

**পোষ্য**—পোষণীয়, প্রতিপাল্য। ... **পোষ্যপুত্র** — "পুষ্যিপুত্তুর", দত্তকপুত্র, যাহাকে অপুত্রক ব্যক্তি পুত্ররূপে গ্রহণ করে ('— লওয়া')। ... **পোষ্যবর্গ** — যাহাদিগকে নিজ পরিবারের তুল্য প্রতিপালন করিতে হয়।

**পোস্ট** [ ই ] ডাক, চিঠিপত্র বহন ও বিলির সরকারী ব্যবস্থা ('-অফিস, -কার্ড, -মাস্টার')

**পোস্ত** [ ফা ] আফিম ফলের বীজ ('-দানা'। খাদ্য)

**পোস্তা** [ ফা. পুশ্‌তহ্ ] হাট, গঞ্জ, বাজার। দেওয়াল বাঁধ ইঃ মজবুত করিবার জন্য গাঁথা ঠেস।

**পোহানো/পোয়ানো** [ √ পোহা, পোয়া -১৫। < প্র-ভা ] প্রভাত হওয়া ('রাত —')। তাপ সেবন করা ('রোদ, আগুন —')। ভোগ করা বা সহ্য ('হাঙ্গামা —')

**পোঁছ** [ < প্র-ভুঞ্ছ ] উপস্থিতি। অধিগম্যতা, নাগাল।

**পোঁছা** [ √ পোঁছ্-৫। < প্র-ভুঞ্ছ ]. **পোঁছানো/পোঁছনো** [ √ পোঁছা -১৬ ] উপস্থিত হওয়া, উদ্দিষ্ট স্থানে আসা ('দেশে পোঁছিল, পোঁছাইল, পোঁছল। চিঠি —')। নাগাল পাওয়া ('হাত পোঁছে না, পোঁছায় না, পোঁছয় না')। রাখিয়া আসা ('অমুককে বাড়ি পোঁছাইয়া দাও, পোঁছিয়ে দাও')

**পৌটি** — ১৬ বিশে এক পৌটি (ধানের মাপ)

**পৌণ্ড্র** (পুণ্ড্র দেখ)

**পৌত্তলিক** — প্রতিমাপূজক। ... ষ্য. -তা।

**পৌত্র** — পুত্রের পুত্র। ... **পৌত্রী** — পুত্রের কন্যা।

**পৌনঃপুনিক** — যাহা বার বার ঘটে, আবৃত্ত, recurring ('— দশমিক')। ... ষ্য. **পৌনঃপুন্য**।

**পৌনে** ] < পাদোন (পাদ-উন), সিকি-কম, ¾।

**পৌর, পৌরেয়** — পুরবাসী, নগরবাসী -জন')। নগরীয়, urban (তুঃ জানপদ)। ... **পৌরসংঘ** — মিউনিসিপালিটি।

**পৌরব** — পুরুবংশীয়।

**পৌরাণিক** — পুরাণ সম্বন্ধীয়। ... স্ত্রী **পৌরাণিকী**।

**পৌরুষ** — পুরুষত্ব, পুরুষোচিত উদ্যম সাহস ইঃ। পরাক্রম।

**পৌরুষেয়** — মনুষ্যকৃত। পুরুষ সম্বন্ধীয়

**পৌরোহিত্য** — পুরোহিতের কর্ম বা বৃত্তি যাজন, পুরুতগিরি।

**পৌর্ণমাসী** — পূর্ণিমা।

**পৌর্বদৈহিক, -দৈহিক** — পূর্বজন্মগত।
**পৌর্বাপর্য** — পূর্বাপর সম্বন্ধ, আনুপূর্ব্য।
**পৌর্বাহ্ণিক** — পূর্বাহ্ণ সম্বন্ধীয়।
**পৌলস্ত্য** — পুলস্ত্যের বংশধর — কুবের, রাবণ, কুম্ভকর্ণ ও বিভীষণ।
**পৌলোমী** — পুলোমার কন্যা ইন্দ্রপত্নী শচী।
**পৌষ** — বাংলা সনের নবম মাস। ... **পৌষা/পৌষে**] পৌষ সম্বন্ধীয় বা জাত।
**পৌষল্যা** — পৌষমাসের বনভোজন।
**পৌষালী** — পৌষমাসে জাত (ফসল)।
**প্যাঁ**] শিশুর কান্নার শব্দ।
**প্যাকিং** — মোড়াই।
**প্যাঁচ, প্যাঁচা** (পেঁ- দেখ)
**প্যাচপ্যাচ** (পচপচ দেখ)
**প্যানপ্যান**] কান্নার সঙ্গে বিলাপ বা আবদার। ... ণ. **প্যানপেনে**]
**প্যারা** [ই] লেখার বা পুস্তকাদির বিভিন্ন অংশ যাহা পঙ্‌ক্তিচ্ছেদ দ্বারা পৃথক্ করা হয়, কয়েকটি পঙ্‌ক্তির সমষ্টি, অনুচ্ছেদ।
**প্যারী**] রাধিকা। পেয়ারী (দেখ)
**প্যালা** (পেলা দেখ)
**প্র-** — উৎকর্ষ সর্বতোভাবে খ্যাতি গতি আরম্ভ ইঃ সূচক উপসর্গ।
**প্রকট**—ব্যক্ত, স্পষ্ট। ... **প্রকটন** — প্রকাশ-করণ। ... ণ. **প্রকটিত**।
**প্রকম্প, প্রকম্পন** — অতিশয় কম্পন। ... ণ. **প্রকম্পিত**।
**প্রকর** — ণ. কর্মপটু। ... ষৎ-সমূহ। অগুরু চন্দন।
**প্রকরণ** — গ্রন্থের অধ্যায় বা অংশ। প্রক্রিয়া। প্রস্তাব, প্রসঙ্গ, আলোচ্য বিষয়। (§ প্রকৃত)
**প্রকর্ষ** — উৎকর্ষ, শ্রেষ্ঠতা। (§ প্রকৃষ্ট)
**প্রকল্প** — পরিকল্পনা প্রলয়।
**প্রকাণ্ড** — ণ. অতি বৃহৎ। ... ষ্য. গাছের গুঁড়ি।
**প্রকাম** — যথেষ্ট, প্রচুর।
**প্রকার** — জাতি ('নানা-, এক-')। রকম রীতি, কৌশল, উপায় ('কি প্রকারে')। প্রভেদ, বিশেষ। ... **প্রকারান্তর** — অন্য প্রকার। অন্য রকম রীতি বা কৌশল ('প্রকারান্তরে')
**প্রকাশ** — ষ্য. প্রকটন, ব্যঞ্জনা, প্রদর্শন ('আলোক, বিদ্যা, ঘৃণা — করা')। বিকাশ, উদয় ('সূর্যের —')। প্রচার, সাধারণের সমক্ষে উপস্থিতি, জাহির ('গুপ্তকথা —')। পুস্তকাদি ছাপানো ও বিক্রয়ের ব্যবস্থা ('পুস্তক-')। আলোক, দীপ্তি। ... ণ. ব্যক্ত, বিজ্ঞাত ('—থাকা, হওয়া')। ... **প্রকাশক** — যে প্রকাশ করে ('জগৎ-। পুস্তক-')।...স্ত্রী. **প্রকাশিকা**। ... **প্রকাশন** — প্রকাশ করণ। ... **প্রকাশনীয়** — প্রকাশযোগ্য, প্রকাশ্য। ... **প্রকাশমান** — যাহা প্রকাশিত হইতেছে। ... **প্রকাশিত** — যাহা প্রকাশ করা হইয়াছে। প্রস্ফুটিত, ব্যক্ত, উদ্ভাসিত। ... **প্রকাশ্য** — প্রকাশযোগ্য। যাহা প্রকাশিত হয় ('ক্রমশঃ —')। সাধারণের দৃষ্টিগোচর ('— স্থান')। খোলাখুলি, সাধারণের সমক্ষ ('—নিন্দা। প্রকাশ্যে')
**প্রকীর্ণ** — বিকীর্ণ, ছড়ানো। বিবিধ। গ্রন্থ হইতে বিচ্ছিন্ন।
**প্রকীর্ণক** — **চামর**।
**প্রকীর্তি** — বিপুল যশ। মাহাত্ম্যকীর্তন। ... ণ. **প্রকীর্তিত**।
**প্রকৃত** — সত্য, যথার্থ, আসল ('—ঘটনা, পরিচয়, বস্তু')। আরব্ধ, উপস্থাপিত ('—প্রস্তাবে')। ... ষ্য. **-ত**। ... **প্রকৃত-**

পক্ষে — বস্তুতঃ।

**প্রকৃতি** — স্বভাব, চরিত্র, ধর্ম ('দুষ্ট-')। বাহ্যজগৎ, নিসর্গ ('প্রকৃতির শোভা')। (দর্শনে) আদ্যা শক্তি, সৃষ্টির মূল কারণ; অথবা — আত্মা হইতে স্বতন্ত্র যাহা আছে, অব্যক্ত, প্রধান; অথবা — যাহার জন্য ব্রহ্ম হইতে জীবাত্মার ভেদ এবং বাহ্যজগতের অস্তিত্ব বোধ হয়, অবিদ্যা, মায়া। প্রজা ('-রঞ্জন')। নারী। (ব্যাকরণে) বিভক্তিহীন শব্দ বা ধাতু (§ প্রাকৃতিক)। ... **প্রকৃতিগত** — স্বভাবসিদ্ধ।... **প্রকৃতিজ, -জাত, -সিদ্ধ** — স্বাভাবিক, স্বভাব হইতে উৎপন্ন। ... **প্রকৃতিবিজ্ঞান** — পদার্থবিদ্যা। ... **প্রকৃতিস্থ** — স্বভাবে অবস্থিত, সুস্থ, "ধাতস্থ", শারীরিক বা মানসিক অস্বস্তি হইতে মুক্ত।

**প্রকৃষ্ট** — শ্রেষ্ঠ, প্রশস্ত। ... ষ্য. **-তা, -ত্ব**।

**প্রকোপ** — উগ্রতা, প্রাবল্য ('জ্বরের, শীতের —')। অতিক্রোধ। ... **প্রকোপন** — রাগানো। ... ণ. **প্রকোপিত**।

**প্রকোষ্ঠ** — কক্ষ, ঘর। দ্বারের পার্শ্বস্থ গৃহ। কনুই হইতে মণিবন্ধ পর্যন্ত হাত।

**প্রক্রম** — প্রভাব। উদ্‌গম। আরম্ভ।

**প্রক্রিয়া** — কার্যসাধনের নিমিত্ত বিশেষ প্রকার ক্রিয়া ('তান্ত্রিক, রাসায়নিক —'), বিচার-পারিপাট্য। অনুষ্ঠান।

**প্রক্কণ** — বীণাধ্বনি।

**প্রক্ষালন** — ধৌত করণ। ... ণ. **প্রক্ষালিত**।

**প্রক্ষিপ্ত** — নিক্ষিপ্ত। ভিতরে সন্নিবিষ্ট। মূল রচনার ভিতরে অন্য কর্তৃক যোজিত। ... ষ্য. **প্রক্ষেপ, প্রক্ষেপণ**।... **প্রক্ষেপক** — প্রক্ষেপকারী।

**প্রক্ষেড়ন** — নারাচ, লৌহময় বাণ বিঃ।

**প্রখর** — অতিশয় খর। ... ষ্য. **-তা, -ত্ব, প্রাখর্য**।

**প্রখ্যাত** — বিখ্যাত, প্রসিদ্ধ ('-নামা')

**প্রগণ্ড** — কনুই হইতে কাঁধ পর্যন্ত বাহু-ভাগ।

**প্রগত** — প্রস্থিত। ... **প্রগতি** — অগ্রগতি, ক্রমশঃ উন্নতি।

**প্রগমন** — প্রস্থান।

**প্রগল্‌ভ** — অকুণ্ঠিত, সপ্রতিভ, নির্ভীক; যে অসংকোচে কথা বলে। নির্লজ্জ, ধৃষ্ট। ... স্ত্রী. **প্রগল্‌ভা**। ... ষ্য. **প্রগল্‌ভতা**।

**প্রগাঢ়** — অতিশয় গাঢ়।

**প্রগাতা** — উৎকৃষ্ট গায়ক।

**প্রগীত** — প্রতিষ্ঠিত।

**প্রগুণ** — প্রকৃষ্ট গুণশালী।

**প্রগ্রহ, প্রগ্রাহ** — লাগাম, বল্‌গা। বন্ধন-রজ্জু।

**প্রচক্ষণ** — প্রতিষ্ঠা। প্রশংসন।

**প্রচণ্ড** — প্রবল, প্রখর, অত্যুগ্র, ভীষণ ('— প্রতাপ, উত্তাপ, সূর্য, ক্রোধ, মূর্তি')। ... ষ্য. **-তা**।

**প্রচয়, প্রচায়** — চয়ন। সঞ্চয়। রাশি। ... ণ. **প্রচিত**।

**প্রচর** — পথ। মার্গ।

**প্রচল** — প্রচলিত রীতি, convention.

**প্রচলন** — প্রবর্তন, চালানো, প্রচার ('আইন, নূতন মতের —')। চলন, ব্যবহার ('স্বর্ণমুদ্রার —। সেকেলে গহনার — নাই')। ... **প্রচলিত** — যাহার চলন হইয়াছে, চলতি। প্রবর্তিত।

**প্রচার** — ঘোষণা, সর্বসাধারণকে জ্ঞাপন; প্রচলন ('রাজাজ্ঞা, মহিমা — করা। সংবাদপত্রের বহু-')। ... ণ. **প্রচারিত**। ... **প্রচারক** — প্রচারকারী ('ধর্ম-')। ... **প্রচারণ** — প্রচারিতকরণ।

**প্রচিত** — চয়িত। সঞ্চিত। রাশীকৃত।

**প্রচুর** — পর্যাপ্ত, যথেষ্ট। প্রভূত, ঢের। (§ প্রাচুর্য)

**প্রচেতা** [< -তাঃ (তস্)] প্রকৃষ্টচিত্ত, জ্ঞানী। সতর্ক। বরুণ। প্রজাপতি বিঃ।

**প্রচেষ্টা** — নিয়ন্ত্রিত চেষ্টা, প্রয়াস। কোনও উদ্দেশ্য সাধনের নিমিত্ত বহু লোকের চেষ্টা ('শিশুমঙ্গল-')

**প্রচোদিত** — প্রেরিত। শাস্ত্রবিহিত। ... ষ্য. প্রচোদনা।

**প্রচ্ছদ** — আচ্ছাদন, আবরণ। ... **প্রচ্ছদপট** — আবরণবস্ত্র। মলাট।

**প্রচ্ছন্ন** — গুপ্ত, লুক্কায়িত। আবৃত।

**প্রচ্ছাদন** — আচ্ছাদন, আবরণবস্ত্রাদি। ... ণ. **প্রচ্ছাদিত**।

**প্রচ্ছায়** — নিবিড় ছায়া বা ছায়াময় স্থান। ... **প্রচ্ছায়া** — (জ্যোতিষে) গ্রহণকালে চন্দ্র বা পৃথিবী হইতে নিক্ষিপ্ত নিবিড় ছায়া, umbra. (তুঃ উপচ্ছায়া)

**প্রজন** — গবাদি পশুর গর্ভসঞ্চার করানো, breeding.

**প্রজনন** — সন্তান উৎপাদন। প্রসব। জন্ম।

**প্রজনিষ্ণু** — উৎপাদনশীল।

**প্রজল্প** — বৃথা ভাষণ। বাদানুবাদ।

**প্রজব** — বেগের আতিশয্য।

**প্রজা** — (স্ত্রী). প্রাণিসমূহ। সন্ততি। জনসাধারণ। রাজ্যের অধীন জন ('-পালন, -পীড়ন, -রঞ্জন')। কর দিয়া যে জমি ভোগ করে, রায়ত ('জমিদারের —। -বিলি')। ... **প্রজাতন্ত্র** — প্রজাবর্গের প্রতিনিধি কর্তৃক রাষ্ট্রপরিচালন বা পরিচালিত রাষ্ট্র, democracy. **প্রজানন্দ** — পুত্রসুখ। ... **প্রজাপতি** — ব্রহ্মা। মরীচি অত্রি দক্ষ ইঃ ব্রহ্মার মানসপুত্র। ('প্রজাপতির নির্বন্ধ' — *বিধাতা কর্তৃক বিবাহবন্ধন*)। (বাং) বিচিত্রপক্ষ পতঙ্গ বিঃ। ... **প্রজাপীড়ন** প্রজাগণের উপর অত্যাচার। ... **প্রজাবতী** — সন্তানবতী। ভ্রাতৃজায়া। ... **প্রজারঞ্জন** — প্রজাগণের সন্তোষসাধন। ... **প্রজাশক্তি** — সম্মিলিত প্রজাবর্গের শক্তি।

**প্রজাত** — উৎপন্ন। ... স্ত্রী. **প্রজাতা**। — সন্তানবতী।

**প্রজ্ঞ** — প্রকৃষ্ট জ্ঞানী।

**প্রজ্ঞপ্তি** — বিজ্ঞাপন।

**প্রজ্ঞা** — বুদ্ধি, ধী। তত্ত্বজ্ঞান। ... **প্রজ্ঞাচক্ষু** [< -ক্ষুঃ (ক্ষুস্)] জ্ঞাননেত্র। জ্ঞানদ্বারা সমস্ত বিষয়ের স্বরূপ যে উপলব্ধি করে। ... **প্রজ্ঞাপারমিতা** — জ্ঞানের পরা কাষ্ঠা; বৌদ্ধ মতে দেবীরূপে কল্পিত।

**প্রজ্ঞাত** — উত্তমরূপে জ্ঞাত। বিখ্যাত।

**প্রজ্ঞান** — প্রকৃষ্ট জ্ঞান। অভিজ্ঞান, সংকেত, চিহ্ন।

**প্রজ্বলন** — অতিশয় জ্বলন। ... ণ. **-লিত**।

**প্রজ্বালন** — প্রজ্বলিত করণ। ... ণ. **-লিত**।

**প্রণত** — যে প্রণাম করিয়াছে। বশীভূত। অনুগত।

**প্রণতি** — প্রণাম।

**প্রণব** — ওঁকার।

**প্রণয়** — প্রেম, ভালবাসা, অনুরাগ, প্রীতি (-পত্র, -পাত্র, -সম্ভাষণ। প্রণয়ালাপ, প্রণয়াসক্ত')। বন্ধুত্ব। ... **প্রণয়ী** (-য়িন্) — প্রেমিক, প্রিয়, অনুরক্ত পুরুষ। ... স্ত্রী. **প্রণয়িনী**।

**প্রণয়ন** — রচনা, নির্মাণ। (§ **প্রণীত**, প্রণেতা)

**প্রণাম** — প্রণতি, ভূমিতে মস্তক বা কপালে যুক্তকর স্পর্শ করিয়া নমস্কার ('— করা')। পদ্যে ক্রি. 'প্রণমিল')। (§ প্রণত)। ... **প্রণামী**] প্রণামকালে

বা শ্রদ্ধা জানাইবার জন্য প্রদেয় অর্ঘ্য ইঃ ('ঠাকুর-, গুরু-')

**প্রণালী, -লি** —জলনালী। (ভূগোলে) যে সংকীর্ণ জলভাগ দুই বৃহৎ জলভাগকে সংযুক্ত করে, channel, strait. পদ্ধতি, রীতি ('কার্য-')

**প্রণালিকা** — নর্দমা, জলনির্গমনের পথ।

**প্রণাশ** — মৃত্যু। (ঽ প্রনষ্ট)

**প্রণিধান** — অভিনিবেশ। ধ্যান, সমাধি। অর্পণ। স্থাপন। (ঽ প্রণিহিত)

**প্রণিধি** — অনুচর, দূত। প্রণিধান। প্রার্থনা।

**প্রণিপাত** — ভূতলে পতিত হইয়া প্রণাম।

**প্রণিহিত** — অভিনিবিষ্ট। সমাহিত। অর্পিত। স্থাপিত।

**প্রণীত** — রচিত, নির্মিত (যথা পুস্তক)

**প্রণীয়মান** — যাহা রচিত হইতেছে।

**প্রণেতা** (-তৃ) — রচয়িতা, নির্মাতা ('পুস্তক-, জগৎ-')

**প্রণোদন** — প্ররোচন, নিয়োজন, প্রেরণা। ... ণ. **প্রণোদিত।**

**প্রতপ্ত** — উত্তপ্ত।

**প্রতর্ক** — সন্দেহ, অনুমান। বিচার।

**প্রতর্ক্য** — যাহা বিচার বা অনুমান দ্বারা স্থির করিতে পারা যায়।

**প্রতত** — বিস্তীর্ণ।

**প্রতনু** — অতিসূক্ষ্ম।

**প্রতর্দন** — দিবোদাসের পুত্র পৌরাণিক নৃপতি বিঃ।

**প্রতান** — লতার আকর্ষ। লতাদির বিস্তার।

**প্রতাপ** — পরাক্রম, প্রভাব, তেজ ('-শালী। প্রতাপান্বিত')। উত্তাপ।

**প্রতারক** — যে ঠকায়, জুয়াচোর, বঞ্চক।

**প্রতারণ, প্রতারণা** — ঠকানো। ঠকামি, প্রবঞ্চনা। ... **প্রতারিত** — যাহাকে ঠকানো হইয়াছে, বঞ্চিত।

**প্রতি** — উপর, সম্বন্ধে ('শত্রুর — ক্রোধ, আমার — সুবিচার')। উদ্দেশে, অভিমুখে ('শত্রুর — শরসন্ধান, আমার — দৃষ্টিপাত')। প্রত্যেক ('-বস্তু, -দিন')

**প্রতি-** — প্রতিনিধি আভিমুখ্য প্রতিদান সাদৃশ্য বিরোধ ব্যাপ্তি ইঃ সূচক উপসর্গ।

**প্রতিকর্তা** (-র্তৃ) — যে প্রতিকার করে, প্রতিকারক। যে শোধ তোলে।

**প্রতিকায়** — প্রতিমূর্তি।

**প্রতিকার** (প্রতী- বিরল) — প্রতিবিধান, নিবারণ ('রোগের, বিপদের —')। ... **প্রতিকরণীয়, প্রতিকার্য** — প্রতিকারের যোগ্য বা বিষয়ীভূত। ... **প্রতিকারক** — যে প্রতিকার করে, প্রতিকর্তা।

**প্রতিকূল** — বিরুদ্ধ, বিপক্ষ, বাম, অননুকূল ('— গ্রহ, বায়ু, প্রভু। প্রতিকূলাচরণ')। ... বি. **-তা, প্রাতিকূল্য।**

**প্রতিকৃত**—যাহার প্রতিকার করা হইয়াছে। প্রতিদত্ত।

**প্রতিকৃতি** — প্রতিমূর্তি। প্রতিকার।

**প্রতিক্রম** — বিপরীত ক্রম, ব্যুৎক্রম।

**প্রতিক্রিয়া** — প্রয়োগের পর যে ক্রিয়া হয়; উত্তেজনার পর যে বিপরীত অবস্থা উৎপন্ন হয়; reaction ('ঔষধের, মত্ততার —')। বিপরীত ক্রিয়া। প্রতিবিধান।

**প্রতিক্ষণ** — প্রতি মুহূর্ত।

**প্রতিক্ষেপ** — তিরস্কার; নিরসন।

**প্রতিগ্রহ** — দানগ্রহণ। স্বীকার। দেয় বা দত্ত বস্তু। প্রতিকূল গ্রহ। ... **প্রতিগ্রহণ** — দানগ্রহণ। স্বীকার। ... ণ. **প্রতি-গৃহীত।** ... **প্রতিগ্রহণীয়** — দানরূপে

গ্রহণীয়।

**প্রতিগ্রাহ**—দানগ্রহণ। স্বীকার। ... **প্রতিগ্রাহিত** — যাহাকে দান লইতে প্রবৃত্ত করা হইয়াছে। স্বীকারিত। ... **প্রতিগ্রাহী** (-হিন্) — দানগ্রহীতা। ... **প্রতিগ্রাহ্য** — দানরূপে গ্রহণযোগ্য।

**প্রতিঘ** — ষ্য. ক্রোধ। বাধা। ... ণ. প্রতিকূল।

**প্রতিঘাত** — প্রত্যাঘাত, আঘাতকারীকে আঘাত। (§প্রতিহত)

**প্রতিঘাতন**—বধ। ... **প্রতিঘাতী** (-তিন্) — যে বধ করে।

**প্রতিচিত্র**—চিত্র বা নকশার যথাযথ নকল (যথা blue print)

**প্রতিচ্ছন্দ** — চিত্রপট, প্রতিমূর্তি। অনুকম্প।

**প্রতিচ্ছন্দক** — প্রতিনিধি।

**প্রতিচ্ছন্ন** — আচ্ছাদিত। ছদ্মবেশে আত্মগুপ্ত।

**প্রতিচ্ছায়া** — প্রতিবিম্ব। প্রতিকৃতি, সাদৃশ্য।

**প্রতিজ্ঞা** — সংকল্প, দৃঢ় পণ, শপথ। প্রতিশ্রুতি, অঙ্গীকার ('-বদ্ধ, -ভঙ্গ')। (গণিতে) প্রতিপাদ্য বা সম্পাদ্য বিষয়, proposition ('জ্যামিতির —')। ... ণ. **প্রতিজ্ঞাত**। ... **প্রতিজ্ঞাপত্র** — অঙ্গীকারপত্র, একরারনামা। ... **প্রতিজ্ঞেয়** — প্রতিজ্ঞার বিষয়।

**প্রতিদান** — পরিবর্তে দান। **প্রত্যর্পণ**, ফেরত। ... ণ. **প্রতিদত্ত**। ... **প্রতিদেয়** — প্রতিদানের যোগ্য।

**প্রতিদিন** — প্রত্যহ, রোজ রোজ।

**প্রতিদিষ্ট**—অন্য বা প্রবলতর আদেশ দ্বারা প্রত্যাহৃত।

**প্রতিদ্বন্দ্ব** — বিরোধ, প্রতিযোগ, স্পর্ধা। ... **প্রতিদ্বন্দ্বী** (-ন্দ্বিন্) — যে অপরকে পরাস্ত করিতে চায়, **প্রতিযোগী**। ... ষ্য. **প্রতিদ্বন্দ্বিতা**।

**প্রতিধ্বনি** — যে শব্দ প্রতিহত হইয়া ফিরিয়া আসে। অনুরূপ শব্দ। ... ণ. **প্রতিধ্বনিত**।

**প্রতিনিধি** — প্রতিভূ, যে অপরের হইয়া কাজ করে। বদলী। জামিন।

**প্রতিনিবৃত্ত** — প্রত্যাবৃত্ত। ... ষ্য. **-নিবৃত্তি, -নিবর্তন**।

**প্রতিনিয়ত** — নিরন্তর, সর্বদা।

**প্রতিপক্ষ** — বিরোধী পক্ষ। প্রতিবাদী।

**প্রতিপত্তি** — সম্মান, প্রতিষ্ঠা ('সমাজে—। -শালী')। প্রমাণ।

**প্রতিপদ্** — (স্ত্রী). পূর্ণিমা বা অমাবস্যার পরবর্তী প্রথম তিথি।

**প্রতিপদে** — পদে পদে।

**প্রতিপন্ন** — অবধারিত, যুক্তিপ্রমাণাদিদ্বারা সমর্থিত। প্রাপ্ত। প্রতিশ্রুত।

**প্রতিপাদক** — যে প্রতিপাদন করে।

**প্রতিপাদন** — অবধারণ, নির্ণয়, মীমাংসা। সম্পাদন। ... ণ. **প্রতিপাদিত**। ... **প্রতিপাদনীয়, প্রতিপাদ্য** — প্রতিপাদনের বিষয় বা যোগ্য।

**প্রতিপালক** — পালনকর্তা, রক্ষক।

**প্রতিপালন** — পোষণ ('সন্তান, গো —')। রক্ষা, মাননা ('অঙ্গীকার, আজ্ঞা —')। ... ণ. **প্রতিপালিত**। ... **প্রতিপাল্য** — পোষ্য। রক্ষণীয়।

**প্রতিপোষক** — সমর্থক। **সহায়ক**। ... ষ্য. **প্রতিপোষণ**।

**প্রতিফল** — দুষ্কার্যের যোগ্য ফল ('পাপের —')। প্রতিশোধ, সাজা।

**প্রতিফলন** — দর্পণাদিতে পতিত আলোকের প্রত্যাবর্তন, **প্রতিবিম্বন**, reflection. ... ণ. **প্রতিফলিত**।

**প্রতিবচন** — প্রতিবাক্য (দেখ)। উত্তর।

**প্রতিবন্ধ ১** — বাধাপ্রাপ্ত।

**প্রতিবন্ধ ২**—বাধা, অন্তরায়। ... **প্রতিবন্ধক** —বাধাজনক, পরিপন্থী। ... ষ্য. **-তা**। ... **প্রতিবন্ধী** (-ন্ধিন্) — বাধাবিশিষ্ট। প্রতিবন্ধক।

**প্রতিবল** — তুল্যবলশালী। বিপক্ষের সৈন্য।

**প্রতিবসথ** — গ্রাম।

**প্রতিবস্তূপমা**—উপমা। অলঙ্কারের প্রকার ভেদ।

**প্রতিবহন** — প্রতিকার। সহন।

**প্রতিবাক্য** — প্রত্যুত্তর।

**প্রতিবাত** — বায়ুর প্রতিকূল, যে দিক্ হইতে বায়ু বহিতেছে তাহার অভিমুখ। (তুঃ অনুবাত)

**প্রতিবাদ** — খণ্ডনের জন্য প্রত্যুক্তি। আপত্তিজ্ঞাপন। বিরুদ্ধ উক্তি। ... **প্রতিবাদী** (-দিন্)—যে প্রতিবাদ করে। বাদীর বিরোধী পক্ষ, আসামী।... স্ত্রী. **-বাদিনী**।

**প্রতিবাসী** (-সিন্) — প্রতিবেশী, পড়শী, যে নিকটে বাস করে।...স্ত্রী. **-বাসিনী**।

**প্রতিবিধান** — প্রতিকার, নিবারণ। প্রতিশোধ। ... ণ. **প্রতিবিহিত**। ... **প্রতিবিধিৎসা** — প্রতিবিধানের ইচ্ছা। ... **প্রতিবিধিৎসু** — যে ঐ ইচ্ছা করে। ... **প্রতিবিধেয়** — প্রতিবিধানের যোগ্য।

**প্রতিবিম্ব** — দর্পণাদিতে প্রতিফলিত আকৃতি। সদৃশ আকৃতি।।... **প্রতিবিম্বন** — প্রতিফলন। ... ণ. **-বিম্বিত**।

**প্রতিবেদন** — বিবরণী, report.

**প্রতিবেশ** — নিকটবর্তী অন্য লোকের আবাস। চতুর্দিগ্‌বর্তী বিষয়, পরিবেষ্টন, environment. ... **প্রতিবেশী** (-শিন্)—প্রতিবাসী (দেখ)। ... স্ত্রী. **-শিনী**।

**প্রতিবোধ** — প্রবোধ। জাগরণ। ... ণ. **প্রতিবোধিত**।

**প্রতিভা** — তীক্ষ্ম বুদ্ধি, প্রত্যুৎপন্নমতি; পরিকল্পনা রচনা আবিষ্কার অবধারণ ইঃর অসামান্য ক্ষমতা ('-বান্, -শালী। প্রতিভান্বিত')। প্রভা।

**প্রতিভাত** — প্রকাশিত। জ্ঞান। আলোকিত। প্রতিফলিত।

**প্রতিভাসিত** — আলোকিত, প্রদীপ্ত।

**প্রতিভূ** — প্রতিনিধি (দেখ)

**-প্রতিম** — তুল্য, সদৃশ ('সোদর-')

**প্রতিমল্ল** — মল্লযুদ্ধে প্রতিদ্বন্দ্বী।

**প্রতিমা** — প্রতিমূর্তি। গঠিত দেবমূর্তি, বিগ্রহ ('-পূজা')

**প্রতিমান** — পড়িয়ান, ওজন করিবার বাটখারা।

**প্রতিমাস্য** — মাসে মাসে প্রাপ্য বা প্রাপ্ত।

**প্রতিমুখ** — সম্মুখ, অভিমুখ।

**প্রতিমূর্তি**—প্রতিকৃতি, অনুরূপ মূর্তি।

**প্রতিযোগ**—বিরোধ, প্রতিদ্বন্দ্ব, স্পর্ধা। ... **প্রতিযোগী** (-গিন্) — যে অপরকে পরাস্ত করিতে চায়, প্রতিদ্বন্দ্বী। সমকক্ষ। বিপক্ষ। ... ষ্য. **প্রতিযোগিতা**।

**প্রতিরক্ষা** — শত্রুর আক্রমণ হইতে রক্ষা, defence.

**প্রতিরুদ্ধ** — নিবারিত। অবরুদ্ধ।

**প্রতিরূপ** — ষ্য. প্রতিমূর্তি। প্রতিবিম্ব। ... ণ. সদৃশ, তুল্য।

**প্রতিরোধ** — নিবারণ, বাধাদান। প্রতিবন্ধ। নিরোধ, আটক। ... ণ. **প্রতিরুদ্ধ**। ... **প্রতিরোধিত** — যাহা নিবারণ করা হইয়াছে।... **প্রতিরোধক, -রোধী** (-ধিন্) — যে বা যাহা প্রতিরোধ করে।

**প্রতিলিপি** — লেখা চিত্র ইঃর নকল।

**প্রতিলোম** — বিপরীত, উলটা। ('-বিবাহ' — নিম্নবর্ণ পুরুষের সহিত উচ্চবর্ণা স্ত্রীর বিবাহ। তুঃ অনুলোম)

**প্রতিশব্দ** — তুল্য অর্থ সূচক শব্দ, সমনাম। প্রতিধ্বনি।

**প্রতিশয়, -শয়ন** — দেবমন্দিরাদিতে ধরনা, "হত্যা"। ... ণ. **প্রতিশয়িত।**

**প্রতিশোধ** — অনিষ্টকারীর অনিষ্টসাধন, প্রতিহিংসা।

**প্রতিশ্যায়** — নাসাক্ষত রোগ। সর্দি।

**প্রতিশ্রুতি** — অঙ্গীকার, প্রতিজ্ঞা, ('— দেওয়া, লওয়া')। ... **প্রতিশ্রুত** — অঙ্গীকৃত ('— বিষয়')। অঙ্গীকারবদ্ধ (**'— থাকা, হওয়া'**)

**প্রতিষিদ্ধ** — নিষিদ্ধ। নিবারিত।

**প্রতিষেধ** — নিষেধ, নিবারণ। ... **প্রতিষেধক** — নিবারক। যাহা ঘটিতে দেয় না ('রোগের — ঔষধ')। ... **প্রতিষেদ্ধা** — যে নিষেধ বা নিবারণ করে।

**প্রতিষ্টম্ভ** — বাধা, প্রতিবন্ধ।

**প্রতিষ্ঠা** — সংস্থাপন ('দেবালয়, জলাশয় —')। উৎসর্গ। উদ্‌যাপন। প্রতিপত্তি, খ্যাতি, গৌরবযশ ('-বান্। প্রতিষ্ঠান্বিত')। অবস্থান। ... ণ. **প্রতিষ্ঠিত।** ... **প্রতিষ্ঠাতা** (-তৃ) — যে প্রতিষ্ঠা করে। ... স্ত্রী. **প্রতিষ্ঠাত্রী।**

**প্রতিষ্ঠাপন্ন, প্রতিষ্ঠাবান্** — খ্যাতিমান, সুপ্রসিদ্ধ, নামজাদা।

**প্রতিষ্ঠান** — সংস্থাপন। অবস্থান। কোনও উদ্দেশ্য সাধনের জন্য সংগঠিত সমিতি ইঃ এবং তাহার আলয়, সংস্থা। প্রাচীন নগর বিঃ।

**প্রতিষ্ঠাপন** — সংস্থাপন। উৎসর্গ। অর্পণ। ... ণ. **প্রতিষ্ঠাপিত।**

**প্রতিসংহার** — সংবরণ, নিবর্তন। ... ণ. **-সংহৃত।**

**প্রতিসরণ** — (বিজ্ঞানে) এক স্বচ্ছ বস্তু হইতে অন্য স্বচ্ছ বস্তুতে প্রবিষ্ট আলোক ইঃ রশ্মির ভঙ্গ, refraction. ... ণ. **প্রতিসৃত।**

**প্রতিসর্গ** — মরীচি দক্ষ ইঃ ব্রহ্মার মানসপুত্রগণ কর্তৃক সৃষ্টি (মূলসৃষ্টি = সর্গ)। প্রলয়।

**প্রতিসারণ** — অপসারণ। ... ণ. **-সারিত।**

**প্রতিসারী** (-রিন্) — প্রতিকূলগামী।

**প্রতিহত** — প্রতিঘাতপ্রাপ্ত। বাধাপ্রাপ্ত, ব্যাহত। ... ষ্য. **প্রতিহতি।**

**প্রতিহনন** — হত্যাকারীকে হনন। প্রত্যাঘাত। ... **প্রতিহন্তা** (-ন্ত) — যে তাহা করে।

**প্রতিহর্তা** (-র্তৃ) — নিবারক। প্রত্যাঘাতকারী।

**প্রতিহার** (প্রতী- বিরল)—পরিহার, বর্জন। প্রত্যাঘাত। দ্বার ('-রক্ষী')। ... **প্রতিহার, -হারী** (-রিন্) — দ্বারপাল। ... স্ত্রী. **প্রতিহারী, -হারিণী।**

**প্রতিহার্য** — পরিহার্য, বর্জনীয়।

**প্রতিহিংসা** — বৈরনির্যাতন, প্রতিশোধ ('-পরায়ণ')

**প্রতীক** — অবয়ব, অঙ্গ। চিহ্ন। প্রতিকূল।

**প্রতীকোপাসনা** — কোন মূর্তি বা বস্তুকে ব্রহ্মের অনুকল্পরূপে কল্পনা করিয়া যে অর্চনা।

**প্রতীক্ষা** — অপেক্ষা, সবুর। আশা; সম্ভাবিত বিষয়ের জন্য অপেক্ষা ('বৃষ্টির, বিপদের —')। ... ণ. **প্রতীক্ষিত।** ... **প্রতীক্ষমাণ** — প্রতীক্ষাকারী। ... স্ত্রী. **-মাণা।** ... **প্রতীক্ষ্য** — প্রতীক্ষার যোগ্য। ... **প্রতীক্ষ্যমাণ** — যাহার জন্য প্রতীক্ষা করা হইতেছে। ... স্ত্রী. **-মাণা।**

**প্রতীচী** — পশ্চিম দিক্। ... ণ. **প্রতীচীন, প্রতীচ্য** — পাশ্চাত্ত্য ('প্রতীচ্য সভ্যতা')

**প্রতীতি** — অনুভব, বোধ, জ্ঞান। ধারণা, প্রত্যয়, সংস্কার, বিশ্বাস। ... ণ. **প্রতীত।**

**প্রতীপ** — বিপরীত, প্রতিকূল ('-গামী')। শান্তনুর পিতা, ভীষ্মের পিতামহ। এক প্রকারের কাব্যালংকার।

**প্রতীয়মান** — যাহা অনুভূত বা জ্ঞাত হইতেছে। ... **প্রতীয়মানোৎপ্রেক্ষা** — কাব্যালংকার বিঃ। যে উৎপ্রেক্ষায় বমন ইত্যাদি উৎপ্রেক্ষণ দ্যোতক শব্দ থাকে না, তাৎপর্য বৃত্তিতে উপলব্ধ হয়।

**প্রতুল]** ষ্য. প্রাচুর্য। শ্রীবৃদ্ধি। ... ণ. প্রচুর।

**প্রতোদ** — চাবুক।

**প্রত্ন** — প্রাচীন। ... **প্রত্নতত্ত্ব, -বিদ্যা** — পুরাতত্ত্ব; প্রাচীনযুগের মুদ্রা লিপি ভগ্নাবশেষ ইঃ হইতে ঐতিহাসিক তথ্য নির্ণয়। ... ণ. **প্রত্নতত্ত্বীয়**। ... **প্রত্নবিৎ** — প্রত্নতত্ত্বজ্ঞ।

**প্রত্যক্** (প্রত্যচ্) — প্রতিকূল, বিপরীত। পশ্চিম। পশ্চাদ্‌বর্তী। অন্তঃস্থিত। প্রতিব্যক্তিগত। (ঃ প্রতীচী) ... **প্রত্যগাত্মা** (প্রত্যক্ + আত্মা) — অন্তর্যামী।

**প্রত্যক্ষ** — ণ. সাক্ষাৎ, দৃশ্য, ইন্দ্রিয়গ্রাহ্য ('— জ্ঞান, প্রমাণ, পরিচয়')। ... ষ্য. ইন্দ্রিয়দ্বারা উপলব্ধি, দর্শন ('— করা। -গোচর, -কারী, -দর্শী। প্রত্যক্ষে'। তুঃ পরোক্ষ)। ... **প্রত্যক্ষতঃ** (-তস্) — দৃশ্যতঃ, সাক্ষাৎ ভাবে। ... **প্রত্যক্ষী** (-ক্ষিন্) — প্রত্যক্ষকারী, সাক্ষাৎ দ্রষ্টা, eye-witness. ... **প্রত্যক্ষীকৃত** — যে অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষ করা হইয়াছে। ... **প্রত্যক্ষীভূত** — যে অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষ হইয়াছে।

**প্রত্যগ্র** — নবজাত।

**প্রত্যংগ** — প্রত্যবয়ব, উপাংগ (দেখ)

**প্রত্যনীক** — প্রতীপ, বিরুদ্ধ। কাব্যালংকার বিঃ।

**প্রত্যন্ত** — ণ. প্রান্তবর্তী, সমীপবর্তী। ... ষ্য. প্রান্তদেশ। (সং) ম্লেচ্ছচণ্ডালাদির বাসভূমি। ... **প্রত্যন্তপর্বত** — বৃহৎ পর্বতের সন্নিহিত ক্ষুদ্র পর্বত।

**প্রত্যবয়ব** — প্রত্যংগ, উপাংগ (দেখ)

**প্রত্যবায়** — পাপ, দোষ। অনিষ্ট।

**প্রত্যবেক্ষণ, -বেক্ষা** — তত্ত্বাবধান। অনুসন্ধান। বিচার।

**প্রত্যভিজ্ঞা, -জ্ঞান** — ইহাকে পূর্বে জানিতাম এই জ্ঞান, চেনা, recognition.

**প্রত্যভিবাদন, -বাদ** — অভিবাদনের উত্তরে অভিবাদন, প্রতিনমস্কার।

**প্রত্যভিযান** — আক্রমণকারীকে প্রত্যাক্রমণ।

**প্রত্যভিযোগ** — অভিযোগকারীর বিরুদ্ধে অভিযোগ, পালটা নালিশ।

**প্রত্যয়** — বিশ্বাস, নিশ্চয়জ্ঞান, প্রতীতি। (ব্যাকরণে) শব্দ বা ধাতুর উত্তর যে শব্দাংশ যোগ হইয়া বিশেষ অর্থ উৎপন্ন করে। ক্ত, ক্তি, তব্য, অনীয় ইত্যাদি কৃদন্ত প্রত্যয়। ষ্ণ, ষ্ণ্য, ইনন্, মতুপ্ ইত্যাদি তদ্ধিত প্রত্যয়। ... **প্রত্যয়হন্তা** (-ন্তৃ) — বিশ্বাসঘাতক ... **প্রত্যয়িত** — বিশ্বস্ত। ... **প্রত্যয়ী** (-য়িন্) — বিশ্বাসকারী। বিশ্বাসভাজন।

**প্রত্যর্থী** (-র্থিন্) — প্রতিবাদী, আসামী। বিপক্ষ।

**প্রত্যর্পণ** — ফেরত। প্রতিদান। ... ণ. **প্রত্যর্পিত**।

**প্রত্যহ** — প্রতিদিন, রোজ রোজ। (ঃ প্রাত্যহিক)

**প্রত্যাখ্যান** — অগ্রহণ, অস্বীকার, ফেরত ('উপহার, আবেদন, নিমন্ত্রণ — করা')। উপেক্ষা, অনাদর ('বন্ধুকে —')। পরিত্যাগ। ... ণ. **প্রত্যাখ্যাত।**

**প্রত্যাগমন** — প্রত্যাবর্তন, ফিরিয়া আসা। ... ণ. **প্রত্যাগত**।

**প্রত্যাঘাত** — আঘাতের পরিবর্তে আঘাত।
**প্রত্যাদেশ** — দেবতার আদেশ। নিরাকরণ। প্রত্যাখ্যান। পূর্বাদেশ খণ্ডন। ... ণ. **প্রত্যাদিষ্ট**।
**প্রত্যানয়ন** — পুনরানয়ন, ফিরাইয়া আনা। ... ণ. **প্রত্যানীত**।
**প্রত্যাবর্ত্তন** — প্রত্যাগমন, ফিরিয়া আসা। ... ণ. **প্রত্যাবৃত্ত**।
**প্রত্যায়ন** — বিশ্বাস উৎপাদন।
**প্রত্যালীঢ়** — বাম পদ প্রসারিত ও দক্ষিণ পদ সংকুচিত করিয়া উপবেশন।
**প্রত্যাশা** — কৃতকর্মের ফলস্বরূপ বা অন্যের নিকট হইতে কিছু পাইবার আশা। ... ণ. **প্রত্যাশিত** ('— বস্তু')। ... **প্রত্যাশী** (-শিন্) — যে প্রত্যাশা করে।
**প্রত্যাসন্ন** — আসন্ন, নিকটবর্তী।
**প্রত্যাহত** — বাধাপ্রাপ্ত, প্রতিহত। কুণ্ঠিত।
**প্রত্যাহরণ, প্রত্যাহার** — ফিরাইয়া লওয়া ('বাক্য, আদেশ — করা')। ... ণ. **প্রত্যাহৃত**।
**প্রত্যাহার** — বিষয়সমূহ হইতে ইন্দ্রিয় বৃত্তির নিরোধ।
**প্রত্যুক্তি** — কথার জবাব, উত্তর।
**প্রত্যুত** — পরন্তু (পূর্ববাক্যের বৈপরীত্য সূচক)
**প্রত্যুত্তর** — উত্তরের উত্তর, জবাবের জবাব।
**প্রত্যুত্থান** — আগত ব্যক্তির সম্মানার্থ উত্থান।
**প্রত্যুৎপন্ন** — তৎক্ষণোৎপন্ন। ... **প্রত্যুৎপন্নমতি** — ষ্য. উপস্থিতবুদ্ধি, তৎক্ষণাৎ কর্তব্য স্থির করিবার বুদ্ধি। ... ণ. ঐরূপ বুদ্ধি যুক্ত। ... **প্রত্যুৎপন্নমতিত্ব** — ঐরূপ বুদ্ধি প্রয়োগের ক্ষমতা।
**প্রত্যুদাহরণ** — উদাহরণের বিপরীত উদাহরণ।
**প্রত্যুদ্গমন** — মান্য ব্যক্তির সংবর্ধনার জন্য অগ্রসরণ অথবা বিদায়কালে সঙ্গে কিছু দূর গমন। ... ণ. **প্রত্যুদ্গত**। ('— অতিথি')
**প্রত্যুপকার** — উপকারের বিনিময়ে উপকার। উপকারের **প্রতিদান**। ... **প্রত্যুপকারী** (-রিন্) — যে তাহা করে। ... **প্রত্যুপকৃত** — প্রত্যুপকারপ্রাপ্ত।
**প্রত্যূষ, প্রত্যুষ** । < -ষঃ (-যস্) প্রভাত, ভোর।
**প্রত্যূহ** — বিঘ্ন, বাধা।
**প্রত্যেক** — এক এক করিয়া সকল, ফি।
**প্রথম** — অগ্রে গণ্য, আদ্য ('— **শ্রেণী**, **দিন**, পৃষ্ঠা। পরীক্ষায় — হওয়া')। গোড়ার, আরম্ভকালীন ('— **অবস্থা**, **যৌবন**, রাত্রি')। শ্রেষ্ঠ, প্রধান। ('প্রথমে' — অগ্রে, গোড়ায়; 'প্রথম প্রথম' — আরম্ভ-কালে।) (দ্র. প্রাথমিক)। ... স্ত্রী. **প্রথমা**। ... **প্রথমতঃ** (-তস্) — প্রথমে, অগ্রে। ... **প্রথম পুরুষ** (ব্যাকরণে) — আমি, তুমি বাদে সর্ব সর্বনাম ও বিশেষ্যপদ প্রথম পুরুষ।
**প্রথা** — রীতি ('সামাজিক —। পণ-')। নিয়ম, প্রণালী ('কার্যের —') ... **প্রথাগত** — প্রচলিত নিয়মের অনুবর্তী। মামুলি।
**প্রথিত** — বিখ্যাত। ... **প্রথিতনামা** (-মন্)। ... **প্রথিতযশা** [ < -শাঃ (-শস্) ]
**প্রথিমা** — পৃথুলতা, স্থূলতা।
**-প্রদ** — প্রদাতা, যে দেয় ('ফল-, ভয়-')
**প্রদক্ষিণ** — ষ্য. দেবমূর্তি ইঃকে নিজের দক্ষিণে রাখিয়া পরিভ্রমণ। ... ণ. **দক্ষিণ** পার্শ্বে স্থিত বা গত। **শুভলক্ষণযুক্ত**।
**প্রদক্ষিণা** — প্রণাম করিতে করিতে প্রদক্ষিণ।
**প্রদত্ত** — সমর্পিত, যাহা দেওয়া হইয়াছে।
**প্রদর** — স্ত্রীরোগ বিঃ, leucorrhoea

**প্রদর্শক** — যে দেখায় ('পথ-, ক্রীড়া-')

**প্রদর্শন** — দেখানো ('নিজের ক্ষমতা, অন্যের ভ্রম, শত্রুকে ভয় —')। **সম্যক্** রূপে দর্শন। ... ণ. **প্রদর্শিত**।

**প্রদর্শনী** — যেখানে বিবিধ বস্তু বা কৌতুকাদি দেখানো হয়, মেলা, exhibition, show.

**প্রদর্শশালা** — যে গৃহে পুরাতত্ত্ব বিজ্ঞান কলা ইঃ বিষয়ক বস্তুসংগ্রহ রাখা হয়, জাদুঘর, museum.

**প্রদান** — সম্যক্‌রূপে দান। বিতরণ। ... ণ. **প্রদত্ত**। (ঽ প্রদেয়)। ... **প্রদাতা** (-তৃ), **প্রদায়ক**, **প্রদায়ী** (-য়িন্) — যে প্রদান করে। ... স্ত্রী. **প্রদাত্রী, প্রদায়িকা, প্রদায়িনী**।

**প্রদাহ** -- সন্তাপ। যন্ত্রণা, গাত্রদাহ, রোগাদির জন্য দেহের কোনও স্থানের স্ফীতি টাটানি ইঃ।

**প্রদাহী** -- যাহা প্রদাহের সৃষ্টি করে।

**প্রদিষ্ট** — নির্দিষ্ট। উপদিষ্ট।

**প্রদীপ** — পিদিম, ঠোঁটওয়ালা বাটি যাহাতে তেল সলিতা দিয়া আলো জ্বালা হয়। দীপ। যে উজ্জ্বল করে ('কুল-')। ... **প্রদীপন** — উজ্জ্বল করণ। উদ্দীপন। ... **প্রদীপ্ত** — জ্বলন্ত। সমুজ্জ্বল। ... ষ্য. **প্রদীপ্তি**।

**প্রদৃপ্ত** — অতিদৃপ্ত, গর্বিত, উদ্ধত।

**প্রদেয়** — প্রদানের যোগ্য।

**প্রদেশ** — দেশের বা রাষ্ট্রের এক-একটি প্রধান বিভাগ, সুবা ('মাদ্রাজ —। মধ্য-')। স্থান ('নিম্ন-')। (ঽ প্রাদেশিক)

**প্রদোষ** — সন্ধ্যা, সায়ংকাল। রাত্রি।

**প্রদ্যুম্ন** — কৃষ্ণ-রুক্মিণীর পুত্র, কন্দর্প।

**প্রদ্যোত** — দীপ্তি। রশ্মি। ... ণ. **প্রদ্যোতিত**।

**প্রদ্রব, প্রদ্রাব** — দ্রুতগতিতে পলায়ন।

**প্রধন** — রণক্ষেত্র।

**প্রধান** — শ্রেষ্ঠ, মুখ্য ('— ব্যক্তি, বস্তু, গুণ, কার্য')। নায়ক, সর্দার, অধ্যক্ষ ('দস্যু-')। অমাত্য। (দর্শনে) প্রকৃতি। ... **প্রধানতঃ** (-তস্) — মুখ্যতঃ। বিশেষতঃ। ... **প্রধানতা** — প্রাধান্য, শ্রেষ্ঠতা।

**প্রনষ্ট** -- বিনষ্ট। .. ষ্য. **প্রণাশ**।

**প্রপক্ষ** — পালক, feather.

**প্রপঞ্চ** -- মায়া। সংসার। বঞ্চনা। সমূহ। বিস্তার। ... **প্রপঞ্চিত** -- ভ্রান্তিযুক্ত। বিস্তীর্ণ, ব্যাপ্ত।

**প্রপঞ্চন** — বিস্তার।

**প্রপতন** — সম্যক্ পতন। নিপাত, বিনাশ।

**প্রপত্তি** - শরণাগতি, সেবা।

**প্রপদ** -- পাদাগ্রভাগ। .. **প্রপদীন** — তাহার আচ্ছাদনী।

**প্রপন্ন** -- শরণাপন্ন। প্রাপ্ত।

**প্রপা, প্রপান** — জলসত্র।

**প্রপাঠক** -- বেদাদি শাস্ত্রের পরিচ্ছেদ।

**প্রপাত** -- নির্ঝরপতনস্থান; জলপ্রপাত। ভৃগু। জলাদির পতন।

**প্রপানক** --- সরবৎ, সুমিষ্ট পানীয়।

**প্রপিতামহ** — পিতামহের পিতা।

**প্রপিতামহী** — পিতামহের মাতা।

**প্রপূরণ** — পরিপূর্ণ বা সম্পূর্ণ করণ। ণ. **প্রপূরিত**।

**প্রপৌত্র** — পৌত্রের পুত্র। ... **প্রপৌত্রী** পৌত্রের কন্যা।

**প্রফুল্ল** — বিকশিত, ফোটা ('— কুসুম')। প্রসন্ন, আনন্দিত ('-চিত্ত')। সহাস্য ('-মুখ')। ... ষ্য. **-তা**। ... **প্রফুল্লিত** — আনন্দিত, যে প্রফুল্লতা লাভ করিয়াছে।

**প্রবচন** — উক্তি; ব্যাখ্যান ('সাংখ্য-')। প্রবাদবচন। বাগ্মিতা। ভাষণগৌরব।

**প্রবঞ্চক** — প্রতারক, যে ঠকায়।

**প্রবঞ্চন, প্রবঞ্চনা** — প্রতারণ (দেখ)। ... প্রবঞ্চিত — যে ঠকিয়াছে।

**প্রবণ** — আসক্ত, রত। উন্মুখ। প্রবৃত্তিযুক্ত, যে সহজে কোনও অবস্থাগ্রস্ত হয় ('ভাব-, ভঙ্গ-')। নত। অনুকূল। নিপুণ। ... ষ্য.-**তা**।

**প্রবন্ধ** — নিবন্ধ, সন্দর্ভ, রচনা। পূর্বাপর সংগতি। আরম্ভ।

**প্রবপণ** — মুণ্ডন।

**প্রবর** — ণ. শ্রেষ্ঠ ('পণ্ডিত-')। ... ষ্য. গোত্র। গোত্রপ্রবর্তক বা তদ্‌বংশীয় মন্ত্রদ্রষ্টা ঋষি।

**প্রবর্তক** — যে স্থাপন বা প্রচলন করে ('বংশের, ধর্মের —')। যে আরম্ভ করে। যে নিয়োজিত বা প্রবৃত্ত করে।

**প্রবর্তন** — স্থাপন, আরম্ভ বা প্রচলিত করণ ('নূতন ধর্ম, মত, নিয়ম, অব্দ —')। নিয়োজন। ... ণ. **প্রবর্তিত**। ... **প্রবর্তনা** — প্রবর্তন। প্রেরণা, প্রবৃত্তি-সঞ্চার। ... **প্রবর্তয়িতা** (-তৃ) — প্রবর্তক।

**প্রবর্ষণ** — প্রচুর বর্ষণ। পশ্চিম ভারতের পর্বত বিঃ।

**প্রবল** — অতিশয় বলশালী ('— শত্রু, প্রতাপ, কামনা')। অত্যন্ত ('— বেগ, উত্তাপ, শক্তি')। ... স্ত্রী. **প্রবলা**। ... ষ্য. **প্রবলতা, প্রাবল্য**।

**প্রবসন** — স্থায়ী ভাবে বাসের জন্য বিদেশ-গমন, emigration. ... ণ. **প্রবাসিত**।

**প্রবহ** — প্রবাহ। পুরাণোক্ত বায়ু বিঃ।

**প্রবহণ ১** — শিবিকা, দোলা।

**প্রবহণ ২** — প্রবাহিত হওয়া।

**প্রবহমান** ] যাহা বহিতেছে। (ব্যাকরণ সম্মত নয়)

**প্রবাণী** — তাঁতের মাকু।

**প্রবাদ** — চলতি কথা। জনশ্রুতি, কিংবদন্তী।

**প্রবাল** — পলা, সামুদ্রিক প্রাণিবিশেষ হইতে উৎপন্ন প্রস্তরসদৃশ পদার্থ, বিদ্রুম, coral (রক্তবর্ণ প্রবাল রত্ন রূপে গণ্য)। অঙ্কুর, নবপল্লব, কিশলয়। ... **প্রবালদ্বীপ** — প্রবাল-কীটজাত পদার্থ হইতে উৎপন্ন দ্বীপ।

**প্রবাস** — বিদেশে বাস। বিদেশস্থ বাস-স্থান। ... **প্রবাসী** (-সিন্) — বিদেশ-বাসী। ... স্ত্রী. **-সিনী**। ... ণ. প্রোষিত।

**প্রবাহ** — স্রোত, অবিচ্ছেদ গতি ('জল-, বিদ্যুৎ-')। (পদ্যে ক্রি. 'প্রবাহিল')। ... **প্রবাহিত** — প্রবাহযুক্ত। ... **প্রবাহী** (-হিন্) — যাহা বহে, প্রবহমান। ... স্ত্রী. **প্রবাহিণী**। — নদী।

**প্রবাহিকা** — গ্রহণী রোগ।

**প্রবিষ্ট** — যে প্রবেশ করিয়াছে, ভিতরে গত। (প্রবেশ দেখ)

**প্রবীণ** — বৃদ্ধ। বহুদর্শী। ... স্ত্রী. প্রবীণা। ... ষ্য. **প্রবীণতা, -ত্ব, প্রাবীণ্য**।

**প্রবীর** — শ্রেষ্ঠ বীর। শ্রেষ্ঠ। নীলধ্বজ-জনার পুত্র।

**প্রবুদ্ধ** — জ্ঞানপ্রাপ্ত, জ্ঞানী। উদ্‌বুদ্ধ, জাগ্রত।

**প্রবৃত্ত** — নিযুক্ত, রত। আরব্ধ।

**প্রবৃত্তি** — অভিরুচি, স্পৃহা ('কর্মে, আহারে, ভোগে —। — হওয়া, থাকা')। প্রবৃত্ত হওয়া, ব্যাপৃত হওয়া, চেষ্টা। নিয়োগ। কাম্যকর্মের অনুষ্ঠান ('মার্গ')

**প্রবৃদ্ধ** — অতিবৃদ্ধ। অতিশয় বৃদ্ধিযুক্ত।

**প্রবেশ** — ভিতরে গমন, ঢোকা ('গৃহে, জলে, দুরূহ তত্ত্বে — করা')। (পদ্যে ক্রি. 'প্রবেশিল')। (ণ প্রবিষ্ট)। ... **প্রবেশক, প্রবেষ্টা** (-ষ্টৃ) — প্রবেশ-কারী। যে প্রবেশ করায়। ... **প্রবেশিকা**

— যাহাদ্বারা প্রবেশ করা যায়। ('— পরীক্ষা' — বিশ্ববিদ্যালয়ে প্রবেশের জন্য)। টিকিট। প্রাথমিক পুস্তক। ... **প্রবেশিত** — যাহাকে প্রবেশ করানো হইয়াছে। ... **প্রবেশক** — নাটকের দুই অঙ্কের মধ্যে ভবিষ্যৎ নির্দেশক কথা-বস্তু। ... **প্রবেশপত্র** — ঢুকিবার টিকিট বা কার্ড। ... **প্রবেশমূল্য** — কোন বিষয়ে অধিকার লাভের জন্য অর্থ admission fee । ... **প্রবেশ্য** — প্রবেশযোগ্য।

**প্রবোধ** — সান্ত্বনা, দুঃখ বা উৎকণ্ঠা নিবারক বাক্য, আশ্বাস। জ্ঞান। জাগরণ। (§ প্রবুদ্ধ)। ... **প্রবোধন** — প্রবোধ-দান। জ্ঞানদান। জাগরিত করণ। উদ্দীপন, উদ্বোধন। ... **প্রবোধিত** — প্রবোধপ্রাপ্ত।

**প্রব্রজ্যা** — সন্ন্যাস, সন্ন্যাসী হইয়া ভ্রমণ।

**প্রভঞ্জন** — ঝড়। বায়ু।

**প্রভব** — উৎপত্তিস্থান, source ; কারণ। প্রভাব।

**প্রভবন** — উৎপত্তি।

**প্রভবিষ্ণু** — প্রভাবশালী। প্রভু। উৎপাদনে কুশল।

**প্রভা** — দীপ্তি, কিরণ। ঔজ্জ্বল্য। ... **প্রভাকর** — সূর্য।

**প্রভাত** — প্রাতঃকাল, সকাল। (§ প্রাভাতিক)। ... **প্রভাতফেরি** ] প্রভাতে পাড়ায় পাড়ায় ঘুরিয়া গান। ... **প্রভাতী** ] প্রভাতকালীন ('-সংগীত')

**প্রভাব** — শক্তি, ক্ষমতা। প্রভুশক্তি, প্রভুত্ব। যে শক্তি অপরকে চালিত করে। বাধা প্রদানে সামর্থ্য।

**প্রভাস** — কৃষ্ণের অন্তলীলাক্ষেত্র, সোমনাথ তীর্থ (কাথিয়াওআড়ে সাগরতীরে)। কবিবর নবীনচন্দ্র প্রণীত শ্রীকৃষ্ণের অন্তলীলা অবলম্বনে রচিত কাব্য।

**প্রভিন্ন** — প্রভেদবিশিষ্ট, বিভিন্ন। প্রকাশিত।

**প্রভু** — মনিব, স্বামী। রাজা। ঈশ্বর, ভগবান। মহাপুরুষ। ... **প্রভুতা, -ত্ব** — কর্তৃত্ব, আধিপত্য। ... **প্রভুপত্নী** — স্বামিনী, মনিবের পত্নী। ... **প্রভুপাদ** — বিশিষ্ট বৈষ্ণব গুরুর উপাধি বিঃ (পাদ দেখ)। ... **প্রভুশক্তি** — প্রভাব। প্রতাপ।

**প্রভূত** — অত্যন্ত, প্রচুর। সঞ্জাত।

**প্রভৃতি** — ইত্যাদি। অবধি, হইতে (প্রাঅপ্রঃ। 'অদ্য-')

**প্রভেদ** — পার্থক্য, ভিন্নতা। (§ প্রভিন্ন)

**প্রমত্ত** — অতিশয় মত্ত। অত্যাসক্ত ('বিষয়-ভোগে —')। অনবহিত। ভ্রান্ত, প্রমাদ-যুক্ত। ... ষ্য. **-তা, প্রমাদ।**

**প্রমথ** — শিবানুচর বিঃ। ... **প্রমথেশ** — শিব।

**প্রমথন** — বিলোড়ন, মর্দন। পরাভব। বধ। (§ প্রমাথী)। ... ণ. **প্রমথিত।**

**প্রমদা** — মনোহারিণী নারী।

**প্রমা** — নিশ্চয়জ্ঞান, প্রমিতি। উত্তমাশ্রী। আধ্যাত্মিক সম্পদ্।

**"প্রমাই"** ] < পরমায়ু।

**প্রমাণ** — যাহাদ্বারা নিশ্চয়জ্ঞান হয়, proof. (সাংখ্যদর্শনে — প্রত্যক্ষ, অনুমান, আপ্তবাক্য)। বিশ্বাসের হেতু প্রদর্শন ('— করা')। **পরিমাণ** ('পর্বত-')। আদর্শরূপে গণ্য গুণ-মাত্রাদি; উক্ত গুণমাত্রাদি যুক্ত; standard. পুরা মাপের, পূর্ণবয়স্ক ব্যক্তির উপযুক্ত ('— ধুতি')। (§ প্রমেয়, প্রামাণিক, প্রামাণ্য)। ... **প্রমাণতঃ** (-তস্) — প্রমাণ অনুসারে। ... **প্রমাণ-পঞ্জী** — কোনও প্রসঙ্গের প্রমাণস্বরূপ

পুস্তকাদির নামের তালিকা। ... **প্রমাণ-পত্র** — প্রশংসাপত্র, certificate. ... **প্রমাণসাই / -সই]** পুরা মাপের ('— কাপড়, গড়ন')। ... **প্রমাণসাপেক্ষ** — যাহার যাথার্থ্য প্রমাণের অপেক্ষা করিতেছে, যাহার প্রমাণ আবশ্যক। ... **প্রমাণসিদ্ধ** — প্রমাণদ্বারা স্থিরীকৃত। ... **প্রমাণাভাব** — প্রমাণ না থাকা। ... **প্রমাণিত** — সপ্রমাণ, মীমাংসিত। ... **প্রমাণীকৃত** — প্রমাণদ্বারা স্থিরীকৃত। ... ষ্য. **প্রমাণীকরণ।**

**প্রমাতা** (-তৃ) — যে প্রমাণ করে। যে মূল্য নির্ধারণে সুদক্ষ। (সাহিত্যে) — রস বিচারক।

**প্রমাতামহ** — মাতামহের পিতা। ... **প্রমাতামহী** — মাতামহের মাতা।

**প্রমাথী** (-থিন্) — যে প্রমথন করে, সবলে হরণকারী বা আকর্ষণকারী। বিক্ষোভকারী ('— ইন্দ্রিয়গণ')

**প্রমাদ** — অনবধানতা, বিমূঢ়তা, ভ্রান্তি। বিস্মৃতি। প্রমত্ততা। বিপদ, পরমাদ। (ঃ প্রমত্ত)

**প্রমারা** [পো. primeiro] তাসের জুয়াখেলা বিঃ।

**প্রমিত** — নিশ্চিত, জ্ঞাত। পরিমিত। প্রমাণিত। ... **প্রমিতি** — নিশ্চয়জ্ঞান। পরিমাপ। প্রমাণ। ... **প্রমিতাক্ষর** — অল্পকথায় সুপরিস্ফুট।

**প্রমীলা** — তন্দ্রা। নিমীলন। ইন্দ্রজিৎপত্নী।

**প্রমুখ** — আদি, প্রভৃতি; যে ব্যক্তি কোনও শ্রেণীর অগ্রণী ('ব্যাস- শাস্ত্রকারগণ')। নেতা ('রাজ-')

**প্রমুখাৎ** — মুখ হইতে, জবানি ('অমুকের — শোনা')

**প্রমুদিত** — আমোদিত, প্রফুল্ল।

**প্রমেয়** — যাহার প্রমাণ করা হয়, অবধার্য। যাহার প্রমাণ হইতে পারে। পরিমেয়।

**প্রমেহ** — জননেন্দ্রিয়ের রোগ বিঃ, মেহ, gonorrhoea. বহুমূত্ররোগ।

**প্রমোদ** — আমোদ, বিলাস ('-কানন, -ভবন')। ... **প্রমোদন** — আনন্দিত করণ। ... **প্রমোদিত** — প্রমোদযুক্ত, আনন্দিত। ... **প্রমোদভবন** — অবসর বিনোদনের বা মনোরঞ্জনের গৃহ।

**প্রযত** — সংযত, নিয়মযুক্ত। পবিত্র।

**প্রযত্ন** — সম্যক্ যত্ন, প্রয়াস, অধ্যবসায়।

**প্রয়াগ** — গঙ্গা যমুনা সরস্বতীর সংগম-স্থান, তীর্থরাজ, এলাহাবাদ।

**প্রয়াণ** — গমন, প্রস্থান। ... **প্রয়াত** — গত, প্রস্থিত।

**প্রয়াস** — পরিশ্রমসহকারে চেষ্টা, প্রযত্ন। আয়াস, পরিশ্রম। অভিলাষ। ... **প্রয়াসী** (-সিন্) — প্রয়াসবান্। অভিলাষী। ... **প্রয়াসলভ্য** — বিশেষরূপ পরিশ্রম ও যত্নের দ্বারা অধিগম্য।

**প্রযুক্ত** — যাহা প্রয়োগ করা হইয়াছে। অর্পিত। নিযুক্ত। উল্লিখিত, উচ্চারিত। নিবন্ধন, জন্য ('অসুস্থতা-')

**প্রযুক্তি** — প্রয়োগ। শিল্পাদিতে প্রয়োগ-কৌশল, technique. (ঃ প্রাযুক্তিক)। ... **প্রযুক্তিবিদ্যা** — technology.

**প্রযোক্তা** (-ক্তৃ) — প্রয়োগকর্তা, প্রয়োজক, অনুষ্ঠাতা।

**প্রয়োগ** — ব্যবহার, খাটানো, চালানো ('অস্ত্র, বিষ, শব্দ, শক্তি, বুদ্ধি — করা')। নিয়োগ। উল্লেখ। উদাহরণ। (ঃ প্রায়োগিক)

**প্রয়োজক** — প্রয়োগকর্তা, প্রযোক্তা। যে আয়োজন করে, অনুষ্ঠাতা, কর্মকর্তা। প্রবর্তক।

**প্রয়োজনকর্তা** — ব্যাকরণে ণিজন্ত বাক্যের কর্তা।

**প্রয়োজন**—দরকার। দরকারী কাজ। হেতু, কারণ। প্রয়োগ করণ।...**প্রয়োজনীয়**—দরকারী, আবশ্যক। ... ষ্য. **-তা**।

**প্রয়োজ্য** — প্রয়োগযোগ্য।

**প্ররূঢ়** — অংকুরিত।

**প্ররোচক** — যে প্ররোচনা দেয়।

**প্ররোচন, প্ররোচনা** — নিয়োজন, প্রবর্তন, উৎসাহদান। প্রেরণা, উত্তেজনা। ... ণ. **প্ররোচিত**।

**প্ররোহ** — অংকুর, শিশুতরু, শাখা।

**প্রলপন**—প্রলাপ কথন। ... ণ. **প্রলপিত**।

**প্রলব্ধ** — বঞ্চিত, তিরস্কৃত।

**প্রলম্ব** — লম্বমান বস্তু। গাছের ঝুরি। ... **প্রলম্বন** — ঝোলা। ...**প্রলম্বিত**—লম্বমান।

**প্রলম্ভ** — উপহাস।

**প্রলয়** — জগতের ধ্বংস, কল্পান্ত। ... **প্রলয়ংকর, -ঙ্কর** — প্রলয়কারী। ... স্ত্রী. **প্রলয়ংকরী, -ঙ্করী** (যেমন — স্ত্রীবুদ্ধি প্রলয়ংকরী)।

**প্রলাপ** — নিরর্থক বাক্য ('পাগলের — জ্বরের ঘোরে — বকা')

**প্রলীন** — লয়প্রাপ্ত।

**প্রলুব্ধ** — অতিশয় লুব্ধ।

**প্রলূন** — ছিন্ন।

**প্রলেপ** — যাহা লেপিয়া লাগানো হয় ('কাদার, রঙের, ঔষধের—। —দেওয়া, মাখানো, লাগানো')

**প্রলোভ** — অতি লোভ। (§ প্রলুব্ধ)

**প্রলোভন**—লোভ উৎপাদন। লোভজনকতা, temptation ('অর্থের —')। লোভজনক বিষয় ('— হইতে দূরে থাকা')। ... **প্রলোভিত** — প্রলোভনের বশবর্তী, যাহাকে লুব্ধ করা হইয়াছে।

***প্রশংসন, প্রশংসা*** — সাধুবাদ, ভাল বলা, সুখ্যাতি। (পদ্যে ক্রি. 'প্রশংসিল')। ... **প্রশংসনীয়** — প্রশংসার যোগ্য, **প্রশস্য**। ... **প্রশংসাপত্র** — প্রশংসাসূচক লিখন। ... **প্রশংসিত** — প্রশংসাপ্রাপ্ত।

**প্রশমন**—শান্ত করণ, নিবারণ। শান্তি।... ণ. **প্রশমিত** ('জ্বর, ক্রোধ, শোক — হওয়া')। (§ প্রশান্ত)

**প্রশস্ত** — উৎকৃষ্ট, শ্রেষ্ঠ, যোগ্যতম ('—কাল')। প্রশংসনীয়। উদার ('—হৃদয়')। (বাং) চওড়া; বড়, বিস্তৃত ('— বক্ষ, গৃহ')। ... ষ্য. **-তা, প্রাশস্ত্য**।

**প্রশস্তি** — প্রশংসা। মাঙ্গলিক। নান্দী।

**প্রশস্য** — প্রশংসনীয়। ... **প্রশস্যতর** — শ্রেয়ান। ... **প্রশস্যতম** — শ্রেষ্ঠ।

**প্রশাখা** — শাখার শাখা।

**প্রশান্ত** — শান্তিযুক্ত, সুস্থির, ধীর, অচঞ্চল ('—চিত্ত, মূর্তি'। '-মহাসাগর' —Pacific Ocean)

**প্রশাসক** — ঐ কার্যের জন্য ভারপ্রাপ্ত উচ্চপদস্থ অমাত্য।

**প্রশাসন** — শাসন শৃংখলা ও শান্তি-রক্ষার কাজ।

**প্রশিষ্য** — শিষ্যের শিষ্য।

**প্রশ্ন** — জিজ্ঞাসা ('— করা')। যাহা জিজ্ঞাসা করা হয় ('পরীক্ষার—। -পত্র। প্রশ্নোত্তর')। (§ প্রষ্টব্য, প্রষ্টা, প্রাশ্নিক)

**প্রশ্রয়**—সংস্কৃতে বিনয়, সলজ্জতা, প্রিয়-ভাষণ ইত্যাদি। বাংলায় আশকারা, নাই, সস্নেহব্যবহার ('— দেওয়া, পাওয়া')। নম্রতা। ... ণ. **প্রশ্রিত**।

**প্রশ্বাস** — ফুসফুসে বায়ুগ্রহণ; নাসিকা-দ্বারা গৃহীত বায়ু (তুঃ **নিঃশ্বাস**)

**প্রষ্টব্য** — জিজ্ঞাস্য।

**প্রষ্টা** (-ষ্টৃ) — প্রশ্নকারী।

**প্রসক্ত** — আসক্ত। ... ষ্য. **প্রসক্তি**।

**প্রসংগ** — প্রস্তাব, আলোচ্য বিষয়; আলোচনা ('পুরাণ-')। **সম্বন্ধ, সংগতি**

('কথাপ্রসঙ্গে')। ... **প্রসঙ্গক্রমে, প্রসঙ্গতঃ** (-তস্)—আলোচ্য বিষয়ের অঙ্গ রূপে বা তৎসূত্রে।

**প্রসন্ন** — সন্তুষ্ট, অনুকূল, সদয় ('দেবতাকে — করা। -দৃষ্টি')। শান্ত ও প্রফুল্ল ('-চিত্ত')। নির্মল ('-সলিলা') ... ষ্য. **-তা, প্রসাদ**। ... স্ত্রী. **প্রসন্না**।

**প্রসব ১** — গর্ভবিমোচন, সন্তান ভূমিষ্ঠ হওয়া, জন্ম, উৎপত্তি। (পদ্যে ক্রি. 'প্রসবিল'—প্রসব করিল)। (§ প্রসূত)। ... **প্রসবিতা** (-তৃ), **প্রসবী** (-বিন্)—জনয়িতা। ... স্ত্রী. **প্রসবিত্রী, প্রসবিনী**।

**প্রসব ২** — প্রসূত। উৎপাদিত বস্তু। বৃক্ষের প্রসব ফল পুষ্পাদি।

**প্রসর** — বিস্তার। চলন।

**প্রসরণ** — বিস্তৃত হওয়া। শত্রুসৈন্যের বেষ্টন। (§ প্রসৃত)

**প্রসাদ** — প্রসন্নতা। অনুগ্রহ ('আপনার প্রসাদে')। নির্মলতা। কাব্যাদির গুণ বিঃ যাহাতে অনায়াসে অর্থবোধ হয়, প্রাঞ্জলতা। দেবতাকে নিবেদিত বা পূজ্য ব্যক্তির ভুক্তাবশিষ্ট বস্তু, "পেসাদ" ('মহা-। পাতের —')। (§ প্রসন্ন)। ... **প্রসাদগুণ** — কাব্যে যে গুণ থাকিলে পাঠমাত্র হৃদয়কে প্রসন্ন করে। ... **প্রসাদাৎ** — অনুগ্রহের ফলে।

**প্রসাদপুষ্ট** — অনুগ্রহে পালিত।

**প্রসাদন, -না** — তুষ্টিসাধন, প্রসন্ন করণ। ... ণ. **প্রসাদিত**।

**প্রসাধক**—প্রসাধনকারী। ... স্ত্রী. **-ধিকা**।

**প্রসাধন** — অঙ্গের শোভা সম্পাদন, বেশ-বিন্যাস। তাহার উপকরণ। অলংকরণ। সম্পাদন। ... **প্রসাধনী** — প্রসাধনদ্রব্য। চিরুনি, কাঁকুই। ... **প্রসাধিত** — যাহার প্রসাধন হইয়াছে। সম্পাদিত।

**প্রসার** — বিস্তার। পসার (দেখ)। ... **প্রসারণ** — বিস্তার করণ। ... ণ. **প্রসারিত**। ... **প্রসারী** (-রিন্) — যে বিস্তার করে, ব্যাপক। বিস্তৃত। ... **প্রসার্য** — প্রসারণের যোগ্য। ... **প্রসার্যমাণ** — যাহা প্রসারিত হইতেছে।

**প্রসিদ্ধ** — বিখ্যাত, বহুজনবিদিত। ... **প্রসিদ্ধি**—খ্যাতি। বহুজনের অবগতি। জনশ্রুতি।

**প্রসুপ্ত** — নিদ্রিত।

**প্রসূ**—প্রসূতি, প্রসবিনী, জননী ('রত্ন-')

**প্রসূত** — ভূমিষ্ঠ, জাত। উৎপাদিত। ... স্ত্রী. **প্রসূতা** — যে প্রসব করিয়াছে। ভূমিষ্ঠা।

**প্রসূতি** — পোয়াতী, প্রসবিত্রী, জননী।

**প্রসূন** — ফুল, পুষ্প।

**প্রসৃত** — বিস্তৃত। নির্গত।

**প্রসেনজিৎ** — শ্রাবস্তীর বুদ্ধভক্ত মহারাজ।

**প্রস্তর** — পাথর, অশ্ম, উপল, পাষাণ, শিলা। ... **প্রস্তরীভূত** — প্রস্তরে পরিণত, অশ্মীভূত।

**প্রস্তাব**—প্রসঙ্গ। বাক্য উত্থাপন। প্রকরণ, গ্রন্থের অধ্যায়। বিবেচনা বা আলোচনার জন্য উত্থাপিত মত, proposal, motion ('সভায়—করা')। ... ণ. **প্রস্তাবিত**।

**প্রস্তাবনা** — ভূমিকা, গ্রন্থাদির আরম্ভ। সূত্রধার নটী ইঃর কথাপ্রসঙ্গে নাটকের অবতারণা।

**প্রস্তার** — পুষ্প বা তৃণের শয্যা।

**প্রস্তুত** — তৈয়ারী, নির্মিত। যাহার আয়োজন সম্পূর্ণ হইয়াছে, যে এখনই উদ্যুক্ত, সতর্ক ('যাত্রার জন্য, মরিতে, কোনও কাজে নিযুক্ত হইতে পারে, শত্রুর আক্রমণের জন্য—। —হওয়া, থাকা')। ... **প্রস্তুতি** — প্রস্তুত করণ,

নির্মাণ। আয়োজন, উদ্‌যোগ। স্তব-প্রশস্তি।

**প্রস্থ ১** — চওড়ার মাপ। পরিসর, বিস্তার। সমতল প্রদেশ ('ইন্দ্র-')। পর্বতের সানুদেশ।

**প্রস্থ ২, প্রস্ত**] খানা, টা ('তিন—ধুতি')। পদ ('প্রথম —')। সেট।

**প্রস্থান** — যাত্রা, প্রয়াণ, চলিয়া যাওয়া। ('— করা')। পদ্ধতি। (§ প্রাস্থানিক)। ... **প্রস্থিত** — গত।

**প্রস্থাপন** — প্রেরণ। ... **প্রস্থাপিত** — প্রেরিত। নিযুক্ত।

**প্রস্ফুট, প্রস্ফুটিত** — যাহা ফুটিয়াছে, বিকশিত ('— কুসুম')। প্রকাশিত।

**প্রস্ফুরণ** — ঈষৎ কম্পন, স্পন্দন। ... ণ. **প্রস্ফুরিত**।

**প্রস্রবণ** — নির্ঝর, ঝরনা। ক্ষরণ।

**প্রস্রাব** — "পেচ্ছাব," মূত্র। মূত্রত্যাগ ('— করা')

**প্রস্রুত** — ক্ষরিত।

**প্রস্বাপন** — নিদ্রাজনক। নিদ্রাজনক পৌরাণিক অস্ত্র।

**প্রহত** — আঘাতপ্রাপ্ত। আঘাতদ্বারা বাদিত ('— মুরজ')

**প্রহর** — তিন ঘণ্টা কাল, যাম ('অষ্ট-')। (§ প্রাহরিক)

**প্রহরণ** — অস্ত্র। প্রহার।

**প্রহরী** (-রিন্) — পাহারাওয়ালা, চৌকিদার : ... স্ত্রী. **প্রহরিণী**।

**প্রহর্তা** (-র্তৃ) — প্রহারকারী।

**প্রহর্ষণ** — একপ্রকারের কাব্যালঙ্কার।

**প্রহর্ষিণী** — সংস্কৃত ছন্দ বিঃ।

**প্রহসন** — হাস্যরসাত্মক নাটক। পরিহাস।

**প্রহার** — মার, আঘাত ('— করা, দেওয়া')। ... **প্রহৃত** — যে মার খাইয়াছে, আহত।

**প্রহাস** — অসংযত উচ্চহাস্য।

**প্রহেলিকা** — হেঁয়ালি, কূটপ্রশ্ন।

**প্রহ্লাদ** — দৈত্যরাজ হিরণ্যকশিপুর হরি-ভক্ত পুত্র।

**প্রাংশু** — উন্নতকায়, দীর্ঘ, লম্বা।

**প্রাক্** (প্রাচ্) — পূর্ববর্তী। প্রাচ্য। (§ প্রাচী, প্রাচীন)

**প্রাক্কলন** — কোনও কার্যের সম্ভাব্য ব্যয়ের হিসাব, estimate.

**প্রাকাম্য** — যোগলব্ধ ঐশ্বর্য বিঃ, স্বচ্ছন্দানুবর্তিতা।

**প্রাকার** — প্রাচীর।

**প্রাকৃত** — প্রাকৃতিক, স্বাভাবিক। প্রজা বিষয়ক। লৌকিক, সাধারণ, অশিক্ষিত, অমার্জিত ('-জন')। সংস্কৃতজাত প্রাচীনভাষা বিঃ। মৌখিকভাষা।

**প্রাকৃতিক** — স্বাভাবিক, নৈসর্গিক ('— দৃশ্য, বিপ্লব, বিধান')

**প্রাক্কাল** — পূর্ববর্তী কাল ('সন্ধ্যার —')। ... ণ. **প্রাক্কালিক, -লীন**।

**প্রাক্তন** — ণ. জন্মান্তরীণ। পূর্বকালীন। ... ষ্য. অদৃষ্ট, পূর্বজন্মকৃত পাপপুণ্যের ফল।

**প্রাখর্য** — প্রখরতা।

**প্রাগুক্ত** — পূর্বোক্ত।

**প্রাগৈতিহাসিক** — (অশুপ্রঃ) যে যুগের ইতিহাস জানা গিয়াছে তাহার পূর্ব যুগের, ইতিহাসপূর্ব, prehistoric.

**প্রাগ্‌জ্যোতিষ** — কামরূপের প্রাচীন নাম ('-পুর')

**প্রাঘুণিক** — অতিথি।

**প্রাঙ্গণ** — অঙ্গন, উঠান।

**প্রাঙ্‌মুখ** — পূর্বমুখ।

**প্রাচী** — পূর্বদিক্।

**প্রাচীন** — পুরাতন, সেকেলে। বৃদ্ধ। প্রাচ্য। ষ্য. -তা।

**প্রাচীর** — পাঁচিল, প্রাকার, দেওয়াল

('গৃহের, নগরের —')
**প্রাচুর্য** — পর্যাপ্তি, আধিক্য।
**প্রাচেতসী** — বরুণকন্যা।
**প্রাচ্য** — পূর্বদিগ্‌বর্তী। পূর্বদেশীয়। আরব পারস্য ভারত চীন ইঃ সম্বন্ধীয় ('— সভ্যতা, দর্শন')
**প্রাজক** — পশুপাল, সারথি।
**প্রাজন** — পাচনবাড়ি, পশুচালনদণ্ড।
**প্রাজাপত্য** — বিধিপূর্বক পিতৃদত্ত কন্যাকে বৈদিক মন্ত্রপাঠে অগ্নি সাক্ষী করিয়া বিবাহ—প্রাজাপত্য বিবাহ।
**প্রাজ্ঞ** — প্রজ্ঞাবান্‌, পণ্ডিত, জ্ঞানী। ... স্ত্রী. **প্রাজ্ঞা, প্রাজ্ঞী**।
**প্রাঞ্জল** — সরল, সুখবোধ্য ('— ভাষা, বর্ণনা')। ... ষ্য. **-তা**।
**প্রাঞ্জলি** — বদ্ধাঞ্জলি, জোড়হাত।
**প্রাড্‌বিবাক, -বিবেক** — প্রধান বিচারক।
**প্রাণ** — পরান, জীবন, ('-ত্যাগ, -দান, -ধারণ, -রক্ষা, -সঞ্চার')। প্রশ্বাস বা ফুসফুসে গৃহীত বায়ু। পঞ্চপ্রাণ (পঞ্চবায়ু দেখ)। হৃদয়, মন ('— যা চায়')। ... **প্রাণগতিক** — জীবনযাত্রা-বিষয়ক; শারীরিক ('— মঙ্গল')। ... **প্রাণদণ্ড** — অপরাধের জন্য মৃত্যুদণ্ড। ... **প্রাণদাতা** (-তৃ) — জীবনরক্ষক। ... ষ্য. **প্রাণদান**। ... **প্রাণধন** — জীবনের ধনস্বরূপ। ... **প্রাণধারণ** — বাঁচিয়া থাকা। ... **প্রাণনাথ**—জীবনের অধীশ্বর, স্বামী বা প্রণয়ীকে সম্বোধন। ... **প্রাণপণ** — আবশ্যক হইলে জীবন দিয়াও কার্যসিদ্ধি করিবার সংকল্প ('— যত্নে। প্রাণপণে')। ... **প্রাণপ্রতিম** — প্রাণতুল্য, জীবনের তুল্য প্রিয়। ... **প্রাণপ্রতিষ্ঠা** — প্রতিমা ইঃতে প্রাণ সঞ্চার বা দেবতার অধিষ্ঠান সম্পাদন। ... **প্রাণপ্রদ** — জীবনদায়ক। ... **প্রাণপ্রিয়** — প্রাণের তুল্য বা অপেক্ষা প্রিয়। ... **প্রাণবধ** — জীবননাশ, হত্যা। ... **প্রাণবন্ধু**] < প্রাণবন্ধু, জীবনসখা। ... **প্রাণবান্‌** (-বৎ) — **প্রাণবন্ত**] সহৃদয়। প্রাণময় (দেখ)। ... **প্রাণবায়ু** — শাস্ত্রোক্ত ফুসফুসে গৃহীত বায়ু বা প্রশ্বাস (পঞ্চবায়ু দেখ)। ... **প্রাণবিয়োগ** — মৃত্যু। ... **প্রাণময়** — জীবন্ত। স্ফূর্তি-যুক্ত। জীবনসর্বস্ব। ... স্ত্রী. **প্রাণময়ী**। ... **প্রাণময় কোষ** — (দর্শনে) পঞ্চ-কর্মেন্দ্রিয়- ও পঞ্চবায়ু-ময় শরীর বিঃ। ... **প্রাণযাত্রা** — জীবনযাত্রা, জীবিকা-নির্বাহ। ... **প্রাণশূন্য, -হীন** — মৃত। ... **প্রাণসংশয়** — মৃত্যুর আশঙ্কা। ... **প্রাণসংহার** — প্রাণনাশ। ... **প্রাণসখা**] (স. প্রাণসখ) বন্ধু, প্রাণতুল্য প্রিয় বন্ধু। ... **প্রাণসঞ্চার**—মৃত বা অচেতন দেহে জীবনীশক্তি সঞ্চার। ... **প্রাণস্পন্দ** — জীবনের সাড়া। প্রাণের লক্ষণসূচক নাড়ীর স্পন্দন। ... **প্রাণস্পর্শী** — মর্মস্পর্শী, হৃদয়দ্রাবক। ... **প্রাণহর, -হারক, -হারী** (-রিন্‌) — প্রাণনাশক।
**প্রাণাত্যয়** — জীবনান্ত, মৃত্যু।
**প্রাণাধিক** — প্রাণ অপেক্ষা প্রিয়। ... স্ত্রী. **প্রাণাধিকা**।
**প্রাণান্ত** — মৃত্যু ('-কর, -পণ')। ... **প্রাণান্তপরিচ্ছেদ** — মৃত্যুতে যাহা সমাপ্ত হয়, অত্যন্ত পরিশ্রম বা কষ্ট।
**প্রাণান্তিক** — সাংঘাতিক, মারাত্মক।
**প্রাণায়াম** — যোগসাধনার অঙ্গ বিঃ, পূরক কুম্ভক রেচক (শ্বাস গ্রহণ ধারণ ও ত্যাগ)
**প্রাণারাম** — যে প্রাণে শান্তিবর্ষণ করে।
**প্রাণী** (-ণিন্‌)—মনুষ্য পশু পক্ষী কীট ইঃ সচেতন জীব। ... **প্রাণিজগৎ** — সমস্ত প্রাণী। ... **প্রাণিবিদ্যা** — প্রাণি-

বিষয়ক বিজ্ঞান, zoology. ... **প্রাণি-হিংসা** — জীবহত্যা।

**প্রাণেশ, প্রাণেশ্বর** — প্রাণনাথ (দেখ)

**প্রাণোৎসর্গ** — জীবনবিসর্জন।

**প্রাত**] < প্রাতঃ ('আজ প্রাতে')

**প্রাতঃ** (প্রাতর্) — প্রভাত, সকাল। ... **প্রাতঃকাল** — সকালবেলা। ... ণ. **প্রাতঃকালীন**। ... **প্রাতঃকৃত্য, প্রাতঃক্রিয়া** — প্রাতঃকালে করণীয় কর্ম, শৌচপূজাদি। ... **প্রাতঃপ্রণাম**—প্রাতঃকালে কৃত প্রণাম। ... **প্রাতঃসন্ধ্যা**—প্রাতঃকালীন সন্ধ্যাকৃত্য (উপাসনা)। ... **প্রাতঃস্নান** — প্রভাত কালে স্নান। ... **প্রাতঃস্মরণীয়** — যাঁহার নাম প্রাতঃকালে স্মরণ করিলে পুণ্য হয়, পুণ্যশ্লোক।

**প্রাতরাশ, প্রাতর্ভোজন** — প্রাতঃকালীন আহার।

**প্রাতর্বাক্য**—প্রাতঃকালে উক্ত আশীর্বাদাদি (সফল হয় এইরূপ প্রবাদ)

**প্রাতর্ভ্রমণ** — প্রভাতকালীন বিহার।

**প্রাতিকূল্য** — প্রতিকূলতা, বিরুদ্ধাচরণ।

**প্রাতিপদিক** — (ব্যাকরণে) বিভক্তিহীন বিশেষ্য বা বিশেষণ বাচক শব্দ।

**প্রাতিভাসিক** — যাহা বাস্তব নয় কিন্তু বাস্তব বলিয়া প্রতীয়মান হয় ('— জগৎ')

**প্রাতিস্বিক** — স্বকীয়, ব্যক্তিগত, individual, অসাধারণ।

**প্রাত্যহিক** — প্রতিদিবসীয়, দৈনিক।

**প্রাথমিক** — আদ্য, আরম্ভকালীন ('— শিক্ষা')

**প্রাদিসমাস** — প্র-পরা-অপ-উপ ইত্যাদি উপসর্গের সহিত যে সমাস।

**প্রাদুর্ভাব** — আবির্ভাব, প্রকাশ ('গ্রীষ্মের —')। (বাং) বহুল উদ্ভব, বাহুল্য ('জ্বরের, মশার —')। ... ণ. **প্রাদুর্ভূত**।

**প্রাদেশিক** — প্রদেশসম্বন্ধীয় ('— ভাষা, রীতি, শাসন')। ... **প্রাদেশিকতা** — প্রাদেশিক বৈশিষ্ট্য। একই ভাষার বিভিন্ন প্রদেশজাত বিকার। নিজ প্রদেশের প্রতি পক্ষপাত এবং অন্য প্রদেশের প্রতি বিদ্বেষ।

**প্রাদোষিক** — সন্ধ্যাকালীন।

**প্রাধান্য** — শ্রেষ্ঠতা, মুখ্যতা, নেতৃত্ব ('-হানি')

**প্রাধীত** — প্রকৃষ্টরূপ অধ্যয়ন আছে যাহার।

**প্রান্ত**—অন্তভাগ, কিনারা, ধার ('নগরের, বৃক্ষের, বস্ত্রের, নেত্রের —')। ... **প্রান্তবর্তী** (-র্তিন্) — প্রান্তস্থ।

**প্রান্তর** — বৃক্ষশূন্য দূর পথ বা মাঠ।

**প্রান্তিক** — প্রান্তসীমায় অবস্থিত।

**প্রাপক** — যে অপরকে পাওয়াইয়া দেয়।

**প্রাপণ** — পাওয়ানো। ... ণ. **প্রাপিত**।

**প্রাপণিক** — আপনরক্ষক — দোকানী। প্রয়োজনীয় জিনিসপত্রের যোগানদার।

**প্রাপ্ত** — লব্ধ, যাহা পাওয়া গিয়াছে। ... **প্রাপ্তকাল** — যাহার সময় হইয়াছে। যাহার মৃত্যু আসন্ন। ... **প্রাপ্তবয়স্ক** — বয়ঃপ্রাপ্ত, সাবালক। ... **প্রাপ্তব্যবহার** — যাহার বিষয়কর্ম করিবার বয়স হইয়াছে, সাবালক। ... **প্রাপ্তব্য** — প্রাপ্য, প্রাপ্তির যোগ্য। ... **প্রাপ্তযৌবন** — যে যৌবনলাভ করিয়াছে। স্ত্রী. **-যৌবনা**।

**প্রাপ্তাবসর** — যে অবসর গ্রহণ করিয়াছে। অবসৃত।

**প্রাপ্তি**—পাওয়া। আয়। ... **প্রাপ্তিযোগ** — পাওয়ার ভাগ্য; লাভের যোগাযোগ।

**প্রাপ্য** — যাহা পাওয়া যাইবে বা পাওয়া উচিত, লভ্য, প্রাপ্তব্য।

**প্রাবরণ, প্রাবার** — আবরণবস্ত্র। উত্তরীয়।

**প্রাবল্য** — প্রবলতা, শক্তির আধিক্য।
**প্রাবীণ্য** — প্রবীণতা।
**প্রাবৃট** (প্রাবৃষ্) — (স্ত্রী.) বর্ষাকাল।... ণ. **প্রাবৃষ্য**।
**প্রাবেশিক**—প্রবেশ সম্বন্ধীয়।... **প্রাবেশিক পরীক্ষা** — প্রবেশে অধিকার লাভের জন্য পরীক্ষা, admission test.
**প্রাবৃষ্য** — বর্ষাকালীন।
**প্রাভাতিক** — প্রাতঃকালীন।
**প্রামাণিক** — প্রমাণসিদ্ধ, বিশ্বাসযোগ্য। প্রধান, সমাজপতি, উপাধি বিঃ। ... পরামাণিক, (নাপিত) ... **প্রামাণিকতা** — বিশ্বস্ততা।
**প্রামাণ্য** — প্রামাণিকতা। (প্রামাণিক অর্থে প্রয়োগ অশুদ্ধ)
**প্রায় ১**—সদৃশ্য, তুল্য ('মৃত-')। কাছাকাছি, কিছু কম ('— তিন হাত। — শেষ হয়েছে')। মৃত্যুর কামনায় উপবাস ('প্রায়োপবেশন')
**প্রায় ২** [ < প্রায়ঃ (-য়স্ ], **প্রায়শঃ** (-শস্) — সাধারণতঃ, অধিকাংশ ক্ষেত্রে বা সময়ে ('গাড়িতে — ভিড় হয়')। অল্প কাল অন্তর বার বার ('তিনি — এখানে আসেন')
**প্রায়শ্চিত্ত** — পাপক্ষালনের জন্য কর্ম বিঃ।
**প্রায়িক** — সাধারণ। কাছাকাছি।
**প্রাযুক্তিক** — প্রযুক্তি-বিশারদ, technologist.
**প্রায়োগিক** — প্রযুক্তি বা প্রয়োগ বিষয়ক, technical.
**প্রায়োদ্বীপ** — উপদ্বীপ।
**প্রায়োপবেশন, -বেশ** — ব্রত বিঃ, আহার বর্জন করিয়া মৃত্যুর প্রতীক্ষায় উপবেশন। ... ণ. **প্রায়োপবিষ্ট**।
**প্রারব্ধ** — ণ. যাহার আরম্ভ হইয়াছে। ... ষ্য. ফলোন্মুখ পাপপুণ্য। অদৃষ্ট।
**প্রারম্ভ** — আরম্ভ, উপক্রম।
**প্রার্থক** -- প্রার্থী।
**প্রার্থন, প্রার্থনা** — আবেদন, যাচ্ঞা। ... **প্রার্থনীয়, প্রার্থয়িতব্য** — প্রার্থনার যোগ্য। ... **প্রার্থয়িতা** (-তৃ), **প্রার্থী** (-র্থিন্) — প্রার্থনাকারী, যাচক। ... **প্রার্থিত** — যাচিত, যে বিষয়ের জন্য প্রার্থনা করা হইয়াছে। বাঞ্ছিত।
**প্রাশ** — আহার।
**প্রাশন** — ভোজন ('অন্ন-')
**প্রাশব্ধ** — প্রাক্তন কর্মফল।
**প্রাশস্ত্য** — প্রশস্ততা, শ্রেষ্ঠতা। বিস্তৃতি।
**প্রাশ্নিক** — প্রশ্নকারী, প্রষ্টা। প্রশ্ন শুনিয়া যে মীমাংসা করে।
**প্রাস** — বর্শার তুল্য প্রাচীন অস্ত্র বিঃ।
**প্রাসঙ্গিক** — প্রসঙ্গক্রমে উপস্থিত, প্রসঙ্গের সম্পর্কীয়।
**প্রাসাদ** — ধনীর অট্টালিকা, হর্ম্য। ... **প্রাসাদশিখর** — হর্ম্য চূড়া।
**প্রাস্থানিক** — প্রস্থান বা বিদায় সম্বন্ধীয়।
**প্রাহরিক** — প্রহর সম্বন্ধীয়।
**প্রাহ্ণ** — পূর্বাহ্ণ।
**প্রিয়** — ভালবাসার পাত্র, প্রীতিভাজন। প্রণয়ী বা বন্ধুকে সম্বোধন। প্রীতিজনক, যাহা ভাল লাগে, কাম্য ('-বস্তু, -কার্য')। ... স্ত্রী. **প্রিয়া**। (সম্বোধনে — প্রিয়ে)। ... **প্রিয়ংবদ** — যে প্রিয়বাক্য বলে। ... স্ত্রী. **প্রিয়ংবদা**। — শকুন্তলার এক সখী। ... **প্রিয়চিকীর্ষা** — খুশী করিবার ইচ্ছা। হিতেচ্ছা। ... **প্রিয়চিকীর্ষু** — যে ঐ ইচ্ছা করে। ... **প্রিয়তম** — সর্বাপেক্ষা প্রিয়। ... স্ত্রী. **প্রিয়তমা**। (সম্বোধনে — প্রিয়তমে)। ... **প্রিয়দর্শন**—সুন্দর, সুরূপ। ... **প্রিয়দর্শী** — যে সকলকেই প্রীতির চোখে দেখে। মহারাজ অশোকের উপনাম।

... **প্রিয়পাত্র**] প্রীতিপাত্র, ভালবাসার পাত্র। ... **প্রিয়বচন, -বাক্য**—মিষ্ট কথা। ... **প্রিয়ভাষী** (-ষিন্) — মিষ্টভাষী। **প্রিয়সখা**] (স. প্রিয়সখ) প্রিয়বন্ধু।

**প্রিয়ঙ্কর** — শুভংকর, হিতকারী।

**প্রিয়ঙ্গু** — শ্যামা লতা (হলদে ফুল)

**প্রীণন** — প্রীতিসম্পাদন, আহ্লাদন। ... ণ. **প্রীণিত**।

**প্রীত** — সন্তুষ্ট, আনন্দিত, খুশী। ... **প্রীতি** — সন্তোষ, আনন্দ ('-কর, -দায়ক')। ভালবাসা, প্রণয়, প্রেম ('-উপহার, -ভাজন')। ... **প্রীতিভোজন** — **প্রীতিভোজ**] আনন্দের জন্য ভোজ।

**প্রীয়মাণ**—যে প্রীতি অনুভব করিতেছে।

**প্রেক্ষক** — দর্শক।

**প্রেক্ষণ** — দর্শন, দৃষ্টি। চক্ষু। পেখন (ব্রজবুলি) ... ণ. **প্রেক্ষিত**। ... **প্রেক্ষণীয়** — দর্শনীয়।

**প্রেক্ষণিকা** — প্রদর্শনী।

**প্রেক্ষা**—দর্শন, পর্যবেক্ষণ। পর্যালোচনা। অভিনয়-নৃত্যাদি দর্শন। ... **প্রেক্ষাগার, -গৃহ** — রঙ্গালয়। মানমন্দির।

**প্রেঙ্ক্ষণ** — আন্দোলন, প্রকম্পন।

**প্রেত**—ভূত, পিশাচ। মৃতের আত্মা। ... **প্রেতকর্ম, -কার্য, -কৃত্য** — অন্ত্যেষ্টি-ক্রিয়া। ... **প্রেততর্পণ**—মৃতের উদ্দেশে তর্পণ জল দান। ... **প্রেতপক্ষ** — আশ্বিন-কৃষ্ণপক্ষ। ... **প্রেতপিণ্ড** — মৃতের উদ্দেশে পিণ্ডজল দান। ... **প্রেতপুরী, -লোক** — যমালয়। ... **প্রেতমূর্তি** — প্রেত পিশাচের মতো বীভৎসমূর্তি। ... **প্রেতশিলা**—মৃত-গণের উদ্দেশে পিণ্ডদানের জন্য গয়া-তীর্থে শৈল বিঃ।... **প্রেতাত্মা**—ভূত।... **প্রেতাশৌচ** — মৃতের শববাহনদাহনের জন্য অশৌচ।

**প্রেতিনী**] পেতনী।

**প্রেপ্সু** — পাইতে ইচ্ছুক।

**প্রেম** (প্রেমন্) — ভালবাসা, প্রণয়, অনুরাগ, স্নেহ, প্রীতি (পত্নী সন্তান বন্ধু দেশ ঈশ্বর ইঃর প্রতি। 'প্রেমালাপ, প্রেমাশ্রু')। ... **প্রেমিক**—যে ভালবাসে, অনুরাগী, প্রণয়ী।...স্ত্রী. **প্রেমিকা**।... **প্রেমী** (-মিন্) — প্রেমিক। অনুরক্ত, ভক্ত। ... **প্রেমভক্তি** — রাগানুগা ভক্তি — বৈষ্ণব রস তত্ত্বে শান্ত দাস্য বাৎসল্যাদি ভক্তি ... **প্রেমানন্দ** — প্রেমের আদান প্রদানের আনন্দ। ... **প্রেমাবতার**—শ্রীচৈতন্যদেব। ... **প্রেমাশ্রু** — প্রেমে গদ্গদ হইলে নয়নে উদ্গত জলধারা।

**প্রেয়** [ < প্রেয়ঃ (প্রেয়স্)] বাঞ্ছিত, প্রিয়।

**প্রেয়সী** — প্রিয়তমা। ... পুং.—প্রেয়ান্।

**প্রেরক** — যে পাঠায়। যে প্রেরণা দেয়। প্রেরয়িতা।

**প্রেরণ** — পাঠানো ('পত্র-')। নিয়োগ।... **প্রেরণা**—নিয়োগ। প্রবৃত্তি শক্তি প্রতিভা ইঃর সঞ্চার অনুপ্রাণনা, উদ্দীপনা। ('—পাওয়া, দেওয়া')। ... **প্রেরিত**—যাহাকে পাঠানো হইয়াছে। নিয়োজিত, আদিষ্ট। প্রেরণাপ্রাপ্ত ('ঈশ্বর-')

**প্রেষ** — (বিজ্ঞানে) চাপ, pressure.

**প্রেষক** — প্রেরক।

**প্রেষণ** — প্রেরণ। ... **প্রেষণা** — প্রেরণা। ... **প্রেষিত** — প্রেরিত। নিয়োজিত। ... **প্রেষ্য**—প্রেরণীয়। যাহাকে ফরমাশ করা যায়, ভৃত্য।

**প্রেষণা** — দূতী।

**প্রেষিণা** — দাসী। পরিচারিকা।

**প্রেষ্ঠ** — প্রিয়তম।

**প্রেষ্য** — ভৃত্য।

**প্রোক্ত** — কথিত, বর্ণিত ('ঋষি-')
**প্রোজ্‌ঝিত** — পরিত্যক্ত।
**প্রোত** — সূত্রাদিতে গ্রথিত। ('ওতপ্রোত')
**প্রোৎসাহ** — প্রবল উৎসাহ, উত্তেজনা।... **প্রোৎসাহন** — প্রবল উৎসাহ দান। ... ণ. **প্রোৎসাহিত**।
**প্রোথিত** — যাহা পোঁতা হইয়াছে।
**প্রোদ্ভিন্ন** — উদ্‌গত, যাহা ফুটিয়া বাহির হইয়াছে।
**প্রোন্নত** — অতি উন্নত।
**প্রোষিত** — বিদেশস্থ। প্রবাসী। ... **প্রোষিতভর্তৃকা** — যে স্ত্রীর স্বামী বিদেশে আছে। (তদবস্থ পুরুষ — প্রোষিতপত্নীক, -ভার্য)
**প্রোষ্ঠী** — শফরী, পুঁটী মাছ।
**প্রৌঢ়** — যুবা ও বৃদ্ধের মাঝামাঝি, আধাবয়সী। পূর্ণতাপ্রাপ্ত। সুপরিণত। ... স্ত্রী. **প্রৌঢ়া**। ... ষ্য. **প্রৌঢ়তা**, -ত্ব, **প্রৌঢ়ি**।
**প্রৌঢ়ি** — সুপরিণতি। উৎসাহ। প্রতিভা।
**প্লক্ষ** — পুরাণোক্ত সপ্তদ্বীপের এক। পাকুড় গাছ।
**প্লব** — ভেলা, উড়ুপ। সন্তরণ, লম্ফন। ... **প্লবতা** — ভাসিবার শক্তি। ... **প্লবন** — ভাসা, সন্তরণ। জলে ঝাঁপ দেওয়া। লম্ফন। ... **প্লবমান** — যাহা ভাসিতেছে।
**প্লাবক** — প্লাবনকারী।
**প্লাবন, প্লাব** — জলাদির ব্যাপ্তি, জল উথলানো। বন্যা। ভাসানো। ... ণ. **প্লাবিত**। ... **প্লাবী** (-বিন্) — যাহা ভাসায়। ... **প্লাবিতা**—ভাসাইবার শক্তি।
**প্লীহা** (-হন্। প্লিহা বিরল) — পিলে, পাকস্থলীর বামে স্থিত যন্ত্র বিঃ, spleen. (বাং) **প্লীহার স্ফীতি**।
**প্লুত** — ষ্য. স্বরের ভেদ বিঃ, ত্রিমাত্র স্বর (রোদনে গানে আহ্বানে)। লম্ফন। ... ণ. ভাসন্ত। সিক্ত। প্লাবিত। ... **প্লুতগতি** — ষ্য. লাফাইয়া চলন। ... ণ. যে জন্তু লাফাইয়া চলে।
**প্লেগ** [ই] সংক্রামক রোগ বিঃ।
**প্লেট** [ই] — ডিশ, রেকাবি, থালী।
**প্লেন** [ই] সাদাসিধা, নকশাদার নয় ('— চুড়ি')। সমতল ('— জমি') এরোপ্লেন, বিমান।
**প্ল্যাটফর্ম** [ই] রেল-স্টেশনের বারান্দা যাহা হইতে গাড়িতে চড়ে।
**প্ল্যান** [ই] — পরিকল্পনা।
**প্ল্যাস্‌টার** [ই] — পলাস্তারা।

## ফ

**ফইজত** [আ. ফজীহৎ] ভর্ৎসনা। ঝগড়া, কলহ। বদনাম।
**ফকির, ফকীর** [আ] মুসলমান সন্ন্যাসী। ভিক্ষুক। ... ষ্য. **ফকিরি**]। ... ণ. **-রী**]
**ফক্কড়**] বাচাল, ফাজিল। ধড়িবাজ। ... **ফক্কুড়ি**] ফাজলামি, তুচ্ছ আলাপ।
**ফক্কা, ফোক্কা**] কিছুই নয়, শূন্য, ফাঁকা।
**ফক্কিকা** — ফাঁকি। কূটপ্রশ্ন। ... **ফক্কিকার, -রি**] ফাঁকি।
**ফঙ্গবেনে, -বানি**] < ভঙ্গপ্রবণ, ভঙ্গুর।
**ফচকে**] বাচাল, চটুল। ... ষ্য. **ফচকেমি**]
**ফজর** (আ) — প্রাতঃকাল।
**ফজলি**] আমের জাতি বিঃ। মালদহ অঞ্চলের বৃহদাকার আম।
**ফট্**] ফাটিবার শব্দ ('—ক'রে ফাটা')
**ফটফটিয়া**] — মোটর সাইকেল।
**ফটা** — ফণা।
**ফটক, ফাটক**] বহির্দ্বার। ... **ফাটক**] কারাগার, জেল।
**ফটকা**] পণ্যদ্রব্যের বাজারদর লইয়া জুয়া-

খেলা বিঃ। ... **ফটকাবাজ**]—এইরূপ বাজারে যে জুয়া খেলে।

**ফটকিরি**] <স্ফাটকারি, রাসায়নিক কষায় দ্রব্য বিঃ, alum.

**ফটিক**] < স্ফটিক (দেখ)। স্বচ্ছ, নির্মল ('-জল')

**ফড়**] — গোরুর গাড়ীর কাঠামোর দুই পাশের লম্বা বাঁশ বা কাঠ।

**ফড়ফড়**] কাপড় ছিঁড়িবার শব্দ। অনর্গল কথনের ভাব। ('—ক'রে ছেঁড়া, বলা')

**ফড়িং**] < পতঙ্গ। উচ্চিংড়া ইঃ।

**ফড়িয়া / ফড়ে**] পাইকারী দরে কিনিয়া যে খুচরা বিক্রয় করে। ফেরিওয়ালা। গ্রাম হইতে জিনিস কিনিয়া যাহারা গঞ্জে চালান দেয় অথবা মহাজনী গদিতে সরবরাহ করে।

**ফণা, ফণ**—সাপের চওড়া মাথা, চক্কর। ... **ফণাধর, ফণ-** — যে সাপের ফণা আছে।

**ফণী** (-ণিন্) — সর্প। ... স্ত্রী. **ফণিনী**। ... **ফণীন্দ্র** — বাসুকি।

**ফতা**] — যে অপদার্থ খুব বচনদড়।

**ফতুয়া** [আ. ফুতোহী] হাতকাটা ছোট জামা।

**ফতুর** [আ. ফুতুর] নিঃস্ব, যাহার সমস্ত সম্বল নষ্ট হইয়াছে।

**ফতে** [আ. ফতহ্] জয়; সিদ্ধি ('লড়াই, কেল্লা, কাজ—')

**ফতো**] — নিঃস্ব কিন্তু পরের অনুগ্রহে বাবু সাজিয়া বেড়ায়। যে নিজের দারিদ্র্য গোপন করিয়া বড় মানুষের অভিনয় করে।

**ফতোয়া** [আ. ফৎবা.] মুসলমান শাস্ত্র অনুযায়ী ব্যবস্থা। কাজীর রায়।

**ফন্দি** [< প্রবন্ধ-] কূটকৌশল। মতলব। —**ফন্দিবাজ**] কূটকৌশলে দক্ষ, চক্রী।

**ফপরদালাল**] যে ব্যক্তি অনাহূত হইয়া কোনও ব্যাপারে যোগ দেয় এবং বৃথা বাক্যব্যয় বা কর্তৃত্বের ভান করে।... ষ্য. **-দালালি**]

**ফয়তা** [আ. ফাতিহহ্] মুসলমান ধর্ম অনুসারে উপাসনা। মৃতব্যক্তির আত্মার জন্য প্রার্থনা। পীরের দরগার শিরনি দান। কাজীর বিচার। শাস্ত্রীয় বিধান দান।

**ফয়সালা** [আ. ফয়স্লাহ্] বিচার নিষ্পত্তি। রায়।

**ফরক** [আ. ফর্ক্] ষ্য. প্রভেদ। দূরত্ব। ... ণ. ভিন্ন, আলাদা। দূর।

**ফরকানো** [√ ফর্কা-১৭] ফাঁক করা ('পা—')

**ফরফর**] পাতলা জিনিস নড়িবার শব্দ ('কাগজ, কাপড় — ক'রে ওড়া। পুঁটি মাছ — করে')

**ফরমা** (ইঃ) — একসঙ্গে মুদ্রিত পুস্তকের পৃষ্ঠা সমষ্টি। (ফর্মা দেখ)

**ফরমান** [ফা] বাদশাহ নবাব ইঃর আদেশ-পত্র।

**ফরমানো** [√ফর্মা-১৭] **ফরমাশ** করা, হুকুম দেওয়া।

**ফরমাইয়ে** — আদেশ করুন।

**ফরমাশ** [ফা. ফর্মাইশ] আজ্ঞা, হুকুম ('চাকরকে — করা'। '— খাটা' — আজ্ঞানুসারে নানা কাজ করা)। নির্মাণ করিবার আজ্ঞা ('গহনা—দেওয়া')।... ণ. **ফরমাশী**]

**ফরসা, -শা**] গৌরবর্ণ ('গায়ের রং —')। নির্মল ('—কাপড়। আকাশ—হওয়া')। নিঃশেষ ('আশাভরসা সব—')

**ফরসি, ফুরসি**] গুড়গুড়ি, লম্বা নল যুক্ত হুঁকা বিঃ যাহা ভূমিতে বসে।

**ফরাকত** [আ. -গৎ] স্বাতন্ত্র্য, পৃথগ্‌ভাব,

ছাড়াছাড়ি। ফাঁকা জায়গা। অবকাশ।

**ফরাশ** [আ. ফর্শ্] মেঝের বা বড় তক্তা-পোশের আস্তরণ। যে চাকর বিছানা পাতা ঘর সাফ বাতি জ্বালা ইঃ কাজ করে।

**ফরাসী** [পো. Francez. ফ্রেঞ্চ Francais] ফ্রান্স দেশের লোক বা ভাষা। ফ্রান্সদেশীয়।

**ফরিয়া** — যে অল্প অল্প করিয়া উৎপাদকদের কাছ হইতে মাল কিনিয়া মহাজনদের কাছে বিক্রয় করে।

**ফরিয়াদ** [ফা] নালিশ, মকদ্দমা। **ফরিয়াদী**] অভিযোগকারী, বাদী।

**ফর্দ** [আ. ফর্দ্] তালিকা। কাগজ কাপড় ইঃর খণ্ড।

**ফর্দা** [আ] ফাঁকা, উন্মুক্ত ('— জায়গা')

**ফর্মা** [পো] পুস্তকাদির যতগুলি পৃষ্ঠা একবারে ছাপা হয়। ছাঁচ বা আদর্শ।

**ফল** — বৃক্ষলতাদির শস্য বা বীজাধার ('গাছে — ধরা। — পাড়া')। উৎপন্ন বস্তু; পরিণাম ('চেষ্টার, পাপের —। -ভোগ, -ভোগী')। নির্ধারণ ('পরীক্ষার, মকদ্দমার, অনুসন্ধানের, জ্যোতিষ গণনার —')। অঙ্ক কষিলে যে রাশি পাওয়া যায় ('ভাগ-। গণনার —')। কাম্য বিষয়, উদ্দেশ্যসিদ্ধি ('ফলাশা')। হিত, উপকার ('শাসনে, ঔষধে — হওয়া')। ফলক। (§ ফলন, ফলন্ত, ফলিত, ফলে)

**ফলক** — ফলা ('অসি-')। পট্ট ('তাম্র-')। ঢাল। ললাটের অস্থি।

**ফলকথা** — মোটকথা, ফলতঃ।

**ফলকর** — ষ্য. ফলের জন্য গাছ ভাড়া লইলে যে কর দিতে হয়। ... ণ. যাহাতে ফল উৎপন্ন হয়, ফলন্ত ('— বৃক্ষ')

**ফলতঃ** (-তস্) — পরিণামে, ফলে। বস্তুতঃ

**ফলদ** — ফলদায়ক, ফলদাতা।

**ফলদর্শী** (-র্শিন্) — পরিণামদর্শী। ... ষ্য. **-দর্শিতা**।

**ফলন** — ফলের উৎপত্তি। উৎপত্তি। সত্য হওয়া, ফলা, ঘটন। (§ ফলিত)

**ফলনা** (ফলানা দেখ)

**ফলন্ত**] যাহা ফল দিতেছে, ফলবান্ ('— গাছ')

**ফলপাকান্ত** — যে উদ্ভিদ ফল পাকিলে মরিয়া যায়, ওষধি (দেখ)

**ফলপ্রদ, -প্রসূ** — ফলদায়ক। উপকারক।

**ফলবান** (-বৎ) — ফলযুক্ত, ফলন্ত। সফল। ... স্ত্রী. **ফলবতী**।

**ফলভাগী** (-গিন্) — পরিণামের অংশ যে ভোগ করে ('সামাজিক দুর্নীতির —')

**ফলশ্রুতি** — কোনও পুণ্যকর্ম করিলে যে ফল হয় তাহা শ্রবণ বা তাহার বিবরণ।

**ফলসা** [ফা] লালাময় অম্লমধুর ফল বিঃ।

**ফলা ১**] < ফলক ('ছুরির —')। যোজ্য ব্যঞ্জনবর্ণের চিহ্ন ('য-ফলা')

**ফলা ২** [√ফল্-৫। < ফল্] ফলবান্ হওয়া ('আমগাছ ফলেছে')। গাছে জন্মানো ('খুব আম ফলেছে')। সত্য হওয়া ('কথা, জ্যোতিষগণনা —')। ... ণ. যাহা ফল দেয় ('দো-')। **ফলন্ত**।

**ফলাও** (ফালাও দেখ)

**ফলাকাঙ্ক্ষা** — কৃতকর্মের ফলের আশা।

**ফলাগম** — ফলের উৎপত্তি বা তাহার কাল।

**ফলাঢ্য** — প্রচুর ফল সমন্বিত।

**ফলানা / ফলনা** [আ. ফুলান] অমুক ব্যক্তি।

**ফলানো** [√ফলা-১১] ফল উৎপাদন করা। পরিস্ফুট করা ('রং —')। বাহাদুরি প্রকাশের জন্য দেখানো (ব্যঙ্গে। 'বিদ্যা —')

**ফলাফল** — কর্মের শুভ বা অশুভ

পরিণাম, সিদ্ধি বা অসিদ্ধি।

**ফলার** ] < ফলাহার, চিঁড়া দই দুধ মিষ্টান্ন ফল ইঃ আহার, অথবা ভাত ছাড়া অন্য নিরামিষ দ্রব্য আহার।... **ফলারে** ] ফলার খাইতে যে ভালবাসে ('—বামুন')

**ফলাহার** — ফলার। কেবল ফল আহার।

**ফলাহারী** — ফলবিক্রেতা (প্রা-সা)

**ফলিত** — ফলযুক্ত। সফল, সংঘটিত, সত্য ('জ্যোতিষগণনা — হওয়া')। পরীক্ষা-সিদ্ধ, প্রক্রিয়াবিষয়ক, practical ('— রসায়ন')। ... **ফলিতজ্যোতিষ** — যে জ্যোতিষবিদ্যার দ্বারা ভূত ভবিষ্যৎ শুভাশুভ জানা যায়।

**ফলিতার্থ** — সারাংশ।

**ফলুই** — একপ্রকারের চিতল জাতীয় মৎস্য।

**ফলে** ] ফলতঃ (দেখ)। পরিণামে, উক্ত বিষয়ের ফলস্বরূপে।

**ফলোদয়** — ফলের উৎপত্তি; অভীষ্টলাভ ('আফলোদয়')

**ফলোন্মুখ** — যাহা শীঘ্র ফল দিবে।

**ফলোপধায়ক, ফলোপধায়ী** (-য়িন্) — ফলজনক।

**ফল্গু** — গয়ার অন্তঃসলিলা নদী বিঃ। অসার।

**ফষ্টিনষ্টি, -নাষ্টি** ] ফাজলামি, লঘু পরিহাস।

**ফস** ] অসাবধানতা ও শীঘ্রতা সূচক ('— ক'রে ব'লে ফেলা')। চট্, শীঘ্র ('— ক'রে চ'লে গেল')

**ফসকা** [ আ. ফস্খ ] আলগা ('—গেরো')। ... **ফসকানো** [ √ ফস্কা-১৭ ] স্খলিত হওয়া, পিছলানো ('পা ফসকে প'ড়ে যাওয়া')। হাতছাড়া হওয়া, আয়ত্ত হইতে হইতে অবশেষে না হওয়া ('মাছটা, অমন চাকরিটা ফসকে গেল')

**ফসফরস** [ ই ] মৌলিক পদার্থ বিঃ (এক-টুতে জ্বলিয়া ওঠে। দেশলাই করিতে লাগে। জীবদেহে বিশেষতঃ অস্থিতে আছে)

**ফসল** [ আ. ফস্ল্ ] উৎপন্ন শস্য। ... **ফসলী** ] (মুঃ শস্যকর্তন কাল হইতে গণিত) আকবর-প্রবর্তিত অব্দ বিঃ (প্রায় বাংলা সনের অনুযায়ী)। ফসল সম্বন্ধীয়।

**ফাইফরমাশ** ] ছোটখাটো নানাপ্রকার ফরমাশ।

**ফাউড়া** — গুলি ছুড়িবার দাণ্ডা বা ছোট লাঠি।

**ফাও, ফাউ** ] মূল্যের বিনিময়ে যাহা প্রাপ্য তাহার অতিরিক্ত কিছু দ্রব্য।

**ফাঁক** ] ষ্য. ব্যবধান, অন্তর ('দুটোর মধ্যে —')। অনাবৃত অংশ ('পর্দার, দরজার —')। শূন্য, খালি জায়গা ('কোথাও — নাই')। অবকাশ, অবসর ('কাজের —')। ফাঁকি ('ফাঁকে পড়া')। ... ণ. পৃথক্, ব্যবহিত, বিদারিত ('পা — করা, মুখ —। দো-')। শূন্য, খালি ('টাকার থলি — করা')। ... **ফাঁকতাল** ] হঠাৎ লব্ধ সুযোগ ('ফাঁকতালে কিছু পাওয়া')। ... **ফাঁক ফাঁক** ] তফাত তফাত, পরস্পরের মধ্যে ফাঁক যুক্ত ('— ক'রে সাজাও')

**ফাঁকা** ] ণ. অনাবৃত, খোলা, উন্মুক্ত ('— জায়গা')। শূন্য, খালি ('— বাড়ি')। বাজে, অবিশ্বাস্য ('—কথা')। যাহাতে কিছু নাই ('—আওয়াজ' — বন্দুকে গুলি না ভরিয়া কেবল বারুদের আওয়াজ। ব্যঙ্গে — বৃথা হাঁকডাক)। ... ষ্য. উন্মুক্ত স্থান। ... **ফাঁকা ফাঁকা** ] শূন্যপ্রায় ('— ঠেকছে')

**ফাঁকা** — অপ্রত্যাশিত। (সে বছরে — পেনু কিছু টাকা)।

**ফাঁকি** [ < ফক্কিকা ] যত্নের অপ্রয়োগ, কর্তব্যে অবহেলা এবং তাহা লুকাইবার চেষ্টা ('কাজে, পড়ায়—দেওয়া')। বঞ্চনা, প্রতারণা, ঠকামি, ভোগা ('—দিয়ে টাকা নেওয়া'। 'ফাঁকিতে পড়া'—বঞ্চিত হওয়া)। কূটপ্রশ্ন, ফক্কিকা ('ন্যায়ের—')। সূক্ষ্ম চূর্ণ, গুঁড়া ('—করা')।... **ফাঁকিবাজ** ] যে ফাঁকি দেয়। ষ্য. **-বাজি** ]

**ফাগ** [ < ফল্গু ] আবীর।

**ফাগুন** ] < ফাল্গুন।

**ফাজলামি** ] বাচালতা।

**ফাজিল** [ আ. -জি.- ] বাচাল। অতিরিক্ত। জমার অতিরিক্ত খরচ।

**ফাট** ] বিদারণ, চিড়, ফাটল ('ছাদে —ধরা')

**ফাটক** (ফটক দেখ)

**ফাটকি** — তামাসা, কৌতুক।

**ফাটকি-নাটকি** — অল্পদামের তুচ্ছ জিনিসপত্র।

**ফাটল** ] ফাটিয়া গেলে যে ফাঁক হয় ('দেওয়ালের —')

**ফাটা** [ √ ফাট্-৭। < স্ফট্ ] বিদীর্ণ হওয়া, চিড় খাওয়া ('ছাদ, শীতে হাত পা, বোমা, দুঃখে বুক, তৃষ্ণায় ছাতি —')। ... **ফাটানো** [ √ **ফাটা-১১** ] বিদারণ করা, ফাড়া। ... ণ. বিদারিত। ... **ফাটাফাটি** ] পরস্পর ফাটানো ('মাথা —')

**ফাড়া** [ √ ফাড়-৭। < স্ফট্ ] ছেঁড়া, চেরা, বিদারণ করা, ফাটানো ('কাপড়ের থান, পেট, কাঠ —')

**ফাঁড়** — কলসী প্রভৃতির মধ্যপরিধি।

**ফাঁড়া**] জ্যোতিষদ্বারা নির্ধারিত মৃত্যুযোগ বা বিপৎসম্ভাবনা। ('— কাটানো' — **ফাঁড়া হইতে মুক্ত হওয়া)**

**ফাঁড়ি** ] পুলিসের ঘাঁটি, থানা। ... **ফাঁড়িদার** ] ফাঁড়ির কর্মচারী।

**ফাণিত** — ঝোলা গুড়। (মতান্তরে — অপরিস্কৃত চিনি, দলো)

**ফাণ্ট** — ক্বাথ।

**ফাতনা** ] ছিপের সুতায় বাঁধা সোলা বা পালকের ডাঁটি।

**ফাঁদ** ] পশুপক্ষী ধরিবার যন্ত্র। ব্যাস ('বড় ফাঁদের চুড়ি')

**ফাঁদা** [ √ ফাঁদ্-৭ ] পত্তন করা; বিস্তার করা ('বাড়ি, ব্যবসায় —')। গঠন করা ('মতলব —')

**ফাঁদালো** ] বড় মুখ বা পেটযুক্ত ('—হাঁড়ি')

**ফানুস** [ আ ] কাগজের বেলুন যাহার নীচে আগুন জ্বালিলে ওড়ে। বাতির জন্য কাচের আবরণ।

**ফাঁপ** ] স্ফীতি।

**ফাঁপর** ] ষ্য. হতবুদ্ধিতা ('ফাঁপরে পড়া')। ... ণ. হতবুদ্ধি। স্ফীতোদর; বিকল (অপ্রঃ)

**ফাঁপা** [ √ ফাঁপ্-৭ ] স্ফীত হওয়া, বায়ুপূর্ণ হওয়া ('পেট, পাঁউরুটি —') সমৃদ্ধ হওয়া (ব্যবসায়—। লোকটা ফেঁপে উঠেছে')।...ণ. শূন্যগর্ভ, বায়ু-পূর্ণ ('—বালা, বল')। ... **ফাঁপানো** [ √ ফাঁপা-১১ ] ফুলানো, বায়ুপূর্ণ করা। ... ণ. বায়ুপূরিত।

**ফায়দা** [ আ. ফাইদহ্ ] উপকার, লাভ।

**ফায়লা** — কর্মচারী, (আমলা —)। প্রাশস্ত্য।

**ফারখত** [ আ. ফারিঘ্-খৎ ] ত্যাগপত্র; প্রত্যর্পণ-স্বীকার-পত্র।

**ফারফোর** — ণ. ছিদ্রযুক্ত (গহনার সম্বন্ধে প্রযোজ্য) ... ষ্য. — ফেরফার।

**ফারসী** [ ফা ] পারস্য দেশের ভাষা,

পারসী।

**ফারাক** (আ) — ব্যবধান, তফাৎ।

**ফাল** — লাঙগলের ফলক। (ফালা দেখ)

**ফালতো** [ হি. -তু ] প্রয়োজনের অতিরিক্ত ('— খরচ, কথা')। যাহা কাজে আটকাইয়া নাই ('— জিনিস')

**ফালা, ফাল** ] খণ্ড, লম্বা টুকরা ('কুমড়ার —')। ছেদ, লম্বালম্বি কাট '— দেওয়া')। (ছোট — ফালি ] )

**ফালাও** [ আ. ফলাহ্ ] প্রসারিত ('— বিছানা। কারবার — করা')

**ফালি** ] লম্বা সরু পাতলা টুকরা ('কাপড়ের, কাগজের, কুমড়ার —')

**ফাল্গুন** — ফাগুন, বাংলা সনের একাদশ মাস। ... **ফাল্গুন, -নি** — অর্জুন। ... **ফাল্গুনী** — ফাল্গুন-পূর্ণিমা।

**ফাঁস ১** [ < পাশ ] দড়ির বাঁধন যাহা ইচ্ছামত শক্ত বা আলগা করা যায়।

**ফাঁস ২** [ ফা. ফাশ ] আলগা। প্রকাশিত ('গুপ্ত কথা — করা')

**ফাঁসা** [ √ ফাঁস্-৭ ] খুলিয়া বা ধসিয়া পড়া ('ঝুড়ির তলা, হাঁড়ি —')। পণ্ড হওয়া ('কথা, আয়োজন ফেঁসে যাওয়া')। ... **ফাঁসানো** [ √ ফাঁসা-১১ ] পণ্ড করা। বিপদে ফেলা। চেরা ('ভুঁড়ি—')

**ফাঁসি** ] গলায় দড়ি দিয়া বধ, উদ্‌বন্ধন। উদ্‌বন্ধন-দণ্ড ('— দেওয়া')। ফাঁস ১। ... **ফাঁসিকাঠ** — যে কাষ্ঠদণ্ড হইতে ফাঁসি লাগানো হয়। ... **ফাঁসুড়ে** ] যে ফাঁসি দিয়া বধ করে।

**ফি** [ আ ] প্রত্যেক ('— সন, লোক, জিনিস')

**ফিক** ] বেদনা বিঃ, neuralgia ('-ব্যথা। — ধরা')। ঈষৎ হাস্য প্রকাশ ('— ক'রে হাসা')

**ফিকা / ফিকে** ] ফেকাশে, অল্পস্বাদ। অতিরিক্ত জল মিশ্রিত, জ'লো। হালকা রঙের ('— নীল')

**ফিকির** [ আ. ফিক্‌র্ ] উপায়চিন্তা। কৌশল, মতলব, ফন্দি, উপায়।

**ফিঙগা, ফিঙ / ফিঙে** [ √ ফিঙগক, ভৃঙগ ] পাখি বিঃ, drongo (কাল রং, লেজ চেরা। Y অক্ষরের মত চেরা বা বাঁকা কাঠ ইঃ।) পাথর ইঃ ছুড়িবার জন্য দড়ির যন্ত্র বিঃ।

**ফিচেল** ] ফন্দিবাজ, ধূর্ত।

**ফিট** [ ই ] ষ্য. সংযোগ ('গাড়িতে চাকা — করা')। মানান বা মাপসই হওয়া ('গায়ে জামা — করে, কলে চাবি —')। মূর্ছা ('— হওয়া)।... ণ. মাপসই ('— হওয়া')। ... **ফিটফাট** ] সুসজ্জিত, পরিপাটী। কায়দাদুরস্ত।

**ফিটন** [ ই ], **ফেটিন** ] চার চাকার ঘোড়ার গাড়ি বিঃ (ছাদ খোলা যায়)

**ফিতা / ফিতে** [ পো. fita ] ফালির তুল্য সরু লম্বা কাপড় ইঃ ('কাগজপত্র বাঁধিবার, চুলের, মাপিবার —')

**ফিন্‌কি** ] স্ফুলিঙ্গ ('আগুনের —'। বেগে নির্গত সূক্ষ্ম ধারা ('— দিয়ে রক্ত ছোটা')

**ফিনফিন** ] সূক্ষ্মতার ভাব প্রকাশ ('পাতলা — করা')। ... ণ. **ফিনফিনে** ] ('— ধুতি')

**ফিনাইল** — (ই) — বীজাণু নাশক তরল দ্রব্য বিঃ।

**ফিনিক** ] প্রভা, দীপ্তি ('জ্যোৎস্নায় — ফোটা')। ফিনকি।

**ফিরঙগ** [ পো. Francez] ফিরিঙ্গিদের দ্বারা আনীত যৌনব্যাধি বিঃ, উপদংশ।

**ফিরত** (ফেরত দেখ)

**ফিরতি** ] ফেরত, প্রত্যাগত। ফিরিবার

কালে।

**ফিরা, ফিরানো** (ফেরা দেখ)

**ফিরাফিরি / ফেরা-**] বার বার ফেরত বা বদল।

**ফিরিংগী** [পো. Francez] (মূঃ ফরাসী পোর্তুগীজ ইঃ ইওরোপীয় জাতি) ইওরোপীয় ও ভারতীয় হইতে উৎপন্ন বর্ণসংকর জাতি, ইওরেশীয়। ইওরোপীয় (বিরল)

**ফিরিস্তা / -স্ত** [আ. ফিহ্‌রিস্ত্‌] ফর্দ। নির্ঘণ্ট।

**ফিরে**] পুনঃ ('ফিরে বার')

**ফিরেফিরতি** — পুনর্বার।

**ফিরোজা** [ফা. ফিরোজ.হ্‌] নীলবর্ণ অনচ্ছ উপরত্ন বিঃ, turquoise. ঐরূপ বর্ণ।

**ফিল** — [ফা] — পিল, হাতী, দাবা-খেলার গজ।

**ফিলখানা** [ফা] — হস্তিশালা।

**ফিলহাল** [আ] এখন, হালফিল।

**ফিসফিস**] চুপিচুপি কথা কহিবার স্বর।

**ফী** [ই] দর্শনী, পারিশ্রমিক ('ডাক্তারের, উকিলের —')। বেতন ('স্কুলের —')। মাসুল, কর ('কোর্ট-')

**ফুঁ**] ফুৎকার, মুখ হইতে জোরে বহিষ্কৃত বায়ু ('— দেওয়া')

**ফুক**] ফুঁএর মত শীঘ্র ('— ক'রে উড়ে যাওয়া')

**ফুঁক**] ফুৎকার ('ঝাড়-')

**ফুকর / ফোকর**] ছিদ্র, গর্ত। খোপ।

**ফুকরানো / ফুকরনো** [√ ফুক্‌রা-১৯] উচ্চৈঃস্বরে বলা, হাঁকা ('নকিব ফুক-রায়')। চেঁচানো ('ফুকরে কাঁদা')। ... ষ্য. **ফুকার**]

**ফুকা / ফুকো**] (মূঃ ফুঁ দিয়া প্রস্তুত) ণ. ফাঁপা ও হালকা ('— শিশি')। ... ষ্য. দুগ্ধ নিঃসারণের জন্য গরুর যোনিতে ফুঁ ('— দেওয়া') — কৃত্রিম উপায়ে দুগ্ধ দোহন।

**ফুঁকা / ফোঁকা** [√ ফুঁক্‌-১০] ফুৎ-কারে উড়ানো, অপব্যয় করা ('টাকা ফুঁকে দেওয়া')। ফুঁ দেওয়া ('শিঙা —')। ধূমপান করা (অশিঃ। 'চুরুট —')

**ফুংগী** [বর্মী] ব্রহ্মদেশীয় সন্ন্যাসী।

**ফুচকে** (পুচকে দেখ)

**ফুট ১** [< স্ফুট] ষ্য. উত্তাপে ফুটিবার অবস্থা, স্ফুটন ('জলে — ধরা'। ফাট। ... ণ. বিকশিত। ... **ফুটকলাই**] ভাজা মটর।

**ফুট ২** [ই] ১২ ইঞ্চ, ⅓ গজ।

**ফুটকি**] বিন্দু, ছোট ফোঁটা।

**ফুটন** (ফোটা দেখ)

**ফুটন্ত**] যাহা ফুটিয়াছে, প্রস্ফুটিত ('— ফুল')। যাহা উত্তাপে ফুটিতেছে ('— জল')

**ফুটফুটে**] ফর্সা ও সুশ্রী ('— মেয়ে')

**ফুটবল** [ই] পা দিয়া খেলিবার বায়ুপূর্ণ বল।

**ফুটা ১ / ফুটো**] ষ্য. ছিদ্র, গর্ত ('— করা')। ... ণ. সছিদ্র ('— কলসী')

**ফুটা ২, ফুটানো** (ফোটা দেখ)

**ফুটি** [< স্ফুটি] কাঁকুড়-জাতীয় ফল বিঃ। ... **ফুটিফাটা**] পাকা ফুটির তুল্য ফাটা ('আহ্লাদে —')

**ফুড়ুক, ফুড়ুত**] পাখি উড়িবার বা হুঁকায় তামাক খাইবার শব্দ।

**ফুৎকার** — ফুঁ।

**ফুঁপি, ফুপি** — অঞ্চলের প্রান্ত।

**ফুফু** [হি] পিসী।

**ফুরসত** [আ] অবসর, কর্মের অবকাশে আর কিছু করিবার সময়।

**ফুরান / ফুরন** [< পূরণ] কোনও কাজ করাইবার পূর্বে তাহার মূল্য নির্ধারণ,

চুক্তি ('—করা')

**ফুরানো / ফুরনো** [ √ফুরা-১৪ ] শেষ হওয়া ('টাকা, চাল, গল্প—')। ফুরান করা ('মজুরি ফুরিয়ে দেওয়া')।...ণ. (উক্ত সকল অর্থে)

**ফুর্তি** ] < স্ফূর্তি, আনন্দ।

**ফুল ১** [ <ফুল্ল ] পুষ্প, কুসুম। ফুলের তুল্য নকশা। ('—তোলা, কাটা')। যে মাংসপিণ্ড জরায়ু ও সন্তানের নাভির সহিত যুক্ত থাকিয়া সন্তান-দেহে পুষ্টি-সঞ্চার করে এবং প্রসবকালে বাহির হইয়া যায়, অমরা, placenta. ... **ফুলকপি** ] শাক বিশেষের চাপ-বাঁধা পুষ্পস্তবক, (তরকারি), cauliflower. ... **ফুলকারি** ] বস্ত্রাদির উপর ফুলের নকশা। ... **ফুলকোঁচা** — ধুতিকে চুনোট করিয়া কোঁচাইয়া যে কোঁচার অগ্রভাগকে ফুলের মত আকৃতি দেওয়া হয়। ইহাকেই ফুলকোঁচা বলা হয়। ... **ফুলখড়ি** ] চা-খড়ি, chalk. ... **ফুলঝুরি, -ঝুরি** ] আতশ-বাজি বিঃ (জ্বালাইলে আগুনের ফুল ঝরে)। ... **ফুলটুসী** — ফুল যেমন সামান্য আঘাতে ঝরিয়া পড়ে তেমনি সামান্য আঘাতে বা দৈহিক শ্রমে বা কষ্টে যে নারী কাতর হইয়া পড়ে। ... **ফুলদান, -দানি** ] ফুল রাখিবার আধার। ... **ফুলদার** ] ফুলের নকশা যুক্ত। ... **ফুলদোল** ] — বৈশাখী পূর্ণিমায় অনুষ্ঠিত শ্রীকৃষ্ণের দোল। ... **ফুল-ধনু, -বাণ, -শর** ] মদনের পুষ্পবাণ। মদন। ... **ফুলবড়ি** — অতিরিক্ত ফেনানো ডালবাটার ছোট বড়ি। ... **ফুলবাবু** ] যে অত্যন্ত শৌখিন বেশ-ভূষা করে। ... **ফুলশয্যা** ] বিবাহের পর দম্পতির পুষ্পশোভিত শয্যায় প্রথমবার একত্র শয়ন। ফুলের বিছানা।

**ফুল ২** [ ই ] পুরা মাপের ('-হাতা জামা')

**ফুলকা / -কো** ] ণ. পাতলা ও ফাঁপা ('—লুচি')... ষ্য. পাতলা ছাল ('লুচির—')। মাছের কানকোর নিম্নস্থ চিরুনিতুল্য শ্বাসযন্ত্র, gills.

**ফুলকি** ] < স্ফুলিঙ্গ ('আগুনের —') ফিনকি।

**ফুলন্ত** ] যাহার ফুল ফুটিতেছে, কুসুমিত।

**ফুলরি/ফুলুরি** ] দালের ভাজা বড়া বিঃ।

**ফুলা, ফুলানো** (ফোলা দেখ)

**ফুলের তেল** ] ফুলের সংস্পর্শে সুরভিত তিল হইতে নিষ্কাশিত তৈল।

**ফুল্ল** — প্রস্ফুটিত ('—কুসুম')। বিকশিত ('— জ্যোৎস্না')। প্রফুল্ল ('— আনন')

**ফুল্লরা** — কবিকঙ্কণ চণ্ডীতে ব্যাধ কালকেতুর পত্নী।

**ফুসকুড়ি** ] ছোট ফোড়া, ব্রণ।

**ফুসফুস** [ <ফুপ্‌ফুস ] বুকের ভিতরের শ্বাসযন্ত্র, lungs. অনুকারশব্দ, ফিস-ফিস।

**ফুসমন্তর** — ফুঁ দিয়া পড়া মন্ত্র।

**ফুসলানো / ফুসলনো, ফোসলানো** [ √ফুসলা-১৯ ] গোপনে পরামর্শ দিয়া স্বমতে আনা বা আনিতে চেষ্টা করা।

**ফেউ** ] < ফেরু, শৃগাল। খেপা শিয়াল। যে শিয়াল বাঘের পিছনে থাকিয়া চিৎকার করে (প্রবাদ)। ('ফেউ লাগা'—উত্ত্যক্ত করা)

**ফেঁকড়া, ফ্যাঁ-** ] প্রশাখা ('— বাহির হওয়া')। কোনও বিষয় হইতে উদ্‌ভূত অন্য বিষয়। বাধা, ফেসাদ।

**ফেকাশে, -সে, ফ্যা-** ] পাণ্ডুবর্ণ, pale. ফিকা, অল্পস্বাদ।

**ফেকো** — শুষ্ককণ্ঠ নিঃসৃত ঘন থুথু।

**"ফেচাং, ফ্যা-"**] ফেঁকড়া। আনুষঙ্গিক ফেসাদ।

**ফেটা, ফ্যা-**] পটি, জড়ানো কাপড় ('মাথায় — বাঁধা'। ছোট — ফেটি])

**ফেটানো** [√ফেটা-১১] নাড়িয়া ফাঁপানো ('দাল-বাটা —')

**ফেটিন** (ফিটন দেখ)

**ফেন — ফেনা**] গাঁজ, বায়ুমিশ্রিত তরল দ্রব্য। মাড় ('ভাতের —')। ... **ফেনানো** [√ ফেনা-১১] ফেনযুক্ত করা। ফেটানো (দেখ) অতিরঞ্জিত করা ('কথা —')। ... **ফেনায়মান** — যাহাতে ফেনা উঠিতেছে। ... **ফেনায়িত** — যাহা ফেনানো হইয়াছে। ... **ফেনিল** — ফেনযুক্ত, সফেন।

**ফেনক** — সাবান।

**ফেনসা** — ফেনযুক্ত। (— ভাত)।

**ফেনি**] বড় বাতাসা বিঃ।

**ফেনিকা** — খাজা।

**ফেপাতুরা** — হতবুদ্ধি।

**ফেব্রুআরি** [ই] ইংরেজী বৎসরের দ্বিতীয় মাস।

**ফের**] আবার, পুনরায়। বেড়, বেষ্টন, বন্ধন ('কাপড়ের, কথার —')। সংকট ('গ্রহের —। ফেরে পড়া')। বদল, পরিবর্তন ('রকম-')

**ফেরত, ফিরত**] ষ্য. প্রত্যর্পণ ('— দেওয়া') ... ণ. প্রত্যর্পিত ('— যাওয়া')। প্রত্যাগত ('বিলাত-')। যাহা ফিরিয়া আসে ('—ডাক')। ... **ফেরতা**] প্রত্যাগত ('বিলাত-, জেল-')। ফিরিবার কালে। পালটা। পুনরাবর্তন ('তালফেরতা')। বেষ্টন ('— দিয়া শাড়ি পরা')

**ফেরা** (ফিরা বিরল) [√ ফির্-৯] প্রত্যাবর্তন করা ('বাড়ি —। ফিরিয়া আসা, যাওয়া')। অভিমুখ হওয়া ('ফিরে চাওয়া')। ঘোরা ('পিছন —')। পরিবর্তন হওয়া ('কপাল —')। বেড়ানো ('দ্বারে দ্বারে —')। ... **ফিরানো / ফিরনো, ফেরানো** [√ ফিরা-১৩] ফেরত দেওয়া ('উপহার —')। অনুরোধ না শুনিয়া বিদায় করা ('ভিখারী, পাওনাদার —')। প্রত্যাগত করানো ('ফিরাইয়া আনা')। বদলানো ('হুঁকায় জল —')। নূতন করিয়া লাগানো ('ঘরে কলি —')। আঁচড়ানো, বিন্যাস করা ('চুল —')।

**ফেরাই** — রঙের তাসের পর বেরঙের যে যে তাসের মূল্য বেশি। যেমন — টেক্কা, সাহেব, বিবি ইত্যাদি।

**ফেরানি** — অপকৃষ্টবস্ত্রখণ্ড।

**ফেরাফিরি** (ফিরাফিরি দেখ)

**ফেরার** [আ. ফি-] পলায়িত। ('আসামী — হওয়া')। ... **ফেরারী**] পলাতক ('— আসামী')

**ফেরি**] রাস্তায় চলিয়া বা বাড়ি বাড়ি ঘুরিয়া বিক্রয় ('-ওয়ালা')

**ফেরি** — পুনর্বার (ব্র-বু)

**ফেরি** — গায়কগায়িকার পুরস্কার। তোলা।

**ফেরি** — টহলগান।

**ফেরু** — শৃগাল ('-পাল')

**ফেরেব** [ফা.ফরেব] জুয়াচুরি, প্রবঞ্চনা। ... **ফেরেববাজ**] প্রবঞ্চক। ... ষ্য. **-বাজি, ফেরেবি**]

**ফেল** [ই] অনুত্তীর্ণ, অকৃতকার্য ('পরীক্ষায় — হওয়া')। দেউলিয়া ('আমাকে — করবে। ব্যাংক —')

**ফেলনা**] ফেলিয়া দিবার যোগ্য। অকিঞ্চিৎকর।

**ফেলা** [<ফেল্-৫] নিক্ষেপ করা, পাতিত করা ('ঢিল, থুতু, জাল —। মাটিতে, বিপদে —')। শেষ করা, চুকা ('করিয়া,

খাইয়া —')। ঘটনাক্রমে বা হঠাৎ কিছু করা ('দেখে, জেনে —')। নির্দিষ্ট করা ('তারিখ—')। ... ণ. নিক্ষিপ্ত। পরিত্যক্ত ('—হাঁড়ি)। বাদ ('তিনিও — যান না')। ... **ফেলাছড়া]** অযত্নে ছড়ানো। নির্বিচারে বিতরণ বা ব্যয়।

**ফেসাদ, ফ্যা-** [আ. ফসাদ] ঝঞ্ঝাট, বিঘ্ন, হাঙগামা, মুশকিল ('— বাধানো। ফেসাদে পড়া, ফেলা')। ঝগড়া। ... ণ. **ফেসাদে]**

**ফেঁসো** — সুতা। **আঁশ** (অংশু)।

**ফৈজত, ফজিয়ত** (আ) — হাঙগামা, বিবাদ, কলঙ্ক, তিরস্কার।

**ফোকর** (ফুকর দেখ)

**ফোকলা]** দন্তহীন।

**ফোঁকা** (ফুঁকা দেখ)

**ফোক্কা** (ফক্কা দেখ)

**ফোটা** (ফুটা বিরল) [√ ফুট্-১০ < স্ফুট] প্রস্ফুটিত বা বিকশিত হওয়া ('ফুল, আকাশে তারা, মুখে হাসি, মনে ভাব —')। ব্যক্ত হওয়া ('মুখে কথা—')। উন্মুক্ত হওয়া, খোলা ('কুকুর-ছানার চোখ —')। উত্তপ্ত হইয়া বুদ্‌বুদ বাহির করা ('জল —')। ফুটন্ত জলে সিদ্ধ হওয়া ('ভাত —')। তাপে ফাঁপিয়া ওঠা ('খই —')। বিদ্ধ হওয়া ('কাঁটা—')। ... ণ. প্রস্ফুটিত, বিকশিত ('— ফুল')। ... ষ্য. **ফুটন]** ('ফুল, হাসি, কথা, জল —')। ... **ফুটানি / ফুটান, ফুটুনি]** বিদ্ধ করণ ('দাঁত—')। অযাচিত অপ্রিয় মন্তব্য। চাল, জাঁক। ... **ফুটানো / ফুটনো, ফোটানো** [< ফুটা-১৪] প্রস্ফুটিত বা বিকশিত করা। তাপদ্বারা বুদ্‌বুদ বাহির করা। বিদ্ধ করা। ... ণ. (উক্ত সকল অর্থে)

**ফোঁটা** [< **স্ফুট-**] ষ্য. বিন্দু তুল্য ক্ষুদ্র চিহ্ন। টিপ, তিলক ('—কাটা, দেওয়া। ভাই-')। তাসের চিহ্ন। জল ইঃর বিন্দু ('বৃষ্টির—')। ... ণ. **ক্ষুদ্র** ('এক-মেয়ে')

**ফোটোগ্রাফ** [ই] আলোকচিত্র ('—তোলা, নেওয়া'। সংক্ষেপে — ফোটো)

**ফোঁড়]** বেধন; ছিদ্র। ('এ ফোঁড় ও—')

**ফোড়ন** [< স্ফোটন] গরম তৈলে বা ঘৃতে মসলা দিয়া ব্যঞ্জনের সহিত মিশ্রণ, সম্বরা ('— দেওয়া'। ব্যঙ্গে — অন্যের কথাবার্তার সময় মাঝে মাঝে মন্তব্য প্রকাশ)

**ফোড়া]** < স্ফোটক, ব্রণ।

**ফোঁড়া** [√ ফুঁড়্-১০। < **স্ফুট**] বিদ্ধ বা ছিদ্র করা ('কান, পিঠ —')

**ফোতো]** তুচ্ছ, অন্তঃসারশূন্য ('— নবাবি')

**ফোঁপরা, ফো-]** শূন্যগর্ভ। ঝাঁজরা, ছিদ্র-বহুল।

**ফোঁপল]** নারিকেলের ভিতরে জাত অঙ্কুর।

**ফোঁপানো** [√ ফোঁপা-১৫] গুমরাইয়া কাঁদা। ফোঁসফোঁস করা ('রেগে —')

**ফোয়ারা** [আ. ফওবারহ্] **কৃত্রিম** উৎস, ঊর্ধ্বমুখী জলধারা।

**ফোরম্যান** (ই) — **যন্ত্রপরিচালনার** তত্ত্বাবধায়ক।

**ফোলা** (ফুলা বিরল) [√ফুল-১০] স্ফীত হওয়া, ফাঁপা ('গলা, গাল —। রেগে, আহ্লাদে —')। মোটা হওয়া। ধনবান্ হওয়া (অশিঃ)। ... ণ. স্ফীত। ... **ফুলানো / ফুলনো, ফোলানো** [√ ফুলা-১৪] স্ফীত করা।

**ফোঁস]** জোরে নিঃশ্বাস ফেলার **শব্দ**। সাপের গর্জন। ক্রোধসূচক গর্জন ('— ক'রে ওঠা')। (§ ফোঁসা)

**ফোসকা]** জলীয়দ্রব্যপূর্ণ স্ফোটক, বুদ্-

বদের তুল্য স্ফীত ত্বক্ ('গায়ে—পড়া, ওঠা। লুচির—')

**ফোঁসা** [√ফুঁস্-১০] ফোঁস ফোঁস করা।

**ফৌজ** [আ] সৈন্যদল। ... **ফৌজদার**] সেনানায়ক। কোতোয়াল। ... **ফৌজদারি**] মারপিট খুন ইঃ সম্বন্ধীয় মামলা ('— সোপরদ্দ করা')। ... ণ. **ফৌজদারী**] ... **ফৌজদারী আদালত**] যে আদালতে অবৈষয়িক অপরাধের বিচার হয়।

**ফৌত** [আ] মৃত, গত।

**ফ্যাঁকড়া** (ফেঁ- দেখ)

**ফ্যাকাশে, ফ্যাচাং, ফ্যাটা** (ফে- দেখ)

**"ফ্যা ফ্যা"**] অভাবগ্রস্তের ভাব ('—ক'রে বেড়ানো')

**ফ্যালফ্যাল**] চোখের বিস্ফারিত ও বিমূঢ় ভাব ('—করে চাওয়া')

**ফ্যাশন** [ই] শৌখিন রীতি, রেওয়াজ।

**ফ্যাসাদ** (ফে- দেখ)

**ফ্রক** [ই] বালিকাদের একপ্রকার পরিধেয়।

**ফ্রেম** [ই] কোনও বস্তু দৃঢ় করিবার জন্য কাঠ ধাতু ইঃর ঘের ('ছবির, চশমার —')। ঠাট, কাঠামো।

**ফ্লানেল** [ই] পশমী বস্ত্র বিঃ।

**ফ্ল্যাট** [ই] — একটি বৃহৎ বাড়ীর এক-একটি পরিবারের বাসোপযোগী অংশ।

## ব

সমস্ত অসংস্কৃত শব্দের আদিতে বর্গীয় ব।

* চিহ্নের পরবর্তী সংস্কৃত শব্দের আদিতে বর্গীয় ব।

* চিহ্নের পূর্ববর্তী সংস্কৃত শব্দের আদিতে বিকল্পে **অন্তস্থ বা বর্গীয় ব।**

অচিহ্নিত সংস্কৃত শব্দের আদিতে অন্তস্থ ব।

**বই ১**] < ব্যতীত, বিনা, ছাড়া ('তোমা-)। ... **বইকি**] নিশ্চয়সূচক ('হয় —')। খণ্ডন বা নহে সূচক ('তা বইকি!')

**বই ২** (বহি দেখ)

**বইঁচি, বোঁচ**] অম্লমধুর ফল বিঃ।

**বইঠা / বোটে** [< বহিত্র] নৌকার ছোট দাঁড়।

**বউ**] < বধূ। পুত্রবধূ বা তত্তুল্যা ('বউমা')। নববধূ, কনে ('— দেখা')। কুলবধূ ('বড় ঘরের, ঘোষেদের —')। পত্নী। বউদিদি। ... **বউ-কথা-কও**] কোকিলজাতীয় পাখি বিঃ। ... **বউ-কাটকী**] যে শাশুড়ী বধূর কণ্টক অর্থাৎ পীড়ন ক'রে। ... **বউ-ঝি**] বধূ ও কন্যা শ্রেণীর যুবতী। ... **বউ-দিদি**] বড় ভাইএর স্ত্রী। ... **বউভাত**] বিবাহের পর সংস্কার বিঃ যাহাতে বরের আত্মীয়স্বজন নববধূর ছোঁয়া ভাত খায়, পাকস্পর্শ। ... **বউ-মা**]—গুরুজনের মুখে বধূর প্রতিশব্দ।

**বউড়ী**] < বধূটী, অল্পবয়স্কা বধূ।

**বউনি** [< বর্ধনী] দিনের প্রথম বিক্রয়।

**বউল, বোল**] < মুকুল (আম ইঃর)। বকুল ফুল।

**বওয়া, বওয়াটে** (বখা দেখ। বহা দেখ)

**বংশ**—কুল, পুরুষপরম্পরা ('উচ্চ-, যদু-। -লোপ')। বাঁশ। (§ বংশী, বংশীয়, বংশ্য)। ... **বংশগত**—বংশানুক্রমে **লব্ধ** ('— স্বভাব')। ... ষ্য. **বংশগতি** — বংশানুক্রমে দৈহিক ও মানসিক লক্ষণের সংক্রমণ, heredity. ... **বংশগৌরব** — যাহাতে কুলের মানমর্যাদা প্রতি-

পত্তির বৃদ্ধি হয়। ... **বংশজ** — মৌলিক, কুলীন নয়। বংশজাত। সদ্‌-বংশীয়।... **বংশধর** — যে বংশরক্ষা করে, সন্তান। ... **বংশপরম্পরা** — বংশধর-গণের ধারাবাহিকতা বা অনুক্রম। ... **বংশবৃদ্ধি** — বংশে সন্তান সন্ততির বিস্তার। ... **বংশমর্যাদা** — কুলের প্রাপ্য সম্মান। ... **বংশরক্ষা** — সন্তান প্রজননের দ্বারা বংশের ধারা বহমান রাখা। ... **বংশলতা** — শাখাপ্রশাখা-ক্রমে বিন্যস্ত বংশতালিকা। ... **বংশ-লোচন** [ < -রোচনা, -লোচনা ] বাঁশের ভিতরে জাত শ্বেত কঠিন বস্তু বিঃ (ঔষধ)। ... **বংশস্থবিল** — সংস্কৃত ছন্দোবিশেষ।

**বংশাঙ্কুর** — বাঁশের কোঁড়া।

**বংশানুক্রম** — বংশপরম্পরা।

**বংশানুচরিত** — বংশের ইতিবৃত্ত।

**বংশাবলী, -বলি** — বংশের তালিকা, ... **বংশাবতংস** — কুলের ভূষণস্বরূপ। কুলাজি।

**বংশী**—বাঁশি, বেণু, মুরলী। ... **বংশীধর, -ধারী** (-রিন্) — যাহার হাতে বাঁশি আছে। কৃষ্ণ। ... **বংশীবট** — যে বট-বৃক্ষের নীচে কৃষ্ণ বাঁশি বাজাইতেন। ... **বংশীবদন** — বংশী বাজায় যে, শ্রীকৃষ্ণ।

**বংশীয়, বংশ্য** — বংশে জাত। বংশবিষয়ক।

**বংশীয়াল** ] — বংশীবাদনে দক্ষ।

**বক*** — বগ, পাখি বিঃ, crane, egret ইঃ। ফুল বিঃ। ... **বকধার্মিক** — কপটধার্মিক। ... **বকবৃত্তি** — কপট সাধুতা। ... **বকব্রতী**—ভণ্ড। প্রবঞ্চক।

**বক** — রাক্ষস বিঃ। ভীমের দ্বারা নিহত। (মহাভারত)। বকরূপী দৈত্য — শ্রীকৃষ্ণের দ্বারা নিহত (ভাগবত)

**বকঠুঁটো** ] গাংদাড়া মাছ।

**বকনা** [ < বষ্কয়নী ] স্ত্রী-বাছুর, যে গরুর বাছুর হয় নাই।

**বকবক** ] অনর্গল কথা, বৃথা কথন ('— করা')

**বকবকম** -- পায়রার ডাক।

**বকযন্ত্র** — যে যন্ত্রে কোনও পদার্থের অংশ বাষ্পীভূত বা চোলাই করিয়া পৃথক্ করা যায়, পাতনযন্ত্র, retort, still.

**বকরা** [ < বর্করা ] ছাগ। ... **বর্কার, -রী** ] ছাগ বা ছাগী।

**বকরীদ** [ আ. বক্‌র্‌-ঈদ ] মুসলমান পর্ব বিঃ, ঈদ-উজ-জুহা।

**বকলম** [ ফা-আ ] অপরের পরিবর্তে যে সহি করে।

**বকলস, বগ-** [ ই. buckles] ফিতা ইঃ আটকাইবার খিল।

**বকশিশ** [ ফা. বখ- ] পারিতোষিক।

**বকশী** [ তু. বখ্‌শী ] মুসলমান আমলের কর্মচারী বিঃ। যাহার হাত দিয়া সরকারী অর্থ বণ্টিত বা বিতীর্ণ হয়।

**বকা** [ √ বক্‌-৫। < বচ্ ] বৃথা বা অধিক কথা বলা। ধমক দেওয়া, ভর্ৎসনা করা। (বখা দেখ)

**বকাট, বকাটে** (বখা দেখ)

**বকাণ্ডপ্রত্যাশা** — নিষ্ফল আশা (ন্যায় বিঃ)

**বকানো** [ √ বকা-১১ ] বৃথা বা অধিক কথা বলানো। (বখানো দেখ)

**বকাবকি** ] বচসা। ভর্ৎসনা।

**বকাল, বক্কাল** [ আ ] ঔষধাদির জন্য গাছ-গাছড়া। মসলা। ... **বকালী** — ঔষধের গাছগাছড়া বা উপাদান বিক্রেতা।

**বকালী** — বলাকার পংক্তি।

**বকুনি** ] ভর্ৎসনা। অনর্গল কথা।

**বকুল*** —সুগন্ধ ফুল বিঃ বা তাহার গাছ।

**বকেয়া** [ আ. বকায়া ] বাকী, অবশিষ্ট।

**বক্ত, বখ্‌ত** [আ] — সৌভাগ্য, শুভাদৃষ্ট, শুভযোগ।

**বক্তব্য** — কথনীয়, যাহা বলিতে হইবে।

**বক্তা** (-ক্তৃ) — যে বলে বা বক্তৃতা করে। বাক্‌পটু।

**বক্তার**] দেবতাদির দ্বারা আবিষ্ট হইয়া যে কথা বলে। যে বেশী কথা বলে।

**বক্তৃতা** — ভাষণ, সভায় কোনও বিষয় সম্বন্ধে উক্তি ('—করা, দেওয়া')। বাক্‌-পটুতা।

**বক্ত্র** — মুখ।

**বক্র** — ণ. বাঁকা। কুটিল। ... ষ্য. বক্রতা, বাঁক। ... **বক্রণ** — বাঁকা হওয়া। ... **বক্রিমা** (-মন্‌) — বক্রভাব। ... **বক্রীকরণ** — বাঁকানো। ... **বক্রোক্তি**—প্রচ্ছন্ন নিন্দা, শ্লেষবাক্য।

**বক্রী**] বাকী শব্দের বিকৃত রূপ। ... ণ. বাম, বিরূপ, প্রতিকূল (—শনি)

**বক্রোক্তি** — কাব্যের অলঙ্কার বিঃ। শ্লেষ, ব্যঞ্জনা ইত্যাদির দ্বারা ভাবপ্রকাশ।

**বক্ষ** [< বক্ষঃ (বক্ষস্‌)] বুক ('বক্ষঃ-পঞ্জর, বক্ষস্থল, বক্ষঃস্থল')। হৃদয়।

**বক্ষোজ, বক্ষোরুহ** — স্তন।

**বক্ষ্যমাণ** — যাহা বলা হইবে।

**বখৎ** [আ] — ভাগ্য (বক্ত দেখ)

**বখরা** [ফা] ভাগ, অংশ ('—করা। -দার')

**বখা, বকা, বখাটে, বকাটে, -ট, বওয়াটে**] বাচাল, যে ইয়ারকি দেয়। যে কুসঙ্গে নষ্ট হইয়াছে। ... **বখা, বকা** [√ বখ্‌, বক্‌-৫। < বহ্‌] বখাটে হওয়া ('বখে যাওয়া')। (বহা দেখ)। ... **বখানো, বকানো** [√ বখা, বকা-১১] বখাটে করা ('বখিয়ে দেওয়া')। ... ষ্য. **বখামি, বকামি, -মো**]

**বখিল** [আ] — কৃপণ।

**বখেড়া** [হি] বাধা, ঝঞ্ঝাট। ঝগড়া।

**বখেয়া** [ফা. বখিয়া] সেলাই বিঃ।

**বগ**] < বক (দেখ)। ('—দেখানো' — বকের গলার মত হাত বাঁকাইয়া বিদ্রূপ করা। (§ বগা)

**বগচর**] — দীঘিপুকুরের জলসন্নিহিত তীরাংশ।

**বগয়রহ** [আ. ব.গইরহ্‌] ইত্যাদি (আদালতী ভাষায়)

**বগল** [ফা] বাহুমূলের নিম্নদেশ, কক্ষ। পার্শ্ব। নিকট। ... **বগলদাবা**] বগলে চাপিয়া ধারণ।

**বগল** [হিঃ ও প্রা. বা.] — নিকট পার্শ্ব।

**বগলা** — দশমহাবিদ্যার এক।

**বগলি** [ফা] থলি।

**বগা**] বক (ব্যঙ্গে)। ... স্ত্রী. **বগী**]

**বগি**] চার চাকার হালকা ঘোড়ার গাড়ি বিঃ। কাঁসার থালা বিঃ।

**বঙ্ক** — বাঁকা (প্রা-বা)

**বঙ্কিম** [< বঙ্ক-, বক্র-] -বাঁকা।

**বঙ্খুর**] — বক্রদেহ।

**বঙ্গ** — ভারতের উত্তরপূর্বস্থ প্রদেশ (পশ্চিম ও পূর্ব বঙ্গ), বাংলা দেশ। পূর্ববঙ্গের প্রাচীন নাম। রাং, tin. ... **বঙ্গজ** — বঙ্গদেশজাত। বাঙালী বৈদ্য-কায়স্থের শ্রেণী বিঃ। ... **বঙ্গাব্দ** — বাংলা সন বা সাল (সাল দেখ) ... **বঙ্গীয়** — বঙ্গদেশ সম্বন্ধীয়।

**বচ ১** (বচস্‌) — বচন, বাক্য।

**বচ ২** — ঔষধে ব্যবহার্য একপ্রকার মূল বিঃ।

**বচন** — বাক্য, কথা। (ব্যাকরণে) একত্ব বহুত্ব ইঃ ('এক-, বহু-')। (§ বাচনিক)। ... **বচনীয়** — বাচ্য, কথনযোগ্য। নিন্দনীয় ... **বচনবাগীশ** — বহু ভাষী কর্মকুণ্ঠ তরল প্রকৃতির লোক।

**বচসা**] তর্কবিতর্ক। কলহ।

**বছর, বচ্ছর**] < বৎসর (দেখ)

**বর্জানিস** (আ-ফা) — যথাযথ।

**বজবজ** — পচিয়া যাহা গ্যাস

**বজর** ] — বজ্র (বিপ্রকর্ষে)

**বজরা** ] বড় নৌকা বিঃ। ধনীদের ভ্রমণ-বিলাসের সুসজ্জিত নৌকা।

**বজায়** [ ফা ] রক্ষিত, প্রতিষ্ঠিত ('সম্পত্তি, মান, কথা, নিজের মত—রাখা')

**বজ্জাত** [ ফা-আ. বদ্‌জাত ] বদমাশ।... ষ্য. **বজ্জাতি** ]

**বজ্র**—ষ্য. বাজ, অশনি, কুলিশ, দম্ভোলি, সশব্দে বিদ্যুৎপ্রকাশ ('-পাত, -নাদ, নির্ঘোষ। বজ্রাঘাত, বজ্রাহত')। ইন্দ্রের অস্ত্র। হীরক ('-কঠোর')। × চিহ্ন। ... ণ. দারুণ, প্রচণ্ড ('-বাণী, -বেদন')। অত্যন্ত কঠিন ('-দন্ত, -নখ, -লেপ')। ... **বজ্রকীট** — তীক্ষ্ণদংষ্ট্র কীট বিঃ। দন্তহীন দীর্ঘজিহ্ব কীটভুক্ স্তন্যপায়ী শল্কাবৃত জন্তু বিঃ, pangolin. ... **বজ্রগম্ভীর** — বজ্র মেঘের মতো। ... **বজ্রচিহ্ন** — × এইরূপ চিহ্ন। ... **বজ্রী, বজ্রধর, -পাণি** — ইন্দ্র। ... **বজ্রমুষ্টি** অত্যন্ত দৃঢ় মুষ্টি। ... **বজ্রলেপ** — পারদাদি জ্বলে দিবার সময় যে দুর্ভেদ্য আধার বা আবরণ ব্যবহার করা হয়। ... **বজ্রশলাকা** — বজ্রপাত নিবারণের জন্য সৌধ চূড়ায় যে লোহার শিক বসানো হয়।

**বজ্রক** — বজ্রক্ষার।

**বজ্রাঘাত** — মেঘ হইতে বিদ্যুৎ ছটার ভূতলে অবতরণ। (লক্ষ্যার্থে—আকস্মিক সাংঘাতিক বিপৎপাত)

**বজ্রাসন** — যোগ সাধনের জন্য আসন বিঃ।

**বঞ্চক** — প্রতারক, ঠক।

**বঞ্চন ১** — যাপন (প্রা-সা)

**বঞ্চন, ২ বঞ্চনা** —প্রতারণা, শঠতা। ... **বঞ্চিত** —, প্রতারিত। বিরহিত, বিহীন ('করুণায় —')

**বঞ্জারা** (হি) — ভ্রমণশীল বণিকসম্প্রদায়।

**বঞ্জুল** — বেতস, বেত্র।

**বট ১** — বৃক্ষ বিঃ, ন্যগ্রোধ।

**বট ২** — কাঁড়।

**বটক** — বড়া। বড়ি। কড়ি। এক তোলা ওজন।

**বটকিরি, বটখিরি, বৈঠকিরি** — বৈঠকী। (—পান) মজলিসী রঙ্গরসিকতা।

**বটব্যাল** — উপাধি বিশেষ।

**"বটকেরা"** ] বিদ্রূপ ('ঠাট্টা-')

**ব'টি** ] তরকারি মাছ ইঃ কাটিবার অস্ত্র বিঃ (কাঠের পাটার একদিকে খড়্গাকার খাড়া ফলা)

**বটিকা, বটী**—বড়ি, গুলি (প্রায় ঔষধের)

**বটু, বটুক** — ব্রাহ্মণবালক।

**বটুয়া** ] কাপড়ের ছোট থলি বিঃ।

**বটে** [ √বট্-৫। < বৃৎ ] হয় ('মানুষও বটে দেবতাও —')। 'তুমি কে বট?' — গ্রাম্য)। ঠিক, প্রকৃত ('বাহাদুর বটে! তাই —')। প্রশ্নে, তাই নাকি? ('বটে?')। শাসনে ('বটে রে!')

**বটেক** — এক কড়া। অতিতুচ্ছ। (প্রা-সা)

**বটের** ] পাখি বিঃ, লাব (quail জাতীয়)

**বড় ১, বড়ো,** [ < বড্র ] খুব, অত্যন্ত ('—ব্যথা, ভাল')। বৃহৎ ('—বাড়ি')। পরিমাণ বা দৈর্ঘ্য বিশিষ্ট ('কত —। দশ হাতের চেয়ে —')। বয়সে জ্যেষ্ঠ বা মানে শ্রেষ্ঠ ('-ছেলে, -বউ, -বাবু, -রানী')। উচ্চ, সম্ভ্রান্ত ('—বংশ, ঘর')। ধনী ('-লোক')। মহৎ, উদার ('—নজর, মন')। নেহাত ('— মন্দ নয়, তামাশা নয়')। অপ্রত্যাশিতভাবে ('তুমি যে — এখানে?')। (§ বাড়)। ... **বড়**

একটা ] অধিক, প্রায় ('— ঘটে না')। ... বড় কথা ] স্পর্ধাসূচক বাক্য ('ছোট মুখে —')। গুরু বা প্রধান বাক্য ('এইটেই —')। ... বড় গলা ] গর্ব ('— ক'রে বলা')। ... বড়জোর ] খুব বেশী হয় তো ('— পাঁচ টাকা দাম হবে')। ... বড়ঠাকুর ] "বঠ্ঠাকুর", ভাশুর (নারী কর্তৃক উল্লেখে)। ... বড়তরফ — বংশের বয়ীয়ান পরিবার। ... বড়দিন ] Christmas Day. ... বড়মানুষ ] ধনী। ... ষ্য. -মানুষি ]। ... ণ. -মানুষী ] ('— চাল')। ... বড়মুখ ] অনেক আশা বা উৎসাহ ('— ক'রে এসেছ, নিরাশ ক'রো না')। ... বড়লাট ] ভারতের ভূতপূর্ব প্রধান শাসনকর্তা ও রাজপ্রতিনিধি। ... বড় হওয়া ] বয়সে বাড়া। বৃদ্ধি পাওয়া। মহৎ বা সমৃদ্ধ হওয়া। ... বড়হাজরি — সাহেবদের খানসামাদের ব্যবহৃত ডিনারের বদলে।

বড় ২ ] খড়ের মোটা দড়ি। ধানের মরাই তৈরি করার জন্য ব্যবহৃত।

বড়বা* — ঘোটকী। পুরাণোক্ত অগ্নিমুখী সমুদ্রঘোটকী। অশ্বিনী নক্ষত্র। (§ বাড়ব)। ... বড়বাগ্নি, বড়বানল — সমুদ্রোত্থিত অগ্নি।

ব'ড়শি, বড়শি ] < বড়িশ, অঙ্কুশতুল্য কাঁটা যাহা মাছ ধরিবার জন্য ছিপের সুতায় বাঁধা হয়।

বড়া [ < বটক ] পিষ্ট দ্রব্যের ভাজা পিণ্ড ('দালের, ডিমের —')। ছোট — বড়ি ])

বড়াই ] গর্ব ('— করা')

বড়াই, বড়ায়ী — বড় আয়ী মাতামহী বা পিতামহীর মাতা। ... বড়াইবুড়ী — অতিবৃদ্ধা নারী।

বড়ি ] < বটিকা, গুলি ('ঔষধের —')। ছোট বড়া। পিষ্ট দালের শুষ্ক পিণ্ড।

বড়িশ — ব'ড়শি (দেখ)

বডিস [ ই ] স্ত্রীলোকের জামা বিঃ।

বড়ু ] < বটু, ব্রাহ্মণকুমার (অপ্রঃ। '— চণ্ডীদাস')

বড়ু, বড়ুয়া ] — সম্ভ্রান্ত ব্যক্তি। উপাধি বিঃ। ব্রাহ্মণ বালক (প্রা-সা)

বড়ুই (বাড়ই দেখ)

বড়ে, বোড়ে — (বড়িয়া — বটিকা) — দাবা খেলার গুটি।

বড্ড [ < বড্র ] খুব, অত্যন্ত ('—লেগেছে, ভারী')

বণিক্* (বণিজ্) — বণিক ] বেনে, সওদাগর, ব্যবসায়ী। (§ বাণিজ্য)। ... বণিগ্‌বৃত্তি — ব্যবসায়, বাণিজ্য।

বণ্টক — যে ভাগ করে।

বণ্টন — বিভাজন, বাঁটিয়া দেওয়া।

বণ্টিকা — বঁটি।

বণ্ঠ — বেঁটে, খর্বাকার।

-বৎ — (প্রত্যয়) তুল্য, সদৃশ ('জল-, মাতৃ-')। (-বান্ দেখ)

-বতী (-বান্ দেখ)

বতর — জমিতে হল চালনার বা বীজ বপনের উপযোগী অবস্থা। যো।

বতারিখ (ফা) — তারিখওয়ারি।

বত্রিশ — দ্বাত্রিংশৎ।

বৎস — বাছা, স্নেহসম্বোধনে। (স্ত্রী. বৎসা। সম্বোধনে — বৎসে)। বাচ্চা, শাবক। বাছুর। ... বৎসতর — পুং-বাছুর। ... বৎসতরী — স্ত্রী-বাছুর, বকনা।

বৎসর — বছর, অব্দ, বর্ষ, সন। (§ বাৎসরিক)

বৎসল — স্নেহযুক্ত, অনুরক্ত ('ভক্ত-')। ... স্ত্রী. বৎসলা। ... ষ্য. বৎসলতা, বাৎসল্য।

বদ [ ফা ] খারাপ, মন্দ। ... বদখত ] বিশ্রী।

... বদখেয়াল ] কুপ্রবৃত্তি। খারাপ মতলব। মন্দ আচরণ, দুর্নীতি। ... ণ. বদখেয়াল, -লী ]। ... বদজবান ] কুবাক্য, গালি। ... ... বদনাম ] অখ্যাতি, নিন্দা। ... বদবু [ফা] দুর্গন্ধ। বদবক্ত, বদবখত — দুর্ভাগ্য। ... বদমাশ [ফা -আ. বদ্-মআশ ] দুষ্ট, দুর্বৃত্ত। ... ষ্য. বদমাশি ]। ... বদমেজাজ ] রুক্ষ স্বভাব। ... ণ. বদমেজাজ, -মেজাজী ]। ... বদরাগী ] কোপনস্বভাব, যে অল্পে রাগ করে। ... বদহজম ] অপরিপাক।

বদন ১ — মুখমণ্ডল। মুখগহ্বর।

বদন ২ [ফা] — শরীর।

বদনা [ < বর্ধন- ] চওড়া মুখ যুক্ত গাড়ু।

বদর ১, বদরিকা, বদরি, -রী* — ফল বিঃ, কুল (হি. বইর)। ... বদরিকাশ্রম — হিমালয়স্থ তীর্থ বিঃ।

বদর ২ ] মুসলমান মাঝীর উপাস্য পীর বিঃ অথবা পূর্ণচন্দ্র [আ. বদ্‌র্]

বদরীনাথ — বদরীশৈলের তীর্থপতি দেববিগ্রহ।

বদল [আ] বিনিময় ('টাকার বদলে পয়সা')। পরিবর্তন ('রং — করা')। ... বদলানো [ √বদ্‌লা-১৭ ] বিনিময় করা। পরিবর্তিত করা বা হওয়া। ... বদলাবদলি ] বিনিময়, অদলবদল। ... বদলি ] বিনিময়। এক কর্মস্থান হইতে অন্য কর্মস্থানে নিয়োগ। ... বদলী ] অন্য কর্মস্থানে নিযুক্ত। প্রতিনিধি।

বদান্য — দানশীল, উদার। প্রিয়ভাষী। ... ষ্য. -তা।

বঁদিয়া, বোঁদে — দালঝাঁটা দিয়া তৈরী ঘিয়ে ভাজা চিনির রসে পাককরা পক্কান্ন বিঃ।

*বন্ধ — বাঁধা, আবন্ধ ('— কবরী। রজ্জু-, প্রতিজ্ঞা-')। রুদ্ধ, বন্ধ ('কারা-। -দ্বার, -মুষ্টি')। যুক্ত ('বদ্ধাঞ্জলি')। ন্যস্ত ('-দৃষ্টি')। বিন্যস্ত, যথাক্রমে স্থাপিত ('শ্রেণী-, ধারা-')। ... বদ্ধকালা — যে একেবারে কিছুই শুনিতে পায় না। বদ্ধজীব — সংসারে অত্যাসক্ত। ... বদ্ধপরিকর — যে কোমর বাঁধিয়াছে। ... বদ্ধপাগল — পুরাপুরি পাগল। ... বদ্ধমুষ্টি — দৃঢ়মুষ্টি। কৃপণ। ... বদ্ধমূল — যাহার মূল ভূমিতে দৃঢ়ভাবে সংলগ্ন হইয়াছে ('— অশ্বত্থ। সংস্কার — হওয়া')। ... বদ্ধাঞ্জলি — যে হাতজোড় করিয়াছে,

ব-দ্বীপ — নদীর পলিতে উৎপন্ন সমুদ্রের নিকটবর্তী জলবেষ্টিত ত্রিকোণ ভূভাগ (delta শব্দের নকল। delta — ত্রিকোণ গ্রীক বর্ণ △)

বধ* — হত্যা। (পদ্যে ক্রি. 'বধিল')। ... বধক, বধী (-ধিন্) — হত্যাকারী। ... বধস্থলী, -স্থান, বধ্যভূমি — যেখানে বধ করা হয়, মশান।

বধার্হ* — বধের যোগ্য, বধ্য।

বধির — কালা, যে শুনিতে পায় না। ... ষ্য. -তা, -ত্ব।

বধূ* — বউ (দেখ)। নবোঢ়া। পুত্রবধূ। পত্নী। ('পুত্র-, ভ্রাতৃ-, কুল-')। ... বধূজন — বিবাহিতা যুবতী। সধবা নারী। ... বধূটী — অল্পবয়স্কা বধূ, বউড়ী।

বঁধু [ < বন্ধু ] প্রিয়, প্রণয়ী (প্রায় পদ্যে)

বঁধুয়া ] বঁধু (বন্ধু) — (প্রাঃ সাঃ)

বধ্য* — বধের যোগ্য, বধার্হ। ... বধ্যভূমি (বধ দেখ)

বন — অটবী, অরণ্য, কানন, গহন, জঙ্গল, বিপিন। (§ বন্য)। ... বনকুক্কুট —

বন্যমোরগ। ... **বনচর, বনেচর**—বনে যে বিচরণ করে, বন্যজন্তু ব্যাধ ইঃ। ... **বনচাঁড়াল** — একপ্রকার গুল্ম। জগদীশচন্দ্র এই গুল্ম লইয়া তাঁহার উদ্ভিদ্ বিদ্যার গবেষণা সুরু করেন। ... **বনচারী** (-রিন্) — বনে যে পর্যটন বা বাস করে। ... **বনজ, বনজাত**—বনে উৎপন্ন। ... **বনদেবী** — বনের অধিষ্ঠাত্রী কল্পিতা দেবতা। ... **বন-ফুল**] বন্য বা স্বভাবজাত ফুল। ... **বনবাস** — বনে বাস (প্রায় রাজাজ্ঞায় দণ্ডপ্রায়শ্চিত্তাদির জন্য। 'রামের, সীতার —। বনবাসী')। ... **বনবিড়াল** — বন্য বিড়াল।...**বনভোজন**—বন ইঃ রম্য-স্থানে প্রীতিভোজন, চড়ুইভাতি। ... **বনমল্লিকা** — সুগন্ধ ফুল বিঃ, কাঠ-মল্লিকা। ... **বনমানুষ**—নরাকার বানর, চিম্পাঞ্জি গোরিলা ইঃ। ... **বনমালা** — বিবিধ কুসুমের আজানুলম্বিত মালা। বনফুলের মালা। ... **বনমালী** (-লিন্) — কৃষ্ণ। ... **বনরাজি, -জী**—বনশ্রেণী। .. **বনস্পতি**—যে বৃক্ষের ফল হয় কিন্তু ফুল লক্ষিত হয় না, অশ্বত্থ বট ইঃ। বৃক্ষ।

**বন্তি** — মনের মিল।

**বনবন**] দ্রুত ঘুরিবার ভাব ('— ক'রে ঘোরা')

**বনা** [√বন্-৫। < বন্] মনের বা মতের মিল হওয়া ('অমুকের সঙ্গে বনে না')। সাদৃশ্যে পরিণত হওয়া ('বোকা বনা')। (§ বনানো, বনিবনাও, বানানো)

**বনাত**] পশমী বস্ত্র বিঃ, broad cloth.

**বনানী**] (অরণ্যানী শব্দের নকল) মহাবন। বিশুদ্ধ না হইলেও কবিতায় চলে।

**বনানো** [√বনা-১১] মিল করা, সদ্ভাব রাখা ('বনিয়ে চলা')

**বনাম** [ফা] ওরফে, alias. বিরুদ্ধে, versus.

**বনায়ু** — রঘুবংশে পারস্যদেশের এই নাম ব্যবহৃত হইয়াছে।

**বনি** — সুন্দরী, সুসজ্জিতা (ব্রজবুলি)

**বনিতা** — নারী। পত্নী। প্রিয়া।

**বনিবনাও**] মনের মিল, সদ্ভাব ('— হওয়া')

**বনিয়াদ / বনেদ** [ফা. বুনিয়াদ] ভূমির নিম্নস্থ ভিত্তি। ... **বনিয়াদী / বনেদী**] সুপ্রতিষ্ঠিত, প্রাচীন ও সম্ভ্রান্ত ('— বংশ, বড়লোক')। ভিত্তিস্বরূপ।

**বনেচর** (বনচর দেখ)।

**বনোয়ারী**] · বনবিহারী, বনমালী, শ্রীকৃষ্ণ।

**বন্দ** [ফা. বন্দ্] খণ্ড ('পাঁচ বন্দে তিন বিঘা জমি')

**বন্দক** — যে বন্দনা করে।

**বন্দন, বন্দনা** — স্তব, স্তুতি। (পদ্যে ক্রি. 'বান্দল')। **বন্দনীয়, বন্দ্য**—বন্দনার যোগ্য।

**বন্দর** [ফা] সমুদ্র বা নদীর ত জাহাজ নৌকা বাঁধিবার স্থান।

**বন্দিত** — যাহাকে বন্দনা করা হইয়াছে।

**বন্দী ১*** (-ন্দিন্) — বন্দনাপাঠক। বৈতালিক, চারণ।

**বন্দী ২** [ফা.। কিংবা স. বন্দি, -ন্দ = অবরুদ্ধা] কয়েদী, অবরুদ্ধ। **বন্ধ** ('বাক্স-') ... স্ত্রী. **বন্দিনী**]। ... **বন্দি-শালা**] কারাগার।

**বন্দুক** [ফা.] গুলি ছুড়িবার আগ্নেয়াস্ত্র।

**বন্দে** — বন্দনা করি ('—মাতরম্')

**বন্দেগি** [ফা. বন্দগী] সেলাম, অভিবাদন।

**বন্দেজ** [ফা. বন্দিশ] ব্যবস্থা, নিয়মবন্ধন ('বিলি-')

**বন্দেমাতরম্** — মা তোমাকে বন্দনা করি।

দেশমাতৃকার পূজার **প্রথম মন্ত্র**। এই মন্ত্রের ঋষি বঙ্কিমচন্দ্র।

**বন্দোবস্ত** [ফা. -বস্ত্] ব্যবস্থা, ('কাজের — করা')। খাজনা নির্ধারণ, জমির বিলিব্যবস্থা ('চিরস্থায়ী —')

**বন্দ্য** — বন্দনীয়। ... **বন্দ্যোপাধ্যায়** — বাঙালী ব্রাহ্মণবংশের উপাধি বিঃ, বাঁড়ুজ্যে। বাঁড়ুরি গ্রামের ওঝাদের এই-রূপ সংস্কৃত সৌষ্ঠবযুক্ত উপাধিতে মণ্ডিত করা হইয়াছে।

* **বন্ধ** — ষ্য. বন্ধনী, বাঁধন ('কটি-, নীবি-')। বন্ধন। রোধ। সংযোগ। গ্রথন, রচনা ('সেতু-')। (বাং) দৈনিক কর্ম-সময়ের অবসান ('পাঁচটায়—'); পর্বাদির জন্য ছুটি ('পূজার —')।... ণ. (বাং) বদ্ধ, রুদ্ধ ('দরজা — করা। নিঃশ্বাস, রক্ত — হওয়া')। রহিত ('কথা —')। যাহার কর্ম স্থগিত আছে ('দোকান, কাছারি —')। (§ বন্ধ্য)

* **বন্ধক** — ঋণগ্রহণের জন্য কোনও বস্তু গচ্ছিত রাখা অথবা গচ্ছিত বস্তু ('— দেওয়া, রাখা')। ... ণ. **বন্ধকী**]

**বন্ধকী** — কুলটা।

* **বন্ধন** — বাঁধন; বন্ধ করণ; বন্ধভাব ('বেণী-, ভুজ-')। নিয়ন্ত্রণ, সংযমন। অবরোধ, আটক ('কারা-। -দশা')। গ্রথন, নির্মাণ ('সেতু-, নিয়ম-')। সংযোগ, সংযোজন ('বিবাহ-, সমাজ-')। যাহা দ্বারা বাঁধা হয়। ক্ষতাদি বাঁধিবার পটি।

* **বন্ধনী** — যাহা দ্বারা বাঁধা হয়। ( ) [ ] ইঃ চিহ্ন, ব্র্যাকেট।

**বন্ধান** — দেহের গঠন। চেহারা (প্রা-সা)

* **বন্ধু** — মিত্র, সখা, হিতৈষী। ... ষ্য. -তা, -ত্ব। (§ বান্ধব)

* **বন্ধুক, বন্ধুজীব, -ধূ-, বন্ধুলী** — বান্ধুলি (দেখ)

* **বন্ধুর** — অসমতল, উঁচুনীচু, উবড়া-খাবড়া। ... ষ্য. -তা।

* **বন্ধ্য**—ফলহীন, নিঃসন্তান। বন্ধনযোগ্য। ... স্ত্রী. **বন্ধ্যা** — বাঁঝা। ... ষ্য. **বন্ধ্যতা**।

**বন্য** — বনজাত, বুনো ('— ফলমূল') বনচর ('— জাতি, জন্তু')। ... স্ত্রী. **বন্যা**।

**বন্যা** — বান, জলপ্লাবন। (বন্য দেখ)

**বপন** — বোনা ('বীজ-')। বয়ন। (§ উপ্ত, বপ্তা, বাপক, বাপন)

**বপু** [< বপুঃ (বপুস্] শরীর, দেহ। ... **বপুষ্মান্** (-ষ্মৎ) — বিশালদেহ-বিশিষ্ট।

**বপ্তা** (-প্তৃ) — বাপক, যে বপন করে।

**বপ্র** — ক্ষেত্র, ভূমি। ... **বপ্রক্রীড়া** — দাঁত বা শিং দিয়া মাটি খুঁড়িয়া খেলা (হাতি ষাঁড় ইঃর), উৎখাতকেলি।

* **বভ্রুবাহন** — অর্জুন-চিত্রাঙ্গদার পুত্র।

**বম্, বমবম, বোম**] গালবাদ্যের শব্দ (শিব-পূজায়। 'বম্ ভোলা')

**বমন** — বমি, ন্যক্কার। উদ্গিরণ। ... ণ. **বমিত, বান্ত**।

**বমি** — বমন। বিবমিষা ('গা- করা')। বমিত বস্তু।

**বম্বেটে** — জলদস্যু। এদেশে পোর্তুগিজ দস্যুদের বুঝাইত।

**বয়** [ফা] — গন্ধ।

**বয়ঃ** (বয়স্) — বয়স। আয়ু। যৌবন ('বয়ঃপ্রাপ্ত')। (§ বয়স্য)। ... **বয়ঃক্রম** — বয়স। ... **বয়ঃসন্ধি** — বাল্যের শেষ ও যৌবনের আরম্ভ। ... **বয়স্থ, বয়ঃস্থ** — বয়ঃপ্রাপ্ত, যুবা। প্রৌঢ়। ... স্ত্রী. **-স্থা**।

**বয়কট** [ই] বর্জন (প্রায় রাজনীতিক উদ্দেশ্যে। 'বিদেশী বস্ত্র, স্কুল কলেজ — করা')। একঘরে করা।

**বয়ড়া** (বহেড়া দেখ)
**বয়ন ১** [ < বপন। মতান্তরে বে-ধাতু হইতে স. ] বোনা ('বস্ত্র-'। (বয়ান দেখ)
**বয়ন ২** ] বদন, (প্রা-সা) (বয়ান দেখ)
**বয়নামা** [ আ ] — বিক্রয়ের দলিল।
**বয়লার** [ ই ] — বাষ্প তৈরির যন্ত্র।
**বয়স / বয়েস** ] < বয়ঃ, বয়ঃক্রম ('— ত্রিশ বৎসর')। অধিক বয়ঃক্রম ('—হওয়া')। যৌবন ('-কাল'। 'বয়স ফোড়া'—যৌবন-কালের মুখব্রণ)। ... **বয়সা** ] যৌবনারম্ভে বালকের কণ্ঠস্বরের বিকার ('—ধরা')। ... **বয়সী** ] বয়স্থ, বয়স বিশিষ্ট ('সম-, আধা-')। ... **বয়সোচিত** [ সং. বয়উচিত ] বয়সের উপযুক্ত।
**-বয়স্ক** — বয়স বিশিষ্ট ('কিশোর-')। বাংলায় পূর্ণবয়স্ক অর্থে চলে। (বয়স্থ অর্থে প্রয়োগ অশুদ্ধ)। ... স্ত্রী. **-বয়স্কা**।
**বয়স্থ** — (বয়ঃ দেখ)
**বয়স্য** — সমবয়সী বন্ধু, সখা। ... স্ত্রী. **-স্যা**।
**বয়া** [ পো ] নদী বা সমুদ্রের চড়া ইঃ দেখাইবার নিদর্শন (জলে ভাসে), জলে পতিত ব্যক্তির ভাসিবার সহায় বিঃ, lifebuoy.
**বয়াটে** — উন্মার্গগামী, হীনচরিত্র।
**বয়ান ১, বয়ন** ] < বদন (পদ্যে)।
**বয়ান ২** [ ফা. ] বিবরণ, ব্যাখ্যান।
**বয়াম** [ পো. boiao] কাচ, চীনা-মাটি ইঃর পাত্র বিঃ।
**বয়েত** [ আ. বইৎ ] ফারসী আরবী বা উর্দু শ্লোক।
**বয়েল** — বলদ। বয়েল গাড়ী — গো গাড়ী।
**বয়োজ্যেষ্ঠ** — বয়সে বড়।
**বয়োতীত** — গতযৌবন, বৃদ্ধ।
**বয়োধর্ম** — বয়সের বা যৌবনের স্বাভাবিক গুণ।
**বয়োবৃদ্ধ** — বয়সে বড়। বৃদ্ধ। ... **বয়োবৃদ্ধি** — বয়সের বাড়।
**বয়োব্রণ** — কিশোর বয়সে স্বভাবতঃ গালে মুখে যে ব্রণ জন্মে।
**বর** — ষ্য. দেবতা মহৎ ব্যক্তি ইঃর নিকট প্রার্থিত বা লব্ধ বিষয় ('-দান, -লাভ। —দেওয়া, চাওয়া, পাওয়া')। আশীর্বাদ। বিবাহের পাত্র ('বরকনে')। স্বামী। অনুগ্রহসূচক করভঙ্গী বা মুদ্রা বিঃ ('বরাভয়')। ... ণ. শ্রেষ্ঠ, উত্তম ('কবি-। -নারী')। অভীষ্ট।
**বরং, বরঞ্চ** — তদপেক্ষা বিধেয় শ্রেষ্ঠ বা সত্য ('আমি যাব না — তুমি যাও।— উপবাস করিব তথাপি ভিক্ষা লইব না। আমি মারি নাই — সেই মারিয়াছে')
**বরকৎ** [ আ ] — প্রতুলতা, শ্রীবৃদ্ধি।
**বরকন্দাজ** [আ-ফা. বর্ক্-অন্দাজ. ] বন্দুকধারী সিপাহী। প্রভুর শরীররক্ষী।
**বরকর্তা**—বিবাহে বরপক্ষীয় প্রধান ব্যক্তি।
**বরখাস্ত** [ ফা. -স্ত্ ] কর্মচ্যুত, বরতরফ। অপগত, অতীত।
**বরখেলাপ** [ ফা. -খিলাফ ] অন্যথা। পূর্বাপরবিরুদ্ধ ('কথা — হওয়া')
**বরগা** [ পো. verga] কড়ির উপরের কাঠ বা লোহা যাহার উপর ছাদ থাকে।
**বরজ ১** ] তৃণাচ্ছাদিত ঘর বিঃ যাহার ভিতর পান-গাছের চাষ হয়।
**বরজ ২** ] — ব্রজ (বিপ্রকর্ষে প্রা-সা)
**বরঞ্চ** — তুলনায় অপেক্ষাকৃত যথার্থ বুঝাইবার জন্য ব্যবহৃত অব্যয়পদ।
**বরট, বরটা** — বোলতা।
**বরণ** — সসম্মানে নিয়োগ বা গ্রহণ ('পতিত্বে, গুরুরূপে—করা')। দেবতা বর ইঃকে বিবিধ উপচারে পূজা।

কর্তব্যবোধে কোনও কষ্টকর অবস্থা স্বীকার ('কারা-')। প্রার্থনা। (পদ্যে ক্রি. 'বরিল')। (§ বরয়িতা, বৃত, বৃতি, বৃত্য)। ... **বরণডালা]** যে ডালায় বরণের উপকরণ থাকে। ... **বরণীয়** — বরণযোগ্য। প্রার্থনীয়।

**বরত]** — ব্রত (বিপ্রকর্ষে, প্রা-সা)

**বরতরফ** [ফা] বরখাস্ত, পদচ্যুত।

**বরদ** — বরদাতা। ... স্ত্রী· বরদা।— দুর্গা। সরস্বতী।

**-বরদার** [ফা] বাহক, ভৃত্য ('হুঁকা-, হুকুম-')

**বরদাস্ত** [ফা. -দাশ্‌ৎ] সহন। সহ্য।

**বরন]** < বর্ণ (প্রায় পদ্যে)

**বরপণ** — বিবাহে বর পক্ষকে দেয় অর্থ।

**বরপুত্র** — দেবতার বরে জাত পুত্র। দেবতার অনুগ্রহ- বা শক্তি- প্রাপ্ত ('সরস্বতীর —')

**বরপ্রদ** — অভীষ্টদাতা।

**বরফ** [ফা. বর্ফ] জমাট জল। তুষার ('— পড়া')

**বর্‌ফি]** ছানা ক্ষীর ইঃর চতুষ্কোণাকার মিষ্টান্ন।

**বরবটি** [< বর্বটী]। শিম জাতীয় ফল বিঃ বা তাহার বীজ, মহামাষ।

**বরবর্ণিনী** — সুন্দরী স্ত্রী।

**বরবাদ** [ফা] নষ্ট, অপব্যয়িত ('— করা, হওয়া, যাওয়া')

**বরমাল্য** — বিবাহে বরকে বধূর প্রদেয় মাল্য।

**বরযাত্রা**—বিবাহার্থ বরের কন্যাগৃহে গমন। ... **বরযাত্রী** (-ত্রিন্)— **বরযাত্র]** যাহারা ঐ কালে বরের সঙ্গে যায়।

**বরয়িতা** (-তৃ) — বরণকর্তা। পতি। ... স্ত্রী. **বরয়িত্রী।**

**বররুচি** — বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম।

**বরষন]** < বর্ষণ (পদ্যে। ক্রি. 'বরষিল')

**বরষা]** < বর্ষা (পদ্যে)

**বরা]** < বরাহ, শূকর।

**বরাকী** — দীন, হতভাগিনী, নিরপরাধা।

**বরাখুরে]** — বরাহের ক্ষুরের মত যাহার পায়ের গড়ন। কুলক্ষণাক্রান্ত।

**বরাঙ্গনা** — সুন্দরী, উত্তমা স্ত্রী।

**বরাট** — বৈদ্যজাতির উপাধি বিশেষ।

**বরাটক** — কড়ি।

**বরাত** [ফা] কাজের ভার ('—দেওয়া')। দরকার ('— থাকা')। ভাগ্য ('বরাতে নেই')। ... **বরাতী]** যে বিষয়ের ভার অপরকে দেওয়া হইয়াছে। ভারার্পণের জন্য ('—চিঠি')। দরকারী।

**বরাতিয়া, বরাতে**—যাহার বরাত ভালো। ভাগ্যবান।

**বরাদ্দ** [ফা. বরাব্‌র্দ] ণ. নির্ধারিত ('—মাসহারা')। ...ষ্য. দেয় বা ব্যবহার্য বস্তুর নির্ধারিত পরিমাণ।

**বরানুগমন**—বরযাত্রায় বরের সহিত কন্যা-গৃহে গমন।

**বরাবর** [ফা] সর্বদা, সকল সময়ে, প্রতি বারে ('— অসুস্থ। — ফেল হয়')। সোজা, সিধা ('—উত্তর দিকে')। নিকটে ('মন্দির —'। "বরাবরেষু")। তুল্য।

**বরাভয়**— আশীর্বাদ ও অভয়। আশীর্বাদ ও আশ্বাস সূচক মুদ্রা বা করভঙ্গী।

**বরাভরণ**— বিবাহে বরকে প্রদেয় অলংকার।

**বরাসন** — শ্রেষ্ঠ আসন। বরের জন্য নির্দিষ্ট আসন।

**বরারোহা** — যে নারীর নিতম্ব সুন্দর, সুমধ্যমা। (আরোহ — নিতম্ব)

**বরাহ** — বরা, শূকর। বিষ্ণুর তৃতীয় অবতার। ... **বরাহমিহির** — প্রাচীন ভারতের একজন শ্রেষ্ঠ জ্যোতির্বিদ্।

**বরিখা**] — বর্ষা (ব্রজবুলি)
**বরিযাত্রী** — বরযাত্রী।
**বরিষ** — বর্ষণ কর।
**বরিষন**] < বর্ষণ, বৃষ্টিপাত (পদ্যে)
**বরিষ্ঠ, বরীয়ান্** (-য়স্) — শ্রেষ্ঠ, সর্বপ্রধান। ... স্ত্রী. **বরিষ্ঠা, বরীয়সী।**
**বরিহা**] — বর্হ, ময়ূর পক্ষ।
**বরুণ** — সমুদ্রের অধিপতি দেবতা, জলাধিপ, প্রচেতা। (§ বারুণ)। ... স্ত্রী. **বরুণানী।**
**বরেণ্য** — বরণীয়। শ্রেষ্ঠ। প্রার্থনীয়।
**বরেন্দ্র** — প্রাচীন গৌড় দেশ, উত্তরবঙ্গ। (§ বারেন্দ্র)
**বর্গ**—সজাতীয় সমূহ ('প্রাণি-, গবাদি-')। সমূহ, গণ, দল ('আত্মীয়-')। (গণিতে) দুই সমান রাশির গুণ ('বর্গফল')। (ব্যাকরণে) ক চ ট ত প-আদি বর্ণশ্রেণী। (ধর্মশাস্ত্রে) ধর্ম, অর্থ, কাম, মোক্ষ — প্রত্যেকটি বর্গ। চারিটি একত্রে চতুর্বর্গ। গ্রন্থের পরিচ্ছেদ। বর্জন। (§ বর্গীয়, বর্গ্য)। ... **বর্গক্ষেত্র** — যে চতুষ্কোণ ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থ সমান। ... **বর্গমূল** — যে রাশি নিজ দ্বারা গুণিত হইলে এক নির্দিষ্ট রাশি উৎপন্ন করে।
**বর্গা** — জমির মালিক ফসলের অর্ধেক ভাগ পাইয়া চাষীকে জমি চাষ করিতে দিলে এই বন্দোবস্তকে বর্গা বলে।
**বর্গাদার** — এই শর্তে যে চাষী জমি চাষ করে তাহাকে বলে বর্গাদার।
**বর্গী** [ফা. বাগীর] প্রাচীন মহারাষ্ট্রীয় সৈন্য ('বর্গীর হাঙ্গামা')
**বর্গীয়, বর্গ্য**—বর্গ সম্বন্ধীয়। ... **বর্গীয় বর্ণ**—স্পর্শবর্ণ, ক হইতে ম পর্যন্ত বর্ণ।
**বর্চঃ** (বর্চস্) — তেজ। কান্তি।
**বর্জন** — ত্যাগ। (পদ্যে ক্রি. 'বর্জিল')। ... **বর্জনীয়, বর্জ্য** — বর্জনযোগ্য, ত্যাজ্য। ... **বর্জিত** — ত্যক্ত ('— বস্ত্র। পাণ্ডব-')। বিরহিত, বিহীন ('দুঃখ-')
**বর্জাইস** (ই) — অতি ক্ষুদ্র অক্ষর।
**বর্ণ** — রং ('নীল-, শ্বেত-, শ্যাম-')। অক্ষর, letter ('স্বর-')। জাতি (ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র)। (জ্যোতিষে) রাশি অনুসারে জাতকের ভেদ ('বিপ্র-')। (§ বার্ণিক)। ... **বর্ণচোরা** — পাকিলেও যাহার বর্ণের পরিবর্তন হয় না। (লক্ষ্যার্থে — বাহির দেখিয়া যাহার ভিতর বুঝা যায় না। যে নিজের রং গোপন করে ('— আম)। ... **বর্ণগুরু**—ব্রাহ্মণ। ... **বর্ণজ্ঞান** — অক্ষরপরিচয়। ... **বর্ণজ্যেষ্ঠ** — ব্রাহ্মণ। ... **বর্ণবিশ্লেষণ** — বানান। ... **বর্ণব্রাহ্মণ** — নিম্নবর্ণের পৌরোহিত্য করে যে ব্রাহ্মণ। ... **বর্ণমালা** — ভাষায় ব্যবহৃত বর্ণ সমূহ, alphabet. ... **বর্ণসংকর, -সঙ্কর** — বিভিন্ন বর্ণের বা জাতির স্ত্রীপুরুষের মিলন হইতে উৎপন্ন। ... ষ্য. **-তা, -ত্ব।**
**বর্ণক** — কীর্তনকারী, বর্ণনাকারী, বংশকুলাদির পরিচায়ক।
**বর্ণন, বর্ণনা**—বিবরণ। ব্যাখ্যা। গুণকথন। রং লাগানো। বর্ণবিন্যাস। (পদ্যে ক্রি. 'বর্ণিল' — বর্ণনা করিল)। (§ বর্ণিত)। ... **বর্ণনীয়** — বর্ণনার যোগ্য।
**বর্ণাজীব** — চিত্রকর, লেখক।
**বর্ণনাতীত** — বর্ণনায় যাহা বুঝানো যায় না। অনির্বচনীয়।
**বর্ণানুক্রম** — বর্ণমালার পরম্পরা যথাযথ ভাবে রক্ষা করিয়া In alphabetical order.
**বর্ণান্ধ** — যে রঙ চিনিতে পারে না।

**বর্ণাশ্রম** — দ্বিজাতিগণের বেদবিহিত ধর্মপালন।
**বর্ণালী, -লি** — ত্রিপার্শ্ব কাচ ইঃর ভিতর দিয়া আলোকরশ্মি নির্গত হইলে রামধনুর তুল্য যে বর্ণসমাবেশ দেখা যায়, spectrum.
**বর্ণিক** — বর্ণশিল্পী, চিত্রকর।
**বর্ণিকা** — খড়ি, পেন্সিল।
**বর্ণিত** — যাহার বর্ণনা করা হইয়াছে, বিবৃত।
**বর্ণিনী** — সুন্দরী ('বর-')
**বর্ণী** — ব্রহ্মচারী।
**বর্তক** — ভারুই পাখী।
**বর্তন** — স্থিতি। স্থাপন। বৃত্তি, জীবিকা। পেষণ। (§ বর্তিত, -বর্তী)
**বর্তনী** — বাটা বা পেষণ করা দ্রব্য।
**বর্তমান** — উপস্থিত ('— সভা')। এখনকার ('— কাল')। বিদ্যমান, জীবিত ('পিতা —')
**বর্তা**] √ বর্ত্-৫। < বৃৎ], **বর্তানো** [√বর্তা-১৭] বিদ্যমান থাকা ('বেঁচে বর্তে থাক')। বাঁচা, কৃতার্থ হওয়া ('টাকা পেয়ে বর্তে গেল')। অর্সানো, উত্তরাধিকার সূত্রে বা অন্য কারণে লভ্য হওয়া ('তিনি মরিলে তাঁহার সম্পত্তি তোমাতে বর্তিবে, বর্তাইবে')
**বর্তি, বর্তী, বর্তিক, বর্তিকা** — বাতি, প্রদীপ। সলিতা। তুলি।
**বর্তিত** — সম্পাদিত।
**বর্তিষ্ণু** — স্থিতিশীল।
**-বর্তী** (-বর্তিন্)—যে আছে, স্থিতিশীল ('দূর-, পূর্ব-, বশ-')।...স্ত্রী. **-বর্তিনী**।
**বর্তুল** — ষ্য. গোলাকার বস্তু, sphere. বাঁটুল। ... ণ. গোলাকার।
**বর্ত্ম** (বর্ত্মন্) — পথ, মার্গ। আচার।
**বর্ধক** — বৃদ্ধিকর।
**বর্ধন** — ষ্য. বৃদ্ধি করণ। ... ণ. বর্ধক। ... বাঙালীর উপাধি বিঃ। ... **বর্ধমান** — বৃদ্ধিশীল। পশ্চিমবঙ্গের নগর বিঃ। জৈন তীর্থংকর মহাবীর। ... **বর্ধিত** — বৃদ্ধিপ্রাপ্ত। ... **বর্ধিষ্ণু** — বৃদ্ধিশীল।
**বর্ধকী** — সুতার, সূত্রধার।
**বর্ধাপন** — জন্মদিনে বা মঙ্গলকামনায় অনুষ্ঠিত উৎসব, জয়ন্তী।
**বর্নানো** [বর্না-১৭] বর্ণনা করা।
**বর্বর*** — অসভ্য, মূর্খ, নীচ। অসভ্য জাতি। ... ষ্য. **-তা**।
**বর্ম** (বর্মন্ ক্লী.) — অস্ত্রাঘাত নিবারণের নিমিত্ত অঙ্গাবরণ, সাঁজোয়া, কবচ, সন্নাহ, armour. ... ণ. **বর্মিত**। ... **বর্মী** (-মিন্) — বর্মধারী।
**বর্মা ১** (বর্মন্ পুং) — ক্ষত্রিয়ের উপাধি।
**বর্মা ২**] ব্রহ্মদেশ।
**বর্শা**] সড়কি, এক প্রান্তে ফলক যুক্ত লাঠি।
**বর্ষ ১** — বর্ষণ, বৃষ্টি।
**বর্ষ ২** — বৎসর। বৃষ্টি। পুরাণোক্ত নয়টি ভূভাগ (এশিয়ার বিভিন্ন অংশ) যথা — কুরু হিরণ্ময় রম্যক ইলাবৃত হরি কেতুমাল ভারত ভদ্রাশ্ব কিম্পুরুষ। (§ বর্ষীয়, বার্ষিক)। ... **বর্ষজীবী** (-বিন্)—যে উদ্ভিদ কেবল এক বৎসর বাঁচে। ... **বর্ষপর্বত** — পুরাণোক্ত সপ্ত পর্বত (এশিয়ার বিভিন্ন অংশে স্থিত) যথা — হিমবান্ হেমকূট নিষধ মেরু শ্বেত নীল শৃঙ্গবান্। ... **বর্ষবরণ** — নববর্ষের উদ্দেশে মঙ্গলাচরণ। ... **বর্ষভোগ্য** — এক বৎসর যাহার মেয়াদ।
**বর্ষণ** — বৃষ্টিপাত। উপর হইতে ছড়াইয়া দেওয়া ('লাজ-')। (পদ্যে ক্রি. 'বর্ষিল')। (§ বর্ষী)
**বর্ষা** — যে ঋতুতে বৃষ্টি হয়, প্রাবৃট্। ...

বর্ষাতি ] বৃষ্টিরোধী বড় জামা। ...
বর্ষাতী ] বর্ষাকালে উৎপন্ন ('—মুলো')
**বর্ষাত্যয়** — বর্ষার শেষ, শরৎ।
**বর্ষানো** [ √ বর্ষা-১৭ ] বর্ষণ করা।
**বর্ষারম্ভ** — বৎসরের সূত্রপাত।
**বর্ষিষ্ঠ** — অতিশয় বা সর্বাপেক্ষা বৃদ্ধ।
**বর্ষী** ( -র্ষিন্ ) — বর্ষণকারী।
**-বর্ষীয়** — তদ্ বর্ষবয়স্ক ('দ্বাদশ-')। ... স্ত্রী. **-বর্ষীয়া।**
**বর্ষীয়ান্** ( -য়স্ ) — অতিবৃদ্ধ। অপেক্ষাকৃত বৃদ্ধ। ... স্ত্রী. **বর্ষীয়সী।**
**বর্ষুক** — বর্ষণকারী।
**বর্ষোপল** — হিমশিলা, করকা।
**বর্হ*** — ময়ূরপুচ্ছ। ... **বর্হী** (বর্হিন্) — ময়ূর।
***বল ১** — শক্তি, জোর, ক্ষমতা, সামর্থ্য ('-কর, -প্রদ, -শালী। বাহু-, যোগ-, লোক-')। সৈন্য। দাবাখেলার মন্ত্রী গজ নৌকা ঘোড়া। ( § বলী, বল্য)। ... **বলদ** — বলদায়ক। (পরে দেখ)। ... **বলপূর্বক** — সবলে। ... **বলবৎ** — (ক্লী.) শক্তিযুক্ত। কার্যকর, বাহাল ('বিধান, আইন — থাকা')। ... **বলবান্** ( -বৎ পুং) — **বলবান** ] বলশালী। ... স্ত্রী. **বলবতী।** ... ষ্য. **বলবত্তা।** ... **বলহীন** — দুর্বল।
**বল ২** [ ই ] খেলিবার ভাঁটা, কন্দুক ('ফুট-')। ... **বলনাচ** ] সাহেব মেমের নৃত্য উৎসব।
**বলক** ] জ্বাল দিবার সময় দুধের উথলানো ('— ওঠা')। ... **বলকা** ] যাহার বলক উঠিয়াছে ('— দুধ')
**বলদ** ] < বলীবর্দ, বৃষ, ষাঁড়। দামড়া, হেলে বা গাড়ি-টানা গরু।
***বলদেব, বলভদ্র, বলরাম** — কৃষ্ণের বৈমাত্র ভ্রাতা, বসুদেব-রোহিণীর পুত্র, হলধর, হলায়ুধ। বিষ্ণুর অষ্টম অবতার।
**বলন ১** ] কথন।
**বলন ২, বর্লান** ] সুগোল বা সুপুষ্ট গঠন সুডৌল (প্রাঅপ্র৯)
**বলবৎ** — বাহাল, স্থায়ী-, অক্ষুণ্ণ।
**বলভি, -ভী** — ঘরের চাল। ছাদের উপরিস্থ গৃহ।
**বলয়** — বালা, কঙ্কণ। মণ্ডল। ... **বলয়িত** — বলয়বেষ্টিত। বলয়াকার। বেষ্টিত।
**বলশেভিক** — (ই) — প্রাচীন ব্যবস্থার উচ্ছেদ করিয়া যাহারা রাষ্ট্রশাসনে চূড়ান্তভাবে সাম্যতন্ত্র প্রতিষ্ঠা করিতে চায়।
**বলা** [ √ বল্-৫। < ব্রূ ] কহা ('কথা, গল্প, নাম —')। সম্মতি দেওয়া ('যদি বল তো যাই')। উল্লেখ করা ('তার কথা আর ব'লো না')। বিভিন্ন বিষয় বিচার করা ('ধন বল, যৌবন বল, সকলই অনিত্য')। ... ষ্য. কথন ('গল্প বলা শেষ হইল') ... ণ. কথিত ('যাহা বলা হইল')। ( § বলন ১, বলানো, বলিয়া / ব'লে, বলিয়ে)। ... **বলাকহা** ] কথোপকথন। বুঝানো ('অনেক বলাকহার পর')। ... **বলাবলি** ] পরস্পর বলা।
বলা — **অতিবলা** — যে মন্ত্রসিদ্ধবিদ্যা অধিগত হইলে ক্ষুধাতৃষ্ণা নিদ্রা ক্লান্তি ইত্যাদি জয় করা যায়। বিশ্বামিত্র এই বিদ্যা রাম লক্ষ্মণকে দান করিয়াছিলেন।
**বলাই** ] বলরাম (আদরে)
**বলাক*** — বক। ... স্ত্রী. **বলাকা।**
***বলাৎকার**—বলপ্রয়োগ। ধর্ষণ। বলপূর্বক সংগম। ... **বলাৎকৃত** — বলদ্বারা অভিভূত। ধর্ষিত। ... স্ত্রী. **-কৃতা।**
***বলাধান** — বলসঞ্চার ('দেহে —')
***বলাধ্যক্ষ** — সেনাপতি।
**বলানুজ** — শ্রীকৃষ্ণ।

**বলানো** [ √বলা-১১ ] কহানো।

***বলান্বিত** — বলযুক্ত।

***বলাবল** — ক্ষমতা ও অক্ষমতা ('শত্রুর —') বলাবল নির্ণয় — শক্তিসামর্থ্যের পরিমাপ। কোথায় সবলতা দুর্বলতা তাহা নির্ধারণ।

**বলাহক*** — মেঘ। পর্বত।

***বলি ১** — যজ্ঞে নিবেদ্য বস্তু। যজ্ঞাদিতে প্রাণিবধ, অথবা বধ্য প্রাণী, ('পাঁঠা-, বলি-')। ভূতযজ্ঞ। বামনরূপ বিষ্ণু-কর্তৃক বিজিত দৈত্যরাজ বিঃ। রাজস্ব। ... **বলিদান** — দেবতাকে বলি অর্পণ। মহৎ উদ্দেশ্যে বধ ('আত্ম-')। ... **বলি-ভুক্** (-ভুজ্) — কাক চড়াই ইঃ পাখি যাহারা মানুষের ত্যক্ত খাদ্য খায়।

**বলি ২*** (বলী বিরল) — মাংসের কুঞ্চন জনিত রেখা ('ত্রি-')। অর্শরোগ জনিত মলদ্বারে মাংসগুটিকা। ... **বলিত** — বলিরেখাযুক্ত। শিথিল, লোল।

**বলিয়া / ব'লে** ] সেই কারণে ('তুমি ছিলে না বলিয়া এমন হইল। তাই ব'লে যেন রাগ ক'রো না')। শীঘ্র, এখনই ('সে এল ব'লে')

**বলিয়ে, বলিয়েকইয়ে** ] সুবক্তা।

***বলিষ্ঠ** — অতিশয় বলবান্, সবল ('— ব্যক্তি, বাহু, দেহ মন')

**বলিহারি** ] চমৎকৃত, মোহিত ('— যাই')। চমৎকার ('— কীর্তি')। বাহবা।

***বলী** (-লিন্) — বলশালী, বীর।

***বলীবর্দ** — বলদ ষাঁড়।

***বলীয়ান্** (-য়স্) — অতিশয় বলবান। ... স্ত্রী. **বলীয়সী**।

**ব'লে** (বলিয়া দেখ)

**বল্ক, বল্কল** — বাকল, গাছের ছাল।

**বল্কা** — বলক। দুগ্ধ ইত্যাদি তরল পদার্থের জ্বাল দিবার সময় ফাঁপিয়া। (যেমন — এক বলকা)

**বল্গা, বল্গ** — লাগাম, রশ্মি। ... **বল্গা-হরিণ** — তুষারাবৃত দেশে পরিবহণের জন্য পালিত হরিণ বিঃ, reindeer.

**বল্মীক** (বল্মিক বিরল) — উইঢিপি। (§ বাল্মীকি)

***বল্য** — বলকারক।

**বল্লকী** — বীণা।

**বল্লভ** — স্বামী। প্রণয়ী, প্রিয়।

**বল্লম** ] ভল্ল, শূল, বর্শা বিঃ।

**বল্লরী, -রি** — লতা। মঞ্জরী।

**বল্লালসেন** — বঙ্গের প্রাচীন রাজা বিঃ যিনি কৌলীন্যপ্রথা প্রবর্তিত করিয়া-ছিলেন। ... ণ. **বল্লালী** ]

**বল্লালী** — বল্লাল সেন প্রবর্তিত কৌলীন্য প্রথা।

**বল্লী, বল্লি** — লতা।

**বল্লুর, বল্লূর** — তৃণভূমি, কুঞ্জবন।

**বশ** — ণ. অধীন, আয়ত্ত ('পর-, স্ব-')। আজ্ঞাধীন, বশীভূত ('— করা')। ... ষ্য. অধীনতা, ইচ্ছানুবর্তিতা ('বশে আনা')। কর্তৃত্ব, প্রভাব ('দৈববশে')। (§ বশী, বশ্য)। ... **বশংগত, বশঙ্গত** — বশে আগত। ... **বশংবদ** — বশবর্তী, অনুগত। (বশম্বদ অশুপ্রঃ)। ... **বশতঃ** (-তস্) — প্রযুক্ত, হেতু, কারণে ('ভ্রান্তি-, প্রয়োজন-')। ... **বশতা, বশ্যতা** — অধীনতা। ... **বশবর্তী** (-র্তিন্) — অধীন, বশতাপন্ন, অনুগত। ... স্ত্রী. **-র্তিনী**। ... ষ্য. **-বর্তিতা**।

**বশিতা, -ত্ব** — যোগলব্ধ ঐশ্বর্য বিঃ, বশ করিবার শক্তি। স্বাধীনতা।

**বশিষ্ঠ** (বসিষ্ঠ, -ষ্ট বিরল) — ঋষি বিঃ, ইক্ষ্বাকুবংশের কুলগুরু।

**বশী** (শিন্)—জিতেন্দ্রিয়। যে বশ করে। স্বাধীন।

**বশীকরণ**—বশীভূত করণ। অন্যকে স্ববশে আনিবার জন্য অভিচারক্রিয়া।... **বশীকৃত** — বশে আনীত।

**বশীভূত** — যে বশ হইয়াছে।

**বশ্য**—বশ করিবার যোগ্য। বশবর্তী। ... **বশ্যতা** — বশতা, অধীনতা।

**বষট্, বষট্কার** — অগ্নিতে আহুতি দিবার মন্ত্র।

**বস্, বাস্** [ফা] বারণ সূচক, আর নয় ('বস্, এতেই হবে। — কর')। কোনও ঘটনার বিবরণের শেষে জোর দিয়া পুনরায় কথারম্ভে ('বস্, সেই কথা শুনেই রেগে আগুন')

**বসৎবাটী** — যে বাড়ীতে বাস করা হয়।

**বসতি — বসত**] বাসস্থান, লোকালয় ('সেখানে বসতি নাই')। বাস ('—করা। বসতবাটী')

**বসন** — বস্ত্র, পরিধেয়, বাস।

**বসন্ত**—শীতের পরবর্তী ঋতু, ঋতুরাজ, মধুকাল। সংক্রামক রোগ বিঃ, মসূরিকা, smallpox. (সংগীতে) রাগ বিঃ। (§ বাসন্তিক, বাসন্তী)। ... **বসন্ততিলক** — সংস্কৃত ছন্দ বিঃ। ... **বসন্তদূত**—কোকিল। ... **বসন্তপঞ্চমী**—মাঘ-শুক্ল-পঞ্চমী, শ্রীপঞ্চমী। ... **বসন্তসখ** — মদন। কোকিল।

**বসবাস**] নিয়ত বাস।

**বসা ১** — চর্বি, মেদ।

**বসা ২** [√বস্-৫। <বস্] উপবেশন করা ('চেয়ারে, মাটিতে—')। স্থাপিত হওয়া ('টেবিলটা, ঐ অক্ষরটা এখানে বসিবে। গ্রামে পোস্ট অফিস, বাজার, হাট, মেলা, কাজে মন —')। আরম্ভ হওয়া, সক্রিয় হওয়া ('সভা, স্কুল—')। প্রবিষ্ট হওয়া, ভিতরে ঢোকা ('তলোয়ারের চোপ, দাঁত, ছাদে জল —')। জমা ('বুকে শ্লেষ্মা—')। মাপ-সই হইয়া লাগা ('তালায় চাবি—')। জমিয়া যাওয়া ('দই, কুলপি বরফ—')। তলায় জমা ('জলের নীচে কাদা—')। নামিয়া যাওয়া ('ঘরের মেঝে, কাদায় পা, চোখ —')। স্বরভঙ্গ হওয়া ('সর্দিতে গলা —')। ('বসিয়া থাকা' — নিষ্কর্মা হইয়া থাকা। 'বসিয়া পড়া' — হতাশ ও নিশ্চেষ্ট হওয়া)। ... ণ. ভিতরে প্রবিষ্ট ('বসা চোখ')। থেবড়া ('— নাক')

**বসানো** [√বসা-১১] উপবেশিত করা ('অভ্যাগতকে —')। স্থাপন করা প্রবিষ্ট করানো ('দাঁত, কোপ —')। প্রবিষ্ট করানো ('দাঁত, কোপ —')। লাগানো, মারা ('কিল, চড় —')। জমানো ('দই —')। যুক্ত করা ('আংটিতে পাথর —')। দমাইয়া দেওয়া, নিরুৎসাহ করা ('লোকটাকে বসিয়ে দিয়েছে')।...ণ. স্থাপিত; যাহা জুড়িয়া দেওয়া হইয়াছে ('একবারে মায়ের মুখ —' অর্থাৎ ঠিক মায়ের মুখের মত)

**বসু** — অষ্ট গণদেবতা যাঁহারা শান্তনু-গঙ্গার পুত্ররূপে জন্মিয়াছিলেন। ধন। বাঙালী কায়স্থবংশের উপাধি বিঃ।

**বসুদেব** — কৃষ্ণের পিতা।

**বসুধা, বসুন্ধরা, বসুমতী** — পৃথিবী।

**বসুধারা**—অন্নপ্রাশন বিবাহ ইঃ অনুষ্ঠানে দেওয়ালে ঘি ঢালিয়া যে পাঁচ বা সাতটি ধারা দেওয়া হয়।

**বস্তা** [ফা] বড় থলি, বোরা ('চালের—')। গাঁট ('কাপড়ের —')। ... **বস্তাপচা**] বহুদিন বস্তায় থাকিয়া নষ্ট। ... **বস্তা-বন্দী**] বস্তায় ভরিত।

**বস্তি ১, বস্তী** — তলপেট। মূত্রাশয়,

bladder. বাস।

**বস্তি ২** [ < বসতি ] দরিদ্রের ঘনবিন্যস্ত কুটীরশ্রেণী।

**বস্তু** — জিনিস, পদার্থ। সার ('ভিতরে — নেই')। সত্য। যাহা ঘটিয়া থাকে ('-তন্ত্র')। (§ বাস্তব, বাস্তবিক)। ... ... **বস্তুগত্যা** ] — বাস্তবিক পক্ষে। **বস্তুতঃ** ( -তস্ ) প্রকৃতপক্ষে, যথার্থতঃ। ... **বস্তুতত্ত্ব** — বস্তু সম্বন্ধীয় জ্ঞান। ... **বস্তুতন্ত্র** — বাস্তব বিষয়কে প্রাধান্যদান, realism. ... ণ. **বস্তুতন্ত্রীয়। বস্তুতন্ত্রী** ( -ন্ত্রিন্ )। ... **বস্তুবিচার** — বস্তুর পরিচয় ও পরীক্ষা।

**বস্ত্র** — বসন, পরিধেয়; কাপড় ('অন্ন-, শীত-')। ... **বস্ত্রগৃহ, বস্ত্রাবাস** — তাঁবু।

**বহ** — বাহক ('আজ্ঞা-, বার্তা-')। বাহন, যান। পথ। বায়ু। ... স্ত্রী. **বহা**। — নদী।

**বহতা** ] — যাহা প্রবাহিত অবস্থায় আছে। প্রবাহশীলা। বহমান।

**বহন** — ধারণ; লইয়া গমন ('শোক-, ভার-')। বহিয়া যাওয়া। (§ বহমান, বাহক, বাহিত, বাহ্যমান) .. **বহনীয়** — বহনযোগ্য।

**বহমান** — যাহা প্রবাহিত হইতে যে বহন করিতেছে। বহতা।

**বহর** [ আ. বহ্র্ ] নৌকা, জাহাজ। নৌশ্রেণী ('নৌ-')। ওসার, প্রস্থ ('কাপড়ের —')

**বহা / বওয়া** [ √ বহ্-৬। < বহ্ ] বহন করা ('বোঝা, ইট —')। সহা ('দুঃখ —')। প্রবাহিত হওয়া ('নদী, দিন —')। কর্মঠ থাকা ('শরীর বয় না')। ... **বয়ে যাওয়া** ] ক্ষতি হওয়া (অবজ্ঞায় ব্যঙ্গে। 'বড় বয়ে গেল' — কিছুই ক্ষতি হইবে না)। বখিয়া যাওয়া (বখা দেখ)। ...

**বহানো / বওয়ানো** [ √ বহা-১২ ] প্রবাহিত করা।

**বহি / বই** ] পুস্তক, কেতাব। খাতা।

***বহিঃ** (বহিস্) — বাহির।

***বহিঃস্থ** (বহিস্থ দেখ)

**বহিত্র** — নৌকা, পোত। বইঠা, দাঁড়।

**বহিন** ] ভগিনী, বোন (প্রাঅপ্রঃ)

***বহিরঙ্গ** — ণ. বাহ্য; অনাত্মীয়। ... ষ্য. বাহিরের অঙ্গ। (তুঃ অন্তরঙ্গ)

***বহিরাগমন** — বাহিরে আসা। ... ণ. **বহিরাগত**।

***বহিরাবরণ** — বাহিরের আবরণ।

***বহিরিন্দ্রিয়** — চক্ষু কর্ণ ইঃ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। (অন্তরিন্দ্রিয় = মন)

***বহির্গমন** — বাহিরে যাওয়া, নির্গমন। ... ণ. **বহির্গত**।

***বহির্জগৎ** — দৃশ্যমান জগৎ। (তুঃ অন্তর্জগৎ)

***বহির্দেশ** — বাহিরের দিক।

***বহির্দ্বার** — বাহিরের দরজা।

***বহির্বাটী** — বাহির বাড়ি, বৈঠকখানা।

***বহির্বাণিজ্য** — ভিন্ন দেশের সহিত বাণিজ্য।

***বহির্বাস** — সন্ন্যাসী ইঃ কৌপীনের উপর যে কাপড় লুঙ্গির মত পরে। উত্তরীয়।

***বহির্ভাগ** — বহির্দেশ (দেখ)

***বহির্ভূত** — বহির্গত। বহিস্থ, বাহিরে ('দৃষ্টির, আলোচনার —')

***বহির্মুখ** — যাহার মুখ বাহিরের দিকে (তুঃ অন্তর্মুখ)। বিষয়াসক্ত। ... স্ত্রী. **-খী**।

**বহিশ্চর** — বাহিরে যে ঘুরিয়া বেড়ায়।

***বহিষ্করণ, বহিষ্কার** — দূরীকরণ, বর্জন। বাহির করা, নিষ্কাশন। আবিষ্কার। ... ণ. **বহিষ্কৃত**।

***বহিষ্ক্রান্ত** — বহির্দেশে নিষ্ক্রান্ত।

*বহিস্থ, বহিঃস্থ — যাহা বাহিরে আছে, বাহ্য।

*বহু — অনেক, নানা ('— ব্যক্তি, দ্রব্য। -দিন, -প্রকার')। অধিক, প্রচুর, অতি, খুব ('— কষ্ট, ধন। -কাল, -মূল্য')। ... ষ্য. বহুতা, -ত্ব। ... "বহুকেলে"] বহুকালের, প্রাচীন। ... বহুজ্ঞ — বহু বিষয় যে জানে। বহুদর্শী। ... বহুত] প্রভূত, ঢের, বহুতর। ... বহুতআচ্ছা — সাধুবাদসূচক অব্যয়পদ। ... বহুতর — বহু। অত্যন্ত। বহুপ্রকার। ... বহুত্র — বহুস্থলে। ... বহুদর্শী (-র্শিন্) — যে অনেক দেখিয়াছে, বিচক্ষণ। বহুবিষয়ে অভিজ্ঞ। দূরদর্শী। ... ষ্য. -দর্শিতা। ... ষ্য. -দর্শন। ... বহুদূর — ষ্য. অনেক দূর ('বহুদূরে')। ... ণ. বহুদূরবর্তী ('এখান হইতে সে দেশ —')। অতি দীর্ঘ ('— পথ')। ... বহুধা — বহু খণ্ডে প্রকারে বা দিকে। বহুবার। ... বহুপত্নীক—যাহার অনেক পত্নী আছে। ... বহুপ্রসবিনী — বহু-সন্তানের গর্ভধারিণী। ... বহুপ্রসূ — প্রচুর ফলন যাহার। ... বহুবচন — (ব্যাকরণে) একাধিক (সংস্কৃতে দুইএর অধিক) ব্যক্তি বস্তু বা বিষয় বাচক পদ। ... বহুবল্লভ — বহু নারীর স্বামী। ... বহুবিধ — অনেকপ্রকার। ... বহু-বিবাহ — একাধিক বার বিবাহ। এক-সঙ্গে বহু পত্নী গ্রহণ। ... বহুবীজক — যে ফলের বীজসংখ্যা অনেক — যেমন দাড়িম্ব। ... বহুব্রীহি — (ব্যাকরণে) সমাস বিঃ (যথা — পঞ্চানন)। ... বহু-ভাষী (-ষিন্) — যে বেশী কথা বলে। বহুভাষাবিৎ। ... বহুভুজ — যে জ্যামিতিক ক্ষেত্রের বাহু অনেক ... ... বহুমত — সম্মানিত। সমাদৃত। ... বহুমান — অতি সমাদর। ... বহুমুখ — যাহার অনেক মুখ। অনেক দিকে ব্যাপৃত। ... স্ত্রী. বহুমুখী ('— প্রতিভা')। ... বহুমূত্র — মেহরোগ বিঃ, diabetes. ... বহুমূল্য — মহার্ঘ, দামী। ... বহুরূপী] (স. বহুরূপ) যে বহুপ্রকার রূপ বা বেশ ধারণ করে। গিরগিটিজাতীয় জীব বিঃ, chameleon (রং বদলায়)। ... বহুশঃ (-শস্) — বহুবার। ... বহুশাখ — বহু শাখা বিশিষ্ট। ... বহুশ্রুত — বহুশাস্ত্রজ্ঞ। ... বহুস্বামিক — যাহার অনেক প্রভু বা স্বত্বাধিকারী আছে।

বহুড়ী, বহুযাড়ী — বধূ (প্রা-সা)।

*বহুল ১ — অনেক, অধিক, বেশী। ... ষ্য. -তা, -ত্ব, বাহুল্য।

*বহুল ২ — কৃষ্ণপক্ষ। কৃষ্ণবর্ণ।

বহুলীকরণ — সংখ্যাবৃদ্ধি করা। (multiplication)। শীষ হইতে পাটায় আছড়াইয়া ধান্য ঝাড়া।

বহেড়া / বয়ড়া] < বিভীতক. হরীতকী জাতীয় ফল বিঃ।

বহ্নি — অগ্নি। ... বহ্ন্যুৎসব — হোলীর পূর্বদিন অগ্নি জ্বালিয়া আমোদ-প্রমোদ। চাঁচর।

*বহ্বাড়ম্বর — বহু আড়ম্বর, বেশী ঘটা।

*বহ্বায়াস — বহু আয়াস।

*বহ্বারম্ভ — ঘটা করিয়া আরম্ভ।

বহ্বাশী — যে আশা করে খুব বেশী।

বা ১ — কিংবা, অথবা ('মনুষ্য বা পশু')। সম্ভাবনা প্রকাশে ('হবেও বা। বুঝি বা বিপদ ঘটিল')। বিতর্কে ('কেনই বা না হবে')

বা ২] বাঃ (দেখ)। বিস্ময় ও আপত্তি সূচক ('বা রে, আমি কি করব')

বাঁ] < বাম ('— হাত, দিক্')

**বাই ১** ] < বায়ু, বায়ুরোগ, ছিট, বাতিক ('শুচি-')। প্রবল শখ, ব্যসন ('মাছধরা, রেস খেলা —')

**বাই ২** ] পেশাদার গায়িকা বা নর্তকী বিঃ ('-নাচ। বাইজী, -ওয়ালী')। ... **বাই, বাঈ** ] রাজপুতনা মহারাষ্ট্র ইঃ প্রদেশে মহিলার উপাধি ('মীরা-')

**বাইনাচ** — পেশাদারী নর্তকীদের নাচ।

**বাইচ** (বাচ দেখ)

**বাইতি** ] ঢোল-বাদক জাতি বিঃ।

**বাইন ১** — গুড়তৈরি করিবার জোল।

**বাইন ২** — একপ্রকার সর্পাকৃতি মাছ।

**বাইবেল** [ই. Bible] খ্রীষ্টধর্মের মূল গ্রন্থ।

**বাইরে** (বাহিরে দেখ)

**বাইল** ] তাল নারিকেল ইঃর সপত্র শাখা, বাঁলদো। কপাটের পাল্লা।

**বাইশ** ] — দ্বাবিংশতি।

**বাইশা** ] — বাইশ সংখ্যার সমাহার।

**বাইস ১, বাস** [ <বাসি ] ছোট কোদালের তুল্য ছুতারের অস্ত্র বিঃ।

**বাইস ২** [ই. vice] যে যন্ত্রে কোনও বস্তু চাপিয়া ধরিয়া উখা ইঃ চালানো হয়।

**বাইসিকেল** [ই. bicycle] দুই চাকার পদচালিত গাড়ি, দ্বিচক্রযান। (সংক্ষেপে — সাইকেল ])

**বাউটি** ] বাহুর অলংকার বিঃ।

**বাউণ্ডুলে** ] — কর্মবিমুখ স্বচ্ছন্দ-চারী অপদার্থ ব্যক্তি।

**বাউনি** ] — পৌষসংক্রান্তির পূর্বরাত্রে খড়ের রজ্জু দিয়া গৃহসামগ্রীর বন্ধন অনুষ্ঠান।

**বাউরা** ] — পাগল।

**বাউরী ১** — পাগলিনী।

**বাউরী ২** ] পশ্চিমবঙ্গের জাতি বিঃ।

**বাউল** [ < বাতুল ] গায়ক ভিক্ষুসম্প্রদায় বিঃ। সর্বসংস্কারমুক্ত একশ্রেণীর ধর্মাচারী। তাহাদের রচিত ও গীত গান।

**বাএন, বায়েন** ] — বাজনদার।

**বাঁও, বাম** ] < ব্যাম (দেখ), চার হাত, fathom, জলের গভীরতার পরিমাণ বিঃ ('বিশ — জল')

**বাও** — বাতাস।

**বাঁওড়** ] নদীর স্রোত যেখানে বন্ধ হইয়াছে।

**বাওন** ] বামন।

**বাওয়া ১** [ √বাহ্-৮। < বহু ] নৌকা ইঃ চালানো। চলা বা অতিক্রম করা ('সিঁড়ি বেয়ে')

**বাওয়া ২** ] যাহার ভিতরে ভ্রূণ নাই ('— ডিম')

**বাওয়া ৩** ] খোলঢোল পাখোয়াজ ইত্যাদির চর্মের উপর চাঁটি দিবার স্থলে গোলাকার প্রলেপ।

**বাওয়ালি** ] — একপ্রকার ছোট মাছ।

**বাওর** ] — বাতাস।

**বাওলি** — রাজপুতনা অঞ্চলের বড় ইঁদারা।

**বাংলা ১** ] চার-চালা ঘর, bungalow.

**বাংলা ২** (বাঙ্গালা দেখ)

**বাঃ** [ফা. বাহ্ ] বাহবা, প্রশংসা বিস্ময় বা উপহাস সূচক।

**বাক্** (বাচ্) — (স্ত্রী.) বাক্য, কথা ('-চাতুরী, -পটুতা, -সংযম। বাগ্-রোধ')। বিদ্যা। বাগিন্দ্রিয়। ( § বাচিক, বাচ্য)। ... **বাকচাতুরী, -চাতুর্য** — বাচনকলা। ... **বাক্ছল** — বাক্যের চাতুরী বা মারপেঁচ, equivocation. ... **বাকপটু** — বাগবিন্যাসে দক্ষ। ... **বাক্পতি** — বাক্যবিশারদ। বৃহস্পতি। ... **বাক্পারুষ্য** — ব্যসন বিঃ, অন্যের মানহানিকর বা কটু উক্তি। ... **বাক্-**

**প্রপঞ্চ** — বাক্যবিস্তার। বাক্যসমূহ। ... **বাক্‌শুদ্ধি** — বাচনে বা বাক্যরচনায় ভ্রমপ্রমাদশূন্যতা। ... **বাক্‌শক্তি** — কথা কহিবার শক্তি। ... **বাক্‌সর্বস্ব** — মুখের ভাষাই যাহার একমাত্র সম্বল। যে রচনায় বাক্যের ছটাই প্রধান। ... **বাক্‌সিদ্ধ** — যাহার বাক্য সফল হয়। .. **বাক্‌স্ফূর্তি** — বচননির্গম, বাক্যস্ফুরণ।

**বাকড়়** ] — হাতী, লক্ষ্যার্থে হাতীর মতো খোরাক যাহার।

**বাকড়া, বাগড়া** ] তাল নারিকেল গাছের সবৃন্ত পত্রগুচ্ছ।

**বাকল** ] < বল্কল (দেখ)

**বাঁক** [ < বঙ্ক ] বক্রতা। নদী রাস্তা ইঃর মোড়। উভয় প্রান্তে ভার ঝুলাইয়া বহন করিবার দণ্ড, ভারযষ্টি।...**বাঁকনল** ] যে বাঁকা নল দ্বারা ফুঁ দিয়া দীপশিখার উত্তাপ বাড়াইয়া সেকরা গহনা ঝালে, blowpipe. ... **বাঁকমল** ] বাঁকা মল বিঃ। ... **বাঁকচুর, বাঁকতুলসী** — এক-প্রকার ধান্য।

**বাঁকনল** ] — স্বর্ণকার যে বাঁকনলে কয়লার আগুন ফুঁ দিয়া সোনা গলায়।

**বাঁকমল** ] — বিহার ও উত্তরপ্রদেশে প্রচলিত বাঁকানো মল (পায়ের গহনা)

**বাঁকশাল** ] — শালিধান্যের প্রকার ভেদ।

**বাঁকা ১** [ < বঙ্ক ] বক্র, বঙ্কিম ('— কোমর, লাঠি, রাস্তা')। তির্যক্‌, আড়, যাহা সোজা বা সমকোণে স্থিত নয়; কাত ('টেবিল, খুঁটি — ক'রে বসানো। — টুপি, সিঁথি, চাহনি')। অসরল, কুটিল ('— কথা, স্বভাব')। কৃষ্ণের নাম বিঃ। ... **বাঁকাচোরা** ] নানা ভাবে বাঁকা।

**বাঁকা ২** [ √ বাঁক্‌-৭] বক্র হওয়া ('বেঁকে যাওয়া')। অসম্মত বা প্রতিকূল হওয়া ('বেঁকে বসা')। ... ষ্য. **বাঁকন** ]। ... **বাঁকানো** [ √ বাঁকা-১১ ] বক্র করা ('বেত —'। 'মুখ —' বিরক্তি প্রকাশ করা)। ... ণ. বক্রীকৃত ('— লোহা')

**বাঁকা ৩** ] — সুদর্শন, সুশ্রী।

**বাকী** [ আ ], **বাকি** ], উদ্‌বৃত্ত, অবশিষ্ট ('জমাখরচের —। — টাকা, জিনিস, সময়')। অসম্পন্ন, অঘটিত ('কাজ, বিপদ্‌ —')। অনাদায়, ক্রেতা অধমর্ণ ইঃর নিকট প্রাপ্য ('— খাজনা')

**বাঁকী** ] — যে বাঁকে করিয়া ভার বহন করে।

**বাঁকুই** ] — একপ্রকার ধান্য।

**বাঁকুড়া** ]—ত্রিবঙ্কিম রূপের জন্য শ্রীকৃষ্ণের একটি নাম। ... **বাঁকুড়ি** ] — বড়ক্ষেত ...

**বাঁকুরায়** ] — শ্রীকৃষ্ণ।

**বাকুল** ] — মাটির দেওয়ালের বাড়ি।

**বাক্য** — কথা, বচন। (ব্যাকরণে) পরস্পরের অন্বয়বোধক পদসমষ্টি, sentence. ... **বাক্যদান** — কথা দেওয়া, অঙ্গীকার। ... **বাক্যপরম্পরা** — বাক্যের যথাযথ সার্থক অনুক্রম' ... **বাক্যবাণ** — তীক্ষ্ণ বা নিষ্ঠুর কথা। ... **বাক্যবাগীশ** — (ব্যঙ্গে) যে বেশী কথা বলে। ... **বাক্যব্যয়** — বৃথা বেশী কথা বলা ('— করা')। ... **বাক্যস্ফূর্তি** — কথা বাহির হওয়া।

**বাক্যালাপ** — কথাবার্তা।

**বাক্স** [ ই. box] ঢাকনিওয়ালা আধার (প্রায়শঃ চতুষ্কোণ), ছোট সিন্দুক ('কাঠের, টিনের, কাগজের —। ক্যাশ-, হাত-। গহনার —)। ... **বাক্সবন্দী** ] — বাক্সের মধ্যে আবদ্ধ।

**বাকসনা** ] — বকজাতীয় ফুল।

**বাখর** ] — ধেনোমদ তৈরির ব্যবহৃত

খাম্বিরা।

**বাখান**] < ব্যাখ্যান, বর্ণনা। প্রশংসাবাদ। (পদ্যে ক্রি. 'বাখানিল')

**বাখারি**] বাঁশের ফালি।

**বাখারি চুন**] শামুক ঝিনুক ইঃ হইতে প্রস্তুত চুন।

**বাগ ১** [< বল্‌গা] কৌশল, প্রণালী ('কাজের — জানা')। সুবিধা ('— পেয়ে')। বশ, শাসন ('— করা, মানা')। পথ, দিক্ (গ্রাম্য। 'কোন্ বাগে')। (§ বাগানো)। ... **বাগডোর**] ঘোড়ার মুখের দড়ি। লাগাম।

**বাগ ২** [ফা] বাগান (গোলাপ-')

**বাগ ৩** — দিক। কৌশল। সুবিধা। বশ।

**বাগড়া ১**] ব্যাঘাত, বাধা ('— দেওয়া')

**বাগড়া ২**] — তাল নারিকেল ইত্যাদি গাছের পত্রশাখা।

**বাগদী**] অবনত হিন্দুজাতি বিঃ।

**বাগলো**] — (বাগড়া দেখ)

**বাগাড়**] — অতি বৃহৎ আড়মাছ।

**বাগাড়ম্বর** — কথার ঘটা।

**বাগাত** — উদ্যানভূমি। — **বাগাতী** — ফলকর।

**বাগান** [ফা. রাগ] উদ্যান।

**বাগানবাড়ী** — ধনীলোকদের চিত্ত-বিনোদনের জন্য বাগানে ঘেরা বাটিক।

**বাগানো** [√বাগা-১১] কৌশলে আয়ত্ত বা আদায় করা ('চাকরি, কাজ —')। দক্ষতা প্রয়োগ করা ('বাগিয়ে কাজ করা')। বাগ মানানো, বশ করা ('ঘোড়াকে —')। বিন্যাস করা ('তেড়ি —')

**বাগাদ**] — রাখাল।

**বাগারু**] — যে বাজে বকে।

**বাগি, বাঘি**] — কুঁচকির ফোড়া]।

**বাগিচা** [ফা. বাগ্‌চাহ্] ছোট বাগান।

**বাগীশ** — বাগ্মী, বাচস্পতি। বিশারদ ('তর্ক-')

**বাগীশ্বরী** — সরস্বতী। সরস্বতীর বৌদ্ধরূপ বাশুলী।

**বাগুড়ি**] — কলা সুপারি ইত্যাদি গাছের বাইল।

**বাগুরা** — জাল, ফাঁদ। ... **বাগুরিক** — ব্যাধ।

**বাগ্‌জাল** — কথার ফাঁদ। বাগাড়ম্বর। ('— বিস্তার করা')। ... **বাগ্‌দণ্ড** — তিরস্কার গালাগালি।

**বাগ্‌দত্তা**—যে কন্যা সম্প্রদান করিবার জন্য পাত্রপক্ষীয় কোনও লোককে প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে। ... ষ্য. **বাগ্‌দান।**

**বাগ্‌দেবী, বাগ্‌বাদিনী** — সরস্বতী।

**বাগ্‌বিতণ্ডা** — তর্কবিতর্ক।

**বাগ্‌বিদগ্ধ** — বাক্যনিপুণ, বক্তৃতায় পটু। ... ষ্য. **বাগ্‌বৈদগ্ধ্য, -গ্ধ।**

**বাগ্মী** (-গ্মিন্) — বাক্‌পটু, সুবক্তা। ... ষ্য. **বাগ্মিতা।**

**বাগ্‌যুদ্ধ** — কথার লড়াই।

**বাঘ**] < ব্যাঘ্র। ... স্ত্রী. **বাঘিনী**] ... **বাঘা**] বাঘ (অনাদরে)। বড়, তীব্র ('— তেঁতুল')। বাঘের মতো তেজস্বী কুকুর। ... **বাঘাম্বর**] < ব্যাঘ্রাম্বর, বাঘছালের বস্ত্র। যে তাহা পরে, শিব। ... **বাঘছড়**] বাঘের ছাল।

**বাঘনখী**] — ডানহাতের অঙ্গুলিতে পরিহিত বাঘের নখের মত চিরিয়া ফেলিবার অস্ত্র।

**বাঙ্গাল / বাঙাল**] পূর্ববঙ্গবাসী। তৎ-সম্বন্ধীয়, "বাঙ্গালে" ('—ভাষা, কথা')। ... স্ত্রী. **-লিনী, বাঙালনী**]

**বাঙ্গালা, বাঙ্গলা, বাংলা, বাঙলা**] ষ্য.

বঙগদেশ, পশ্চিম ও পূর্ব-বঙগ। বঙগভাষা ('বাংলায় তরজমা')। ... ণ. বঙগভাষা সম্বন্ধীয় বা তাহাতে রচিত ('— ব্যাকরণ, লেখা, কথা, খবরের কাগজ')। বঙগীয় ('— ভাষা, রীতি')

**বাঙগালী/বাঙালী**] বঙগদেশ যাহার স্বদেশ এবং যাহার মাতৃভাষা বাংলা। ... স্ত্রী. **বাঙগালিনী / -ঙা-**]। (বাঙগাল দেখ)

**বাঙগী**] — বাঁক। ... **বাঙগীদার**]—বাঁকে করিয়া যে ভার বহন করে।

**বাচ** [ < বহিত্র ] (বাইচ প্রাঅপ্রঃ) নৌকা-চালনের প্রতিযোগ ('-খেলা')

**বাচক** — বোধক, সূচক ('জাতি-')

**বাচন**—উক্তি (স্বস্তি-')। পাঠ। ব্যাখ্যান।

**বাচনভঙগী** — কথা বলিবার রীতি।

**বাচনিক**—বচননিষ্পন্ন, বাচিক। মৌখিক।

**বাচস্পতি** — বাক্‌পটু। বিদ্বান্‌। বৃহস্পতি। পণ্ডিতের উপাধি বিঃ। ... ণ. **বাচস্পত্য।**

**বাঙ্‌নিষ্ঠ** — যে কথা ঠিক রাখে — কথার খেলাপ করে না।

**বাঙ্‌নিষ্পত্তি** — মুখ ফুটিয়া কথা বলা।

**বাঙ্‌ময়** — বাক্যময়, বাক্যদ্বারা গঠিত। যাহা বাণীরূপ লাভ করিয়াছে।

**বাঁচা** [ √বাঁচ্‌-৭ ] প্রাণধারণ করা, সজীব থাকা ('অনেক কাল —')। রক্ষা বা নিষ্কৃতি পাওয়া ('বেঁচে গেল')। ... ষ্য. **বাঁচন**। ... **বাঁচানো** [ √ বাঁচা-১১ ] জীবিত করা ('মরা মানুষ —')। সজীব রাখা ('রোগীকে —')। রক্ষা করা ('বিপদ থেকে —। মান, টাকা —')। কোনও বিষয় সম্বন্ধে সাবধান হওয়া ('আইন বাঁচিয়ে চলা। মনিবের দোষ বাঁচিয়ে কথা বলা')

**বাচাল**—বহুভাষী, প্রগল্‌ভ। ... ষ্য. **-তা।**

**বাচিক** — বাচনিক (দেখ)

**বাঁচোয়া, বাঁচন**] জীবনরক্ষা, নিস্তার ('— নেই')

**বাচ্চা** [ ফা ] ছানা, শাবক ('কুকুরের, পাখির —')। শিশু ('কাচ্চ-')

**বাচ্য** — কথনীয়, বলিবার যোগ্য। গণ্য, অভিধেয়। শব্দের অভিধাবৃত্তি- বা সহজ অর্থ- দ্বারা বোধ্য ('বাচ্যার্থ'। তুঃ ব্যঙগ)। (ব্যকরণে) ক্রিয়ার সহিত কর্তা বা কর্মের অন্বয়-সম্বন্ধ ('কর্তৃ-, কর্ম-, ভাব-')

**বাচ্যোৎপ্রেক্ষা**—কাব্যের অলংকার বিশেষ।

**বাছন**] — নির্বাচন। ... **বাছনদার** — নির্বাচক, যে বাছিতে পারে।

**বাছনি**] বাছা, বৎস (ক্ষুদ্রার্থে। পদ্যে)। বাছাই (বিরল)

**বাছপড়া**] বাছিয়া লইবার পর যাহা অবশিষ্ট থাকে।

**বাছবিচার, বাচ-**] বিচার করিয়া নির্বাচন। কর্তব্য-অকর্তব্য বিচার।

**বাছা ১**] <বৎস, স্নেহপাত্রকে সম্বোধন (পুং বা স্ত্রী)। শিশু ('এ কার বাছা? বাছাধন')

**বাছা ২**] √ বাছ্‌-৭ ] নির্বাচন করা ('নিজের পছন্দ মত —')। পৃথক্‌ করা ('ভালমন্দ —')। আবর্জনা হইতে পৃথক্‌ করা ('চাল —')। ... ণ. নির্বাচিত। পরিষ্কৃত। ... **বাছা বাছা**] নির্বাচিত বা উত্তম কয়েকটি ('—জিনিস, লোক')। ... ষ্য. **বাছাই**] নির্বাচন। পরিষ্করণ।

**বাছুর** [ < বৎসরূপ ] গোবৎস।

**বাজ ১**] < বজ্র ('— পড়া')

**বাজ ২** [ ফা. -জ. ] শিকারী পাখি বিঃ, শ্যেন, hawk. ... **বাজবৌরি**] বড় বাজ বিঃ।

**-বাজ** [ ফা. -জ. ] দক্ষ, ব্যাপৃত, আসক্ত (প্রায় নিন্দায়। 'ফন্দি-, মামলা-,

দাগা-')। ... য্য. **-বাজি**] ('দাগা-, গলা-')
**বাজখাঁই**] (মুঃ গায়ক বাজখাঁর তুল্য) কর্কশ গম্ভীর ও সজোর ('—গলা')
**বাজনদার**] পেশাদার বাদক।
**বাজনা**] বাদ্য ('গান-। ঢাকের, সানাইএর —')। বাদ্যযন্ত্র ('কলের —')
**বাজপেয়** — যজ্ঞ বিঃ। ... **বাজপেয়ী** (-য়িন্) — যে ঐ যজ্ঞ করে। পশ্চিমা ব্রাহ্মণের উপাধি বিঃ, বাজপাই।
**বাজরা ১** [ হি। বজ্রা ] শস্য বিঃ (millet

**বাজরা ২**] বড় ঝুড়ি।
**বাজা** [√বাজ্-৭। <বদ্] বাদিত হওয়া ('বাঁশি, চুড়ি, ঘাড় —')। ঘড়িতে সময় সূচিত হওয়া ('তিনটে বেজেছে')। শ্রুতিকঠোর বোধ হওয়া; লাগা, আঘাত করা ('কানে, প্রাণে —')। ... ণ. যাহা বাজে ('-ঘড়ি')। ... **বাজানো** [√বাজা-১১] বাদিত করা। ঠুকিয়া পরীক্ষা করা ('টাকা —'। ব্যঙ্গে — 'লোকটাকে বাজিয়ে দেখ')। (§ বাজিয়ে)
**বাঁজা**] (বাঁঝা দেখ)
**বাজার** [ ফা -জা.- ] দোকানের শ্রেণী। যেখানে কেনা-বেচা হয় ('— বসা')। বাজারে দ্রব্য ক্রয় ('— করা। বাজারের দৈনিক দ্রব্যাদি কেনার জন্য -খরচ')। ... **বাজার গরম**—বাজারে জিনিসপত্রের মূল্য ও চাহিদার বৃদ্ধি। ... **বাজার চলতি** — বাজারে যে জিনিসের চলন খুব বেশি। ... **বাজার দর**] বাজারে চলিত দর। ... **বাজার নরম** — বাজারে জিনিসপত্রের মূল্য হ্রাস ও চাহিদা কম। ... **বাজার মন্দা** — বাজারে দ্রব্যাদির মূল্য হ্রাস। ... **বাজার সরকার** — সঙ্গতিপন্ন লোকের গৃহে যে কর্মচারীর উপর বাজার করার ভার থাকে।
**বাজি** [ ফা. বাজী. ] ইন্দ্রজাল, ভেলকি ('ভোজ-। -কর')। আতশবাজি ('— পোড়ানো')। জুয়া খেলায় পণ ('— রাখা')। খেলা। ... **বাজিগর** (কা) — জাদুকর, কুহকী, ঐন্দ্রজালিক। ... **বাজিমাত**] দাবা ইঃ খেলায় জয়লাভ।
**-বাজি** (-বাজ দেখ)
**বাজিয়ে**] বাজনায় নিপুণ।
**বাজী** (-জিন্) — অশ্ব, ঘোড়া। বাণ। ... স্ত্রী. **বাজিনী**। ... **বাজীকরণ** — রতি-শক্তি বৃদ্ধির নিমিত্ত ঔষধ বা প্রক্রিয়া। ... **বাজিভক্ষ্য** — ছোলা, চানা।
**বাজু** [ ফা. বাজু ] বাহুর অলংকার বিঃ, বাজুবন্ধ। খাট ইঃর পাশের কাঠ।
**বাজে** [ আ. বাজ.- ] তুচ্ছ, নিকৃষ্ট, অকেজো ('— জিনিস, লোক')। অসার, মিথ্যা ('— কথা')। প্রয়োজনের অতিরিক্ত ('-খরচ')। নির্দিষ্ট পরিমাণের অতিরিক্ত ('— আদায়, জমা')
**বাজেয়াপ্ত** [ ফা. বাজ.-য়াফৎ ] প্রভু ইঃ কর্তৃক অধিকৃত ('সরকারে — হওয়া।— করা')
**বাঁঝা, বাঁজা**] < বন্ধ্যা. যে স্ত্রীর সন্তান হয় না।
**বাঞ্ছনীয়** — কামনার যোগ্য।
**বাঞ্ছা** — অভিলাষ, ইচ্ছা, কামনা। ... ণ. **বাঞ্ছিত**। ... **বাঞ্ছাকল্পতরু** — যিনি সকল বাঞ্ছা পূরণ করেন, ভগবান্।
**বাট ১**] < বর্ত্ম. পথ (প্রায় পদ্যে। 'ঘাট-, পল্লী-')
**বাট ২**] সোনা রূপা ইঃর চাঙড় বা তাল, ingot.
**বাঁট ১** [ <বণ্ট, বৃন্ত ] হাতল ('কোদালের, ছুরির —')
**বাঁট ২** [ < বাণ ] গরু ইঃর স্তনের বোঁটা।

**বাটখারা** ] নির্দিষ্ট ওজনের লোহা ইঃর খণ্ড যাহার সহিত তোল করিয়া অন্য দ্রব্যের ওজন নির্ণয় করা হয়, পড়িয়ান।
**বাঁটন** ] — বণ্টন, বিভাগ, পরিবেশন।
**বাটনা** [ < বর্তন ] পিষ্ট মসলা। যাহা বাটিতে হয় ('— বাটা')
**বাটপাড়, -পার** [ < বর্ত্ম- ] রাহাজান। ডাকাত, যে লুট করে। ... ষ্য. **-পাড়ি, -রি** ]
**বাঁটলই, -লুই, -লো** ] রাঁধিবার জন্য গোলাকার হাঁড়ি বা বড় ঘটি বিঃ।
**বাটা ১, বাঁটা** [ √বাট্, বাঁট্-৭। <বৃৎ ] পেষণ করা ('মসলা —')।... ণ. পেষিত।
**বাটা ২** ] বড় বাটি। বাটি বা থালির জোড়া যাহার একটি দিয়া অপরটি ঢাকা যায়। ('পানের —')। ছোট মাছ বিঃ।
**বাটা ৩** ] — ষষ্ঠীর বাটা। জামাই ষষ্ঠীতে শাশুড়ীর দেওয়া আশীর্বাদী দ্রব্যাদি।... **ভ্রাতৃদ্বিতীয়ার বাটা** — ভ্রাতৃদ্বিতীয়ায় বড়বোনের দেওয়া আশীর্বাদী থালি।
**বাটা ৪** (বাট্টা দেখ)
**বাঁটা** [ √ বাঁট্-৭। < বণ্ট্ ] বণ্টন বা ভাগ করা।
**বাটালি** ] ছুতারের অস্ত্র বিঃ।
**বাটি** ] পেয়ালা।
**বাটিকা** — ছোট বাড়ি ('উদ্যান-')
**বাটী** — বাড়ি, আবাস।
**বাঁটুল** [ < বর্তুল ] গুলি, বল।
**বাটোয়ারা, বাঁ-** ] বণ্টন, বিভাগ ('ভাগ-')
**বাট্টা, বাটা** [ < বার্তা ] প্রাপ্য মূল্য হইতে যাহা **বাদ যায়,** discount ('টাকা ভাঙাইবার —')
**বাট্যাল** — বেড়েলা।
**বাড়** ] বৃদ্ধি ('গাছের, শরীরের, ব্যবসায়ের, দুষ্টামির —')। ... **বাড়তি** ] ণ. অতিরিক্ত, প্রয়োজনের অধিক। ... ষ্য. আধিক্য। বৃদ্ধি।
**বাড়বাড়ন্ত** — সুখসম্পদে সর্বাঙ্গীণ শ্রীবৃদ্ধি।
**বাড়ই, বাড়ুই, বড়ুই** [ < বর্ধকী ] ছুতার। ঘরের চাল যে ছায়।
**বাড়ন, বাড়ুন** [ < বর্ধন ] ঝাঁটা (গ্রাম্য)
**বাড়ন্ত ১** ] বৃদ্ধিশীল। যাহা ফুরাইয়া গিয়াছে (গ্রাম্য। 'ঘরে চাল —')
**বাড়ন্ত ২** ] — বয়সের অনুপাতে **পরিপুষ্ট** (— গড়ন)।
**বাড়ব*** — ণ. বড়বা সম্বন্ধীয় ('বাড়বানল')। ... ষ্য. সমুদ্রাগ্নি।
**বাড়া** [ √ বাড়্-৭। < বৃধ্ ] বৃদ্ধি পাওয়া, বড় হওয়া ('টাকা, বয়স, মেয়ে বাড়ছে')। ভোজনের জন্য সাজানো ('ভাত —')। লিখিবার জন্য কাটা ('পেনসিল —') ... ণ. (উক্ত সকল অর্থে। অধিক ('তার —')। ... **বাড়ানো** [ √ বাড়া-১১ ] বর্ধিত করা। প্রসারিত করা ('হাত —')। প্রশংসা করা। সম্মান দেখানো। প্রশ্রয় দেওয়া।... **বাড়াবাড়ি** ] অতিবৃদ্ধি, অতিমাত্রায় কোনও কর্ম ('— করা')
**বাড়ি ১, বাড়ী** ] < বাটী, আবাস ('কোঠা-, বার-, রান্না-, শ্বশুর-')। ... **বাড়ী-ওয়ালা** ] — ভাড়াটিয়া বাড়ীর মালিক।
**বাড়ি ২** — সুদে বাড়াইবার জন্য ধান ধার দেওয়া।
**বাড়ি ৩** ] আঘাত ('হাতুড়ির —')
**বাঁড়ুয্যে** ] — বন্দ্যোপাধ্যায় শব্দের চলতি রূপ।
**বাঁড়ুরি** — বাঁড়ুয্যেদের গাঁই।
**বাঢ়** ] — বৃদ্ধি (প্রা সা)
**বাণ*** — তীর, ইষু, কলম্ব, বিশিখ, শর, শায়ক, ধনু হইতে যাহা ছোড়া হয়।

**বাণভট্ট** — সংস্কৃত কবি, কাদম্বরী রচয়িতা।

**বাণলিঙ্গ*** — নর্মদাজাত শিবলিঙ্গ।

**বাণিজ্য*** — বণিকের কার্য, ব্যবসায়।

**বাণিয়া, বানিয়া ]** — বেনে, বণিক।

**বাণী** — কথা, উক্তি। উপদেশ সংবলিত উক্তি ('বিবেকানন্দের —')। সরস্বতী।

**বাণ্ডিল [ই.** bundle] পুলিন্দা, এক-সঙ্গে বাঁধা কাগজপত্র ইঃ।

**বাত ১** — বায়ু। রোগ বিঃ, gout, rheumatism. (আয়ুর্বেদে) দেহের ধাতু বিঃ ('বাত পিত্ত কফ')। ... **বাত-ব্যাধি** — পক্ষাঘাত। ... **বাতরক্ত** — রক্তদুষ্টিজনিত রোগ বিঃ।

**বাত ২** [ হি। < বার্তা ] কথা।

**বাতলানো** [ হি। √ বাত্‌লা-১৭ ] বুঝাইয়া দেওয়া।

**বাতা ]** পাতলা বাখারি ('ঘরের চালের —')। কাঠ বাঁশ ইঃর পাতলা ফালি।

**বাতাপি** — অগস্ত্য ঋষির বধ্য অসুর বিঃ।

**বাতাবর্ত** — ঘূর্ণবাত, cyclone.

**বাতাবি ]** বড় নেবু বিঃ, shaddock, pomelo.

**বাতায়ন** — বায়ুপ্রবেশদ্বার, জানালা।

**বাতারি** — ভেরেণ্ডা গাছ। কদলীবৃক্ষ।

**বাতাস** [ < বাত- ] বায়ু, হাওয়া, বায়ু-প্রবাহ ('— বহা, দেওয়া, খাওয়া')। ব্যজন ('— করা, দেওয়া')

**বাতাসা ]** চিনি বা গুড়ের তৈয়ারী ফাঁপা মিষ্টদ্রব্য বিঃ।

**বাতাহত** — বায়ুতাড়িত ('— বৃক্ষ')

**বাতি ]** < বর্তিকা, দীপ ('সাঁঝের —')। ভিতরে সলিতা দেওয়া প্যারাফিন মোম ইঃর **বর্তিকা,** candle. গাছের সরু গুঁড়ি যাহাতে খুঁটি ইঃ হয় ('শালের —')। লম্বা আকারে গড়া জিনিস ('গালার, ধূপের —') ... **বাতিদান ]**— শামাদান — যাহাতে বাতি রোপণ করিয়া জ্বালা হয়।

**বাতিক** — ষ্য. বায়ুরোগ, বাই ('-বৃদ্ধি')। পাগলামি, ছিট। প্রবল শখ ('মাছধরা —। -গ্রস্ত')। ... ণ. বায়ু সম্বন্ধীয়।

**বাতিল** [ আ ] পরিত্যক্ত। অগ্রাহ্য।

**বাতুল** — পাগল, উন্মাদ। ... ষ্য. **-তা**।

**বাত্যা** — ঝড়, প্রবল বায়ু।

**বাৎসরিক** — বৎসর সম্বন্ধীয়, বার্ষিক (দেখ)

**বাৎসল্য** — বৎসলতা, স্নেহ, যেমন ভালবাসা সন্তানাদির উপর হয়। (অলংকারশাস্ত্রে) রস বিঃ।

**বাৎস্যায়ন** — কামশাস্ত্র প্রণেতা ঋষি।

**বাথান ]** গোশালা। গোচারণের মাঠ।

**বাথুয়া, বেথো ]** — একপ্রকার শাক।

**বাদ ১** — বাক্য ('অনুবাদ')। কথন ('প্রশংসা-, সাধু-')। তর্ক ('বাদ-প্রতিবাদ, বাদানুবাদ')। বিবাদ ('-বিতণ্ডা')। বিচার। মত, theory ('অদ্বৈত-, জড়-')। (§ বাদী)

**বাদ ২** (বাদ দেখ)

**বাদ ৩** [ আ ] ছাড়, বর্জন ('— দেওয়া')। ... **বাদে ]** বাদ দিয়া, ব্যতীত ('তুমি আমি —')। পরে ('দুদিন —')

**বাদক** — বাদ্যকার, যে বাজায়।

**বাদন** — বাদ্য করণ, বাজানো। (§ **বাদিত**)

**বাদর** (বাদল দেখ)

**বাঁদর ]** < বানর (দেখ)।...স্ত্রী. **বাঁদরী ]**। ... ণ. **বাঁদুরে ]**

**বাঁদরামি ]** — বাঁদরের মতো দুরন্তপনা বা অশিষ্ট আচরণ।

**বাদরায়ণ*** — বেদান্তসূত্র-রচয়িতা (ব্যাসদেব এই প্রসিদ্ধি)

**বাদল** < বার্দল] বর্ষা। (পদ্যে — বাদর] )।... **বাদলা**] ষ্য· বাদল। ...ণ. বর্ষা সম্বন্ধীয়, মেঘলা ('—হাওয়া')। ... **বাদলে, বাদ্‌লে**] বর্ষা সম্বন্ধীয়। বর্ষাকালে জাত ('—পোকা')

**বাদলা**] জরির সুতা।

**বাদশাহ্** [ফা], **বাদশা**] মুসলমান সম্রাট্। সম্রাট্। ... ষ্য. **বাদশাহি / -শাই**]।... ণ. **বাদশাহী / -শাই**]

**বাদা** [আ] জলা ভূমি।

**বাদাড়**] জঙ্গল।

**বাদানুবাদ** — তর্কবিতর্ক, উক্তিপ্রত্যুক্তি।

**বাদাম ১** [ফা] ভক্ষ্য বীজ বিঃ, almond. নানাজাতীয় ভক্ষ্য বীজ ('কাগজী-, চীনা-, হিজলি-')।...**বাদামী**] বাদামের খোসার রঙের, পীত-ধূসর। বাদাম সদৃশ।

**বাদাম ২** [ফা]—নৌকার পাল।

**বাদার্থ** — অর্থসঙ্গতিযুক্ত পদবিন্যাস।

**বাদিত**—শব্দিত, যাহা বাজানো হইয়াছে।

**বাদিত্র** — বাজনা, বাদ্যযন্ত্র।

**বাঁদিপোতা, বাঁধিপোতা**] ডোরাকাটা বা চৌখুপী রঙিন বস্ত্র বিঃ (লেপের খোল ইঃ হয়)

**বাদী** (-দিন্) — যে বলে ('স্পষ্ট-')। মতাবলম্বী ('অদ্বৈত-')। অভিযোক্তা, ফরিয়াদী। (সংগীতে) কোনও রাগ বা রাগিণীর প্রধান বা বহুপ্রয়োজ্য স্বর। প্রতিপক্ষ, প্রতিকূল। ... স্ত্রী. **বাদিনী**।

**বাঁদী** [ফা. বান্দী] ক্রীতদাসী, দাসী।... পুং. **বান্দা**]

**বাদুড়** [<বাতুলি] বড় চামচিকার তুল্য প্রাণী বিঃ, flying fox (স্তন্যপায়ী। ওড়ে)

**বাদে**] — পরে, বিলম্বে।

**বাদ্য** — বাজনা। বাদ্যযন্ত্র। ... **বাদ্যোদ্যম** — বাজনার ঘটা। ... **বাদ্যভাণ্ড** — বাদ্যযন্ত্রসমূহ।

**বাধ** — **বাদ**] বাধা, প্রতিবন্ধ, রোধ। ('—সাধা' — বাধা দেওয়া)

**বাধবাধ**] — সঙ্কোচ, কুণ্ঠ।

**বাঁধ** [<বন্ধ] জল আটকাইবার জন্য আল বা প্রাচীর ('— দেওয়া। বালির

*__বাধক__ — ণ. বাধাজনক, প্রতিবন্ধক। ...ষ্য. স্ত্রীরোগ বিঃ, রজোদোষ।

**বাঁধন**] <বন্ধন ('দড়ির, স্নেহের —')

**বাঁধনি / বাঁধ্‌নি**] বন্ধন। শৃঙ্খলা, সংহতি ('কথার —')

**বাধবাধ** (বাধোবাধো দেখ)

*__বাধা ১__ — ব্যাঘাত, প্রতিবন্ধ ('—দেওয়া, পড়া') কার্যারম্ভে হাঁচি প্রভৃতি অশুভ লক্ষণ। (§ বাধিত)

**বাধা ২** < বধ্র, বন্ধ] চটি জুতা বিঃ, চপ্পল (প্রাতপ্রঃ। 'নন্দের —')

**বাধা ৩** √ বাধ্-৭। < বাধ্] বদ্ধ হওয়া, আটকানো ('কাঁটায় কাপড় —')। বাধা পাওয়া, নিয়মবিরুদ্ধ হওয়া ('সম্বন্ধে, আইনে —')। দুরূহ বোধ হওয়া ('বুঝতে বাধছে')। জটিল ব্যাপার উপস্থিত হওয়া ('গোল, ঝগড়া, মামলা, যুদ্ধ —')।... **বাধানো** [√বাধা-১১] বদ্ধ করা, আটকানো ('ফলে আঁকশি —')। ঘটিত করা ('সম্বন্ধ —')। জটিল ব্যাপার উৎপাদন করা ('ঝগড়া, মুশকিল —')

**বাধাই** — বৈষ্ণবদের মধ্যে প্রচলিত এক-প্রকার সাঙ্গীতিক উৎসব।

**বাঁধা ১** [< বন্ধ] বন্ধক, ঋণদাতার নিকট গচ্ছিত ('—দেওয়া')

**বাঁধা ২** [√বাঁধ্-৭। <বন্ধ্] বন্ধন করা, আবদ্ধ করা ('বেড়া, গিরা, কোমর,

দড়ি, বই, ঘর —')। আটকানো, রোধ করা ('ট্রামগাড়ি —')। সংহত হওয়া ('জোট, দল, দানা, চাপ, জমাট —')। শক্ত করা ('বুক —'। বুক দেখ) গ্রথিত করা '(গান, নিয়ম, সারি—')। ... ণ. বন্ধ। নির্দিষ্ট, নিয়মবন্ধ ('মাহিনা')। নিত্যসম্বন্ধযুক্ত, স্বকীয় ('—মক্কেল খরিদদার ইং')।... **বাঁধাই]** বাঁধার কাজ বা মূল্য ('বই —')। ... **বাঁধাকপি]** ভক্ষ্য **শাক বিঃ,** cabbage. ... **বাঁধাছাঁদা** —গৃহ হইতে যাত্রার পূর্বে প্রয়োজনীয় জিনিসপত্র গুছাইয়া বাঁধা। ... **বাঁধা-বাঁধি]** ধরাবাঁধা নিয়ম।... **বাঁধাবুলি** — অভ্যস্ত কথার পুনরাবৃত্তি।

**বাঁধানো** [ √ বাঁধা-১১ ] বন্ধন করানো। গ্রন্থন বা নির্মাণ করানো ('দাঁত, ফ্রেম, শান—')। ... ণ. (উক্ত সকল অর্থে)

**বাধিত** — বাধাপ্রাপ্ত, দমিত। (বাং) বশীভূত; কৃতজ্ঞ, obliged, thankful ('—হওয়া, থাকা')

**বাঁধুনী, বাঁধুনি]** — গ্রন্থন, গঠন, শৃংখলা, বিন্যাস।

**বাঁধুলি** — (বন্ধুক, বন্ধুজীব) রক্তবর্ণের পুষ্প বিঃ রক্তবর্ণ অধরের সহিত উপমিত।

**বাধোবাধো, বাধবাধ]** যাহা বাধিবার উপক্রম করিতেছে ('যুদ্ধ—')। বন্ধতুল্য; কুণ্ঠা-জনক ('—ঠেকা')

***বাধ্য** — (বাং) বশীভূত, আজ্ঞাবহ ('মনিবের —'); যাহার অন্যথা নাই, ('হইতে বাধ্য, করিতে —')। (সং) বারণীয়।... ষ্য. **বাধ্যতা**। ... **বাধ্যবাধকতা** — (বাং) একজন অন্যের বশবর্তী এই সম্বন্ধ।

**বান** — বন্যা, জলপ্লাবন, নদী ইংতে অকস্মাৎ জলস্ফীতি। উদ্‌বায়ী, গন্ধময়, volatile, essential ('-তৈল')। (§ বেনো)

**বান, বাইন]** — একপ্রকার পাঁকাল জাতীয় মাছ।

**-বান্, -মান্** (-বৎ, -মৎ)—যুক্ত বা অন্বিত সূচক প্রত্যয়। (স্ত্রী. -বতী, -মতী। পূর্ববর্তী শব্দে অন্ত্য অ আ বা ৫ম-ভিন্ন বর্গীয় বর্ণ থাকিলে অথবা উপান্ত অ আ ম্ থাকিলে -বান্, -বতী। 'বল-বান্, দয়াবান্, কুমুদ্‌বতী, সরস্বতী, লক্ষ্মীবান্'। অন্যত্র -মান্, -মতী। 'মতিমান্, শ্রীমান্, ইন্দুমতী, বপু-ষ্মান্')

**বানককুঠি]** রেশমকুঠি।

**বানচাল]** যাহার তলা ফাঁসিয়া গিয়াছে ('নৌকা — হওয়া')

**বানপ্রস্থ** — ণ. তৃতীয় আশ্রমী, যে প্রৌঢ় বয়সে গৃহত্যাগ করিয়া বনে বাস করে। ... ষ্য. তৃতীয় আশ্রম।

**বানর** — বাঁদর, কপি, শাখামৃগ।...স্ত্রী. **বানরী**। ... ণ. **বানুরে]**

**বানা]** — তাঁতের অংশ বিঃ।

**বানাই** — বানাইবার খরচ।

**বানান** [ < বর্ণন ] শব্দের অক্ষরবিন্যাস ('—করা')

**বানানো** [ √ বানা-১১। < বর্ণ্ ] প্রস্তুত করা, রচনা করা ('ঘর, টেবিল, গল্প —')। সাদৃশ্যে পরিণত করা ('বোকা, ভেড়া —')। রাঁধিবার জন্য খণ্ড খণ্ড করা, কোটা ('তরকারি—')। ... ণ. (উক্ত সকল অর্থে)

**বানি** [ হি. বানাই ] তৈয়ারি করিবার মজুরি ('গহনার —')

**বানীর** — বঞ্জুল, বেতস, বেত।

**বানু** [ ফা ] — সম্ভ্রান্ত মহিলা।

**বান্ত** — যাহা বমন করা হইয়াছে, বমিত।

**বান্তি** — বমন।
**বান্দা** [ফা] কৃতদাস, গোলাম, চাকর। অধীন জন। (ব্যঙ্গে) লোক ('তেমন— নয়')। ... স্ত্রী. **বান্দী, বাঁদী**]
***বান্ধব**—স্বজন, আত্মীয়, বন্ধু।...স্ত্রী. **বান্ধবী**।
**বান্ধুলি / বাঁধুলি**] < বন্ধুলী, লাল ফুল বিঃ।
**বাপ** [< বপ্র] পিতা, বাবা। পুত্র-স্থানীয়কে স্নেহসম্বোধন (অনাদরে — বাপু])। ভয় বিস্ময় ইঃ সূচক ('বাপ রে')
**বাপধন** — বৎস।
**বাপক** — যে বীজ বপন করে, বপ্তা।
**বাপন** — বপন করানো। বয়ন। মুণ্ডন। ... ণ. **বাপিত**।
**বাপান্ত**] কোনও লোকের বাপকে গালি ('— করা')
**বাপী, বাপি** — পুষ্করিণী।
**বাপৃতী**]—পৈতৃক বাপঠাকুরদাদা হইতে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত।
**বাফতা** [ফা. বাফ্‌তহ্‌] রেশম ও কার্পাস মিশ্রিত বস্ত্র বিঃ।
**বাব** [ফা] — দফা, হিসাব। গ্রন্থের অধ্যায়।
**বাবই, বাবুই**] — এক প্রকার তৃণ ইহাতে উৎকৃষ্ট দড়ি হয়।
**বাবত** [আ] জন্য, দরুন ('খাইখরচ—')
**বাবরি** [ফা. ববর=সিংহ] কাঁধ পর্যন্ত ঝোলা ঢেউ-খেলানো চুল।
**বাবলা** [< বব্বুল] কাঁটাওয়ালা গাছ বিঃ, acacia (আঠায় গন্দ হয়)
**বাবা**] বাপ, পিতা। পিতাকে বা পুত্র-স্থানীয়কে সম্বোধন। দেবতা সন্ন্যাসী ইঃর উপাধি ('—তারকনাথ, পাহাড়ী-')। ভয় কষ্ট বিস্ময় ইঃ সূচক ('বাবা রে! ও বাবা!')
**বাবাজী**] সাধু সন্ন্যাসী। বৈষ্ণব সাধু। পুত্রস্থানীয়ের উপাধি (সম্মানসূচক। 'জামাতা-'। 'বাবাজীবন' — গ্রাম্য)
**বাবু**] হিন্দু ভদ্রলোকের নামের সহিত যোজ্য উপাধি ('রামবাবু')। কেরানী ('আপিসের বড়-')। ভদ্রপরিবারের কর্তা বা অন্য পুরুষ ('— বাড়ি নেই। ছোট-')। মধ্যবিত্ত মনিবকে বা ইতর কর্তৃক ভদ্রকে সম্বোধন। শৌখিন, বিলাসী ('লোকটি অত্যন্ত —')। ... **বাবুগিরি, বাবুয়ানা, -য়ানি**] বিলাসিতা, বড়মানুষী চাল।
**বাবুই**] পাখি বিঃ, weaver-bird (বুনিয়া বাসা তৈয়ার করে)। তুলসী গাছের জাতি বিঃ।
**বাবুর্চী** [তু. বাবর্চী] যে পাচক বিলাতী বা মুসলমানী খানা রাঁধে।... **বাবুর্চী-খানা**] বাবুর্চীর রান্নাঘর।
**বাম ১**—ণ. বাঁ, সব্য, দক্ষিণেতর ('—দিক্‌, হস্ত')। প্রতিকূল, বিমুখ ('বিধি —। —হাওয়া')। সুন্দর ('বামোরু')। ... ষ্য. বাঁ দিক ('বামে')। ... স্ত্রী. **বামা** (দেখ) ... **বামলোচনা**—সুনয়না।
**বাম ২** (বাঁও, ব্যাম দেখ)
**বামদেব** — মুনি বিঃ, বশিষ্ঠপুত্র শিব।
**বামন**—অত্যন্ত খর্ব লোক। বিষ্ণুর পঞ্চম অবতার। ... স্ত্রী. **বামনী**।
**বামনাই**] ব্রাহ্মণত্বের অভিমান।
**বামনী**] <ব্রাহ্মণী। (বামন, বামুন দেখ)
**বামা**—সুন্দরী। নারী। (বাম ১ দেখ) প্রতিকূলা বা বিরূপা নারী।
**বামাচার** — তান্ত্রিক সাধনপদ্ধতি বিঃ যাহাতে পঞ্চ-মকার আবশ্যক। ... **বামাচারী** (-রিন্‌)
**বামাবর্ত** — যাহা বাম দিকে ঘোরে,

counter-clockwise. **বামদিকে** আবর্ত (whorl) যুক্ত ('— শঙ্খ')।

**বামাল** [ফা] মালের সহিত ('চোর — ধরা পড়েছে')

**বামী** — হস্তিনী অশ্বা ইঃ স্ত্রীপশু।

**বামুন** ] < ব্রাহ্মণ। পাচক ব্রাহ্মণ। ... স্ত্রী. **বামনী** ]

**বামেতর** — দক্ষিণ, ডান।

**বামোরু** — সুন্দর ঊরু বিশিষ্টা।

**বায়** ] < বায়ু; বায়ুতে (পদ্যে)

**বায়না** [আ. বয়ানহ্] দাম ভাড়া মজুরি ইঃর যে অংশ অগ্রিম দেওয়া হয়, দাদন ('— দেওয়া')। কিছু অর্থ অগ্রিম দিয়া ক্রয় ইঃর অঙ্গীকার ('বাড়ি কেনার -পত্র। — করা, হওয়া')। (বাহানা দেখ)

**বায়নাক্কা** ] বিস্তারিত বিবরণ। ফর্দ।

**বায়ব, বায়বীয়, বায়ব্য** — বায়ু সম্বন্ধীয়। বায়ুতুল্য, gaseous.

**বায়স** — কাক। ... স্ত্রী. **বায়সী**।

**বাঁয়া** ] মাটি বা ধাতুর খোলের এক দিকে চামড়া দেওয়া বাদ্যযন্ত্র বিঃ, ডুগি ('বাঁয়া-তবলা')

**বায়ু** — অনিল, পবন, বাত, বাতাস, মরুৎ, মারুত, সমীর, সমীরণ, হাওয়া। দেহস্থ পঞ্চবায়ু (পঞ্চ দেখ)। দেহস্থ ধাতু বিঃ ('— পিত্ত কফ')। বাই, বায়ুরোগ, বাতিক। (§ বায়ব, বায়বীয়, বায়ব্য)। ... **বায়ুকোণ** — উত্তরপশ্চিম কোণ। ... **বায়ুগ্রস্ত** — বাতিকগ্রস্ত, পাগল। ... **বায়ুনিষ্কাশন** — কোন আধারকে নির্বতীকরণ। ... **বায়ুযন্ত্র** — পাম্প। ... **বায়ুপরিবর্তন** — স্বাস্থ্যের জন্য স্থানান্তরে গমন, হাওয়া বদল। .. **বায়ুভুক্** — সর্প। ... **বায়ুমণ্ডল** — পৃথিবীবেষ্টিত বহুযোজনব্যাপী বায়ুবলয়। ... **বায়ুসেবন** — গায়ে হাওয়া লাগানো।

**বায়োস্কোপ** [ই] চলচ্চিত্র, সিনেমা।

**বার ১** — সপ্তাহের বিভিন্ন দিন, রবি সোম ইঃ। দফা ('এই-। বার বার, প্রতি-বারে')। পালা ('— পড়া')। সমূহ, সাধারণ ('-নারী')। বারণ। ... **বার বার, বারংবার** [< বারং বারম্] পুনঃ পুনঃ। ... **বারব্রত** — বার অনুসারে খাদ্যাখাদ্য উপবাস ইত্যাদি সম্বন্ধে নিয়ম পালন।

**বার ২** (বাহির দেখ)

**বার ৩** ] সভা জাঁকাইয়া উপবেশন: দরবারে দর্শনদান ('— দেওয়া')

**বার ৪, -রো** ] দ্বাদশ, ১২ অঙ্ক বা পরিমাণ।

**বার ৫** [ই] — আদালতের আইনজীবী-দের সমাজ ও প্রতিষ্ঠান।

**বারক** — নিবারণকারী, বারয়িতা।

**বারকোশ** [ফা. -কশ] কাঠের বড় থালা।

**বারণ ১** — নিষেধ, মানা। নিবারণ, রোধ, অপসারণ। (পদ্যে ক্রি. 'বারিল')। (§ বারয়িতা, বারিত, বার্য)। ... **বারণীয়** — নিষেধযোগ্য, নিবার্য।

**বারণ ২** — হস্তী।

**বারতা** ] < বার্তা (প্রায় পদ্যে)

**বারদরিয়া** (বাং + ফা) — নদীর মোহনার অদূরবর্তী সাগর। অতুল পাথার।

**বারদিগর** ] পুনর্বার (আদালতী ভাষায়)

**বারদুয়ারী** ] — বহুদ্বারযুক্ত হলঘর।

**বারনারী, -বধূ, -বনিতা, -বিলাসিনী, -যোষিৎ** — বেশ্যা।

**বারবরদার** [ফা] ভারবাহক। ... ণ. **বার-বরদারী**। ... ষ্য. **-দারি** — ভার বহনের মজুরি। মালচালাচালির খরচ। পথ খরচ।

**বারবেলা** — সপ্তাহের বিভিন্ন দিনের যে

অংশ শুভকর্ম যাত্রা ইঃতে বর্জনীয়।
**বারভূঁইয়া, বারভুঞা**] মোগল আমলে বঙ্গদেশের বারজন পরাক্রান্ত ভৌমিক।
**বারমাস**] সারা বৎসর ধরিয়া।
**বারমাসি, বারমাসিয়া, -মাস্যা**] দ্বাদশ মাসের বর্ণনা। বার মাসের প্রাকৃতিক প্রভাবজনিত সুখদুঃখের বিবৃতি। (প্রাচীন কবিতায়)
**বারমুখ্যা** — প্রধানা বেশ্যা।
**বারমেসে**] যাহা বার মাস থাকে ঘটে বা ফলে।
**বারযোষিৎ** — বেশ্যা।
**বারয়িতা** (-তৃ) — নিবারণকারী, বারক।
**বারশিঙ্গা**] হরিণ বিঃ (প্রতি শৃঙ্গের ছয় শাখা)
**বারাঙ্গনা** — বেশ্যা।
**বারাণসী**—বনারস, কাশী (নগর ও তীর্থ। উত্তরপ্রদেশে)
**বারান্তর**—অন্য বার বা সময় ('বারান্তরে')
**বারান্দা, বারাণ্ডা** [ফা. বরাম্‌দহ্‌] ঘরের সম্মুখের চাতাল (ঢাকা বা খোলা), অলিন্দ।
**বারি** — জল। (বারী দেখ) ... **বারি-বিহঙ্গ** — জলচর পক্ষী।
**বারিক** [ই. barrack] সৈন্যদলের বাসগৃহ।
**বারিত** — নিষিদ্ধ। নিবারিত।
**বারিদ, বারিবাহ, -বাহক, -বাহন** — মেঘ।
**বারিধি, -নিধি, বারীশ, বারীন্দ্র** — সমুদ্র।
**বারী, বারি** — হস্তিবন্ধন-রজ্জু বা -স্থান।
**বারীক** [ফা] গ্রাম্যমণ্ডল। উপাধি বিঃ।
**বারুজীবী** (-বিন্‌) — **বারুই**] তাম্বুল-ব্যবসায়ী জাতি বিঃ।
**বারুই**] — মজুর বিঃ। রাঢ়দেশে যাহারা ঘর ছাওয়ায় তাহাদের বারুই বলে।
**বারুণ**—বরুণ সম্বন্ধীয়।...স্ত্রী. **বারুণী**। —পর্ব বিঃ। সুরা। পশ্চিম দিক।...
**বারুণীযোগ** — চৈত্রমাসের কৃষ্ণা ত্রয়োদশী শতভিষা নক্ষত্রযুক্ত হইলে এই শুভযোগ হয়। ... **বারুণী স্নান** — এই যোগে গঙ্গাস্নান।
**বারুদ** [তু] বন্দুক ইঃ হইতে গুলি ছুড়িবার মসলা, gunpowder. দ্রব্য।
**বারেক**] এক বার (পদ্যে)
**বারেন্দ্র** — বরেন্দ্রদেশীয়। বাঙালী ব্রাহ্মণের শ্রেণী বিঃ।
**বারো** (বার- ৪ দেখ)
**বারোঁয়া**] রাগিণী বিঃ
**বারোয়ারি** [< বারোপকারিক] পাড়ার সকলের সাহায্যে অনুষ্ঠেয় পূজা বা উৎসব।
**বার্ণিক** — লিপিকর। যে রংলাগায়।
**বর্তন** [হি] — বাসন কোসন।
**বার্তা** — সমাচার, বৃত্তান্ত ('যুদ্ধের—')। কৃষি গোরক্ষা বাণিজ্য ইঃ বিষয়ক শাস্ত্র। বৃত্তি, জীবিকা। ... **বার্তাজীব** — সংবাদপত্র সংক্রান্ত কার্যকলাপ যাহার আজীব অর্থাৎ জীবিকা। ... **বার্তাবহ** — সংবাদবাহক, দূত।
**বার্তাকু** — বেগুন।
**বার্তিক** — ণ. বার্তা বা বৃত্তি সম্বন্ধীয়। ... ষ্য· টীকা।
**বার্ধিক** — স্থপতি, রাজমিস্ত্রী।
**বার্ধক্য** — বৃদ্ধাবস্থা, জরা।
**বার্ধুষিক** — কুসীদজীবী, টাকা ধার দিয়া যে সুদ গ্রহণ করে।
**বার্নিশ** [ই. varnish] চকচকে করিবার জন্য লেপ।
**বার্য** — বারণীয়, নিবার্য। ... **বার্যমাণ** — যাহা বারণ করা হইতেছে।
**বার্লি** [ই] যব। যবের গুঁড়া।

**বার্ষিক** — বাৎসরিক, যাহা প্রতিবৎসর ঘটে ('— উৎসব')। প্রতিবৎসরে দেয় ('— চাঁদা, দক্ষিণা')। ... স্ত্রী. **-কী।**

**বাষ্ণেয়** — বৃষ্ণিবংশজাত। **যেমন** — শ্রীকৃষ্ণ, সাত্যকি।

**বার্হস্পত্য*** — বৃহস্পতি সম্বন্ধীয়।

**বাল*** — বালক ('-গোপাল')। (§ বাল্য)। ... **বালচর্যা** — শিশুপালন। ... **বালবিধবা** — বালিকা অবস্থায় বিধবা। ... **বালভাষিত** — বালকের উক্তি। ... **বালভোগ** — বালগোপালের প্রাতঃকালীন ভোগ। ... **বালরোগ** — শিশুর রোগ। **বালসুলভ** — বালকের স্বভাবসিদ্ধ, ছেলেমানুষী। . **বালসূর্য** — নবোদিত সূর্য বালার্ক।

**বালক*** — শিশু, অপ্রাপ্তযৌবন পুরুষ। (সং) যাহার বয়স ১৬ বৎসরের অনধিক। ... য্য. **-ত্ব, -ত্ব।** ... স্ত্রী. **বালিকা।**

**বালখিল্য*** — পুরাণোক্ত অংগুষ্ঠপ্রমাণ ঋষি বিঃ (সংখ্যায় ষাট হাজার)

**বালতি** [পো. balde] উপরে হাতল দেওয়া টবের তুল্য জলপাত্র।

**বালদো**] তাল নারিকেল ইঃর সপত্র শাখা, বাইল।

**বালভু**] -- বল্লভ (প্রা—সা)

**বালসানো** [√ বাল্‌সা-১৭] শিশুর অসুস্থ হওয়া।

**বালা ১*** — বালিকা, তরুণী, যুবতী ('ব্রজ-')। কন্যা। (সং) যে স্ত্রীর বয়স ১৬ বৎসরের অনধিক।

**বালা ২**] < বলয়, হাতের গহনা বিঃ।

**বালাই** [আ. বলা] অমংগল ('— নিয়ে মরি')। বিঘ্ন ('— এসে জুটেছে')। অশুভসূচক উক্তির খণ্ডনার্থ প্রত্যুক্তি ('বালাই, মরবে কেন')

**বালাখানা** [ফা. -খানহ্‌] উপরতলার ঘর।

**বালাপোশ** [ফা] তুলাভরা গায়ের কাপড় বিঃ, রেজাই।

**বালাম**] চাউল বহিবার নৌকা বিঃ (নোয়াখালি বাকরগঞ্জ ইঃ স্থানের)। ঐ অঞ্চলের চাউল বিঃ (উক্ত নৌকায় বাহিত)

**বালামচি, বালাঞ্চি**] ঘোড়ার লেজের বা কাঁধের চুল।

**বালার্ক*** — নবোদিত সূর্য, বালসূর্য।

**বালি** [< বালিকা, বালুকা] বালুকা, সিকতা। (বালী দেখ)

**বালিকা*** — বালা (দেখ) ছোট মেয়ে।

**বালিয়া, বেলে**] — এক প্রকার মাছ।

**বালিয়াড়ি**] বালির ঢিবি বা পাহাড় (সমুদ্রতীরবর্তী স্থানে)

**বালিশ ১** — মূর্খ, অর্বাচীন।

***বালিশ ২** — উপাধান ('মাথার —, পাশ-')

**বালী*** (-লিন্‌), **বালি*** — বানররাজ, সুগ্রীবের অগ্রজ, রাম কর্তৃক নিহত।

**বালু, বালুকা*** — বালি, সিকতা। ... **বালুচর** -- বালির চড়া।

**বালুশাই**] — গজার পাকে তৈরী এক-প্রকার মিঠাই।

**বালেন্দু*** — অমাবস্যার পরে দৃষ্ট নব চন্দ্রকলা।

**বাল্মীকি** — রামায়ণকার মুনি, আদিকবি। (বল্মীক অর্থাৎ উইএর ঢিবি হইতে পুনর্জাত।)

**বাল্য*** -- শৈশব, ছেলেবেলা। (সং) ষোড়শ বর্ষ পর্যন্ত বয়ঃক্রম। ('-কাল। বাল্যাবস্থা, আবাল্য')। ... **বাল্যবন্ধু** — বালককাল হইতে যাহার সংগে মিত্রতা। ... **বাল্যবিবাহ** — অল্পবয়সে দার-পরিগ্রহ। ... **বাল্যভোগ** — শ্রীকৃষ্ণের

মন্দিরে প্রাতঃকালীন ভোগ।

**বাশ** (বাশি)] — ছুতারের কুঠার।

**বাশিষ্ঠ** — বশিষ্ঠগোত্র জাত।

**বাশুলী** — বাগীশ্বরী। কবি চণ্ডীদাসের পূজিতা দেবী।

**বাঁশ**] < বংশ, তৃণ জাতীয় বৃহৎ বৃক্ষ বিঃ। ... **বাঁশগাড়ি**] জমির সীমা-নির্দেশের জন্য বাঁশ বা খুঁটি গাড়া।

**বাঁশবাজি** — বাঁশ পুঁতিয়া তাহার উপর উঠিয়া কসরৎ দেখানো।

**বাঁশরি**] **বাঁশি** (প্রায় পদ্যে)

**বাঁশি, -শী**] <বংশী, ফুঁ দিয়া বাজাইবার যন্ত্র বিঃ।

**বাষ্প*** — ভাপ, উত্তপ্ত জল ইঃ হইতে নির্গত ধূমাকার পদার্থ, vapour. বায়ুর আকার প্রাপ্ত জল, steam. অশ্রু ('-গদ্‌গদকণ্ঠ। -মোচন। বাষ্পাকুল')। আভাস, লেশ (বাষ্পও জানি না')। ... **বাষ্পপোত** — স্টীমার। ... **বাষ্পযান, -রথ, -শকট** — রেল-গাড়ি। ... **বাষ্পীয়** — বাষ্প সম্বন্ধীয়। বাষ্পচালিত।

**বাষ্পবেদ** — উদ্গত অশ্রু।

**বাষ্পায়মাণ** — বাষ্পে পরিণত।

**বাস্, বাস** (বস্, বাইস দেখ)

**বাস ১** — অবস্থান ('— করা। বন-। -গৃহ')। নিবাস, বাসস্থান ('আদি-। — ওঠা, তোলা')। বস্ত্র, বসন ('পীত-, জীর্ণ-')। সুগন্ধ, সৌরভ ('ফুলের —')। (§ বাসিত)

**বাস ২** [ই. bus] যাত্রী বহিবার বড় মোটর গাড়ি।

**বাসক** — বাকস, ছোট গাছ বিঃ (ঔষধ)। সুগন্ধকারক। বেশভূষা।

**বাসকসজ্জা, বাসসজ্জা** — নায়কসমাগম-প্রত্যাশায় সজ্জিতা নায়িকা।

**বাসন ১** — সুগন্ধীকরণ। রন্ধন ভোজন পূজা ইঃর পাত্র ('কাঁসার, মাটির —। -কোসন')। (§ বাসিত)

**বাসন ২** — বাসকরানো। (পুনর্ —)।

**বাসনা ১** — অভিলাষ, কামনা। প্রত্যাশা।

**বাসনা ২**] কলাগাছ ইঃর ছাল।

**বাসন্তিক, বাসন্ত** — বসন্তকালীন।

**বাসন্তী ১** — স্ত্রী. দুর্গা। ... ণ· **বসন্ত-**কালীন। নারঙ্গ বা হলদে রঙের।

**বাসন্তী ২** — বসন্তকালে পূজিতা **মহা-**দেবী।

**বাসব** — ইন্দ্র।

**বাসমতী** — একপ্রকার সুবাসিত চাউল।

**বাসর ১** — দিবস ('শ্রাদ্ধ-')। বার ('রবি-')

**বাসর ২** [< বাসগৃহ] যে ঘরে বরকন্যা বিবাহরজনী যাপন করে ('-ঘর। — জাগা')

**বাসা ১** [< বাস] **বাসস্থান**। ভাড়াটে বাড়ি ('-বাড়ি। — করা')। নীড়, কুলায় ('পাখির —')। জন্তুর বাসস্থান ('বাঘের, সাপের —')

**বাসা ২** [√ বাস্-৭। < বস্] বোধ করা ('ভালবাসা'। পদ্যে — 'তারে বেসেছি ভাল'। অন্য শব্দের সহিত যুক্তপ্রয়োগ বিরল — 'ভয় বাসা')

**বাসিত** — সুবাসিত।

**বাসিন্দা** [ফা. বাশিন্দ] নিবাসী ('গ্রামের, বাড়ির —')

**বাসী ১** (-সিন্) — বাসকারী।

**বাসী ২** [< বাসিত] ধৌত ('— করা কাপড়')

**বাসী ৩**] পর্যুষিত, টাটকা নয়, পূর্বদিনের ('— ভাত, ফুল, মড়া')। পূর্বদিনে ব্যবহৃত, অপরিষ্কৃত ('— ঘর, কাপড়)। ... **বাসীমুখ**—প্রভাতে শয্যাত্যাগের পর আধোয়া মুখ। ... **বাসী বিয়ে**]

বিবাহের পরদিনের অনুষ্ঠান বিঃ, "বাস বিয়ে"।

**বাসুকি** — নাগরাজ।

**বাসুদেব** — বসুদেবপুত্র, কৃষ্ণ।

**বাস্তব** — ণ. প্রকৃত, যথার্থ, যাহার সত্তা আছে। ... ষ্য. সত্য, truth, reality. ... **বাস্তবিক** — প্রকৃত, যথার্থ।

**বাস্তব্য** — বাসের যোগ্য। যাহাকে বাসে স্থাপিত করা যায়।

**বাস্তু** — বাসস্থান। বাসগৃহ। পৈতৃক বাসভূমি, ভিটা; বংশানুক্রমে অধ্যুষিত আবাস ('-দেবতা'। '-ঘুঘু, -সাপ' — যে ঘুঘু বা সাপ বহুকাল হইতে বাস্তুতে বাস করে)। ... **বাস্তুকর্ম** — গৃহাদি নির্মাণ। ... **বাস্তুকার**—যে গৃহ রাস্তা বাঁধ ইঃ নির্মাণ করে, *civil engineer*. ... **বাস্তুপুরুষ**— বাস্তুর অধিষ্ঠাতা দেবপুরুষ। ... **বাস্তুযাগ**—বাস্তুশুদ্ধির জন্য অনুষ্ঠিত যজ্ঞ। ... **বাস্তুহারা**—যে নিজের পৈতৃক বাস্তুভিটা ত্যাগ করিতে বাধ্য হইয়াছে।

**বাহ ১, বাহক** — যে বহন করে ('ভারবাহ, -বাহক। সংবাদবাহক')। সারথি।

**বাহ ২** — অশ্বাদি ভারবাহী পশু।

**বাহন** — যাহাদ্বারা বহন করানো হয়; যাহাতে চড়িয়া যাওয়া যায়; যান (যথা —হাতি ঘোড়া পালকি। বিষ্ণুর বাহন গরুড়)। (§ বাহিত, বাহ্য)

**বাহবা, বাহা** [ফা. বা.হ্] প্রশংসাসূচক উক্তি, বাঃ, **শাবাশ**।

**বাহাত্তুরে**] ৭২ বৎসর বয়স্ক, অকর্মণ্য বৃদ্ধ যাহার বল বুদ্ধি নাই।

**বাহাদুর** [ফা] কৃতী, যে দুঃসাধ্য কর্ম করিয়াছে, বীর, প্রশংসার্হ। উপাধি বিঃ ('রায়-, রাজা-')। ... ষ্য. **বাহাদুরি**] ('—করা, দেখানো')। ... **বাহাদুরী** কাঠ] শাল প্রভৃতির বড় গুঁড়ি।

**বাহানা/বায়না** [ফা. বহানাহ্ = ওজর] আবদার, নিরন্তর সনির্বন্ধ প্রার্থনা (আদুরে ছেলে পত্নী ইঃর। '— করা, ধরা')। ছুতা, ওজর।

**বাহবা** — বিস্ময় সূচক অব্যয়। সাধুবাদ।

**বাহা** — তৃপ্তিসূচক অব্যয়।

**বাহার** [ফা. বহার=বসন্ত ঋতু] শোভা। সংগীতের রাগিণী বিঃ। ... **বাহারিয়া**— চটকদার।

**বাহাল** [ফা-আ. ব-হাল] বজায়, অপরিবর্তিত ('পূর্বের ব্যবস্থা—রাখা। — তবিয়ত')। প্রতিষ্ঠিত ('নূতন নিয়ম — করা')। নিযুক্ত ('অমুককে কাজে — করা')।... **বাহালী পরওয়ানা** (ফা) — নিয়োগপত্র। বিপঃ—বরখাস্ত।

**বাহিত** — যাহা বহন করানো হইয়াছে, নীত, চালিত। যাহা বহন করা হয় ('মনুষ্য- যান')। প্রবাহিত।

**বাহিনী**—সেনা, সৈন্যদল, army. বহন-কারিণী। প্রবাহিণী, নদী।

**বাহির / বার, বের** [< বহিস্] ষ্য. বহির্ভাগ, বহির্দেশ ('ভিতর—সমান'।) ... ণ. বহির্দেশস্থ ('-দরজা, -বাড়ি')। বহির্ভূত, অতীত ('কাজের, শাসনের — হওয়া')। আধার হইতে বহিষ্কৃত; প্রকাশিত, প্রদর্শিত ('টাকা, রস, বিদ্যা, পরীক্ষার ফল, দোষ — করা, হওয়া')। নির্গত, দূরীকৃত ('নরদমার জল — করা')। নিষ্ক্রান্ত ('ঘর থেকে—হওয়া')। শাসিত, নিবারিত ('বজ্জাতি — ক'রে দেব')। ... **বাহিরে/বাইরে**] বহির্দেশে, অন্য স্থানে ('ঘরে-')

**বাহিরায়** [√বাহিরা-১৩। পদ্যে] বাহির হয়। ... **বাহিরিল** [< বাহির্-৯। পদ্যে] বাহির হইল।

**বাহী** (-হিন্) — বহনকারী, বাহক।... স্ত্রী. **বাহিনী** (দেখ)

***বাহু** — ভুজ, কাঁধ হইতে হাতের আঙুল পর্যন্ত। ত্রিকোণাদি ক্ষেত্রের পার্শ্ব।... **বাহুপাশ** — দুই হাত দিয়া বাঁধিয়া রাখা। ... **বাহুবল** — হাতের বা গায়ের জোর। ... **বাহুমূল** — বগল, কক্ষ।... **বাহুযুদ্ধ** — মল্লযুদ্ধ, কুস্তি।

**বাঁহুক]** — ভার বহনে বাঁক (প্রাঃ সা)

**বাহুড়িয়া]** — ফিরিয়া (প্রা-সা)

**বাহে** — উত্তরবঙ্গে প্রচলিত সম্বোধনসূচক অব্যয়।

***বাহুল্য** — বহুলতা, আধিক্য, অতিরেক।

***বাহ্য ১** — বহিস্থ, বাহিরের ('-জগৎ')। ... **বাহ্যজ্ঞান** — বহির্বিষয়ের জ্ঞান। চেতনা। ... **বাহ্যেন্দ্রিয়** — বহিরিন্দ্রিয় (দেখ)

**বাহ্য ২** — বহনীয়। ... **বাহ্যমান** — যাহা বহন করা হইতেছে।

**বাহ্য ৩** — গৌণ, অপ্রধান, (এহ — আগে কহ) (প্রা-সা)

**বাহ্য ৪** — বাহ্যজ্ঞান, চৈতন্য (প্রা-সা)

**"বাহ্যে"]** মল। দাস্ত ('— করা, পাওয়া')

**বাহ্লীক, -হ্লী-** — আফগানিস্তানের উত্তর-পশ্চিমস্থ প্রাচীন দেশ বিঃ, বাল্‌খ। মহাভারতের একজন রাজার নাম।

***বাহ্বাস্ফোট** — বাহুতে চপেটাঘাত, তাল ঠোকা, মালসাট।

**বি-** — অভাব বৈপরীত্য বিকার আধিক্য বিশেষ ইঃ সূচক উপসর্গ।

**বিউনি, ১ বিউনী]** — বীজনী, হাতপাখা।

**বিউনি, ২ বিউনী]** ব্যয়নী। বেণীবন্ধন, নারীদের কেশের পারিপাট্য সাধন।

**বিউলি** [< বিদলিত] খোসা-তোলা মাষকলাই।

**বিংশতি** — বিশ, কুড়ি। ... **বিংশ, বিংশতিতম** — ২০ সংখ্যার পূরক।

**বিকচ** — বিকশিত। কচশূন্য (কচ—কেশ) কেশহীন।

**বিকট** — উৎকট, বেয়াড়া, ভীষণ ('— হাস্য, মুখভঙ্গী, মূর্তি')। বৃহৎ।

**বিকনো** (বিকানো দেখ)

**বিকম্পিত** — অতিশয় কম্পিত।

**বিকরাল** — অতি ভীষণ।

**বিকর্ণ** — দুর্যোধনের অন্যতম ভ্রাতা।

**বিকর্তন** — সূর্যদেব।

**বিকর্ষণ** — (বিজ্ঞানে) আকর্ষণের বিপরীত, বিপ্রকর্ষণ, repulsion (সং) **আকর্ষণ।** ... ণ. **বিকৃষ্ট।**

**বিকল** — কলাহীন, অংশহীন, অসম্পূর্ণ ('বিকলাঙ্গ')। যাহা বিগড়াইয়া গিয়াছে, অচল, অসমর্থ ('যন্ত্র, শরীর — হওয়া')। ব্যাকুল, বিহ্বল ('— মন')। ... ষ্য. **বিকলতা, বৈকল্য।**

**বিকলা** — কলার ১/৬০ অংশ, second.

**বিকল্প** — বিভিন্ন কল্পনা, ভেদবুদ্ধি, সংশয়। (ব্যাকরণে) একাধিক রূপ, বিভাষা (যথা — 'বিকাশ' বিকল্পে 'বিকাস')। (§ বৈকল্পিক)

**বিকশিত** (বিকসিত বিরল) — বিকাশপ্রাপ্ত, প্রস্ফুটিত।

**বিকানো / বিকনো** [√ বিকা-১৩। < বি-ক্রী] বিক্রীত হওয়া।

**বিকার** — স্বাভাবিক অবস্থার পরিবর্তন, বৈগুণ্য, ভাবান্তর ('দেহের, মনের—')। বিকৃতি, গাঁজিয়া বা পচিয়া যাওয়া। পরিবর্তনের ফলে উৎপন্ন বস্তু ('দুগ্ধের — দধি')। জ্বরাদি রোগে **প্রলাপ,** delirium. (§ বিকৃত)। ... **বিকারী** (-রিন্) — বিকারশীল, **পরিবর্তন-শীল।** ... **বিকার্য** — বিকারযোগ্য, **পরিবর্তনীয়।**

**বিকাল, বৈকাল** — "বিকেল", অপরাহ্ণ ('— বেলা')। (§ বৈকালিক, বৈকালী, বৈকালীন)

**বিকাশ** (বিকাস বিরল) — উন্মেষ, অভিব্যক্তি, প্রকাশ ('কুসুমের, সৌন্দর্যের, বুদ্ধির। —। দন্ত-')। (§ বিকশিত)। ... **বিকাশন** — প্রকাশ হওয়া, প্রস্ফুটন।

**বিকিকিনি**] বেচা-কেনা।

**বিকিরণ** — বিক্ষেপণ, ছড়ানো; radiation ('আলোক-')। ... ণ. **বিকীর্ণ**। ... **বিকীর্যমাণ** — যাহা ছড়ানো হইতেছে।

**বিকৃত** — বিকারপ্রাপ্ত, যাহা স্বাভাবিক অবস্থায় নাই, দোষগ্রস্ত ('— মস্তিষ্ক, দুগ্ধ, বর্ণ, কণ্ঠ')। বিরূপ ('-মুখ')। ... ষ্য. **বিকৃতি**।

**বিকৃষ্ট** (বিকর্ষণ দেখ)

**বিক্রম** — পরাক্রম, বল, প্রতাপ। (§ বিক্রান্ত)। ... **বিক্রমাদিত্য** — উজ্জয়িনীর রাজা বিঃ। কয়েকজন প্রাচীন রাজার উপাধি। ... **বিক্রমাব্দ** — সংবৎ।

**বিক্রমী** (-মিন্) — বিক্রমশালী, বীর।

**বিক্রয়** — বিক্রি, বেচা। (§ বিক্রীত, বিক্রেতা, বিক্রেয়)। ... **বিক্রয়ী** (-য়িন্), **বিক্রয়িক** — বিক্রেতা।

**বিক্রান্ত** — বিক্রমশালী।

**বিক্রি**] < বিক্রয়।

**বিক্রিয়া** — বিকার, বিকৃতি।

**বিক্রীড়িত** — বিবিধ ক্রীড়া, gambol ('শার্দূল- ছন্দ')

**বিক্রীত** — যাহা বেচা হইয়াছে।

**বিক্রেতা** (-তৃ) — যে বেচে। ... স্ত্রী. **বিক্রেত্রী**।

**বিক্রেয়** — বিক্রয়যোগ্য, পণ্য।

**বিক্ষত** — আহত, আঘাতজনিত ক্ষত বিশিষ্ট।

**বিক্ষিপ্ত** — বিকীর্ণ, ছড়ানো। অনিবিষ্ট, অস্থির ('-চিত্ত')

**বিক্ষুব্ধ** — আলোড়িত, চঞ্চল, অস্থির।

**বিক্ষেপ** — ছড়ানো, ইতস্ততঃ নিক্ষেপ। প্রকৃতিস্থতার হানি। অস্থিরতা ('চিত্ত-')। (§ বিক্ষিপ্ত)

**বিক্ষোভ** — আলোড়ন, চাঞ্চল্য, অস্থিরতা ('সমুদ্রের, মনের —')। অসন্তোষ প্রকাশ (§ বিক্ষুব্ধ)

**বিখ**] — বিষ (ব্রজবুলি)

**বিখ্যাত** — অতিশয় খ্যাত, প্রসিদ্ধ। ... ষ্য. **বিখ্যাতি**।

**বিগড়ানো / বিগড়নো** [√ বিগ্‌ড়া-১৮। < বি-কট্] বিকৃত বা খারাপ হওয়া 'দুধ, কল, মাথা, মেজাজ, চরিত্র —')। প্রতিকূল হওয়া ('সাক্ষীরা বিগড়েছে')। দুষ্ট বা নষ্ট করা ('ছেলেকে —')। প্রতিকূল করা ('সাক্ষীকে —')

**বিগত** — প্রস্থিত, অতীত ('-যৌবন, -শ্রী, -স্পৃহ')

**বিগম** — অপগম, অবসান। নাশ।

**বিগর্হণ, -ণা** — নিন্দা, তিরস্কার, কলঙ্ক। ... ণ. **বিগর্হিত**।

**বিগলিত** — যাহা গলিয়া গিয়াছে ('— তুষার')। ক্ষরিত ('অশ্রু —')। স্খলিত ('— বসন')

**বিগীত** — নিন্দিত।

**বিগুণ** — গুণহীন। প্রতিকূল। বিকৃত। (§ বৈগুণ্য।)

**বিগ্ন** — উৎকণ্ঠিত, উদ্‌বিগ্ন।

**বিগ্রহ** — দেবতার মূর্তি। যুদ্ধ। দেহ। বিভাগ। বিস্তার। ... **বিগ্রহপ্রতিষ্ঠা** — মন্দিরে দেবমূর্তির সংস্থাপন নিত্যসেবার জন্য। ... **বিগ্রহবাক্য** — যে বাক্যের দ্বারা সমাসবদ্ধ পদকে বিশ্লেষণ করা হয়। ব্যাসবাক্য।

**বিঘটন** — বিশ্লেষণ। ধ্বংস। ... ণ. **বিঘটিত।**

**বিঘট্টন**—আলোড়ন, আন্দোলন। **সংঘর্ষণ।**

**বিঘত]** < বিতস্তি, হাতের বুড়ো আঙুল হইতে কড়ে আঙুল **পর্যন্ত** বিস্তার। দ্বাদশাঙ্গুলি (মতান্তরে আধ হাত)

**বিঘা** [< বিগ্রহ] ভূমির পরিমাণ বিঃ, কুড়ি কাঠা (প্রায় ⅓ একার)

**বিঘিনি]** — বিঘ্ন (ব্রজবুলি)

**বিঘোর, বেঘোর]** নিরুপায় সংকটময় অবস্থা ('বিঘোরে মারা গেল')। বেহুঁশ অবস্থা ('বেঘোরে ঘুমুচ্ছে')

**বিঘ্ন** — বাধা, ব্যাঘাত, প্রতিবন্ধ। ...

**বিঘ্ননাশন, -হারী** (-রিন্) — গণেশ। ... **বিঘ্নিত** — বিঘ্নপ্রাপ্ত।

**বিচক্ষণ** — বিশদদর্শী, দূরদর্শী, অভিজ্ঞ, কার্যদক্ষ। জ্ঞানী, পণ্ডিত। ... ষ্য. **-তা, বৈচক্ষণ্য।**

**বিচঞ্চল** — অতি চঞ্চল।

**বিচয়ন, বিচয়** — একত্র করণ, সংগ্রহ। অনুসন্ধান। ... ণ. **বিচিত।**

**বিচরণ** — ইতস্ততঃ ভ্রমণ।

**বিচল** — চঞ্চল, অস্থির। ... **বিচলিত** — চঞ্চল, অস্থির। যে নাড়া পাইয়াছে ('-চিত্ত। রোগীকে — করা')। ভ্রষ্ট, স্খলিত ('প্রতিজ্ঞা, ধর্মপথ হইতে—')। ... ষ্য. **বিচলন।**

**বিচার** — বিবেচনা, যুক্তিপ্রয়োগ। তর্ক। মীমাংসা, তত্ত্বনির্ণয়। ন্যায়অন্যায় নিরূপণ, ('আদালতে —')। (পদ্যে ক্রি. 'বিচারিল')। ... **বিচারক** — যে বিচার করে। বিচারপতি, ন্যায়াধীশ, জজ। ... **বিচারণ, -ণা** — বিবেচনা, বিচার করণ। ... **বিচারণীয়, বিচার্য** — বিচারযোগ্য বিবেচ্য, ধার্য। ... **বিচারপতি** — জজ, বিচারক। ... **বিচারফল** — রায়। বিচারকের সিদ্ধান্ত। ... **বিচারমল্ল** — তর্কযুদ্ধে বিজয়ী হওয়ার জন্য যে তার্কিক পণ্ডিত পণ্ডিতসমাজকে আহবান করিয়া বেড়ায়। ... **বিচারালয়** — আদালত, ন্যায়ালয়। ... **বিচারিত** — যাহার বিচার করা হইয়াছে।

**বিচালি]** ধান ইঃর খড়।

**বিচি, বীচি]** < বীজ, ছোট আঁটি।

**বিচিকিৎসা** — সন্দেহ। ভ্রম।

**বিচিত** (বিচয়ন দেখ)

**বিচিত্র** — নানাবর্ণযুক্ত, নকশাদার ('— বসন')। সুন্দর, মনোহর ('— শোভা, ভঙ্গী')। বিবিধ আশ্চর্যজনক বিষয় সমন্বিত, বিস্ময়কর ('—জগৎ, লীলা, কথা')। ... ষ্য. **-তা, বৈচিত্র্য।** ... স্ত্রী. **বিচিত্রা।** ... **বিচিত্রিত** — নানা বর্ণে বা প্রকারে চিত্রিত।

**বিচূর্ণ** — সম্যক্ চূর্ণ। ... **বিচূর্ণিত** — সম্যক্ চূর্ণিত।

**বিচেতন** — অচেতন।

**বিচ্ছিন্ন** — সম্যক্ ছিন্ন। বিযুক্ত, বিভক্ত।

**বিচ্ছু** [হি] < বৃশ্চিক, কাঁকড়াবিছা, scorpion. (অশিঃ) চতুর অনিষ্টকারী লোক।

**বিচ্ছুরণ** — অনুলেপন, রঞ্জন। (বিজ্ঞানে) আলোকরশ্মির নানাবর্ণে বিশ্লেষণ, dispersion (যথা ত্রিপার্শ্ব-কাচ হীরক ইঃর দ্বারা)। ... ণ. **বিচ্ছুরিত।**

**বিচ্ছেদ** — বিয়োগ, বিরহ, ছাড়াছাড়ি। পার্থক্য, বিভাগ। বিরাম।

**বিচ্যুত** — স্খলিত, পতিত। ... ষ্য. **বিচ্যুতি।**

**বিছা]** < বৃশ্চিক। ('কাঁকড়া-' — scorpion. 'তেঁতুলে-' — centipede জাতীয়)

**বিছানা** [< বিচ্ছাদন-] শয্যা ('—পাতা,

করা, তোলা')। বসিবার জন্য আস্তরণ।

**বিছানো** [ < বিছা-১৩। < বি-ছদ্] বিস্তার করা, পাতা; বিন্যস্ত করা ('গালিচা —। রাস্তায় খোয়া, ছাদে টালি —')। ... ণ. বিস্তৃত।

**বিছুটি, বিছুতি** [ < বৃশ্চিকালী] বন্য গাছ বিঃ যাহা ছুঁইলে চুলকায় ও জ্বালা করে।

**বিজন** — জনহীন।

**বিজনন** — উৎপত্তি। প্রসব।

**বিজন্মা** (-ন্মন্) বেজন্মা, বিজাত, জারজ।

**বিজবিজ**] বীজতুল্য বহু বস্তুর বা কীটাদির ভাব প্রকাশ ('—করা')

**বিজয়** — জয়, জিত ('-লাভ')। পররাজ্যাধিকার ('দিগ্বিজয়')। (§ বিজিত, বিজেতা, বিজেয়, বৈজয়িক)। ... **বিজয়ী** (-য়িন্) — জয়ী। ... **স্ত্রী**. **বিজয়িনী**।

**বিজয়া** — দুর্গার সখী বিঃ। দুর্গাপ্রতিমা বিসর্জনের তিথি ('-দশমী')

**বিজয়া** — সিদ্ধি, ভাঙ।

**বিজর** — জরারহিত।

**বিজলী, -লি**] < বিদ্যুৎ ('মেঘে —। -বাতি') (§ বিজুলী, -রী)

**বিজল্প** — প্রলাপ।

**বিজুরী**] — বিজলী, বিদ্যুৎ (প্রা-সা)

**বিজাত** — জারজ, বিজন্মা।

**বিজাতি** — অন্যজাতি, অন্যধর্মী। ... **বিজাতীয়** — অন্য জাতি বা ধর্ম সম্বন্ধীয় ('—পরিচ্ছদ, আচারব্যবহার')। বিষম, অত্যন্ত ('— ক্রোধ')। ... ষ্য. **বিজাতীয়তা**। **বৈজাত্য**।

**বিজিগীষা** — বিজয়েচ্ছা, জয়লাভের ইচ্ছা। ... **বিজিগীষু** — বিজয়েচ্ছু।

**বিজিত** — পরাজিত ('— শত্রু')। যাহা জয় করা হইয়াছে ('— রাজ্য')। ... স্ত্রী. **বিজিতা**।

**বিজুলী, বিজুরী, -লি, -রি**] বিজলী (পদ্যে)

**বিজৃম্ভণ**—হাই তোলা। বিস্তার, বিকাশ। ... **বিজৃম্ভিত** — বিস্তারিত, বিকশিত।

**বিজেতা** (-তৃ) — যে জয় করে। ... **স্ত্রী**. **বিজেত্রী**।

**বিজেয়** — জয় করিবার যোগ্য।

**বিজোড়**] জোড়হীন, অযুগ্ম। জোড়ার একটি। যে সংখ্যা ২ দিয়া ভাগ করা যায় না, **বিষম**, odd.

**বিজ্ঞ** — জ্ঞানী, অভিজ্ঞ, **বিচক্ষণ**।

**বিজ্ঞপ্তি, বিজ্ঞাপ্তি** — বিজ্ঞাপন, সূচনা। জানানো, নিবেদন।

**বিজ্ঞাত** — বিশেষরূপে জ্ঞাত, অবগত। খ্যাত ('বিশ্ব-')

**বিজ্ঞান** — বিশেষ জ্ঞান। পরীক্ষা **প্রমাণ** যুক্তি ইঃ দ্বারা নির্ণীত শৃঙ্খলিত জ্ঞান, পদার্থবিদ্যা রসায়ন জ্যোতিষ গণিত জীববিদ্যা মনোবিদ্যা ইঃ, science ('জড়-, মনো-')। যে বিদ্যার দ্বারা কর্মবিশেষে পটুতা জন্মে ('চিকিৎসা-, সংগীত-')। বুদ্ধি। (§ বৈজ্ঞানিক)। ... **বিজ্ঞানী** (-নিন্) — বিজ্ঞানবিৎ, scientist.

**বিজ্ঞানভিক্ষু** — বেদান্তের **বিখ্যাত** ভাষ্যকার।

**বিজ্ঞানাগার** — বৈজ্ঞানিক শিক্ষার জন্য পরীক্ষাগার।

**বিজ্ঞাপন** — জানানো। জনসাধারণকে জ্ঞাপন, সূচনা, তদুদ্দেশ্যে লেখন, ইস্তাহার ('— দেওয়া, প্রকাশ করা')। ... **বিজ্ঞাপনী** — (বাং) বিজ্ঞাপনলিপি। ... **বিজ্ঞাপনীয়** — বিজ্ঞাপনের যোগ্য। ... **বিজ্ঞাপিত** — যাহা জানানো

হইয়াছে। বিজ্ঞাপনদ্বারা প্রচারিত।
**বিজ্ঞাপ্ত** (বিজ্ঞপ্ত দেখ)
**বিজ্ঞেয়** — বিশেষরূপে জ্ঞাতব্য।
**বিজ্বর** — জ্বরহীন।
**বিট** — বিটলে, ধূর্ত, লম্পট। গন্ধকগন্ধ কৃত্রিম লবণ বিঃ।
**"বিটকেল"**] বিশ্রী, কুৎসিত, কদর্য।
**বিটঙ্ক** — পায়রা ইঃ থাকিবার স্থান, কপোতপালিকা। পক্ষী ধরিবার ফাঁদ।
**বিটপ** — শাখা। ... বিটপী (-পিন্) — বৃক্ষ।
**বিটপালঙ**] — একপ্রকার কন্দযুক্ত শাক।
**বিটলে, বিটেল**] < বিট, ধূর্ত, দুষ্ট ('বিটলে বামুন। ভক্তবিটেল'। 'বিটল, বিটলা' প্রাঅপ্রঃ)
**বিটোল**] — যাহা টোল খায় নাই।
**বিড়ঙ্গ** — ফল বিঃ আয়ুর্বেদীয় ঔষধে প্রয়োজনীয়।
**বিড়বিড়**] অস্পষ্ট বা অনুচ্চ স্বরে কথা ('— করা')
**বিড়ম্বন, বিড়ম্বনা** — বঞ্চনা ('বিধির —')। অনর্থক কষ্টভোগ। অনুকরণ। ... **বিড়ম্বিত** — বঞ্চিত। কষ্টপ্রাপ্ত। অনুকৃত।
**বিড়া / বিড়ে, বিঁড়ে**] কলসী বসাইবার বা মাথায় ভার বহিবার জন্য খড় কাপড় ইঃর বেড় বা গদি। ২০ গণ্ডা বা এক গোছা পান। জমিতে কাটাধানের আঁটি।
**বিড়াল*** (বিরাল বিরল) — বেরাল, মার্জার। (§ বৈড়াল)।... স্ত্রী. **বিড়ালী**। ... **বিড়ালতপস্বী** — ভণ্ডতপস্বী।
**বিড়ি** [< বীটী] কেন্দু তমাল ইঃর পাতায় মোড়া দেশী চুরুট বিঃ। পানের খিলি (প্রাঅপ্রঃ)
**বিড়োজা** (বিড়োজস্) — দেবরাজ ইন্দ্র।
**-বিৎ, -বিদ্** — যে জানে, বেত্তা ('শাস্ত্র-')
**বিতং**] — বিস্তারিত বিবরণ।
**বিতংস, বীতংস** — পাখি ইঃ ধরিবার ফাঁদ বা জাল বা রজ্জু। খাঁচা।
**বিতণ্ডা** — মিথ্যা বিচার, বাজে তর্ক। ... **বিতণ্ডী** — কুতার্কিক।
**বিতত** — বিস্তৃত, প্রসারিত, ব্যাপ্ত। ... ষ্য. **বিততি**।
**বিতথ, বিতথ্য** — মিথ্যা। বৃথা। যাহা যথাযথ নয়।
**বিতদ্রু** — প্রাচীন নদী বিঃ (পঞ্জাবে)
**বিতরণ** — বণ্টন, বিলানো, ভাগ করিয়া বহুলোককে দান। ... ণ. **বিতরিত**] (অশুপ্রঃ। শুদ্ধ — বিতীর্ণ)
**বিতর্ক** — বিচার, বাদানুবাদ। সন্দেহ।
**বিতর্কিতা** — বাদানুবাদের দ্বারা আলোচনা।
**বিতল** — পাতাল বিঃ।
**বিতস্তা** — পঞ্জাবের নদী বিঃ, আধুনিক ঝিলম।
**বিতস্তি** — বিঘত (দেখ) বারো অঙ্গুলি পরিমাণ।
**বিতান** — চাঁদোয়া, পট, মণ্ডপ। বিস্তার।
**"বিতিকিচ্ছি"** [< বিচিকিৎস] বিশ্রী, কুৎসিত।
**বিতীর্ণ** — ব্যাপ্ত। উত্তীর্ণ। প্রদত্ত। বিতরিত (ভ্রান্ত প্রয়োগ)।
**বিতৃষ্ণ** — তৃষ্ণাহীন, নিস্পৃহ, বিরক্ত। ... **বিতৃষ্ণা** — অরুচি, অনিচ্ছা, বিরাগ, বিরূপতা।
**বিত্ত** — সম্পত্তি, ধন।
**বিত্তি** — জ্ঞান। লাভ। বিচারণ।
**বিত্তেশ** — কুবের। গন্ধর্ব।
**বিত্রপ** — (ত্রপা — লজ্জা) নির্লজ্জ।
**বিত্রস্ত** — অতিশয় ত্রস্ত।
**বিথান** [< বিস্থান] বিস্রস্ত (অপ্রঃ)
**বিথার**] < বিস্তার (পদ্যে)

**-বিদ্** (-বিৎ দেখ)

**"বিদকুটে"**] বিশ্রী, কুৎসিত। অপ্রীতিকর, অস্বস্তিকর।

**বিদগধ**] — বিদগ্ধের বিপ্রকর্ষ (বিদগ্ধ দেখ)

**বিদগ্ধ**—রসজ্ঞ, রসিক। বিদ্বান্, পণ্ডিত, নিপুণ, চতুর। ... স্ত্রী. **বিদগ্ধা**। — নায়িকা বিঃ। রসিকা, চতুরা। (§ বৈদগ্ধ্য, -গ্ধ)

**বিদরি**] (বিদর হইতে) সীসক-অ্যান্টিমনি ইঃর পাত্র যাহাতে খোদাই করিয়া অন্য **ধাতু** বসাইয়া (inlay) **কারুকার্যের** নকশা করা হয়।

**বিদর্ভ** — প্রাচীন দেশ বিঃ, আধুনিক বিদর (মধ্যপ্রদেশে)। ... **বিদর্ভরাজ-কন্যা** — দময়ন্তী। (§ বৈদর্ভ)

**বিদলন**—অতিশয় দলন। ... ণ. **বিদলিত**।

**বিদায় ১** — (সং) বিসর্জন, দান।

**বিদায় ২** [আ. বিদাঅ] ষ্য. দূরীকরণ ('আপদ — করা')। গমনের অনুমতি ('— চাওয়া, মাগা, লওয়া, দেওয়া')। farewell ('তবে এখন —')। অন্যত্র গমন। বিচ্ছেদ ('জন্মের মত —। -ভোজ, -সংগীত')। কার্যান্তে দক্ষিণা পারিতোষিক ইঃ দিয়া বা সসম্মানে যাইতে দেওয়া ('ব্রাহ্মণ-, কাঙালী-, অতিথি-')। বিদায়দানকালে প্রদত্ত অর্থাদি। ... ণ. প্রস্থিত ('— হওয়া')। ... **বিদায়াভিনন্দন** — অবসর গ্রহণের সময় প্রশস্তিনিবেদনদ্বারা অভ্যর্থনা জ্ঞাপন। ... **বিদায়ী** — ণ. যে বিদায় গ্রহণ করিতেছে। ... ষ্য. বিদায়ের সময় যে উপহার বা প্রণামী বা আশীর্বাদী ইত্যাদি দেওয়া হয়।

**বিদারক** — যে বা যাহা বিদীর্ণ করে ('হৃদয়-')

**বিদারণ** — বিদীর্ণ করণ, ভেদন। ... ণ. **বিদারিত**।

**বিদিক্** (বিদিশ্)—দুই দিকের মধ্যবর্তী কোণ (যথা — বায়ুকোণ = উত্তর-পশ্চিম। 'দিগ্বিদিক্')

**বিদিত** — জ্ঞাত, যাহা জানা গিয়াছে। বিখ্যাত ('ভুবন-')। যে জানে বা জানিয়াছে ('—আছে')

**বিদিশা** — মালবদেশের প্রাচীন নগরী বিঃ, আধুনিক ভিলশা (গোআলিয়র রাজ্যে)

**বিদীর্ণ** — ছিন্ন, ভিন্ন, খণ্ডিত, ভগ্ন, চেরা।

**বিদুর**—ধৃতরাষ্ট্রের কনিষ্ঠ ভ্রাতা (দাসী-পুত্র)। জ্ঞানী। ... **বিদুরক্ষুদ**—বিদুর কর্তৃক শ্রীকৃষ্ণে নিবেদিত দীনজনোচিত খাদ্য। লক্ষ্যার্থে — কাঙালের দান।

**বিদুষী** — বিদ্যাবতী। ... পুং. **বিদ্বান্** (দেখ)

**বিদূর** -- বহুদূর। (§ বৈদূর্য)

**বিদূরিত** — বিতাড়িত।

**বিদূষক** — (নাট্যে) রাজা ইঃর মনোরঞ্জক সহচর, ভাঁড়। নিন্দক। নিন্দাজনক। ... স্ত্রী. বিদূষকী, বিদূষিকা।

**বিদূষণ** — নিন্দা, অপবাদ।

**বিদেশ**—অন্য দেশ, প্রবাস। (§ বৈদেশিক)। ... **বিদেশীয়** — বৈদেশিক, অন্যদেশ -জাত বা -বিষয়ক।

**বিদেশী**] — ভিন্নদেশবাসী, পরদেশী। বিদেশীয় ('— কাপড়')। ... স্ত্রী. **বিদেশিনী**]

**বিদেহ** — ষ্য. মিথিলা প্রদেশ। ... ণ. দেহহীন (§ বৈদেহী)

**বিদেহরাজ** — রাজর্ষি জনক।

**বিদ্ধ** — বেঁধা, ছিদ্রিত। উৎকীর্ণ।

**বিদ্যমান** — যে বা যাহা আছে, বর্তমান।

উপস্থিত। ... ব্য. -তা।

**বিদ্যা** — অধ্যয়ন শিক্ষা বা চর্চার দ্বারা লব্ধ জ্ঞান। পাণ্ডিত্য। পটুতা। শিক্ষণীয় বিষয়। বেদবেদাঙ্গাদি। তত্ত্বজ্ঞান। সরস্বতী। ভগবতী ('মহা-')। ... **বিদ্যাদায়িণী** — সরস্বতী। ... **বিদ্যাধর** — দেবযোনি বিঃ। ... স্ত্রী. **বিদ্যাধরী** — অপূর্ব রূপসী। ... **বিদ্যানুরাগ** — বিদ্যার্জনে বিশেষরূপে আগ্রহ। ... **বিদ্যাপীঠ**—শিক্ষাপ্রতিষ্ঠান। ... **বিদ্যাবতী** — বিদুষী। ... **বিদ্যা-বিক্রয়**—পারিশ্রমিক লইয়া শিক্ষাদান। ... **বিদ্যাবিশারদ**—বহুবিদ্যায় পারংগত। ... **বিদ্যারম্ভ** —বিদ্যাশিক্ষার আরম্ভ। হাতেখড়ি। ... **বিদ্যাভ্যাস** — বিদ্যা-শিক্ষা। ... **বিদ্যার্থী** (-র্থিন্) — যে বিদ্যালাভ করিতে চায়, ছাত্র। ... **বিদ্যালয়** — বিদ্যাশিক্ষা করিবার স্থান, স্কুল কলেজ ইঃ। ... **বিদ্যালাপ** — বিদ্যাবিষয়ক কথোপকথন। ... **বিদ্যা-সুন্দর** — ভারতচন্দ্র রচিত বিদ্যা (নায়িকা) ও সুন্দরের (নায়কের) প্রণয় কাহিনীমূলক কাব্য।

**বিদ্যুৎ** — ক্ষণপ্রভা, চঞ্চলা, চপলা, তড়িৎ, দামিনী, বিজলী, শম্পা, সৌদামিনী ('মেঘে —। -তরঙ্গ') (§ বৈদ্যুত, বৈদ্যুতিক)। ... **বিদ্যুদ্গর্ভ** — যাহার মধ্যে বিদ্যুৎ আছে (যথা মেঘ)। ... **বিদ্যুদ্দাম,** মাল্যাকারে বিদ্যুতের ছটা। ... **বিদ্যুন্মালা** — সংস্কৃত ছন্দ বিঃ, বিদ্যুতের রেখা। ... **বিদ্যুদ্ বিজ্ঞান**— যে বিজ্ঞানে বিদ্যুৎ সম্বন্ধে আলোচনা আছে। ... **বিদ্যুদ্বেগ** —বিদ্যুতের তুল্য বেগ, তড়িদ্গতি। ... **বিদ্যুল্লতা** — লতাকৃতি বিদ্যুদ্রেখা।

**বিদ্যোৎসাহী** (-হিন্) — বিদ্যার উৎসাহ-দাতা।

**বিদ্রধি** -- দেহের অভ্যন্তরে উদ্গত দুষ্ট স্ফোটক।

**বিদ্রাবিত** — দ্রবীকৃত। বিতাড়িত।

**বিদ্রুত** -- দ্রবীভূত। পলায়িত।

**বিদ্রুম** — প্রবাল, পলা। নবপল্লব।

**বিদ্রূপ** ] উপহাস, ঠাট্টা। ... **বিদ্রূপাত্মক** -- ব্যঙ্গমূলক।

**বিদ্রোহ** — শাসন অমাননা, rebellion. বিরুদ্ধাচরণ; রাজদ্রোহ। ... **বিদ্রোহী** (-হিন্) — যে বিদ্রোহ করে।

**বিদ্বজ্জন** — বিদ্বান্ ব্যক্তি।

**বিদ্বৎকল্প** — পণ্ডিততুল্য, অল্পবিদ্বান্।

**বিদ্বৎসমাজ** — বিদ্বান লোকদের পরি-মণ্ডল।

**বিদ্বান্** (বিদ্বস্) — বিদ্যাবান্, পণ্ডিত। ... স্ত্রী. **বিদুষী।**

**বিদ্বিষ** — শত্রু।

**বিদ্বিষ্ট** — বিদ্বেষের পাত্র।

**বিদ্বেষ** — অপ্রীতি, শত্রুতা, ঈর্ষা। ... **বিদ্বেষী** (-ষিন্), **বিদ্বেষ্টা** (-ষ্টৃ) — বিদ্বেষযুক্ত, শত্রু।

**-বিধ** -- প্রকার, রকম ('অন্য-, বহু-')

**বিঁধ** ] ছিদ্র।

**বিধবা** — পতিহীনা। (§ বৈধব্য)

**বিধর্মী** (-র্মিন্), **বিধর্মা** (-র্মন্) — অন্যধর্মাবলম্বী।

**বিধা** — ব্যবস্থা, রীতি ('সুবিধা, কুবিধা')

**বিঁধা, বিঁধানো** (বেঁধা দেখ)

**বিধাতা** (-তৃ) — বিধানকর্তা। ঈশ্বর। ব্রহ্মা।

**বিধাতাপুরুষ** — অদৃষ্টনিয়ামক দেব-পুরুষ। তিনি শিশুর ললাটে তাঁহার ভবিষ্যৎবাণী লিখিয়া যান এই ধারণা সাধারণ লোকে পোষণ করে।

**বিধান** — বিধি, ব্যবস্থা, শাস্ত্রবিহিত

নিয়ম ('বিধির, প্রকৃতির, শাস্ত্রের —')। সম্পাদন ('সন্তোষ-')। আইন প্রণয়ন ('বিধান-সংসদ্, -সভা, -পরিষদ্' — যথাক্রমে Parliament, Legislative Assembly, L. Council) (§ বিহিত)

**বিধায়]** কারণে, প্রযুক্ত। (প্রাঅপ্রঃ)

**বিধায়ক, বিধায়ী** (-য়িন্) — নিয়ন্তা, ব্যবস্থাপক, নিয়ামক। সংঘটন। ... স্ত্রী — বিধায়িকা।

**বিধি** — নিয়ম, বিধান ('শাস্ত্রের, আইনের —। -জ্ঞ, -পূর্বক, -বৎ, -বন্ধ, -মতে, -সংগত। যথা-')। আইন। পদ্ধতি, ক্রম ('কার্য-')। উপায়। দৈব, নিয়তি ('-বশে, -বিড়ম্বনা')। বিধাতা। ব্রহ্মা। (§ বিধেয়, বিহিত, বৈধ)। ... **বিধিবন্ধ** — বিধিনিয়মে বিন্যস্ত। ... **বিধি-বিড়ম্বনা** — নিয়তির পীড়ন। ... **বিধি-নিহিত** — যথাবিধি। ... **বিধিমত** — রীতিমত, দস্তুরমত। ... **বিধিলিপি** — বিধাতার লিখন বা বিধান, অদৃষ্ট। ... **বিধিশাস্ত্র** — স্মৃতি- বা ব্যবস্থা-শাস্ত্র। ব্যবহারশাস্ত্র।

**বিধিৎসা** — ব্যবস্থা করিবার ইচ্ছা। ... **বিধিৎসু** — ঐ ইচ্ছাযুক্ত।

**বিধু** — চন্দ্র ('-মুখ, -মুখী')

**বিধুন্তুদ** — রাহুগ্রহ।

**বিধুত, বিধূত** — কম্পিত।

**বিধুনন, বিধূনন** — কম্পন। ... ণ. **-নিত।**

**বিধুবদন** — সুন্দরী।

**বিধুর** — কাতর। বিমূঢ়, ভীত। ... স্ত্রী. **-রা।**

**বিধৃত** — গৃহীত, অবলম্বিত; আক্রান্ত, অধিষ্ঠিত।

**বিধেয়** — বিধিসম্মত, উচিত, যুক্তিসঙ্গত, কর্তব্য।

**বিধেয়ক** — অধিনিয়মের খসড়া, bill.

**বিধ্বংস** — বিনাশ, বিলোপ। ... ণ. **বিধ্বংসিত**। ... **বিধ্বংসী** (-সিন্) — বিনাশশীল। বিনাশকারী।

**বিধ্বস্ত** — বিনষ্ট, বিলুপ্ত, উৎসন্ন। ইতস্ততঃ বিক্ষিপ্ত।

**বিনত** — অবনত, নম্র। প্রণত। ... স্ত্রী. **বিনতা**। — কশ্যপপত্নী, অরুণ ও গরুড়ের জননী। (§ বৈনতেয়)

**বিনতি** — বিনয়, নম্রতা। মিনতি, নিবেদন, অনুনয়।

**বিননি / বিনুনি]** বেণী (দেখ)

**বিনম্র** — অতিশয় নম্র, বিনয়ী।

**বিনয়** — নম্রতা, অনুনয় ('-পূর্বক। স-')। সংযম শৃঙ্খলা নিয়মনিষ্ঠা শিষ্টতা ইঃ শিক্ষা, discipline. (§ বিনায়ক, বিনীত, বিনেতা)। ... **বিনয়ী** (-য়িন্) — নম্র। শিক্ষিত, নিয়মনিষ্ঠ সংযত ও শিষ্ট।

**বিনয়ন** — অপনয়ন, মোচন। শিক্ষা।

**বিনশ্বর** — বিনাশশীল।

**বিনষ্ট** — বিনাশপ্রাপ্ত।

**বিনা** — ব্যতীত। (পদ্যে বা গ্রাম্য — বিনে])। (§ বিনি, মিনি)

**বিনানো / বিননো** [√ বিনা-১৩] **বেণী** রচনা করা; চুল শণ ইঃর গোছা জড়াইয়া বেণীর মত করা। খেদোক্তি করা। ('বিনাইয়া কাঁদা')। বাহুল্য করিয়া বলা। ... ণ. বেণীর মত জড়ানো।

**বিনামা** (-মন্) — নামহীন। (বাং) জুতা।

**বিনায়ক** — গণেশ। বুদ্ধ। গরুড়। শিক্ষা-গুরু।

**বিনাশ** — ধ্বংস, লোপ, উচ্ছেদ। মৃত্যু। (§ বিনষ্ট)। ... **বিনাশক** — বিনাশকারী, হন্তা। ... **বিনাশন** — ষ্য. বিনাশসাধন,

বধ। ... ণ. বিনাশক। ... **বিনাশিত** — যাহাকে বিনাশ করা হইয়াছে। ... **বিনাশী** (-শিন্) — বিনশ্বর। বিনাশক।

**বিনি, "মিনি"**] < বিনা ('-সুতায় গাঁথা')

**বিনিঃসরণ** — নির্গমন, বাহির হওয়া। ... ণ. **বিনিঃসৃত**।

**বিনিদ্র** — নিদ্রাহীন, অতন্দ্রিত। ... **বিনিদ্রা** — নিদ্রার অভাব, জাগরণ।

**বিনিন্দিত** — নিন্দিত (দেখ। 'মৃণাল-বিনিন্দিত' অশুপ্রঃ। **শুদ্ধ** — '-বিনিন্দক, -বিনিন্দী')

**বিনিপাত** — অধঃপতন। দৈব দুঃখ।

**বিনিবর্তন** — প্রত্যাবর্তন। ক্ষান্তি, বিরতি। ... **বিনিবর্তিত** — যাহাকে ফিরানো বা নিরস্ত করা হইয়াছে। ... **বিনিবৃত্ত** — যে ফিরিয়াছে বা নিরস্ত হইয়াছে।

**বিনিময়** — বদল, exchange.

**বিনিযুক্ত, বিনিয়োজিত** — অর্পিত। নিযুক্ত। প্রেরিত। যে টাকা খাটানো হইতেছে, invested.

**বিনিয়ে বিনিয়ে**] — অতি বিস্তারিত-ভাবে, রসিয়ে রসিয়ে।

**বিনিয়োগ** — অর্পণ। নিয়োগ। প্রেরণ। টাকা খাটানো, investment.

**বিনির্গত** — নিষ্ক্রান্ত, বহির্গত. ... ষ্য. **বিনির্গম**।

**বিনির্ণয়** — নিরূপণ, নিশ্চয়। ... ণ. **বিনির্ণীত**।

**বিনিশ্চয়** — অসন্দিগ্ধ। সিদ্ধান্ত। ... ণ. **বিনিশ্চিত**।

**বিনীত** — বিনয়যুক্ত, বিনম্র। শান্ত, সংযত ('বিনীতাত্মা')। শিক্ষিত disciplined.

**বিনু**] — বিনা (প্রাঃ-সাঃ)

**বিনেতা** (-তৃ) — নিয়ন্তা। শিক্ষক।

**বিনোক্তি** — বিনার্থক শব্দযোগে বাক্যের সংস্কার বিঃ।

**বিনোদ** — ষ্য. আমোদ, বিহার। তোষণ। ... ণ. মনোরম ('-বেশ')। ... **বিনোদন** — তুষ্টিসাধন ('চিত্ত-')। অপনোদন, প্রসাদন। ... **বিনোদিনী** — তুষ্টি-দায়িনী। ... **বিনোদবেণী** — সুন্দর-ভাবে বয়ন করা কবরী।

**বিন্তি** [ পো. vinte ] তাস খেলা বিঃ। গ্রাবুখেলায় তিন তাসের আনুক্রমিক ফোটক।

**বিন্দু*** — ফোঁটা ('জল-')। ফুটকি ('সিন্দুর-')। (জ্যামিতিতে) পরিমাণহীন স্থাননির্দেশক চিহ্ন, point. **শুক্র** ... **বিন্দুবিসর্গ** — (মুঃ অনুস্বার-বিসর্গ) কিছুই ('— জানি না')। ... **বিন্দুমান** — সামান্য একটুকুও। ... **বিন্দুশঃ** — ফোঁটা ফোঁটা করিয়া। ... **বিন্দুসরোবর** —ভুবনেশ্বর মন্দিরের নিকটবর্তী বৃহৎ সরোবর। ... **বিন্দুসার** — মহারাজ অশোকের পিতা। মগধরাজ।

**বিন্ধ্য** — ভারতের মধ্যবর্তী পর্বতমালা বিঃ ('বিন্ধ্যাচল, বিন্ধ্যপ্রদেশ')। ... **বিন্ধ্যবাসিনী** — বিন্ধ্যাচলে প্রতিষ্ঠাতা মহাদেবী।

**বিন্যস্ত** — স্থাপিত, যথাক্রমে রক্ষিত।

**বিন্যাস** — স্থাপন, সাজানো ('অক্ষর-')। রচনা ('বেশ-')

**বিপক্ষ** — বিরুদ্ধ পক্ষ, শত্রু। ('বিপক্ষে' —বিপক্ষ ভাবে, বিরুদ্ধে)। ... ষ্য. **-তা**।

**বিপক্ষপাতী** — বিপরীত মতাবলম্বী।

**বিপঞ্চিকা** — বীণা। বিপঞ্চী।

**বিপণন** — বিক্রয়, হাটবাজারে পণ্যদ্রব্যের হস্তান্তরিত করণ।

**বিপণি, -ণী** — দোকান, হাট, বাজার।

**বিপণী** — ব্যবসায়ী।

**বিপত্তি** -- বিপদ্, দুরবস্থা।

**বিপত্নীক** — যাহার পত্নী মরিয়া গিয়াছে, মৃতদার।

**বিপথ** — মন্দ পথ ('-গামী') ... **বিপথ-গামী** — অনাচারী। মন্দপথ যে গ্রহণ করিয়াছে। উন্মার্গগামী।

**বিপদ্** (স্ত্রী.)—**বিপদ**] বিপত্তি, আপদ্, দুর্ঘটনা। দুরবস্থা। ('বিপৎকাল, বিপৎ-সংকুল, বিপদুদ্ধার, বিপজ্জনক, বিপদ্-গ্রস্ত, বিপদ্ভঞ্জন')

**বিপদাপন্ন** -- বিপন্ন।

**বিপন্ন** -- বিপদ্গ্রস্ত।

**বিপরিণত** — বিপর্যস্ত, পরিবর্তিত।... ষ্য. **বিপরিণাম**।... **বিপরিণামী** ( -মিন্) -- পরিবর্তনশীল। বিপরীত পরিণাম প্রাপ্ত।

**বিপরিবর্তন** — ফিরানো, ঘুরানো।

**বিপরীত** — উলটা। প্রতিকূল, বিরুদ্ধ। (বাং) বিষম, উৎকট ('— ক্রোধ')। (§ বৈপরীত্য)। ... **বিপরীত বুদ্ধি** — দুর্বুদ্ধি।

**বিপর্যয়, বিপর্যায়, বিপর্যাস** — উলট-পালট, বিপ্লব। ব্যতিক্রম। বৈপরীত্য। বিনাশ। ... ণ. **বিপর্যস্ত**।

**বিপল** — পলের ১/৬০ ভাগ, ২/৫ সেকেন্ড।

**বিপশ্চিৎ** — পণ্ডিত, বিদ্বান।

**বিপাক** — কর্মফল; দুর্ভোগ ('বিপাকে পড়া')। পরিণাম। (জীববিদ্যায়) দেহে খাদ্যের পরিণাম, metabolism.

**বিপাশা** — পঞ্জাবের নদী বিঃ, আধুনিক বিয়াস।

**বিপিতা** (-তৃ)—সৎবাপ, stepfather. (§ বৈপিত্র, বৈপিত্রেয়)

**বিপিন** — বন, অরণ্য।

**বিপুল**—বৃহৎ, প্রশস্ত, মহৎ, গভীর ('— দেহ, আয়োজন, উৎসাহ, কীর্তি, সমুদ্র, স্নেহ')। ... ষ্য. **-তা**।

**বিহুলা** -- বেহুলা।

**বিপ্র** -- ব্রাহ্মণ।

**বিপ্রকর্ষ** — স্বরভক্তি। যুক্ত ব্যঞ্জনের মধ্যে উচ্চারণে স্বরাগম (ব্যাকরণ)

**বিপ্রকর্ষণ** — আকর্ষণের বিপরীত, বিকর্ষণ, ঠেলা। ... ণ. **বিপ্রকৃষ্ট**। — দূরবর্তী।

**বিপ্রতিপত্তি** -- বিরোধ। পার্থক্য। সংশয়। ... ণ. **বিপ্রতিপন্ন**।

**বিপ্রতীপ** — প্রতিকূল।

**বিপ্রয়োগ** --- বিয়োগ, বিশ্লেষণ। ... ণ. **বিপ্রযুক্ত**।

**বিপ্রলব্ধ** — প্রতারিত, বঞ্চিত। ... **বিপ্রলব্ধা** — যে নায়িকা সংকেতস্থানে গিয়া দেখে যে নায়ক আসে নাই।

**বিপ্রলম্ভ** -- প্রতারণা। কলহ। বিয়োগ।

**বিপ্রলাপ** — অনর্থক বিবাদ।

**বিপ্রশ্নিকা** — জিজ্ঞাসা।

**বিপ্রসাৎ** — ব্রাহ্মণকে দত্ত বা দেয়।

**বিপ্লব** — আমূল পরিবর্তন, revolution; বিদ্রোহ ('সমাজ-, রাষ্ট্র-')। বিপদ্, উপদ্রব। বিনাশ। ... **বিপ্লবী** ( -বিন্) — যে বিপ্লবের চেষ্টা করে। বিদ্রোহী।

**বিপ্লুত** — বিপর্যস্ত। উপদ্রুত। বিহ্বল।

**বিফল** — নিষ্ফল, নিরর্থক, অসিদ্ধ। অকৃতকার্য। ... ষ্য. **-তা**।

**বিবক্ষা** — বলিবার ইচ্ছা। ... **বিবক্ষিত** -- যাহা বলিতে ইচ্ছা হইয়াছে। ... **বিবক্ষু** — বলিতে ইচ্ছুক।

**বিবৎসা** — বৎসহীনা। বাসের ইচ্ছা।

**বিবদমান** — যে বিবাদ করিতেছে, কলহ-কারী। ... স্ত্রী. **-মানা**।

**বিবমিষা** — বমনের ইচ্ছা, nausea. ... **বিবমিষু** — যে বমন করিতে চায়।
**বিবরণ**—বিবৃতি, বর্ণন, ব্যাখ্যান, বৃত্তান্ত।
**বিবর** — গর্ত, গহ্বর, ছিদ্র। ... **বিবরণী** -- (বাং) বিবরণলিপি।
**বিবর্জন** — সম্যক্ বর্জন, পরিত্যাগ।... **বিবর্জিত** — পরিত্যক্ত। রহিত।
**বিবরণ** (বিপ্রকর্ষ) — বিবর্ণ।
**বিবর্ণ** — যাহার বর্ণ বিকৃত হইয়াছে, মলিন। ... ষ্য. **-তা, বৈবর্ণ্য।**
**বিবর্ত** — ঘূর্ণন। বিশেষরূপে স্থিতি। পরিবর্ত। পরিবর্তিত রূপ। ... **বিবর্তবাদ** — দার্শনিক মত বিঃ, মায়াবাদ (রজ্জু হইতে যেমন কাল্পনিক সর্পের উৎপত্তি, ব্রহ্ম হইতে সেইরূপ জগৎ)
**বিবর্তন**—ঘূর্ণন। প্রত্যাবর্তন। পরিবর্তন।
**বিবর্তিত** — যাহাকে ঘুরানো হইয়াছে। প্রত্যাবর্তিত। পরিবর্তিত।
**বিবর্ধক** — বিবৃদ্ধিসাধক, যাহা বাড়ায়।
**বিবর্ধন** — সম্যক্ বৃদ্ধিসাধন। ... ণ. **বিবর্ধিত।**
**বিবশ** — অবশ, নিশ্চেষ্ট, বিহ্বল। ... স্ত্রী. **বিবশা।**
**বিবসন, বিবস্ত্র** — বসনহীন, নগ্ন, উলঙ্গ। ... স্ত্রী. **বিবসনা, বিবস্ত্রা।**
**বিবস্বান্** (বিবস্বৎ) — সূর্য। (§ বৈবস্বত)
**বিবাগ ]** প্রব্রজ্যা, বৈরাগ্যজন্য প্রবাস। ... **বিবাগী ]** দেশত্যাগী, সংসারত্যাগী। বিগত বাস (বস্ত্র) যাহার — সংসার বন্ধন হইতে মুক্ত।
**বিবাদ** — কলহ, ঝগড়া, বিতণ্ডা, তকরার। বিরোধ। মকদ্দমা। ... **বিবাদী** (-দিন্) — কলহকারী। বিরোধী, পরিপন্থী। (বাং) বিবাদের বিষয়ীভূত ('— সম্পত্তি)। (সংগীতে) কোনও রাগ বা রাগিণীতে যে স্বর বাদী স্বরের বিরোধী গণ্য হয়।
**বিবাসন** — নির্বাসন। ... ণ. **বিবাসিত।**
**বিবাহ** — বিয়ে, উদ্‌বাহ, পরিণয়, পাণিগ্রহণ ('— করা, দেওয়া, হওয়া')। (§ বৈবাহিক)। ... **বিবাহার্থী** — বিবাহ করিতে আগ্রহী। ... **বিবাহিত** — যাহার বিবাহ হইয়াছে। ... স্ত্রী. **বিবাহিতা।**
**বিবি** [ হি. বীবী ] মহিলা (প্রায় — মুসলমান বা ইওরোপীয়)। ছবিযুক্ত তাস বিঃ।... **বিবিজান ]** বিবিকে প্রিয়-সম্বোধন। ... **বিবিয়ানা ]** মেমের তুল্য আচরণ বা বিলাসিতা।
**বিবিক্ত** — নির্জন। একাকী, অসম্পৃক্ত। শুদ্ধ, নির্দোষ।... **বিবিক্তসেবী** (-বিন্) — পবিত্র-নির্জন-স্থানবাসী।
**বিবিক্ষা** — প্রবেশের ইচ্ছা। ... **বিবিক্ষু** প্রবেশেচ্ছু।
**বিবিধ** — নানাপ্রকার।
**বিবুধ** — বিদ্বান্, পণ্ডিত। দেবতা।
**বিবৃত** — বর্ণিত, ব্যাখ্যাত। উন্মুক্ত। বিস্ফারিত, প্রসারিত। ... **বিবৃতি** — বর্ণন, ব্যাখ্যা। উন্মোচন। প্রসারণ।
**বিবৃত্ত** — ঘূর্ণিত। ... **বিবৃত্তি** — ঘূর্ণন।
**বিবৃদ্ধি** — সম্যক্ বৃদ্ধি। ... ণ. **বিবৃদ্ধ।**
**বিবেক** — বিবেচন, বিচার। সদসদ্‌জ্ঞান, ধর্মাধর্মবোধ। ... **বিবেকী** (-কিন্) — বিবেকশালী।
**বিবেচক** — যে বিবেচনা করে। বিচক্ষণ। বিচারক।
**বিবেচনা**—বিচার, চিন্তার দ্বারা নিরূপণ। ... **বিবেচনীয়, বিবেচ্য** — বিবেচনার যোগ্য। ... **বিবেচিত — যাহার সম্বন্ধে বিবেচনা করা হইয়াছে, বিচারিত,**

নিরূপিত।
**বিব্রত** — (বাং) ব্যতিব্যস্ত, সংকটে পতিত।
**বিভক্ত**—যাহা ভাগ করা হইয়াছে, খণ্ডিত, পৃথক্‌কৃত।
**বিভক্তি** — (ব্যাকরণে) ধাতু বা প্রাতিপদিকে যে প্রত্যয় যোগ হইলে পুরুষ কারক বচন কাল ইঃ সূচিত হয়। বিভাগ। রচনা।
**বিভঙ্গ**—বিন্যাস, রচনা। ভঙ্গী। ভাঙ্গন, fracture.
**বিভজনীয়** — বিভাজ্য।
**বিভজ্যমান** — যাহার বিভাগ হইতেছে।
**বিভব** — বৈভব, ধন, সম্পত্তি। ক্ষমতা, মহত্ত্ব। বিভুত্ব।
**বিভা১**—প্রভা, কিরণ, আলোক। সৌন্দর্য। ... **বিভাকর** — সূর্য।
**বিভা২**] বিবাহ (প্রাঃ সাঃ)
**বিভাগ** — ভাগ, বণ্টন। খণ্ড, অংশ। কোনও বৃহৎ প্রতিষ্ঠান বা কর্মপরিচালনার অংশ, department ('রাজস্ব-')
**বিভাজক** — বিভাগকারী। যে রাশি দিয়া ভাগ করা হয়, ভাজক, divisor.
**বিভাজ্য** — বিভজনীয়, বিভাগের যোগ্য, divisible. যে রাশিকে অপর রাশি দিয়া ভাগ করা হয়, ভাজ্য, dividend.
**বিভাত** — প্রভাত, বিহান।
**বিভাব** — (অলংকারশাস্ত্রে) যে বিষয়ের সন্নিবেশহেতু রসের উৎপত্তি হয়, আলম্বন ও উদ্দীপন।
**বিভাবন, -না** — চিন্তন, বিবেচনা। অনুভব, অবধারণ। প্রকাশন। ... ণ. **বিভাবনীয়, বিভাব্য। বিভাবিত।**
**বিভাবনা** — অলঙ্কার বিঃ — কারণ ব্যতীত কার্যোৎপত্তি বুঝাইলে এই অলংকার হয়।
**বিভাবরী** — রাত্রি।
**বিভাবসু** — সূর্য। অগ্নি। চন্দ্র।
**বিভাবিত** — আবিষ্ট।
**বিভাষা** — বিকল্প (দেখ)। (§ **বৈভাষিক**)
**বিভাস** — রাগিণী বিঃ।
**বিভাসিত** — আলোকিত। প্রকাশিত।
**বিভিন্ন** — নানাপ্রকার। পৃথগ্‌ভূত অন্যপ্রকার। বিভক্ত। ... ষ্য. **-তা।**
**বিভীতক, -কী** — বহেড়া।
**বিভীষণ** — অতি ভীষণ। রাবণের কনিষ্ঠ ভ্রাতা।
**বিভীষিকা** — ভয়প্রদর্শন। ভয়জনক দৃশ্য, ভীতি ('— দেখা, দেখানো')
**বিভু** — ঈশ্বর। সর্বব্যাপী। ... ষ্য. **-তা, -ত্ব**। (§ বৈভব)
**বিভুঁই** [ < বিভূমি ] বিদেশ।
**বিভূতি** — অষ্টপ্রকার যোগলব্ধ ঐশ্বর্য, অণিমা লঘিমা ব্যাপ্তি প্রাকাম্য মহিমা ঈশিত্ব বশিত্ব কামাবসায়িতা। সমৃদ্ধি। ভস্ম।
**বিভূষণ**—ষ্য. অলংকার। ... ণ. **ভূষণহীন**। ... **বিভূষিত** — অলংকৃত, শোভিত।
**বিভেদ** — প্রভেদ, পার্থক্য। বিভাগ, বিদারণ। (§ বিভিন্ন)
**বিভোর**] < বিহ্বল ('আনন্দে, নেশায় —')
**বিভ্রম** — ভ্রান্তি, সংশয়। মনের চাঞ্চল্য বা বিমূঢ়তা (বিশেষতঃ প্রণয়জনিত)। লীলা, বিলাস। শোভা।
**বিভ্রাট**] গোলযোগ, বিপর্যয়, ব্যবস্থার উলটপালট, সংকট।
**বিভ্রান্ত** — ভ্রমান্বিত। সংশয়হেতু বিমূঢ়। ব্যতিব্যস্ত। ... ষ্য. **বিভ্রান্তি।**
**বিমজ্জিম** [ ফা. ব-মুজিব ] অনুযায়ী।
**বিমতি** — কলহ, মনোমালিন্য।

**বিমনস্ক, বিমনা** [ < -নাঃ (বিমনস্ ] উদ্‌বিগ্ন, দুঃখিত। অন্যমনস্ক। (§ বৈমনস্য)

**বিমর্দ, বিমর্দন** — পেষণ, ঘর্ষণ। ... ণ. **বিমর্দিত।**

**বিমর্শ, বিমর্শন** — তর্ক, বিচার।

**বিমর্ষ** — (সং) ষ্য. অসন্তোষ; অসহন। ... (বাং) ণ. বিষণ্ণ, দুঃখিত।

**বিমরিষ** ] — বিমর্ষ (প্রাঃ সাঃ)

**বিমল** — নির্মল, স্বচ্ছ, অকলঙ্ক, পবিত্র। স্ত্রী. বিমলা। ... ষ্য. **বিমলতা।**

**বিমা** (বীমা দেখ)

**বিমাতা** ( -তৃ) -- সৎমা, জননীর **সপত্নী।** (§ বৈমাত্র, বৈমাত্রেয়)

**বিমান** — আকাশগামী যান, উড়ো জাহাজ ('-চারী')। উচ্চ রথ। সপ্ততল প্রাসাদ। (§ বৈমানিক)

**বিমাননা** -- অবমাননা, অমর্যাদা।

**বিমিশ্র** — মিশ্রিত।

**বিমুক্ত** — মুক্তিপ্রাপ্ত। ত্যক্ত।

**বিমুখ** — প্রতিকূল, বাম ('দেবতা —')। বিরত, স্পৃহাহীন ('বিষয়ভোগে —')। ... ষ্য. **-তা, বৈমুখ্য।**

**বিমুগ্ধ** — অতিশয় মুগ্ধ।

**বিমূঢ়** — কাণ্ডজ্ঞানহীন, অজ্ঞান, মূর্খ। সম্যক্ মুগ্ধ। ... ষ্য. **-তা।**

**বিমৃশ্যকারী** ( -রিন্) — সম্যক্ বিবেচনা করিয়া যে কার্য করে। ... ষ্য. **-কারিতা।**

**বিমৃষ্ট** — বিবেচিত।

**বিমোহন** — ষ্য. মুগ্ধ করণ। ... ণ. যে মুগ্ধ করে। ... ণ. **বিমোহিত।**

**বিম্ব*** — প্রতিবিম্ব। প্রতিবিম্বের মূল-বস্তু। বুদ্‌বুদ ('জল-')। চন্দ্রসূর্যাদির মণ্ডল। মণ্ডল। তেলাকুচা ফল। ... **বিম্বাধর** — ষ্য. বিম্বসদৃশ অধর। ... ণ. যাহার ঠোঁট পাকা তেলাকুচার তুল্য লাল। ... স্ত্রী. **বিম্বাধরা।**

**বিম্বিত** — প্রতিফলিত।

**বিয়ৎ** — আকাশ।

**বিয়ন্ত** ] যে সদ্য প্রসব করিয়াছে।

**বিয়লি** — খোসা ছাড়ানো মাষকলাইএর দাল।

**বিয়া/বিয়ে** ] < বিবাহ, "বে" ('— করা, দেওয়া, হওয়া')।

**বিয়ান / বিয়েন** ] প্রসব।

**বিয়ানো / বিয়নো** [ √ বিয়া-১২। < বী ] প্রসব করা।

**বিযুক্ত, বিযুত** — বিচ্ছিন্ন, বিশ্লিষ্ট। যাহা পৃথক্ হইয়াছে। (গণিতে) যাহা বাদ গিয়াছে, minus.

**বিয়ে** ] — বিয়া। বিবাহ।

**বিয়োগ** — বিচ্ছেদ, বিরহ ('-বিধুরা')। মৃত্যু ('পিতৃ-')। অভাব। এক রাশি হইতে অন্য রাশি বাদ দেওয়া, ব্যবকলন। ... **বিয়োগান্ত** — যে নাটকগল্পাদির শেষে নায়কনায়িকার বিচ্ছেদ ঘটে (তুঃ মিলনান্ত)। ... **বিয়োগী** (-গিন্) — বিরহী। ... স্ত্রী. **বিয়োগিনী।**

**বিয়োজিত** — যাহাকে বিযুক্ত করা হইয়াছে, পৃথক্‌কৃত। যাহা বাদ দেওয়া হইয়াছে। বিরহিত।

**বিরক্ত** — বৈরাগ্যযুক্ত, অননুরক্ত। (বাং) অসন্তুষ্ট। জ্বালাতন। ... ষ্য. **বিরক্তি** ('-কর')

**বিরচিত** — প্রণীত, নির্মিত।

**বিরজা** — রাধিকার সখী বিঃ। ... **বিরজা-ক্ষেত্র** — জগন্নাথধাম।

**বিরত** — নিবৃত্ত, ক্ষান্ত। ... ষ্য. **বিরতি।**

**বিরল** — অল্প, অনিবিড় ('জন-। -কেশ')। যাহা অল্প দৃষ্ট হয় বা ঘটে ('জগতে —')। ... **বিরলে** — (বাং) নির্জন স্থানে ('— বসিয়া')

**বিরস** — রসহীন। নিরানন্দ ('— বদন')। প্রতিকূল।

**বিরহ** — প্রিয়জন হইতে বিচ্ছেদ। অভাব। ... **বিরহিত** — বিহীন। বিযুক্ত। ... **বিরহী** (-হিন্) — বিরহযুক্ত। প্রিয়-বিরহে ক্লিষ্ট। ... স্ত্রী. **বিরহিণী।**

**বিরাগ** — অননুরাগ, ঔদাসীন্য। বিরক্তি। (§ বৈরাগ, বৈরাগী, বৈরাগ্য)। ... ... **বিরাগী** (-গিন্) — উদাসীন। ... স্ত্রী. **-গিণী।**

**বিরাজ**] শোভমান হইয়া অবস্থান ('— করা')। (পদ্যে ক্রি. 'বিরাজিল')

**বিরাজমান** — শোভমান। বর্তমান। ... স্ত্রী. **-মানা।**

**বিরাজিত** — শোভমান হইয়া অবস্থিত।

**বিরাট্** (বিরাজ্) — **বিরাট**] সর্বব্যাপী। বৃহৎ, বিশাল।

**বিরাট** — মৎস্যদেশ। মৎস্যরাজ, উত্তরার পিতা। ... **বিরাটপর্ব** — মহাভারতের যে পর্বে পাণ্ডবদের বিরাটগৃহে অজ্ঞাত-বাসের বর্ণনা আছে।

**বিরাধ** — রামায়ণে উক্ত দণ্ডকারণ্যবাসী রাক্ষস বিঃ।

**বিরাম** — বিরতি, নিবৃত্তি। বিশ্রাম ('-কুঞ্জ')। অবসান।

**বিরি**] — ব্রীহিধান্য।

**বিরিখ**] — বৃক্ষ (প্রা-সা)

**বিরিঞ্চি** — ব্রহ্মা। বিষ্ণু, শিব (বিরল)

**বিরুদ্ধ** — প্রতিকূল, পরিপন্থী, বিদ্বেষ-যুক্ত ('শস্ত্র-। বিরুদ্ধাচরণ')। বিপরীত ('পরস্পর-')। ('বিরুদ্ধে' — বিপক্ষে)। ... ষ্য. **-তা।**

**বিরূপ** — কুরূপ। (বাং. অশুপ্রঃ) বিমুখ, অসন্তুষ্ট। ... ষ্য. **-তা, ত্ব, বৈরূপ্য।** ... **বিরূপাক্ষ** — শিব।

**বিরেচক** — যাহা খাইলে ভেদ বা দাস্ত হয়, জোলাপ।

**বিরেচন** — ভেদ, দাস্ত।

**বিরোচন** — সূর্য। অগ্নি। প্রহ্লাদের **পুত্র**, বলির পিতা।

**বিরোধ** — **শত্রুতা**, কলহ। যুদ্ধ। বৈপরীত্য। ... **বিরোধিত** — বিরোধ-যুক্ত। ... **বিরোধী** (-ধিন্) — **প্রতিকূল,** বিপক্ষ, **শত্রু**। অসম্মত। বিরুদ্ধ।

**বিরোধ** — কাব্যালংকার বিঃ — যাহাতে বিরুদ্ধ ভাবের প্রতীতি হইলে অর্থ সঙ্গতিতে বিরোধ নাই।

**বিরোধাভাস** — ঐ শ্রেণীর একটি অর্থালংকার।

**বিল ১*** — (বাং) জলময় নিম্নভূমি (প্রায় কোনও নদীর প্রাচীন খাত)। (সং) গর্ত, গুহা।

**বিল ২** [ই]বিক্রেতা কর্তৃক ক্রেতাকে প্রদেয় কাগজ যাহাতে পণ্য ও মূল্যের হিসাব লেখা থাকে।

**বিলকুল** [আ] সমস্ত।

**বিলক্ষণ** — অসাধারণ। (বাং) খুব, ভাল-রকম ('তাকে — চিনি। — প্রহার')। (বিতর্কে) খুব যা হ'ক। (§ বৈলক্ষণ্য)

**বিলপন** — বিলাপ।

**বিলম্ব** — দেরি, গৌণ। ... **বিলম্বন** — বিলম্ব করণ, দেরি করা। ঝুলন। ... **বিলম্বিত** — অশীঘ্র, বিলম্বযুক্ত। লম্বিত। ... **বিলম্বী** (-ম্বিন্) — বিলম্বকারী। লম্বমান।

**বিলয়** — বিলোপ, বিনাশ। (§ বিলীন, বিলীয়মান)। ... **বিলয়ন** — বিনাশন।

**বিলসন** — বিলাস, লীলা- বা হাবভাব-প্রকাশ। স্ফুরণ। ... ণ. **বিলসিত।**

**বিলাত** / **বিলেত** [আ. বিলায়ৎ] ইংল্যাণ্ড বা ইওরোপ। ... **বিলাতী** / **বিলিতী**] ইওরোপীয়, ইওরোপে উৎপন্ন

('— চালচলন, কাপড়, কুকুর')। যাহা বিদেশ হইতে আসিয়া এদেশে প্রচলিত হইয়াছে ('— আমড়া, কুমড়া, বেগুন')
**বিলাতবাকী** — অনাদায়ী টাকা।
**বিলানো / বিলনো** [ √ বিলা-১৩ ] বিতরণ করা। (§ বিলি)
**বিলাপ** — খেদোক্তি, শোকপ্রকাশ, আক্ষেপ। **বিলাপী** (-পিন্) — বিলাপকারী। ... স্ত্রী. **-পিনী**।
**বিলাস** — সুখভোগ, বাবুগিরি, শৌখিনতা ('ভোগ-')। লীলা, কেলি, বিহার, প্রমোদ। হাবভাব। ভঙ্গী ('ভ্রূ-')। বিকাশ। শোভা। ... **বিলাসী** (-সিন্) — বিলাসপ্রিয়, সুখভোগে রত। ... স্ত্রী. **বিলাসিনী**। ... ষ্য. **বিলাসিতা**।
**বিলাসকলা** — চিত্ত বিনোদনের জন্য শিল্প। **বিলাসবিভ্রম** — হাবভাব। ... **বিলাসব্যসন** — ভোগবাসনার চরিতার্থতা। ... **বিলাসভবন** — প্রমোদাগার।
**বিলি** ] বিতরণ ('চিঠি — করা')। বন্দোবস্ত, খাজনার শর্তে অর্পণ ('জমি —')। শৃঙ্খলা; ভারার্পণ ('কাজের বিলিব্যবস্থা')
**বিলিখন, বিলেখন** — আঁচড়ানো, খনন। বিদারণ। ... ণ. বিলিখিত।
**বিলীন** — লয়প্রাপ্ত; অন্তর্হিত, লীন (দেখ)
**বিলীয়মান** — যাহা বিলীন হইতেছে।
**বিলুপ্ত** — বিলীন, লোপপ্রাপ্ত।
**বিলেপন, বিলেপ** — লেপন, মাখানো। যাহা মাখানো হয়।
**বিলোকন** — দর্শন, অবলোকন। ... ণ. **বিলোকিত**।
**বিলোচন** — দর্শন। চক্ষু।
**বিলোড়ন** — আলোড়ন, মন্থন। ... ণ. **বিলোড়িত**।
**বিলোপ** — ভাব, ধ্বংস, বিনাশ। (§ বিলুপ্ত)। **বিলোপন** — বিলুপ্ত করণ।
**বিলোভন** — লোভ দেখানো, প্রলোভন। লোভজনক বস্তু।
**বিলোম** — প্রতিকূল, বিপরীত। প্রতিলোম।
**বিলোল** — চঞ্চল। অসম্বদ্ধ, এলোমেলো ('— কেশ')। সস্পৃহ, অতি লুব্ধ ('— কটাক্ষ')
**বিলি** ] — বিড়ালী। বিড়ালের আদর-সূচক চলতি শব্দ।
**বিল্ব** — বেল, শ্রীফল।
**বিশ** ] < বিংশ, কুড়ি, ২০ অঙ্ক বা পরিমাণ।
**বিশদ** — স্পষ্ট ('— বর্ণনা, বাক্য')। নির্মল। শুভ্র। ... ষ্য. **-তা, বৈশদ্য**।
**বিশল্য** — শল্যহীন, ব্যথাশূন্য। ... **বিশল্যা** — প্রসববেদনাশূন্যা। ... বিশল্যকরণী — রামায়ণোক্ত লতা বিঃ যাহা শল্য-ব্যথা দূর করে।
**বিশাই** ] < বিশ্বকর্মা।
**বিশাখ** — কার্তিকেয়। শাখাহীন। ... **বিশাখা** — নক্ষত্র বিঃ। রাধিকার সখী বিঃ। (§ বৈশাখ)
**বিশারদ** — পণ্ডিত, পারদর্শী, দক্ষ।
**বিশাল** — বৃহৎ, উদার, মহৎ ('— দেহ, অরণ্য, রাজ্য, অন্তঃকরণ')। ... ষ্য. **-তা, -ত্ব**। ... স্ত্রী. **বিশালা, -লী**। ... **বিশালাক্ষী** — আয়তনয়না। দেবী বিঃ। ... **বিশালা** — উজ্জয়িনী পুরীর একটি নাম।
**বিশিখ** — ষ্য. বাণ। ... ণ. শিখাহীন।
**বিশিষ্ট** — যুক্ত, সমন্বিত ('লাঙ্গুল-, শক্তি'-')। অসাধারণ, বিশেষপ্রকার, বিলক্ষণ, খ্যাত ('— ভদ্রলোক')।

অতিশয়। ... **বিশিষ্টতা** — বৈশিষ্ট্য (দেখ)

**বিশীর্ণ** — অতিশয় শীর্ণ।

**বিশীর্ণমাণ**—যাহা ক্রমে শীর্ণ হইতেছে।

**বিশুদ্ধ** — অতিশয় শুদ্ধ, নির্মল ('— জল, বস্ত্র')। পবিত্র, নির্দোষ ('—চরিত্র, আনন্দ')। অমিশ্র, খাঁটী ('— ঘৃত, অদ্বৈতবাদ')।... ষ্য. **-তা, বিশুদ্ধি।**

**বিশুষ্ক** — অতিশয় শুষ্ক।

**বিশৃঙ্খল** — শৃঙ্খলাহীন, যাহা নিয়মবদ্ধ নয়, ব্যবস্থাহীন, উচ্ছৃঙ্খল, অসংযত, এলোমেলো। ... ষ্য. **-তা। বিশৃঙ্খলা।**

**বিশেষ** — ষ্য. আধিক্য, প্রকর্ষ ('স-')। বৈলক্ষণ্য, ভেদ; প্রকার, রকম ('অবস্থাবিশেষে। বৃক্ষবিশেষ')। তারতম্য ('ইতর-')। (দর্শনে) ব্যক্তি, অসামান্য, individual, individuality. ... ণ. প্রকৃষ্ট, অসাধারণ, special, particular ('— যত্ন, প্রকার। — করিয়া বলা')। অধিক। উৎকৃষ্ট। ভিন্ন। (§ বিশিষ্ট)। ... **বিশেষক** — বৈশিষ্ট্যজ্ঞাপক, characteristic.... **বিশেষজ্ঞ** — বিশেষ বিষয়ে অভিজ্ঞ, কোনও বিষয় যে উত্তমরূপে জানে, expert. ... **বিশেষতঃ** (-তস্) — বিশেষভাবে বলিতে গেলে, বিশেষরূপে। প্রধানতঃ। ... **বিশেষত্ব**—বৈশিষ্ট্য (দেখ), অনন্যসাধারণতা, বিশেষ গুণ, special feature.

**বিশেষণ** — (ব্যাকরণে) যে পদ অন্য পদের গুণ বা অবস্থা প্রকাশ করে। গুণনির্দেশ। বিস্তার করণ। ... **বিশেষিত** —পৃথককৃত। বিশেষণদ্বারা অবধারিত।

**বিশেষ্য** — (ব্যাকরণে) বস্তু ব্যক্তি জাতি ক্রিয়া গুণ বা ভাব বাচক শব্দ। প্রভেদ্য, যাহা গুণাদির দ্বারা বিশেষ করা যায়, specifiable.

**বিশোয়াস, বিশোয়াসা]** — বিশ্বাস (ব্রজবুলি)

**বিশোধক** — বিশুদ্ধিকারক।

**বিশোধন** — বিশুদ্ধ করণ, সম্যক্ শোধন। ... ণ. **বিশোধিত।** ... **বিশোধনীয়, বিশোধ্য** — বিশোধনযোগ্য।

**বিশ্রব্ধ** — বিশ্বস্ত ('—আলাপ')। প্রগাঢ়। প্রশান্ত।

**বিশ্রম্ভ** — প্রণয়। স্বচ্ছন্দ বিহার। কেলিকলহ। বিশ্বাস। ... **বিশ্রম্ভালাপ** — প্রণয়ালাপ। বিশ্বস্ত আলাপ।

**বিশ্রান্ত**—বিগতশ্রম, যে বিশ্রাম করিয়াছে। নিবৃত্ত। অতিশয় শ্রান্ত। ... **বিশ্রান্তি** — বিশ্রাম। বিরতি।

**বিশ্রাম** — জিরান, শ্রান্তি-অপনোদন। বিরাম, নিবৃত্তি।

**বিশ্রী** — শ্রীহীন, কুৎসিত ('—চেহারা')। লজ্জাজনক, দূষ্য, অতিশয় অপ্রিয় ('—কথা, কাণ্ড')

**বিশ্রুত** — প্রখ্যাত, প্রসিদ্ধ ('-কীর্তি। বিশ্ব-')। ... ষ্য. **বিশ্রুতি।**

**বিশ্লিষ্ট**—বিযুক্ত, বিচ্ছিন্ন। যাহার বিবিধ উপাদান পৃথক্ বা নির্ণয় করা হইয়াছে, analysed.

**বিশ্লেষ** — বিচ্ছেদ, বিয়োগ। বিভাগ। ... **বিশ্লেষণ**—পৃথক্ করণ। উপাদান-নির্ণয়, analysis.

**বিশ্ব** — ষ্য. জগৎ, ব্রহ্মাণ্ড।... ণ. সর্ব, সমস্ত, সর্বলোক বিষয়ক ('-মানব, -প্রেম, -চরাচর')।... **বিশ্বকর্মা** (-র্মন্) —দেবশিল্পী। ... **বিশ্বকবি** —সমগ্র জগতে যিনি শ্রেষ্ঠ কবি বলিয়া স্বীকৃত। ... **বিশ্বকোষ** — যে গ্রন্থে সর্ব শাস্ত্র সম্বন্ধে জ্ঞাতব্যের উত্তর পাওয়া যায়।

... **বিশ্বজন** — মানবসাধারণ। ... **বিশ্ব-জননী** — জগন্মাতা, জগদম্বা। ... **বিশ্বজনীন** — সর্বলোক বিষয়ক। সর্বলোকের হিতকর। ... **বিশ্বজিৎ** — জগজ্জয়ী। যজ্ঞ বিঃ। ... **বিশ্বতঃ** (-তস্) — সর্বতঃ। ... **বিশ্বতোমুখী** — সর্বতোমুখী। ... **বিশ্বদেব** — গণদেবতা বিঃ। অগ্নি।... **বিশ্বনাথ** — জগদীশ্বর। কাশীর শিব। ... **বিশ্বনিন্দক** — **-নিন্দুক]** যে সকলেরই নিন্দা করে। ... **বিশ্বপা** — জগৎপালক। সূর্য। চন্দ্র। অগ্নি। ... **বিশ্বপাতা** (তৃ) — জগৎপালক। ... **বিশ্বপ্রেম** — ধর্মজাতিনির্বিশেষে মানব-প্রীতি। ... **বিশ্ববিদ্যালয়** — নানা প্রকার বিদ্যা শিখিবার প্রতিষ্ঠান, university. ... **বিশ্ববিশ্রুত** — জগদ্‌বিখ্যাত। ... **বিশ্বম্ভর** — জগতের ভরণকর্তা। বিষ্ণু। ... **বিশ্বমানবতা** — সর্বজাতির মানবের প্রতি আত্মীয়তা বোধ। ... **বিশ্বরূপ** — বিশ্বমূর্তি, অনন্তরূপ (গীতায় বর্ণিত)। বিশ্ব যাহার রূপ, ঈশ্বর।

**বিশ্বসিত** — যাহাতে বা যাহা বিশ্বাস করা হইয়াছে। যে বিশ্বাস করিয়াছে।

**বিশ্বস্ত** — বিশ্বাসের পাত্র, বিশ্বাসযোগ্য। বিশ্বাসকারী। (বিশ্বস্তসূত্রে — বিশ্বাস-যোগ্য পাত্র হইতে)। ... **বিশ্বস্ততা** — বিশ্বাসযোগ্যতা। bonafide.

**বিশ্বাবসু** — গন্ধর্ব বিঃ।

**বিশ্বামিত্র** — ঋষি বিঃ (পূর্বে ক্ষত্রিয় রাজা ছিলেন, পরে ব্রাহ্মণত্ব লাভ করেন)

**বিশ্বাস** — প্রত্যয়, সত্য বলিয়া জ্ঞান ('কথা — করা')। আস্থা, নির্ভর ('অমুকের উপর — নাই')। ... **বিশ্বাস-ঘাতক, -ঘাতী** (-তিন্,) **-হন্তা** (-ন্তৃ) — বিশ্বাসের পাত্র হইয়া যে ঠকায়, বেইমান। ... স্ত্রী. **-ঘাতিকা, -ঘাতিনী, -হন্ত্রী**। ... ষ্য. **-ঘাতকতা**। ... **বিশ্বাসভাজন** — বিশ্বাসের পাত্র। ... **বিশ্বাসী** (-সিন্) — বিশ্বাসকারী, আস্থাবান্ ('ঈশ্বর-')। বিশ্বাসভাজন ('— ভৃত্য')। ... **বিশ্বাস্য** — বিশ্বাস-যোগ্য।

**বিশ্বেশ্বর** — জগদীশ্বর। কাশীর শিব।

**বিষ** — যে দ্রব্য দেহে সঞ্চারিত হইলে মৃত্যু বা স্বাস্থ্যহানি হয়, গরল, হলা-হল ('সাপের, আফিমের, ম্যালেরিয়ার —')। বিস দেখ) ( § বিষানো, বিষিত)। ... **বিষকণ্ঠ** — শিব। ... **বিষকুম্ভ** — বিষের কলস। যাহার মন বিদ্বেষপূর্ণ। ... **বিষক্রিয়া** — দেহে বিষের ক্রিয়া; স্বাস্থ্যহানিকর ক্রিয়া।... **বিষঘ্ন** — বিষনাশক। ... **বিষণ** — বিষসঞ্চার, poisoning. ... **বিষদ** — বিষদাতা। ... **বিষদন্ত** — **বিষ দাঁত]** সাপের যে দাঁতের গোড়ায় বিষ থাকে। ... **বিষদুষ্ট** — বিষিত, বিষাক্ত। — **বিষদৃষ্টি, -নয়ন** — অত্যন্ত বিদ্বেষপূর্ণ দৃষ্টি, অত্যন্ত বিদ্বেষ। ... **বিষধর** — যে জীবের বিষ আছে ('— সর্প') ... **বিষমুখী** — কটুভাষিণী। ... **বিষ-মুখো** — যাহার মুখ সর্বদাই বিষণ্ণ।

**বিষণ্ণ** — বিষাদযুক্ত, খিন্ন। ... ষ্য. **-তা**।

**বিষফোড়া]** < বিস্ফোটক, যে ফোড়া টাটাইয়া ওঠে।

**বিষবৈদ্য** — বিষের চিকিৎসক। সাপুড়ে।

**বিষম** — দারুণ, দুঃসহ ('— গ্রীষ্ম, ক্রোধ, কষ্ট, বিপদ্')। বিপজ্জনক, উৎকট ('— কাণ্ড')। দুরূহ ('— সমস্যা')। অসমান। অসমতল ('উপল-')। অযুগ্ম, বিজোড়, যাহা দুই দিয়া ভাগ করা যায়

না ('— রাশি')। (বাং) শ্বাসনালীতে খাদ্যাদি প্রবেশের ফলে হিক্কা ('—লাগা, খাওয়া')। (§ বৈষম্য)। ... **বিষমজ্বর** — বহুদিনস্থায়ী জ্বর বিঃ। ... **বিষমশর** — মদন, কন্দর্প। ... **বিষমালংকার** — কাব্যালংকার বিঃ।

**বিষয়** — বর্ণনীয় জ্ঞেয় বা অনুভবনীয় পদার্থ ('বক্তৃতার, চিন্তার, আনন্দের—। -বস্তু, -ভেদ। বিষয়ান্তর')। সম্বন্ধ, সংক্রান্ত ব্যাপার ('তাঁহার — কিছুই জানি না')। (দর্শনে) ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থ, object, ভোগ্যবস্তু ('-তৃষ্ণা, -বৈরাগ্য, বিষয়াসক্তি')। ধনসম্পত্তি জমিদারি ইঃ ('-আশ্রয়, -কর্ম',। পাত্র। অধিকারভুক্ত স্থান। জেলা। (§ বৈষয়িক)

**-বিষয়ক** — সম্বন্ধীয় ('ধর্ম- উপদেশ')

**বিষয়বুদ্ধি** — সাংসারিক লাভালাভ সম্বন্ধে সচেতনতা।

**বিষয়বৈরাগ্য** — ভোগ্যবস্তুতে অনাসক্তি।

**বিষহর** — বিষঘ্ন।

**বিষহরী** — মা মনসার একটি নাম।

**বিষয়ী** (-য়িন্) — সম্পত্তিশালী। বিষয়াসক্ত। (দর্শনে) জ্ঞাতা, আত্মা।

**বিষাক্ত** — বিষলিপ্ত, বিষমিশ্রিত।

**বিষাণ** — শৃঙ্গ। শিঙা। হস্তী শূকর ইঃর বৃহৎ দন্ত।

**বিষাদ** — দুঃখ, ইষ্টহানিজনিত মনোভঙ্গ, খেদ। ... ণ. বিষাদিত। (§ বিষণ্ণ)। ... **বিষাদী** (-দিন্) — সদাবিষণ্ণস্বভাব। ... স্ত্রী. **বিষাদিনী**।

**বিষানো / বিষনো** [ √ বিষা-১৩ ] বিষযুক্ত (septic) বা প্রদাহযুক্ত হওয়া, টাটানো ('ফোড়া বিষিয়ে ওঠা')

**বিষিত** — বিষযুক্ত।

**বিষুব** — যে সময়ে দিবারাত্রি সমান হয়, equinox. ... **বিষুববৃত্ত** — নিরক্ষবৃত্তের সমান্তরাল আকাশস্থ কাল্পনিক বৃত্ত, equinoctial. ... **বিষুবরেখা** — উভয় মেরু হইতে সমদূরবর্তী ভূগোলক বলয়িত কল্পিত রেখা। Equator. ... **বিষুবলম্ব** — বিষুববৃত্ত হইতে গ্রহনক্ষত্রাদির কৌণিক অন্তর, ক্রান্তি, declination.

**বিষ্কম্ভক** — নাটকে অঙ্কের আরম্ভে যে অংশে প্রদর্শনীয় ঘটনা বিজ্ঞাপিত হয়।

**বিষ্টব্ধ** — প্রতিরুদ্ধ, বাধাপ্রাপ্ত। জড়ীভূত।

**বিষ্টম্ভ** — প্রতিবন্ধ, বাধা। জড়ীভাব।

**বিষ্ঠা** — গু, পুরীষ, মল।

**বিষ্ণু** — জগৎপালয়িতা, গোবিন্দ, চক্রপাণি, চতুর্ভুজ, নারায়ণ, পদ্মনাভ, পুণ্ডরীকাক্ষ, বিশ্বম্ভর, শ্রীপতি, হরি, হৃষীকেশ। (§ বৈষ্ণব)। ... **বিষ্ণুগুপ্ত** — চাণক্যের আসল নাম। ... **বিষ্ণুদূত** — যে দেবদূত ধার্মিকের আত্মাকে স্বর্গে লইয়া যায়। ... **বিষ্ণুপঞ্জর** — শ্রীকৃষ্ণের অস্থির অংশ, কথিত আছে শ্রীজগন্নাথ দেবের দারু বিগ্রহের অভ্যন্তরে এই অস্থি রক্ষিত আছে। ... **বিষ্ণুপদ** — আকাশ। ... **বিষ্ণুপদী** — গঙ্গা। ... **বিষ্ণুশর্মা** — পঞ্চতন্ত্র গ্রন্থের রচয়িতা। ... **বিষ্ণুশিলা** — শালগ্রাম।

**বিস, বিষ** — মৃণাল।

**বিসংগত, বিসঙ্গত** — বেখাপ, অসংগত। বেসুরা, discordant.

**বিসংবাদ** — মতভেদ, বিরোধ, অমিল। ... **বিসংবাদী** (-দিন্) — বিরুদ্ধবাদী, বিবাদী।

**বিসদৃশ** — ভিন্নপ্রকার, বিপরীত, বিরুদ্ধ। (§ বৈসাদৃশ্য)

**বিসমিল্লা** [ আ ] ঈশ্বরের নাম গ্রহণ। আল্লার দোহাই। (ব্যঙ্গে) কর্মারম্ভ

('বিসমিল্লায় গলদ')
**বিসরণ ১** — বিস্তার। প্রবাহ। (§ বিসৃত)
**বিসরণ ২** — বিস্মরণ (প্রা-সা)
**বিসর্গ** — ঃ বর্ণ। বিসর্জন। সৃষ্টি।
**বিসর্গসন্ধি** — বিসর্গান্ত পূর্বপদের সহিত সন্ধি।
**বিসর্জন** — পরিত্যাগ ('জীবন-, ধন-মান-')। দান। পূজার শেষে দেব-প্রতিমা জলে নিক্ষেপ। (পদ্যে ক্রি. 'বিসর্জিল')। (§ বিসৃষ্ট)। ... **বিসর্জনীয়** — বিসর্জনযোগ্য। ... **বিসর্জিত** — যাহা বিসর্জন করা হইয়াছে।
**বিসর্প** — চর্মের প্রদাহ রোগ বিঃ, erysipelas.
**বিসর্পণ, বিসর্প** — ধীরে সঞ্চরণ, creeping. পিছলাইয়া গমন, sliding. ব্যাপন। ... ণ. **বিসর্পিত**। ... **বিসর্পী** (-র্পিন্) — যাহা বিসর্পণ করে। ... স্ত্রী. **বিসর্পিণী**।
**বিসার** — বিসরণ (দেখ)। — **বিসারিত** — প্রসারিত, বিস্তারিত। প্রবাহিত। ... **বিসারী** (-রিন্) — বিস্তারশীল। প্রবাহী।
**বিসূচিকা** — ওলাউঠা রোগ, কলেরা।
**বিসৃত** — বিস্তৃত, ব্যাপ্ত।
**বিসৃষ্ট** — ত্যক্ত। নিক্ষিপ্ত, প্রেরিত।
**বিস্কুট** [পো. biscoito. ই. biscuit] তন্দুরে পক্ক ময়দার শুষ্ক পিষ্টক বিঃ।
**বিস্তর** — ষ্য. সমূহ। বিস্তার। বাক্য-সমূহ। বর্ণনার আধিক্য। ... (বাং) ণ. অনেক, ঢের, প্রচুর।
**বিস্তার** — প্রসারণ, বর্ধন ('স-')। ছড়ানো, বিছানো। বিস্তৃতি, ব্যাপ্তি, পরিসর, extent. চওড়ার মাপ, প্রস্থ। (পদ্যে ক্রি. 'বিস্তারিল, বিস্তারিয়া')। ... **বিস্তারিত** — প্রসারিত, ছড়ানো, বিছানো ('শয্যা —')। বর্ধিত, সবিশেষ ('— বর্ণনা')। ... **বিস্তার্য** — যাহা বিস্তারিত করা যায়।
**বিস্তীর্ণ** — ব্যাপ্ত, বিস্তৃত। বিশাল।
**বিস্তৃত** — যাহা বিছানো হইয়াছে। ব্যাপ্ত। প্রশস্ত, ফালাও। সবিশেষ ('— বর্ণনা')। ... **বিস্তৃতি** — ব্যাপ্তি, বিস্তার।
**বিস্ফারণ, বিস্ফার** — প্রসারণ। কম্পন। ... ণ. **বিস্ফারিত** ('বিস্ময়ে চক্ষু — করা')
**বিস্ফুরিত** — বিকম্পিত। দীপ্ত।
**বিস্ফুলিঙ্গ** — স্ফুলিঙ্গ।
**বিস্ফোটক, বিস্ফোট** — বিষফোড়া, ফোড়া, ব্রণ।
**বিস্ফোরক** — যাহা সশব্দে ফাটে বা একটুতে জ্বলিয়া উঠে, বোমা বারুদ ইঃ, explosive. ... **বিস্ফোরণ** — সশব্দে ফাটা বা জ্বলিয়া উঠা, explosion. ... ণ. **বিস্ফোরিত**।
**বিস্ময়** — আশ্চর্য। (§ বিস্মাপন, বিস্মায়ন, বিস্মিত) ... **বিস্ময়কর, বিস্ময়াবহ** আশ্চর্যজনক। ... **বিস্ময়-চিহ্ন** — ! চিহ্ন। ... **বিস্ময়ান্বিত, -য়াপন্ন** — বিস্মিত। ... **বিস্ময়াবিষ্ট** — বিস্ময়ে অভিভূত।
**বিস্মরণ, বিস্মৃতি** — স্মৃতিলোপ, ভুলিয়া যাওয়া, মনে না পড়া (পদ্যে ক্রি. 'বিস্মরিল')। (§ বিস্মৃত)।
**বিস্মাপন, বিস্মায়ন** — বিস্ময় উৎপাদন।
**বিস্মিত** — আশ্চর্যান্বিত।
**বিস্মৃত** — যে ভুলিয়া গিয়াছে ('— হওয়া')। যাহা মনে নাই ('—কথা')। ... ষ্য. **বিস্মৃতি** (বিস্মরণ দেখ)
**বিস্যুৎ** — বৃহস্পতির ভগ্নতৎসম রূপ।

**বিস্রংস, বিস্রংসন** — ক্ষরণ। পতন। ... **বিস্রংসী** (-সিন্) — ক্ষরণশীল। পতনশীল।

**বিস্রস্ত** — পতিত, চ্যুত ('— বসন')। ক্ষরিত।

**বিস্রুত** — ক্ষরিত, পরিস্রুত। প্রবাহিত। পতিত। ... ষ্য. **বিস্রুতি।**

**বিস্বাদ** — কুস্বাদ। স্বাদহীন।

**বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম** — পক্ষী। ... স্ত্রী. **বিহগী, বিহঙ্গী, বিহঙ্গমী।**

**বিহঙ্গিকা** — ভার বহনের জন্য ব্যবহৃত বংশখন্ড, বাঁক।

**বিহত** — ব্যাহত। ভগ্ন। বিনষ্ট। নিহত।

**বিহনে** [ < বিহীন ] বিনা, অভাবে (পদ্যে)

**বিহরণ** — বিহার, ভ্রমণ।

**বিহান** [ হি। < বিভান ] প্রভাত (অপ্রঃ)

**বিহায়স্** — উড়ো জাহাজ। আকাশ বিহায়সে উড়িয়া যায় বলিয়া পাখীর নাম বিহঙ্গ, বিহঙ্গম।

**বিহার** — ক্রীড়া, কেলি। সানন্দে বিচরণ ('উদ্যান-')। ক্রীড়াস্থান। বৌদ্ধ মঠ। বঙ্গের উত্তরপশ্চিমস্থ প্রদেশ বিঃ। ... **বিহারী** (-রিন্) — বিহারকারী। ভ্রমণকারী। বিহার প্রদেশের অধিবাসী। ... স্ত্রী. **বিহারিণী।**

**বিহি** — বিধি (ব্রজবুলি)

**বিহিত** — ণ. বিধিসম্মত, উচিত। অনুষ্ঠিত। ... ষ্য. বিধান। যথোচিত ব্যবস্থা।

**বিহীন** — বর্জিত, ত্যক্ত, বিহিত ('অন্ন-, উদ্দেশ্য-')

**বিহ্বল** — অভিভূত, বিবশ, অচেতন বিভল, বিভার। ('আনন্দে, শোকে, নেশায় —')। ... ষ্য. **-তা।**

**বীক্ষণ** — বিশেষভাবে দর্শন। যাহাদ্বারা বিশেষভাবে দেখা যায় ('অণু-')। ... ণ. **বীক্ষিত।**

**বীক্ষমাণ** — যে বীক্ষণ করিতেছে। ... স্ত্রী. **-মানা।** ... **বীক্ষ্যমাণ** — যাহা বীক্ষিত হইতেছে। ... স্ত্রী. **-মাণা।**

**বীচি ১** — তরঙ্গ। ... **বীচিভঙ্গ** — ঢেউ ওঠা।

**বীচি ২** (বিচি দেখ)

**বীজ*** — বিচি, আঁঠি। কৃষির জন্য যাহা বপন করা হয় ('-ধান')। জীবাণু, germ ('দধির, বসন্তের —')। শুক্র। মূল, কারণ। ... **বীজকোষ, -কোশ** — ফুলের যে অংশে বীজ জন্মে। ... **বীজগণিত** — algebra, অব্যক্তগণিত, যে গণিতশাস্ত্রে অঙ্কের পরিবর্তে অক্ষরাদি চিহ্ন প্রযুক্ত হয়। ... **বীজঘ্ন** — যাহা জীবাণু নষ্ট করে, disinfectant. ... **বীজপূর** — টাবালেবু। ... **বীজবপন** — বীজ বোনা। ... **বীজবারক** — যাহা জীবাণুর সঞ্চার নিবারণ করে, antiseptic. ... **বীজমন্ত্র** — ইষ্টদেবতার প্রতীকস্বরূপ মন্ত্র।

**বীজন** — ব্যজন, বাতাস দেওয়া। পাখা চামর ইঃ। ... **বীজিত** — যাহাকে বাতাস দেওয়া হইয়াছে।

**বীজীপুরুষ** — আদিপুরুষ। যাঁহা হইতে বংশবিশেষের সূত্রপাত।

**বীট** [ ই ] পালম-জাতীয় শাক বিশেষের কন্দ।

**বীড়া, বিড়া** — পানের গুচ্ছ বা খিলি। ধানগাছের আঁটি। কলসী ইত্যাদিকে খাড়া রাখিবার খড়ের পাকানো বর্তুলাকার দড়া।

**বীণা** — তন্ত্রীযুক্ত বাদ্যযন্ত্র বিঃ, বীন। ... **বীণাপাণি** — সরস্বতী।

**বীত**—অতীত, বিগত, অপগত, নিবৃত্ত। ... **বীতকাম** — যাহার কামনা দূর হইয়াছে। ... **বীতনিদ্র** — নিদ্রাহীন।— **বীতভয়** — ভয়মুক্ত। ... **বীতরাগ** — আসক্তি হইতে মুক্ত। ... **বীতশোক** — শোকমুক্ত। ... **বীতশ্রদ্ধ**—যাহার শ্রদ্ধা ভক্তি বা আস্থা দূর হইয়াছে।

**বীতস্পৃহ** — বীতকাম (দেখ)

**বীতংস** (বিতংস দেখ)

**বীতিহোত্র** -- অগ্নি। সূর্য।

**বীথি, বীথিকা, বীথী** — শ্রেণী, পঙ্‌ক্তি ('পণ্য-')। বৃক্ষশ্রেণীযুক্ত পথ, avenue.

**বীন**] < বীণা। ... **বীনকার**] বীণাবাদক।

**বীপ্সা** — ব্যাপ্তি। পুনঃপুনঃ ঘটন। শব্দের পুনরাবৃত্তি।

**বীবর** [ই. beaver ] উত্তর-আমেরিকার জন্তু বিঃ। (ইন্দুর-বর্গীয়। উভচর। মাটি কাটিয়া ঘর তৈয়ার করে)

***বীভৎস** — অতি ঘৃণ্য, কদর্য। (অলংকারশাস্ত্রে) রস বিঃ। পাপী। ... ষ্য. **-তা**। ... **বীভৎসু** — অর্জুন।

**বীমা** [হি], **বিমা**] ভাবী হানির প্রতিকারনিমিত্ত চুক্তি যাহার ফলে এক-পক্ষের মৃত্যু সম্পত্তিহানি ইঃ হইলে অপরপক্ষ ক্ষতিপূরণস্বরূপ অর্থ দেয়, insurance ('জীবন-')

**বীর** — বলবান্ ও সাহসী, শূর, যুদ্ধ-পটু, অসামান্য কর্মী। ('-দর্প'। কর্ম-, দান-')। (বাং) বানরদলের প্রধান, গোদা। (§ বীরা, বীর্য)। ... ষ্য. **বীরত্ব**। ... **বীরনারী** — বীর্যবতী, বীরাঙ্গনা। বীরপত্নী। ... **বীর-প্রসবিনী, -প্রসূ** — বীরের জননী। ... **বীরবল** — আকবরের সাহীমজলিসের হাস্যরসিক সভ্য। ... **বীরবাহু** — মেঘনাদবধ কাব্যে উল্লিখিত রাবণ ও চিত্রাঙ্গদার বীর পুত্র। ... **বীরবৌলি**] পুরুষের কর্ণাভরণ বিঃ, কুণ্ডল। ... **বীরব্রত** — বীরজনোচিত ধর্ম। ... **বীরভদ্র** — শিবের অনুচর বিঃ ... **বীরভূমি**—পশ্চিমবঙ্গের একটি জেলা। ... **বীরভোগ্যা** — যাহা বীরপুরুষের অধিগম্যা (বীরভোগ্যা বসুন্ধরা)। ... **বীরসিংহ** — বীরগণের মধ্যে শ্রেষ্ঠ। বিদ্যাসাগরের জন্মগ্রাম মেদিনীপুর জেলায় অবস্থিত।

**বীরখণ্ড**] তিল ও চিনি বা গুড় দিয়া প্রস্তুত মিষ্টদ্রব্য বিঃ।

**বীরা** — বীর্যবতী। পতিপুত্রবতী। (তুঃ অবীরা)

**বীরাঙ্গনা** — বীরনারী (দেখ)

**বীরাচার** — তন্ত্রোক্ত সাধনপদ্ধতি বিঃ। ... **বীরাচারী** (-রিন্) — যে তাহার অনুষ্ঠান করে।

**বীরাসন** — দক্ষিণ ও বাম পদ যথাক্রমে বাম ও দক্ষিণ ঊরুর উপর রাখিয়া অথবা এক জানুতে ভর দিয়া উপবেশন।

**বীরুধ্** — (স্ত্রী.) লতা।

**বীর্য** — বল, প্রতাপ, শৌর্য, বীরত্ব। রেতঃ, শুক্র। ... **বীর্যবান্** (-বৎ) — শক্তিশালী। ... ষ্য. **বীর্যবত্তা**।

**বু** [ফা] — শব্দ ('খোসবু')

**বুক** [< বুক্ক] বক্ষ। হৃদয়। ('— ঠোকা' — সাহসপ্রকাশ সূচক। '— দেওয়া' — আত্মনিয়োগ করা। '— পাতা' — দুঃখ সহিতে প্রস্তুত হওয়া। '— ফাটা' — দুঃখে হৃদয় বিদীর্ণ হওয়া। '— ফোলানো' — গর্ব সূচক। '— বাঁধা' — বিপদে মন দৃঢ় করা। ... **'বুকের পাটা'** — সাহস।

**বুকচাপা** — যেখানে আলোবাতাসের

অভাব।

**বুকজোড়া** — বুকজুড়িয়া যাহা থাকে।

**বুকড়ি** ] মোটা ('— চাল, দাঁত')

**বুকনি** ] গুঁড়া, কণা, ছোট টুকরা ('মিছরির —')। কথার ফোড়ন, প্রসঙ্গের মধ্যে মধ্যে রসাত্মক বা চিত্তাকর্ষক বাক্য প্রয়োগ ('— দেওয়া')

**বুকিং অফিস** — টিকিট কাটিবার এবং মাল বুক করিবার স্থান।

**বুকো** ] — ফলের মেরুদণ্ড। ('কাঁঠালের বুকো')।

**বুক্ক** — হৃৎপিণ্ড।

**বুক্কন** — কুকুরের ডাক।

**বুক্কার** — বুকবুক শব্দ।

**বুক্কাস্থি** — বুকে লম্বভাবে অবস্থিত অস্থি।

**বুঁচকি, বু-** (বোঁচকা দেখ)

**বুজকুড়ি** ] বুদ্‌বুদ, ভুড়ভুড়ি।

**বুজরুক** [ফা. বুজুর্গ্ = বিজ্ঞ ব্যক্তি] যে লোক বিদ্যার বা অলৌকিক শক্তির ভান করে, প্রতারক। ... ষ্য. **বুজরুকি** ]

**বুজি** — শিশুদের ভয় দেখানোর জন্য কল্পিত জীব।

**বুজা, বুঁজা, বুজানো** (বোজা দেখ)

**বুঝ** ] বোধ। প্রবোধ ('— মানা')। ... **বুঝমান** — বুদ্ধিমান, বিবেচক।

**বুঝা, বুঝানো** (বোঝা ২ দেখ)

**বুঝি** ] বোধ করি, এই অনুমান হয়, হয়তো ('তুমি — রাগ করলে? বুঝি বা')। নাকি ('তাই —?')

**বুট ১** ] ছোলা, চণক।

**বুট ২** [ই] *যে জুতায় পায়ের গোছের কিছুদূর পর্যন্ত ঢাকা পড়ে।*

**বুটি** ] কাপড়ে ছুঁচ দিয়া তোলা ফুল *('-দার')*

**বুড়** — মগ্ন (প্রা-সা)

**বুড়া / বুড়ো** ] < বৃদ্ধ, প্রবীণ; বৃদ্ধলোক ('— মানুষ, শরীর, হাড়, বয়স। বুড়োর কথা। বুড়োহাবড়া, -সুড়ো')। বয়স্থ, ধাড়ী ('— মিনসে, ছাগল') ... স্ত্রী. **বুড়ী** ]। ... **বুড়া আঙুল / বুড়ো-** ] < বৃদ্ধাঙ্গুলি, অঙ্গুষ্ঠ। ... **বুড়ামি, বুড়ামো / বুড়োমি, -মো, বুড়োপনা** ] বুড়ার তুল্য আচরণ, পাকামি, জেঠামি।

**বুড়ানো / বুড়নো** [ √ বুড়া-১৪ ] বৃদ্ধ হওয়া। ডুবানো (গ্রাম্য)

**বুড়ি** [বোড্রী] সিকি পণ, ৫ গণ্ডা।

**বুড়িকিয়া** — বুড়ির নামতা।

**বুড়িগঙ্গা** — শীতলক্ষ্যা নদীর অংশ।

**বুঁদ ১** [< মুদ-] বিহ্বল, চুর ('নেশায়— হওয়া')

**বুঁদ ২, বুঁদি** ] < বিন্দু। ভুড়ভুড়ি।

**বুঁদিয়া** — ঘিয়ে ভাজা রসে ফেলা ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকৃতি পক্কান্ন বিঃ।

***বুদ্ধ** — জ্ঞানপ্রাপ্ত, জাগরিত। বৌদ্ধ-ধর্মপ্রবর্তক, গৌতম, অমিতাভ, তথাগত, শাক্যসিংহ, সিদ্ধার্থ, বিষ্ণুর নবম অবতার। (§ বৌদ্ধ)

***বুদ্ধি** — বোধ বা বিচার শক্তি, ধী, প্রজ্ঞা, মনীষা ('— খাটানো, খরচ করা, চালানো, প্রয়োগ করা। — হওয়া। -নাশ, -বৃত্তি, -লোপ, -হীন')। মতলব ('দুষ্ট-। দুর্বুদ্ধি, সু-, কু-')। পরামর্শ, কর্তব্য সম্বন্ধে উপদেশ ('— দেওয়া')। ... **বুদ্ধিগম্য** — বুদ্ধিদ্বারা জ্ঞেয়। ... **বুদ্ধিজীবী** (-বিন্) — যে বুদ্ধিবলে *জীবিকানির্বাহ বা কার্যসাধন করে।* ... **বুদ্ধিবৃত্তি** — বোধশক্তি। ... **বুদ্ধিভ্রম, বুদ্ধিভ্রংশ** — বুদ্ধির লোপ। ... **বুদ্ধিমান্** *(-মৎ)* — ***বুদ্ধিমান*** ] *বুদ্ধিশালী,* ধীমান্, চালাক। ... স্ত্রী. **-মতী**। ...

ষ্য. **বুদ্ধিমত্তা**। ... **বুদ্ধীন্দ্রিয়** — জ্ঞানেন্দ্রিয়।

**বুদ্ধি** — কৌশল, উপায়।

**বুদ্‌বুদ** — ভুড়ভুড়ি, জলবিম্ব, bubble. ... **বুদ্‌বুদন** — ভুড়ভুড়ি ওঠা, effervescence. ... ণ. **বুদ্‌বুদিত**। ... **বুদ্‌বুদী** (-দিন্) — বুদ্‌বুদনিঃসারক।

**বুধ** — গ্রহ বিঃ, Mercury. চন্দ্রপুত্র। সপ্তাহের বার বিঃ। পণ্ডিত, জ্ঞানী।

**বুনট**] বস্ত্রের বুনানি বা জমি।

**বুধি**] — বুদ্ধি (প্রা-সা)

**বুধী** — বুধবারে জাত গোবৎসা।

**বুনন, বুনা, বুনানি** (বোনা দেখ)

**বুনো**] বন্য, জংলী ('— ওল')। বন্যজাতি, অসভ্য।

***বুভুক্ষা** — ভোজনেচ্ছা, ক্ষুধা। ... **বুভুক্ষিত** — ক্ষুধিত। ... **বুভুক্ষু** — ভোজনেচ্ছু, ক্ষুধার্ত।

**বুর** — মগ্ন (বুড় দেখ)

**বুভুৎসা** — বুঝিবার ইচ্ছা।

**বুরুজ** [আ. বুর্জ্] দুর্গাদির প্রাকারের পোস্তা- বা মন্দির-তুল্য বহির্গত অংশ, bastion. গুম্বজ।

**বুরুল**] বুড়া আঙুলের প্রস্থ, প্রায় এক ইঞ্চ।

**বুরুশ** [ই. brush] কুঁচি ইঃ দিয়া প্রস্তুত মার্জনী ('চুলের, জুতার —')। তুলি।

**বুলবুল** [ফা], **বুলবুলি**] সুকণ্ঠ পাখি বিঃ (thrush জাতীয়)

**বুলা** [√বুল্-১০। < বল্] বিচরণ করা ('খাবারে ছুঁচো বুলে গেছে'। গ্রাম্য)

**বুলানো / বুলনো, বোলানো** [√ বুলা-১৪] লঘুভাবে স্পর্শ করিয়া হস্তাদি চালনা করা ('মাথায় হাত, ছবির উপর তুলি —')

**বুলি**] বোল, বাক্য, ভাষা ('পাখির, ইংরেজী —। ব্রজ-')

**বুস্তান** (ফা.) — ফুল বা ফলের বাগান। পারসীক কবি সাদির রচিত কাব্য।

**বুহিতাল** — বহিত্র বা নৌকার সাহায্যে যে বাণিজ্য করে (প্রা-সা)

**বৃংহণ*** — বর্ধন, পোষণ। হাতির ডাক। যাহাতে শরীরের পুষ্টিসাধন হয়।

**বৃংহিত*** — ষ্য. হাতির ডাক। ... ণ. বর্ধিত।

**বৃক** — নেকড়ে বাঘ, wolf. জঠরাগ্নি। ... **বৃকোদর** — ভীম।

**বৃক্ক** — উদরস্থ যন্ত্র যাহা হইতে মূত্র নিঃসৃত হয়, kidney.

**বৃক্ষ** — গাছ, তরু, দ্রুম, পাদপ, বিটপী, মহীরুহ, শাখী। ... **বৃক্ষচ্ছায়** — বহু-বৃক্ষের ছায়া। ... **বৃক্ষছায়া** — বৃক্ষের ছায়া। ... **বৃক্ষবাটিকা** — বাগানবাড়ি। ... **বৃক্ষাগ্র** — গাছের আগা।

**বৃত** — যাহাকে বরণ করা হইয়াছে। সসম্মানে গৃহীত বা নিযুক্ত ('পতিত্বে, পৌরোহিত্যে —')। প্রার্থিত। ... **বৃতি** — বরণ। বেড়া, বেষ্টনী। পুষ্পের বহিরাবরণ, calyx. (§ বৃত্য)

**বৃতি** — আবরণ। বরণ। বেষ্টনী, বেড়া। ভিত্তি।

**বৃত্ত** — ষ্য. গোল, মণ্ডল, circle. ('বৃত্তার্ধ')। বর্তুল, sphere. চরিত্র ('দুর্বৃত্ত')। অক্ষর ইঃ দ্বারা নিয়মিত ছন্দ ('অক্ষর-, মাত্রা-'। ... ণ. অভ্যস্ত। জাত।

**বৃত্তস্থ** — প্রকৃতিস্থ।

**বৃত্তান্ত** — বিবরণ, বার্তা। ঘটনা। বিষয়, *বিবৃতি।*

**বৃত্তি** — জীবিকা, ব্যবসায়, কর্ম ('দস্যু-,

চার্টু-')। মনের ধর্ম, faculty ('চিত্ত-')। প্রবৃত্তি, স্বভাব। আচরণ ('বক-')। স্থিতি। মাস বৎসর ইঃ অন্তর প্রদেয় অর্থসাহায্য ('ছাত্র-')। অক্ষরসংখ্যাত ছন্দ। শব্দের শক্তি যাহা-দ্বারা অর্থ ব্যক্ত ও প্রসারিত হয়, অভিধা লক্ষণা ব্যঞ্জনা। নাটকাদির রচনাপদ্ধতি। ব্যাপার। স্থিতি। ব্যাখ্যান। ... **বৃত্তি-ভোগী** — যে বৃত্তি বা মাসোয়ারা পায়। ... **বৃত্তিমূলক**—জীবিকা যেখানে লক্ষ্য। বৃত্তিমূলক শিক্ষা, Vocational education.

**বৃত্য** — বরণীয়।

**বৃত্র** — অসুর বিঃ (ইন্দ্র কর্তৃক নিহত)

**বৃথা** — অকারণ, নিরর্থক, শুধু শুধু ('— সময় নষ্ট')। নিষ্ফল ('চেষ্টা — হওয়া')

**বৃদ্ধ** — বুড়া, বয়োজ্যেষ্ঠ, প্রবীণ ('বয়ো-, জ্ঞান-')। বৃদ্ধ লোক ('গ্রাম-')। বৃদ্ধি-যুক্ত। ...স্ত্রী. **বৃদ্ধা**। ...ষ্য. **বৃদ্ধতা, -ত্ব, বার্ধক্য**। ... **বৃদ্ধপ্রপিতামহ** — প্রপিতামহের পিতা। (অনুরূপ — বৃদ্ধপ্রমাতামহ)। ... স্ত্রী. **-মহী**।

**বৃদ্ধাঙ্গুলি** — বুড়ো আঙুল, অঙ্গুষ্ঠ।

**বৃদ্ধি** — বাড়, আধিক্য, বিস্তার, অভ্যুদয়, উন্নতি ('ধন-, বল-, শ্রী-, রোগ-')। **সুদ** ('-জীবী')। ... **বৃদ্ধিজীবী** — সুদ খোর। ... **বৃদ্ধিশ্রাদ্ধ** — অভ্যু-দয়িক শ্রাদ্ধ।

**বৃন্ত** — বোঁটা ('পুষ্পের —। -চ্যুত')। স্তনাগ্র, চুচুক। ... **বৃন্তচ্যুত** — বোঁটা হইতে ঝরিয়া পড়া।

**বৃন্দ** — সমূহ, গণ ('ভ্রাতৃ-')। দশ অর্বুদ, শত কোটি।

**বৃন্দা** — রাধিকার দূতী ও সখী। তুলসীর নামান্তর।

**বৃন্দাবন** — মথুরার সমীপস্থ ব্রজের অন্তর্গত বন বিঃ, এখন নগর ও তীর্থ। ... **বৃন্দারক** — দেবতা। ... গ. -সুন্দর, প্রধান।

**বৃশ্চিক** — বিছা, scorpion. রাশি-চক্রের অষ্টম রাশি।

**বৃষ, বৃষভ** — ঋষভ, বলদ, বলীবর্দ, ষণ্ড, ষাঁড়। রাশিচক্রের দ্বিতীয় রাশি। ... **বৃষকাষ্ঠ — বৃষকাঠ**]' বৃষোৎসর্গ শ্রাদ্ধে বৃষবন্ধনের কাষ্ঠস্তম্ভ। ... ***বৃষকেতু** — শিব। কর্ণের পুত্র। ... **বৃষধ্বজ, -বাহন, বৃষভ-** — শিব। ... **বৃষপর্বা** — শর্মিষ্ঠার দৈত্যরাজ পিতা। ... **বৃষস্কন্ধ** — যাহার স্কন্ধ বৃষের তুল্য স্থূল। ... **বৃষসেন** — কর্ণের পুত্র। অর্জুন কর্তৃক নিহত।

**বৃষভানু** — রাধিকার পিতা।

**বৃষল** — শূদ্র। পতিত, **পাপী**। ... **ষ্য. -তা, -ত্ব**। ... **বৃষলা, বৃষলী** — **শূদ্রা**। অনূঢ়া ঋতুমতী। ঋতুমতী। বন্ধ্যা।...

**বৃষি** — কুশাসন।

**বৃষোৎসর্গ** — শ্রাদ্ধ বিঃ যাহাতে ৪টি বৎসতরীর সহিত বৃষ উৎসর্গ করিয়া ছাড়িয়া দেওয়া হয়।

**বৃষ্টি** — আকাশ হইতে জলাদির পতন, বর্ষণ ('-পাত। পুষ্প-, শিলা-') ... **বৃষ্টিমানযন্ত্র** — যে যন্ত্রের দ্বারা কত ইঞ্চি বৃষ্টিপাত হইল তাহার পরিমাণ হয়।

**বৃষ্ণি** — যদুবংশের একজন বিখ্যাত পুরুষ। ... **বৃষ্ণিবংশ** যদু বংশের শাখা বিশেষ।

**বৃষ্য** — বীর্যবর্ধক।

**বৃষ্য** — আমলকী।

**বৃহৎ** — বড়। মহৎ। ... স্ত্রী. **বৃহতী**। — ছোট বেগুন।

**বৃহদ্ভানু** — অগ্নি।
**বৃহদ্রথ** — কুরুক্ষেত্র যুদ্ধে নিহত বীর বিঃ।
**বৃহন্দ** — বহির্দ্বার — (প্রা-সা)
**বৃহন্নলা*** — বিরাটগৃহে নপুংসকবেশী অর্জুনের ছদ্মনাম।
**বৃহস্পতি*** — দেবগুরু। তত্তুল্য পণ্ডিত। গ্রহ বিঃ, Jupiter. সপ্তাহের বার বিঃ।
**বে-** [ফা] অভাব বিরোধ নিন্দা ইঃ সূচক উপসর্গ।
**বেআইন** [ফা-আ] আইনের অভাব। ... **বেআইনী**] আইনবিরুদ্ধ।
**বেআক্কেল** [ফা-আ. বে-অক্‌ল্] বুদ্ধিহীন।
**বেআদব, বেয়াদব** [ফা-আ. বে-অদব] অশিষ্ট। ... ষ্য. **-বি**]
**বেআন্দাজ** [ফা. বে-আন্দাজ.] আন্দাজ হিসাব বা পরিমাপের অভাব। ... ণ. **বেআন্দাজ, -জী**]
**বেআবরু** [ফা] ণ. যাহার সম্ভ্রমের হানি হইয়াছে। আবরণহীন। ... ষ্য. সম্ভ্রম বা আবরণের হানি (আবরু দেখ)
**বেইজ্জত** [ফা-আ. বে-ইজ.জ.ৎ] অপমানিত, অপদস্থ। ... ষ্য. **বেইজ্জতি, বেইজ্জত**]
**বেইমান** [ফা-আ] বিশ্বাসঘাতক। ... ষ্য. **-নি**]। ... **ণ. -নী**]
**বেউড় বাঁশ**] কাঁটাযুক্ত বাঁশ বিঃ।
**বেএক্তিয়ার** [ফা-আ. বে-ইখ্‌তিয়ার] অধিকার ক্ষমতা বা ইচ্ছাশক্তির বহির্ভূত।
**বেওজর** [ফা-আ. বে-উজ.র] বিনা আপত্তিতে। আপত্তিহীন।
**বেওয়া** [ফা] বিধবা।
**বেওয়ারিস** [ফা-আ. বে-বা.রিস] যাহার স্বত্বাধিকারী বা দাবিদার নাই, অস্বামিক।
**বেকবুল** [ফা-আ] অস্বীকৃত।
**বেকসুর** [ফা-আ] নির্দোষ ('— **খালাস**')
**বেকায়দা** [ফা-আ. বে-কাইদহ্] **ণ.** আয়ত্তি বা কৌশলের বহির্ভূত। ... ষ্য. **যে** অবস্থায় কৌশলপ্রয়োগ দুরূহ ('বে-কায়দায় পড়া, ফেলা') ▲
**বেকার** [ফা] নিষ্কর্মা, জীবিকাহীন।
**বেকুফ, বেকুব** [ফা-আ. বে - বু.কূ.ফ] নির্বোধ। ... ষ্য. **-ফি, -বি**]
**বেখরচা** [ফা. বেখর্চ] বিনা ব্যয়ে।
**বেখাপ**] যাহা খাপ খায় না, বেমানান।
**বেগ** — দ্রুত গতি, ত্বরা ('বেগে গমন')। (বিজ্ঞানে) গতির পরিমাণ, velocity. প্রবাহ। মলমূত্রাদি ত্যাগের প্রবৃত্তি ('-ধারণ')। আয়াস ('— দেওয়া, পাওয়া')। ... **বেগবান্** (-বৎ) — বেগযুক্ত, বেগিত, ত্বরান্বিত। ... **স্ত্রী. বেগবতী**।
**বেগতিক**] ণ. নিরুপায়। ... ষ্য. নিরুপায় অবস্থা।
**বেগনী, -নি** (বেগুনী দেখ)
**বেগম** [তু. বেগ্‌ম্] মুসলমান রানী বা সম্ভ্রান্ত মহিলা।
**বেগর** [আ. বগয়র] ব্যতীত, বিনা।
**বেগানা** [ফা] অচেনা। অনাত্মীয়, পর।
**বেগার** [ফা] বিনা বেতনে কাজ ('— খাটা, ঠেলা')
**বেগিত** — বেগযুক্ত।
**বেগুন** [< বাতিঙ্গন] **ফল** বিঃ, বার্তাকু (তরকারি)
**বেগুনী / বেগনী, -নি**] বেগুনের **মত** রং, রক্তনীল, violet, purple. **বেসন** মাখানো বেগুনের ফালি ভাজা।
**বেগোছ**] বিশৃঙ্খলা, আগোছালো।
**বেঘোর** (বিঘোর দেখ)
**বেঙ** (ব্যাং দেখ)। ... **বেঙাচি, -ছি**]

ব্যাঙের ছানা (লেজ-যুক্ত)

**বেঙগমা-বেঙগমী** ] < বিহঙগম-বিহঙগমী (রূপকথায়)

**বেচা** [ √ বেচ্-৫। < বি-ক্রী ] বিক্রয় করা।

**বেচারা** [ ফা. বেচারহ্ ] নিরুপায় লোক। ভালমানুষ। ... **বেচারী** (স্ত্রীলিঙেগ বা অনুকম্পায়)

**বেচাল** ] ণ. ভ্রষ্ট, কুচরিত্র। ... ষ্য. চ্যুতি, নিন্দার্হ আচরণ।

**বেজন্মা** ] যাহার জন্মের ঠিক নাই, বিজন্মা, জারজ।

**বেজাত** ] অন্য বা নিকৃষ্ট জাতি। বেজন্মা।

**বেজায়** ] [ ফা-আ. বে-জায়েজ ] অত্যন্ত, অপরিমিত ('— ভারী, ঝাল, রাগ')। অন্যায়।

**বেজার** [ ফা. বেজা.র ] বিরক্ত।

**বেজি, ... বেঁজি** ] নেউল, নকুল, ichneumon, mongoose.

**বেজিত** — উদ্‌বেগপ্রাপ্ত, ভীত।

**বেঞ্চ** [ ই ] **বেঞ্চি** ] একাধিক লোকের বসিবার জন্য লম্বা উঁচু কাঠ ইঃর আসন।

**বেটা / ব্যাটা** ] পুত্র। অবজ্ঞা বা ভর্ৎসনা সূচক সম্বোধন ('ওরে —')। ... স্ত্রী. **বেটী**। **"বেটাছেলে"** ] পুত্রসন্তান। পুরুষমানুষ।

**বেটে** — শণ বা পাটের দড়ি।

**বেঁটে** [ < বণ্ঠ ], খর্ব, লম্বায় খাটো (মানুষ জন্তু বা বস্তু) ... **বেটো** — অতিরিক্ত খাটিয়া নিস্তেজ। ক্লান্ত (বেটো ঘোড়া)

**বেঠিক** ] ভুল। যাহা নির্দেশ অনুযায়ী নয়। যাহার স্থিরতা নাই।

**বেড়** [ < বেষ্ট ] বেষ্টন, ঘের, পরিধি।

**বেড়া ১** [ < বেষ্ট ] ষ্য. বেষ্টনী, যাহা-দ্বারা ঘেরা হয় ('বাঁশের —। — দেওয়া')। ... ণ. যাহা বেষ্টন করে ('— আগুন। -জাল')

**বেড়া ২** [ √ বেড়্-৫ ] বেষ্টন করা।

**বেড়ানো** [ √ বেড়া-১১ ] ভ্রমণ বা বিচরণ করা ('মোটরে —')। পাদচারণ করা, হাঁটা ('সকালে —')

**বেড়ি** ] বেষ্টনী, আবদ্ধ করিবার শৃঙ্খলাদি ('পায়ের —')। হাঁড়ি ইঃ বেষ্টন করিয়া ধরিবার যন্ত্র।

**"বেড়ে"** ] উত্তম, বেশ।

**"বেঁড়ে"** [ < বণ্ড ] লেজ-কাটা। বেঁটে।

**বেড়েলা** — সংস্কৃত নাম বলা। একপ্রকার ঝোপ বাঁধা গুল্ম।

**বেডৌল, -ডোল** ] কুগঠন।

**বেঢপ** ] সৌষ্ঠবহীন, কুশ্রী।

**বেণ** — পৌরাণিক রাজা বিঃ — ইঁহার পুত্র পৃথু।

**বেণিয়া** — বণিক।

**বেণী, -ণি** — বিননি, বিনানো চুল ('-বন্ধন, -রচনা)। জলপ্রবাহ ('ত্রি-')। ... **বেণীসংহার** — বেণীবন্ধন। ভট্টনারায়ণকৃত সংস্কৃত নাটক বিঃ।

**বেণু** — বাঁশ ('-বন')। বাঁশি ('-রব')। ... **বেণুক** — পাচনবাড়ি।

**বেত** ] < বেত্র ('— মারা, লাগানো')

**বেতন** — কর্মের মূল্য, ভৃতি, মজুরি, মাহিনা, pay, wages, fee ('কর্ম-চারীর, স্কুলের —')। ভাড়া। মূল্য। (§ বৈতনিক)। ... **বেতনভুক্** (-ভুজ্), **-ভোগী** (-গিন্) — যে বেতন লইয়া কাজ করে।

**বেতর** [ ফা-আ. বে-তরহ্ ] বিষম, বিসদৃশ।

**বের্তারিবত** [ ফা-আ. বে- তর্বিয়ৎ ] অশি-ক্ষিত। কুশিক্ষাপ্রাপ্ত।

**বেতস** — বেতগাছ ('-লতা')। নমনীয় শাখা যুক্ত বৃক্ষ বিঃ। ...স্ত্রী. **বেতসী**। ... **বেতসবৃত্তি** — প্রবল বিপক্ষের নিকট নতিস্বীকার (বেতসশাখা যেমন জল-স্রোতে নত হয়)
**বেতাগ** ] লক্ষ্যভ্রষ্ট।
**বেতার ১** ] স্বাদহীন, বিস্বাদ।
**বেতার ২** ] বিনা তারে যাহা সাধিত হয়, wireless ('— বার্তা, সংগীত')
**বেতাল ১** — মৃতদেহাশ্রয়ী প্রেত।
**বেতাল ২** ] (সংগীতে) তালভংগ। ... **বেতাল, বেতালা** ] যাহার তাল ঠিক নয় ('— বাজনা')। অপ্রাসঙ্গিক, বেখাপ, অনুপযুক্ত ('— কথা')
**বেতো** ] বাতরোগগ্রস্ত।
**বেত্তা** (-ত্তৃ) — যে জানে, অভিজ্ঞ ('শাস্ত্র-')
**বেত্র** — বেত ('বেত্রাঘাত')। ... **বেত্রাসন** — বেত দিয়া তৈয়ারী বা ছাওয়া আসন, মোড়া চেয়ার ইঃ। ... **বেত্রবতী** — মালব দেশের নদী বিঃ, আধুনিক বেতোআ (বুন্দেলখণ্ডে)। বেত্রধারিণী।
**বেথুয়া** — একপ্রকার শাক।
**বেদ** — ভারতের প্রাচীনতম শাস্ত্র, ঋক্ যজুঃ সাম অথর্ব, শ্রুতি ('-জ্ঞ, -বিৎ, -নিন্দা, -বাক্য')। (§ বৈদিক)। ... **বেদমাতা** (-তৃ) — গায়ত্রী। ... **বেদবাক্য** — বেদের মতো আপ্তবাক্য। অভ্রান্ত-তথ্য। ... **বেদব্যাস** (ব্যাস দেখ)
**বেদখল** [ ফা-আ. বে-দখ্‌ল্ ] অধিকার-চ্যুত। অন্যায়ভাবে অধিকৃত। ... ষ্য. **বেদখলি** ]
**বেদজ্ঞ** — বেদবিদ্যায় পারদর্শী।
**বেদড়া, বেধড়া** — যে রীতিনীতি শৃঙ্খলা ইত্যাদি মানে না।
**বেদন** — বোধ, অনুভূতি, জ্ঞান। বেদনা, ব্যথা, কষ্ট। বিবাহ। দান। (§ বেদিত, বেদিতব্য, বেদ্য)। ... **বেদনীয়** — অনুভবনীয়, জ্ঞেয়।
**বেদনী** — ব্যথার ব্যথিনী, দরদী, সহানুভূতিশালিনী। (প্রা-সা)
**বেদনা** — ব্যথা ('মাথা — করা, গলায় — হওয়া')। দুঃখ ('মনের —')। অনুভূতি।
**বেদম** [ ফা ] শ্বাসরহিত, যাহাতে দম লইবার অবকাশ নাই ('— কাশি')। ঊর্ধ্বশ্বাসে ('— দৌড়')। অত্যন্ত ('— প্রহার, ঘুম')
**বেদস্তুর** [ ফা ] প্রথাবিরুদ্ধ।
**বেদাঙ্গ** — বেদের আনুষঙ্গিক, শাস্ত্র, শিক্ষা কল্প ব্যাকরণ নিরুক্ত ছন্দঃ ও জ্যোতিষ।
**বেদবতী** — রাবণের দ্বারা উৎপীড়িত। রামায়ণোক্তা সতী। ইনিই পর জন্মে সীতারূপে আবির্ভূতা হ'ন।
**বেদানা** [ ফা. বেদানহ্ ] মিষ্ট দাড়িম্ব বিঃ।
**বেদান্ত** — উপনিষৎ। ব্যাসপ্রণীত ব্রহ্ম-প্রতিপাদক দর্শনশাস্ত্র। (§ বৈদান্তিক)। ... **বেদান্তবাদ** — বেদান্তদর্শনের মত। ... **বেদান্তবাদী** (-দিন্), **বেদান্তী** (-ন্তিন্) — তন্মতাবলম্বী, বৈদান্তিক।
**বেদিত** — জ্ঞাপিত।
**বেদিতব্য, বেদ্য** — জ্ঞাতব্য, জ্ঞেয়।
**বেদী, বেদি, বেদিকা** — উচ্চ ভূমি বা স্তূপাকৃতি ভিত্তি ('যজ্ঞ-')। মঞ্চ, পীঠ, platform, dais, pulpit.
**বেদুইন** [ ই. bedouin, আ. বদু- ] আরব দেশের যাযাবর জাতি বিঃ।
**বেদুয়া, বেধুয়া** — বিধবা গর্ভজাত জারজ।
**বেদে** [ < বৈদ্য ] ভারতীয় যাযাবর জাতি বিঃ, gipsy.

**বেদোক্ত** — বেদে উল্লিখিত।

**বেদ্য** (বেদিতব্য দেখ)

**বেধ** — গভীরতা। স্থূলতা। বিঁধ, ছিদ্র, বিদ্ধ করণ ('কর্ণ-, লক্ষ্য-'। ... **বেধক, বেধী** (-ধিন্) — যে বিদ্ধ করে। ... **বেধন** — বিদ্ধ করণ। ... ণ. **বেধিত**। ... **বেধনী, বেধনিকা** — বেধনযন্ত্র, drill. শলাকা, ছুঁচ। ... **বেধনীয়, বেধ্য** — বেধনযোগ্য। লক্ষ্য, target.

**"বেধড়ক"**] অপরিমিত, অত্যন্ত।

**বেঁধা** (বিঁধা বিরল) [√ বিঁধ্-৯। < বিধ্, ব্যধ্] বিদ্ধ হওয়া, ফোটা ('কাঁটা —')। ছিদ্র করা ('নাক —')। ... ণ বিদ্ধ। ... **বিঁধানো / বিঁধনো, বেঁধানো** [√ বিঁধ-১৩] বিদ্ধ বা ছিদ্রিত করানো।

**বেনা** [< বীরণ] তৃণ বিঃ। (বেনার মূল — **খসখস**, উশীর, vetiver).

**বেনাম** [ফা] প্রকৃত মালিক বা কর্তার পরিবর্তে রটিত অপরের নাম। ... ণ. **বেনামা, বেনামী**] ('— সম্পত্তি')। যাহাতে কর্তার বা প্রেরকের নাম নাই ('— চিঠি')। ... **বেনামদার**] যাহার নামে বেনামী সম্পত্তি ইঃ রটিত হয়।

**বেনিয়া/ বেনে**] < বণিক্। বাংলার ব্যবসায়ী জাতি বিঃ।

**বেনিয়ান** [< বণিক্] দালাল বা মুৎসদ্দী। বিক্রীত দ্রব্যের মূল্য আদায়ের জন্য ব্যবসায়ীর নিকট যে দায়ী থাকে। খাটো চাপকান বিঃ। গেঞ্জি।

**বেনো**] বন্যা-জাত বা সম্বন্ধীয় বন্যা-প্রবাহে আনীত ('— জল')

**বেপথু, বেপন** — কম্প, শিহরন ('বেপথুমতী')

**বেপন** — কম্পন।

**বেপমান** — কম্পমান। ... স্ত্রী. **-মানা**।

**বেপরোয়া** [ফা. বেপর্‌বা.] নির্ভয়। যে কোনো বাধা বিঘ্ন গ্রাহ্য করে না।

**বেপোট** — অপমান, বেঢপ, বেখাপ্পা।

**বেফায়দা** [ফা-আ. বে-ফাইদহ্] লাভ-হীন। বৃথা। অনর্থক।

**বেফাঁস**] ণ. বন্ধনহীন। ... ষ্য. গোপনীয় বিষয় প্রকাশ ('কথা — করা')

**বেবন্দোবস্ত** [ফা. -বস্ত্] ষ্য. বন্দোবস্তের অভাব। ... ণ. অব্যবস্থ।

**বেবাক** [ফা-আ. বে-বাকী] নিঃশেষ, সমস্ত।

**'বেভ্‌ভুল'** — বিভ্রম। ... ণ. বিহ্বল।

**বেমক্কা** [ফা-আ. বে-মৌকা] যাহা স্থান বা কালের উপযুক্ত নয়, অসংগত। সঙ্গতি সামঞ্জস্য শূন্য। ... **বেন (বেমন্)** — তাঁত, মাকু।

**বেমানান**] অশোভন।

**বেমার** — ব্যারাম, জ্বর, অসুখ।

**বেমারী** — রোগী।

**বেমালুম** [ফা-আ] যাহা জানা যায় না, অগোচর ('— হওয়া')। অন্যের অজ্ঞাত-সারে ('— সরিয়ে ফেলা')। .

**বে-মেরামত** (ফা-আ) — অসংস্কৃত।

**বেয়াই, বেয়ান** (বেহাই, বেহান দেখ)

**বেয়াজ**] (ব্যাজ) বিলম্ব (প্রা-সা)

**বেয়াধি**] (ব্যাধি) — রোগ (প্রা-সা)

**বেয়াড়া**] < বিকট, বেঢপ, বিশ্রী। বদ, মন্দ।

**বেয়াদব** (বেআদব দেখ)

**বেয়ারা** [ই. bearer] বাহক। **পিয়ন**। চাকর। (বেহারা দেখ)

**বেয়ারাম** [ফা. বে-আরাম] রোগ, "ব্যারাম"।

**বেয়ারিং** [ই. bearing] যাহাতে ডাক-টিকিট লাগানো নাই ('— চিঠি')। বিনা মাসুলে প্রেরিত।

**বের** (বাহির দেখ)
**বেরি** — বেলা (প্রাঃসা)
**বেরং, বেরঙ**] বিকৃত বা অন্য রং।
**বেরনো, বেরুনো** [√ বেরা-১১] বাহির হওয়া (কেবল চলিত প্রয়োগ। 'বেড়াতে —। পরীক্ষার ফল —')
**বেরসিক**] অরসিক।
**বেরাদার** [ফা. বরাদর] ভ্রাতা। বন্ধু, সুহৃৎ, আত্মীয়। ... ষ্য. **বেরাদারি**]
**বেরাল, বেড়াল**] < বিড়াল।
**বেরিবেরি** [সিংহলী] শোথ রোগ বিঃ।
**বেল ১**] < বিল্ব, ফল বিঃ।
**বেল ২**] বেলা, মল্লিকা ('-ফুল')
**বেল ৩** [ফা] নকশাকাটা জালের ফিতা, lace ('-দার')
**বেল ৪** [ই] ঘণ্টা। ঘণ্টাকার বা গোলাকার কাচের লণ্ঠন, ফানুস। ভিতরে রূপার লেপ দেওয়া বিবিধ বর্ণের কাচের ফাঁপা গোলক।
**বেলদার** (হি) — যাহারা মাটি কাটিয়া পথ তৈরি করে। ঝাড় লণ্ঠনের পরিষ্কারক।
**বেলন, বেলনা, বেলুন** [< বেল্লন] লুচি ইঃ বেলিবার দণ্ড ('চাকি-')। ... **বেলন**] (বিজ্ঞানে) গোল দণ্ডাকার বস্তু, cylinder.
**বেলমোক্তা** [আ. বিল-] মোট, সর্বসমেত।
**বেলা ১** —সময় ('— দুইটা। ফিরিবার, দিনের —। ভোর-, সন্ধ্যা-, বার-, অ-')। দিবাকাল ('— অবসান, যাওয়া, পড়া')। পূর্বাহ্ণে কালাতিক্রম; বিলম্ব ('— করা, হওয়া। — ক'রে আসা')। সুযোগ, অবসর ('এই-')। (বাং) পক্ষে, সম্বন্ধে ('নিজের —')। ... **বেলাবেলি**] দিন থাকিতে থাকিতে।
**বেলা ২** — সমুদ্রতীর ('-ভূমি')। সৈকত। জোয়ার।
**বেলা ৩**] বেলফুল, মল্লিকা। (পদ্যে — বেলী])
**বেলা ৪** [√ বেল্-৫। < বেল্ল] বেলন দিয়া ময়দা ইঃর পিণ্ড পাতলা করা।
**বেলি** — বেলফুল।
**বেলুন** [ই] ব্যোমযান, গ্যাসপূর্ণ থলি যাহা বায়ুতে ভাসে। (বেলন দেখ)
**বেলে**] বালুকাময় ('— মাটি, পাথর')। **বেলেমাছ**] ছোট মাছ বিঃ। ... **বেলে-খেলা**] মিছা খেলা (খেলার দলে খুব ছোট ছেলেমেয়ে থাকিলে তাহাদের ভুলানো হয় যে তাহারাও খেলিতেছে)
**"বেলেল্লা"** [< বেল্লহল] বেল্লিক, নির্লজ্জ লম্পট মাতাল ইঃ ('— কাণ্ড। -গিরি') ... **বেলেল্লাপনা** — উচ্ছৃঙ্খল ইতর জনের মতো আচরণ।
**বেলেস্তারা** [ই. blister] ফোসকা তুলিবার জন্য জ্বালাময় ঔষধের প্রলেপ বা পটি।
**বেলোয়ারী** [ফা. বিল্লূরী] স্ফটিকের তুল্য পলতোলা কাচ নির্মিত ('—চুড়ি, ঝাড়')
**বেল্লিক** [< ব্যলীক] নির্লজ্জ, দুঃশীল। লম্পট, মাতাল। ... ষ্য. **-পনা**]
**বেশ ১** — সজ্জা, বস্ত্রালংকারাদি ('-বিন্যাস, -ভূষা')। ... **বেশী** (-শিন্) — বেশধারী ('ছদ্ম-')
**বেশ ২** [ফা] ণ. ভাল, উত্তম ('—জিনিস ছেলে। — আছে, করেছে। — তো')। খুব, অধিক ('—ক'রে শাসন করা')। ... ষ্য. আধিক্য ('কমবেশ, বেশকম')। (§ বেশি, বেশী)
**বেশবার** — ব্যঞ্জনের একপ্রকার উপকরণ। একতোলা হিং, দুইতোলা আদা, চারি-তোলা মরিচ, আটতোলা জিরা, ষোল-

তোলা হলুদ ও বত্রিশতোলা ধনিয়া পিষিয়া মিশাইলে বেশবার প্রস্তুত হয়।

**বেশর, বেসর**] অর্ধচন্দ্রাকার নাকের গহনা বিঃ। নথ ইঃ।

**বেশরম** [ফা. বেশর্ম্] নির্লজ্জ। বেহায়া।

**বেশি** [ফা. বেশ-] আধিক্য ('কমি-')

**বেশী**] অধিক ('—লোক, দিন।—করিয়া')

**বেশুমার** [ফা] অগণিত, অসংখ্য। যাহার হিসাবনিকাশ নাই।

**বেশ্ম** (-শ্মন্) — গৃহ।

**বেশ্যা** — গণিকা, পণ্যাঙ্গনা, বারনারী, বারাঙ্গনা, রূপাজীবা ('-বৃত্তি। বেশ্যালয়')

**বেশোয়ার** — ঝাল বাটনা।

**বেষ্ট** — বেষ্টনী, বেড়া।

**বেষ্টক** — যে বেষ্টন করে।

**বেষ্টন** — ঘেরাও ('— করা') প্রদক্ষিণ। বেড়, পরিধি। বেড়া, প্রাচীর। ... ণ. **বেষ্টিত**। ... **বেষ্টনী** — যাহাদ্বারা ঘেরা হয়।

**বেসন — বেসম**] ছোলা মটর ইঃ দালের গুঁড়া।

**বেসর** (বেশর দেখ)

**বেসরকারী** [ফা] যাহা রাজকীয় বা গভর্নমেণ্টের নয় ('— স্কুল, হাসপাতাল')

**বেসাত**] পণ্য। ... **বেসাতি**] পণ্যবিক্রয়। ... **বেসাতী**] পসারী, দোকানদার।

**বেসামাল**] অসামাল, রক্ষা বা সংবরণ করিতে অক্ষম। অরক্ষিত।

**বেসালি** [পো. vasilha] দুধ দুহিবার কেঁড়ে।

**বেসুর, বেসুরা / বেসুরো**] সুর ঠিক না হওয়ায় শ্রুতিকটু।

**বেহদ্দ** [ফা-আ. বে-হদ্দ্] সীমাতীত, অত্যন্ত।

**বেহাই / বেয়াই**] < বৈবাহিক, পুত্রের বা কন্যার শ্বশুর। ... স্ত্রী. **বেহান / বেয়ান** [< বৈবাহিনী]

**বেহাগ**] রাগিণী বিঃ।

**বেহাত**] হাতছাড়া, পরহস্তগত।

**বেহায়া** [ফা-আ] নির্লজ্জ। বেশরম ... ষ্য. **-পনা**]

**বেহারা / বেয়ারা** [< ব্যবহারিক] পালকিবাহক, কাহার। (বেয়ারা দেখ)

**বেহালা** [পো. viola] তন্ত্রীযুক্ত বাদ্যযন্ত্র বিঃ, violin.

**বেহিসাব** [ফা-আ] ষ্য. হিসাবের অভাব। ... ণ. হিসাবহীন। ... ণ. **বেহিসাবী**] ('— লোক, খরচ')

**বেহুদা** (ফা) — অবান্তর, বাজে, অনর্থক, অনাবশ্যক।

**বেহুলা** — (বিহুলা) মনসামঙ্গলে চাঁদ সদাগরের পুত্রবধূ, লখীন্দরের সদ্যোবিধবা বধূলা।

**বেহুঁশ, বেহোশ** [ফা] অচৈতন্য, জ্ঞানহীন। হুঁশ নেই যাহার।

**বেহেড** [বে- head] মস্তিষ্কহীন, হিতাহিতজ্ঞানশূন্য। বেলেল্লা।

**বেহেশ্ত** (ফা) — স্বর্গ।

**বৈ**] — (বই দেখ)

**বৈকল্পিক** — বিকল্পে সিদ্ধ, বৈভাষিক। alternative.

**বৈকল্য** — বিকলতা, অঙ্গহীনতা।

**বৈকাল** — বিকাল (দেখ)। ... **বৈকালিক, বৈকালীন** — অপরাহ্নসম্বন্ধীয় ('— আহার')। ... স্ত্রী. **বৈকালিকী**। বৈকালী। ... **বৈকালী**] দেবতার বৈকালিক ভোগ।

**বৈকুণ্ঠ** — বিষ্ণুর ধাম, গোলোক।

**বৈক্লব্য** — বিহ্বলতা।

**বৈখরী** — শব্দের উৎপত্তি বা উচ্চারণ।

বাক্‌শক্তি।

**বৈখানস** — বানপ্রস্থাবলম্বী, তাপস।

**বৈগুণ্য** — বিগুণতা, বিকলতা, দোষ। প্রতিকূলতা ('গ্রহ-')

**বৈচক্ষণ্য** — বিচক্ষণতা, অভিজ্ঞতা, পাণ্ডিত্য।

**বৈচিত্ত্য** — চিত্তের ভাবান্তর (বৈষ্ণব পদাবলীর ('প্রেম বৈচিত্ত্য')। চিত্তবৈষম্য।

**বৈচিত্র্য** — বিচিত্রতা। বিচিত্র শোভা।

**বৈঁচি** — একপ্রকার বন্য কাঁটাগাছের ফল।

**বৈজয়ন্ত** — ইন্দ্রপুরী, ইন্দ্রের ধ্বজ। ... **বৈজয়ন্তী** — পতাকা, ধ্বজা। কণ্ঠ হইতে জঙ্ঘা পর্যন্ত বিলম্বিত নানা বর্ণময়ী মালিকা।

**বৈজয়িক** — বিজয় বিষয়ক।

**বৈজাত্য** — বিজাতীয়তা। বৈলক্ষণ্য।

**বৈজ্ঞানিক** — বিজ্ঞানবিষয়ক, বিজ্ঞান-সম্মত। বিজ্ঞানী, বিজ্ঞানবিৎ।

**বৈঠক**] সভা, মজলিস ('গানের—')। হুঁকার আধার। ব্যায়ামের জন্য ওঠা-বসা। ... **বৈঠকখানা**] বহির্বাটীতে বসিবার এবং আগন্তুকদের সহিত আলাপ আলোচনার ঘর। ... **বৈঠকী**] মজলিসের যোগ্য ('— গান')

**বৈঠা**] — (বহিত্র) — নৌকার ছোট দাঁড় বিঃ, যাহা না বাঁধিয়া বসিয়া চালানো যায়।

**বৈড়াল*** — বিড়াল-তুল্য বা -সম্বন্ধীয়।... **বৈড়ালব্রত** — প্রকাশ্যে ধর্মাচারণ গোপনে পাপাচরণ।

**বৈণ** — বেণুজীবী। যাহারা বেণু অর্থাৎ বাঁশের পাত্রাদি নির্মাণ করে। ডোম।

**বৈণিক** — বীণা বাদক, নারদ।

**বৈতনিক** — বেতনভোগী। যে কর্মের জন্য বেতন পাওয়া যায় বা বেতন দিতে হয়। (তুঃ অবৈতনিক।)

**বৈতরণী** — যমালয়ের নদী। উড়িষ্যার নদী বিঃ।

**বৈতংসিক** — বিতংস অর্থাৎ জাল দিয়া যাহারা পক্ষী ধরিয়া বিক্রয় করে। পাখ মারা।

**বৈতালিক, বৈতাল** — চারণ, ভাট, স্তুতি-পাঠক, বন্দী।

**বৈদগ্ধ্য, -গ্ধ** — রসজ্ঞান, পাণ্ডিত্য, চাতুর্য। পৌরজীবনের উপযোগী শিক্ষা সংস্কৃতি।

**বৈদগ্ধি** — রসজ্ঞতা, কলাচাতুর্য (প্রা-সা)

**বৈদর্ভ** — বিদর্ভদেশীয়।

**বৈদর্ভী** — দময়ন্তী। বিদর্ভ রাজকন্যা।

**বৈদান্তিক** — বেদান্ত সম্বন্ধীয়। বেদান্ত-বাদী, বেদান্তবিৎ, বেদান্তী।

**বৈদিক** — বেদ সম্বন্ধীয়। বেদবিহিত। ব্রাহ্মণের শ্রেণী বিঃ। বেদজ্ঞ।

**বৈদূর্য** — মণি বিঃ, chrysoberyl, cat's eye. (§ বিদূর)

**বৈদেশিক** — বিদেশীয়। ভিন্নদেশবাসী। অন্য দেশ হইতে আগত।

**বৈদেহ** — বিদেহ বা মিথিলা সম্বন্ধীয়। জনক রাজা। ... **বৈদেহী** — বিদেহ-রাজকন্যা সীতা।

**বৈদ্য** — চিকিৎসক। আয়ুর্বেদীয় চিকিৎসক, কবিরাজ। বঙ্গীয় হিন্দু জাতি বিঃ। ... **বৈদ্যক** — আয়ুর্বেদ। ...**বৈদ্যসংকট** — বহু চিকিৎসকের হস্তে রোগীর বিপদ্‌।

**বৈদ্যনাথ** — শিব। দেওঘরের শিব।

**বৈদ্যুত, বৈদ্যুতিক** — বিদ্যুদ্‌বিষয়ক, তাড়িত।

**বৈধ** — বিধিসম্মত, উচিত।

**বৈধব্য** — বিধবার অবস্থা।

**বৈধর্ম** — ভিন্নধর্মবত্তা। বৈষম্য। (তুঃ সাধর্ম্য)

**বৈধৃতি** — যোগ বিঃ (পঞ্জিকায়)।
**বৈনতেয়** — বিনতার পুত্র, অরুণ বা গরুড়।
**বৈপরীত্য** — বিপরীত ভাব, বিপর্যয়, বিরুদ্ধতা।
**বৈপিত্র, বৈপিত্রেয়** — এক মাতার গর্ভে ভিন্ন পিতার ঔরসে জাত।
**বৈবর্ণ্য, বৈবর্ণ** — বিবর্ণতা।
**বৈবস্বত** — সপ্তম মনু। যম। বিবস্বান্ — সূর্য, তৎপুত্র (বিবস্বৎ +ষ্ণ)।
**বৈবাহিক** — বিবাহ সম্বন্ধীয়। বেহাই, পুত্র বা কন্যার শ্বশুর। ... স্ত্রী. **বৈবাহিকী**। (বৈবাহিকা অশুদ্ধ)
**বৈভব** — বিভূতি, ঐশ্বর্য, বিভব, মহিমা, বিভুর মাহাত্ম্য।
**বৈভাষিক** — বিকল্পে সিদ্ধ, বৈকল্পিক। alternative.
**বৈমনস্য** — উদ্‌বেগ। দুঃখ। অন্যমনস্কতা।
**বৈমাত্র, বৈমাত্রেয়** — বিমাতার গর্ভজাত। ... **স্ত্রী. বৈমাত্রী, -ত্রেয়ী**।
**বৈমানিক** — বিমান বিষয়ক, aeronautical. বিমানচারী। বিমানচালক।
**বৈমুখ্য** — বিমুখতা।
**বৈয়র্থ্য** — ব্যর্থতা।
**বৈয়াকরণ** — ব্যাকরণবিৎ। ব্যাকরণ বিষয়ক।
**বৈয়াঘ্র** — ব্যাঘ্রসম্বন্ধীয়। ব্যাঘ্র-চর্মাচ্ছাদিত।
**বৈয়াসকি** — ব্যাসপুত্র শুকদেব।
**বৈয়াসিক** — ব্যাস-প্রণীত। ... **স্ত্রী. -সিকী**।
**বৈর** — শত্রুতা ('বৈরাচরণ')। ... **বৈর-নির্যাতন** — প্রতিশোধ। ... **বৈরী** (-রিন্) — **শত্রু**। ... ষ্য. **বৈরিতা**।
**বৈরাগী** (-গিন্) — সংসারে অনাসক্ত। (বাং) বৈষ্ণব ভিক্ষু।
**বৈরাগ্য, বৈরাগ** — বিষয়ভোগে অনাসক্তি, সংসারবাসনারাহিত্য। **বৈরাগ্যশতক** — ভর্তৃহরি রচিত একশত শ্লোকে বৈরাগ্য-উদ্দীপনমূলক কাব্য।
**বৈরূপ্য** — বিরূপ ভাব। বিকৃতি।
**বৈরোচন** — বিরোচনপুত্র দৈত্যরাজ বলি।
**বৈলক্ষণ্য** — ভিন্নতা, প্রভেদ। অসাধারণতা।
**বৈশদ্য** — বিশদতা, স্পষ্টতা। নির্মলতা। শুভ্রতা।
**বৈশম্পায়ন** — মহাভারতপ্রবক্তা ব্যাসশিষ্য ঋষি বিঃ।
**বৈশাখ** — "বোশেখ", বাংলা সনের প্রথম মাস। ... ণ. (স্ত্রী). **বৈশাখী** ('— পূর্ণিমা')
**বৈশালী** — প্রাচীন বিহারের মহানগরী। জৈনধর্ম প্রচারক মহাবীরের জন্মস্থান।
**বৈশিষ্ট্য** — বিশিষ্টতা, অসাধারণতা। প্রভেদ, বৈলক্ষণ্য।
**বৈশেষিক** — কণাদপ্রণীত দর্শনশাস্ত্র।
**বৈশ্য** — চতুর্বর্ণের তৃতীয়, জাতি বিঃ। ... স্ত্রী. **বৈশ্যা**।
**বৈশ্রবণ** — কুবের, রাবণ, বিভীষণ ও কুম্ভকর্ণ (বিশ্রবন্ মুনির পুত্র)
**বৈশ্বানর** — অগ্নি।
**বৈষম্য** — অসমতা, প্রভেদ।
**বৈষয়িক** — বিষয় সম্বন্ধীয়।
**বৈষ্ণব** — বিষ্ণু বিষয়ক। বিষ্ণুভক্ত। ধর্ম-সম্প্রদায় বিঃ, "বোষ্টম"। ... **স্ত্রী. বৈষ্ণবী**।
**বৈসাদৃশ্য** — অমিল, প্রভেদ।
**বৈহাসিক** — পরিহাসক, ভাঁড়। পরিহাস বিষয়ক।
**বোঁ**] গতি বা ঘূর্ণনের বেগ সূচক ('— ক'রে দৌড়নো, মাথা ঘোরা')
**বো** (ফা) — গন্ধ (বু দেখ)
**বোকড়া** — মোটা (অবজ্ঞায়)।
**বোকনো, বখনো, বগনো** — তরল পদার্থ রাখিবার জন্য ব্যবহৃত পিতল পাত্র বিঃ।

**বোকা ]** নির্বোধ। ... ষ্য. **বোকামি ]**। ... **"বোকাপাঁঠা" ]** বড় ছাগল।

**বোংগা** — কোল জাতির দেবতা। **স্ত্রীঃ** —বুংগী।

**বোঁচ** (ব'ইচ দেখ)

**বোঁচকা, বো-** [ তু. বুক্‌চহ্‌ ] গাঁটরি, মোট, কাপড় দিয়া একত্র বাঁধা জিনিস-পত্র। (ছোট — বুঁচকি, বু- ])

**বোঁচা ]** যাহার নাক বসা বা কাটা। অংগহীন।

**বোজা, বোঁজা** (বুজা, বুঁজা বিরল) [ √ বুজ্‌, বুঁজ্‌-১০ ] নিমীলন করা, মুদ্রিত করা ('চোখ —')। বন্ধ হওয়া। ভরাট হওয়া ('গর্ত বুজে গেছে')...ণ. (উক্ত সকল অর্থে)। ... **বুজানো / বুজনো, বোজানো** [ √ বুজা-১৪ ] বন্ধ করা। ভরাট করা। ... ণ. (উক্ত সকল অর্থে)

**বোঝা ১ ]** ভার, যাহা বহন করা হয়। ... **বোঝাই ]** ষ্য. ভারস্থাপন ('— করা')। ণ. ভরতি।

**বোঝা ২** (বুঝা বিরল) [ √ বুঝ্‌-১০। < বুধ্‌ ] বোধ করা, হৃদয়ংগম করা, জানা, সমঝানো ('কথার মানে, ফলাফল, ইংরেজী ভাষা —')। বিবেচনা করা, বিচার করা ('বুঝে দেখ, বুঝেসুঝে চল')। ... **বুঝাপড়া / বোঝা- ]** কথা-বার্তার দ্বারা নিষ্পত্তি। ... **বুঝানো / বুঝনো, বোঝানো** [ √ বুঝা-১৪ ] বোধ দেওয়া, সমঝাইয়া দেওয়া, জ্ঞাপন করা, ব্যাখ্যা করা ('মানে —')। উপদেশ বা প্রবোধ দেওয়া ('বুঝাইয়া রাজী করা, শান্ত করা')

**বোট** [ ই ] নৌকা।

**বোটকা ]** পশুর গায়ের গন্ধ। ছাগলের তুল্য (গন্ধ)

**বোঁটা** < বৃন্ত ('ফলের, ফুলের, পাতার —')। স্তনাগ্র, চুচুক।

**বোটে** (বইঠা বা বৈঠা দেখ)

**বোঠান ]** বধূঠাকুরানী, বউদিদি।

**বোড়া ]** < বোড্র ] সাপ বিঃ (viper শ্রেণীর)

**বোড়ে** [ < বটিকা ] দাবাখেলার নিম্নতম ঘুঁটি।

**বোড়ো, বোরো ]** জলাভূমিতে জাত ধান্য বিঃ।

**বোঢ়া** --- বহনকারী।

**বোতল** [ পো. botelha ] বড় শিশি।

**বোতাম** [ পো. botao ] জামা ইঃ বন্ধ করিবার চাকতি বা গুটিকা।

**বোদা ]** বিস্বাদ ('— জল')

**বোঁদে** [ < বিন্দু- ] গুটিকার তুল্য দালের মিষ্টান্ন বিঃ।

***বোদ্ধা** (-দ্ধৃ) — জ্ঞাতা, যে বোঝে। সমঝদার

***বোধ** — অনুভব, উপলব্ধি, টের, মালুম ('শীত-, ব্যথা-। —করা,হওয়া')। জ্ঞান, সমঝ, বোঝা, বুদ্ধি ('অর্থ-। অবোধ। -গম্য। বোধাতীত')। অনুমান ('বোধ হয়')। সান্ত্বনা, প্রবোধ। দর্শন। জাগরণ। ... বোধক, বোধয়িতা (-তৃ — জ্ঞাপক, সূচক। যে প্রবুদ্ধ বা জাগরিত করায়। যে বোঝায়। ... স্ত্রী. **বোধিকা**। অর্থপুস্তক। ... **বোধন** — বোধসম্পাদন, জাগানো, উদ্দীপন। দুর্গাপূজার পূর্বে দেবীর জাগরণনিমিত্ত ক্রিয়া বিঃ। ... **বোধয়িত্রী** — বোধিকা। ... **বোধিত** — বোধপ্রাপ্ত, জ্ঞাপিত। জাগরিত। ... **বোধিতব্য** — বিজ্ঞাপ্য।

**বোধগম্য** — বুদ্ধির দ্বারা আয়ত্ত।

***বোধি** — পরম জ্ঞান। যে অশ্বত্থতরুর মূলে শাক্যসিংহ বুদ্ধত্বলাভ করিয়া-ছিলেন ('-দ্রুম,-বৃক্ষ')। ... **বোধিসত্ত্ব**

— বৌদ্ধশাস্ত্রোক্ত মহাপুরুষ বিঃ যিনি বুদ্ধত্বের পূর্ববর্তী অবস্থায় পৌঁছিয়াছেন।

*বোধিকা, বোধিনী — বোধকারিণী। অর্থপুস্তিকা।

**বোধোদয়** — জ্ঞানের বা বুদ্ধির উন্মেষ।

**বোন** ] < ভগিনী। ... **বোনঝি** ] ভগিনীর কন্যা। ... **বোনপো** ] ভগিনীর পুত্র। ('বোনঝি, বোনপো' প্রায় নারীর সহিত সম্বন্ধ সূচক। পুরুষপক্ষে — 'ভাগনী, ভাগনে')। ... **বোনাই** ] ভগিনীপতি।

**বোনা** (বুনা বিরল) [ √ বুন্-১০ ] বপন করা ('বীজ, ধান —')। বয়ন করা ('কাপড়, জাল মোজা, পশম —')। ... ষ্য. **বুনন, বুনানি / বুননি** ]

**বোবা** ] মূক, বাক্‌শক্তিহীন।

**বোম** ] গাড়ির যে কাঠে জোয়াল লাগানো থাকে। (বম্ দেখ)

**বোমা** [ পো. bomba ] বারুদপূর্ণ গোলক; ক্ষেপণীয় বিস্ফোরক মারণাস্ত্র ('— ছোড়া, ফাটা')। জল তুলিবার কল, পাম্প। বস্তা হইতে মালের নমুনা বাহির করিবার সূক্ষ্মাগ্র হাতা। ... **বোমারু** ] বোমা নিক্ষেপক।

**বোম্বাই** ] ভারতের দক্ষিণপশ্চিমস্থ প্রদেশ বিঃ। তাহার প্রধান নগর। আমের জাতি বিঃ।

**বোম্বেটে** [ পো. bombardeiro ] জলদস্যু। লক্ষ্যার্থে যাহারা উপদ্রব করিয়া বেড়ায়। স্বেচ্ছাচারী উচ্ছৃঙ্খল দলের চরিত্রহীন লোক।

**বোয়াল** [ < বোদাল ] বড় মাছ বিঃ।

**বোর** [ < বদর ] কুলের আঁটির তুল্য সোনা রুপার দানা। ... **বোরপাটা** — ঐ দানা দিয়া রচিত শিশুদের কোমরের অলংকার।

**বোরকা** [ আ. বুর্ক ] স্ত্রীলোকের অংগাবরণ বিঃ যাহাতে আপাদমস্তক ঢাকা পড়ে।

**বোরা** ] চট ইঃ থলি।

**বোরো** ] ধান্য বিঃ। (বোড়ো দেখ)

**বোল** ] বাক্য, বুলি। (বউল দেখ)। ... **বোলচাল** ] কথা ও আচরণ। ... **বোলবোলা** ] হাঁকডাক। প্রতাপ।

**বোলতা** [ < বরটা ] দংশক পতংগ বিঃ, wasp.

**বোলান** ] — সাড়া, জবাব।

**বৌ** ] বউ দেখ। ... **বৌহারী, বৌয়ারী, বৌয়াড়ী** ] — বধূ (প্রাঃসাঃ)

**বোলানো** (বুলানো দেখ)

*বৌদ্ধ — বুদ্ধপ্রবর্তিত ('-ধর্ম')। বৌদ্ধধর্মাবলম্বী। বৌদ্ধধর্ম সম্বন্ধীয়।

**ব্যক্ত** — প্রকাশিত ('অভিপ্রায় — করা')। স্ফুট, প্রকট ('— রূপ')

**ব্যক্তি** — লোক, মানুষ। প্রকাশ। (দর্শনে) বিশেষ, অসামান্য, individual, individuality. ...**ব্যক্তিগত**—মনুষ্যবিশেষের, প্রাতিস্বিক, individual. ... **ব্যক্তিত্ব** — মনুষ্যবিশেষের স্বাতন্ত্র্য। **ব্যক্তিস্বাতন্ত্র্য** — নিজের ব্যক্তিগত মতামতের অনুবর্তিতা।

**ব্যক্তীকৃত** — স্পষ্টীকৃত।

**ব্যগ্র** — আগ্রহযুক্ত। ব্যস্ত। ... ষ্য. **-তা।**

**ব্যংগ ১** — বিকলাংগ। ব্যাং।

**ব্যংগ ২** [ < ব্যংগ্য ] উপহাস, বিদ্রূপ ('ব্যংগোক্তি')

**ব্যংগ ৩** — ব্যঞ্জনা।

**ব্যংগ্য** — শব্দের ব্যঞ্জনাবৃত্তিদ্বারা বোধ্য, গূঢ়, covert, implied ('ব্যংগ্যার্থ'। তুঃ বাচ্য)

**ব্যজন** — বীজন, পাখা ইঃ দিয়া বাতাস দেওয়া। ... **ব্যজনী** — পাখা চামর ইঃ।

**ব্যঞ্জক** — প্রকাশক, বোধক, সূচক, অভিদ্যোতক ('ক্রোধ-')

**ব্যঞ্জন** — অন্নভোজনের উপকরণ, "ব্যান্নন", তরকারি ইঃ। প্রকাশন। চিহ্ন। (ব্যকরণে) ক হইতে হ পর্যন্ত বর্ণ। ... **ব্যঞ্জিত** — বোধিত, সূচিত, প্রকাশিত।

**ব্যঞ্জনা** — (অলংকারশাস্ত্রে) শব্দাদির বৃত্তি বিঃ যাহাদ্বারা গূঢ় অর্থ প্রকাশ পায় (যথা — অরণ্যে রোদন = নিষ্ফল রোদন)। প্রকাশন। (§ ব্যঙ্গ্য) ... **বঞ্জনাবৃত্তি** — অর্থবোধের ক্ষেত্রে বক্তার বক্তব্যের বাক্যার্থের অতিরিক্ত গূঢ়ার্থ বোধ হয় যে বৃত্তির দ্বারা।

**ব্যতিক্রম** — লঙ্ঘন। যাহা কোন রীতি নিয়মের বহির্ভূত, exception. বৈপরীত্য। ... ণ. **ব্যতিক্রান্ত**।

**ব্যতিব্যস্ত** — অত্যন্ত ব্যস্ত। বিব্রত। উত্ত্যক্ত।

**ব্যতিরিক্ত** — ব্যতীত, ভিন্ন, বাদে।

**ব্যতিরেক** — অভাব, রাহিত্য ('অন্ন ব্যতিরেকে' — অন্ন বিনা)। ভেদ। অতিক্রম। অর্থালংকার বিঃ। যাহাতে উপমান অপেক্ষা উপমেয়ের উৎকর্ষ বা অপকর্ষ দেখানো হয়।

**ব্যতিহার** (ব্যতী- বিরল) — বিনিময়, বদল। পরস্পর একবিধ আচরণ, reciprocity.

**ব্যতীত** — বিগত, অবসিত ('দশ বৎসর — হইল')। (বাং) বিনা, ব্যতিরেকে ('চেষ্টা — সিদ্ধি হয় না')

**ব্যতীপাত** — মহাবিপৎসূচক দুর্লক্ষণ, ধূমকেতু ভূমিকম্প উল্কাপাত ইঃ। জ্যোতিষে) অশুভ যোগ বিঃ।

**ব্যত্যয়, ব্যত্যাস** — ব্যতিক্রম। বৈপরীত্য। ... **ব্যত্যস্ত** — বিপরীত।

**ব্যথা** — বেদনা, কষ্ট ('মনের —। মাথা — করা। — দেওয়া, পাওয়া। ব্যথাতুর') ... ণ. **ব্যথিত**। ... **ব্যথী** (-থিন্) — ব্যথাযুক্ত। দরদী ('ব্যথার —)')

**ব্যধিকরণ** — পৃথক পৃথক বিভক্তিযোগ ('ব্যধিকরণ বহুব্রীহি — তুঃ সমানাধিকরণ বহুব্রীহি)।

**ব্যপদেশ** — ছল, ছুতা, অছিলা, pretext ('কার্যব্যপদেশে' — কাজের ছুতায়। প্রয়োজন অর্থ অশুদ্ধ)। নামোল্লেখ। ... ব্যপদেষ্টা (-ষ্টৃ) — ছলকারী।

**ব্যপনয়ন** — প্রত্যাখ্যান। অপসারণ। ... ণ. **ব্যপনীত**।

**ব্যবকলন** — বিয়োগ, বাদ দেওয়া। ... ণ. **ব্যবকলিত**।

**ব্যবচ্ছেদ** — বিশ্লেষ। বিভিন্ন অংশ নিযুক্ত করণ, dissection ('শব-')। ... ণ. **ব্যবচ্ছিন্ন**।

**ব্যবধান, ব্যবধা, ব্যবধি** — অন্তর, দূরত্ব। আড়াল, আবরণ। (§ ব্যবহিত)। ... **ব্যবধায়ক** — ব্যবধানকারী। আবরক।

**ব্যবসা, ব্যাবসা**] < ব্যবসায়, কারবার।

**ব্যবসায়** — বৃত্তি, জীবিকা, পেশা ('চিকিৎসা-')। ব্যবসা, কারবার, বাণিজ্য ('কয়লার —')। যত্ন, উদ্যম। অনুষ্ঠান। নিশ্চয়। অভিপ্রায় ... **ব্যবসায়ী** (-য়িন্) — জীবিকাবলম্বী। ব্যবসাদার। অনুষ্ঠাতা। কর্মবিশেষে অভিজ্ঞ বা চেষ্টাশীল। ... **ব্যবসিত** — উদ্যত, চেষ্টান্বিত। চেষ্টিত, অনুষ্ঠিত। স্থিরীকৃত।

**ব্যবস্থা** — বন্দোবস্ত, কার্যবিধি, নিয়ম, শৃঙ্খলা ('কাজের —') আয়োজন ('জলযোগের —')। কর্তব্যনির্দেশ। শাস্ত্রসম্মত বিধান। ('-শাস্ত্র। — দেওয়া') আইন। স্থিতি। পৃথক্‌পৃথক্ স্থাপন। ... ণ. **ব্যবস্থিত**।

**ব্যবস্থান** — অবস্থিতি।

**ব্যবস্থাপক** — বিধানকর্তা, নিয়ামক। বিধিনির্ধারক, আইন-গঠনকারক। সংস্থাপক। ... স্ত্রী. **-পিকা।** ... **ব্যবস্থাপন** — বিধিনির্ধারণ। আইন প্রণয়ন। ... ণ. **ব্যবস্থাপিত।**

**ব্যবহর্তব্য** (ব্যবহার্য দেখ)

**ব্যবহর্তা** (-তৃ) — ব্যবহারকারী, ব্যবহারক। বিচারক। সম্পাদক।

**ব্যবহার** — আচরণ ('বন্ধুর প্রতি, বন্ধুর সহিত —। সদ্-')। আইন ('-শাস্ত্র')। বিষয়কর্ম ('প্রাপ্ত-')। প্রথা, আচার, usage ('লোক-')। মকদ্দমা। প্রয়োগ, কাজে লাগানো ('ছাতা, ঔষধ — করা')। ... **ব্যবহারজীবী** (-বিন্), **ব্যবহারাজীব** — আইন-ব্যবসায়ী, উকিল ইঃ। ... **ব্যবহার রস** — সাংসারিক ও বৈষয়িক ব্যাপারে অনুরাগ।

**ব্যবহারক** — ব্যবহারকারী।

**ব্যবহারজ্ঞ**—স্থানকাল পাত্র বিবেচনা করিয়া কিরূপ ব্যবহার করিতে হয় তাহা যিনি জানেন।

**ব্যবহারিক** — (ব্যব- দেখ)

**ব্যবহার্য, ব্যবহর্তব্য** — ব্যবহারযোগ্য।

**ব্যবহিত** — ব্যবধানবিশিষ্ট। আচ্ছাদিত।

**ব্যবহৃত**—যাহা কাজে লাগানো হইয়াছে, প্রযুক্ত। উপভুক্ত ('অন্যের —')। আচরিত, অনুষ্ঠিত।

**ব্যভিচার** — অন্যথাচরণ, স্খলন। স্ত্রী-পুরুষের অবৈধ সংসর্গ। ... **ব্যভিচারী** (-রিন্) — যে ব্যভিচার করে। ভ্রষ্ট। ... স্ত্রী. **-চারিণী।**

**ব্যভিচারী** — কাব্যের রস সৃষ্টিতে স্থায়ীভাবকে পরিপুষ্ট করে যে গৌণ-ভাব তাহাকে বলে ব্যভিচারীভাব।

**ব্যয়** — খরচ ('অর্থ-, বাক্য-। -বহুল, -সাধ্য, -সাপেক্ষ। বিবাহের —')। অপচয়, নাশ। ... ণ. **ব্যয়িত।** ... **ব্যয়কুণ্ঠ** — কৃপণ। ... **ব্যয়ী** (-য়িন্) — ব্যয়কারী। খরচে।

**ব্যর্থ** — বিফল ('-কাম')। নিরর্থক। ... ষ্য. **-তা।** ... **ব্যর্থকাম** — বিফল মনোরথ।

**ব্যলীক** — অশিষ্ট, অভব্য।

**ব্যষ্টি** — পৃথক্ পৃথক্ ভাব, individuality ('-গত'। তুঃ সমষ্টি।)

**ব্যসন** — যে বিষয়ে অত্যাসক্তি দূষণীয়, নেশা; দোষ, vice. (কামজ ব্যসন — মৃগয়া দ্যূত দিবানিদ্রা পরনিন্দা নৃত্য গীত ক্রীড়া বৃথাভ্রমণ বেশ্যা মদ্য। কোপজ ব্যসন — খলতা দৌরাত্ম্য দ্রোহ ঈর্ষা অসূয়া প্রতারণা বাক্‌পারুষ্য দণ্ড-পারুষ্য)। বিপদ্, অশুভ, দুঃখ। ... **ব্যসনী** (-নিন্) — ব্যসনাসক্ত।

**ব্যস্ত** — ব্যগ্র। ব্যাকুল। কার্যে নিরত, ব্যাপৃত। বিক্ষিপ্ত, বিভক্ত (তুঃ সমস্ত)। ... ষ্য. **-তা।** ... **ব্যস্তবাক্য** — যে বাক্যে সমাস ভাঙিয়া লেখা হয় ... **ব্যস্ত-বাগীশ**] যে লোক সব কাজ তা শেষ করিতে চায়। ..

(মূঃ বিভক্ত ও সংযুক্ত) অতি ব্যস্ত, অস্থির।

**ব্যাং, ব্যাঙ, বেঙ** [< ব্যঙ্গ] ভেক, মণ্ডূক, frog, toad.

**ব্যাংক** (ব্যঙ্ক দেখ)

**ব্যাকরণ** — (মূঃ etymology) শব্দের ব্যুৎপত্তি প্রয়োগ ইঃ বিষয়ক শাস্ত্র, grammar. (§ বৈয়াকরণ)

**ব্যাকশা**] আনাজের অসার বর্জনীয় অংশ।

**ব্যাকুল, ব্যাকুলিত** — অতিশয়, আকুল, উৎকণ্ঠিত, কাতর। ব্যস্ত। ... ষ্য. **-তা।**

**ব্যাখ্যা, ব্যাখ্যান** — অর্থপ্রকাশ। বর্ণনা,

বিবরণ। ... ণ. **ব্যাখ্যাত।**

**ব্যাখ্যেয়** — ব্যাখ্যার যোগ্য।

**ব্যাগ** [ ই ] চামড়া ইঃর থলি যাহা অনায়াসে বন্ধ করা ও খোলা যায়। থলি।

**ব্যাঘাত** — বিঘ্ন, প্রতিবন্ধ। ... **ব্যাঘাতক** —ব্যাঘাতকারী।

**ব্যাঘ্র** — বিড়াল জাতীয় বৃহৎ হিংস্র পশু বিঃ, বাঘ, শার্দুল। ... স্ত্রী. **ব্যাঘ্রী।** ( ≬ বৈয়াঘ্র)

**ব্যাঙ** (ব্যাং দেখ)

**ব্যাঙক, ব্যাংক** [ ই] যে প্রতিষ্ঠান টাকা গচ্ছিত রাখে এবং আজ্ঞানুসারে অপরকে দেয়।

**ব্যাঙগমা-ব্যাঙগমী** (বেঙগমা-দেখ)

**ব্যাজ** — ছল। বিঘ্ন। (বাং) বিলম্ব। সুদ। ... **ব্যাজস্তুতি** — কপটস্তুতি। স্তুতিচ্ছলে নিন্দা বা নিন্দাচ্ছলে স্তুতি। অর্থালংকার বিঃ। ... **ব্যাজোক্তি** — ছলে উক্তি, দ্ব্যর্থ বাক্য। অর্থালংকার বিঃ।

**ব্যাজার** (বেজার দেখ)

**ব্যাট** [ ই ] বল খেলিবার কাষ্ঠদণ্ড বিঃ।

**ব্যাটা** ( বেটা দেখ )

**ব্যাটারি** (ই ) তড়িৎ প্রবাহের উৎপাদক বা সঞ্চালক যন্ত্র

**ব্যাণ্ড** [ ই ] বিবিধ যন্ত্রের (প্রায় বিলাতী যন্ত্রের) ঐকতান বাদ্য। যে দল তাহা বাজায়।

**ব্যাত্ত, ব্যাদত্ত** — বিস্তারিত, উদ্ঘাটিত।

**"ব্যাদড়া"** ] বেয়াড়া, দুষ্ট, কুৎসিত।

**ব্যাদান** — বিস্তার, উদ্ঘাটন। হাঁ, ফাঁক ('মুখ- করা')। ... ণ. **ব্যাদিত** ] (অশুপ্রঃ। শুদ্ধ — ব্যাত্ত, ব্যাদত্ত)

**ব্যাধ** — মৃগয়াজীবী জাতি।

**ব্যাধি** — রোগ, পীড়া। ... ণ. **ব্যাধিত।**

**ব্যান** — দেহব্যাপী বায়ু। দেহস্থ পঞ্চ বায়ুর অন্যতম।

**ব্যাপক** — ব্যাপ্তিশীল, ব্যাপী, বহুপ্রসারী, যাহা বহু বিষয় আশ্রয় করে ('—অর্থ, দৃষ্টি, ভাবে')। ... স্ত্রী. **ব্যাপিকা (দেখ)**

**ব্যাপন** — বিস্তৃতি, প্রসারণ, ব্যাপ্তি।

**ব্যাপা** [ √ব্যাপ্-৭ ] ব্যাপ্ত করা, জোড়া, ( 'বহুকাল, অনেকস্থান ব্যাপিয়া')

**ব্যাপাদন** — বধ। ... ণ. **ব্যাপাদিত।**

**ব্যাপার** — ঘটনা, কাণ্ড ( 'বিরাট — । — কি ?' ) । অনুষ্ঠান, ক্রিয়া ('শ্রাদ্ধের —। শরীর-')। ব্যবসায়, বাণিজ্য। নিয়োগ। ( ≬ ব্যাপৃত)। ... **ব্যাপারী** (-রিন্) — ব্যবসায়ী, বণিক্।

**ব্যাপিকা** — ব্যাপিনী। চঞ্চলা প্রগল্ভা স্ত্রী, ধিঙগী।

**ব্যাপী** (-পিন্) — ব্যাপ্তিশীল, ব্যাপক, প্রসারী (স্থান-, কাল-, বহুদূর-',)। ... স্ত্রী. **ব্যাপিনী।**

**ব্যাপৃত** — নিযুক্ত, নিরত ('নানাকর্মে —')। ব্যাপারযুক্ত।

**ব্যাপ্ত** — বিস্তৃত, প্রসারিত, আচ্ছন্ন, সর্বত্র স্থিত, পূর্ণ (গন্ধ, অন্ধকার — হওয়া। রোগের বীজ — করা। মেঘে আকাশ, শরীরে বিষ —')। **ব্যাপ্তি** — বিস্তৃতি, প্রসার। আবরণ।

**ব্যাবর্তন** — প্রত্যাবর্তন, ফেরা। প্রত্যাবর্তিত করানো, ফিরানো। (বিজ্ঞানে) মোচড়, torsion. ... **ব্যাবর্তিত** — যাহাকে ফিরানো হইয়াছে। মোচড়ানো।

**ব্যাবসা** ] (ব্যবসা দেখ)

**ব্যাবহারিক, ব্যব-** — ব্যবহারসিদ্ধ। কর্ম-সম্পাদন বিষয়ক, applied. ('— রসায়ন, জ্যামিতি')। আইন সম্বন্ধীয়। বিষয়কর্ম সম্বন্ধীয়। প্রথানুযায়ী। বিচারক। (দর্শনে) বাস্তব না হইলেও যাহা মানিয়া লওয়া হয়।

**ব্যাবৃত্ত** — যে ফিরিয়াছে। নিবৃত্ত। খণ্ডিত, নিরাকৃত। ... ষ্য. **ব্যাবৃত্তি।**

**ব্যাম** — পার্শ্বে প্রসারিত দুই বাহুর দৈর্ঘ্য, বাঁও, বাম ২, চার হাত।

**ব্যামো** [ < ব্যামোহ ] রোগ।

**ব্যামোহ** — বিমূঢ়তা।

**ব্যায়াম** — স্বাস্থ্যরক্ষা বা বলবৃদ্ধির নিমিত্ত অঙ্গচালনা বা শ্রম।

**ব্যারিস্টার** [ই] কৌন্সিলী, বিলাতে শিক্ষিত উকিল বিঃ।

**ব্যাল** — সর্প। হিংস্র জন্তু।

**ব্যালোল** — বিচলিত, চঞ্চল, আকুল।

**ব্যাস** — গোল বস্তুর প্রস্থ বা মধ্যরেখা, যে রেখা বৃত্তের কেন্দ্র ভেদ করিয়া দুই দিকে পরিধি স্পর্শ করে, diameter. বেদব্যাস, বেদবিভাগকর্তা ঋষি, কৃষ্ণ-দ্বৈপায়ন, পরাশর-সত্যবতীর পুত্র। বিভাগ। বিস্তার। (§ ব্যস্ত)। ...

**ব্যাসকূট** — ব্যাসের রচনার দুর্বোধ অংশ। ... **ব্যাসবাক্য** — (ব্যাকরণ) যে ব্যাক্যে সমাসের পদসমূহ পৃথক্ করিয়া ব্যাখ্যা করা হয়, বিগ্রহবাক্য।

**ব্যাসক্ত** — অত্যাসক্ত। সংলগ্ন। ... ষ্য. **ব্যাসক্তি।**

**ব্যাসাচার্য** — যিনি কথকতা করেন।

**ব্যাসার্ধ** — বৃত্তের কেন্দ্র হইতে পরিধি পর্যন্ত বিস্তৃত রেখা, অর radius.

**ব্যাসাসন** — কথকঠাকুরের আসন।

**ব্যাহত** — বাধাপ্রাপ্ত, নিবারিত, বিফলীকৃত।

**ব্যাহৃতি** — মন্ত্র বিঃ ('ভূঃ ভুবঃ স্বঃ')

**ব্যুৎক্রম** — ক্রমবিপর্যয়, প্রতিক্রম, inversion. ব্যতিক্রম, অনিয়ম। ... ণ. ...**ব্যুৎক্রান্ত।**

**ব্যুৎপত্তি** — জ্ঞান, অভিজ্ঞতা। শাস্ত্রে সংস্কার বা পাণ্ডিত্য। (ব্যাকরণে) শব্দের প্রকৃতিপ্রত্যয়াদির বিশ্লেষণ। ... ণ. **ব্যুৎপন্ন।** ... **ব্যুৎপাদক** — ব্যুৎপত্তিজনক। ... **ব্যুৎপাদিত** — প্রকৃতি-প্রত্যয়াদিযোগে নিষ্পাদিত। ... **ব্যুৎপাদ্য** — ব্যুৎপত্তিলভ্য।

**ব্যূঢ়** — বিবাহিত। ব্যূহিত, ব্যূহরচনায় ব্যবস্থিত। বিশাল। ... **ব্যূঢ়োরস্ক** — যাহার বক্ষস্থল বিশাল।

**ব্যূহ** — যুদ্ধে সৈন্যবিন্যাস। ... ণ. **ব্যূহিত, ব্যূঢ়।**

**ব্যোম** (ব্যোমন্) — আকাশ। ... **ব্যোমচর, ব্যোমচারী** — যাহারা আকাশে বিচরণ করে। ... **ব্যোমকেশ** — শিব। ... **ব্যোমযান** — আকাশগামী যান, বিমান।

**ব্রজ** — মথুরার সমীপস্থ গ্রাম বিঃ (বৃন্দাবন ইহার অন্তর্গত), গোকুল, কৃষ্ণের বাল্যলীলাভূমি ('-কিশোর, -ধাম, -নারী, -বাসী, -লীলা')। গোষ্ঠ। পথ। সমূহ। ... **ব্রজবুলি, ব্রজভাষা** — গঙ্গাযমুনার মধ্যবর্তী দোয়াব অঞ্চলের ভাষা। হিন্দী ভাষার একটি শাখা। বৈষ্ণব কাব্যে প্রযুক্ত ভাষা বিঃ, প্রাচীন মৈথিলীর নকল। ... **ব্রজলীলা** —বৃন্দাবনে রাধাকৃষ্ণের প্রেমলীলা। ... **ব্রজ মণ্ডল** — মথুরা ও তাহার চারি-পাশের অঞ্চল।

**ব্রজন** — ভ্রমণ।

**ব্রজ্যা** — পর্যটন।

**ব্রণ** — ফোড়া, ফুসকুড়ি। ঘা।

**ব্রত** — পুণ্যলাভ পাপনাশ বা ইষ্টলাভের উদ্দেশ্যে ধর্মকার্য, নিয়মরূপে অনুষ্ঠেয় সৎকর্ম, সংযম, তপস্যা ('চান্দ্রায়ণ-, সেবা-, কৌমার-। জীবনের —। — উদ্‌যাপন। -গ্রহণ, -পালন, -চারী')। ... **ব্রতী** (-তিন্) — ব্রতচারী। ... স্ত্রী. **ব্রতিনী।**

**ব্রতচারীনৃত্য** — বাংলার রাঢ় অঞ্চলে প্রচলিত পৌরুষব্যঞ্জক নৃত্য। রায় বেঁশে নৃত্য।

**ব্রততী, -তি** — লতা।

*__ব্রহ্ম ১__ (ব্রহ্মন্, ক্লী.)—নির্গুণ পরমাত্মা, পরব্রহ্ম ('-জ্ঞ,-জ্ঞান, -বাদ')। সগুণ ঈশ্বর ('-কৃপা')। ... ষ্য. -ত্ব। (§ব্রাহ্ম, ব্রাহ্মণ)। ... **ব্রহ্মজ্ঞ** — ব্রহ্মের প্রকৃত স্বরূপ সম্বন্ধে যাহার জ্ঞান জন্মিয়াছে। ... **ব্রহ্মজ্ঞানী** (-নিন্) — যাহার ব্রহ্ম-জ্ঞান হইয়াছে। (গ্রাম্য) ব্রাহ্মধর্মাবলম্বী।

**ব্রহ্ম ২**] ভারতের পূর্বস্থ দেশ বিঃ, বর্মা।

*__ব্রহ্মচর্য__ — বেদাদি বিদ্যার অনুশীলন ও পবিত্র সংযত ভোগবর্জিত জীবন যাপন। মৈথুনবর্জন।

*__ব্রহ্মচারী__ (-রিন্) — ব্রহ্মচর্যপালন-কারী। উপনয়নের পর গুরুগৃহে বেদাধ্যায়ী দ্বিজকুমার। ... স্ত্রী. **-চারিণী**।

*__ব্রহ্মডাঙ্গা__] উচ্চ অনুর্বরা ভূমি।

*__ব্রহ্মণ্য__ — ষ্য. বিষ্ণু। ব্রহ্মতেজ। ব্রহ্ম। ... ণ. ব্রহ্ম বা ব্রাহ্মণ সম্বন্ধীয়।

*__ব্রহ্মতালু__ — মাথার চাঁদি।

*__ব্রহ্মতেজ__—ব্রাহ্মণের তপস্যা লব্ধ তেজ।

*__ব্রহ্মত্রা — ব্রহ্মত্র, ব্রহ্মোত্তর__] ব্রাহ্মণকে প্রদত্ত ভূমি।

*__ব্রহ্মদত্ত__ — বৌদ্ধজাতকে উল্লিখিত বারাণসীর নৃপতি।

*__ব্রহ্মদৈত্য, -পিশাচ__ — ব্রাহ্মণ প্রেত।

*__ব্রহ্মন__ — (পুং.) ব্রাহ্মণ (সম্বোধনে — 'হে ব্রহ্মন্'। অন্য স্বতন্ত্রপ্রয়োগ নাই। সমাসে — ব্রহ্ম-। যথা — '-দৈত্য, -শাপ, -স্ব, -হত্যা')

*__ব্রহ্মপুত্র__ — আসাম ও বঙ্গের নদ বিঃ।

*__ব্রহ্মবন্ধু__ — পতিতব্রাহ্মণ।

*__ব্রহ্মবাদী__ (-দিন্) — ব্রহ্মবিদ্যার বক্তা। ব্রহ্মজ্ঞ। বেদান্তী। ... স্ত্রী. **-বাদিনী**। যেমন গার্গী, মৈত্রেয়ী।

*__ব্রহ্মবিদ্যা__—যে শাস্ত্র ব্রহ্মজ্ঞান সম্বন্ধে শিক্ষাদান করে। উপনিষদ্।

*__ব্রহ্মবৈবর্ত__ — পুরাণ বিঃ।

*__ব্রহ্মরন্ধ্র__ — ব্রহ্মতালুমধ্যস্থ শাস্ত্রোক্ত ছিদ্র।

*__ব্রহ্মর্ষি__ — বশিষ্ঠাদি ঋষি। ... **ব্রহ্মর্ষি-দেশ** — কুরুক্ষেত্র-মৎস্য-পঞ্চাল-শূরসেন-সংবলিত প্রাচীন দেশ।

*__ব্রহ্মলোক__ — পুরাণোক্ত সপ্তলোকের এক, ব্রহ্মার আবাস।

*__ব্রহ্মশাপ__ — ব্রাহ্মণপ্রদত্ত অভিশাপ।

*__ব্রহ্মসংহিতা__ — ব্রহ্মজ্ঞান সম্বন্ধে বেদের পরিশিষ্ট

*__ব্রহ্মসূত্র__ — উপবীত, পইতা। বেদান্ত-সূত্র।

*__ব্রহ্মস্ব__ — ব্রাহ্মণের সম্পত্তি।

*__ব্রহ্মহত্যা__ — ব্রাহ্মণহত্যা।

*__ব্রহ্মহা__ (-হন্) — ব্রাহ্মণহত্যাকারী।

*__ব্রহ্মা__ (ব্রহ্মন্, পুং.) জগৎস্রষ্টা, কমলাসন, চতুরানন, প্রজাপতি, বিধাতা, বিরিঞ্চি, লোকপিতামহ, স্বয়ম্ভূ, হিরণ্যগর্ভ। (সমাসে — ব্রহ্ম-। 'ব্রহ্মলোক)'। ... **ব্রহ্মাণী** — ব্রহ্মার পত্নী।

*__ব্রহ্মাণ্ড__ — জগৎ।

*__ব্রহ্মাবর্ত__ — সরস্বতী ও দৃষদ্বতী নদীর মধ্যবর্তী কুরুক্ষেত্রের সন্নিহিত প্রাচীন দেশ।

*__ব্রহ্মাস্ত্র__ — ব্রহ্মতেজোময় অস্ত্র। যে অস্ত্র বা বারণের উপায় অব্যর্থ।

**ব্রহ্মোত্তর**] < ব্রহ্মত্রা (দেখ)

**ব্র্যাণ্ডি** [ই] আঙুর হইতে প্রস্তুত চুয়ানো মদ বিঃ।

**ব্রাত্য** — ব্রতভ্রষ্ট, বর্ণোচিতসংস্কারহীন,

পতিত ('— ক্ষত্রিয়')
*ব্রাহ্ম — ব্রহ্মসম্বন্ধীয়। ব্রহ্মজ্ঞ। রামমোহন রায় ইঃ প্রবর্তিত ধর্মসম্প্রদায় ('-ধর্ম, -সমাজ')। ... **ব্রাহ্মবিবাহ** — বরকে আহ্বান করিয়া সালংকারা কন্যা দান। ব্রাহ্মসমাজের পদ্ধতি অনুসারে বিবাহ। ... **ব্রাহ্মমুহূর্ত** — সূর্যোদয়ের অব্যবহিত পূর্ববর্তী দুই খণ্ড।
*ব্রাহ্মণ — বামুন, বিপ্র, চতুবর্ণের প্রথম। বেদের অংশ বিঃ যাহাতে যজ্ঞাদি বর্ণিত হইয়াছে। ... **ব্রাহ্মণী** — ব্রাহ্মণনারী। **ব্রাহ্মণ্য** — ব্রাহ্মণের ধর্ম, ব্রাহ্মণত্ব। ব্রাহ্মণসমূহ।
**ব্রাহ্মিকা**] ব্রাহ্ম নারী।
*ব্রাহ্মী — ব্রহ্ম সম্বন্ধীয়া। প্রাচীন ভারতীয় লিপি বিঃ যাহাতে অশোকের বহু অনুশাসন লিখিত হইয়াছে। শাক বিঃ (ঔষধ)
**ব্রীড়া** — লজ্জা। ... ণ. **ব্রীড়িত**।
**ব্রীহি** — ধান্য। একপ্রকার ধান।
**ব্রাকেট** [ই] দেওয়াল ইঃতে লগ্ন ফ্রেম যাহার উপরে তাক থাকে। বন্ধনী, ( ) [ ] ইঃ চিহ্ন।
**ব্লটিং** [ই] কালি শুষিবার কাগজ।
**ব্লাউজ** [ই] মেয়েদের জামা বিঃ।

## ভ

**ভ** — নক্ষত্র। ... **ভগোল -চক্র, -পঞ্জর, -মণ্ডল** — রাশিচক্র।
**ভক**] গন্ধ ধূম ইঃর সহসা নির্গম ('— ক'রে গন্ধ, ভকভক ক'রে ধোঁয়া বার হ'ল')
**ভকত**] < ভক্ত (পদ্যে)
**ভক্ত** — ভক্তিমান্‌, পূজক ('হরি-')। অনুরক্ত, অনুগত ('অমুকের, চায়ের, শক্তের —')। (সং) ভাত। ... **ভক্তবৎসল** — ভক্তের প্রতি স্নেহশীল। ... **ভক্তবিটেল**] কপট ভক্ত।
**ভক্তাধীন** — ভক্তের বশীভূত।
**ভক্তাবতার** — ভগবানের পরমভক্ত, ভগবানের অবতার বলিয়া পূজ্য।
**ভক্তি** — পূজ্যব্যক্তি বা ঈশ্বরের প্রতি অনুরাগ, শ্রদ্ধা ('-বাদ, -ভাজন, -মান্‌, -মতী, -মার্গ, -যোগ') ... **ভক্তিমার্গ** — ত্রিবিধ ভাগবত সাধনার মধ্যে অন্যতম।
**ভক্ষক** — যে খায়, খাদক।
**ভক্ষণ** — আহার, ভোজন, খাওয়া। ... ণ. **ভক্ষিত**। ... **ভক্ষণীয়, ভক্ষ্য** — ভক্ষণযোগ্য। ... **ভক্ষ্য** — খাদ্য।
**ভগ** — যোনি। মলদ্বার ('ভগন্দর')। ঐশ্বর্য বীর্য যশ শ্রী জ্ঞান ও বৈরাগ্য ('ভগবান')। সৌভাগ্য, সৌন্দর্য ('সুভগ')। মাহাত্ম্য। ধর্ম।
**ভগন্দর** — মলদ্বারে নালী-ঘা anal fistula.
**ভগবতী** — দুর্গা। দেবী।
**ভগবদ্‌গীতা** — মহাভারতের অন্তর্গত অর্জুনের প্রতি কুরুক্ষেত্র যুদ্ধের প্রারম্ভে কৃষ্ণের উপদেশ, সংক্ষেপে — গীতা।
**ভগবান্‌** (-বৎ) — **ভগবান**] ঈশ্বর। দেব। দেবতুল্য ব্যক্তি ('— রামকৃষ্ণ')। ... স্ত্রী. **ভগবতী**। (§ ভাগবত)
**ভগিনী, ভগ্নী** — বোন, সহোদরা, স্বসা। ভগিনীতুল্যাকে সম্বোধন। ... **ভগিনীপতি, ভগ্নী-** — ভগিনীর স্বামী।
**ভগীরথ** — সগর রাজার প্রপৌত্র যিনি পৃথিবীতে গঙ্গা আনিয়াছিলেন। (§ ভাগীরথী)
**ভগোল** (ভ দেখ)
**ভগ্ন** — ভাঙা, খণ্ডিত, চূর্ণিত '— ঘট।

-স্তূপ)। দুমড়ানো, কুব্জ ('-পৃষ্ঠ')। রোগজীর্ণ ('-দেহ')। দুঃখে অবসন্ন ('-চিত্ত')। নষ্ট ('ভগ্নোৎসাহ')। পরাজিত। ... **ভগ্নদূত — ভগ্নপাইক**] যে দূত পরাজয়ের সংবাদ আনে। ... **ভগ্নপ্রায়** — ধ্বংসোন্মুখ। ... **ভগ্নস্তূপ** — ধ্বংসাবশেষ। ... **ভগ্নহৃদয়** — হতাশ, নিরুদ্যম, নিরুৎসাহ। ... **ভগ্নাংক, ভগ্নাংশ** — যে রাশি ১ অপেক্ষা কম, এক অংককে অপর অংক দিয়া ভাগ করিয়া যে রাশি নির্দেশ করা হয় (যথা ½), fraction. ... **ভগ্নাংশ** — ভগ্ন বস্তুর খণ্ড। ... **ভগ্নাবশেষ** — গৃহাদি ভাঙিয়া যাইবার পর যাহা পড়িয়া থাকে।

**ভগ্নী** (ভগিনী দেখ)

**ভগ্নোদ্যম** — উৎসাহহারা।

**ভঙ্গ** — ভঞ্জন, ভাঙা, চূর্ণন ('ধনুর্ভঙ্গ')। ভাঙা বা বাঁকা ভাব ('ত্রি-')। ভাঁজ। হানি, নাশ ('স্বাস্থ্য-')। পরাজিত হইয়া পলায়ন ('রণে — দেওয়া')। লঙ্ঘন ('প্রতিজ্ঞা-')। অন্ত ('শ্রাদ্ধের পর নিয়ম-। সভা-')। ভঙ্গী (ভ্রূ-'। নিরসন। প্রতিবন্ধ। তরঙ্গ। রচনা। ... **ভঙ্গকুলীন** — যে কুলীনের বংশে কুলপ্রথা লঙ্ঘিত হইয়াছে। ... **ভঙ্গপ্রবণ** — ঠুনকো, ভঙ্গুর।

**ভঙ্গা** — ভাঙ্গ।

**ভঙ্গিমা** (-মন্) — ভঙ্গী, ভঙ্গ।

**ভঙ্গী, ভঙ্গি** — অঙ্গবিন্যাস, attitude, pose, মনোভাবব্যঞ্জক অঙ্গচালনা, gesture ('অঙ্গ-, মুখ- করা')। ধরন ('বসিবার, বলিবার, রচনার —')। চাতুরী, ব্যঙ্গ। শোভা। রচনা।

**ভঙ্গুর** — ঠুনকো, ভঙ্গপ্রবণ।

**ভচক্র** (ভ দেখ)

**ভজকট**] কষ্টসাধ্য আয়োজন। ঝঞ্ঝাট, বিঘ্ন।

**ভজন** — দেবতার মহিমা গান। আরাধন, সেবা। (বাং) "ভজং", মন্ত্রণা ('— দেওয়া')। ... **ভজনা** — উপাসনা ('ভজনালয়')। ... **ভজমান** — যে উপাসনা করিতেছে। বিভাজন। ... **ভজ্যমান** — যাহার উপাসনা করা হইতেছে। বিভজ্যমান।

**ভজা** [√ভজ্-৫। < ভজ্] উপাসনা করা ('খ্রীষ্ট —')। ... **ভজানো** [√ভজা-১১] অন্যকে উপাসনায় প্রবৃত্ত করা। মন্ত্রণা দিয়া রাজী করা। প্রমাণ করা।

**ভঞ্জক** — যে ভঙ্গ করে। নিবারক।

**ভঞ্জন** — ষ্য. ভঙ্গ করণ। নিবারণ। নিরসন। ... ণ. নিবারক ('বিপদ্-')

**ভট** — সৈনিক, চর, দূত।

**ভটভট**] বুদ্বুদ ইঃ ফাটিবার শব্দ।

**ভট্ট** — ভাট, স্তুতিপাঠক। পণ্ডিত, অধ্যাপক। ... **ভট্টশালী** — বাঙালী ব্রাহ্মণদের উপাধি বিঃ। ... **ভট্টাচার্য** — বাঙালী ব্রাহ্মণের উপাধি বিঃ, ভটচার্জি।

**ভট্টনারায়ণ** — যজ্ঞসম্পাদনের জন্য কান্যকুব্জ হইতে আনীত পঞ্চ বেদজ্ঞ ব্রাহ্মণদের মধ্যে অন্যতম। বেণী-সংহার নাটকের রচয়িতা।

**ভট্টারক** — পণ্ডিত। রাজা। রবি ('-বার')। দেবতা।

**ভট্টি** — সংস্কৃত কাব্য বিশেষের নাম।

**ভড়**] বড় নৌকা বিঃ। বাঙালী হিন্দুর উপাধি বিঃ।

**ভড়ং**] বাহ্য আড়ম্বর।

**ভড়কানো** [√ভড়্কা-১৭। < ভ্রষ্ট-] ভয় পাইয়া উদ্‌ভ্রান্ত হওয়া

('ঘোড়া —')
**ভড়কালো** — চটকদার, চমকপ্রদ, জাঁকালো।
**ভড়ভড়**] অনুকার শব্দ ('পাঁক — করছে। — ক'রে হুঁকো টানা')
**ভণিত** — ণ. কথিত। ... ষ্য. উক্তি। ... **ভণিতা**] কবিতায় কবির নিজ নাম উল্লেখ। কথা। (ব্যঙ্গে) আড়ম্বরপূর্বক কথারম্ভ।
**ভণিতি** — উক্তি।
**ভণ্ড** — কপট, ভানকারী। শঠ। ছদ্ম। ... ষ্য. -তা, -ত্ব। **ভণ্ডামি**]। ... **ভণ্ডন** — ভাঁড়ানো, প্রবঞ্চনা।
**"ভণ্ডুল"**] পণ্ড, ব্যর্থ ('কাজ — করা')
**ভণ্ডতপস্বী** — কপট ধর্মাচারী। ভক্ত বিটেল।
**ভদন্ত** — বৌদ্ধ শ্রমণাদির সম্মানসূচক আখ্যা।
**ভদ্র** — ণ. উচ্চসমাজভুক্ত, gentleman ('-লোক। — গৃহস্থ')। সজ্জন। মার্জিত, সভ্য, শিষ্ট ('— ব্যবহার, ভাবে')। হিতকর, সাধু।... ষ্য. কল্যাণ। ... স্ত্রী. **ভদ্রা** (সম্বোধনে — 'ভদ্রে')। ... ষ্য. **ভদ্রতা**। ... **ভদ্রকালী** — মঙ্গলময়ী তারা দেবী। ভগবতীর মূর্তি বিঃ। ... **ভদ্রাসন** — (বাং) বসতবাটী; বাস্তুভিটা। ... **ভদ্রোচিত** — ভদ্রব্যক্তির যোগ্য ('— ব্যবহার')
**ভদ্রা** — সুভদ্রা, শ্রীকৃষ্ণের ভগিনী, অর্জুনের পত্নী।
**ভনভন**] মশা ইঃর শব্দ ('— করা')
**ভনা** [√ ভন্‌-৫। < ভণ্‌] বলা, নিজ নাম উল্লেখ করিয়া কবির বলা ('গোবিন্দ দাস ভনে')
**ভপঞ্জর** (ভ দেখ)
**ভব** — ষ্য. জন্ম, উৎপত্তি। সত্তা, স্থিতি। সংসার, ইহলোক ('-সাগর')। শিব। (§ ভবানী)। ... ণ. (সমাসের অন্তে) জনিত, উৎপন্ন, সম্ভূত ('মনোভব')। (§ ভাব। ... **ভবঘুরে**] যে অনর্থক নানাদেশে ঘুরিয়া বেড়ায়। ... **ভবতারণ** — যিনি ভববন্ধন হইতে ত্রাণ করেন। ... **ভবপার** — ভববন্ধন হইতে মুক্তি। ... **ভববন্ধন** — সংসারে অবস্থানরূপ বন্ধন। বার বার জন্মলাভ। ... **ভবলীলা** — সংসারের খেলা, জীবদ্দশা ('— সংবরণ করা')
**ভবদীয়** — আপনার সম্বন্ধীয়, yours, আপনার।
**ভবন** — গৃহ। স্থিতি। হওয়া ('দ্রবী-ভবন')
**ভবভূতি** — উত্তররামচরিত রচয়িতা বিখ্যাত সংস্কৃত কবি।
**ভবাদৃশ** — আপনার তুল্য (সম্মানে)
**ভবানী** — ভবপত্নী, দুর্গা।
**ভবার্ণব** — সংসাররূপ সমুদ্র।
**ভবিতব্য** — অবশ্যম্ভাবী, যাহা ঘটিবেই। ... **ভবিতব্যতা** — নিয়তি, অদৃষ্ট, অবশ্যম্ভাবিতা।
**ভবিষ্ণু** — ভাবী। উৎপত্তিশীল।
**ভবিষ্য** — ভাবী, যাহা পরে ঘটিবে। পুরাণ বিঃ।
**ভবিষ্যৎ** — ণ. ভাবী, যাহা পরে ঘটিবে। ... ষ্য. আগামী সময় ('ভবিষ্যতে')। ... **ভবিষ্যদ্‌বক্তা** (-ক্তৃ) — যে ভবিষ্যৎ ঘটনা বলে। ... **ভবিষ্যদ্‌বাণী** — ভবিষ্যৎ ঘটনার উক্তি।
**ভবী**] যে জিদ ধরিয়াছে ('— ভোলবার নয়')
**ভব্য** — শিষ্ট, ভদ্র, শান্ত, সাধু। শুভকর। ভাবী। ... ষ্য. -তা। ... **"ভব্যযুক্ত"**] ভদ্রতুল্য, genteel. ভব্য। মার্জিত-

রুচি।
**ভমণ্ডল** (ভ দেখ)
**ভয়** — ভীতি, শঙ্কা, ত্রাস ('সে — ক'রে, খায়, পায়, দেখায়। তাহার — করে, হয়'। 'ভয় ভাঙা' — ভয় দূর হওয়া বা দূর করা)
**ভয়ংকর, ভয়ঙ্কর, ভয়ানক, ভয়াবহ** — ভয়-জনক, ভীষণ। ... স্ত্রী. **ভয়ংকরী, ভয়ঙ্করী**। ... **ভয়ানক** — (অলংকার-শাস্ত্রে) রস বিঃ। (অশিঃ) খুব ('— খুশী')
**ভ'য়ষা, ভ-** [ < মহিষ- ] মাহিষ, মহিষ-জাত ('— ঘি, দুধ')
**ভয়াতুর, ভয়ার্ত** — ভয়ে কাতর।
**ভয়ানক, ভয়াবহ** (ভয়ংকর দেখ)
**ভয়াল** ] ভীষণ, ভয়ংকর।
**ভর** — ষ্য. ভার, ভরনা; অবলম্বন ('পরের উপর, কাঁধে — করা')। ভরণ, পূরণ ('স্বয়ন্ভর')। আধিক্য ('ভক্তিভরে')। দেবতা ইঃর অধিষ্ঠান 'অমুকের উপর ঠাকুরের — হয়েছে')। (বিজ্ঞানে) বস্তু-মাত্রা, mass. ... ণ. (বাং) সমস্ত, পূর্ণ ('রাত-। -পেট'); পরিমিত ('ছটাক-')
**ভরছণ** ] ভর্ৎসনা (প্রা সা)
**ভরণ** — প্রতিপালন ('-পোষণ')। বেতন, ভৃতি। পূরণ, ভরতি করা। (§ ভরিত, ভর্তব্য, ভর্তা)। ... **ভরণীয়, ভরণ্য, ভর্তব্য** — প্রতিপাল্য। পূরণীয়।
**ভরণী** — নক্ষত্র বিঃ। পালয়িত্রী।
**ভরত ১** — রামের বৈমাত্রভ্রাতা, কৈকেয়ীর পুত্র। রাজর্ষি বিঃ ('জড়-')। দুষ্মন্ত-শকুন্তলার পুত্র। নাট্যশাস্ত্রপ্রণেতা মুনি বিঃ। (§ ভারত)
**ভরত ২** [ < ভরদ্বাজ ] পাখি বিঃ, skylark.
**ভরতি** ] ভরিত, পূর্ণ ('ঘটি, থলি, ঘর — হওয়া, করা')। প্রবিষ্ট, নিযুক্ত, বাহাল ('স্কুলে, চাকরিতে —')
**ভরদ্বাজ** — ঋষি বিঃ, দ্রোণের পিতা।
**ভরন** ] নিকৃষ্ট কাঁসা বিঃ (তামা দস্তা রাং মিশ্রিত)
**ভরনা** ] ভার, ভর, অবলম্বন ('লাঠিতে — দেওয়া, রাখা')
**ভরপুর** [ < ভরপূর ] পরিপূর্ণ ('গন্ধে —। — আনন্দ')
**ভরপেট** ] যাহাতে পেট ভরে ('— খাওয়া')
**ভরভর** ] গন্ধ বিস্তার ('— করা'। আদরে ভুরভুর ]। ... ণ. **ভরভরে, ভুরভুরে** ]
**ভরম** ] সম্ভ্রম। ভ্রম, ভয় (প্রা সা)
**ভর সন্ধ্যা** — রাত্রির প্রারম্ভ কাল।
**ভরসা** [ < ভার-বস্ ] নির্ভর, আস্থা, বিশ্বাস, আশা; আশ্বাস ('পরের উপর, পরের, বৃষ্টির —। — করা, দেওয়া, থাকা, পাওয়া, রাখা, হওয়া। আশা-')
**ভরা ১** ] বোঝাই নৌকা ('-ডুবি')
**ভরা ২** [ √ভর্-৫। < ভৃ ] পূর্ণ করা, ভরতি করা ('ঘটিতে জল, বালিশে তুলা —')। পূর্ণ হওয়া ('ঘটি, থলি, পেট —')। ... ণ. পূর্ণ ('গা- গহনা, ধান- মাঠ। — নদী, গাঙ, যৌবন')। ... **ভরানো** [ √ ভরা-১১ ] পূরিত করা।
**ভরাট** [ < ভার-বৃত্ত ] পূর্ণ, ভরতি ('গর্ত — করা' ]
**ভরাডুবি** — বোঝাই নৌকার জল মজ্জন।
**ভরি** ] ১ তোলা, ১ টাকার ওজন।
**ভরিত** — পোষিত, পালিত। পূরিত।
**ভর্গ** — শিব। সূর্যমণ্ডলস্থ ঐশ তেজ।
**ভর্জন** — ষ্য. ভাজা। ... ণ. **ভর্জিত, ভৃষ্ট**।
**ভর্তব্য** — ভরণীয়, প্রতিপাল্য। পূরণীয়।
**ভর্তা** (-র্তৃ) — স্বামী, পতি। প্রতিপালক, প্রভু। ... স্ত্রী. **ভর্ত্রী**। ... **ভর্তৃদারক** — প্রভুপুত্র। ... **ভর্তৃদারিকা** — প্রভুকন্যা।

**ভর্তৃহরি** — ভট্টিকাব্যের রচয়িতা।

**ভর্ৎসনা, ভর্ৎসন** — তিরস্কার, ধমক; নিন্দা ('— করা')। ... ণ. **ভর্ৎসিত।**

**ভল্ল** — মনসা পাতার তুল্য ফলা বিশিষ্ট বর্শা বিঃ।

**ভল্লাতক** — ভেলার গাছ।

**ভল্লুক, ভাল্লুক, ভালুক** — মাংস-ফল-ভোজী লোমশ পশু বিঃ, ঋক্ষ।

**ভষল]** — ভ্রমর।

**ভসকা, ভেসকা]** জলবৎ, পানসে।

**ভস্ত্রা** — কামার ইঃর হাপর, জাঁতা, bellows. জলের মশক, ভিস্তি।

**ভস্ম** (ভস্মন্) — ছাই ('চিতা-, স্বর্ণ-')। ... ণ. **ভস্মিত।** ... **ভস্মাবশেষ** — পুড়িবার পর যাহা অবশিষ্ট থাকে। ... **ভস্মসাৎ, ভস্মীভূত** — ভস্মে পরিণত। ... **ভস্মীকৃত** — যাহা ভস্ম করা হইয়াছে। ... **ভস্মলোচন** — রামায়ণে বর্ণিত রাক্ষস বিঃ — এই রাক্ষস যাহার পানে চাহিত সে ভস্মীভূত হইয়া যাইত।

**ভা** — আলোক, কিরণ, প্রভা। (§ ভাত ১, ভাতি, ভান)

**ভাই]** < ভ্রাতা, সহোদর। ভ্রাতৃতুল্য ব্যক্তি সখা সখী বা নাতিকে সম্বোধন। ... **ভাইঝি]** ভ্রাতার কন্যা, ভ্রাতুষ্পুত্রী। ... **ভাইপো]** ভ্রাতুষ্পুত্র। ... **ভাইফোঁটা]** ভ্রাতৃদ্বিতীয়ায় ভাইএর কপালে ফোঁটা দেওয়া।

**ভাউলে]** ঘরওয়ালা নৌকা বিঃ।

**ভাও** [হি। < ভাব] দর, মূল্য '—করা')

**"ভাঁওতা"]** ধাপ্পা ('—দেওয়া')

**ভাং** (ভাঙ্গ দেখ)

**ভাংচি]** বিরত বা প্রতিকূল করিবার জন্য গোপনে উপদেশ, ভাঙানি ('—দেওয়া')

**ভাংটা]** — ভগ্নদশা।

**-ভাক্** (-ভাজ) — ভাগী, অংশী; যুক্ত, বিশিষ্ট ('পাপ-')

**ভাগ্** — বিভাজন, হরণ, division ('তিন দিয়া — করা')। বিভাগ, বাটোয়ারা ('সম্পত্তি —')। অংশ, খণ্ড ('তিন, বেশীর —')। কালাংশ ('দিবা-')। প্রদেশ, স্থান ('ভূ-, নিম্ন-'। ভাগ্য ('মহা-')। (§ ভাগাভাগি, ভাগী, ভাজক, ভাজিত, ভাজ্য)। ... **ভাগফল** — এক রাশিকে অন্য রাশি দিয়া ভাগ করিলে যে রাশি পাওয়া যায়, quotient. ... **ভাগশেষ** — ভাগ করিলে যাহা বাকী থাকে।

**ভাগবত** — ভগবদ্‌বিষয়ক। বিষ্ণু বা কৃষ্ণের উপাসক। পুরাণ বিঃ, শ্রীমদ্-ভাগবত।

**ভাগহর** — অংশগ্রাহী। ... **ভাগহার** — অংশগ্রহণ। ভাগ করিবার প্রণালী।

**ভাগা** [√ ভাগ্-৭] পলায়ন করা। ... **ভাগানো** [√ ভাগা-১১] তাড়ানো।

**ভাগা]** অংশ, বখরা।

**ভাগাড়]** মরা গরু ইঃ ফেলিবার স্থান।

**ভাগাভাগি]** আপসে ভাগ।

**ভাগিনেয়** — **ভাগিনা / ভাগনে]** ভগিনীর পুত্র। ... **ভাগিনেয়ী—ভাগনী]** ভগিনীর কন্যা। (বোনপো, বোনঝি দেখ)

**ভাগী** (-গিন্) — অংশী; গ্রাহী ('দুঃখের, পাপের —')। ... স্ত্রী. **ভাগিনী।** ... **ভাগীদার]** ভাগী, অংশীদার, ভাগ পাইবার অধিকারী।

**ভাগীরথী** — গঙ্গা। গঙ্গার যে ধারা পদ্মার উৎপত্তির পর মুরশিদাবাদ দিয়া দক্ষিণবাহিনী হইয়াছে। গাড়োয়াল অঞ্চলে গঙ্গার এক ধারা।

**ভাগুরি** — সংস্কৃত বৈয়াকরণ বিঃ।

**ভাগ্য** — অদৃষ্ট, কপাল, নসিব ('-গণনা, -দোষ, -ফল, -বিধাতা, -বিপর্যয়, -লিপি')। সৌভাগ্য ('-ক্রমে, -বান্,

-বতী, -হীন')। ভাগ্য ভালো তাই। ... **ভাগ্যে**] "ভাগ্যিস", ভাগ্যক্রমে ('—তুমি এলে তাই রক্ষা')। ... **ভাগ্য-গণনা** — অদৃষ্টের ফলাফল বিচার। ... **ভাগ্যগুণে** — সৌভাগ্য বশতঃ। ... **ভাগ্যচক্র** — চক্রবৎ ঘূর্ণমান ভাগ্য। ... **ভাগ্যদেবতা** — ভাগ্যের অধিষ্ঠাত্রী নিয়তিদেবী। ... **ভাগ্যদোষে** — দুর-দৃষ্টক্রমে। ... **ভাগ্যবিধাতা** — অদৃষ্টের নিয়ন্তা। ... **ভাগ্যলিপি** — কপালের লিখন।

**ভাংগ / ভাঙ, ভাং**] < ভংগা, সিদ্ধির পাতা (মাদক)। ... **ভাংগড় / ভাঙড়**] সিদ্ধিখোর।

**ভাংগটা** — (ভাংটা দেখ)

**ভাংগন / ভাঙন**] ভংগ, নদী ইঃর পাড়ের ধ্বংস। মাছ বিঃ।

**ভাংগা / ভাঙা** [√ ভাংগ্, ভাঙ্-৭। < ভন্জ্] ভগ্ন বা চূর্ণ করা বা হওয়া ('পাথর, গম—। শরীর, হাড়, বুক, মন—। ভাঙিয়া পড়া, ফেলা, যাওয়া')। বিশ্লেষ বা বিস্তার করা ('ব্যাপারটা ভেঙে বল')। নষ্ট পন্ড বা বিচ্ছিন্ন করা ('বিবাহের সম্বন্ধ, কুল, ঘর —')। ... ণ. ভগ্ন ('—বাড়ি, মটর, মন')। যাহাতে ভাঙে ('হাড়ভাঙা খাটুনি')। বিকৃত, বন্ধস্বর ('—গলা')। ... **ভাঙাভর্তি**] কিছু কম বা পুরা; খুচরা অংক না ধরিয়া স্থূল গণনায় ('— এক শত টাকা')। ... **ভাঙা ভাঙা**] ভগ্নপ্রায়। আধ-আধ, অস্পষ্ট ('— কথা')। ... **ভাংগা হাট**— দৈনিক হাটের অবসানের দশা। লক্ষ্যার্থে — উৎসব শেষ।

**ভাংগানো / ভাঙানো** [√ ভাংগা, ভাঙা-১১] ভগ্ন করানো। ভাংচি দিয়া প্রতি-কূল করা ('মন—')। নোট টাকা ইঃর বদলে খুচরা মুদ্রা লওয়া। ... ণ. (উক্ত সকল অর্থে)। ... **ভাঙানি**] ভাংচি। বিনিময়ে প্রাপ্ত খুচরা মুদ্রা। ... **ভাঙানী**] যে স্ত্রী কুমন্ত্রণা দিয়া বিচ্ছেদ করায় ('ঘর-')। ... পুং. **ভাঙানে**]

**ভাংগী** — ভাঙখোর। নীচশ্রেণীর জাতি বিঃ।

**ভাজ**] < ভ্রাতৃজায়া, ভাইএর স্ত্রী।

**ভাজবৌ**] — বৌদিদি (রাঢ়দেশে)

**ভাঁজ**] পাট; দুমড়ানো, মোড়া ('কাপড়ের —। কাপড়, ছুরি — করা')

**ভাজক** — যে রাশি দিয়া ভাগ করা হয়, divisor. বিভাগকারক।

**ভাজন** — আধার, পাত্র ('ভক্তি-')। ভাগ।

**ভাজনা**] যাহাতে ভাজা হয় ('ভাজিবার খোলা')।

**ভাজা ১** [√ ভাজ্-৭। < ভৃজ্] ভর্জন করা, গরম তেলে ঘিএ বালিতে বা কেবল উত্তাপে পাক করা ('মাছ, লুচি, মুড়ি—')। (§ ভাজি)।... ণ. ভর্জিত, ভৃষ্ট ('— মুগ')। ... **ভাজা ভাজা**] ভাজার তুল্য; সন্তপ্ত ('গরমে, শোকে —')

**ভাজা ২** — মুড়ি, খই ইত্যাদি ভাজা খাদ্য।

**ভাজাসাধ** — গর্ভবতীকে সাতমাসে প্রদেয় বহুপ্রকার ভাজা শস্যাদি।

**ভাঁজা** [√ ভাঁজ্-৭। < ভন্জ] ভাঁজ করা ('কাপড় —')। ব্যায়ামের জন্য সঞ্চালন করা ('মুগর —')। (গানে) আলাপ করা ('রাগিণী —')।

**ভাজি**] ভাজা তরকারি।

**ভাজিত** — যাহা ভাগ করা হইয়াছে।

**ভাজ্য**—যাহা ভাগ করিতে হইবে; বিভাগ-যোগ্য, divisible. যে রাশিকে অপর রাশি দিয়া ভাগ করা হয়, dividend.

**ভাঁট** [ < ভাণ্ডীর ] ঘেঁটু গাছ।

**ভাট** [ < ভট্ট ] বংশপরিচয় দেওয়া যাহার ব্যবসায়। দূত, বার্তাবহ। বন্দী, স্তুতি-পাঠক। একশ্রেণীর পতিত ব্রাহ্মণ গৃহস্থবাড়ীর অনুষ্ঠানে তোষামোদ বা গুণগান করিয়া যাহারা কিছু বিদায়ী আদায় করে।

**ভাটচালাকি** — ভাটব্রাহ্মণের মতো চাতুরী।

**ভাটক** — ভাড়া।

**ভাটকা** — পথভোলা।

**ভাটা, ভাঁটা** ] নদী বা সমুদ্রে উল্টা টান বা জলস্ফীতির হ্রাস, জোয়ারের বিপরীত, ebb-tide.

**ভাঁটা** ] বাঁটুল, খেলিবার বল।

**ভাটি ১, ভাঁটি** ] ইট চুন ইঃ পুড়াইবার চুলা। যে মাটির পাত্র বা পাতনায় ধোবা কাপড় সিদ্ধ করে ('—দেওয়া')। মদ চুয়াইবার পাত্র, still. মদ চুয়াই-বার স্থান, distillery. (ভাটিখানা)। ... **ভাটিয়ারী** — মদ চোলাইএর কারখানা।

**ভাটি ২, ভাঁটি** ] নদীর স্রোতের দিক্, উজানের বিপরীত। নিম্ন দিক্, নাবাল।

**ভাটিয়ারি, -য়্যালি** ] রাগিণী বিঃ।

**ভাটিয়াল** — ভাটির টানে নৌকা ছাড়িয়া দাঁড়ী মাঝিরা পূর্ববঙ্গে যে গান গায়।

**ভাঁড় ১** ] < ভাণ্ড, মাটির পাত্র বিঃ ('জল খাইবার, তাড়ির—')। নাপিতের অস্ত্রা-ধার।

**ভাঁড় ২** [ <ভণ্ড ] বিদূষক, পরিহাসকুশল (অবজ্ঞায়)। (§ ভাঁড়ামি, -মো)

**ভাঁড়াভাঁড়ি** — শঠতা, কপটতা।

**ভাড়া** [ < ভাটক ] ষ্য. কোনও বস্তু ব্যবহারের জন্য বা অন্য কর্তৃক সাধিত কর্মের জন্য যে অর্থ এককালে বা নির্দিষ্টকালান্তর দিতে হয়, কেরায়া ('শামিয়ানার, গাড়ির, রেলের, মুটের, বাড়ির —')। ভাড়ার শর্তে নিয়োগ ('—করা, দেওয়া, খাটা')। ... ণ. ভাড়ার শর্তে নিযুক্ত ('-গাড়ি')। ... **ভাড়াটিয়া / ভাড়াটে** [ < ভাটক-বৃত্ত ] যাহা ভাড়া করা বা দেওয়া যায় ('—বাড়ি')। যে ভাড়া খাটে, ঠিকা ('—বামুন')। ভাড়া-বাড়িতে যে বাস করে।

**ভাঁড়ানো** [ √ভাঁড়া-১১ ] প্রতারণা করা, ঠকাইবার জন্য গোপন করা ('নাম—')।

**ভাঁড়ামি, -মো** ] ভাঁড়ের রসিকতা। ভণ্ডামি। ছ্যাবলামি।

**ভাঁড়ার** [ < ভাণ্ডাগার ] ভাণ্ডার, যেখানে খাদ্য বা অন্য দ্রব্য সঞ্চিত থাকে ('-ঘর')। ... **ভাঁড়ারী** (ভাণ্ডারী দেখ)

**ভাণ ১** — একাঙ্ক নাটক বিঃ। (ভান দেখ)

**ভাণ ২** — ভণিত। উক্তি (প্রা-সা)

**ভাণ্ড** — ভাঁড়, পাত্র। পেটিকা। বাদ্যযন্ত্র ('বাদ্য-')। মূলধন, পুঁজি।

**ভাণ্ডার / ভাঁড়ার** [ < ভাণ্ডাগার ] ধন বা অন্য বস্তু রাখিবার গৃহ। ... **ভাণ্ডারী / ভাঁড়ারী** [ < ভাণ্ডাগারিন্ ] ভাণ্ডার-পাল, ভাণ্ডাররক্ষক।

**ভাণ্ডারা** — সাধু সন্ন্যাসীদের রসদ অন্ন-সত্র।

**ভাণ্ডীর**—বটবৃক্ষ। ভাঁট বা ঘেঁটু গাছ।

**ভাত ১** — আলোকিত। ( § ভাতি)

**ভাত ২** [ < ভক্ত ] রাঁধা চাল, অন্ন। ( § ভেতো)। ... **ভাতে** ] ভাতের সহিত সিদ্ধ তরকারি ইঃ ('আলু-')। ... **ভাতে-ভাত** ] ভাত ও তৎসহ সিদ্ধ অন্য খাদ্য।

**ভাতমারা** — ণ. কোন কাজ না করিয়া যে অন্ন ধ্বংস করে।

**ভাতবাঁধা** — ণ. ভাত বাঁধে যে (ভাতবাঁধা বামুন)

**ভাতা**] < ভৃতি, অতিরিক্ত বেতন, allowance.

**"ভাতার"**] <ভর্তা, স্বামী (অবজ্ঞায়। তুঃ মাগ)

**ভাতি** — দীপ্তি, শোভা। (পদ্যে ক্রি. 'ভাতিল')। (§ ভাত ১)

**ভাতুয়া** — ভেতো, ভাত যাহার প্রধান খাদ্য।

**ভাতুড়িয়া** — পরান্নপালিত।

**ভাদর**] < ভাদ্র (পদ্যে। ... **ভাদুরে, ভান্দুরে**] ভাদ্রমাস -জাত বা সম্বন্ধীয়।

**ভাদ্র** — বাংলা সনের পঞ্চম মাস।

**"ভাদ্রবউ"**] < ভ্রাতৃবধূ।

**ভাদুরে** — ভাদ্রমাস সম্বন্ধীয়। ভাদ্রমাসে জাত।

**ভাদুরানী** — মানভূম অঞ্চলে প্রচলিত এক প্রকার ছড়া গানের নায়িকা এবং এক প্রকার ব্রতানুষ্ঠানে দেবতাবৎ পূজ্যা।

**ভান** — ছল, কৃত্রিম আচরণ ('রোগের — করা'। এই অর্থে ভাণ অশুদ্ধ)। দীপ্তি, শোভা, প্রকাশ।

**ভানা** [ √ভান্-৭। <ভগ্ন-] শস্য হইতে তুষ পৃথক্ করা ('ধান —')

**ভানু**—সূর্য। কিরণ। পদাবলী সাহিত্যে বৃষভানু। ... **ভানুমান্** (-মৎ)—সূর্য। ... **ভানুমতী** — দীপ্তিমতী। ভোজ-রাজের কন্যা, বিক্রমাদিত্যের মহিষী (ইন্দ্রজালনিপুণা)

**ভাপ, ভাপা**] <বষ্প। ... **ভাপসা, ভে-**] বাষ্প বা ঘামের তুল্য ('— গন্ধ')

**ভাপা**—ণ. সিদ্ধকরা (একভাপা, দোভাপা চাউল)

**ভাব ১**—সত্তা, অস্তিত্ব, স্থিতি ('অভাব')। হওয়া, উৎপত্তি ('আবির্ভাব')। অবস্থা, প্রকার ('অদৃশ্য-। গৌণভাবে')। মনের অবস্থা ('ভাবান্তর')। চিন্তা, ভাবনা ('-শুদ্ধি')। মনস্থিত বিষয়, idea ('ভাব-রূপ')। অভিপ্রায় ('মনো-')। চিত্তবৃত্তি, feeling ('ভক্তি-, ভ্রাতৃ-')। চিত্তবিকার, emotion ('ভাবাবেশ')। অনুরাগ, প্রণয় ('অমুকের সঙ্গে—করা, হওয়া')। ভঙ্গী ('হাব-')। তাৎপর্য ('ভাবার্থ')। স্বভাব ('দুষ্ট-')। ক্রিয়া, আচরণ ('দাস্য-')। ... **ভাব-গতিক**] অভিপ্রায় ও চেষ্টা ('লোকটার —')। অবস্থা, লক্ষণ ('রোগের —') ... **ভাবগর্ভ** — সুচিন্তিত বিষয় পূর্ণ ('— রচনা')। ... **ভাবগ্রাহী** (-হিন্)—মর্মজ্ঞ। যিনি মনোগত ইচ্ছা গ্রহণ করেন ('— জনার্দন')। ... **ভাবপ্রবণ** — সহজে ভাবাবেগে আবিষ্ট, sentimental. ... **ভাবভঙ্গী** — অভিপ্রায় ও লক্ষণ। ... **ভাবশুদ্ধি** — চিন্তার পবিত্রতা।

**ভাব ২** (ব্যাকরণে) — ক্রিয়া।

**ভাববাচ্য** — যে বাচ্যের বাক্যে ভাব বা ক্রিয়াই প্রধান।

**ভাবাধিকরণ** — ভাববাচক বিশেষ্য পদ অধিকরণ বৎ ব্যবহৃত হইলে তাহাকে বলে ভাবাধিকরণ।

**ভাবক** — ভাবুক, ভাবপ্রবণ। উৎপাদক। অসংযত ও অসঙ্গত ভাবাবেগ যাহার কুৎসায় ভাবকপ্রয়োগ হয়।

**ভাবন**—চিন্তন। গন্ধমাল্যাদিদ্বারা সজ্জা। সুবাসিত করণ। স্রষ্টা ('ভূত-')। (§ ভাবুনে)। ... **ভাবনা**—চিন্তা, পর্যালোচনা। দুশ্চিন্তা, উদ্বেগ। ঔষধের সংস্কার বিঃ (কোনও দ্রবে ভিজাইয়া রাখা)। (§ ভাবিত)

**ভাবা** [ √ভাব্-৭ ] চিন্তা করা। দুশ্চিন্তা করা, উদ্বিগ্ন হওয়া। ... **ভাবানো** [ √ভাবা-১১ ] চিন্তিত বা উদ্বিগ্ন করা।

**ভাবাত্মক** — ভাবপূর্ণ।

**ভাবান্তর** — অবস্থান্তর (বিশেষতঃ মানসিক)

**ভাবাবেশ**—ভাবজনিত বিহ্বলতা। ভাবের আবির্ভাব।

**ভাবার্থ** — তাৎপর্য।

**ভাবালু** (নবরচিত — ভাববিহ্বল।)

**ভাবিক**—স্বাভাবিক। ভাব-সম্বন্ধীয় বা -সংবলিত। ভাবী। কাব্যালংকার বিশেষ—অতীত স্মৃতি চিত্র ও ভবিষ্যৎ স্বপ্ন উভয় অবলম্বনেই এই অলংকার হয়।

**ভাবিত**—চিন্তিত। উদ্‌বিগ্ন। ভাবনাদ্বারা সংস্কৃত। ঘটিত। বাসিত।

**ভাবিনী**—হাবভাববিশিষ্টা নারী। সুন্দরী। (ভাবী দেখ)

**ভাবী** (-বিন্)—ভবিষ্যৎ ('—অমঙ্গল')। হবু, যে হইবে ('—স্বামী')।...স্ত্রী. **ভাবিনী।**

**ভাবুক** — যাহার চিন্তা করিয়া বুঝিবার ক্ষমতা আছে, চিন্তাশীল। মর্মজ্ঞ। যাহার মনে সহজে ভাবের উদয় হয়, যথা কবি। ... ষ্য. **-তা।**

**ভাবুনে** [ <ভাবন- ] প্রসাধনপ্রিয়, বিলাসী। রঙ্গপ্রিয়। ভাবগোপনকারী। (স্ত্রী.) ভাবুনী।

**ভাবে**—প্রকারে, রূপে, ধরণে। (ব্যাকরণে) ভাব বুঝাইতে। (ভাবে ত্ব, ইমন্)

**ভাবোন্মাদ**—ভাবের আধিক্যে আত্মবিস্মৃত বিহ্বল অবস্থা, দশা, ecstasy.

**ভাব্য** — ভবিতব্য। চিন্তনীয়।

**ভাম** ] খট্টাশ তুল্য জন্তু বিঃ। দীপ্তি।

**ভামিনী** — কোপনা নারী। নারী।

**ভায়** — শোভা পায়, ভাতিত হয়, আভাসিত হয়, দীপ্ত পায়। (পদ্যে)

**ভায়রাভাই** ] পত্নীর ভগিনীপতি, শ্যালীপতি।

**ভায়া** ] < ভ্রাতা। ভ্রাতৃস্থানীয় ব্যক্তি।

**ভায়াদ** — দায়াদ, জ্ঞাতি।

**ভার** — ষ্য. ওজন ('গুরু-')। বোঝা ('-বাহক')। চাপ, উদ্‌বেগ ('দেনার, বেদনার—')। সম্পাদন তত্ত্বাবধান ভরণ-পোষণ ইঃর দায়িত্ব, charge ('**কাজের,** রোগীর —। ভারার্পণ')। সমূহ ('কুসুম-')। আধিক্য। ভারযষ্টি, বাঁক। (বাং) ণ. দুরূহ ('বাঁচা —'); ভারী ('পেট, মাথা—')। (§ ভারী)।... **ভার-কেন্দ্র** — বস্তুর ভারের মধ্যবিন্দু, centre of gravity. ... **ভারপ্রাপ্ত** — যাহার উপর দায়িত্ব ন্যস্ত করা হয়। ... **ভারবাহ, -বাহক, -বাহী** ( -হিন্) — যে ভার বহন করে। ... **ভারযষ্টি** — দুই প্রান্তে ঝুলাইয়া ভার বহিবার বাঁক। ... **ভারসহ** — যাহা ভার সহিতে পারে। ... **ভারসাম্য** — দুই দিকের ভারের সমতা মূলক সামঞ্জস্য।

**ভারত, ভারতবর্ষ** — হিমালয় দক্ষিণস্থ সমুদ্রবেষ্টিত দেশ, India. পশ্চিম ও পূর্ব পাকিস্থান বর্জিত উক্ত দেশ, হিন্দুস্থান। অর্জুনাদি ভরত-বংশীয় পুরুষ। ... ণ. **ভারতীয়, ভারতবর্ষীয়।** ... **ভারত** — ষ্য. মহাভারত গ্রন্থ। ... ণ. ভরতবংশীয়। নট।

**ভারতী** — ষ্য. সরস্বতী। বাণী, বাক্য। অভিনয়বিদ্যা। সন্ন্যাসীর উপাধি বিঃ। ... ণ. ভারত সম্বন্ধীয়া।

**ভারতেশ্বরী** — মহারাণী ভিক্টোরিয়া।

**ভারবি** — কিরাতার্জুনীয় কাব্য রচয়িতা কবি বিঃ।

**ভারা** ] উচ্চ স্থানে কাজ করিবার জন্য মাচা।

**ভারাক্রান্ত** — ভারে বা আধিক্যে অভিভূত ('ঋণ-, অশ্রু-')

**ভারাভারা** — ভারে ভারে। বোঝা বোঝা।

**ভারাণী** — ঢেঁকিতে ধান ভানিয়া যাহারা জীবিকা নির্বাহ করে।

**ভারিক্ক** — গাম্ভীর্য বিশিষ্ট।

**ভারিভুরি]** গর্ব, জাঁক।

**ভারী ১** (-রিন্) — ভারবাহক।

**ভারী ২, ভারি]** গুরুভার, বেশী ওজনের ('— সিন্দুক')। দুরূহ, দায়িত্বপূর্ণ ('—কাজ')। খুব, বড় ('—মজা, বিপদ্, দুষ্ট, আশ্চর্য')। ... **ভারিক্কে, -ক্কী]** গম্ভীর, মুরব্বীর তুল্য ('—চাল')

**ভার্গব** — শুক্রাচার্য। পরশুরাম।

**ভার্যা** — পত্নী।

**ভাল ১** — ললাট, কপাল। অদৃষ্ট।

**ভাল ২, ভালো** [< ভদ্র] ণ. উত্তম ('—জিনিস')। শুভ ('— খবর')। সুস্থ, নীরোগ ('— করা, থাকা, হওয়া')। প্রীতিজনক ('—লাগা')। নিরীহ, শান্ত ('-মানুষ')। সৎ ('— লোক, ছেলে')। শোভন, উচিত ('— দেখায় না')। সম্মতিসূচক ('ভাল, তাই কর')।... ষ্য. হিত, কল্যাণ ('—হ'ক। ভালয় ভালয়')। ... **ভাল কথা]** সৎকথা। দরকারী কথা ('—মনে পড়েছে')। ... **ভালমন্দ]** ভাল ও খারাপ। শুভাশুভ।

**ভালচন্দ্র** — শিব। ললাটের চাঁদ।

**ভালবাসা** [< ভালবাস্-৭] প্রীতি করা, কাহারও প্রতি অনুরক্ত হওয়া; পছন্দ করা ('পত্নীকে, ছেলেকে, বাপকে, বন্ধুকে, দেশকে, মিষ্টান্ন, ফুল, কাজ —')। ... ষ্য. প্রেম, প্রণয়, অনুরাগ, স্নেহ।

**ভালুক, ভাল্লুক** (ভল্লুক দেখ)

**ভাশুর** [< ভ্রাতৃশ্বশুর] স্বামীর বড় ভাই ('-ঝি, -পো')

**ভাষ, ভাষণ** — কথন, উক্তি। (§ ভাষিত)। ... **ভাষক** — ভাষী; বক্তা। ... স্ত্রী. **ভাষিকা**। ইদানীং ভাষণ অর্থে সভার বক্তৃতাকেও বুঝায়।

**ভাষা** — দেশবিশেষে বা জাতিবিশেষের মধ্যে প্রচলিত অথবা বিশেষ উদ্দেশ্য বা রূপে ব্যবহৃত শব্দাবলী এবং তাহার প্রয়োগপ্রণালী, language, dialect, style ('বাংলা, প্রাদেশিক, সাঁওতালী, মৃত, বৈজ্ঞানিক, বঙ্কিমচন্দ্রের, সাধু, চলিত, কথ্য, গ্রাম্য, অশ্লীল —। -জ্ঞান, -তত্ত্ব, -বিৎ')। উক্তি। প্রচলিত ভাষা, সংস্কৃত নয় ('নিম্ব, নিম ইতি ভাষা')। মনোভাবপ্রকাশক উক্তি বা সংকেত ('শিশুর, অস্ফুট, মূক —')। ... **ভাষাতত্ত্ব** — ভাষা সম্বন্ধে বৈজ্ঞানিক পদ্ধতিতে বিচার। ... **ভাষাতীত** — যাহা বাক্যদ্বারা বর্ণনা করা যায় না। ... **ভাষান্তর** — অন্য ভাষা। ... **ভাষান্তরিক** — যে একের ভাষা অন্যকে বুঝাইয়া দেয়, দোভাষী, interpreter. ... **ভাষান্তরিত** — অন্য ভাষায় অনূদিত। ... **ভাষাপরিচ্ছেদ** — বিশ্বনাথ ন্যায়পঞ্চানন-কৃত ন্যায় শাস্ত্রের পরিভাষা গ্রন্থ। ... **ভাষারামায়ণ** — বাংলা ভাষায় রচিত রামায়ণ। ... **ভাষাসম** — কাব্যের অলংকার বিঃ।

**ভাষিক** — ভাষা সম্বন্ধীয়।

**ভাষিত** — ণ. কথিত, উক্ত।... ষ্য. উক্তি।

**ভাষী** (-ষিন্) যে বলে ('অল্প-, মৃদু-, কটু-, বহু-, হিন্দী-')।... স্ত্রী. **ভাষিণী**।

**ভাষ্য** — ষ্য. সূত্রের ব্যাখ্যা ('বেদান্তের —। -কার')। ... ণ. কথনীয়।

**ভাস** — দীপ্তি। আভাস, প্রাচীন কবি

বিঃ। শকুন।

**ভাসন্ত**] যাহা

**ভাসমান** — দীপ্তিমান্, শোভমান। যাহা ভাসিতেছে। (বাংলায় ভ্রান্ত প্রয়োগ)।

**ভাসা** [√ভাস্-৭] জলাদির বা বায়ুর উপর ভর করিয়া থাকা বা সঞ্চরণ করা, ডুবিয়া না যাওয়া ('জলে নৌকা, আকাশে মেঘ —')। ... **ভাসা ভাসা**] অগভীর, অল্প ('দর্শনশাস্ত্রে — জ্ঞান')

**ভাসান**] জলে দেবপ্রতিমা বিসর্জন ('ঠাকুর —')। মনসা ইত্যাদি দেবতার কাহিনীমূলক গান।

**ভাসানো** [√ ভাসা-১১] ভাসিতে দেওয়া।

**ভাসুর** — পতির জ্যেষ্ঠ ভ্রাতা। উজ্জ্বল, দীপ্তিমান্।

**ভাস্কর** — সূর্য। (বাং) প্রস্তরাদি হইতে মূর্তি ইঃ যে নির্মাণ করে, sculptor. ... **ভাস্করাচার্য** — প্রাচীন জ্যোতিষী বিঃ।

**ভাস্কর্য** — ভাস্কর শিল্প, Sculpture.

**ভাস্বর, ভাস্বান্** (-স্বৎ) — উজ্জ্বল, দীপ্তিশীল। ... স্ত্রী. **-রা, ভাস্বতী**।

**ভিক্ষা** — যাচ্ঞা, প্রার্থনা; দাতার অনুগ্রহে লভ্য বিষয়; দরিদ্রকে প্রদেয় অর্থ খাদ্য ইঃ ('অর্থ-, সাহায্য-, ক্ষমা-, মুষ্টি-। — করা, চাওয়া, মাগা, দেওয়া, পাওয়া, মেলা')। এক গ্রাস অন্ন। (§ ভৈক্ষ্য, -ক্ষ)। ... **ভিক্ষাচর্যা** — ভিক্ষাবৃত্তি। ... **ভিক্ষাজীবী** (-বিন্) — ভিক্ষাদ্বারা যে জীবিকানির্বাহ করে। ... **ভিক্ষান্ন** — ভিক্ষালব্ধ খাদ্য। ... **ভিক্ষাপাত্র** — ভিক্ষাদ্রব্য গ্রহণের আধার। ... **ভিক্ষাপুত্র** — যে দ্বিজকুমার উপনয়নকালে কোনও ব্যক্তির নিকট ভিক্ষা লইয়া তাহার পুত্রস্থানীয় বলিয়া হয়। ... **ভিক্ষা-মা**] যে নারী ঐ ভিক্ষা দেয়। ... **ভিক্ষার্থী** (-র্থিন্) — ভিক্ষাপ্রার্থী। **ভিক্ষিত** — যাচিত।

**ভিক্ষু** — চতুর্থাশ্রমাশ্রিত সন্ন্যাসী। বৌদ্ধ সন্ন্যাসী। ভিক্ষুক। ... স্ত্রী. **ভিক্ষুনী**]

**ভিক্ষুক** — ভিখারী। ভিক্ষাপ্রার্থী।

**ভিখ**] < ভিক্ষা ('— মেলা')

**ভিখারী / ভিখিরী** [< ভিক্ষাকারী] ভিক্ষুক, ভিক্ষাজীবী। ... স্ত্রী. **-রিনী**]

**ভিজা ১, ভিজানো** (ভেজা দেখ)

**ভিজা ২/ভিজে**] সিক্ত, আর্দ্র। ... **ভিজে বেরাল**] দেখিতে ভালমানুষ কিন্তু প্রকৃতপক্ষে চতুর ও দুষ্ট।

**ভিজিট** [ই] চিকিৎসককে প্রদেয় দর্শনী,

**"ভির্টাকিলি, -কিলিমি"**] ভান, ভণ্ডামি। রোগের ভান।

**ভিটা / ভিটে** [< ভিত্তি] বাস্তু, যে ভূমিতে বাসগৃহ নির্মিত হয়। ... **ভিটা-মাটি / ভিটে-**] ভিটার মাটি ('— উৎসন্ন করা')

**ভিটামিন** (ই) — খাদ্যের মধ্যস্থ জীবনী শক্তিবর্ধক উপাদান।

**ভিড়**] জনতা, নিবিড় লোকসমাগম ('— করা, হওয়া')

**ভিড়া / ভেড়া** [√ভিড়্-৯] লগ্ন হওয়া, উত্তরণস্থান স্পর্শ করা ('ঘাটে নৌকা —')। মিলিত হওয়া ('আড্ডায় —')। ... **ভিড়ানো / ভিড়নো, ভেড়ানো** [√ ভিড়া-১৩] লগ্ন করা ('তীরে নৌকা —')

**ভিত**] < ভিত্তি। বনিয়াদ, দেওয়ালের যে অংশ ভূমির নিম্নে থাকে, foundation. ভূমি হইতে মেঝে পর্যন্ত দেওয়াল, plinth. দেওয়ালের বেধ। দিক্ (অপ্রঃ। 'চারি ভিতে')

**ভিতর**] < অভ্যন্তর, "ভেতর", মধ্য ('বাড়ির, মনের —। সপ্তাহের —।

ভিতর বাহির সমান')।
ভিতরের ('— দিক্')। ... **ভিতরবাড়ি]** অন্তঃপুর। ... **ভিতরে ভিতরে]** অপ্রকাশ্যভাবে। তলে তলে।
(ভীতু দেখ)

**ভিত্তি** — ভিত, বনিয়াদ ('-স্থাপন')। দেওয়াল। মূল কারণ ... **ভিত্তিহীন** — অমূলক ('— সংবাদ, সন্দেহ')

**ভিন]** < ভিন্ন, অন্য (গ্রাম্য। '-গাঁ')

**ভিন্দিপাল** — ক্ষেপণীয় প্রাচীন যুদ্ধাস্ত্র বিঃ।

**ভিন্ন** — ছাড়া, বিনা, ব্যতীত ('তুমি — গতি নাই। ইহা —')। অন্য, পৃথক্ ('— ব্যক্তি, দেশ, মত। ভিন্নভিন্ন')। ছিন্ন, খণ্ডিত, বিদীর্ণ ('ছিন্নভিন্ন')। বিকশিত। ... ষ্য. **-তা**। ... **ভিন্নরুচি** — বিভিন্ন রুচি বিশিষ্ট।

**ভিমরাজ** [< ভৃঙ্গরাজ] ফিঙ্গার তুল্য বড় কৃষ্ণনীল পাখি বিঃ।

**ভিমরুল]** < ভৃঙ্গরোল; বোলতা-জাতীয় দংশক পতঙ্গ বিঃ, hornet.

**ভিয়ান]** মিষ্টান্নাদি পাক। **ভিয়ানদার** মিষ্টান্ন তৈরির কারিগর।

**ভিরমি** [< ভৃমি] মূর্ছা ('— যাওয়া')

**ভিল** [< ভিল্ল] ভারতীয় আদিম জাতি বিঃ।

**ভিষক্** (ভিষজ্)—চিকিৎসক। (§ ভেষজ, ভৈষজ্য)

**ভিস্তি** [ফা. বিহিশ্ৎ] জল বহিবার মশক। ... **ভিস্তী, ভিস্তি]** জলবাহক, ভিস্তিওয়ালা, মশকে করিয়া যে জল বহে।

**ভীত** — ভয়গ্রস্ত, শঙ্কিত। স্ত্রী. **ভীতা**। ... **ভীতি** — ভয়, ত্রাস ('-কর, -গ্রস্ত, -জনক, -প্রদ')

**ভীতু, ভিতু]** ভীরু, যে সহজে ভয় পায়। ভয়প্রবণ।

**ভীম** — গ. ভীষণ, প্রচণ্ড ('-দর্শন, -নাদ, -বিক্রম')। ... ষ্য. মধ্যম পাণ্ডব, বৃকোদর, ভীমসেন। (§ ভীমা)

**ভীমরতি** [< ভীমরথী — ৭৭ বৎসরের সপ্তম মাসের সপ্তম রাত্রি] বার্ধক্যের জন্য বুদ্ধিভ্রংশ, dotage ('— ধরা, হওয়া') কিংবা ভ্রমার্তি — **ভ্রম** + আর্তি (রাগ) — ভ্রমরোগ।

**ভীমা** ভয়ংকরী। দক্ষিণাপথের নদী বিঃ।

**ভীরু** — ভয়শীল, ভীতু ('-স্বভাব')। ... ষ্য. **-তা**।

**ভীষণ** — ভীতিপ্রদ, ভয়ংকর। ... স্ত্রী. **ভীষণা**। ... ষ্য. **ভীষণতা**।

**ভীষিত** — যাহাকে ভয় দেখানো হইয়াছে।

**ভীষ্ম** — শান্তনু-গঙ্গার পুত্র, ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠতাত।

**ভীষ্মক** — শ্রীকৃষ্ণের শ্বশুর, রুক্মিণীর পিতা।

**ভুঁই, ভূঁই]** < ভূমি, ক্ষেত্র, মাটি ('-কুমড়া')। দেশ ('বিভুঁই')। ... **ভুঁই-চাঁপা** — ভূমিজাত পুষ্প বিঃ। ... **ভুঁইফোঁড়]** অকস্মাৎ আবির্ভূত। হঠাৎ বড়লোক, upstart. ... **ভুঁইমালী** — পূর্ববঙ্গের অন্ত্যজ শ্রেণীর জাতির লোক।

**ভুঁইয়া]** < ভৌমিক, ভূস্বামী, প্রাচীন বড় জমিদার বা সামন্তরাজ। উপাধি বিঃ।

**ভুও** (ভুয়া দেখ)

**ভুক্** — (ভুখ দেখ)।

**ভুক্ত**—ভক্ষিত, উপভুক্ত -অন্ন, সুখ')। অন্তর্গত ('দল-, সমাজ-')। ... **ভুক্তপূর্ব** — যাহা পূর্বে ভোগ করা হইয়াছে। ... **ভুক্তভোগী** (-গিন্) — যে পূর্বে কোনও

বিষয় ভোগ করিয়াছে বা তজ্জন্য কষ্ট পাইয়াছে। ... **ভুক্তাবশেষ** — ভোজনের বা ভোগের পর যাহা পড়িয়া থাকে।

**ভুক্তন** ] পূরণ।

**ভুক্তি** — ভোগ। দখল। রাজ্যের অংশ বিশেষ।

**ভুখ** ] < বুভুক্ষা, ক্ষুধা ('— লাগা'। বিরল)। ... ভুখা ] ক্ষুধিত।

**ভুখল, ভুখিল** ] ক্ষুধিত, বুভুক্ষিত (প্রা-সা)

**ভুগা, ভুগানো** (ভোগা ১ দেখ)

**ভুগ্ন** — বক্র।

**ভুজ** — হস্ত, বাহু ('-পাশ, -বন্ধন, -বল, -লতা')। (জ্যামিতিতে) ক্ষেত্রের সীমা-সূচক সরলরেখা, side ('ত্রি-')। abscissa.

**ভুজগ, ভুজঙ্গ, -ঙ্গম** — সর্প। ... স্ত্রী. **ভুজগী, ভুজঙ্গী, ভুজঙ্গমী**। (ভুজঙ্গিনী অশুপ্রঃ)। ... **ভুজঙ্গপ্রয়াত** — পদ্যের ছন্দ বিঃ।

**ভুজানো** — অন্নপ্রাশন (রাঢ় দেশে)।

**ভুজালি** — তলোয়ার ও দায়ের মাঝামাঝি আকারের ধারালো অস্ত্র।

**ভুঞ্জিত** ] ভুক্ত (প্রায় পদ্যে। ক্রি. 'ভুঞ্জিল' —ভোগ করিল)

**ভুটান** ] ভারতের উত্তরপূর্ববর্তী হিমালয়স্থ দেশ বিঃ। ( ≬ ভোট)

**ভুট্টা** [ হি ] শস্য বিঃ, মকাই, maize.

**ভুড়ভুড়** ] বুদ্‌বুদের শব্দ। ... **ভুড়ভুড়ি** ] বুদ্‌বুদ ('— কাটা, ওঠা')

**ভুঁড়ি** ] বড় পেট, তুন্দ। ... **"ভুঁড়ো"** ] ভুঁড়িওয়ালা।

**ভুঁতি, ভুতুড়ি** ] কাঁঠাল ইঃ ফলের মধ্যের অখাদ্য অংশ।

**ভুতুড়ে, ভু-** ] ভূত প্রেত সম্বন্ধীয়; নোংরা ('— কাণ্ড')। ভূতের সহিত যে কারবার করে।

**ভুঁদো** (ভোঁদা দেখ)

**ভুনিখিচুড়ি** ] ঘিয়ে ভাজা চাল ডাল হইতে প্রস্তুত খিচুড়ি।

**ভুবঃ** (ভুবস্), **ভুবর্লোক** — স্বর্গ বিঃ। অন্তরীক্ষ।

**ভুবন** — জগৎ, লোক ('ত্রিভুবন' — স্বর্গ মর্ত পাতাল। 'চতুর্দশ —' — সপ্তস্বর্গ ও সপ্তপাতাল)। পৃথিবী। ... **ভুবনেশ্বর** — উড়িষ্যার তীর্থ বিঃ। তাহার শিব-লিঙ্গ। ... **ভুবনেশ্বরী** — দশমহাবিদ্যার এক।

**ভুয়া/ভুয়ো, ভুও** ] শূন্যগর্ভ, অন্তঃসার-শূন্য; মিথ্যা ('— নারকেল, বাবুগিরি, খবর')

**ভুরভুর** (ভরভর দেখ)

**ভুরা / ভুরো** ] অসংস্কৃত অপরিচ্ছন্ন চিনি (গুড় ও চিনির মধ্যবর্তী)

**ভুরু** ] < ভ্রূ (দেখ)

**ভুল** ] ষ্য. < ভ্রম, ভ্রান্তি ('কাজে, ঠিকে —। ভুলচুক')। বিস্মৃতি ('দালে নুন দিতে —')। ভ্রান্ত, অযথার্থ, অনুপযুক্ত ('— বিশ্বাস, অর্থ, জিনিস')। ( ≬ ভোলা)

**ভুলা, ভুলানো** (ভোলা ১ দেখ)

**ভুলো** ] যে প্রায় ভুল করে বা ভুলিয়া যায়। অন্যমনস্ক প্রকৃতির লোক।

**ভুশ, ভুস** ] জল কাদা ইঃ ভেদ করার শব্দ ('— ক'রে ডোবা, ভেসে ওঠা')

**"ভুশণ্ডি"** ] ভূরিপরিমাণ (ভোজন কথন ইঃ। 'ভাতের, গল্পের — ভাঙা' — প্রচুর খাওয়া বা বলা)

**ভুশণ্ডী** — রামায়ণে উল্লিখিত ত্রিকাল-দর্শী কাক। লক্ষ্যার্থে — অশীতিপর বহুদর্শী ব্যক্তি।

**ভুসি** [ < বুষ, বুস ] শস্যের

খোসা, চোকল।

"ভূণ্ঠনাশ"] ধ্বংস ('টাকার — করা')

**ভুসা / ভুসো** [ < ভস্ম] ধূমের সহিত উত্থিত অংগারকণা, কজ্জল ('উনানের, প্রদীপের —')। ... **ভুসাকালি / ভুসো-**] ভুসা হইতে প্রস্তুত কাল রং (lamp-black) বা কালি।

**ভূ** — পৃথিবী। স্থান, ভূমি ('ভূভাগ') ... **ভূকম্প** — ভূমিকম্প। ... **ভূগর্ভ** — পৃথিবীর অভ্যন্তর। ... **ভূগোল** — পৃথিবী ও বিভিন্ন দেশের বিবরণ, geography. ... **ভূচর** — স্থলচর। ... **ভূচিত্র—মানচিত্র,** map. ... **ভূচ্ছায়া** — পৃথিবীর ছায়া (গ্রহণকালে চন্দ্রে পতিত)। ... **ভূতত্ত্ব** — পৃথিবীর গঠন সম্বন্ধে সর্ববিধ জ্ঞান। ... **ভূতল** — ভূপৃষ্ঠ। পাতাল বিঃ। ... **ভূদেব** — ব্রাহ্মণ। ... **ভূধর** — পর্বত। ... **ভূপ, ভূপতি, ভূপাল** — রাজা। ... **ভূপতিত** — ভূপৃষ্ঠে পতিত। ... **ভূবলয়** — পৃথিবীর পরিধি জ্ঞাপক বৃত্ত। ... **ভূবিদ্যা** — ভূপৃষ্ঠ ও তাহার নিম্নস্থ স্তরসমূহের উৎপত্তি পরিণতি বিন্যাস উপাদান ইঃ বিষয়ক বিদ্যা, geology. ... **ভূবিষুব রেখা** — দুই মেরু হইতে সমদূরবর্তী বৃত্তরেখা। ... **ভূভার** — পৃথিবীর পাপের ভার ('-হরণ')। ... **ভূভারত** — ভারত ও সমস্ত পৃথিবী। ... **ভূমণ্ডল** — পৃথিবী। ... **ভূলতা** — কেঁচো ... **ভূলুণ্ঠিত** — ভূপৃষ্ঠে লুণ্ঠিত। ... **ভূশায়ী** — ভূপতিত। ... **ভূস্বর্গ** — কাশ্মীর। ... **ভূস্বামী** (-মিন্) — জমির মালিক, জমিদার।

**ভূঁই** (ভুঁই দেখ)

**ভূঃ** (ভূস্), **ভূলোক** — সপ্ত স্বর্গের এক। পৃথিবী।

**ভূত** — ষ্য. দেবযোনি বিঃ, শিবের অনুচর ('-নাথ')। প্রেত ('-গ্রস্ত। — ছাড়ানো, ঝাড়ানো, নামানো, ভাগানো। ভূতে পাওয়া')। ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর শাস্ত্রোক্ত উপাদান, ক্ষিতি অপ্ তেজ মরুৎ ব্যোম। প্রাণী ('সর্ব-')। ... ণ. অতীত ('-ভবিষ্যৎ')। যাহা হইয়াছে ('জড়ীভূত')। (§ ভুতুড়ে, ভৌত, ভৌতিক)। ... **ভূতচতুর্দশী** — কার্তিক-কৃষ্ণ-চতুর্দশী। ... **ভূতনাথ** — শিব। ... **ভূতপূর্ব** — যে বা যাহা পূর্বে ছিল ('— মন্ত্রী')। ... **ভূতবলি** — জীবজন্তুদের খাদ্যাদি দান। ... **ভূতভাবন** — জীবের স্রষ্টা বা পালক। শিব। ... **ভূতযজ্ঞ** — জীবকে অন্নদান রূপ যজ্ঞ। ... **ভূতযোনি** — ভূত প্রেত ইঃ। প্রেতরূপে জন্ম। ... **ভূতশুদ্ধি** — মন্ত্রদ্বারা দেহস্থ পঞ্চভূতের শোধন।

**ভূতাবিষ্ট** — ভূতগ্রস্ত, যাহাকে ভূতে পাইয়াছে। ... ষ্য. **ভূতাবেশ।**

**ভূতি** — অণিমাদি অষ্ট ঐশ্বর্য, বিভূতি। উৎপত্তি।

**ভূতুড়ে** (ভুতুড়ে দেখ)

**ভূপালী** — রাগিণী বিঃ।

**ভূভৃৎ** — রাজা। পর্বত।

**ভূমধ্য** — ইউরোপ ও আফ্রিকার মধ্যবর্তী সাগর।

**ভূমা** (-মন্) — ষ্য. বহুত্ব, প্রাচুর্য। ... ণ. বিরাট্, সর্বব্যাপী। সর্ব, পূর্ণ ('ভূমানন্দ')

**ভূমি** — ভূপৃষ্ঠ, মাটি; মেঝে ('-তল')। ক্ষেত্র, জমি ('রণ-। নিষ্কর —')। স্থান, দেশ ('বাস-, জন্ম-, মরু-')। পৃথিবী। আকর, আধার ('বিশ্বাস-, স্নেহ-')। (§ ভৌম, ভৌমিক)। ... **ভূমিকম্প** — ভূকম্প, ভূমির আন্দোলন। ... **ভূমিজ** । ... **ভূমিশয্যা** — মাটিতে

বা মেঝেতে শয্যা। ... **ভূমিসাৎ** — ভূমিতে পতিত, সমভূম।

**ভূমিকা** — বক্তব্য বিষয়ের সূচনা, গ্রন্থের পূর্বাভাষ, মুখবন্ধ। পত্তন। বেশধারণ। অভিনেতার বেশ। নাটকীয় পাত্রবিশেষের অভিনেয় অংশ, role, part ('রামের —')

**ভূমিজ** — ভূমি হইতে জাত। ভূমিপুত্র মঙ্গলগ্রহ।

**ভূমিষ্ঠ** — ভূপতিত ('— হইয়া প্রণাম')। প্রসূত ('সন্তান — হইল')

**ভূম্যধিকারী** (-রিন্)—ভূস্বামী, জমিদার।

**ভূয়ঃ** (-য়স্) — পুনঃ। প্রচুর, বহুল। (বহু + ঈয়স্।) ... স্ত্রী. **ভূয়সী** ('— প্রশংসা')। ... **ভূয়োদর্শন** — বহুল অভিজ্ঞতা। ... **ভূয়োভূয়ঃ** — পুনঃ-পুনঃ, বার বার।

**ভূয়িষ্ঠ** — প্রচুর, বহুল।

**ভূরি** — প্রচুর, প্রভূত, বহু ('-দক্ষিণা, -ভোজন') ... **ভূরিশঃ** — প্রচুর পরিমাণে। ... **ভূরিশ্রবা** (শ্রবস্) — চন্দ্রবংশীয় রাজা। কুরুক্ষেত্র যুদ্ধে নিহত।

**ভূরুহ** — বৃক্ষ।

**ভূর্জপত্র** — বৃক্ষ বিঃএর (birch জাতীয়) ত্বক্ যাহা পূর্বে কাগজের পরিবর্তে ব্যবহৃত হইত।

**ভূশণ্ডি, ভূষণ্ডি,** — পুরাণোক্ত ত্রিকাল-দর্শী কাক। (ভূশণ্ডী দেখ)

**ভূষণ, ভূষা** — অলংকার, গহনা, সজ্জা। শোভা। ... ণ. **ভূষিত**। ... স্ত্রী. **-তা**।

**ভূসম্পদ** — জমিজায়গা।

**ভৃগু** — মুনি বিঃ। শুক্রাচার্য। খাড়া উঁচু পাহাড়, cliff. পর্বতের উচ্চ সানু। (ঽ ভার্গব)। ... **ভৃগুপতি** — ভৃগুবংশের সর্বশ্রেষ্ঠ, পরশুরাম।

**ভৃগুপাত, -পাতন** — পর্বতের উচ্চস্থান হইতে স্বদেহ পাতন। ... **ভৃগুভূমি** — পর্বতের শিখরদেশের সমতল ভূমি। ... **ভৃগুরাম** — পরশুরাম (যেমন — রঘুরাম দাশরথি)

**ভৃঙ্গ** — ভ্রমর। ফিঙা পাখি।

**ভৃঙ্গরোল** — ভিমরুল।

**ভৃঙ্গার** — গাড়ু, ঝারি।

**ভৃঙ্গারিকা** — ঝিঁঝিঁপোকা।

**ভৃঙ্গী** (-ঙ্গিন্), **ভৃঙ্গি** — শিবানুচর বিঃ। ('নন্দী-')

**ভৃত** — পালিত। পূর্ণ। ... **ভৃতক** — বেতনগ্রাহী। বেতন। ... **ভৃতি** — বেতন ('-ভুক্')। পালন, ভরণ। পূরণ।

**ভৃত্য** — বেতনভুক্, চাকর।

**ভৃশ** — পুনঃপুনঃ, বহুল পরিমাণ।

**ভৃষ্ট** — ভর্জিত, ভাজা।

**ভেউভেউ**] চেঁচাইয়া কাঁদিবার শব্দ; কুকুরের ডাক ('— করা')

**ভেংচানো** [< ভেংচা-১৭] ভেঙানো (দেখ)। ... ষ্য. **ভেংচানি**]। ... **ভেংচি**] ভেংচাইবার জন্য বিকৃত মুখভঙ্গী ('-কাটা')

**ভেক** — ব্যাং, মণ্ডুক। ... স্ত্রী. **ভেকী**।

**"ভেকা / ভেকো"**] (ভেকুয়া) হতবুদ্ধি। হতভম্ব।

**ভেকট** — মৎস্য বিঃ।

**ভেখ, ভেক** [< ভৈক্ষ্য] সন্ন্যাসীর সাজ বা বৃত্তি ('-ধারী। — নেওয়া')। ছদ্মবেশ।

**ভেঙগানো / ভেঙানো** [√ ভেঙ্গা, -ঙা -১১] ভেংচানো, উপহাসসূচক মুখ-ভঙ্গী করা। উপহাসের জন্য অনুকরণ করা।

**ভেজা** (ভিজা বিরল) [√ ভিজ্-৯। < অভ্যঞ্জ-] আর্দ্র বা সিক্ত হওয়া ('জলে, বৃষ্টিতে, তেলে —')। নরম বা দয়ার্দ্র বা

রাজী হওয়া ('মন —')। ... **ভিজা / ভিজে**] সিক্ত, আর্দ্র। ... **ভিজানো / ভিজনো, ভেজানো** [√ ভিজা-১৩] আর্দ্র বা সিক্ত করা। *জলাদিতে ভিজিতে বা গলিতে দেওয়া* ('চিঁড়া, মিছরি —')

**ভেজানো** [√ ভেজা-১১] বন্ধ করা, লাগানো ('কপাট —')

**ভেজাল**] ণ. মিশ্রিত, খাঁটী নয় ('— ঘি')। ... ষ্য. নিকৃষ্ট দ্রব্য মিশ্রণ ('— দেওয়া')

**ভেট**] সওগাত, উপঢৌকন। সাক্ষাৎ, দর্শন, মোলাকাত।

**ভেটকি** [< বেকট] মাছ বিঃ। (ভেকট দেখ)

**ভেটেরাখানা**] সরাই। হট্টগোলের স্থান।

**ভেটেল** — ভাটিস্রোতে চালিত (নৌকা)

**ভেড়া** [< ভেড়, ভেড়ক] মেষ। ... স্ত্রী, **ভেড়ী**।

**ভেড়া, ভেড়ানো** (ভিড়া দেখ)

**ভেড়ি**] জলরোধ বা জলরক্ষার জন্য অল্প উচ্চ বাঁধ।

**ভেড়ুয়া / ভেড়ো**] ভেড়ার তুল্য। স্ত্রৈণ। কাপুরুষ। বাইজীর সঙ্গে যে বাজায় বা বাইজির অন্নে পালিত।

**"ভেড়ে"**] বোকা, কাপুরুষ, অপদার্থ।

**ভেতো**] ভাতখেকো ('— বাঙালী') (ভাতুয়া দেখ)।

**ভেত্তা** (-ত্তৃ) — ভেদকারক।

**ভেদ** — বেধন, বিদারণ ('লক্ষ্য-')। ছেদন। পার্থক্য, অনৈক্য ('মত-। -জ্ঞান, -বুদ্ধি')। পরিবর্তন ('বুদ্ধি-')। বিশেষ, প্রকার ('অর্থ-, গুণ-')। বিচ্ছেদ, মনোভঙ্গ ('জ্ঞাতি-, সুহৃদ্-')। রাজনীতি বিঃ, বিভিন্ন দলের মধ্যে বিরোধ সম্পাদন ('-নীতি')। রেচন, দাস্ত ('— হওয়া')। (পদ্য ক্রি. 'ভেদিল' — বিদারণ করিল)। (§ ভিন্ন)। ... **ভেদক, ভেদী**, (-দিন্) — ভেদকারক ('মর্মভেদী')। ... **ভেদবমি**—বাহ্যির সঙ্গে বমন। ওলাওঠা। **ভেদজ্ঞান, -বুদ্ধি** — বৈষম্যবোধ, সমদর্শিতার অভাব। ... **ভেদন**—বিদারণ। ... ণ. **ভেদিত**। ... **ভেদনীয়, ভেদ্য** — ভেদনযোগ্য।

**ভেপসা** (ভাপ দেখ)

**ভেঁপু**] বাঁশি বিঃ, bugle, trumpet ('তালপাতার —')

**"ভেবা, ভ্যাবা"**] বোকা, হতভম্ব। ... **ভেবাচাকা, ভ্যা-**] হতবুদ্ধিতা ('— লাগা')

**ভেরী, -রি** — ঢাক, পটহ।

**ভেরেণ্ডা**] < এরণ্ড, রেড়ি, অথবা তজ্জাতীয় কয়েক প্রকার গাছ (যথা বাগভেরেণ্ডা, গাব-। "ভেরেণ্ডা ভাজা" — বেকার বসিয়া থাকা)

**ভেল**] কৃত্রিম ('-মুক্তা')। **ভেজাল**।

**ভেল** — হইল (প্রা-সা)

**ভেলকি**] জাদু, ইন্দ্রজাল ('— দেখানো, লাগা। -বাজি')

**ভেলা ১** [< ভেল, ভেলক] **একসঙ্গে বাঁধা** কাঠ কদলীকাণ্ড ইঃ যাহা জলে ভাসে এবং যাহাতে পার হওয়া যায়, প্লব, উড়ুপ।

**ভেলা ২** [< ভল্লাতক] **ফল বা বীজ বিঃ** (বীজের রসে কাপড় চিহ্নিত হয়)

**ভেলি** — মিছরির মত পিণ্ডাকার গুড়।

**ভেষজ** — ঔষধ। (§ ভৈষজ, ভৈষজ্য)

**ভেসকা** (ভসকা দেখ)

**ভেস্তা**] নষ্ট, পণ্ড ('সাত নকলে আসল —')। ... **ভেস্তানো** [√ ভেস্তা-১৭] পণ্ড হওয়া ('বিয়ের **সম্বন্ধ ভেস্তে** যাওয়া')

**ভৈক্ষ্য, ভৈক্ষ** — ণ. ভিক্ষালব্ধ। ... ষ্য. ভিক্ষান্ন। ভিক্ষাসমূহ। ভিক্ষুধর্ম।

সন্ন্যাস, চতুর্থ আশ্রম।
**ভৈদর্ভী** — বিদর্ভরাজ ভীমের কন্যা দময়ন্তী।
**ভৈরব** — ষ্য. শিবের মূর্তি বিঃ। ... ণ. ভীষণ, ভীম ('— নাদ, মূর্তি')। (সংগীতে) রাগ বিঃ।... **ভৈরবী** — দশ-মহাবিদ্যার এক। শৈবসন্ন্যাসিনী। রাগিণী বিঃ। ... **ভৈরবচক্র** — তান্ত্রিক সাধনা বিঃ যাহাতে সাধকগণ চক্রাকারে বসিয়া মদ্যপানাদি করে।
**ভৈষজ্য, ভৈষজ** — ঔষধ। চিকিৎসা।
**ভৈষা** — ভয়ষা, মাহিষ।
**ভো, ভোঃ** (ভোস্) — সম্বোধন সূচক, হে (প্রাঅপ্রঃ। 'ভো রাজন্')
**ভোঁ**] বাঁশির শব্দ ('পোঁ' অপেক্ষা মোটা)। মৃদু গুঞ্জন শব্দ ('ভোমরা, কান ভোঁভোঁ করে')। শূন্যতা সূচক ('ঘর ভোঁভোঁ')। বেগ সূচক ('ভোঁ-দৌড়, ভোঁ ক'রে মাথা ঘোরা')। (ভোম দেখ)
**ভোক, ভোখ**—ক্ষুধা, বুভুক্ষা।
**ভোকছানি** — ক্ষুধার জন্য মোহাচ্ছন্নতা।
**ভোকশোষ** — ক্ষুৎপিপাসা।
**ভোক্তব্য** — ভোজন বা উপভোগের যোগ্য।
**ভোক্তা** (-কৃ) — যে ভোজন বা ভোগ করে। ... স্ত্রী. **ভোক্ত্রী**।
**ভোগ** — সুখদুঃখাদি অনুভব ('সুখ-, রোগ-, কর্ম-, ফল-')। উপভোগ ('বিষয়-। -দখল')। ইন্দ্রিয়সেবা, সুখ ('-বিলাস')। ভোগ্য বা ভোজ্য বস্তু ('মর্ত্যের —')। দেবতাকে নিবেদ্য খাদ্য ('বাল-')। সর্পফণা। সর্প। (§ ভুক্ত)। ... **ভোগআরতি** — দেবতার ভোগ নিবেদনের পরে যে আরতি। ... **ভোগায়তন** — ভোগের গৃহ। শরীর। ... **ভোগাসক্ত** — ইন্দ্রিয়তর্পণ সুখে অনুরক্ত। ... **ভোগী** (-গিন্)—ভোক্তা, যে ভোগ করে। বিলাসী। সর্প। ... ... স্ত্রী. **ভোগিনী**। ... **ভোগ্য**—ভোগের যোগ্য। ... স্ত্রী. **ভোগ্যা**।
**ভোগবতী** — পাতালগঙ্গা।
**ভোগবাসনা**—ঐহিক সুখভোগের লালসা।
**ভোগভূমি** — জড়বাদী ভোগসর্বস্ব দেশ।
**ভোগসুখ**—ঐহিক সম্ভোগ জাত আনন্দ।
**ভোগস্পৃহা, ভোগতৃষ্ণা, ভোগবাসনা** — ঐহিক সুখভোগের লালসা।
**ভোগা ১** (ভুগা বিরল) [ √ভুগ্-১০। < ভুন্জ্] কষ্ট পাওয়া ('রোগে, পাপের ফল —')। ... **ভুগানো / ভুগনো, ভোগানো** [ √ ভুগা-১৪ ] কষ্ট দেওয়া। ... ষ্য. **ভোগান**]
**"ভোগা" ২**] ফাঁকি, প্রতারণা ('— দেওয়া') প্রলোভন।
**"ভোগান্তি"**] দুঃখভোগ।
**"ভোচকানি"**] অত্যন্ত ক্ষুধার জন্য অবসন্নতা ('— লাগা')
**ভোজ ১** — মালব দেশের অন্তর্গত প্রাচীন রাজ্য। তাহার রাজা বিঃ (বিদ্বান্ ও ইন্দ্রজালজ্ঞ)। ... **ভোজপুরী** — ভোজ-পুর হইতে আগত। (—দ্বারোয়ান)। ... **ভোজরাজ** — ভোজ রাজ্যের ধারানগরীর রাজা। ... **ভোজবাজি**], **ভোজবিদ্যা** — ইন্দ্রজাল, ভেলকি।
**ভোজ ২** [ < ভোজন] ভোজনোৎসব ('— খাওয়া, দেওয়া। বিবাহের —')
**ভোজন** — ভক্ষণ, আহার, খাওয়া ('অন্ন-, নিরামিষ-')। ভোজনোৎসব ('বন-')। খাওয়ানো (ব্রাহ্মণ-')। ভোজ্য দ্রব্য। (§ ভোক্তব্য, ভোক্তা, ভোজী, ভোজ্য)। ... **ভোজয়িতা** (-তৃ) — যে খাওয়ায়। ... স্ত্রী. **ভোজয়িত্রী**।... **ভোজনবিলাসী, ভোজনরসিক** — ঔদরিক, পেটুক।
**ভোজালি** [ < ভুজ-পাল] নেপালী খড়্গ

বিঃ, কুকরি।

**ভোজী** (-জিন্) — যে খায়। ... স্ত্রী. -জিনী।

**ভোজ্য** — ভোজনযোগ্য। খাদ্য, খাবার।

**ভোজ্যোৎসর্গ**—শ্রাদ্ধ পূজাদি ধর্মানুষ্ঠানে ভোজ্য বস্তুর নিবেদন। চলতি ভাষায় 'ভুজ্যি'।

**ভোট ১**—(বাং) ভুটান দেশীয় ('-কম্বল')। (সং) তিব্বত দেশ।

**ভোট ২** — [ ই ] নির্বাচকগণ বা কোনও সংঘের সদস্যগণ কর্তৃক যথাবিধি জ্ঞাপিত মত (যথা — পদপ্রার্থীর নিয়োগ বা কোনও প্রস্তাব সম্বন্ধে। '— দেওয়া, লওয়া। -গণনা, -দাতা')

**ভোঁতা** ] যাহার ধার বা তীক্ষ্ণতা নাই ('— ছুরি, বুদ্ধি')। জব্দ, নিরস্ত, নির্বাক্ ('থোঁতা মুখ — করা')

**ভোঁদড়** [ < উদ্র ] উদবিড়াল ভাম ইঃ জাতীয় জন্তু বিঃ।

**"ভোঁদা, ভুঁদো"** ] মোটা, স্থূলাঙ্গ। ... স্ত্রী. **"ভুঁদী"** ]

**"ভোম, ভোঁ"** ] বিহ্বল, চুর ('নেশায় — হওয়া')

**ভোমর** [ < ভ্রমর ] ছিদ্র করিবার যন্ত্র, তুরপুন, drill.

**ভোমরা** ] < ভ্রমর (দেখ)

**ভোর** ] ষ্য. প্রত্যূষ, উষা ('-বেলা')। রাত্রি-শেষ ('— হওয়া')। ... ণ. ভর, ব্যাপী ('দিন-, জীবন-')। পরিমিত ('মটর-আফিম')। বিভোর, বিহ্বল ('গন্ধে —')

**ভোরাই** — প্রভাতী।

**ভোল** [ < ভ্রম ] ছদ্মবেশ; বেশ ('— ফিরানো')

**ভোলা ১** (ভুলা বিরল) [ √ ভুল্-১০ ] ভুল করা ('অঙ্কে —')। বিস্মৃত হওয়া ('ভুলিয়া যাওয়া')। মুগ্ধ হওয়া ('রূপ দেখে —')। ... **ভুলানো / ভুলনো, ভোলানো** [ √ ভুলা-১৪ ] বিস্মৃত করানো। স্তোকবাক্য দ্বারা ঠকানো। প্রবোধ দিয়া বা অন্যবিষয়ে মন আকৃষ্ট করাইয়া শান্ত করা ('ছেলেকে —')। মুগ্ধ করা ('মন —')। ... ণ. যাহাদ্বারা ভুলাইতে পারা যায় ('ছেলেভুলানো ছড়া')

**ভোলা ২** ] যে ভুলিয়া যায়; আত্মবিস্মৃত ('— মন')। শিব ('-নাথ')

**ভোঁসভোঁস** ] নিশ্বাসপ্রশ্বাসের শব্দ ('— ক'রে ঘুমনো')

**ভৌত, ভৌতিক** — (বিজ্ঞানে) বস্তুর সাধারণ ধর্ম সম্বন্ধীয় বা পদার্থবিদ্যা বিষয়ক, physical.

**ভৌতিক** — পঞ্চভূতাত্মক, material ('— দেহ, পদার্থ')। ভূতপ্রেত সম্বন্ধীয়, ভুতুড়ে ('— কান্ড')

**ভৌম** — ণ. ভূমি সম্বন্ধীয়, ভূমিজাত। ... ষ্য. মঙ্গল গ্রহ। ... **ভৌমিক** — ভূস্বামী। উপাধি বিঃ। ভুইঞা, ভুঞা।

**ভ্যা** ] ভেড়ার ডাক। ... **ভ্যা, ভ্যাঁ** ] শিশুর কান্নার শব্দ।

**ভ্যাবাচাকা** (ভেবা- দেখ)

**"ভ্যালা"** ] ভাল, বেড়ে (প্রশংসায় বা উপহাসে। '— মোর ভাই!')

**ভ্রংশ** — চ্যুতি; নাশ ('জাতি-, বুদ্ধি-')। (§ ভ্রষ্ট)। ... **ভ্রংশন** — ভ্রষ্ট করণ। ভ্রংশ। ... ণ. **ভ্রংশিত।**

**ভ্রম** — ভুল, ভ্রান্তি (-জাল', -প্রমাদ, -বশতঃ, -সংশোধন, -সংকুল। ভ্রমাত্মক, ভ্রমান্ধ')। বিস্মৃতি। ঘূর্ণি। (§ ভ্রান্ত, ভ্রান্তি)

**ভ্রমণ** — বেড়ানো, পর্যটন ('প্রাতর্ভ্রমণ। -বৃত্তান্ত')। ঘূর্ণন। (§ ভ্রাম্যমাণ)

**ভ্রমৎ** — ভ্রমন্ত] যে বেড়াইতেছে বা ঘুরিতেছে।

**ভ্রমর** — অলি, দ্বিরেফ, ভৃঙ্গ, মধুকর, মধুপ, মধুব্রত, ষট্‌পদ; কৃষ্ণবর্ণ পতঙ্গ বিঃ, ভোমরা, bumble-bee ('-কৃষ্ণ'); মৌমাছি, bee ('-গুঞ্জন')। (ভোমর দেখ)। ... স্ত্রী. **ভ্রমরী**। (§ ভ্রামর)। ... **ভ্রমর কৃষ্ণ** — ভোমরার মতো কালো।

**ভ্রমরক** — ললাটবিলম্বিত অলকগুচ্ছ।

**ভ্রমি, -মী** — আবর্ত, ঘূর্ণিজল।

**ভ্রষ্ট** — চ্যুত ('বাহু-, পথ-, ধর্ম-') ধর্মবিরুদ্ধ, দুষ্ট ('ভ্রষ্টাচার')। নষ্ট, অধঃপতিত ('-চরিত্র')। ... স্ত্রী. **ভ্রষ্টা**। — ব্যভিচারিণী।

**ভ্রাতা** (-তৃ)—ভাই, সহোদর; ভ্রাতৃস্থানীয় ('জ্যেষ্ঠ-, বৈমাত্র-, গুরু-। ভ্রাতৃজায়া, ভ্রাতৃবধূ, ভ্রাতৃবৃন্দ'। সম্বোধনে — ভ্রাতঃ)। (§ ভ্রাত্রীয়)

**ভ্রাতুষ্পুত্র** — ভাইপো। ... স্ত্রী. **-ত্রী**।

**ভ্রাতৃদ্বিতীয়া** — ভাইদ্বিতীয়া, ভাইফোঁটা উৎসব, কার্তিক-শুক্ল-দ্বিতীয়া তিথিতে ভগিনী কর্তৃক ভ্রাতৃসংবর্ধনা।

**ভ্রাতৃব্য** — ভ্রাতুষ্পুত্র। ... স্ত্রী. **-ব্যা**।

**ভ্রাত্রীয়** — ভ্রাতৃসম্বন্ধীয়। ভ্রাতৃতুল্য।

**ভ্রান্ত**—ভ্রমযুক্ত ('—নর, বিশ্বাস। পথ-'। ... **ভ্রান্তি** — ভ্রম, ভুল, mistake, error, delusion ('মূলক')

**ভ্রামর** — ভ্রমর-জাত বা সম্বন্ধীয়।

**ভ্রাম্যমাণ** — যাহাকে ভ্রমণ করানো বা ঘুরানো হইতেছে। ঘূর্ণ্যমান।

**ভ্রূ** — ভুরু, চক্ষুর ঊর্ধ্বস্থিত রোমরাজি। (সমাসে স্থলবিশেষে বিকল্পে ভ্রু হয়)। ... **ভ্রূকুটি, ভ্রূকুটি, -টী, ভ্রূভঙ্গ, -ভঙ্গী** — ভ্রূকুঞ্চন, ক্রোধ বিরক্তি ইঃর জন্য ভ্রূর বক্রতা। ... **ভ্রূক্ষেপ** — দৃষ্টিপাত, গ্রাহ্য বলিয়া বিবেচনা ('— করে না')। ... **ভ্রূবিলাস, -বিভ্রম** — ভ্রূভঙ্গী। মনোহর ভঙ্গীতে ভ্রূ সঞ্চালন। ... **ভ্রূলতা** — সুদৃশ্য বঙ্কিম ভ্রূ। ... **ভ্রূ-সংকেত** — ভ্রূ দ্বারা ইশারা।

**ভ্রূণ** — গর্ভস্থ সন্তান, embryo ('-হত্যা')। ... **ভ্রূণঘ্ন, ভ্রূণহা** (-হন্) — ভ্রূণহত্যাকারী।

## ম

**মই** [ < মদিকা] বাঁশ ইঃর সিঁড়ি। চষা জমিতে মাটির ডেলা ভাঙিবার যন্ত্র, harrow ('— দেওয়া')

**মইলান**] ম্লান, মলিন (প্রা-সা)

**মইসা / মইসে** [ < মসি-] কাপড় ইঃতে ছাতা ধরিলে যে কাল দাগ হয়।

**মউ**] < মধু (বিরল)

**মউ-মউ** — সুগন্ধে আমোদিত।

**মউচাক, মউতাত, মউমাছি, মউরি,** (মৌ- দেখ)

**মউড়** [ < মুকুট] বিবাহে কন্যার সোলার মুকুট ('সিঁথি-')

**মউনি** [ < মথনিকা] দুধ হইতে মাখন তুলিবার মন্থনদণ্ড।

**মউল** [ < মধুক] মহুয়া (দেখ)

**মওকা** (মৌকা দেখ)

**মওয়া** [ √ম-১। < মথ্] মন্থন করা।

**মকদ্দমা** [আ. মুকদ্দমহ্] মামলা, আদালতে অভিযোগ।

**মকমক** — ভেক-রব, ব্যাঙের ডাক।

**মকর** — পৌরাণিক জলজন্তু বিঃ, গঙ্গার বাহন (শুণ্ডবিশিষ্ট)। সরু লম্বা মুখ যুক্ত কুম্ভীর বিঃ। রাশিচক্রের দশম রাশি। সখীর পাতানো নাম ('— গঙ্গাজল')।... **মকরকেতন, -কেতু, মকরধ্বজ** — মদন। ... **মকর-**

ক্রান্তিবৃত্ত — নিরক্ষরেখার ২৩° ২৭′ দক্ষিণস্থ সমাক্ষরেখা, দক্ষিণায়নাবৃত্ত, Tropic of Capricorn ... **মকরধ্বজ** — পারদগন্ধক ঘটিত ঔষধ বিঃ। ... **মকরবাহিনী** — গঙ্গা। ... **মকরসংক্রান্তি** — মাঘসংক্রান্তি।

**মকরন্দ** — ফুলের মধু।

**মকরিকা** — মকরের আকারে চিত্রিত চন্দন কুঙ্কুমের পত্ররচনা।

**মকাই, মক্কা**] শস্য বিঃ, ভুট্টা, maize.

**ম-কার** (পঞ্চ-মকার দেখ)

**মকুফ** [আ. মউকুফ] অব্যাহতি, রেহাই ('— করা')

**মক্কা** (আ. মক্কহ্) আরব দেশের নগর বিঃ, মহম্মদের জন্মস্থান (তীর্থ)

**মক্কেল** [আ. মুঅক্কল] উকিলের সাহায্য-গ্রাহী।

**মক্তব** [আ] মুসলমান পাঠশালা।

**মক্শ** [আ. মশ্ক] অভ্যাস ('হাতের লেখা — করা')। লেখার উপর লেখা।

**মক্ষিকা, মক্ষী** — মাছি। (§ মাক্ষিক)

**মখ** — যজ্ঞ।

**মখদম** (খা) — মৌলবী।

**মখমল** [আ] কোমল চিক্কণ বস্ত্র বিঃ, velvet. ... ণ. **মখমলী**]

**মগ ১**] আরাকানের জাতি বিঃ। বর্মার অধিবাসী। ('মগের মুলুক' — অরাজক দেশ)

**মগ ২** [ই] হাতলওয়ালা গেলাস।

**মগজ** [ফা. মগ্জ.] মস্তিষ্ক।

**মগজি** [ফা. -জী.] বস্ত্রাদির কিনারা।

**মগডাল**] সর্বোচ্চ শাখা।

**মগধ** — প্রাচীন দেশ বিঃ (আধুনিক বিহারের অন্তর্গত)। (§ মাগধ, মাগধী)

**মগ্ন** — অন্তঃপ্রবিষ্ট, ডোবা ('জল-')। নিবিষ্ট, তন্ময় ('ধ্যান-')। (বাং) প্রশমিত ('জ্বর — হওয়া')। (পদ্যে — মগন])। (§ মজ্জন)

**মঘবা** (-বন্), **মঘবান্** (-বৎ) — ইন্দ্র।

**মঘা** — নক্ষত্র বিঃ।

**মঙ্গল** — শুভ, হিত, কল্যাণ ('-কামনা, -দায়ক, -ময়')। গ্রহ বিঃ, কুজ, Mars. সপ্তাহের বার বিঃ। দেবতার মাহাত্ম্য-বিষয়ক কাব্য ('অন্নদা-') ... **মঙ্গলঘট** — মঙ্গলসূচক পূর্ণঘট। ... **মঙ্গলচণ্ডী** — ভগবতীর রূপ বিঃ। ... **মঙ্গলা** — মঙ্গলদায়িনী, দুর্গা। ... **মঙ্গলাচরণ, -আচার** — শুভজনক অনুষ্ঠান বিঃ। ... **মঙ্গল্য** (মাঙ্গলিক দেখ)

**মচ**] কাঠ ইঃ ভাঙিবার বা মচকাইবার শব্দ। (বার বার — মচমচ] ... **মচমচে**] যাহা মচমচ করে। খাস্তা ভাজা। (আদরে — মুচমুচে])

**মচকানো** [√ মচ্কা-১৭] দুমড়াইয়া ভগ্নপ্রায় হওয়া বা করা ('লাঠি, পা —')। ... ষ্য. **মচকানি**]

**"মচ্ছব"**] < মহোৎসব (বৈষ্ণবের)

**মছলন্দ**] (মসলন্দ দেখ)

**মজকুর** [আ. মজ্কুর] ষ্য. লিখিত বিবরণ। ... ণ. উল্লিখিত, পূর্বোক্ত।

**মজবুত** [আ. মজ্বুত] শক্ত, দৃঢ় ('— লাঠি, শরীর, বাঁধন')। কর্মঠ, দক্ষ ('— লোক। কথায় —')। টেকসই ('— জুতা')

**মজলিস** [আ] সভা, আসর, বৈঠক।

**মজলিসী** — মজলিসে যে বাক্যালাপে ও গীতবাদ্যাদির দ্বারা আনন্দ দিতে পারে।

**মজা ১** [√ মজ্-৫। < মস্জ্] মগ্ন বা নিবিষ্ট হওয়া ('প্রেমে —')। মুগ্ধ হওয়া ('রূপ দেখে —')। বিপদে পড়া ('এইবার মজেছে')। বুজিয়া যাওয়া

('পুকুর —')। অতি পক্ক হওয়া ('কলা ম'জে গেছে')। উপভোগ্য হওয়া, সুপরিণত হওয়া ('চাটনি এখনও মজে নাই')...ণ. যাহা বুজিয়া গিয়াছে ('— পুকুর')। অতি পক্ক ('— কলা') ... **মজানো** [ √ মজা-১১ ] মোহিত করা। বিপদে ফেলা। নষ্ট করা ('কুল —')

**মজা ২** [ ফা. মজা. ] কৌতুক, তামাশা, রঙ্গ, রগড়, কৌতূহলোদ্দীপক ব্যাপার। ('— করা, দেখা, পাওয়া। মজার কথা') আমোদ, ফুর্তি ('— মারা')। (ব্যঙ্গে) শাস্তি, কর্মের ফল ('— দেখানো, টের পাওয়া')। ... **মজাদার** ] আমোদজনক।

**মজুদ, মজুত** [ আ. মউজূদ ] সঞ্চিত, বর্তমান ('— টাকা। — থাকা, হওয়া')। (— তহবিল)। ... **মজুদদার** — যে সঞ্চয় করে।

**মজুমদার** [ ফা ] খাজনার হিসাবরক্ষক। পদবী বিঃ।

**মজুর** [ ফা. মুজ্‌দুর ] শ্রমিক, শ্রমজীবী। ... **মজুরী** ] মজুরের কাজ। মজুর বা নির্মাতার পারিশ্রমিক।

**মজ্জন** — অবগাহন, ডুবি। ( ঽ মগ্ন)। ... ণ. **মজ্জিত**।

**মজ্জা** — হাড়ের ভিতরের ঘৃততুল্য পদার্থ, marrow. শাঁস। মাজ, বৃক্ষাদির সার বা মধ্য অংশ। ... **মজ্জাগত** অন্তর্নিহিত ('— সংস্কার')

**মঝু** — আমার (ব্রজবুলি)।

**মঞ্চ** — মাচা, টঙ। বেদী ('দোল-। সভাপতির —')। ... **মঞ্চস্থ** (নবরচিত) — রঙ্গমঞ্চে অভিনীত।

**মঞ্জন** ] < মার্জন, মাজা। মাজন ('দন্ত-')

**মঞ্জরী, -রি** — নবপল্লব- বা কোরকদলযুক্ত বৃন্ত, অঙ্কুর, শিষ ('তুলসী-, ধানের —')। ... **মঞ্জরিত** — মঞ্জরীযুক্ত।

**মঞ্জিল ১** (সং.) — রজকালয়।

**মঞ্জিল ২** [ আ. মন্‌জিল ] প্রাসাদ।

**মঞ্জিষ্ঠা** — লতা বিঃ (লাল রং হয়)

**মঞ্জীর** — নূপুর।

**মঞ্জু** — সুন্দর, মনোজ্ঞ, মধুর ('-গমনা, -ভাষিণী, -হাসিনী')। ... **মঞ্জুঘোষ, মঞ্জুভাষিণী** — যে নারীর কথা মিষ্ট। ... **মঞ্জুশ্রী** — বৌদ্ধ ও জৈন দেবতা বিঃ।

**মঞ্জুর** [ আ. মন্‌জূর ] প্রভু ইঃর সম্মতি প্রাপ্ত, অনুমোদিত ('দরখাস্ত — করা, হওয়া')। ... ষ্য. **মঞ্জুরি** ]

**মঞ্জুল** — ণ. সুন্দর, মধুর, সুদৃশ্য। ... ষ্য. নিকুঞ্জ।

**মঞ্জুষা, -ঞ্জূ-** — ঝাঁপি, পেটিকা, পেটরা casket.

**মট্‌** ] শক্ত জিনিস ভাঙিবার শব্দ ('— ক'রে ভাঙা। মটমট' ]

**মটকা** ] ঘরের চালের মাথা। মটকি (দেখ)। কপট নিদ্রা ('— মেরে থাকা')। মোটা রেশমী কাপড় বিঃ।

**মটকানো** [ √ মট্‌কা-১৭ ] সশব্দে দুমড়ানো, মোটন করা ('আঙুল, ঘাড় —')

**মটকি, -কা** ] ঘি ইঃ রাখিবার মাটির জালা। কেঁড়ে।

**মটর** ] শস্য বিঃ, কড়াইশুঁটির দানা।

**মঠ** — সন্ন্যাসীর আখড়া। মন্দির। বিদ্যা-পীঠ। মন্দিরাকৃতি চিনির ডেলা বিঃ।

**মড়ক** ] < মরক, মহামারী।

**মড়মড়** ] কাঠ হাড় ইঃ ভাঙিবার শব্দ।

**মড়া** [ < মৃতক — মটক ] মৃতদেহ, শব, লাশ।

**মড়ুঞে, মড়াঞে** ] মৃতবৎসা, যে নারীর সন্তান বাঁচে না ('— পোয়াতী')

**মণ** (মন দেখ)

**মণি** — অলংকাররূপে ব্যবহার্য মূল্যবান্

প্রস্তর, রত্ন ('-কাঞ্চন, -মুক্তা')। ... **মণিকর্ণিকা**—কাশীর গঙ্গার ঘাটতীর্থ। কাশীর শ্মশান ঘাট। ... **মণিকার** — যে মণি কাটিয়া পালিশ করে। রত্ন-বণিক্, জহরী। ... **মণিকুট্টিম** — মণিখচিত বা পাথর-বাঁধানো মেঝে। ... **মণিকোঠা**] মণিময় গৃহ।

**মণিবন্ধ** — হাতের কবজি।

**মণ্ড** — মাড়, কাইএর তুল্য জিনিস ('ভাতের —। মান-')

**মণ্ডন** — অলংকরণ, প্রসাধন। অলংকার। (§ মণ্ডিত)

**মণ্ডনমিশ্র** — বেদান্তবিরোধী প্রাচীন ভারতের প্রসিদ্ধ পণ্ডিত—শঙ্করাচার্যের সঙ্গে তর্কে পরাজিত।

**মণ্ডপ** — ছাদযুক্ত প্রশস্ত চত্বর, চাঁদোয়া, পাণ্ডাল ('সভা-, চণ্ডী-, ছায়া-')। জনাশ্রয়। নাটমন্দির ইঃ।

**মণ্ডল** — গোল, গোলক ('সূর্য-, স্তন-। মণ্ডলাকার')। চক্র, বেষ্টন, পরিধি ('দিঙ্-')। সমূহ, সংঘ ('সপ্তর্ষি-, মন্ত্রি-')। দেশ ('ব্রজ-')। বৃহৎ রাজ্য। গ্রামের মুখ্যব্যক্তি, মোড়ল। ... স্ত্রী. **মণ্ডলী** ('প্রজা-')। ... **মণ্ডলাকার** — গোলাকার। ... **মণ্ডলাধীশ, মণ্ডলেশ্বর** — ৪০ যোজন বিস্তীর্ণ রাজ্যের অধিপতি। রাজচক্রবর্তী।

**মণ্ডা**] গোলাকার বা চূড়াকার মিষ্টান্ন। (ছোট — মণ্ডি, মু- ])

**মণ্ডিত** — ভূষিত, অলংকৃত। মোড়া, বেষ্টিত।

**মণ্ডূক** — ভেক, ব্যাং। ... **মণ্ডূকপ্লুতি-ন্যায়** — ভেক যেমন করিয়া লাফ দিয়া গমনপথ অতিক্রম করে সেইরূপ।

**মণ্ডূর** — লোহের খাদ বা অসার অংশ।

**মৎ-** (অস্মদ্) — আমি ('মৎপ্রণীত')। (§ মদীয়)

**মত ১** — বি. সম্মতি ('— দেওয়া, করা, থাকা, লওয়া')। অভিমত; অভিপ্রায় ('উকিলের —। আমার মতে। নিজের মতে চলে')। ধারণা, বিশ্বাস, সিদ্ধান্ত ('ধর্ম-'। বৈজ্ঞানিক —')। বিধি ('শাস্ত্র-মতে, হিন্দুমতে')। ... ণ. সম্মত। অভি-প্রেত। জ্ঞাত। সম্মানিত ('বহু-')। ... **মতবাদ** — মতবর্ণন। বৈজ্ঞানিক দার্শনিক ইঃ মত, theory. ... **মতভেদ** — মতের অনৈক্য।

**মত ২**, মতো, মতন] তুল্য, সদৃশ ('তোমার — মূর্খ। দেখিতে তোমার —')। অনুসারে ('নিয়ম-')। উপযুক্ত ('মুখের — জুতো। মনের **মতন**')। প্রকার ('নানামতে')

**মতঙ্গ** — রামায়ণে উল্লিখিত ঋষি বিঃ।

**মতলব** [আ] অভিপ্রায়, অভিসন্ধি ('তার — জানা নেই। কু-')। কৌশল, কার্য-সিদ্ধির উপায় ('— ঠাওরানো')। ... **মতলববাজ, মতলবী**] ফন্দিবাজ। স্বার্থপর।

**মতান্তর** — অন্য মত। মতের অনৈক্য।

**মতাবলম্বন** — মতগ্রহণ। ... **মতাবলম্বী** (-ম্বিন্) — মতগ্রাহী ('চার্বাক-')

**মতামত** — মত বা অমত, সম্মতি-অসম্মতি।

**মতি** — বুদ্ধি ('-ভ্রম। দুর্মতি')। মন, প্রবৃত্তি, ইচ্ছা, অভিপ্রায় ('ধর্মে —। — স্থির করা')। জ্ঞান। ... **মতিগতি** — অভিপ্রায় ও চেষ্টা। মনের গতি। ... **মতিচ্ছন্ন, -ভ্রংশ, -ভ্রম** — বুদ্ধিভ্রংশ, কুবুদ্ধি, নির্বুদ্ধিতা। ... **মতিভ্রান্তি** — মনের ভুল। ... ণ. **মতিভ্রষ্ট, -ভ্রান্ত।** ... **মতিমান্** (-মৎ) — বুদ্ধিমান্। ... **-মতী** (-বান্ দেখ)

**মতিচুর** — ঘৃতপক্ক মিঠাই বিঃ।
**মৎকুণ** — ছারপোকা। মাকুন্দ।
**মত্ত** — মাতাল, যাহার নেশা হইয়াছে। খেপা ('মদ- হস্তী')। বিহ্বল। প্রমত্ত, গর্বিত; অনবহিত ('অহংকারে — । যৌবনমদ-')। অত্যন্ত আসক্ত বা নিবিষ্ট ('বিষয়ভোগে, গানবাজনায় —')। ... স্ত্রী. **মত্তা**। ... ষ্য. **মত্ততা**।
**মৎসর, মৎসরী** (-রিন্) — পরশ্রীকাতর, দ্বেষযুক্ত। দুর্জন, নীচ, খল। লোভী। ... ষ্য. **মৎসর, মাৎসর্য**।
**মৎস্য** — মাছ, মীন। বিষ্ণুর প্রথম অবতার। পুরাণ বিঃ। রাশিচক্রের এক রাশি। প্রাচীন দেশ বিঃ, বিরাটরাষ্ট্র (জয়পুরের নিকট)। ... স্ত্রী. **মৎসী** (মৎস্যী নয়)। (§ মাৎস্য)। ... **মৎস্য-গন্ধা** — ব্যাসের মাতা, সত্যবতী। ... **মৎস্যজীবী** (-বিন্) — ধীবর, জেলে। **মৎস্যন্যায়, মাৎস্য-, -নীতি** — মৎস্যের তুল্য পরস্পর হনন, অরাজকতা ও নর-হত্যা। ... **মৎস্যরঙ্গ** — মাছরাঙা পাখি। ... **মৎস্যাশী** (-শিন্) — মৎস্য-ভোজী।
**মৎস্যণ্ডিকা** — সারগুড়, মিছরি।
**মৎস্যধানী** — মাছের খালুই (খাড়ুই)।
**মৎস্যরাজ** — মৎস্য দেশের রাজা, বিরাট।
**মথন** — মন্থন, বিলোড়ন। দলন, নাশন। (পদ্যে ক্রি. 'মথিল')। ... ণ. **মথিত**। ... **মথ্যমান** — যাহা মন্থন করা হইতেছে।
**মথুরা** — উত্তরপ্রদেশের নগর বিঃ, কৃষ্ণের জন্মভূমি ও লীলাভূমি, মধুপুরী। (§ মাথুর)
**মদ** — কামাদি ষড়্রিপুর এক, গর্ব ('যৌবন-'), প্রমত্ততা, সম্মোহ। হস্তীর গণ্ডাদি হইতে নির্গত স্রাব বিঃ। কস্তুরী ('মৃগ-')। হর্ষজনিত বিহ্বলতা ('-মুকুলিতাক্ষী')। ... **মদক্ষরণ** — হস্তীর গণ্ডদেশ হইতে রস নির্গম। মদ্য ('-খোর')। (§ ম'দো, মাদক)। ... **মদকল** — মত্ততাহেতু অস্ফুটশব্দ-কারী। অস্ফুট মধুর। ... **মদগর্ব** — প্রমত্ততা জনিত গর্ব। ... **মদমত্ত** — অহঙ্কারে প্রমত্ত।
**মদন** — প্রেম ও কামের দেবতা, অতনু, অনঙ্গ, কন্দর্প, কামদেব, পঞ্চশর, পুষ্প-ধন্বা, মকরকেতন, মনসিজ, মনোভব, মন্মথ, রতিপতি, স্মর। কাম। ... **মদন-মোহন** — কৃষ্ণ। ... **মদনোৎসব**—বসন্ত-বা হোলি-উৎসব।
**মদয়ন্তী** — বনমল্লিকা।
**মদস্রাবী** — যে হস্তীর গণ্ড হইতে মদ-রস নিস্রুত হয়।
**মদাত্যয়** — মদ্যপানজনিত অসুস্থতা।
**মদান্ধ** — গর্ব বা মত্ততার জন্য কাণ্ডা-কাণ্ডজ্ঞানহীন।
**মদালসা** — মদ্যপান-বা হর্ষ-হেতু বিহ্বলা। ঋতধ্বজ রাজার মহিষী ব্রহ্মবাদিনী গন্ধর্বকন্যা।
**মদির** — মত্ততাজনক। ... **মদিরাক্ষী, মদিরেক্ষণা** — যে স্ত্রীর চক্ষু মোহিত করে, মত্তনয়না।
**মদিরা** — মদ্য বিঃ, বারুণী। মদ্য।
**মদীয়** — মৎসম্বন্ধীয়, আমার।
**ম'দো**] মদ্যের তুল্য ('—গন্ধ')। মদখোর।
**মদোৎকট** — মদোদ্ধত, দাম্ভিক। **মত্ত** হস্তী।
**মদোদ্ধত** — অতিরিক্ত অহঙ্কারের জন্য দুর্বিনীত।
**মদোন্মত্ত** — মদস্রাব- গর্ব- বা মদ্য- হেতু প্রমত্ত ('— হস্তী, ধনী')
**মদ্গুর** — মাগুর মাছ।

**মন্দ, মন্দা, মন্দানী** (মর্দ দেখ)

**মদ্য**—মদ, মদিরা, সুরা।... **মদ্যপ, -পায়ী** (-য়িন্) — যে মদ খায়, মাতাল।

**মদ্র** — প্রাচীন দেশ বিঃ (পাঞ্জাবে)

**মদ্রাধিপ** — শল্য।

**মধু** — ষ্য. পুষ্পের মিষ্ট রস, মকরন্দ। ফুল হইতে মৌমাছি যে মিষ্ট রস মৌচাকে সঞ্চয় করে। মিষ্ট পদার্থ। মদ্য। বসন্ত ('-যামিনী')। চৈত্র ('-মাস')।...ণ. মিষ্ট, মধুর। (§ মাধবী, মাধবীক)।... **মধুকর** — মৌমাছি, ভ্রমর। ... স্ত্রী. **-করী**। (§ মাধুকরী)। ... **মধুকৈটভ** — বিষ্ণু কর্তৃক নিহত দুই অসুর।... **মধুক্রম, মধুচক্র** — মৌচাক। ... **মধুচন্দ্র** — honeymoon-এর নকল। ... **মধুচ্ছন্দা** (ছন্দস) — বৈদিক ঋষি বিঃ। বিশ্বামিত্র ঋষির পুত্র। ... **মধুজা** — পৃথিবী। ... **মধুপ** — ভ্রমর। ... **মধুপর্ক** — দেবাদিকে নিবেদ্য মধু ঘৃত দধি শর্করা ও জলের মিশ্র। ... **মধুপুরী** — মথুরা। ... **মধুবর্ষী** (-র্ষিন্) — যে মধু বর্ষণ করে, অতি মধুর। ... **মধুব্রত** — ভ্রমর। ... **মধুমক্ষিকা** — মৌমাছি। ... **মধুময়** — মধুপূর্ণ। সুমধুর। ... **মধুমাধব** — চৈত্র ও বৈশাখ। ... **মধুমাস** — চৈত্রমাস। ... **মধুমেহ** — বহুমূত্র রোগ। ... **মধুসখ** — কোকিল। ... **মধুসূদন** — বিষ্ণু যিনি মধু দৈত্যকে বধ করিয়াছিলেন।

**মধুর** — মিষ্ট। প্রীতিপ্রদ। ... ষ্য. **-তা**। (§ মাধুরী, মাধুর্য)। ... **মধুরিমা** (-মন্) — মাধুর্য।

**মধুরাই** — মধুরতা (প্রা-সা)

**মধূৎসব** — বসন্তোৎসব।

**মধূচ্ছিষ্ট** — মোম।

**মধ্য** — ষ্য. মাঝ ('মধ্যস্থ')। কটি, কোমর ('ক্ষীণ-')। ভিতর, অভ্যন্তর ('গৃহ-মধ্যে')। অন্তরাল, অবসর ('ইতোমধ্যে')। ...ণ. মধ্যবর্তী, মাঝের; প্রান্ত হইতে সমদূরবর্তী, কেন্দ্রস্থ ('-রাত্র, -বিন্দু')। অন্তর্বর্তী। ... **মধ্যগ** — মধ্যবর্তী। ... **মধ্যন্দিন** — দিবসের মধ্যভাগ, মধ্যাহ্ন। (§ মাধ্যন্দিন)। ... **মধ্যপদলোপী** — ব্যাসবাক্যের মধ্যপদটি যে সমাসে লোপ পায়। সাধারণতঃ কর্মধারয়ে। ... **মধ্যপ্রদেশ** — মধ্যস্থল। জব্বলপুর নাগপুর অমরাবতী ইঃ সংবলিত প্রদেশ।... **মধ্যবয়স্ক** — অর্ধবয়সী, অর্ধবয়স্ক, প্রৌঢ়।... **মধ্যবর্তী** (-র্তিন্) — মাঝে বা ভিতরে স্থিত; মধ্যস্থ, সালিস।... **মধ্যবর্তিতা** — মধ্যস্থতা। ... **মধ্যবিত্ত** —ধনী দরিদ্রের মাঝামাঝি।... **মধ্যভারত** — গোআলিয়র ইন্দোর ইঃ সংবলিত প্রদেশ। ... **মধ্যম** — মধ্যবর্তী। মেঝো, দ্বিতীয় ('— পাণ্ডব')। মাঝামাঝি, মাঝারি, intermediate ('— শ্রেণী')। (সংগীতে) স্বরগ্রামের চতুর্থ স্বর, 'মা'। (§ মাধ্যম, মাধ্যমিক)। ... স্ত্রী. **মধ্যমা** — মাঝের আঙুল। ... **মধ্যমণি** — প্রক্ষিপ্ত বা খচিত মণিগণের মধ্যস্থলে সর্বশ্রেষ্ঠ মণি। ... **লক্ষ্যার্থে** সর্বশ্রেষ্ঠ। ... **মধ্যমান** — সংগীতের তাল বিঃ। ... **মধ্যরাত্র** — রাত্রির মধ্যভাগ। ... **মধ্যরেখা** — (জ্যোতিষে) যাম্যোত্তরবৃত্ত, যে বৃত্ত উত্তর দক্ষিণ দিক্ ও দ্রষ্টার মস্তকের উপর দিয়া গিয়া নভোমণ্ডলকে পূর্বে ও পশ্চিমে সমভাবে বিভক্ত করে, meridian. ... **মধ্যস্থ** — মধ্যবর্তী। সালিস, arbitrator. ... ষ্য. **-তা**। ... **মধ্যস্থল** — মাঝখান, মধ্যভাগ। ... **মধ্যে মধ্যে** — মাঝে মাঝে।

**মধ্যাহ্ন** — দ্বিপ্রহর ('-কাল, -কালীন, -ভোজন')। (§ মাধ্যাহ্নিক)

**মন ১** [< মনঃ (মনস্] অন্তঃকরণ, অন্তরিন্দ্রিয় ('— দেওয়া, বসা, লাগা')। স্মৃতি ('মনে আনা, করা, থাকা, পড়া, রাখা, হওয়া')। বোধ, বিবেচনা ('আমার মনে হয়')। পছন্দ ('মনে ধরা, লাগা। মনের মতন')। সংকল্প ('— করা, টলা')। প্রবৃত্তি, ইচ্ছা ('— যাওয়া, হওয়া')। চিত্ত, হৃদয় ('— কেড়ে নেওয়া, ভাঙা, ভুলানো')। ('মন কষা-কষি') — মনোমালিন্য। '— কেমন করা' — বিরহে মন ব্যথিত হওয়া। '— খারাপ হওয়া' — মন বিষণ্ণ হওয়া। '-খোলা' — উদার, সরল, অমায়িক। '-গড়া' — কাল্পনিক। '— পাওয়া' — প্রীতি বা সমর্থন লাভ করা। '— ভার হওয়া' — অপ্রসন্ন হওয়া। 'মরা' — বিষণ্ণ, নিরুৎসাহ। '— যোগানো' — অন্যের পছন্দ মত কাজ করিয়া তাহাকে খুশী রাখা। '— রাখা' — অন্যের ইচ্ছা অনুসারে চলিয়া সদ্ভাব বজায় রাখা। 'মনে মনে' — কথা না বলিয়া কেবল চিন্তায়, স্বগত)

**মন ২**] ৪০ সের ওজন (পুঃ মণ)।... ণ. **-মনা, -মনী, -মুনে**] ('তিন — বস্তা')

**মনঃকল্পিত** — কাল্পনিক।

**মনগড়া** — কল্পনা সিদ্ধ।

**মনঃকষ্ট, মনঃপীড়া**—মানসিক কষ্ট, দুঃখ।

**মনঃপূত** — পছন্দসই, মনোনীত।

**মনপবন** — মনঃপ্রাণ — (পবন, শ্বাস-বায়ু, জীবন)।

**মনঃপ্রাণ** — মন ও কার্যশক্তি, সমস্ত অন্তঃকরণ ('কার্যে — অর্পণ করা')

**মনঃশিলা** — খনিজ দ্রব্য বিঃ, মনছাল, সেঁকো-গন্ধক-যুক্ত দ্রব্য বিঃ, realgar.

**মনঃসংযোগ** — মনোনিবেশ।

**মনঃস্থ** (মনস্থ দেখ)

**মনক্কা** [আ. মু-] শুষ্ক আঙুর, বৃহৎ-দ্রাক্ষা, raisins.

**মনচোর, -চোরা**] চিত্তহারী, প্রেমপাত্র।

**মনন** — চিন্তন। সংকল্প। ধারণা। অনুমান। ... **মননীয়** — চিন্তনীয়। (§ মত, মনিত, মন্তব্য, মন্তা)

**মনশ্চক্ষু** [<-ক্ষুঃ) -ক্ষুস্] অন্তর্দৃষ্টি।

**মনসা**—বাসুকির ভগিনী, জরৎকারুপত্নী, সর্পের দেবী। (বাং) সিজু গাছ।

**মনসামঙ্গল** — মনসাদেবীর মাহাত্ম্য ও মহিমা কীর্তনের জন্য রচিত প্রাচীন কাব্য।

**মনসিজ** — মদন, কাম।

**মনস্কাম, মনস্কামনা**—বাসনা, অভিলাষ।

**মনস্তাপ** — অনুশোচনা, অনুতাপ। মনঃকষ্ট, মানসিক পীড়া।

**মনস্তুষ্টি** — মনের প্রীতি।

**মনস্থ, মনঃস্থ** — মনে স্থিত। সংকল্পিত, মানত ('— করা')

**মনস্বী** (-স্বিন্) — প্রশস্তচিত্ত, মহামনা, উদার প্রাণ। স্থিরচিত্ত। ... স্ত্রী. **-স্বিনী**। ... ষ্য. **-স্বিতা**।

**মনান্তর**] মনোমালিন্য, প্রণয়ভঙ্গ। (বিশুদ্ধ না হইলেও বাংলায় চলে।)

**মনিঅর্ডার** [ই] ডাকযোগে টাকা প্রেরণ বা প্রেরিত টাকা ('—করা, পাওয়া')

**মনিত** — চিন্তিত। জ্ঞাত।

**মনিব** [আ. মুনীব] প্রভু।

**মনিব্যাগ** [ই] টাকা রাখিবার ছোট থলি বিঃ।

**মনিহারী**] শৌখিন জিনিস বিক্রেতা বা তৎসম্বন্ধীয় ('— দোকান')

**মনীষা**—বুদ্ধি। ... **মনীষিতা** — বুদ্ধি-মত্তা। ... **মনীষী** (-ষিন্)—**তীক্ষ্ণধী**,

জ্ঞানী, পণ্ডিত। ... স্ত্রী. **-ষিণী।**

**মনু**—ব্রহ্মার পুত্র (স্বায়ম্ভুব ইঃ চতুর্দশ)। সূর্যপুত্র, বৈবস্বত। ধর্মশাস্ত্রপ্রণেতা বিঃ ('-সংহিতা')। (§ মানব) ... **মনুজ** — মানব।

**মনুষ্য** — মানুষ, নর, মনুজ, মানব। ... স্ত্রী. **মনুষী।** ... **মনুষ্যত্ব** — মানবতা, মানবোচিত সদ্‌গুণ।

**মনোগত** — আন্তরিক, মনস্থিত।

**মনোজ** — মনে জাত। কাম, মদন। মনসিজ।

**মনোজগৎ**—অন্তর্জগৎ, চিন্তারাজ্য, সমস্ত মানসিক ব্যাপার।

**মনোজব** — মনের তুল্য দ্রুতগামী।

**মনোজ্ঞ** — মনোহর। ... ষ্য. **-তা।**

**মনোনয়ন** — নির্বাচন, পছন্দ। ... ণ. **মনোনীত।**

**মনোনিবেশ** — মনঃসংযোগ।

**মনোবাঞ্ছা** — মনস্কাম, অভীষ্ট।

**মনোবিকার** — চিত্তচাঞ্চল্য। মনের রোগ।

**মনোবিজ্ঞান** — মনোবিশ্লেষণতত্ত্ব psychology.

**মনোবৃত্তি** — মনের ক্রিয়া, স্মরণ চিন্তন বিচার সংকল্প ইঃ।

**মনোবেদনা, মনোব্যথা** — মনের দুঃখ।

**মনোভঙ্গ** — নৈরাশ্য। অনুৎসাহ। আশা-ভঙ্গজনিত বিষাদ।

**মনোভব** — মদন, কাম।

**মনোভাব** — মনের অবস্থা। অভিপ্রায়।

**মনোমত** — মনের মতন, পছন্দসই।

**মনোময়** — মন দ্বারা গঠিত, মানস। মনঃস্বরূপ।

**মনোমালিন্য** — প্রণয়ভঙ্গ, মনান্তর।

**মনোমোহন** — **মনমোহন**] মনোহারী।

**মনোমোহিনী** — মনোহারিণী।

**মনোযোগ** — মনোনিবেশ, প্রণিধান, অভিনিবেশ ('— করা, দেওয়া')। ... **মনোযোগী** (-গিন্) — অভিনিবিষ্ট।

**মনোরঞ্জক**—মনের সন্তোষসাধক, মনোহর। ... স্ত্রী. **-রঞ্জিকা।**

**মনোরঞ্জন** — ষ্য. মনের সন্তোষ সাধন। ... ণ. মনোরঞ্জক।

**মনোরঞ্জিনী** — মনোরঞ্জনকারিণী।

**মনোরথ** (মূঃ মনোঽর্থ)—ইচ্ছা, অভিলাষ। ('-গতি' — মনের তুল্য দ্রুতগামী)

**মনোরম** — মনোরঞ্জক, রমণীয়। ... স্ত্রী. **মনোরমা।**

**মনোরাজ্য** — মনোজগৎ (দেখ)। হৃদয়-রূপ রাজ্য।

**মনোলোভা** — মনোহারিণী।

**মনোহত** — হতাশ।

**মনোহর, মনোহারী** (-রিন্)—চিত্তাকর্ষক, সুন্দর, রমণীয়। ... স্ত্রী. **মনোহরা, -হারিণী।** ... **মনোহরা** — চিনির লেপ যুক্ত সন্দেশ। (মিষ্টান্ন) বিঃ। ... **মনোহরশাহী**] কীর্তনগান বিঃ।

**মন্তব্য**—ণ মননীয়, চিন্তনীয়। ... ষ্য. অভিমত, remark ; টিপ্পনী, note ('— প্রকাশ করা, লেখা')

**মন্তা** (-ন্তৃ) — চিন্তক। মন্ত্রণাদাতা।

**মন্ত্র** — "মন্তর", দেবপূজায় বা ক্রিয়াকর্মে বা বশীকরণাদিতে প্রযোজ্য বাক্য বা শব্দ ('শিবপূজার, বিবাহের, সাপের—। -পাঠ, -বল, -শক্তি')। গুরুদত্ত বাক্য বা শব্দ যাহা সাধনকালে জপ করা হয় ('বীজ-। — দেওয়া, লওয়া। -দাতা')। ব্রত বা কর্মের মূলনীতি ('অহিংসা-')। বেদাংশ বিঃ। মন্ত্রণা। রহস্য। (§ মন্ত্রী)। ... **মন্ত্রকুশল** — মন্ত্রণাপটু। ... **মন্ত্রগুপ্ত** — মন্ত্রণাগোপন। ... **মন্ত্রগৃহ** — মন্ত্রণাগৃহ। ... **মন্ত্রদীক্ষা** — গুরুর নিকট মন্ত্রগ্রহণে শিষ্যত্ব লাভ। ...

**মন্ত্রপূত** — মন্ত্রদ্বারা পবিত্রীকৃত। ... **মন্ত্রমুগ্ধ** — মন্ত্রদ্বারা মোহিত। ... **মন্ত্রসিদ্ধ** — মন্ত্রের উপাসনাহেতু সিদ্ধিপ্রাপ্ত। মন্ত্রদ্বারা প্রভাবান্বিত।

**মন্ত্রণা, মন্ত্রণ** — পরামর্শ, কর্তব্য সম্বন্ধে অন্যের সহিত আলোচনা ('— করা')। যুক্তি, কর্তব্য সম্বন্ধে উপদেশ ('— দেওয়া')।... **মন্ত্রণীয়** — মন্ত্রণার যোগ্য। ... **মন্ত্রিত** — মন্ত্রণাদ্বারা নির্ধারিত।

**মন্ত্রী** (-ন্ত্রিন্) — যিনি রাজাকে মন্ত্রণা দেন অথবা রাষ্ট্রশাসনের কোনও বিভাগ যাঁহার অধিকারে থাকে, অমাত্য, সচিব, উজির, minister ('রাজ-। -বর')। মন্ত্রণাদাতা। ... **মন্ত্রিত্ব** — মন্ত্রীর পদ।

**মন্থ** — মথিত বস্তু। মন্থনদণ্ড। মন্থন।

**মন্থন** — মথন, আলোড়ন, মওয়া ('সমুদ্র-, দুগ্ধ-। -দণ্ড')। দলন, বিনাশ। ... **মন্থনী**—মন্থনদণ্ড, মর্দনি। মন্থনপাত্র। ... **মন্থী** (-ন্থিন্) — মন্থনকারী।

**মন্থনদণ্ড** — যে দণ্ডের সাহায্যে দুগ্ধাদির মন্থন হয়।

**মন্থর** — অদ্রুত, ধীর, অলস ('-গামী')। মন্দগামী। নত। ... স্ত্রী. **মন্থরা**। — কৈকেয়ীর কুব্জা দাসী।

**মন্দ** — খারাপ, অপকৃষ্ট, ভাল নয় ('— জিনিস, ভাগ্য')। অশুভ ('— খবর')। অসৎ, দুষ্ট, কু ('— লোক')। অসুস্থ ('শরীর —')। অতীক্ষ্ণ, অল্প, ক্ষীণ ('-ধী, -বুদ্ধি, -মতি। মন্দাগ্নি')। ধীর, মৃদু, মন্থর, অলস ('-গামী। মৃদু-। মন্দ মন্দ সমীরণ')। ... স্ত্রী. **মন্দা**। ... ষ্য. **মন্দতা, -ত্ব, মান্দ্য**।

**মন্দন** — (বিজ্ঞানে) বেগের, ক্রমহ্রাস, retardation. (তুঃ ত্বরণ)। ... ণ. **মন্দিত**।

**মন্দর**—পুরাণোক্ত পর্বত যাহা সমুদ্রমন্থন-কালে মন্থনদণ্ডরূপে প্রযুক্ত হইয়াছিল।

**মন্দা** ] < মন্দ, ক্ষীণ। পণ্যদ্রব্যের চাহিদার বা মূল্যের হ্রাস ('বাজার —। — পড়া')

**মন্দাকিনী** — স্বর্গগঙ্গা।

**মন্দাক্রান্তা** — সংস্কৃত পদ্যের ছন্দ বিঃ (সমগ্রমেঘদূত এই এক ছন্দেই রচিত)।

**মন্দাগ্নি** — ক্ষুধার অল্পতা। অজীর্ণ।

**মন্দানিল** — মৃদুপ্রবাহিত বায়ু।

**মন্দার** — স্বর্গের বৃক্ষ বা পুষ্প বিঃ। মাদার।

**মন্দির** — দেবালয়। ভবন, গৃহ।

**মন্দিরা** [ < মঞ্জীর- ] কাঁসা বা পিতলের বাদ্য বিঃ (বাটির তুল্য এক জোড়া), ছোট খত্তাল, (করতাল) cymbals.

**মন্দীভূত** — যাহা মৃদু বা ক্ষীণ হইয়াছে। যাহার বেগ বা তেজ কমিয়া

**মন্দুরা** — অশ্বশালা।

**মন্দোদরী** — রাবণমহিষী।

**মন্দ্র** — ষ্য. গম্ভীর ধ্বনি ('মেঘ-')। মৃদঙ্গ। ... ণ. গম্ভীর।

**মন্মথ** — মদন।

**মন্যু** — ক্রোধ। শোক। দৈন্য। যজ্ঞ।

**মন্বন্তর** — পুরাণমতে এক এক মনুর অধিকারকাল। (বাং) দেশব্যাপী বিপত্তি বা দুর্ভিক্ষ ('ছিয়াত্তরের —')

**মফস্বল** [ আ. মু- ] নগর বা রাজধানীর বহির্ভূত স্থান (তুঃ সদর)। সম্মুখের বিপরীত ('কাপড়ের সদর —')

**মবলগ** [ আ ] নগদ। মোট, থোক, একত্র *('— দশ টাকা')*

**মম** — আমার (পদ্যে)। ... **মমতা, -ত্ব** — আপন বলিয়া জ্ঞান, স্নেহ, আসক্তি।

**মমি** (ই. mummy ) — প্রাচীন কালের বৈজ্ঞানিক উপায়ে সংরক্ষিত মিশরের শবদেহ।

**ময়** — দানব বিঃ, যে যুধিষ্ঠিরের সভা

নির্মাণ করিয়াছিল।

**-ময়** — (প্রত্যয়) বিশিষ্ট, সমন্বিত, পূর্ণ ('রত্ন-, দয়া-, জল-')। নির্মিত ('লৌহ-')। (বাং) ব্যাপী ('গা-, দেশ-')

**ময়া** — এক প্রকারের মাছ।

**ময়দা** [ ফা. মইদা ] গমের মিহি গুঁড়া (আটা অপেক্ষা পরিষ্কৃত)

**ময়দান** [ ফা ] মাঠ।

**ময়না ১** [ < মদন- ] শালিক-জাতীয় পাখি বিঃ (পড়ে)

**ময়না ২** [ আ. মুআয়নহ্ ] পরিদর্শন ও অনুসন্ধান (বিশেষতঃ অপমৃত্যু সম্বন্ধে। '— তদন্ত')

**ময়নামতী** — বাংলার লোকসংগীতে রাজা মাণিক চন্দ্রের রানী। তন্ত্র মন্ত্রে সিদ্ধা রানী গুরুর কৃপায় মহাজ্ঞান লাভ করিয়াছিলেন।

**ময়রা** [ < মদক ] মিষ্টান্নাদি প্রস্তুত-কারক। ... ণ. **ময়রানী** ]

**ময়লা** ] ণ. অপরিষ্কৃত, মলযুক্ত, মলিন ('—কাপড়, বাসন, হাতা)। কুটিল, মন্দ ('—মন')। শ্যামল, অগৌর ('গায়ের রং —')।... ষ্য. মালিন্য ('মনের —')। মল, বিষ্ঠা ('— ফেলা')

**ময়ান** ] ময়দা থাসিবার সময় যে ঘি মিশানো হয় ('— দেওয়া')

**ময়াল** [ < মহাকাল ] বড় সাপ বিঃ। Python

**ময়ূখ** — কিরণ, রশ্মি ('-মালা')। ... **ময়ূখমালী** — সূর্য।

**ময়ূর** — বিচিত্রবর্ণ পক্ষী বিঃ, কলাপী, বহীঁ, শিখণ্ডী, শিখী। ... স্ত্রী. **-রী**। ... **ময়ূরকণ্ঠী** ] ময়ূরের গলার তুল্য বর্ণ বিশিষ্ট। ... **ময়ূরপঙ্খী** ] ময়ূরাকৃতি নৌকা।

**মর** — নশ্বর, বিনাশশীল ('-জগৎ, -দেহ')

**মরক** — মড়ক (দেখ)

**মরকত** — হরিদ্‌বর্ণ মণি বিঃ, পান্না, emerald.

**মরণ** — মৃত্যু। (§ মর্ত্য, মারণ, মৃত)।... **মরণকামড়** — মরিয়া হইয়া চরম আঘাত। ... **মরণশীল** — নশ্বর। ... **মরণাপন্ন** — মুমূর্ষু, মৃত্যুদশাগ্রস্ত ('রোগে —')। ... **মরণাশৌচ** — মৃতাশৌচ, আত্মীয়ের মৃত্যুর জন্য অশৌচ। ... **মরণোন্মুখ** — যে শীঘ্র মরিবে।

**মরত** ] < মর্ত্য (পদ্যে)

**মরদ** [ ফা. মর্দ্ ] মদ্দ, পুরুষ।

**মরম** ] < মর্ম (প্রায় পদ্যে)। ... **মরমিয়া** ] সাধারণবুদ্ধির অতীত গূঢ় ঐশ্বরিক তত্ত্ব বিষয়ক। মর্মের বার্তা, মর্মের বাণী। ... **মরমী** ] < মর্মী। দরদী। যে মরমিয়া তত্ত্ব আলোচনা করে, mystic ('—কবি')

**মরমর** ] মৃতপ্রায়।

**মরসুম** [ আ. মৌসিম ] ঋতু, season ('পূজার —')। সুযোগ। মৌসুম দেখ)।... **মরসুমী** ] ঋতুবিশেষে উৎপন্ন ('— ফুল')

**মরহুম** (ফা) — মৃত, স্বর্গত।

**মরা** [ √মর্-৫। < মৃ ] প্রাণত্যাগ করা। কষ্ট পাওয়া ('ভেবে —')। হ্রাস পাওয়া, কমা ('জল, ব্যথা —')। ... ণ. মৃত ('— মানুষ, গাছ')। ক্ষীণ ('—গাঙ')। খাদযুক্ত ('— সোনা')। (§ মারা)। ... **মরামাস** ] খুশকি, dandruff.... **মরা-গাঙ** — শুকনা নদী।

**মরাই** [ < মরার ] ধান রাখিবার জন্য গোলাকার আশ্রয়।

**মরাঠা** — মহারাষ্ট্রবাসী। মহারাষ্ট্রীয়।

**মরাল** — রাজহংস; swan (মতান্তরে flamingo.)। ... **মরালগামিনী** —

রাজহংসীর মত যে নারীর মন্থর গতি (শ্রোণি-ভারাদলস-গমনা)

**মরি, মরি মরি]** (মৃঃ মৃত হই) সবিস্ময়-আনন্দ সমবেদনা দুঃখ ইঃ সূচক ('— কি সুন্দর! আহা মরি')

**মরিচ** (-রী- বিরল) — গোলমরিচ। লঙ্কামরিচ।

**মরিচা / মরচে** [ফা. মোর্চহ্] লৌহমল, জং ('— ধরা, পড়া, তোলা')

**মরিয়া]** মরিতে প্রস্তুত, হতাশ হইয়া বিপদে অগ্রসর ('— হওয়া')

**মরিয়াদ** — মর্যাদা (প্রা-সা)।

**মরীচি** — ব্রহ্মার পুত্র, কশ্যপের পিতা। কিরণ। মরীচিকা। ... **মরীচিমালী** (-লিন্) — সূর্য।

**মরীচিকা** — সূর্যকিরণে জলভ্রম (মরু-ভূমিতে), মৃগতৃষ্ণিকা, mirage ('আশা-')

**মরু** — জল-উদ্ভিদ-শূন্য বালুকাময় স্থান ('-ভূমি, -দেশ, -স্থল, -স্থলী')

**মরুৎ** — বায়ু। (ঃ মারুত, মারুতি)

**মরুত্ত** — চন্দ্রবংশীয় রাজা বিঃ।

**মরুত্বান্** — ইন্দ্র।

**মরুদ্যান** — মরুভূমির মধ্যবর্তী বৃক্ষাদি-যুক্ত স্থান, oasis.

**মর্কট** — ক্ষুদ্রজাতীয় বানর। (সং) মাকড়সা।

**মর্কটবৈরাগ্য** — সংসারে অনাসক্তির ভান করিয়া ভণ্ডামি।

**মর্গ** (ই) — শবাগার।

**মর্গেজ** (ই) — ঋণ গ্রহণের জন্য সম্পত্তি বন্ধক রাখা।

**মর্জি** [আ. মর্জী.] ইচ্ছা। সম্মতি।

**মর্তমান]** কদলী বিঃ। Martaban দ্বীপ হইতে এদেশে আনীত।

**মর্ত্য, মর্ত** — ষ্য. মরলোক, সংসার, পৃথিবী ('-লোক, -ধাম, -লীলা')। মনুষ্য। ... ণ. মরণশীল, নশ্বর।

**মর্তুকাম** — মরিতে ইচ্ছুক।

**মর্দ / মদ্দ** [ফা. মর্দ্] মরদ, পুরুষ, সাহসী, বীর। ... **মর্দা / মদ্দা]** পুং-জাতীয় ('— জন্তু')। ... স্ত্রী. **মাদী]**। ... **মর্দানি / মদ্দানি]** পৌরুষ, সাহস। ... **মর্দানি / মদ্দানী]** পুংস্বভাবা নারী।

**মর্দন** — পেষণ, দলন, মাড়া, পীড়ন। ... ণ. মর্দিত।

**মর্দল** — মাদল, ঢোল খোলের মত বাদ্য যন্ত্র।

**মর্ম** (মর্মন্) — জীবনস্থান, যেখানে আঘাতের ফলে মৃত্যু হইতে পারে, দেহের সন্ধিস্থান ('-স্থল, -স্থান')। হৃদয় ('-কথা, -ঘাতী, -পীড়া, -বেদনা, -ভেদী, -স্পর্শী')। তাৎপর্য, গূঢ় অর্থ, রহস্য ('-গ্রহণ, -গ্রাহী, -জ্ঞ')। ... **মর্মন্তুদ]** (অশুপ্রঃ) মর্মভেদক। ... **মর্মস্পর্শী** — যাহা মর্ম বা হৃদয়কে বিচলিত বা বিগলিত করে। ... **মর্মাঘাত** — মর্মস্থলে বা হৃদয়ে আঘাত। ... **মর্মান্তিক** — হৃদয়বিদারক। ... **মর্মার্থ** — গূঢ় অর্থ, তাৎপর্য। ... **মর্মী** (-র্মিন্) — রহস্যগ্রাহী, মরমী (দেখ)। ... **মর্মোদ্ঘাটন, মর্মোদ্ভেদ** — রহস্যভেদ।

**মর্মর ১** — শুষ্ক পত্রাদির শব্দ ('-ধ্বনি')

**মর্মর ২** [ফা] মারবেল পাথর।

**মর্মাহত** — মর্মে দারুণ আঘাত প্রাপ্ত।

**মর্যাদা** — সম্মান, খাতির ('— করা, দেওয়া। -হানি')। গৌরব ('পদ-')। সীমা ('-লঙ্ঘন')। ন্যায়- ও সদাচার-সংগত নিয়ম।

**মর্ষ, মর্ষণ** — সহন, ক্ষমা। নাশন। ... ণ. মর্ষিত।

**মল ১** — মলা, ময়লা, ক্লেদ। বিষ্ঠা। কলঙ্ক। মরিচা। পাপ। ... **মলদ্বার** — গুহ্যদ্বার, পায়ু। ... **মলনালী** — মলদ্বারের উপরিস্থ নালী, rectum. ... **মলভাণ্ড** — উদরস্থ অন্ত্রের যে অংশে মল থাকে, বৃহদন্ত্র, large intestine.

**মল ২** ] বলয়াকার পায়ের গহনা বিঃ।

**মলন** — মর্দন।

**মলম** [ আ. মর্হম ] তৈলাদিঘটিত ঘন প্রলেপ।

**মলমল** ] মিহি সুতী কাপড় বিঃ।

**মলমাস**—দুই অমাবস্যা যুক্ত রবিসংক্রান্তি-বর্জিত মাস, অধিমাস (হিন্দুর ক্রিয়াকর্ম নিষিদ্ধ। ৩২ সৌর = প্রায় ৩৩ চান্দ্র-মাস; এই ব্যবধান অপসারণের জন্য বঙ্গীয় পঞ্জিকায় অতিরিক্ত চান্দ্রমাসটিকে মলমাস নামে বৈশাখাদি গণনার বহির্ভূত ধরা হয়)

**মলম্বা** [ আ. মুলম্মা ] গ. সোনার পাত মোড়া বা গিলটি করা।

**মলয়** — দক্ষিণভারতের পর্বতমালা বিঃ। (প্রবাদ — দক্ষিণবায়ুর উৎপত্তিস্থল। 'মলয়ানিল')। মালাবার দেশ। স্নিগ্ধ দক্ষিণবায়ু। ... **মলয়জ** — মলয়পর্বত-জাত। চন্দন। মলয়বায়ু। ... **মলয়জ-শীতলা** — মলয় বায়ু প্রবাহের জন্য বিগততাপা।

**মলা ১** ] < মল, ময়লা, মলিনতা।

**মলা ২** [ √মল্-৫। <মৃদ্, মল্ ] মর্দন করা, ডলা ('কান, হাত, পা —')

**মলাট** [ < মলপট্ট ] পুস্তকের উপরের আবরণ।

**মলিদা** [ ফা. মলীদহ্ ] পশমী শীত-বস্ত্র বিঃ।

**মলিন** — ময়লা, ফরসা নয় ('— গাত্রবর্ণ')। মলযুক্ত, অপরিচ্ছন্ন, কলঙ্কিত ('ধূলি-। — বেশ, চরিত্র')। ম্লান, বিষণ্ণ ('— বদন')। ... স্ত্রী. **মলিনা**। ... ষ্য. **মলিনতা, -ত্ব, মলিনিমা** (-মন্), **মালিন্য**।

**মল্ল** — বহুযোদ্ধা, কুস্তিগির, wrestler ('যুদ্ধ')। ঝল্ল লিচ্ছিব ইত্যাদি জাতির মতো বহিরাগত জাতি বিঃ। ... **মল্ল-তাড়ল** — বাঁকমলের মতো পায়ের গহনা। ... **মল্লভূমি** — বাঁকুড়া ও মান-ভূমির প্রাচীন নাম।

**মল্লার** [ < মল্লারী ] রাগিণী বিঃ।

**মল্লিক** (ফা) — সম্মানিত ব্যক্তি। হিন্দু ও মুসলমানের উপাধি বিঃ।

**মল্লিনাথ** — সংস্কৃত সাহিত্যের প্রসিদ্ধ টীকাকার।

**মল্লিকা, মল্লি, মল্লী** — বেল ফুল।

**মশক ১** — দংশক পতঙ্গ বিঃ, মশা।

**মশক ২** [ ফা. মশ্‌ক্ ] জল বহিবার চামড়ার থলি, ভিস্তি।

**মশগুল** [ আ ] সানন্দে নিবিষ্ট, বিহ্বল ('গানে, লেখাপড়ায় —')

**মশমশ** ] অনুকারশব্দ ('জুতা — করা')

**মশা** ] < মশক।

**মশান** ] < শ্মশান। বধ্যভূমি।

**মশায়, মশাই** (মহাশয় দেখ)

**মশারি** [ < মশহরী ] মশক নিবারণের জন্য চতুষ্পার্শ্ব ও ছাদ বিশিষ্ট সূক্ষ্ম বস্ত্রের শয্যাবরণ।

**মশাল** [ আ. মশল ] তেল-মখানো নেকড়া ইংর মোটা বাতি, torch. ... **মশালচী** [ আ-তু ] মশালবাহক।

**মসজিদ** [ আ ] মুসলমানদের উপাসনা-মন্দির।

**মসনদ** [ আ ] রাজসিংহাসন।

**মসলন্দ** [ আ. মস্‌নদ ] উৎকৃষ্ট শ্রেণীর মাদুর বিঃ।

**মসলা** [ আ মসালিহ্ ] খাদ্য সুগন্ধ ও

স্বাদু করিবার উপকরণ ('রান্নার, পানের—')। সাধারণ উপাদান উপকরণ অর্থেও ব্যবহৃত হয়। ('বারুদের—')

**মসলিন** — অতিসূক্ষ্ম মহামূল্য বিলাস-বসন। ("ঢাকাই—")।

**মসি, মসী** — লিখিবার কালি ('-লিপ্ত')। ... **মসিজীবী** (-বিন্) — কেরানী। ... **মসীধানী** — দোয়াত। ... **মসীময়** — কালিমাখা।

**মসিনা / মসনে]** < মসীনা — তৈলপ্রদ শস্য বিঃ, তিসি।

**মসুর, মসুর — মসুরি]** দাল বিঃ, lentil.

**মসূরিকা, মসূরী, মসু-** — বসন্ত রোগ।

**মসৃণ** — চিক্কণ, তেলা। কোমল, স্নিগ্ধ। ... ষ্য. **-তা।**

**মস্করা** [আ. মস্খরহ্] পরিহাস, ঠাট্টা, তামাসা।

**মস্করী** — ভিক্ষু, দরবেশ, সন্ন্যাসী।

**মস্ত]** বৃহৎ, উচ্চ, মহৎ ('— বাড়ি, গাছ, লোক')। অতিশয় ('—বড়')। সংস্কৃতে মাথা (ছিন্নমস্তা)।

**মস্তক** — মাথা, মুণ্ড; শির।

**মস্তানা** (ফা) — মাতাল।

**মস্তানি** — মত্ততা, মাতলামি।

**মস্তিষ্ক** — মাথার খুলির ভিতরের বস্তু, মগজ।

**মস্যাধার** — দোয়াত।

**মহকুমা** [আ. মহ্কমহ] জেলার অংশ। মুনসেফী আদালত।

**মহকুফ** (ফা) — মোকুব, রেহাই, রদ।

**মহড়া** (মোহড়া দেখ)

**মহতাব** (ফা) — চন্দ্র। আতশবাজি।

**মহৎ** — (পুং. মহান্। স্ত্রী. মহতী। ক্লী. মহৎ) শ্রেষ্ঠ, উদার, অত্যুন্নত, পরম, প্রবল, বৃহৎ, অত্যন্ত। (কর্মধারয় ও বহুব্রীহি সমাসে আদ্য 'মহৎ' স্থানে 'মহা' হয়, যথা—'মহাপুরুষ, মহাকালী, মহামহিম, মহানুভাব।' কিন্তু অন্য সমাসে 'মহৎ' অপরিবর্তিত থাকে, যথা —'মহদাশ্রয়'। বাংলায় পৃথক প্রয়োগে সাধারণতঃ 'মহা', যথা—'মহা রাগ, মহা কুঁড়ে'। কিন্তু শ্রেষ্ঠ অর্থে জোর দিবার জন্য 'মহৎ', যথা—'মহৎ ব্যক্তি, প্রকৃতি, কার্য'। অধিকতর জোর দিবার জন্য কোনও কোনও স্থলে 'মহান্', যথা — 'মহান্ দৃশ্য'। ব্যক্তি অর্থে 'মহৎ' যথা —'মহতের সম্মান')।...ষ্য. **মহত্ত্ব।** ... **মহত্তম** — সর্বাপেক্ষা মহৎ। ... **মহত্তর** —অধিকতর মহৎ। গ্রামের মুখ্য ব্যক্তি।

**মহত্তরান** [< মহত্তর-] পারিতোষিক বা সম্মান-স্বরূপ লব্ধ নিষ্কর জমি।

**মহদাশ্রয়** — মহাপুরুষের আশ্রয়।

**মহনীয়** — পূজনীয়, মান্য।

**মহন্ত — মহান্ত, মোহন্ত]** মঠস্বামী, দেবমন্দিরের অধ্যক্ষ সন্ন্যাসী।

**মহফিল** (আ) — জনতা। বহু লোকের একত্র মিলনে উৎসব।

**মহম্মদ, মোহম্মদ** [আ. মু-] মুসলমান-ধর্মপ্রবর্তক। ... **মহম্মদীয়]** তৎ-সম্বন্ধীয়। মুসলমান।

**মহরম** [আ.মুহর্রম] মুসলমান পর্ব বিঃ, গোঁয়ারা। মুসলমান সনের প্রথম মাস।

**মহর্লোক** — সপ্তলোকের একটি।

**মহর্ষি** — ঋষিশ্রেষ্ঠ। সপ্তপ্রকার ঋষির অন্যতম।

**মহল** [আ] ভবন, গৃহ। বাড়ির অংশ ('অন্দর-')। তালুক, জমিদারির অংশ।

**মহলা]** অভিনয়াদি অভ্যাস, rehearsal ('—দেওয়া')। শিক্ষার পরিচয়।

**মহল্লা** [আ. মহল্লহ্] পল্লী, নগরের অংশ।

**মহা** (মহৎ দেখ)
**মহাকবি** — অসাধারণ শক্তিশালী কবি। মহাকাব্যপ্রণেতা।
**মহাকরণ** — সরকারী কার্য নির্বাহের জন্য রাজধানীস্থ অফিস, secretariat.
**মহাকর্ষ** — (বিজ্ঞানে) জড়বস্তুর পরস্পর আকর্ষণ, gravitation. (পুঃ মাধ্যাকর্ষণ। অভিকর্ষ দেখ)
**মহাকাব্য** — পৌরাণিক বা ঐতিহাসিক বৃত্তান্ত মূলক বৃহৎ কাব্য, epic.
**মহাকায়** — বৃহৎ দেহ বিশিষ্ট।
**মহাকাল** — শিব। ... স্ত্রী. **-কালী।**
**মহাকোশল** — দক্ষিণ কোশল, মহানদীর উপত্যকাভূমি।
**মহগুরু** — পিতা মাতা আচার্য পতি।
**মহাজন** — প্রখ্যাত বা ধার্মিক ব্যক্তি। খ্যাত প্রাচীন পদকার ('-পদাবলী')। ঋণদাতা, উত্তমর্ণ। বণিক্। জনসমূহ। (§ মাহাজনিক)। ... **মহাজনি]** ঋণদানাদি ব্যবসায়। ... গ. **মহাজনী]**
**মহাতপা** [ <-পাঃ (-পস্] মহাতপস্বী।
**মহাতিক্ত** — নিম্ন।
**মহাতেজা** [ < জাঃ (-জস্] অতি তেজস্বী।
**মহাতৈল** — চর্বি।
**মহাত্মা** (-ত্মন্)—মহামনা, অত্যুন্নতস্বভাব, মহানুভাব। (§ মাহাত্ম্য)
**মহাদেব** — শিব। ... **মহাদেবী** — ভগবতী। প্রধানা মহিষী।
**মহাদেশ** — বহুদেশ সংবলিত বিস্তীর্ণ ভূভাগ, continent.
**মহাদ্রাবক** — গন্ধকাম্ল।
**মহান্** (মহৎ দেখ)
**মহানন্দ** — আনন্দের আতিশয্য। মগধের নন্দ বংশের শেষ রাজা।
**মহানন্দা** — উত্তর বঙ্গের নদী বিঃ।
**মহানবমী** — শারদীয় দুর্গোৎসবের নবমী তিথি।
**মহানস** — রন্ধনশালা।
**মহানিদ্রা** — মৃত্যু।
**মহানিশা** — রাত্রির মধ্যপ্রহরদ্বয়।
**মহানুভাব** — **মহানুভব]** উদারস্বভাব। মহাপ্রভাব। মহাজ্ঞানী। ... ষ্য. **-তা।**
**মহান্ত** (মহন্ত দেখ)
**মহান্তি** — উপাধি বিঃ।
**মহাপাতক** — মহাপাপ। শাস্ত্রমতে — ব্রহ্মহত্যা ব্রাহ্মণের ধন হরণ সুরাপান গুরুপত্নীগমন এবং এইরূপ কার্যের সংসর্গ।
**মহাপাত্র** — প্রধান অমাত্য। উপাধি বিঃ।
**মহাপথ** — মৃত্যুপথ। মহাপ্রস্থানের পথ।
**মহাপুরাণ** — অষ্টাদশ প্রধান পুরাণ, যথা — ব্রহ্ম পদ্ম বিষ্ণু শিব ভাগবত নারদ মর্কণ্ডেয় অগ্নি ভবিষ্য ব্রহ্মবৈবর্ত লিঙ্গ বরাহ স্কন্দ বামন কূর্ম মৎস্য গরুড় ব্রহ্মাণ্ড।
**মহাপুরুষ** — অসাধারণ শক্তিমান্ সাধুপুরুষ।
**মহাপ্রভু** — চৈতন্যদেব।
**মহাপ্রয়াণ, -প্রস্থান** — মৃত্যু। মরণের উদ্দেশে যাত্রা।
**মহাপ্রলয়** — সৃষ্টির নাশ, ব্রহ্মার আয়ুষ্কালের শেষ।
**মহাপ্রসাদ** — দেবতাকে নিবেদিত অন্নাদি।
**মহাপ্রাণ** — মহানুভাব। (ব্যাকরণে) বর্গের ২য় ৪র্থ বর্ণ এবং শ ষ স হ, aspirate.
**মহাফেজ** [আ. মুহাফিজ.] কাগজপত্ররক্ষক, record keeper ('-খানা')
**মহাবল** — মহাশক্তিশালী।
**মহাবিদ্যা** (দশমহাবিদ্যা দেখ)
**মহাবীর** — অতিশয় বীর। হনুমান্। জৈন তীর্থংকর বিঃ, শেষ জিন।

**মহাবৃহতী** — বেগুন।
**মহাবোধি** — বুদ্ধ।
**মহাব্যাধি** — কুষ্ঠরোগ।
**মহাব্রাহ্মণ** — পতিত ব্রাহ্মণ, শ্মশানবন্ধু ব্রাহ্মণ।
**মহাভাগ** — মহাভাগ্যবান্। দয়াদি সদ্গুণ সম্পন্ন। . স্ত্রী. **-গা**।
**মহাভারত** - কুরুপাণ্ডবের বৃত্তান্তমূলক মহাকাব্য।
**মহাভিক্ষু** — বুদ্ধদেব।
**মহামতি**, **মহামনা** [ < -নাঃ ( -নস্] অত্যুন্নতস্বভাব।
**মহামহিম** (-মন্) আত্মমহত্ত্ববান্।
**মহামহোপাধ্যায়** — সংস্কৃতজ্ঞ পণ্ডিতের রাজদত্ত উপাধি বিঃ।
**মহামাংস** — নরমাংস।
**মহামাত্য** — প্রধানমন্ত্রী।
**মহামাত্র** — প্রধান অমাত্য।
**মহামায়া** — অবিদ্যা, প্রকৃতি। ভগবতী।
**মহামারী**, **-রি** — মড়ক, যে সংক্রামক রোগে বহু লোক মরে।
**মহামাষ** — বরবটি।
**মহামূল্য** — অতিশয় মূল্যবান্।
**মহামৃগ** — হস্তী। শরভ।
**মহামোহ** — বিং া রূপ মোহ বা অজ্ঞান।
**মহাযাত্রা** — মহাপ্রয়াণ (দেখ)
**মহারজত** — স্বর্ণ।
**মহারত্ন** — মহামূল্য রত্ন (হীরক পদ্মরাগ নীলকান্ত মরকত মুক্তা)
**মহারথ** — **মহারথী**] অসাধারণ যুদ্ধকুশল বীর।
**মহারাজ** — সম্রাট্। মহারাজা। সন্ন্যাসীর উপাধি। ... স্ত্রী. **মহারাজ্ঞী** — মহিষী। ... **মহারাজা**] সামন্ত রাজা বা বড় জমিদারের উপাধি। ... স্ত্রী. **মহারানী**]
**মহারাষ্ট্র** — মারহাট্টা দেশ। ... ণ. **মহারাষ্ট্রীয়** ... **মহারাষ্ট্রী**] মহারাষ্ট্র-বাসী, মারাঠী।
**মহার্ঘ**, **-র্ঘ** — মহামূল্য।
**মহার্ণব** — মহাসাগর।
**মহাল** [আ] জমিদারি, ভূসম্পত্তি।
**মহালয়া** — শারদীয় দুর্গাপূজার পূর্ব অমাবস্যা।
**মহাশঙ্খ** — মড়ার খুলি। বৃহৎ শঙ্খ।
**মহাশয়**—উদারচিত্ত। মশায়, মশাই, সম্মান-সূচক সম্বোধন বা নামান্ত ('আসুন —। ভট্টাচার্য-, গুরু-, পিসে-')। ... স্ত্রী. **মহাশয়া**।
**মহাশূদ্র** — গোপজাতি।
**মহাসাণ্ডপন** — প্রায়শ্চিত্ত বিঃ।
**মহাসত্ত্ব** — মহাপরাক্রান্ত, মহাতেজা।
**মহাহব** — মহাযুদ্ধ, মহাযজ্ঞ।
**মহাশ্বেতা** — সরস্বতী। কাদম্বরী গ্রন্থে উপনায়িকা বিঃ।
**মহাষ্টমী** — দুর্গোৎসবের অষ্টমী তিথি।
**মহাসাগর**, **-সিন্ধু** — বৃহৎ সমুদ্র।
**মহাসেন** — কার্তিক।
**মহাস্থবির** — বৌদ্ধ শ্রমণদের মধ্যে সর্বোচ্চস্তরের সাধক।
**মহিমা** (-মন্) — মহত্ত্ব, মাহাত্ম্য, গৌরব ('মহিমময়, মহিমান্বিত। মহামহিম')
**মহিলা** — নারী। (বাং) ভদ্রনারী।
**মহিষ** — গো-জাতীয় পশু বিঃ, মোষ। ( § মাহিষ)
**মহিষী** — প্রধান রাজ্ঞী। স্ত্রী-মহিষ।
**মহী**, **মহি** — পৃথিবী। ... **মহীধর** — পর্বত। ... **মহীপ**, **-পতি**, **-পাল** — রাজা। ... **মহীরুহ** — বৃক্ষ। ...
**মহীলতা** — কেঁচো।
**মহীয়ান্** (-য়স্)—অতি মহান্। ... স্ত্রী. **মহীয়সী**।

**মহুয়া** [ < মধুক ] মিষ্টস্বাদ ফুল বিঃ বা তাহার গাছ, মউল (ফুল হইতে মদ ও বীজ হইতে তেল হয়)
**মহুরী** — বাঁশরী বিঃ (প্রা-সা)
**মহেন্দ্র**—ইন্দ্র। পুরাণোক্ত পর্বত বিঃ, পূর্ব-ঘাট পর্বতমালা। ... স্ত্রী. **মহেন্দ্রাণী**।
**মহেশ, মহেশ্বর** — শিব। ... স্ত্রী. **মহেশানী, মহেশী, মহেশ্বরী**।
**মহেষ্বাস** — (মহা + ইষু + আস) ইষু = বাণ। মহাধনুর্ধর।
**মহোৎসব** — বৃহৎ উৎসব, "মচ্ছব"।
**মহোদধি** — মহাসাগর
**মহোদয়**—অতি সমৃদ্ধ। মহানুভাব। ... স্ত্রী. **মহোদয়া**।
**মহোরগ** — অজগর।
**মহৌষধ** — উৎকৃষ্ট ঔষধ।
**মহৌষধি, -ধী** — উত্তম ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ।
**মা ১** — মাতা, জননী। মাতৃস্থানীয়া বা কন্যাদি বা দেবীকে সম্বোধন ('পিসীমা, বউমা, মা দুর্গা')। বিস্ময় ভয় কষ্ট ইঃ সূচক ('ওমা, মাগো')। ... **মা-মরা**] মাতৃহীন।
**মা ২**] স্বরগ্রামের ৪র্থ স্বর মধ্যমের সংকেত।
**মাই**] স্তন; স্তন্য ('— খাওয়া, দেওয়া, ছাড়া')
**মাইনে** (মাহিনা দেখ)
**মাইপোশ**] বাক্সযুক্ত তক্তাপোশ।
**মাইফেল** [ আ. মহ্ফিল ] নাচ গানের সভা।
**"মাইরি"** [ পো. ] Maria ] শপথ বিঃ।
**মাইয়া** — (মাতৃকা — মাইআ) মেয়ে।
**মাইল** [ ই ] প্রায় আধ ক্রোশ, ১৭৬০ গজ।
**মাউই** — ভাই বা বোনের শাশুড়ী।
**মাংস** — মাস২, পশু মনুষ্য ইঃর দেহের চর্ম ও অস্থির মধ্যবর্তী কোমল অংশ, পিশিত, flesh. ... **মাংসপেশী, -পেশি** —পেশী (দেখ)। ... **মাংসল** — মাংস-বহুল, fleshy. মোটা। ... **মাংসাদ, মাংসাশী** (-শিন্) — মাংসভোজী।
**মাকড়** [ < মর্কট ] — বানর (প্রা-সা)
**মাকড়সা, মাকসা,** [ < মর্কট- ] অষ্টপদ কীট বিঃ, উর্ণনাভ, spider.
**মার্কাড়**] কানের গহনা বিঃ, ear-ring.
**মাকনা**] গজদন্তহীন পুং হস্তী।
**মাকাল** [ < মহাকাল ] ফল বিঃ, রাখাল-শসা, ইন্দ্রবারুণী, colocynth (ঔষধ)
**মাকু**] তাঁতে বুনিবার সময় যে যন্ত্র দ্বারা প'ড়েনের সুতা চালানো হয়, তুরি, shuttle.
**মাকুন্দ** [ < মৎকুণ ] যে পুরুষের গোঁফ-দাড়ি জন্মে না।
**মাক্ষিক** — ণ. মক্ষিকা সম্বন্ধীয়। ... ষ্য. মধু। খনিজ দ্রব্য বিঃ, pyrite ('স্বর্ণ-')
**মাখন, মাখম** [ < ম্রক্ষণ ] দুগ্ধজাত স্নেহদ্রব্য নবনী, butter.
**মাখা** [ √ মাখ্-৭। <ম্রক্ষ্ ] নিজ দেহে লেপন করা ('তেল —')। মর্দন বা মিশ্রণ করা ('ময়দা —')। ... **মাখানো** [ √ মাখা-১১ ] লেপন করা ('কাঠে রং —')। মর্দন বা মিশ্রণ করানো ('ময়দা —')। ... **মাখামাখি**] পরস্পর বা অত্যধিক লেপন ('আবীর —')। ঘনিষ্ঠতা, সংসর্গ ('অমুকের সঙ্গে —')
**"মাগ"** [ < মার্গ ] পত্নী (অবজ্ঞায়। তুঃ ভাতার)
**মাগধ**—মগধদেশজাত। বন্দী, স্তুতিপাঠক। ... স্ত্রী. **মাগধী**।—মগধদেশের প্রাচীন ভাষা বিঃ।
**মাগা, মাঙগা** [ √ মাগ্, মাঙগ্-৭। <

মার্গ ] চাওয়া, ভিক্ষা করা। ... ষ্য. **মাগন, মাংগন** ]। ... **মাগনা, মাঙনা** ] ভিক্ষাদ্বারা বা বিনামূল্যে লভ্য।

**"মাগী"** [ √ মার্গ- ] স্ত্রীলোক (অবজ্ঞায়। তুঃ মিনসে)

**মাগুর** ] < মদ্গুর, মাছ বিঃ ( catfish জাতীয়)

**মাগ্গি** ] < মহার্ঘ।

**মা-গোসাঁই** — গোস্বামী গুরুর সহ-ধর্মিণী।

**মাঘ** — বাংলা সনের দশম মাস। শিশু-পালবধ-রচয়িতা প্রাচীন কবি বিঃ। ... ণ. (স্ত্রী) **মাঘী** ('-পূর্ণিমা')

**মাংগলিক, মাংগল্য, মঙগল্য** — শুভজনক। শুভসূচক বস্তু, গোরোচনা চন্দন সুবর্ণাদি।

**মাংগানো / মাগানো** [ √ মাংগা, মাগা-১১ ] আনানো (বিরল)

**মাচা, মাচান** ] < মঞ্চ।

**মাছ** ] < মৎস্য। ( § মেছুয়া, মেছো, মেছুনী)। ... **মাছরাংগা / -রাঙা** ] < মৎস্যরঙ্গ, পাখি বিঃ, king-fisher.

**মাছি** ] < মক্ষিকা, fly. নিশানা করিবার জন্য বন্দুকের নলের উপর চিহ্ন, sight. ... **মাছিমারা** ] কাগজে লগ্ন মাছি পর্যন্ত নকল করে এমন নির্বোধ ('—কেরানী')

**মাজ** [ < লজ্জা ] বৃক্ষকান্ডাদির মধ্যভাগ।

**মাজন** ] < মার্জন, মঞ্জন, মাজিবার গুঁড়া ('দাঁতের —')

**মাজা ১, মাজ** [ < মধ্য ] কোমর ... **মাজাভাঙা** — যাহার কটিদেশ খাড়া হয় না।

**মাজা ২** [ √ মাজ্-৭। < মার্জ্, মন্জ্ ] মার্জিত করা, ঘষিয়া পরিষ্কার করা, ('বাসন, দাঁত —')। ... ণ. মার্জিত।

**মাজুফল** [ ফা. মাজ. ] ওক ইঃ বৃক্ষে জাত কীটনির্মিত কোষ বিঃ, gall-nut (কষায় দ্রব্য)

**মাঝ** ] < মধ্য ('মাঝের ঘর। ঘরের, কাজের, বৎসরের মাঝে')। ... **মাঝখান** ] মধ্যস্থান, মধ্যভাগ। ... **মাঝামাঝি** ] মধ্যবর্তী ('দুই বাড়ির, ভালমন্দের —')। মাঝারি। মধ্যভাগে। ... **মাঝে মাঝে** ] মধ্যে মধ্যে, কিছুদূর বা কিছুকাল অন্তর ('পথের — আলোকস্তম্ভ। কাজের — বিশ্রাম। — তাঁর দেখা পাই)

**মাঝার** ] মধ্য (পদ্যে। যেমন 'হৃদয় মাঝারে')

**মাঝারি** ] মধ্যম আকারের বা শ্রেণীর, ছোট-বড় বা ভাল-মন্দের মাঝামাঝি, middling.

**মাঝী, -ঝি** ] কর্ণধার, নৌকাচালক।

**মাঞ্জা** ] ঘুড়ির সুতায় কাই ইঃর লেপ।

**মাঞ্জিষ্ঠ** — মঞ্জিষ্ঠার বর্ণে রঞ্জিত।

**মাটকলাই** ] চীনাবাদাম।

**মাটকোঠা** ] মাটির তৈয়ারী দেওয়ালে দোতালা বাড়ি।

**মাটাপালাম** ] মোটা সুতী কাপড় বিঃ।

**মাটাম** ] সমকোণ নির্ণয়ের যন্ত্র, try-square. ... **মাটাম, মাটামসাহি** ] সম-কোণে বিন্যস্ত।

**মাটি** ] ষ্য. < মৃত্তিকা ('মাটির ঘর')। ভূতল ('মাটিতে নামানো')। ... ণ. পন্ড, নষ্ট ('কাজ, চরিত্র — করা, হওয়া')। ('মাটি দেওয়া' — গোর দেওয়া। '— নেওয়া' — কুস্তি ইঃতে মাটি আঁকড়াইয়া থাকা। '— মাড়ানো' — পদার্পণ করা, আসা। 'গা মাটি মাটি করা' — জড়তা বোধ করা। 'মাটির মানুষ' — অতি শান্ত লোক)। ( § মেটে)

**মাঠ** ] ময়দান, তৃণাচ্ছাদিত ক্ষেত্র ('খেলার,

গোচারণের —'। 'মাঠে মারা যাওয়া' — বৃথা নষ্ট হওয়া)। কৃষিক্ষেত্র। (§ মেঠো)

**মাঠা** [< মৃষ্ট] নবনীত, ননি, মাখন ('-তোলা দুধ')। মাখনশূন্য ঘোল।

**মাড়]** < মণ্ড, কাইএর তুল্য দ্রব্য, size ('সুতায় — দেওয়া')। ফেন ('ভাতের

**মাড়া** [√ মাড়্-৭। < মৃদ্] মর্দন বা পেষণ করা ('খলে ঔষধ, কলে আক —')। ... **মাড়ানো** [√ মাড়া-১১] মর্দিত করানো। পদার্পণ করা। পা দিয়া দলন করা।

**মাড়াই** — পেষাই (যেমন আখের), ঝাড়াই (যেমন ধানের)।

**মাড়ি]** ঘন নির্যাস ('কাঁঠালের —')। (মাঢ়ী দেখ)

**মাড়ুয়া]** শস্য বিঃ (millet জাতীয়)

**মাঢ়ী, -ঢ়ি — মাড়ি]** দন্তবেষ্ট, দন্ত-মাংস, gum

**মাণবক** — বালক, ছোকরা। ছোট মানুষ, manikin, বামন।

**মাণিক্য** — পদ্মরাগ, চুনি, মানিক, ruby.

**মাত ১** [< মস্তু] তরল অংশ ('- -গুড়'। তুঃ সার)

**মাত ২]** < মত্ত, মুগ্ধ ('গন্ধে, গানে — করা, হওয়া')

**মাত ৩** [আ] দাবা ইঃ খেলায় বিপক্ষের পরাজয় ('বাজি-')

**মাতঙ্গ** — হস্তী। ... স্ত্রী. **মাতঙ্গী**। **মাতঙ্গিনী]** ... **মাতঙ্গী** — দশমহা-বিদ্যার এক।

**মাতন** (মাতা ২ দেখ)

**মাতব্বর** [আ. মুতবর] মুরব্বী, মান্যগণ্য। বিশ্বস্ত।

**মাতলি** — ইন্দ্রের সারথি।

**মাতা ১** (মাতৃ) — মা, অম্বা, গর্ভধারিণী, জননী, জনয়িত্রী, জনিকা, জনিত্রী। মাতৃ- বা কন্যা-স্থানীয়া ('শ্বশ্রূ-, বধূ-')। (সম্বোধনে — মাতঃ)। ... **মাতামহ** — মাতার পিতা। ... স্ত্রী. **মাতামহী**।

**মাতা ২** [√ মাত্-৭। [< মদ্] মত্ত হওয়া, উৎসাহের সহিত নিবিষ্ট হওয়া ('খেলায় —')। গাঁজিয়া ওঠা ('খেজুর রস —')। ... ষ্য. **মাতন]**। ... **মাতানো** [√ মাতা-১১] মত্ত করা, মুগ্ধ ও উল্লসিত করা ('গান গেয়ে —')। গাঁজানো। ... **মাতামাতি]** মত্তবৎ আচরণ।

**মাতাল** [< মত্ত-] মদ্যপায়ী। মদ্যপান-হেতু উন্মত্ত। ... **মাতলামি, -মো]** মাতালের আচরণ।

**মাতুঃস্বসা, -ষ্বসা** (মাতৃ- দেখ)

**মাতুল** — মাতার ভ্রাতা, মামা ('মাতুলালয়')। ... **মাতুলানী, মাতুলা, মাতুলী** — মাতুল-পত্নী, মামী।

**মাতৃক** — মাতৃসম্বন্ধীয়।

**মাতৃকা** — গৌরী পদ্মা ইঃ ষোড়শ দেবী। মাতামহী। ধাত্রী। জননী। বর্ণমালা।

**মাতৃঘাতী** (-তিন্), **-ঘাতক, -হন্তা** (ন্তৃ) — মাতাকে যে হত্যা করে।

**মাতৃদায়** — মাতৃশ্রাদ্ধনির্বাহরূপ কর্তব্য বা দুরূহ কর্ম।

**মাতৃদুগ্ধ** — মাতৃস্তন্য (দেখ)

**মাতৃপক্ষ** — মাতার সহিত সম্বন্ধযুক্ত আত্মীয়বর্গ।

**মাতৃভাষা** — স্বজ ভাষা।

**মাতৃভূমি** — জন্মভূমি। স্বদেশ।

**মাতৃষ্বসা, মাতুস্বসা, -ষ্বসা** (-সৃ) — মাসী, মাতার ভগিনী। ... **মাতৃষ্বস্রীয়, -স্রেয়** — মাসতুতো ভাই। ... **মাতৃষ্বস্রীয়া, -স্রেয়া** — মাসতুতো বোন।

**মাতৃস্তন্য** — মাতার স্তনদুগ্ধ।

**মাতোয়ারা, -য়ালা** ] মাতাল, মত্ত, বিহ্বল।
**মাতোয়ালী** [আ. মুতব.ল্লী] ধর্মার্থে নিয়োজিত সম্পত্তির পরিচালক (মুসলমান)
**মাত্র** — পরিমাণ; সাকল্য। পরিমিত ('দশ টাকা, তিন হাত —। ক্ষণ-, বিন্দু-')। সকলেই, প্রত্যেকে ('মনুষ্য-')। কেবল, শুধু ('কৌপীন-সম্বল। এই-')। পর্যন্ত ('কিছু-')। তখনই ('চিঠি পাইবা-')
**মাত্রা** — পরিমাণ ('ঔষধের, উত্তাপের, অত্যাচারের —')। উচ্চারণকাল ('স্বরের, বর্ণের —')। অক্ষরের মাথার রেখা। ... ণ. **মাত্রিক**। ... **মাত্রাতীত** — অতিমাত্র, মাত্রাকে যাহা অতিক্রম করিয়াছে। ... **মাত্রাবৃত্ত** — যে ছন্দে বিশেষ বিশেষ অক্ষরকে গুরু বা লঘু ধরা হয়। ... **মাত্রাবোধ** — ঔচিত্যজ্ঞান, পরিমাণের যথাযথতা সম্বন্ধে সচেতনতা।
**মাৎসর্য** — পরশ্রীকাতরতা। (§ মৎসর)
**মাৎস্য** — মৎস্য সম্বন্ধীয়। ... **মাৎস্যন্যায়** — মৎস্যন্যায় (দেখ)
**মাথট** [ < মস্তক-বর্ত ] মাথা-পিছু চাঁদা। অথবা প্রাপ্যের অতিরিক্ত আদায়।
**মাথা** ] < মস্তক। বুদ্ধি ('লোকটার খুব —। মাথায় আসা, ঢোকা')। শীর্ষ, অগ্র, উপরিভাগ ('গাছের, পথের, আলমারির —')। প্রধান ব্যক্তি ('গ্রামের —')। ('মাথা উঁচু করা' — আত্মসম্মান বা গর্ব দেখানো। '— কাটা যাওয়া' — অত্যন্ত লজ্জা পাওয়া। '— কাড়া দেওয়া' — লম্বা হওয়া। উন্নতি বা প্রতিপত্তি লাভ করা। ('— কোটা, কোড়া, খোঁড়া' — — দুঃখে মাটিতে মাথা ঠোকা। '— খাও' — শপথ। '— খাওয়া' — সর্বনাশ বা ক্ষতি করা। '-খারাপ' — মস্তিষ্কের বিকৃতি। 'গরম' — উত্তেজনা। ক্রোধ। '-ঘষা' — চুলে ঘষিবার বা তেলে গন্ধ করিবার বিবিধ মসলা। ('-ঘোরা' — মস্তকঘূর্ণন, মূর্ছার ভাব। '-ঠান্ডা' — মাথাব্যথা। '-পাগলা' — পাগলাটে। ধীর, শান্ত। '-ধরা' — শিরঃপীড়া, মাথাব্যথা '-পাগলা' — পাগলাটে। '-পিছু' — প্রতি লোক হিসাবে। '-ব্যথা' — শিরঃপীড়া। দায়, গরজ। '-হেঁট' — লজ্জায় বা অপমানে মাথা নীচু। 'মাথায় মাথায়' — সীমা পর্যন্ত) ... **মাথাঠারো** — উদ্ধত। ... **মাথাপাগলা** — বিকৃত মস্তিষ্ক। ... **মাথাপিছু** — প্রতি মাথা ধরিয়া।
**মাথাব্যথা** — গরজ, স্বার্থের প্রয়োজন।
**মাথামোটা** — বোকা।
**মাথালো, মাথাল** ] বুদ্ধিমান্। প্রধান।
**মাথি, "মোঁথি"** ] খেজুর ইঃ গাছের মাথার ভিতরের ভক্ষ্য মজ্জা।
**মাথুর**—মথুরা সম্বন্ধীয়। কৃষ্ণের মথুরা-লীলা। শ্রীকৃষ্ণের মথুরাযাত্রার পরে শ্রীরাধার যে বিরহ তৎসম্বন্ধে রচিত পদাবলী রসবিভাগের যে প্রকরণে পড়ে তাহাই মাথুর।
**মাদক** — মত্ততাজনক ('-দ্রব্য')। নেশার জিনিস ('-সেবন')। ... ষ্য. **-তা, -ত্ব**।
**মাদল** [ < মর্দল ] ঢোল বিঃ।
**মাদার** ] < মন্দার, অম্লফল বি, লকুচ। স্বনাম প্রসিদ্ধ পীর।
**মাদী** [ফা. মাদহ্] স্ত্রীজাতীয় (জন্তু)
**মাদুর** ] তৃণাদিনির্মিত আস্তরণ।
**মাদুলি** ] ছোট মাদলের তুল্য কবচ।
**মাদৃশ, মাদৃক** — আমার সদৃশ।
**মাদ্রাজ, মান্দ্রাজ** ] ভারতের দক্ষিণপূর্বস্থ প্রদেশ বিঃ। তাহার প্রধান নগর। ... **মাদ্রাজী** ] ঐ প্রদেশ সম্বন্ধীয় বা তাহার অধিবাসী।

**মাদ্রাসা** [আ. মদ্রসহ্] মুসলমান কলেজ।
**মাদ্রী** — মদ্ররাজকন্যা — পাণ্ডুর দ্বিতীয়া পত্নী। নকুল সহদেবের জননী।
**মাধব** — কৃষ্ণ। বসন্তকাল। বৈশাখ।
**মাধবী** —ফুল বা লতা বিঃ। বৈশাখী।
**মাধাই** — মাধবের ডাকনাম।
**মাধুকরী** — (মুঃ মধুকরবৃত্তি) পণ্ড বা বহু গৃহ হইতে ভিক্ষাসংগ্রহ।
**মাধুকী** — মহুয়া ফুল হইতে তৈরী সুরা।
**মাধুরী** — মধুরতা, লাবণ্য।
**মাধুর্য** —মিষ্টতা। মনোহারিতা, সৌন্দর্য।
**মাধ্যন্দিন** — মধ্যাহ্নকালীন।
**মাধ্যম** —যাহার মধ্যবর্তিতায় বা যাহাকে অবলম্বন করিয়া কোনও ক্রিয়া সাধিত হয়, medium.
**মাধ্যমে** — মারফত, মধ্যস্থতায়।
**মাধ্যমিক** — দুই শ্রেণীর মধ্যবর্তী, intermediate.
**মাধ্যাকর্ষণ** (অভিকর্ষ মহাকর্ষ দেখ)
**মাধ্যাহ্নিক** — মধ্যাহ্নকালীন।
**মাধ্বী** —মধুজাত মদ্য। ... **মাধ্বীক** — মধু- বা মহুয়া- বা দ্রাক্ষা-জাত মদ্য।
**-মান্** (-বান্ দেখ)
**মান১** —যাহাদ্বারা মাপা যায়, measure, standard ('-দণ্ড')। মাত্রা। আদর্শ তোল করণ, পরিমাপ। (§ মেয়)। ... **মানচিত্র** — পরিমাণজ্ঞাপক চিত্র, দেশের বা জমির নকশা। ... **মানদণ্ড** — তুলা-দণ্ড। মাপকাঠি। ... **মানমন্দির** — গ্রহনক্ষত্রাদি-পর্যবেক্ষণগৃহ।
**মান ২** — সম্মান, সমাদর ('— দেওয়া, রাখা, খোয়ানো। -সম্ভ্রম')। প্রেমপাত্রের-প্রতি অভিমান ('— করা, হওয়া, ভাঙানো। মানময়ী')। গর্ব ('অতি-')। (§ মানন, মানিত, মানী, মান্য)। ... **মানকলি** — স্ত্রীপুরুষের অভিমানজাত কলহ। ... **মানদ** — সম্মান-দাতা বা -রক্ষক। ... **মানপত্র** — সম্মান বা বিদ্যাবত্তা সূচক অভিনন্দনপত্র। ... **মানভঞ্জন** — প্রিয়া মানে বসিলে তাহার চিত্তপ্রসাদন। ... **মানলীলা** — বৈষ্ণব পদাবলীতে শ্রীরাধার মান ও মানভঞ্জনের প্রকরণ। ... **মানহানি** — সম্মানের লাঘব। defamation.
**মান ৩** [< মানক] মানকচু, কন্দ বিঃ (তরকারি)
**মানত** [< **মনস্থ**] দেবতাকে কিছু দিবার সংকল্প, মানসিক ('— করা')
**মানন, মাননা**—সম্মানকরণ। পালন, মানা। (§ মানিত)। ... **মাননীয়** — সম্মানার্হ। ... স্ত্রী. **-য়া**। ... **মাননীয়েষু**। **মাননীয়াসু**।
**মানব**—ষ্য. মনুষ্য ('-জন্ম, -লীলা')। ... ণ. মনু-প্রণীত বা -সম্বন্ধী ('-ধর্মশাস্ত্র')। ... স্ত্রী. **মানবী**। ... ষ্য. **মানবতা, -ত্ব**। ... ণ. **মানবীয়**।
**মানস** — ষ্য. মন, চিত্ত, অভিলাষ। কৈলাসের নিকটস্থ তিব্বতের হ্রদ বিঃ। ('-সরোবর')। ... ণ. মানসিক ('-পাপ, -পূজা')। ... **মানসতা** — মনের স্বভাব ও বৈশিষ্ট্য, mentality. ... **মানসপুত্র** -মন হইতে উৎপন্ন পুত্র ('ব্রহ্মার—')
**মানসাঙ্ক** — যে অংক মনে মনে কষিয়া উত্তর দিতে হয়।
**মানসিক** — ণ. মনোগত, মন সম্বন্ধীয়, mental. ... ষ্য. মানত (দেখ)। ... স্ত্রী. **-সিকী**।
**মানসী** — মনোজাতা, মানসিকী।
**মানা১** [√মান্-৭। < মান্] **সম্মান** করা, to respect ('গুরুজনকে—')। বিশ্বাস করা ('ভূত, পরকাল —')।

বোঝা, স্বীকার করা ('প্রবোধ, হার—')। গ্রাহ্য করা ('বাধা —')। পালন করা ('নিয়ম —')। নির্দেশ করা ('অমুককে সাক্ষী —')

**মানা ২** [আ. মন্‌অ] নিষেধ, বারণ।

**মানান**] গ. শোভন, সুদৃশ্য, উপযুক্ত।... ষ্য. শোভা, উপযোগিতা, খাপ ('মানান-সই')

**মানানো** [√মানা-১১] শোভন হওয়া, ভাল দেখানো ('বেশ মানিয়েছে')। স্বীকার করানো ('হার —')

**মানিক**] < মাণিক্য, চুনি। স্নেহপাত্রকে আদরের সম্বোধন। ... **মানিকজোড়**] বক-জাতীয় পাখি বিঃ। (লক্ষ্যার্থে) দুই বন্ধু যাহারা সর্বদা একসঙ্গে থাকে বা যাহাদের স্বভাব একপ্রকার।

**মানিত** — সম্মানিত, আদৃত।

**মানী** (-নিন্)—মান্য। অভিমানী, গর্বী। ... স্ত্রী. **মানিনী**। — যে স্ত্রীর অল্পে অভিমান হয়। ... ষ্য. **মানিতা**।

**মানুষ** — ষ্য. মনুষ্য, মানব; ব্যক্তি, person. ('মেয়ে-, ছেলে-, ভাল-, বন-')। (বাং) লালনপালন ('ছেলে — করা')।... গ. মনুষ্য সম্বন্ধীয়। মনুষ্যোচিত গুণশালী, লায়েক ('— হওয়া')। ... **মানুষিক** — মনুষ্য সম্বন্ধীয়, human. ... **মানুষী** — মনুষ্য সম্বন্ধীয়া। মানবী।

**মানে** [আ. মানী] অর্থ, তাৎপর্য, meaning ('কথার, হাসির —। মানের বহি')

**মানোয়ার** [ই. man-of-war.] যুদ্ধ-জাহাজ। ... গ. **-য়ারী**]

**মান্দাস**] ভেলা (অপ্রঃ)

**মান্দ্য** — মন্দতা, হ্রাস, অল্পতা ('ক্ষুধা-')। আলস্য, জড়তা। হানি।

**মান্ধাতা** (-তৃ) — সূর্যবংশীয় রাজা বিঃ। ('-র আমল' — অতি প্রাচীনকাল)

**মান্য** — মাননীয়, সম্মানার্হ ('-গণ্য')। শ্রদ্ধা বা বিশ্বাসের যোগ্য। (বাং) সম্মান, মাননা ('— করা')

**মাপ** — পরিমাণ, পরিমাপ, measure, dimension; measurement ('ঘরের —। — করা নেওয়া')। ... **মাপক** — পরিমাপকারী। ... **মাপকাঠি**] মানদণ্ড। measure, standard. **মাপজোখ**] পরিমাণ ওজন ইঃ নির্ণয়।

**মাপা** [√মাপ্-৭। < মা] পরিমাপ করা, to measure.

**মাফ, মাপ** [আ. মুআফ] মার্জনা, ক্ষমা ('— করা, চাওয়া')। ছাড়, রেহাই ('টাকার সুদ —')

**মাফিক** [আ. মবা.ফিক] তুল্য, অনুযায়ী।

**মা ভৈঃ** — ভয় করিও না।

**মামড়ি** — ১। নাসামল, ২। ক্ষতস্থানে শুক্‌না চামড়া।

**মামদো** — মুসলমানের ভূত।।

**মামলা** [আ. মুআমলহ্] মকদ্দমা, litigation ('— করা, বাধা')। ... **মামলাবাজ**] মামলাপ্রিয়, মামলাপটু।

**মামা** [√মামক] মাতুল, মাতার ভ্রাতা। ... **মামাতো**] গ. নিজের মামার অথবা স্বামীর বা পত্নীর মামার সন্তান ('— ভাই, বোন। — দেওর, শালী')। ... **মামাশ্বশুর**] স্বামী বা পত্নীর মামা। ... স্ত্রী. **মামীশাশুড়ী** [ ... **মামী**] মামার পত্নী, মাতুলানী।

**মামুলী** [আ. মামুল] প্রচলিত, যাহা এ পর্যন্ত চলিয়া আসিতেছে। সাধারণ।

**মায়** [আ. মঅ] সমেত, সহিত ('টাকা-কড়ি — বসতবাটী')

**মায়া** — মমতা, স্নেহ। ইন্দ্রজাল। ভ্রান্তি, illusion. কপটতা। (দর্শনে) অজ্ঞান,

অবিদ্যা, প্রকৃতি ('-বাদ, -বাদী')। ছদ্ম-বেশ। ('-জাল, -পাশ, -বল, -বশে, -ময়')। ... **মায়াকান্না**] কপট ক্রন্দন। ... **মায়াদেবী** — বুদ্ধদেবের জননী। ... **মায়াবাদ** — জগৎ মিথ্যা ব্রহ্মই একমাত্র সত্য — এই দার্শনিক মত। ... **মায়াবাদী** — বৈদান্তিক। ... **মায়াবী** (-বিন্) — জাদুকর। কৃত্রিম মমতা প্রদর্শক। ... স্ত্রী. **মায়াবিনী**।... **মায়িক** — মায়াবী। মায়াবিশিষ্ট।

**মার ১** — মদন। যে দেবতা বুদ্ধদেবের তপস্যার বিঘ্ন করিতে চেষ্টা করিয়াছিলেন। মারণ। মরণ। ... **মারজিৎ** — শিব। বুদ্ধদেব।

**মার ২**] প্রহার ('— খাওয়া, দেওয়া। -কাট, -ধর, -পিট')

**মারক** — বধকারী। মারী।

**মারকুটে, -টো**] যে একটুতে মারিতে চায়।

**মারণ** — বধ। বধোদ্দেশ্যে অভিচার বিঃ। ধাতু ইঃ ভস্মীকরণ। ... ণ. **মারিত**।

**মারপেঁচ, -প্যাঁচ**] জটিল কৌশল, জটিলতা ('কথার —')

**মারফত** [আ. মারিফৎ] দ্বারা ('অমুকের — চিঠি পাঠানো')

**মারবাড়ী** (মারোয়াড়ী দেখ)

**মারবেল, মার্বেল** [ই. marble] পাথর বিঃ ('সাদা, কাল —')। খেলিবার গুলি। (মর্মর দেখ)

**মারমুখ, -মুখো**] মারিতে উদ্যত।

**মার্সিয়া** (আ) — লোকসংগীত।

**মারহাট্টা**] < মহারাষ্ট্র। তৎসম্বন্ধীয় বা তাহার অধিবাসী, মারাঠা।

**মারা ১** [√মার্-৭। < মৃ] বধ করা ('পাখি, মানুষ —')। নষ্ট করা ('জাত —')। চুরি করা ('টাকা, পকেট —')। অলভ্য করা, পাইতে না দেওয়া ('অন্ন, হুঁকা —')। দূর করা ('রস —')। প্রহার করা, ঠেঙানো ('ছেলেকে?')। প্রয়োগ বা নিক্ষেপ করা ('চড়, টান, লাঠি, গুলি —')। লাগানো, আঁটা ('পেরেক, তালি, কাগজ —')। হঠাৎ লাভ করা ('অনেক টাকা মেরেছে')। খুব খাওয়া ('দই সন্দেশ —')। করা ('ইয়ারকি, চাল, ফুর্তি, মটকা —')। (অন্যান্য প্রয়োগ — 'উঁকি, গুঁড়ি, ছুট, দৌড়, মালকোঁচা, লাফ —')। ... ণ. যে মারে ('শেয়াল-, মাছি-')। যাহাতে লাগানো হইয়াছে ('টিকিট-, মার্কা-')। ... **মারামারি**] পরস্পর প্রহার।

**মারা ২**] মৃত ('— যাওয়া, পড়া' — মরিয়া যাওয়া)। নষ্ট ('মাঠে — যাওয়া' — বৃথা নষ্ট হওয়া)

**মারাঠা, -ঠী** [< মহারাষ্ট্র] মহারাষ্ট্র-বাসী। ... **মারাঠী**] তাহাদের ভাষা।

**মারাত্মক** — প্রাণহানিকর। সাংঘাতিক।

**মারিত** (মারণ দেখ)

**মারী, মারি** — মড়ক ('-ভয়। মহা-')

**মারীচ** — রাক্ষস বিঃ (রাম কর্তৃক স্বর্ণ-মৃগের ছদ্মবেশে নিহত)। মরীচিপুত্র কশ্যপ।

**মারুত** — বায়ু। ... **মারুতি** — পবননন্দন, হনুমান্।

**মারুলী, মাড়ুলী** — গৃহপ্রাঙ্গণে গৃহ-প্রবেশ দ্বারে বর্তুলাকার গোময় লেপ।

**মারোয়াড়ী, মারবাড়ী**] মারবাড়-দেশবাসী।

**মার্কণ্ড, মার্কণ্ডেয়** — ঋষি বিঃ। পুরাণ বিঃ।

**মার্কা** [পো. marca] চিহ্ন, mark ('— করা, দেওয়া, মারা')

**মার্কিন** [ই. American] আমেরিকার যুক্তরাজ্য বিষয়ক বা তদ্দেশবাসী। মোটা সুতী কাপড় বিঃ।

**মার্গ** — পথ। সাধনার পথ ('জ্ঞান-')। গুহ্যদ্বার। ... **মার্গশির, -শীর্ষ** — মৃগশিরানক্ষত্রযুক্ত পূর্ণিমাবিশিষ্ট মাস, অগ্রহায়ণ। ... **মার্গশীর্ষী** — অগ্রহায়ণ মাসের পূর্ণিমা।

**মার্গণ** — প্রার্থনা। অন্বেষণ। প্রণয়। ... ণ. **মার্গিত।**

**মার্গিতব্যা** — অন্বেষণীয়া।

**মার্চ** [ ই ] ইংরেজী বৎসরের তৃতীয় মাস।

**মার্জক** — যাহা মার্জিত করে।

**মার্জন** — প্রক্ষালন, পরিষ্করণ, মাজা। দোষক্ষালন। ... **মার্জনা** — ক্ষমা ('অপরাধ — করা')। ... **মার্জনী** — ঝাঁটা, সম্মার্জনী। যাহাদ্বারা মাজা বা পরিষ্কার করা যায়। ... **মার্জনীয়** — ক্ষমার যোগ্য, ক্ষমার্হ। ... **মার্জিত** — প্রক্ষালিত, পরিষ্কৃত। দোষমুক্ত। সংস্কৃত, চর্চার ফলে উৎকর্ষপ্রাপ্ত ('— বুদ্ধি, রুচি')

**মার্জার** — বিড়াল। ... স্ত্রী. **-রী।**

**মার্তণ্ড** — সূর্য।

**মার্তিক** — মৃন্ময়।

**মার্দব** — মৃদুতা।

**মার্বেল** (মারবেল দেখ)

**মাল ১** — উচ্চভূমি ('-ভূমি')। জাতি বিঃ। সাপের ওঝা। মল্ল।

**মাল ২** ] < মাল্য (পদ্যে। 'হাড়-')

**মাল ৩** [ আ ] পণ্যদ্রব্য, দ্রব্য ('-গাড়ি, -গুদাম')। রাজস্ব, খাজনা। (অশিঃ) মদ। ... **মালখানা** ] খাজনাখানা। ... **মালগাড়ী** ] — মালবাহী ট্রেন। ... **মালগুজার** [ ফা. -জা.- ] জমির করদাতা। ... **মালগুজারি** ] রাজস্ব। ... **মালজমি** ] করদ জমি। ... **মালমসলা** ] উপকরণ।

**মালকোঁচা** ] — মল্লের মতো পরিধেয় বসনের কোঁচাকে কাছার সঙ্গে পিছু দিকে গোঁজা।

**মালকোশ** [ < -কৌশ ] সংগীতের রাগ বিঃ।

**মালঝাঁপ** ] বাংলা ছন্দ বিঃ। পয়ারেবন্ধ চরণে প্রত্যেক চতুর্থ অক্ষরে মিল থাকিলে এই ছন্দ হয়।

**মালঞ্চ** [ < মালা-মঞ্চ ] ফুলের বাগান।

**মালতী** — ফুল বা লতা বিঃ। (সং) জাতী, চামেলী।

**মালদার** — সংগতিপন্ন।

**মালপুয়া / -পো** ] আটা গুড় ইঃর পিষ্টক বিঃ।

**মালব** — মধ্যভারতের দেশ বিঃ, মালোআ। সংগীতের রাগ বিঃ।

**মালভূমি** — উচ্চভূমি, plateau.

**মালশাট** — মল্লের মত যুদ্ধোদ্যম, বাহবাস্ফোট।

**মালসা** ] মাটির বড় সরা।

**মালসাট** (মালশাট দেখ)।

**মালা ১** — মাল্য, ফুলের হার। ('মুক্তা-')। শ্রেণী; সমূহ ('সে কথা-')। ... **মালাকর-, -কার** — ফুলের মালা তৈয়ারি করে। ... **-বদল** ] বিবাহে বরকন্যার মাল্যবিনিময়।

**মালা ২** [ < মালক ] বাটির তুল্য পাত্র ('নারিকেলের —')

**মালা ৩, মালো** [ < মাল ] জাতি বিঃ। জেলে।

**মালামো** ] — মল্লযুদ্ধ, মল্লে মল্লে লড়াই।

**মালাই** [ ফা. বালা ] দুধের সর, cream.

**মালাইচাকি** ] হাঁটুর হাড়, knee cap.

**মালিক** [ আ ] অধিকারী, স্বামী ('জমির —')। প্রভু। ... **মালিকানা** ] **স্বামিত্ব।** মালিকের প্রাপ্য লভ্যাংশ।

**মালিকা** — মাল্য।

**মালিনী** — মাল্যধারিণী। মাল্যরচয়িত্রী।

সংস্কৃত ছন্দ বিশেষ। (বাং) উদ্যান-পালিকা।

**মালিন্য** — মলিনতা। অপ্রীতি ('মনো-')। বিষণ্ণতা।

**মালিম** (আ) — স্টীমারের সারেং।

**মালিশ** [ফা] মর্দন ('তেল — করা')। মর্দনের ঔষধ।

**মালী** (-লিন্) — মাল্যধারী ('বন-')। মালাকার। (বাং) উদ্যানপালক, যে বাগানের কাজ করে। (§ মালিনী)

**মালুই** — (মালা ২ দেখ)

**মালুম** [আ] বোধ, জ্ঞান ('— করা, হওয়া')

**মালুমকাঠ** — মাস্তুল।

**মালুর, মালূর** — বেল, বেলগাছ।

**মালোপমা** — কাব্যালঙ্কার বিঃ, এক উপমেয়ের একাধিক উপমান থাকিলে এই অলঙ্কার হয়।

**মাল্য** — মালা, ফুলের হার। ... **মাল্যদান** — গলায় মালা পরানো। ... **মাল্য-বিনিময়** — মালাবদল (মালা ১ দেখ)

**মাল্যবান্** — দণ্ডকারণ্যের পর্বত বিঃ। একজন রাক্ষসের নাম।

**মাল্লা** [আ] নাবিক ('মাঝী-')। জাতি বিঃ।

**মাশুক** (আ) — প্রেমিক।

**মাষ** — মাষকলাই, দাল বিঃ।

**মাষা** [< মাষক] ওজন বিঃ, ১/১২ বা ১/১০ তোলা, কবিরাজী ওজনে ১/৮ তোলা।

**মাস ১** — বৎসরের ভাগ বিঃ, ১/১২ বৎসর (২৮, ২৯, ৩০, ৩১ বা ৩২ দিন। স্থূল গণনায় ৩০ দিন)। (§ মাসিক)। ... **মাসকাবার**] মাসের শেষ। ... **মাস-মাহিনা**] মাসিক বেতন। ... **মাসহারা** [< মাস-হার-] মাসিক বৃত্তি।

**মাস ২**] < মাংস।

**মাসকিয়া** — মৃত্যুবৎসরের প্রতিমাসের শ্রাদ্ধ।

**মাসতুতা / -তুতো**] গ. নিজের মাসীর অথবা স্বামীর বা পত্নীর মাসীর সন্তান ('— ভাই, বোন। — দেওর, শালী')

**মাসশ্বশুর**] স্বামী বা পত্নীর মেসো। ... স্ত্রী. **-শাশুড়ী**]

**মাসাশ** (মাসী + শাশ) — মাস্ শাশুড়ী।

**মাসিক** — মাস সম্বন্ধীয়, প্রতি মাসের ('— চাঁদা')। যে পত্রিকা প্রতি মাসে বাহির হয়। স্ত্রীরজঃ।

**মাসী, -সি**] < মাতৃঃস্বসা, মাতার ভগিনী।

**মাসুল** [আ. মহ্সূল] শুল্ক, কর; বহনের ভাড়া ('নুনের, মনিঅর্ডারের, মাল পাঠাইবার —')

**মাস্টার** [ই], **মাষ্টার**] শিক্ষক। অধ্যক্ষ ('পোস্ট-')। ... ষ্য. **-রি**]

**মাস্তুল** [পো. mastro] নৌকাদিতে পাল লাগাইবার স্তম্ভ।

**মাহ** [ফা. মাহ্] মাস (প্রাঅপ্রঃ)

**মাহা** — মাঝে (প্রা-সা)

**মাহাদানী** — শুল্ক আদায়কারী (প্রা-সা)

**মাহাজনিক** — মহাজন সম্বন্ধীয়।

**মাহাত্ম্য** — মহানুভবতা। মহিমা, মহত্ত্ব, গৌরব।

**মাহিনা / মাইনে** [ফা. মাহ্] মাসিক বেতন।

**মাহিষ** — মহিষজাত, ভঁয়সা।

**মাহিষ্য** — হিন্দু জাতি বিঃ।

**মাহীষ্মতী** — নর্মদা নদীর তীরবর্তী প্রাচীন নগরী।

**মাহুত** [< মহামাত্র] হস্তিচালক।

**মাহেন্দ্র** — (জ্যোতিষে) শুভ ক্ষণ বা যোগ বিঃ। ইন্দ্র সম্বন্ধীয়।

**মিউ, মিউমিউ** ] বেরালছানার ডাক।
**মিউনিসিপ্যালিটি** [ ই ] পৌরসংঘ, নগরবাসীর প্রতিনিধিবর্গ কর্তৃক নগরের পরিচ্ছন্নতা পথ-ঘাট-রক্ষা ইঃর ব্যবস্থা। ... ণ. **মিউনিসিপাল** ]
**মিকাডো** — জাপানের রাজা।
**মিছরি** [ আ. মিস্‌রী ] স্ফটিকাকার চিনি, খণ্ড।
**মিছা / মিছে** ] < মিথ্যা ('-কথা')। বৃথা। ... **মিছামিছি** ] মিথ্যাভাবে। অনর্থক।
**মিছিল** [ আ. মিস্‌ল্‌ ] শোভাযাত্রা। মকদ্দমা বা তাহার কাগজপত্র।
**মিজরাব** [ আ. মিজ.- ] সেতার ইঃ বাজাইবার জন্য অঙ্গুলীতে ধারণীয় তারের অঙ্কুশ।
**মিঞা** — (মিয়া দেখ)
**মিট** ] মিল। ... **মিটমাট** ] নিষ্পত্তি।
**মিটমিট** ] ক্ষীণ আলোক দান ('প্রদীপ — করছে')। অর্ধনিমীলিত ভাব, বার বার চোখ মেলা ও বন্ধ ('চোখ — করা')। ... **মিটিমিটি**) মিটমিট করিয়া। ... **মিটমিটে** ] যাহা মিটমিট করে ('— চোখ, আলো')। প্রচ্ছন্ন ('— ডাইন')
**মিটা, মিটানো** (মেটা দেখ)
**মিঠা / মিঠে** ] < মিষ্ট। ... **মিঠাকড়া / মিঠে-** ] মধুর অথচ উগ্র ('— তামাক')। নরম-গরম ('— চিঠি')। ... **মিঠেপানি** শরবত, লেমোনেড ইঃ।
**মিঠাই / মেঠাই** ] দাল হইতে তৈয়ারী লাড়ু বিঃ। মিষ্টান্ন, মোদক, লাড্ডু।
**মিড়** ] (সংগীতে) এক স্বর হইতে ক্রমশঃ উচ্চ বা নিম্ন স্বরে গমন (যথা সেতারের তারে আঙুল টানিয়া)
**মিত ১** — মিত্র (প্রা-সং)
**মিত ২** — অল্প, পরিমিত, সংযত। ... **মিতব্যয়ী** (-য়িন্‌)। ... ষ্য. **-ব্যয়িতা**। ... **মিতভাষী** (-ষিন্‌)। ... স্ত্রী. **-ভাষিণী**। ... ষ্য. **-ভাষিতা**।
**মিতবর** [ < মিত্র- ] বিবাহকালে সহচররূপে যে বালক বরের পার্শ্বে থাকে। (অনুরূপ — মিতকনে ])
**মিতা / মিতে** ] < মিত্র, বন্ধুর পাতানো নাম বা বন্ধুকে সম্বোধন। ... স্ত্রী. **মিতিন** ]। (§ মিতালি)
**মিতাক্ষর** (মিত্রাক্ষর দেখ)
**মিতাক্ষরা** — বিজ্ঞানেশ্বর-রচিত উত্তরাধিকার ইঃ নির্দেশক স্মৃতিগ্রন্থ বিঃ।
**মিতাচার** — সংযত আচরণ। ... **মিতাচারী** (-রিন্‌)। ... **-চারিণী**।
**মিতালি** ] মিত্রতা।
**মিতাশন, মিতাহার** — পরিমিত আহার। ... **মিতাশী** (-শিন্‌), **মিতাহারী** (-রিন্‌)
**মিতি** — পরিমাপ ('ক্ষেত্র-')। জ্ঞান। (§ মেয়)
**মিত্র** — (ক্লী) বন্ধু, সুহৃৎ। (পুং) সূর্য। বাঙালী কায়স্থ বংশের উপাধি বিঃ। ... ষ্য. -তা, **মৈত্রী, মৈত্র্য**। (§ মৈত্র, মৈত্রেয়)
**মিত্রপূজা** — ইতুঘট পূজা।
**মিত্রসম্মিত** — মিত্রের সহিত মিত্রের সম্বন্ধের উপযোগী।
**মিত্রাক্ষর, মিতাক্ষর** — যে ছন্দের দুই চরণের শেষে অক্ষরের মিল আছে।
**মিথিলা** — বিদেহ, ত্রিহুত। (§ মৈথিল, -লী)
**মিথুন** — স্ত্রীপুরুষ, couple. রাশিচক্রের তৃতীয় রাশি। (§ মৈথুন)
**মিথ্যা** — ণ. "মিথ্যে," মিছা, অনৃত, অসত্য। কপট। অনর্থক। ... ষ্য. মিছাকথা, অসত্য বিষয়। ... **মিথ্যাচরণ, মিথ্যাচার** — কপট আচরণ। ... **মিথ্যাচারী** (-রিন্‌)। ... **মিথ্যাবাদ** — মিথ্যাকথা। ... **মিথ্যাবাদী** (-দিন্‌) —

যে মিথ্যাকথা বলে। ... স্ত্রী. -বাদিনী। "মিথ্যুক" ] মিথ্যাবাদী।

**মিনতি** [ < বিজ্ঞপ্তি, বিনতি ] বিনীত প্রার্থনা।

**মিনমিন** ] ক্ষীণতার লক্ষণ প্রকাশ ('— ক'রে কথা বলা, আগুন জ্বলা')। ... ণ. মিনমিনে ]। (মিলমিলে দেখ)

**"মিনসা / মিনসে"** ] < মনুষ্য, পুরুষ, লোক। বয়ঃপ্রাপ্ত লোক। (অবজ্ঞায়। তু মাগী)

**মিনা** [ ফা. মীনা ] ধাতু ইঃর উপর কাচের তুল্য কলাই, enamel ('— করা')

**মিনার** [ ফা ] স্তম্ভাকৃতি চূড়া বা মন্দির।

**মিনি** (বিনি দেখ)

**মিনিট** [ ই ] ঘণ্টার ১/৬০ অংশ। কলা।

**মিয়া** [ উ. মিয়ান ] মুসলমান ভদ্রলোক, মহাশয়।

**মিয়াদ** [ আ ] / **মেয়াদ** ] সময়, নির্দিষ্ট কাল ('কর্জশোধের —')। কয়েদ। ... ণ. মিয়াদী / মেয়াদী ]

**মিয়ানো / মিয়নো** [ √ মিয়া-১৩ ] শুষ্ক ও কড়কড়ে না থাকা ('মুড়ি —')। নরম বা মন্দীভূত হওয়া ('উৎসাহ —')। ... ণ. (উক্ত সকল অর্থে)

**মিরজাই / মেরজাই** ( ফা ) — তুলাভরা জামা।

**মিরগেল** (মৃগেল দেখ)

**মিরাশ** (আ) — বংশানুক্রমিক মৌরশী ভূসম্পদ্।

**মিরিতি** (মৃতি) — মৃত্যু (প্রা-সা)

**মিল ১** ] মিলন, যোগ। ঐক্য, সাম্য, সাদৃশ্য ('চেহারার, মতের —')। মতের ঐক্য, সদ্ভাব ('দুজনে — নাই')। পদ্যের দুই চরণের শেষে অক্ষরসাম্য। খাপ, সংগতি ('তালার সঙ্গে চাবির —')

**মিল ২** [ ই ] যে কারখানায় কলে কাজ হয় ('মিলের ধুতি')

**মিলন** — সংযোগ; সাক্ষাৎকার ('দুই দ্রব্যের, নায়ক-নায়িকার, বন্ধুর সহিত —')। কলহের অন্তে পুনরায় সদ্ভাব। ঐক্য, মিল। ( § মিলিত, মেলন)। ... মিলনান্ত — যে নাটকগল্পাদির শেষে নায়ক-নায়িকার মিলন ঘটে। (তুঃ বিয়োগান্ত)

**মিলমিলে, মিনমিনে** ] হাম রোগ।

**মিলা, মিলানো** (মেলা ৩, মেলা ৪ দেখ)

**মিলিত** — সংযুক্ত, মিশ্রিত। সমবেত, একত্র আগত। প্রাপ্ত।

**মিলিন্দ**—(Menander) গ্রীক নৃপতি।

**মিলিন্দপহ্ন** — মিলিন্দের প্রশ্ন — বৌদ্ধ সন্ন্যাসী নাগসেনের সঙ্গে উক্ত নৃপতির ধর্ম সম্বন্ধে পালি ভাষায় আলোচনা।

**মিশ** ] মিশ্রণ, মিল ('— খাওয়া')। (মিস দেখ)

**মিশনরী** — ষ্য. খৃষ্টধর্মপ্রচারক অথবা ণ. তৎসম্বন্ধীয়।

**মিশমী** — হিমালয়ের পূর্বপ্রান্তের অধিবাসী অসভ্য জাতি বিঃ।

**মিশা, মিশানো** (মেশা দেখ)

**মিশাল / মিশল, মেশাল** ] মিশ্রণ, ভেজাল ('— দেওয়া')

**মিশুক** ] যে অন্যের সহিত অবাধে মিশিতে পারে, সামাজিক ('— লোক')

**মিশ্র** — মিশ্রিত, মিলিত। মিশ্রিত দ্রব্য। ব্রাহ্মণের উপাধি বিঃ; শ্রেষ্ঠ, মান্য। ... **মিশ্রণ** — মিলন, মিশানো, সংযোগ, একত্র করণ। ভেজাল। ... ণ. মিশ্রিত।

**মিষ্ট** — **মিষ্টি** ] ণ. চিনির তুল্য স্বাদ বিশিষ্ট, মধুর, প্রীতিপ্রদ ('— খাদ্য, গন্ধ, সংগীত, কথা, স্বভাব')। ... ষ্য. মিষ্টদ্রব্য, মিষ্টান্ন। ... ষ্য. **মিষ্টতা, -ত্ব**। ...

... **মিষ্টমুখ** — গৃহস্বামীর তুষ্টির জন্য অভ্যাগত ব্যক্তির মিষ্টান্নভক্ষণ ('— করা')। ... **মিষ্টান্ন** — মিষ্ট জলখাবার।

**মিস, মিশ]** মিশি বা মসির তুল্য ('— কাল')। ... **মিসমিস, মিশমিশ]** ঘোর কৃষ্ণবর্ণ প্রকাশ ('— করা')। ... ণ. **মিসমিসে, মিশমিশে।**

**মিসকালো** — মিসির মতো কালো।

**মিসর** [আ. মিস্‌র্‌] ইজিপ্ট দেশ।

**মিসি** [ফা. মিসী] দাঁত কাল করিবার মাজন।

**"মিসিবাবা"** [ই. miss] ইওরোপীয় কুমারী (খানসামা ইঃর ভাষায়)

**মিসিল** (মিছিল দেখ)।

**মিস্ত্রী [পো.** mestre] কারিগর, যন্ত্রী ('রাজ-, ছুতার-, সাইকেল-')

**মিহনত** — (মেহনত দেখ)।

**মিহি** [ফা. মহীন] সূক্ষ্ম, সরু ('— কাপড়, চাল, গুঁড়া, গলার সুর')

**মিহিদানা]** দালের মিঠাই বিঃ, মোতিচুর।

**মিহির** — সূর্য।

**মীন** — মৎস্য। বিষ্ণুর প্রথম অবতার। রাশিচক্রের দ্বাদশ রাশি। ... **মীনকেতন, -ধ্বজ** — মদন। ... **মীনাক্ষী** — মাছের আকারের মত চোখ যে নারী। দক্ষিণা-পথের একটি দেবীমূর্তি।

**মীমাংসক** — যে মীমাংসা করে। মীমাংসা-শাস্ত্রজ্ঞ।

**মীমাংসা** — সিদ্ধান্ত, নিষ্পত্তি। জৈমিনিকৃত দর্শন শাস্ত্র বিঃ, পূর্ব-মীমাংসা। ('উত্তর-মীমাংসা' — বেদান্ত)। ... **মীমাংসিত** — যাহার নিষ্পত্তি হইয়াছে, বিচারিত।

**মীর** (ফা) — প্রধান।

**মীরবহর** — নৌবিভাগের অধ্যক্ষ।

**মীরমুন্সী** — প্রধান কেরানী।

**মীলন** — মুদ্রণ, নিমীলন। ... ণ. **মীলিত।**

**"মুই"** [< অহম্‌] আমি (প্রাচীন সাহিত্যে। আধুনিক প্রয়োগ প্রাদেশিক বা গ্রাম্য)

**মুকুট** — কিরীট, শিরোভূষণ ('রাজ-')

**মুকুতা]** < মুক্তা (পদ্যে)

**মুকুন্দ** — বিষ্ণু, কৃষ্ণ।

**মুকুর** — আরশি, দর্পণ।

**মুকুল** — কলিকা, কুঁড়ি। ... **মুকুলিত** — যাহাতে কুঁড়ি ধরিয়াছে। আধফুটন্ত। অর্ধ নিমীলিত।

**মুক্ত** — খোলা, অবদ্ধ, অবারিত ('— দ্বার, আকাশ, কণ্ঠ, কেশ, বায়ু')। খালাস, অরুদ্ধ, অবদ্ধ ('কারা-')। মোক্ষপ্রাপ্ত ('-পুরুষ')। নিষ্কৃতিপ্রাপ্ত ('ঋণ-, দায়-')। ত্যক্ত ('— নিঃশ্বাস')। (বাং) পরিষ্কৃত, সাফ ('সকড়ি — করা')। ... **মুক্তকচ্ছ** — যাহার কাছা খোলা। ... **মুক্তকণ্ঠে** — গলা ছাড়িয়া, প্রকাশ্যে। ... **মুক্তকেশী, -কেশা** — (স্ত্রী) যাহার চুল খোলা।... **মুক্তপুরুষ** — জীবন্মুক্ত সাধক।... **মুক্তবেণী** — খোলা বিনান (ত্রিবেণী দেখ)। ... **মুক্তহস্ত** — দানে অকুণ্ঠিত।

**মুক্তা**—মুক্তো, মোতি, মৌক্তিক, শুক্তিগর্ভে জাত রত্ন। ( § মৌক্তিক)

**মুক্তি** — মোচন, নিষ্কৃতি, নিস্তার ('কারা-, বন্ধন-, ঋণ-। -লাভ। — দেওয়া, পাওয়া')। পাপ হইতে ত্রাণ; মোক্ষ ('-দাতা। জীবনমুক্তি')। ( § মোক্তা)

**মুক্তিনামা** — ছাড়পত্র।

**মুক্তিপত্র** — খালাসীখৎ।

**মুখ** — আনন, আস্য, বক্ত্র, বদন; মুখ-মণ্ডল; মুখগহ্বর ('-চন্দ্র। মুখে দেওয়া')। প্রবেশপথ। ছিদ্র ('গুহা-।

ফোড়ার —')। মোহানা ('নদী-')। আরম্ভ ('-বন্ধ। যাবার মুখে')। অগ্রভাগ ('সূচীর —')। সম্মুখভাগ। অভিমুখ ('গৃহমুখে')। প্রধান (-পাত্র')। (§ -মুখী, মুখে মুখে, মুখ্য, মৌখিক)। ('মুখ আলগা করা' — অসংযত ভাষায় কথা বলা। '— করা' — ভর্ৎসনা। '— খারাপ, -খিস্তি করা' — অশ্লীল কথা বলা বা গালি দেওয়া। '— খিচনো' — ভেংচানো, ক্রোধে মুখ বিকৃত করা। '— খোলা' — নীরব থাকার পর কথা বলা। '—গোঁজ করা' —নীরবে ক্রোধসূচক মুখভঙ্গী করা। '— চলা' — ভক্ষণ বা কথা বা গালি চলিতে থাকা। '— চাওয়া' — কাহারও অপেক্ষা বা খাতির করা। '—ছুটানো' —অসংযত ভাষায় কথা বলা, গালিবর্ষণ করা। '— দেখা' — বর কন্যা ইঃকে আশীর্বাদের জন্য দেখা। '—লাগা'— ওল ইঃ খাওয়ায় মুখ কুটকুট করা। '— সামলানো' — কথায় সংযত হওয়া। '— সিটকানো' — বিরক্তি বা ঘৃণার ভঙ্গী করা)। ... **মুখচন্দ্র** — চাঁদমুখ, চাঁদের মত সুন্দর মুখ। ... **মুখচন্দ্রিকা** — বরকন্যার শুভদৃষ্টি। ... **মুখচুন**] লজ্জা নৈরাশ্য ইঃর জন্য পাংশুমুখ ('—করা, হওয়া')। ... **মুখচোরা**] কথা কহিতে কুণ্ঠিত, লাজুক। ... **মুখচ্ছবি** — মুখশ্রী। ... **মুখঝামটা, -নাড়া**] ভর্ৎসনা ('—দেওয়া, খাওয়া')। ... **মুখপত্র** — **মুখপাত**] ভূমিকা, আরম্ভ।... **মুখপদ্ম** —পদ্মের তুল্য সুন্দর মুখ। ... **মুখ-পাত্র**— অগ্রণী। ... **মুখপোড়া**] যাহার মুখ পোড়া, গালি বিঃ।... **মুখফোড়**] স্পষ্টবক্তা। ... **মুখবংশ** — মুখোপাধ্যায় বংশ। ... **মুখবন্ধ** — ভূমিকা। ...

**মুখব্যাদান** — মুখবিস্তার, হাঁ ('— করা')। ... **মুখভঙ্গী**—মুখের ভঙ্গী, মুখবিকৃতি। ... **মুখভার**] ক্রোধ অভিমান বা দুঃখের জন্য গম্ভীর মুখ ('—করা') ... **মুখমণ্ডল** — মস্তকের সম্মুখভাগ। **মুখরক্ষা** — মানরক্ষা, saving face. ... **মুখরুচি** — মুখশ্রী — মুখের কান্তি। ... **মুখরোচক** — সুস্বাদু। ... **মুখশুদ্ধি** — ভোজনের পর তাম্বুলাদি চর্বণ। ... **মুখশোষ**— মুখবিবরের শুষ্কতা। ... **মুখসর্বস্ব** — কথায় পটু কিন্তু কাজে অক্ষম যে ... **মুখসাপট** — অকেজো লোকের মুখে আস্ফালন। ... **মুখস্থ** — কণ্ঠস্থ, অভ্যস্ত ('পড়া করা')। মুখে স্থিত। **মুখর** — বাচাল, অতিভাষী। শব্দায়মান ('— মঞ্জীর')। অগ্রবর্তী। ... স্ত্রী. **মুখরা**। ... **মুখরিত** — ধ্বনিত। **মুখটি** — মুখোপাধ্যায় ব্রাহ্মণদের গাঁই। **মুখড়**] — গোরুর মুখবাঁধা দড়ি। **মুখাগ্নি** — মৃতসৎকারকালে শবের মুখে অগ্নিস্পর্শ। **মুখানো** / **মুখনো** [√ মুখা-১৪] উদ্‌গ্রীব বা অগ্রবর্তী হইয়া থাকা ('যাবার জন্য মুখিয়ে আছে') **মুখাপেক্ষা** — অন্যের উপর নির্ভর। ... **মুখাপেক্ষী** (-ক্ষিন্)—যে তাহা করে। **মুখামুখি** / **মুখোমুখি**] পরস্পরের অভিমুখে। **মুখামৃত** — থুতু। **মুখি**] ওল ইঃর ছোট ফেঁকড়া বা অঙ্কুর। **-মুখী** — (স্ত্রী) মুখবিশিষ্টা ('চন্দ্র-, পোড়ার-')। অভিমুখী ('অন্তর্মুখী'। -মুখো দেখ)। ... **-মুখী** (-মুখিন্, পুং। পুংলিঙ্গে 'গৃহমুখী' ইঃ বিরল, 'গৃহমুখ' ইঃ বেশী চলে।)

**মুখুজ্জে** — মুখটি গাঁইএর ওঝা — মুখোপাধ্যায়।
**মুখে মুখে** ] লোকপরম্পরায় শুনিয়া ('— রটনা')। না লিখিয়া, পূর্বে প্রস্তুত না হইয়া ('— কবিতা রচনা')
**-মুখো** ] মুখবিশিষ্ট ('হাঙগর-, পোড়ার-')। অভিমুখ ('ঘর-')।...স্ত্রী. **-মুখী** (দেখ)
**মুখোপাধ্যায়** — বাঙালী ব্রাহ্মণ বংশের উপাধি বিঃ, মুখুজ্যে।
**মুখোশ** [ < মুখকোশ ] কৃত্রিম মুখ, মুখাবরণ ('— পরা, খোলা')
**মুখ্য** — প্রধান, শ্রেষ্ঠ, প্রথম ('— ব্যক্তি, কুলীন, অর্থ'। তুঃ গৌণ)। ... **মুখ্য-মন্ত্রী** — প্রধানমন্ত্রী।
**মুগ** ] < মুদ্‌গ, দাল বিঃ। ... **মুগ-সামলী** — মুগেরদাল দিয়া তৈরী পিঠা।
**মুগা** ] মোটা রেশম বিঃ।
**মুগধী** ] — মূঢ়া, বোধহীনা (প্রা-সা)
**মুগুর** ] < মুদ্‌গর, গদা ('— ভাঁজা')। বড় হাতুড়ি।
**মুগ্ধ** — মোহযুক্ত। আত্মহারা, বিহ্বল, নিবিষ্ট ('গানে—করা, হওয়া। -দৃষ্টি')। বশীভূত ('চাটুবাক্যে —')। বাল্যের সরলতা যুক্ত। মনোহর। মূঢ়, নির্বোধ। ... স্ত্রী. **মুগ্ধা**। — নায়িকা বিঃ, প্রণয়ীর প্রতি যাহার একান্ত বিশ্বাস থাকে, সরলা বালা। ... **মুগ্ধবোধ** — বোপদেব রচিত সংস্কৃত ব্যাকরণ।
**মুঘল** (মোগল দেখ)
**মুচকি** ] ঈষৎ, যাহাতে মুখ ফাঁক হয় না ('— হাসি'। তুঃ স্মিত)। ... **মুচকিয়া হাসা / মুচকে —** ] স্মিত হাস্য করা।
**মুচুকাই** ] — মুচকি মুচকি (ব্র-বু)
**মুচড়ানো / মুচড়নো, মোচড়ানো** [ √ মুচ্‌ড়া-১৯ ] দুমড়ানো, পাক দেওয়া। ( § মোচড়)
**মুচমুচ** (মচমচ দেখ)
**মুচলেকা** [তু. মুচল্‌কাহ্‌] অঙ্গীকারপত্র, bond.
**মুচি** ] < মুষা, ধাতু গলাইবার পাত্র, crucible. ছোট সরা। নবজাত নারিকেল ইঃ ফল।
**মুচী, মুচি** [ প্রাচীন ইরানীয় ] চর্মকার, চামড়ার জিনিস যে তৈয়ার করে। অন্ত্যজ জাতি বিঃ।
**মুচুকুন্দ** (মুচ- বিরল) — গাছ বা ফুল বিঃ। পুরাণে মান্ধাতার পুত্র।
**মুচ্ছুন্দী** (মুৎসদ্দী দেখ)
**মুছলমে** [ আ. মুসল্লম- ] একবারে, মোটেই।
**মুছা, মুছানো** (মোছা দেখ)
**মুজরা** [ আ ] নৃত্যগীতের পরীক্ষা বা প্রদর্শন বা প্রতিযোগিতা। প্রাপ্য টাকা হইতে ছাড়। rebate
**মুঞ্জ** — তৃণ বিঃ, মুজ ঘাস (দড়ি হয়)
**মুঝে** ] — আমাকে (ব্র-বু)
**মুঞি** ] — আমি (ব্র-বু)
**মুট** ] — মুঠা। বাঁট। ... **মুটকলমে** — কলমকে মুঠার মধ্যে ধরিয়া। (লিখন)।
**মুটকি** ] — মুষ্টাঘাত। (প্রা-সা)
**মুটিয়া, মুটে** ] — মোটবাহী।
**মুঠ** ] < মুষ্টি। হাতল, বাঁট।
**মুঠা, মুঠি / মুঠো** ] ষা. < মুষ্টি, আঙুলমোড়া হাত। আয়ত্ত ('মুঠোর মধ্যে')। ... ণ. মুঠার মধ্যে যত ধরে ('একমুঠ চাল')। দৈনিক প্রত্যেক ভিখারীকে একমুষ্টি বা একাধিক মুষ্টি চাউল ভিক্ষা দানের স্থায়ী ব্যবস্থাকেও মুঠি বলে।
**মুড়কি** ] গুড় বা চিনি মাখানো খই।
**মুড়মুড়** ] কুড়কুড় (দেখ)। ... ণ. **মুড়-মুড়ে** ] ('— মুড়ি')

**মুড়লা** — বরের মোড়।

**মুড়া১ / মুড়ো]** < মুণ্ড ('মাছের —')। অগ্রভাগ।

**মুড়া ২ / মুড়ো]** মুণ্ডিত ('— মাথা')। ক্ষয়প্রাপ্ত ('— ঝাঁটা')। ... **মুড়ানো / মুড়নো, মোড়ানো** [√ মুড়া -১৪। < মুন্ড্] মুণ্ডন করা, নেড়া করা ('মাথা —') ছাঁটা ('গাছ —')। ... ণ. (উক্ত সকল অর্থে)

**মুড়া ৩, মুড়ো]** — ন্যাড়া। অঙ্গহীন। ছিন্নাগ্র। ... **মুড়োগাছ** — যে গাছের উপরের দিকে ডালপালা নাই। ... **মুড়োমাথা** — যে মাথার চুলগুলি চাঁচিয়া ফেলা হইয়াছে। ... **মুড়োঝাঁটা** — যে ঝাঁটা অবিরত ব্যবহারের ফলে আগা ক্ষয় পাইয়াছে এবং কাঠিগুলি ধারালো হইয়াছে।

**মুড়া ৪** (মোড়া ২ দেখ)

**মুড়া মাখন / মুড়ো —]** নির্জল মাখন।

**মুড়ি]** ফাঁপা হালকা ভাজা চাল। মুণ্ড, মুড়া ('মাছের-ঘণ্ট')। কাপড় ইঃর ভাঁজ-করা কিনারা ('-সেলাই')। বস্ত্রাদিদ্বারা আবরণ ('লেপ — দেওয়া') নর্দমা, নালী। কাগজের যে অংশ মুড়ানো থাকে; যেমন চেকমুড়ি।

**মুড়ো** (মুড়া ১, মুড়া২ দেখ)। **প্রস্তে** (এ মুড়ো থেকে ও মুড়ো)

**মুণ্ড** — মস্তক ('মুণ্ডচ্ছেদ, -মালা')। ... **মুণ্ডপাত** — মস্তক ছেদন। (ব্যঙ্গে) শাস্তি, নিগ্রহ।

**মুণ্ডক** — ক্ষৌরকার।

**মুণ্ডন** — কেশকর্তন, মুড়ানো ('মস্তক-, কেশ-, শ্মশ্রু-')। কর্তন, ছাঁটা। ... ণ. **মুণ্ডিত**। ... **মুণ্ডা** — আদি জাতি বিঃ।

**মুণ্ডি** (মণ্ডা দেখ)

**মুত]** < মূত্র।

**মুতা, মুতানো** (মোতা দেখ)

**মুতফরক্কা** [আ. মুতফর্‌রিক] বিবিধ। নগণ্য।

**মুৎসদ্দী/মুচ্ছুদ্দী** [আ. মুতসদ্দী] ভার-প্রাপ্ত কর্মচারী, agent.

**মুতাবিক** (আ) — অনুরূপ।

**মুতালিক** (আ) — সংক্রান্ত।

**মুথা / মুঃথা** [< মুস্ত] সুগন্ধ মূল-বিশিষ্ট ঘাস বিঃ।

**মুদা** [√ মুদ্-১০। <মুদ্রা] নিমীলিত করা, বোজা ('চক্ষু —')

**মুদারা** — সঙ্গীতের স্বরগ্রামের ত্রি-সপ্তকের মধ্য স্বরধ্বনি।

**মুদিত ১** — আনন্দিত, হৃষ্ট।

**মুদিত ২]** < মুদ্রিত, নিমীলিত ('চক্ষু — করা')

**মুদী, -দি]** চাল দাল নুন তেল ইঃর বিক্রেতা।...**মুদীখানা]** মুদীর দোকান।

**মুদ্‌গ** — মুগ, দাল বিঃ। ... **মুদ্‌গগিরি** মুঙ্গেরের প্রাচীন নাম।

**মুদ্গর** — মুগুর (দেখ)

**মুদ্গল** — মৌদ্গল্য গোত্রপ্রবর্তক ঋষি।

**মুদ্দই** [আ] বাদী, ফরিয়াদী।

**মুদ্দত** [আ] নির্ধারিত সময়, মেয়াদ।... ণ. **মুদ্দতী** — যাহার মেয়াদী কাল বিগত।

**মুদ্দাফরাশ** (মুর্দা- দেখ)

**মুদ্রণ** — নিমীলন। ছাপাই, printing; stamping; চাপ দিয়া নির্দিষ্ট আকারে গঠন। (§ মুদ্রিত)

**মুদ্রা** — টাকা পয়সা ইঃ। সীলমোহর ('মুদ্রাঙ্কিত')। সীল-আংটি ইঃ নিদর্শন। ছাপ, print, impression. দেবার্চনাদিতে অঙ্গুলিবিন্যাস বিঃ। হস্তমুখাদিভঙ্গী। পঞ্চ ম-কারের এক,

মদের চাট। ... **মুদ্রাকর** — বহি ইঃ যে ছাপে। ... **মুদ্রাকরপ্রমাদ** — ছাপার ভুল। ... **মুদ্রাক্ষর** — ছাপিবার টাইপ। ... **মুদ্রাঙ্কন** — মুদ্রণ, ছাপানো, ছাপ লাগানো। ... ণ. **মুদ্রাঙ্কিত**। ... **মুদ্রাদোষ** — স্বভাবগত বিশিষ্ট অঙ্গভঙ্গী বাগ্‌-ভঙ্গী ইঃ। ... **মুদ্রাযন্ত্র** — ছাপার কল।

**মুদ্রাশঙ্খ** [< মৃদ্দারশৃঙ্গ] সীসকভস্ম বিঃ, litharge.

**মুদ্রিকা** — ছাপ। ছাপদেওয়ার অঙ্গুরী।

**মুদ্রিত** — ছাপা, মুদ্রাঙ্কিত। নিমীলিত।

**মুধনী]** — খড়ের চালের মাথার কাঠ। যাহার গায়ে চারিদিকের রুয়া লাগানো থাকে।

**মুনশী** [আ] কেরানী, লেখক। উর্দু শিক্ষক। বিদ্বান্‌। ... **মুনশীয়ানা]** রচনা-চাতুর্য। দক্ষতা। লিখন।

**মুনসেফ** [আ.-সিফ] দেওয়ানী আদালতের বিচারক বিঃ।

**মুনাফা** [আ] / **মুনফা]** লাভ, উপ-স্বত্ব।

**মুনাসিব** [আ] — উপযোগী। মনের মতো।

**মুনি** — তপস্বী, ঋষি। মৌনী। ... **মুনিব** — (মনিব দেখ)।

**মুনিয়া]** বিবিধ বর্ণের ছোট পাখি বিঃ।

**মুফ্‌ৎ** [আ.], **মুফ্‌ত]** বিনামূল্যে, অমনি।

**মুফলিস** [আ] — নিঃসম্বল, দেউলিয়া।

**মুমুক্ষু** — মোক্ষেচ্ছু, মুক্তিপ্রার্থী। ... ষ্য. **মুমুক্ষা**।

**মুমূর্ষু** — মরণাপন্ন। ... **মুমূর্ষা** — মরণেচ্ছা।

**মুয়াজ্জিন** (আ.) — মসজিদের মিনার হইতে ভগবানের নামে জনগণকে যে নামাজের জন্য আহ্বান করে।

**মুরগি, মুর্গি** [ফা. মুর্গ্‌] কুক্কুট বা কুক্কুটী। ... **মুরগী, মুর্গী]** কুক্কুটী। (তুঃ মোরগ)

**মুরচঙ্গ]** — বাদ্য যন্ত্র বিঃ।

**মুরচা** [ফা] — দুর্গের পরিখা, প্রাকার।

**মুরছা, মু-]** < মূর্ছা (পদ্যে। ক্রি. 'মুরছিল')। ... **মুরছিত]** < মূর্ছিত।

**মুরজা** — মৃদঙ্গ (দেখ)

**মুরতি, মুরতি]** < মূর্তি (পদ্যে)

**মুরদী** — মূর্তি।

**মুরদ** [আ. মুরাদ] সামর্থ্য, পুরুষত্ব।

**মুরব্বী** [আ] / **মুরুব্বী]** রক্ষক, অভি-ভাবক, উপদেষ্টা। ... ষ্য. **মুরব্বীয়ানা/ -রু-]** (প্রায় ব্যঙ্গে)

**মুরলা**—কেরল দেশের নদী বিঃ (মতান্তরে নর্মদা)

**মুরলী** — বাঁশি। ... **মুরলীধর** — কৃষ্ণ।

**মুরা** — মহারাজ চন্দ্রগুপ্তের মাতা।

**মুরারি** — কৃষ্ণ, মুর-দৈত্য-নাশক।

**মুরি, মুড়ি]** নরদমা, জলনালী।

**মুর্গা** — একরূপ কণ্টকিত ক্ষুপবৃক্ষ যাহার তন্তু হইতে ধনুর্গুণ নির্মিত হইত।

**মুর্মুর** — তুষানল।

**মুর্গি, মুর্গী** (মুরগি দেখ)

**মুর্দা** [ফা. মুর্দহ্‌] শব।...**মুর্দাফরাশ/ মুদ্দা-, মুদ্দো-** [ফা. -ফারোশ] যে শব বহে ও পোড়ায়, অবনত জাতি বিঃ।

**মুলতবী** [আ. -বী.] স্থগিত ('—রাখা')

**মুলতান]** রাগিণী বিঃ। পশ্চিম পঞ্জাবের নগর বিঃ।

**মুলা / মুলো]** < মূলক, কন্দ বিঃ, radish (তরকারি)

**মুলুক, "মুল্লুক"** [আ. মুল্‌ক্‌] দেশ।

**মুশকিল** [আ] সংকট, বিঘ্ন, বাধা ('— বাধানো, করা। মুশকিলে পড়া, ফেলা')।

'-আসান' — সংকটনিবারণ)

**মুষড়ানো / মুষড়নো, মোষড়ানো** [ √ মুষ্ড়া-১৯ ] নিরুৎসাহ বা বিষণ্ন হওয়া, দমিয়া যাওয়া। শুষ্কপ্রায় হওয়া।

**মুষল** (মুশল, মুসল বিরল) — মুদ্গর। ঢেঁকির মোনা। হামানদিস্তার ডাঁটি।... **মুষলধার, -ধারা** — মুষলতুল্য স্থূল ধারা ('মুষলধারে বৃষ্টি')

**মুষা, মূষা** — ধাতু গলাইবার পাত্র মুচি।

**মুষ্ক** — অণ্ডকোষ।

**মুষ্টি** — ষ্য. মুঠি, মুঠা, আঙুল-মোড়া হাত ('-যুদ্ধ')। মুঠ, হাতল, hilt ('খড়্গের —')।... ণ. মুঠার ভিতর যত ধরে ('এক-')। ... **মুষ্টিবদ্ধ** — মুঠা-বাঁধা। ... **মুষ্টিভিক্ষা** — এক মুঠা চাল ইঃ ভিক্ষা। ... **মুষ্টিমেয়** — মুষ্টি-পরিমিত, অল্পমাত্র। ... **মুষ্টিযোগ** — টোটকা ঔষধ।

**মুসব্বর** [ আ ] গন্ধদ্রব্য বিশেষ।

**মুসম্মত** [ ফা ] — শ্রীমতী শ্রীযুক্তার অনুরূপ মুসলমানী পাঠ।

**মুসলমান** [ ফা ] মহম্মদ-প্রবর্তিত ধর্মাবলম্বী বা তৎসম্বন্ধীয়, মোসলেম ('— ধর্ম, সভ্যতা, রাজত্ব')। ... **মুসলমানী** ] মুসলমান নারী। মুসলমান সম্বন্ধীয়।

**মুসলিম** [ আ ], **মোসলেম** ] মুসলমান।

**মুসা** (Moses) — ইহুদী জাতির ধর্ম-বিধিপ্রবর্তক মহাপুরুষ।

**মুসাফির** [ আ ] পথিক। ... **মুসাফির-খানা** ] পান্থশালা।

**মুসাবিদা** [ আ. মুসব.ব.দহ্ ] খসড়া, পাণ্ডুলিপি।

**মুসায়েরা** [ ফা ] — কবিসম্মেলন।

**মুহরি/মুহুরি** ] পেঁচের মুখে যে ধাতু-খণ্ড আঁটা হয়, nut. সচ্ছিদ্র লৌহ যাহার উপর ধাতুর চাদর রাখিয়া বিঁধ করা অথবা টোপ তোলা হয়। মুরি, জলনালী বা তাহার ঝাঁঝরি।

**মুহরী / মুহুরী** [ আ. মুহর্‌রির ] কেরানী বিঃ।

**মুহুঃ** (মুহুস্) — পুনঃ। সদ্যঃ। ... **মুহুর্মুহুঃ** — বার বার, পুনঃ পুনঃ।

**মুহূর্ত** — দিবারাত্রের ১/৩০ ভাগ, ৪৮ মিনিট। অত্যল্প কাল ('-মধ্যে। সেই মুহূর্তে')

**মুহ্যমান** — অশুদ্ধ প্রয়োগ (মোহ্যমান দেখ)

**মূক** — বোবা, বাক্‌শক্তিহীন। ... স্ত্রী. **মূকা**। ... ষ্য. **মূকতা**।

**মূঢ়** — মোহাবিষ্ট, মুগ্ধ। নির্বোধ, অজ্ঞান, জড়। ... স্ত্রী. **মূঢ়া**। ... ষ্য. **মূঢ়তা**।

**মূত্র** — মুত, প্রস্রাব ('-ত্যাগ')। ... **মূত্র-কৃচ্ছ্র** — রোগ বিঃ, মূত্রনিঃসরণে কষ্ট। ... **মূত্রনালী** — *যে নালী দিয়া মূত্রাশয়* হইতে মূত্র আসে, urethra. ... **মূত্রাশয়** — উদরমধ্যে যেখানে মূত্র থাকে, বস্তি, bladder.

**মূরুছা**, (মূ- দেখ) ব্র-বু।

**মূর্খ** — বোকা, নির্বোধ। অজ্ঞ, অশিক্ষিত। ... ষ্য. **-তা, -ত্ব**। মুরখ (ব্রবু)

**মূর্ছনা** — সংগীতে স্বরগ্রামের আরোহণ বা অবরোহণের ক্রম। প্রতিফলন। ঔষধের সংস্কার বিঃ (যথা গন্ধকযোগে পারদ চূর্ণন)

**মূর্ছা** — চৈতন্যলোপ, মোহপ্রাপ্তি ('— যাওয়া। -ভঙ্গ')। ... **মূর্ছিত** — মূর্ছা-গত। প্রতিফলিত।

**মূর্ত** — মূর্তিযুক্ত, সাকার।

**মূর্তি** — আকৃতি, দেহ, চেহারা, ('দীর্ঘ-, সৌম্য-')। প্রতিমা ('-নির্মাণ, -পূজা')। ... **মূর্তিমান্** (-মৎ) — দেহধারী, সাকার। ... স্ত্রী. **-মতী**।

**মূর্ধন্য**—(মূঃ মস্তক সম্বন্ধীয় বা হইতে উচ্চার্য) বক্র জিহ্বাগ্র তালুতে স্পৃষ্ট করিয়া উচ্চার্য, cerebral (বর্ণ। ঋ ট-বর্গ র ষ)

**মূর্ধা** (মূর্ধন্)—মস্তক। ... **মূর্ধাভিষিক্ত** — মস্তকে তীর্থজলাদি সেচন করিয়া যাহাকে রাজপদে অধিষ্ঠিত করা হইয়াছে। রাজন্য। ক্ষত্রিয়। ... ষ্য. **মূর্ধাভিষেক।**

**মূর্বা, মূর্বী**—গুল্ম বিঃ, bow-string hemp. (ছালে ধনুর্গুণ হয়)। (§ মৌর্বী)

**মূল** — ষ্য. শিকড়, গোড়া ('মূলে' — গোড়াতে, মোটে)। আদিকারণ, উৎপত্তি-স্থান ('রোগের, জগতের—')।...ণ. আদ্য, প্রথম, original ('— গ্রন্থ')। প্রধান '-নীতি')। (§ মূল্য, মৌল, মৌলিক)। ... **মূলগায়েন** ] প্রধান গায়ক। ... **মূলধন** —পুঁজি, যে অর্থ লইয়া কারবার আরম্ভ হয়, capital. ... **মূলপদার্থ** — যে পদার্থগুলি এক একাধিক পদার্থের মিশ্রণে উৎপন্ন নয়। যেমন—পারদ গন্ধক ইত্যাদি। ... **মূলমন্ত্র** — বীজ-মন্ত্র। প্রধান সংকল্প। ... **মূলহর** — পিতৃপুরুষদের অর্জিত সম্পত্তি যে নষ্ট করে।

**মূলক** — মূলা (দেখ)

**-মূলক**—মূল- বা হেতু-বিশিষ্ট; ভিত্তি; যুক্ত ('ভ্রান্তি-, ধর্ম-')

**মূলা** — নক্ষত্র বিঃ।

**মূলাধার** — মূল কারণ। (যোগশাস্ত্রে) গুহ্য ও লিঙ্গের মধ্যবর্তী অঙ্গুলিদ্বয়-পরিমিত স্থান।

**মূলীভূত** — আদিকারণস্বরূপ।

**মূলোচ্ছেদ, মূলোৎপাটন** — নির্মূলীকরণ।

**মূল্য**—দাম, পণ। বেতন, মজুরি, ভাড়া। ... **মূল্যবান্** (-বৎ) — বহুমূল্য।

**মূষা** (মূষা দেখ)

**মূষিক** (-ষী- বিরল) — ইঁদুর, rat, mouse. ... স্ত্রী. **-কা।**

**মৃগ**—হরিণ। পশু ('শাখা-')। ... স্ত্রী. **মৃগী।** — অপস্মার রোগ, "মিরগি", epilepsy (আক্ষেপ হয়)। ... **মৃগতৃষা, -তৃষ্ণা, -তৃষ্ণিকা** — মরীচিকা। ... **মৃগনাভি, মৃগমদ** — মৃগবিশেষের নাভির নিকট কোষে জাত গন্ধদ্রব্য, কস্তুরী। ... **মৃগয়া** — শিকার, বন্য পশুপক্ষী বধ। ... **মৃগরাজ** — সিংহ। ... **মৃগশিরা, মৃগশীর্ষ** — নক্ষত্র বিঃ। ... **মৃগাক্ষ**—হরিণনয়না। ... **মৃগাজিন** — হরিণের চামড়া। ... **মৃগাজীব** — ব্যাধ। ... **মৃগাবিৎ** — শিকারী। ... **মৃগাঙ্ক** — (মূঃ মৃগচিহ্নিত) চন্দ্র।

**মৃগেন্দ্র** — সিংহ।

**মৃগেল, মিরগেল** ] বড় মাছ বিঃ।

**মৃগ্য** — অন্বেষণীয়।

**মৃড়** — শিব।

**মৃণাল** — পদ্মের কোমল শ্বেত কন্দ (ভক্ষ্য। '-ধবল, -বাহু')। পদ্মের নাল বা ডাঁটা। ... **মৃণালিনী** — পদ্মের ঝাড়। পদ্ম।

**মৃৎ** (মৃদ্) — (স্ত্রী) মাটি ('মৃৎপাত্র, মৃদ্ভাণ্ড)

**মৃত** — যে মরিয়াছে, প্রাণহীন। ... **মৃতক** —মৃতদেহ। মরণাশৌচ। ... **মৃতকল্প** — মৃতপ্রায়। ... **মৃতদার** — বিপত্নীক। ... **মৃতবৎসা**—যে স্ত্রীর সন্তান বাঁচে না, মড়ঞ্চে। ... **মৃতসঞ্জীবনী** — যাহাদ্বারা মৃতকে জীবিত করিতে পারা যায়।

**মৃতক** — মৃতব্যক্তি। মৃতদেহ।

**মৃতাপত্যা** — মৃতবৎসা (দেখ)

**মৃতাশৌচ** — মরণাশৌচ (দেখ)

**মৃত্তিকা** — মাটি।

**মৃত্যু** — প্রাণত্যাগ, মরণ। যম। ... **মৃত্যুঞ্জয়** — শিব। মরণজয়ী।

**মৃদঙ্গ** — দুই দিকে চর্মযুক্ত বাদ্যযন্ত্র বিঃ, মুরজ, পাখোয়াজ বা খোল।

**মৃদঙ্গার** — পাথুরে কয়লা।

**মৃদু** — কোমল, নরম ('— শয্যা, স্পর্শ')। ধীর, অদ্রুত ('-মন্দ, -গতি। — সমীরণ')। অল্প, অতীক্ষ্ণ, অনুচ্চ ('— উত্তাপ। -স্বর')। শান্ত ('-স্বভাব')। — ষ্য. -তা, **মার্দব**। ... **মৃদু জল** — যে জলে লবণ ক্ষার ইঃর পরিমাণ অত্যল্প, soft water (তুঃ খর —)। ... **মৃদুল** — কোমল।

**মৃন্ময়** — মৃত্তিকানির্মিত। ... স্ত্রী. **-য়ী**।

**মৃষা** — মিথ্যা, অনর্থক।

**মৃষ্ট** — মার্জিত। শোধিত।

**মে** [ ই ] ইংরেজী বৎসরের পঞ্চম মাস।

**মেওয়া** [ ফা. মেওঅ ] কাবুল আরব ইঃ হইতে আনীত ফল, বাদাম পেস্তা বেদানা ইঃ।

**মেকদার** (আ) — পরিমাণ, আকৃতি প্রকৃতি, মূল্য।

**মেকী** ] কৃত্রিম, জাল, নকল ('— টাকা')

**মেকুড়** ] — অলস, ঢিমে, কর্মকুণ্ঠ।

**মেকুর** — বিড়াল।

**মেখলা** — কটিভূষণ, girdle. খড়্গবন্ধ, sword-belt.

**মেঘ** — ঘন, জলধর, জীমূত, নীরদ, পয়োদ, বলাহক, বারিদ ('— করা, ডাকা, কেটে যাওয়া। মেঘ-গর্জন, -জাল, -মালা')। সংগীতের রাগ বিঃ। ... **মেঘডম্বর** — মেঘবর্ণ বা নীলাম্বরি শাড়ির প্রাচীন নাম। ... **মেঘদূত** — কালিদাসবিরচিত কাব্য বিঃ। ... **মেঘনাদ** — রাবণপুত্র ইন্দ্রজিৎ। মেঘগর্জন। ... **মেঘবাহন** — ইন্দ্র। ... **মেঘমন্দ্র** — মেঘের গম্ভীর ধ্বনি। ... **মেঘমল্লার** — সংগীতের রাগিণী। ... **মেঘলা** ] মেঘাচ্ছন্ন। ... **মেঘাগম**—বর্ষাকাল। মেঘের প্রাদুর্ভাব। ... **মেঘাড়ম্বর, মেঘডম্বর** — মেঘের গর্জন। ঘনঘটা। ... **মেঘাত্যয়** — শরৎকাল। মেঘের অভাব।

**মেচেতা, মেছেতা** ] মুখে কাল কাল দাগ, freckles ('— পড়া')

**মেছুনী** ] মৎস্যজীবিনী।

**মেছুয়া / মেছো** ] ষ্য. জেলে, মৎস্যজীবী। ... ণ. মাছ সম্বন্ধীয়, মাছের মত ('— গন্ধ')। মাছখেকো ('-কুমির')। ... **মেছোহাটা** ] মাছের বাজার।

**মেজ** [ ফা. মেজ. ] টেবিল। (মেঝো দেখ)

**মেজাজ** [ আ. মিজা.জ ] মনের অবস্থা ('খোশ-। — খারাপ')। প্রকৃতি, temper ('বদ-')। শারীরিক অবস্থা। ... **মেজাজী** ] গরম যাহার মেজাজ। খামখেয়ালী। ('ঠাণ্ডা-')। দাম্ভিক।

**মেঝে / মেজে** ] গৃহাদির তল।

**মেঝো / মেজো** [ < মধ্য- ] মধ্যম, দ্বিতীয় ('— ভাই'। সংক্ষেপে — **মেজ-** ]। 'মেজদা')

**মেটা** (মিটা বিরল) [ √ মিট্-৯ ] চুকা, নিষ্পন্ন হওয়া, অবসান হওয়া ('কাজ, ঝগড়া —')। ... **মিটানো / মিটনো, মেটানো** [ √ মিটা-১৬ ] চুকানো, শেষ করা, নিষ্পত্তি করা ('ঝঞ্ঝাট, ঝগড়া, হিসাব —')

**মেটে ১** ] মাটির তৈয়ারী ('— কলসী, ঘর')। মাটির তুল্য ('— গন্ধ, রং')

**মেটে ২, মেটুলি** ] নিহত পশুর যকৃৎ ('পাঁটার —')

**মেটেল** — পলিমাটিতে ভরা (— জমি)

**মেঠাই** (মিঠাই দেখ)

**মেঠো** ] মাঠ সম্বন্ধীয় ('—হাওয়া')

**মেড়া** [ < মেঢ্র ] ভেড়া। ভেড়ার তুল্য বোকা। ... **মেড়াপোড়া** ] (নেড়াপোড়া দেখ)

**"মেড়ুয়াবাদী, মেড়ো"** ] হিন্দুস্থানী বা মারোয়াড়ী (অবজ্ঞায়)

**মেডেল** [ ই medal ] প্রশংসা বা সম্মানের নিদর্শনস্বরূপ ধাতুময় অলংকার, পদক।

**মেঢ্র** — লিঙ্গ। মেড়া।

**মেথর** [ ফা. মিহ্তর ] যে ময়লা সাফ করে, ঝাড়ুদার। ... স্ত্রী. **মেথরানী** ]

**মেথি** [ < মেথিকা, মেথী ] বীজ বিঃ, fenugreek (মসলা)। (মাথি দেখ)

**মেদ** — চর্বি, বসা ('-বৃদ্ধি')

**"মেদা"** ] মাদীর তুল্য, নিস্তেজ, অকর্মণ্য, "মেদামারা"।

**মেদি** (মেহেদি দেখ)

**মেদিনী** — পৃথিবী।

**মেদুর** — স্নিগ্ধ, কোমল, চিক্কণ। শ্যামবর্ণ, ঘোর (যথা — মেঘে আকাশ)

**মেধ** — যজ্ঞ ('অশ্ব-')। (§ মেধ্য)

**মেধা** — বুঝিবার ও ধারণা করিবার শক্তি। স্মৃতিশক্তি। ... **মেধাবী** (-বিন্) — মেধাবান্, স্থিরবুদ্ধি। ... স্ত্রী. **-বিনী**।

**মেধ্য** — যজ্ঞীয়। পবিত্র।

**মেনা, মেনকা** — হিমালয়পত্নী, উমার মাতা। অপ্সরা বিঃ, শকুন্তলার জননী।

**মেনী** ] বিড়ালী (আদরে)। ... **"মেনী-মুখো"** ] লাজুক।

**মেনে** ] মনে হয়। কথার মাত্রা। (মেয়েলী। প্রা-সা)।

**মেম** [ই. ma'am, madam] ইওরোপীয় নারী। (সম্মানে মেমসাহেব ])

**মেম্বর** (ই) — সদস্য, সভ্য।

**মেয়** — পরিমাপযোগ্য ('মুষ্টি-')। জ্ঞেয়, অনুমেয়।

**মেয়াদ** (মিয়াদ দেখ)

**মেয়ে** ] ষ্য. কন্যা, তনয়া, দুহিতা ('অমুকের —')। বালিকা ('স্কুলের —')। স্ত্রীলোক ('-যজ্ঞি')। ... ণ. স্ত্রী ('-মানুষ')। ... **মেয়েলী** ] স্ত্রীলোকের তুল্য, স্ত্রীসুলভ ('— কথা, বুদ্ধি')

**মেরজাই** [ ফা. মীরজা.ই ] খাটো জামা বিঃ।

**মেরা** ] আমার (ব্র-বু)

**মেরাপ** [ আ. মিহ্রাব ] আচ্ছাদন, মণ্ডপ ('— বাঁধা')

**মেরামত** [ আ. মরম্মৎ ] জীর্ণসংস্কার। ... **মেরামতি** ] মেরামতের কাজ বা মজুরি।

**মেরু** — পৃথিবীর উত্তরদক্ষিণগত কেন্দ্র-রেখার প্রান্ত, pole ('উত্তর-, দক্ষিণ-')। জপমালার গ্রন্থিবীজ। (সুমেরু দেখ)। ... **মেরুজ্যোতিঃ, মেরুপ্রভা** — অরোরার আলোকচ্ছটা। ... **মেরুদণ্ড** — শিরদাঁড়া, backbone. ... **মেরুদণ্ডী** (-ণ্ডিন্) যে প্রাণীর শিরদাঁড়া আছে, vertebrate. .. **মেরুরেখা**—পৃথিবীর বা কোনও ঘূর্ণমান বস্তুর কেন্দ্ররেখা, axis.

**মেল** — মিলন, ঐক্য। বিবাহে কুলের মিলন ('ফুলিয়া —')

**মেলক** — মিলনকারক।

**মেলন** — সভাদিতে লোকসমাগম। একত্র করণ।

**মেলা ১** — বিক্রেতা ক্রেতা ও দর্শকের সমাগম; প্রদর্শনী; পর্বাদির জন্য লোক-সমাগম।

**মেলা ২** ] অনেক, বহু ('— জিনিস, কথা')

**মেলা ৩** (মিলা বিরল) [ √ মিল্-১। < মিল্ ] একত্র হওয়া, যুক্ত হওয়া ('সকলে মিলিয়া')। মিশ্রিত হওয়া। জোটা, প্রাপ্ত হওয়া ('বাজারে মাছ, অমুকের সাক্ষাৎ, চাকরি —')। সদৃশ বা সমান হওয়া, খাপ

খাওয়া ('জোড়, রং, মত —')। ঠিক হওয়া ('অঙ্ক —')। মিল বিশিষ্ট হওয়া ('পদ্য —')। ... **মেলামেশা**] সাক্ষাৎকার ও সঙ্গ, সংসর্গ। ... **মিলানো/মিলনো, মেলানো** [√মিলা-১৩] মিলিত করা, মিশানো। মিল করা ('পদ্য —')। তুলনা করা। গলিয়া যাওয়া, লীন হওয়া ('মুখে সন্দেশ, আকাশে মেঘ মিলিয়ে গেল')

**মেলা ৪** (মিলা বিরল) [√মেল্-৫। < মীল্] উন্মীলন করা, চাওয়া ('নয়ন মিলিয়া, মেলিয়া। চোখ মেলে দেখা') ... **মেলা**] প্রসারিত করা ('কাপড় মেলে দেওয়া')

**মেলানি** — সাক্ষাৎ। বিদায়। (প্রা-সা)

**মেশা** (মিশা বিরল) [√মিশ্-৯। < মিশ্র] মিলিত হওয়া ('চালে ডালে —')। মিশ্রিত হওয়া, সংসর্গে থাকা ('দলে, কুসঙ্গে —')। ... **মেশামিশি**] সংসর্গ, ঘনিষ্ঠতা। ... **মিশানো / মিশনো, মেশানো** [√মিশা-১৩] মিশ্রিত করা। ... ণ. মিশ্রিত।

**মেষ** — ভেড়া। রাশিচক্রের প্রথম রাশি। ... স্ত্রী. **মেষী**।

**মেস** [ই] যে বাসায় একাধিক লোক থাকে এবং চাঁদা দিয়া বাস ও আহারের খরচ বহন করে।

**মেসো**] মাসীর স্বামী।

**মেহ ১** — মূত্ররোগ, প্রমেহ মধুমেহ ইঃ। (সং) মূত্র।

**মেহ ২** — মেঘ (ব্র-বু)

**মেহগনি** [ই. mahogany] মূল্যবান্ কাঠ বিঃ বা তাহার গাছ।

**মেহন** — লিঙ্গ। মূত্র। মূত্রত্যাগ।

**মেহনত** [আ. মিহ্নৎ] পরিশ্রম। ... **মেহনতি, মেহনতানা**] পারিশ্রমিক।

**মেহেদি, মেদি** [হি. মেহ্দি] ছোট গাছ বিঃ, হেনা (ফুল সুগন্ধ। পাতায় নখ ও পাকাচুল রং করে)

**মেহেরবান** [ফা. মিহ্র-] দয়ালু। ... **মেহেরবানি**] দয়া।

**মৈত্র** — মিত্র সম্বন্ধীয়। ... **মৈত্র, মৈত্রেয়** — বারেন্দ্র ব্রাহ্মণ বংশের উপাধি বিঃ। ... **মৈত্রেয়** — ঋষি বিঃ। বুদ্ধ।

**মৈত্রী, মৈত্র্য** — মিত্রতা, বন্ধুত্ব।

**মৈত্রেয়** — বুদ্ধদেব।

**মৈথিল** — মিথিলা সম্বন্ধীয় বা তদ্দেশ-বাসী। ... স্ত্রী. **মৈথিলী**। — সীতা। মিথিলার ভাষা।

**মৈথুন** — রতি, রমণ, স্ত্রীপুরুষসংগম।

**মৈনাক** — পুরাণোক্ত পর্বত বিঃ, হিমালয়-মেনকার পুত্র।

**মৈরেয়** — প্রাচীন কালের মদ্য বিঃ।

**মো** — আমি (ব্র-বু)

**মোকররী** [আ. মুকর্রর-] যাহার খাজনা নির্দিষ্ট ('—জমি')

**মোকাবিলা** [আ. মুকাবলহ্] বুঝাপড়া, নিষ্পত্তি।

**মোকাম** [আ. ম-] বাসস্থান, আড্ডা। বাণিজ্যস্থান।

**মোক্তা** (-ক্তৃ) — মুক্তিদাতা।

**মোক্তার** [আ. মুখ্তার] ছোট উকিল বিঃ। মোকদ্দমা ইঃ চালাইবার জন্য নিযুক্ত প্রতিনিধি, attorney. ... **মোক্তার-নামা**] মোক্তারনিয়োগপত্র, প্রতিনিধি-রূপে কাজ করিবার অধিকার পত্রী। power of attorney.

**মোক্ষ** — ভববন্ধন হইতে নিষ্কৃতি, কৈবল্য, অপবর্গ ('-লাভ')। মুক্তি ('চন্দ্রগ্রহণের শেষে —')। ... **মোক্ষণ** — মোচন ('রক্ত-')। ... **মোক্ষদা** — মুক্তিদায়িনী। ... **মোক্ষপদ** — মুক্তব্যক্তির অবস্থা।

**মোক্কম** [আ. মহ্কম] দৃঢ়, শক্ত, নির্ঘাত।

**মোগল, মুঘল** [ ফা ] তাতার জাতির শাখা বিঃ। বাবর কর্তৃক ভারতে প্রতিষ্ঠিত রাজবংশ। ... ণ. **মোগলাই** ]

**মোঘ** — ব্যর্থ ('অমোঘ')

**মোচ** ] অগ্রভাগ, ডগা, ('কলমের —')। (মোছ দেখ)। গোঁফ।

**মোচড়** ] **পাক,** twist ('—দেওয়া')

**মোচড়ানো** (মুচড়ানো দেখ)

**মোচন** — মুক্তিদান; খোলা, উদ্‌ঘাটন ('কারা-, বন্ধন-, দ্বার-')। অপনোদন ('পাপ-')। ত্যাগ ('বাণ-, অশ্রু-')। ... ণ. **মোচিত**। ... **মোচনীয়, মোচ্য** — মোচনযোগ্য।

**মোচরস** — শিমুলের আঠা।

**মোচা** — কলার ফলের মঞ্জরী (তরকারি)

**মোছ, মোচ** [ < শ্মশ্রু ] গোঁফ।

**মোছা** (মুছা বিরল) [ √ মুছ্-১০। < প্র-উঞ্ছ্ ] পোঁছা, কাপড় ইঃ দিয়া ঘষিয়া শুষ্ক বা পরিষ্কার করা ('মুখ, ঘর, জল —')। ... **মুছানো / মুছনো, মোছানো** [ √ মুছা-১৪ ] পোঁছানো। অপরের গাত্র ইঃ মোছা।

**মোজা** [ ফা . মোজ.হ্ ] পায়ে পরিবার সুতা পশম ইঃর আবরণ।

**মোট** ] ষ্য. বস্তা, গাঁটরি ('— বাঁধা')। বোঝা, ভার ('—বহা')। ... ণ. সর্বসমেত, সাকল্যে ('—সাড়ে তিন টাকা')। সার, সংক্ষেপে উক্ত ('-কথা')। ( § মোটামুটি) ... **মোটে** ] একবারেই, মুছলমে ('— জানে না')। কেবল ('—এইটুকু')। ... **মোটের উপর** ] সমস্ত বিচার করিয়া ('—মন্দ নয়')

**মোটন** — মটকানো ('অঙ্গুলি-')

**মোটর** [ ই ] গতিজনক যন্ত্র। মোটর গাড়ি। যে যন্ত্র তড়িৎ দ্বারা চালিত হইয়া অপর যন্ত্র চালায়।

**মোটা** ] মাংসল, স্থূলকায় ('— লোক')। স্থূল, অসূক্ষ্ম, মিহি নয়, ('—কাপড়, চাল, সুর গলা')। অতীক্ষ্ণ, ভোঁতা ('— বুদ্ধি, ধার')। অধিক, বড় ('— টাকা, মাহিনা')। যাহাতে নিপুণতা নাই ('— কাজ')

**মোট্টায়িত** — নায়ক বা নায়িকার নাম স্মরণ করাইয়া দিলে যে তাহাদের উল্লাস হয় তাহারই অঙ্গাভিনয়।

**মোটামুটি** ] স্থূল হিসাবে ('— তিন টাকা') স্থূল ভাবে ('—কাজ জানা')। মোটের উপর।

**মোটাসোটা** ] হৃষ্টপুষ্ট।

**মোড় ১** ] — গাভীর দুগ্ধস্থলী।

**মোড় ২** ] বাঁক ('রাস্তার —।— ফেরা')

**মোড়ক** ] পুরিয়া, কাগজ ইঃর আবরণ।

**মোড়ল** ] < মণ্ডল, গ্রামের বা দলের প্রধান ব্যক্তি। ... ষ্য. **মোড়লি** ]

**মোড়া ১** ] মোড়ক। বেতের উঁচু আসন বিঃ। পাক, মোচড় ('— দেওয়া')। আলস্যভঙ্গ ('গা-মোড়া দেওয়া')

**মোড়া ২** (মুড়া বিরল) [ √ মুড়্-১০ ] ভাঁজ করা ('আঙুল, ছুরির ফলা —')। আবৃত করা, জড়ানো, ('কাগজ দিয়ে —। লেপ মুড়ে শোয়া')। ... ণ. (উক্ত সকল অর্থে)। ( § মুড়ি, মোড়া১)

**মোড়ানো** (মুড়া২ দেখ)

**মোণ্ডা** — দুটি ভাগযুক্ত সন্দেশ।

**মোতা** (মুতা বিরল) [ √ মুত্-১০। < মূত্র ] প্রস্রাব করা। ... **মুতানো/ মোতানো, মুতনো** [ √ মুতা-১৪ ] প্রস্রাব করানো।

**মোতাবেক** [ আ. মুতাবিক ] অনুসারে।

**মোতায়েন** [ আ. মুতআইন ] নিযুক্ত ('পাহারা — করা')

**মোতি** ] < মৌক্তিক, মুক্তা।

**মোতিচুর** ] মিহিদানা (দেখ)
**মোতিম** — মুক্তা (ব্র-বু)
**মোতিয়া** ] বেল ফুল বিঃ।
**মোদক ১** — মিষ্টান্ন, লাড়ু।
**মোদক ২** [ < মদক ] ময়রা, জাতি বিঃ।
**মোদিত** — আনন্দিত। আমোদিত।
**মোদের** ] আমাদের; আমাদিগকে (পদ্যে অথবা গ্রাম্য)
**মোদ্দা** [ আ. মুদ্দআ ] কিন্তু। সার, মোট ('-কথা')
**মোনা** ] ঢেঁকির মুষল।
**মোম** [ ফা ] মৌচাকের উপাদান, সিক্থ, wax. ... **মোমজামা** ] মোম ইঃ মাখানো কাপড় যাহা জলে ভেজে না।... **মোমবাতি** ] দীপ রূপে ব্যবহার্য মোম প্যারাফিন চর্বি ইঃর বাতি।
**মোয়া** ] < মোদক, নাড়ু ('খইএর —')
**মোর** ] আমার (পদ্যে অথবা গ্রাম্য)
**মোরগ** [ ফা. মুর্গ্ ] কুক্কুট। ... স্ত্রী. **মুরগী** ] মুর্গী। (মুর্গি দেখ)
**মোরব্বা** [ আ. মু- ] চিনির রসে পাক করা ফলমূল।
**মোরা** ] আমরা (পদ্যে অথবা গ্রাম্য)
**মোরে** ] আমাকে (পদ্যে অথবা গ্রাম্য)
**মোলাকাত** [ আ. মু- ] সাক্ষাৎকার।
**মোলায়েম** [ আ. মুলাইম ] কোমল, নরম, মসৃণ।
**মোল্লা** [ আ. মু- ] মুসলমানদের ধর্মাচরণে পুরোহিতের মতো সহায়ক।
**মোষ** < মহিষ।
**মোষড়ানো** (মুষড়ানো দেখ)
**মোসলেম** (মুসলিম দেখ)
**মোসাহেব** [ আ. মুসাহিব ] খোশামুদে পার্শ্বচর। ... ষ্য. **মোসাহেবি** ]
**মোস্তাজির** [ আ ] — ঠিকাদার।
**মোহ** — মূর্ছা। অজ্ঞান, মূঢ়তা, ভ্রম। অবিবেক, কর্তব্যজ্ঞানাভাব। মায়া, মমতা। (ইঃ মুগ্ধ, মূঢ়, মোহিত)। ... **মোহঘোর** — মোহান্ধকার, অজ্ঞানজনিত ভ্রান্তি। ... **মোহনিদ্রা** — অজ্ঞানরূপ নিদ্রা।
**মোহড়া, মহড়া** [ < মুখ- ] সম্মুখ, অগ্রভাগ। যুদ্ধাদিতে সম্মুখে অবস্থান ('দশজন শত্রুর — নেওয়া')। **মহলা,** অভিনয়াদি অভ্যাস।
**মোহন** — ষ্য. মুগ্ধ করণ। (পদ্যে ক্রি. 'মোহিল')।... ণ. যে মুগ্ধ করে, মোহজনক। মনোহর, চিত্তাকর্ষক ('মদন-। -মুরলী')। ... **মোহনভোগ** — সুজি ঘি চিনির মিষ্টান্ন বিঃ, হালুয়া।
**মোহন্ত** (মহন্ত দেখ)
**মোহর** [ ফা. মুহর ] স্বর্ণমুদ্রা। সীলমোহর বা তাহার ছাপ।
**মোহরত** [ আ. -লৎ ] ব্যবসায়ীর নূতন খাতা পত্তন।
**মোহানা, মোহনা** [ < মুখ- ] নদীমুখ। জল গমনাগমনের পথ।
**মোহিত**—মোহপ্রাপিত, যাহাকে মুগ্ধ করা
**মোহিনী** — মোহকারিণী ('— বিদ্যা')। মনোহারিণী।
**মোহ্যমান** — (মুহ্যমান অশুপ্রঃ) মোহপ্রাপ্ত, অভিভূত, কাতর ('শোকে —')
**মৌকা** [ আ ], **মওকা** ] অবসর, সুযোগ।
**মৌক্তিক** — মুক্তা, মোতি।
**মৌখিক** — বাচনিক। কথ্য ('— ভাষা')। যাহা আন্তরিক নয় কেবল কথায় দেখানো হয় ('— স্নেহ')। মুখ সম্বন্ধীয়।
**মৌচাক, মউচাক** ] < মধুচক্র, মৌমাছির মোম-নির্মিত বাসা যাহার খোপে মধু সঞ্চিত থাকে।
**মৌচুষকী** — মধু চুষিয়া খায় এমন এক-

শ্রেণীর ছোট পাখী।

**মৌজা** [আ. মৌজা.] গ্রাম।

**মৌজুদ** [আ] — জমা, সঞ্চিত।

**মৌতাত, মউতাত**] অভ্যস্ত সময়ে নেশা করিবার স্পৃহা। আফিম ইঃ সেবন।

**মৌদ্‌গল্য** -- মুদ্‌গল ঋষির প্রবর্তিত গোত্র।

**মৌন** — ষ্য. অভাষণ, কথা না বলা ('-ব্রত'। (নীরব অর্থ অশুদ্ধ)। ... **মৌনী** (-নিন্‌) — মৌনব্রতী, যে কথা কহে না।

**মৌমাছি, মউমাছি**] < **মধুমক্ষিকা,** bee.

**মৌরলা** [< মুরল] ছোট মাছ বিঃ।

**মৌরি, মউরি** [< মধুরিকা] মসলা বিঃ, aniseed.

**মৌরুসী** [আ. মৌরুস-] পুরুষানুক্রমে ভোগ্য ('—জমি, স্বত্ব')

**মৌর্বী** — (মুঃ মূর্বা হইতে প্রস্তুত) ধনুকের ছিলা, জ্যা।

**মৌর্য** -- (মুঃ মুরার অপত্য) চন্দ্রগুপ্ত। তৎপ্রবর্তিত রাজবংশ।

**মৌল** — মূল সম্বন্ধীয়, মূলাগত; আদিম। ... **মৌল, মৌলিক** — (রসায়নে) কেবল এক প্রকার পরমাণুর সমবায়ে উৎপন্ন বস্তু, elements. (মৌলিক দেখ)

**মৌলবী** [আ. মৌল্‌বী.] মুসলমান বিদ্বান্‌ ব্যক্তি বা অধ্যাপক।

**মৌলানা** [আ] মুসলমান পণ্ডিতের পরিচয়জ্ঞাপক শব্দ।

**মৌলি, মৌলী** — কিরীট; মস্তক ('চন্দ্র-')। চূড়াবাঁধা চুল।

**মৌলিক** — মূল সম্বন্ধীয়, মূলাগত; আদিম ('—অর্থ')। অনন্যতন্ত্র; প্রথমে উদ্ভাবিত ('—প্রতিভা, রচনা')। বংশজ, অকুলীন। (মৌল দেখ)। ... ষ্য. **মৌলিকতা, -ত্ব**। বাঙালী উপাধি বিঃ।

**মৌসুম** [আ. মৌসিম] ভারতমহাসাগর ও দক্ষিণ এশিয়ার বায়ুস্রোত যাহাতে বর্ষার উদ্ভব হয়, monsoon. **বর্ষাকাল**। মরসুম, ঋতু। ... **মৌসুমী**] বর্ষা-কালীন। মরসুমী, ঋতুগত।

**ম্যাও**] বিড়ালের ডাক। ঝঞ্ঝাট; ঝুঁকি, দায়িত্ব (অশিঃ। '— সামলানো')

**ম্যাচ** [ই] — দুইদলের প্রতিযোগিতা-মূলক খেলা। দিয়েশলাই।

**ম্যাজম্যাজ**] ঈষৎ অসুস্থতার লক্ষণ প্রকাশ ('গা — করা')। ... ণ. **ম্যাজমেজে**]

**ম্যাজিস্ট্রেট** [ই] জেলার শাসনকর্তা।

**ম্যাজেণ্টা** [ই] অল্প বেগনী আভা যুক্ত লাল রং বিঃ।

**ম্যাড়ম্যাড়**] উজ্জ্বলতার অভাব প্রকাশ ('রং — করছে')। ... ণ. **ম্যাড়মেড়ে**]

**ম্যানেজার** [ই] অধ্যক্ষ, পরিচালক।

**ম্যাপ** [ই] মানচিত্র, দেশ জমি ইঃর নকশা।

**ম্যালেরিয়া** [ই] জ্বর বিঃ।

**ম্রক্ষণ** — মাখা, লেপন।

**ম্রিয়মাণ** — (সং) মুমূর্ষু। (বাং) বিষণ্ন। ... স্ত্রী. **-মাণা**।

**ম্লান** — নিষ্প্রভ, মলিন, বিশীর্ণ ('দীপালোক, গৌরব, কান্তি, কুসুমহার — হওয়া')। বিষণ্ন, অপ্রসন্ন ('-মুখ')। ক্লান্ত, দুর্বল। ... ষ্য. **-তা, -ত্ব, ম্লানি, ম্লানিমা** (-মন্‌)। ... **ম্লানায়মান** — যাহা ম্লান হইতেছে।

**ম্লেচ্ছ** — কিরাত শবর ইঃ অসভ্য জাতি। যবন, অহিন্দু ('ম্লেচ্ছাচার')

## য

**য**] যত, যে সংখ্যক (কেবল চলিত প্রয়োগে।

('-জন, -দিন, -বার')

**যক** ] < যক্ষ। প্রেত বিঃ, যে মাটির নীচে পোঁতা ধন আগলায় (সেকালে বালককে পুঁতিয়া 'যক দেওয়া' হইত। 'যকের ধন')

**যকৃৎ** — উদরস্থিত পিত্তনিঃসারক গ্রন্থিময় যন্ত্র, liver.

**যক্ষ** — দেবযোনি বিঃ। যক। (ব্যঙ্গে), অতি কৃপণ। ... **যক্ষরাজ** — কুবের।

**যক্ষ্মা** (-ক্ষ্মন্) — ক্ষয়রোগ, phthisis.

**যখন** [ যৎ-ক্ষণ ] যে সময়ে, যে অবস্থায়। যেহেতু ('— জ্বর হয়েছে তখন শুয়ে থাক')। ... **যখন-তখন** ] অনির্ধারিত বা অসংগত কালে; ঘন ঘন ('— বৃষ্টি')

**যজন** — যাগকরণ, পূজন। ... **যজনীয়** — যজনযোগ্য। (§ যাজ্য)

**যজমান**—যজ্ঞকর্তা, পূজাদি কর্মে পুরোহিতের সাহায্য যে লয়।

**যজুঃ** (যজুস্), **যজুর্বেদ** — বেদ বিঃ। ... ণ. **যজুর্বেদীয়**।

**যজ্ঞ** —বৈদিক অনুষ্ঠান বিঃ। অধ্বর, ক্রতু, যাগ। ক্রিয়াকর্ম। ... ণ. **যজ্ঞীয়**। (§ যাজ্ঞিক)। ... **যজ্ঞডুমুর** [ < যজ্ঞ-উডুম্বর ] বড় ডুমুর বিঃ। ... **যজ্ঞসূত্র, যজ্ঞোপবীত** — পইতা। ... **যজ্ঞেশ্বর** — বিষ্ণু।

**যৎ-** (যদ্)—যে ('যৎকাল, যদবধি')। যাহা ('যদিচ্ছা')। ... **যৎকিঞ্চিৎ** — যাহা কিছু। অত্যল্প, যৎসামান্য। ... **যৎপরোনাস্তি** — যারপরনাই, অত্যন্ত ('— কষ্ট')

**যৎ** — সঙ্গীতের তাল বিঃ।

**যত ১** — সংযত, নিয়মিত ('-চিত্ত')। অনুষ্ঠিত।

**যত ২** [ < যদ্ ] যে পরিমাণ ('—লোক, টাকা, চেষ্টা। -ক্ষণ, -প্রকার। — হাসি তত কান্না'। 'যতগুলি' — যে সংখ্যক)। সমস্ত ('— নষ্টের গোড়া')। (য দেখ)। ... **যতকিছু** ] যত রকম আছে সব। যে পরিমাণ।

**যতন** ] < যত্ন (পদ্যে)

**যতমান** — যে যত্ন করিতেছে। যত্নবান্।

**যতি ১** — পদ্য গদ্য কবিতা পাঠে বিরাম-স্থান, pause, caesura. ... **যতি-চিহ্ন** — দাঁড়ি কমা ইঃ। ... **যতিপাত, -ভঙ্গ** — যথাস্থানে যতি না থাকায় ছন্দের দোষ।

**যতি ২, যতী** (-তিন্) — সন্ন্যাসী, মুনি।

**যতেক** ] যে সংখ্যক, যে পরিমাণ (পদ্যে)

**যত্ন** — চেষ্টা, অভীষ্টলাভের নিমিত্ত শ্রম, উদ্যম। সেবা, শুশ্রূষা; সানুরাগ মনোযোগ ও চেষ্টা ('সন্তানের, রোগীর —। -পূর্বক। সযত্নে')। ... **যত্নবান্** (-বৎ), **যত্নশীল** — চেষ্টান্বিত। ... স্ত্রী. **-বতী, -শীলা**।

**যত্র** — যে স্থানে, যে বিষয়ে। ... **যত্রতত্র** — যেখানে-সেখানে।

**যথা** — যেমন, যে প্রকার, যে পরিমাণ; যেমন-সেইরূপ ('যথা আজ্ঞা' — যেরূপ আজ্ঞা সেইরূপ। 'যথাশক্তি' — যেমন শক্তি তদনুসারে। '— ইচ্ছা। -কর্তব্য -জ্ঞান, -নিয়ম, -বিধি, -বিহিত, -যোগ্য, -রুচি, -শাস্ত্র, -সম্ভব, -সাধ্য')। উপযুক্ত, নির্দিষ্ট ('-কালে, -স্থানে')। যে স্থানে বা যে বিষয়ে, যত্র ('— ধর্ম তথা জয়')। যে স্থান বা বিষয় ('যথায়')। দৃষ্টান্ত সূচক ('নদী, যথা গঙ্গা')। ... **যথাক্রম, -ক্রমে** — ক্রম অনুসারে। ... **যথাজাত** — অশিক্ষিত, মূর্খ। ... **যথাতথ** — যথার্থ, ঠিক, accurate. (§ যথাতথ্য) ... **যথাতথা** — যেখানে-সেখানে, যত্রতত্র। ... **যথাপূর্ব** — পূর্বের

তুল্য। ... **যথাবৎ** — বিধিবৎ। ঠিক ঠিক, অপরিবর্তিত। ... **যথাযথ** — যথাক্রম, যথার্থ। যথাযোগ্য। ... **যথাসর্বস্ব** — সমস্ত সম্পত্তি। ... **যথাস্থান** — নির্দিষ্ট বা উপযুক্ত স্থান, ঠিক জায়গা।

**যথায়** — যেখানে।

**যথার্থ** — প্রকৃত, সত্য। যোগ্য। ... ষ্য. **-তা, যাথার্থ্য**। ... **যথার্থতঃ** (-তস্) — বস্তুতঃ, প্রকৃতপক্ষে। ন্যায়তঃ।

**যথেচ্ছ** — ণ. ইচ্ছানুরূপ, যেমন ইচ্ছা তেমন। ... ক্রি-ণ. ইচ্ছানুসারে। ... **যথেচ্ছা** — ষ্য. স্বেচ্ছা, স্বৈর। ... **যথেচ্ছাচার** — স্বেচ্ছাচার, অসংযত আচরণ। ... **যথেচ্ছাচারী** (-রিন্)। ... স্ত্রী. **-চারিণী**। ... ষ্য. **-চারিতা**।

**যথেষ্ট** — ইচ্ছানুরূপ, যত ইচ্ছা তত। (অশুপ্রঃ) অনেক, খুব।

**যথোক্ত** — যেমন বলা হইয়াছে।

**যথোচিত, যথোপযুক্ত** — যেরূপ উচিত বা যোগ্য সেইরূপ।

**যদবধি** — যে সময় হইতে।

**যদা** — যখন।

**যদি** — অবধারণে বা বিকল্পে ('— বৃষ্টি হয় তবে ঠাণ্ডা পড়বে। — আসতে তো ভালই হ'ত')। সংশয়ে বা আশঙ্কায়, পাছে ('— রাত হয় তাই লণ্ঠন এনেছি। ভয় হয় — সে রাগ করে')। যেহেতু, যখন ('— এসেছ তো খেয়ে যাও')। ... **যদিই**] সংশয়াধিক্যে, নিতান্ত যদি ('— মরি তাতে ক্ষতি কি')। ... **যদিও**] যদিচ, সত্ত্বেও ('— তিনি দরিদ্র তথাপি') ... **যদিবা** — অথবা যদি। যদিই। (§ যদ্যপি)

**যদু** — যযাতির পুত্র বিঃ ('-বংশ')। (§ যাদব)। ... **যদুনাথ, -পতি** — কৃষ্ণ।

**যদৃচ্ছা** — স্বেচ্ছা ('-ক্রমে, -প্রবৃত্ত')। দৈবক্রম, স্বতঃ ঘটন, chance ; অনায়াস ('-লাভ, -লব্ধ')

**যদ্ভবিষ্য** — (মূঃ যাহা হইবে) ভাগ্যের উপর নির্ভর করিয়া যে নিশ্চেষ্ট থাকে।

**যদ্যপি** — যদিও। যদিই।

**যন্তা** (-ন্তৃ) — সারথি। নিয়ামক।

**যন্ত্র** — যে সামগ্রীদ্বারা কৌশলে কার্য সাধিত হয়, কল, machine, apparatus ('মুদ্রা-, অণুবীক্ষণ-')। **শিল্প**-সাধিত্র, tool, instrument ('ছুতারের —')। দেহের অন্তর্গত ক্রিয়াসাধক অঙ্গ, organ ('শ্বাস-')। বাদ্য। জাঁতা। (তন্ত্রে) দেবাদির অধিষ্ঠান-চক্র। (জ্যোতিষে) গ্রহনক্ষত্রাদির অবস্থান-চিত্র। (§ যন্ত্রিত, যন্ত্রী, যান্ত্রিক')। ... **যন্ত্রতন্ত্র, -পাতি**] যন্ত্রাদি ও অন্য সরঞ্জাম। ... **যন্ত্রদানব** — যন্ত্র মানুষের শান্ত সরল জীবনে বিরোধী এবং শ্রমিকদের কর্মসংস্থান হরণ করিতেছে বলিয়া ইহাকে দানবের সঙ্গে উপমিত করা হয়। ... **যন্ত্রবিৎ** (-বিদ্) — যন্ত্রের গঠন ও প্রয়োগে অভিজ্ঞ ব্যক্তি, যন্ত্রবিশারদ এঞ্জিনিয়ার। ... **যন্ত্রবিদ্যা** — যন্ত্রের গঠন ও প্রয়োগ বিষয়ক বিদ্যা, mechanics. ... **যন্ত্রযুগ** — যে যুগে যন্ত্রের ব্যবহার অত্যন্ত ব্যাপক। ... **যন্ত্রশালা** — যেখানে যন্ত্রে কাজ হয়। ... **যন্ত্রশিল্পী** (-ল্পিন্) — যে শিল্পী যন্ত্রদ্বারা বস্তু নির্মাণ করে।

**যন্ত্রণ** — পীড়ন। ... **যন্ত্রণা** — যাতনা, শারীরিক বা মানসিক ক্লেশ, pain.

**যন্ত্রিত** — বদ্ধ, দমিত। যন্ত্রে নিবেশিত।

**যন্ত্রী** (-ন্ত্রিন্) — যন্ত্রচালক, যন্ত্রবিশারদ। mechanic. যন্ত্রবাদক।

**যব** — শস্য বিঃ. barley. পরিমাণ **বিঃ**, ১/৮ বা ১/৩ ইঞ্চ। বৃদ্ধাঙ্গুলির অগ্রে

স্থিত যবাকার চিহ্ন।

**যবক্ষার** — ক্ষার বিঃ, carbonate of potash (শোরা ও অন্য কয়েকটি লবণ-জাতীয় দ্রব্যকেও ভুল করিয়া যবক্ষার বলা হয়)

**যবদ্বীপ** — ভারতমহাসাগরস্থ দ্বীপ বিঃ, Java.

**যবন**—প্রাচীন গ্রীক জাতি (তুঃ Ionian). ম্লেচ্ছ। ... স্ত্রী. **যবনী**। (§ যাবনিক)

**যবনানী** — যবন জাতির লিপিসমূহ।

**যবনিকা** — পর্দা, কানাত। রঙ্গমঞ্চের পট, drop-scene. ('-পতন')

**যবস্থব**] অনগ্রসর, অনিষ্পন্ন, অমীমাংসিত ('ব্যাপারটা — হয়ে আছে। যবেস্থবে')

**যবাগূ** — যবমণ্ড।

**যবানিকা, যবানী** (যমানী দেখ)

**যবিষ্ঠ** (-য়স্) — কনিষ্ঠ। অতিশয় তরুণ।

**যবীয়ান্** — কনীয়ান।

**যবে**] যে সময়ে, যখন।

**যবোদর** — ১/৮ ইঞ্চ (যবের প্রস্থ)

**যম** — যমরাজ, মৃত্যুর দেবতা, অন্তক, কৃতান্ত, ধর্মরাজ, শমন। সংযম। ... **যমজাঙ্গাল**] আকাশগঙ্গা, ছায়াপথ। ... **যমদণ্ড** — যমের আয়ুধ। যমপ্রদত্ত শাস্তি। ... **যমদূত** — যমের অনুচর। ... **যমদূতিকা** — তেঁতুল। ... **যমদ্বার** — যমালয়ের দ্বার। ... **যমদ্বিতীয়া** — ভ্রাতৃদ্বিতীয়া। ... **যমপুকুর**] কুমারী-ব্রত বিঃ। ... **যমপুরী** — যমালয়। ... **যমযন্ত্রণা** — যম-প্রদত্ত যন্ত্রণা।

**যমক** — ষ্য. শব্দালংকার বিঃ, সমোচ্চার্য শব্দের পুনরাবৃত্তি। ... ণ. যমজ। যুগ্ম। জুড়ি।

**যমজ**—এক গর্ভে এক সময়ে জাত সন্তান-দ্বয় ('— ভ্রাতা, ভগিনী')

**যমল** — যুগ্ম, জোড়া। (§ যামল)

**যমলার্জুন** — বৃন্দাবনের দুইটি অভিশপ্ত বৃক্ষ। শ্রীকৃষ্ণ ইহাদের ভাঙিয়া শাপমুক্ত করেন।

**যমানী, যবানী, -নিকা** — যোয়ান, মসলা বিঃ।

**যমালয়** — যমপুরী, যমের বাড়ি।

**যমী** — সংযমী।

**যমুনা** — উত্তরভারতের নদী বিঃ, কালিন্দী। যমের ভগিনী। বঙ্গের কয়েকটি নদী।

**যযাতি** — পৌরাণিক রাজা বিঃ, নহুষপুত্র, দেবযানীর স্বামী।

**যশ** [< যশঃ (যশস্)] কীর্তি, খ্যাতি ('যশঃকীর্তন, যশঃক্ষয়, যশঃস্তম্ভ, যশস্কর, যশোগাথা, যশোগান, যশো-মণ্ডিত, যশোরাশি, যশোলিপ্সা, যশোহানি। প্রথিতযশা')

**যশ** — উগ্রক্ষত্রিয় জাতির উপাধি বিশেষ।

**যশদ** — দস্তা।

**যশস্য** — যশস্কর, খ্যাতিজনক।

**যশস্কাম** — যশঃপ্রার্থী।

**যশস্বী** (-স্বিন্) — কীর্তিমান্। ... স্ত্রী. -**স্বিনী**।

**যশোদ** — যশঃপ্রদ। পারদ।

**যশোদা** — নন্দপত্নী, শিশুকৃষ্ণের পালয়িত্রী মাতা।

**যশোধন** — যশস্বী।

**যশোভাগ্য** — যশোলাভের ভাগ্য।

**যশোমতী** — যশোদা।

**যষ্টি** — লাঠি, দণ্ড। শাখা। ... **যষ্টিমধু** — বৃক্ষবিশেষের শুষ্ক মিষ্ট কন্দ, liquorice (ঔষধ)

**যা** (যাহা দেখ)

**যাই** [< যদা] যেহেতু ('— সে ছিল তাই রক্ষা')। (যেই দেখ)

**যাউ** — যবের মণ্ড।
**যাওন** — গমন (পূর্ববঙ্গে)।
**যাওয়া** [ √ যা-২। < যা ] গমন করা ('দেশে, বিলাত, অস্ত, চলিয়া —। যাইয়া, গিয়া। যাওয়া-আসা')। গত বা অবসান হওয়া ('দিন, প্রাণ —')। নষ্ট হওয়া ('টাকা, মান, ধর্ম —')। কোনও ক্রিয়া করিতে থাকা ('দেখে, বলে, শুনে —')। কোনও ক্রিয়া শেষ করা বা ঘটা ('প'ড়ে, ভেঙে, ম'রে —। শোনা গেল, জানা গিয়েছিল, করা যাবে')। কোনও অবস্থায় আসা বা থাকা ('খোয়া, চুরি, নিদ্রা, বাদ —')। টিকিয়া থাকা; প্রয়োজন সাধন করা ('এই জুতো জোড়াটি অনেক দিন যাবে')
**যাকর** — যাহার (ব্রজবুলি)।
**যাগ** — যজ্ঞ।
**যাচক** — প্রার্থী। ... স্ত্রী. **যাচিকা।**
**যাচন ১, যাচনা** — প্রার্থনা, যাচ্ঞা। (§ যাচিত, যাচ্য, যাচ্যমান)। ... **যাচনীয়** — প্রার্থনীয়। ... **যাচমান** — যে প্রার্থনা করিতেছে।
**যাচন ২** ] যাচাই। .. **যাচনদার** ] যে যাচাই করে।
**যাচা** [ √ যাচ্-৭। < যাচ্ ] যাচনা করা, চাওয়া। যাচাই করা, পরীক্ষা বা অনুসন্ধান দ্বারা মূল্য নির্ধারণ করা। ... **যাচাই** ] উক্তপ্রকারে মূল্যনির্ধারণ ('— করা')। ... **যাচানো** [ √ যাচা-১১ ] যাচাই করানো।
**যাচিত** — প্রার্থিত।
**যাচ্ঞা** — যাচনা, প্রার্থনা।
**যাচ্য** — যাচনীয়, প্রার্থনীয়।
**যাচ্যমান** — যাহার নিকট বা যাহা প্রার্থনা করা হইতেছে।
**"যাচ্ছেতাই"** ] (মূঃ যা ইচ্ছা তাই) কদর্য।
**যাজক** — যজ্ঞসম্পাদক, যাজ্ঞিক, ঋত্বিক্, পুরোহিত ('ধর্ম-। -বৃত্তি')। ... স্ত্রী. **যাজিকা।** ... ষ্য. **যাজকতা, -ত্ব।**
**যাজন** — পৌরোহিত্য, যজ্ঞ করানো। (§ যাজ্য)
**যাজী** (-জিন্) — যাজক, যজ্ঞকর্তা।
**যাজ্ঞবল্ক্য** — ধর্মশাস্ত্রকার যজুর্বেদ-প্রয়োজক ঋষি বিঃ।
**যাজ্ঞসেনী** — যজ্ঞসেন অর্থাৎ দ্রুপদ রাজার কন্যা। দ্রৌপদী।
**যাজ্ঞিক** — যজ্ঞকর্তা। যজ্ঞীয়।
**যাজ্য** — যাজনযোগ্য।
**যাঠা, জাঠা** ] -- বড়লাঠি।
**যাত** — অতীত, গত। লব্ধ। জ্ঞাত।
**যাতনা** — যন্ত্রণা (দেখ)
**যাতব্য** — অভিগম্য। অভিযানযোগ্য।
**যাঁতা, জাঁতা** — (যন্ত্র) — পেষণের যন্ত্র।
**যাতা ১** (-তৃ) — গমনকর্তা।
**যাতা ২** (-তৃ) — স্বামীর ভ্রাতার পত্নী, জা।
**যা-তা** ] (যাহা-তাহা দেখ)
**যাতায়াত** — গমনাগমন, যাওয়া-আসা।
**যাতুধান** — রাক্ষস।
**যাত্রা** — গমন ('বিদেশ-, তীর্থ-, যুদ্ধ-')। নির্গমন, প্রস্থান ('-কাল। — করা। মহা-')। নির্বাহ, যাপন ('জীবন-, সংসার-')। দেবতার উৎসব বিঃ ('দোল-, স্নান-')। মিছিল, procession ('শোভা-')। (বাং) দৃশ্যপটহীন অভিনয় বিঃ ('-ওয়ালা'); বার, দফা ('এ — বেঁচে গেল')
**যাঁতি, জাঁতি** — সুপারি কাটার যন্ত্রিকা।
**যাত্রিক** — ণ. যাত্রা বিষয়ক। যাত্রাযোগ্য। যাত্রী। ... ষ্য. উৎসব।
**যাত্রী** (-ত্রিন্) — যাত্রাকারী, পথিক, মুসাফির ('বিদেশ-। রেলের —')।

তীর্থযাত্রী।
**যাথাতথ্য** — প্রকৃত তত্ত্ব। যথার্থতা।
**যাথার্থ্য** — যথার্থতা, সত্য, accuracy.
**যাদঃপতি** — (যাদস্ = জলজন্তু) সমুদ্র। বরুণ।
**যাদব** — যদুবংশীয় কৃষ্ণ।
**যাদু** (জাদু দেখ)
**যাদৃশ** — যে প্রকার, যেমন।
**যান** — যাহাতে চড়িয়া যাওয়া যায় ('গো-, অর্ণব-, ব্যোম-')
**যান্ত্রিক** — যন্ত্র সম্বন্ধীয়। যন্ত্রী, যন্ত্র-বিশারদ।
**যাপক** — যাপনকারী।
**যাপন** — অতিবাহন, কাটানো ('কাল-, রাত্রি-')। (পদ্যে ক্রি. 'যাপিল')। ... ণ. **যাপিত**। ... **যাপনীয়, যাপ্য** — অতি-বাহনীয়। ... **যাপ্য** — (বাং) যাহার নিঃশেষ প্রতিকার হয় না ('— রোগ')। গোপনীয়। নিন্দনীয়।
**যাবক** — আলতা।
**যাবচ্চন্দ্রদিবাকর** — যতকাল চন্দ্র সূর্য বিরাজ করে—অর্থাৎ অনন্ত কাল।
**যাবজ্জীবন** — চিরজীবন ('— দ্বীপান্তর')
**যাবৎ** — পর্যন্ত ('এ-, বহুদিন-'। যতক্ষণ পর্যন্ত ('— আমি না আসি'। তুঃ তাবৎ)। যত, সমস্ত ('— বিষয় সম্পত্তি')। ... **যাবতীয়** — সমস্ত।
**যাবনিক** — যবন বিষয়ক।
**যাম** — প্রহর, তিন ঘণ্টা ('যামার্ধ')
**যামল** — তন্ত্রশাস্ত্র বিঃ। যুগ্ম।
**যামিনী** — রাত্রি।
**যামী** — রাত্রি (কবিতায়)
**যাম্য** — দক্ষিণ। ... **যাম্যোত্তরবৃত্ত** — মধ্য-রেখা (দেখ)
**যাযাবর** — নিয়তভ্রমণকারী, nomad. হাঘরে।

**যারপরনাই** ] যৎপরোনাস্তি, অত্যন্ত।
**যাস্ক** — নিরুক্তনামক বেদাঙ্গকার।
**যাহা / যা** [ < যদ্ ] যে বস্তু বা বিষয় ('যাহা কিছু, যা যা'। পঃছ দেখ)। ... **যাহা-তাহা / যা-তা** ] অনির্দিষ্ট, অনির্বাচিত বা মন্দ কিছু ('— বলা, খাওয়া')
**"যাঁহা"** ] যেমন ('— বলা অমনি')। যেখানে, যথা ('— বাহান্ন তাঁহা তিপ্পান্ন')
**যাহাকে, যাহার, যাঁহাকে, যাঁহার** ইঃ (পঃছ যে, যিনি দেখ)
**যিনি** ] যে ব্যক্তি (গৌরবে। পঃছ দেখ)
**যীশু** [ পো. Jesu ] যীশুখ্রীষ্ট।
**যুঁই, জুঁই** — যূথিকা পুষ্প।
**যুক্ত** — সংলগ্ন, জোড়া, মিলিত ('যুক্তাক্ষর')। অন্বিত, বিশিষ্ট ('শাখা-, অর্থ-, শ্রী-')। নিযুক্ত, ব্যাপৃত ('যোগ-। কর্মে — হওয়া')। উপযুক্ত, ন্যায্য, পরিমিত ('যুক্তাহার')। যোগরত। (গণিতে) যাহা যোগ হইয়াছে, plus. ... **যুক্তকর** — জোড়হাত। কৃতাঞ্জলি। ... **যুক্তবেণী** (ত্রিবেণী দেখ)
**যুক্তি** — ন্যায়, বিচার, reason ('-বিরুদ্ধ, -যুক্ত, -সংগত, -সিদ্ধ')। মন্ত্রণা, পরামর্শ ('— করা। -দাতা')। মিলন, সংযোগ। ... **যুক্তিযুক্ত** — ন্যায়সংগত। (§ যৌক্তিক)
**যুগ** — পুরাণোক্ত কালবিভাগ, সত্য ত্রেতা দ্বাপর কলি। কাল, আমল ('আধুনিক, মোগল —। যুগাবতার')। জোয়াল, yoke. চার হাত পরিমাণ। একজোড়া, যুগল ('কর-, স্তন-')
**যুগধর্ম** — যুগপ্রচলিত আচারবিচার।
**যুগন্ধর** — গাড়ি ইঃর যে কাঠে জোয়াল লাগানো থাকে, বোম। লক্ষ্যার্থে যুগ-প্রবর্তক।

**যুগপৎ** — একই সময়ে, একদা, simultaneously. ... ষ্য. **যুগপত্তা,** **যৌগপদ্য।**
**যুগল** — একজোড়া, যুগ্ম ('-মূর্তি')
**যুগান্ত** — যুগের শেষ। প্রলয়।
**যুগান্তর** — অন্য যুগ।
**যুগী** [ < যোগী ] বাঙালী হিন্দু জাতি বিঃ।
**যুগ্ম**—ষ্য. একজোড়া, যুগল। ... ণ. জোড়া, even.
**যুঝা / যোঝা** [ √যুঝ্-১০। < যুধ্ ] যুদ্ধ করা, লড়া।
**যুঝারিয়া** ] — যে যুঝিতে বা লড়াই করিতে পারে।
**যুত** -- যুক্ত ('শ্রী-')। ... **যুতি** — মিলন, যোগ।
**যুত** ] — সুবিধা। ... **যুৎসই** — সুবিধা-জনক।
**যুদ্ধ** — আহব, বিগ্রহ, রণ, লড়াই, সংগ্রাম, সমর ('—করা, বাধা, হওয়া। -বিগ্রহ, -যাত্রা, -স্থল। জল-, মহা-')। দ্বন্দ্ব, বলের প্রতিযোগ ('বাহু-, মল্ল-')। ( § যোদ্ধা) ... **যুদ্ধবিদ্যা** — যুদ্ধ বিষয়ে যাহা শিক্ষণীয়। ... **যুদ্ধযাত্রা** — অভিযান, যুদ্ধের জন্য গমন। ... **যুদ্ধাজীব** — যোদ্ধা, সৈনিক। ... **যুদ্ধোত্তর** — যুদ্ধের পরকালীন। ... **যুদ্ধোদ্যম** — যুদ্ধের আয়োজন। ... **যুধাজিৎ** - ভরতের মাতুল।
**যুধিষ্ঠির** — জ্যেষ্ঠ পাণ্ডব।
**যুধ্যমান** — যে যুদ্ধ করিতেছে।
**যুনানী** [ আ ] গ্রীসদেশীয়, যাবনিক। ইউনানী (দেখ)
**যুবক** — যুবা (দেখ)
**যুবজানি** — যুবতির পতি।
**যুবতি, যুবতী** — (যুবা দেখ)
**যুবনাশ্ব** -- সূর্যবংশীয় রাজা বিঃ।
**যুবরাজ** — রাজ্যের উত্তরাধিকারী ও রাজ-কার্য-সহকারী রাজপুত্র। ( § যৌবরাজ্য)
**যুবা** (যুবন্) — জোয়ান, তরুণ। (সং) ১৬ হইতে ৩০ বর্ষ বয়স্ক। (সমাসের প্রথমে — যুব। 'যুবসম্মেলন')। ... স্ত্রী. **যুবতী, যুবতি** (-তি বিরল), **যুনী।** ( § যৌবন)
**যুযুৎসা** — যুদ্ধের ইচ্ছা। ... **যুযুৎসু** — যুদ্ধেচ্ছু।
**যুযুধান** — যোদ্ধা।
**যুষ্মদীয়** — তোমাদের।
**যূথ** — পশুপক্ষীর দল, পাল ('হস্তি-। -ভ্রষ্ট')। ( § যৌথ)। ... **যূথচর, -চারী** — যে জন্তু দল বাঁধিয়া বিচরণ করে, gregarious. ... **যূথপতি** — বন্য হস্তিদলের বা পশুদলের প্রধান। ... **যূথভ্রষ্ট** — দলছাড়া, যূথ হইতে বিচ্ছিন্ন।
**যূথিকা, যূথী** — জুঁই (দেখ)
**যূনী** — যুবতী।
**যূপ** — যজ্ঞীয় পশু বন্ধনের স্তম্ভ; হাড়িকাঠ ('-কাষ্ঠ')। জয়স্তম্ভ।
**যূষ** — ঝোল, ক্বাথ ('মাংসের, দালের—')
**যে** [ < যঃ ] ব্যক্তি বস্তু বিষয় ইঃ নির্দেশক সর্বনাম ও বিশেষণ; যাহা ('যে আসিয়াছে। যে লোক, জন্তু, কাজ, দিন। যে যে লোক। যেকেহ, -কোনও, -জন্য, -রূপ, -সকল, -সব। যে অবধি, যে আজ্ঞা, যে কারণে, যে প্রকার, যে রকম'। পঃছ দেখ)। (অ.) বাক্য বা বিষয় উল্লেখে ('সে বলিল যে দোকান বন্ধ। *সে যে আসবে না তা জানি*')। *হেতু*-নির্দেশে ('তুমি যে আনতে বললে তাই এনেছি')। অসম্ভাবিত ঘটনায় বিস্ময় প্রকাশে ('বৃষ্টি এল যে! তুমি যে বড়

গেলে না?') আধিক্যসূচক ('যে বৃষ্টি!') ... **যে-সে**] যে কোনও ব্যক্তি।

**যেই, যাই** [ <যদা ] যৎকালে, যেমনি ('— শুনলে অমনি রেগে উঠল')। ... **যেই**] যে (প্রায় পদ্যে। '—দিন')। (যাই দেখ)

**যেখানে**] যে স্থানে, যে অবস্থায়। ... **যেখানে-সেখানে**] যত্রতত্র, অনির্ধারিত স্থানে বা অবস্থায়।

**যেথা, যেথায়**] < যথা, যেখানে (প্রায় পদ্যে)

**যেন**] উপমায় ('—কার্তিক। কি যেন')। কল্পনায় ('— রাজা হয়েছি')। সতর্কী-করণে; কামনা-প্রকাশে, যাহাতে ('দেখ — ভুলো না। হে ভগবান — রোগ সারে। শক্ত ক'রে বাঁধ—খোলে না')

**যেমন**] যে প্রকার ('—কর্ম তেমনি ফল। তুমিও—!') দৃষ্টান্তে যথা ('সরীসৃপ, যেমন সাপ টিকটিকি')। যেমনি, যেই ('— এল অমনি গেল')। ... **যেমন--তেমন**] যেকোনও রকম, সামান্য ('— চাকরি। — লোক নয়')। ... **যেমনই**] যে প্রকারই। ... **যেমনি, যেমূনি**] যেমন। ঠিক যেরকম। যখনই, যেই।

**যেহেতু**] কারণ নির্দেশে, যে কারণে।

**যৈছে**] — যেরূপে। ... **যৈছন** — যেরূপ (ব্রজবুলি)

**যো**] — সুযোগ, উপায়।

**যোক্তা** (-ক্তৃ) '— যোজনকর্তা। ... স্ত্রী. **-ক্ত্রী**।

**যোক্ত্র, যোত্র** — গরু বাঁধিবার জোত।

**যোগ** — মিলন; সম্বন্ধ ('উৎসবে — দেওয়া। -দান করা। রক্তের —')। *সমষ্টিকরণ, তেরিজ ('অঙ্ক—দেওয়া')*। সংযোগ ('এক বস্তুর সহিত অন্য বস্তু — করা')। প্রয়োগ ('মনোযোগ')। উপায় ('নৌকাযোগে')। সময় ('রাত্রি-যোগে')। কর্মকৌশল। ধ্যান, সাধনা, চিত্তবৃত্তিনিরোধ, হঠযোগাদি সাধন ('-বল, -ভঙ্গ')। পতঞ্জলিকৃত দর্শন-শাস্ত্র বিঃ। নিষ্কাম সাধনা ('কর্ম-, জ্ঞান-, ভক্তি-')। তিথিনক্ষত্রাদির সংযোগ ('অমৃত-')। পর্ব। ঔষধ ('মুষ্টি-')। (॰ যোগী, যোগ্য, যৌগ, যৌগিক)। ... **যোগক্ষেম** — অলব্ধ বস্তুর লাভ ও লব্ধ বস্তুর রক্ষা। ... **যোগনিদ্রা** —নিদ্রাতুল্য যোগাবস্থা (যথা অনন্ত-শয়নে বিষ্ণুর)। ... **যোগপট্ট** — যোগী-দের বিশেষ ভাবে পরিধেয় বস্ত্রখণ্ড। উপবীত। ... **যোগপাটা** — যজ্ঞসূত্র। ধর্মমূলক অনুষ্ঠানে ধৃতউত্তরীয়। ... **যোগফল** — সমষ্টি। ... **যোগবাশিষ্ঠ** যে গ্রন্থে বশিষ্ঠের উপদেশ উপনিবদ্ধ আছে। ... **যোগবাহী** (-হিন্) — ঔষধাদির যোগসাধক, medium. সংযোগ রক্ষাকারী। ... **যোগভঙ্গ** — যোগসাধনে বিচ্ছেদ। ... **যোগভ্রষ্ট**—যোগ-মার্গ হইতে বিচ্যুত। ... **যোগমায়া** — দুর্গা। সংসারমায়া। **যোগরূঢ়** — যৌগিক কিন্তু রূঢ় বা বিশেষ অর্থ সূচক (শব্দ। যথা — পঙ্কজ)। ... **যোগসাজশ**] সাজশ (দেখ)।

**যোগাড়**] সংগ্রহ, আয়োজন। ... **যোগাড়-যন্ত্র**] উপকরণ সংগ্রহ ও সাধনোপায় নির্ধারণ। ... যোগাড়ে] যোগাড় করিতে পটু।

**যোগাদ্যা** — ক্ষীরগ্রাম পীঠের অধিষ্ঠাত্রী দেবী।

**যোগান**] সরবরাহ ('— দেওয়া') (তুঃ চাহিদা)

**যোগানো** [ √যোগা-১৫ ] **সরবরাহ করা,** অভাব পূরণ করা।

**যোগাযোগ**] মিলন, সংঘটন। ঐক্য,

সামঞ্জস্য।
**যোগারূঢ়** — যোগে নিবিষ্ট বা সিদ্ধ।
**যোগাসন** — যোগসাধনার্থ উপবেশন।
**যোগিয়া** ] — যোগিজনসুলভ। রাগিণী বিঃ।
**যোগী** (-গিন্) — যোগসাধক, তপস্বী। ... স্ত্রী. **যোগিনী**।—দুর্গার ৬৪ সখী। ... **যোগীন্দ্র, যোগীশ** — যোগিশ্রেষ্ঠ। শিব। ... **যোগীশ্বর** — বিষ্ণু।
**যোগ্য** — উপযুক্ত; সমর্থ ('-পাত্র। যথা-। ক্ষমার, শ্রদ্ধার —। ব্যবহার-। — ব্যক্তি')। ... ষ্য. **-তা**। ... স্ত্রী. **যোগ্যা**।
**যোজক** — যোগকারক। দুই বৃহৎ ভূভাগের সংযোজক সংকীর্ণ ভূমি, isthmus.
**যোজন, যোজনা** — একত্র করণ, সংঘটন। ... **যোজন** — চার ক্রোশ। ... ণ. **যোজিত**। ... **যোজনীয়** — যোজনযোগ্য। ... **যোজনগন্ধা** — ব্যাসজননী, মৎস্যগন্ধা।
**যোট** — সংযোগ, দলবদ্ধতা। ... **যোটপাট** — যোগাড়যন্ত্র। ... **যোটক** — মিল, যাহা বা যে জুটাইয়া দেয়। ... **যোড়, জোড়** ] — যুগল, যুগ্ম, দুইএর সমবায়।
**যোত্র** (যোক্ত্র দেখ) সম্পত্তি। ... **যোত্রপতি** — সম্পত্তিশালী।
**যোদ্ধা** (-দ্ধৃ) — যুদ্ধকারী ('যোদ্ধৃবেশ')
**যোধ** — যোদ্ধা। যুদ্ধ ... **যোধন** — যুদ্ধ। যোদ্ধা। যুদ্ধাস্ত্র।
**যোনি** — স্ত্রীজননেন্দ্রিয়। **উৎপত্তিস্থান** ('পদ্ম-')। জন্ম, জাতি ('তির্যগ্-, দেব-')। (ঃ যৌন)
**যোয়ান, জোয়ান** ] < যমানী (দেখ)
**যোষিৎ, যোষা** (জো- বিরল) — নারী।
**যৌক্তিক** — যুক্তিসিদ্ধ।
**যৌগ, যৌগিক** — (রসায়নে) যে দ্রব্যে একাধিক মৌল উপাদান সংযুক্ত আছে, compound. (যৌগিক দেখ)
**যৌগপদ্য**—যুগপৎ বা একই কালে ঘটনের ভাব, যুগপত্তা।
**যৌগিক** — সংযোগদ্বারা উৎপন্ন ('— পদার্থ')। (ব্যাকরণে) প্রকৃতিপ্রত্যয়-যোগে গঠিত ('— শব্দ')। যোগ সম্বন্ধীয়। (যৌগ দেখ)
**যৌতুক** — বিবাহ অন্নপ্রাশন ইঃ সংস্কারে পাত্রপাত্রীকে অর্থ বা উপহার।
**যৌথ** — যুক্ত, মিলিত, joint ('— কারবার')
**যৌন** — কাম বা স্ত্রীপুরুষের মিলন সম্বন্ধীয়, sexual ('-সম্বন্ধ')। যোনিসম্বন্ধীয়।
**যৌবন** — যুবার অবস্থা, তারুণ্য ('-বতী, -ভার, -লক্ষণ, -শ্রী, -সুলভ')।...**যৌবন-কণ্টক** — বয়সফোড়া।
**যৌবরাজ্য** — যুবরাজের পদ।

## র

**রই** — পুষ্করিণীর মধ্যস্থলে গভীর খাত। .. **রইকাঠ** — পুষ্করিণীর উৎসর্গের সময়ে তাহার মধ্যস্থলে প্রোথিত বিল্ব-কাষ্ঠ।
**রইরই** ] চিৎকার, হল্লা, হইহই।
**রওয়া** (রহা দেখ)
**রওয়ানা, রওনা** [ ফা. রবা.নহ্ ] ষ্য. **যাত্রা**। ... ণ. যাত্রার জন্য নিষ্ক্রান্ত ('—হওয়া')। প্রেরিত ('—করা')
**রং, রঙ** ] < রঙ্গ, বর্ণ; রঞ্জনদ্রব্য; তৈলাদিমিশ্রিত রঞ্জনদ্রব্য ('— করা, খোলা, দেওয়া, ধরা, ধরানো, ফলানো, মাখানো, লাগানো')। পরিহাস, মজা। তাসের চিহ্নভেদ, ইশকাপন হরতন ইঃ।

যে চিহ্নের তাসগুলিকে খেলায় প্রাধান্য দেওয়া হয়। ... **রংচং**] বিচিত্র বর্ণ। ... ণ. রংচঙা / -চঙে ]। ... **রংবেরং**] নানা রঙের। ... **রংতামাসা** — হাস্যপরিহাস। হাসিমশকারা। ... **বাংলার**—যে নারী রসিকতায় দক্ষ। ... **রংমশাল** — রঙিন আলো জ্বালিবার জন্য বারুদের মশাল। ... **রংরুট** (Recruit)— সৈন্য-বিভাগ, পুলিশ বিভাগ, বিমান ইঃতে শিক্ষানবিশ নিয়োগ। (রঙ্গ দেখ)

**রকম** [ আ] প্রকার ('নানা-। হরেক, কোন্ —'। 'রকম রকম' — নানাপ্রকার)। ভঙ্গী, ধরন ('কথার —')। ... **রকম-ওয়ারি / রকমারি** ] নানাপ্রকার।

**রক্ত** — ষ্য. শোণিত, রুধির ('-পাত, -স্রাব')। ...ণ. রাঙা, লাল ('-করবী")। রঞ্জিত। আসক্ত, অনুরক্ত। ... **রক্তক** — লাল কাপড়। শোণিত। ... **রক্তকমল** — লাল পদ্ম, কোকনদ। ... **রক্তকম্বল** — লাল রঙের শাপলা (কুমুদ)। ... **রক্তগঙ্গা** — রক্তের স্রোত। ... **রক্তচন্দন** — পূজাদিতে ব্যবহার্য রক্তবর্ণ কাষ্ঠ বিঃ। ... **রক্তচিত্রক** — রাংচিতা। ... **রক্তজিহ্ব** — যাহার জিব লাল বা রক্তমাখা। ... **রক্তদন্তিকা, -দন্তী** — (স্ত্রী) যাহার দাঁত রক্তমাখা। ... **রক্ত-দুষ্টি, -দোষ** — দেহস্থ রক্তের বিকার। ... **রক্তনেত্র** — ষ্য. লাল চোখ। ... ণ. যাহার চোখ লাল। ... **রক্তপ, -পায়ী** (-য়িন্) — রক্তপানকারী। ... **রক্তপিত্ত** — যে রোগে যকৃৎ হইতে রক্তনির্গম হয়। ... **রক্তবীজ** — অসুর বিঃ যাহার এক বিন্দু রক্ত ভূমিতে পড়িলে আর একটি ঐরূপ অসুর জন্মিত। দাড়িম্ব বিঃ। ... **রক্তমোক্ষণ** — চিকিৎসার্থে রক্ত-বহিষ্করণ। রক্তস্রাব। ... **রক্তলোচন** — যাহার চোখ লাল। ... **রক্তশোষণ** — চুষিয়া রক্তপান। লক্ষ্যার্থে — জোর-জবরদস্তি কিংবা কৌশলে কিংবা আইনের বলে মানুষের সম্বল হরণ।

**রক্তাক্ত** — রক্তলিপ্ত।

**রক্তাঙ্গ** — ছারপোকা।

**রক্তাতিসার** — রক্ত আমাশয় রোগ।

**রক্তাম্বর**— ষ্য. লাল কাপড়। ... ণ. যাহার কাপড় লাল।

**রক্তাভ** — রক্তবর্ণ, লাল।

**রক্তারক্তি** ] রক্তের ছড়াছড়ি। পরস্পরের রক্তপাত।

**রক্তি** -- অনুরাগ। কুঁচ। রতি ২।

**রক্তিকা** — কুঁচ।

**রক্তিমা** (-মন্) — রক্তবর্ণতা। ... **রক্তিম** ] লাল।

**রক্তোৎপল** — লাল পদ্ম, কোকনদ।

**রক্তোপল** — গিরিমাটি, লাল পাথর।

**রক্ষ** [ < রক্ষঃ (রক্ষস্ ] রাক্ষস।

**রক্ষক** — রক্ষণকর্তা, রক্ষিতা, রক্ষী। বিপদ্ হইতে যে রক্ষা করে। যে রাখে। ... স্ত্রী. **রক্ষিকা**।

**রক্ষণ, রক্ষা** — রাখা। তত্ত্বাবধান, পালন, বজায় রাখা ('সম্পত্তি-, স্বাস্থ্য-, নিয়ম-। রক্ষাকর্তা')। ... **রক্ষা** — ত্রাণ, নিস্তার, বাঁচোয়া ('বিপদ্ হইতে — করা, পাওয়া। — নাই')। রাখি। (পদ্যে ক্রি. 'রক্ষিল' — রক্ষা করিল)। ... **রক্ষাকালী** -- মহামারীর সময় যে কালীর পূজা করা হয়। ... **রক্ষাকবচ** - বিপদ্ আপদ্ হইতে রক্ষা পাইবার জন্য হস্তধৃত তাবিজ। ... **রক্ষাগৃহ** — আঁতুড়ঘর। ... **রক্ষাপত্র** — ভূর্জপত্র। ... **রক্ষামন্ত্র** — অমঙ্গল হইতে রক্ষা পাইবার জন্য মন্ত্র। ... **রক্ষণাবেক্ষণ** — সতর্কতার সহিত রক্ষা। ... **রক্ষণীয়**

— রক্ষণযোগ্য। ... **রক্ষণশীল** — গোঁড়া, প্রাচীনপন্থী, পরিবর্তন বিরোধী। ... **রক্ষিত** — যাহা রাখা হইয়াছে। ত্রাত। পালিত। উপাধি বিঃ। ... স্ত্রী. **রক্ষিতা।** — পালিতা উপপত্নী।

**রক্ষিতা** (-তৃ) — রক্ষক। ... স্ত্রী. **রক্ষিত্রী।**

**রক্ষী** (-ক্ষিন্) — প্রহরী। guard. রক্ষক।

**রক্ষ্য** — রক্ষণীয়।

**রগ** [ ফা ] ললাটের পার্শ্বদেশ।

**রগচটা** ] যে একটুতে রাগে।

**রগড়** ] মজা, কৌতুক। ঘর্ষণ।

**রগড়ানো** [ √ রগড়া-১৭ ] ঘষা, মর্দন করা।

**রগরগ** ] উজ্জ্বলতা অথবা বর্ণের উগ্রতা প্রকাশ ('— করা')। ... ণ. **রগরগে** ] টকটকে ('— লাল')

**রঘু** — রামের প্রপিতামহ। (§ রাঘব)। ... **রঘুনন্দন, -নাথ, -পতি, -বর, -মণি** — রাম।

**রঙ** (রং দেখ)

**রঙানো, রঙিন** (রঙ্গানো, রঙ্গিন দেখ)

**রঙ্ক** ] — কৃপণ, দরিদ্র, হীনচেতা। (প্রা-সা)

**রঙ্কু** — মৃগ বিঃ।

**রঙ্গ** — রং (দেখ), বর্ণ। নাট্য। নাট্যশালা। রণভূমি। ব্যায়ামাদিপ্রদর্শনভূমি, arena. পরিহাস, কৌতুক, মজা ('— করা, দেখা')। আমোদ, আনন্দ, লীলা। **রাং** ধাতু, tin. .. **রঙ্গদার / রং-** ] রঙ্গিন। মজাদার। ... **রঙ্গভঙ্গ** — কৌতুকজনক ভঙ্গী। ... **রঙ্গভূমি** — অভিনয়স্থান। তামাশা দেখাইবার স্থান। ... **রঙ্গমঞ্চ** — যে মঞ্চে অভিনয়াদি হয়। ... **রঙ্গমহল** [ ফা ] / **রং-** ] মুসলমান নৃপতির বিলাসভবন, বেগমখানা। ... **রঙ্গরস** — পরিহাসকৌতুক। ... **রঙ্গশালা** — অভিনয়গৃহ। ... **রঙ্গস্থল** — রঙ্গভূমি (দেখ)

**রঙ্গক** — অদ্রাব্য রং (যেমন এলামাটি, ভূসাকালি), pigment.

**রঙ্গন** ] ফুল বিঃ, ixora (লাল, সাদা)

**রঙ্গানো / রঙানো** [ √ রঙ্গা, রঙা-১১। < রন্জ্ ] রঞ্জিত করা, ছোপানো। ... ণ. রঞ্জিত।

**রঙ্গাজীব** — বস্ত্রাদি রঙানোই যাহার উপজীবিকা।

**রঙ্গালয়** — নাট্যশালা, থিয়েটার।

**রঙ্গিণী** — মত্তা ('রণ-')। রঙ্গপ্রিয়া, আমোদিনী।

**রঙ্গিন, -ঙ্গী- / রঙিন, -ঙী-** [ **ফা.** রঙ্গীন ] রঞ্জিত, রং-করা।

**রঙ্গিলা, -ঙ্গী-** [ হি ] রঙ্গকারী, ফূর্তিবাজ। রঙ্গিন।

**রচক** — রচনাকারী, রচয়িতা।

**রচন, রচনা** — নির্মাণ, গঠন; বিন্যাস, সাজানো; গ্রন্থন ('উদ্যান-, কাব্য-, কবরী-, মাল্য-')। লিখিত প্রবন্ধাদি। ... ণ. **রচিত**। ... **রচনীয়** — রচনাযোগ্য। ... **রচয়িতা** (-তৃ) — রচনাকারী, রচক। ... স্ত্রী. **রচয়িত্রী।**

**রচনাশৈলী** — রচনারীতি। style.

**রচা** [ √ রচ্-৫। < রচ্ ] রচনা করা।

**রজঃ** (-জস্), **রজ** — ধূলি। পরাগ। ঋতুস্রাব। (দর্শনে) প্রকৃতির গুণ **বিঃ** ('রজোগুণ')। (§ রাজস, রাজসিক)

**রজক** — ধোবা। ... স্ত্রী. **রজকী। রজকিনী** ]

**রজত** — রৌপ্য। (§ রাজত)। ... **রজতগিরি** — কৈলাস পর্বত।

**রজতজয়ন্তী** — প্রতিষ্ঠার পর চব্বিশ

বৎসর বিগত হইলে পঁচিশ বৎসরে যে উৎসব হয়।

**রজন** [ই. rosin] চির গাছের শুষ্ক নির্যাস (তার্পিন বাহির করার পর যাহা অবশিষ্ট থাকে)

**রজনী** (-নি বিরল) — রাত্রি। ... **রজনী-গন্ধা** — সুগন্ধ সাদা ফুল বিঃ, tuberose.

**রজস্বলা** — ঋতুমতী।

**রজোদর্শন** — প্রথম ঋতুস্রাব।

— দড়ি।

**রঞ্জক** — যে রং করে। রঞ্জনদ্রব্য, দ্রাব্য রং (যেমন হলুদ, ম্যাজেণ্টা), dye. প্রীতি-কারক ('প্রজা-')। (বাং) বারুদ। ... স্ত্রী. **রঞ্জিকা**। ... **রঞ্জকঘর**] প্রাচীন বন্দুক কামানের যে ছিদ্রে আগুন দেওয়া হইত, touch-hole.

**রঞ্জন** — ষ্য. রং করা, ছোপানো ('বস্ত্র-')। প্রীতিসম্পাদন ('প্রজা-')। ... ণ. প্রীতি-জনক ('নয়ন-')। (পদ্যে ক্রি. 'রঞ্জিল' — রং করিল)। (§ রক্ত)। ... স্ত্রী. **রঞ্জনী**। ... **রঞ্জিত** — রং যুক্ত, যাহা রঙানো হইয়াছে। সন্তোষিত।

**রঞ্জনরশ্মি** — যে আলোক অস্বচ্ছ ও স্থূল বস্তু ভেদ করিয়া তন্মধ্যস্থ বস্তুকে দৃশ্যমান করে। (Rontgen rays).

**রঞ্জিকা, রঞ্জিনী** — প্রীতিদায়িনী, রঞ্জনী। ... পুং. **রঞ্জক, রঞ্জী** (-ঞ্জিন্)

**রটনা, রটন** — প্রচার ('গুজব, কুৎসা — করা')। ঘোষণা। রাষ্ট্র করা। খ্যাতি। (§ রটিত)

**রটন্তী** — মাঘ মাসের কৃষ্ণ-চতুর্দশী।

**রটা** [√ রট্-৫। < রট্] প্রচারিত হওয়া ('গুজব —')। ... **রটানো** √ [রটা-১১] প্রচার করা।

**রটিত** — প্রচারিত।

**রড়**] দৌড়, পলায়ন (প্রা-সা)

**রণ** — যুদ্ধ ('-তরী, -ভেরী, -রঙ্গ, -সজ্জা, -স্থল')। শব্দ। ... **রণরঙ্গিনী** — যুদ্ধে মত্তা। ... **রণাঙ্গন** — যুদ্ধক্ষেত্র। ... **রণজিৎ** — যুদ্ধজয়ী। ... **রণপোত** — যুদ্ধের জাহাজ। ... **রণশয্যাগত** — যুদ্ধে হত।

**রণৎ** — শব্দায়মান। ... **রণৎকার** — ঝনৎকার।

**রণন** — শব্দকরণ। ... ণ. **রণিত**।

**রণ্ড** — বন্ধ্য। রাঁড়া, ফলহীন। ... **রণ্ডা** — বন্ধ্যা। বিধবা, রাঁড়। বেশ্যা।

**রত** — ণ. আসক্ত ('বিষয়ভোগে —')। নিযুক্ত ('অধ্যয়নে —')। ... ষ্য. রতি, মৈথুন।

**রতন**] < রত্ন (প্রায় পদ্যে)

**রতি ১** — মদনের পত্নী। মৈথুন। আসক্তি, অনুরাগ।

**রতি ২**] < রক্তি, এক কুঁচের ওজন, ১/৯৬ তোলা। ... **"রত্তি"**] অত্যল্প পরিমাণ ('একরত্তি মেয়ে')

**রত্ন** — মণিমুক্তাদি। শ্রেষ্ঠ বস্তু, স্বজাতির মধ্যে যাহা উৎকৃষ্ট ('পুত্র-, রমণী-')। ... **রত্নগর্ভ** — যাহার ভিতরে রত্ন আছে। সমুদ্র। ... স্ত্রী. **রত্নগর্ভা**। — পৃথিবী। রত্নপ্রসবিত্রী (দেখ)। ... **রত্নজীবী** (-বিন্), **-বণিক্** (-ণিজ্) — মণিকার, জহুরী। ... **রত্নপ্রসবিত্রী, -প্রসবিনী, -প্রসূ** — যে রত্ন বা সুসন্তান প্রসব করে।

**রত্নাকর** — সমুদ্র। বাল্মীকি।

**রত্নাবলী** — রত্নহার। শ্রীহর্ষকৃত নাটিকা বিঃ।

**রত্নাভরণ, রত্নালংকার** — জড়োয়া গহনা।

**রত্নি** — কনুই হইতে বদ্ধমুষ্টি-হস্তাগ্র পর্যন্ত মাপ।

**রথ** — চক্রযুক্ত যান, শকট ('বাষ্প-')। প্রাচীন অশ্বাদিবাহিত যান, স্যন্দন ('যুদ্ধ-')। বিমান ('পুষ্পক-')। ... **রথযাত্রা** — রথবাহিত দেবমূর্তির বিশেষতঃ জগন্নাথের উৎসব বিঃ।

**রথাঙ্গ** — চক্র।

**রথাঙ্গনামা** — চক্রবাক। চখা।

**রথী** (-থিন্) — রথারোহী ব্যক্তি বা যোদ্ধা।

**রথোদ্ধতা** — সংস্কৃত ছন্দ বিঃ।

**রথ্যা** — রাস্তা। রথসমূহ।

**রদ ১, রদন** — দন্ত ('দ্বিরদ')

**রদ ২** [আ] রহিত, খারিজ, মকুফ, পরিবর্তিত ('আইন — করা, হওয়া')

**রদচ্ছদ** — ওষ্ঠাধর।

**রদী** [আ. রদ] খারাপ, নিকৃষ্ট, অব্যবহার্য ('— মাল')

**রনপা**] বাঁশ ইঃর খুঁটি যাহা পায়ে লাগাইলে দ্রুত হাঁটা যায়, stilt.

**রন্ধন** — রান্না, পাক ('-গৃহ, -শালা')। ... ণ. **রন্ধিত**।

ছিদ্র, গর্ত। ত্রুটি, দোষ। ষ্) লগ্ন হইতে অষ্টম স্থান, মারাত্মক স্থান ('-গত শনি')

**রপ্ত** [আ. রব্‌ৎ] অভ্যস্ত ('— করা, হওয়া')। ... **রপ্তে রপ্তে**] অভ্যাস দ্বারা ক্রমশঃ। ধীরে ধীরে।

**রপ্তানি** [ফা. রফ্‌তনী] বিক্রয়ের জন্য পণ্যদ্রব্য অন্য দেশে প্রেরণ (তুঃ আমদানি)

**রফা** [আ] নিষ্পত্তি, মিটমাট ('— করা, হওয়া')। শেষ, নাশ ('দফা —')

**রব** — শব্দ, ধ্বনি।

**রবাব** [ফা] বীণা-জাতীয় বাদ্যযন্ত্র বিঃ।

**রবার** [ই] বৃক্ষ বিঃএর নির্যাস হইতে প্রস্তুত স্থিতিস্থাপক দ্রব্য।

**রবাহূত** — রব শুনিয়া আগত, অনিমন্ত্রিত আগন্তুক।

**রবি** — সূর্য। সপ্তাহের বার বিঃ, ভট্টারকবার। **রবিবাসর** — রবিবার।

**রবিখন্দ, রবিশস্য** [আ. রবী = বসন্ত] বসন্তকালে যে শস্য কাটা হয়, গম যব কলাই ইঃ।

**রবিচ্ছবি** — সূর্যের দীপ্তি বা শোভা।

**রভস** — প্রাবল্য, হঠাৎকার, বেগ। হর্ষ। শোক।

**রম** — রমণীয়। কান্ত। মদন।

**রমজান** [আ. -জা.ন] মুসলমান সনের নবম মাস, রোজা পালনের মাস।

**রমণ** — মৈথুন। কেলি, বিহার। বল্লভ, প্রিয়, পতি ('রাধিকা-')

**রমণী** — সুন্দরী নারী। নারী।

**রমণীয়** — মনোরম, রম্য। ... ষ্য. **-তা**।

**রমা** — লক্ষ্মী। রম্যা। প্রিয়া। ... **রমানাথ, -পতি, রমেশ** — বিষ্ণু।

**রমিত** — শোভান্বিত। ক্রীড়িত।

**রম্ভা** — কদলী। অপ্সরা বিঃ। ... **রম্ভোরু** — যে স্ত্রীর ঊরু কদলীকাণ্ড-তুল্য সুগঠিত।

**রম্য** — রমণীয়, মনোরম। স্ত্রী. **রম্যা**।

**রয়** — প্রবাহ, স্রোত। বেগ।

**রলা**] শাল ইঃ গাছের সরু গুঁড়ি।

**রশনা, -স-** — মেখলা, কটিভূষণ। (রসনা দেখ)

**রশারশি** — দড়াদড়ি, সরু ও মোটা দড়ি।

**রশি** [< রশ্মি] দড়ি, রজ্জু। ... **রশা**] দড়া।

**রশুন**] রসুন (দেখ)

**রশ্মি** — কিরণ, ray ('সূর্য-')। রাস, লাগাম। রশি, রজ্জু। **পক্ষ্ম**, **নেত্রলোম**।

**রস** — দ্রব বস্তু, নির্যাস ('চিনির, নেবুর —')। নিঃস্রাব ('গো-, খেজুর-। ফোড়ার —')। স্বাদ, রসনেন্দ্রিয়গ্রাহ্য গুণ (কটু

তিক্ত কষায় লবণ অম্ল মধুর)। জল। আর্দ্রতা। শ্লেষ্মা ('রসাধিক্য)। শুক্র। সম্বল বা সামর্থ্য জনিত গর্ব (আঁশঃ। 'ভারী -- হয়েছে')। (অলংকারশাস্ত্রে) আদি বীর করুণ ইঃ (নবরস দেখ)। কোনও বিষয়ে যে গুণ থাকিলে চিত্ত আকৃষ্ট হয় অথবা মনে ভাবের সঞ্চার বা আনন্দ হয়। তজ্জনিত মনোভাব ('মনে ভক্তিরসের উদয়')। আনন্দ, ভোগসুখ, আস্বাদ ('— পাওয়া। ও রসে বঞ্চিত')। রঙ্গ, কৌতুক ('-রচনা')। পারদ ('-সিন্দুর')। পারদঘটিত ঔষধ। রসায়ন ('-শালা')। (§ রসা, রসাল, রসিক, রসিত)

**রসকরা**] চিনির রসে পাক করা নারিকেলের লাড়ু।

**রসকর্পূর** — mercury perchloride.

**রসকলি** — (বাং) বৈষ্ণব-বৈষ্ণবীর তিলক বিঃ।

**রসকষ**] রসের লেশ ('কথায় — নেই')

**রসগর্ভ** — রসাত্মক, রসপূর্ণ ('— রচনা')

**রসগোল্লা**] চিনির রসে পাক করা ছানার লাড়ু বিঃ।

**রসঘন** — প্রগাঢ় রসবিশিষ্ট।

**রসজ্ঞ** — রস বা রসের উৎকর্ষ অপকর্ষ যে উপলব্ধি করিতে পারে, রসিক, রসবেত্তা, সমঝদার, connoisseur. ... ষ্য. **রসজ্ঞতা। রসজ্ঞান** — রসবোধ।

**রসদ** [ফা] সৈন্যগণের আহার্য সামগ্রী, ration. খাদ্য।

**রসন** — আস্বাদন। (§ রসিত, রাসন)

**রসনা, রসন** (-শ- বিরল) — জিহ্বা, রসনেন্দ্রিয়। (রশনা দেখ)

**রসবড়া**] গুড় বা চিনির রসে পাক করা দালের বড়া।

**রসবতী** — রসিকা। (সং) রান্নাঘর।

**রসবেত্তা** (-ত্তৃ) — রসজ্ঞ (দেখ)

**রসবোধ** — রসজ্ঞান, রসোপভোগশক্তি।

**রসভঙ্গ** — রসের প্রসঙ্গে বা উপভোগে বাধা বা বিচ্ছেদ।

**রসময়** — রসিক। রসাত্মক। ... স্ত্রী. **-ময়ী**।

**রসরঙ্গ** — সরস আমোদ, রঙ্গরস।

**রসরাজ** — রসিকশ্রেষ্ঠ। পারদ।

**রসশালা** — রাসায়নিক পরীক্ষাগার বা কার্যশালা।

**রসসিন্দুর** — হিঙ্গুল।

**রসস্থ** — রসবৃদ্ধিহেতু ভারাক্রান্ত ('সর্দিতে শরীর -- হওয়া')

**রসা ১** [√রস্-৫] রসযুক্ত হওয়া, আর্দ্র হওয়া ('নুন, মন —')। অল্প পচা ('মাছ —')। ... **রসানো** [√ রসা-১১] রসযুক্ত বা আর্দ্র করা ('মন —')

**রসা ২** — মদচোলাইখানা।

**রসা ৩**]—পচা-। যাহাতে পচন ধরিয়াছে।

**রসাঝাল**] — একপ্রকার নিরামিষ তরকারী।

**রসাঞ্জন** — অ্যান্টিমনি-গন্ধক-যুক্ত খনিজ বস্তু বিঃ, stibnite. (সুর্মা দেখ)। দারুহরিদ্রার ক্বাথ, রসোত (ঔষধ)

**রসাতল** — পাতাল বিঃ। ভূতল। অধঃপাত, নাশ ('রসাতলে যাওয়া')

**রসাত্মক** — রসগর্ভ, সরস।

**রসাধিক্য** — রস বা কফধাতুর বৃদ্ধি ('দেহে —')

**রসান** [< রসায়ন] স্বর্ণাদি উজ্জ্বল করণ। উজ্জ্বল করিবার মসলা অথবা শান ('দেওয়া')

**রসাভাস** — (মুঃ রসতুল্য) নীচ রস, যে রস শিষ্টজনের অযোগ্য। বিরুদ্ধ রসের সমাবেশে রসভঙ্গ।

**রসায়ন** — আয়ুর্বৃদ্ধিকর জরা- ও রোগনাশক ঔষধ। বস্তুর বিভিন্ন উপাদান

এবং তাহাদের ধর্ম ও সম্বন্ধ বিষয়ক বিদ্যা, chemistry. ( § রাসায়নিক)। ... **রসায়নী** — রসায়ন সম্বন্ধীয়া ('— বিদ্যা')। ... **রসায়নী** (-নিন্) — রসায়নজ্ঞ, chemist.

**রসাল** — ণ. রসযুক্ত, সরস। ... ষ্য. আম্র।

**রসালাপ** — সরস আলাপ।

**রসাস্বাদ, -স্বাদন** — রসের স্বাদ গ্রহণ।

**রসি** ] — তাল বা খর্জুরের রস।

**রসিক** — রসজ্ঞ (দেখ। '— নাগর। কাব্য-')। রঙ্গকুশল ('হাস্য-')। স্বাদ-গ্রাহী। ... স্ত্রী. **রসিকা**। ... **রসিকতা** — হাস্যরসের বা আদিরসমিশ্রিত হাস্য-রসের অবতারণা ('— করা')। রঙ্গরস।

**রসিত** — আস্বাদিত।

**রসিদ** [ ফা. -সী- ] প্রাপ্তিস্বীকার পত্র। Receipt.

**রসিয়া** — রসিকজন।

**রসুই** [ < রসবতী ] রান্না, পাক ('-ঘর')। ... **রসুয়ে** ] পাচক ('—বামুন')

**রসুন, রসূন, রসোন, লশুন, লশূন** — পিয়াজজাতীয় তীব্রগন্ধ কন্দ বিঃ (মসলা)

**রসুন** — অপেক্ষা করুন।

**রসুল** [ আ. -সূ- ] পয়গম্বর, ঈশ্বরের দূত।

**রসেন্দ্র** — পারদ।

**রসোদ্গার** — পদাবলী সাহিত্যে মিলন-লীলারঙ্গ স্মরণ করিয়া যে আনন্দ পুনরুপভোগের জন্য আকাঙ্ক্ষা।

**রহমৎ** [ আ ] — কৃপা।

**রহমান** [ আ ] — করুণাময়।

**রহর** — অড়হর।

**রহসে** [ < রহস্ ] গোপনে, নির্জনে (পদ্যে)

**রহস্য** — ষ্য. গূঢ় বা গুপ্ত তত্ত্ব; গূঢ় মর্ম ('-ভেদ, -ময়। — উদ্ঘাটন')। পরিহাস, রসিকতা। ... ণ. গোপনীয়। ... **রহস্যালাপ** — রসিকতাযুক্ত আলাপ। গোপনে আলাপ।

**রহা/রওয়া** [ √ রহ্-৬ ] থাকা ('বাকী রহিল। জ্বর রয়েছে')। থামা, সবুর করা ('রও আগে খেয়ে নি। র'য়ে ব'সে')

**রহিত** — বিরহিত, বর্জিত, বিহীন ('বাক্যালাপ-')। রদ, বন্ধ ('— করা')। ( § রাহিত্য)

**রহিম** [ আ ] — পরম করুণাময়।

**রা** [ < রাব ] রব, শব্দ, বাক্যস্ফূর্তি, সাড়া ('মুখে — নেই। রা-কাড়া')

**রাই ১** ] < রাধিকা।

**রাই ২** [ < রাজিকা ] সরিষা বিঃ, mustard.

**রাইখয়রা** — একপ্রকার মাছ।

**রাইফেল** [ ই ] — বড় বন্দুক, Rifle.

**রাইসরিষা** ] — বড় আকারের সরিষার দানা।

**রাউত** — রাজপুত।

**রাওল** ] — হিমালয় অঞ্চলে মন্দিরের প্রধান পুরোহিত।

**রাওসাহেব** — ধনীদের উপাধি বিঃ।

**রাং ১, রাঙ** ] < রঙ্গ, ধাতু বিঃ, tin. ... **রাংঝাল** ] রাং-সীসা মিশ্রিত ঝালিবার পান। .. **রাংতা** [ < রঙ্গ-পত্র ] রাঙের তবক।

**রাং ২** [ ফা. রান ] নিহত পশুপক্ষীর জঙ্ঘা।

**রাংচিতা** ] ছোট গাছ বিঃ (বেড়া হয়)

**রাকা** — পূর্ণিমা ('-শশী')

**রাক্ষস** — ষ্য. পুরাণোক্ত মহাবল নৃশংস জাতি বিঃ, রক্ষ, নিশাচর, কর্বুর। (ব্যঙ্গে) অতিভোজী। ... ণ. **রক্ষঃ-সম্বন্ধীয়**। ... স্ত্রী. **রাক্ষসী**। ... **রাক্ষস-**

**বিবাহ** — কন্যাকে বলপূর্বক অপহরণ করিয়া বিবাহ।

**"রাক্ষুসে"**] রাক্ষসের তুল্য। বৃহৎ।

**রাখা** [√রাখ্-৭। < রক্ষ্] রক্ষা করা ('বাক্সে টাকা, সাবধানে, কাছে, মনে, গরু —')। স্থাপন করা, থোয়া ('ঐখানে রাখ')। আশ্রয় দেওয়া ('চরণে —')। পোষণ করা ('আশা, খাতির, সদ্ভাব, বজায়, বাপের নাম—')। বাঁচানো ('কুল, ধর্ম, প্রাণ, মান —')। পালন করা, অনুবর্তী হওয়া ('অনুরোধ-, কথা, মন —')। নিযুক্ত করা ('চাকর, গাড়ি—')। কোনও ক্রিয়া পূর্বে সম্পাদন করা ('করিয়া, দেখিয়া, শুখাইয়া—')। ছাড়া, থাকিতে দেওয়া ('ও কথা এখন রাখ। বাকী, অসম্পূর্ণ রাখা')। দেওয়া ('ছেলের নাম —')

**রাখাল** [< রক্ষা-পাল] গোরক্ষক, যে গরু চরায়। ... ম্য. **রাখালি, রাখাল-রাজ**] — শ্রীকৃষ্ণ।

**রাখি**] রক্ষাসূত্র, বিপদ্ হইতে রক্ষার কামনায় প্রিয়জনের হস্তে যে মাংগলিক সূত্র বাঁধা হয়। ... **রাখিপূর্ণিমা**] শ্রাবণপূর্ণিমা।

**রাখিবন্ধন** — রাখিপূর্ণিমার দিন প্রিয়-জনের হাতে রক্তসূত্র বন্ধনের অনুষ্ঠান।

**রাগ** — রঞ্জন, রং, রক্তিমা ('তাম্বুল-, অরুণ-, অস্ত-')। অনুরাগ, প্রেম ('পূর্ব-')। ইচ্ছা, আসক্তি ('রাগদ্বেষ')। (সংগীতে) স্বরবিন্যাসের পদ্ধতিবিভাগ ('ছয় —')। ক্রোধ ('— করা, হওয়া, পড়া')। (§ রক্ত)

**রাগত**] কুপিত ('—হওয়া')

**রাগরংগ** — ক্রোধ প্রকাশ। অনুরাগের লীলা।

**রাগা** [√রাগ্-৭। < রন্জ্] রাগ করা, ক্রুদ্ধ হওয়া, চটা। ... **রাগানো** [√রাগা-১১] ক্রুদ্ধ করানো, চটানো।

**রাগান্ধ** — ক্রোধে জ্ঞানশূন্য।

**রাগান্বিত** — অনুরাগযুক্ত। ক্রুদ্ধ।

**রাগারাগি**] — মনোমালিন্য। পরস্পরের প্রতি ক্রোধপ্রকাশ। কলহ।

**রাগিণী**—(সংগীতে) রাগের পত্নী অর্থাৎ শাখা, এক এক রাগের অন্তর্গত স্বর-বিন্যাসের প্রকারভেদ ('ছত্রিশ—')

**রাগী** (-গিন্) — কোপনস্বভাব, ক্রোধী, যে অল্পে চটে। ক্রুদ্ধ। অনুরাগী।

**রাঘব** — রঘুবংশীয়; রাম।

**রাঘব বোয়াল**] বড় মাছ বিঃ।

**রাঙ** (রাং ১ দেখ)

**রাংগা / রাঙা**] রক্তবর্ণবিশিষ্ট, লাল, লোহিত। ... **রাঙামুলো** — লাল রঙের মূলা। লক্ষ্যার্থে — শ্রীমান কিন্তু ধীমান নয় যে।

**রাংগানো / রাঙানো** [< রাংগা, -ঙা-১১] আরক্ত করা ('চোখ—')। রক্তবর্ণে রঞ্জিত করা, রঙানো।

**রাঙি**] — একপ্রকার ক্ষুদ্র লাল রঙের পিঁপিড়া। লাল রঙের লংকামরিচ।

**রাজ**] < রাজ্য, ('স্ব-, বর্ধমান-')

**রাজ-** (রাজন্। সমাসে 'রাজ-') — রাজকীয়, royal: রাজা-উপাধিধারী ব্যক্তি সম্বন্ধীয় ('-আজ্ঞা, -সিংহাসন, -কুমার')। দেশশাসন বিষয়ক, সরকারী ('-কার্য, -নীতি') শ্রেষ্ঠতাসূচক ('-হংস')

**-রাজ** (রাজন্। সমাসে '-রাজ') — রাজা, অধিপতি ('মহা-, কুরু-')

**রাজক** — সরকার, গভর্নমেণ্ট।

**রাজকন্যা, -কুমারী** — রাজার কন্যা।

**রাজকবি** — রাজা কর্তৃক নিযুক্ত ও সম্মানিত কবি, poet-laureate.

**রাজকর** — রাজস্ব, সরকারকে প্রদেয় খাজনা।

**রাজকার্য** — সরকারী বা গভর্নমেণ্টের কাজ। রাজ্যপরিচালনা।

**রাজকীয়** — রাজা সম্বন্ধীয়, royal. সরকারী, গভর্নমেণ্টের।

**রাজকুমার** — রাজার পুত্র। ... স্ত্রী. **-রী।**

**রাজগদি**] রাজতক্ত, রাজার পদ।

**রাজগাঁড়** — পেটের ভিতরের ফোড়া।

**রাজগি**] রাজ্য। রাজপদ।

**রাজচক্রবর্তী** (-র্তিন্) — **সম্রাট্।**

**রাজচ্ছত্র** — **রাজছত্র**] রাজার মাথায় যে ছাতা ধরা হয়।

**রাজটিকা**] অভিষেককালে রাজার ললাটে যে তিলক দেওয়া হয়।

**রাজড়া**] রাজন্য, রাজার তুল্য ব্যক্তিগণ ('রাজা-')

**রাজত** — রজতময়, রৌপ্যনির্মিত।

**রাজতক্ত**] রাজসিংহাসন।

**রাজতন্ত্র** — রাজার অধীন শাসন পদ্ধতি বা **রাষ্ট্র,** monarchy. **রাজ্যশাসন-**নীতি।

**রাজত্ব** — রাজ্য। রাজ্যশাসন ('— করা। মোগল-')। রাজপদ, রাজ্যের অধিকার ('— পাওয়া')

**রাজদণ্ড** — রাজকীয় শাসনবিধি অনুসারে অপরাধীর সাজা। রাজার হস্তস্থিত রাজচিহ্নরূপ দণ্ড, sceptre. ললাটস্থ ঊর্ধ্বরেখাচিহ্ন।

**রাজদন্ত** — উপর-পাটির মাঝের দুই দাঁত অথবা দুই পাটির সামনের চার দাঁত।

**রাজদরবার**] রাজসভা। আদালত।

**রাজদূত** — রাজা কর্তৃক প্রেরিত দূত, ambassador.

**রাজদ্বার** — রাজসন্নিধান। আদালত।

**রাজদ্রোহ** – রাজশক্তির বিরুদ্ধাচরণ বা অমর্যাদা, treason, sedition. ... **রাজদ্রোহী** (-হিন্) — যে তাহা করে। ... ষ্য. **-দ্রোহিতা।**

**রাজধর্ম** — আদর্শ রাজার কর্তব্য কর্ম।

**রাজধানী** — রাজার বাসনগরী। যে নগর রাজ্যশাসনের কেন্দ্রস্থান, capital.

**রাজনীতি** — রাজ্যশাসন- বা রাষ্ট্রচালন-নীতি, politics, (সং) সাম দান দণ্ড ভেদ। ... **রাজনীতিক** — রাজনীতি বিষয়ক। রাজনীতিচর্চাকারী।

**রাজন্য** — সামন্ত রাজা। রাজবংশীয় ব্যক্তি। ক্ষত্রিয়। ... **রাজন্যক** — রাজন্যবর্গ।

**রাজন্বতী** — সরাজিকা।

**রাজপট্ট** — **রাজপাট**] রাজসিংহাসন। রাজ-দত্ত সনদ।

**রাজপণ্ডিত** — রাজার বৃত্তিভোগী প্রধান পণ্ডিত।

**রাজপথ**—বড় রাস্তা, রাজবর্ত্ম, রাজমার্গ।

**রাজপুত** [ < রাজপুত্র] রাজপুতানার জাতি বিঃ (ক্ষত্রিয় বলিয়া গণ্য)। ... স্ত্রী. রাজপুতানী। ... **রাজপুতানা**] রাজস্থান (দেখ)

**রাজপুত্র** — রাজার পুত্র। ... স্ত্রী. **-পুত্রী।**

**রাজপুরুষ** — রাজকর্মচারী। রাজবংশীয় পুরুষ।

**রাজপ্রমুখ** — পূর্বে স্বতন্ত্র কিন্তু এখন সংযোজিত কতকগুলি রাজ্যের প্রধান রূপে নিযুক্ত একজন রাজা।

**রাজপ্রাসাদ** — রাজার বাসভবন।

**রাজবংশ** — রাজার কুল। ... ণ. **-বংশীয়, -বংশ্য।** ... **রাজবংশী**] উত্তর বঙ্গের হিন্দু জাতি বিঃ।

**রাজবর্ত্ম** — রাজপথ।

**রাজবল্লভ** — রাজার প্রিয়। ইতিহাস প্রসিদ্ধ পূর্ববঙ্গীয় রাজা বিঃ।

**রাজবাটী** — **রাজবাড়ি, -ড়ী**] রাজার

বাড়ি।
**রাজবিধি** — আইন।
**রাজবিপ্লব** — প্রচলিত রাজ্যশাসনপ্রণালীর বিপর্যয়।
**রাজভাষা** — রাজার জাতীয় বা রাজকার্যে ব্যবহৃত ভাষা, রাষ্ট্রভাষা।
**রাজভোগ** — রাজার যোগ্য ভোগ্য বস্তু। বড় রসগোল্লা। ... **রাজভোগ্য** — রাজার উপভোগযোগ্য।
**রাজমজুর**] রাজমিস্ত্রীর সহকারী মজুর।
**রাজমার্গ** — রাজপথ
**রাজমিস্ত্রী**] যে মিস্ত্রী ইট ইঃ দিয়া গৃহাদি নির্মাণ করে।
**রাজযক্ষ্মা** — ক্ষয়রোগ, যক্ষ্মা।
**রাজযোগ** — যোগসাধনপদ্ধতি বিঃ।
**রাজযোটক**—বরকন্যার জন্মরাশি ইঃর মিল বিঃ (অতিশয় শুভসূচক)
**রাজরাজ** — রাজার রাজা। কুবের।
**রাজরাজেশ্বরী** — দশমহাবিদ্যার এক, কমলা। সম্রাজ্ঞী।
**রাজরানী, -ণী**] রাজমহিষী।
**রাজর্ষি** — ঋষিতুল্য ধার্মিক রাজা। ক্ষত্রিয় ঋষি ('— জনক, বিশ্বামিত্র')
**রাজলক্ষ্মী**—রাজ্যের অধিষ্ঠাত্রীরূপে গণ্যা লক্ষ্মী, রাজশ্রী।
**রাজশক্তি** — রাজার বা সরকারের শাসন-শক্তি।
**রাজস, রাজসিক** — রজোগুণ সম্বন্ধীয়। প্রভুত্ব খ্যাতি গর্ব ইঃ মূলক। ... স্ত্রী. **রাজসী, রাজসিকী।**
**রাজসভা** — রাজার দরবার।
**রাজসর্প — রাজসাপ**] বিষধর সর্প বিঃ, শঙ্খচূড় (দেখ)
**রাজসর্ষপ** — রাইসরিষা।
**রাজসূয়** — সার্বভৌম নরপতির যজ্ঞ বিঃ।
**রাজস্থান** — ভারতের প্রদেশ বিঃ, রাজপুতানা।
**রাজস্ব** — রাজকর, সরকারকে প্রদেয় খাজনা।
**রাজহংস — রাজহাঁস**] বড় হাঁস বিঃ, gander (goose). মরাল (দেখ); swan. ...স্ত্রী. **রাজহংসী।**
**রাজা** (রাজন্) — রাজ্যের অধিপতি, নর-পতি, নরেন্দ্র, নরেশ, নৃপ, ভূপতি, ভূপাল, মহীপতি। উপাধি বিঃ (§ রাজ্ঞী, রানী, রাজ্য)। ... **রাজাধিরাজ** — সম্রাট্। উপাধি বিঃ।
**রাজি, রাজী** — শ্রেণী ('তরু-')। রেখা ('রোম-')
**রাজিত** — শোভিত, বিরাজিত। (পদ্যে ক্রি. 'রাজিল'—বিরাজ করিল, শোভমান, হইল)
**রাজী** [ আ. রাজী. ] সম্মত।...**রাজীনামা** [ আ-ফা ] সম্মতিপত্র।
**রাজীব** — পদ্ম। ... **রাজীবলোচন** — পদ্মের মত যাহার নয়নদ্বয়।
**রাজেন্দ্র** — সম্রাট্। ... স্ত্রী. **-ন্দ্রাণী।**
**রাজ্ঞী** — রাজমহিষী, রানী।
**রাজ্য** — রাজার অধিকারভুক্ত দেশ। স্বতন্ত্র শাসনব্যবস্থা সমন্বিত প্রদেশ, state. রাজত্ব ('-চালনা') ... **রাজ্যপাল** — প্রদেশের শাসনকর্তা, governor.
**রাজ্যশ্রী** — কনৌজ রাজ হর্ষবর্ধনের ভগিনী।
**রাজ্যাভিষেক** — রাজপদে প্রতিষ্ঠিত হইবার অনুষ্ঠান।
**"রাঁড়"**] < রণ্ডা, বিধবা। উপপত্নী।
**রাঁড়া**] < রণ্ড, যে গাছে ফল হয় না, পুংবৃক্ষ, শাঁড়া।
**রাঁড়ী** — বিধবা।
**রাঢ়**] বঙ্গের অন্তর্গত গঙ্গার পশ্চিমস্থ অঞ্চল। ... ণ. **রাঢ়ীয় / রাঢ়ী**]

**রাণী** (রানী দেখ)

**রাত** ] < রাত্রি। ('—করা' — কোনও কর্ম করিতে রাত্রি বা অধিক রাত্রি পর্যন্ত বিলম্ব করা। '—কাটানো, জাগা, পোহানো, হওয়া')।...**রাতকানা** ] রাত্রি-কালে যে দেখিতে পায় না, রাত্র্যন্ধ।... **রাতভিখারী** ] — রাত্রিকালে যে ভিক্ষা করে। ... **রাতারাতি** ] রাত্রির মধ্যে ('—কাজ শেষ করা, বড়লোক হওয়া')

**রাতি** ] < রাত্রি (পদ্যে)

**রাতুল** [ < রক্ত- ] রাঙা, লাল, রক্তবর্ণ ('—চরণ')

**রাত্রি** (-ত্রী বিরল)—রাত, ক্ষণদা, নিশা, বিভাবরী, যামিনী, রজনী, শর্বরী। (সমাসে কতকগুলি শব্দের পর 'রাত্র' হয়, যথা—'অর্ধরাত্র, ত্রি-, দিবা-, পুণ্য-, পূর্ব-, মধ্য-')। ... **রাত্রিচর, রাত্রিঞ্চর**—রাত্রিতে বিচরণকারী। ... **রাত্রিন্দিব** — দিবারাত্র, অহর্নিশ। ... **রাত্রিবাস** — রাত্রিতে অবস্থান। রাত্রিতে শয়নকালে পরিধেয় বস্ত্র।

**রাত্র্যন্ধ** — রাতকানা।

**রাঁদা, রেঁদা** ] কাঠ চাঁচিয়া মসৃণ করিবার যন্ত্র বিঃ।

**রাঁধনি, রাঁধনী** (রান্ধনি, রান্ধনী দেখ)

**রাধা, রাধিকা** — বৃষভানু-কন্যা, আয়ান-পত্নী, কৃষ্ণের প্রিয়া। বিশাখা নক্ষত্র। ... **রাধাকুণ্ড** — বৃন্দাবনের কুণ্ড বিঃ। ... **রাধাপদ্ম** — সূর্যমুখী ফুল।

**রাঁধা** (রান্ধা দেখ)

**রানা ১** ] ঘাট ইঃর চাতাল।

**রানা ২** ] রাজপুত রাজার উপাধি বিঃ ('চিতোরের—')

**রানার** (ই. Runner) — ডাকহরকরা, যে ডাকপুলিন্দা লইয়া ছুটিয়া চলে।

**রানী, -ণী** ] < রাজ্ঞী। রাজা-উপাধিধারী ব্যক্তির পত্নী। রাজ্যের অধিকারিণী।

**রান্ধনি / রাঁধনি, রাঁধুনি** ] মসলা বিঃ।

**রান্ধনী / রাঁধনী, রাঁধুনী** [ < রন্ধনিকা ] পাচিকা। যে রাঁধে (পুং, স্ত্রী.) — দুই লিঙ্গেই চলে।

**রান্ধা** / রাঁধা [ √ রান্ধ্, রাঁধ্-৭। < রন্ধ্ ] রন্ধন করা।...ণ. রন্ধিত, পক্ব।

রান্না ] রন্ধন ('— করা। -ঘর')

**রাব** [ হি ] মাত গুড়।

রাবড়ি [ হি ] সরের চাপ মিশ্রিত ঘন দুধ।

**রাবণ** — লঙ্কাপতি, রাক্ষসরাজ দশানন (রাম কর্তৃক নিহত)। হিমালয় অধিত্য-কার একটি হ্রদের নাম। ... **রাবণি** — রাবণপুত্র।

রাবণারি — রামচন্দ্র।

**রাবিশ** [ ই rubbish ] অব্যবহার্য ভাঙা পলস্তারা ইঃ। আবর্জনা।

**রাম** — রামচন্দ্র, দশরথ-কৌশল্যার পুত্র, বিষ্ণুর সপ্তম অবতার। বলরাম। পরশু-রাম। (বাং) বৃহৎ অর্থে ('-ছাগল, -দা, -শিঙা'। ব্যঙ্গে—'বোকা-') পাপবারণে বা ঘৃণাপ্রকাশে ('রাম বল')। ... **রামকিরী, রামকেলি** — রাগিণী বিঃ। ... **রামখড়ি** ] — শিশুদের হাতে-খড়ি দেওয়ার জন্য ব্যবহৃত এক-প্রকার খড়িমাটি। ... **রাম-দা** — বড় ধারালো দা। ... **রামধনু** ] ইন্দ্রধনু, rainbow. ... **রামনবমী** — চৈত্র-শুক্ল-নবমী, রামের জন্মতিথি। ... **রামপটোল** — ঢেঁরস, ভিণ্ডি — এক-প্রকার আনাজ।... **"রামপাখি"** ] মুরগি। ... **রামরাজ্য** — রামের রাজ্য। তত্তুল্য সুখময় ধর্মরাজ্য। ... **রামলীলা** — রামচরিত্রাভিনয়। ... **রামশিঙ্গা/-শিঙা** ] বড়শিঙ্গা বা তূরী বিঃ। ... **রাম-শালিক** ] বক-জাতীয় পাখি বিঃ।

**রামনা**] — গোচারণের মাঠ। বায়ুসেবনের মাঠ।

**রামা** — সুন্দরী স্ত্রী।

**রামায়েত, -ইত, রামাত**] বৈষ্ণবসম্প্রদায় বিঃ।

**রামায়ণ** — রামচরিতমূলক মহাকাব্য (বাল্মীকি অথবা কৃত্তিবাস তুলসীদাস ইঃ রচিত)

**রায় ১** [< রাজন্] উপাধি বিঃ। ... **রায়বাঘিনী**] বড় বাঘিনী। (ব্যঙ্গে) উগ্রা স্ত্রী। ... **রায়বার** [<রাজবার্তা] রাজার সমীপে স্তুতিপাঠ বা দূতকর্তৃক নিবেদন (অপ্রঃ। 'অঙ্গদ-')। ... **রায়-বাঁশ**] বাঁশের বড় লাঠি বিঃ। ... **রায়বাহাদুর**], **রায়সাহেব**] রাজদত্ত উপাধি বিঃ।

**রায় ২** [আ] আদালতের বিচারফল, বিচারকের নির্ণয়।

**রায়ত** [আ. রইয়ৎ] জমিদারের প্রজা।... ণ. **রায়তী**]

**রায়বেঁশে**] (রায়বাঁশিয়া) — রায়বাঁশধারী নিম্ন জাতীয় সৈনিক (রায় বাঁশ দেখ)। রায়বাঁশিয়াদের নৃত্য।

**রাশ**] < রাশি, স্তূপ, গাদা ('এক-জিনিস')। জন্মরাশি। ... **রাশনাম**] জন্মরাশি অনুযায়ী নাম (এই নাম প্রায় ব্যবহৃত হয় না)। ... **রাশভারী**] গম্ভীরপ্রকৃতি ('— লোক')। ... **রাশ-হালকা**] লঘুপ্রকৃতি। ... **রাশমারা** — সুবিন্যস্ত দ্রব্যাদিকে যে বিশৃঙ্খল করিয়া দেয়।

**রাশি** — সমূহ, স্তূপ ('রাশি রাশি')। (গণিতে) অঙ্ক, সংখ্যা, number, quantity ('অজ্ঞাত —')। (জ্যোতিষে) রাশিচক্রের দ্বাদশভাগের এক ভাগ। (দ্বাদশ রাশি — মেষ বৃষ মিথুন কর্কট সিংহ কন্যা তুলা বৃশ্চিক ধনু মকর কুম্ভ মীন)। ... **রাশিচক্র** — ক্রান্তিবৃত্তের উভয় পার্শ্বে কিঞ্চিৎ বিস্তৃত আকাশস্থ চক্রাকার পথ যাহাতে সংবৎসরে সূর্য চন্দ্র ও গ্রহগণের অবস্থান লক্ষিত হয়, ভচক্র, zodiac.

**রাশীকৃত, রাশীভূত** — স্তূপীকৃত, গাদা-করা।

**রাষ্ট্র** — বি. রাজ্য, এক শাসনের অন্তর্গত সমুদয় দেশ, state ('-নীতি, -বিপ্লব')। দেশ, প্রদেশ। ... ণ. (বাং) রটিত, বহুবিদিত ('— করা, হওয়া।— আছে')। ... ণ. **রাষ্ট্রিক, রাষ্ট্রীয়**। ...

**রাষ্ট্রকূট** — প্রাচীন ভারতের রাজ্য বিশেষ। রাজপুত জাতি বিঃ, রাঠোর। ... **রাষ্ট্রপতি** — সাধারণতন্ত্র-রাষ্ট্রের নির্বাচিত অধিনায়ক, president.

**রাষ্ট্রীকরণ** — রাষ্ট্রের শাসনে আনয়ন। রাষ্ট্রের নিজস্বীকরণ।

**রাস ১** — গোপীগণের সহিত কৃষ্ণের নৃত্য-লীলা। ... **রাসপূর্ণিমা** — কার্তিকী পূর্ণিমা, রাসযাত্রা। ... **রাসমণ্ডল** — রাসনৃত্যের জন্য চক্রাকার স্থান বা নর্তকীগণের চক্র।

**রাস ২** [আ] রশ্মি, বল্গা, লাগাম।

**রাসকেল** (ই. Rascal) — গালি বিঃ। দুষ্ট, পাজি।

**রাসন** — রসনা সম্বন্ধীয়।

**রাসভ** — গর্দভ।

**রাসায়নিক** — রসায়ন বিষয়ক। chemical. রসায়নজ্ঞ, রসায়নী।

**রাস্তা** [ফা. রস্তহ্] পথ।

**রাস্না** — পরবৃক্ষজীবী উদ্ভিদ বিঃ (orchid জাতীয়)

**রাহা** [ফা. রাহ্] পথ। উপায় ('সু-')। ... **রাহাখরচ** — পাথেয়, পথে যাইতে

যাত্রীদের যে ব্যয় করিতে হয়। ... **রাহাজান**] রাজপথে যে ডাকাতি করে। ... ষ্য. **রাহাজানি**]

**রাহিত্য** — অভাব।

**রাহী** [ফা] পথিক, মুসাফির।

**রাহু** — গ্রহণকালে চন্দ্রের উপর পতিত পৃথিবীর ছায়া অথবা চন্দ্র কর্তৃক সূর্য-মণ্ডল আবরণ ('-গ্রাস, -গ্রস্ত')। (যে দুই বিন্দুতে চন্দ্রের কক্ষ পৃথিবীর কক্ষতলকে ছেদন করে তাহার নাম রাহু ও কেতু. ascending node, descending node. ভারতীয় জ্যোতিষে গ্রহ রূপে গণ্য। পুরাণে — বিষ্ণু কর্তৃক দ্বিখণ্ডিত দানব বিঃ, মুণ্ড = রাহু, দেহ = কেতু)

**রাহুত** — রাজপুত ঘোড়সওয়ার।

**রাহুল** -- বুদ্ধদেবের পুত্র।

রি (রে দেখ)

**রিং** [ই. ring ] চাবি ইঃ গাঁথিয়া রাখিবার আংটা। আংটি।

**রিক্ত** — শূন্য, খালি, ('-হস্ত')। নিঃস্ব, দরিদ্র। ... ষ্য. **-তা**।

**রিক্‌থ** – ধন, সম্পত্তি। উত্তরাধিকারসূত্রে লভ্য ধন, দায়।

**রিক্‌শ, -শা** [জাপানী জিনরিক্‌শা] মানুষে টানা দুই চাকার গাড়ি।

**রিঝ**] — হৃদয়। (ব্রজবুলি)

**রিঝা ১**] — উপলব্ধি করা। (ব্রজবুলি) হৃদয়ঙ্গম করা (ব্রজবুলি)।

**রিঝা ২**] — স্পষ্ট হওয়া।

**রিঠা / রিঠে** [< অরিষ্ট] ফল বিঃ, soapnut (জলে ভিজাইলে ফেনা হয়। পশমী কাপড় কাচে)

**রিপু** — শত্রু। ষড়্‌রিপু, কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎসর্য, passions.

**রিফু** [ফা. রফু] বস্ত্রের ছিন্ন অংশ ছুঁচ সুতা দিয়া বুনিয়া মেরামত ('— করা। -কর্ম')

**রিভলভার** (ই) — একাধিক-নালা ছোট-বন্দুক বিঃ।

**রিরংসা** — রমণেচ্ছা, কাম। ... **রিরংসু** — রমণেচ্ছু।

**রিরি**] রোমাঞ্চ কম্প ইঃর ভাব ('— করা')

**রিষ, রীষ**] < ঈর্ষা, দ্বেষ, আক্রোশ। ... **রিষারিষি / রেষারেষি, -রিষি**] পরস্পর দ্বেষ।

**রিষ্ট, রিষ্টি** -- পাপ, অশুভ। গ্রহদোষ। কল্যাণ।

**রিসালা** [আ. রিসালহ্‌] অশ্বারোহী সৈন্যদল ('-দার')

**রিহার্সেল** (ই) — অভিনয়াদির তালিম।

**রীতি** — "রীত", প্রণালী, প্রথা, দস্তুর ('কর্মসম্পাদনের, রচনার, দেশের, বংশের —। যথা-। -বিরুদ্ধ')। স্বভাব, আচরণ ('রীতিনীতি')। গতিক, ধরন। ... **রীতিমত**] নিয়মানুসারে। (অশিঃ) ভালরকম, খুব ('— বৃষ্টি')

**রীম** [ই] কাগজের ২০ দিস্তা।

**রীল** [ই] কাঠের নলী যাহাতে সেলাই করিবার সুতা জড়ানো থাকে। ছিপের সুতা গুটাইবার চাকা।

**রীষ** (রিষ দেখ)

**রুবা, রুয়া**] — খড়ের চাল ধারণের জন্য তাল গাছের কাঁড়ি।

**রুই ১**] < রোহিত, বড় মাছ বিঃ।

**রুই ২** — উই, বল্মীক।

**রুইতন** [ডাচ ruiten] তাসের চিহ্ন বিঃ।

**রুইদাস, রুহিদাস** — চামার। চামার জাতির একজন সাধক।

**রুক, রুখ**] বৃক্ষ (প্রা-সা)

**রুক্মিণী** — কৃষ্ণের প্রধানা পত্নী, বিদর্ভ-

রাজ ভীষ্মকের কন্যা।

**রুক্মী** — রুক্মিণীর ভ্রাতা।

**রুক্ষ, রূক্ষ** — কর্কশ, অচিক্কণ ('— বস্ত্র, কেশ')। নীরস, উগ্র, তীব্র; নিষ্ঠুর ('—খাদ্য, মেজাজ, ব্যবহার')

**রুখা ১ / রুখু, রুখো** ] < রুক্ষ, শুষ্ক ('— ভাত')। তৈলহীন ('— মাথা')। যাহাকে খাইতে দিতে হয় না ('—মাহিনার চাকর')

**রুখা ২** (রোখা দেখ)

**"রুগী"** ] < রোগী।

**রুগ্ন** (=রুগ্‌ণ) — পীড়িত, রোগা। ... স্ত্রী. **রুগ্না।**

**রুচা** (রোচা দেখ)

**রুচি** — ইচ্ছা, স্পৃহা, প্রবৃত্তি ('ভোগে, ভ্রমণে, ভোজনে — থাকা, হওয়া') পছন্দ ('সু-, কু-')। সুরুচি ('-বিরুদ্ধ')। শোভা, লাবণ্য, উজ্জ্বলতা ('তনু-, মুখ-, দন্ত-')। (§ রোচক, রোচ্য)। ... **রুচিকর** — রোচনীয়। ... **রুচিবাগীশ** — সুরুচির অতিরিক্ত পক্ষপাতী।

**রুচির** — মনোহর, মধুর। উজ্জ্বল। ... স্ত্রী. **-রা।**

**রুচ্য** — রুচিকারক।

রুজ (ই rouge)—ঠোঁট গাল ইত্যাদিকে আরক্ত করিবার জন্য ব্যবহৃত গন্ধ চূর্ণ।

**রুজা** — ব্যাধি।

**রুজি** — রোজ অর্থাৎ প্রতিদিনকার উপার্জন। রোজগার। উদরান্ন।

**রুজু ১** ] < ঋজু, খাড়া, সোজা। সামনা-সামনি ('রুজু রুজু দুই জানালা') সমান অনুযায়ী।

**রুজু ২** [ আ ] উপস্থাপিত, দাখিল, দায়ের ('মকদ্দমা, নালিশ — করা')

**রুটি** [ < রোটিকা ] আটা ময়দা ইঃর পিণ্ডের অগ্নিপক্ক পাতলা চাকতি। চাপাটি। পাঁউরুটি।

**রুত** — রব, শব্দ।

**রুদন্তিকা** — এক প্রকারের গুল্ম।

**রুদিত** — ণ. যে কাঁদিয়াছে। ... ষ্য. রোদন।

**রুদ্ধ** — বদ্ধ ('-দ্বার, -শ্বাস')। বাধাপ্রাপ্ত ('-গতি')। আটক, অবরুদ্ধ, বেষ্টিত ('কারা-')

**রুদ্র** — ষ্য. শিব, শিবের সংহারমূর্তি। ...ণ. উগ্র, ভীষণ ('-মূর্তি')। (§ রৌদ্র) ... স্ত্রী. **রুদ্রাণী।**

**রুদ্রাক্ষ**—শুষ্ক ফল বিঃ (জপমালা হয়)

**রুষা** (রোষা দেখ)

**রুধির** — রক্ত।

**রুনুরুনু, -ঝুনু** ] ঘুঙুর চুড়ি ইঃর শব্দ।

**রুপসী** (রূপসী দেখ)

**রুপা, রূপা / -পো** ] < রূপ্য, রৌপ্য, মহার্ঘ ধাতু বিঃ। ... **রুপালী / রুপোলী** ] রুপার পাত মোড়া বা রুপার লেপ যুক্ত। রুপার তুল্য।

**রুবাইয়াৎ** (ফা) — কবিতার চারিচরণের স্তবক। (যেমন — ওমর খৈয়ামের রুবাইয়াৎ)

**রুমা** — রামায়ণে সুগ্রীব পত্নী।

**রুমাল** [ ফা ] মুখ হাত মুছিবার বস্ত্রখণ্ড। শাল বিঃ।

**রুমালী** — ঠগদস্যু।

**রুয়া** (রোয়া দেখ)

**রুরু** — মৃগ বিঃ। ঋষি বিশেষ।

**রুল** [ ই ] রেখা, লাইন ('—টানা')। রেখা টানিবার দণ্ড, ruler.

**রুলি** ] হাতের গহনা বিঃ, সরু বালা।

**রুষ্ট, রুষিত** — রোষযুক্ত, ক্রুদ্ধ।

**রুহিদাস / রুই-** [ < রোহিতাশ্ব ] মুচীর শ্রেণী বিঃ। তাহাদের আদিপুরুষ।

(রুক্ষ দেখ)

**রূঢ়** — প্রসিদ্ধ। যাহা ব্যুৎপত্তিলব্ধ অর্থ হইতে ভিন্ন অর্থ প্রকাশ করে ('—শব্দ। যোগ-')। জাত, উৎপন্ন; প্রবৃদ্ধ ('-মূল']। (বাং) কর্কশ, অপ্রিয় ('—ব্যবহার')। ... স্ত্রী. **রূঢ়া।**

**রূঢ়ি** — প্রসিদ্ধি। বাচ্যার্থ ছাড়া অন্যার্থ বোধ।

**রূপ** — আকৃতি, চেহারা ('সু-। রূপান্তর)। সৌন্দর্য ('-বান্, -বতী')। (দর্শনে) নেত্রগ্রাহ্য বিষয়। প্রকার, রকম ('এরূপ, নানারূপে')। স্বরূপ, অভেদনির্দেশে বা তুলনায় ('দারিদ্র্যরূপ দোষ')। (ব্যাকরণে) বিভক্তিযুক্ত শব্দ বা ধাতু। (ঽ রূপিত, রূপায়িত, রূপী)

**রূপক** — অর্থালংকার বিঃ, এক বস্তুকে অন্য বস্তু রূপে বর্ণনা, metaphor (যথা—'বাহুলতা')। দৃশ্যকাব্য, নাটক। রৌপ্য।

**রূপকার** — শিল্পী।

**রূপকথা]** < উপকথা, fairy tale.

**রূপদক্ষ** — শিল্পী, কলাবিদ্, শিল্প রসজ্ঞ।

**রূপণ** — বর্ণন, নিরূপণ। অভিনয়।

**রূপদস্তা]** সীসা ইঃ মিশ্রিত রাং, pewter.

**রূপস** — সুন্দর (প্রা-সা)

**রূপসী]** রূপবতী।

**রূপা** (রুপা দেখ)

**রূপাজীবা** — বেশ্যা।

**রূপান্তর** — অন্য আকার। প্রকারান্তর। রূপপরিবর্তন। ... ণ. **রূপান্তরিত** — রূপান্তরপ্রাপ্ত।

**রূপায়ণ** — অরূপের রূপধারণ, অমূর্ত বিষয়ের প্রকাশ। ... ণ. **রূপায়িত।**

**রূপী ১** (-পিন্) — রূপযুক্ত। ... স্ত্রী. **রূপিণী।**

**রূপী ২]** লালমুখ বানর।

**রূপেয়া** (হি) — টাকা।

**রূপ্য** — রূপা, রৌপ্য।

**রে ১** — সম্বোধনে (নিকৃষ্টকে, ভর্ৎসনায়, বাৎসল্যে। 'রে নিষাদ, নরাধম, বিধাতা, বৎস। কে আছিস রে, তবে রে, বাছা রে')। বিস্ময়ে বা খেদে ('তাইতো রে, বাবা রে')

**রে ২, রি]** স্বরগ্রামের দ্বিতীয় স্বর ঋষভের সংকেত।

**রেউচিনি** [ফা. রেবন্দ -ই- চীনী] উদ্ভিদ্ বিঃ-এর মূল, rhubarb (ঔষধ)

**রেওয়াজ** [আ. রিবাজ] দস্তুর, রীতি, চলন।

**রেউড়ি** — একপ্রকার মিষ্টান্ন।

**রেক ১]** শস্য মাপিবার পাত্র বিঃ।

**রেক ২]** রেখামাত্র। (প্রা-সা)

**রেকাব** [আ. রি-] ঘোড়ার জিন হইতে লম্বিত পাদান। ... **রেকাব, -বি]** ছোট থালা।

**রেখা** — লম্বা চিহ্ন ('সিন্দুর-, কর-, কলঙ্ক-। রেখাঙ্কন, রেখাপাত। বাঘের গায়ের —। — টানা')। ঈষৎ চিহ্ন ('গোঁফের —')। অত্যল্প স্থান ('-মাত্র')। (জ্যামিতিতে) প্রস্থহীন দৈর্ঘ্য, line ('সরল-, বক্র-')। (ঽ রৈখিক)। ... **রেখাচিত্র** — কেবল রেখার দ্বারা অঙ্কিত চিত্র। ... **রেখাপাত** — দাগপড়া। ... **রেখাগণিত** — জ্যামিতি।

**রেচক** — বিরেচক, জোলাপ। (প্রাণায়ামে) নিঃশ্বাসমোচন।

**রেচন** — বিরেচন, ভেদ, দাস্ত। পরিত্যাগ। ... ণ. **রেচিত।**

**রেজগি** [ফা. রেজগী] এক টাকার নিম্ন মুদ্রা, আধুলি সিকি আনি ইঃ (পয়সা

নয়)

**রেজা ১** — রাজমিস্ত্রীর সাহায্যকারী মজুর।

**রেজা ২** (ফা) — টুকরা। তুচ্ছ দ্রব্য। নিশানা।

**রেজাই** [ফা. রজাই] বালাপোশ, লেপ।

**রেজিস্ট্রি** [ই], **রেজিস্টারি**] সরকারী বহিতে প্রমাণস্বরূপ লিখন, নিবন্ধন, নিবন্ধীকরণ, registration (দলিল চিঠি জন্ম মৃত্যু ইঃ সম্বন্ধে। '— অফিস')। ... ণ. **রেজিস্ট্রী, -স্টারী**] ('— চিঠি')

**রেট** — কোমরের অলংকার। হার, দর।

**রেডিও** [ই] বেতার বা বিদ্যুৎতরঙ্গ দ্বারা কথা সংগীত ইঃর সম্প্রচার। তাহা শুনিবার যন্ত্র।

**রেড়ি**] < এরণ্ড, castor ('রেড়ির তেল')

**রেঢ়ো** — (রাঢ়ুয়া) — রাঢ়দেশী।

**রেণু** — ধূলি ('পদ-')। সূক্ষ্ম চূর্ণ বা কণা ('পরাগ-')

**রেণুকা** — পরশুরামের জননী।

**রেত** — স্রোতের প্রখর বেগ।

**রেতঃ** (-তস্) — শুক্র, বীর্য, semen.

**রেতি** [হি] উখা ২ (দেখ)

**রেঁদা** (রাঁদা দেখ)

**রেফ** — অক্ষরের মস্তকে র-চিহ্ন, যথা র্ক। র-কার ('দ্বিরেফ')

**রেফারী, রেফ্‌রী** (ই) — ক্রীড়া প্রতিযোগিতার বিচারক।

**রেবতী** — নক্ষত্র বিঃ। বলরামপত্নী।

**রেবা** — নর্মদা নদী।

**রেয়াত** [আ. রিআয়ৎ] অনুগ্রহ, অব্যাহতি-দান, রেহাই ('— করা')

**রেয়ো**] রবাহূত। ... **রেয়োভাট**] ভিক্ষুক বিঃ (শ্রাদ্ধাদিতে অর্থভিক্ষা করে)

**রেল** [ই] রেলগাড়ি ('রেলে চড়া। রেল চলা। -স্টেশন')। রেল-লাইন।

**রেলা** — সারি। ভিড়। প্রবাহ।

**রেলিং** [ই] গরাদের বেড়া।

**রেশ**] বাদ্যযন্ত্রাদিতে আঘাতের পর যে শব্দ কিছুক্ষণ হইতে থাকে। অনুরণন, ধ্বনির জের।

**রেশম** [ফা] গুটিপোকার তন্তু বা তাহার সুতা। ... ণ. **রেশমী**]

**রেশালা** — ঘোড়সওয়ার ফৌজ।

**রেষারেষি, -রিষি** (রিষ দেখ)

**রেস** [ই] বেগের প্রতিযোগ। জুয়াখেলার নিমিত্ত ঘোড়দৌড়।

**রেস্ত** [পো. resto] পুঁজি, সম্বল।

**রেহাই** [ফা. রিহাঈ] অব্যাহতি, নিষ্কৃতি, ছাড় ('— দেওয়া, পাওয়া, করা')

**রেহান** [আ. রিহ্‌ন] বন্ধক।

**রৈ** — (রই দেখ)।

**রৈখিক** — রেখা বিষয়ক।

**রৈবতক** — বিন্ধ্য পর্বতের পশ্চিমদিগস্থ পর্বত বিঃ। নবীনচন্দ্র সেন রচিত কাব্য বিঃ।

**রোঁ**] — রোম। রোঁয়া।

**রোই**] — রোদন করে। (ব্রজবুলি)

**রোক ১** — নগদ টাকা ('-শোধ')

**রোক ২** — পুঁজি। ছিদ্র। দিক্। বাধা। দাবাখেলার নৌকা।

**রোকশোধ** — নগদ টাকা দিয়া পাওনা শোধ বা নিষ্পত্তি।

**রোকড়** [< রোক-] নগদ টাকার হিসাব।

**রোকা** [আ. রুক্ক] চিঠি, চিঠা।

**রোখ**] < রোষ, আক্রোশ; জিদ ('— চাপা')।

**রোখা** (রুখা বিরল) [√রুখ্-১১। < রুষ্] ক্রুদ্ধ বা আক্রমণে উদ্যত হওয়া ('রুখে ওঠা')। প্রতিরোধ করা, থামানো

('দুরন্ত ছেলেকে, গাড়ি —')

**রোগ** — ব্যাধি, পীড়া ('-গ্রস্ত, -মুক্ত। রোগাক্রান্ত')। (§ রুগ্ন)

**রোগা**] রুগ্ন, পীড়িত, দুর্বল। **কৃশ**। ... **রোগাটে**] রুগ্নপ্রায়। ... **রোগাপটকা**] কৃশ ও দুর্বল।

**রোগী** (-গিন্)—পীড়িত ব্যক্তি। **পীড়িত**, রুগ্ন। ... স্ত্রী. **রোগিণী**।

**রোগ্য** — রোগজনক। রোগ বিষয়ক।

**রোচক** — রুচিকর ('মুখ-')

**রোচনা** — গোরোচনা।

**রোচা** (রুচা বিরল) [√ রুচ্-১০] রুচিকর হওয়া, ভাল লাগা ('মুখে কিছুই রোচে না')

**রোচনী** — পুদিনা শাক।

**রোচিষ্ণু** — দীপ্তিমান। মার্জিত। শ্রীযুক্ত।

**রোচ্য** — রুচির যোগ্য। রুচিকর।

**রোজ** [ফা. রোজ.] দিন, তারিখ। দৈনিক মজুরি। ... **রোজ, রোজ রোজ**] প্রত্যহ। ... **রোজগার** [ফা.] উপার্জন। ... **রোজগারী, "রোজগেরে"**] উপার্জক। ... **রোজনামচা**, -নামা [ফা.] দিনলিপি, diary.

**রোজা ১** [< উপাধ্যায়] ভূত বা সাপের ওঝা।

**রোজা ২** [ফা. রোজ.হ্] রমজান মাসে পালনীয় মুসলমানের উপবাসব্রত।

**"রোথো, রোতো"**] রদী, ওঁচা, খারাপ ('— জিনিস')

**রোদ**] < রৌদ্র ('— ওঠা, পড়া, নামা, পোয়ানো, লাগানো')

**রোঁদ** [ই. round] নির্দিষ্ট এলাকায় ঘুরিয়া পাহারা ('— দেওয়া')

**রোদন** — ক্রন্দন। (§ রুদিত)

**রোদসী** — দ্যাবা পৃথিবী।

**রোদ্ধা** (-দ্ধৃ) — রোধকারী, রোধক।

**রোধ** — বাধা, অবরোধ ('কণ্ঠ-, কারা-')। ... **রোধ, রোধন** — বাধাদান, বন্ধ করা ('গতি-')। (§ রুদ্ধ)। ... ণ. **রোধিত**। ... **রোধক, রোধী** (-ধিন্)—রোধকারী।

**রোধঃ** (-ধস্) — তীর, কূল ('যাদঃপতি-রোধঃ যথা চলোর্মি আঘাতে)

**রোধা** (রুধা বিরল) [√ রোধ্-৫, রুধ্-১০। < রুধ্] রোধ করা, বন্ধ করা ('রোধিয়া, রুধিতে')

**রোপণ, রোপ** — গাছ বা গাছের চারা পোঁতা ('বৃক্ষ-')। স্থাপন। আরোপ।... ণ. **রোপিত**।

**রোপা** [√ রোপ্-৫। < রুহ্] রোপণ করা, পোঁতা।

**রোম, লোম** (-মন্) — রোঁয়া, কেশ, পশম।

**রোমক** — Rome. তদ্দেশীয় Roman.

**রোমকূপ, লোম-** — চর্মের যে ছিদ্র হইতে রোম নির্গত হয়।

**রোমন্থ, রোমন্থন** — চর্বিতচর্বণ, জাবর। ... **রোমন্থক** — যে পশু তাহা করে, ruminant.

**রোমশ, লোমশ** — রোমযুক্ত।

**রোমহর্ষ, লোম-, -হর্ষণ** — পুলক, ভয় বিস্ময় আনন্দ ইঃর আধিক্যহেতু গাত্র-লোম খাড়া হওয়া, গায়ে কাঁটা দেওয়া। ... **রোমহর্ষণ, লোম-** — রোমাঞ্চকর। ...

**রোমাঞ্চ, লো-** — রোমহর্ষ। ... ণ. **-ঞ্চিত**।

**রোমাবলী, -লি, লোমা-** — রোমরেখা। বক্ষ হইতে উদর পর্যন্ত লম্বিত রোমরেখা।

**রোমোদ্গম, রোমোদ্ভেদ, লোমো-** — কেশের উদ্গম। রোমহর্ষ।

**রোয়া** [রুয়া বিরল। √ রু-৪। < রুহ্] রোপণ করা ('গাছের চারা —')

**রোঁয়া**] < রোম ('চোখের, বেরালের —')

**রোয়াক** [আ. রিবা.ক] "রক", ঘরের

সম্মুখে খোলা বারান্দা বা চাতাল।

**রোরুদ্যমান** — যে খুব কাঁদিতেছে। ... স্ত্রী. **-মানা।**

**রোল** — রব, চিৎকার ('কল-')

**রোলার** (ই.) — পেষণযন্ত্র।

**রোশনচৌকি** [ ফা. রৌশন- ] সানাই ইঃর ঐকতানবাদ্য।

**রোশনাই** [ ফা. রৌশ্‌নী ] আলোক। আলোকসজ্জা।

**রোষ** — ক্রোধ, কোপ, রাগ। ( § রুষ্ট, রুষিত)। ... **রোষণ** — কোপন। ... **রোষিত** — যাহাকে রাগানো হইয়াছে, কোপিত।

**রোস** [ √ রোস্‌-৫ ] সবুর কর। থাক। (কেবল বর্তমান অনুজ্ঞায় মধ্যম পুরুষ —রোসুন, রোস, রোস্‌)

**রোহ, রোহণ** — আরোহণ।

**রোহিণী**—নক্ষত্র বিঃ। চন্দ্রপত্নী। বলরাম-জননী।

**রোহিত** — রুই মাছ। ... ণ. — লোহিত।

**রোহিতাশ্ব** — হরিশ্চন্দ্র-শৈব্যার পুত্র।

**রৌদ্র** — ষ্য. রোদ, আতপ, সূর্যের কিরণ। ... ণ. প্রচণ্ড, ভয়ানক। রুদ্র সম্বন্ধীয়। কাব্যের রস বিঃ।

**রৌপ্য** — রুপা, রজত।

**রৌরব** — নরক বিঃ।

**রৌশন** — রোশনাই।

**র‍্যাপার** [ ই. ] গায়ে দিবার শীতবস্ত্র বিঃ।

## ল

**লওয়া** [ √ ল-১। < লভ্‌ ] / **নেওয়া** [ √নি-৩। < নী ] গ্রহণ করা ('টাকা, ধার, সময়, ছুটি, মত, মন্ত্র —')। ঔষধাদি সেবন বা গ্রহণ করা ('জোলাপ, টিকা, নস্য—')। সঙ্গে রাখা, ধারণ করা ('ছাতা লইয়া চলা। মাথায় লওয়া, হাতে —')। অবলম্বন বা উপলক্ষ্য করা ('ব্রত —। বিষয় লইয়া ঝগড়া, স্ত্রীকে নিয়ে উন্মত্ত')। সংগ্রহ করা ('সংবাদ, তত্ত্ব —')। অনুসরণ করা ('সোজা পথ—')। আয়াস স্বীকার করা ('কষ্ট, যত্ন—')। উচ্চারণ বা স্মরণ করা ('ঈশ্বরের নাম —')। বোধ করা ('দোষ —। হেন মনে লয়')। পছন্দ হওয়া ('মনে নাহি লয়')। ... **লওয়ানো** [ √ লওয়া-১৭ ] / **নেওয়ানো** [ √ নেওয়া-১৭] গ্রহণ ধারণ বা প্রবৃত্ত করানো ('ঘুষ, টিকা —। এই কাজে —')

**লওয়াজিম** [ আ. -জি.- ] প্রয়োজনীয় দ্রব্য।

**লংক্লথ** [ ই ] খাপী সুতী সাদা কাপড় বিঃ।

**লক** (লখ দেখ)

**লকট, লকেট** [ চীনা ] ফল বিঃ, loquat.

**লকলক** — প্রসারণ ও আন্দোলনের ভাব, লৌল্য ('জিহ্বা, বেত, তলোয়ার — করা'। ছোট — লিকলিক ])। ... ণ. **লকলকে, লিকলিকে** ]

**লকুচ** ] মাদার ফল বা গাছ।

**লক্কা** [ আ. ] চওড়া লেজযুক্ত পায়রা বিঃ।

**লক্ষ** — দৃষ্টি, নজর ('—করা, রাখা')। নিশানা, aim. লাখ, **শতসহস্র,** ১00,000 ('-পতি')। ( § **লক্ষ্য**)

**লক্ষণ** — চিহ্ন, sign, symptom ('শুভ-। সধবার, রোগের—')। পরিচয়। অবধারণ। ( § **লাক্ষণিক**)। ... **লক্ষণীয়** — দ্রষ্টব্য। মনোযোগের যোগ্য। অনুভব-যোগ্য। ... **লক্ষিত** — দৃষ্ট, জ্ঞাত। উদ্দিষ্ট। লক্ষণ- বা লক্ষণা-দ্বারা জ্ঞাত, signified.

**লক্ষণা** — শব্দের বৃত্তি বিঃ যদ্দ্বারা মুখ্য

অর্থের সহ অন্য অর্থ বোধ হয় (যথা 'দেশের লজ্জা' = দেশবাসীর লজ্জা)
**লক্ষ্মণ** — রামের বৈমাত্র ভ্রাতা, সুমিত্রা-পুত্র।
**লক্ষ্মণা** — দুর্যোধনের কন্যা।
**লক্ষ্ম** — লক্ষণ।
**লক্ষ্মী** — বিষ্ণুর পত্নী, সম্পদের দেবী, ইন্দিরা, কমলা, পদ্মা, পদ্মালয়া, রমা, শ্রী। (বাং) শান্ত, সুবোধ, সৎ ('-ছেলে')। ... **লক্ষ্মীছাড়া]** যাহাকে লক্ষ্মী ত্যাগ করিয়াছেন, হতভাগা, নিজের হিতের প্রতি অমনোযোগী। দুষ্ট।
**লক্ষ্মীবান্** (-বৎ) — **লক্ষ্মীবন্ত, -মন্ত]** সৌভাগ্যবান্, ধনী।
**লক্ষ্মীবিলাস** — একপ্রকারের সূক্ষ্ম-বস্ত্র। (প্রা-সা)
**লক্ষ্মীশ্রী** — সৌভাগ্য সূচক কান্তি।
**লক্ষ্মীশ্বরী** — ধনসম্পদে সৌভাগ্যবতী।
**লক্ষ্য** — লক্ষণীয়, দ্রষ্টব্য। উদ্দেশ্য, মনোযোগ বা কামনার বিষয় ('অমুককে —করিয়া বলা। তাঁর—ঐ জমিদারি')। শরব্য, বেধ্য, নিশানা, target ('-বেধ, -ভেদ। — করা')। ... **লক্ষ্যহারা** — উদ্দেশ্যহীন।
**লখ**, লক [ফা. নখ] ঘুড়ি উড়াইবার রেশমী সুতা বিঃ।
**লখা]** — লক্ষ্য করা।
**লখিন্দর]** (লক্ষ্মীন্দ্র) — মনসামঙ্গলে বেহুলার স্বামী।
**লখিনী]** — লক্ষ্মী (প্রা-সা)
**লগন]** < লগ্ন। ... **লগনসা]** যে সময়ে বিবাহ পূজা ইঃর অনেক লগ্ন পড়ে।
**লগা]** আঁকশি। নৌকা ঠেলিবার বাঁশ ইঃ। (ছোট — লগি])
**লগুড়** — লাঠি, কোঁতকা, গদা।
**লগ্ন** — ষ্য. (জ্যোতিষে) রাশির উদয়কাল। জ্যোতিষমতে নির্ধারিত সময় বা শুভ-সময় ('জন্ম-, বিবাহ-')। ... **ণ. যুক্ত,** সংলগ্ন ('কণ্ঠ-')। আসক্ত।
**লগ্নি]** বন্ধক রাখিয়া সুদে টাকা খাটানো।
**লঘিমা** (-মন্)—লঘুত্ব। যোগলব্ধ ঐশ্বর্য বিঃ, ইচ্ছামত নিজ দেহ লঘু করিবার শক্তি। লাঘব।
**লঘিষ্ঠ, লঘীয়ান্** (-য়স্) — অতিলঘু। ক্ষুদ্রতম, least, minimum ('লঘিষ্ঠ সংখ্যা')। ...স্ত্রী. **লঘিষ্ঠা, লঘীয়সী।**
**লঘু** — হালকা, যাহার ওজন কম ('-কায়, -দেহ, -ভার')। ক্ষুদ্র। অল্প ('-পাপ')। সূক্ষ্ম। তরল। পরিমিত; অনায়াসে সাধ্য বা পাচ্য ('—কর্ম, পাঠ, আহার, পথ্য')। অসার; গাম্ভীর্যহীন, চিন্তা-শূন্য ('-চিত্ত, -মস্তিষ্ক')। মৃদু অথচ ক্ষিপ্র ও স্বচ্ছন্দ ('-গতি, -হস্ত')। গৌরবহীন, খেলো, হেয় ('সাধারণের সমক্ষে—হওয়া। -বৃত্তি')। (ব্যাকরণে) হ্রস্বমাত্রাযুক্ত। ... স্ত্রী. **লঘ্বী।** ... ষ্য. **লঘুতা, -ত্ব, লাঘব।** ... **লঘুক্রিয়া**—নগণ্য কাজ। ... **লঘুগামী** (মিন্) — দ্রুত ও স্বচ্ছন্দ গামী। ... স্ত্রী. **-গামিনী।** ... **লঘুচতুষ্পদী** — যে চৌপদী ছন্দের প্রত্যেক পর্বে ছয় মাত্রা। ... **লঘুচিত্ত, -চেতা** [-চেতাঃ (-তস্)] যাহার মন হালকা। সংকীর্ণচিত্ত। ... **লঘুত্রিপদী** — যে ত্রিপদী ছন্দের প্রত্যেক পর্ব ছয় মাত্রায় গঠিত। ... **লঘুপাক** — যাহা সহজে হজম হয়। ... **লঘুভার** — হালকা। ... **লঘুহস্ত** — ক্ষিপ্র।
**লঘুকরণ** — জটিল বিষয়কে সরল করণ। অঙ্ক বিঃ, reduction. ভারী জিনিসকে হালকা করা।
**লঘ্বী** — কৃশাঙ্গী। লাঘবযুক্তা।
**লঙ্কা ১** — রাবণের পুরী, পুরাণোক্ত দ্বীপ

বিঃ (প্রচলিত মতে সিংহল)

**লংকা ২, লংকা**] লংকামরিচ, ঝাল ফল বিঃ (মসলা)

**লংগ** — লবংগ। **লংগরখানা — অন্ন-**সত্র।

**লংঘন** — অতিক্রম, অপালন ('নিয়ম-')। লম্ফন, ডিঙানো ('সাগর-')। উপবাস। (পদ্যে ক্রি. 'লংঘিল')। ... ণ. **লংঘিত।** **লংঘনীয়** — লংঘনযোগ্য।

**লছিমী** — লক্ষ্মী, লছিমা দেবী — কবি-বিদ্যাপতির পদে রাজা শিবসিংহের রাজ্ঞী।

**লজেঞ্জুস, লবনচুষ** [ই. lozenges] চিনির চাকতি গুলি ইঃ।

**লজ্জমান**—লজ্জা যে লজ্জা পাইতেছে। ... স্ত্রী. **-মানা।**

**লজ্জা**—শরম, ব্রীড়া, হ্রী; শ্লীলতাহানি; গোপনীয় বিষয়ের প্রকাশে বা আলোচনায় অথবা লোকসংসর্গে সংকোচ; অনুচিত কর্ম অভাব শ্লীলতাহানি বা উপহাস্যতার জন্য সংকোচ ('— করা, দেওয়া, পাওয়া')। ... ণ. **লজ্জিত।** ... **লজ্জাকর, -জনক** — যাহাতে লজ্জা জন্মে। ... **লজ্জাবান্, -শীল**—লজ্জাযুক্ত, লাজুক। ... স্ত্রী. **-বতী. -শীলা।** — **লজ্জাবতী** —লতা বিঃ, sensitive plant (**ছুঁইলে** পাতা বন্ধ হয়)। ... **লজ্জালু** — লজ্জাশীল, লাজুক।

**লটকানো** [√ লট্‌কা-১৭] টাঙানো, ঝুলানো।

**লটপট**] লুটাইবার ও দুলিবার ভাব ('বেণী — করা')। ... ণ. **লটপটে**]

**লটবহর**] সঙ্গের বহু জিনিসপত্র।

**লটারি** — ভাগ্য পরীক্ষা।

**লড়া** [√লড়্-৫] যুদ্ধ করা। ... **লড়াই**] যুদ্ধ, ঝগড়া ('— করা, বাধা, থামা')। ... **লড়ানো** [√ লড়া-১১] লড়াই করানো। ... **লড়ায়ে, লড়িয়ে**] যে লড়াই করে। যুদ্ধপ্রিয়।

**লড়ালড়ি** — ধস্তাধস্তি।

**লড্ডু, লড্ডুক** — লাড়ু।

**লণ্ঠন** [ই. lantern] কাচাবরিত **দীপ।**

**লণ্ডভণ্ড**] বিপর্যস্ত, উলটপালট, বিক্ষিপ্ত ('জিনিসপত্র, আয়োজন, সৈন্যদল —')

**লতা, লতিকা** — যে উদ্ভিদ আশ্রয় বিনা খাড়া হইয়া উঠিতে পারে না, **বল্লরী,** বল্লী, বীরুধ্, ব্রততী। ... **লতানো** [√ লতা-১১] লতার তুল্য বিস্তৃত হওয়া। ণ. **লতানে, -নো**] ... **লতায়িত** লতার তুল্য বিস্তৃত।

**লতাবিতান** — লতামণ্ডপ।

**লপটানো** [√ লপ্‌টা-১৭। < লিপ্ত-] লিপ্ত বা জড়িত হওয়া। জড়ানো।

**লপ্সি** [< লপ্সিকা] ময়দা ইঃর মণ্ড।

**লপেটা**] হালকা নাগরা জুতা বিঃ।

**লপ্ত** [< লিপ্ত] সংযোগ, লাগাও **ভাব** ('এক লপ্তে তিন বিঘা')

**লপ্সিকা** — হালুয়া।

**লব**—রামের পুত্র, কুশের ভ্রাতা। **বিভাজ্য** অংক, numerator, dividend. অত্যল্প অংশ। বিন্দু।

**লব্‌জ** — একপ্রকার বাগ্‌ভংগী।

**লবংগ**—"লংগ", মসলা বিঃ (শুষ্ক ফুল)। ... **লবংগলতা** — শ্বেত সুগন্ধ ফুল বিশিষ্ট লতা বিঃ। ('তরুলতাকেও বলে') ... **লবংগলতিকা** — একপ্রকার মিষ্টান্ন।

**লবণ১**—নুন, নিমক ('লবণাক্ত')। **তজ্জাতীয়** বিবিধ রাসায়নিক **দ্রব্য।** (ঃ **লাবণ,** লাবণিক, লাবণ্য)

**লবণ ২** — রামায়ণে উল্লিখিত **অসুর** — শত্রুঘ্নের হাতে নিহত।

**লবনচুষ** (লজেঞ্জুস দেখ)

**লবণাম্বুরাশি** — সমুদ্র।
**লবনী** — নোয়ালি। একপ্রকার লতা।
**লবনেশ** — বিন্দুমাত্র।
**লবাণ** (আ) — গুগ্‌গুলের মত একপ্রকার গন্ধদ্রব্য।
**লবেজান** [ফা. লব্ -ই -জান] ওষ্ঠাগত-প্রাণ।
**লব্ধ** — প্রাপ্ত। উপার্জিত। ... ষ্য. **লব্ধি,** **লাভ।** ... **লব্ধপ্রতিষ্ঠ** — প্রতিষ্ঠাপ্রাপ্ত, খ্যাত। ... **লব্ধপ্রবেশ** — যে প্রবেশ করিতে পারিয়াছে।
**লব্ধি** — প্রাপ্তি।
**লব্ধোদয়** — উদিত।
**লভ্য** — প্রাপ্য। লাভযোগ্য।
**লম্পট** — বহুনারীগামী, কামুক। (§ লাম্পট্য)
**লম্ফ** — পায়ের ঠেলা দিয়া ভূমি হইতে সহসা উত্থান, লাফ ('— দেওয়া, মারা')। ... **লম্ফঝম্ফ** — লাফঝাঁপ, লাফালাফি। ... **লম্ফন** — লাফ দেওয়া।
**লম্ব** — ণ. দোলায়মান, লম্বিত। দীর্ঘ। খাড়া, plumb, vertical. সমকোণে অবস্থিত, মাটামসহি। ... ষ্য. দৈর্ঘ্য। সমকোণে অবস্থিত রেখা, perpendicular. ... **লম্বকর্ণ** — দীর্ঘ কর্ণ বিশিষ্ট (যথা — গর্দভ ছাগ শশক)
**লম্বন** — ঝুলন। দোলন। অবলম্বন। (§ লম্বিত)। ... **লম্বমান** — যাহা ঝুলিতেছে। দোলায়মান।
**লম্বা** [ < লম্ব] ণ. দীর্ঘ ('তিন হাত — । — দৌড়, মানুষ'। '— কথা' — গর্বোক্তি)। প্রসারিত, বিস্তৃত; ধরাশায়ী ('— করা, হওয়া')। ... ষ্য. দৈর্ঘ্যের দিক ('লম্বায় তিন হাত'। "লম্বা দেওয়া" — পলায়ন করা)। ... **লম্বাই**] দৈর্ঘ্য। ...
**লম্বাই-চওড়াই**] দৈর্ঘ্যপ্রস্থ। গর্বোক্তি। ... **লম্বাটে**] লম্বা ছাঁদের, কিছু লম্বা। ... **লম্বালম্বি**] লম্বা দিকে, দৈর্ঘ্যের দিকে।
**লম্বিত** — যাহা ঝুলিতেছে। দোলিত।
**লম্বোদর** — যাহার পেট বড়। গণেশ।
**লয়** — বৃহৎ সত্তার সহিত মিলনের ফলে স্বাতন্ত্র্যলোপ ('ব্রহ্মে —')। ধ্বংস। প্রলয় ('সৃষ্টি স্থিতি —')। ('— করা, পাওয়া, হওয়া')। (সংগীতে) গীত বাদ্য নৃত্যের পরস্পর সংগতি অথবা তালের নির্দিষ্ট কালপরিমাণ, tempo ('দ্রুত, মধ্যম, বিলম্বিত —')। (§ লীন)
**ললৎ** — দোলায়মান। কম্পমান। লেহী।
**ললনা** — নারী।
**ললন্তিকা** — নাভি পর্যন্ত লম্বিত হার।
**ললাট** — কপাল, ভাল। অদৃষ্ট, ভাগ্য ('-লিপি')। ... **ললাটিকা** — তিলক।
**ললাম** — ভূষণ, শ্রেষ্ঠ বস্তু। তিলক।
**ললিত** — ণ. সুন্দর, কান্ত, চারু, কোমল ('ললিতকলা' — fine arts )। ... ষ্য. স্ত্রীনৃত্য, লাস্য। বিলাস। রাগিণী বিঃ। (§ লালিত্য)। ... স্ত্রী. **ললিতা।** — রাধিকার সখী বিঃ।
**লশকর** [ফা] পদাতিক সৈন্য। জাহাজের খালাসী।
**লশুন, লশুন** (রসুন দেখ)
**লহ**] লও, গ্রহণ কর (পদ্যে)
**লহু**] — লঘু। ... **লহু লহু** — মৃদু মৃদু।
**লহনা ১**] লভ্য, পাওনা।
**লহনা ২** — কবিকঙ্কণের চণ্ডীতে উল্লিখিত ধনপতি সদাগরের প্রথমা পত্নী।
**লহমা** [আ. লম্‌হহ্] মুহূর্ত, অত্যল্প-কাল ('এক — স্থির থাকে না')
**লহর**] < লহরী। ধারা। শ্রেণী ('তিন

— হার'। নর ২ দেখ)
**লহরী, -রি** — তরঙ্গ।
**লা** (লাক্ষা দেখ)
**লাই**] — ময়দা, খই ইত্যাদি হইতে প্রস্তুত আটা।
**লাইব্রেরি** (ই) — গ্রন্থশালা। কেতাবখানা।
**লাইসেন্স** (ই) — রাজকীয় অনুমতি।
**লাইন** [ই] রেখা ('— টানা')। সারি ('-বন্দী')। রেলপথ।
**লা-ওয়ারিশ** (আ) — যাহার উত্তরাধিকারী নাই।
**লাউ** [< লাবু] ফল বিঃ, অলাবু, কদু (তরকারি)
**লাক্ষণিক** — লক্ষণ বিষয়ক। লক্ষণ বা লক্ষণা দ্বারা বোধ্য। লক্ষণযুক্ত। নিমিত্তজ্ঞ, দৈবজ্ঞ।
**লাক্ষা** — **লা**] গালা, জতু, lac (কীট বিঃএর নিঃস্রাব)। ... **লাক্ষারস**—লাক্ষা-জাত রং, অলক্তক, আলতা।
**লাখ**] < লক্ষ, শতসহস্র।
**লাখবান** — লক্ষবার অগ্নিতে দগ্ধ করিয়া যাহার বিশুদ্ধি সাধন করা হইয়াছে। পদাবলী সাহিত্যে স্বর্ণের বিশেষণ রূপে ব্যবহৃত।
**লাখেরাজ** [আ. লা-খিরাজ] নিষ্কর, যাহার খাজনা দিতে হয় না ('— জমি')
**লাগ**] নাগাল, স্পর্শ। নৈকট্য।
**লাগসই**] উপযুক্ত।
**লাগা** [√লাগ্-৭। < লগ্] যুক্ত লিপ্ত বা সংলগ্ন হওয়া, স্পর্শ করা ('দাগ, তেল, আগুন, মাটিতে চারা গাছ, গায়ে বাতাস —')। ভিড়া, থামা ('ঘাটে জাহাজ —')। উপযোগী হওয়া, খাপ খাওয়া ('তালায় চাবি, পরামর্শ মনে —')। ব্যয় বা আবশ্যক হওয়া ('অনেক টাকা, এক মাস লাগবে')। প্রযুক্ত বা নিযুক্ত বা রত হওয়া ('কাজে, ব্যবসায়ে, মন —। খাইতে লাগিল')। প্রবৃত্ত হওয়া ('লেগে-প'ড়ে। উঠিয়া পড়িয়া, সমাজ-সংস্কারে —')। শত্রুতায় প্রবৃত্ত হওয়া ('পিছনে —')। আরম্ভ হওয়া, বাধা, ঘটা ('গ্রহণ, যুদ্ধ —')। বোধ হওয়া ('ভাল, মজা, আশ্চর্য, ধাঁধা, শীত —')। আঘাত করা বা পাওয়া, বেদনা হওয়া ('চোট, খোঁচা —। মাথায়, অন্তরে —')। তুল্য হওয়া ('এর কাছে ও জিনিস লাগে না')। (§ লাগানো, লাগিয়া)
**লাগাও**] লগ্ন, পাশাপাশি।
**লাগাড়** (নাগাড় দেখ)
**লাগাড়িয়া**] — সারা বৎসর ধরিয়া কাজে লাগিয়া থাকে। যেমন — লাগাড়িয়া কৃষাণ।
**লাগানো** [√লাগা-১১] সংলগ্ন বা লিপ্ত করা ('টিকিট, তালা, আগুন, জমিতে গাছ, কাঠে রং —')। স্পর্শ করানো ('গায়ে গা —')। দেহে বা অপর কিছুতে লাগিতে দেওয়া ('বাতাস, রোদ, ঠান্ডা, চোট —')। ভিড়ানো ('নৌকা —')। প্রয়োগ বা নিয়োগ করা ('বেত, মন, কাজে —')। ব্যয় করা ('সময় —')। ঘটানো ('ঝগড়া —')। গোপনে বিরুদ্ধে বলা, চুকলি করা, ('অমুকের নামে —')। বোধ করানো ('ধাঁধা, তাক —')। ...
**লাগানি**] অন্যের বিরুদ্ধে গোপনে কথন, চুকলি।
**লাগাম** [ফা] ঘোড়ার বল্গা, রাস।
**লাগিয়া, লাগি'**] জন্য (পদ্যে। 'সুখের —')
**লাঘব** — লঘুতা, অল্পতা, হ্রাস, কমি ('শ্রম-, ব্যয়-')। অগৌরব, মানহানি। ক্ষিপ্রতা, পটুতা ('হস্ত'-)
**লাঙ্গল — লাঙল**] ভূমিকর্ষণের যন্ত্র, হল ('—দেওয়া, টানা')। ... **লাঙ্গলী** (-লিন)

— কৃষক। হলধর বলরাম।

**লাঙগলা** ] (অনাদরে) যে লাঙগল টানে।

**লাঙগুল** — পশুর লেজ, পুচ্ছ। ... **লাঙগুলী** (-লিন্) — লেজওয়ালা। বানর।

**লাচাড়ী / নাচাড়ী** ] ত্রিপদী ছন্দ বিঃ।

**লা-চার** [আ] — নাচার, নিরুপায়।

**লাজ ১** — খই ('-বর্ষণ')। ... **লাজবৃষ্টি, লাজবর্ষ** — খই ছড়ানো।

**লাজ ২** ] < লজ্জা। ... **লাজুক** ] লোকের সঙ্গে যে সহজে মিশিতে পারে না, **লজ্জাশীল**।

**লাঞ্ছন** — চিহ্ন ('শশ-')। অঙ্কন। ধ্বজ ('গরুড়-')। emblem. কলঙ্ক। ... ... **লাঞ্ছনা** — ভর্ৎসনা, নিন্দা, অপমান, খোয়ার। ... **লাঞ্ছিত** — ভর্ৎসিত, নিন্দিত, অপমানিত। চিহ্নিত, অঙ্কিত। ধ্বজযুক্ত। কলঙ্কিত।

**লাট ১** — দক্ষিণ গুজরাটের প্রাচীন নাম। পণ্ডিত, রসজ্ঞ। জীর্ণ বস্ত্রাদি। (বাং) নষ্ট, পাট-ভাঙা, চটকানো ('নূতন কাপড় — করা')

**লাট ২** [হি] স্তম্ভ ('অশোকের —')

**লাট ৩** [ই. lot] নিলামে একসঙ্গে বিক্রেয় দ্রব্যসমষ্টি। জমিদারির অংশ। নির্দিষ্ট দিনে দেয় খাজনা।

**লাট ৪** [ই. lord] গভর্নর রাজ্যপাল বা তত্তুল্য পদস্থ ব্যক্তি ('বাংলার —। জঙ্গী —')

**লাটবন্দী** — বাকি খাজনার দায়ে নিলামে বিক্রয় করার জন্য রাজস্ববিভাগের তালিকাভুক্ত।

**লাটাই** — যাহাতে সুতা জড়ানো হয়।

**লাটিম, লাট্টু** [ < লট্ব ] কাঠের খেলনা যাহা দড়ি দিয়া ঘুরানো যায়।

**লাঠা, ন্যাটা** — একপ্রকার মাছ।

**লাঠানো** — লাঠিদিয়া প্রহার।

**লাঠালাঠি** ] লাঠি দিয়া মারামারি।

**লাঠি** ] < যষ্টি ('-খেলা' — লাঠি চালাইবার কৌশল প্রদর্শন। '-পেটা' — লাঠির দ্বারা আঘাত বা আহত)। ... **লাঠিয়াল, লেঠেল** ] লাঠি চালাইতে পটু ব্যক্তি।

**লাড়ু / নাড়ু** ] < লড্ডু, গোলাকার মিষ্টান্ন ('নারিকেল-। সরের —') .. **লাড়ুগোপাল** ] (নাড়ু দেখ)

**লাদাবি** — দাবিত্যাগ।

**লাথি** ] পদাঘাত ('—মারা, তোলা, ওচানো')

**লাদ** (নাদ দেখ)

**"লাদা"** [ < লাদ্-৭ ] বোঝাই করা, ভার চাপানো। ... **"লাদাই"** ] বোঝাই।

**লাফ** ] < লম্ফ ('— দেওয়া, মারা')। **লাফানো** [ √ লাফা-১১ ] লাফ দেওয়া। ... **লাফালাফি** ] বারবার লাফ। অতিশয় উৎসাহ প্রদর্শন।

**লাফরা, লাবড়া** [ < লাবু-] লাউ ইঃ বিবিধ তরকারি মিশ্রিত ব্যঞ্জন।

**লাব** — বটের পাখি।

**লাবণ, লাবণিক** — লবণ সম্বন্ধীয় saline.

**লাবণি** — লাবণ্য (পদাবলী)

**লাবণ্য** —(মূঃ লবণত্ব) কান্তি ('মুখের—')

**লাভ** — প্রাপ্তি ('অর্থ-, পুত্র-, খ্যাতি-, কলঙ্ক-')। আয়। আয় হইতে খরচ বাদ দিলে যাহা থাকে, মুনাফা। (পদ্যে ক্রি. 'লভিল')। (§ লব্ধ, লভ্য)

**লামা** ] তিব্বতীয় বৌদ্ধ পুরোহিত।

**লাম্পট্য** — লম্পটতা, বহুনারীগমন, কামুকতা, ব্যভিচার।

**লায়েক** [আ. লাইক] সাবালক। **সমর্থ**, উপযুক্ত ('কাজের —')

**লাল ১/নাল** ] < লালা, থুতু ('—কাটা, গড়ানো, পড়া। — হড়হড়ে')

**লাল ২** [ফা. = চুনি] রক্তবর্ণ। (নামের সহিত যোগ হইলে) সুন্দর, প্রিয় ('পান্না-')। ... **লালচে**] ঈষৎ লাল।

**লাল ৩** [ই]—দুলাল, আদরের ধন।

**লালন** — সযত্নে পালন। ... ণ. **লালিত।**

**লালস** — লোলুপ। ... **লালসা** — লোলুপতা, লোভ, লিপ্সা।

**লালা ১** — লাল, নাল, মুখজাত জল। পিচ্ছল তরল দ্রব্য ('ডিম্বের —')। ... **লালায়িত** — (মুঃ লালাযুক্ত) অতিশয় লোলুপ।

**লালা ২** [হি] পশ্চিমা কায়স্থের উপাধি।

**লালানো**] লুব্ধ হওয়া।

**লালিত** — সযত্নে পালিত।

**লালিত্য** — সৌন্দর্য, মাধুর্য, কান্তি ('মুখের, কবিতার —')

**লাশ** [ফা] শব, মৃতদেহ।

**লাস্য**, লাস — নারীর নৃত্য। (তুঃ তাণ্ডব)

**লাসবেশ** — সাজসজ্জা। নৃত্যের বেশ (প্রা-সা)।

**লিকলিক** (লকলক দেখ)

**লিখন** — লিপি, লেখ, লিখিত বিষয় ('ললাটের —')। লেখন, লিপিকরণ। অঙ্কন। ... **লিখিত** — যাহা লেখা হইয়াছে। ... **লিখিতব্য** — লেখনীয়।

**লিখা** (লেখা ২ দেখ)

**লিখিয়ে**] সুলেখক।

**লিঙ্গ** — পুংজননেন্দ্রিয়, শিশ্ন। শিবের লিঙ্গমূর্তি, phallus. **পুংস্ত্ব বা** স্ত্রীত্ব, sex. (ব্যাকরণে) **শব্দের পুং স্ত্রী** বা ক্লীব ভাব, gender. (§ **লৈঙ্গ,** লৈঙ্গিক)। ... **লিঙ্গপট** — ল্যাঙ্গট। ... **লিঙ্গশরীর** — (দর্শনে) সূক্ষ্ম-শরীর।

**লিঙ্গায়েত**] শিবলিঙ্গ-উপাসক সম্প্রদায় বিঃ।

**লিচু** [চীনা] ফল বিঃ।

**লিপি** — চিঠি। বিন্যস্ত অক্ষর, লিখন, ('হস্ত--')। চিত্র। বর্ণলিপি, বর্ণমালার লেখ্যরূপ ('ব্রাহ্মী—')। ... **লিপিকর, -কার** — লেখক, যে লেখা নকল করে ('-প্রমাদ' — নকল করিতে ভুল)। চিত্রকর। ... **লিপিবন্ধ** — যাহা লিখিয়া রাখা হইয়াছে, লিখিত।

**লিপ্যন্তর** — এক লিপি হইতে অন্য লিপিতে পুনর্লিখন।

**লিপ্ত** — মাখানো ('কর্দম,- তৈল-')। জড়িত, সংশ্লিষ্ট ('কোনও ব্যাপারে — থাকা, হওয়া')। জোড়া। ... **লিপ্তপাদ** — যাহার পায়ের আঙুল চামড়া দিয়া জোড়া, জালপাদ, web-footed (যথা হংস)

**লিপ্সা** — লাভেচ্ছা, লোভ, লালসা ('আসঙ্গ-')। ... **লিপ্সু** — স্পৃহান্বিত, লোলুপ।

**লিভার** [ই] যকৃৎ (দেখ)। যকৃৎবৃদ্ধি রোগ ('— হওয়া')

**লিলি** [ই] — পদ্ম। ইঙ্গবঙ্গসমাজের মেয়েদের নাম।

**লীঢ়** — যাহা লেহন করা হইয়াছে, আস্বাদিত।

**লীন** — লয়প্রাপ্ত, মিলিত ('ব্রহ্মে — হওয়া')। শায়িত, লগ্ন। অদৃশ্য, লুপ্ত ('মেঘ আকাশে —')। ... স্ত্রী. **লীনা।**

**লীলা** — বিলাস, কেলি, ক্রীড়া, প্রমোদ ('-কমল, -কানন। প্রেম-। হাবভাব ('-বতী')। ভঙ্গী। দেবতা বা জীবের দশাবিশেষে কর্ম বা আচরণ ('খেলা, -ভূমি। কৃষ্ণ-, ভব-, মানব-')। ... **লীলাবতী** — বিলাসবতী, হাবভাব-শালিনী। ভাস্করাচার্যকৃত গণিত বিষয়ক গ্রন্থ বিঃ (প্রবাদ — তাঁহার কন্যার ঐ নাম ছিল)। ... **লীলায়িত**

— শোভনভংগীযুক্ত, বিলসিত। ... **লীলাসংগিণী, লীলাসহচরী** — যে নারীর সহিত প্রণয় লীলা চলে। বৈষ্ণব পদাবলীতে শ্রীরাধা ও তাঁহার সখীগণ।

**লীলাস্থল** — মহাপুরুষরা যেখানে বাস করেন।

**লু** [হি] পশ্চিমাঞ্চলে গ্রীষ্মকালীন উত্তপ্ত বায়ুপ্রবাহ ('— চলা')

**লুই** (লোহিত দেখ)

**লুইপাদ** — বৌদ্ধসাধক বিঃ।

**লুক্‌** — লোপ।

**লুকাচুরি / লুকো-]** খেলা বিঃ, চোর সাজিয়া লুকানো। পরস্পরের মধ্যে গোপন।

**লুকানো / লুকনো** [√ লুকা-১৪] লুক্কায়িত হওয়া বা করা, গোপনে থাকা বা গোপন করা।...ণ. প্রচ্ছন্ন, গুপ্ত।

**লুক্কায়িত** — প্রচ্ছন্ন, অগোচর, গুপ্ত।

**লুঙ্গি** [বর্মী লৌঙ্গি] কাছা-কোঁচা-হীন ধুতি বিঃ।

**লুচি]** ময়দা-পিণ্ডের ঘিএ ভাজা পাতলা চাকতি, পুরি।

**লুণ্ঠিত** — অপসারিত।

**লুট, লুঠ]** লুণ্ঠন, বলপূর্বক ধনাদি হরণ। নিক্ষিপ্ত দ্রব্য অনেকে মিলিয়া গ্রহণ ('হরির —')। ... **লুটতরাজ, -পাট]** লুট ইত্যাদি (ফা. তরাজ = লুট)

**লুটা, লুটানো** (লোটা ১ দেখ)

**লুটাপুটি/লুটো-]** গড়াগড়ি ('হাসিয়া — খাওয়া')

**লুটি, লুটি]** — খড় বা ঘাসের গুচিকা। (আগুনধরানোর জন্য ব্যবহৃত)।

**লুটেরা, লুটেল, -ঠে-]** যে লুঠ করে।

**লুঠন** — গড়াগড়ি। ... ণ. **লুঠিত।**

**লুণ্ঠক** — যে লুট করে।

**লুণ্ঠন** — লুট (দেখ)। গড়াগড়ি। ...

**লুণ্ঠিত** — যাহা লুট হইয়াছে। ভূমিতে পতিত, ভূলুণ্ঠিত।

**লুন, নুন** — লবণ।

**লুপ্ত** — লোপপ্রাপ্ত, বিলীন, নষ্ট। অপহৃত। ... **লুপ্তোদ্ধার** — নষ্ট, নষ্টপ্রায় বা বিস্মৃত বস্তুর পুনরাবিষ্কার।

**লুব্ধ** — ভযুক্ত, লোলুপ। ... স্ত্রী. **লুব্ধা। লুব্ধদৃষ্টি** — লালসাময় দৃষ্টি।

**লুব্ধক** — নক্ষত্র বিঃ, Sirius.

**লুলিত** — দোলিত, কম্পিত। সুন্দর।

**লূতা** — মাকড়সা ('-তন্তু')

**লেই** [< লেপ] ময়দা ইঃর কাই।

**লেংচানো/ নেংচানো** [< লেংচা, নেংচা-১৭] খোঁড়াইয়া চলা।

**লেংটা, লেংটি** (নেং- দেখ)

**লেংড়া, ল্যাংড়া]** খোঁড়া, খঞ্জ। আম্র বিঃ।

**লেখ** — লিপি, লিখন, লিখিত বিষয় ('শিলা-')। পত্র। রেখা। (§ লৈখিক)

**লেখক** — যে লেখে; গ্রন্থ প্রবন্ধ ইঃর রচয়িতা। ... স্ত্রী. **লেখিকা।**

**লেখন** — অক্ষরবিন্যাস, লিপিকরণ। যাহার উপর লেখা হয়, লিখনপত্র। অঙ্কন, চিত্রকরণ। (§ লেখিত, লেখ্য, লৈখিক)। ... **লেখনী** — কলম, পেন। তুলি। ... **লেখনীয়** — লেখনযোগ্য, লেখ্য।

**লেখা ১** — লেখ, লিপি, লেখন, বিন্যস্ত অক্ষর ('হাতের —')। রেখা। অঙ্কন ('চিত্র-')। ... **লেখাজোখা]** — হিসাব। (লিখা দেখ)। ... **লেখাপড়া]** লেখা ও পড়া, লিখন-পঠন ('— জানা')। বিদ্যা ('— শেখা')। বিদ্যাচর্চা। আইন অনুসারে লিপিবন্ধ করিয়া সম্পাদন ('দলিল, বিষয়সম্পত্তি—ক'রে দেওয়া')।

**লেখা ২** (লিখা বিরল) [ √ লিখ্-৯। < লিখ্ ] অক্ষরবিন্যাস করা, লিপি-বদ্ধ করা ('চিঠি, প্রবন্ধ, হিসাব —')। চিঠি দেওয়া ('অমুককে —')। আঁকা। ... ণ. লিখিত ('হাতে-লেখা বহি')। ... **লিখানো / লিখনো, লেখানো** [ √ লিখা-১৩ ] অপরের দ্বারা লেখিত করা। ... **লেখালিখি** ] বার বার লেখা বা পত্রব্যবহার।

**লেখিত** — যাহা লেখানো হইয়াছে। অঙ্কিত।

**লেখ্য** — ণ. লেখনীয়। যাহা লেখা হয় ('-ভাষা')। ... ষ্য. লিখিত পত্র বা চিত্র।

**লেংগট / লেঙট** [ < লিঙ্গ-পট্ট ] নেংটি, কৌপীন।

**লেংগুড় / লেঙুড়** ] লাঙ্গুল।

**লেচি** ] লুচি কচুরি ইঃ বেলিবার জন্য ময়দা ইঃর ছোট ডেলা।

**লেজ, ল্যাজ / নেজ, ন্যাজ** [ < লঞ্জ ] লাঙ্গুল, পুচ্ছ।

**লেজা / নেজা** ] মাছের লেজ। শেষভাগ ('-মুড়া')। (কেঁচো দেখ)। .. পুচ্ছযুক্ত বাণ।

**লেজুড়** ] লেজ।

**লেঠা** ] ঝঞ্ঝাট, বিঘ্ন।

**লেডিকেনিং / -কেনি** [ ই. Lady Canning ] মিষ্টান্ন বিঃ, গোল পানতুয়া।

**লেত, লেত্তি** ] লাটিম ঘুরাইবার দড়ি।

**লেণ্ড** [ হি ] — নেড়ীকুত্তা।

**লেত** ] লাট্টুর দড়ি।

**লেদাড়ে** — দীর্ঘসূত্রী।

**লেন** [ ই ] — গলি।

**লেনদেন** ] আদানপ্রদান, কারবার।

**লেপ** — প্রলেপ ('লাক্ষার, স্বর্ণের —')। লেই, আঁটিবার উপকরণ ('বজ্র-')। লেপন। (বাং) তুলাভরা শীতবারক গাত্রাবরণ।

**লেপক** — লেপনকারী।

**লেপচা** — আদিবাসী জাতি বিঃ।

**লেপটানো / নেপটানো** [ √ লেপ্টা, নেপ্টা-১৭। < লিপ্ত- ] লিপ্ত হইয়া বা জড়াইয়া থাকা। লেপন করা। ... ণ. লিপ্ত।

**লেপন** — লেপ, মাখানো ('গোময়-, চন্দন-')। (§ লিপ্ত)। ... **লেপনীয়, লেপ্য** — লেপনযোগ্য।

**লেপা/নেপা** [ √ লেপ্, নেপ্-৫। < লিপ্ ] লেপন করা। নিকানো। ... **লেপানো / নেপানো** [ √ লেপা, নেপা -১১ ] লেপিত করানো।

**লেফাফা** [ ফা. লিফাফহ্ ] খাম, envelope. ... **লেফাফাদুরস্ত** ] যাহার বাহ্য রূপ নির্দোষ।

**লেবু** (নেবু দেখ)

**লেবেল** [ ই ] — শিশিবোতল মোড়ক ইত্যাদির উপরে আঁটা পরিচয় পত্রিকা। Label.

**লেমোনেড** [ ই ] নেবুর গন্ধযুক্ত অম্লমধুর সোডাওআটার।

**লেলা** ] — হাবা। লেলাক্ষেপা, বুদ্ধিহীন আধপাগলা।

**লেলানো** [ √ লেলা-১১ ] আক্রমণের নিমিত্ত পশ্চাতে ধাবিত করা ('কুকুর —')

**লেলিহান** — বার বার লেহনকারী। যাহার জিহ্বা লকলক করে ('— অগ্নিশিখা')

**লেশ** — অল্প, কণা ('-মাত্র')

**লেহ, লেহন** — জিহ্বাদ্বারা আস্বাদন, চাটা। (§ লীঢ়)। ... **লেহী** (-হিন্) — লেহনকারী, যে চাটে। ... **লেহ্য, লেহনীয়** — লেহনযোগ্য, যাহা চাটিয়া খাইতে হয়।

**লৈখিক** — লিখন বা লেখা সম্বন্ধীয়, লেখ্য ('-ভাষা')

**লৈঙ্গ, লৈঙ্গিক** — লিঙ্গ সম্বন্ধীয়।

**লো** [< হলা] ওলো, স্ত্রীলোককে সম্বোধন (প্রায় এক স্ত্রী কর্তৃক অন্যকে অগৌরবে)

**লোক** — মনুষ্য ('ভাল-, বড়-, স্ত্রী-। -সমাগম')। জনসাধারণ ('-চক্ষু, -চরিত্র, -নিন্দা, -মত, -রঞ্জন, -শিক্ষা, -সংখ্যা, -সমাগম, -হিত')। ভুবন ('নর-, ত্রি-, ইহ-, পর-')। (সপ্ত দেখ)। (ই লৌকিক)। ... **লোককান্ত** — জনবল্লভ popular. ... **লোকতঃ** (-তস্) — লোকের বা সমাজের সমক্ষে বা দৃষ্টিতে বা সম্বন্ধে। ... **লোকনাথ** — শিব। ... **লোকপরম্পরা** — একজনের পর অন্য এই অনুক্রম। ... **লোকপাল** — রাজা। দিক্‌পাল। ... **লোকপিতামহ** — ব্রহ্মা। ... **লোকপ্রবাদ** — জনশ্রুতি। ... **লোক-প্রসিদ্ধ, বিশ্রুত** — বিখ্যাত। ... **লোকবাহ্য** — লোকবহির্ভূত। ... **লোক-ব্যবহার** — লোকাচার। ... **লোকমত** — জনসাধারণের ধারণা। ... **লোকযাত্রা** — সংসারযাত্রা। ... **লোকলজ্জা** — জন-সাধারণের নিকট লজ্জা। ... **লোকলীলা** — ভবলীলা (দেখ)। ... **লোকশিক্ষা** — জনসাধারণের শিক্ষা। ... **লোক-সংগ্রহ** — আচরণের দ্বারা লোকসমূহে তদাচরণে প্রবর্তিত করা। ... **লোক-সভা** — গণতন্ত্রীয় শাসনে উচ্চতর পরামর্শ সভা। ... **লোকস্থিতি** — সমাজ-বন্ধন। ... **লোকহাসানো** — সাধারণের কাছে উপহাস্য হওয়া। ... **লোকহিত** — জনসমাজের মঙ্গল। ... **লোক-হিতৈষী** — জনহিত সাধক।

**লোকসান, নোকসান** [আ. নুক্‌সান। ক্ষতি। ... **লোকসানী** - যাহা লোকসান হয় (—ব্যবসায়)।

**লোকাচার** — সামাজিক প্রথা, লোকব্যবহা

**লোকাতীত** — অলৌকিক, লোকোত্তর

**লোকান্তর** — পরলোক। অন্য ভুবন। **লোকান্তরিত** — মৃত।

**লোকাপবাদ** — লোকনিন্দা

**লোকাভাব** — মনুষ্যের বা সহা অভাব।

**লোকায়ত** — ণ. নাস্তিক, চার্বা মতাবলম্বী। যাহাতে ধর্মের জ পার্থক্য করা হয় না, secular (' রাষ্ট্র') ... ষ্য. নাস্তিক্য, চার্বাক ম ... ণ. **লোকায়তিক**।

**লোকারণ্য** — বহুলোকসমাগম।

**লোকালয়** — মনুষ্যের বাসস্থান, বসা

**লোকোত্তর** — অসামান্য, লোকাতী অতিমানুষ।

**লোচন** — চক্ষু।

**"লোচ্চা"** [হি. লুচ্চা] লম্পট।

**লোটন**] ভূমিতে লুণ্ঠন। পায়রার জা বিঃ। **ঝোলা** আলগা খোঁপা বিঃ।

**লোটা ১** (লুটা বিরল) [√ লুট্-১ < লুঠ্, লুণ্ঠ্] লুট করা ('খাজ —')। ভূলুণ্ঠিত হওয়া, লুটানো ('অঞ্চ লুটিতেছে')। ... **লুটানো / লুটনে**

**লোটানো** [√ লুটা-১৪] গড়াগা দেওয়া, ভূলুণ্ঠিত হওয়া ('মাটিতে পায়ে —')। ভূলুণ্ঠিত ক ('কোঁচা —')

**লোটা ২** [হি] ঘটি।

**লোড়া, নোড়া** — (লোষ্ট্র) — পেষণে জন্য প্রস্তর খণ্ড।

**লোত** (লোতস্) — চোরাই মাল।

**লোধ, লোধ্র** — বৃক্ষ বিঃ ('লোধ্ররেণু' -

লোধ-ছালের গুঁড়া অথবা লোধ-ফুলের রেণু। প্রাচীন অঙ্গরাগ)

**লোনা/নোনা** ] ণ. লবণযুক্ত।...ষ্য. মাটির লবণজাতীয় উপাদান যাহা প্রাচীর ইঃর গায়ে ফুটিয়া ওঠে ('— ধরা, লাগা')। কোনও দেশের ভূমিতে বা জলে লবণাধিক্য যাহাতে স্বাস্থ্যহানি হয় (প্রবাদ। '— লাগা')

**লোপ** — নাশ, তিরোধান ('— করা, হওয়া। বংশ-')। (§ লুপ্ত)

**লোপাট** ] < লুপ্ত। লুণ্ঠিত। নিঃশেষে ব্যয়িত।

**লোপামুদ্রা** — অগস্ত্যপত্নী।

**লোপাপত্তি** — দোপাট।

**লোফা** [ √ লুফ্-১০ ] শূন্য হইতে পতিত বস্তু ধরা ('বল —')

**লোবান** [ আ ] ধুনার তুল্য গন্ধনির্যাস বিঃ, benzoin.

**লোভ** — লিপ্সা, কাম্য বস্তু লাভের অত্যন্ত বা অন্যায় আকাঙ্ক্ষা; পরের দ্রব্যে লালসা; স্বার্থত্যাগে একান্ত অনিচ্ছা ('— করা, হওয়া, দেখানো')। বিষয়-তৃষ্ণা। (§ লুব্ধ)। ... **লোভন** — ষ্য. লোভ দেখানো। প্রলোভন।...ণ. লোভ-জনক। ... **লোভনীয়, লোভ্য** — লোভ-জনক। ... **লোভিত** — প্রলোভিত। ... **লোভী** (-ভিন্) — লোভশালী।

**লোম, লোমকূপ, লোমশ, লোমহর্ষ, লোমাঞ্চ, লোমাবলী, লোমোদ্গম, লোমোদ্ভেদ** (রোম ইঃ দেখ)

**লোমফোঁড়** ] — লোম ছিঁড়িয়া গেলে লোমকূপে যে স্ফোটক জন্মে।

**লোমপাদ** — রামায়ণে উক্ত অঙ্গদেশের রাজা।

**লোমশ** — ঘন লোমবিশিষ্ট। ঋষি বিঃ।

**লোর** ] অশ্রু (পদ্যে)

**লোল** — শিথিল, ঝোলা ('-চর্ম। লোলাঙ্গী')। আন্দোলিত, লকলকে। চঞ্চল। লোলুপ। (§ লৌল্য)। ... **লোলজিহ্ব** — যাহার জিহ্বা লকলকে। ... **লোলায়মান, লোলিত** — দোলায়মান, লকলকে।

**লোলা, নোলা** — জিভ, ভোজন লালসায় সিক্ত রসনা।

**লোলুপ** — অতিলোভী।

**লোষ্ট্র -ষ্ট** — মৃৎখণ্ড, ঢিল।

**লোহ** — লৌহ। ধাতু। শোণিত। অশ্রু।

**লোহা** ] < লোহ, লৌহ। নোয়া (দেখ)। ... **লোহার** ] < লৌহকার, কামার। ... **লোহালক্কড়** ] লোহা কাঠ ইত্যাদি।

**লোহি** [ হি ] / **লুই** ] পশমী চাদর বিঃ।

**লোহিত** — রক্তবর্ণ, লাল। (§ লৌহিত্য)

**লোহু** ] — রক্ত।

**লোহিতক** — পদ্মরাগ।

**লোহিতাঙ্গ** — মঙ্গলগ্রহ।

**লৌকিক** — জনসাধারণ সম্বন্ধীয়। সামাজিক। মানুষিক। ... **লৌকিকতা** — সামাজিক শিষ্টাচার। (বাং) ক্রিয়া-কর্মে আত্মীয় কুটুম্ব ইঃকে প্রদেয় অর্থ-বস্ত্রাদি উপহার।

**লৌ** ] — রক্ত।

**লৌল্য** — লোলতা। লোলুপতা।

**লৌহ** — লোহা। (সং) ধাতু। ... **লৌহ-কার** — লোহার, কামার। ... **লৌহবর্ত্ম** — রেললাইন। ... **লৌহমল** — মরিচা।

**লৌহিত্য** — রক্তিমা। ব্রহ্মপুত্র নদ।

**ল্যাংড়া** (লেংড়া দেখ)

**ল্যাংবোট** ] জাহাজের পিছনে পিছনে যে নৌকা যায়। (ব্যঙ্গে) অনুগমনকারী, পার্শ্বচর।

**ল্যাজ** (লেজ দেখ)

**ল্যাঠা, ন্যাটা** ] ছোট মাছ বিঃ।

## শ

**শ**] < শত, ১০০ অঙ্ক বা পরিমাণ।

**শংকর, শঙ্কর** (শম্ = মঙ্গল) — শিব। শংকরাচার্য, বেদান্ত ইঁহার ভাষ্যকার। দীর্ঘপুচ্ছ সামুদ্রিক মৎস্য বিঃ। ... **শংকরমঠ** — ভারতের চারিপ্রান্তে চারটি মঠ। উত্তরে জ্যোতির্মঠ, দক্ষিণে শৃঙ্গেরিমঠ, পূর্বে গোবর্ধনমঠ ও পশ্চিমে সারদামঠ। (ঃ শাংকর, শাঙ্কর)। ... স্ত্রী. **শংকরী, শঙ্করী** — দুর্গা।

**শংসন, শংসা** প্রশংসা। কথন, উল্লেখ। ইচ্ছা। ... ণ. **শংসিত**। ... **শংসাপত্র** — প্রমাণপত্র, certificate.

**শক** — প্রাচীন জাতি বিঃ, Scythian. শকাদিত্য বা শালিবাহন রাজা, শকাব্দের প্রবর্তক। (ঃ শাক, শাক্য)। ... **শকাব্দ** — বঙ্গাব্দ ৫১৫ অথবা খ্রীষ্টাব্দ হইতে ৭৮ বা ৭৯ কম।

**শকট** — গাড়ি। ... **শকটিকা** — ছোট গাড়ী।

**শকরকন্দ** [ফা. -কন্দ্] মিষ্ট বা লাল আলু।

**শকল** — শল্ক, মাছের আঁশ। অংশ, খণ্ড। ... **শকলী** (-লিন্) — আঁশযুক্ত।

**শকার** — সংস্কৃত নাটকে অতিদুর্জন রাজপুরুষ, রাজার শ্যালক।

**শকারবকার** — কুৎসিত গালাগালি।

**শকারি** — বিক্রমাদিত্য যিনি শকগণকে দমন করেন।

**শকুন, শকুনি** — গৃধ্র-জাতীয় পাখি বিঃ, vulture. পক্ষী। (ঃ শাকুন)। ... **শকুন** — শুভাশুভ চিহ্ন, নিমিত্ত ('শকুনজ্ঞ')। ... **শকুনি** — দুর্যোধনের মাতুল।

**শকুন্ত** — পক্ষী। শকুনি।

**শকুন্তলা** — মেনকা-বিশ্বামিত্রের কন (পক্ষী কর্তৃক লালিতা), কণ্বের পালিত কন্যা, দুষ্মন্তের পত্নী।

**শকুল** — শাল কিংবা শোল মাছ।

**শক্কর** — শর্করা।

**শকৃৎ** — বিষ্ঠা, পুরীষ। শকৃরি।

**শক্ত ১** — শক্তিযুক্ত, সমর্থ।

**শক্ত ২** [ফা. সখ্ৎ] দৃঢ়, মজবুত, কঠিন দুরূহ।

**শক্তি** — বল, সামর্থ্য, power. (ইংরেজী নকল) পরাক্রান্ত স্বাধীন রাষ্ট্র ('মিত্র-') দুর্গা, ভগবতী। স্ত্রী-দেবতা। ক্ষেপণী যুদ্ধাস্ত্র বিঃ। (ঃ শাক্ত)। ... **শক্তিমান** (-মৎ) — শক্তিশালী। ... ষ্য. **শক্তিমত্তা** ... **শক্তিশেল** [< -শল্য] রাবণের অস্ত্র বিঃ যাহার আঘাতে লক্ষ্মণ হতপ্রা হইয়াছিলেন।

**শক্তু** — ছাতু।

**শক্য** — সাধ্য, যাহা করিতে পারা যায়

**শক্তি** — বশিষ্ঠ ঋষির পুত্র। গোত্রবিশে (বৈদ্যজাতি)

**শক্র** — ইন্দ্র।

**শখ** [আ. শৌক] (পুঃ সখ) চিত্ত- বিনোদনের নিমিত্ত কাম্যবিষয় বা তাহাতে আসক্তি ('মাছ ধরার —')। সাধ অভিরুচি, পছন্দ ('— করা, হওয়া মেটা। শখের জিনিস, থিয়েটার')। (ঃ শৌখিন)

**শগড়** (হি.) — শকট।

**শঙ্কনীয়** — ভয়ের যোগ্য।

**শঙ্কর, শঙ্করী** (শং- দেখ)

**শঙ্কা** — ভয়, আশঙ্কা ('শঙ্কান্বিত')। সংশয়। ... ণ. **শঙ্কিত**। ... **শঙ্কী** (-ঙ্কিন্) — যে ভয় বা আশঙ্কা করে। সংশয়ী।

**শঙ্কিল** — শঙ্কাযুক্ত (পদাবলী)

**শঙ্কু** — শল্য, অস্ত্র বিঃ। শলা। কীলক, গোঁজ। (জ্যোতিষে) সূর্যচ্ছায়া মাপিবার দ্বাদশাঙ্গুল কাঠি, style, gnomon. বিক্রমাদিত্যের নবরত্নসভার একজন। ... **শঙ্কুপট্ট** — সূর্যঘড়ি, sun-dial.

**শঙ্কুলা** — সুপারিকাটার জাঁতী।

**শঙ্কোচ** — একপ্রকার সামুদ্রিক মাছ।

**শঙ্খ**—শম্বুক জাতীয় সামুদ্রিক জীব বিঃ, শাঁখ, কম্বু। তাহার খোলা (মাঙ্গলিক বাদ্য যন্ত্র। '-ধ্বনি')। ... **শঙ্খচিল]** সাদা চিল বিঃ। ... **শঙ্খচূড়**—গোখুরা-জাতীয় বৃহৎ সর্প বিঃ, রাজসাপ, king-cobra. অসুর বিঃ। ... **শঙ্খ-চূর্ণী**—শাঁখচুনী (দেখ)। ... **শঙ্খ-বণিক্** (-ণিজ্) — শাঁখারী। ... **শঙ্খ-বলয়** — শাঁখা। ... **শঙ্খবিষ** — (বাং) সেঁকো।

**শঙ্খিনী**—নায়িকা বা নারীর শ্রেণী বিঃ। শাঁখিনী (দেখ)

**শচী, শচি** — ইন্দ্রপত্নী।

**শজারু, স-** [ < শল্লক-রূপ ] শল্লকী, গায়ে কাঁটা যুক্ত পশু বিঃ।

**শজিনা / শজনে** [ < শোভাঞ্জন ] বৃক্ষ বিঃ (ফুল ও ফল তরকারি)

**শটকা** — গড়নলের হুঁকা।

**শটকানো** — সকলের অগোচরে পলায়ন।

**শটকে]** শতকিয়া (দেখ)

**শটন** — পচিয়া যাওয়া। ... **শটিত** — শড়া, পচা।

**শটা** — কেশর (সিংহের)

**শটি, শটী** — হরিদ্রা-জাতীয় উদ্ভিদ বিঃ, zedoary (কন্দ হইতে পালো হয়)

**শঠ** — খল, বঞ্চক, প্রতারক, ধূর্ত, ক্রূর। ... ষ্য. **-তা, শাঠ্য।**

**শড়া]** শটিত, পচা।

**শণ** — ছোট গাছ বিঃ বা তাহার অংশু, san hemp ('শণের দড়ি')

**শণ্ড** — খোজা, অন্তঃপুরের নপুংসক দ্বাররক্ষী।

**শণ্ডিল** — মুনিবিশেষ।

**শত** — শ, ১০০ অঙ্ক বা পরিমাণ। ... **শতক** — ণ. শত সংখ্যক। ... ষ্য. শত সংখ্যা। শত বস্তুর সমষ্টি ('শান্তি-') শতাব্দ, century. ... **শতকরা]** প্রতিশতের অনুপাতে, per cent. ... **শতকিয়া / শটকে]** (ধারাপাতে) ১ হইতে ১০০ পর্যন্ত গণনা। ... **শত-ক্রতু, শতমন্যু** — ইন্দ্র। ... **শতগ্রন্থি** — যাহাতে একশ গাঁট আছে, অত্যন্ত ছিন্ন। ... **শতঘ্নী** — প্রাচীন যুদ্ধাস্ত্র বিঃ। ... **শততম** — শতসংখ্যার পূরক। ... **শতদল** — পদ্ম। ... **শতদ্রু** — পঞ্জাবের নদী বিঃ। ... **শতধা** — শত প্রকারে খণ্ডে বা দিকে। শত বার। ... **শতধার** — শত ধার (edge) যুক্ত। বজ্র। ... **শতপথ ব্রাহ্মণ** — যজু-র্বেদের অংশ বিঃ। ... **শতপদী** — বিছা ইত্যাদি কীট। ... **শতভিষা** — নক্ষত্র বিঃ। ... **শতমারী** (-রিন্) — যে শত বার পারদ জারণ করিয়া বৈদ্য গণ্য হইয়াছে। (ব্যঙ্গে) যে শত রোগী মারিয়াছে। ... **শতমুখ** — কোনও বিষয় সম্বন্ধে যে সোৎসাহে বার বার কথা বলে ('প্রশংসায় —')। ... **শত-মুখী**—ঝাঁটা। ... **শতমূলী**—লতা বিঃ বা তাহার কন্দ (asparagus জাতীয়। ... **শতশঃ** (-শস্)—শত শত করিয়া।

**শতরঞ্জ** [ আ. শৎরঞ্জ্। < চতুরঙ্গ ] দাবা খেলা।

**শতরঞ্জি** [ আ. শৎ-] মোটা সূতী আস্তরণ বিঃ, দরি।

**শতাংশ** — এক শত ভাগ। শত ভাগের এক ভাগ।

**শতানন্দ** — গৌতমপুত্র, জনকের পুরোহিত।

**শতানীক** — সুদাসরাজার পুত্র।

**শতাব্দ, শতাব্দী** — শতবৎসর কাল। শতক, century.

**শতায়ু** [< -য়ুঃ (-য়ুস্)] শতবর্ষজীবী।

**শতেক**] এক শত।

**শতেশ্বরী** — শতলহরী হার।

**শত্রু** — অরি, অরাতি, বিপক্ষ, বৈরী, দুশমন ('-নাশ, -পক্ষ')। ... ষ্য. **-তা**। ... **শত্রুঞ্জয়** — শত্রুজয়কারী। ... **শত্রুঘ্ন** — রামের বৈমাত্র কনিষ্ঠ ভ্রাতা, লক্ষ্মণের সহোদর। শত্রুঘাতী।

**শনাক্ত** [ফা. শিনাখ্‌ৎ] (পুঃ সনাক্ত) নিশানাদিহি, পরিচিত বলিয়া নির্দেশ ('— করা')

**শনি** — সপ্তাহের বার বিঃ। শনি-গ্রহ, Saturn (অশুভকর এই প্রসিদ্ধি। 'শনির দশা, দৃষ্টি')

**শনৈঃ** (শনৈস্) — অল্পে অল্পে, ক্রমে ক্রমে ('শনৈঃ শনৈঃ')

**শনৈশ্চর** — যে আস্তে চলে। শনিগ্রহ।

**শপ**] মাদুর বিঃ।

**শপতি**] — শপথ (ব্র-বু)

**শপথ** — দিব্য, প্রতিজ্ঞা, oath ('— করা। কালীমাতার —')

**শপ্ত** — শাপগ্রস্ত, অভিশপ্ত।

**শফ** — গবাদি পশুর ক্ষুর।

**শফরী, সফরী** — পুঁটিমাছ।

**শফরদা** [ফা] — গায়িকা নর্তকীদের শিক্ষাদাতা।

**শব** — মৃতদেহ, মড়া, লাশ ('-দাহ, -ব্যবচ্ছেদ')। ... **শবসাধনা** — শবাসনে বসিয়া তান্ত্রিক সাধনা বিঃ।

**শবনম** [ফা] — শিশির।

**শবর** — ব্যাধ। ... স্ত্রী. **শবরী**।

**শবল** — নানাবর্ণযুক্ত। ... স্ত্রী. **শবলা, -লী**। — কামধেনু (বশিষ্ঠের)

**শবাধার** — মৃতদেহ রক্ষা করিবার আধার, কফিন।

**শবাসন** — শবরূপ আসন (শবসাধনায়)। ... **শবাসনা** — শবের উপর অবস্থিতা কালী।

**শবেবরাত** [আ] মুসলমান পর্ব বিঃ।

**শব্দ** — ধ্বনি, নাদ, রব, স্বন, আওয়াজ, শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য পদার্থ। অর্থবোধক ধ্বনি বা অক্ষরসমষ্টি বা অক্ষর, word. (ঃ শাব্দিত, শাব্দ, শাব্দিক)।...**শব্দকোষ** — অভিধান। ... **শব্দবেধী** (-ধিন্), **-ভেদী** (-দিন্) — পুরাণোক্ত বাণ বিঃ যাহা শব্দ অনুসরণ করিয়া লক্ষ্যবেধ করে। ... **শব্দব্রহ্ম** (-হ্মন্) — বেদ। শব্দরূপ ব্রহ্ম। তুঃ Logos। ... **শব্দ-শক্তি** — শব্দের অর্থবোধিকা শক্তি বা বৃত্তি (অভিধা লক্ষণা ব্যঞ্জনা)। ... **শব্দশঃ** (-শস্) — শব্দ অনুসারে, verbatim. ... **শব্দশাস্ত্র** — ব্যাকরণ অভিধান ইঃ।

**শব্দায়মান** — যাহা শব্দ করিতেছে।

**শব্দালংকার, -লঙ্কার** — রচনা শ্রুতিমধুর করিবার নিমিত্ত বিশেষ প্রণালীতে শব্দ-বিন্যাস, অনুপ্রাস ইঃ।

**শব্দিত** — ধ্বনিত, শব্দযুক্ত। উচ্চারিত।

**শম** — শান্তি, মনের স্থিরতা, মনঃসংযম। নিবৃত্তি, উপশম। (ঃ শমী, শান্ত)

**শমন** — যম, কৃতান্ত। শান্তিসম্পাদন, প্রশমন। ... ণ. **শমিত**। ... **শময়িতা** (-তৃ) — উপশমকারী, নিবারক।

**শর্মায়তা** — যে শান্তি স্থাপন করে। যে দমন বা উপশম করে।

**শমী ১**, -**মি** — শাঁই, বাবলা-জাতীয় বৃক্ষ বিঃ (কাষ্ঠ হইতে যজ্ঞাগ্নি জ্বালা হইত)
**শমী ২** (-মিন্) — শমযুক্ত, শান্ত। সংযমী।
**শমীক** — ঋষি বিঃ।
**শমশের** [ফা] — তরবারি।
**শমিতা** — যে যজ্ঞীয় পশুকে বধ করে।
**শম্পা** — বিদ্যুৎ।
**শম্ব** — শামা, মুষলাদির মুখের লৌহ-বলয়। বজ্র।
**শম্বর, সম্বর** — হরিণ বিঃ (ডাল-ওয়ালা শিং)। অসুর বিঃ।
**শম্বরারি** — মদন, কন্দর্প।
**শম্বুক, শম্বূক** — শামুক। রাম কর্তৃক নিহত শূদ্র মুনি বিঃ।
**শম্ভু** — শিব।
**শয়তান** [আ] ইহুদী খৃষ্টীয় ও মুসলমান শাস্ত্রোক্ত ঈশ্বরবিদ্বেষী দেবতা বিঃ। অত্যন্ত দুষ্ট ও ক্রূর ব্যক্তি। ... স্ত্রী. **শয়তানী**]। ... ষ্য. **শয়তানি**]। ... ণ. **শয়তানী**]
**শয়ন** — শোয়া ('ভূমিতে—করা')। নিদ্রা। শয্যা। (§ শায়িত, শায়ী)। ... **শয়িত** — যে শুইয়া আছে। নিদ্রিত। ... **শয়নীয়** — যাহাতে শোয়া যাইতে পারে, শয্যা। ... **শয়নৈকাদশী** — আষাঢ়-শুক্ল-একাদশী (বিষ্ণুর নিদ্রাগমন)
**শয়ান** — যে শুইয়া আছে, শয়িত।
**শয়ালু** — যে শুইতে চায়, নিদ্রালু।
**শয্যা** — বিছানা, যাহার উপরে শোওয়া হয় ('-রচনা। ভূমি-')। খাট ইঃ। ... **শয্যা-কণ্টকী** — রোগীর যে অবস্থায় শয্যা কণ্টকশয্যা হইয়া পড়ে সে অবস্থায় শয্যা অসহ্য হয়। ... **শয্যাগত** — শয্যাশায়ী। উত্থানশক্তিহীন।
**শর** — বাণ, তীর। তৃণ বিঃ, খাগড়া, reed. (সর দেখ)। ... **শরব্য** — শরের লক্ষ্য। ... **শরশয্যা** — বাণদ্বারা রচিত শয্যা ('ভীষ্মের—')। ... **শরসন্ধান** — ধনুতে শরযোজন।
**শরচ্চন্দ্র** — শরতের চন্দ্র।
**শরজন্মা** — কার্তিক।
**শরণ** — ষ্য. আশ্রয়, রক্ষণ ('—লওয়া')। গৃহ। ... ণ. রক্ষক ('অনাথ-')। ... **শরণাগত, শরণাপন্ন, শরণার্থী** (-র্থিন্) — যে আশ্রয় লইতে আসিয়াছে, রক্ষার্থী। ... **শরণ্য** — শরণ লইবার যোগ্য, রক্ষণসমর্থ। আশ্রয়দাতা।
**শরণি, শরণী** — পথ, রাস্তা।
**শরৎ** (-দ্) — ঋতু বিঃ, আশ্বিন-কার্তিক, (মতান্তরে ভাদ্র-আশ্বিন)। (§ শারদ, শারদীয়)
**শরট** — কৃকলাস।
**শরদ** [< শারদা] বীণা বিঃ, সরোদ।
**শরদিন্দু** — শরৎকালের চন্দ্র ('-নিভাননা')
**শরদ্বান্** — গৌতম ঋষির পুত্র।
**শরবত** [আ] (পুঃ সরবৎ) মিষ্ট শীতল পানীয়।
**শরব্য** — বাণের লক্ষ্য।
**শরভ** — মৃগ বিঃ। পৌরাণিক অষ্টপদ পশু বিঃ। হস্তিশাবক। শলভ।
**শরম** [ফা. শর্ম্] (পুঃ সরম) লজ্জা।
**শরশয্যা** — শরের দ্বারা রচিত শয্যা। লক্ষ্যার্থে যন্ত্রণাদায়ক অবস্থান।
**শরা** (সরা দেখ)
**শরাকত** [ফা] — শরিকানী।
**শরাকৎ** [আ] — শিষ্টাচার। ভদ্রতা।
**শরাব ১** [আ] মদ্য। ... **শরাবখানা** — মদের দোকান।
**শরাব ২** — শরা। মাটির তৈরি পাত্র।
**শরাসন** — ধনু।

**শরিক** [ফা] অংশী ('জমিদারির —')। ... ণ. **শরিকী, শরিকানী** ] ... **শরিকানা** ] শরিকের অংশে প্রাপ্য।

**শরিফ** [আ] — পবিত্র মহিমময় উদার। সংভ্রান্ত। মহামান্য। (মক্কাশরিফ, কোরান শরিফ)

**শরিয়ত, শরী-** [আ] মুসলমান-ধর্মশাস্ত্র।

**শরীর** — দেহ ('-ধারণ, -পাত, -পালন')। (§ শারীর, শারীরক, শারীরিক)। ... **শরীরী** (-রিন্) — দেহধারী।

**শর্করা, শর্কর** — চিনি। (সং) কাঁকর। (§ শার্কর)

**শর্ত** [আ. শর্ত্] (প্রঃ সর্ত) কড়ার। নির্ধারণ, নিয়ম।

**শর্ব** — শিব। ... **শর্বাণী** — শিবানী, দুর্গা।

**শর্বরী** (স- বিশেঃ) — রাত্রি।

**শর্ম** (-মন্, ক্লী) — কল্যাণ, স্বস্তি।

**শর্মা** (-মন্, পুং)—ব্রাহ্মণত্বসূচক উপাধি।

**শর্মিষ্ঠা** — যযাতির দ্বিতীয়া মহিষী, দৈত্যরাজকন্যা।

**শলভ** — পতঙ্গপাল। পতঙ্গ বিঃ।

**শলা ১** ] < শলাকা, শল্য, সরু কাঠি। চিকিৎসার অস্ত্র বিঃ, probe.

**শলা ২** [আ] — পরামর্শ, মন্ত্রণা। ... **শলাকার** — পরামর্শদাতা।

**শলাকা** — শলা, সিক, কাঠি ('দীপ-')

**শলি** — ধান্যের পরিমাপ বিঃ।

**শল্ক** — মাছের আঁশ, শকল। বল্কল। ... **শল্কী** (-ল্কিন্) — যাহার আঁশ আছে।

**শল্য** — শলাকা, কাঁটা। বাণ, শেল। অস্থি। ... **শল্যোদ্ধার** — দেহ হইতে বাণ ইঃ উৎপাটন। বাস্তুভূমি হইতে অস্থি উত্তোলন। ... **শল্যতন্ত্র** — আয়ুর্বেদীয় অস্ত্র চিকিৎসা।

**শল্ল, শল্লক** — আঁশ। বল্কল।

**শল্লকী, শল্যকী, স-** (-কিন্)—শজারু।

**শশ, শশক** — খরগোশ। ... **শশধর** — চন্দ্র। ... **শশবিষাণ** — খরগোশের শিং, অসম্ভব বস্তু (তুঃ ঘোড়ার ডিম)

**শশব্যস্ত** — (শশ-তুল্য ব্যস্ত) অত্যন্ত ব্যস্ত।

**শশাঙ্ক** — চন্দ্র।

**শশী** (-শিন্) — চন্দ্র ('শশিকলা, শশিমুখী')। ... **শশিভূষণ, -শেখর** — শিব।

**শশ্বৎ** — সর্বদা। (§ শাশ্বত, শাশ্বতিক)

**শষ্প, শস্প** — কচি ঘাস।

**শষ্কুলী** — পিঠে।

**শসা** ] ফল বিঃ, ক্ষীরিকা, cucumber.

**শস্ত্র** — অস্ত্র, আয়ুধ, প্রহরণ। লৌহাদি-নির্মিত শিল্পসাধিত্র, tool. চিকিৎসার অস্ত্র। ... **শস্ত্রপাণি** - সশস্ত্র।

**শস্য** — ফসল, কৃষিজাত ফল বা বীজ, ধান্য কলায় ইঃ। শাঁস ('নারিকেলের —') ... **শস্যশ্যামলা** — কাঁচাফসলে সবুজ।

**শহর** [ফা. শহ্র্] বৃহৎ নগর। ... **শহরতলি** ] শহরের উপকণ্ঠ, suburb. ... **শহুরে** ] শহর সম্বন্ধীয়। শহরবাসী।

**শহবৎ** [আ] — খ্যাতি প্রচার। ঘোষণা।

**শহিদ, শহীদ** [আ] ধর্মযুদ্ধে নিহত ব্যক্তি।

**শা** (শাহ দেখ)

**শাঁই** ] < শমী (দেখ)

**শাঁওয়া** — একপ্রকার কীটের দ্বারা মালিন্য সৃষ্টি (বস্ত্রাদিতে)।

**শাংকর, শাঙ্কর** — শংকর সম্বন্ধীয়। শংকরাচার্যকৃত ('-ভাষ্য')

**শাক** — ভক্ষ্য পত্র ফল মূল ইঃ তরকারি, vegetable. কোমলকান্ড ক্ষুদ্র উদ্ভিদ, herb. (বাং) শাগ, ভক্ষ্য পত্র ও বৃন্ত ('পালং-। কুমড়ার —। -সর্বজি')।

পুরাণোক্ত দ্বীপ বিঃ, শকজাতির দেশ। শকাব্দ। সেগুন গাছ। ... **শাকদ্বীপ** — ভারতের উত্তর পশ্চিমে অবস্থিত দেশ বিঃ।

**শাকদ্বীপী** — শাকদ্বীপ জাত (ব্রাহ্মণ)

**শাকম্ভরী** — দুর্গার একটি নাম।

**শাকান্ন** — শাক-ভাত, ভাত-তরকারি।

**শাকুন** — পক্ষী সম্বন্ধীয়। ... **শাকুন, শাকুনিক** — শকুনজ্ঞ, পশুপক্ষীর রব শুনিয়া যে শুভাশুভ নির্ণয় করে। ... **শাকুনিক** -- পক্ষিমারক ব্যাধ।

**শাক্ত** -- শক্তি-উপাসক। তান্ত্রিক।

**শাক্য** — হিমালয়ের পাদমূলে অবস্থিত রাজ্যের ক্ষত্রিয়বংশ বিঃ। ... **শাক্যসিংহ** ---বুদ্ধদেব।

**শাঁখ, শাঁক**] < শঙ্খ (দেখ)। ... **শাঁখ-আলু**] ভক্ষ্য কন্দ বিঃ। ... **শাঁখা**] শঙ্খের বলয়। .. **শাঁখারী**] শঙ্খবণিক্, যে শাঁখা বা শাঁখের জিনিস তৈয়ার করে।

**শাঁকচুনী / শাঁকচুন্নী**] < শঙ্খচূর্ণী, **শাঁখিনী / শাঁকিনী**] < শঙ্খিনী — পেতনী বিঃ, সধবা স্ত্রীর প্রেত।

**শাখা** — ডাল ('বৃক্ষের — । শাখাগ্র')। প্রধান বিষয় হইতে নির্গত অঙ্গ, অংশ ('বেদের, জাতির —')। বাহু। ... **শাখা-নগরী** --- বড় নগরের অংশ বিঃ। ... **শাখানদী** — যে নদী বৃহত্তর অন্য নদী হইতে নির্গত হইয়াছে। ... **শাখামৃগ** — বানর। ... **শাখী** (-খিন্) —বৃক্ষ।

**শাগ**] < শাক (দেখ), ভক্ষ্য পত্র ও বৃন্ত।

**শাগরেদ** [ফা. শাগির্দ্] শিষ্য। ... ষ্য. **শাগরেদি**]

**শাঙন**] < শ্রাবণ। (অপ্রঃ)

**শাঙল** — শ্যামল।

**শাঙ্কর** (শাংকর দেখ)

**শাট** — পরিধেয় ('-পটাবৃত')। ... **শাটী** — **শাড়ি, শাড়ী**] স্ত্রীলোকের বস্ত্র।

**শাঠ্য** --- শঠতা

**শাঁড়া** [< শণ্ড] বন্ধ্য, যাহা ফলে না ('— গাছ')

**শাঁড়ক** --- চাল বাঁধিবার জন্য ব্যবহৃত চাঁচা ছোলা বাখারি।

**শাণ, শাণিত** (শান, শানিত দেখ)

**শাণ্ডিল্য** --- শণ্ডিল ঋষির পুত্র। একটি গোত্রের নাম।

**শাত**—ছিন্ন। চাঁচা, তীক্ষ্ণীকৃত। ... **শাতন** — ছেদন। কৃশ করণ। **শান** দেওয়া। নাশন। ... **শাতকুম্ভ** — স্বর্ণ। ... **শাতকর্ণি** — গৌতমীপুত্র, গোদাবরী তীরের শক রাজ্যের একজন রাজা।

**শাতিত** — ছিন্ন। ... **শাতিতপক্ষ** — ছিন্ন-পক্ষ।

**শাদি** [ফা। (পুঃ সাদি) বিবাহ।

**শাদ্বল** --- নবতৃণাচ্ছাদিত স্থান, lawn.

**শান, শাণ** - অস্ত্রাদিতে ধার দিবার পাথর বা যন্ত্র। ধাতু ইঃ পালিশ করিবার যন্ত্র। কষ্টিপাথর। তীক্ষ্ণীকরণ। (§ **শানানো**, শানিত, শাণিত)। ... **শান** — (বাং) পাকা মেঝে ('— বাঁধানো')। পাষাণ।

**শানকি** (আ) — মৃত্তিকা নির্মিত ভোজন-পাত্র।

**শানা ১**] তাঁতের অঙ্গ বিঃ (চিরুনির তুল্য, ভিতর দিয়া টানার সুতা যায়)

**শানা ২** [√ শান্-৭। < শম্]. **শানানো** [√ শানা-১১] ক্ষুধাতৃষ্ণাদি শান্ত হওয়া, মিটা, তৃপ্ত হওয়া ('দশ-খানা লুচিতে তার শানাবে না')

**শানা ৩** — বর্ম, সাঁজোয়া।

**শানানো** [< শানা-১১। < শান্] **শান**

দেওয়া ('ছুরি—')। ... ণ. শানিত।

**শানিত, শাণিত** — শানে তীক্ষ্ণীকৃত, নিশিত, ধারাল।

**শান্ত** — শমপ্রাপ্ত, নিবৃত্ত ('রোগ, পিপাসা —')। ধীর, শিষ্ট, অনুদ্ধত, ঠান্ডা ('— স্বভাব, ছেলে')। (অলংকারশাস্ত্রে) রস বিঃ (বৈরাগ্য বিষয়ক)

**শান্তনু** — ভীষ্মের পিতা।

**শান্তা** — দশরথের কন্যা। অঙ্গরাজ লোমপাদ কর্তৃক পালিতা। ঋষ্যশৃঙ্গ ঋষির পত্নী।

**শান্তনব** — শান্তনুনন্দন ভীষ্ম।

**শান্তি** — উপশম, নিবৃত্তি ('রোগের, পিপাসার —')। উদ্বেগশূন্যতা, স্থিরতা ('মনের —')। নিরুপদ্রবতা, peace ('-ভঙ্গ, -রক্ষা, -স্থাপন')। শমগুণ, আকাঙ্ক্ষার নিবৃত্তি। ... **শান্তিজল** — পূজা-স্বস্ত্যয়নাদির শেষে যে মন্ত্রপূত জল গায়ে ছিটানো হয়। ... **শান্তিরক্ষক** — কোন উপদ্রব নিবারণ করিয়া যাহারা শান্তিরক্ষা করে। পুলিশ কর্মচারী। ... **শান্তিস্বস্ত্যয়ন** — ক্রূর বা কুপিত গ্রহের প্রশমতা সাধনের জন্য পূজা হোমাদি।

**শাপ** — অভিসম্পাত, অভিশাপ (দেখ) ('— দেওয়া')। (ৼ শপ্ত)। ... **শাপভ্রষ্ট** — শাপের ফলে হীনদশাগ্রস্ত। ... **শাপান্ত** — শাপের অবসান। ... **শাপিত** — যাহাকে শাপ দেওয়া হইয়াছে।

**শাপশাপান্ত** — অভিশাপ। কুপিত হইয়া অমঙ্গল প্রার্থনা।

**শাপলা ]** — কুমুদ পুষ্প।

**শাফেদ, শফেদ** [ ফা ] শ্বেত।

**শাঁপ** (শামা দেখ)

**শাবই** — একপ্রকার দীর্ঘ দণ্ডের ঘাস।

**শাবক, শাব** — বাচ্চা, ছানা ('পশু-পক্ষি-')

**শাবণ ১** — শ্রাবণ। (শ্রাবণ মাসের উৎসব)

**শাবণ ২** [ আ ] — মুসলমানী বৎসরের অষ্টম মাস।

**শাবল** [ < শর্বলা ] খন্তা, দণ্ডাকার খননাস্ত্র।

**শাবাশ** [ ফা ] (পূঃ সাবাস) প্রশংসাসূচক উক্তি, বলিহারি।

**শাব্দ** — শব্দ সম্বন্ধীয়। ... **শাব্দিক** — শব্দশাস্ত্রজ্ঞ, বৈয়াকরণ। আপ্ত বা আর্ষ-জ্ঞান।

**শামপান** — চীন, মালয়, ব্রহ্ম ইত্যাদি দেশের নৌকা।

**শামর** — শ্যামল (ব্র-বু)

**শামলা ১ ]** < শ্যামলা, কাল ('— গাই')

**শামলা ২** [ ফা ] শাল ইঃর পাগড়ি বিঃ।

**শামা, শামি, শাঁপ ]** < শম্ব, মুষল লাঠি অস্ত্রের বাঁট ইঃর মুখ শক্ত করিবার জন্য লৌহাদির বলয়, ferrule.

**শামাদান** [ আ-ফা ] বাতিদান, শেজ।

**শামা** (আ) বাতি। চেরাগ।

**শামাই ]** সহনশীলতা, ধৈর্য।

**শামাপোকা** — প্রদীপের পোকা। শলভ।

**শামিয়ানা** [ ফা. -য়ানহ্ ] (পূঃ সামিয়ানা) সমতল ছাদ বিশিষ্ট তাঁবু। চাঁদোয়া। চন্দ্রাতপ।

**শামিল** [ আ ] (পূঃ সামিল) অন্তর্গত। সদৃশ। তুল্য।

**শামুক ]** < শম্বুক।

**শাম্ব** — শ্রীকৃষ্ণের পুত্র।

**শায়ক** — বাণ, তীর।

**শায়িত** — যাহাকে শোয়ানো হইয়াছে।

**শায়ী** (-য়িন্) — যে শোয়, **শয়ান** ('শয্যা-')। ... স্ত্রী. **শায়িনী**।

**শায়েস্তা** [ ফা. শইস্তহ্ ] শিক্ষাপ্রাপ্ত, বিনীত। দমিত, শাসিত, যন্ত্রিত ('—

করা')
**শারঙ্গ, শারঙ্গী** (সারঙ্গ দেখ)
**শারদ, শারদীয়** — শরৎকালীন। ... স্ত্রী. **শারদা, শারদীয়া**। ... **শারদা, সারদা** —সরস্বতী। দুর্গা। শরদ বাদ্যযন্ত্র।
**শারদী** — শরৎ পূর্ণিমা।
**শারী ১** (সারী দেখ)
**শারী ২** — পাশার গুটি।
**শারিকা** — শালিক পাখী।
**শারীর** — শরীর সম্বন্ধীয়। ... **শারীরক** — যে শরীর গ্রহণ করে, জীবাত্মা। বেদান্তসূত্র। ... **শারীরবৃত্ত, -বৃত্তি** — শরীরের বিবিধ অংশের ক্রিয়া বিষয়ক বিজ্ঞান, physiology. ... **শারীরস্থান** — শরীরের বিবিধ অঙ্গের গঠন ও সংস্থান বিষয়ক বিজ্ঞান, anatomy. ... **শারীরিক** — দেহ সম্বন্ধীয়, কায়িক।
**শার্কর** — শর্করা সম্বন্ধীয়। শর্করাযুক্ত।
**শার্ঙ্গ** — ণ. শৃঙ্গ -নির্মিত বা সম্বন্ধীয়। ... ষ্য.শৃঙ্গনির্মিত ধনু। বিষ্ণুর ধনু। ... **শার্ঙ্গধর, -পাণি** — বিষ্ণু। ধনুর্ধর। ... **শার্ঙ্গরব** — শকুন্তলা নাটকে কণ্ব ঋষির শিষ্য বিঃ।
**শার্ট** [ই] কামিজ।
**শার্দূল** — ব্যাঘ্র। ... স্ত্রী. **-লী**। ... **শার্দূলবিক্রীড়িত** — সংস্কৃতের একটি দীর্ঘছন্দ।
**শাল ১, সাল** — গাছ বা কাঠ বিঃ। ... **শাল** — মাছ বিঃ। ... **শালনির্যাস** — ধুনা। ... **শালপ্রাংশু** — শালবৃক্ষতুল্য উন্নতকায়।
**শাল ২** ] < শালা ('ঢেঁকি-, কামার-')। < শল্য, শেল।
**শাল ৩** [ফা] মূল্যবান্ পশমী বস্ত্র বিঃ।
**শাল ৪** — আখ পীড়াইয়া রস হইতে গুড় বানাইবার ব্যবস্থা।
**শাল ৫** — সারি সারি প্রোথিত সূচালো লৌহ শলাকার শয্যা। ... **শালেভর** — ঐরূপ শয্যায় শয়ন করিয়া কৃচ্ছ্রসাধন।
**শালগম** [ফা] কন্দ বিঃ, turnip (তরকারি)
**শালগ্রাম** — ছিদ্ররেখাদিচিহ্নিত বিষ্ণুবিগ্রহ-স্বরূপ শিলাপিন্ড (গন্ডকীনদীজাত)
**শালতি, সা-**] সরু নৌকা বা ডিঙা (শালের গুঁড়ি হইতে প্রস্তুত)
**শালভঞ্জিকা** — কাঠের পুতুল।
**শালা ১** — গৃহ, আগার ('পাঠ-, পশু-')
**শালা ২** ] < শ্যালক, পত্নীর ভ্রাতা। গালি বিঃ। ... **শালাজ** ] < শ্যালকজায়া।
**শালি** — হৈমন্তিক ধান্য। ধান্য।
**শালিক** [< শারিকা] পাখি বিঃ।
**শালিকা** — ক্ষুদ্র শালা বা গৃহ।
**শালিবাহন** — অব্দপ্রবর্তক প্রাচীন নৃপতি।
**শালী** < শ্যালী, শ্যালিকা, পত্নীর ভগিনী। গালি বিঃ।
**-শালী** (-লিন্) — যুক্ত, বিশিষ্ট ('বল-')। ... স্ত্রী. **-শালিনী**।
**শালীন** — সলজ্জ, বিনীত। ... ষ্য. **-তা, -ত্ব**। শিষ্টতা, ভব্যতা।
**শালুক** — (বাং) কুমুদ ফুল। (সং) পদ্মাদির মূল।
**শালেয়** — শালি ধান্যোৎপাদক ক্ষেত্র।
**শাল্মলি, -লী** — শিমুল গাছ।
**শাশ** ] শাশুড়ী, শ্বশ্রূ। শাশু (পদাবলীতে)
**শাশুড়ী** [< সাশ্রূধী] শ্বশ্রূ, স্বামীর বা স্ত্রীর মাতা।
**শাশ্বত, শাশ্বতিক** — নিত্য, অবিনশ্বর। ... স্ত্রী. **শাশ্বতী, -তিকী**।
**শাঁস** [< শস্য] ফল বীজ ইঃর ভিতরের নরম বা ভক্ষ্য অংশ ('বেলের —। তাল-')। ... **শাঁসালো** ] শাঁস যুক্ত। ধনী (অশিঃ)

**শাসক** — শাসনকর্তা, শাসিতা, শাস্তা।

**শাসন ১** — দমন ('দুষ্টকে —')। নিয়মন, পরিচালন ('-কর্তা, -দণ্ড। রাজ্য-')। অনুশাসন, আজ্ঞা, বিধি ('শাস্ত্রের —')। আজ্ঞাপত্র, সনদ ('তাম্র-')। (পদ্যে ক্রি. 'শাসিল' — শাসন করিল)। ... **শাসনতন্ত্র** — রাজ্যশাসনপ্রণালী। ... **শাসনীয়, শাস্য** — শাসনযোগ্য। ... **শাসিত** — দমিত, দণ্ডিত। নিয়ন্ত্রিত, পরিচালিত।

**শাসন ২** — রাজদত্ত ভূসম্পদ।

**শাসা** [ √ শাস্-৭। < শাস্ ] শাসন করা। ... **শাসানো** [ √ শাসা-১১ ] শাস্তির ভয় দেখানো।

**শাসি** [ ফ্রেঞ্চ chassis ] কাচের কপাট, sash.

**শাসিত** — দমিত, দণ্ডিত। পরিচালিত।

**শাসিতা** (-তৃ), **শাস্তা** (-স্তৃ) — শাসনকারী, শাসক। উপদেষ্টা, শিক্ষক।

**শাস্তি** — সাজা, দণ্ড।

**শাস্ত্র** — অনুশাসন বা বিধি বিষয়ক গ্রন্থ। মান্য প্রাচীন সংস্কৃত গ্রন্থ, বেদ স্মৃতি দর্শন পুরাণ তন্ত্র ইঃ (এই অর্থ বেশী চলে। 'শাস্ত্রজ্ঞ, -বিৎ। শাস্ত্রোক্ত')। বিদ্যা-বিষয়ক গ্রন্থ ('অঙ্ক-, বিজ্ঞান-, কাব্য-')। ধর্মবিষয়ক প্রাচীন গ্রন্থ, scripture ('বাইবেল-')। বিদ্যা। ... **শাস্ত্রী** (-স্ত্রিন্) — শাস্ত্রজ্ঞ। উপাধি বিঃ। ... **শাস্ত্রীয়** — শাস্ত্র সম্বন্ধীয়।

**শাহ্** [ ফা ], শা ] বাদশা, নরপতি। ফকিরের উপাধি বিঃ। ... **শাহ্‌জাদা** [ ফা. -জা.- ] রাজপুত্র। ... **শাহ্‌জাদী** ] রাজকন্যা। ... **শাহানশাহ্** ] রাজার রাজা, সম্রাট্।

**শাহানা** [ ফা ] (পুঃ সাহানা) রাগিণী বিঃ।

**শিউরনো** (শিহরানো দেখ)

**শিউলি** ] < শেফালিকা, ফুল বিঃ।

**শিউলী** ] যাহারা খেজুর গাছের মাথা কাটিয়া রস বাহির করে।

**শিং, শিঙ** ] < শৃঙ্গ। ( ঃ শিঙ্গা)

**শিংশপা** — শিশু গাছ।

**শিকড়** ] মূল ('গাছের —')

**শিকনি** [ < শিঙ্ঘাণ ] নাকের শ্লেষ্মা, পোঁটা।

**শিকল** ] < শৃঙ্খল, চেন।

**শিকলি** — ছোটশিকল।

**শিকা, সিকা / -কে** [ < শিক্য, সি- ] খাদ্যাদি রাখিবার জন্য ছাদ হইতে ঝুলানো দড়ির আধার।

**শিকায়ৎ** (আ) দোষারোপ, অপরের কাছে অন্যের বিরুদ্ধে বলা।

**শিকার** [ ফা ] মৃগয়া। মৃগয়ালব্ধ প্রাণী। ... **শিকারী** ] যে শিকার করে।

**শিক্ষক** — শিক্ষাদাতা, অধ্যাপক, মাষ্টার। শাসিতা। ... স্ত্রী. **শিক্ষিকা**। ... ষ্য. **শিক্ষকতা**।

**শিক্ষণ** — অধ্যয়ন, শিক্ষা। অধ্যাপন, উপদেশ। ... **শিক্ষণীয়** — শিক্ষা- বা অধ্যাপন-যোগ্য। ... **শিক্ষণবিভাগ** — শিক্ষানিয়ন্ত্রণের ব্যবস্থামণ্ডল।

**শিক্ষয়িতা** (-তৃ) — শিক্ষক। ... স্ত্রী. **-য়িত্রী**।

**শিক্ষা** — অভ্যাস, শেখা, বিদ্যাভ্যাস, অধ্যয়ন; চরিত্রোন্নতি ('ব্যায়াম-, ইংরেজী-, অঙ্ক-, উচ্চ-, লোক-। শিক্ষাপ্রদ, শিক্ষার্থী। — করা, দেওয়া। -দান, -লাভ') উপদেশ। অভিজ্ঞতা; আক্কেল, দণ্ড ('— পাওয়া, দেওয়া')। উচ্চারণ-বিষয়ক বেদাঙ্গ বিঃ। ... **শিক্ষানবীশ, শিক্ষাধীন** — চাকরিতে বাহাল হইবার পূর্বে যে কাজ শিখিতেছে, apprentice. ... **শিক্ষিত** — বিদ্বান্,

educated ; শিক্ষাপ্রাপ্ত, উপদিষ্ট, trained ('— ব্যক্তি, ঘোড়া, সাক্ষী')। ... **শিক্ষাবিভাগ** — শিক্ষানিয়ন্ত্রণের ব্যবস্থামণ্ডল। যাহা শেখা হইয়াছে ('— বিষয়')। ... স্ত্রী. **শিক্ষিতা।**

**শিখ** [ পাঞ্জাবী। < শিষ্য ] গুরুগোবিন্দ সিংহের শিষ্যসম্প্রদায়; নানক-প্রবর্তিত ধর্মাবলম্বী।

**শিখণ্ড, শিখণ্ডক** — ময়ূরপুচ্ছ। শিখা, চূড়া। ... **শিখণ্ডী** (-ণ্ডিন্) — শিখা-ধারী। ময়ূর। দ্রুপদরাজপুত্র বিঃ।

**শিখর** — পর্বতশৃঙ্গ। চূড়া, শীর্ষ। বৃক্ষাগ্র। ... **শিখরী** (-রিন্) — পর্বত। বৃক্ষ। ... **শিখরিণী** — দধিজাত পানীয় বিঃ। সংস্কৃতের ছন্দঃ বিঃ।

**শিখা ১** — চূড়া, অগ্রভাগ। টিকি। আগুনের শিষ, flame. ... **শিখাবল** — ময়ূর।

**শিখা ২, শিখানো** (শেখা দেখ)

**শিখী** (-খিন্) ময়ূর। ... স্ত্রী. **শিখিনী।** ... **শিখিধ্বজ** — কার্তিকেয়।

**শিঙ** (শিং দেখ)

**শিঙলী** — শিমুল, শাল্মলী। (ব্র-বু)

**শিঙ্গা/শিঙা** [ < শৃঙ্গ ] শৃঙ্গ বা ধাতু নির্মিত শুষির বাদ্যযন্ত্র বিঃ, horn, trumpet. ("—ফোঁকা" —মরা)

**শিঙ্গাড়া/শিঙাড়া** [ < শৃঙ্গাটক ] আলু ইঃর পুর দেওয়া ময়দার ভাজা খাবার বিঃ। পানফল (হিন্দী)

**শিঙাদার** ] যে শিঙা বাজায়। ... **শিঙার** — (শৃঙ্গার) নায়কনায়িকা বেশবিন্যাস। দেবতার পুষ্পসজ্জা।

**শিঙ্গি / শিঙি** [ < শৃঙ্গী ] মাগুর-জাতীয় মাছ বিঃ।

**শিঙ্ঘান** — নাসামল, লৌহমল।

**শিঞ্জন, শিঞ্জিত** — নূপুর ইঃর শব্দ, গুঞ্জন। ... ণ. **শিঞ্জিত।**

**শিঞ্জিনী** — নূপুর। ধনুর্গুণ।

**শিটা / শিটে** [ < শিষ্ট ] ছিবড়া, গাদ।

**শিটি, সিটি** ] শিস। বাঁশির শব্দ, whistle ('— দেওয়া')

**শিতি** — কৃষ্ণ বা নীলবর্ণ। ... **শিতিকণ্ঠ** — শিব। ময়ূর।

**শিথান** [ < শিরস্থান ] মাথার বালিশ (প্রাঅপ্রঃ)। শিয়র।

**শিথিল** — ঢিলা, আলগা, শ্লথ। ... ষ্য. -তা, **শৈথিল্য।** নামধাতু √ শিথিলা।

**শিন্নি** (শিরনি দেখ)

**শিপ্রা, সি-** (ক্ষিপ্রা হইতে) — উজ্জয়িনীর নদী বিঃ, চম্বল (চর্মণ্বতী) নদীর শাখা (মধ্যপ্রদেশে)

**শিব** — জগৎসংহর্তা মহাদেব, ঈশান, কৃত্তিবাস, গিরিশ, চন্দ্রশেখর, ত্রিলোচন, ত্র্যম্বক, ধূর্জটি, পশুপতি, বিরূপাক্ষ, ব্যোমকেশ, ভব, ভোলানাথ, মহেশ, মহেশ্বর, মৃড়, মৃত্যুঞ্জয়, রুদ্র, শংকর, শম্ভু, শর্ব, সর্ব, হর। শুভ, মঙ্গল। (ঃ শৈব)। ... **শিবচতুর্দশী** — ফাল্গুন-মাসের কৃষ্ণা চতুর্দশী। ... **শিবজ্ঞান** — শুভাশুভকালবোধক শাস্ত্র। ... **শিবত্ব**— শিবের পদ। ... **শিবনেত্র** — ধ্যানী শিবের তুল্য ঊর্ধ্বগত অপলক চক্ষু। ... **শিবরাত্রি** — ফাল্গুন-কৃষ্ণাচতুর্দশীর রাত্রি। ... **শিবলিঙ্গ** — শিবের লিঙ্গ-মূর্তি।

**শিবা, শিবানী** — শিবপত্নী, দুর্গা। ... **শিবা** — শৃগালী।

**শিবালয়** — শিবমন্দির।

**শিবি** — ত্যাগধর্মের আদর্শ প্রাচীন ভারতীয় নৃপতি।

**শিবিকা** — পালকি।

**শিবির** — তাঁবু। সেনানিবেশ, ছাউনি।

**শিবেতর** — অমঙ্গল।
**শিম** ] < শিম্ব, ফল বিঃ (তরকারি)
**শিমুল** [ < শিম্বলী] শাল্মলী, গাছ বিঃ, silk-cotton tree. (শিমুল তুলা — kapok).
**শিম্ব, শিম্বী** — শিম। শুঁটি, Pod.
**শিয়র** [ < শিখর ] শয়নকারীর মাথার দিক্।
**শিয়া** [ আ. শীঅহ্ ] মুসলমান সম্প্রদায় বিঃ যাহারা আলীকে মহম্মদের অব্যবহিত পরবর্তী খলিফা গণ্য করে। (তুঃ সুন্নী)
**শিয়াকুল** — বন্যকুল।
**শিয়ান** — শ্যেন, বাজপাখী।
**শিয়াল / শেয়াল** ] < শৃগাল।
**শিয়ালকাঁটা / শে-** ] < শৃগালকণ্টক ] বন্য ছোট কাঁটাগাছ বিঃ।
**শির** ] < শিরা, নাড়ী। অস্থিবন্ধনী, tendon ('পায়ের — খে'চা')। উচ্চ রেখা, rib ('পাতার —')
**শিরঃ** (-রস্), **শির** — মস্তক, অগ্রভাগ ('তরু-')। ... **শিরঃপীড়া** — মাথাধরা।
**শিরদাঁড়া** ] মেরুদণ্ড।
**শিরনামা** [ ফা. সর্নামহ্। নকল সংস্কৃত — শিরোনাম ] চিঠি ইঃর উপরে লেখ্য নাম ঠিকানা।
**শিরনি** [ ফা. শীরীনী ]/**শিন্নি** [ পীরকে বা সত্যনারায়ণকে নিবেদ্য মিষ্টান্ন বা আটা দুধ কলা চিনি ইঃর মিশ্র।
**শিরপা** — ঘোড়ার সামনের পা তোলা।
**শিরঃপীড়া** — মাথা ঘোরা।
**শিরপেচ** [ ফা. সর্- ] পাগড়ি বিঃ।
**শিরসিজ** — (মূঃ মস্তকে জাত) কেশ।
**শিরস্ক, শিরস্ত্র, শিরস্ত্রাণ** — উষ্ণীষ, পাগড়ি টুপি ইঃ। helmet.
**শিরা** — রক্তবাহিকা নাড়ী। (শারীরবিদ্যায়) যে নাড়ী দিয়া দেহের বিভিন্ন স্থান হইতে রক্ত হৃৎপিণ্ডে ফিরিয়া আসে, vein. (ধমনী দেখ)। শির, উচ্চ রেখা, rib. ... **শিরাল** — শিরাবিশিষ্ট।
**শিরালা** — কামরাঙা।
**শিরিস** — একপ্রকার আঠা।
**শিরীষ** — গাছ বা ফুল বিঃ।
**শিরোধার্য** — মস্তকে ধারণীয়, অতিশয়-মান্য, অবশ্যপালনীয় ('আজ্ঞা — করা')
**শিরোনাম** (শিরনামা দেখ)
**শিরোপা** ] সম্মান বা পুরস্কার স্বরূপ প্রদত্ত পাগড়ি।
**শিরোভাগ** — মস্তকদেশ। অগ্রভাগ।
**শিরোমণি, -রত্ন** — মাথার মণি। শ্রেষ্ঠ পণ্ডিতের উপাধি বিঃ।
**শিরোরুহ** — মস্তকের কেশ।
**শিল** ] < শিলা, হিমশিলা, করকা, ('— পড়া')। মসলা ইঃ বাটিবার শিলাপট্ট ('-নোড়া')। শান দিবার পাথর।
**শিল** — উঞ্ছবৃত্তি।
**শিলা** — পাষাণ, পাথর। শিল, করকা, ('-বৃষ্টি')। ( ≠ শৈল)। ... **শিলাজতু** — পর্বতে প্রাপ্য কৃষ্ণবর্ণ মোমতুল্য শিলীভূত জান্তব পদার্থ বিঃ ( ঔষধ )। ... **শিলাপট্ট** — পাথরের পাটা। বাটিবার শিল। ... **শিলাবৃষ্টি** — করকাপাত। **শিলালিপি** — প্রস্তরে ক্ষোদিত লিপি।
**শিলারস** [ < শিহ্ন- ] বৃক্ষ বিঃর সুগন্ধ নির্যাস, storax.
**শিলীন্ধ্র** — ব্যাঙের ছাতা। কদলী বা তজ্জাতীয় বৃক্ষ বিঃ বা তাহার পুষ্প। মৎস্য বিঃ। ... স্ত্রী. **শিলীন্ধ্রী**। -- কেঁচো। মৃত্তিকা।
**শিলীভূত** — শিলায় পরিণত, অশ্মীভূত।
**শিলীমুখ** — (মূঃ যাহার মুখে শিলী অর্থাৎ শল্য আছে) ভ্রমর। বাণ।

**শিল্প** — বস্তুনির্মাণকর্ম, কারুকর্ম, arts and crafts ('বস্ত্র-, গৃহ-')। industry ('শ্রম-')। ... **শিল্পশালা** — কারখানা। ... **শিল্পী** (-ল্পিন্) — কলাদক্ষ ('চিত্র-')। কারিগর।

**শিশ্, শিস্** — মুখে বাঁশীর মতো শব্দ।

**শিশমহল** — কাচের সৌধ।

**শিশা** [ ফা. শীশহ্ ] কাচ।

**শিশি** [ ফা. শীশহ্ ] কাচের ছোট বোতল।

**শিশির** — শীতল বস্তুর স্পর্শে ঘনীভূত বায়ুস্থ বাষ্প, নিশাজল, হিম, dew ('-পাত')। শীত ঋতু। তুষার, frost.

**শিশু১** — অল্পবয়স্ক বালক। (বাং) অত্যল্পবয়স্ক ('-কন্যা। দুগ্ধপোষ্য —। -কাল, -পাঠ্য, -সাহিত্য, -সুলভ')। শাবক ('মৃগ-')। ... ষ্য. **-ত্ব, শৈশব।**

**শিশু২** ] < শিংশপা, গাছ বা কাঠ বিঃ।

**শিশুক, শিশুমার** — শুশুক (দেখ)

**শিশুপাল** — কৃষ্ণ কর্তৃক নিহত চেদি দেশের রাজা বিঃ।

**শিশ্ন** — লিঙ্গ, পুংজননেন্দ্রিয়। ... **শিশ্নোদরপরায়ণ** — কামুক ও পেটুক।

**শিষ, শীষ** [ < শীর্ষ ] শস্যের মঞ্জরী ('যবের —')। শিখা ('প্রদীপের —')

**শিষ্ট** — শান্ত, সুশীল, ভদ্র, শিক্ষিত, নীতিমান্। মার্জিত ('— আচরণ। শব্দের -প্রয়োগ')। (সং) অবশিষ্ট। ... ষ্য. **-তা।** ... **শিষ্টাচার** — ভদ্রব্যবহার। সদাচার। etiquette.

**শিষ্য** — গুরুর নিকট যে শিক্ষা বা দীক্ষা লয়, চেলা, ছাত্র।

**শিস** ] ঠোঁট ও জিব দিয়া বাঁশির তুল্য শব্দ ('— দেওয়া')

**শিহরন** ] রোমাঞ্চ। কম্পন। ... ণ. **-রিত** ]

**শিহরিল, শিহরানো** [ √ শিহর্-৫, √ শিহরা-১১। কেবল সাধু প্রয়োগে ], **শিউরনো** [ √ শিউরা-১৮। কেবল চলিত প্রয়োগে ] রোমাঞ্চিত বা কম্পিত হওয়া ('ভয়ে, শীতে —। শিহরিয়া, শিহরাইয়া উঠিল। শিউরে উঠল। গা শিউরনো')

**শিহালা** — শেওলা, শৈবালে। (প্রা-সা)

**শীকর** — বায়ুচালিত জলকণা। জলবিন্দু।

**শীঘ্র** — সত্বর, ক্ষিপ্র, দ্রুত, অবিলম্বে ('— করা, এস। -কারী, -গামী')। ... ষ্য. **-তা।**

**শীত** — ষ্য. হিমঋতু (-কাল')। **শীতলতা** ('—ধরা, পড়া, লাগা')। শৈত্যবোধ ('— করা')। ... ণ. শীতল, ঠাণ্ডা ('-বায়ু-')। (§ শৈত্য)। ... **শীতপ্রধান** — অধিক শীত বিশিষ্ট; যেখানে শীত অধিকদিন স্থায়ী।

**শীতল** — ঠাণ্ডা ('— জল, সমীরণ')। শান্ত, দুঃখরহিত, তৃপ্ত ('মনঃপ্রাণ — হওয়া')। (বাং) দেবতার সায়ংকালীন ভোগ। ... ষ্য. **-তা।** ... স্ত্রী. **শীতলা।** —বসন্তরোগের দেবী। ... **শীতলপাটি]** মসৃণ মাদুর বিঃ। ... **শীতবস্ত্র** — শীতকালের উপযোগী গরম কাপড়।

**শীতাংশু** — চন্দ্র।

**শীতাতপ** — শীত ও রৌদ্র; শৈত্য ও উত্তাপ।

**শীতার্ত, শীতালু** — শীতে কাতর।

**শীৎকার, শীৎকৃত** — 'শ্' শব্দ। শিহরন।

**শীধু, সীধু** — মধু। ইক্ষুরসজাত মদ্য।

**শীর্ণ** — ক্ষীণ, কৃশ ('-কায়')। ... ষ্য. **-তা।**

**শীর্ষ** — চূড়া, মস্তক ('প্রাসাদ-, বৃক্ষ-। -স্থানীয়')। ... **শীর্ষক** — মস্তক বিশিষ্ট। উপরে লিখিত নাম বিশিষ্ট ('স্ত্রীশিক্ষা- প্রবন্ধ')। ... **শীর্ষকোণ** — ত্রিভুজের ভূমিসংলগ্ন কোণ দুইটি ছাড়া অন্য যে কোণ। ... **শীর্ষস্থানীয়** —

সর্বোচ্চ জ্যেষ্ঠ।

**শীল**—চরিত্র, স্বভাব, প্রবৃত্তি, রীতিনীতি ('কুল-, দুঃ-, সু-')। সাধু চরিত্র বা আচরণ। উপাধি বিঃ।... **-শীল**—প্রবণ, রত, আচরণকারী ('চিন্তা-, কলহ-, পুণ্য-')। ... ষ্য. **-তা**।... স্ত্রী. **-শীলা**।

**শীলন**—অভ্যাস, অনুশীলন, আলোচনা। ... ণ. **শীলিত**।

**শীলভদ্র** — নালন্দার মহাপ্রাজ্ঞ অধ্যক্ষ।

**শীলাদিত্য** — মহারাজ চক্রবর্তী হর্ষ-বর্ধনের রাজকীয় উপাধি।

**শীষ** (শিষ দেখ)

**শুক** — টিয়া পাখি। (সারী দেখ)। ... **শুকনাস** — যাহার নাক টিয়ার ঠোঁটের তুল্য।

**শুক্‌টী** — (অনাদরে) অতিরিক্ত শীর্ণ-কায়া।

**শুকতারা**] শুক্রগ্রহ, Venus (সূর্যোদয়ের পূর্বে পূর্বাকাশে অথবা সূর্যাস্তের পর পশ্চিমাকাশে দেখা যায়)

**শুকদেব** — ব্যাসদেবের ব্রহ্মচারী পুত্র।

**শুকনা, শুকানো** (শুখনা, শুখানো দেখ)

**শকুনী**]—গৃধিনী। লক্ষ্যার্থে কুৎসিতা, শীর্ণকায়া নারী।

**শুক্ত** — ণ. পর্যুষিত, বিকৃত। ... ষ্য. সিরকা।

**শুক্তা, সু- / শুক্তো, শুক্তানি, সু-** [< শুষ্কপত্র] (শুকুতা, সু- অপ্রঃ) তিক্ত ব্যঞ্জন বিঃ।

**শুক্তি, শুক্তিকা** — ঝিনুক, oyster.

**শুক্র** — গ্রহ বিঃ, শুকতারা (দেখ)। সপ্তাহের বার বিঃ। দৈত্যগুরু **শুক্রাচার্য**, ভার্গব। রেতঃ, বীর্য।

**শুক্ল** — সাদা, ধবল, শুভ্র, শ্বেত, সিত। ... ষ্য. -তা, -ত্ব, **শৌক্ল্য**। ... **শুক্লপক্ষ**—যে পনর দিন চন্দ্রকলার বৃদ্ধি হয়, অমাবস্যার পরবর্তী প্রতিপদ্ হইতে পূর্ণিমা পর্যন্ত।

**শুক্লিমা** (মন্) — শ্বেতত্ব।

**শুখতা, -তি**] শুখাইবার ফলে পণ্যদ্রব্যের যে ওজন কমে।

**শুখনা, শুকনা / -নো**] শুষ্ক (দেখ)

**শুখা / শুখো**] ণ. < শুষ্ক। যাহাতে মাহিনার অতিরিক্ত খোরাক-পোশাক নাই ('— মাহিনার চাকর')। ... ষ্য. বৃষ্টির অভাব ('হাজা-')

**শুঁখা, শুঁখানো** (শোঁখা দেখ)

**শুখানো/শুখনো, -ক-** [√শুখা, শুকা -১৪। <শুষ্] শুষ্ক করা বা হওয়া ('চুল, জল —')। শীর্ণ হওয়া, উপবাস করা ('না খেয়ে —')।... ণ. শুষ্কীকৃত।

**শুঙ্গ, শুঙ্গা** — শুঁয়া (দেখ)

**শুচি** — পবিত্র, শুদ্ধ, নির্মল, নির্দোষ। শুভ্র।... ষ্য. -তা, **শৌচ**। ... **শুচিবায়ু** —**শুচিবাই**] "ছুঁচিবাই", শুচিতারক্ষার বাতিক, মনোরোগ বিঃ। ... **শুচিস্মিত** — বিমলহাস্যযুক্ত। ... স্ত্রী. **-তা**।

**শুঝা** — সমঝা, বোধগম্য হওয়া।

**শুজনী** — বিছানায় পাতিবার মোটা চাদর।

**শুঁটকা / -কো** [< শুষ্ক-বৃত্ত] শুষ্ক ও শীর্ণ। ... **শুঁটকী**] শুষ্কীকৃত ('— মাছ')

**শুঁটি**] লম্বা বীজকোষ, শিম্ব, pod ('মটর-')

**শুঁঠ**] < শুণ্ঠি, শুষ্ক আদা।

**শুঁড়**] < শুণ্ড ('হাতির —')

**শুঁড়ী** [< শুণ্ডী] শৌণ্ডিক, মদ্য-বিক্রেতা। জাতি বিঃ।

**শুণ্ঠি, -ণ্ঠী** — শুঁঠ, শুষ্ক আদা।

**শুণ্ড** — শুঁড়, trunk, proboscis ('হস্তীর, মক্ষিকার —')। ... **শুণ্ডী**

(-ণ্ডিন্) — হস্তী। শুঁড়ী। (§ শৌণ্ডিক)

**শুণ্ডিকা** — আলজিভ।

**শুদ্ধ ১** — পবিত্র, শুচি, নির্দোষ ('—বস্ত্র, চরিত্র। শুদ্ধাচার')। অমিশ্রিত, খাঁটী। শুধু, কেবল ('— ফল খাইয়া থাকা')। নির্ভুল ('— ভাষা')। ... ষ্য. **-তা, -ত্ব, শুদ্ধি**। ... **শুদ্ধান্ত** — অন্তঃপুর।

**শুদ্ধ ২** — সমেত, সায় (ঢাকীশুদ্ধ)

**শুদ্ধি** — পবিত্রতা, নির্মলতা। ভ্রমশূন্যতা। শোধন। ধর্মচ্যুত বা অস্পৃশ্য জাতির উদ্ধার। ... **শুদ্ধিপত্র** — যে পত্রে পুস্তকের ভ্রম সংশোধন করা হয়।

**শুদ্ধোদন** — বুদ্ধদেবের পিতা।

**শুধরানো / শুধরনো, শোধরানো** [ √ শুধ্রা-১৯। < শুধ্- ] সংশোধন করা ('ভুল, চরিত্র —')। সংশোধিত হওয়া; আরোগ্যলাভ করা ('সে অনেকটা শুধরেছে')

**শুধা ১** (শোধা দেখ)

**শুধা ২, সুধা** [ √ শুধ্, সুধ্-১০। পদ্যে ] জিজ্ঞাসা করা। ... **শুধানো, সু-/ শুধনো, সু-** [ √ শুধা, সুধা-১৪ ] জিজ্ঞাসা করা (পদ্যে অথবা গ্রাম্যপ্রয়োগে ]

**শুধু** ] < শুদ্ধ, কেবল ('—একটু জল খাব')। শূন্য, রিক্ত ('-হাত') ... **শুধু শুধু** ] অকারণে, বৃথা ('— রাগ করা, টাকা নষ্ট')

**শুন, শুনক, শুনি** — কুক্কুর। ... স্ত্রী. **শুনী, -নি**।

**শুনা, শুনানো** (শোনা দেখ)

**শুনানি** ] বিচারক কর্তৃক বাদী-প্রতিবাদীর বক্তব্য শ্রবণ।

**শুবা** [ আ. শুবহা ] সন্দেহ।

**শুভ** — ষ্য. মঙ্গল, কল্যাণ ('-কর, -দ -দায়ক')। ... ণ. মঙ্গলজনক; মঙ্গলসূচক ('-ক্ষণ, -বিবাহ। শুভাশীর্বাদ')। ... **শুভদৃষ্টি** — বিবাহকালে বরকন্যার পরস্পরকে দর্শন।

**শুভংকর, শুভঙ্কর** — মঙ্গলজনক। শুভংকর উপাধিধারী গণিতজ্ঞ ভৃগুরাম দাস। ... **শুভংকরী** — শুভংকর দাসের রচিত পাটীগণিতের পুস্তিকা। মঙ্গলদায়িনী।

**শুভাকাঙ্ক্ষী** (-ঙ্ক্ষিন্), **শুভানুধ্যায়ী** (-য়িন্), **শুভার্থী** (-র্থিন্) — মঙ্গলাভিলাষী, হিতৈষী। ... ষ্য. **শুভাকাঙ্ক্ষা, শুভানুধ্যান**।

**শুভাশুভ** — মঙ্গল-অমঙ্গল, ভালমন্দ।

**শুভ্র** — সাদা, ধবল, শুক্ল, শ্বেত, সিত। ... ষ্য. **-তা, -ত্ব**।

**শুম্ভ** — চণ্ডী কর্তৃক নিহত অসুর বিঃ।

**শুমার** (ফা) — গণনা। ... **শুমারনবীশ** হিসাবরক্ষক।

**শুয়া** — শুকপক্ষী।

**শুঁয়া / শুঁয়ো** ] < শুঙ্গ, শূক, রোমের তুল্য সূক্ষ্ম অঙ্গ ('যবশিষের, বিছুটির —')

**শুঁয়াপোকা / শুঁয়ো-** ] শূককীট, কৃমিদশাপ্রাপ্ত লোমশ অপূর্ণ পতঙ্গ বিঃ, caterpillar.

**শুয়ার, শুওর, শুয়োর** ] < শূকর। গালি বিঃ।

**শুরু** [ আ ] (পুঃ সুরু) আরম্ভ ('কাজ— করা। —থেকে')

**শুরুয়া** [ ফা. শোরবা ] (পুঃ সুরুয়া) মাংস ইঃর ক্বাথ।

**শুলফা / শুলফো** [ <শতপুষ্পা ] সুগন্ধ শাক বিঃ বা তাহার ফল (মৌরি-জাতীয়), dill.

**শুল্ক** — কর, মাশুল, tax, duty.

**শুশুক** ] < শিশুক, শিশুমার, মৎস্যাকার

স্তন্যপায়ী জলজন্তু বিঃ, porpoise বা dolphin.

**শুশ্রূষা** — সেবা ('রোগীর —')। শ্রবণেচ্ছা। ... **শুশ্রূষু** — সেবা করিতে বা শুনিতে ইচ্ছুক।

**শুষা** (শোষা দেখ)

**শুষির, সুষির** — যে বাদ্যযন্ত্র ফুঁ দিয়া বাজাইতে হয়, wind-instrument. সচ্ছিদ্র। ঝাঁজরা।

**শুষ্ক** — শুখনা, নীরস ('—তরু, তর্ক')। ক্লান্ত; বিরস, বিষণ্ণ ('-মুখ')

**শূক** — শস্যাদির সূক্ষ্ম অগ্রভাগ, শুঁয়া, awn, beard. কৃমিদশাপ্রাপ্ত অপূর্ণ পতঙ্গাদি, larva. ... **শূককীট** — শুঁয়াপোকা। ... **শূকধান্য** — শুঁয়াযুক্ত শস্য (যথা—যব, গম) ... **শূকনাস** — শূকের ঠোঁটের মতো নাসা যাহার।

**শূকর** — শূয়ার, বরাহ। (§ শৌকর, শৌকর্য)। ... স্ত্রী. **শূকরী।**

**শূদ্র** — চতুর্বর্ণের চতুর্থ। ... স্ত্রী. **শূদ্রা।** ... **শূদ্রাণী, শূদ্রী** — শূদ্রের পত্নী।

**শূদ্রক** — সংস্কৃত মৃচ্ছকটিক নাটকের রচয়িতা।

**শূন্য** — ষ্য. o চিহ্ন, zero. অনস্তিত্ব। আকাশ ('-পথ, -মার্গ')। ... ণ. রিক্ত, রহিত, বিহীন ('জন-, অর্থ-')। যাহাতে কিছু নাই, খালি ('— কুম্ভ, গৃহ। -গর্ভ') ... **শূন্যগর্ভ** — ফাঁপা, অসার। ... **শূন্যদৃষ্টি** — লক্ষ্যহীন বা উদাস দৃষ্টি। ... **শূন্যবাদ** — বেদান্তের ব্রহ্মের বদলে শূন্যকেই যে মতবাদে উৎপত্তি ও বিলয়ের নিদান ধরা হয়। বৌদ্ধদের মতবাদ।

**শূর** — বীর, বলবান্। বসুদেবের পিতা। (§ শৌরি, শৌর্য)

**শূরসেন** — মথুরা।

**শূর্প, সূ-** — কুলা। (ছোট — শূর্পী, সূ-)। ... **শূর্পণখা, সূ-** — রাবণ-ভগিনী, লক্ষ্মণ যাহার নাক কাটিয়াছিলেন।

**শূল** — সূক্ষ্মাগ্র অস্ত্র বিঃ, pike. ('শূলে দেওয়া' — বধের জন্য শূলে বসানো)। ত্রিশূল। শলাকা, সিক, spit. ব্যথা, ('দন্ত-')। পেটের ব্যথা। ... **শূলপাণি, শূলী** (-লিন্ — শিব। ... **শূলানো / শূলনো** [√ শূলা-১৪] ব্যথা করা, কটকট করা। ... ষ্য. **শূলানি / শূলনি**]। ... **শূল্য** — শলাকাপক্ক ('-মাংস' — সিককাবাব)

**শৃগাল** — কুকুর-জাতীয় শ্বাপদ পশু বিঃ, শিয়াল, গোমায়ু, জম্বুক, ফেরু। ... স্ত্রী. **শৃগালী।**

**শৃঙ্খল, -লা** — শিকল, জিঞ্জির, নিগড়। ... **শৃঙ্খলা, -ল** — নিয়ম, ধারা, sequence, সুব্যবস্থা ('সুশৃঙ্খল')। ... **শৃঙ্খলিত** — শৃঙ্খলে আবদ্ধ। সুব্যবস্থা।

**শৃঙ্গ** — শিং, বিষাণ। শিঙ্গা। শিখর,

**শৃঙ্গেরি** — শৃঙ্গগিরি দক্ষিণাপথে অবস্থিত। এখানে শঙ্করাচার্যের দাক্ষিণাত্য মঠ বিদ্যমান।

**শৃঙ্গবের** — আদা। রামায়ণোক্ত নিষাদ-রাজ গুহের নগর।

**শৃঙ্গাটক** — পানিফল। শিঙাড়া।

**শৃঙ্গার** — আদিরস (প্রেম কাম সম্বন্ধীয়)। মৈথুন। সিন্দূরচন্দনাদিদ্বারা অঙ্গরাগ ('দেবতার, হস্তীর —')। ... **শৃঙ্গার-বেশ** — দেবমূর্তির সন্ধ্যাকালীন পুষ্পসজ্জা। শিঙার।

**শৃঙ্গী** (-ঙ্গিন্) — শৃঙ্গযুক্ত (জন্তু)। শিঙি মাছ।

**শৃণি** — অঙ্কুশ।

**শেওড়া** [ < শাখোটক ] বন্য বৃক্ষ বিঃ।

**শেওলা** ] < শৈবাল, lichen, moss. জলজ উদ্ভিদ বিঃ, পানা ইঃ।

**শেঁকো** (সেঁকো দেখ)

**শেখ** [ আ. শইখ ] সম্মানসূচক মুসলমান উপাধি বিঃ।

**শেখর** — কিরীট, শিরোমাল্য। চূড়া।

**শেখা** (শিখা বিরল) [ √ শিখ্-৯। < শিক্ষ্ ] শিক্ষা করা, অভ্যাস করা ('লেখাপড়া, সাঁতার, দুর্নীতি —')। ... ণ. শিক্ষিত। ... **শিখানো / শিখনো**, শেখানো [ √ শিখা-১৩] শিক্ষা দেওয়া, অভ্যাস করানো। ... ণ. শিক্ষাপ্রাপ্ত, উপদিষ্ট, ('— কথা। — সাক্ষী')

**শেজ ১** ] < শয্যা। (প্রাঅপ্রঃ)

**শেজ ২** ] কাচাবরিত দীপ, শামাদান।

**শেঠ** ] < শ্রেষ্ঠী, বণিক্। উপাধি বিঃ।

**শেফালী, শেফালি, -লিকা** — শিউলি ফুল বা গাছ (হি. হরশৃংগার)

**শেমিজ** [ ই. chemise ] শাড়ির নীচে পরিধেয় ঘাঘরাযুক্ত জামা।

**শেমুষী** — মনীষা, ধীশক্তি।

**শেয়াকুল** ] কুল-জাতীয় বন্য কাঁটাগাছ বিঃ।

**শেয়াল** (শিয়াল দেখ)

**শের** (ফা) — বাঘ, সিংহ।

**শেরশাহ্** — এই উপাধিধারী পাঠান সম্রাট।

**শেরা** — শ্রেষ্ঠ। শীর্ষস্থানীয়।

**শেল** ] < শল্য, শূল ('শক্তি-')

**শেষ** — ষ্য. অন্ত, অবসান, সমাপ্তি। ('পথের, দিনের, কাজের —। শেষের দিন')। অবশেষ। নাশ। অনন্তনাগ। বলরাম। ... ণ. অন্তের নিকট, অন্তিম, চরম ('— বয়স, কাল, কথা। শেষোক্ত')। সমাপ্ত ('কাজ — করা, হওয়া')। অবশিষ্ট ('-টুকু')। ... **শেষাশেষি** ] শেষকালে, শেষের কাছাকাছি। ... **শেষশায়ী** — বিষ্ণু।

**শৈত্য** — শীতলতা।

**শৈথিল্য** — শিথিলতা, ঢিলার ভাব। অসাবধানতা, অমনোযোগ।

**শৈব** — শিব সম্বন্ধীয়। শিবোপাসক। ... স্ত্রী. **শৈবী**।

**শৈবালিনী** — নদী।

**শৈবাল, শৈবল** — শেওলা।

**শৈব্যা** — হরিশ্চন্দ্রপত্নী।

**শৈল** — ষ্য. পর্বত। ... ণ. শিলা সম্বন্ধীয়। ... **শৈলজ** — পর্বতজাত। ... **শৈলজা** — পার্বতী, উমা। ... **শৈলরাজ** — হিমালয়।

**শৈলাট** — গিরিচারী।

**শৈলেয়** — শৈন্ধব লবণ। শৈলজাত গন্ধৌষধি বিঃ।

**শৈলী** — রীতি, প্রণালী।

**শৈশব** — শিশুত্ব, বাল্য, বাল্যকাল।

**শোক** — ইষ্টবিয়োগজনিত দুঃখ ('পুত্র-। টাকার —। — করা, পাওয়া। শোকাকুল, শোকানল, শোকান্বিত, শোকাবেগ, শোকাবিষ্ট')

**শোঁখা, -কা** (শুঁখা বিরল) [ √ শুঁখ্, শুঁক্-১০। < শিন্ঘ্ ] আঘ্রাণ করা, গন্ধ লওয়া। ... **শুঁখানো / শুঁখনা**, -ক-, **শোঁখানো**, -কা- [√ শুঁখা, শুঁকা -১৪ ] আঘ্রাণ করানো।

**শোচন, শোচনা** — শোক করণ, বিলাপ। অনুতাপ। ... **শোচনীয়, শোচ্য** — শোকের যোগ্য বা বিষয়ীভূত। ... **শোচিত** — শোকপ্রাপ্ত। যাহার জন্য শোক করা হইয়াছে।

**শোকোচ্ছ্বাস** — শোকের আতিশয্যে আবেগ

প্রকাশ। যে কবিতায় তাহা প্রকাশ করা হয়।

**শোণ** — ষ্য. নদ বিঃ, হিরণ্যবাহ (পাটনার নিকট)। রক্ত। লাল রং।...ণ রক্তবর্ণ।

**শোণক** — শোণাল ফুল।

**শোণিত** — রক্ত, রুধির। .. **শোণিতাক্ত** — রক্তমাখা।

**শোণিমা** (-মন্) — রক্তিমা।

**শোথ** — জলসঞ্চার হেতু অঙ্গের স্ফীতি-রোগ, dropsy.

**শোধ** — পরিশোধ ('ঋণ-।—করা, দেওয়া')। প্রতিশোধ ('—তোলা, লওয়া')। **শোধন**। ... **শোধবোধ** ] পরিশোধ ও নিষ্পত্তি।

**শোধক** — শুদ্ধিকারক।

***শোধন*** — *পরিষ্কারণ, সংশোধন* ('জল, রক্ত, চরিত্র —')। পরিশোধ। ... ণ. **শোধিত**। .**শোধনী** — যাহাদ্বারা পরিষ্কার করা হয়। ঝাঁটা। .. **শোধনীয়, শোধ্য** — শোধনযোগ্য। পরিশোধ্য।

**শোধরানো** (শুধরানো দেখ)

**শোধা** (শুধা বিরল) [ √ শুধ-১০। < শুধ্ ] পরিশোধ করা ('ধার —')

**শোনা** (শুনা বিরল) [ √ শুন্-১০। < শ্রু ] শ্রবণ করা ('গান —')। মানা, পালন করা ('গুরুজনের কথা —')। ণ. শ্রুত ('—কথা')। .. **শুনানো** / **শুননো, শোনানো** [ √ শুনা-১৪ ]। শ্রবণ করানো ('গান —')। ভর্ৎসনা করা ('তাকে খুব শুনিয়ে দিয়েছি')

**শোভন** — শোভাযুক্ত, সুন্দর। যাহা ভাল দেখায় বা মানায় becoming. ... স্ত্রী. **শোভনা**।

**শোভনক** — শজিনাগাছ।

**শোভা** — সৌন্দর্য, বাহার, কান্তি। (পদ্যে ক্রি. 'শোভিল' — শোভান্বিত হইল 'শোভা পায় না' — ভাল দেখায় না)

**শোভাঞ্জন** — শজিনাফুল। ... **শোভাযাত্রা** — মিছিল, সমারোহের সহিত বহু-লোকের একসঙ্গে যাত্রা।

**শোভিত** — ভূষিত, শোভাযুক্ত। ... স্ত্রী. **-তা**।

**শোভী** (-ভিন্) — শোভাশালী। .. স্ত্রী **শোভিনী**।

**শোয়া** [ √ শু-৪। < **স্বপ্** ] শয়ন করা। ... **শোয়ানো** [ √ শোয়া-১৫ ] শায়িত করা।

**শোয়াল** ] — শগাল (ব্র-বু)

**শোরগোল** [ ফা. শোর = চিৎকার ] (পুঃ সোর-) কোলাহল, চিৎকার। ... **শোর-শরাবত** — হাঁকডাক।

**শোরা** [ফা.] (পুঃ সোরা) *লবণজাতীয় দ্রব্য* বিঃ nitre (বারুদের উপকরণ)

**শোল** [ < **শকুল** ] মাছ বিঃ।

**শোলা** (সোলা দেখ)

**শোষ** — শুষ্কতা, নীরসতা। **ক্ষয়রোগ**। বাং) নালী-ঘা, sinus. **তৃষ্ণা** (প্রা-সা)। ... **শোষকাগজ** — ব্লটিংপেপার।

**শোষক** — যে শোষণ করে।

**শোষণ** — জল ইঃ আকর্ষণ, absorption. শুষ্কীকরণ। ( § **শুষ্ক**)। .. ণ. **শোষিত**।

**শোষা** (শুষা বিরল) [ √ শুষ্-১০ < শুষ্ ] শোষণ করা।

**শোহরত** [ আ. শুহ্-] ঘোষণা ('ঢোল-')

**শোহা** ] — শোভা (ব্র-বু)

**শোহিনী** [ < **শোভিনী** ] (ব্র-বু) (পুঃ সোহিনী) রাগিণী বিঃ।

**শৌকর** — শূকর **সম্বন্ধীয়**। ... **শৌকর্য** — শূকরত্ব।

**শৌক্ল্য** — শুক্লতা।

**শৌখিন, শৌখীন** [ আ. শৌক-] (পুঃ সৌখিন) যাহার শখ আছে, সুরুচি-

সম্পন্ন, বিলাসী ('—লোক')। যাহাতে শখ মেটে, কমনীয় ('— জিনিস')। ... ষ্য. **-তা** ]

**শৌচ** — শুচিতা। দেহশুদ্ধি। ছোঁচানো।

**শৌণ্ড** — মাতাল। অত্যাসক্ত। বিখ্যাত ('দান')। ... **শৌণ্ডিক** — শুঁড়ি ('শৌণ্ডিকালয়')

**শৌনিক** — কসাই। ব্যাধ।

**শৌরি** — শূরবংশীয়, কৃষ্ণ।

**শৌর্য** — বীর্য, সাহস।

**শ্মশান** — শবদাহস্থান। ... **শ্মশানকালী** — শ্মশানে যে কালীর পূজা হয়। ... **শ্মশানবাসিনী** — শ্যামা। ... **শ্মশান-বৈরাগ্য** — শ্মশানের দৃশ্য দেখিয়া যে সাময়িক ভাবে সংসারে অনাসক্তি।

**শ্মশ্রু** — গোঁফদাড়ি। (বাং) দাড়ি। ... **শ্মশ্রুল** — গোঁফদাড়িযুক্ত।

**শ্যাব** — কৃষ্ণবর্ণ।

**শ্যাম** — ণ. শ্যামল, মেঘবর্ণ ('নবঘন-')। কৃষ্ণবর্ণ। অসিত, ফরসা নয়, dark ('শ্যামাঙ্গ, শ্যামাঙ্গী')। সবুজ ('দূর্বা-দল-')। ... ষ্য. শ্রীকৃষ্ণ।

**শ্যামর** ] — শ্যামল (ব্র-বু)

**শ্যামল** — শ্যামবর্ণবিশিষ্ট। স্ত্রী. **-লা**। ... ষ্য. **শ্যামলতা, -ত্ব, শ্যামলিমা** (-মন্)। ... **শ্যামলী** — কাল গরুর নাম (তুঃ ধবলী)

**শ্যামা ১** — কালী ('-পূজা')। শ্যামাঙ্গী। (সং) যৌবনমধ্যস্থা; তপ্তকাঞ্চনবর্ণা সুখস্পর্শাঙ্গী যুবতী। সুকণ্ঠ পাখি বিঃ। লতা বিঃ, প্রিয়ঙ্গু (হলদে ফুল) ... **শ্যামাপোকা** ] সবুজ পোকা বিঃ, দেওয়ালি-পোকা।

**শ্যামা ২** [ < শ্যামাক ] বন্য ক্ষুদ্র ধান্য বিঃ।

**শ্যামায়মান** — যাহা শ্যাম হইতেছে।

**শ্যালক, শ্যাল** — শালা, পত্নীর ভ্রাতা। ... **শ্যালিকা, শ্যালী, শ্যালকী** — শালী, পত্নীর ভগিনী।

**শ্যেন** — বাজ পাখি। ... **শ্যেনদৃষ্টি** — বাজ পাখীর মতো প্রখর দৃষ্টি।

**শ্রদ্দধান** — শ্রদ্ধান্বিত।

**শ্রদ্ধা** — সসম্মান প্রীতি, ভক্তি ('—করা')। বিশ্বাস, প্রত্যয়, নিষ্ঠা ('শাস্ত্রবাক্যে —')। স্পৃহা, রুচি ('খেতে — হয় না')। ... **শ্রদ্ধাবান্** (-বৎ), **শ্রদ্ধালু** — শ্রদ্ধান্বিত। ... **শ্রদ্ধাভাজন, শ্রদ্ধাস্পদ** — শ্রদ্ধার পাত্র। (পত্রের আরম্ভে পং বা স্ত্রী — -ভাজনেষু, -স্পদেষু)। ...

**শ্রদ্ধেয়** — শ্রদ্ধার যোগ্য, মাননীয়।

**শ্রবণ** — শোনা, আকর্ণন ('— করা। শ্রবণেন্দ্রিয়')। কর্ণ ('-পথ, -গোচর')। ... **শ্রবণবিবর** — কর্ণকুহর। ( ঽ শ্রাবক, শ্রাবণ, শ্রাবিত, শ্রুত, শ্রুতি, শ্রোতা)। ... **শ্রবণীয়, শ্রব্য, শ্রাব্য** — শ্রোতব্য, শুনিবার যোগ্য। যাহা শুনিতে পারা যায়, audible. ... **শ্রব্যকাব্য** — যে কাব্য শুনিয়া উপভোগ করা হয় (দৃশ্যকাব্য-নাটক)।

**শ্রবণা** — নক্ষত্র বিঃ।

**শ্রম** — মেহনত, পরিশ্রম ('-নাশক, সাধ্য, -হারক')। ( ঽ শ্রমী, শ্রান্ত)। ... **শ্রম-কাতর** — অলস। ... **শ্রমজীবী** (-বিন্) — শ্রমদ্বারা যে জীবিকানির্বাহ করে, শ্রমিক; মজুর। ... **শ্রমবারি** — ঘর্ম। **শ্রমবিভাগ** — অনেকের মধ্যে কর্ম-বিশেষকে বিভক্ত করিয়া দেওয়া। ... **শ্রমবিমুখ** — খাটিতে নারাজ। ... **শ্রমসহিষ্ণু** — শ্রমস্বীকারে যে কাতর নয়।

**শ্রমণ** — বৌদ্ধ সন্ন্যাসী। ... স্ত্রী. **-ণা**।

**শ্রমিক** — শ্রমজীবী। . **শ্রমী** (-মিন্)

— শ্রমশীল, পরিশ্রমী।

**শ্রয়, শ্রয়ণ** — আশ্রয়, অবলম্বন। (§ শ্রিত)

**শ্রাদ্ধ** — মৃত আত্মীয়ের উদ্দেশে শ্রদ্ধাপূর্বক যথাবিধি পিণ্ডদান উপাসনা ইঃ কার্য ('—করা')। (ব্যঙ্গে) অপচয় ('টাকার —'); নির্যাতন ('অমুকের — করা'); (অশিঃ)। বিশৃঙ্খল কাণ্ড ('—গড়ানো')। ... **শ্রাদ্ধশান্তি** — শ্রাদ্ধ এবং তদন্তে শ্রাদ্ধকারীর শান্তির নিমিত্ত ক্রিয়া বিঃ।

**শ্রাদ্ধিক, শ্রাদ্ধীয়** — শ্রাদ্ধ সম্বন্ধীয়।

**শ্রান্ত** — শ্রমহেতু ক্লান্ত। মন্দীভূত ('-গতি')। নিবৃত্ত। ... **শ্রান্তি** — শ্রমের জন্য ক্লান্তি। বিশ্রাম, বিরাম।

**শ্রাবক** — শ্রোতা। শিষ্য। বুদ্ধোপাসক। গৃহস্থ।

**শ্রাবণ** — ষ্য. বাংলা সনের চতুর্থ মাস। ... ণ. শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য, auditory, কর্ণ সম্বন্ধীয়। ... **শ্রাবনে, "শ্রাবুনে"**] শ্রাবণ মাস-জাত বা সম্বন্ধীয়।

**শ্রাবস্তী** — উত্তরকোশলের নগরী বিঃ, আধুনিক সাহেত-মাহেত (গণ্ডা জেলায়)। ধর্মপত্তন নামে বৌদ্ধতীর্থ।

**শ্রাবিত** — যাহা শোনানো হইয়াছে।

**শ্রাব্য** — শ্রবণীয় (দেখ)

**শ্রিত** — আশ্রিত, অবলম্বিত।

**শ্রী—লক্ষ্মী**। সম্পত্তি, সৌভাগ্য ('-বৃদ্ধি')। শোভা, লাবণ্য ('মুখের —। ছেলেটি শ্রীমান্। বিশ্রী')। (সংগীতে) রাগ বিঃ। ... **শ্রী, শ্রীমান্** (-মৎ), **শ্রীযুক্ত, শ্রীযুত, শ্রীল** — নামের পূর্বে যোজনীয় সৌভাগ্য আদর বা সম্মান সূচক উপাধি। (বাংলা প্রয়োগে। — দেবতা দেবতুল্য ব্যক্তি বা পবিত্র বস্তুর উল্লেখে — শ্রী। 'শ্রীশ্রীদুর্গা, শ্রীগুরু, -অঙ্গ, -মুখ'। জীবিত ব্যক্তির নামে — শ্রী; সম্মানে শ্রীযুক্ত, শ্রীযুত; অধিক সম্মানে — শ্রীল; স্নেহে — শ্রীমান্। নারীর নামে — শ্রীমতী; সম্মানে শ্রীযুক্তা। সন্ন্যাসী দেবতা ইঃর নামে শ্রীমৎ-। 'শ্রীমচ্ছংকরাচার্য, শ্রীমদ্ভগবদ্গীতা')

**শ্রীকণ্ঠ** — শিব। কবিভবভূতির উপাধি।

**শ্রীকান্ত** — বিষ্ণু।

**শ্রীক্ষেত্র** — জগন্নাথক্ষেত্র, পুরী।

**শ্রীখণ্ড** — চন্দনকাষ্ঠ। বৈষ্ণবতীর্থ বিঃ।

**শ্রীঘর**] জেলখানা (ব্যঙ্গে)

**শ্রীচরণকমলেষু, -চরণেষু** — পূজ্যব্যক্তিকে লেখ্য পত্রের আরম্ভে।

**শ্রীদাম** [ < -মা (-মন্] কৃষ্ণের সখা বিঃ।

**শ্রীধর, -নাথ, -নিবাস** — বিষ্ণু।

**শ্রীপঞ্চমী** — মাঘ-শুক্ল-পঞ্চমী (সরস্বতী-পূজা)

**শ্রীপতি** — বিষ্ণু।

**শ্রীফল** — বেল।

**শ্রীবৎস**—পুরাণোক্ত রাজা বিঃ (শনি কর্তৃক উৎপীড়িত)। বিষ্ণু। বিষ্ণুর বক্ষস্থ রোমাবর্ত ('লাঞ্ছন')

**শ্রীবিজয়** — সুমাত্রাদ্বীপের প্রাচীন হিন্দু-রাজ্য।

**শ্রীবৃদ্ধি** — সৌভাগ্য- বা ঐশ্বর্য-বৃদ্ধি। উন্নতি।

**শ্রীভ্রষ্ট** — যাহার কান্তি বা সৌভাগ্য নষ্ট হইয়াছে।

**শ্রীমন্ত**] শ্রীমান্, কান্তি-বা সৌভাগ্য-যুক্ত। কবিকঙ্কণচণ্ডীর নায়ক বিঃ। ধন-পতিসদাগরের পুত্র।

**শ্রীমান্** (-মৎ), **শ্রীযুক্ত, শ্রীযুত, শ্রীল** (শ্রী দেখ)। ... স্ত্রী. **শ্রীমতী, -যুক্তা, -যুতা, -লা**। ... **শ্রীমতী** — রাধিকা।

**শ্রীশ** — বিষ্ণু।

**শ্রীহীন** — কান্তি- শোভা- বা সৌভাগ্য-হীন।

**শ্রুত** — যাহা শোনা হইয়াছে। ... **শ্রুত-**

**কীর্তি** — খ্যাতযশা। শত্রুঘ্নপত্নী।

**শ্রুতি** — শ্রবণ; কর্ণ ('-কটু, -গোচর, -পথ, -মধুর')। লোকপরম্পরাগত উক্তি, কিংবদন্তী ('জন-')। বেদ। (সংগীতে) এক স্বর হইতে অন্য স্বরের মধ্যবর্তী সূক্ষ্ম স্বরাংশ। (§ শ্রোতব্য, শ্রোতা, শ্রোত্র, শ্রোত্রিয়, শ্রৌত)। ... **শ্রুতিকটু** —শুনিতে কঠোর। ... **শ্রুতিগোচর** — শ্রুত। যাহা শোনা হইয়াছে। ... **শ্রুতি-ধর** — কোনও বাক্য শুনিবামাত্র যে স্মরণে রাখিতে পারে।

**শ্রুতিপথ** — কর্ণ। ... **শ্রুতিসুখকর** — সুমিষ্ট।

**শ্রূয়মাণ** — যাহা শোনা হইতেছে।

**শ্রেঢ়ী** — কোন একটি নির্দিষ্ট নিয়মের ব্যবধানে সংখ্যা বিঃ।

**শ্রেণী, -ণি** — পঙ্‌ক্তি, সারি ('-বদ্ধ। বৃক্ষ-')। দল। জাতি, সমধর্মবিশিষ্ট বস্তু বা ব্যক্তি সমূহ ('-বিভাগ। উচ্চ-. তৃতীয়-')

**শ্রেয়** [ < শ্রেয়ঃ ( -য়স্ ] ষ্য. শুভ, হিত, ধর্ম ('শ্রেয়স্কর')। ... ণ. হিতকর, প্রশস্ত। ... স্ত্রী. **শ্রেয়সী**।

**শ্রেষ্ঠ** — সর্বপ্রধান, উৎকৃষ্ট, উত্তম। ... ষ্য. **-তা, -ত্ব**।

**শ্রেষ্ঠী** (-ষ্ঠিন্) — বণিক্, শেঠ।

**শ্রোণী, -ণি** — নিতম্ব।

**শ্রোতব্য** — শুনিবার যোগ্য।

**শ্রোতা** (-তৃ) — যে শোনে। ('শ্রোতৃবর্গ, শ্রোতৃমণ্ডলী' — audience )

**শ্রোত্র** — কর্ণ। শ্রুতি, বেদ।

**শ্রোত্রিয়** — বেদজ্ঞ ব্রাহ্মণ। ব্রাহ্মণের শ্রেণী বিঃ।

**শ্রৌত** — বেদবিহিত।

**শ্লক্ষ্ণ** — পিছল।

**শ্লথ** — ঢিলা, আলগা, শিথিল।

**শ্লাঘা** — প্রশংসা। আত্মগৌরব। ... **শ্লাঘনীয়, শ্লাঘ্য** — প্রশংসনীয়। বাঞ্ছনীয়।

**শ্লিষ্ট** — সংযুক্ত। আলিঙ্গিত। শ্লেষ-যুক্ত। ব্যঙ্গার্থযুক্ত।

**শ্লীপদ** — গোদ, elephantiasis.

**শ্লীল** (=শ্রীল) — শিষ্ট, ভদ্র। ... ষ্য. **-তা**।

**শ্লেষ** — সংযোগ, আলিঙ্গন। শব্দালংকার বিঃ, এক শব্দের নানা অর্থে প্রয়োগ, pun. (বাং) নিন্দাসূচক ব্যঙ্গোক্তি। (§ শ্লিষ্ট)

**শ্লেষ্মা** (-ষ্মন্) — কফ, phlegm. শিকনি, গয়ের, mucus. ... ণ. **শ্লৈষ্মিক**।

**শ্লোক** — পদ্য, verse, stanza. সংস্কৃত পদ্য। কীর্তি ('পুণ্য-')

**শ্ব** (শ্বস্) — আগামী দিনে ('পরশ্ব')

**শ্ববৃত্তি** — খোশামোদ (শ্বন্ = কুকুর)

**শ্বশুর** — স্বামী বা পত্নীর পিতা, অথবা তৎস্থানীয় ('-বাড়ী। শ্বশুরালয়। মামা-')

**শ্বশ্রূ** — শাশুড়ী।

**শ্বসন** — শ্বাস গ্রহণ ও ত্যাগ। ... ণ. **শ্বসিত**। ... **শ্বসমান** — যে শ্বাস লইতেছে ও ফেলিতেছে।

**শ্বাপদ** — (মূঃ কুকুরের তুল্য পদ বিশিষ্ট) শিকারী বা মাংসাশী পশু।

**শ্বাস**—নিঃশ্বাস-প্রশ্বাস ('-ক্রিয়া, -রোধ')। হাঁপানি রোগ। মৃত্যুর পূর্বের শ্বাস ('রোগীর — ওঠা। কণ্ঠ-')। ... **শ্বাস-নালী** — যে নালী দিয়া নাসিকা হইতে ফুসফুসে বায়ু চলে, wind-pipe.

**শ্বিত্র** — ধবল রোগ।

**শ্বেত** — সাদা, ধবল, শুভ্র, শুক্ল, সিত।

... **শ্বেতদ্বীপ** — পুরাণোক্ত দ্বীপ বিঃ। (ব্যঙ্গে) বিলাত, ইংল্যান্ড। ... **শ্বেতসার** — পালো, starch.

**শৈবত্য** — শুক্লতা।

## ষ

**ষট্** (ষষ্) — ছয়, ৬ অঙ্ক বা পরিমাণ। ... **ষট্ক** — সনেটের শেষ ছয় চরণ (ষড়ক বা যষ্ঠক প্রান্ত প্রয়োগ)। ... **ষট্কর্ম** (-র্মন্) — ব্রাহ্মণের কৃত্য ছয় কর্ম, যজন যাজন অধ্যয়ন অধ্যাপন দান প্রতিগ্রহ। ... **ষট্কর্মা** (-মন্) - যে তাহা করে। ... **ষট্চক্র** — যোগশাস্ত্রোক্ত দেহমধ্যস্থ ছয় চক্র, মূলাধার স্বাধিষ্ঠান মণিপুরক অনাহত বিশুদ্ধ আজ্ঞা। ... **ষট্পদ** — যাহার ছয় পা আছে। ভ্রমর। ... **ষট্পদী** — ছয় পদবিশিষ্ট কবিতা।

**ষড়্** ] — গুপ্ত পরামর্শ, চক্রান্ত।

**ষড়ঙ্গ** — ষ্য. দুই বাহু দুই পদ মস্তক ও কটি। ছয় বেদাঙ্গ শিক্ষা, কল্প, ব্যাকরণ, ছন্দঃ, জ্যোতিষ, নিরুক্ত। ... ণ. ছয় অঙ্গ বিশিষ্ট।

**ষড়ঙ্গক** — চিত্রাঙ্কনের ছয়টি অঙ্গ — রূপভেদ প্রমাণ, ভাব, লাবণ্য যোজন, সাদৃশ্য, বর্ণিকাভঙ্গ।

**ষড়্যন্ত্র** [ < ষড়্-] চক্রান্ত, বিরুদ্ধাচরণের জন্য গুপ্ত মন্ত্রণা। (ষড়যন্ত্র নয়)।

**ষড়ানন** — কার্তিকেয়।

**ষড়্ঋতু** — গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্ত শীত বসন্ত।

**ষড়ৈশ্বর্য** — প্রভুত্ব পরাক্রম যশ সম্পদ জ্ঞান বৈরাগ্য।

**ষড়্জ** — স্বরগ্রামের প্রথম স্বর, 'সা'।

**ষড়্দর্শন** — সাংখ্য পাতঞ্জল পূর্বমীমাংসা বেদান্ত (বা উত্তরমীমাংসা) বৈশেষিক ন্যায়।

**ষড়্ধা** — ছয় ভাগে প্রকারে বা দিকে; ছয় বার।

**ষড়্বিধ** — ছয়প্রকার।

**ষড়্ভুজ** — জ্যামিতিতে ছয় বাহু বিশিষ্ট ক্ষেত্র। শ্রীচৈতন্যের প্রদর্শিত মূর্তি বিঃ।

**ষড়্রস** — কটু তিক্ত কষায় লবণ অম্ল মধুর।

**ষড়্রিপু** (রিপু দেখ)

**ষণ্ড** — ষাঁড়, বৃষ, ঋষভ। নপুংসক। ... "ষণ্ডা" ] বলিষ্ঠ। ... **ষণ্ডামর্ক** — ষণ্ড ও অমর্ক, শুক্রাচার্যের দুই পুত্র প্রহ্লাদের গুরু। (ব্যঙ্গে) বলিষ্ঠ ও গোঁয়ার।

**ষণ্ট** — নপুংসক।

**ষণ্ণবতি** — ছিয়া নব্বই, ৯৬।

**ষণ্মাস** — ছয় মাস।

**ষত্ব** — ব্যাকরণে বানানে ষ-ব্যবহার।

**ষষ্টি** — ষাট, ৬০ অঙ্ক বা পরিমাণ। ... **ষষ্টিতম** — ৬০ সংখ্যার পূরক।

**ষষ্ঠ** — ৬ সংখ্যার পূরক। ... স্ত্রী. **ষষ্ঠী**। — তিথি বিঃ। দেবী বিঃ, সন্তানের রক্ষিত্রী, ষণ্মাতৃকা বা কৃত্তিকা। ... **ষষ্ঠাংশ** — ছয় ভাগের এক ভাগ, রাজকর, রাজস্ব (প্রাচীন ভারতে)।

**ষষ্ঠীতৎপুরুষ** — সমাস বিঃ — যে তৎপুরুষ সমাসে পূর্বপদের ষষ্ঠী বিভক্তির লোপ পায়। ...

**ষষ্ঠীতলা** — পল্লীগ্রামে যে অশ্বত্থ বা বটবৃক্ষ তলে ষষ্ঠীদেবীর পূজা হয়।

**ষষ্ঠীবাটা** [ < -ব্রত ] জামাইষষ্ঠীর তত্ত্ব।

**ষষ্ঠীবিভক্তি** — র, এর ইত্যাদি।

**ষাট ১** ] < ষষ্টি, ৬০ অঙ্ক বা পরিমাণ।

**ষাট ২, ষাঠ** ] < ষষ্ঠীদেবী। (**'ষাট ষাট'**—

অমঙ্গল বারণার্থ ষষ্ঠীদেবীর নাম উচ্চারণ)

**ষাঁড়** ] < ষণ্ড, বৃষ।

**ষাণ্মাতুর** — কৃত্তিকাদি ছয় মাতার সন্তান। কার্তিক।

**ষাণ্মাসিক**—যাহা ছয় মাস অন্তর ঘটে বা প্রকাশিত হয়; ছয় মাসে সাধ্য।

**"ষেটের কোলে"** ] ষষ্ঠীর অনুগ্রহে (সন্তান উল্লেখে)

**ষেটেরা** ] শিশুর জন্মের পর ষষ্ঠ রাত্রিতে করণীয় পূজা বিঃ।

**ষোড়শ** (-শন্) — ষোল, ১৬ অঙ্ক বা পরিমাণ। শ্রাদ্ধে ১৬ প্রকার দান সামগ্রী। ১৬ সংখ্যার পূরক। ... স্ত্রী. **ষোড়শী**। —**ষোড়শবর্ষীয়া**। দশ মহাবিদ্যার এক। .. **ষোড়শমাতৃকা** — শৌর্যাদি ১৬ জন কল্পিতমাতা। গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, কুলদেবতা, আত্মদেবতা। ... **ষোড়শোপচার** — পূজার ১৬ অঙ্গ, আসন স্বাগত পাদ্য অর্ঘ্য আচমনীয় মধুপর্ক পুনরাচমনীয় স্নান বসন আভরণ গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবেদ্য বন্দন (মতান্তরে কয়েকটি অঙ্গ অন্য-প্রকার)

**ষোল** ] < ষোড়শ, ১৬ অঙ্ক বা পরিমাণ; ... **ষোল আনা** ] পুরাপুরি।

**স-** — সহ, সহিত, যুক্ত ('সজল')। সদৃশ, সমান ('সধর্মা, সগোত্র')

**সই ১** —স্বাক্ষর signature.

**সই ২** ] < সখী। (সহি দেখ)

**সইস, সহিস** [ আ. সাইস ] অশ্বপালক, যে ঘোড়ার সেবা করে।

**সওগাত** [ তু ] উপঢৌকন।

**সওদা** [ ফা ] ক্রয়, খরিদ। বাণিজ্য। পণ্য। ... **সওদাগর** [ ফা ], **সদাগর** ] বণিক্। ... ষ. **-গরি** ] ... ণ. **-গরী** ]

**সওয়া ১**] < সপাদ, সিকি ভাগের সহিত ('সওয়া পাঁচ' — ৫¼)। এক ও সিকি, ১¼ ('— সের')

**সওয়া ২** (সহা দেখ)

**সওয়ায়** [ আ. সিবা. ] ব্যতীত, ছাড়া ('এ —')

**সওয়ার** [ ফা. সবার ] আরোহী ('ঘোড়- —হওয়া')। অশ্বারোহী। ... **সওয়ারি** ] — যানবাহন। ... **সওয়ারী** ] যে চড়িয়াছে, আরোহী।

**সওয়ারি** [ ফা ] পাখী।

**সওয়াল** [ আ. সুআল ] প্রশ্ন, জেরা। .. **সওয়াল জবাব** — প্রশ্নোত্তর।

**সং** (সঙ দেখ)

**সং-** (সম্ দেখ)

**সংকট, সঙ্কট**—ষ্য. বিপদ্ ('সংকটাপন্ন')। বিঘ্ন, মুশকিল ('উভয়-')। **সংকীর্ণ পথ** ('গিরি-')। জনতা। ... ণ. বিপজ্জনক। সংকীর্ণ, অভেদ্য, নিবিড়।

**সংকর, সঙ্কর** — বিভিন্ন বা বিরুদ্ধ পদার্থের মিলনে জাত। বর্ণসংকর। hybrid. ... ষ্য. **-তা, -ত্ব, সাংকর্য**।

**সংকর্ষণ, সঙ্কর্ষণ** — আকর্ষণ। বলরাম।

**সংকলক, সঙ্কলক** — সংকলনকারী. সংকলয়িতা।

**সংকলন, সঙ্কলন** — মিলন। অঙ্কযোগ। সংগ্রহ, compilation. ... ণ. **সংকলিত, সঙ্কলিত**। ... **সংকলয়িতা, সঙ্ক-** (-তৃ) — **সংকলনকারী, সংকলক**।

**সংকল্প, সঙ্কল্প** — মনোরথ, স্থিরীকৃত কর্ম। ধর্মকর্ম করিবার প্রতিজ্ঞা। যে

উদ্দেশ্যে পূজাদি করা হয়। সভা ইঃতে গৃহীত প্রস্তাব, resolution. ... ণ. **সংকল্পিত, সঙ্কল্পিত**। ... **সংকল্প-বিকল্প** — বাসনা ও সংশয়, দ্বৈধ।

**সংকাশ, সঙ্কাশ** — সকাশ, সমীপ। (সমাসের অন্তে) সদৃশ ('জবাকুসুম-')

**সংকীর্ণ, সঙ্কীর্ণ** — অপ্রশস্ত, সংকুচিত ('— পথ, মন')। নানাবস্তুসমন্বিত। সমাকীর্ণ, জনতাপূর্ণ। ... ষ্য. -তা।

**সংকীর্তন, সঙ্কীর্তন** — গুণাদি কথন। দেবতার মহিমা গান। ... ণ. -র্তিত।

**সংকুচিত, সঙ্কুচিত**—হ্রস্বীকৃত, অপ্রসারিত, কোঁচকানো, contracted, মুদ্রিত। কুণ্ঠিত। (§ সংকোচ)

**সংকুল, সঙ্কুল** — সমাকীর্ণ ('বিপৎ-, শ্বাপদ-')। মিশ্রিত। সংকীর্ণ।

**সংকুলান**] যাহাতে কুলায় এমন অবস্থা, পর্যাপ্তি ('দশ টাকায় — হইবে')

**সংকেত, সঙ্কেত** — ইঙ্গিত, ইশারা। চিহ্ন। শব্দের অর্থবোধনশক্তি, অভিধা। নায়ক নায়িকা ইঃর গোপনে মিলনের ব্যবস্থা বা মিলনের নিরূপিত স্থান, tryst. নিয়ম। (§ সাংকেতিক)

**সংকোচ, সঙ্কোচ** — কুণ্ঠা। ... **সংকোচন, সংকোচ, সঙ্কো-** — হ্রস্বীকরণ, সংক্ষেপ, contraction. (§ সংকুচিত)

**সংক্রম** — সংক্রমণ। সেতু।

**সংক্রমণ, সংক্রাম** — সঞ্চরণ, সঞ্চার, এক স্থান হইতে অন্য স্থানে গমন। সংক্রান্তি। রোগাদির সঞ্চার, infection. ... ণ. **সংক্রমিত, সংক্রা-**।

**সংক্রান্ত** — সঞ্চারিত, ব্যাপ্ত। **সম্পৃক্ত**, সম্বন্ধীয়। প্রাপ্ত। প্রবিষ্ট।

**সংক্রান্তি** — সূর্যাদির এক রাশি হইতে অন্য রাশিতে গমন। বাংলা মাসের শেষ দিন।

**সংক্রামক, সংক্রামী** (-মিন্) — সঞ্চারক, ব্যাপক, infectious **('— রোগ')**

**সংক্ষেপ** — অল্পীকরণ, সংকোচন। abridgement, abstract. ... ণ. **সংক্ষিপ্ত**। ... **সংক্ষেপতঃ** (-তস্) — সংক্ষেপে, সংক্ষিপ্তভাবে। ... **সংক্ষেপিত** —যাহার সংক্ষেপ করা হইয়াছে।

**সংক্ষোভ** — আলোড়ন। আকুলতা। ... ণ. **সংক্ষুব্ধ**।

**-সংখ্যক** — সংখ্যা-পরিমিত বা সংখ্যার পূরক ('দশসংখ্যক' — দশটা অথবা দশম)

**সংখ্যা** — গণনা ('— করা')। একত্বাদি, number ('বস্তুর—')। অঙ্ক, figure. বিচার। ... **সংখ্যাগুরু**—যাহারা সংখ্যায় বেশী, majority. ... **সংখ্যাত** — গণিত। বিচারিত। ... **সংখ্যান** — গণনা। ... **সংখ্যাপন** — নির্ধারণ। ... ণ. **সংখ্যাপিত**। ... **সংখ্যালঘু, সংখ্যাল্প** — যাহারা সংখ্যায় কম, minority. ... **সংখ্যেয়** — গণনীয়।

**সংগঠন** [ < সংগ্রথন, সংঘটন ] প্রকৃষ্ট রূপে গঠন, বিভিন্ন অংশের সংযোগ-সাধন, organizing.

**সংগত, সঙ্গত** — ণ. মিলিত। অনুযায়ী ('ধর্ম-')। উপযুক্ত, উচিত ('—প্রস্তাব')। ... ষ্য. গানের সঙ্গে বাজনার মিল।

**সংগতি, সঙ্গতি** — মিলন। সামঞ্জস্য, অবিরোধ। যোগ্যতা। (বাং) সামর্থ্য, অর্থসংস্থান ('-পন্ন, -শালী')

**সংগম, সঙ্গম** — মিলন। সহবাস, সম্ভোগ ('স্ত্রী-')। নদ্যাদির মিলনস্থান ('গঙ্গা-যমুনা-, সাগর-')

**সংগীত, সঙ্গীত** — গান। গান-বাজনা। (সং) নৃত্যগীতবাদ্য, তৌর্যত্রিক।

**সংগৃহীত** — যাহা সংগ্রহ করা হইয়াছে,

আহৃত।

**সংগোপন** — সম্পূর্ণভাবে গোপন। ... ণ. **সংগোপিত।**

**সংগ্রহ** — একত্র করণ, আহরণ, যোগাড়, সঞ্চয়। (§ সংগৃহীত)। ... **সংগ্রহীতা** (-তৃ), **সংগ্রাহক** — সংগ্রহকারী।

**সংগ্রাম** — যুদ্ধ। (§ সাংগ্রামিক)

**সংঘ, সঙ্ঘ** — দল, সমূহ; সমিতি। বৌদ্ধ ভিক্ষুসমাজ। ... **সংঘবদ্ধ** — একজোটে মিলিত।

**সংঘটক, সঙ্ঘটক** — সংঘটনকারী।

**সংঘটন, সঙ্ঘটন** — যোজন, মেলন, একত্র করণ। ঘটানো। ঘটনা। ... ণ. **সংঘটিত, সঙ্ঘটিত।**

**সংঘট্ট, সঙ্ঘট্ট** — সংঘর্ষ। সংঘটন।

**সংঘর্ষ, সঙ্ঘর্ষ, -র্ষণ** — পরস্পর ঘর্ষণ বা আঘাত বা ধাক্কা।

**সংঘাত, সঙ্ঘাত** — সমূহ, সমষ্টি। নিবিড় সংযোগ। আঘাত। সমবায়, সংহতি। (সাংঘাতিক)

**সংজ্ঞপ্ত** — বিজ্ঞাপন।

**সংজ্ঞা** — চৈতন্য ('-লাভ, -হীন')। নাম, পরিভাষা। ... **সংজ্ঞান** — চৈতন্য। স্পষ্ট জ্ঞান, awareness. ... **সংজ্ঞার্থ** — পারিভাষিক অর্থ, definition. ... **সংজ্ঞা** — বিশ্বকর্মার কন্যা, সূর্যপত্নী। ... **সংজ্ঞিত** — আখ্যাত, কথিত।

**সংনমন** — (বিজ্ঞানে) চাপ-প্রয়োগে হ্রস্বীকরণ বা হ্রস্বীভবন, compression. ... ণ. **সংনমিত।**

**সংবৎ** — অব্দ বিঃ (প্রবাদ — বিক্রমাদিত্য-প্রবর্তিত। খ্রীষ্টাব্দ+৫৬ বা ৫৭)

**সংবৎসর** — বৎসর। সারা বৎসর (বাং) (§ সাংবাৎসরিক)

**সংবরণ** — নিবারণ, দমন ('ক্রোধ-')। আবরণ, গোপন। (পদ্যে ক্রি. 'সংবরিল')। (§ সংবৃত)

**সংবর্ত** — মহাপ্রলয়। ... **সংবর্তন, সংবর্তক** — প্রলয়কালীন মেঘ।

**সংবর্তিকা** — প্রদীপের শলিতা।

**সংবর্ধন, -না** — সম্যক্ বৃদ্ধি। অভ্যর্থনা, সম্মাননা। ... ণ. **সংবর্ধিত।**

**সংবলিত** — যুক্ত, সমন্বিত।

**সংবসথ** — জনপদ, গ্রাম।

**সংবহন** — (বিজ্ঞানে) এক স্থান হইতে প্রবাহিত হইয়া পুনর্বার সেখানে আগমন, circulation ('রক্ত-')

**সংবাদ** — খবর, বার্তা, সমাচার ('-বাহক। — আনা, দেওয়া, পাঠানো, লওয়া') সম্ভাষ, কথোপকথন ('সখী-')। (§ সাংবাদিক)। ... **সংবাদপত্র** — খবরের কাগজ।

**সংবাদিকা** — সম্পাদকীয় স্তম্ভের পর অনুচ্ছেদ।

**সংবাদী** (-দিন্) — তুল্য, অনুরূপ। সম্ভাষী। (সংগীতে) যে স্বর বাদী স্বরের সহায়ক গণ্য হয়।

**সংবাহন, -বাহ** — ভারবহন। অঙ্গমর্দন, massage. ... ণ. **সংবাহিত। ... সংবাহক** — ভারবাহী। অঙ্গমর্দনকারী।

**সংবিগ্ন** — উদ্বিগ্ন।

**সংবিৎ** (-বিদ্) — চেতনা, জ্ঞান।

**সংবিদা** — কর্মসম্পাদন ইঃর জন্য চুক্তি, contract.

**সংবিদিত** — পরিজ্ঞাত।

**সংবিধান** — সংঘটন। রচনা। সেবাসামগ্রী। রাষ্ট্রের সংগঠন ও পরিচালন পদ্ধতি, constitution.

**সংবিষ্ট** — নিবিষ্ট। সুপ্ত।

**সংবীত** — বেষ্টিত, বলয়িত।

**সংবৃত** — আবৃত, গুপ্ত। সংকুচিত। ... ষ্য. **সংবৃতি।**

**সংবৃত্ত** — নিষ্পন্ন। জাত।
**সংবেগ** — উদ্‌বেগ, আবেগ। (§ সংবিগ্ন)
**সংবেদ, সংবেদন, -না** — অনুভব, বোধ, sensation. ... **সংবেদ্য** — অনুভব-যোগ্য।
**সংবেশ, -শন** — উপবেশন। শয়ন, নিদ্রা। ... **সংবেশন** — hypnosis, hypnotism. ... ণ. **সংবেশিত।**
**সংযত** — নিয়ন্ত্রিত, নিয়মিত। পরিমিত ('-বাক্‌। সংযতাহার')। শান্ত, নিবৃত্ত।
**সংযম** — নিয়ম, নিয়ন্ত্রণ, নিগ্রহ, দমন ('আহার-, ইন্দ্রিয়-, বাক্‌-')। ব্রতাদির পূর্বদিনের কৃত্য। ... **সংযমন** — নিয়মন, দমন। ব্রতাদি পালন। ... ণ. **সংযমিত।** ... **সংযমী** (-মিন্‌) — সংযমশীল।
**সংযাত** — অনুযাত্রিক।
**সংযান** — সূচ।
**সংযুগ** — যোগাড়যন্ত্র, আয়োজন।
**সংযুক্ত** — মিলিত, সংলগ্ন। joint ('— সম্পাদক')
**সংযোগ** — মিলন, মিশ্রণ।
**সংযোজন, -না** — সংযোগসাধন। ... ণ **সংযোজিত।**
**সংযোজনা** — একত্র সাজানো।
**সংরক্ষণ, সংরক্ষা** — সম্যক্‌ রক্ষা; বিশেষ উদ্দেশ্যে বা প্রকারে রক্ষণ; reservation; preservation. ... ণ. **সংরক্ষিত** ('— অরণ্য, সংসদের আসন। — ফল, দুগ্ধ')
**সংরম্ভ** — আরম্ভ, বেগ, উত্তেজনা, উদ্বেগ।
**সংরোহ** — অঙ্কুর।
**সংলগ্ন** — **সংযুক্ত,** লাগাও।
**সংলাপ** — আলাপ। অভিনয়ে কথোপ-কথন। গল্প উপন্যাসে পাত্রপাত্রীর বাগ্‌বিনিময়।
**সংশপ্তক**—যে শপথ করিয়াছে যে জয়লাভ বা মৃত্যু পর্যন্ত যুদ্ধ করিবে।
**সংশয়** — সন্দেহ, দ্বৈধজ্ঞান। (§ সাংশয়িক)। ... ণ. **সংশয়িত।** ... **সংশয়ান, সংশয়ালু, সংশয়িতা** (-তৃ), **সংশয়ী** (-য়িন্‌) — সংশয়কারী।
**সংশিত** — নির্ণীত। সম্পাদিত।
**সংশোধক** — যে সংশোধন করে।
**সংশোধন** — পরিশোধন, বিশুদ্ধিসম্পাদন ('জল, ভ্রম, চরিত্র —')। ... ণ. **সংশোধিত।**
**সংশ্রয়** — আশ্রয়। ... ণ. **সংশ্রিত।**
**সংশ্লিষ্ট** — সম্পৃক্ত, মিলিত। সম্বন্ধযুক্ত। ... বা. **সংশ্লেষ।**
**সংশ্লেষণ** — বিভক্তকে একত্র মিলাইয়া সামঞ্জস্য সাধন। Synthesis (বিপঃ বিশ্লেষণ — analysis.)
**সংসক্ত** — আসক্ত। সংলগ্ন। লিপ্ত। ... বা. **সংসক্তি।**
**সংসদ্‌, -সৎ** (-সদ্‌) — সমিতি। ভারতের কেন্দ্রীয় বিধানসভা, parliament.
**সংসর্গ** — সহবাস, সংস্রব, সঙ্গ, সম্বন্ধ ('স্ত্রী-, সাধু-। অমুকের সংসর্গে থাকা')। (§ সংসৃষ্ট, সাংসর্গিক)
**সংসার** — জগৎ, ভব, ইহলোক, ঐহিক ব্যাপার ('-লীলা, -সাগর')। মায়াবন্ধন। গার্হস্থ্য ব্যাপার; পরিবার ('-ত্যাগ, -ধর্ম। — করা, পাতা')। (বাং) বিবাহ ('অমুকের দুই —')। (§ সাংসারিক)। ... **সংসারযাত্রা** — জীবনযাত্রা। ... **সংসারত্যাগ** — সন্ন্যাস। ... **সংসারসুখ** — গার্হস্থ্য স্বাচ্ছন্দ্য। ... **সংসারী** (-রিন্‌) — গৃহস্থ। সংসারাসক্ত, বিষয়ী।
**সংসারাশ্রম** — গৃহস্থজীবন।
**সংসিদ্ধ** — সম্যক্‌ সিদ্ধ। স্বভাবসিদ্ধ। ... বা. **সংসিদ্ধি।**

সংসূচিত — সম্যক্ সূচিত।
**সংসৃতি** — সঙ্গে গমন। প্রবাহ। সংসার। ... ণ. **সংসৃত**।
সংসৃষ্ট — সম্বন্ধযুক্ত।
সংস্করণ — শোধন, সংস্কার। (বাং) মুদ্রিত পুস্তকাদির রূপ ('রাজ-'); প্রকাশন বা মুদ্রণের বার, edition ('দ্বিতীয় —')। পরিমার্জিত করিয়া গ্রন্থের পুনর্মুদ্রণ। (§ সংস্কৃত)
সংস্কর্তা (-র্তৃ) — সংস্কারকারী, সংস্কারক।
**সংস্কার** — শোধন, পরিষ্করণ, সংস্ক্রিয়া। উৎকর্ষসাধন, সংশোধন ('সমাজ-')। মেরামত ('জীর্ণ-')। মন্ত্রাদিদ্বারা শোধন। ধর্মবিহিত অনুষ্ঠান, sacrament, rite (দশকর্ম দেখ)। ধারণা, **impression.** বিশ্বাস ('কু-')। ছাপ, সহজাত প্রবৃত্তি বা বুদ্ধি, instinct, intuition. ঝোঁক, tendency গড়ন। স্থিতিস্থাপক গুণ। পূর্বজন্ম-বাসনা। ... **সংস্কারক** — সংস্কারকারী।
সংস্কৃত — ণ. শোধিত। মন্ত্রপূত। সজ্জিত। ... ষ্য. প্রাচীন আর্যভাষা বিঃ, প্রাচীন ভারতের সাধুভাষা।
**সংস্কৃতি** — শিক্ষা বা চর্চা দ্বারা লব্ধ বিদ্যা বুদ্ধি শিল্প কলা রুচি নীতি ইঃর উৎকর্ষ, কৃষ্টি, culture.
সংস্ক্রিয়া — সংস্কার, শোধন।
**সংস্থা** — স্থিতি, অবস্থা। সমিতি। জীবনযাপনের রীতি। প্রতিষ্ঠান।
**সংস্থান** — সন্নিবেশ, বিন্যাস, অবস্থান ('দেহে অবয়বের —')। গঠনের বৈশিষ্ট্য, **structure.** আকৃতি, **form.** সঞ্চয়, ব্যবস্থা, provision ('অন্নের —')। ... ণ. **সংস্থিত**। ... ষ্য. **সংস্থিতি**।
**সংস্থাগার** — নাগরিক সভাগৃহ।
**সংস্থাপক** — প্রতিষ্ঠাতা।
**সংস্থাপন**—সম্যক্ রূপে স্থাপন, প্রতিষ্ঠা। ... ণ. **সংস্থাপিত**।
**সংস্পর্শ** — সম্যক্ স্পর্শ। ... ণ. **সংস্পৃষ্ট**।
**সংস্রব** — সংসর্গ, সম্বন্ধ।
**সংহত** — মিলিত, ঘনীভূত, জমাট, compact, দৃঢ়। ... **সংহতি** — নিবিড় সংযোগ। সমষ্টি।
সংহূতি — সঙ্গে (প্রা-সা)
**সংহরণ** — সংহার। প্রত্যাকর্ষণ, সংযমন, সংবরণ। ... **সংহর্তা** (-র্তৃ) — সংহার-কারী, সংহারক।
**সংহার** — বিনাশ। প্রলয়। প্রত্যাহার, সংকোচন, গোটানো ('বেণী-')। (পদ্যে ক্রি. 'সংহারিল' — বিনাশ করিল)। (§ সংহৃত)। ... **সংহারক** — সংহারকারী, সংহর্তা।
**সংহিত** — সংগৃহীত। মিলিত।
**সংহিতা** — সংকলিত রচনাসমষ্টি। বেদের মন্ত্রভাগ ('ঋগ্বেদ-')। স্মৃতিশাস্ত্র, code ('মনু-')
**সংহৃত** — বিনষ্ট। প্রত্যাহৃত, সংকুচিত।
**সকড়ি** [ < সংকট ] ভাত ইঃ কয়েকপ্রকার রাঁধা খাদ্য ও তৎস্পৃষ্ট বস্তু যাহা ছুঁইবার পর হাত না ধুইলে দোষ হয় এবং যাহা নিকৃষ্ট জাতির স্পর্শে অশুচি হয়। এঁটো, উচ্ছিষ্ট। ('— মুক্ত করা')
**সকরুণ** — সদয়, করুণাযুক্ত।
**সকর্মক** — (ব্যাকরণে) যে ক্রিয়ার কর্ম আছে, transitive.
**সকল** — (মূঃ কলা সহিত) সমূহ, সমুদয়, সমস্ত, সমগ্র ('বস্তু-'। — মানুষ, দেহ'। 'সকলে' — সবাই)। (§ সাকল্য)।
**সকাম** — কামনা বা ফলাশা যুক্ত ('— কর্ম'। তুঃ নিষ্কাম)
**সকাল** — প্রাতঃকাল ('-বেলা'। — হওয়া')।

অবিলম্ব। ('সকাল সকাল' — দেরি না করিয়া, বেলা থাকিতে)
**সকাশ** — নিকট, সমীপ ('সকাশে')
**সকুল্য** — সমানকুলজাত। সপিণ্ডের ঊর্ধ্ব তিন ও অধঃ তিন পুরুষ।
**সকৃৎ** — একবার ('-গর্ভা')
**সকৌতুক** — কৌতুকযুক্ত ('সকৌতুকে')
**সক্ত** — আসক্ত। সংলগ্ন। ... ষ্য. **সক্তি।**
**সক্রিয়** — ক্রিয়ান্বিত, কার্যকর, active (তুঃ অক্রিয়, নিষ্ক্রিয়)। ... ষ্য. **-তা।**
**সক্ষম** ] ক্ষম, সমর্থ। (তুঃ অক্ষম)
**সখ** (শখ দেখ)
**সখা** (সখি-শব্দজ)—বয়স্য, সুহৃৎ, সহচর, বন্ধু। ... স্ত্রী. **সখী**। ... ষ্য. **সখ্য, সখিত্ব।**
**সখ্যরস** — বৈষ্ণব রসশাস্ত্রে সখার প্রতি সখার যে ভাব শ্রীকৃষ্ণে আরোপিত সেই ভাব।
**সখীভাব** — রাধার প্রতি তাঁহার সখীদের সেই ভাব।
**সগর** — পৌরাণিক রাজা বিঃ, ভগীরথের প্রপিতামহ।
**সগল্লাদ** ] — উৎকৃষ্ট রেশমী বস্ত্র।
**সগুণ** — সত্ত্বাদি-ত্রিগুণময় ('—ঈশ্বর')
**সগোত্র** — একবংশীয়, জ্ঞাতি।
**সঘন** — মেঘযুক্ত ('— গগন')। (বাং) ঘন ঘন, নিরন্তর।
**সঙ, সং** [ < স্বাঙ্গ ] যাহার বেশ বা রূপ হাস্যজনক, হাস্যকৌতুককারী, clown ('— সাজা')। হাস্যাভিনয়, farce ('যাত্রার —')
**সঙিন** (সঙিগন দেখ)
**সংকট, সঙ্কর, সংকর্ষণ, সঙ্কলক, সংকলন, সংকলিত, সংকলয়িতা, সংকল্প, সংকল্পিত, সংকাশ, সংকীর্ণ, সংকীর্তন, সংকুচিত, সংকুল, সঙ্কেত, সঙ্কোচ** (সং- দেখ)
**সংগ** — সংসর্গ, মিলন ('কু-। -দোষ')। আসক্তি। ( § সংগী)।... **সংগে** ] সহিত ('তাহার — যাইব। তাহার — ঝগড়া')। কাছে ('— টাকা নাই। সংগের জিনিস। ... **সংগে সংগে** ] কাছে কাছে, নিকটে ('— থাকা')। তৎক্ষণাৎ, অবিলম্বে ('ঔষধ খাওয়ার — উপকার')
**সংগসুখ** — সাহচর্যের আনন্দ।
**সংগত, সংগতি, সংগম** (সং- দেখ)
**সঙিগন, -ঙগী-** [ ফা ] **সঙিন, -ঙী-** ] ষ্য. বন্দুকের মুখে সংলগ্ন ছোরা, bayonet. ..ণ. গুরুতর, সংকটাপন্ন ('অবস্থা — হওয়া')
**সংগী** (-ঙিগন্) — সহচর, সাথী। ... স্ত্রী **সঙিগনী।**
**সংগীত** (সংগীত দেখ)
**সংগে** (সংগ দেখ)
**সংগোপন, সংঘ, সংঘটক, সংঘটন, সংঘট্ট, সংঘর্ষ, সংঘাত** (সং- দেখ)
**সচকিত** ] সভয়, ত্রস্ত।
**সচন্দন** — চন্দনলিপ্ত ('— পুষ্প')
**সচরাচর** — (সং) চরাচর-সহিত। (বাং অশুপ্রঃ) সাধারণতঃ, প্রায়শঃ।
**সচল** ] গতিযুক্ত, চল, চলন্ত। (তুঃ অচল)
**সচিত্র** — চিত্রযুক্ত illustrated.
**সচিব** — মন্ত্রী। secretary. ' সংগী, সহায়।
**সচেতন** — চেতনাযুক্ত, জীবন্ত, সতর্ক।
**সচেষ্ট** — চেষ্টান্বিত, চেষ্টিত।
**সচ্চরিত্র** — সৎস্বভাব, সদাচারী।
**সচ্চিদানন্দ** — সৎ-চিৎ-আনন্দ, ব্রহ্মের স্বরূপ।
**সচ্ছল** [ <সৎ-শীল ] সংগতিপন্ন, যথেষ্ট ধনযুক্ত। ... ষ্য. **-তা** ]
**সচ্ছিদ্র** — ছিদ্রযুক্ত।

**সজনী** ]< স্বজনী, সখী (পদ্য)
**সজল** — জলযুক্ত, ভিজা ('—নয়ন')
**সজাগ** ] জাগ্রৎ। সতর্ক।
**সজাতি** — সমজাতি, সমশ্রেণী। (§ সাজাত্য)। একজাতির লোক। ... ণ. **সজাতীয়।**
**সজারু** (শ- দেখ)
**সজীব** — জীবনযুক্ত, জীবিত। (তুঃ নির্জীব)
**সজোর** ] জোর যুক্ত ('— চিৎকার, ধাক্কা, বক্তৃতা। সজোরে')
**সজ্জন** — সাধু ব্যক্তি, ভাল লোক। সজ্জিত করণ।
**সজ্জা** — সাজ, বেশভূষা, অলংকরণ; আয়োজন, সরঞ্জাম, equipment ('বর-, গৃহ-, যুদ্ধ-')। ... ণ. **সজ্জিত।**
**সজ্ঞান** — জ্ঞানযুক্ত, সচেতন ('সজ্ঞানে' — জ্ঞানতঃ। সচেতন অবস্থায়)
**সঙ্গে** ] — সঙ্গে (ব্র-বু)
**সঞ্চ ১** — লিখনপত্র, কাগজ।
**সঞ্চ ২** — সন্ধিস্থান।
**সঞ্চয়** — সংগ্রহ, পুঁজি, অর্থসংস্থান। সমূহ। (§ সঞ্চিত, সঞ্চীয়মান, সঞ্চেয়)। ... **সঞ্চয়ন** — সঞ্চয়করণ। ... **সঞ্চয়ী** (-য়িন্) — সঞ্চয়কারী।
**সঞ্চরণ** — বিচরণ, চলন। কম্পন। ... ণ. **সঞ্চারিত।** ... **সঞ্চরমাণ** — যে সঞ্চরণ করিতেছে।
**সঞ্চান** ] — বাজপাখী।
**সঞ্চলন** — চলন। কম্পন, দোলন। ... ণ. **সঞ্চালিত।**
**সঞ্চার, সঞ্চারণ**—সংক্রমণ, এক স্থান হইতে অন্য স্থানে গমন। গতি। ব্যাপ্তি। আবির্ভাব ও বিস্তার ('যৌবন-। রোগের —')। আধান, স্থাপন, ('রক্ত-, প্রাণ-')। চালন। উত্তেজন। ... ণ. **সঞ্চারিত।** ...
**সঞ্চারী** (-রিন্) — **সঞ্চরণশীল।** গানের তৃতীয় পদের প্রথম অংশ। ... **স্ত্রী. -রিণী।**
**সঞ্চালন** — চালন, নাড়াচাড়া। **দোলানো।** ... ণ. **সঞ্চালিত।**
**সঞ্চিত** — যাহা সঞ্চয় করা হইয়াছে।
**সঞ্চীয়মান** — যাহা সঞ্চয় করা হইতেছে, উপচীয়মান।
**সঞ্চেয়** — সঞ্চয়যোগ্য।
**সঞ্জননা** — উৎপাদন। উৎপাদনশক্তি।
**সঞ্জাত** — উৎপন্ন।
**সঞ্জাব** [ফা. সঞ্জাফ] কাপড়ের কিনারায় সেলাই করা পাটির পাড়।
**সঞ্জীবন** — ষ্য. প্রাণধারণ। ... ণ. প্রাণ-সঞ্চারক। ...স্ত্রী. **সঞ্জীবনী।**
**সট্** ] ত্বরা সূচক ('—ক'রে স'রে পড়া')
**সটকা** ] আলবলার নল।
**"সটকানো"** [√ সট্কা-১৭] পলায়ন-করা।
**সটান** ] একটানা, সোজা ('—দৌড়, চলা')
**সটীক** — টীকাসহিত।
**সঠিক** ] যথার্থ, প্রকৃত ('—খবর')
**সডাক** ] ডাকমাসুল সমেত।
**সড়** ] গোপনে পরামর্শ বা যোগ, সাট, ষড়যন্ত্র।
**সড়ক** [< সরক] বড় রাস্তা।
**সড়কি** ] বল্লম, বর্শা।
**"সড়গড়"** ] অভ্যস্ত, মুখস্থ।
**সড়সড়** ] সাপ ইঃর গতি সূচক **শব্দ।** কীটাদির সঞ্চরণ তুল্য অথবা শিহরন, চুলকানি কাতুকুতু ইঃর অনুভূতি। (অল্পে —সিড়সিড়, সুড়সুড়]। 'সাপ সড়সড় ক'রে চলে। গা সিড়সিড় করে। পিঁপড়ে সুড়সুড় করে চলে। হাত গলা সুড়-সুড় করে')
**সড়াক, সড়াৎ** ] দ্রুতগতি সূচক **শব্দ** ('—

ক'রে গর্তের ভিতর ঢোকা, খাপ থেকে তলোয়ার বার করা'। অল্পে—সুড়ুক, সুড়ুৎ])

**সৎ** — ণ. অস্তিত্বশীল, বিদ্যমান, সত্য, নিত্য ('সদ্‌বস্তু')। সাধু, প্রশস্ত, শুভ ('সজ্জন, সৎকর্ম, সদিচ্ছা')। ব্য. অস্তিত্ব-মাত্র ('সৎস্বরূপ')। (§ সত্তা, সত্ত্ব)

**সৎ-**] সতিন সম্বন্ধীয়। (§ সতাতো)। ... **সৎমা**] বিমাতা।

**সতত** — সর্বদা, নিরন্তর। (§ সাতত্য)

**সততা**] সাধুতা।

**সতর, সতের, -রো**] সপ্তদশ, ১৭ অঙ্ক বা পরিমাণ।

**সতরঞ্চ** — দাবাখেলা।

**সতরঞ্চি** — মোটাসূতায় বোনা বসিবার আস্তরণ।

**সতর্ক** — সাবধান, অবহিত। ... ষ্য. **-তা**।

**সতাতো**] বৈমাত্র ('—ভাই, বোন')

**সতিন, সতীন**] < সপত্নী। (সতিনী অপ্রঃ)

**সতী** — সাধবী, নির্মলচরিত্রা, পতিব্রতা। দক্ষকন্যা, ভগবতী। (বাং) স্বামীর সহিত যে সহমৃতা হয় ('-দাহ')। ... ষ্য. **সতীত্ব**। (ব্যঙ্গে) **সতীগিরি, -পনা**]। ... **সতী-ধর্ম** — পাতিব্রত্য।

**সতীর্থ, -র্থ্য**—এক গুরুর ছাত্র, সহপাঠী।

**সতৃষ্ণ**—পিপাসাযুক্ত, সস্পৃহ ('—নয়ন')

**সতেজ**] তেজালো, বলবান্।

**সৎকার** — সম্মান, সেবা ('অতিথি-')। শবদাহ, অন্ত্যেষ্টিক্রিয়া ('মৃত-')। পুরস্কার। ... ণ. **সৎকৃত**।

**সৎকার্য** — উত্তম বা লোকহিতকর বা পুণ্য কার্য।

**সত্তম** — শ্রেষ্ঠ, অতি সাধু ('মুনি-')

**সত্তর**] < সপ্ততি, ৭০ অঙ্ক বা পরিমাণ।

**সত্তা** — অস্তিত্ব, বিদ্যমানতা, নিত্যতা। বিদ্যমান বস্তু। উৎপত্তি। উৎকর্ষ, সাধুতা।

**সত্ত্ব** -- সত্তা, অস্তিত্ব ('বিদ্যা সত্ত্বেও মূর্খ')। সত্ত্বগুণ, ত্রিগুণের শ্রেষ্ঠ। প্রকৃতি, স্বভাব, মন ('শুদ্ধ-')। আত্মা। প্রাণ। পরাক্রম, সাহস। প্রাণী ('অন্তঃ-সত্ত্বা')। বস্তু। ধন। (বাং) রস, নির্যাস, সার ('আদার—। আম-')। (§ সাত্ত্বিক)

**সত্য**—ণ. প্রকৃত, বাস্তব, যথার্থ, "সত্যি", ('— কথা'। 'সত্য সত্য'—বাস্তবিক)। ষ্য. যাথার্থ্য। প্রতিজ্ঞা, শপথ ('—করা। -পালন')। সৎ, নিত্যতা ('-স্বরূপ')। সত্যযুগ। ... **সত্যতা**—যাথার্থ্য। সত্য-পরায়ণতা। ... **সত্যনারায়ণ** — দেবতা বিঃ, সত্যপীর। ... **সত্যনিষ্ঠ** — সত্য-পরায়ণ। ... ষ্য. **-তা**। **-নিষ্ঠা**। ... **সত্য-প্রতিজ্ঞ** — দৃঢ়প্রতিজ্ঞ। ... ষ্য. **-তা**। **-প্রতিজ্ঞা** .. **সত্যবতী** — ব্যাসের মাতা, ধীবরকন্যা মৎস্যগন্ধা। .. **সত্যবাদী** (-দিন্) — যে সত্য কথা বলে। ... **সত্যবান্** (-বৎ) — সাবিত্রীর স্বামী, দ্যুমৎসেনপুত্র। ... **সত্যব্রত** — সত্য-পরায়ণ। ... **সত্যভঙ্গ** — প্রতিজ্ঞাভঙ্গ। ... **সত্যভামা**—কৃষ্ণের পত্নী বিঃ। ... **সত্যযুগ** -- পুরাণোক্ত প্রথম যুগ, কৃত-যুগ। ... **সত্যলোক** — সপ্তলোকের একটি। ... **সত্যসন্ধ** — সত্যপ্রতিজ্ঞ।

**সত্যাগ্রহ** — সত্যগ্রহণ, সত্য বা ন্যায্য অধিকার রক্ষার জন্য প্রতিজ্ঞা, অধ্যবসায় ও দুঃখবরণ। .. **সত্যাগ্রহী** (-হিন্)—যে তাহা করে।

**সত্যাসত্য** — সত্য ও মিথ্যা।

**সত্র** (সত্ত্র বিরল) — অন্নজলাদিবিতরণ-স্থান, সদাব্রত ('অন্ন-, জল-')। চলতি বাংলায় 'ছত্র'। বহুদিনব্যাপী যজ্ঞ। যজ্ঞ। দায়রা (দেখ)

**সত্বর** — শীঘ্র। ত্বরান্বিত।
**সদন**—গৃহ, আলয়। **সমীপ, নিকট।**
**সদয়** — দয়ালু, অনুকূল।
**সদর** [আ. সদ্‌র্] ণ. জেলা সম্বন্ধীয় ('— আদালত')। বাহিরের, প্রধান ('— দরজা')। ষ্য. জেলার প্রধান নগর (তুঃ মফস্বল)। বাহির্বাটী (তুঃ অন্দর)। বাহিরের পিঠ ('শালের —')
**সদরআলা**] সবজজ (প্রাঅপ্রঃ)
**সদর্থক** — অস্তিবাচক, positive. (তুঃ নঞর্থক)
**সদর্প** - দর্পযুক্ত ('সদর্পে')
**সদসৎ** — সৎ ও অসৎ।
**সদস্য** -- সভ্য, সভাসদ্। (সদস্—সভা, সমিতি)।
**সদা** -- সর্বদা, সতত।
**সদাগর** (সওদা- দেখ)
**সদাচার** - সাধু বা শুদ্ধ আচরণ। ... **সদাচারী** (-রিন্) — সদাচারবান্।
**সদাত্মা** (-ত্মন্) -- সদাশয়।
**সদানন্দ**—যে সর্বদা আনন্দ অনুভব করে।
**সদালাপ** — উত্তম বিষয়ের আলাপ। ... **সদালাপী** (-পিন্) — যে তাহা করে।
**সদাব্রত** — অন্নসত্রাদি অনুষ্ঠান।
**সদাশয়** — সহৃদয়, মহাশয়।
**সদাশিব** — মহাদেব।
**সদিচ্ছা** — সাধু বা শুভ ইচ্ছা ('-প্রণোদিত')
**সদুত্তর** — প্রকৃত বা যোগ্য উত্তর।
**সদুদ্দেশ্য** — সাধু উদ্দেশ্য।
**সদুপায়** — উত্তম বা সাধু উপায়।
**সদৃশ** — অনুরূপ, তুল্য, সমান। (§ সাদৃশ্য)
**সদ্‌গতি** — উত্তম গতি বা পরিণাম। মুক্তি।
**সদ্‌গোপ**—বাঙালী হিন্দু জাতি বিঃ।
**সদ্‌ধর্ম** — প্রচলিত হিন্দু ধর্মের সঙ্গে পার্থক্য সৃষ্টির জন্য বৌদ্ধগণ নিজেদের ধর্মকে সদ্‌ধর্ম বলিত।
**সদ্‌ব্যবহার** — ভদ্র বা শিষ্ট ব্যবহার। (বাং) সদুদ্দেশ্যে প্রয়োগ।
**সদ্‌ব্যয়** — সাধুকার্যে বা সার্থক ব্যয়।
**সদ্‌ভাব** — স্থিতি। সৌহৃদ্য, প্রণয়।
**সদ্ম** (সদ্মন্) আবাস, গৃহ।
**সদ্যঃ** (সদ্যস্) — **সদ্য**] তৎক্ষণে, এখনই ('সদ্য আহৃত, সদ্যঃপ্রসূত, সদ্যঃস্নাত, সদ্যোজাত। সদ্য সদ্য')। টাটকা ('সদ্যোদুগ্ধ')
**সধবা** — যে স্ত্রীর স্বামী জীবিত, সভর্তৃকা।
**সধর্মা** (-র্মন্), **সধর্মী** (-র্মিন্) — সমান ধর্ম বা গুণ বিশিষ্ট। (§ সাধর্ম্য)
**সন** [আ] বৎসর। অব্দ। সাল (দেখ)
**সনক** — পরম ভক্ত ঋষি বিঃ।
**সনৎকুমার** — ঋষি বিঃ।
**সনদ** [আ] আদেশপত্র। দলিল। উপাধি-পত্র। বাংলায় সনন্দ।
**সনসন**] বেগে গমনের শব্দ বা ভাব ('— করিয়া বায়ু বহিতেছে, তীর ছুটিতেছে')
**সনাট** (শনাক্ত দেখ)
**সনাতন** — চিরস্থায়ী, নিত্য, চিরন্তন। ঈশ্বর। ... স্ত্রী. **-তনী**। .. **সনাতনী**] প্রাচীনপন্থী ('— হিন্দু')। গৌড়রাজ হুসেন শাহের অমাত্য পরে পরম বৈষ্ণব সাধক।
**সনাথ** — নাথ বা রক্ষক যুক্ত। যুক্ত। ... স্ত্রী. **সনাথা**।
**সনির্বন্ধ** — অতিশয় আগ্রহযুক্ত ('— অনুরোধ')
**সনে**] < সঙ্গে (পদ্যে)
**সনেট** [ই] — চৌদ্দ মাত্রার চৌদ্দটি চরণের গাঢ় বন্ধ কবিতা। চতুর্দশ-

পদাবলী। Sonnet.

**সন্ত** [ হি ] সাধু।

**সন্তত** — ব্যাপ্ত, বিস্তীর্ণ। নিরন্তর, অবিচ্ছিন্ন, continuous.

**সন্ততি** — সন্তান, অপত্য। ব্যাপ্তি। বিস্তার, অবিচ্ছেদ, continuum. শ্রেণী।

**সন্তপ্ত** — শোকার্ত, ক্লিষ্ট। উত্তপ্ত। অনুতপ্ত, ব্যথিত।

**সন্তরণ** — সাঁতার। পারগমন।

**সন্তর্পণ** — (সং) সম্যক্ তৃপ্তিদান বা তৃপ্তিজনক। ... **সন্তর্পণে** — (বাং) অতি সাবধানে।

**সন্তান** — অপত্য, পুত্রকন্যা। ব্যাপ্তি। অবিচ্ছেদ।

**সন্তানক** — স্বর্গের নন্দনকাননের পাঁচটি বৃক্ষের অন্যতম। স্বর্গের পুষ্প বিঃ। রামায়ণে উক্ত স্বর্গ বিঃ।

**সন্তানিকা** — ফেন। মাখন। মাকড়শার জাল।

**সন্তাপ** — মনস্তাপ, দুঃখ। উত্তাপ। ( § সন্তপ্ত)। ... **সন্তাপন** — সন্তাপদান। ... ণ. **সন্তাপিত**।

**সন্তুষ্ট** — অতিশয় তুষ্ট, পরিতৃপ্ত। ... ষ্য. **সন্তুষ্টি**।

**সন্তোষ** — সন্তুষ্টি, পরিতৃপ্তি। আনন্দ। মনের প্রসন্নতা।

**সন্ত্রস্ত** — অতিশয় ভীত।

**সন্ত্রাস** — অতিশয় ভয়।

**সন্ত্রাসবাদ** — রাজনীতিক উদ্দেশ্যে ভয়জনক, ধ্বংসমূলক বা হিংস্র কার্য বিধেয় এই মত, terrorism. ... **সন্ত্রাসক** — যে ঐ মত অনুসারে কার্য করে, terrorist.

**সন্দংশ, -শিকা** — সাঁড়াশি, চিমটা, জাঁতি ইঃ। ... **সন্দংশ** — কামড়। ... **সন্দষ্ট** — যাহা সাঁড়াশি ইঃ দিয়া ধরা অথবা কামড়ানো হইয়াছে।

**সন্দর্ভ** — প্রবন্ধ, রচনা, গ্রন্থ। সংগ্রহ।

**সন্দর্শন** — সম্যক্ দর্শন।

**সন্দিগ্ধ** — সন্দেহযুক্ত ('— মন। -মনা')। সংশয়িত ('— বিষয়')

**সন্দিহান** — সন্দেহকারী।

**সন্দীপন** — প্রজ্বলন। প্রোৎসাহন। ঋষিবিশেষ। ... ণ. **সন্দীপ্ত, সন্দীপিত**। ... **সন্দীপক, সন্দীপন** — যাহা সন্দীপ্ত করে।

**সন্দেশ** — বার্তা, সংবাদ। আদেশ। (বাং) চিনির সহিত পাক করা ছানার মিষ্টান্ন বিঃ। ... **সন্দেশবহ** — দূত।

**সন্দেহ** — সংশয়, সত্যতা সম্বন্ধে অনিশ্চয় ('-জনক, -স্থল। — করা, হওয়া, থাকা') (§ সন্দিগ্ধ)। ... **সন্দেহভঞ্জন** — সংশয় নিরসন। ... **সন্দেহালংকার** — কাব্যের অলংকার বিঃ।

**সন্দোহ** — দোহন। পুঞ্জ।

**সন্ধা** — স্থির নিষ্ঠা। স্থায়িত্ব। চুক্তি। মিলন। সীমা। (— সন্ধ্য)।

**সন্ধান** — অন্বেষণ, খোঁজ ('— করা, পাওয়া, মেলা, লওয়া')। তত্ত্ব, রহস্য ('— জানা'। যোজন ('ধনুতে শর-')। মিশ্রণ। মদ্য প্রস্তুত করণ, গাঁজানো, fermentation. সন্ধি, বন্ধন, মিলন। সংঘটন। ( § সন্ধিত, সন্ধিৎসা, সন্ধিৎসু)। ... **সন্ধাতা** (-তৃ), **সন্ধানী** (-নিন্), **সন্ধায়ক, সন্ধায়ী** (-য়িন্) — সন্ধানকারী।

**সন্ধি** — মিলন। বিভিন্ন পক্ষের মধ্যে যুদ্ধের অবসান বা বিবাদের মীমাংসা বা কোনও বিষয়ে ঐক্যস্থাপন, peace, treaty ('— করা। -বিগ্রহ')। মিলনস্থান, কবজা। জোড় (যথা দেহের অস্থির)।

গাঁট। মিলনকাল ('বয়ঃ-') রাত্রিদিন বা দুই তিথি ইঃর মিলনকাল ('-পূজা, -ক্ষণ')। সুড়ঙ্গ। সিঁধ। (ব্যাকরণে) দুই বর্ণের সংযোগ। ... **সন্ধিবন্ধ** — ব্যাকরণে দুটি শব্দের সন্ধিতে একপদী-ভূত।

**সন্ধিৎসু** — সন্ধানের অভিলাষী। ... **সন্ধিনী** — ঋতুমতী গাভী। ... **সংধুক্ষিত, সন্ধুক্ষিত** — প্রজ্বলিত।

**সন্ধিত** — মিলিত, বদ্ধ। মদ্যাদিতে পরিণত, fermented.

**সন্ধিৎসা** — সন্ধানের ইচ্ছা। ... **সন্ধিৎসু** — সন্ধানেচ্ছু।

**সন্ধুক্ষণ** — উদ্দীপন, উত্তেজনা। ... ণ. **-ক্ষিত।**

**সন্ধ্যা** — দিবা ও রাত্রির সন্ধিকাল ('প্রাতঃ-, সায়ং-')। তৎকালীন উপাসনা, সন্ধ্যাবন্দনা ('— করা। -আহ্নিক')। রাত্রির আরম্ভ ('-বেলা, -দীপ, -তারা')। যুগসন্ধি বা যুগের আরম্ভ ('কলির —')। (§ সান্ধ্য)। ... **সন্ধ্যাতারা** — সন্ধ্যার প্রারম্ভে উদিত তারা। ... **সন্ধ্যাবন্দনা** — প্রাতঃকাল, দ্বিপ্রহর ও সায়ংকালে উপাসনা। ... **সন্ধ্যাভাষা** — যে ভাষা কতক বুঝা যায়, কতক বুঝা যায় না। প্রহেলিকাময়ীভাষা যেমন — চর্যাপদের ভাষা।

**সন্নত** — বিনত। প্রণত। ... ষ্য. **সন্নতি।**

**সন্নদ্ধ** — সংবদ্ধ, বর্মাদিদ্বারা সজ্জিত। শ্রেণীবদ্ধ।

**সন্না**] ছোট চিমটা, forceps.

**সন্নাহ** — বর্ম। রণসজ্জা।

**সন্নিকট** — অতি নিকট।

**সন্নিকর্ষ** — নৈকট্য। ... **সন্নিকৃষ্ট** — নিকটবর্তী।

**সন্নিধান, সন্নিধি** — সামীপ্য, নৈকট্য। সমাগম। (§ সান্নিহিত, সান্নিধ্য)

**সন্নিপাত** — একত্র মিলন ('গুণ-')। সমূহ। সম্যক্ পতন বা মরণ। (আয়ুর্বেদে) ত্রিদোষজ বিকার বিঃ (সান্নিপাতিক দেখ)

**সন্নিবদ্ধ** — দৃঢ়রূপে আবদ্ধ। গ্রথিত। ... ষ্য. **সন্নিবদ্ধ, -বন্ধন।**

**সন্নিবিষ্ট** — প্রবিষ্ট, বিন্যস্ত। সম্মুখে উপস্থিত। (ঘন —)। ... **সন্নিবেশ** — বিন্যাস। স্থিতি। সংযোগ। সমীপ।

**-সন্নিভ** — সদৃশ, তুল্য ('কালানল-')

**সন্নিহিত** — নিকটবর্তী। সম্যক স্থাপিত।

**সন্ন্যস্ত** — সমর্পিত। নিক্ষিপ্ত। উপ-স্থাপিত। ত্যক্ত।

**সন্ন্যাস** — ভিক্ষুধর্ম, চতুর্থাশ্রম। সংসার-বাসনাত্যাগ। রোগ বিঃ যাহাতে সহসা সংজ্ঞালোপ এবং দেহ জড়ীভূত হয়, apoplexy. ... **সন্ন্যাসী** (-সিন্) — চতুর্থাশ্রমী, ভিক্ষু, সংসারত্যাগী, বিরাগী। ... স্ত্রী. **-সিনী।**

**সন্মার্গ** — সৎপথ।

**সপ** [আ. সফ] বড় মাদুর।

**সপক্ষ** — পক্ষাবলম্বী। অনুকূল ('সপক্ষে')। পাখা যুক্ত। ... ষ্য. **-তা।**

**সপত্ন** — (মূঃ সপত্নীতুল্য প্রতিদ্বন্দ্বী) শত্রু।

**সপত্নী** — সতিন, স্বামীর অন্য পত্নী। সমান অর্থাৎ অভিন্ন পতি যাহাদের।

**সপত্নীক** — সস্ত্রীক, পত্নীর সহিত।

**সপরিবার** — স্ত্রীপুত্রাদিসহিত ('সপরিবারে')

**সপর্যা** — পূজা।

**সপসপ**] আর্দ্রতার লক্ষণ প্রকাশ ('ভিজে — করছে')। ... ণ. **সপসপে**]। ... **সপাসপ**] ভিজা জিনিস খাইবার বা বেত ইঃ মারিবার শব্দ।

**সঁপা** [ √ সঁপ্-৫। < সম্-অর্প্ ] **সমর্পণ** করা ('দেবতার পায়ে—। বরকে কন্যা সঁপিয়া দেওয়া')

**সপাং, সপাৎ** ] বেত ইঃ নাড়িবার বা মারিবার শব্দ।

**সপাদ** — সিকি ভাগের সহিত, সওয়া। পদযুক্ত।

**সপিণ্ড** — সপ্তপুরুষান্তর্গত জ্ঞাতি।... **সপিণ্ডীকরণ** — প্রেতত্বমোচনের জন্য শ্রাদ্ধ বিঃ (পিতৃপিণ্ডের সহিত প্রেত-পিণ্ডের **মিশ্রণ)**

**সপিনা** — সমন, আদালতে উপস্থিত হওয়ার **পরওয়ানা।**

**সপেটা** [ পো. zapota ] ভক্ষ্য **ফল বিঃ,** sapota.

**সপ্ত** (সপ্তন্)—সাত, ৭ অঙ্ক বা পরিমাণ। .. **সপ্তক** — সাতটির **সমষ্টি।** সাতটি। (সংগীতে) স্বরগ্রাম। ... **সপ্তচ্ছদ, -পর্ণ** — ছাতিম গাছ। ... **সপ্ততি**—সত্তর, ৭০ অঙ্ক বা **পরিমাণ।** ... **সপ্ততিতম**—৭০ সংখ্যার পূরক।... **সপ্তদশ** (-শন্) — সতর, ১৭ অঙ্ক **বা** পরিমাণ। ১৭ সংখ্যার পূরক। ... স্ত্রী. **-দশী।** ... **সপ্তদ্বীপ**—(পুরাণে) জম্বু প্লক্ষ শাল্মলী কুশ ক্রৌঞ্চ শাক পুষ্কর।... **সপ্তধা**—সাত ভাগে প্রকারে বা দিকে। সাত বার। ... **সপ্তপদী** — বিবাহের একটি উপসংস্কার। বিবাহের পর ছায়ামণ্ডপ হইতে বর বধূর সাত পা গমন। ... **সপ্তপাতাল** — (পুরাণে) অতল বিতল সুতল তলাতল মহাতল রসাতল পাতাল। ... **সপ্তম** — ৭ সংখ্যার পূরক। ... **সপ্তরথী** — মহাভারতের উক্ত কুরুক্ষেত্র যুদ্ধে অভিমন্যু বধের জন্য সম্মিলিত সাত-জন রথী। ... স্ত্রী. **সপ্তমী।** — তিথি বিঃ। ... **সপ্তলোক, -স্বর্গ** — (পুরাণে) ভূঃ ভুবঃ স্বঃ জন মহঃ তপঃ সত্য। ... **সপ্তসমুদ্র**—(পুরাণে) লবণ ইক্ষুরস সুরা ঘৃত দধিমণ্ড ক্ষীর স্বাদুদক। ... **সপ্তস্বর** — (সংগীতে) ষড়্জ ঋষভ গান্ধার মধ্যম পঞ্চম ধৈবত নিষাদ।

**সপ্তর্ষি**—মরীচি অত্রি অঙ্গিরা পুলস্ত্য পুলহ ক্রতু বশিষ্ঠ। তন্নামে খ্যাত নক্ষত্রপুঞ্জ, সপ্তর্ষিমণ্ডল, Great Bear.

**সপ্তাহ** — হপ্তা। সাত দিন।

**সপ্রতিভ** — প্রতিভান্বিত, বুদ্ধিমান্। চটপটে, সংকোচহীন।

**সপ্রমাণ** — প্রমাণযুক্ত, প্রমাণিত।

**সফর** [ আ ] বিদেশভ্রমণ। ... **সফরি** — বিদেশাগত জাহাজী।

**সফরী, সফর, শ-** — পুঁটি মাছ।

**সফল** — ফলবান্, সিদ্ধিযুক্ত ('চেষ্টা — হওয়া। -কাম, -মনোরথ')। ... ষ্য. **-তা, সাফল্য।**

**সফেদ** [ ফা ] সাদা। ... **সফেদা** ] চালের গুঁড়া। সীসা হইতে প্রস্তুত সাদা রং বিঃ, whitelead. খরমুজ বিঃ।

**সব** ] < সর্ব, সকল, **সমস্ত।** ( ১ সবাই, সবে)। ... **সবজান্তা** ] সকল বিষয় **যে** জানে (প্রায় ব্যঙ্গে)

**সবনম** [ ফা ] — শিশির। **মসলিনের মত** সূক্ষ্ম বস্ত্র।

**সবজি** [ ফা. সব্‌জ্ ] শাক, আনাজ, তরকারি।

**সবর্ণ**—সমবর্ণ, সজাতি ('সবর্ণে বিবাহ')

**সবরি** ] একপ্রকার কলা।

**সবল** — বলবান্। ... ষ্য. **সবলতা।** ... **সবলে** ] বলের সহিত, জোর করিয়া।

**সবহুমানে** — সসম্মানে।

**সবাই** [ < সর্বে হি ] সকলে।

**সবিতা** (-তৃ) — প্রসবিতা। সূর্য। ঈশ্বর। ... স্ত্রী. **সবিত্রী** — প্রসবিত্রী। ( § সাবিত্রী)

**সবিনয়** — বিনয়যুক্ত ('সবিনয়ে')

**সবিরাম** — বিরামযুক্ত, একটানা নয়, intermittent ('— জ্বর')

**সবিশেষ** — সম্যক্ প্রকার। অসাধারণ।

**সবিস্তার, সবিস্তর** বিস্তৃতি বা বাহুল্য যুক্ত ('সবিস্তারে')

**সবিস্ময়** - বিস্ময়যুক্ত ('সবিস্ময়ে')

**সবুজ** [ ফা. সব্‌জ. ] হরিৎ।

**সবুর** [ ফা. সবর ] অপেক্ষা, ধৈর্যধারণ, দেরি ('— করা, সহা')

**সবে** ] < সর্বে, সকলে (পদ্যে)। সাকল্যে, মোটে, মাত্র ('— দশ টাকা। এখন — সন্ধ্যা')

**সবেবরাত** [ আ ] — মুসলমানদের পর্ব বিঃ।

**সব্য** — বাম, বাঁ। বাম দক্ষিণ উভয়। ... **সব্যসাচী** (-চিন্) — উভয় হস্ত দ্বারা শরক্ষেপণে পটু, অর্জুন। দুই হাতে যে সমান কাজ করিতে পারে, ambidexter. .. **সব্যেতর** — দক্ষিণ।

**সভয়** — ভয়যুক্ত ('সভয়ে')

**সভর্তৃকা** — সধবা।

**সভা** — সমিতি, পরিষৎ ('ব্রাহ্মণ-')। assembly ('বিধান-') কোনও বিষয় আলোচনার জন্য লোকসমাগম, সম্মেলন ('সভারম্ভ। -ভঙ্গ, স্থল')। দরবার ('রাজ-')। ... **সভাজন** — সভাস্থ লোক। সম্ভাষণ। ... **সভানেত্রী** — স্ত্রী সভাপতি। .. **সভাপতি** — (পুং বা স্ত্রী.) যিনি সভা পরিচালন করেন, chairman, president. ... **সভাসদ্, -সৎ** (-সদ্) — সদস্য। সভায় উপস্থিত ব্যক্তি। ... **সভাসীন** — সভায় উপবিষ্ট।

**সভে** ] সবে (প্রা-সা)।

**সভ্য** — শিষ্ট, ভদ্র, মার্জিত, সাধু ('-ভব্য। — রুচি')। যাহার সমাজ বা জীবনযাত্রা উন্নত, civilized ('— জাতি')। সভাসদ্, সদস্য। সভা সম্বন্ধীয়। .. **সভ্যতা** — শিষ্টতা, ভদ্রতা। সমাজ বা জীবনযাত্রার উৎকর্ষ, civilization.

**সম্-, সং-** — সম্যক্ সমুচ্চয় সমূহ সংযোগ সাদৃশ্য শোভন ইঃ সূচক উপসর্গ।

**সম** — ণ. সমান, তুল্য, সদৃশ ('-দর্শী। অগ্নি-')। ঋজু; অবন্ধুর ('-রেখা, -তল')। যুগ্ম। সাধু। যা. (সংগীতে) গীতবাদ্যাদির মানের সাম্য; তালের সমাপ্তি যাহা বেশী জোরে উচ্চারিত বা বাদিত হয়। ... যা. **সমতা, -ত্ব, সাম্য।**

**সমকক্ষ** - তুল্য প্রতিযোগী। ... যা. **-তা।**

**সমকাল** — সমসময়। ... ণ. **সমকালীন** — সমসাময়িক, এক সময়ের।

**সমকোণ** — পরস্পর লম্বভাবে অবস্থিত দুই রেখা জাত কোণ, right angle.

**সমক্ষ** — চক্ষুর সমীপ, প্রত্যক্ষ, সম্মুখ ('সমক্ষে')

**সমগ্র** — আগাগোড়া, সমস্ত। ( § সামগ্র্য)

**সমঝ** [ হি। < সম-বুধ- ] বোধ, জ্ঞান, বুদ্ধি। ... **সমঝদার** ] যে বোঝে। রসজ্ঞ, connoisseur. ... **সমঝানো** [ √ সমঝা-১৭ ] বুঝা। বুঝানো।

**সমঞ্জস** — উচিত, যোগ্য, সমীচীন, ঠিক। ( § সামঞ্জস্য)

**সমতল** — অবন্ধুর, সমপৃষ্ঠ, যাহা উঁচু-নীচু নয়, plain.

**সমতা, -ত্ব** — তুল্যতা, সমভাব, সাম্য। ঋজুতা, অবন্ধুরতা।

**সমতীত** — বিগত।
**সমতুল্য** — সমান সমান, সমকক্ষ। (দুষ্টপ্রয়োগ)
**সমদর্শী** (-র্শিন্) — ভেদজ্ঞানহীন, তুল্যদর্শী। ... ষ্য. **সমদর্শিতা। সমদর্শন।**
**সমধিক** — অত্যধিক, অনেক বেশী। Considerable.
**সমন** [ ই. summons ] আদালতে হাজির হইবার জন্য সাক্ষী আসামী ইঃর প্রতি হুকুমনামা ('— দেওয়া, ধরানো')
**সমন্তাৎ, সমন্ততঃ** (-তস্) — সকল দিকে, সর্বত্র।
**সমন্ত্রক** — মন্ত্রপূত।
**সমন্বয়** — সংগতি, অবিরোধ, মিলন। ... **সমন্বিত** — সংযুক্ত, মিলিত। অবিরুদ্ধ।
**সমপৃষ্ঠ** — সমতল।
**সমবয়স্ক — সমবয়সী** ] সমান বয়স বিশিষ্ট।
**সমবায়** — সমূহ। মিলন, union. যৌথ অনুষ্ঠান, co-operation. নিত্যসম্বন্ধ। ... **সমবায়ী** (-য়িন্) — নিত্যসম্বন্ধ; উপাদান ('— কারণ')
**সমবেত** — সম্মিলিত। নিত্যসম্বন্ধ।
**সমবেদনা, সমব্যথা** — অপরের দুঃখে দুঃখবোধ, সহানুভূতি। ... ণ. **সমব্যথী** (-থিন্)
**সমভাব** — সমান অবস্থা, সমতা।
**সমভিব্যাহার** — সঙ্গ, একত্র গমন ('সমভিব্যাহারে')। ... ণ. **সমভিব্যাহারী** (-রিন্) — সঙ্গী। .. স্ত্রী. **-রিণী।**
**সময়** — কাল ('এমন —। তিনটার —। — দেওয়া, লওয়া, পাওয়া')। অবসর, ফুরসত ('এখন — নাই। — করা। -মত')। সুযোগ, উপযুক্ত কাল ('— বুঝিয়া। — হওয়া। সময়োপযোগী, যথাসময়ে')। মৃত্যুকাল ('— হওয়া')। নিয়ম। প্রথা, প্রচল, convention. ... **সময়নিষ্ঠ** — যে নির্দিষ্ট সময়ে আসে বা কাজ করে, punctual. ... ষ্য. **-তা। সময়নিষ্ঠা।** ... **সময়মত** — যথাসময়ে। ... **সময়ান্তর** — অন্য সময়, কালান্তর। ... **সময়ে সময়ে** — কখনও কখনও। ... **সময়োচিত** — সময়ের পক্ষে উপযোগী।
**সমর** — যুদ্ধ। (§ সামরিক)। ... **সমরসচিব** — সন্ধি বিগ্রহের ভারপ্রাপ্ত মন্ত্রী।
**সমর্থ** — শক্তিবিশিষ্ট, কর্মপটু, পারক। উপযুক্ত। ... স্ত্রী. **সমর্থা।** (§ সামর্থ্য)
**সমর্থক** — সমর্থনকারী।
**সমর্থন** — প্রতিপোষণ, supporting ('প্রস্তাব — করা')। দৃঢ়ীকরণ। ... ণ. **সমর্থিত।**
**সমর্পণ** — সম্যক্ অর্পণ, সমস্ত স্বত্ব ছাড়িয়া দান ('সম্পত্তি-, কন্যা-, আত্ম-'। পদ্য ক্রি. 'সমর্পিল')। ... ণ. **সমর্পিত।**
**সমষ্টি** — সাকল্য, মোট ('-গত'। তুঃ ব্যষ্টি)
**সমসাময়িক** ] (স. সামসময়িক) সমকালীন, এক সময়ের।
**সমসূত্র** — একরেখাস্থ।
**সমস্ত** — সমুদয়। সমাসবদ্ধ। সমাহৃত, সংযুক্ত। সংক্ষিপ্ত। (তুঃ ব্যস্ত)
**সমস্যমান** — সমাসের অংশীভূত ('— পদ')
**সমস্যা** — কঠিন প্রশ্ন ('-পূরণ, -সমাধান')। জটিল বিষয়। যে অবস্থায় কর্তব্যনিরূপণ কঠিন, সংকট ('সমস্যায় পড়া')
**সমা** — বৎসর।
**সমাকীর্ণ** — ব্যাপ্ত, সংকুল ('জন-')
**সমাকুল** — ব্যাকুল; ব্যাপ্ত ('অশ্রু-')। সংশয়িত।
**সমাক্রান্ত** — আক্রান্ত, অধিষ্ঠিত। ব্যাপ্ত।
**সমাক্ষরেখা** — (ভূগোলে) নিরক্ষরেখার সমান্তরাল ভূপৃষ্ঠস্থ কাল্পনিক রেখা, parallel of latitude.
**সমাগত** — উপস্থিত, সম্মিলিত। ... ষ্য.

**সমাগম** ('বর্ষা-, প্রিয়-')
**সমাচার** — বার্তা, সংবাদ। শিষ্টাচার।
**সমাচ্ছন্ন** — সমাবৃত। অভিভূত।
**সমাজ** — পরস্পর-নির্ভরশীল জনসমূহ বা প্রাণিসমূহ, society ('নর-, ভদ্র-, নিম্ন-, পিপীলিকা-। -চ্যুত, -নীতি, -বন্ধ, -সংস্কার')। দল, সমূহ, জাতি ('নারী-')। সম্প্রদায়, সংঘ, সমিতি, সভা ('বৈষ্ণব-, ব্রাহ্ম-। -গৃহ')। (বাং) বৈষ্ণব ইঃর সমাধি। (§ সামাজিক)। ... **সমাজতন্ত্র** — সমাজ বা রাষ্ট্রের গঠন বিষয়ক মত বিঃ, socialism (ব্যক্তিগত প্রাধান্য ও জমিদারির লোপ, রাষ্ট্র কর্তৃক বৃহৎ শিল্পাদি পরিচালনা ইঃ)। ... ণ. **সমাজতন্ত্রীয়**। ... **সমাজতন্ত্রী** (-ন্ত্রিন্) — উক্তমতাবলম্বী, socialist. ... **সমাজপতি** — সমাজের মুখ্য ব্যক্তি। ... **সমাজশাসন** — সমাজে প্রচলিত বিধি-নিষেধ। ... **সমাজসেবা** — জনসাধারণের হিতসাধন।
**সমাদর** — অতিশয় আদর, সম্মান। ... ণ. **সমাদৃত**।
**সমাধা, সমাধান** — নিষ্পত্তি, মীমাংসা। সিদ্ধান্ত। সমাপন। প্রতিকার। (§ সমাহিত)
**সমাধি** — বাহ্যজ্ঞানবিরহিত ধ্যান, তন্ময়তা, ('সমাধিস্থ')। সমাধান। কবর ('-ক্ষেত্র')। (§ সমাহিত)। ... **সমাধি প্রস্তর** — সমাধির উপর স্থাপিত পাষাণ ফলক। ... **সমাধি মন্দির** — সমাধির উপর নির্মিত স্মৃতিরক্ষক স্থাপত্য। যেমন— তাজমহল।
**সমাধ্যায়ী** — সতীর্থ।
**সমান** — সম, অভিন্ন ('-ধর্মা')। সদৃশ, তুল্য। নাভি- বা উদর-স্থিত বায়ু।... **সমানধর্মা** — একরূপ মনের গতিপ্রকৃতি যাহাদের। ... **সমানাধিকরণ** — যাহাদের আশ্রয়স্থল বা অবস্থা এক। বহুব্রীহি সমাসে উভয় পদের বিভক্তি যেখানে অভিন্ন।
**সমানুপাত** — সমান সম্বন্ধ। (গণিতে) দুই রাশির অনুপাতের সহিত অন্য দুই রাশির অনুপাতের সমতা, proportion.
**সমান্তর** — সমান ব্যবধান বা পরিমাণভেদ বিশিষ্ট (যথা ৩, ৬, ৯)। equidistant. ... **সমান্তর, সমান্তরাল**—সর্বত্র সমদূরবর্তী, parallel **('— রেখা')**
**সমাপক** — যে শেষ করে। ... স্ত্রী. **সমাপিকা**। — যাহাদ্বারা বাক্য সম্পূর্ণ হয় ('— ক্রিয়া')
**সমাপন** — সম্পূর্ণ করণ, উদ্‌যাপন। সমাপ্তি। ... ণ. **সমাপিত**।
**সমাপন্ন** — প্রাপ্ত। আপদ্‌গ্রস্ত। সমাপ্ত।
**সমাপ্ত** — সম্পূর্ণ, নিষ্পন্ন। ... ষ্য. **সমাপ্তি**।
**সমাবর্তন** — ব্রহ্মচর্যের অন্তে গৃহস্থাশ্রমে প্রবেশ। স্নাতকোত্তর ছাত্রগণকে উপাধি-বিতরণার্থ সভা, convocation.
**সমাবিষ্ট**—প্রবিষ্ট। আক্রান্ত। অভিনিবিষ্ট।
**সমাবৃত** — সম্যক্ আবৃত, পরিবেষ্টিত।
**সমাবেশ** — একত্র স্থাপন, সংস্থান ('সৈন্য-')। একত্র অবস্থান। অভিনিবেশ। প্রবেশ। ... **সমাবেশিত** — একত্র স্থাপিত।
**সমায়াত** — সমাগত।
**সমারম্ভ** — আরম্ভ, অনুষ্ঠান। সমারোহ।
**সমারোহ** — আড়ম্বর, ঘটা, ধুম। অত্যুন্নতি।
**সমার্থ, সমার্থক** — সমান অর্থ বা মানে বিশিষ্ট ('— শব্দ')
**সমালোচক** — সমালোচনাকারী।
**সমালোচন, -চনা** — দোষগুণের আলোচনা

বা বিচার। ... **সমালোচিত** — যাহার সমালোচনা হইয়াছে। ... **সমালোচ্য** — সমালোচনার যোগ্য বা বিষয়ীভূত।

**সমাস** — (ব্যাকরণে) একাধিক পদের একপদীকরণ; সংযুক্ত পদ। মিলন। সংক্ষেপ। (§ সমস্ত, সমস্যমান)

**সমাসক্ত** — অত্যাসক্ত, অভিনিবিষ্ট। সংযুক্ত। ... ষ্য. **সমাসক্তি, সমাসংগ।**

**সমাসহ** — নিকটবর্তী।

**সমাসীন** — উপবিষ্ট।

**সমাসোক্তি** — কাব্যের অলংকার **বিঃ।**

**সমাহার, সমাহরণ, সমাহৃতি** — সংগ্রহ। সমূহ। সংক্ষেপ। ... ণ. **সমাহৃত।** ... **সমাহারদ্বিগু** — সংখ্যাবাচক শব্দের সহিত সমাহার বা সমষ্টি বুঝাইতে যে সমাস নিষ্পন্ন হয়।

**সমাহিত** — নিষ্পাদিত, মীমাংসিত। অবহিত, একাগ্রচিত্ত। সমাধিস্থ। স্থাপিত।

**সমিতি** — সভা, পরিষৎ।

**সমিদ্ধ** — দীপিত, উত্তেজিত।

**সমিধ্, সমিৎ** (-ধ্) — যজ্ঞকাষ্ঠ, ইন্ধন। ... **সমিধ** — অগ্নি। যজ্ঞকাষ্ঠ।

**সমীকরণ** — তুল্য বা একজাতীয় করণ। (গণিতে) জ্ঞাত রাশি হইতে অজ্ঞাত রাশি নিরূপণ; এক রাশি বা রাশিসমূহের সহিত অপর রাশি বা রাশিসমূহের সমতা নির্দেশ; equation. (ব্যাকরণে) — খাঁটি বাংলা ভাষায় দুইটি শব্দ একত্র সংযুক্ত হইলে দ্রুত উচ্চারণে পূর্বপদের শেষ বর্ণ ও উত্তরপদের প্রথম বর্ণ একই বর্ণে পরিণত হয়—ইহাকে সমীকরণ বলে।

**সমীক্ষণ, সমীক্ষা** — পূর্বাপর বিবেচনা। দৃষ্টি। observation. অন্বেষণ। যত্ন। ... ণ. **সমীক্ষিত।** ... **সমীক্ষা** — সাংখ্যোক্ত চতুর্বিংশতিতত্ত্ব। মীমাংসাদর্শন।

**সমীক্ষ্যকারী** (-রিন্) — যে ফলাফল বা অগ্র-পশ্চাৎ বিবেচনা করিয়া কাজ করে। ... ষ্য. **-কারিতা।**

**সমীচীন** — সংগত, উপযুক্ত, যথার্থ, উচিত।

**সমীপ** — নিকট ('-বর্তী, -স্থ')। (§ সামীপ্য)

**সমীর, সমীরণ** — বায়ু।

**সমীরিত** — উচ্চারিত।

**সমীহ** [ < সমীহা ] সম্ভ্রমপ্রদর্শন, মান্য-ব্যক্তির সমক্ষে সংকোচ ('—করা')

**সমীহা** — চেষ্টা। সন্ধান। ইচ্ছা।

**সমুখ, সুমুখ** ] < সম্মুখ।

**সমুচিত** — উপযুক্ত, যথাযোগ্য, ন্যায্য।

**সমুচ্চয়** — সমূহ, সংগ্রহ, সমাহার।

**সমুচ্ছেদ** — সম্যক্ উচ্ছেদ।

**সমুত্থান** — সম্যক্ উত্থান; উদ্‌যোগ। উদয়, উৎপত্তি। ... ণ. **সমুত্থ, সমুত্থিত।**

**সমুৎসুক** — অতিশয় উৎসুক।

**সমুদয় ১** — সম্যক্ উদয়, সমুত্থান। ... ণ. সমুদিত।

**সমুদয় ২, সমুদায়** — সমস্ত, সকল, সমূহ।

**সমুদ্ভব** — উৎপত্তি। ... ণ. **সমুদ্ভূত।**

**সমুদ্যত** — সম্যক্ উদ্যত। ... **সমুদ্যম** — সম্যক্ উদ্‌যোগ, প্রচেষ্টা।

**সমুদ্র** — অর্ণব, উদধি, জলধি, তোয়ধি, তোয়নিধি, পয়োধি, পয়োনিধি, পারাবার, বারিধি, বারিনিধি, বারীন্দ্র, বারীশ, সাগর, সিন্ধু। (§ সমুদ্র, সামুদ্রিক)। ... **সমুদ্রগুপ্ত** — গুপ্তবংশীয় দিগ্‌বিজয়ী রাজচক্রবর্তী বিঃ। ... **সমুদ্রগৃহ** — (সংস্কৃতনাট্যে) — ধারাযন্ত্রযুক্ত গৃহ। জলাশয় মধ্যস্থ গ্রীষ্মাবাস। ... **সমুদ্রযাত্রা** — সমুদ্রপোতে আরোহণ করিয়া বিদেশ গমন। ... **সমুদ্রমন্থন** —

পুরাণে কথিত দেবাসুরের দ্বারা সমুদ্র জলরাশির আলোড়ন। .. **সমুদ্রমেখলা** — কাঞ্চীদামের মত সমুদ্র দ্বারা বেষ্টিতা (পৃথিবী)।

**সমুন্নত** — অতি উন্নত। .. ষ্য. **সমুন্নতি।**

**সমুন্নয়, -য়ন** — উচ্চীকরণ। উৎক্ষেপণ।

**সমূল, সমূলক** — মূলসহিত ('সমূলে')। সহেতুক।

**সমূহ** — রাশি। গণ, সমুদয়। (বাং) বহু, খুব ('— ক্ষতি, বিপদ্')। (§ সামূহিক)

**সমৃদ্ধ**—সম্যক্ বৃদ্ধিপ্রাপ্ত, সম্পত্তিশালী, prosperous ... ষ্য. **সমৃদ্ধি।**

**সমেত** — সহিত ('স্ত্রীপুত্র-')। সম্মিলিত ('সর্ব-')। উপস্থিত। প্রাপ্ত।

**সম্পত্তি, সম্পদ্** (স্ত্রী.) — **সম্পদ**] বিভব, ধন, বিষয়।

**সম্পন্ন** — নিষ্পন্ন, সম্পূর্ণ ('কার্য — করা')। সম্পত্তিশালী, যাহার অবস্থা ভাল ('— গৃহস্থ')। সহিত, যুক্ত ('শক্তি-')

**সম্পর্ক** — সংসর্গ, সম্বন্ধ, সংযোগ। (§ সম্পৃক্ত)। ... **সম্পর্কিত** — সম্পর্ক-বিশিষ্ট, সম্বন্ধযুক্ত। ... **সম্পর্কী** (-র্কিন্)—সম্পর্কশালী। ... **সম্পর্কীয়** — সম্বন্ধ-বিষয়ক। সম্পর্কিত।

**সম্পা** — বিদ্যুৎ।

**সম্পাত** — পতন ('অশনি-')। প্রবেশ।

**সম্পাতি** — রামায়ণে উক্ত গরুড়ের পুত্র, জটায়ুর অগ্রজ।

**সম্পাদক**—নির্বাহক, অধ্যক্ষ, secretary. সাময়িক পত্রের প্রবন্ধাদি সংকলন বা গ্রন্থাদি রচনার অধ্যক্ষ, editor. ... স্ত্রী. **সম্পাদিকা।** ... ণ. **সম্পাদকীয়।**

**সম্পাদন, -না** — নির্বাহ, সমাপন। সম্পাদকের কর্ম। ... ণ. **সম্পাদিত।** ... **সম্পাদ্য** — সম্পাদনযোগ্য, নিষ্পাদনীয়। (গণিতে) যে প্রতিজ্ঞায় অভীষ্ট ক্রিয়া সম্পাদন করিতে হয়, problem.

**সম্পুট** — কৌটা ঠোঙা ইঃর আধার।

**সম্পূরক**—যাহা সম্পূর্ণ করে। (গণিতে) কোনও কোণের সহিত যে কোণ যোগ করিলে দুই সমকোণ হয়, supplement.

**সম্পূর্ণ** — সমাপ্ত। পরিপূর্ণ। সমগ্র, সমস্ত। ... ষ্য. **-তা।**

**সম্পৃক্ত** — সম্বন্ধযুক্ত। সংযুক্ত, মিলিত।

**সম্পোষ্য** — পোষণযোগ্য। অভাবপূরণের উপযোগী।

**সম্প্রচার** — সর্বত্র প্রচার বা বাক্যাদি প্রেরণ (যথা রেডিও দ্বারা), broadcast.

**সম্প্রতি** — ইদানীং, অধুনা, আজকাল। অল্প কিছুকাল পূর্বে। (§ সাম্প্রতিক)

**সম্প্রদাতা** (-তৃ) — **সম্প্রদানকর্তা।**

**সম্প্রদান** — সম্যক্ প্রদান, সমর্পণ ('কন্যা-')। (ব্যাকরণে) কারক বিঃ, dative.

**সম্প্রদায়** — দল, সংঘ, সমাজ, sect, community ('বণিক্, মারোয়াড়ী, মুসলমান —')। (সাম্প্রদায়িক)

**সম্প্রয়োগ** — বাণিজ্যাদিতে অর্থাদির বিনিয়োগ। বশীকরণ। যৌনমিলন।

**সম্প্রসারণ** — বিস্তারণ। ... ণ. **-সারিত।**

**সম্প্রাপ্ত** — সম্যক্ লব্ধ।

**সম্প্রীতি** — প্রণয়। সন্তোষ।

**সম্বৎ, সংবৎ** — প্রবর্তিত অব্দ (বিক্রম —)।

**সম্বদ্ধ** — দৃঢ়বদ্ধ, সংযুক্ত। সম্বন্ধযুক্ত।

**সম্বন্ধ** — সম্পর্ক, relation, সংযোগ, connection. আত্মীয়তা। (বাং) বিবাহের প্রস্তাব ('— করা, হওয়া, ভাঙা')। (ব্যাকরণে) জন্যজনকতা ইঃ ভাব, possessive case. ... **সম্বন্ধী**

(-ন্ধিন্) — সম্বন্ধযুক্ত। কুটুম্ব। (বাং) শ্যালক। ... **সম্বন্ধীয়** ] সম্পর্কীয়।

**সম্বর** — (শম্বর দেখ)

**সম্বরা** ] ফোড়ন, গরম ঘি তেলে মসলা দিয়া ব্যঞ্জনের সহিত মিশ্রণ ('— দেওয়া')

**সম্বল** — পাথেয় ('পথের —')। পুঁজি। অবলম্বন।

**সম্বলিত** (সংবলিত দেখ)

**সম্বাধ** — বাধা, সংঘর্ষ। সংকট। ভিড়।

**সম্বিৎ, সংবিৎ** — চৈতন্য। সংজ্ঞা।

**সম্বুদ্ধ** — প্রবুদ্ধ, সম্যক্ জ্ঞানপ্রাপ্ত। চেতনাযুক্ত। ... ষ্য. **সম্বুদ্ধি**।

**সম্বোধন** — আহ্বান, ডাক। অভিভাষণ। আমন্ত্রণ। ... ণ. **সম্বোধিত**।

**সম্বোধি** — পরম জ্ঞান।

**সম্ভব** — ষ্য. উৎপত্তি, জন্ম ('কুমার-')। সম্ভাবনা। ণ. উৎপন্ন। (বাং) সম্ভবপর। (ক্রি. 'সম্ভবে' — সম্ভব হয়)। (§ সম্ভূত)। ... **সম্ভবপর** — যাহা হইতে পারে, possible.

**সম্ভাবনা, -বন** — সম্ভবপরতা-জ্ঞান, probability. হইবে এইরূপ জ্ঞান, expectation. সম্মান। যোগ্যতা। কাব্যালংকার বিঃ। ... **সম্ভাবনীয়, সম্ভাব্য** — যাহা সম্ভবপর বলিয়া ভাবা যাইতে পারে, probable. ... **সম্ভাবিত** — যাহা সম্ভবপর বলিয়া ভাবা হইয়াছে, expected. সম্মানিত।

**সম্ভার** — রাশি, সমূহ। সংগ্রহ। সম্বল। উপকরণ।

**সম্ভাষণ, সম্ভাষ** — আলাপ, কথাবার্তা। সম্বোধন, অভিভাষণ (পদ্যে ক্রি. 'সম্ভাষিল')। ... ণ. **সম্ভাষিত**।

**সম্ভূত** — উৎপন্ন, জাত।

**সম্ভূয়** — মিলিত। ... **সম্ভূয়সমুত্থান** - সমবেত প্রচেষ্টা।

**সম্ভোগ** — উপভোগ।

**সম্ভ্রম** — সম্মান, মর্যাদা ('-প্রদর্শন, -হানি')। সম্মানপ্রদর্শন ইঃর জন্য ব্যস্ততা। ('সসম্ভ্রমে')। ভয়। ভয়ভক্তি মিশ্রিত ভাব। আদর। গৌরব। ইজ্জত। ... **সম্ভ্রান্ত** — মর্যাদাশালী।

**সম্মত** — অনুমত, অনুমোদিত ('ধর্ম-')। স্বীকৃত, রাজী ('— হওয়া')। ... **সম্মতি** — অভিমত, মত, অনুমতি ('-ক্রমে')

**সম্মান** — মর্যাদা, খাতির, সমাদর ('— করা, দেখানো, পাওয়া। আত্ম-')। ... **সম্মাননা** — সম্মানপ্রদর্শন, সংবর্ধনা। ... ণ. **সম্মানিত**।

**সম্মার্জন** — পরিষ্করণ। ... **সম্মার্জনী, -র্জন** — ঝাঁটা।

**সম্মিত** — তুল্যপরিমাণ। সদৃশ। অনুমত, অনুযায়ী।

**সম্মিলন** — সম্যক্ মিলন, সংযোগ, union, একত্র হওয়া। সাক্ষাৎকার, meeting ('প্রিয়-')। ... ণ. **সম্মিলিত**। ... **সম্মিলনী** — সভা।

**সম্মুখ**—সমুখ, সুমুখ, অভিমুখ, সমক্ষ। সামনেকার। মুখামুখি ('-সমর')। ... **সম্মুখে** — সামনে, সমক্ষে। ... **সম্মুখীন** — সম্মুখবর্তী।

**সম্মূঢ়** — অতিশয় মোহবিশিষ্ট।

**সম্মেলন** — সভাদিতে লোকসমাগম, সভা, meeting, gathering. একত্র করণ।

**সম্মোহ** — অতিশয় মোহ। ... **সম্মোহন** — ষ্য. মুগ্ধ করণ, fascination. মদনের বাণ বিঃ। ণ. মোহজনক। ... **সম্মোহিত** — অতিশয় মোহিত।

**সম্যক্** (সম্যচ্) — সম্পূর্ণ। সর্বপ্রকারে, উত্তমরূপে।

**সম্রাজ্ঞী** — বহুরাষ্ট্রের অধিকারিণী। (বাং)

সম্রাটের পত্নী।

**সম্রাট্** (সম্রাজ্)—রাজাধিরাজ, বহুরাষ্ট্রের অধিপতি, emperor. (§ সাম্রাজ্য)

**সযত্ন** — সচেষ্ট। ('সযত্নে'—যত্নসহকারে)

**সয়তা** — মূলজাতীয় সবজির নিম্নাংশ কাটিয়া উল্টা করিয়া সূতা দিয়া ঝুলাইয়া দিলে তাহার পাতাগুলি উপর দিকে উঠিতে থাকে এই প্রক্রিয়ার নাম সয়তা।

**সয়তান, শয়তান** — ঈশ্বর বিরোধী দৈত্য। দুরাচার। দুর্জন।

**সর, শর** — দুধ দই ইঃর উপর যে স্তর জমে ('— পড়া')। ... **সরপুরিয়া** — দুধের সর দিয়া তৈরী মিষ্টান্ন। ... **সরভাজা** — ঘি দিয়া ভাজা সরের মিষ্টান্ন। ... **সয়া** — সইএর পুংলিঙ্গ। সইএর স্বামী।

**সরঃ** (সরস্) — সরোবর, হ্রদ ('সরোজ')। ... স্ত্রী. **সরসী**। (§ সারস)

**সরকার** [ফা] প্রভু, মালিক। গভর্নমেণ্ট। যে কর্মচারী পাওনা টাকা আদায় ইঃ বাহিরের কর্ম করে বা প্রভুর সাংসারিক কর্মে সহায়তা করে ('বিল-, বাজার-')। রাজস্ব আদায়ের বিভাগস্বরূপ পরগনার সমষ্টি (প্রাঅপ্রঃ)। ... **সরকারি**] সরকারের কাজ ('বিল-')। ... **সরকারী**] রাজকীয়, গভর্নমেণ্টের। সাধারণের, public.

**সরখেল** [ফা] — সামরিক বিভাগের উপাধি বিঃ।

**সরগরম** [ফা. -গর্ম্] উৎসাহপূর্ণ, যাহা জাঁকিয়াছে ('আসর —')

**সরজমিন, সরে-** [ফা. সর্‌জ়মীন=ভূপৃষ্ঠ] কোনও ব্যাপার সংক্রান্ত স্থান ('সর-জমিনে তদারক')

**সরঞ্জাম** [ফা] উপকরণ, আসবাব ('তামাক খাইবার, থিয়েটারের —')

**সরট** — কৃকলাস। টিকটিকি।

**সরণী, -ণি** (শ- বিরল) — পথ। পদ্ধতি।

**সরদল**] — শাঙা। দুয়ারের মুধুনী।

**সরদা** [হি] — খরমুজ জাতীয় ফল।

**সরপেচ** [ফা] — পাগড়িতে জড়াইবার রেশমী ফিতা।

**সরপোশ** [ফা] গেলাস ইঃর ঢাকনি।

**সরফরাজি** [ফা. -জ়ী] মোড়লি, অনাবশ্যক কর্তৃত্বপ্রদর্শন। আস্ফালন।

**সরবৎ** (শরবত দেখ)

**সরবতী** [আ] — পাগড়িতে ব্যবহৃত একপ্রকার কাপড়। একপ্রকার লেবু।

**সরবস**] -- সর্বস্ব (ব্র-বু)।

**সরবরাহ** [ফা. -রাহ্] যোগান, আয়োজন।

**সরম** (শরম দেখ)

**সরমা** — বিভীষণপত্নী। কুক্কুরী। (§ সারমেয়)

**সরযু, -যূ** — অযোধ্যার নদী বিঃ। গোগরা (ঘর্ঘরা)।

**সরল**—সোজা, ঋজু ('-রেখা')। **অকপট,** অকুটিল, সৎ ('— স্বভাব')। **অকঠিন,** সহজ, সুবোধ্য, সুসাধ্য ('— **অর্থ,** কাজ')। অনাড়ম্বর, সাদাসিধা ('— জীবনযাত্রা')। ... ষ্য. **-তা, সারল্য**। ... স্ত্রী. **সরলা**। ... **সরলবৃক্ষ** — দেবদারু-সদৃশ বৃক্ষ বিঃ। চির গাছ, pine.

**সরষে** (সরিষা, সর্ষপ দেখ)

**সরস ১** — রসযুক্ত, রসাল। চিত্তাকর্ষক। ... ষ্য. **সরসতা**।

**সরস ২** — সরোবর, হ্রদ ('মানস সরসে')

**সরসিজ** — সরোজ, পদ্ম।

**সরসী** — (স্ত্রী.) সরোবর।

**সরস্বতী** — বিদ্যা ও কলার দেবী, বাগ্‌দেবী, বাণী, বীণাপাণি, ভারতী। প্রাচীন নদী বিঃ। (§ সারস্বত)

**সরহ**] — চর্যাপদের কবি সরোজ বজ্র।

**সরহদ্দ** [ফা-আ. সর্‌-হদ্দ] সীমানা।

**সরা ১, শরা** [< সরাব, শ-] বাটি বিঃ (প্রায় মাটির)। হাঁড়ির ঢাকনি।

**সরা ২** √সর্‌-৫। < সৃ] চলা, তফাতে যাওয়া; নড়া; নিঃসৃত হওয়া ('স'রে দাঁড়াও। দরজার হুড়কো সরছে না, নল দিয়ে জল —')। ব্যবহার করা ('পুকুরের জল **সরানো** [√ সরা-১১] স্থানান্তরিত করা। চুরি করা (ব্যঙ্গে। 'টাকা কড়ি —')

**সরাই** [ফা] পান্থশালা, inn.

**সরান**] — প্রশস্ত দীর্ঘ পথ।

**সরাসরি** [ফা সর্‌সারী] সংক্ষিপ্ত, summary ('— বিচার'), অন্য কাহারও মারফত নয়। সোজাসুজি, direct.

**সরাব, শরাব** — মাটির ডিশ, সরা।

**সরাব** [আ] — মদ, সুরা।

**সরিৎ** — (স্ত্রী.) নদী।

**সরিষা / সরষে**] < সর্ষপ (দেখ)

**সরীসৃপ** — যে প্রাণী বুকে ভর দিয়া চলে, সর্প কুম্ভীর কচ্ছপ ইঃ, reptile. (সংস্কৃতে বৃশ্চিক ভেক ইঃও সরীসৃপ)

**সরু** — অস্থূল, পাতলা ('— হাত, কাঠি, চুড়ি')। মিহি, সূক্ষ্ম ('— চাল, সুতো, গলার স্বর')। অপ্রশস্ত, সংকীর্ণ ('— গলি')। ... **সরুচাকলি**] চাল কলাই বাটা ইঃর পাতলা পিঠা বিঃ।

**সরূপ** — সদৃশ। ... ষ্য. **-তা, সারূপ্য।**

**সরেজমিন** (সরজমিন দেখ)

**সরেস** [< সরস] উত্তম, ভাল ('— জিনিস'। তুঃ নিরেস)

**সরোজ** — পদ্ম। ... **সরোজিনী** — পদ্মের ঝাড়। পদ্মিনী (দেখ)

**সরোদ** [ফা। স. শারদা, সা-] বীণা বিঃ, শরদ।

**সরোবর**—পুষ্করিণী, হ্রদ। (সং) পদ্মাদি-যুক্ত জলাশয়।

**সরোরুহ** — **পদ্ম।**

**সরোষ** — ক্রুদ্ধ ('সরোষে')

**সর্গ** — সৃষ্টি, উৎপত্তি। প্রকৃতি, নিসর্গ। গ্রন্থের পরিচ্ছেদ। ত্যাগ, বিসর্জন।

**সর্জ** — শাল গাছ। ... **সর্জরস** — ধুনা।

**সর্জন** — সৃষ্টি।

**সর্জিকা, সর্জী** — সাজিমাটি। সোডা।

**সর্ত** (শর্ত দেখ)

**সর্দার** [ফা] দলপতি, নায়ক ('কুলীর, ডাকাতের —')। ... ষ্য. **সর্দারি**]

**সর্দি** [ফা] কফ রোগ, cold, catarrh ('— লাগা, হওয়া')। ঠাণ্ডা, আর্দ্রতা। ...**সর্দিগরমি**] অতিশয় উত্তাপ ভোগ জনিত অবসন্নতা, sunstroke.

**সর্প** — সাপ, অহি, আশীবিষ, উরগ, নাগ, পন্নগ, ফণী, ভুজগ, ভুজঙ্গ, ভুজঙ্গম ('সর্পদংশন, সর্পাঘাত')। ... স্ত্রী. **সর্পী, সর্পিণী।** ... **সর্পরাজ** — বাসুকি।

**সর্পিঃ** (-পিস্‌) — ঘৃত।

**সর্পিল**] চলন্ত সাপের তুল্য আঁকাবাঁকা। স্ক্রুর শিরার তুল্য, spiral.

**সর্পী** (-পিন্‌) — গতিশীল। ... স্ত্রী. **সর্পিণী।**

**সর্ব** — ণ. সব, সকল, সমস্ত। ষ্য. শিব। বিষ্ণু। (§ সার্ব)। ... **সর্বংসহ** — যে সমস্ত সহে। ... স্ত্রী. **-সহা।** — পৃথিবী। ... **সর্বগ** — সর্বত্রগামী। ... **সর্বগত** — সর্বব্যাপী। ... **সর্বজনীন** — সকলের হিতকর, সার্বজনিক; সর্ব-সাধারণের জন্য ('— দুর্গোৎসব')। ... **সর্বজ্ঞ** — যে সব জানে, omniscient. ... **সর্বতঃ** (-তস্‌) — সকল দিকে বা

প্রকারে ('সর্বতোভাবে')। ... **সর্বতোভদ্র** — পূজাদি ক্রিয়ায় চতুষ্কোণ মণ্ডল বা আলপনা বিঃ। চতুর্দিকে দ্বার যুক্ত গৃহ বিঃ। (জ্যোতিষে) শুভাশুভজ্ঞানার্থ মণ্ডল বা চিত্র বিঃ। ... **সর্বতোমুখ** — যাহার মুখ সর্বদিকে। ... **সর্বত্র** — সকল স্থানে দিকে বা বিষয়ে। ... **সর্বথা** — সর্বপ্রকারে। ... **সর্বদমন** — দুষ্মন্ত-শকুন্তলার পুত্র ভরত। ... **সর্বদর্শী** (-র্শিন্) — সর্বদ্রষ্টা, অতিশয় অভিজ্ঞ। ... **সর্বদা** — সকল সময়ে, হামেশা। ... **সর্বনাম** (-নামন্) — (ব্যাকরণে) বিশেষ্যের পরিবর্তে প্রযোজ্য **শব্দ**, pronoun. ... **সর্বনাশ** — সমস্ত ধ্বংস, মহাবিপদ্। ... **সর্বনাশী** (-শিন্) — **সর্বনেশে**] যে সর্বনাশ করে। ... স্ত্রী. **-নাশিনী**। **-নাশী**] ... **সর্ববাদী** (-দিন্) — সকলপ্রকার মতাবলম্বী ('সর্ববাদিসম্মত')। ... **সর্বব্যাপী** (-পিন্) — সর্বত্র অবস্থিত, all-pervading. ... **সর্বময়** — সর্বাত্মক। ঈশ্বর। ... **সর্বশঃ** (-শস্) — সর্ববিষয়ে, সর্বপ্রকারে। ... **সর্বশক্তিমান্** (-মৎ) — সকলপ্রকার শক্তি বিশিষ্ট, omnipotent. ... **সর্বসম্মত** — সকলের অনুমোদিত। ... ষ্য. **-সম্মতি** — unanimity ('-ক্রমে')। ... **সর্বসাধারণ** — ইতর ভদ্র আবালবৃদ্ধবনিতা সকলে। ... **সর্বস্ব** — সকল ধন। ... **সর্বস্বান্ত** — ষ্য. সমস্ত ধনের নাশ। ... ণ. যাহার তাহা হইয়াছে।

**সর্বাঙ্গ** — সকল অঙ্গ ('-সুন্দর')। ... ণ. **সর্বাঙ্গীণ**।

**সর্বাণী** — দুর্গা।

**সর্বাধিকারী** — সকল বিষয়ে যাহার অধিকার। বাঙালী হিন্দুদের উপাধি বিঃ।

**সর্বেশ্বর** — সকলের প্রভু।

**সর্বেসর্বা**] একমাত্র কর্তা, all in all.

**সর্বোত্তম** — সকলের শ্রেষ্ঠ।

**সর্বোপরি** — সকলের উপর।

**সর্ষপ** — **সরিষা** / **সরষে**] তৈলপ্রদ শস্য বিঃ, rape-seed ; mustard. (§ সার্ষপ)

**সলজ্জ** — লজ্জিত, লজ্জাযুক্ত ('সলজ্জে')

**সলা** [আ. সলাহ্] পরামর্শ।

**সলাজ**] < সলজ্জ।

**সলিতা / সলতে**] প্রদীপের সরু পলিতা।

**সলিল** — জল। ... **সলিলসমাধি** — জলে ডুবিয়া মরণ।

**সলীল** — লীলাযুক্ত, ভঙ্গীসহিত। কৌতুকী।

**সল্লকী** (শল্লকী দেখ)

**সশঙ্ক** — শঙ্কান্বিত, ভীত ('-চিত্ত। সশঙ্কে')। সশঙ্কিত অশুদ্ধ)

**সশব্দ** — শব্দসহিত (সশব্দে')

**সশরীর** — শরীরসহিত ('সশরীরে')

**সশস্ত্র** — অস্ত্রধারী, সায়ুধ, armed.

**সসজ্জ** — সজ্জিত।

**সসত্ত্ব** — প্রাণিযুক্ত। ... **সসত্ত্বা** — গর্ভবতী।

**সসম্ভ্রম** — সম্মান ও ব্যস্ততাসহ ('সসম্ভ্রমে')

**সসম্মান** — সম্মানসহিত ('সসম্মানে')

**সসাগরা** — সাগরসহিতা ('—ধরা')

**সসীম** — সীমাবিশিষ্ট, finite (তুঃ অসীম)

**সসেমিরা**] সংকটাবস্থা (বত্রিশ সিংহাসনের গল্প হইতে)

**সসৈন্য** — সৈন্যসহিত ('সসৈন্যে')

**সস্তা**] কমদামী, সুলভ।

**সস্ত্রীক** — সপত্নীক, ভার্যার সহিত।

**সস্নেহ** — স্নেহসহিত, বাৎসল্যবিশিষ্ট ('সস্নেহে')

**সস্পৃহ** — স্পৃহাযুক্ত।

**সস্মিত** — সহাস্য। মৃদুহাস্যযুক্ত।

**সহ** — সহিত ('সহকর্মী')। সংযুক্ত, joint ('সহসম্পাদক')

**-সহ** — সহন; সহিষ্ণু ('দুঃসহ। ভার-')

**সহকর্মী** (-র্মিন্), **-কারী** (-রিন্) — যে সঙ্গে কাজ করে, সাহায্যকারী। (প্রায় — সহকর্মী = colleague. সহকারী = assistant) ... ষ্য. **সহকর্মিতা, -কারিতা।**

**সহকার** — আম্রবৃক্ষ। সহযোগ ('যন্ত্র-সহকারে')। ... **সহকারী** (সহকর্মী দেখ)

**সহগমন** — সঙ্গে গমন। সহমরণ (দেখ)

**সহচর** — সঙ্গী, সখা। ... স্ত্রী. **সহচরী।** (§ সাহচর্য)

**সহচারী** (-রিন্)—যে সঙ্গে বিচরণ করে। ... স্ত্রী. **-চারিণী।**

**সহজ** — সহজাত। স্বাভাবিক। (বাং) অনায়াসসাধ্য, সোজা; সুবোধ্য ('—কাজ, কথা')। সরল ('—লোক')। ... **সহজে]** অনায়াসে ('— করিতে পারা')। সাধারণতঃ, সামান্য কারণে ('— ঘটে না')। (§ সাহজিক)। ... **সহজপ্রবৃত্তি** — সহজাত অশিক্ষালব্ধ প্রবৃত্তি, সহজাতসংস্কার, instinct.

**সহজাত** — জন্মসহ উৎপন্ন ('কর্ণের — কুণ্ডল')। একসঙ্গে জাত। ... **সহজাত-সংস্কার** — সহজপ্রবৃত্তি (দেখ)

**সহজিয়া]** প্রাকৃতিক। বৈষ্ণবাদির সাধনার পদ্ধতি বিঃ।

**সহদেব** — পঞ্চম পাণ্ডব, মাদ্রীপুত্র।

**সহধর্মী** (-র্মিন্) — সমান ধর্ম বিশিষ্ট। ... **সহধর্মিণী** — পত্নী।

**সহন** — ষ্য. সহ্য করা, দুঃখ কষ্ট অপমান ইঃ ভোগ, মর্ষণ, বরদাস্ত ('-শীল')। ক্ষমা। প্রতীক্ষা। ... ণ. সহিষ্ণু। . **সহনীয়** — সহনযোগ্য, সহ্য। ... **সহন-শীল** — সহিষ্ণু।

**সহপাঠী** (-ঠিন্) — একসঙ্গে যে পড়ে, সহাধ্যায়ী। ... স্ত্রী. **-ঠিনী।**

**সহবত** [আ. সুহ্-] সংসর্গজ শিক্ষা।

**সহবাস** — একত্র বাস। স্বামী-স্ত্রী রূপে বাস। মৈথুন।

**সহমরণ** — মৃত পতির সহিত মরণ। ... ণ. **সহমৃতা।**

**সহযাত্রী** (-ত্রিন্) — সহগামী, একসঙ্গে গমনকারী। একপথের পথিক। . স্ত্রী. **-যাত্রিণী।**

**সহযোগ** — সংযোগ, মিলন ('বিবিধ উপাদান সহযোগে প্রস্তুত')। সাহায্য, সহকারিতা, অন্যের কর্মে যোগদান, co-operation. ... **সহযোগী** (-গিন্) — সাহায্যকারী, সহকর্মী। ... ষ্য. **-যোগিতা।**

**সহর্ষ** — হর্ষযুক্ত ('সহর্ষে')

**সহসা** — হঠাৎ, অকস্মাৎ।

**সহস্র** — হাজার, ১০০০ অঙ্ক বা পরিমাণ। ... **সহস্রক** — সহস্র বৎসর কাল, millennium. ... **সহস্রধা** — সহস্র খণ্ডে প্রকারে বা দিকে। সহস্রবার। ... **সহস্রশঃ** (-শস্) — হাজারে হাজারে।

**সহস্রাক্ষ** — ইন্দ্র, সহস্র লোচন।

**সহস্রার** — যোগশাস্ত্রে উক্ত শিরোমধ্যস্থ অধোমুখ সহস্রদল পদ্ম।

**সহা / সওয়া** [√সহ্-৬। < সহ্] সহন করা ('কষ্ট, তাপ, অপমান, ধকল —')। সহনীয় হওয়া ('গরম জল হাতে —। তরকারিতে আরও নুন সইবে')। ... ণ. যাহা সহ্য হয় ('গাসহা')। ...

**সহানো / সওয়ানো** [√ সহা-১২]

সহন করানো।
**সহাধ্যায়ী** (-য়িন্) — **সহপাঠী।**
**সহানুভূতি** — **সমবেদনা, সমব্যথা।**
**সহায়, সহায়ক** — সাহায্যকারী, সহকারী। পৃষ্ঠপোষক। ... ষ্য. **সহায়তা, সাহায্য।**
**সহাস্য** — হাস্যযুক্ত ('-বদন। সহাস্যে')
**সহি / সই** [আ. সহীহ্] ষ্য. স্বাক্ষর, দস্তখত। ... ণ. প্রামাণিক, স্বীকার্য ('তাই সই')
**-সহি / -সই** [আ. কিংবা < সহিত] অনুযায়ী, সমান, পর্যন্ত, উপযুক্ত ('মাপ-, বুক-, জল-, মানান-')
**সহিত** — সঙ্গে ('তাঁহার —')। সংযুক্ত ('ভক্তি- জ্ঞান')। (§ সাহিত্য)
**সহিষ্ণু** — সহনশীল, ধৈর্যশীল, তিতিক্ষু, ক্ষমাবান্। ... ষ্য. **-তা।**
**সহিস** (সইস দেখ)
**সহুরে** — সহরবাসী।
**সহৃদয়** — হৃদয়বান্, সদাশয়। আন্তরিক। গুণগ্রাহী, বিদ্বান্, রসজ্ঞ। ... ষ্য. **-তা।**
**সাহোক্তি** — কাব্যালংকার বিঃ।
**সহোঢ়** — কুমারী অবস্থায় গর্ভজাত হইয়া বিবাহের পর প্রসূত।
**সহেলী**] (হি) — সখী, সহচরী।
**সহোদর** — সোদর, একমাতৃগর্ভজাত ভ্রাতা। ... **স্ত্রী. সহোদরা।**
**সহ্য** — ণ. সহনযোগ্য, সহনীয় ('— হওয়া')। ... ষ্য. (বাং) সহন, বরদাস্ত ('— করা')। **সহ্যাদ্রি,** ভারতের পশ্চিম উপকূলের পর্বতমালা, পশ্চিমঘাট।
**সা**] (সংগীতে) স্বরগ্রামের প্রথম স্বর ষড়্জের সংকেত।
**সাঁ, সাঁই সাঁই, সোঁ**] অনুকার বা বেগ-সূচক শব্দ ('সাঁ, সোঁ ক'রে চলে গেল। সাঁই সাঁই, সোঁ সোঁ ক'রে হাওয়া বইছে। গলা সাঁই সাঁই করে')
**সাইকেল** (বাইসিকেল দেখ)
**সাইত** — সুযোগ।
**সাউ** (সাহু, সাধু) — উপাধি বিঃ।
**সাউকারি, সাউগিরি, সাউখুরি** (সাহু-দেখ)
**সাঁওতাল** [< সামন্ত-পাল] ভারতীয় আদিমজাতি বিঃ। ... ণ. **সাঁওতালী**]
**সাংকর্ষ, সাঙ্কর্ষ** — সংকরতা।
**সাংকেতিক, সাঙ্কেতিক** — সংকেত-কারক বা সম্বন্ধীয় ('— চিহ্ন')
**সাংখ্য** — কপিলকৃত দর্শনশাস্ত্র বিঃ।
**সাংগ্রামিক** — যুদ্ধবিষয়ক। **সমরনিপুণ।**
**সাংঘাতিক, সাঙ্ঘা-** — মারাত্মক।
**সাংবৎসরিক, সাংবৎসর** — বার্ষিক। বৎসরান্তে করণীয়।
**সাংবাদিক** — সংবাদ সম্বন্ধীয়। যে সংবাদ-পত্রের কাজ করে।
**সাংশয়িক** — সংশয়যুক্ত, সন্দিহান। সংশয় সম্বন্ধীয়।
**সাংসর্গিক** — সংসর্গজাত।
**সাংসারিক** — সংসার বা জীবনযাত্রা বিষয়ক; পারিবারিক ('— অবস্থা')। সংসারাসক্ত।
**সাকল্য** — সমগ্রতা, সমষ্টি। সমুদায়।
**সাকাঙ্ক্ষ** — আকাঙ্ক্ষাযুক্ত, লুব্ধ।
**সাকার** — আকারযুক্ত, মূর্তিমান। (তুঃ নিরাকার)। ... স্ত্রী. **সাকারা।... সাকার-বাদ** — ঈশ্বরের কল্পিত মূর্তির পূজার প্রয়োজন আছে এই মত।... **সাকারবাদী** (-দিন্) — উক্তমতাবলম্বী। ... **সাকারোপাসনা** — মূর্তিপূজা।
**সাকিন** [আ] নিবাস, ঠিকানা।
**সাকী** [আ] সুরা-পরিবেশক।
**সাকুব** (আ) — বুদ্ধিমান।
**সাঁকো** [< সংক্রম] সেতু, পুল।
**সাক্ষর** — অক্ষরযুক্ত। যাহার অক্ষরজ্ঞান

আছে। (বিপঃ নিরক্ষর।)

**সাক্ষাৎ** — প্রত্যক্ষ, মূর্তিমান ('—যম')। (বাং) সাক্ষাৎকার, দেখা, মোলাকাত ('— করা, পাওয়া, মেলা')। সমক্ষ ('সকলের সাক্ষাতে')। ... ণ. — মূর্তিমান। (সাক্ষাৎ ধন্বন্তরি)। ... **সাক্ষাৎকার** — —প্রত্যক্ষকরণ। দেখা করা। ... **সাক্ষাৎ-কারী** (-রিন্), **সাক্ষাৎকর্তা** (-তৃ) — প্রত্যক্ষকারী। যে দেখা করে। ... **সাক্ষাৎসম্বন্ধ** — প্রত্যক্ষ সম্বন্ধ।

**সাক্ষি** ] < সাক্ষ্য ('— দেওয়া')

**সাক্ষী** (-ক্ষিন্) — প্রত্যক্ষকারী; যাহার কোনও ঘটনা বা বিষয় জানা আছে, যে এজাহার দেয় ('মকদ্দমার —')

**সাক্ষ্য** -- সাক্ষীর কর্ম। এজাহার।

**সাগর** — সমুদ্র। ... **সাগরসংগম**। — সাগরের সহিত নদীর মিলনস্থান। ... **সাগরসেঁচা** ] — সাগরের জল সেচন করিয়া যাহা মিলে।

**সাগু / সাবু** [ পো. sagu ] বৃক্ষ বিঃএর মজ্জা হইতে প্রস্তুত পালোর দানা, sago (রোগীর খাদ্য)

**সাগ্নিক** — অগ্নিহোত্রী।

**সাঙ্কর্য, সাঙ্কেতিক** (সাং- দেখ)

**সাঙ্গ** — অঙ্গসহিত। পূর্ণাঙ্গ। সমাপ্ত ('— করা')। ... **সাঙ্গোপাঙ্গ** — অঙ্গ ও উপাঙ্গ সহিত ('— বেদ')। সদলবল।

**সাঙ্গা ১ / সাঙা** [ < সঙ্গ ] নিম্নশ্রেণীর হিন্দুর বিবাহ বিঃ (প্রায় বিধবাবিবাহ), নিকা।

**সাঙ্গা ২ / সাঙা** ] বাঁশ ইঃর আলনা বা জিনিসপত্র রাখিবার তাক। খড়ের চাল ধরিবার ঠেকনা যে বাঁশের উপর আশ্রয় পায়।

**সাঙ্গাত / সেঙ্গাত, সেঙাত** [ < সঙ্গ- ] বন্ধু, মিতা, সখা (গ্রাম্য)

**সাঙ্ঘা, সাংঘা** — নৌকা বা ডিঙ্গার বহর। (প্রা-সা)

**সাঙ্ঘাতিক** (সাংঘা- দেখ)

**সাচান** — বাজপাখী।

**সাঁচ** — বাঁকা। ... **সাচীকৃত** — বাঁকানো।

**সাচিব্য** — মন্ত্রিত্ব।

**সাচ্চা, সাঁ-** ] < সত্য, খাঁটী ('— কথা'। '— জরি' — সোনার বা সোনার লেপ দেওয়া রূপার সূতা, তামার নয়। (তুঃ ঝুটা)

**সাজ** ] < সজ্জা, বেশ, পরিচ্ছদ ('বরের, যুদ্ধের, ঘোড়ার —। -গোজ')। অলংকার, ('ডাকের —')। সরঞ্জাম, উপকরণ ('তামাকের —')। ... **সাজঘর** ] যে ঘরে অভিনেতৃগণ সাজে, নেপথ্য, green-room. ... **সাজসাজরব** — প্রস্তুত হওয়ার জন্য আহ্বান। ... **সাজন্ত** ] শোভন, মানানসই। সজ্জিত।

**সাঁজ** (সাঁঝ দেখ)

**সাঁজাল** ] — খড় কিংবা ঘুঁটে জ্বালাইয়া মশা নিবারণের ধোঁয়ার সৃষ্টি।

**সাজশ** [ আ. সাজি.শ ] কুকর্মে সহযোগ, collusion ('যোগ-')

**সাজা ১** [ √ সাজ্ ৭। < সস্‌জ্ ] সজ্জিত হওয়া ('যাবার জন্যে সেজে নাও। সেজেগুজে')। বেশ বা রূপ ধারণ করা, ভান করা ('বর, সঙ, সাধু —')। সেবন-যোগ্য করা ('পান, তামাক —')। ... ণ. (শেষ অর্থে)। ... **সাজানো** [ √ সাজা-১১। সজ্জিত করা। ... ণ. সজ্জিত।

**সাজা ২** (সাজো দেখ)

**সাজা ৩** [ ফা. সজা. ] শাস্তি ('— দেওয়া, পাওয়া')

**সাজা ৪** — এজমালী। যাহাতে অনেকের অধিকার।

**সাঁজা** [ < সন্ধান ] দধি ইঃর বীজ,

দম্বল।

**সাজাত্য** — একজাতীয়তা।

**সাঁজাল** [ < সন্ধ্যা- ] মশা তাড়াইবার জন্য খড় ইঃর ধূম ('গোয়ালে — দেওয়া')

**সাজি ১, সাজিমাটি** [ < সর্জিকা] মৃত্তিকামিশ্রিত স্বাভাবিক সোডা-ক্ষার।

**সাজি ২** ] ফুল রাখিবার ডালা।

**সাঁজুড়িয়া** ] ভারবাহী (প্রা-সা)

**সাজো, সাজা** ] < সদ্য, টাটকা ('— দই')

**সাঁজোয়া** [ < সংযোগ ] বর্ম, armour.

**সাজোয়ান** ] খুব জোয়ান।

**সাঁঝ, -জ** ] < সন্ধ্যা ( ঃ সাঁজাল)

**সাঁঝা** ] — সাঁঝবাতি।

**সাট ১, সাঁট** [ < শাণ, শাণী ] ইশারা, সংকেত। সংক্ষেপ ('সাটে সেরে নাও')

**সাট ২** ] সড়, গোপন পরামর্শ বা যোগ।

**সাঁটা** [ হি। √ সাঁট্-৭ ] আঁটা।

**সাটিন** [ ই ] চিক্কণ রেশমী বস্ত্র বিঃ।

**সাটোপ** — অহংকারের সহিত। সাড়ম্বর।

**সাড়, সান** ] < সংজ্ঞা, চেতনা। স্পর্শ-বোধ।

**সাড়ম্বর** — আড়ম্বরযুক্ত ('সাড়ম্বরে')

**সাড়া** ] আহ্বানের উত্তর ('— দেওয়া। -শব্দ')। প্রতিক্রিয়া, response. শব্দ, চাঞ্চল্য, শোরগোল ('পাড়ায় — পড়া')

**সাঁড়া, ষাঁড়া** ] অফলা (গাছ)।

**সাঁড়াশি** [ < সন্দংশিকা, সণ্ডিশ ] তপ্ত দ্রব্য ইঃ ধরিবার যন্ত্র, tongs.

**সাড়ে** ] < সার্ধ ('সাড়ে তিন' = ৩½)

**সাত** ] < সপ্ত, ৭ অঙ্ক বা পরিমাণ। ... **সাতনর, -নরী** [ < -লহরী ] হার বিঃ। ... **সাতপাঁচ** ] নানারকম ('— ভাবা')

**সাতসতেরো** — অবান্তর।

**সাতত্য** — অবিচ্ছেদ, অবিরতি।

**সাঁতরা** ] বাঙ্গালী হিন্দুর উপাধি বিঃ (সামন্তরায়)।

**সাঁতরানো** [ √ সাঁত্‌রা-১৭ ] সাঁতার দেওয়া।

**সাঁতলানো** [ √ সাঁত্‌লা-১৭ ] তরকারি ইঃ ঘিএ বা তেলে অল্প ভাজা, কষা। সম্বরা দেওয়া।

**সাতা** ] সাত ফোঁটা চিহ্নিত তাস।

**সাঁতার** ] সন্তরণ, জলে ভাসিয়া বিচরণ ('— দেওয়া, কাটা')। ... **সাঁতারু** ] যে সাঁতার দেয়। সন্তরণপটু।

**সাতিশয়** — অধিক, অত্যন্ত।

**সাতেসরী** — সাতকণ্ঠী।

**সাত্বৎ** — যদুবংশীয়।

**সাত্ত্বিক** — সত্ত্বগুণ -জাত বা সম্বন্ধীয়। সাধু, সৎ। প্রণয় ইঃ জনিত মনের ভাব বিঃ (স্তম্ভ স্বেদ রোমাঞ্চ স্বরভঙ্গ বেপথু বৈবর্ণ্য অশ্রু প্রলয় বা মূর্ছা — এই সকল লক্ষণ যুক্ত)

**সাত্যকি** — যাদব বীর বিঃ।

**সাথী** [ < সার্থিক ] সঙ্গী, সহচর, সেথো।

**সাথুয়া** — সেথো। তীর্থসঙ্গী।

**সাথে** [ < সার্থ- ] সঙ্গে, সহিত (গ্রাম্য বা প্রাদেশিক বা পদ্যে। 'অমুকের ')

**সাদন** — বিনাশন। দুর্বল করণ। ... ণ. **সাদিত**।

**সাদর** — আদরের সহিত ('— আহ্বান। সাদরে')

**সাদা** [ ফা. সাদহ্ ] শ্বেত, শুভ্র, অরঞ্জিত; অলিখিত, অনলংকৃত; সরল ('—কাগজ, হাত, চুড়ি, মন')। ... **সাদাসিধা, -সিধে, সাদামাঠা** ] অনাড়ম্বর, সরল।

**সাদি** (শাদি দেখ)

**সাদী** (-দিন্), **সাজি** — অশ্বারোহী। রথ- বা গজ- আরোহী।

**সাদৃশ্য** — একরূপতা, তুল্যতা। আলেখ্য।

**সাধ** [< শ্রদ্ধা] স্পৃহা, কামনা, শখ ('বড়লোক হওয়ার —। সাধের তরণী। — করা, মেটা')। গর্ভিণীর কোনও খাদ্যাদিতে রুচি, দোহদ। তৎসম্বন্ধীয় অনুষ্ঠান বিঃ ('-ভক্ষণ। — দেওয়া')। ... **সাধে**] সাধ করিয়া, স্বেচ্ছায় ('সাধে কি এসেছি?')

**সাধক** — সাধনকর্তা, সম্পাদক, কারক; সহায়ক ('হিত-। উত্তর-')। আরাধক ('তান্ত্রিক —')। ... স্ত্রী. **সাধিকা।**

**সাধন** — সম্পাদন, সিদ্ধি ('কার্য-')। সাধনা (দেখ। 'মন্ত্রের —')। সাধক, সহায়। কোনও কার্য করিতে যাহা আবশ্যক হয়, সাধিত্র, instrument, tool. ... স্ত্রী. **সাধনী।** ... **সাধনা** — আরাধনা ('দেবতার, তান্ত্রিক —')। অভ্যাস, শিক্ষা ('সংগীত-')। কাম্যবস্তু-লাভ বা উদ্দেশ্যসিদ্ধির জন্য চেষ্টা, ব্রত ('ভারতের —')। (§ সাধিত, সাধ্য)। ... **সাধনীয়** — সাধনার যোগ্য, সম্পাদ্য।

**সাধর্ম্য** — সমধর্মবত্তা। সাম্য। (তুঃ বৈধর্ম্য)

**সাধা** [√ সাধ্-৭। < সাধ্] সাধন করা, সিদ্ধির নিমিত্ত অভ্যাস করা ('ইষ্ট-মন্ত্র, গানের জন্য গলা —')। অনুনয় করা ('খাইবার জন্য —')। অযাচিত হইয়া কিছু করা ('সেধে কথা বলা')। ঘটানো ('বাদ —')। সমাধান করা ('ব্যাকরণের পদ —')। ... ণ. অভ্যাস-দ্বারা মার্জিত ('— গলা')। ... **সাধা-সাধি**] সাধ্যসাধন, বার বার অনুনয়।

**সাঁধানো, সাধানো** — প্রবেশ করা।

**সাধারণ** — বিশিষ্টতাহীন, যাহা প্রায় দেখা যায় ('— লোক, ঘটনা')। সর্বজনীন ('— পাঠাগার')। সকল, নির্বিশেষ ('জন-')। সামান্য, বর্গের সকলের, common, general ('সদস্যগণের— সভা। জড়পদার্থের — ধর্ম')। সকল ব্যক্তি ('সাধারণের জন্য') ... **সাধারণতঃ** (-তস্) — প্রায়শঃ। ... **সাধারণতন্ত্র** — রাজা ব্যতিরেকে প্রজার প্রতিনিধিবর্গ কর্তৃক রাষ্ট্রপরিচালনা বা পরিচালিত রাষ্ট্র, republic. ... **সাধারণ্য** — সাধারণের ধর্ম, সাধারণত্ব। সাধারণের সমবায়।

**সাধিকা** (সাধক দেখ)

**সাধিত** — সম্পাদিত। প্রমাণসিদ্ধ। মৌলিক রূপ হইতে ব্যুৎপন্ন (ধাতু)।

**সাধিত্র** — যন্ত্রাদি, instrument, tool.

**সাধিষ্ঠান** — ষট্চক্রের দ্বিতীয় চক্র।

**সাধু** — ধার্মিক, সৎ, ধর্মসংগত উত্তম ('— ব্যক্তি, আচরণ, উদ্দেশ্য। -সংসর্গ')। শিষ্ট, ভদ্ররীতিসংগত, মার্জিত ('-ভাষা, -প্রয়োগ')। সন্ন্যাসী। সদাগর, বণিক। বণিকজাতির উপাধি বিঃ। (§ সাধ্বী)। ... **সাধুতা** — সজ্জনতা, honesty, ধর্মশীলতা। ... **সাধুবাদ** — 'সাধু সাধু' উক্তি, প্রশংসা। ... **সাধুভাষা** — মার্জিত বা সাহিত্যের উপযুক্ত ভাষা। (বাং) লৌখিক বাংলা ভাষার প্রচলিত পুরাতন রীতি।

**সাধ্য** — ণ. যাহা করিতে পারা যায়, শক্য ('মানুষের —')। সাধনীয়, সম্পাদ্য ('তিন মাসে —')। প্রতিকার্য ('— রোগ')। ... ষ্য. (বাং) সম্পাদনের শক্তি ('— কি, নাই। সাধ্যমত (যথাসাধ্য) সাধ্যাতীত। সাধ্যে কুলায় না')। ... ষ্য. **সাধ্যতা।** ... **সাধ্যসাধনা** — (বাং) অনুনয়বিনয়।

**সাধ্বস** — সম্ভ্রম। ভয়।

**সাধ্বী** — সৎস্বভাবা, সতী।

**সান** ১ (সাড় দেখ)

**সান ২** — অবগুণ্ঠন। (সানকাড়া)

**সানক** [আ. সহ্‌নক] চীনামাটি ইঃর থালা। (ছোট — সানকি])

**সানন্দ** — আনন্দযুক্ত ("-চিত্ত। সানন্দে')

**সানা ১, ছানা** [√ সান্‌, ছান্‌-৭] চটকাইয়া মাখা ('ময়দা —')

**সানা ২**] — বর্ম, সাঁজোয়া। তাঁতে সুতা পরাইবার ছিদ্র।

**সানাই** [ফা. শহ্‌নাঈ কিংবা < সানেয়ী, সানেয়িকা] কাঠের বাঁশি বিঃ। ... **সানাইদার** — সানাইবাদক।

**সানি**] — সংকেত (হাতসানি) ... **সানাসানি** — পরস্পর ইশারা চালনা। **সানি, ছানি**] — বিচালি কুটি কুটি করিয়া কাটা খড়। গবাদি পশুর আহার।

**সানি ২, সানী**] — সনাই (প্রা-সা)

**সানু** — পর্বতের উপরিস্থ সমতল ভূমি, অধিত্যকা ('-দেশ')। চূড়া। ... **সানুমান্‌** (-মৎ) — পর্বত।

**সানুকম্প** — দয়ালু।

**সানকি** (সানক দেখ)

**সানুজ** — অনুজ-সহিত, ছোট ভাইএর সহিত।

**সানুনয়** — অনুনয়যুক্ত।

**সানুনাসিক** — নাসিকা হইতে উচ্চারিত। নাকী।

**সানুবন্ধ** — সনির্বন্ধ। নিরন্তর।

**সান্ত** — অন্তবিশিষ্ট, সসীম, finite. (তুঃ অনন্ত)

**সান্তর** — ব্যবধানবিশিষ্ট, ফাঁক ফাঁক। সচ্ছিদ্র। porous.

**সান্তারা** [পো. cintra] কমলানেবু বিঃ। ('নাগপুরী —')

**সান্ত্রী** [ই sentry] সৈনিক প্রহরী।

**সান্ত্বন, সান্ত্বনা** — প্রবোধদান, প্রবোধ। ... ণ. **সান্ত্বনিত**।

**সান্দীপনি** — সন্দীপন মুনির পুত্র। শ্রীকৃষ্ণের শিক্ষাগুরু।

**সান্দ্র** — ণ. নিবিড়, ঘন। তরল ও গাঢ়, viscous. ... ষ্য. কানন।

**সান্ধিবিগ্রহিক** — সন্ধি ও যুদ্ধ বিষয়ক ব্যাপারের অধ্যক্ষ মন্ত্রী।

**সান্ধ্য** — সন্ধ্যা সম্বন্ধীয়। সন্ধ্যাকালীন।

**সান্নিধ্য** — সামীপ্য, নৈকট্য।

**সান্নিপাতিক** — (আয়ুর্বেদে) সন্নিপাত-জনিত, ত্রিদোষজ ('— জ্বর' — typhoid)

**সাপ**] < সর্প। ... স্ত্রী. **সাপিনী**]

**সাপট**] আস্ফালন ('লেজের, মুখের —') ঝাপ্‌টা। তোড়।

**সাপটা**] যাহাতে ইতরবিশেষ নাই; যাহা জোটে তাহা সমস্ত ('—খাওয়া, খরিদ')

**সাপটানো** [√ সাপ্‌টা-১৭] জাপটানো।

**সাপত্ন্য** — সপত্নীপুত্র। শত্রুতা।

**সাঁপুড়া, সাঁপাড়** — কৌটা।

**সাপুড়িয়া/সাপুড়ে**] যে সাপ খেলায় ও ধরে, অহিতুণ্ডিক।

**সাপেক্ষ** — অপেক্ষাযুক্ত, যাহা অন্য বিষয়ের উপর নির্ভর করে, dependent, ('ব্যয়-')

**সাফ** [আ] নির্মল; পরিষ্কৃত ('আকাশ — হওয়া। ঘর — করা')। স্পষ্ট ('— মিথ্যা কথা। সাফ সাফ কথা')। ... **সাফা**] সাফ। ... **সাফাই**] পরিষ্করণ। দোষ-মোচন।

**সাফল্য** — সফলতা।

**সাবকাশ** — যাহার অবকাশ আছে। (গ্রাম্য) অবকাশ।

**সাবধান** — সতর্ক, অবহিত, হুঁশিয়ার ('সাবধানে')। সতর্ক করিবার জন্য উক্তি, take care. ... ষ্য. **সাবধানতা**।

— **সাবধানী**] সতর্ক, হুঁশিয়ার। (ব্যাকরণদুষ্ট প্রয়োগ)

**সাবন**—সূর্যোদয় হইতে সূর্যোদয় পর্যন্ত কাল অনুসারে গণিত ('—দিন, মাস')

**সাবয়ব** — অবয়ববিশিষ্ট।

**সাবর্ণি** — ৮ম মনু।

**সাবলীল** -- অবলীলা-সহিত, সচ্ছন্দ, অনায়াসকৃত।

**সাবাড়**] শেষ, সমাপ্ত। নিঃশেষ, ব্যয়িত ('কাজ, টাকা — করা')। ধ্বস্ত, বিনষ্ট ('মেরে — করা')

**সাবান** [পো. sabao. ফ্রেঞ্চ savon] তৈল চর্বি ক্ষার ইঃর যোগে প্রস্তুত মলহারক দ্রব্য, soap ('— মাখা, লাগানো, দেওয়া')

**সাবালক**] প্রাপ্তবয়স্ক, প্রাপ্তব্যবহার (দেখ), major (তুঃ নাবালক)

**সাবাস** (শা- দেখ)

**সাবিত্রী** — সূর্যের অধিষ্ঠাত্রী দেবী। গায়ত্রী। সত্যবানের পত্নী, অশ্বপতির কন্যা। ব্রহ্মার পত্নী।

**সাবু** — সাগুদানা।

**সাবুদ** [আ. সুবুৎ] প্রমাণ ('সাক্ষী-')

**সাবেক** [আ. সাবিক] পুরাতন, প্রাচীন। পূর্বতন, আগেকার।

**সাব্যস্ত** [< সব্যবস্থ] স্থিরীকৃত, নির্ধারিত।

**সাম** (সামন্) — তৃতীয় বেদ। গেয় বেদ-মন্ত্র। রাজনীতি বিঃ, তোষণ বা সন্ধি।

**সামগ** — সামগান করে যে ঋত্বিক।

**সামগ্রী** — দ্রব্যসমূহ। কারণকলাপ, যে বস্তুসমূহের দ্বারা কার্য সাধিত হয়। (বাং) জিনিস, দ্রব্য।

**সামগ্র্য** — সমগ্রতা, সাকল্য।

**সামঞ্জস্য** — মিল, সংগতি। উপযুক্ততা, ঔচিত্য।

**সামনাসামনি**] মুখোমুখি।

**সামনে**] সম্মুখে।

**সামন্ত** — অধীন রাজা। নায়ক। মুখ্য প্রজা। প্রতিবেশী। উপাধি বিঃ। ... **সামন্ততন্ত্র, সামন্তচক্র** — সামন্তগণের শাসন, feudal system.

**সাময়িক** — কালীন। সময়বিশেষে যাহা ঘটে, অল্পকালস্থায়ী ('— উত্তেজনা')। কালোচিত, কালানুযায়ী ('— ব্যবস্থা')

**সামর** — শ্যামন্দ (ব্র-বু)

**সামরিক** — যুদ্ধ সম্বন্ধীয়।

**সামর্থ্য** — ক্ষমতা, যোগ্যতা।

**সামলানো** [√ সাম্‌লা-১৭। < সম্ভার-] সংবরণ বা রোধ করা; সংযত করা। ('রাগ, দুরন্ত ছেলেকে—')। রক্ষা করা ('টাকাকড়ি—')। রক্ষা পাওয়া ('বিপদ্ থেকে সামলে উঠেছে')

**সামাই** — ধৈর্য, সংবরণ।

**সামাজিক** - - সমাজ সম্বন্ধীয়, সমাজবদ্ধ ('— প্রথা, জীব')। মিশুক। সদস্য। (বাং) ক্রিয়াকর্মে প্রদেয় উপঢৌকনাদি, লৌকিকতা। ... **সামাজিকতা** — সমাজ-ব্যবহার।

**সামান্য**—ণ. সাধারণ, বিশিষ্টতাহীন। বর্গের সকলের, common, general, generic. সর্ববিষয়ক। অল্প, তুচ্ছ। ... সাধর্ম্য, বর্গের সাধারণ লক্ষণসমূহ, generic properties. ... স্ত্রী. **সামান্যা**। সামান্যতঃ (-তস্) — সাধারণতঃ।

**সামাল** [< সম্ভার-] সতর্কীকরণের জন্য উক্তি, সামলাও, রক্ষা কর, সাবধান হও। সংবরণ ('অসামাল')

**সামিয়ানা** (শামিয়ানা দেখ)

**সামিল** (শামিল দেখ)

**সামীপ্য** — নৈকট্য।

**সামুদ্র, সামুদ্রিক** — সমুদ্র-জাত বা সম্বন্ধীয়। ... **সামুদ্রিক, সামুদ্রক** — করেরেখাদি দেহস্থ চিহ্ন দ্বারা ভাগ্য-নির্ণয়বিদ্যা।

**সামূহিক** — সমষ্টিগত, collective.

**সাম্পান** [ চীনা ] ছোট নৌকা বিঃ।

**সাম্প্রতিক** — আধুনিক, ইদানীন্তন।

**সাম্প্রদায়িক** — সম্প্রদায় সম্বন্ধীয়, communal ; বিভিন্ন দল সম্বন্ধীয়।

**সাম্য** — সমতা, তুল্যতা; সাদৃশ্য। মনের রাগদ্বেষাদিবর্জিত ভাব। ... **সাম্যবাদ** — বয়োলিঙ্গ জাতিবর্ণ নির্বিশেষে সকলের সমান অধিকার স্বীকৃতি। Communism, Socialism.

**সাম্রাজ্য** — সম্রাটের অধীন বা এক-শাসনান্তর্গত রাষ্ট্রসমূহ, empire. ... **সাম্রাজ্যবাদ** — অন্যান্য দেশকে একেশ্বর শাসনে আনয়নের নীতি। Imperialism.

**সায় ১** — শেষ ('পালা — হওয়া')। ( § সায়াহ্ন)

**সায় ২** ] সম্মতি; সাড়া ('কথায়—দেওয়া')

**সায়ক** — বাণ। খড়্গ। (শায়ক দেখ)

**সায়ন** — গ্রহাদির বিষুবলম্ব, declination.

**সায়ন্তন** — সায়ংকালীন।

**সায়বানী** [ ফা ] — সংভ্রান্ত ঘরের উপযোগী।

**সায়ম্** — সন্ধ্যা ('সায়ংকাল')

**সায়র** ] < সাগর। সরোবর। বৃহৎ জলাশয়। (প্রায় পদ্যে)

**সায়রাত** (আ) — ভূমিকর ব্যতীত অন্যান্য বিবিধ কর।

**সায়াহ্ন** — সন্ধ্যাকাল।

**সায়া** [ পো. saia ] শাড়ির নীচে পরিধেয় ঘাগরা।

**সাযুজ্য** — অভেদ, সহযোগ। মুক্তি বিঃ, ঈশ্বরের সহিত সংযোগ।

**সায়ুধ** — সশস্ত্র; অস্ত্রধারী, অস্ত্রসমন্বিত, armed.

**সার ১** — ষ্য. শ্রেষ্ঠাংশ, উত্তম উপাদান, সদ্‌বস্তু; সংক্ষেপ, নিষ্কর্ষ ('দুগ্ধের, শাস্ত্রের, উপদেশের, গাছগাছড়ার —')। গাছের গুঁড়ির শক্ত অংশ, মজ্জা। মৃত্তিকার উর্বরতাসাধক বস্তু, manure, গোবর ইঃ। বীর্য। উৎকর্ষ। ... ণ. শ্রেষ্ঠ; সংক্ষিপ্ত ('— কথা')। ( § সারাল)। ... সারগর্ভ — সার বা উত্তম বস্তু পূর্ণ ('— উপদেশ')। ... **সারগ্রাহী** (-হিন্) — শ্রেষ্ঠাংশ-গ্রহণকারী। ... **সারবান্** (-বৎ) — সারবিশিষ্ট, উত্তম। ... ষ্য. -বত্তা। ... **সারভূত** — সারস্বরূপ, শ্রেষ্ঠ। ... **সারলোহ** — ইস্পাত।

**সার ২** — কাব্যের অলংকার বিঃ, climax.

**সার ৩** (সারি ১ দেখ)

**সারক** — রেচক, ভেদকারক।

**সারজুড়** — যেখানে গোবর আবর্জনা, জঞ্জাল ইত্যাদি পচিয়া জমির সার তৈরি হয়।

**সারঙ্গ ১, শা-** — মৃগ, spotted deer. হস্তী, ময়ূর, ভ্রমর, চাতক। নানাবর্ণ-যুক্ত। ... স্ত্রী. **-ঙ্গী**।

**সারঙ্গ ২, শা-** — বেহালা-জাতীয় বাদ্যযন্ত্র বিঃ, সারঙ্গী, সারেঙ্গ। ... **সারঙ্গী, শা-** (-ঙ্গিন্) — সারঙ্গ-বাদক।

**সারণ** — অপসারণ, চালন।

**সারণী, -ণি** — ক্ষুদ্র নদী। তালিকা, table.

**সারথি** — রথচালক। ... ষ্য. **সারথ্য**।

**সারদা** — সরস্বতী। (শারদা দেখ)

**সারদ্র** — হরিদ্রাপীত (প্রা-সা)

**সারবন্দী, সারি-** ] শ্রেণীবন্ধ।

**সারমেয়** — কুকুর। সরমানন্দন। ... স্ত্রী. **-মেয়ী।**

**সারল্য** — সরলতা।

**সারস** — বক-জাতীয় বৃহৎ পক্ষী বিঃ। (§ সরঃ)। ... স্ত্রী. **সারসী।**

**সারসন** — কটিবন্ধ।

**সারস্বত** — সরস্বতী বা বিদ্যা সম্বন্ধীয়। বিদ্বান্। গীত, কবিতা, সাহিত্য ইত্যাদির অনুশীলন করিয়া যাহারা *সরস্বতীর সেবা করে। প্রাচীন দেশ বিঃ* (পঞ্জাবে বা কাশ্মীরে)। ব্রাহ্মণের শ্রেণী বিঃ।

**সারা ১** [ √সার্-৭। <সৃ ] সংস্কার বা মেরামত করা; সংশোধন করা। ('ভাঙা ঘটি, দোষ —')। শোধরানো, নীরোগ হওয়া ('চরিত্র, অসুখ —')। সমাপ্ত বা নির্বাহ করা ('কাজ —')। বিপদে বা দুর্দশায় ফেলা ('মদে তাকে সেরেছে। দফা—')। ... **সারানো** [ √ সারা-১১ ] মেরামত করানো, শোধরানো ('বাড়ি, কুঅভ্যাস —')। মুক্ত করা, নীরোগ করা ('রোগ —')

**সারা ২** ] সমস্ত ('— দিন')। আকুল, হয়রান, বিপদ্গ্রস্ত ('— হওয়া')

**সারা ৩** ] — সমাপ্ত, শেষ, সাঙ্গ।

**সারাল, সারালো** — সারযুক্ত, সারবান্।

**সারি ১, সার** ] শ্রেণী, পঙ্ক্তি ('-বন্দী।— বাঁধা, গাঁথা, দেওয়া')। ... **সারি সারি** ] শ্রেণীবদ্ধ; অনেক শ্রেণী।

**সারি ২** ] মাঝী ইঃর গান বিঃ।

**সারিগামা / সারে-** ] স্বরগ্রামের সংক্ষেপ।

**সারি, সারিকা, শা-** — শালিক। (বাং) শুকের পত্নী। পাশা।

**সারিন্দা** — বাদ্যযন্ত্র বিঃ।

**সারূপ্য** — সমরূপতা। মুক্তি বিঃ, ঈশ্বর-তুল্য রূপপ্রাপ্তি।

**সারেংগ / সারেং, -ঙ** [ ফা. সর্হংগ্ ] জাহাজ-পরিচালক। (সারঙ্গ দেখ)

**সারেংগী** — সারং যন্ত্র যে বাজায়।

**সারোদ্ধার** — আসল তত্ত্বের উদ্ঘাটন।

**সার্কাস** (ই. Circus ) — মল্লকৌশলাদির প্রদর্শন। সিংহ, ব্যাঘ্র, ঘোটকাদির ক্রীড়াচক্র।

**সার্জ** (ইং. Serge ) — মিহি পশমী বস্ত্র বিঃ।

***সার্জন*** (ইং. Surgeon )—অস্ত্রচিকিৎসক ডাক্তার।

**সার্জেণ্ট** (ই. Sergeant ) — পুলিশ কর্মচারী বিঃ।

**সার্টিফিকেট** (ইং. Certificate ) — সুপারিশ পত্র। প্রশংসা পত্র।

**সার্থ** — বণিক্সমূহ। ধনবান্। **অর্থ** (মানে) যুক্ত। সমূহ। সাথী, সঙ্গী। ... **সার্থবাহ** — সহযাত্রী বণিকের দল। বণিক্। পথপ্রদর্শক।

**সার্থক** — অর্থযুক্ত। সফল, চরিতার্থ ('চেষ্টা, জীবন —')। ... ষ্য. **তা**। ... **সার্থকনামা** — অন্বর্থনামা। নামের অর্থের সঙ্গে যাহার কার্যের সুসঙ্গতি আছে।

**সার্ধ** — অর্ধসহিত, সাড়ে।

**সার্ব** — সর্ব সম্বন্ধীয়, universal ; সর্বহিতকর ('সার্বকালিক, -দেশিক, -লৌকিক')। ... **সার্বজনিক** — সর্ব-জনীন (দেখ)। ... **সার্বজনীন** — সকলের মধ্যে প্রবীণ বা শ্রেষ্ঠ ('—নেতা')। ... **সার্বজাতিক, -রাষ্ট্রিক** — সকল- বা নানা-জাতিঘটিত, আন্তর্জাতিক, international.

**সার্বত্রিক** — সর্বত্রব্যাপী।

**সার্বভৌম**—সম্রাট্, চক্রবর্তী। বিশ্বব্যাপী। পণ্ডিতের উপাধি বিঃ।

**সার্ভে** (ইং Survey ) — জরিপ।
**সার্ষপ** — সর্ষপ সম্বন্ধীয়।
**সার্সী** — কাচের জানলা।
**সাল ১** (শাল ১ দেখ)
**সাল ২** [ফা] বৎসর। বঙ্গাব্দ, বাংলা সন (খ্রীষ্টাব্দ হইতে ৫৯৩ বা ৫৯৪ কম)। (§ সালিয়ানা)।
**সাল ৩** — মূল আনাজ বিঃ।
**সালংকার, সালঙ্কার** — অলংকারযুক্ত।... স্ত্রী. **-রা।**
**সালতামামি** — বাৎসরিক বিবরণ।
**সালতি** (শালতি দেখ)
**সালভঞ্জিকা** — কাঠের পুতুল।
**সালব-মিস্রি** [আ] কন্দ বিঃ (ঔষধ)
**সালসা** [পো. salsa, ই. sarsa] রক্ত-শোধক ঔষধ বা মূল বিঃ।
**সালিয়ানা** [ফা. সালানহ্] বার্ষিক।
**সালিস** [আ] মধ্যস্থ, arbitrator. ... ষ্য. **সালিসি**]। ... **সালিসী**] মধ্যস্থ দ্বারা বিচার্য। ... **সালিসনামা** — সালিসীর চুক্তিপত্র।
**সালামত** (আ) — নিরাপদে।
**সালু**] সুতী লাল কাপড় বিঃ।
**সালোক্য** — মুক্তি বিঃ, ইষ্টদেবতার লোকে বাস।
**সাশ্রয়**] ব্যয়লাঘব। উপচয় বা অপচয় নিবারণের সুবিধা।
**সাশ্রু** — অশ্রুযুক্ত ('-নয়নে')
**সাষ্টাঙ্গ** — জানু পদ পাণি বক্ষ মস্তক দৃষ্টি বুদ্ধি বাক্য — এই অষ্ট অঙ্গের সহিত ('— প্রণাম')
**সাস্না** — গলকম্বল (দেখ)
**সাহচর্য** — সহচরত্ব, সঙ্গ। সহায়তা।
**সাহজিক** — স্বাভাবিক।
**সাহস** — নির্ভয়তা, বিপজ্জনক কর্মে উদ্যম। (সং) বলপূর্বক কৃত দুষ্কর্ম। দণ্ড। ... **সাহসিক, সাহসী** (-সিন্) — সাহসযুক্ত। ... স্ত্রী. **-সিকী, -সিনী।**
**সাহা** [< সাধু] বিবিধ বণিক্ জাতির উপাধি।
**সাহানা** (শাহানা দেখ)
**সাহায্য** — সহায়তা। অনুকূলতা।
**সাহারা** — আফ্রিকার বৃহত্তম মরুভূমি।
**সাহিত্য** — কাব্যশাস্ত্র; চিত্তাকর্ষক রচনা, belles-letters. (বাং) রচনা, গ্রন্থ, literature ('কথা-। বৈজ্ঞানিক —')। (সং) সংসর্গ, সহযোগ।... **সাহিত্যিক**— সাহিত্য বিষয়ক। সাহিত্যচর্চাকারী। ... **সাহিত্যাচার্য** — সাহিত্যিকদের নেতা বা গুরুস্থানীয় সুপণ্ডিত ব্যক্তি।
**সাহু** < সাধু — উপাধি বিঃ।
**সাহুকার, সাউ-** [< সাধু-] বড় মহাজন যে হুণ্ডির কাজ করে।... ষ্য. **-কারি**]। ... **সাউকারি, -গিরি, -খুরি**] সাধুতা প্রদর্শন (ব্যঙ্গে)
**সাহেব / সায়েব** [আ. সাহিব] সম্ভ্রান্ত ব্যক্তি, মহাশয় (হিন্দুস্থানীর অনুকরণে। 'মৌলভী-, রায়-, বাবু-')। ইওরোপীয় বা নকল ইওরোপীয় বা বিদেশী ('লাট-, গার্ড-, দত্ত-, চীনা-')। ছবিযুক্ত তাস বিঃ, king. ... **সাহেবি, সাহেবিয়ানা**] ইওরোপীয়ের তুল্য আচরণ। ... প. **সাহেবী**]
**সিউনী**] — সেচনী।
**সিউলী**] জাতি বিঃ যাহারা খেজুর রস ও গুড় করে। (শিউলী দেখ)
**সিংদরজা** [< সিংহ-] সিংহদ্বার।
**সিংহ** — বিড়ালজাতীয় কেশরযুক্ত বৃহৎ হিংস্র পশু বিঃ, কেশরী, পশুরাজ, মৃগেন্দ্র, হর্যক্ষ, "সিংগি"। হিন্দুর উপাধি বিঃ। রাশিচক্রের পঞ্চম রাশি। (সমাসে অন্য শব্দের পরে) শ্রেষ্ঠ ('পুরুষ-')।...

স্ত্রী. সিংহী। সিংহিনী]।... **সিংহদ্বার** —(মূঃ সিংহমূর্তিযুক্ত দ্বার)—প্রধান প্রবেশদ্বার, সিংদরজা। ... **সিংহনাদ**— সিংহের ডাক। তত্তুল্য হুংকার (যুদ্ধে), war-cry. ... **সিংহবাহিনী** — দুর্গা।

**সিংহল** — ভারতের দক্ষিণস্থ দ্বীপ (অনেকের মতে লংকা)

**সিংহান** — নাসামল।

**সিংহাবলোকন** — গমনকালে সিংহের ন্যায় পশ্চাতে দৃষ্টিপাত।

**সিংহাসন** — রাজাসন।

**সিংহিকাসুত** -- রাহু।

**সিক** [ফা. সীখ] শলাকা ('-কাবাব')। ছড়, সরু দণ্ড ('জানালার—')

**সিকতা** — বালুকা। (≷ সৈকত)

**সিকনি** — নাসামল।

**সিকস্তি** (ফা) — নদীর ভাঙন।

**সিকা/সিকি, সিকে**] মুদ্রা বিঃ, চার আনি। (শিকা দেখ)। ... **সিকি**] চতুর্থাংশ, ¼।

**সিকায়ৎ** (আ) — অভিযোগ।

**সিক্কা** [আ. সিক্ক] বাদশাহী বা কোম্পানির আমলের টাকা।

**সিক্ত** — আদ্রীকৃত, ভিজা।

**সিক্থ** — মোম।

**সিগন্যাল** (ই. signal) — সঙ্কেত।

**সিগারেট** [ই] পাতলা কাগজ মোড়া ছোট চুরুট।

**সিজ, সিজু**] মনসা গাছ।

**সিঝা, সিঝানো** (সেঝা দেখ)

**সিঞ্চন**] সেচন। (পদ্যে ব্যবহৃত ক্রি. 'সিঞ্চিল')। ... ণ. **সিঞ্চিত**]

**সিঞ্চিড়া** — রোমাঞ্চ (প্রা-সা)

**সিটকানো / সিটকনো** [√ সিট্‌কা-১৮] ঘৃণা ইঃর জন্য অংগ কুঞ্চিত করা ('মুখ নাক—')। কুঞ্চিত হওয়া।

**সিটি** (শিটি দেখ)

**সিটে** — অসার তলানি। বর্জনীয় অংশ।

**সিড়সিড়** (সড়সড় দেখ)

**সিঁড়ি** [< শ্রেঢ়ী] সোপান। মই।

**সিত** — শুক্ল। ... **সিতাংশু**—চন্দ্র।

**সিতা** — চিনি, মিছরি।

**সিতি**—শুক্ল। কৃষ্ণ বা নীল।... **সিতিকণ্ঠ** — নীলকণ্ঠ, শিব। ... **সিতিমা** (-মন্) —শুক্লতা। কৃষ্ণতা, নীলিমা।

**সিঁথি, সিঁথা**] < সীমন্ত, দুই পাশে আঁচড়ানো চুলের মধ্যরেখা ('— কাটা। সিঁথির সিঁদুর')। সীমন্তের গহনা বিঃ ('-মউড়')

**সিঁদুর**] < সিন্দূর। ... **সিঁদুরিয়া** — সিঁদুরের মত বর্ণ যাহার। (—আম, —মেঘ)

**সিদ্ধ**—তপ্ত জলাদিতে পক্ক ('সিদ্ধান্ন')। সফল, নিষ্পন্ন ('কার্য — হওয়া')। প্রতিপাদিত ('যুক্তি-')। পারদর্শী, নিপুণ ('সংগীতকলায় —। -হস্ত')। সাধনায় উত্তীর্ণ ('-পুরুষ')। মন্ত্রশক্তিযুক্ত ('-কাচ')। দেবযোনি বিঃ। ত্রিকালজ্ঞ মুনি। (≷ সিদ্ধি)। ... **সিদ্ধকাম, -মনোরথ** — যাহার কামনা সফল হইয়াছে। ... **সিদ্ধধাতু** — পারদ। ... **সিদ্ধপুরুষ** — যিনি আধ্যাত্মিক সাধনায় সিদ্ধিলাভ করিয়াছেন।

**সিদ্ধাই** — অমানুষী বা দৈব শক্তির প্রভাব।

**সিদ্ধান্ত**—মীমাংসা, নির্ধারণ। জ্যোতিষ-শাস্ত্র বিঃ। ... **সিদ্ধান্তমুক্তাবলী** — ন্যায়দর্শনের গ্রন্থ বিঃ। ... **সিদ্ধান্ত-সাগর** -- মীমাংসাকদের উপাধি।

**সিদ্ধার্থ** — বুদ্ধদেব।

**সিদ্ধি** — সফলতা, সম্পাদন ('কার্য-')। সাধনাদ্বারা ইষ্টলাভ। পারদর্শিতা। জয়লাভ। ঐশ্বর্য। মাদক পত্র বিঃ, ভাঙ।

... **সিদ্ধিদাতা** (তৃ) — গণেশ।
**সিঁধ** [ < সন্ধি ] চুরি করিবার নিমিত্ত দেওয়ালে গর্ত ('—কাটা, দেওয়া')। ... **সিঁধকাঠি** ] সিঁধ কাটিবার ছোট শাবল বিঃ। ... **সিঁধাল / সিঁধেল** ] যে সিঁধ দেয় ('— চোর')
**সিধা** [ < সিদ্ধ ] সোজা ('—রাস্তা')। দুরস্ত, শাসিত ('— করা')। রাঁধিবার জন্য চাল ডাল কাঁচা তরকারি ইঃ।
**সিনকোনা** — একপ্রকার বৃক্ষ, যাহার ছাল হইতে কুইনিন প্রস্তুত হয়।
**সিনান** — স্নান (পদ্যে)
**সিনিবালী** - - অমাবস্যা।
**সিনেমা** [ ই ] চলচ্চিত্র, বায়োস্কোপ।
**সিন্দুক** [ আ. সন্দুক ] বড় বাক্স।
**সিন্দুর** — সিঁদুর, রক্তবর্ণ চূর্ণ বিঃ (সধবার লক্ষণ। 'সীমন্তে—')। চীনা সিন্দুর—vermilion. মেটে সিন্দুর red-lead)
**সিন্ধু** - - সমুদ্র। ভারতের উত্তরপশ্চিমস্থ পাকিস্থানের অন্তর্গত প্রদেশ বিঃ। তথাকার নদ বিঃ। রাগিণী বিঃ।
**সিন্ধুবার** — শ্বেত নিশিন্দা গাছ।
**সিন্ধুরাজ** — জয়দ্রথ।
**সিপ, সিপী** - - কোশা। শুক্তি, ঝিনুক।
**সিপাহ্‌সালার** — প্রধান সেনাপতি।
**সিপাহী** [ ফা ] / **সেপাই** ] সৈনিক, পদাতিক। রক্ষী, প্রহরী ('-সান্ত্রী')
**সিপ্রা** (শিপ্রা দেখ)
**সিমেণ্ট** [ই] মৃত্তিকা ও চুনাপাথর মিশাইয়া পুড়াইয়া প্রস্তুত চূর্ণ বিঃ (পলস্তারা ইঃ করিতে লাগে)
**সিয়া** (ফা) — কালো। দোয়াতের কালি।
**সিরকা, সির্কা** [ফা] গুড় ইঃ সন্ধিত করিয়া প্রস্তুত অম্ল বিঃ, শুক্ত, vinegar.
**সিরক্কো** — মরুভূমির বালুঝড়।
**সিরিশ** [ ফা. সরেশ ] চামড়া হাড় ইঃ হইতে প্রস্তুত আঠা বিঃ, glue. ... **সিরিশ কাগজ** ] কাচচূর্ণ- ও সিরিশ-লিপ্ত কাগজ (কাঠ ইঃ মসৃণ করিবার)
**সিরপা, শিরপা** — পাগড়ি।
**সিরসির** ] শিহরণ সূচক শব্দ ('গা—করা')
**সিরিফল** ] — শ্রীফল, বেল। (ব্র-বু)
**সিল্ক** [ ই ] রেশম। রেশমী কাপড়।
**সিসৃক্ষা** — সৃষ্টি করিবার ইচ্ছা। ... **সিসৃক্ষু** — ঐ ইচ্ছাযুক্ত।
**সিহালা** ] — শেহালা (প্রা-সা)
**সীতা** — (মূঃ হলরেখা) রামের পত্নী, জনক-কন্যা, জানকী, বৈদেহী, মৈথিলী। ... **সীতাকুণ্ড** — কয়েকটি উষ্ণ প্রস্রবণের নাম (মুঙ্গেরে চট্টগ্রামে চন্দ্রনাথ তীর্থে ইঃ)। ... **সীতাভোগ** — সাদা মিঠাই বিঃ।
**সীধু** (শীধু দেখ)
**সীন** [ ই ] থিয়েটারের দৃশ্যপট বা দৃশ্য।
**সীবন** — সেলাই। (ইস্যুত)। ... **সীবনী** —ছুঁচ। ... **সীবনশিল্প** — সূচিশিল্প।
**সীমন্ত** — সিঁথি (দেখ), কেশবীথি। ... **সীমন্তক** — সিন্দুর। ... **সীমন্তিত** — — সিঁথি-কাটা। ... **সীমন্তিনী** — সধবা নারী। বধূ। ... **সীমন্তোন্নয়ন** — গর্ভিণীর সংস্কার বিঃ।
**সীমা** (-মন্) — প্রান্ত, অবধি, শেষ, limit. সমুদ্রবেলা। ... **সীমানা** ] জমির প্রান্ত, boundary, চৌহদ্দি। ... **সীমান্ত** — শেষ সীমা। ... **সীমান্তপ্রদেশ** — রাজ্যসীমায় অবস্থিত স্থান, frontier. ... **সীমাবদ্ধ** — সীমার দ্বারা নির্দিষ্ট।
**সীমিকা** — অর্ধচ্ছেদ।
**সীর** — লাঙলের ন্যায় অস্ত্র।
**সীরালা, সীরালী** — জমিতে দুই হল-রেখার মধ্যবর্তী শিরা।

**সীল** [ই] গালা বা কাগজ ইঃর উপর ছাপ দিবার জন্য খোদাই করা ধাতুখণ্ড, সীলমোহর, নামমুদ্রা ('— আংটি। — করা, মারা')

**সীস, সীসক—সীসা / সীসে**] ধাতু বিঃ, lead. ... **সীস** — (বাং) পেনসিলের ভিতর যাহা থাকে, black-lead ইঃ।

**সু-** — উৎকর্ষ সৌন্দর্য শুভ অনায়াস ইঃ সূচক উপসর্গ। ... ণ. ভাল। (তুঃ কু)

**সুঁই**] — সূঁচ।

**সুকঠিন**—সুন্দর ও কঠিন। অতি কঠিন।

**সুকণ্ঠ** — ষ্য. মধুরকণ্ঠ। ... ণ. মধুর কণ্ঠস্বরযুক্ত।

**সুকর** — সুসাধ্য। ... ষ্য. **-তা, সৌকর্য**।

**সুকুমার** — অতি শিশু। অতি কোমল। কান্ত ('-কলা')। ... স্ত্রী. **সুকুমারী**। (§ সৌকুমার্য)

**সুকৃৎ** — সুকৃতী (দেখ)

**সুকৃত** — সুকৃতী (দেখ)। সুনির্মিত। ধার্মিক। পুণ্য।

**সুকৃতি** — সৎকর্ম। শুভ। সৌভাগ্য।

**সুকৃতী** (-তিন্) — সৎকর্মকারী। ভাগ্যবান্।

**সুকেশা, -শী** — সুন্দরকেশযুক্তা।

**সুকৌশল**—সুন্দর কৌশল, সুনিপুণতা।

**সুক্তা / সুক্ত, সুক্তানি** (শু- দেখ)

**সুখ** — ষ্য. স্বাচ্ছন্দ্য স্বস্তি, আনন্দ, আরাম; তৃপ্তি ('সুখে থাকা। — পাওয়া। -কর, -দ, -ভোগ, -ময়, -লেশ, -সুপ্ত')। ...ণ. সুখজনক, প্রীতিকর, প্রিয় ('-শয্যা, -স্পর্শ। সুখাসন')। (§ সুখিত, সুখী)

**সুখতলা, সুক-**] জুতার ভিতরে তলার উপর যে চামড়া আঁটা থাকে।

**সুখবর**] শুভ সংবাদ।

**সুখাদ্য**—স্বাদু ও হিতকর খাদ্য।

**সুখাবহ** — সুখজনক।

**সুখাসীন** — সুখে উপবিষ্ট।

**সুখিত** — সুখযুক্ত।

**সুখী** (-খিন্) — সুখবিশিষ্ট, আনন্দিত। সুখে অভ্যস্ত, বিলাসী। ... স্ত্রী. **সুখিনী**।

**সুখ্যাতি** — প্রশংসা। যশ।

**সুগঠিত**] সুন্দররূপে গঠিত ('— দেহ')

**সুগড়** — শোভন গড়ন যাহার। (প্রা-সা)

**সুগত** — বুদ্ধদেব। (§ সৌগত)

**সুগন্ধ** — ষ্য. উত্তম গন্ধ, সুবাস। ... ণ. সুবাসযুক্ত। (§ সৌগন্ধ)। ... **সুগন্ধি** — ণ. সুবাসযুক্ত। ... ষ্য. গন্ধদ্রব্য। চুনির তুল্য মণি বিঃ, spinel (হিন্দী — নরম)

**সুগম** — অনায়াসে গম্য লভ্য বা বোধ্য।

**সুগৃহীতনামা** (-মন্) — যাহার নাম করিলে শুভ হয়, পুণ্যশ্লোক, প্রাতঃ-স্মরণীয়।

**সুগ্রীব** — রামের মিত্র বানর বিঃ, বালীর ভ্রাতা।

**সুচ, সূচ**] < সূচী, ছুঁচ।

**সুচরিত, সুচরিত্র** — ণ. সচ্চরিত্র। ... ষ্য. সাধু স্বভাব, সদাচরণ। ... স্ত্রী. **-তা, -ত্রা**।

**সুচারু** — অতি সুন্দর ('-রূপে')

**সুচির** — ষ্য. সুদীর্ঘকাল। ... ণ. বহু-কালস্থায়ী।

**সুচেতা** [< -তাঃ (-তস্] সন্তুষ্টচিত্ত। সতর্ক।

**সুজন** — সজ্জন, সাধু। ... ষ্য. **-তা, সৌজন্য**।

**সুজনী** — চিকণ সূচিকর্মে সুদৃশ্য বিছানার আস্তরণ।

**সুজন্ম** — প্রচুর ফসলের ফলন (বিপঃ অজন্মা।)

**সুজলা** — প্রচুরজলশালিনী।

**সুজাত** — সদ্‌বংশীয়। ... স্ত্রী. **-তা**। (§ সৌজাত্য)

**সুজান** — বিদগ্ধ, রসজ্ঞ। (প্রা-সা)

**সুজি**] গমের মোটা গুঁড়া।

**সুঝ** — সুবুদ্ধি।

**সুঝা** — সম্যকরূপে বুঝা।

**সুট** [ই. suit] যাহা এক সঙ্গে পরা হয় ('কাপড়ের, গহনার —')

**সুঠাম**] সুগঠন।

**সুড়ঙ্গ**] < সুরঙ্গ, ভূমির নিম্নস্থ লম্বা গর্তপথ, tunnel. দেওয়ালের ছিদ্র।

**সুড়সুড়** (সড়সড় দেখ)। ... **সুড়সুড়ি**] কাতুকুতু, রোমাঞ্চকর স্পর্শ ('—দেওয়া, লাগা')

**সুড়ুক, সুড়ুৎ** (সড়াক দেখ)

**সুডৌল / সুডোল**] সুগঠন।

**সুত** — পুত্র। ... **সুতা** — কন্যা।

**সুতরাং** (-রাম্) — অতএব, অগত্যা। (সং) অবশ্য। অত্যন্ত।

**সুতলি** [< সূত্র-] সরু দড়ি।

**সুতহিবুক** — বিবাহের যোগ বিঃ।

**সুতা / সুতো**] < সূত্র, তন্তু ('—কাটা' — সুতা তৈয়ার করা)। কার্পাসসূত্র। ১/৮ ইঞ্চ। ... **সুতী**] কার্পাসসূত্র-নির্মিত।

**সুতার**] সুস্বাদ।

**সুদ** [ফা. সুদ] ঋণের ভাড়া হিসাবে যে অর্থ দিতে হয়, কুসীদ, বৃদ্ধি, interest. ... **সুদখোর**] যে সুদ পাইবার জন্য টাকা খাটায় (অবজ্ঞায়) ... **সুদী** — সুদ যাহার উপস্বত্ব। (—কারবার)

**সুদতী** — সুন্দরদন্তবিশিষ্টা।

**সুঁদরি** [< সুন্দরী] কাঠ বা গাছ বিঃ (সুন্দরবনে জাত)

**সুদর্শন, সুদর্শ** — ণ. সুদৃশ্য, দেখিতে সুন্দর। ... ষ্য. বিষ্ণুর চক্র। ... স্ত্রী. **সুদর্শনা**।

**সুদামা** (-মন্) — **সুদাম**] কৃষ্ণসহচর গোপবালক বিঃ। কৃষ্ণভক্ত ব্রাহ্মণ বিঃ।

**সুদাস** — বৈদিক যুগের বেদোক্ত নৃপতি।

**সুঁদি**] শালুক ফুল, কুমুদ।

**সুদিন** — শুভদিন। সুখের দিন।

**সুদীর্ঘ** — অতিদীর্ঘ।

**সুদূর** — অতিদূর। ... **সুদূরপরাহত** — (মূঃ বহুদূরে বাধাপ্রাপ্ত) যাহা ঘটা কঠিন।

**সুদৃশ্য** — সুন্দর, দেখিতে ভাল।

**সুদ্ধ**] সমেত ('সর্ব-, সব-। ফেন-ভাত')। পর্যন্ত ('পরিবার কাপড় — নাই')

**সুধন্বা** (-ন্বন্), **সুধন্বী** (-ন্বিন্) — উত্তম ধনুর্ধর। ... **সুধন্বা** — পৌরাণিক রাজা বিঃ।

**সুধর্মা** — দেবরাজের সভাগৃহ।

**সুধা ১** — অমৃত। চুন ('-ধবল')। (§ সৌধ)। ... **সুধাধবলিত** — চুনকাম করা। ... **সুধানিধি** — চন্দ্র।

**সুধা ২, সুধানো** (শুধা দেখ)

**সুধাংশু, সুধাকর** — চন্দ্র।

**সুধী** — সুবুদ্ধি, বিদ্বান্, জ্ঞানী।

**সুধীর** — অতিধীর।

**সুনাম** — সুখ্যাতি, যশ।

**সুনাসীর** — ইন্দ্র। (নাসীর = সেনাগ্রবর্তী)

**সুনিদ্রা** — তৃপ্তিদায়ক গাঢ় নিদ্রা।

**সুনিপুণ** — অতিশয় পটু।

**সুনির্দিষ্ট** — উত্তমরূপে নির্ধারিত।

**সুনিশ্চিত** — অতি নিশ্চিত।

**সুনীতি** — ষ্য. উত্তম নীতি। ... ণ. নীতি-মান্। নীতিমতী।

**সুনেহ** — সুস্নেহ, গাঢ় অনুরাগ (ব্র-বু)

**সুন্দ** — অসুর বিঃ, উপসুন্দের জ্যেষ্ঠ ভ্রাতা।

**সুন্দর** — সুদৃশ্য, মনোহর ('— মূর্তি', গান, গন্ধ, কথা, ভাব')। ... স্ত্রী. **সুন্দরী**। (§ সৌন্দর্য)

**সুন্নত** [আ] মুসলমান ও ইহুদীর লিঙ্গ-ত্বক্‌ছেদ-সংস্কার, circumcision.

**সুন্নী** [আ] মুসলমান সম্প্রদায় বিঃ যাহারা আলীর পূর্ববর্তী তিন খলিফাকে মানে। (তুঃ শিয়া)

**সুপক্ক** — যাহা ভাল করিয়া পাকিয়াছে বা রাঁধা হইয়াছে ('— ফল, অন্ন')

**সুপচ** — যাহা সহজে পরিপাক হয়।

**সুপদ্ম** — পদ্মনাভ দত্তকৃত ব্যাকরণ।

**সুপর্ণ** — সুন্দর পক্ষবিশিষ্ট পক্ষী। গরুড়।

**সুপাত্র** — উত্তম পাত্র ('বিবাহের, দানের —')।

**সুপারি / -পু-** ] বৃক্ষ বিঃ বা তাহার বীজ, গুবাক, পূগ।

**সুপারিশ** [ফা. সিফারিশ] অন্যের জন্য অনুরোধ। ... **সুপারিশপত্র** — যে পত্রে কোন সুবিধা লাভের জন্য অনুরোধ জানানো হয়। Recommendation letter.

**সুপুরুষ** — সুশ্রী পুরুষ।

**সুপ্ত** — নিদ্রিত। ... **সুপ্তি** — নিদ্রা। ... **সুপ্তোত্থিত** — নিদ্রা হইতে উত্থিত।

**সুপ্রতর** — যাহাকে (যে নদনদীকে) সহজে পার হওয়া যায়।

**সুপ্রভাত** — সুন্দর বা শুভ প্রভাত। good morning উক্তির নকল।

**সুপ্রসন্ন** — অতি প্রসন্ন।

**সুফল** — উত্তম ফল, কাম্যফল। তীর্থ-দর্শনের ফললাভের নিমিত্ত পাণ্ডার আশীর্বাদ। ... **সুফলা** — প্রচুরফলোৎ-পাদিকা।

**সুফী** [আ] মুসলমান সহজিয়া ধার্মিক সম্প্রদায় বিঃ।

**সুবচনী** [ < শুভসূচনী বা শুভচণ্ডী] দেবী বিঃ।

**সুবর্চল** — প্রাচীন দেশ বিঃ। (সৌবর্চল)

**সুবর্ণ** — স্বর্ণ, সোনা। প্রাচীন স্বর্ণমুদ্রা বা স্বর্ণের পরিমাণ বিঃ (১৬ মাষা)। সুন্দর বর্ণ। ... **সুবর্ণকার** — সেকরা। ... **সুবর্ণবণিক্‌** (-ণিজ্‌) — জাতি বিঃ, সোনার বেনে। ... **সুবর্ণসুযোগ, স্বর্ণ-** — উত্তম সুযোগ, golden opportunity র নকল)

**সুবলিত** — সুগঠিত। সবল।

**সুবহ** — অনায়াসে বা সুখে বহনযোগ্য।

**সুবা** [আ] বাদশাহী আমলে রাজ্যের অন্তর্গত প্রদেশ, province. ... **সুবাদার** ] প্রাদেশিক শাসনকর্তা। দেশী সৈন্যদলের কাপ্তেন।

**সুবাদ** ] দূরসম্পর্ক বা গ্রামসম্পর্ক ('সুবাদে খুড়া')

**সুবাস** — সুগন্ধ, সৌরভ। ... ণ. **সুবাসিত**। ... **সুবাসিনী** — সৌরভ-যুক্তা।

**সুবিচার** — উত্তম বা ন্যায্য বিচার।

**সুবিদিত** — উত্তমরূপে জ্ঞাত। যে ভাল রকম জানে।

**সুবিধা** — সুযোগ। সদুপায়। (তুঃ কুবিধা)। ... **সুবিধাবাদী** — নিজের যাহাতে সুবিধা হয় সেই দিকে লক্ষ্য রাখিয়া যে সব কাজ করে।

**সুবিশাল** — অতি বিশাল।

**সুবিস্তীর্ণ, সুবিস্তৃত** — অতি বিস্তৃত।

**সুবুদ্ধি** — ষ্য. উত্তম বা শুভ বুদ্ধি। ... ণ. উত্তমবুদ্ধিশালী।

**সুবৃত্ত** — সচ্চরিত্র। সুবর্তুল, গোলগাল।

**সুবৃহৎ** — অতি বৃহৎ।

**সুবেশ** — ষ্য. উত্তম বেশ। ... ণ. উত্তম-

বেশযুক্ত। ... স্ত্রী. **সুবেশা।**

**সুবোধ** — সদ্‌বুদ্ধিযুক্ত। (ব্যঙ্গে) শান্ত ও আজ্ঞাবহ। ... **সুবোধ্য** — অনায়াসে বোধ্য।

**সুভগ** — ভাগ্যবান্‌। সুন্দর। সুখদ, প্রিয়। ... স্ত্রী. **সুভগা** (§ সৌভাগিনেয়, সৌভাগ্য)

**সুভদ্র** — সৌভাগ্যশালী। ... স্ত্রী. **সুভদ্রা।** — কৃষ্ণের ভগিনী, অর্জুনের পত্নী।

**সুভাষ** — মুখের ভাষণ মধুর।

**সুভাষিত** — ণ. সুকথিত। ... ষ্য. সুবচন। সূক্তি, Maxim, adage, epigram ইত্যাদি।

**সুভিক্ষ** — অন্নপ্রাচুর্য, দুর্ভিক্ষের বিপরীত। যেখানে অনায়াসে ভিক্ষা মিলে।

**সুমতি** — ষ্য. সুবুদ্ধি। ... ণ. সুবুদ্ধিশালী। সুবুদ্ধিশালিনী।

**সুমধুর** — অতি মিষ্ট।

**সুমধ্যমা** — সুন্দরকটিযুক্তা, বরারোহা।

**সুমন** [ < সুমনসঃ (-নস্‌)। স্ত্রী. বহুবচন ] পুষ্প।

**সুমনা** [ < সুমনাঃ ( -নস্‌)। পুং ] জ্ঞানী। দেবতা।

**সুমন্ত্র** — দশরথের মন্ত্রী ও সারথি।

**সুমন্দ** — মৃদুমন্দ।

**সুমালী** — রাক্ষসদের আদিপুরুষ।

**সুমিত্রা** — দশরথের তৃতীয়া পত্নী, লক্ষ্মণ-শত্রুঘ্নের মাতা। (§ সৌমিত্র, -ত্রি)

**সুমুখ ১** — সুন্দর মুখবিশিষ্ট। ... স্ত্রী. **-খা, -খী।**

**সুমুখ ২** (সমুখ দেখ)

**সুমেধা** (মেধস্‌) — প্রখর ধীশক্তিসম্পন্ন।

**সুমেরু** — পৌরাণিক পর্বত বিঃ, মেরু (অনেকের মতে চীন-তুর্কিস্থানে)। (বাং) উত্তরমেরু, North Pole.

**সুয়া / সুয়ো** [ < সুভগা ] সোহাগিনী, প্রিয়া ('-রানী')

**সুযোগ** — উত্তম অবসর, সুবিধা। জ্যোতিষমতে উত্তম যোগ।

**সুযোগ্য** — অতি উপযুক্ত।

**সুযোধন** — দুর্যোধনের আদরের নাম।

**সুর ১** — দেব, অমর। সূর্য। ... **সুরগুরু** — বৃহস্পতি। ... **সুরপতি** — ইন্দ্র। ... **সুরলোক** — দেবলোক।

**সুর ২** ] স্বর। কণ্ঠস্বর ('নাকী —')। সংগীতের সা রে গা মা ইঃ স্বর, note, tone, key ('বাজনার — বাঁধা')। রাগিণী, tune ('গানের —')।

**সুরকি, সুর্কি** [ ফ. সুর্খ্‌ ] ইটের গুঁড়া।

**সুরঙ্গ** [ গ্রীক syrinx হইতে সংস্কৃত ] সুড়ঙ্গ (দেখ)

**সুরত ১** — রতি, মৈথুন।

**সুরত ২** [ আ ] চেহারা, আকৃতি ('খুব-')। প্রকার, উপায়। ... **সুরতহাল** ] অবস্থা। আদালতে এজাহার।

**সুরতি ১, সুর্তি** [ হি ] পানের সঙ্গে খাইবার তামাকের সুগন্ধ গুঁড়া বা গুলি।

**সুরতি ২, সুর্তি** [ পো. sorte ] চাঁদা তুলিয়া জুয়াখেলা বা ভাগ্যপরীক্ষা বিঃ, lottery.

**সুরথ** — বৈদিক যুগের নৃপতি, চণ্ডীতে প্রসিদ্ধ।

**সুরধুনী, সুরনদী** — গঙ্গা।

**সুরবাহার** ] বীণা-জাতীয় বাদ্যযন্ত্র বিঃ।

**সুরভি ২** — ষ্য. সুবাস। সুগন্ধদ্রব্য। ... ণ. সুবাসিত। (§ সৌরভ)। ... **সুরভিত** — সুবাসিত।

**সুরভি ২, -ভী** — কামধেনু বিঃ, নন্দিনীর মাতা।

**সুরসিক** — উত্তম রসজ্ঞ। রঙ্গরসপটু।

**সুরা** — মদ্য ('-পায়ী, -সক্ত')। চুয়ানো মদ, spirits. (§ সৌরিক)। ... **সুরাজীব, -জীবী** (-বিন্) — শুঁড়ী। ... **সুরাসার** — কোহল, স্পিরিট, alcohol.

**সুর্যারি** — অসুর।

**সুরাষ্ট্র** — সুরাট, বোম্বাই প্রদেশের নগর বিঃ। (§ সৌরাষ্ট্র)

**সুরাহা** [ সু + ফা. রাহ্ ] সুপথ, সুবিধা।

**সুরাহি** [ আ ] — সোরাই, গলা সরু জলপাত্র।

**সুরু** (শুরু দেখ)

**সুরুক, সুলুক** [ ফা. সুরাগ ] সূত্র, clue ('-সন্ধান')

**সুরুচি** — সভ্য ও মার্জিত রুচি।

**সুরুয়া** (শুরুয়া দেখ)

**সুরূপ** — সুশ্রী, রূপবান্। ... স্ত্রী. **-পা**।

**সুরেন্দ্র** — দেবপতি, ইন্দ্র।

**সুরেশ্বর** — ইন্দ্র। শিব। ... **সুরেশ্বরী**— গঙ্গা। ভগবতী।

**সুর্কি, সুর্তি** (সুরকি, সুরতি দেখ)

**সুর্মা** [ ফা ] চোখে দিবার চূর্ণ অঞ্জন।

**সুর্শা / সুর্শো** ] যে আংটায় শিকল বা আলতারাফ আটকানো হয়।

**সুলক্ষণ** — ষ্য. শুভ লক্ষণ। ... ণ. শুভ-লক্ষণযুক্ত। ... স্ত্রী. **-ণা**।

**সুলতান** [ তু ] বাদশাহ। ভূতপূর্ব তুরস্ক-রাজগণের উপাধি। ... স্ত্রী. **-না** ]

**সুলভ** — সস্তা। অনায়াসলভ্য।

**সুললিত** — সুকোমল। অতি মনোহর।

**সুলুক** (সুরুক দেখ)

**সুলোচনা** — যে স্ত্রীর চক্ষু সুন্দর।

**সুশর্মা** — নিগর্ত দেশের রাজা, মহা-ভারতে বিরাট রাজার গোহরণের জন্য প্রসিদ্ধ।

**সুশিক্ষা** — উত্তম শিক্ষা। ... ণ. **সুশিক্ষিত**।

**সুশীতল, সুশীত** — তৃপ্তিকর শীতল।

**সুশীল** — সচ্চরিত্র। — স্ত্রী. **-লা**।

**সুশৃঙ্খল**—সুব্যবস্থিত। ... ষ্য. **-তা**। **-লা**।

**সুশোভন** — অতিশয় শোভাকর। ... স্ত্রী. **-না**। ... **সুশোভিত** — সুন্দররূপে শোভিত।

**সুশ্রাব্য** — শ্রুতিমধুর।

**সুশ্রী** — সুরূপ।

**সুশ্রুত** — আয়ুর্বেদরচয়িতা প্রাচীন পণ্ডিত বিঃ। তাঁহার নামে প্রসিদ্ধ গ্রন্থ ('-সংহিতা')

**সুষনি / সুষুনি** [ < সুনিষণ্ণ ] জলজ শাক বিঃ।

**সুষম** — সর্বাঙ্গ সুন্দর। যথোপযুক্ত উপাদান ও অঙ্গসামঞ্জস্য বিশিষ্ট, balanced ('— খাদ্য')

**সুষমা** — অতিশয় শোভা, লাবণ্য।

**সুষির** (শুষির দেখ)

**সুষুণী, শুশুনী** (সুষনি দেখ)

**সুষুপ্ত** — গভীর নিদ্রামগ্ন। ... ষ্য. **সুষুপ্তি**।

**সুষুম্না** — শাস্ত্রোক্ত নাড়ী বিঃ। ... **সুষুম্নাকাণ্ড** — মেরুদণ্ডের মধ্যবর্তী নার্ভ-তন্তুর গুচ্ছ, spinal chord.

**সুষেণ** — রামায়ণে বানরদের মধ্যে চিকিৎসক।

**সুষ্ঠু** — অতি সুন্দর। শ্রেষ্ঠ। সত্য। (§ সৌষ্ঠব)

**সুসংবাদ** — ভাল খবর।

**সুসজ্জ, সুসজ্জিত** — উত্তমরূপে সজ্জিত।

**সুসভ্য** — অতিশয় সভ্য।

**সুসময়** — শুভকাল। সুখের সময়।

**সুসম্পন্ন** — উত্তমরূপে নিষ্পন্ন। **সমৃদ্ধি-শালী**।

**সুসাধ্য** — অনায়াসসাধ্য, সুকর।

**সুসার**] প্রতুল, কুলান। সুবিধা।

**সুস্থ** — স্বাস্থ্যযুক্ত, নীরোগ, স্বচ্ছন্দ ('— শরীর, মন')। ... ষ্য. **-তা**।

**সুস্থির** — অচঞ্চল, শান্ত, সুস্থ।

**সুস্পষ্ট** — অতিশয় স্পষ্ট।

**সুস্মিত** — সুন্দর ঈষৎ হাস্যযুক্ত। ... স্ত্রী. **-তা**।

**সুস্বর** — মিষ্টস্বর।

**সুস্বাদ** — উত্তম স্বাদ। ... **সুস্বাদ, সুস্বাদু** — উত্তমস্বাদযুক্ত।

**সুহৃৎ, সুহৃদ্** (-দ্) — প্রিয়সখা, বন্ধু। সহৃদয়। (§ সৌহার্দ্য, -র্দ, সৌহৃদ্য, -দ')। ... **সুহৃদ্‌বর** — শ্রেষ্ঠ বন্ধু।

**সুহ্ম** — দামোদরের উত্তরবর্তী রাঢ়দেশ।

**সূক্ত** — (সু-উক্ত) এক একটি সম্পূর্ণ ঋষিবাক্য বা বৈদিক কবিতা যাহাতে কতকগুলি ঋক্ আছে। উত্তম উক্তি।

**সূক্তি** — সুভাষিত (সুভাষিত দেখ)

**সূক্ষ্ম** — সরু, মিহি; তীক্ষ্ম ('—বস্ত্র, সূত্র, চূর্ণ। -দর্শী, -বিচার, -বুদ্ধি। সূক্ষ্মাগ্র')। ক্ষীণ। সংকীর্ণ। ... ষ্য. **-তা, সৌক্ষ্ম্য**। ... **সূক্ষ্মকোণ** — (জ্যামিতিতে) সমকোণ অপেক্ষা সংকীর্ণ কোণ, acute angle. ... **সূক্ষ্মশরীর** — (দর্শনে) ইন্দ্রিয়প্রাণমনবুদ্ধি-সমন্বিত জড়ধর্মবর্জিত দেহ।

**সূচ** (সুচ দেখ)

**সূচক** — বোধক, জ্ঞাপক ('শুভ-, অবজ্ঞা-')। সূচনাকারী। ... স্ত্রী. **সূচিকা**। (সূচী দেখ)

**সূচন, সূচনা** — জ্ঞাপন, কথন। সংকেত, ইঙ্গিত। ... **সূচনা** — প্রস্তাবনা। বিজ্ঞাপন। অভিনয়। ... **সূচনীয়, সূচ্য** — জ্ঞাপনীয়। ... **সূচিত** — জ্ঞাপিত। প্রকাশিত।

**সূচী, -চি, সূচিকা** — সুচ, ছুঁচ, সীবনী ('-কার্য, -জীবী, -মুখ')। গ্রন্থাদির বিষয়তালিকা, নির্ঘণ্ট ('সূচীপত্র')। (§ সৌচিক)। ... **সূচিকাভরণ** — সূচ্যগ্র-পরিমাণ-সর্পবিষ-ঘটিত আয়ুর্বেদীয় ঔষধ বিঃ। ... **সূচীভেদ্য** — অতি নিবিড় ('— অন্ধকার') ... **সূচিশিল্প** — নানা বর্ণের সুতা দিয়া কারুকার্য।

**সূচ্যগ্র** — ষ্য. ছুঁচের আগা। ... ণ. তৎপরিমিত, কণামাত্র।

**সূচারু** — সুন্দর, সুষ্ঠু, মনোহর।

**সূত** — প্রাচীন জাতি বিঃ (সারথি স্তুতিপাঠক পুরাণবক্তা বা সূত্রধর)। প্রসূত, জাত। প্রেরিত। ... স্ত্রী. **সূতা**। ... **সূতক** — জন্ম। ... **সূতকাশৌচ, সূতক** — সন্তানজন্ম-জন্য অশৌচ।

**সূতি** — প্রসব। ... **সূতিকা** — **নবপ্রসূতা**। (বাং) প্রসূতির রোগ বিঃ। ... **সূতিকা-গার, সূতিগৃহ** — আঁতুড় ঘর।

**সূত্র** — সুতা, তন্তু। ক্রম, গতিক ('কার্য-সূত্রে')। ধারা ('চিন্তা-')। সংক্ষিপ্ত বাক্য, aphorism ('বেদান্ত-')। বিধি, নিয়ম, rule, formula ('ব্যাকরণের, গণিতের —') নাটকের প্রস্তাব। ... **সূত্র-কার** — সূত্ররচয়িতা ('বেদান্ত-')। ... **সূত্রধর** — ছুতার। ... **সূত্রধার** — (প্রাচীন নাটকে) নাট্যপ্রস্তাবক প্রধান নট। ছুতার। ... **সূত্রপাত** — আরম্ভ।

**সূদন** — ষ্য. হনন। ... ণ. হন্তা ('মধু-')

**সূনু** — পুত্র। অনুজ। দৈত্য। ... **সূনু, -নু** — কন্যা।

**সূনৃত** — সত্য প্রিয় বাক্য।

**সূপ** — ঝোল। রাঁধা দাল। ... **সূপকার** — পাচক।

**সূর** — সূর্য। (§ সৌর)

**সূরি, সূরী** (-রিন্) — কবি, বিদ্বান্।

**সূর্প** (শূর্প দেখ)

**সূর্য** — অর্ক, অর্যমা, আদিত্য, তপন, দিবাকর, পূষা, প্রভাকর, বিবস্বান্, বিভাবসু, ভানু, ভাস্কর, মার্তণ্ড, মিত্র, মিহির, রবি, সবিতা, সূর ('-বংশ। সূর্যোদয়, সূর্যাস্ত')। ... **সূর্যকান্ত মণি** — আতশী কাচ বা তদ্রূপ স্ফটিক। ... **সূর্যঘড়ি**] রৌদ্রে স্থাপিত ফলক বা শঙ্কুর ছায়া হইতে সময় নিরূপণ করিবার যন্ত্র, sun-dial. .. **সূর্যমুখী** — হলদে রঙের ফুল বিঃ, sun-flower.

**সৃক্কণী, -ক-, সৃক্ক** — ওষ্ঠপ্রান্ত, কষ।

**সৃজন**] সৃষ্টি, নির্মাণ। (পদ্যে ক্রি. 'সৃজিল')।

**সৃষ্ট** — ঈশ্বরনির্মিত। নির্মিত।... **সৃষ্টি** — ঈশ্বরকর্তৃক রচনা। নির্মাণ। জগৎ। (§ স্রষ্টা)

**সে ১** [< সঃ] মনুষ্যাদি-সূচক সর্বনাম (সামান্য প্রয়োগে। পুং বা স্ত্রী। '— বলিল')। (পঃছ দেখ)। নির্দেশক বিশেষণ, সেই ('সে লোক, জন্তু, সে প্রকার। সেজন্য, -রকম, -সকল, -সব')

**সে ২** (ফা) — তিন (—তার, পায়া)

**সেই**] পূর্বোক্ত ('— লোক, দিন হইতে, কারণে')। তাহাই ('— ভাল')

**সেঁউতি** [< সেচনী] নৌকার জল সেঁচিবার পাত্র। (সেঁওতি দেখ)

**সেও** [ফা. সীব] আপেল ফল।

**সেঁওতি, সেঁউতি** [< সেবন্তী] দেশী সাদা গোলাপ ফুল বিঃ।

**সেওয়ায়** [আ. সিবা.] ব্যতীত।

**সেক** — সেচন ('জল-')। (বাং) অঙ্গে উত্তাপপ্রয়োগ, fomentation ('— দেওয়া')। (§ সেক্তা)

**সেকরা** [প্রাচীন পারসীক হইতে] স্বর্ণকার, যে গহনা গড়ে।

**সেকা, সেঁকা** [√ সেক্, সেঁক্-৫] তাপ দেওয়া ('হাত পা —')। তাপে পক্ক করা, to bake ('রুটি —')

**সেকরা**] — স্বর্ণকার।

**সেকাল**] প্রাচীন কাল। সেই সময়। ... ণ. **সেকেলে**] প্রাচীনকালের। এখন যাহার চলন নাই ('— গহনা')

**সেকেণ্ড** [ই.second] ১/৬০ মিনিট।

**সেকেন্দর** — আলেকজান্দার। ভারতের বাদশাহ্ সেকেন্দর লোদী।

**সেকেন্দরীগজ** — সেকেন্দর বাদশাহের আমলে প্রচলিত ৩৮ ইঞ্চি মাপের গজ।

**সেক্রেটারি** (ই) — সম্পাদক। কার্য-নির্বাহক।

**সেঁকো, শেঁ-** [পো.arsenico] ধাতব বিষ বিঃ, arsenic, শঙ্খবিষ।

**সেক্তা** (-ক্তৃ) — সেচনকারী, সেচক।

**সেখান**] সেইস্থান ('— থেকে, সেখানে')। ... **সেখানকার**] সেই স্থানের, তথাকার।

**সেগুন**] গাছ বা কাঠ বিঃ।

**সেঙ্গাত, সেঙাত** (সাঙ্গাত দেখ)

**সেচ**] সেচন, সেক।

**সেচক** — সেচনকারী, সেক্তা।

**সেচন** — আর্দ্রীকরণ, সেক, বর্ষণ, সিঞ্চন, জল ছিটানো। (§ সিক্ত, সেক্তা)

**সেচা** [√ সেচ্-৫। < সিচ্] সেচন করা। পুকুর ইঃ হইতে জল তুলিয়া ফেলা।

**সেঝা, সেজা** (সিঝা বিরল) [√ সিঝ্, সিজ্ ৯। < সিধ্] জলে সিদ্ধ হওয়া। ... **সিঝানো / সিঝনো, -জ-, সেঝানো, -জ-** [√ সিঝা, সিজা-১৩] সিদ্ধ করা।

**সেঁজুতি** [< সন্ধ্যা-] সাঁঝের বাতি। সন্ধ্যাকালে অনুষ্ঠেয় বালিকাব্রত বিঃ।

**সেজো**] তৃতীয় ('— ছেলে'। সংক্ষেপে

— সেজ-। 'সেজদা')

**সেট** [ই] একরকমের বা একসঙ্গে ব্যবহার্য দ্রব্যের সমূহ ('এক — বাসন')

**সেতখানা** [ফা. সহ্‌ৎ-] পায়খানা।

**সেঁতসেঁতে, স্যাঁত-**] সিক্তপ্রায় ('— ঘর')

**সেঁতানো** [√ সেঁতা-১১। < সিক্ত-] সিক্তপ্রায় হওয়া।

**সেতার** [ফা] বীণা-জাতীয় বাদ্যযন্ত্র বিঃ।

**সেতারী** — সেতার বাদক।

**সেতু** — পুল, সাঁকো। বাঁধ। ... **সেতু-বন্ধ**—রামেশ্বরতীর্থের দক্ষিণে সংকীর্ণ দ্বীপশ্রেণী (প্রবাদ — লঙ্কায় যাইবার জন্য রাম কর্তৃক নির্মিত)

**সেথা, সেথায়**] সেখানে (পদ্যে বা গ্রাম্য)

**সেথো** [< সার্থ-] সাথী, সঙ্গী। তীর্থ-পথপ্রদর্শক।

**সেদিন**] সেইদিন। অনতিপূর্ব কোনও দিন।

**সেন** — (সেনাপতিত্ব- বা বীরত্ব-সূচক) বাঙালী হিন্দুর উপাধি বিঃ।

**সেনা** — (স্ত্রী.) সৈন্য, যোদ্ধার দল, অনীকিনী, চমূ, বাহিনী, ফৌজ। (§ সৈনিক)। ... **সেনানিবাস** — শিবির, ছাউনি। ... **সেনানিবেশ** — সৈন্যগণের আবাস, ছাউনি। ... **সেনাধ্যক্ষ, সেনানী, সেনাপতি** — সৈন্যদলের নায়ক। (§ সৈনাপত্য)

**সেপাই** (সিপাহী দেখ)

**সেপায়া** — তেপায়া, তিন পায়াযুক্ত ছোট টেবিল।

**সেপ্টেম্বর** [ই] ইংরেজী বৎসরের নবম মাস।

**সেবক** — পরিচারক, ভৃত্য। ... স্ত্রী. **সেবিকা**।

**সেবতী** — সেঁউতিফুল।

**সেবধি** — কুবেরের নিধি।

**সেবন** — উপভোগ ('বায়ু-, রৌদ্র-')। ঔষধ মাদক ইঃ পান বা ভক্ষণ ('ঔষধ-, অহিফেন-')। সেবা। পূজা। (পদ্যে ক্রি. 'সেবিল')। ... ণ. **সেবিত**। ... **সেবনীয়, সেব্য** — সেবন বা সেবার যোগ্য। ... **সেবমান** — যে সেবা করিতেছে। ... **সেব্যমান** — যাহার সেবা করা হইতেছে।

**সেবা** — পরিচর্যা, শুশ্রূষা ('প্রভুর, রোগীর — করা। পদ-, গো-')। পূজা ('দেব-')। উপভোগ ('ইন্দ্রিয়-') বাংলায় প্রণাম অর্থেও ব্যবহৃত হয়। ... **সেবাদাসী** — বৈরাগী ইঃর দাসী বা উপপত্নী।

**সেবায়ত, -য়েত, -ইত**] দেবতার সেবক, পূজারী। মন্দিরাদির উপস্বত্বের অধিকারী।

**সেবী** (-বিন্‌) — যে সেবন করে ('ইন্দ্রিয়-, গঞ্জিকা-')। সেবক।

**সেব্য** (সেবন দেখ)

**সেমই, সেমুই** [< সেবিকা] ময়দার পিণ্ড হইতে প্রস্তুত সুতার তুল্য খাদ্য বিঃ, vermicelli.

**সেয়াই** [ফা. সিআহী] কালি, মসি।

**সেয়ানা, সেয়ান** [< সজ্ঞান] চালাক। জ্ঞানবান্‌। বয়ঃপ্রাপ্ত।

**সের**—ওজন বিঃ, ১/৪০ মন, ২ পাউণ্ডের কিছু বেশী। ... **-সেরা, -সেরী**] সের-পরিমিত ('পাঁচ- বাটখারা')

**সেরা ১** [ফা. সর্‌-] শ্রেষ্ঠ।

**সেরা ২** — চিনির ঘনরস।

**সেরেফ** [আ. সির্ফ্‌] কেবল।

**সেরেস্তা** [ফা. সর্‌রিশ্‌তহ] অফিস, দপ্তর। ... **সেরেস্তাদার**] বড় কেরানী বিঃ।

**সেলাই**] সীবন, ছুঁচ সুতা দিয়া কাপড়

ইঃ জোড়া ('—করা')। সেলাইএর জোড় ('—খোলা')

**সেলাখানা**, সেলে- [আ- ফা. সিল্‌হ্‌-খানহ্‌] অস্ত্রাগার।

**সেলাম** [আ. সলাম] ডান হাত কপালে তুলিয়া নমস্কার। ... **সেলামী**] নজরানা, প্রভু ইংকে উপঢৌকন। জমি ইঃ জমা লইবার কাছে মালিককে প্রদেয় অর্থ।

**সেহা** (ফা) — খাজনা আদায়ের দৈনিক হিসাব। ... **সেহানবীশ** — এই হিসাব যে রাখে।

**সৈকত** — নদীসমুদ্রাদির বালুকাময় তট, পুলিন।

**সৈনাপত্য** — সেনাপতির পদ বা কর্ম।

**সৈনিক**—সেনাভুক্ত যোদ্ধা। সশস্ত্র প্রহরী। সেনা সম্বন্ধীয়।

**সৈন্ধব** — সামুদ্র। সিন্ধুপ্রদেশজাত।... **সৈন্ধব লবণ** — (বাং) পাথরের তুল্য খনিজ লবণ, rock salt.

**সৈন্য** — সেনা, ফৌজ; সৈনিক ('সৈন্যাধ্যক্ষ')

**সৈয়দ** [আ.] মুসলমান উপাধি বিঃ (মহম্মদের বংশধর)

**সৈরিন্ধ্রী, সৈর-** — যে নারী পরগৃহে শিল্পাদিদ্বারা জীবিকানির্বাহ করে।

**সোঁ** (সাঁ দেখ)

**সোজা** [< শুদ্ধ] ঋজু, অবক্র ('—রাস্তা')। সরল, অকুটিল ('—লোক নয়')। অকঠিন, সুসাধ্য, সুবোধ্য ('—কাজ, মানে')। ... **সোজাসুজি**—একেবারে না বাঁকিয়া। স্পষ্টাস্পষ্টি।

**সোঁটা**] লাঠি, দণ্ড ('আসা-')

**সোডা** [ই] ক্ষার বিঃ, সর্জিকা, bicarbonate বা carbonate of soda. ..**সোডাওআটার** [ই] কার্বনিক অ্যাসিড গ্যাস যুক্ত জল (প্রায় সোডা থাকে না)

**সোৎকণ্ঠ** — উৎকণ্ঠাযুক্ত।

**সোৎপ্রাস** — ণ. উপহাসযুক্ত। ... ষ্য. উপহাস।

**সোদর, সোদর্য** — সহোদর। ...স্ত্রী. **-রা, -র্যা**।

**সোসর** — সদৃশ (ব্র-বু)

**সোঁদা** [< সুগন্ধ] শুষ্ক মাটিতে জল পড়িলে যেমন গন্ধ হয়। যাহার বসন্ত ইঃ রোগের টিকা হয় নাই।

**সোঁদাল**] গাছ বিঃ, কর্ণিকার, সোনালু।

**সোনা**] <স্বর্ণ, সুবর্ণ, মহার্ঘ ধাতু বিঃ। পীতবর্ণসূচক ('-ব্যাং, -মুগ')। ... **সোনামুখী**] পত্র বিঃ, senna (ঔষধ)। ... **সোনালী**] স্বর্ণাভ। স্বর্ণমণ্ডিত।

**সোনার**] — স্বর্ণকার।

**সোনালু**] — সোঁদাল ফুল।

**সোপকরণ** — উপকরণ-সহিত।

**সোপচার** — উপচার-সহিত।

**সোপরদ্দ** [ফা. সুপুর্দ্] বিচারার্থে প্রেরণ ('ফৌজদারি — করা')

**সোপাধি, -ধিক** — উপাধিযুক্ত। সগুণ। (তুঃ নিরুপাধি)

**সোপান**—সিঁড়ি।

**সোবে** — সন্দেহ।

**সোম** — চন্দ্র। সপ্তাহের বার বিঃ। বেদোক্ত লতা বিঃ (অনেকের মতে ভাঙ বা সিদ্ধি। '-রস')। (§ সৌম্য) ... **সোমতীর্থ**—প্রভাস (দেখ)। **সোমপ, -পা** — সোমরসপায়ী।

**"সোমত্ত"**] < সমর্থ, যৌবনসম্পন্ন (প্রায় স্ত্রী)

**সোয়ায়** — স্বস্তি (ব্র-বু)

**সোয়ামী** — স্বামী। (গ্রাম্য)

**সোয়ারী** — আরোহী। পাল্কী।

**সোয়াদ**] < স্বাদ। (গ্রাম্য)

**সোয়াস্তি**] < স্বস্তি, শান্তি।
**সোরগোল** (শোর- দেখ)
**সোরপোশ** — পাত্রাদির ঢাকনি।
**সোরা** (শোরা দেখ)
**সোরাই** [আ. সুরাহী] জলের কুঁজা।
**সোলা, শো-**] জলজ উদ্ভিদ বিঃ। তাহার হালকা নরম কাঠ।
**সোলে** [আ. সুল্‌হ্] উভয় পক্ষের রফা ('-নামা')
**সোহাগ** [< সৌভাগ্য] আদর। ... **সোহাগিনী / সোহাগী**] আদরিণী।
**সোহাগা** [< সৌভাগ্য] ক্ষারলবণ বিঃ, টঙ্কণ, borax.
**সোহিনী** (শোহিনী দেখ)
**সৌকর্য** — সুকরতা, সুসাধ্যতা, অনায়াস।
**সৌকুমার্য** — সুকুমারতা, কোমলতা, লালিত্য।
**সৌক্ষ্ম** — সূক্ষ্মতা।
**সৌখিন** (শৌখিন দেখ)
**সৌগত** — বৌদ্ধ।
**সৌগন্ধ, -ন্ধ্য** — সৌরভ। ... **সৌগন্ধিক** — সুগন্ধব্যবসায়ী।
**সৌচিক** — সূচীজীবী, দরজী।
**সৌজন্য** — সুজনতা, সদ্‌ব্যবহার, ভদ্রতা।
**সৌজাত্য** — জন্মের উৎকর্ষ।
**সৌদামিনী** — বিদ্যুৎ।
**সৌধ** — (মূঃ সুধা-ধবলিত, চুনকাম-করা) প্রাসাদ। ... **সৌধকিরীটিনী** — সৌধ-রূপ কিরীট সমন্বিতা ('— নগরী')
**সৌন্দর্য** — সুন্দরতা, সুদৃশ্যতা, মনোহারিতা।
**সৌবর্চল** — সুবর্চল দেশীয়। লবণ বিঃ।
**সৌবীর** — সিন্ধুনদতীরবর্তী প্রাচীন দেশ বিঃ।
**সৌভাগিনেয়** — সৌভাগ্যবতীর পুত্র।
**সৌভাগ্য** — শুভাদৃষ্ট ('-ক্রমে, -বান্‌, -বতী')। প্রিয়ত্ব। **সৌন্দর্য**।
**সৌভ্রাত্র** — ভ্রাতৃগণের পরস্পর প্রীতি।
**সৌমিত্র, -ত্রি** — সুমিত্রাপুত্র, লক্ষ্মণ বা শত্রুঘ্ন।
**সৌম্য** — মনোজ্ঞ, প্রিয়দর্শন, শান্ত ('-দর্শন, -মূর্তি')। চন্দ্রপুত্র, বুধ। ... স্ত্রী. **সৌম্যা**।
**সৌর** — সূর্য সম্বন্ধীয়, solar. ... **সৌর-জগৎ** — সূর্য ও তাহার গ্রহ-উপগ্রহ সমূহ, solar system.
**সৌরভ** — সুবাস।
**সৌরাষ্ট্র** — ভারতের পশ্চিমস্থ প্রদেশ বিঃ, কাথিয়াওআড়ের রাজ্যসমূহ।
**সৌরি** — যম। শনি।
**সৌরিক** — সুরা সম্বন্ধীয়। মদ্যবিক্রেতা।
**সৌষ্ঠব** — সুরূপতা, সুগঠন। উৎকর্ষ।
**সৌসাদৃশ্য** — সম্পূর্ণ বা উত্তম সাদৃশ্য।
**সৌহার্দ্য, -র্দ, সৌহৃদ্য, -দ** — বন্ধুত্ব। সহৃদয়তা, সৌজন্য।
**স্কন্দ** — কার্তিকেয়।
**স্কন্ধ** — কাঁধ। গাছের গুঁড়ি। দেহ। গ্রন্থের পরিচ্ছেদ। অংশ। ব্যূহ। সেনা-বিভাগ। যুদ্ধ। ... **স্কন্ধাবার** — শিবির, ছাউনি। সৈন্যদল।
**স্কুল** [ই] "ইস্কুল", বিদ্যালয় বিঃ।
**স্ক্রু** [ই. screw] ইস্ক্রুপ [ডাচ schroef] পেঁচ।
**স্খলন** — পতন, চ্যুতি, পিছলানো ('ধর্ম, হস্ত হইতে —। বীর্য-, পদ-')। বিকলতা। অস্পষ্ট উচ্চারণ। ... **স্খলিত** — পতিত, চ্যুত, ভ্রষ্ট ('-বসন')। অস্পষ্ট উচ্চারিত ('— বাক্য')
**ষ্টীম** [ই] — বাষ্প
**ষ্টীম রোলার** [ই] — চত্বর পথ, প্রান্ত বা দিকে সমতল করিবার জন্য লৌহ নির্মিত বাষ্পচালিত ঘূর্ণমান ভারী চাপযন্ত্র।

**ষ্টীমার** [ ই ] বাষ্পচালিত জাহাজ।

**ষ্টেশন** [ ই ] রেলগাড়ি ইঃ থামিবার নির্দিষ্ট স্থান ও তাহার বাড়ি। ... **ষ্টেশনমাস্টার** — রেলওয়ে স্টেশনের ভারপ্রাপ্ত কর্মী।

**ষ্ট্যাম্প** [ ই ] চিঠি বা দলিল ইঃতে যে টিকিট লাগানো হয়।

**স্তন** — উরসিজ, উরোজ, কুচ, পয়োধর, মাই। ... **স্তনন্ধয়** — স্তন্যপায়ী ('— শিশু')। ... স্ত্রী. **-ন্ধয়া, -য়ী**। ... **স্তন্য** — স্তনদুগ্ধ। ... **স্তন্যজীবী** (-বিন্), **-পায়ী** (-য়িন) — স্তন্যপানকারী। যে জন্তু শৈশবে স্তন্যপান করে, mammal.

**স্তনন** — শব্দ। কাতরধ্বনি। মেঘগর্জন। ... **স্তনিত** — ণ. গর্জিত। ... ষ্য. গর্জন।

**স্তব, স্তবন** — মাহাত্ম্যকীর্তন, স্তুতি। ... **স্তব** — স্তোত্র ('-পাঠ')। ( § স্তাবক)

**স্তবক** — গুচ্ছ, সমূহ ('পুষ্প-')। ... ণ. **স্তবকিত**।

**স্তব্ধ** — জড়ীভূত, নিশ্চল। মূর্ছিত। দৃঢ়ীভূত। বধির। অনম্র।

**স্তম্ব** — তৃণাদির গুচ্ছ। কাণ্ডহীন বৃক্ষ।

**স্তম্ভ**—থাম, খুঁটি। গাছের গুঁড়ি। জড়ীভাব, stupor. দৃঢ়ভাব। নিশ্চলতা। রোধ। ... **স্তম্ভন**—জড়ীকরণ, stupefaction. দৃঢ়ীকরণ। রোধ, নিবারণ। মন্ত্রাদিদ্বারা শক্তিশূন্য ও নিশ্চল করণ। ... ণ. **স্তম্ভিত**। — বিস্ময়াদিহেতু জড়ীভূত।

**স্তর** — তবক, থাক; উপর্যুপরি সংস্থিত মৃত্তিকাপ্রস্তরাদির বিভাগ, stratum, layer. পলি।

**স্তাবক** — স্তুতিকারক।

**স্তিমিত** — নিশ্চল, তিমিত ('-লোচন')। আর্দ্র। (ক্ষীণ অর্থে প্রয়োগ অশুদ্ধ)

**স্তুত** — যাহার স্তুতি করা হইয়াছে, প্রশংসিত। ... **স্তুতি**—স্তব। প্রশংসা। ( § স্তোতা, স্তোত্র)। ... **স্তুতিবাদ** — প্রশংসাবাক্য। ... **স্তুত্য** — স্তবার্হ।

**স্তূপ** — রাশি, ঢিপি ('স্তূপাকার, স্তূপীকৃত')। ঢিপির তুল্য চৈত্য-মন্দিরাদি। বৌদ্ধদের পুণ্যস্মৃতি মণ্ডিত স্থাপত্যের নিদর্শন বিঃ।

**স্তেন** — তস্কর, চোর। ... **স্তেন, স্তেয়, স্তৈন, -ন্য** — তস্করতা, চুরি। ... **স্তেয়ী** (-য়িন্) — চোর।

**স্তোক** — অল্প ('-নম্রা')। (বাং) স্তোভ, মিথ্যা প্রবোধ বা স্তুতি ('-বাক্য')

**স্তোতা** (-তৃ) — স্তুতিকারক।

**স্তোত্র** — স্তববাক্য। স্তব, স্তুতি।

**স্তোভ** — নিরর্থক বাক্য। স্তম্ভন।

**স্তোভবাক্য** — (স্তোকবাক্য নয়) মিথ্যা আশ্বাসদান।

**স্ত্রী** — নারী, কামিনী, বামা, যোষিৎ, রমণী। স্ত্রীজাতীয়, মাদী (মনুষ্য জন্তু ইঃ)। পত্নী ('স্বামী-') ... ষ্য. **স্ত্রীত্ব**। ... **স্ত্রী-আচার** — পুরনারীকৃত বিবাহ-কালীন মাঙ্গলিক অনুষ্ঠান বিঃ। ... **স্ত্রীচিহ্ন** — যোনি। ... **স্ত্রীধন** —নারীর নিজ সম্পত্তি। ... **স্ত্রীধর্ম**—ঋতু, রজঃ। ... **স্ত্রীবশ** — স্ত্রৈণ। ... **স্ত্রীলিঙ্গ** — (ব্যাকরণে) স্ত্রীবাচক শব্দ। ... **স্ত্রীলোক** — নারী। ... **স্ত্রীসুলভ** — নারী-স্বভাবসিদ্ধ, মেয়েলী।

**স্ত্রৈণ** — পত্নীর বশীভূত, স্ত্রীবশ। ... ষ্য. **স্ত্রৈণতা**।

**-স্থ** — স্থিত, বিদ্যমান ('কণ্ঠস্থ, শরীরস্থ')। ... স্ত্রী. **-স্থা**।

**স্থগন** — নিবর্তন।

**স্থগিত** — নিবর্তিত। ক্ষান্ত, মুলতবী। আবৃত। তিরোহিত।

**স্থণ্ডিল** — যজ্ঞের জন্য চত্বর বা বেদী।

**স্থপতি** — গৃহাদিনির্মাতা, architect. (§ স্থাপত্য)

**স্থবির** — বৃদ্ধ। বৃদ্ধ বৌদ্ধ ভিক্ষু। ... স্ত্রী. **-রা**। ... ষ্য. **স্থবিরতা**।

**স্থল** — স্থান, দেশ ('বন-, গণ্ড-')। ভূমি, ডাঙ্গা ('-পথ, -চর')। বিষয়, অবস্থা, ক্ষেত্র ('এরূপ স্থলে')। পরিবর্ত, পদ ('স্থলাভিষিক্ত, তাহার স্থলে')। পাত্র, আধার ('নির্ভর-')। ... স্ত্রী. **স্থলী** ('বন-, মরু-')। ... ণ. **স্থলীয়**। ... **স্থলপদ্ম** — ফুল বিঃ (জবা-জাতীয়) **স্থলাভিষিক্ত** — প্রতিনিধি, **স্থলীয়**।

**স্থাণু**—ষ্য. কীল, খোঁটা, স্তম্ভ; শাখাহীন বৃক্ষ, stump ('-বৎ নিশ্চল')। **শিব**। উইঢিবি। ... ণ. নিশ্চল।

**স্থাতব্য** — থাকিবার যোগ্য, স্থেয়।

**স্থাতা** (তৃ) — অবস্থানকারী, যে থাকে।

**স্থান** — স্থল, অবস্থা, ক্ষেত্র। জায়গা, ঠাঁই ('সুন্দর —। স্থানাভাব। এ স্থানে, স্থানে স্থানে। বাস-')। পরিবর্ত, পদ ('তাহার স্থানে, র স্থানে ল')। পাত্র, আধার; কারণ; বিষয় ('ভয়-')। আলয়। স্থিতি। ... **স্থানান্তর** — অন্য স্থান। ... **স্থানান্তরিত** — অন্য স্থানে নীত। ... **স্থানিক**, **স্থানীয়** — স্থান সম্বন্ধীয়, **স্থলীয়**, local. ... **স্থানীয়** — প্রতিনিধিস্বরূপ, তুল্য ('পিতৃ-')। ... **স্থানে অস্থানে**—স্থান কাল পাত্র বিচার না করিয়া।

**স্থানেশ্বর**, **স্থাণ্বীশ্বর** — কুরুক্ষেত্র, আধুনিক থানেশ্বর।

**স্থাপক** — যে স্থাপন করে।

**স্থাপত্য** — স্থপতির কর্ম।

**স্থাপন, -না** — রক্ষণ, আরোপণ, অর্পণ, নিবেশন ('মস্তকে —')। প্রতিষ্ঠা ('মন্দির-, রাজ্য-, **কীর্তি**-')। ... **ণ. স্থাপিত**।

**স্থাবর** — **অচল**, immovable ('— সম্পত্তি' — জমি বাড়ি ইঃ)। অচেতন (তুঃ জঙ্গম)। স্থিতিশীল।

**স্থায়িভাব** — (অলংকারশাস্ত্রে) কাব্যাদির প্রধান বিষয় অবলম্বন করিয়া যে ভাব পাঠকের মনে সর্বাধিক স্থায়ী হয়।

**স্থায়ী** (-য়িন্) — স্থিতিশীল, টেকসই। স্থির। ... ষ্য. **স্থায়িতা, -ত্ব**।

**স্থাল, স্থালী** — পাকপাত্র। থাল।

**স্থিত** — যাহা থাকে, অবস্থিত, বর্তমান। স্থির। ... **স্থিতি** — অবস্থান, position. রহা, বিদ্যমানতা, stay, existence. **স্থিরতা**। ... **স্থিতিস্থাপক** — যাহা প্রসারণ সংনমন বা বক্রণের পর পূর্বাবস্থা পায়, elastic. ... ষ্য. **-তা**।

**স্থির** — নিশ্চল, অচঞ্চল ('— দৃষ্টি। চক্ষু-')। ধীর ('-বুদ্ধি')। নিশ্চিত, দৃঢ়, নির্ধারিত ('— বিশ্বাস। দিন — করা। স্থিরীকৃত')। স্থায়ী ('-যৌবনা')। ... স্ত্রী. **স্থিরা**। ... ষ্য. **স্থিরতা, স্থৈর্য**। ... **স্থিরনিশ্চয়** — ষ্য. দৃঢ় সংকল্প। ... ণ. দৃঢ়সংকল্পযুক্ত।

**স্থূল** — মোটা ('-কায়, স্থূলাঙ্গী')। পুরু ('— বস্ত্র')। অতীক্ষ্ন ('-বুদ্ধি')। মোটামুটি, অসূক্ষ্ম ('-দৃষ্টি')। ইন্দ্রিয়-গ্রাহ্য। ... ষ্য. **-তা, -ত্ব, স্থৌল্য**। ... **স্থূলকোণ** — (জ্যামিতিতে) সমকোণ অপেক্ষা বৃহৎ কোণ, obtuse angle.

**স্থেয়** — স্থাতব্য (দেখ)

**স্থৈর্য** — স্থিরতা।

**স্থৌল্য** — স্থূলতা।

**স্নাত** — যে স্নান করিয়াছে।
**স্নাতক** — বিদ্যাশিক্ষান্তে যে ব্রহ্মচর্য-সমাপ্তিসূচক স্নান করিয়াছে। নিত্য-স্নায়ী।
**স্নান** — "চান", নাওয়া, সর্বাঙ্গ-প্রক্ষালন, অবগাহন। ... **স্নানযাত্রা** — জ্যৈষ্ঠ-পূর্ণিমায় জগন্নাথের স্নানোৎসব। ... **স্নানাগার** — নাহিবার ঘর। ... **স্নানীয়** — স্নানযোগ্য। স্নানের উপকরণ।
**স্নাপক**—যে স্থান করায়। ... ষ্য. **স্নাপন**।
**স্নায়ী** (-য়িন্) — যে স্নান করে।
**স্নায়ু** — (মুঃ অস্থি বা পেশীর বন্ধনী, sinew ) নার্ভ (দেখ)। ... ণ. **স্নায়বিক, -বীয়**।
**স্নিগ্ধ** — কোমল, সুখস্পর্শ; যাহা শীতল করে ('—গন্ধ, বায়ু, পানীয়')। মসৃণ, তৈলতুল্য। তৈলাক্ত। স্নেহযুক্ত ('—সেবা')। ... ষ্য. **-তা**।
**স্নুহি** — মনসাসিজু গাছ।
**স্নুষা** — পুত্রবধূ।
**স্নেহ** — ভালবাসা, বাৎসল্য। ('অপত্য-, মাতৃ-, ভ্রাতৃ-। — করা। -বান্, -ভাজন, -ময়। স্নেহাস্পদ')। তৈলাদি ('-দ্রব্য')
**স্পন্দ, স্পন্দন** — পর্যায়ক্রমে চলন ও বিরাম ('হৃৎপিণ্ডের —')। মৃদু কম্প, **স্ফুরণ,** vibration. ... ণ. স্পন্দিত।
**স্পর্ধা** — অন্যকে পরাভূত করিবার বা দুঃসাধ্য কর্ম করিবার বাসনা। প্রতি-দ্বন্দ্ব। আস্পর্ধা, দর্প, বাড়। ... **স্পর্ধিত** — স্পর্ধাযুক্ত। ... **স্পর্ধী** (-র্ধিন্) — স্পর্ধাকারী।
**স্পর্শ** — ছোঁয়া, ঠেকাঠেকি। ত্বগিন্দ্রিয়গ্রাহ্য গুণ, ত্বকের অনুভূতি। (§ স্পৃশ্য, স্পৃষ্ট, স্পৃষ্টি)। ... **স্পর্শক** — (জ্যামিতিতে) যে সরলরেখা বৃত্তাদির পরিধি স্পর্শ করে কিন্তু বর্ধিত হইলেও ছেদ করে না, tangent. **স্পর্শী**। ...
**স্পর্শক্রামী** (-মিন্) — যাহা স্পর্শদ্বারা সংক্রমিত হয়, ছোঁয়াচে, contagious ('— রোগ')। ... **স্পর্শন** — স্পর্শকরণ। ... **স্পর্শবর্ণ** — বর্গীয় বর্ণ, ক হইতে ম পর্যন্ত। ... **স্পর্শমণি** — পরশ পাথর। ... **স্পর্শী** (-র্শিন্) — স্পর্শকারী। ... **স্পর্শেন্দ্রিয়** — যে ইন্দ্রিয়দ্বারা স্পর্শবোধ হয়, ত্বক্।
**স্পষ্ট** — পরিস্ফুট, ব্যক্ত, বিশদ ('—দেখা, বলা, শোনা, জানা')। যাহার কিছু গোপন নাই, খোলাখুলি ('— কথা। -বক্তা, -বাদী, -ভাষী')। ... ষ্য. **-তা**।
**স্পিরিট** [ ই ] কোহল, সুরাসার।
**স্পৃশ্য** — স্পর্শযোগ্য।
**স্পৃষ্ট** — যাহা ছোঁয়া হইয়াছে। ... **স্পৃষ্টি** — স্পর্শ।
**স্পৃহা** — ইচ্ছা, আকাঙ্ক্ষা, কামনা, লোভ। **স্পৃহণীয়** — কাম্য, বাঞ্ছনীয়। ... **স্পৃহয়ালু** — আকাঙ্ক্ষাযুক্ত, লোভী।
**স্প্রিং** [ ই ] "ইস্প্রিং", স্থিতিস্থাপক ইস্পাত ইঃর কুণ্ডলী হাল তার ইঃ, কামানি ('ঘড়ির, গাড়ির —')
**স্ফটিক** — স্বচ্ছ বর্ণহীন প্রস্তর বিঃ, ফটিক, rock-crystal. ... ণ. স্ফাটিক। ... **স্ফটিকারি** — ফটকিরি।
**স্ফারণ, স্ফার** — বিস্তার। স্ফূর্তি। ... ণ. **স্ফারিত**।
**স্ফীত** — ফুলা, ফাঁপা। বর্ধিত। ... ষ্য. **স্ফীতি**।
**স্ফুট** — বিকশিত, ফুল্ল। ব্যক্ত, বিশদ, স্পষ্ট। ফুটা, বিদীর্ণ ('দন্ত-')। দৃষ্ট, যেমন দেখা যায়, apparent ('সূর্যের -গতি')। ... **স্ফুটন** — বিকশন ('স্ফুটনোন্মুখ')। ফোটা, তাপের ফলে বাষ্পের বুদ্বুদ নিঃসারণ, boiling.

(§ স্ফোটন)। ... ণ. **স্ফুটিত।**

**স্ফুরণ** — কম্পন। দীপ্তি। ... **স্ফুরিত** — কম্পিত ('স্ফুরিতাধর')। দীপ্ত।

**স্ফুলিঙ্গ** — ফিনকি, অগ্নিকণা, spark.

**স্ফূর্ত** — স্ফূর্তিপ্রাপ্ত। ... **স্ফূর্তি** — বিকাশ ('বাক্য-')। সানন্দ উৎসাহ, ফুর্তি ('-মান্')। স্ফুরণ, কম্পন।

**স্ফোট** — পর পর উচ্চারিত বর্ণ দ্বারা অভিব্যক্ত শব্দ। স্ফোটন।

**স্ফোটক** — ফোড়া, boil.

**স্ফোটন** — বিকাশন। বিদারণ। ... **স্ফোটনী** — বেধনী, ছিদ্রকারক অস্ত্র।

**স্মর** — মদন। ... **স্মরহর, স্মরারি** — শিব।

**স্মরণ** — পূর্বানুভূত বিষয়ের চিন্তা বা জ্ঞান, স্মৃতি ('— করা, থাকা, হওয়া। -পথ। স্মরণে আনা, থাকা'। পদ্যে ক্রি. 'স্মরিল')। (§ স্মৃত)। ... **স্মরণাতীত** — স্মৃতির অতীত, অতি প্রাচীন। ... **স্মরণিক** — যাহা স্মৃতিরক্ষা করে, memorial ('—স্তম্ভ')। ... **স্মরণীয়, স্মর্তব্য** — স্মরণ বা চিন্তার যোগ্য।

**স্মারক** — স্মৃতির উদ্‌বোধক, যাহা মনে করাইয়া দেয়, reminder, memento ('—লিপি')

**স্মারণ** — মনে করানো। ... ণ. **স্মারিত।**

**স্মার্ত** — স্মৃতিশাস্ত্রজ্ঞ। স্মৃতি সম্বন্ধীয়।

**স্মিত** — ষ্য. ঈষৎ হাস্য ('সস্মিত')। ণ. ঈষৎ হাস্যযুক্ত ('-মুখ')। বিকশিত।

**স্মৃত** — যাহা স্মরণ করা হইয়াছে। স্মৃতির বিষয়।

**স্মৃতি** — পূর্বানুভূত বিষয়ের জ্ঞান, স্মরণ ('-চিহ্ন, -পট, -পথ, -মন্দির, -রক্ষা, -শক্তি, -স্তম্ভ')। চিন্তা। চিরাগত ধর্মবিধি, মনু ইঃ কৃত ধর্মসংহিতা। (§ **স্মার্ত**)

**স্মের** — ঈষৎ হাস্যযুক্ত, স্মিত।

**স্যন্দ, স্যন্দন** — ক্ষরণ। গমন। বেগ। ... **স্যন্দন** — রথ। ... **স্যন্দী** (-ন্দিন্) — ক্ষরণশীল।

**স্যমন্তক** — পুরাণোক্ত মণি বিঃ।

**স্যাঁতসেঁতে** (সেঁত- দেখ)

**স্যূত** — যাহা সেলাই করা হইয়াছে। গ্রথিত। ... ষ্য. **স্যূতি।**

**স্রংস, স্রংসন** — স্খলন, চ্যুতি, পতন। (§ স্রস্ত)

**স্রক্** (স্রজ্) — পুষ্পমাল্য।

**স্রবণ, স্রব** — ক্ষরণ, স্রাব। প্রস্রবণ।

**স্রষ্টা** (-ষ্টৃ) —

**স্রস্ত** — স্খলিত, চ্যুত।

**স্রাব** — ক্ষরণ ('রক্ত-')। . **স্রাবক** — যাহা ক্ষরণ করায়।

**স্রুত** — ক্ষরিত, চুয়ানো। ... ষ্য. **স্রুতি।**

**স্রোতঃ** (-তস্), **স্রোত** — প্রবাহ। ... **স্রোতস্বতী, স্রোতস্বিনী, স্রোতোবহা** — যাহার স্রোত আছে, নদী।

**স্লেট** [ই] "সেলেট", লিখিবার জন্য কাল পাথরের পাতলা তক্তা।

**স্ব** — ষ্য. স্বয়ং ('স্বগত')। যে বস্তুতে স্বামিত্ব আছে, ধন ('সর্বস্ব, ব্রহ্মস্ব, নিঃস্ব')। ... ণ. নিজের, স্বকীয় ('-গৃহ, -চক্ষে, -জাতি, -ধর্ম, -রচিত, -হস্ত')। (§ স্বত্ব, স্বীয়)। ... **স্ব স্ব** — নিজ নিজ। পৃথক্ পৃথক্ ('-প্রধান')

**স্বঃ** (স্বর্) — স্বর্গ ('স্বর্লোক, স্বর্গত')

**স্বকীয়, স্বক** — স্বীয়, নিজ, আপন।

**স্বকৃত** — নিজ কৃত। ... **স্বকৃতভঙ্গ** — কুলীনের বংশে যাহার দ্বারা কুলপ্রথা প্রথমে লঙ্ঘিত হইয়াছে।

**স্বখাত** — নিজের খোঁড়া; নিজের খোঁড়া জলাশয় ('-সলিলে ডোবা')

**স্বগত** — আত্মগত, মনে মনে। যাহা কোনও

ব্যক্তিকে উদ্দেশ না করিয়া আপন মনে বলা হয় (যথা নাট্যাভিনয়ে। 'স্বগতোক্তি' — soliloquy

**স্বচ্ছ** — যাহার ভিতর দিয়া দেখা যায়, transparent; অতি নির্মল। প্রতিবিম্বধারণক্ষম। ... ষ্য. **-তা।**

**স্বচ্ছন্দ** — ণ. স্বাধীন, বাধাশূন্য। সুস্থ। অযত্নজাত। ... ষ্য. স্বেচ্ছা। স্বেচ্ছাচার। স্বাস্থ্য ('সুখ-')। (§ স্বাচ্ছন্দ্য)

**স্বজন** — আত্মীয়, আপনার লোক, জ্ঞাতি। ... স্ত্রী. **স্বজনী।** — সজনী, সখী।

**স্বজাতি** — নিজ জাতি। ... **স্বজাতিবৎসল** — স্বজাতির প্রতি যাহার গভীর অনুরাগ। (§ স্বাজাতিক)

**স্বতঃ** (-তস্) — নিজ হইতে ('-প্রবৃত্ত, -স্ফূর্ত')। (তুঃ পরতঃ)। ... **স্বতঃ-প্রবৃত্ত** — আপনা হইতেই কার্যে রত। ... **স্বতঃসিদ্ধ** — যাহার সত্যতা বিনা প্রমাণে উপলব্ধ হয়, স্বতঃপ্রমাণ, self-evident. axiom.

**স্বতন্ত্র** — স্বাধীন। পৃথক্, অন্যের সহিত অসম্বন্ধ। ... ষ্য. **-তা, স্বাতন্ত্র্য।**

**স্বত্ব** — ধনাদিতে স্বামিত্ব। ... **স্বত্বাধিকার** — স্বামিত্বের অধিকার। ... **স্বত্বাধিকারী** (-রিন্) — যাহার ঐ অধিকার আছে, proprietor. ... স্ত্রী. **-কারিণী।**

**স্বদেশ** — নিজের দেশ ('-জাত, -দ্রোহ, -প্রেম')। ... **স্বদেশী]** স্বদেশবাসী। নিজ দেশীয়। ... **স্বদেশীয়** — নিজ-দেশীয়।

**স্বধর্ম** — নিজ ধর্ম। নিজ জাতি সমাজ বা প্রকৃতির অনুকূল ধর্ম (তুঃ পরধর্ম)। ... **স্বধর্মনিষ্ঠ** — আপন ধর্মে অবিচল-ভাবে অবস্থিত। অক্ষরে অক্ষরে যে নিজের ধর্মের অনুশাসন মানিয়া চলে।

**স্বন, স্বনন** — শব্দ। ... ণ. **স্বনিত।**

**স্বনাম** — নিজ নাম। ... **স্বনামখ্যাত, -ধন্য** — নিজ কীর্তির জন্য খ্যাত বা প্রশংসিত।

**স্বপক্ষ** — নিজের দল। নিজের মত বা স্বার্থ ('স্বপক্ষে উক্তি')

**স্বপন, স্বপ্ন** — নিদ্রাবস্থায় মনের ক্রিয়া বা অনুভূত বিষয় ('— দেখা')। (সং) নিদ্রা। ... **স্বপ্নচারিতা** — নিদ্রাবস্থায় বিচরণ, somnambulism. ... **স্বপ্ন-জাল** — স্বপ্নের মায়াময় আচ্ছাদন। ... **স্বপ্নদোষ** — নিদ্রাবস্থায় রেতঃপাত। ... **স্বপ্নাদেশ** — স্বপ্নে লব্ধ দেবতাদির আদেশ। যেমন, — মঙ্গলকাব্য রচনায় দৈবী প্রেরণা বা স্বপ্নাদেশ। ... **স্বপ্নাদ্য** — স্বপ্নমূলক। স্বপ্নে লব্ধ ('—ঔষধ')। **স্বপ্নোত্থিত** — স্বপ্ন বা নিদ্রা হইতে জাগরিত।

**স্ববশ** — আত্মবশ, স্বাধীন।

**স্বভাব** — আত্মভাব, স্বরূপ, ব্যক্তিত্ব, মনের উৎকর্ষাপকর্ষ ('সৎ-')। প্রকৃতিগত ধর্ম ('জড় বস্তুর —')। প্রকৃতি, নিসর্গ ('স্বভাবজ, স্বভাবের শোভা')। স্বাভাবিক বা অবিকৃত অবস্থা। ... **স্বভাবকবি** — বিনা শিক্ষাদীক্ষা বা অনুশীলনেই যিনি কবিত্ব শক্তি লাভ করিয়াছেন। ... **স্বভাব-কুলীন** — যে কুলীনের বংশে কুলপ্রথা লঙ্ঘিত হয় নাই। (§ স্বাভাবিক)। ... **স্বভাবতঃ** (-তস্) — স্বভাববশতঃ। ... **স্বভাবসিদ্ধ, -সুলভ** — প্রকৃতিগত। ... **স্বভাবী** (-বিন্) — (বিজ্ঞানে) স্বভাবানুযায়ী, normal. ... **স্বভাবোক্তি** — (অলংকারশাস্ত্রে) কোনও বিষয়ের যথাযথ বর্ণনা।

**স্বয়ং** (-য়ম্) — আপনি, নিজে ('-কৃত, -সিদ্ধ')

**স্বয়ংবর** — কন্যা কর্তৃক পতিনির্বাচন

('-সভা')। ... **স্বয়ংবরা** — যে কন্যা তাহা করে।

**স্বয়ম্ভর** — নিজের ভরণপোষণে সমর্থ।

**স্বয়ম্ভু, -ম্ভূ** — (মূঃ স্বয়ং উৎপন্ন) ব্রহ্মা। (§ স্বায়ম্ভুব)

**স্বয়ংসম্পূর্ণ** — বহিরাগত কোন সাহায্য না লইয়াই যাহা পূর্ণতাপ্রাপ্ত। ... **স্বয়ংসিদ্ধ** — বিনা গুরুকরণেই পূর্ণ-কাম।

**স্বর** — কণ্ঠধ্বনি; শব্দ ('করুণ —। উচ্চৈঃস্বর')। সংগীতের ধ্বনি, সুর, note. (ব্যাকরণে) যে বর্ণ অন্য বর্ণের সাহায্য ব্যতিরেকে উচ্চারিত হয়। ... **স্বরগ্রাম** — সংগীতের সপ্তস্বর, ষড়্‌জ ঋষভ গান্ধার মধ্যম পঞ্চম ধৈবত নিষাদ। ... **স্বরভঙ্গ** — গলাভাঙ্গা। ... **স্বর-ভক্তি** — তদ্ভব বা ভগ্নতৎসম শব্দে দুই ব্যঞ্জনের মধ্যে স্বরাগম। ... **স্বর-লিপি** — (সংগীতে) সুর তাল লয় ইঃর সাংকেতিক লিপি। ... **স্বরসন্ধি** — স্বর-বর্ণের সহিত স্বরবর্ণের যে সন্ধি।

**স্বরচিত** — নিজের প্রণীত।

**স্বরাজ** [ < স্ব-রাজ্য ] দেশবাসী কর্তৃক পরিচালিত রাজ্য।

**স্বরাট্** (-রাজ্) — স্বয়ংদীপ্ত, ব্রহ্ম।

**স্বরিত** — ব্য. উদাত্ত ও অনুদাত্তের মধ্যবর্তী কণ্ঠস্বর। ... ণ. উচ্চারিত। ধ্বনিত।

**স্বরীশ্বর** — স্বর্গের অধিপতি, ইন্দ্র।

**স্বরূপ** — স্বভাব, প্রকৃতি ('সত্য-')। অভেদ নির্দেশে বা তুলনায় ('পুরস্কার-প্রাপ্য, মৃত্যু- অপমান')। নিজের রূপ। প্রকৃত অবস্থা। ... **স্বরূপতঃ** (-তস্) — যথার্থতঃ।

**স্বর্গ** — দেবলোক, ত্রিদিব; পুণ্যবান্ যেখানে মৃত্যুর পর সুখভোগ করে ('-দ্বার, -লাভ, -লোক, -সুখ। স্বর্গারোহণ')। (সপ্ত- দেখ)। ... **স্বর্গীয়, স্বর্গ্য** — স্বর্গ বিষয়ক। স্বর্গ-সুখতুল্য। (বাং) স্বর্গগত ('স্বর্গীয় পিতৃদেব')

**স্বর্গগঙ্গা, স্বর্গঙ্গা** — মন্দাকিনী।

**স্বর্গত** — স্বর্গে গত। ... ষ্য. **স্বর্গতি**।

**স্বর্ণ** — সোনা, কাঞ্চন, সুবর্ণ, হিরণ্য, হেম। ... **স্বর্ণকার** — সেকরা, যে অলংকারাদি গড়ে। ... **স্বর্ণপুষ্প** — চম্পক, সোনালি ফুল, শণ ফুল। ... **স্বর্ণপ্রসূ** — যেখানে সোনা ফলে, অতিশয় উর্বরা। ... **স্বর্ণবণিক** — সোনার বেণে, জাতি বিঃ। ... **স্বর্ণমাক্ষিক** — স্বর্ণের ঈষৎ গুণ বিশিষ্ট উপধাতু বিঃ। ... **স্বর্ণমৃগ** — রামায়ণে মারীচের মায়া-রূপ সীতারামকে ছলনার জন্য। লক্ষ্যার্থে — স্বর্ণলোভ। ... **স্বর্ণ-সিন্দুর** — মকরধ্বজ। ... **স্বর্ণসুযোগ** (সুবর্ণ দেখ)

**স্বর্বধূ, স্বর্বেশ্যা** — অপ্সরা।

**স্বর্বৈদ্য** — অশ্বিনীকুমারদ্বয়।

**স্বর্লোক** — স্বর্গ।

**স্বল্প** — অত্যল্প।

**স্বশাসন** — দেশবাসী কর্তৃক শাসন, autonomy.

**স্বসা** (-সৃ) — ভগিনী ('পিতৃঃ-')। ... **স্বস্রীয়, স্বস্রেয়** — ভাগিনেয়। ... স্ত্রী. **স্বস্রীয়া, স্বস্রেয়ী**। ... **স্বসৃপতি** — ভগিনীপতি।

**স্বস্তি** — আশীর্বাদ, ভাল হউক; স্বস্তি-শব্দযুক্ত মন্ত্র ('-পাঠ, -বাচন')। সোয়াস্তি, শান্তি, সুখ।

**স্বস্তিক** — শুভসূচক বজ্রচিহ্ন বিঃ। বারান্দাযুক্ত প্রাসাদ বিঃ। চতুষ্পথযুক্ত নগর বিঃ। পিটুলি-নির্মিত মাঙ্গল্য

দ্রব্য বিঃ। আসন বিঃ।

**স্বস্ত্যয়ন** — গ্রহশান্তি বা মঙ্গলের নিমিত্ত অনুষ্ঠান বিঃ।

**স্বস্থ** — সুস্থ, প্রকৃতিস্থ। (§ স্বাস্থ্য)

**স্বাক্ষর** — সহি, দস্তখত। ... **ণ.** স্বাক্ষরিত।

**স্বাগত** — শুভাগমন, welcome. কুশল ('-প্রশ্ন')

**স্বাচ্ছন্দ্য** — স্বচ্ছন্দতা।

**স্বাজাতিক** — স্বজাতি বা স্বদেশবাসী সম্বন্ধীয়। স্বদেশবাসীর হিতৈষী, nationalist. ... ষ্য. **-তা**।

**স্বাতন্ত্র্য** — স্বাধীনতা। পার্থক্য, অন্যের সহিত অসম্বন্ধ।

**স্বাতি, -তী** — নক্ষত্র বিঃ।

**স্বাদ** — সোয়াদ। ... **স্বাদন, স্বাদ** — আস্বাদন, রসগ্রহণ। ... ণ. **স্বাদিত**। ... **স্বাদিষ্ঠ** — অতি সুস্বাদ। ... **স্বাদু** — সুস্বাদ।

**স্বাধিষ্ঠান** — যোগশাস্ত্রোক্ত দেহস্থ চক্র বিঃ।

**স্বাধীন** — স্ববশ, স্বচ্ছন্দ ('— জীবিকা')। যাহা বিজাতির অধীন নয় ('— দেশ')। ... ষ্য. **-তা**। ... **স্বাধীনভর্তৃকা** — যে নায়িকার নায়ক নিত্য সহচর রূপে বশীভূত।

**স্বাধ্যায়** — বেদ -অধ্যয়ন বা -আবৃত্তি। অধ্যয়ন।... **স্বাধ্যায়ী** (-য়িন্) — বেদ-পাঠক। অধ্যেতা।

**স্বাবলম্বন** — আত্মনির্ভর। ... **স্বাবলম্বী** (-ম্বিন্) — আত্মনির্ভরশীল।

**স্বাভাবিক** — প্রাকৃতিক, natural, স্বভাবজাত। প্রকৃতিগত। অবিকৃত, normal.

**স্বামী** (-মিন্) — পতি, যে পুরুষের সহিত স্ত্রীর বিবাহ হয়। অধিপতি, প্রভু, মালিক ('গৃহ-। স্বামিত্ব')। পালক। পণ্ডিত সন্ন্যাসীর উপাধি বিঃ।

**স্বায়ত্ত** — নিজের অধীন। ('স্বায়ত্তশাসন' —self-government)

**স্বায়ম্ভুব** — প্রথম মনু।

**স্বারোচিষ** — দ্বিতীয় মনু।

**স্বার্থ** — নিজ প্রয়োজন, নিজের লাভ, ইষ্ট ('-সিদ্ধি, -ত্যাগ')। স্বকীয় ধন। ... **স্বার্থপর, -পরায়ণ** — যে অন্যের ইষ্টানিষ্ট না ভাবিয়া কেবল নিজের ইষ্ট খোঁজে। ... ষ্য. **-তা**।

**স্বাস্থ্য** — সুস্থতা, অনাময় ('-কর, -ভঙ্গ, -হানি')। সুখ, অনুদ্বেগ। (বাং) শারীরিক অবস্থা ('— ভাল নয়')

**স্বাহা** — যজ্ঞাগ্নিতে ঘৃতাহুতি বা তাহার মন্ত্র। অগ্নির পত্নী।

**স্বিন্ন** — ঘর্মাক্ত। আর্দ্র। ভাপানো, সিদ্ধ বা পক্ক।

**স্বীকরণ** — উপযম, বিবাহ।

**স্বীকার** — মানা, কবুল ('দোষ — করা')। গ্রহণ ('নিমন্ত্রণ —')। অঙ্গীকার, প্রতিশ্রুতি। সম্মতি। ... **স্বীকার পত্রী** — রসিদ। ... **স্বীকার্য** — স্বীকারের যোগ্য। ... **স্বীকৃত** — যাহা স্বীকার করা হইয়াছে, অঙ্গীকৃত। যে স্বীকার করিয়াছে। সম্মত। ... **স্বীকৃতি** — মানা, স্বীকার।

**স্বীয়** — নিজ, স্বকীয়, আপন। ... স্ত্রী. **স্বীয়া**। — নায়িকা বিঃ, পতিপ্রণয়িনী নারী। (তুঃ পরকীয়া)

**স্বেচ্ছা** — নিজের ইচ্ছা ('-কৃত, -ক্রমে')। — **স্বেচ্ছাচার** — নিজের ইচ্ছানুযায়ী বা অসংযত আচরণ। ... **স্বেচ্ছাচারী** (-রিন্) — যে তাহা করে। ... স্ত্রী. **-চারিণী**। ... **স্বেচ্ছামৃত্যু** — ইচ্ছানুসারে মরণ ('ভীষ্মের —')। ... **স্বেচ্ছাসেবক** —

বিনা বেতনে যে সেবা করে।

**স্বেদ** — ঘর্ম। বাষ্প। তাপ। ... **স্বেদন** — ঘর্মস্রাব। ভাপরা দেওয়া। (§ স্বিন্ন)

**স্বৈর** — ষ্য. স্বাধীনতা। স্বেচ্ছাচার। ... ণ. স্বাধীন' অসংযত ('স্বৈরাচার, -চারী')। ... ষ্য. **স্বৈরতা**। ... **স্বৈরী** (-রিন্) — স্বেচ্ছাচারী। ব্যভিচারী। ... স্ত্রী. **স্বৈরিণী**। ... ষ্য. **স্বৈরিতা**।

**স্বোপার্জিত** — নিজের অর্জিত ('— অর্থ')

**হইচই, হইহই**] গোলমাল, চিৎকার।

**হইতে / হ'তে**] থেকে, অবধি ('আকাশ, সেই দিন —')

**হইয়া / হয়ে**] পক্ষে বা প্রতিনিধিরূপে ('তোমার হয়ে তাকে বলেছি')। কোনও স্থান দিয়া বা তথায় কিছু কাল থাকিয়া ('ফেরবার সময় পাটনা হয়ে এসো')

**হওন**] হওয়া, ভবন। (বিরল)

**হওয়া** [√ হ-১। < ভূ] বর্তমান বা বিদ্যমান থাকা, ঘটা ('বৃষ্টি, জ্বর, বিবাহ, চাকরি, যুদ্ধ, বিশ্বাস, ভুল, রাগ, মনে —')। জন্মানো, উৎপন্ন হওয়া; বৃদ্ধি পাওয়া ('ছেলে, জঙ্গল, টাকা, বয়স —')। যাপিত হওয়া ('তিন মাস হইল')। অবস্থা পাওয়া ('মূর্খ, ধনী, পীড়িত, সত্য, শেষ —')। সম্বন্ধ-যুক্ত হওয়া ('সে আমার ভাই হয়')। সম্ভাবনায় ('তা হবে। হ'তে পারে'। হয় দেখ)

**হংস** — হাঁস, জলচর লিপ্তপাদ পক্ষী বিঃ। সন্ন্যাসী বিঃ ('পরম-')। ... স্ত্রী. **হংসী**।

**হক** [আ. হক্ক্] ণ. প্রকৃত, যথার্থ, ন্যায্য ('নাহক')। ... ষ্য. স্বত্ব, ন্যায্য অধিকার। ... **হককথা** — উচিত কথা। ... **হক-দার** — ন্যায্যাধিকারী।

**হকার** (ই) — ফেরিওয়ালা।

**হকিকত** [আ] বিবরণ, তথ্য।

**হকিম** (হাকিম দেখ)

**হকিয়ৎ** [আ] — বাস্তবতা।

**হজ** [আ. হজ্জ্] মক্কা তীর্থ দর্শন। (§ হাজী) ... **হজযাত্রী** — মক্কা তীর্থ-দর্শনের জন্য যাত্রী।

**হজম** [আ. হজ্‌ম] **পরিপাক**। . **হজমী**] পরিপাকজনক।

**হজরত** [আ. হজ্.] প্রভু।

**হট্** [< হঠ-] শীঘ্র, হঠাৎ; অবিবেচনা ('— ক'রে')। হটিয়া যা।

**হটা** [√ হট্-৫। < হঠ- কিংবা ভ্রষ্ট-] পিছনে যাওয়া। নিরস্ত হওয়া। ... **হটানো** [√ হটা-১১] পিছনে সরানো, পশ্চাৎপদ করা। নিরস্ত করা। পরাস্ত করা।

**হট্ট** — হাট। ... **হট্টগোল**] গোলমাল, গণ্ডগোল।

**হঠ** — বলপ্রয়োগ। অবিবেচনা। পশ্চাদ্-গতি। ... **হঠকারী** (-রিন্) — হঠাৎ কার্যকারী, অবিবেচক, গোঁয়ার। বল-প্রয়োগকারী। ... ষ্য. **-কারিতা**। ... **হঠযোগ** — কুম্ভকাদি কৃচ্ছ্রযোগ।

**হঠাৎ** — সহসা, অকস্মাৎ, অতর্কিতভাবে; বিবেচনা না করিয়া। সবলে। .. **হঠাৎকার** — হঠাৎকারিতা।

**হড়কা**] — পিছল।

**হড়কানো** [√ হড়্কা-১৭। < ভ্রষ্ট-] পিছলানো।

**হড়পা** — নদীতে হঠাৎ বানের আবির্ভাব।

**হড়্পি** — সাপের ঝাঁপি।

**হড়বড়**] তাড়াতাড়ি, বিশৃঙ্খল ব্যস্ত ভাব ('— করা')। ... ণ. **হড়বড়ে**]

**হড়হড়**] পিচ্ছলতার লক্ষণ প্রকাশ ('—

করা’)। অনুরূপ শব্দ।...ণ. **হড়হড়ে**] ... **হড়হড়, হিড়হিড়**] গড়াইবার ভাব ('—ক’রে টানা')

**হড়া** — ছোলা মটর তাহাদের গাছশুদ্ধ। গাছছোলা।

**হড্ড** — হাড়। ... **হড্ডী** — হাড়ী (জাতি) হণ্ডী।

**হড্ডপ** — হাড়ীজাতি।

**হণ্ডিকা** — হাড়িনী। হণ্ডিকা।

**হড়াৎ, হড়াস**] অনুরূপ শব্দ।

**হণ্ডা** — হাঁড়া। ... **হণ্ডিকা, হণ্ডী** — হাঁড়ি।

**হত** — নাশিত, মৃত, নষ্ট ('যুদ্ধে —। -গৌরব, -চেতন, -প্রায়, -বুদ্ধি, -ভাগ্য, -শ্রী')। ... **হতচেতন** — সংজ্ঞাহীন। ... **"হতচ্ছাড়া"** [ < হতশ্রী] লক্ষ্মী-ছাড়া। ... **হতবুদ্ধি** — কিংকর্তব্য-বিমূঢ়, ভ্যাবাচকা। ... **হতভাগ্য** — **হতভাগা**] ভাগ্যহীন, অভাগা। গালি বিঃ। ... **হতভাগিনী** — **হতভাগী**] ভাগ্যহীনা। ... **হতশ্রদ্ধ** — যাহার শ্রদ্ধা নষ্ট হইয়াছে। ... **হতশ্রদ্ধা** — (বাং) অনাদর, অবজ্ঞা।

**হতভম্ব**] কিংকর্তব্যবিমূঢ়।

**হতশ্রদ্ধা** — (বাং) অবজ্ঞা। ঘৃণা।

**হতশ্রী** — শ্রীভ্রষ্ট। ভস্মতৎসম রূপ — হতচ্ছিরে।

**হতাদর** — যাহার আদর নষ্ট হইয়াছে।

**হতাশ** — নিরাশ, আশাহীন। ... স্ত্রী. **-শা**]

**হতাশ্বাস** — ভরসাহারা।

**হতোদ্যম** — নিরুৎসাহ।

**হ'তে** (হইতে দেখ)

**হর্তুকি**] < হরীতকী।

**হত্তেল**] < হরিতাল।

**হত্যা** — হনন, বধ, প্রাণনাশ ('-কারী')। (বাং) রোগী ইত্যাদির দেবমন্দিরে ধরনা ('— দেওয়া')

**হদিস, হদীস** [আ] পরম্পরাগত মহম্মদের উপদেশাবলী; মুসলমান স্মৃতিশাস্ত্র। তত্ত্ব, সন্ধান ('— পাওয়া, দেওয়া')

**হদ্দ** [আ. হদ্দ্] সীমা ('বেহদ্দ, সরহদ্দ')। অনধিক ('— তিন বিঘা')। চূড়ান্ত ('— করা। — মজা')। **হদ্দমুদ্দ**] খুব বেশী হয় তো, বড় জোর।

**হনন** — হত্যা, বধ। (§হত, হন্তব্য, হন্তা, হন্যমান)। ... **হননীয়, হন্য** — বধ-যোগ্য। বধ্য।

**হনহন**] দ্রুতগমনের ভাব ('—ক’রে চলা')

**হনু, হনূ** — গণ্ডস্থলের উপরিভাগ, চোয়াল। চিবুক। ... **হনুমান্, হনূ-** (-মৎ) — **হনুমান**] রামের অনুচর মহাবীর বানর, পবন-অঞ্জনার পুত্র (সংক্ষেপে হনু]) বড় কালমুখ বানর বিঃ, langur.

**"হন্তদন্ত"**] ব্যস্ত ও উদ্‌ভ্রান্ত ('—হয়ে ছোটা')

**হন্তব্য** — বধযোগ্য।

**হন্তা** (-ন্তৃ) — বধকারী। ... স্ত্রী. **হন্ত্রী।**

**হন্তারক**] < অন্তরায়, বাধাদায়ক। হন্তা।

**হন্দর** [ই. hundredweight] ওজন বিঃ, ১১২ পাউণ্ড, প্রায় ৫৫ সের।

**হন্য** — বধযোগ্য, হননীয়।

**হন্যমান** — যাহাকে বধ করা হইতেছে।

**হন্যা / হন্যে**] যে মারিবার বা আক্রমণের উদ্দেশ্যে খেপিয়া বেড়াইতেছে (তুঃ amuck. '—হওয়া।—কুকুর')

**হপ্তা** [ফা. হফ্‌তহ্] সপ্তাহ।

**হবচন্দ্র, হবু-**] গল্পে বা উপকথায় কল্পিত মূর্খ রাজা বিঃ।

**হবন** — হোম। ... **হবনীয়** — হোমার্থ বস্তু। (§হব্য)

**হবা** [আ. হবা.] ইহুদী খ্রীষ্টান ও মুসলমানের পুরাণে উক্ত আদিমানবী, Eve.

**হবি** [ < হবিঃ (-বিস্] ঘৃত। হবনীয় দ্রব্য।

**হবিন্ত্রী** — হোমকুণ্ড।

**হবিষ্য** — ঘৃতান্ন। আতপ চালের ভাত ও তৎসহ সিদ্ধ ব্যঞ্জন ও ঘৃত ('— করা' — হবিষ্য খাওয়া) 'হবিষ্যাশী' — যে হবিষ্যান্ন ভক্ষণ করে।

**"হবু"**] যে হইবে, ভাবী ('—জামাই')

**হবোহবো, হবহব**] যাহা হইবার উপক্রম করিয়াছে ('ভোর —')

**হব্য** — হবনীয়। ঘৃত।

**হব্যবহ** — অগ্নি।

**হম্বা** — **হাম্বা**] গরুর ডাক।

**হয় ১** — অশ্ব।

**হয় ২**] বিকল্পসূচক ('— পুত্র নয় কন্যা')। (হওয়া দেখ)। ... **হয়তো**] সম্ভবতঃ।

**হয়রান** [আ] নাকাল, উত্ত্যক্ত, উৎপীড়িত। ... ষ্য. -রানি]

হ'য়ে (হইয়া দেখ)

**হর ১**—শিব। হরণকারী, নাশক ('পাপ-')। বিভাজক অঙ্ক, denominator, divisor. ...**হরগৌরী** — শিবদুর্গা। অর্ধনারীশ্বর মূর্তি।

**হর ২** [ফা] প্রতি, প্রত্যেক ('-রোজ')। ... **হরেক, হর**] নানা, বিভিন্ন ('-রকম')

**হরকত** [আ] বাধা, প্রতিবন্ধ।

**হরকরা** [ফা. হর্কারহ্] সংবাদবাহক, পিয়ন ('ডাক-')

**হরঘড়ি** — প্রত্যেক ঘণ্টা।

**হরজ** [আ. হর্জ্] **ক্ষতি**।

**হরণ** — চুরি, লুণ্ঠন। নাশন, অপনোদন ('পাপ-')। (পদ্যে ক্রি. 'হরিল')। ভাগকরণ। (§ হর্তা, হারক, হারিত, হারী, হার্য, হৃত)

**হরতন** [ডাচ harten] তাসের চিহ্ন বিঃ।

**হরতাল** [গুজরাটী] কাজকর্ম হাটবাজার বন্ধ। ধর্মঘট।

**হরদম** [ফা] সর্বদা। অবিরত।

**হরপ, হরফ** [আ. হর্ফ্] অক্ষর। টাইপ।

**হরবোলা**] যে হরেকরকম বুলি বলে, mimic.

**হররা**] ফূর্তি সূচক উচ্চরব, গররা।

হরষ] < হর্ষ (পদ্যে)। ... ণ. **হরষিত**]

**হরা** [হর্-৫। < হৃ] হরণ করা।

**হরি**—ষ্য. বিষ্ণু, কৃষ্ণ। ... ণ. হরিৎ পীত বা পিঙ্গল বর্ণ। ... **হরিচন্দন** — পীত-চন্দন। ... **হরিবংশ** — মহাভারতের পরিশিষ্ট, পুরাণ বিঃ। ... **হরিবাসর** — একাদশী তিথি। ... **হরিবোল**] হরি-ধ্বনি ('— দেওয়া, বলা')। ... **হরিলুট**] "হরিন্নোট", হরির পূজার পর বাতাসা ইঃ লুণ্ঠন বা বিতরণ। ... **হরিহর** — বিষ্ণু ও শিব। ... **হরিহরাত্মা** — হরি-হর তুল্য একপ্রাণ।

**হরিজন** — অবনত হিন্দু জাতি (মহাত্মা গান্ধী প্রদত্ত নাম)

**হরিণ** — মৃগ, কুরঙ্গ, deer, antelope ('-নয়না')। ... স্ত্রী. **-ণী**।

**হরিৎ, হরিত** — সবুজ।

**হরিতাল** — হস্তেল, সেঁকো-গন্ধক-যুক্ত পীতবর্ণ দ্রব্য বিঃ, orpiment.

**হরিতালী, -তালিকা** — ছায়াপথ। ভাদ্র-শুক্ল-চতুর্থী, নষ্টচন্দ্রের তিথি।

**হরিদশ্ব** — সূর্য।

**হরিদ্রা** — হলুদ, মূল বিঃ (মসলা)। ... **হরিদ্রাভ** — হলদে, পীত।

**হরিদ্বার** — হিমালয়পাদস্থ নগর ও তীর্থ বিঃ।

**হরিয়াল** [ < হরিত-] ঘুঘু-জাতীয় হরিদ্‌বর্ণ পাখি বিঃ।

**হরিশ্চন্দ্র** — রামায়ণোক্ত পৌরাণিক রাজা বিঃ যিনি বিশ্বামিত্রকে সর্বস্ব দান করিয়াছিলেন।

**হরিষ**] < হর্ষ (পদ্যে)

**হরীতকী** — হত্তুকী, কষায় ফল বিঃ।

**হরেক** (হর ২ দেখ)

**হর্তা** (-তৃ) — হরণকর্তা। নাশক। **হর্তাকর্তা** — সর্বাধিনায়ক।

**হর্ম্য** — প্রাসাদ, অট্টালিকা।

**হর্যক্ষ** — সিংহ। কুবের।

**হর্যশ্ব** — ইন্দ্র।

**হর্ষ, হর্ষণ** — আনন্দ। পুলক ('রোম-')। ... **হর্ষণ** — আনন্দদায়ক। ( § হৃষিত, হৃষ্ট)। ... **হর্ষিত** — তোষিত। হৃষ্ট।

**হল্, হস্**—ব্যঞ্জনবর্ণের সাংকেতিক নাম। ( § হলন্ত, হসন্ত)

**হল ১** — লাঙ্গল। ( § হলী, হল্য)। ... **হলকর্ষণ** — লাঙ্গল দিয়া মাটি চষা। ... **হলধর** — বলরাম।

**হল ২** [আ] সোনার লেপ, গিলটি ('— করা')

**হল ৩** [ই] বড় ঘর।

**হলকা** [আ] ঘোড়ার গলায় পরাইবার চামড়ার বেড়। তরঙ্গ; উত্তপ্ত বায়ুপ্রবাহ ('আগুনের —')। দল (অপ্রঃ)

**হলদে**] হরিদ্রাবর্ণ, পীত।

**হলন্** — হসন্ত (দেখ)

**হলফ** [আ. হল্‌ফ্] শপথ।

**হলহল**] ঢিলা হওয়ার লক্ষণ প্রকাশ ('— করা')। ... ণ. **হলহলে**]

**হলহলিয়া** — নির্বিষ সর্প বিঃ।

**হলায়ুধ** — বলরাম। সেনরাজাদের আমলে প্রসিদ্ধ স্মার্ত পণ্ডিত।

**হলাহল** — তীব্র বিষ, কালকূট।

**হলী** (-লিন্)—হলধারী, কৃষক। বলরাম।

**হলীমক** — কামলারোগ।

**হলুদ**] < হরিদ্রা। ( § হলদে)

**হল্য** — হল কর্ষণযোগ্য।

**হল্লা**] চেঁচামেচি, গোলমাল, কোলাহল।

**হসন** — হাস্যকরণ। ... ণ. **হসিত**।

**হসন্ত** — ব্যঞ্জনান্ত, হলন্ত, হস্‌চিহ্ন ( ্ ) যুক্ত।

**হস্ত** — হাত, কর, পাণি, মণিবন্ধ হইতে অঙ্গুলির অগ্র পর্যন্ত, hand. ভুজ, বাহু, arm. ... **হস্তক্ষেপ, -ক্ষেপণ** — হাত দেওয়া। কোনও কর্মে যোগ বা বাধা দান। ... **হস্তগত** — করায়ত্ত, অধিকৃত। ... **হস্তলাঘব** — হাতসাফাই। ... **হস্তলিপি, হস্তাক্ষর** — হাতের লেখা। ... **হস্তাটন** — হাতড়ানো, হস্তের সাহায্যে সন্ধান। ... **হস্তান্তর** — অন্যের অধিকার। ... **হস্তান্তরিত** — অন্যের অধিকারে গত বা অন্যকে প্রদত্ত। ... **হস্তাবর্তন** — হাত দিয়া নাড়া। ... **হস্তামর্শন** — হাত দেওয়া। হাত বুলানো। ... **হস্তামলক** — (মূঃ করতলস্থ আমলকী) অনায়াসে দর্শনীয় ও বোধগম্য বস্তু (যথা — সরল পুস্তকাদি)। বেদান্ত গ্রন্থ বিঃ। ... **হস্তার্পণ** — হাত দেওয়া, হস্তক্ষেপ।

**হস্তবুদ** [ফা. হস্ত্-ও-বুদ] এখনকার ও পূর্বের হিসাব। জমাবন্দি।

**হস্তা** — নক্ষত্র বিঃ।

**হস্তিনাপুর** — কৌরব-রাজধানী (দিল্লীর পূর্বে মিরাটের নিকট)

**হস্তী** (-স্তিন্) — হাতি, করী, কুঞ্জর, গজ, দন্তী, দ্বিপ, দ্বিরদ, নাগ, বারণ, মাতঙ্গ। ... স্ত্রী. **হস্তিনী**। — নায়িকা বা নারীর শ্রেণী বিঃ। ... **হস্তীকর্ণ** — একপ্রকারের পলাশ। ... **হস্তিপ,**

**-পক** — হস্তিরক্ষক, মাহুত। ... **হস্তিমূর্খ** — অত্যন্ত মূর্খ। ... **হস্তি-শালা** — হাতিশাল, পিলখানা, হাতি রাখিবার বাড়ি।

**হস্ত্যায়ুর্বেদ** হস্তিচিকিৎসাশাস্ত্র।

**হা** — শোক ক্লেশ ইঃ সূচক শব্দ, হায় ('হাহাকার')

**হাঁ, হ্যাঁ, হুঁ]** সম্মতি বা নিশ্চয় সূচক ('হাঁ, যাইব। হুঁ, তাই বটে')। ... **হাঁ]** ঘনিষ্ঠ সম্বোধনে ('হাঁহে, -গো, -রে')। মুখব্যাদান ('হাঁ করা')। ... **হাঁ হাঁ]** সহসা বারণার্থ উক্তি ('— কর কি')

**হাই** [ < হাফিকা ] আলস্যজনিত মুখ-ব্যাদান, জৃম্ভণ।

**হাই আমলা]** বরকে কন্যার বশীভূত করিবার নিমিত্ত আমলকী মেথি ইঃর পিণ্ড।

**হাইকোর্ট** [ই] প্রাদেশিক উচ্চতম বিচারালয়।

**হাইড্রোজেন** [ই] মৌলিক গ্যাস বিঃ (জলের অন্যতর উপাদান। পুঃ জলজান, উদজান)

**হাইফেন** [ই] দুই শব্দের মধ্যবর্তী সমাসসূচক চিহ্ন (-)

**হাইল** (হাল ২ দেখ)

**হাউই** [আ. হবাঈ] আকাশগামী আতশ-বাজি বিঃ।

**হাউচাউ]** চেঁচামেচি।

**হাউড়ী** — শাশুড়ী (পূর্ববঙ্গ গীতি-কায়)।

**হাউড়ে** — নির্বোধ আত্মগোপন করিতে জানে না—যাহা মনে আসে তাহাই বলিয়া বেড়ায়।

**হাউমাউ, হাঁউ-]** ক্রন্দনের সহিত চিৎকার। রূপকথার রাক্ষসের গর্জন ('-খাঁউ')

**হাওদা** [আ] হাতির পিঠে বসিবার চৌকি।

**হাওয়া** [আ. হবা.] বাতাস, বায়ু ('— দেওয়া, বওয়া, লাগা'। '— করা' — ব্যজন করা। '— খাওয়া' — বায়ুসেবন করা। '— বদলানো' — স্বাস্থ্যোন্নতির জন্য অন্য স্থানে যাওয়া)। সাধারণের মতিগতি (তুঃ atmosphere. 'দেশের হাওয়া ফিরেছে')

**হাওয়া গাড়ী** — মোটর গাড়ী।

**হাওর** — বিল, জলা।

**হাওলা** [আ. হবালৎ] জিম্মা, তত্ত্বাবধান।

**হাওলাত** [আ. হবালৎ] ঋণ। ন্যাস, আমানত। ... ণ. **হাওলাতী]**

**হাঁক, হাঁকার** [ < হুংকার ] ডাকিবার জন্য চিৎকার ('— দেওয়া, পাড়া')। ... **হাঁকপাঁক, হাঁকুপাঁকু]** আকুলতা প্রকাশ ('— করা')।

**হাঁকা** [√ হাঁক্-৭] হাঁক দেওয়া, ডাকা ('নিলামে দর —')।

**হাঁকানো** [√ হাঁকা-১১] তাড়ানো ('পাওনাদার —')। চালানো ('গাড়ি —')। ... **হাঁকাহাঁকি]** বার বার হাঁক।

**হাকিম** [আ. হকীম] বিচারপতি। শাসন-কর্তা। ... **হাকিম, হকিম]** ইউনানী চিকিৎসক। ... ষ্য. **-মি]** ... ণ. **-মী]**

**হাকুচ** — তিক্ত বীজ বিঃ

**হাঘরে]** গৃহহীন। অতি হীনাবস্থ।

**হাঙগর / হাঙর]** হিংস্র বৃহৎ মাছ বিঃ, shark.

**হাঙগামা** [ফা] **/ হাঙগাম]** দাঙগা, উপ-দ্রব। ফেসাদ, গোলমাল, মুশকিল ('— করা, বাধানো')

**হাঁচি** [ < হঞ্জি] নাক সুড়সুড় করিবার ফলে নাক মুখ দিয়া সশব্দে বায়ু-নির্গম। ... **হাঁচা** [√ হাঁচ্-৭] হাঁচি ত্যাগ করা।

**হাজত** [আ] বিচারাধীন আসামীর কারাগৃহ।

**হাজরি]** উপস্থিতি। ইওরোপীয়ের ভোজন ('ছোট-')। (হাজির দেখ)

**হাজা** [√ হাজ্-৭] জলে ভিজিয়া নষ্ট হওয়া বা ক্ষত হওয়া। ষ্য. জলে ভিজার ফলে শস্যনাশ ('-শুখা')। পাঁকুই, হাত পায়ের ক্ষত বিঃ।

**হাজার** [ফা. হজা.র] সহস্র, ১০০০।

**হাজির** [আ. -জি.-] উপস্থিত। ... ষ্য. **হাজরি, হাজিরা, হাজিরি]**

**হাজী** [আ] যে হজ করিয়াছে, মক্কা-ফেরত।

**হাট]** < হট্ট, ক্রয়বিক্রয়স্থান। যে বাজার নির্দিষ্ট দিবসে বসে। ('— বসা'। 'হাট করা' — হাটে ক্রয় করা। ব্যঙ্গে, কোলাহল করা)। ... **হাটহদ্দ]** সমস্ত খবর বা ব্যাপার।

**হাটক** — স্বর্ণ।

**হাঁটকানো** [√ হাঁট্‌কা-১৭] উদ্‌ঘাটন বা উলটপালট করিয়া খোঁজা।

**হাঁটা** [√ হাঁট্-৭] পায়ে চলা। ণ. পায়ে চলিবার ('-পথ')। ... ষ্য. **হাঁটন, হাঁটুনি]**। ... **হাঁটাহাঁটি]** হাঁটিয়া বার বার আনাগোনা।

**হাঁটু]** জানু। ('হাঁটু গাড়া' — হাঁটুর উপর ভর দিয়া বসা)

**হাটুরে]** হাটে যে বিক্রয় করে।

**হাড়** [< হড্ড] অস্থি ('-গোড়')। ... **হাড়হদ্দ]** (মূঃ হাড় পর্যন্ত) আদ্যোপান্ত ('— জানা') ... **হাড়বজ্জাত** — বজ্জাতি যার স্বভাব সিদ্ধ।

**হাড়গিলা / -লে]** শকুনির তুল্য পাখি বিঃ, adjutant.

**হাঁড়ল** — বৃহৎ গর্ত।

**হাঁড়ি** [< হণ্ডিকা, হণ্ডী, ভাণ্ড] পাকপাত্র বিঃ (প্রায় মাটির। বড়—হাঁড়া])। (§ হেঁড়ে)

**হাঁড়া** — নাদা, জালা।

**হাড়িকাঠ, হাড়-]** যূপকাষ্ঠ যাহার ভিতর বলির পশুর গলা পুরিয়া কাটা হয়।

**হাঁড়িচাঁচা]** কাল-ধূসর রঙের পাখি বিঃ (magpie জাতীয়)

**হাঁড়িয়া ১** — হাঁড়ির মতো।

**হাঁড়িয়া ২** — সাঁওতালী মদ্য।

**হাড়ী** [< হাড্ডিক] অবনত হিন্দু জাতি বিঃ।

**হাড়িপা** — এক শ্রেণীর বৌদ্ধ যোগী।

**হাডুডু]** কপাটি খেলা।

**হাড্ডি** [হি] হাড়।

**হাত** — < হস্ত। কাঁধ হইতে আঙুল পর্যন্ত, ভুজ, বাহু। কনুই হইতে আঙুলের ডগা পর্যন্ত মাপ, ১৮ ইঞ্চ। অধিকার, কর্তৃত্ব ('— করা, থাকা')। নিপুণতা, অভ্যাস ('— আসা। বাজনার —')। দাঁও, দফা ('এক — নেওয়া')। ('হাত চলা' — মারিবার জন্য হাত প্রযুক্ত হওয়া। কোনও কর্মে নিপুণতা ও ক্ষিপ্রতা থাকা। '— চালানো' — শীঘ্র কাজ করা। '— চুলকানো' — করিবার জন্য ব্যগ্রতা হওয়া। '— তোলা' — মারিবার জন্য হাত উদ্যত করা। '— দেওয়া' — হাত দিয়া স্পর্শ করা। কোনও কর্ম আরম্ভ করা। '— দেখা' — করকোষ্ঠী দেখা)। (§ হাতা, হাতানো, হাতাহাতি, -হাতী)। ... **হাতকড়ি]** অপরাধীর হাত বাঁধিবার জন্য লোহার বালা। ... **হাত করাত** — হাতে চালানো করাত। ... **হাতচিঠা]** যে কাগজে বা খাতায় পণ্য বা অর্থের প্রাপ্তি স্বীকৃত হয়। ... **হাতছাড়া** — যে বশে নাই। ... **হাতছানি]** **হাত**

নাড়িয়া ইশারা ('— দেওয়া')। ... **"হাতটান"**] চুরির অভ্যাস। কার্পণ্য। ... **হাততালি**] করতালি ('— দেওয়া')। ... **হাততোলা**] অনুগ্রহস্বরূপ লব্ধ অর্থ বা গ্রাসাচ্ছাদন ('পরের হাততোলায় থাকা')। ... **হাতধরা**] বশবর্তী ('সে তার —')। ... **হাতভারী**] কৃপণ। ... **হাতমোজা**] দস্তানা। ... **হাতযশ**] নিপুণতার খ্যাতি। ... **হাত-সাফাই, হাত-চালাকি**] হস্তের পটুতা, হস্ত-লাঘব, sleight of hand. ... **হাতে কলমে**] স্বহস্তে কাজ করিয়া। ... **হাতে খড়ি**] শিশুর বিদ্যারম্ভ (হাতে খড়ি দিয়া লিখাইয়া)। ... **হাতে হাতে**] সদ্য সদ্য ('— ফল')

**হাতড়ানো** [√ হাত্‌ড়া-১৭] হাত দিয়া খোঁজা।

**হাতল**] হাত দিয়া ধরিবার কড়া আংটা বাঁট ইঃ।

**হাতা**] লম্বা ডাঁট যুক্ত বাটি, দর্বি। বড় চামচ। জামার হাত। বাটীর সংলগ্ন বেষ্টিত স্থান।

**হাতানো** [√ হাতা-১১] হস্তগত করা।

**হাতাহাতি**] হাত দিয়া মারামারি।

**হাতি, -তী**] < হস্তী। ... **হাতিশাল**] < হস্তিশালা।

**হাতিয়ার / হেতের**] অস্ত্রশস্ত্র; শিল্প-সাধিত্র ('যুদ্ধের, ছুতারের —')

**-হাতী**] হাত-পরিমাণ ('দশ-হাত ধুতি')

**হাতুড়ি**] পিটিবার বা পেরেক ইঃ ঠুকিবার যন্ত্র ('— পেটা, ঠোকা, মারা')

**হাতুড়ে**] অশিক্ষিত চিকিৎসক। যে হাত-ড়াইয়া চিকিৎসা করে।

**"হাঁদা"** [< হণ্ডা] হেঁড়ে, মোটা ('-পেট')। বোকা।

**হানা ১**] ষ্য. আক্রমণ ('—দেওয়া')। জল-স্রোতে নদীর পাড় বাঁধ ইঃর ভাঙ্গন। ণ. ভূতাশ্রিত ('-বাড়ি')

**হানা ২** [√ হান্‌-৭] নিক্ষেপ করা, মারা ('শেল, নয়নবাণ —')

**হানাহানি** — আঘাত প্রত্যাঘাত।

**হানি** — নাশ ('ধন-, প্রাণ-')। অপচয়। ক্ষতি ('তাতে — কি')

**হাপর**] ধাতু গলাইবার বা তাতাইবার অগ্নিকুণ্ড ('সেকরার —')। তাহাতে হাওয়া দিবার জাঁতা, ভস্ত্রা।

**হাপরানো** [√ হাপ্‌রা-১৭] তরল দ্রব্য হাত হইতে সশব্দে খাওয়া।

**হাঁপ, হাঁপানো, হাঁপানি** (হাঁফ দেখ)

**হাপুস**] হাপরাইবার শব্দ। [< বাষ্প-] অশ্রুপূর্ণ (অশিঃ। '-নয়নে')

**হাফ** [ই] অর্ধ ('-হাতা, -টিকিট')

**হাঁফ / হাঁপ**] নিঃশ্বাস, দম ('— ছাড়া, ফেলা')। শ্বাসবেগ, হাঁপানি ('—ধরা')। ... **হাঁপানি**. কষ্টশ্বাস রোগ, asthma. ... **হাঁপানো** [√ হাঁপা-১১] ঘন ঘন বা কষ্টে শ্বাস ফেলা।

**হাব** — নারীর বিলাসভঙ্গী ('-ভাব')

**হাবলা**] হাবার তুল্য।

**হাবশী** [আ. হবশ = আবিসিনিয়া-বাসী] কাফরী, নিগ্রো।

**হাবা**] বোবা-কালা, বোবা। বোকা। পাগল, idiot.

**হাবিলদার** [আ-ফা. হাবা.লহ্‌-দার] সেনা-নায়ক বিঃ।

**হাবুডুবু**] অসামাল ভাবে জলে ডোবা-ওঠা ('— খাওয়া')

**হাভাতে / হাবাতে**] ভাতের কাঙাল। হতভাগা।

**হাম**] গুটিকাযুক্ত জ্বর বিঃ, মিলমিলে, measles.

**হামড়ি, হুমড়ি**] হামাগুড়ি, উবুড়; গ্রহণের

জন্য লালায়িত ভাব ('—খেয়ে পড়া')
**হামবড়া** [ হি ] (মুঃ আমি বড়) আত্মগর্বী ('— লোক, ভাব')
**হামলা** [ আ. হম্‌লহ্‌ ] আক্রমণ।
**হামলানো** — হাম্বাধ্বনি দ্বারা গাভীর গোবৎসকে আহ্বান।
**হামা, হামাগুড়ি** ] হাঁটু ও হাত দিয়া চলন, জানুগতি ('— দেওয়া')
**হামানদিস্তা** [ ফা. হাবন-দস্তহ্‌ ] লোহা ইঃর কানা-উঁচু খল ও মুষল।
**হামাম** [ আ. হাম্মাম ] গরম জলের স্নানাগার। সাধারণের স্নানাগার।
**হামেশা** [ ফা. হমেশহ্‌ ] সর্বদা।
**হামেহাল** [ফা-আ. হম্‌অ-হাল ] সর্বদা।
**হাম্বা** (হম্বা দেখ)
**হাম্বির** ] রাগিণী বিঃ।
**হায়** ] < হা, খেদোক্তি।
**হায়ন** — বৎসর।
**হায়া** [ আ. হয়া ] লজ্জা ('বে-')
**হায়েনা** [ ই ] — একপ্রকার শ্বাপদ।
**হার ১** — মাল্য; কণ্ঠাভরণ বিঃ ('কুসুম-। সোনার —')। হরণ, ভাগ। দর, rate. ( § হার্য)
**হার ২** ] < হারি, পরাভব ('— হওয়া, মানা')
**হারক** — হরণকারী। বিভাজক অঙ্ক।
**হারমোদ** [ পো. armada ] যুদ্ধ-জাহাজ (বিশেষত পোর্তুগিজ জলদস্যুর)। পোর্তুগিজ জলদস্যু।
**হারমোনিয়ম** [ ই ] ভস্ত্রাযুক্ত বাদ্যযন্ত্র বিঃ।
**হারা ১** ] যাহার ('মা-, আত্ম-')। যাহা ('-ধন, -নিধি')
**হারা ২** [ √ হার্‌-৭। < হৃ ] পরাজিত হওয়া। ... **হারানো** [ √ হারা-১১ ] পরাজিত করা। খুঁজিয়া না পাওয়া; নিরুদ্দেশ হওয়া; খোয়ানো, নষ্ট হইতে দেওয়া ('টাকা, জাত, ছেলে, পথ, সম্পত্তি, সুযোগ —')। ... ণ. (উক্ত সকল অর্থে)
**হারাম** [ আ. হরাম ] মুসলমানধর্ম মতে অবৈধ বা অপবিত্র (তুঃ হালাল)। শূকর। ... **হারামজাদ, -দা** [ ফা -জা. দহ্‌ ] গালি বিঃ। ... স্ত্রী. **জাদী** ]
**হারামি** — নিমকহারামি, বিশ্বাসঘাতকতা।
**হারাহারি** ] (মুঃ ভাগাভাগি) ভাঙাভরতি (দেখ)। গড়পড়তা।
**হারি** — হার, পরাভব ('— মানা')
**হারিকেন** [ ই. hurricane ] লণ্ঠন বিঃ যাহা ঝড়ে নিবে না।
**হারিত** — পরাজিত। অপহারিত। হরিদ্‌বর্ণযুক্ত।
**হারী** ( -রিন্‌ ) — যে হরণ করে (**'দর্প-**, মনো-')। হার-পরিহিত। ... **স্ত্রী. হারিণী।**
**হার্দিক** — হৃদয়জাত, আন্তরিক।
**হার্দ্য, -র্দ**—হৃদ্যতা, স্নেহ, প্রীতি। ... ণ. আন্তরিক। মনোজ্ঞ।
**হার্য** — হরণযোগ্য। বিভাজ্য।
**হাল ১** — হল, লাঙ্গল। (বাং) গাড়ির চাকার লোহবেষ্টনী। লোহা ইঃর লম্বা পাটি। ( § হেলে ২)
**হাল ২** ] নৌকার কর্ণ, যে কাষ্ঠযন্ত্র দ্বারা নৌকা ইঃ ঘুরানো যায় (হাইল, হালি প্রাঅপ্রঃ)
**হাল ৩** [ আ ] ষ্য. দশা, অবস্থা ('রাজার —। -চাল')। বর্তমান কাল ('হালে')। ণ. বর্তমান, আধুনিক, চলতি ('-বাকী') ( § হালত)। ... **হালখাতা** ] নূতন বৎসরের হিসাবের খাতা।
**হালনাগাদ** — বর্তমান কাল পর্যন্ত।

up-to-date.

**হালকা** [< লঘুক, লহুক, হলুক] লঘু, গুরুত্বহীন ('— কাজ, ঘটি, মন, শরীর, স্বভাব')

**হালত** [আ] দশা, অবস্থা।

**হালফিল**] এখন, ফিলহাল।

**হালাক** [আ. হলাক] প্রাণান্ত, হয়রান।

**হালাল** [আ. হলাল] ণ. মুসলমানধর্মমতে বৈধ বা পবিত্র (তুঃ হারাম)। ... ষ্য জবাই, পশুলক্ষীর কণ্ঠচ্ছেদ।

**হালুইকর** [আ. হল্‌বা-] ময়দা দাল ইঃর মিষ্টান্ন বা জলখাবার যে তৈয়ার করে, ময়রা।

**হালুম**] বাঘের ডাক।

**হালুয়া** [আ. হল্‌বা.] সুজি ঘি চিনির মিষ্টান্ন বিঃ, মোহনভোগ।

**হাশিয়া** [আ. হাশিঅহ্‌] শাল ইঃর পাড়।

**হাস** — হাস্য। ... **হাসক** — যে হাসায়।

**হাঁস**] < হংস।

**হাঁসকল**] কবজা বিঃ, কপাট ঝুলাইবার অঙ্কুশাকার লোহা।

**হাসপাতাল** [ই. hospital] সাধারণের চিকিৎসাগার।

**হাঁসফাঁস**] কণ্ঠশ্বাসের লক্ষণ প্রকাশ ('বেশী খেয়ে — করা')

**হাঁসা** — হাঁসের মতো সাদা।

**হাসা** [√ হাস্‌-৭। < হস্‌] হাস্য করা। ... **হাসানো** [√ হাসা-১১] হাস্য করানো ('লোক —')

**হাঁসানো** [√ হাঁস-১১] (মুঃ হেঁসো দিয়া কাটা) গভীর করিয়া কাটা।

**হাসি**] < হাস্য ('-মুখ')। ... **হাসিখুশি**] সহাস্য আনন্দ। ... **হাসাহাসি**] পরস্পর আলোচনা ও হাস্য। ... **হাসিহাসি**] সহাস্য, প্রফুল্ল ('— মুখ')

**হাসিনী** — হাস্যযুক্তা।

**হাসিল** [আ] ণ. সম্পন্ন, সিদ্ধ, লব্ধ ('কাজ — করা')। ষ্য. সিদ্ধি, আদায়।

**হাসুনোহানা** [জাপানী। = পদ্মফুল] সাদা সুগন্ধ ছোট ফুল বিঃ (অশুপ্রঃ)

**হাঁসুলি, হেঁসো**] অর্ধচন্দ্রাকার হার বিঃ।

**হাস্য** — হাসি ('— করা। -কর, -কৌতুক, -জনক, -রসিক, -সংবরণ। হাস্যালাপ, হাস্যোদ্দীপক')

**হাহা ১** — হায় হায়। ... **হাহাকার** — হায় হায় শব্দ, বিলাপ।

**হাহা ২, হিহি, হোহো**] হাসির শব্দ।

**হাহা ৩, -হুহু** — পুরাণোক্ত দুই গন্ধর্ব গায়ক।

**হিং, হিঙ**] < হিঙ্গু, বৃক্ষ বিঃএর উগ্র-গন্ধ নির্যাস (মসলা, ঔষধ)

**হিংসক** — হিংসাকারী, হিংস্র।

**হিংসা, হিংসন** — বধ, প্রাণিপীড়া ('জীব-')। অন্যের হানি বা তাহা করিবার প্রবৃত্তি। (বাং) ঈর্ষা, অসূয়া "হিংসে" ('পরের — করা')। ... ণ. **হিংসিত**। ... **হিংসালু** — হিংসাশীল, হিংস্রপ্রকৃতি। ... **হিংসুক**], **হিংসুটে**] [< হিংসা-বৃত্ত] ঈর্ষাপরায়ণ। ... **হিংস্য** ণ বধ্য। ... **হিংস্র, হিংস্রক** — প্রাণহারক, হিংসাকারক; শ্বাপদ ('-স্বভাব। — পশু')

**হিংসাত্মক** — যাহার মূলে হিংসা আছে।

**হিকমত** [আ] কৌশল, চাতুর্য।

**হিক্কা** — হেঁচকি।

**হিঙ্গু** — হিং।

**হিঙ্গুল**—পারদ-গন্ধক ঘটিত ঘোর রক্তবর্ণ দ্রব্য বিঃ, রসসিন্দুর, cinnaban

**হিঁচড়ানো / হিঁচড়নো, হেঁচড়ানো** [√ হিঁচ্‌ড়া-১৮] জোর করিয়া ঘষটাইয়া টানা।

**হিজড়া / -ড়ে**] নপুংসক।

**হিজরা** [আ], **-রী**] মহম্মদের মদিনা যাত্রার দিন (৬২২ খ্রীঃ) হইতে গণিত চান্দ্র অব্দ।
**হিজল** [< হিজ্জল] গাছ বিঃ।
**হিজলিবাদাম**] (হিজলি-নামক স্থান হইতে) কাজু-বাদাম।
**হিজিবিজি**] ণ. আকাবাঁকা অবোধ্য ('— লেখা')। ... ষ্য. ঐরূপ রেখা ('— কাটা')
**হিঞ্চা, হেলেঞ্চা/হিঞ্চে** [< হিলমোচিকা] জলজ তিক্ত শাক বিঃ।
**হিড়হিড়** (হড়হড় দেখ)
**হিড়িক**] ঠেলা, প্রবাহ ('কাজের —')
**হিত** — ষ্য. কল্যাণ, উপকার ('-কর, -কামী, -কারী, -সাধন। হিতাকাঙ্ক্ষা, -কাঙ্ক্ষী, হিতার্থী')। ণ. কল্যাণকর ('হিতোপদেশ')। ... **হিতাহিত** — ইষ্ট ও অনিষ্ট। ... **হিতৈষণা, হিতৈষা** — হিতসাধনেচ্ছা। ... **হিতৈষী** (-ষিন্) — হিতাকাঙ্ক্ষী।
**হিন্তাল**—হেন্তাল, তাল-বর্গীয় গাছ বিঃ।
**হিন্দী** [ফা] উত্তরভারতের ভাষা বিঃ।
**হিন্দু** [ফা] সনাতনপন্থী ভারতীয় জাতি, "হিন্দু" ('-ধর্ম')। ভারতজাতধর্মাবলম্বী (যথা—জৈন বৌদ্ধ ব্রাহ্ম শিখ সনাতন-পন্থী)। ... ষ্য. **হিন্দুত্ব**]। ... **হিন্দুয়ানি**] হিন্দুর আচার। ... **হিন্দু-স্থান** [ফা. -স্তান] ভারতবর্ষ। উত্তর-ভারত অথবা হিন্দী-উর্দু -ভাষীর দেশ (প্রাঅপ্রঃ)। ... **হিন্দুস্থানী**] ভারতীয়। যাহার ভাষা হিন্দী বা উর্দু। হিন্দী-উর্দু ভাষা।
**হিন্দোল, -লা** — দোলা, ঝুলন। ... **হিন্দোল** — সংগীতের রাগ বিঃ।
**হিম** — ষ্য. শীতঋতু ('হিমাগম')। শীত-লতা। তুষার। ণ. শীতল, ঠাণ্ডা। (§হৈম)। ... **হিমকর**—চন্দ্র। ... **হিম-গিরি, হিমবান্** (-বৎ) — হিমালয়। ... **হিমবাহ** — অতিধীরগতি নদীতুল্য তুষাররাশি, glacier. ... **হিমমণ্ডল** — উত্তর বা দক্ষিণ মেরুর সন্নিহিত ৬৬° ৩২´ সমাক্ষরেখা পর্যন্ত ভূভাগ যেখানে সূর্যতাপ অল্পতম। ... **হিমরেখা**—উচ্চ পর্বতাদির যে সীমার উপর চিরকাল বরফ জমিয়া থাকে, snow-line (পুঃ চিরতুষাররেখা)। ... **হিমশিলা** — করকা। বরফ।
**হিমশিম**] দুঃসাধ্য কর্মে ক্লান্তিবোধ ('— খাওয়া')
**হিমাংশু** — চন্দ্র।
**হিমাচল, হিমাদ্রি, হিমালয়** — ভারতের উত্তরপ্রান্তস্থ পর্বতমালা। ... **হিমাচল-প্রদেশ** — পঞ্জাবের উত্তরপূর্বস্থ চাম্বা মাণ্ডি প্রভৃতি সংবলিত প্রদেশ।
**হিমানী** — তুষারসমূহ। হিমসংহতি। বরফ।
**হিম্মত** [আ] বীরত্ব, পৌরুষ, সাহস।
**হিয়া**] < হৃদয় (পদ্যে)
**হিরণ্ময়** — স্বর্ণময়। ... স্ত্রী. **-য়ী**।
**হিরণ্য, হিরণ** — স্বর্ণ। ... **হিরণ্যকশিপু** — নৃসিংহ কর্তৃক নিহত দৈত্যরাজ বিঃ, প্রহ্লাদের পিতা। ... **হিরণ্যগর্ভ** — ব্রহ্মা। ... **হিরণ্যবাহ** — শোণ নদ।
**হিরাকস**] কাসীস, iron sulphate.
**হিলিমিলি**] আঁকাবাঁকা, ঢেউ-খেলানো।
**হিল্লা / হিল্লে** [আ. হিলহ্] আশ্রয়, উপায়, গতি ('— করা, লাগানো')
**হিল্লোল** — তরঙ্গ। দোলন।
**হিসাব** [আ] / **হিসেব**] গণনা; জমাখরচ ('— করা, দেওয়া, রাখা, চুকানো, মিটানো। -নিকাশ')। বিচার ('— ক'রে কাজ করা')। ... **হিসাবনবিস**] যে হিসাব

লেখে। ... **হিসাবী / হিসেবী]** যে হিসাব বা বিবেচনা করিয়া কাজ করে। হিসাব সম্বন্ধীয়।

**হিস্টিরিয়া** [ই] উত্তেজনাময় বায়ুরোগ বিঃ।

**হিস্‌সা / -সে** [আ. হিস্‌সহ্‌] অংশ, ভাগ।

**হিহি]** (হাহা ২ দেখ)। শীতার্তের শব্দ ('শীতে — করা')

**হীন** — নীচ, অধম, নিন্দনীয় ('-প্রবৃত্তি, -মতি')। অবনত, দুর্দশাপন্ন, দীন ('— অবস্থা। -বেশ')। অতিশয় বিনীত ('-ভাবে')। ক্ষীণ ('-প্রভ, -বল')। বিরহিত, শূন্য ('জ্ঞান-, অঙ্গ-, দোষ-')। ... ষ্য. **হীনতা**। ... **হীনমন্যতা** — নিজেকে হীন ভাবা।

**হীরক — হীরা / হীরে]** রত্ন বিঃ, বজ্রমণি, diamond.

**হীরামন / হীরে-]** তোতাপাখি বিঃ।

**হু** (হাঁ দেখ)

**হুইল** [ই] চাকা। ছিপেসুতা গুটাইবার চাকা।

**হুংকার, হুঙ্কার** — হুম্‌ শব্দ, গর্জন ('— করা। হুহুংকার'। পদ্যে ক্রি. 'হুংকারিল')

**হুক** [ই] লোহা ইঃর অঙ্কুশ।

**হুঁকা / হুঁকো** [আ. হুক্কহ্‌] তামাক খাইবার যন্ত্র বিঃ (নারিকেলের খোলে কাঠের নলিচা লাগানো)

**হুকুম** [আ. হুক্‌ম্‌] আদেশ, আজ্ঞা, অনুমতি। ... **হুকুমত]** প্রভুত্ব। ... **হুকুমনামা]** আদেশপত্র, পরোয়ানা।

**হুঙ্কার** (হুংকার দেখ)

**হুজুক]** সাময়িক উৎসাহের বিষয়; ফ্যাশন; জল্পনা, গুজব ('নূতন —। — করা। হুজুকে মাতা')। ... **হুজুকে]** হুজুকপ্রিয়।

**হুজুর** [আ. হুজূর] প্রভু।

**হুজ্জত** [আ] তকরার, তর্ক।

**হুট]** হট, হঠাৎ; অবিবেচনা ('— ক'রে')

**হুটোপাটি]** লাফালাফি চিৎকার ইঃ বাল-সুলভ চাঞ্চল্য।

**হুড়কা / -কো** [< হুড়ুক্ক] কপাটের অর্গল ('— দেওয়া, লাগানো')। যে বউ স্বামীর কাছে যাইতে ভয় পায় (অশিঃ)

**হুড়মুড়]** বড় বা অনেক জিনিস পড়িবার শব্দ ('— ক'রে পড়া')

**হুড়হুড়]** জোরে জল ইঃ পড়ার শব্দ। (হঠাৎ — হুড়ুৎ])। গুড়গুড় ('পেট — করা')

**হুড়া / হুড়ো]** কাজ করাইবার জন্য তাড়না; ঠেলা ('— দেওয়া, লাগানো। তাড়া-')। ... **হুড়াহুড়ি / হুড়ো-]** ঠেলাঠেলি। হুটোপাটি।

**হুড়ুম]** মুড়ি বা চিঁড়াভাজা বিঃ।

**হুণ্ডি]** টাকা দিবার বরাতী পত্র। অপরের প্রাপ্য টাকা শোধ করিবার প্রতিশ্রুতি-পত্র ('— কাটা')

**হুত** — হোমাগ্নিতে অর্পিত।

**"হুতাশ"** [< হতাশ] নৈরাশ্য প্রকাশ। আতঙ্ক।

**হুতাশন, হুতাশ** — হোমাগ্নি। অগ্নি।

**হুতি** — হোম।

**হুতোম, হুতুম]** বড় পেঁচা বিঃ।

**হুদ্দা/হুদ্দো]** অধিকারের বা কার্যক্ষেত্রের সীমানা।

**হুনরী / হুনুরী** [ফা. হুনর] শিল্পী। শিল্পবিষয়ক।

**হুপ]** বানরের ডাক।

**হুঁপো** (হোঁপা দেখ)

**হুবহু** [আ-ফা-আ. হুঅ-ব-হুঅ] অবিকল, যথাযথ ('— নকল')

**হুমকি**] হুংকার, তর্জন, ভয়প্রদর্শন।
**হুমড়ি** (হামড়ি দেখ)
**হুরী** [আ. হুর] স্বর্গের পরী।
**হুল** [< অল] কীটপতঙ্গাদির সূচ্যগ্র দংশা বিঃ ('— ফুটানো')
**হুলস্থুল**] গোলমাল, তুমুল ব্যাপার।
**হুলা / -লো**] (মুঃ হোল-যুক্ত) মর্দা। মর্দা বিড়াল।
**হুলিয়া** [আ. হুল্লিঅহ্] পলাতক আসামীর চেহারার বিবরণ ('— বাহির করা')
**হুলু** — উলু, শুভকর্মে পুরনারীগণের মুখধ্বনি বিঃ।
**"হুল্লোড়"**] দল বাঁধিয়া হল্লা ও ফুর্তি।
**হুঁশ** [ফা. হোশ] চৈতন্য। সতর্কতা ('— থাকা, হওয়া')। ... **হুঁশিয়ার, হু-** [ফা. হো-] সতর্ক। চতুর। ... ষ্য. **-রি**]
**হুস**] পাখি ইঃ তাড়াইবার বা উড়িবার শব্দ। ... **হুসহুস**] অনুকারশব্দ ('রেল-গাড়ি — ক'রে চলে')
**হুহু**] বায়ুর বা আগুন জ্বলার শব্দ ('— ক'রে বওয়া। — ক'রে জ্বলা')। যন্ত্রণাসূচক ('বুক — করা')
**হূত** — যাহাকে ডাকা হইয়াছে, আহূত। ... **হূতি** — আহ্বান।
**হূন, হূণ** — ভারতের উত্তরস্থ প্রাচীন জাতি বিঃ, Hun.
**হূয়মান** — যাহাকে ডাকা হইতেছে।
**হূহূ** — হাহা ৩ দেখ।
**হৃৎ** (হৃদ্) — হৃদয় ('হৃৎকম্প, হৃৎপদ্ম, হৃদ্‌রোগ')। মন ('হৃদ্‌গত')। (§ হৃদ্য)। ... **হৃৎপিণ্ড** — বক্ষস্থ স্পন্দনশীল রক্তসঞ্চালক যন্ত্র, heart.
**হৃত** — অপহৃত। আনীত।
**হৃদয়** — বক্ষস্থল ('হৃদয়ে ধারণ')। মন, অন্তঃকরণ ('-বান্, -বিদারক। হৃদয়েশ্বর')। (§ হার্দিক, হার্দ্য, হার্দ)। ... **হৃদয়ংগম, হৃদয়ঙ্গম** — মনে প্রবিষ্ট। হৃদ্‌গত। ... **হৃদয়গ্রাহী** (-হিন্) — চিত্তাকর্ষক। ... **হৃদয়বান্** — সহৃদয়, কোমলচিত্ত, উদার।
**হৃদি**] < হৃদয় (পদ্যে)
**হৃদ্য** — রুচির, হৃদয়গ্রাহী, মনোহর। ... **হৃদ্যতা** — সৌহার্দ্য। আন্তরিকতা।
**হৃষিত** — পুলকিত, হর্ষপ্রাপ্ত।
**হৃষীকেশ** — বিষ্ণু, কৃষ্ণ (হৃষীক = জ্ঞানেন্দ্রিয়)
**হৃষ্ট** — হর্ষযুক্ত, আনন্দিত। পুলকিত, রোমাঞ্চিত। ... **হৃষ্টপুষ্ট** — প্রফুল্ল ও মোটাসোটা।
**হে** — সম্বোধন ('হে ঈশ্বর, কি হে')
**"হেঁই, হেই"**] অনুনয়সূচক শব্দ।
**হেঁচকা**] হঠাৎ প্রযুক্ত ('— টান')। ... **হেঁচকা, হেঁচকানি**] হঠাৎ জোরে টান, ঝাঁকানি।
**হেঁচকি**] হিক্কা ('— ওঠা, তোলা')
**হেঁচড়ানো** (হিঁচ- দেখ)
**"হেঁজিপেঁজি"**] অখ্যাত, নগণ্য।
**হেঁট** [< অধস্তাৎ] নীচু, অবনত ('মাথা — করা')
**হেড** [ই] মাথা ('বেহেড')। প্রধান ('-পণ্ডিত')
**"হেঁড়ে"**] হাঁড়ির মতন।
**হেঁতাল** (হিন্তাল দেখ)
**হেতু**—কারণ। প্রয়োজন। উদ্দেশ্য। যুক্তি। ... **হেতুবাদ** — হেতুকথন।
**হেতের** (হাতিয়ার দেখ)
**হেত্বাভাস** — হেতুদোষ, দুষ্টযুক্তি, fallacy.
**হেথা** [< অত্র] এখানে (পদ্যে বা গ্রাম্য)
**হেদানো / হেদনো** [√হেদা-১১] প্রিয়-বিরহে ব্যাকুল হওয়া ('মায়ের জন্য —')

**হেদে, হ্যা-]** সম্বোধনে (প্রাঅপ্রঃ। '— দেখ')

**হেন]** এমন ('— কালে, জিনিস')। তুল্য ('এ-')

**হেনা** [আ. হিনা] মেহেদি (দেখ)

**হেপাজত** [আ. হিফাজৎ] রক্ষণাবেক্ষণ। পরিচর্যা।

**হেম** — স্বর্ণ। (§ হৈম)। ... **হেমাঙ্গ** — স্বর্ণকান্তি। স্বর্ণময় অঙ্গ বিশিষ্ট।... স্ত্রী. **হেমাঙ্গী। হেমাঙ্গিনী]** ... **হেমাদ্রি** — সুমেরু পর্বত।

**হেমন্ত** — শীতের পূর্ববর্তী ঋতু। (§ হৈমন্ত, হৈমন্তিক)

**হেয়** — ত্যাজ্য, ঘৃণ্য ('-জ্ঞান করা')

**হেঁয়ালি** [< হেমালিকা] প্রহেলিকা, সমস্যা।

**হেরফের]** অদলবদল।

**হেরম্ব** — গণেশ।

**হেরা** [√ হের্-৫] দেখা (পদ্যে)

**হেলন** — অবজ্ঞা, অবহেলা। (বাং) হেলিবার ভাব।

**হেলা ১** — অবজ্ঞা ('-ফেলা')। অবলীলা ('হেলায়')

**হেলা ২** [√ হেল্-৪] ঝোঁকা, এক পার্শ্বে নত হওয়া।... **হেলান]** হেলিয়া অবস্থান ('— দেওয়া')। ... **হেলানো** [√ হেলা-১১] ঝোঁকানো, নোয়ানো। দোলানা। ... ণ. (উক্ত সকল অর্থে)

**হেলে ১]** নির্বিষ সাপ বিঃ।

**হেলে ২]** যাহা হালে জোতা হয় ('— গরু')

**হেলেঞ্চা** (হিঞ্চা দেখ)

**হেঁশেল]** (মুঃ হাঁড়িশাল) রান্নাঘর।

**হেঁসো]** বাঁকা ছুরি বিঃ। (হাঁসুলি দেখ। § হাঁসানো)

**হেস্তনেস্ত** [ফা. হস্ত্‌নীস্ত্‌] হয় কি না হয়, নিষ্পত্তি।

**হৈম** — স্বর্ণময়, স্বর্ণ সম্বন্ধীয়। হিম সম্বন্ধীয়। ... **হৈমবত** — হিমালয় সম্বন্ধীয়। ভারতবর্ষ। ... **হৈমবতী** — পার্বতী।

**হৈমন্ত, হৈমন্তিক** — হেমন্তকালীন।

**হৈয়ঙ্গবীন** — নবনীত। সদ্যোজাত ঘৃত।

**হৈহয়** — প্রাচীন দেশ বা জাতি বিঃ।

**হোগলা]** দীর্ঘপত্র উদ্ভিদ বিঃ (প্রায় জলা-ভূমিজাত। পাতায় ঘর ইঃ ছাওয়া হয়)

**হোঁচট]** চলিবার সময় বন্ধুর স্থানে বা কোনও বস্তুর সংঘর্ষে পায়ের আঙুলে চোট, উচট ('— খাওয়া, লাগা')

**হোটেল** [ই] সাধারণের জন্য বাসগৃহ যেখানে লোকে মূল্য দিয়া থাকিতে ও খাইতে পায়। যেখানে রাঁধা খাবার বিক্রয় হয়।

**হোড়]** কর্দমকুণ্ড। পাঁক। বাঙালী হিন্দুর উপাধি বিঃ।

**"হোঁতকা"]** মোটা। স্থূলবুদ্ধি, গোঁয়ার।

**হোতা** (-তৃ) — যজ্ঞের পুরোহিত, যিনি দেবতাকে আহ্বান করেন। হোমকর্তা।

**হোথা]** ওখানে (গ্রাম্য বা পদ্যে)

**হোত্র** — যজ্ঞ। ... ণ. **হোত্রীয়। ... হোত্রী** (-ত্রিন্) — যজ্ঞকর্তা।

**হোঁদড়]** গোবাঘা, hyena.

**"হোঁদল"]** পেট-মোটা।

**হোঁপা, হুঁপো]** চিচিঙ্গা (দেখ)

**হোম** — যজ্ঞাগ্নিতে ঘৃতাহুতি।

**হোমরাচোমরা]** সম্ভ্রান্ত, নামজাদা লোক।

**হোমিওপ্যাথি** [ই] হানিমান-প্রবর্তিত চিকিৎসাপদ্ধতি। ... ণ. **-প্যাথিক]**

**হোরা** (গ্রীক hora হইতে স.) — ২৷৷৹ দণ্ড, ঘণ্টা। লগ্ন।

**হোলি** [< হোলী, হোলাকা] দোল উৎসব।

**হোহো** (হাহা ২ দেখ)
**হৌজ** [আ. হৌজ.] বড় চৌবাচ্চা।
**হৌস** [ই. house ] বণিকের অফিস। বণিক্‌সংঘ, কারবার, firm.
হ্যাঁ (হাঁ দেখ)
**হ্যাংলা**] যে হীন ভাবে লোভ প্রকাশ করে।
**হ্যাট** [ই] কানা-যুক্ত সাহেবী টুপি।
**হ্যাণ্ডনোট** [ই] ঋণস্বীকারপত্র।
**হ্রদ** — স্বাভাবিক বৃহৎ জলাশয়, lake.
**হ্রস্ব** — ক্ষুদ্র, খর্ব, ছোট। অল্প, কম। (ব্যাকরণে) একমাত্রা-কাল-উচ্চার্য স্বর (যথা — অ ই উ)। ... য্য. **-তা, -ত্ব,** **হ্রাস**।
**হ্রাদ** — ধ্বনি। ... **হ্রাদিনী** — বজ্র বিদ্যুৎ।
**হ্রাস** — হ্রস্বতা, কমি। ক্ষয়।
**হ্রী** — লজ্জা।
**হ্রেষা** — অশ্বধ্বনি।
**হ্লাদ, হ্লাদন** — আহ্লাদ, আনন্দ। ... ণ. **হ্লাদিত**। ... **হ্লাদিনী** — আহ্লাদ-যুক্তা। আনন্দদায়িকা।

# পরিশিষ্ট

## ক। বানানের নিয়ম

বাংলা বানান কিয়ৎপরিমাণে নিয়ন্ত্রিত ও সরল করিবার জন্য কলিকাতা-বিশ্ববিদ্যালয় যে নিয়ম রচনা করিয়াছেন ( তৃতীয় সংস্করণ, ২০ মে, ১৯৩৬) তাহা নিম্নে সংক্ষেপে বর্ণিত হইল।

### সংস্কৃত বা তৎসম শব্দ

১। রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হইবে না, যথা—'অর্চনা, মূর্চ্ছা, কার্তিক, অর্ধ, সর্ব'।

২। সন্ধিতে ঙ্ স্থানে ং।—যদি ক খ গ ঘ পরে থাকে তবে পদের অন্তস্থিত ম্ স্থানে ং অথবা বিকল্পে ঙ্ বিধেয়, যথা—'অহংকার, 'ভয়ংকর, সংগীত, সংঘাত' অথবা 'অহঙ্কার, ভয়ঙ্কর, সঙ্গীত, সঙ্ঘাত'। 'গংগা, সংগে' ইঃ হইবে না, কারণ শব্দের পূর্বে ম্-কারান্ত পদ নাই।

### অসংস্কৃত ( অর্থাৎ তদ্ভব, দেশজ ও বিদেশী ) শব্দ

৩। রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হইবে না, যথা—'কর্জ, শর্ত, চর্বি, ফর্মা'।

৪। হস্-চিহ্ন।—শব্দের শেষে সাধারণতঃ হস্-চিহ্ন দেওয়া হইবে না, যথা—'ওস্তাদ, চেক, ডিশ, পকেট, মক্তব'। কিন্তু ভুল উচ্চারণের সম্ভাবনা থাকিলে হস্-চিহ্ন বিধেয়, যথা—'শাহ্, তখ্ত্, বল্ড্'। সুপ্রচলিত শব্দে না দিলে চলিবে, যথা—'আর্ট, গভর্নমেণ্ট, স্পঞ্জ'। মধ্য বর্ণে প্রয়োজন হইলে হস্-চিহ্ন বিধেয়, যথা—'কট্কট'। যদি উপান্ত্য স্বর অত্যন্ত হ্রস্ব হয় তবে শেষে হস্-চিহ্ন বিধেয়, যথা—'চট্, সার্'।

৫। ই ঈ উ ঊ।—যদি মূল সংস্কৃত শব্দে ঈ ঊ থাকে তবে তদ্ভব বা তৎসদৃশ শব্দে ঈ ঊ অথবা বিকল্পে ই উ হইবে, যথা—'কুমীর [<কুম্ভীর], পাখী

[<পক্ষী ], উনিশ [<ঊনবিংশ ] পূব [ পূর্ব ]', অথবা 'কুমির, পাখি, উনিশ, পূর্ব'। কিন্তু কতকগুলি শব্দে কেবল ঈ, কেবল ই, অথবা কেবল উ হইবে, যথা—'নীলা [<নীলক ], হীরা [<হীরক ]; দিয়াশলাই [<দীপশলাকা ], পানি [<পানীয় ]; চুল [<চুল ], জুয়া [<দ্যূত ], ইত্যাদি।

স্ত্রীলিঙ্গ এবং জাতি, ব্যক্তি, ভাষা ও বিশেষণ বাচক শব্দের অন্তে ঈ হইবে, যথা—'ধোবানী, বাঘিনী, কাবুলী, কেরানী, ঢাকী, ফরিয়াদী, ইংরেজী, হিন্দী, বিলাতী, দাগী, রেশমী'। কিন্তু কতকগুলি শব্দে ই হইবে, যথা—'ঝি, দিদি, বিবি; কচি, মিহি, মাঝারি, চলতি' ইত্যাদি।

অন্যত্র মনুষ্যেতর জীব, বস্তু, গুণ, ভাব ও কর্ম বাচক শব্দের এবং দ্বিরাবৃত্ত শব্দের অন্তে কেবল ই হইবে, যথা—'বেঙাচি, কাঠি, সুজি, কেরামতি, চুরি, পাগলামি, তাড়া-তাড়ি, সরাসরি, সোজাসুজি'।

৬। জ য।—এই সকল শব্দে য না লিখিয়া জ লেখা বিধেয়—'কাজ, জাউ, জাঁতা, জাঁতি, জুঁই, জুত, জো, জোড়, জোড়া, জোত, জোয়াল'।

৭। ণ ন।—অসংস্কৃত শব্দে কেবল ন হইবে, যথা—'কান, বামুন, সোনা, কোনান, করোনার, কার্নিস'। কিন্তু 'রানী' স্থানে বিকল্পে 'রাণী' চলিতে পারিবে। যুক্তাক্ষর ণ্ট, ণ্ঠ, ণ্ড, ণ্ঢ চলিবে, যথা—'ঘুণ্টি, লণ্ঠন, ঠাণ্ডা'। ১

৮। ও-কার, ঊর্ধ্ব কমা।—সুপ্রচলিত শব্দের উচ্চারণ, উৎপত্তি বা অর্থের ভেদ বুঝাইবার জন্য অতিরিক্ত ও-কার বা ঊর্ধ্ব-কমা যোগ যথাসম্ভব বর্জনীয়। যদি অর্থগ্রহণে বাধা হয় তবে কয়েকটি শব্দে অন্ত্য অক্ষরে ও-কার এবং আদ্য বা মধ্য অক্ষরে ঊর্ধ্ব-কমা বিকল্পে দেওয়া যাইতে পারে, যথা—'কাল, কালো; ভাল, ভালো; মত, মতো; পড়ো, প'ড়ো ( পড়ুয়া বা পতিত )'।

এই সকল বানান বিধেয় 'এত, কত, তত, যত; তো, হয়তো; কাল ( সময়, কল্য ), চাল ( চাউল, ছাত, গতি ), ডাল ( দাইল, শাখা )'।

৯। ঙ্গ ং ঙ।—'বাঙ্গলা, বাঙ্গালা, বাঙ্গালী, ভাঙ্গন' প্রভৃতি এবং 'বাংলা, বাঙলা, বাঙালী, ভাঙন' প্রভৃতি উভয়প্রকার বানানই চলিবে। হসন্ত ধ্বনি

বিকল্পে ং বা ঙ বিধেয়, যথা—'রং, রঙ; সং, সঙ; বাংলা, বাঙলা'। স্বরাশ্রিত হইলে ঙ বিধেয়, যথা—'রঙের, বাঙালী, ভাঙন'।

১০। **শ ষ স**।—মূল সংস্কৃত অনুসারে তদ্ভব শব্দে শ, ষ বা স হইবে, যথা—'আঁশ [<অংশু], আঁষ [<আমিষ], মশা [<মশক], সরিষা [<সর্ষপ]'। কিন্তু কতকগুলি শব্দে ব্যতিক্রম হইবে, যথা—'মিনসে [<মনুষ্য], সাধ [<শ্রদ্ধা]' ইত্যাদি। দেশজ বা অজ্ঞাতমূল শব্দের প্রচলিত বানান হইবে, যথা—'করিস, ফরসা, ফরশা, উসখুস, উশখুশ'।

বিদেশী শব্দে মূল উচ্চারণ অনুসারে s স্থানে স, sh স্থানে শ হইবে, কিন্তু কতকগুলি শব্দে ব্যতিক্রম হইবে, অর্থাৎ প্রচলিত বানান বজায় থাকিবে, যথা—'ইস্তাহার, গোমস্তা, ভিস্তি, খ্রীষ্ট'। নিম্নে কতকগুলি শব্দের বিহিত বানান দেওয়া হইল—

| | | | |
|---|---|---|---|
| অগস্ট | আশকরা | কনস্টেবল | খোশামোদ |
| অর্সা, অর্সানো | আশনাই | কিশমিশ | চশমা |
| আতশ | আশরফি | কুর্নিশ | জিনিস |
| আদমশুমার | আসমান | ক্লাস | ডিশ |
| আপস | ইশকাপন | খরগোশ | তল্লাশ |
| আফসোস, আপ- | ইশাদী | খুশি। খুশী | তামাশা |
| আয়েশ | ইশারা | খোশ | তোশক |
| তোশাখানা | মশগুল | শাদি | শোহরত |
| দুশমন | মাস্তুল | শাবাশ | শৌখিন, -খী |
| নকশা | মুনশী | শামলা | সপ |
| নালিশ | মুশকিল | শামিয়ানা | সরপোশ |
| নাশপাতি | ম্যাজিস্ট্রেট | শামিল | সাজশ |
| নোটিস | রেজেস্টারী | শায়েস্তা | সাদা |
| পোস্ট | লশকর | শার্ট | সালিস |

| | | | |
|---|---|---|---|
| ফরমাশ | লাশ | শালগম | সিক |
| ফরাশ | শখ | শাসি | সুপারিশ |
| বকশিশ | শয়তান | শাহানা | স্টীমার |
| বদমাশ | শরবত | শিয়া | স্টেশন |
| বারকোশ | শরম | শিরনি | স্ট্যাম্প |
| বালাপোশ | শরিক | শুরু | স্ট্রীট |
| বিস্কুট | শর্ত | শুরুয়া | হামেশা |
| বুরুশ | শহর | শেমিজ | হিস্টিরিয়া |
| বেহুঁশ | শহিদ, শহীদ | শোরগোল | হুঁশ |
| ব্যারিস্টার | শাগরেদ | শোরা | হুঁশিয়ার, হু- |

বিদেশী শব্দে s ধ্বনির জন্য ছ অক্ষর বর্জনীয়। কিন্তু যেখানে প্রচলিত বাংলা বানানে ছ আছে এবং উচ্চারণেও ছ হয়, সেখানে প্রচলিত বানানই বজায় থাকিবে, যথা—'কেচ্ছা [ কিস্‌সা ], ছয়লাপ [ সইল-অব ], তছরুপ [ তসর্‌রুপ ], পছন্দ [ পসন্দ্ ]' ইত্যাদি।

১১। ক্রিয়াপদ।—সাধু ও চলিত প্রয়োগে কৃদন্ত রূপে 'করান, পাঠান' প্রভৃতি অথবা বিকল্পে 'করানো, পাঠানো' প্রভৃতি বিধেয়। চলিত ভাষায় -লাম বিভক্তি স্থানে বিকল্পে -লুম বা -লেম লেখা যাইতে পারে। ক্রিয়াপদের বানানের জন্য পরিশিষ্ট ৬ দ্রষ্টব্য।

১২। কতকগুলি সাধু শব্দের চলিত রূপ।—'কুয়া, সুতা, মিছা, উঠান, উনান, পুরানো, পিছন, পিতল, ভিতর, উপর' প্রভৃতি কতকগুলি সাধু শব্দের মৌখিক রূপ কলিকাতা অঞ্চলে অন্যপ্রকার। যে শব্দের মৌখিক বিকৃতি আদ্য অক্ষরে ( যথা 'পেছন, ভেতর' ), তাহার সাধুরূপই চলিতভাষায় গ্রহণীয়, যথা—'পিছন, পিতল, ভিতর, উপর'। যাহার বিকৃতি মধ্য বা শেষ অক্ষরে, তাহার চলিত রূপ মৌখিক রূপের অনুযায়ী করা বিধেয়, যথা—'কুয়ো, সুতো, মিছে, উঠন, উনন, পুরনো'।

## নবাগত ইংরেজী ও অন্যান্য বিদেশী শব্দ

১৩। বিবৃত অ (cut-এর u)।—মূল শব্দে বিবৃত অ থাকিলে বাংলা বানানে আদ্য অক্ষরে আ-কার এবং মধ্য অক্ষরে অ-কার বিধেয়, যথা—'ক্লাব (club), বাস (bus), সার্ (sir), থার্ড (third), বাজেট (budget), সার্কস (circus), ফোকস (focus), রেডিয়ম (radium), হিরোডোটস (Herodotus)'।

১৪। বক্র আ (বা বিকৃত এ, cat-এর a)।—মূল শব্দে বক্র আ থাকিলে বাংলায় আদিতে অ্যা এবং মধ্যে ্যা বিধেয়, যথা—'অ্যাসিড, হ্যাট'।

১৫। ঈ ঊ।—মূল শব্দের উচ্চারণে ঈ ঊ থাকিলে বাংলা বানানে ঈ ঊ বিধেয়, যথা—'সীল (seal), ঈস্ট্ (yeast), স্পূল (spool)'।

১৬। f v স্থানে ফ ভ বিধেয়, যথা—'ফুট (foot), ভোট (vote). যদি মূল শব্দে v-এর উচ্চারণ f তুল্য হয়, তবে বাংলায় ফ হইবে, যথা—'ফন (von).

১৭। w স্থানে প্রচলিত রীতি অনুসারে উ বা ও বিধেয়, যথা—'ডারউইন (Darwin), উড (wood), ওয়ে (way)'.

১৮। য়।—নবাগত বিদেশী শব্দে অনর্থক য়-প্রয়োগ বর্জনীয়। 'মেয়র, চেয়ার, রেডিয়ম, সোয়েটর' প্রভৃতি বানান চলিতে পারে, কারণ য় লিখিলেও উচ্চারণ বিকৃত হয় না। কিন্তু উ-কার বা ও-কারের পর অকারণে য়, য়া, লেখা অনুচিত। 'এডোয়ার্ড, ওয়ার-বণ্ড্' না লিখিয়া 'এডওআর্ড, ওঅর-বণ্ড' লেখা উচিত। 'হার্ড্ওয়ার' বানানে দোষ নাই।

১৯। s, sh।—১০সংখ্যক নিয়ম দ্রষ্টব্য।

২০। st।—নবাগত বিদেশী শব্দে st স্থানে স্ট বিধেয়, যথা—'স্টোভ (stove)'.

২১। z স্থানে জ. বিধেয়।

২২। হস্‌চিহ্ন।—৪ সংখ্যক নিয়ম দ্রষ্টব্য।

## খ। কতকগুলি সংস্কৃত শব্দের বানান

### র- ও স-কারান্ত অব্যয় শব্দ

এইসকল শব্দ প্রয়োগে বিসর্গান্ত হয়, যথা—মূল শব্দ 'অধস্ ক্রমস্ পুনর্ বিশেষতস্ সদ্যস্' হইতে 'অধঃ ক্রমশঃ পুনঃ বিশেষতঃ সদ্যঃ'। অনেকে বিসর্গ দেন না, যথা—'অধ বিশেষত সদ্য ইত্যাদি। কিন্তু সমাস-সন্ধি সংস্কৃত রীতিতে হয়, যথা—'অধঃপাত, সদ্যোজাত'।

### ঋ-কারান্ত ও ব্যঞ্জনান্ত বিশেষ্য বিশেষণ শব্দ

এইসকল শব্দের সংস্কৃতে প্রথমার একবচনে যে রূপ হয় বাংলায় তাহাই চলে, কিন্তু পদের অন্তে বিসর্গ থাকিলে তাহা প্রায় বর্জিত হয় এবং ব্যঞ্জনান্ত পদে অনেকে সর্বত্র হস্‌চিহ্ন দেন না। যথা—

১মা ১ বচনে স্বরান্ত।—মূল শব্দ 'কর্তৃ মাতৃ আত্মন্ কর্মন্ গরিমন্ জ্ঞানিন্ প্রেমন্'; ১মা ১ বচন 'কর্তা মাতা কর্ম গরিমা জ্ঞানী প্রেম'; বাংলাতেও 'কর্তা' ইত্যাদি।

১মা ১ বচনে বিসর্গান্ত।—মূল শব্দ 'আয়ুস্ চন্দ্রমস্ পথিন্ মনস্'। ১মা ১ বচনে 'আয়ুঃ চন্দ্রমাঃ পন্থাঃ মনঃ'; বাংলায় 'আয়ু চন্দ্রমা পন্থা মন'। কয়েকটি শব্দের মূল রূপ হস্‌চিহ্নবর্জিত হইয়া চলে, যথা—'আশিস্ উরস্ বয়স্' হইতে বাংলা আশিস উরস (পদ্যে) বয়স'।

১মা ১ বচনে ব্যঞ্জনান্ত।—মূল শব্দ 'ত্বচ্ দিশ্ বণিজ্ বিশ্বস্ ভগবৎ সুহৃদ্'; ১মা ১ বচনে 'ত্বক্ দিক্ বণিক্ বিদ্বান্ ভগবান্ সুহৃদ্ (বা সুহৃৎ)'; বাংলাতেও ত্বক্ দিক্ বিদ্বান্ ইত্যাদি। কিন্তু অনেকে হস্ চিহ্ন না দিয়া 'বিদ্বান বণিক ভগবান সুহৃদ' ইত্যাদি লেখেন।

উক্ত শব্দসকলের সমাস-সন্ধি সংস্কৃত রীতিতে হয় যথা—'আত্মগত জ্ঞানিগণ মাতৃস্নেহ আয়ুষ্কাল মনোযোগ বণিগ্‌বৃত্তি'। কিন্তু 'বিধাতাপুরুষ মনান্তর'

প্রভৃতি কয়েকটি যুক্তপদে ব্যতিক্রম হয়। অনেকে 'দেশনেতাগণ মন্ত্রীগণ' ইত্যাদি লেখেন।

## ম স্থানে অনুস্বার

সন্ধির নিয়ম অনুসারে ম্+অন্তস্থ ব=ংব, কিন্তু ম্+বর্গীয় ব=ম্ব অথবা ংব, যথা—

নিম্নলিখিত শব্দে অন্তস্থ ব আছে, সেজন্য ংব শুদ্ধ, ম্ব অশুদ্ধ—

| | | | |
|---|---|---|---|
| অসংবৃত | বশংবদ | সংবরণ | সংবিৎ |
| কিংবদন্তী | বারংবার | সংবর্ধনা | সংবিধান |
| কিংবা | সংবৎ | সংবলিত | সংবেদন |
| প্রিয়ংবদা | সংবৎসর | সংবাদ | স্বয়ংবর |

নিম্নলিখিত শব্দে বর্গীয় ব আছে, সেজন্য ম্ব ংব দুই-ই শুদ্ধ—

| | | |
|---|---|---|
| সম্বন্ধ, সংবন্ধ | সম্বল, সংবল | সম্বুদ্ধ, সংবুদ্ধ |
| সম্বন্ধী, সংবন্ধী | সম্বাদ, সংবাদ | সম্বোধন, সংবোধন |

'কিন্তু প্রিয়ম্বদা সম্বর্ধনা সম্বলিত স্বয়ম্বর' ইত্যাদি অশুদ্ধ হইলেও অনেকে লেখেন।

## রেফযুক্ত ব্যঞ্জনের দ্বিত্ব

সংস্কৃত ব্যাকরণ অনুসারে রেফের পর দ্বিত্ব বিকল্পে সিদ্ধ; না করিলে দোষ হয় না, বরং লেখা ও ছাপা সহজ হয়। যথা—'চর্চ্চা অর্জ্জুন ঊর্দ্ধ কর্ম্ম কার্য্য' প্রভৃতির স্থানে 'চর্চা অর্জুন ঊর্ধ্ব কর্ম কার্য'। হিন্দী মারাঠী প্রভৃতিতে দ্বিত্বহীন বানানই চলে। কলিকাতা-বিশ্ববিদ্যালয়-কৃত বানানের নিয়ম দ্বিত্ববর্জন বিহিত হইয়াছে।

## সমাসে ই-ঈ-কার

'প্রাণিন্, ধনিন্, হস্তিন্' প্রভৃতি ইন্-প্রত্যয়ান্ত শব্দ প্রথমার একবচনে পুংলিঙ্গে ঈ-কারান্ত হয় এবং বাংলায় তাহাই চলে, যথা—'প্রাণী, ধনী, হস্তী'।

সংস্কৃত ব্যাকরণ অনুসারে সমাসে 'প্রাণিসমূহ, ধনিগণ, হস্তিযূথ' ইত্যাদি। কিন্তু বাংলায় এই নিয়ম সকলে সর্বত্র মানেন না, 'প্রাণীবৃন্দ, যাত্রীগণ, সঙ্গীহীন' ইত্যাদি লেখেন।

সংস্কৃতে ইন্-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গেই ই-কারান্ত হয়, কিন্তু বাংলায় ঈ-কারান্ত রূপ চলে, যথা—'স্থায়ী বস্তু'।

## গ। ণত্ব ও ষত্ব বিধি

(কেবল সংস্কৃত শব্দে)

### ণত্ববিধি

(১) ট ঠ ড ঢ -এর পূর্বে ণ ('বণ্টন, লুণ্ঠন, অণ্ড, ঢুণ্ঢি')।

(২) ঋ র ষ -এর পর ণ ('তৃণ, বর্ণ, উষ্ণ')।

(৩) ঋ র ষ+স্বর ক-বর্গ প-বর্গ য ব হ ং এইসকলের একটি বা একাধিক বর্ণের পর ণ ('স্বক্কণী, দর্পণ, ম্রিয়মাণ, শ্রবণ, বৃংহণ')।

(৪) সমাস হইলে দ্বিতীয় পদের ন অপরিবর্তিত থাকে ('সবনাম, রঘু-নন্দন, বরানুগমন, দুর্নাম, দুর্নিমিত্ত, দুর্নীতি')। কিন্তু প্র পরা পরি নির্ উপসর্গের পর প্রায় ণ হয় ('প্রণত, প্রণয়, প্রণয়ন, প্রণব, প্রণাম, প্রণাশ, প্রণিধান, প্রণিপাত, প্রণীত, প্রণোদিত, প্রবাহিণী, পরায়ণ, পরিণত, পরিণয়, পরিণাম, পরিণীত, নির্ণয়, নির্ণীত')। অথচ—প্রনষ্ট, পরিনির্বাণ, নির্নিমেষ'।

(৫) সমাস সত্ত্বেও কতকগুলি পদের ন ণ হয়, যথা—অগ্রণী, অপরাহ্ণ, অগ্রহায়ণ, উত্তরায়ণ, গ্রামণী, চান্দ্রায়ণ, নারায়ণ, পরাহ্ণ, পূর্বাহ্ণ, রামায়ণ শূর্পণখা।

(৬) ত থ দ ধ -এর পূর্বে ন্ ('বৃন্ত, গ্রন্থ, ক্রন্দন, বন্ধন')।

(৭) পদের অন্তে ণ্ হয় না, কেবল ন্ হয় ('শ্রীমান্, ব্রহ্মন্')।

(৮) কতকগুলি শব্দে স্বভাবতঃ ণ হয়, যথা—'অণু, আপণ, কঙ্কণ, কণা, কণিকা, কল্যাণ, কোণ, গণ, গণ্য, গৌণ, ঘৃণ, চিক্কণ, তূণ, নিপুণ, পণ, পাণি, পুণ্য,

বণিক, বাণ, বাণিজ্য, বাণী, বিপণি, বীণা, বেণী, বেণু, ফণা, ফণী, লবণ, লাবণ্য, শণ, শোণ, শোণিত, স্থাণু'।

## ষত্ববিধি

(১) অ আ -ভিন্ন স্বর, ক, র -এর পর প্রত্যয়ের স ষ হয় ('শ্রীচরণেষু, জিগীষা')। কিন্তু সাৎ প্রত্যয়ে হয় না (ভূমিসাৎ')।

(২) অতি অধি অনু অপি অভি নি পরি প্রতি বি সু উপসর্গের পর কতকগুলি ধাতুর স ষ হয় ( 'অধি-স্থান—অধিষ্ঠান, অনু-সঙ্গ—অনুষঙ্গ, অভি-সেক—অভিষেক, পরি-সদ্, প্রতি-সেধ, বি-সন্ন—বিষণ্ণ, সু-সুপ্ত—সুষুপ্ত' )!

(৩) কতকগুলি শব্দে স্বভাবতঃ ষ হয়। যথা—'অমর্ষ, আষাঢ়, ঈষৎ, ঊষা, ওষধি, ঔষধ, কর্ষণ, কৃষি, কোষ, ঘর্ষণ, তুষার, দূষণ, দোষ, পরুষ, পাষাণ, পুরুষ, পুষ্টি, পুষ্প, পৌষ, প্রদোষ, বর্ষণ, বর্ষা, বিষাণ, বিশেষণ, বিশেষ্য, ভাষা, ভীষ্ম, ভূষা, মহিষ, মূষিক, মেষ, শোষ. শ্লেষ, শ্লেষ্মা, ষট্, ষোড়শ, সর্ষপ, হর্ষ'।

## ঘ। সন্ধি

( কেবল সংস্কৃত শব্দে )

### স্বর+স্বর

(১) অ আ+অ আ=আ ( 'শশ-অঙ্ক—শশাঙ্ক, হিম-আলয়—হিমালয়, মহা-অর্ণব—মহার্ণব, মহা-আশয়—মহাশয়' )।

(২) অ আ+ই ঈ=এ ( 'দেব-ইন্দ্র—দেবেন্দ্র, দেব-ঈশ—দেবেশ, মহা-ইন্দ্র মহেন্দ্র, মহা-ঈশ—মহেশ' )।

(৩) অ আ+উ ঊ=ও ( 'নর-উত্তম—নরোত্তম, চল-ঊর্মি—চলোর্মি, মহা-উত্তম—মহোত্তম, মহা-ঊর্মি—মহোর্মি' )।

(৪) অ আ+ঋ=অর্ ( 'দেব-ঋষি—দেবর্ষি, মহা-ঋষি—মহর্ষি' )।

(৫) অ আ+এ=ঐ ( 'হিত-এষণা—হিতৈষণা, মত-ঐক্য—মতৈক্য, তথা-এব—তথৈব, মহা-ঐশ্বর্য—মহৈশ্বর্য' )।

(৬) অ আ+ও ঔ=ঔ ( 'দিব্য-ওষধি—দিব্যৌষধি, দিব্য-ঔষধ দিব্যৌষধ, মহা-ওষধি—মহৌষধি, মহা-ঔষধ—মহৌষধ' )।

(৭) ই ঈ+অন্য স্বর—ই ঈ স্থানে য্ ('অতি-অল্প—অত্যল্প, অতি-আচার—অত্যাচার, অতি-উক্তি—অত্যুক্তি, প্রতি-এক—প্রত্যেক, নদী-অম্বু—নদ্যম্বু' )।

(৮) ই ঈ+ই ঈ=ঈ ( 'গিরি-ইন্দ্র—গিরীন্দ্র, গিরি-ঈশ—গিরীশ, রজনী-ইন্দ্র—রজনীন্দ্র, পৃথ্বী-ঈশ্বর—পৃথ্বীশ্বর' )।

(৯) উ ঊ+অন্য স্বর—উ ঊ স্থানে অন্তস্থ ব্ ( অনু-অর্থ—অন্বর্থ, সু-আগত—স্বাগত, অনু-এষণ—অন্বেষণ' )।

(১০) উ ঊ+উ ঊ=ঊ ( 'গুরু-উপদেশ—গুরূপদেশ, ভূ-ঊর্ধ্ব—ভূর্ধ্ব' )

(১১) ঋ+অন্য স্বর—ঋ স্থানে র্ ( 'পিতৃ-আলয়—পিত্রালয়' )।

(১২) ঋ+ঋ=ঋৃ ( 'পিতৃ-ঋণ—পিতৃণ' )।

(১৩) এ+স্বর—এ স্থানে অয্ ( 'শে-অন—শয়ন' )।

(১৪) ঐ+স্বর—ঐ স্থানে আয্ ( 'গৈ-অক—গায়ক' )।

(১৫) ও+স্বর—ও স্থানে অব্ ( 'শ্রো-অন—শ্রবণ' )।

(১৬) ঔ+স্বর—ঔ স্থানে আব্ ( 'পৌ-অক—পাবক' )।

ব্যতিক্রম।—(১) কুল-অটা—কুলটা, মার্ত-অণ্ড—মার্তণ্ড, সীম-অন্ত—সীমন্ত। (২) স্ব-ঈর—স্বৈর। (৩) অক্ষ-উহিনী—অক্ষৌহিণী, প্র-ঊঢ়—প্রৌঢ়। (৪) গো-অক্ষ—গবাক্ষ।

**স্বর+ব্যঞ্জন**

**স্বর**+ছ—ছ স্থানে চ্ছ ( 'অঙ্গ-ছেদ—অঙ্গচ্ছেদ, রবি-ছবি—রবিচ্ছবি, তরু-ছায়া—তরুচ্ছায়া' )।

**ব্যঞ্জন+স্বর**

ক্ চ্ ট্ ত্ প্+স্বর—ক্ চ্ ট্ ত্ প্ স্থানে গ্ জ্ ড্ দ্ ব্ ( 'দিক্-অন্ত—দিগন্ত, ষট্-আনন—ষডানন, জগৎ-ইন্দ্র—জগদিন্দ্র, জগৎ-ঈশ—জগদীশ' )।

**ব্যঞ্জন+ব্যঞ্জন**

(১) বর্গের ১ম বর্ণ+বর্গের ৩য় ৪র্থ বর্ণ, য র ল ব হ—বর্গের ১ম বর্ণ স্থানে ৩য় বর্ণ ( 'দিক্-গজ—দিগগজ, জগৎ-বন্ধু—জগদ্‌বন্ধু' )। কিন্তু ত্+জ ঝ ড ঢ ল হ—অন্যপ্রকার ( পরে দেখ )।

(২) বর্গের ১ম বর্ণ+বর্গের ৫ম বর্ণ—বর্গের ১ম বর্ণ স্থানে ৫ম অথবা বিকল্পে ৩য় বর্ণ ( 'দিক্-নাগ—দিঙ্‌নাগ, দিগ্‌নাগ ; জগৎ-নাথ—জগন্নাথ, জগদ্‌নাথ ; প্রাক্-মুখ—প্রাঙ্‌মুখ, প্রাগ্‌মুখ' )। কিন্তু ময় ও মাত্র প্রত্যয় পরে থাকিলে কেবল ৫ম বর্ণ হয় ( 'বাক্-ময়—বাঙ্‌ময়, তৎ-মাত্র—তন্মাত্র' )।

(৩) চ্ জ্+ন=চ্ঞ জ্ঞ ( যাচ্-না—'যাচ্ঞা, রাজ্-নী—রাজ্ঞী' )।

(৪) ত্ দ্+চ ছ জ ঝ=চ্চ চ্ছ জ্জ জ্‌ঝ ( 'সৎ-চরিত্র—সচ্চরিত্র, উৎ-ছেদ—উচ্ছেদ, বিপদ্-জাল—বিপজ্জাল, কুৎ-ঝটিকা—কুজ্‌ঝটিকা' )।

(৫) ত্ দ্+ট ঠ ড ঢ=ট্ট ট্ঠ ড্ড ড্ঢ ( 'উৎ-ডীন—উড্ডীন, বৃহৎ-ঢক্কা—বৃহড্‌ঢক্কা' )।

(৬) ত্ দ্+ল=ল্ল ( 'উৎ-লেখ—উল্লেখ' )।

(৭) ত্ দ্+শ=চ্ছ ( 'উৎ-শৃঙ্খল—উচ্ছৃঙ্খল, উৎ-শ্বাস—উচ্ছ্বাস' )।

(৮) ত্ দ্+হ=দ্ধ ( 'উৎ-হৃত—উদ্ধৃত' )।

(৯) ন্+শ ষ স হ—ন্ স্থানে ং ( 'প্রশন্-সা—প্রশংসা' )।

(১০) ম্+বর্গীয় বর্ণ—ম্ স্থানে ং অথবা বর্গের ৫ম বর্ণ ( 'অহম্-কার—অহংকার, অহঙ্কার ; সম্-খ্যা—সংখ্যা, সঙ্খ্যা ; সম্-জাত—সংজাত ; সঞ্জাত ; সম্-ন্যস্ত—সংন্যস্ত, সন্ন্যস্ত ; সম্-বুদ্ধ—সংবুদ্ধ, সম্বুদ্ধ' )। কিন্তু ম্+ত=কেবল ন্ত ( 'গম্-তব্য—গন্তব্য' )।

(১১) ম্+য র ল ব শ ষ স হ—ম্ স্থানে ং ( 'সম্-যোগ—সংযোগ,

সম্-রক্ষা—সংরক্ষা, সম্-লগ্ন—সংলগ্ন, সম্-বাদ—সংবাদ, সম্-শোধন—সংশোধন, সম্-সার—সংসার, সম্-হার—সংহার' )।

(১২) ষ্+ত থ=ষ্ট ষ্ঠ ( 'হৃষ্-ত—হৃষ্ট, ষষ্-থ—ষষ্ঠ' )।

ব্যতিক্রম।—উৎ-স্থান—উত্থান, উৎ-স্তম্ভন—উত্তম্ভন, সম্-রাজ্—সম্রাজ্।

## বিসর্গসন্ধি

(১) অঃ+অ=ও ( 'ততঃ-অধিক—ততোধিক' )।

(২) অঃ+অ ভিন্ন স্বর— ঃ লোপ ( 'অতঃ-এব—অতএব' )।

(৩) অঃ+বর্গের ৩য় ৪র্থ ৫ম বর্ণ, য র ল ব হ—অঃ স্থানে ও ( 'অধঃ-গতি—অধোগতি, সদ্যঃ-জাত—সদ্যোজাত, পয়ঃ-নিধি—পয়োনিধি, মনঃ-ভাব—মনোভাব, যশঃ-লাভ—যশোলাভ' )। কিন্তু—

(৪) অঃ ( র-জাত বিসর্গ )+স্বরবর্ণ, বর্গের ৩য় চর্থ ৫ম বর্ণ, য ল ব হ—ঃ স্থানে অর্ ( 'পুনঃ-আগত—পুনরাগত, অন্তঃ-গত—অন্তর্গত, অন্তঃ-যামী—অন্তর্যামী' )।

(৫) অঃ আঃ+ক খ প ফ— ঃ স্থানে স্ ( 'পুরঃ-পুরস্কার, ভাঃ-কর—ভাস্কর, বাচঃ-পতি—বাচস্পতি' )। কিন্তু সকল স্থানে হয় না, যথা—'প্রাতঃকাল, অন্তঃকরণ, অতঃপর, ইতঃপূর্বে'।

(৬) ইঃ উঃ+স্বরবর্ণ, বর্গের ৩য় ৪র্থ ৫ম বর্ণ, য ল ব হ— ঃ স্থানে র্ ( 'নিঃ-অবধি—নিরবধি, দুঃ-অবস্থা—দুরবস্থা, নিঃ-গম—নির্গম, দুঃ-বুদ্ধি—দুর্বুদ্ধি, দুঃ-লভ—দুর্লভ' )।

(৭) ইঃ উঃ+ক খ প ফ— ঃ স্থানে ষ ( 'পরিঃ-কার—পরিষ্কার, নিঃ-ফল—নিষ্ফল, চতুঃ-পদ—চতুষ্পদ' )।

(৮) ঃ+চ ছ=শ্চ শ্ছ ( 'নিঃ-চল—নিশ্চল, শিরঃ-ছেদ—শিরশ্ছেদ' )।

(৯) ঃ+ট ঠ=ষ্ট ষ্ঠ ( 'ধনুঃ-টংকার—ধনুষ্টংকার, নিঃ-ঠুর—নিষ্ঠুর' )।

(১০) ঃ+ত থ=স্ত স্থ ( 'ইতঃ-ততঃ—ইতস্ততঃ' )।

(১১) ঃ+র—ঃ লোপ, পূর্বস্বর দীর্ঘ ( 'নিঃ-রস—নীরস, নিঃ-রোগ—নীরোগ, চক্ষুঃ-রোগ—চক্ষুরোগ' )।

(১২) ঃ+স্থ—বিকল্পে ঃ লোপ ( 'দুঃ-স্থ—দুঃস্থ, দুস্থ' )।

## ৬। ক্রিয়ারূপ

### বাংলা ধাতু

বাংলাভাষায় অনেকগুলি ধাতু আছে, ইহারা রূপান্তরিত হইয়া বিবিধ ক্রিয়াপদ উৎপন্ন করে। যথা—√ কর্ হইতে 'করে করিতেছে করছিল করবে'। √খা হইতে 'খায় খাইতেছে খাচ্ছিল খাবে'। ক্রিয়ার বিবিধ রূপের মধ্যে যে অংশ প্রায় অপরিবর্তিত থাকে তাহাই ধাতু। আচার্য যোগেশচন্দ্র ধাতুনির্ণয়ের সরল উপায় দিয়াছেন—উত্তম পুরুষের নিত্যবৃত্ত বর্তমান কালের ধাতুরূপ হইতে শেষের ই বাদ দিলে যাহা থাকে তাহা ধাতু। যথা—'আমি করি ( √ কর্ ), আমি করাই ( √ করা )'।

### তিঙ্ ও কৃৎ

ধাতুর উত্তর যে বিভক্তি যোগ হইলে সমাপিকা ক্রিয়াপদ উৎপন্ন হয় তাহাকে 'তিঙ্' বলে এবং ঐরূপ পদকে 'তিঙন্ত পদ' বলে; যে প্রত্যয় যোগ হইলে অসমাপিকা ক্রিয়াপদ বা বিশেষ্য বিশেষণ উৎপন্ন হয় তাহাকে 'কৃৎ' বলে এবং ঐরূপ পদকে 'কৃদন্ত পদ' বলে। যথা—√ চল্ হইতে তিঙন্ত পদ 'চলে চলেন চল চলিস চলি' ইত্যাদি। কৃদন্ত পদ—( অসমাপিকা ক্রিয়া ) 'চলিতে চলিয়া চলিলে চলতে চ'লে চললে' ইত্যাদি, এবং ( বিশেষ্য বিশেষণ ) 'চলা চলতি চলন্ত' ইত্যাদি।

সংস্কৃত তিঙন্ত পদ ( 'করোতি করোষি করোমি' ) এবং অসমাপিকা ক্রিয়া বাচক সংস্কৃত কৃদন্ত পদ ( কৃত্বা কর্তুম্' ) বাংলায় চলে না। কিন্তু বিশেষ্য বিশেষণ বাচক পদ চলে ( 'কার্য কারণ কৃত করণীয় কর্তব্য' )। এই প্রকরণে

বাংলা ধাতুর তিঙন্ত রূপ এবং অসমাপিকা ক্রিয়া বাচক ও ক্রিয়ার ভাববাচক ( participle and gerund ) কৃদন্ত রূপ নির্দেশ করা হইয়াছে। বিশেষ্য বিশেষণ বাচক অন্যান্য কৃদন্ত পদ ( বাংলা ও সংস্কৃত ) অভিধানের মধ্যেই পাওয়া যাইবে।

## ণিজন্ত ধাতু

প্রেরণার্থে, অর্থাৎ কাহারও দ্বারা করানো হইতেছে ইহা বুঝাইবার জন্য ধাতুর উত্তর 'ণিচ্' প্রত্যয় ( বাংলায় -আ ) হয়। যথা— √ কর্ ণিজন্ত হইলে √ করা। রূপনির্ণয়ের সুবিধার জন্য ণিজন্ত ধাতুকে স্বতন্ত্র ধাতু বলিয়া গণ্য করা হইয়াছে।

## ধাতুর গণ

বাংলা ধাতুর রূপভেদ প্রায়ই ধাতুর বানান অনুসারে নির্ণীত হয়। √ কর্ চল্ বল্ একজাতীয়, √ লিখ্ শিখ্ ঘির্ আর একজাতীয়। যদি ব অক্ষরকে ব্যঞ্জনবর্ণের ( বা স্বতন্ত্র উচ্চারিত স্বরবর্ণের ) চিহ্ন বলিয়া ধরা যায়, তবে সমস্ত ধাতু বানান অনুসারে এইপ্রকারে ভাগ করা যাইতে পারে—

ব বা বি বু বব -বব্ব্-বেব্-বোব্-বৌব্ বহ্ বাব্ বাহ্ বিব্ বুব্-বূব্

ববা-বাবা-বেবা বহা-বাহা বিবা-বীবা বুবা বোবা বৌবা

বব্বা-বাব্বা-বেব্বা বিব্বা বুব্বা বোব্বা।

ইহাদের মধ্যে যেগুলি হাইফেন-যোজিত সেগুলির রূপ একই প্রণালীতে নিষ্পন্ন হয়।

উক্ত বানান অনুসারে সমস্ত ধাতু ২০টি গণে বিভক্ত করা হইয়াছে। সুপরিচিত ধাতুর নামে গণের নাম দেওয়া হইয়াছে।

| (বানান) | (গণ) | (বানান) | (গণ) |
|---|---|---|---|
| ১। ব | হ-আদি | ১১। ববা বাবা বেবা | লাফা-আদি |
| ২। বা | খা-আদি | ১২। বহা বাহা | নাহা-আদি |
| ৩। বি | দি-আদি | ১৩। বিবা বীবা | ফিরা-আদি |
| ৪। বু | শু-আদি | ১৪। বুবা | ঘুরা-আদি |
| ৫। বব্ বব্ব্ বেব্ | | ১৫। বোবা | ধোয়া-আদি |
| বোব্ বৌব্ | কর-আদি | ১৬। বৌবা | দৌড়া-আদি |
| ৬। বহ্ | কহ্-আদি | ১৭। বব্বা বাব্বা | |
| ৭। বাব্ | কাট্-আদি | বেব্বা | চট্কা-আদি |
| ৮। বাহ্ | গাহ্-আদি | ১৮। বিব্বা | বিগড়া-আদি |
| ৯। বিব্ | লিখ-আদি | ১৯। বুব্বা | উল্টা-আদি |
| ১০। বুব্ বূব্ | শুন্-আদি | ২০। বোব্বা | ছোব্লা-আদি |

## সাধু ও চলিত

অধিকাংশ ধাতুর 'সাধু' ও 'চলিত' দুইপ্রকার পৃথক রূপ আছে। কোনও কোনও ধাতুর কেবল সাধু বা কেবল চলিত রূপ হয়। সাধুপ্রয়োগে বিভিন্ন গণের রূপে পার্থক্য বেশী নাই, কিন্তু চলিতপ্রয়োগে পার্থক্য বেশী। কেবল সাধু বা চলিত রূপ থাকিলে গণের সংখ্যা অনেক কম হইত।

চলিতরূপের প্রভাব সাধুরূপে বিস্তৃত হইতেছে। অধিকাংশ লেখক 'লিখা, শুনা' স্থানে 'লেখা, শোনা' লেখেন। 'চিনানো, দুহানো' প্রায় অপ্রচলিত, 'চেনানো, দোহানো' চলিতেছে।

কর্ ধাতুর উত্তর যেসকল তিঙ্-বিভক্তি ও কৃত-প্রত্যয় হয় তাহার একটি তালিকা দেওয়া হইল। এগুলিকে মূল বিভক্তি ও প্রত্যয় বলিয়া গণ্য করা যাইতে পারে, কিন্তু বিভিন্ন গণে কিছু কিছু পরিবর্ত্তন হইয়া থাকে। এক এক গণের ধাতু যে প্রণালীতে রূপান্তরিত হয় তাহা বুঝাইবার জন্য প্রত্যেক গণের কয়েকটি সাধু ও চলিত রূপ দেওয়া হইয়াছে। তাহা হইতে অন্যান্য রূপ অনায়াসে নির্ণয় করিতে পারা যাইবে।

### অসম্পূর্ণ রূপ

কয়েকটি ধাতুর সম্পূর্ণ রূপ প্রচলিত নাই, যথা—বট্, আছ্। যেসকল ধাতু অচেতন বস্তুর ক্রিয়া বাচক, তাহাদেরও সম্পূর্ণ রূপ হইতে পারে না, যথা—টক্, চু ('টকিলেন, চুইলেন' অসম্ভব)। কয়েকটি ধাতু বিভক্তি-বিশেষে একেবারে পরিবর্তিত হয়, যথা—√যা হইতে 'যায় যাইতেছে যাইল (গেল) গিয়াছে যাইতে গিয়াছিল, যাইয়া (গিয়া)'। সংস্কৃত যা ও গম্ ধাতুর মিশ্রণের ফলে এমন হইয়াছে।

### নামধাতু ও পদ্যে প্রযুক্ত ধাতু

অনেক বিশেষ্য বিশেষণ শব্দ ধাতুর রূপ ধারণ করে, যথা—'অর্পণ, চূর্ণ' হইতে 'অর্পিল, চূর্ণিল'। এই শ্রেণীর বহু ধাতু কেবল পদ্যে চলে এবং কর্-ধাতুর তুল্য রূপ পায়। এগুলিকে তালিকাভুক্ত করা হয় নাই, কিন্তু অভিধানে উল্লেখ আছে।

√কিলা জুতা প্রভৃতি সুপ্রচলিত নামধাতু তালিকায় দেওয়া হইয়াছে।

### কাল

বাংলা ক্রিয়ার কালভেদ অনেকটা ইংরেজীর তুল্য। সংস্কৃত ব্যাকরণের অনুকরণে বাংলা ব্যাকরণে কয়েকটি সংজ্ঞা ব্যবহৃত হয়, যথা—নিত্যপ্রবৃত্ত, বিশুদ্ধ, অদ্যতন, অনদ্যতন, পরোক্ষ, ভূতসামীপ্য, বর্তমানসামীপ্য। এইসকল সংজ্ঞার দ্বারা বাংলা ক্রিয়ার কালভেদ ঠিক নির্দেশ করা যায় না, এজন্য নূতন সংজ্ঞা করা হইল।

| | | | |
|---|---|---|---|
| ১। নিত্যবৃত্ত বর্তমান, | present habitual. | করে, | does |
| ২। ঘটমান বর্তমান, | present progressive. | করিতেছে, | is doing |
| ৩। পুরাঘটিত বর্তমান, | present perfect. | করিয়াছে, | has done |
| ৪। বর্তমান অনুজ্ঞা, | present imperative. | কর, | do |
| ৫। সাধারণ অতীত, | past indefinite. | করিল, | did |
| ৬। নিত্যবৃত্ত অতীত, | past habitual. | করিত, | used to do |

৭। ঘটনা অতীত, past progressive. করিতেছিল, was doing
৮। পুরাঘটিত অতীত, past perfect. করিয়াছিল, has done
৯। সাধারণ ভবিষ্যৎ, future simple. করিবে, will do
১০। ভবিষ্যৎ অনুজ্ঞা, future imperative. করিও, shall do

ইংরেজী progressive ও perfect future বাংলায় অন্য ক্রিয়ার যোগে নিষ্পন্ন হয়, যথা—will be doing, করিতে থাকিবে ; will have done, করিয়া ফেলিবে।

উপরে কালভেদ দেওয়া হইল, প্রয়োগে অনেক ক্ষেত্রে তাহার ব্যতিক্রম হয়। যথা—'রাম সত্যপালনের জন্য বনে যান'—এখানে 'যান'='গিয়াছিলেন'। 'তিনি আসেন তো ভাল হয়'—এখানে 'আসেন' সংশয়ে ভবিষ্যৎ সূচনা করিতেছে (তুঃ if he comes)। 'যখন রাম বনে যান'—'যান'= গিয়াছিলেন। 'দাঁড়াও, যাচ্ছি'—'যাচ্ছি'='এখনই যাইব' (তুঃ I am coming)। 'তিনি এলে বেশ হ'ত'—'হ'ত' সম্ভাবনায় অতীত (তুঃ would have been).

## কর্-ধাতুর বিভক্তি ও প্রত্যয়

সাধু

| তিঙ্ | | ক<br>প্রথম<br>সামান্য | খ<br>১ম ও মধ্যম<br>গুরু | গ<br>মধ্যম<br>সামান্য | ঘ<br>মধ্যম<br>তুচ্ছ | ঙ<br>উত্তম |
|---|---|---|---|---|---|---|
| বর্তমান। নিত্যবৃত্ত | ১ | এ | এন | অ | ইস | ই |
| ঘটমান | ২ | ইতেছে | ইতেছেন | ইতেছ | ইতেছিস | ইতেছি |
| পুরাঘটিত | ৩ | ইয়াছে | ইয়াছেন | ইয়াছ | ইয়াছিস | ইয়াছি |
| অনুজ্ঞা | ৪ | উক | উন | অ | × | o |
| অতীত। সাধারণ | ৫ | ইল | ইলেন | ইলে | ইলি | ইলাম |
| নিত্যবৃত্ত | ৬ | ইত | ইতেন | ইতে | ইতিস | ইতাম |
| ঘটমান | ৭ | ইতেছিল | ইতেছিলেন | ইতেছিলে | ইতেছিলি | ইতেছিলাম |
| পুরাঘটিত | ৮ | ইয়াছিল | ইয়াছিলেন | ইয়াছিলে | ইয়াছিলি | ইয়াছিলাম |
| ভবিষ্যৎ। সাধারণ | ৯ | ইবে | ইবেন | ইবে | ইবি | ইব |
| অনুজ্ঞা | ১০ | ইবেন | ইবেন | ইও (ইয়ো) | ইস | o |
| কৃৎ | ১১ | ইতে, ইয়া, ইলে, ইবার, আ | | | | |

চলিত

| তিঙ্ | | ক<br>প্রথম<br>সামান্য | খ<br>১ম ও মধ্যম<br>গুরু | গ<br>মধ্যম<br>সামান্য | ঘ<br>মধ্যম<br>তুচ্ছ | ঙ<br>উত্তম |
|---|---|---|---|---|---|---|
| বর্তমান। নিত্যবৃত্ত | ১ | এ | এন | অ | ইস | ই |
| ঘটমান | ২ | ছে | ছেন | ছ | ছিস | ছি |
| পুরাঘটিত | ৩ | এছে | এছেন | এছ | এছিস | এছি |
| অনুজ্ঞা | ৪ | উক | উন | অ | × | ০ |
| অতীত। সাধারণ | ৫ | লে | লেন | লে | লি | লাম |
| নিত্যবৃত্ত | ৬ | ত | তেন | তে | তিস | তাম |
| ঘটমান | ৭ | ছিল | ছিলেন | ছিলে | ছিলি | ছিলাম |
| পুরাঘটিত | ৮ | এছিল | এছিলেন | এছিলে | এছেলি | এছিলাম |
| ভবিষ্যৎ। সাধারণ | ৯ | বে | বেন | বে | বি | ব ( বো ) |
| অনুজ্ঞা | ১০ | বে | বেন | ও | ইস | ০ |
| কৃৎ | ১১ তে, এ, লে, বার ,আ | | | | | |

× বিভক্তি যোগ হয় না। ০ রূপ নাই।

## বচন ও পুরুষ

বাংলা ক্রিয়াপদের বচন-ভেদ নাই। পুরুষ তিনপ্রকার—প্রথম, মধ্যম, উত্তম। প্রথম-পুরুষের গুরু ও সামান্য দুই রূপ ( 'তিনি করেন, সে করে' )। মধ্যমপুরুষের গুরু, সামান্য, তুচ্ছ এই তিন রূপ ( 'আপনি করেন, তুমি কর, তুই করিস্' )। উত্তমপুরুষের এক রূপ ( 'আমি করি' )। প্রথম ও মধ্যম পুরুষের গুরু রূপ তুল্যপ্রকার ( 'তিনি করেন, আপনি করেন' )।

## সাধারণ বিধি

রূপনির্দেশের সুবিধার জন্য বিভক্তি-প্রত্যয়ের তালিকায় কালবাচক ১ ২ প্রভৃতি অঙ্ক এবং পুরুষবাচক ক খ প্রভৃতি বর্ণ দেওয়া হইল। ১ চিহ্ন দ্বারা নিত্যবৃত্ত-বর্তমানের সমস্ত পুরুষের রূপ বুঝাইবে। ১০ গঘ চিহ্ন দ্বারা ভবিষ্যৎ-

অনুজ্ঞার মধ্যমপুরুষের সামান্য ও তুচ্ছ রূপ বুঝাইবে। ১১ চিহ্ন দ্বারা কৃদন্ত পদ সকল বুঝাইবে।

পদ্যে সাধুপ্রয়োগে কয়েকটি সংক্ষিপ্ত রূপ চলে। যথা—'করিতেছে করিতেছেন করিতেছ করিলেন করিলাম করিয়া' স্থানে—'করিছে করিছেন করিছ করিলা করিনু করি'। 'করাইয়া, ফিরাইয়া, ঘুরাইয়া' স্থানে 'করায়ে, ফিরায়ে, ঘুরায়ে'।

৪ ঘ।—এই রূপে কোনও বিভক্তি যোগ হয় না ( √ কর্—'তুই কর্' ), কিন্তু কয়েকটি ধাতুর বানান বদলায় ( √ দি—'তুই দে' )

৪ ঙ, ১০ঙ।—উত্তমপুরুষের অনুজ্ঞা নাই।

৩, ৮।—নিষেধার্থক 'না' যোগ হইলে ১ সংখ্যক রূপ হয়, এবং 'না' স্থানে 'নাই' ( চলিত প্রয়োগে 'নাই' বা 'নি' ) হয়। যথা—

অশুদ্ধ—'করিয়াছে না, করিয়াছিল না'। শুদ্ধ—'করে নাই'।

অশুদ্ধ—'করেছে না, করেছিল না'। শুদ্ধ—'করে নি'।

চলিত ৫ ক।—সকর্মক ক্রিয়ায় 'লে' এবং অকর্মক ক্রিয়ায় 'ল' হয় ( 'করলে, খেলে, দিলে, মারলে, কাঠ কাটলে। শুল, ঘুম'ল, মরল, গেল, দৌড়ল, দিন কাটল' )। কিন্তু অনেকে এই নিয়ম মানেন না, 'করল, বলল, লেখেন'।

চলিত ৫ঙ, ৬ঙ, ৭ঙ, ৮ঙ।—অনেকে 'লাম' স্থানে 'লুম' বা 'লেম' এবং 'তাম' স্থানে 'তুম' বা 'তেম' লেখেন ( 'করলাম, করলুম, করলেম ; করতাম, করতুম, করতেম' )। কলিকাতার মৌখিকভাষায় 'লুম, তুম' বহুপ্রচলিত। 'লেম, তেম' ক্রমে অপ্রচলিত হইতেছে।

'করিবা, খাইবা' ইত্যাদি শব্দের কেবল দুই স্থলে প্রয়োগ আছে—'করিবার' ও 'করিবামাত্র'।

ঊর্ধ্ব কমা চিহ্ন বিকল্পে বর্জন করা যাইতে পারে ( 'হ'লে, হলে' )।

# ধাতু-তালিকা ও বিভিন্ন গণের রূপ

যেসকল ধাতু গণের সাধারণ নিয়ম লঙ্ঘন করে তাহাদের পর (১) (২) ইত্যাদি চিহ্ন দিয়া নীচে মন্তব্য দেওয়া আছে। * চিহ্নিত ধাতুর কেবল সাধু-প্রয়োগ এবং § চিহ্নিত ধাতুর কেবল চলিতপ্রয়োগ হয়। ণিজন্ত ধাতুর পর ণ চিহ্ন আছে।

## ১। হ-আদি গণ। ( বানান—ব )

ক্ষ (১) খ (১) ম ল* হ

মন্তব্য।— (১) চলিতরূপ কহ্-ধাতুর তুল্য।

* কেবল সাধুরূপ।

| | ( সাধু ) | ( চলিত ) |
|---|---|---|
| ১ | হয় হন ( হয়েন ) হও হইস হই | হয় হন হও হ'স হই |
| ২ ক | হইতেছে | হচ্ছে |
| ৩ ক | হইয়াছে | হয়েছে |
| ৪ | হউক হউন হও হ | হ'ক হ'ন হও হ |
| ৫ ক | হইল | হ'ল |
| ৬ ক | হইত | হ'ত |
| ৭ ক | হইতেছিল | হচ্ছিল |
| ৮ ক | হইয়াছিল | হয়েছিল |
| ৯ ক | হইবে | হবে |
| ১০ গঘ | হইও ( হইয়ো ) হইস | হ'য়ো হ'স |
| ১১ | হইতে হইয়া হইলে | হ'তে হ'য়ে হ'লে |
| | হইবার হওয়া | হবার হওয়া |

## ২। খা-আদি গণ। ( বানান—বা )

খা ধা (১) পা যা (২)

**মন্তব্য**।—(১) ধা-ধাতুর চলিত ৫, ৬, ৯—সাধুর সমান।
(২) যা-ধাতুর বিশেষ রূপ।

| | ( সাধু ) | ( চলিত ) |
|---|---|---|
| ১ | খায় খান খাও খাস খাই | সাধুর সমান |
| ২ ক | খাইতেছে | খাচ্ছে |
| ৩ ক | খাইয়াছে | খেয়েছে |
| ৪ | খাক খান খাও খা | সাধুর সমান |
| ৫ ক | খাইল | খেলে |
| ৬ ক | খাইত | খেত |
| ৭ ক | খাইতেছিল | খাচ্ছিল |
| ৮ ক | খাইয়াছিল | খেয়েছিল |
| ৯ ক | খাইবে | খাবে |
| ১০ গঘ | খাইও ( খাইয়ো ) খাস | খেয়ো খাস |
| ১১ | খাইতে খাইয়া খাইলে খাইবার খাওয়া | খেতে খেয়ে খেলে খাবার খাওয়া |

**যা-ধাতুর বিশেষ রূপ।—**

| | ( সাধু ) | ( চলিত ) |
|---|---|---|
| ১ | যায় যান যাও যাস যাই | সাধুর সমান |
| ২ ক | যাইতেছে | যাচ্ছে |
| ৩ ক | গিয়াছে | গেছে ( গিয়েছে ) |
| ৪ | যাক যান যাও যা | সাধুর সমান |
| ৫ ক | যাইল ( গেল ) | গেল |

| | | (সাধু) | (চলিত) |
|---|---|---|---|
| ৬ | ক | যাইত | যেত |
| ৭ | ক | যাইতেছিল | যাচ্ছিল |
| ৮ | ক | গিয়াছিল | গিয়েছিল |
| ৯ | ক | যাইবে | যাবে |
| ১০ | গঘ | যাইও ( যাইয়ো ) যাস | যেয়ো যাস |
| ১১ | | যাইতে যাইয়া ( গিয়া ) যাইলে যাইবার যাওয়া | যেতে গিয়ে গেলে যাবার যাওয়া |

## ৩। দি-আদি গণ। ( বানান—বি )

দি নি *

মন্তব্য।—* নি-ধাতুর কেবল চলিতরূপ। কিন্তু কেহ কেহ ( বিশেষতঃ পূর্ববঙ্গে ) প্রয়োগ করেন ( 'নিয়াছিল' )

| | | (সাধু) | (চলিত) |
|---|---|---|---|
| ১ | | দেয় দেন দাও দিস দিই | সাধুর সমান |
| ২ | ক | দিতেছে | দিচ্ছে |
| ৩ | ক | দিয়াছে | দিয়েছে |
| ৪ | | দিক দিন দাও দে | সাধুর সমান |
| ৫ | ক | দিল | দিলে |
| ৬ | ক | দিত | দিত |
| ৭ | ক | দিতেছিল | দিচ্ছিল |
| ৮ | ক | দিয়াছিল | দিয়েছিল |
| ৯ | | দিবে দিবেন দিবে দিবি দিব | দেব দেবেন দেবে দিবি দেব ( দেবো ) |
| ১০ | গঘ | দিও ( দিয়ো ) দিস | সাধুর সমান |
| ১১ | | দিতে দিয়া দিলে দিবার দেওয়া | দিতে দিয়ে দিলে দেবার দেওয়া |

## ৪। শু-আদি গণ। ( বানান—বু )

চু (১) টু (১) দু (১) নু (১) শু
ছুঁ থু্ ধু্ রু

মন্তব্য।—(১) চলিত ৫, ৬, ৯, ১০—সাধুর সমান। চলিত ১১—চুইতে চুয়ে চুইলে চুইবার চোয়া।

| | ( সাধু ) | ( চলিত ) |
|---|---|---|
| ১ | শোয় শোন শোও শুস শুই | সাধুর সমান |
| ২ ক | শুইতেছে | শুচ্ছে |
| ৩ ক | শুইয়াছে | শুয়েছে |
| ৪ | শুক শুন শোও শো | সাধুর সমান |
| ৫ ক | শুইল | শুল |
| ৬ ক | শুইত | শুত |
| ৭ ক | শুইতেছিল | শুচ্ছিল |
| ৮ ক | শুইয়াছিল | শুয়েছিল |
| ৯ | শুইবে শুইবেন শুইবে শুইবি শুইব | শোবে শোবেন শোবে শুবি শোব ( শোবো ) |
| ১০ গঘ | শুইও ( শুইয়ো ) শুস | শুয়ো শুস |
| ১১ | শুইতে শুইয়া শুইলে শুইবার শোয়া | শুতে শুয়ে শুলে শোবার শোয়া |

## ৫। কর্-আদি গণ। ( বানান—বব্, বব্ব্, বেব্, বোব্, বৌব্ )

| | | | | |
|---|---|---|---|---|
| অর্স্ (৩) | চর্ | ডর্ (২) | পড়্ | মজ্ |
| কম্ | চল্ | ডল্ | পর্ | মর্ (৭) |
| কর্ | চষ্ | ঢল্ | পশ্* (২) | মল্ |
| কশ্ | চেত্ | তর্ | পাসর্* (১) | মেল্ |

| | | | | |
|---|---|---|---|---|
| কষ্ | ছড়্ | তেজ্* (১) | পৌঁছ্* (৫) | রট্ |
| খণ্ড্ (৩) | ছল্ | তোল্* (৫) | | রস্ |
| খস্ | ছেঁক্ | থক্ | ফেল | রোধ্* |
| খেপ্ | ছেঁচ্ | দগ্ধ্ (২) | বক্ | রোপ্ |
| খেল্ | জন্ম্ (৩) | দম্ | বখ্ | রোস্ (৮) |
| গড়্ | জপ্ | দর্শ্* | বট্ (৬) | লড়্ |
| গন্ (৪) | জম্ | দল্ | বন্ | লেপ |
| গরজ্, গর্জ্ (৩) | জর্ | দেখ্ | বর্ত্* | শিহর্* |
| গল্ | জ্বল্ | দৌড়্* (৫) | বল্ | সঁপ্ |
| গুঞ্জর্* | ঝর্ | ধর্ | বস্ | সর্ |
| ঘট্ | টক্ | ধস্ | বেচ্ | সেক্, সেঁক্ |
| ঘষ্ | টল্ | নড়্ | বেড়্ | সেচ্ |
| ঘেঁষ্ | ঠক্ | নিরখ্* (১) | বেল্ | হট্ |
| ঘোষ্ | ঠেক্ | নেপ্ § | ভজ্ | হর্ |
| চট্ | ঠেল্ | পচ্ | ভন্ (২) | হের্* (১) |
| চড়্ | ঠেস্ | পট্ | ভর্ | হেল্ |

মন্তব্য—* কেবল সাধু। § কেবল চলিত।

(১) পদ্যে।

(২) প্রায় পদ্যে।

(৩) সাধু ১১ অর্সা গর্জা ইঃ চলে না। চলিত কেবল ১, ৩, ৪, ৮।

(৪) সাধু ও চলিত।—৪ গঘ—'গোন, গোন্'।

(৫) দৌড়া-আদি গণ দেখ।

(৬) সাধু ও চলিত।—কেবল ১ ক খ গ ঘ ঙ প্রচলিত।

(৭) চলিত ৫ ও ১১ গ—বিকল্পে র লোপ হয় ('ম'ল ম'লেন ম'লে ম'লি ম'লাম ; ম'লে')

(৮) কেবল ৪ খ গ ঘ প্রচলিত।

| | (সাধু) | (চলিত) |
|---|---|---|
| ১ | করে করেন কর করিস করি | সাধুর সমান |
| ২ ক | করিতেছে | করছে |
| ৩ ক | করিয়াছে | করেছে |
| ৪ | করুক করুন কর কর্ | সাধুর সমান |
| ৫ ক | করিল | করলে (অকর্মক—ঘ'টল) |
| ৬ ক | করিত | ক'রত |
| ৭ ক | করিতেছিল | করছিল |
| ৮ ক | করিয়াছিল | করেছিল |
| ৯ ক | করিবে | করবে |
| ১০ গঘ | করিও (করিয়া) করিস | ক'রো করিস |
| ১১ | করিতে করিয়া করিলে করিবার করা | করতে ক'রে করলে করবার করা |

## ৬। কহ্‌-আদি গণ। বানান—বহ্‌)

কহ্‌ দহ্‌ (১) নহ্‌ (২) বহ্‌ রহ্‌ (৩) সহ্‌

**মন্তব্য।**—(১) প্রায় সাধু।

(২) সাধু ও চলিত—কেবল ১ ও ১১-ত্তয় রূপ প্রচলিত (নহে নহেন নহ নহিস নহি; নহিলে। নয় নন নও ন'স নই; নইলে)

(৩) সাধু ও চলিত—৭, ৮ অপ্রচলিত।

| | (সাধু) | (চলিত) |
|---|---|---|
| ১ | কহে কহেন কহ কহিস কহি | কয় কন কও ক'স কই |
| ২ ক | কহিতেছে | কইছে |
| ৩ ক | কহিয়াছে | কয়েছে |
| ৪ | কহুক কহুন কহ ক | ক'ক ক'ন কও ক |

| | (সাধু) | (চলিত) |
|---|---|---|
| ৫ ক | কহিল | কইল |
| ৬ ক | কহিত | কইত |
| ৭ ক | কহিতেছিল | কইতেছিল ( কচ্ছিল ) |
| ৮ ক | কহিয়াছিল | কহেছিল |
| ৯ ক | কহিবে | কইবে ( কবে ) |
| ১০ গঘ | কহিও ( কহিয়ো ) কহিস | ক'য়ো ক'স |
| ১১ | কহিতে কহিয়া কহিলে | কইতে ক'য়ে কইলে |
| | কহিবার কহা | কইবার ( কবার ) কওয়া |

## ৭। **কাট্-আদি গণ। ( বানান—বাব্ )**

| | | | | |
|---|---|---|---|---|
| আঁক্ | চাপ্ | তাত্ | ফাঁপ্ | মান্ |
| আঁচ্ | চাল্ | তাপ্ | ফাঁস্ | মাপ্ |
| আছ্ (১) | ছাঁক্ | থাক্ | বাঁক্ | মার্ |
| আঁট্ | ছাঁট্ | থাম্ | বাখান্* (৪) | যাচ্ |
| আন্ | ছাড়্ | থাস্ | বাঁচ্ | রাখ্ |
| আস্ (২) | ছাঁদ্ | দাগ্ | বাছ্ | রাগ্ |
| কাচ্ | ছান্ | দাব্ | বাজ্ | রাঁধ্ |
| কাট্ | ছাপ্ | ধাঁধ্ | বাট্, বাঁট্ | রান্ধ্* |
| কাড়্ | জাঁক্ | ধার্ | বাড়্ | লাগ্ |
| কাঁড়্ | জাগ্ | নাচ | বাধ্ | লাদ্ |
| কাঁদ্ | জ্ঞান্ | নাড়্ | বাঁধ্ | শান্ |
| কাঁপ্ | জার্ | নাব্ § | বাস্ | শাস্ |
| কাশ্ | জাল্, জাল্ | নাম্ | ব্যাপ্ § | সাজ্ |
| খাট্ | ঝাঁক্ | নার্ (৬) | ভাগ্ | সাঁট্ |
| খাপ্ | ঝাড়্ | নাশ্ (৫) | ভাঙ্গ্, ভাঙ্ | সাধ্ |

গাঁজ্
গাড়্
গাঁথ্
গাদ্
গাব্
গাল্
ঘাঁট্
ঘাম্
চাখ্
চাঁচ্
চাট্

ঝাঁপ্
ঝাল্
টাঁক্
টান্
ঠার্
ঠাস্
ডাক্
ঢাক্
ঢাল্
তাক্
তাড়্ (৩)

নিঙাড়্ * (৪)
নিহার্,নে-* (৫)
পাক্
পাখাল্* (৪)
পাড়্
পাত্
পার্
পাল্ (৫)
ফাট্
ফাড়্
ফাঁদ্

ভাজ্
ভাঁজ্
ভান্
ভাব্
ভালবাস্
ভাস্
মাথ্
মাগ্, মাঙ্গ্
মাজ্
মাড়্
মাত্

সান্
সার্
হাঁক্
হাঁচ্
হাজ্
হাঁট্
হান্
হার্
হাস্

মন্তব্য।— * কেবল সাধু।

§ কেবল চলিত।

(১) কেবল ১, ৫ প্রচলিত। ১—আছে আছেন আছ আছিস আছি। ৫—ছিল ( পদ্যে আছিল ) ছিলেন ছিলে ছিলি ছিলাম। সাধু ও চলিত সমান।

(২) সাধু ১গ, ৪গ—আইস। ৪ঘ—আয়। চলিত ১গ—আস বা এস। ৪ গঘ—এস আয়। ৫—এল এলেন এলে এলি এলাম, অথবা আসল আসলেন আসলে আসলি আসলাম। পদ্যে ৫ঙ—এনু।

(৩) ১১ খ তাড়িয়া / তেড়ে ভিন্ন অন্য রূপ অপ্রচলিত।

(৪) পদ্যে।

(৫) প্রায় পদ্যে।

(৬) প্রায় পদ্যে। কেবল ১, ৫, ৬, ৯, ১১ প্রচলিত।

| | ( সাধু ) | ( চলিত ) |
|---|---|---|
| ১ | কাটে কাটেন কাট কাটিস কাটি | সাধুর সমান |
| ২ ক | কাটিতেছে | কাটছে |

| | (সাধু) | (চলিত) |
|---|---|---|
| ৩ ক | কাটিয়াছে | কেটেছে |
| ৪ | কাটুক কাটুন কাট কাট্ | সাধুর সমান |
| ৫ ক | কাটিল | কাটলে ( অকর্মক—কাটল ) |
| ৬ ক | কাটিত | কাটত |
| ৭ ক | কাটিতেছিল | কাটছিল |
| ৮ ক | কাটিয়াছিল | কেটেছিল |
| ৯ ক | কাটিবে | কাটবে |
| ১০ গঘ | কাটিও ( কাটিয়ো ) কাটিস | কেটো কাটিস |
| ১১ | কাটিতে কাটিয়া কাটিলে | কাটতে কেটে কাটলে |
| | কাটিবার কাটা | কাটবার কাটা |

## ৮। গাহ্-আদি গণ। (বানান—বাহ্)

গাহ্ চাহ্ ছাহ্ নাহ্ বাহ্

| | (সাধু) | (চলিত) |
|---|---|---|
| ১ | গাহে গাহেন গাহ গাহিস গাহি | গায় গান গাও গাস গাই |
| ২ ক | গাহিতেছে | গাইছে |
| ৩ ক | গাহিয়াছে | গেয়েছে |
| ৪ | গাহুক গাহুন গাহ গা | গাক গান গাও গা |
| ৫ ক | গাহিল | গাইল |
| ৬ ক | গাহিত | গাইত |
| ৭ ক | গাহিতেছিল | গাচ্ছিল ( গাইতেছিল ) |
| ৮ ক | গাহিয়াছিল | গেয়েছিল |
| ৯ ক | গাহিবে | গাইবে ( গাবে ) |
| ১০ গঘ | গাহিও ( গাহিয়ো ) গাহিস | গেয়ো গাস |
| ১১ | গাহিতে গাহিয়া গাহিলে | গাইতে গেয়ে গাইলে |
| | গাহিবার গাওয়া | গাইবার গাওয়া |

## ৯। লিখ্ আদি গণ। ( বানান—বিব্ )

| | | | | |
|---|---|---|---|---|
| কিন্ | ছিঁড়্ | নিব্ | বাহির্* (১) | মিশ্ |
| খিঁচ্ | জিত্ | পিঁজ্ | বিঁধ্ | লিখ্ |
| গিল্ | জিন্ | পিট্ | ভিজ্ | শিখ্ |
| ঘির্ | টিক্ | পিয়্* (১) | ভিড়্ | সিঝ্, সিজ্ |
| চিন্ | টিপ্ | পিষ্ | মিট্ | |
| চির্ | তিত্* (১) | ফির্ | মিল্ | |

মন্তব্য  * (১) কেবল সাধু, পদ্যে।

সাধু ১, ৪।—সাধুপ্রয়োগেও চলিতরূপ বেশী প্রচলিত। সাধু ১১।—'লিখা কিনা' ইঃর পরিবর্তে 'লেখা কেনা' ইঃ বেশী প্রচলিত।

| | ( সাধু ) | ( চলিত ) |
|---|---|---|
| ১ | লিখে লিখেন লিখ লিখিস লিখি | লেখ লেখেন লেখ লিখিস লিখি |
| ২ ক | লিখিতেছে | লিখছে |
| ৩ ক | লিখিয়াছে | লিখেছে |
| ৪ | লিখুক লিখুন লিখ লেখ্ | লিখুক লিখুন লেখ্ |
| ৫ ক | লিখিল | লিখলে ( অকর্মক—মিটল ) |
| ৬ ক | লিখিত | লিখত |
| ৭ ক | লিখিতেছিল | লিখছিল |
| ৮ ক | লিখিয়াছিল | লিখেছিল |
| ৯ ক | লিখিবে | লিখবে |
| ১০ গঘ | লিখিও ( লিখিয়ো ) লিখিস | লিখো লিখিস |
| ১১ | লিখিতে লিখিয়া লিখিলে লিখিবার লেখা ( লিখা ) | লিখতে লিখে লিখলে লেখবার লেখা |

## ১০। উঠ্-আদি গণ। (বানান—বুব্, বূব্)

| | | | | |
|---|---|---|---|---|
| উঠ্ | খুঁড়্ | ঘুর্ | জুট্ | ঠুক্ |
| উড়্ | খুদ্ | চুক্ | জুড়্ | ঠুস্ |
| উব্ | খুল্ | চুন্ | জুত্ | ডুব্ |
| কুঁদ্, কুদ্ | গুঁজ্ | চুষ্ | ঝুঁক্ | ঢুক্ |
| কুট্ | গুন্ | ছুট্ | ঝুড়্ | ঢুঁড়্ |
| কুর্ | গুল্ | ছুড়্, ছুঁড়্ | ঝুল্ | ঢুল্ |
| খুঁজ্ | ঘুচ্ | ছুল্ | টুক্ | তুড়্ (১) |
| খুঁট্ | ঘুঁট্ | জুখ্ (১) | টুট্ | তুল্ |
| তুষ্ (২) | পুঁছ্ | ফুঁড়্ | ভুল্ | রুধ্ |
| থুড়্ | পুড়্ | ফুল্ | মুছ্ | লুট্ |
| দুল্ | পুঁত্ | ফুঁস্ | মুড়্ | লুফ্ |
| দুষ্ | পুর্ | বুজ্, বুঁজ্ | মুত্ | শুঁখ্, শুঁক্ |
| দুহ্* | পুষ্ | বুঝ্ | মুদ্ | শুধ্ |
| ধুঁক্ | পুজ্ (৩) | বুন্ | যুঝ্ | শুন্ |
| ধুন্ | ফুঁক্ | বুল্ | রুখ্ | শুষ্ |
| পুছ্ | ফুট্ | ভুগ্ | রুচ্ | সুধ্ (২) |

মন্তব্য।— * কেবল সাধু।

(১) ১১ খণ্ড জুখিয়া / জুখে, জোখা এবং ১১ খ তুড়িয়া / তুড়ে ভিন্ন অন্য রূপ অপ্রচলিত।

(২) পদ্যে। (৩) প্রায় পদ্যে।

সাধু ১, ৪।—সাধুপ্রয়োগেও চলিতরূপ বেশী প্রচলিত। সাধু ১১।— 'উঠা, খুঁজা' ইঃর পরিবর্তে 'ওঠা খোঁজা' ইঃ বেশী প্রচলিত।

| | (সাধু) | (চলিত) |
|---|---|---|
| ১ | উঠে উঠেন উঠ উঠিস উঠি | ওঠে ওঠেন ওঠ উঠিস উঠি |
| ২ ক | উঠিতেছে | উঠছে |
| ৩ ক | উঠিয়াছে | উঠেছে |
| ৪ | উঠুক উঠুন উঠ ওঠ্ | উঠুক উঠুন ওঠ ওঠ্ |
| ৫ ক | উঠিল | উঠল |
| ৬ ক | উঠিত | উঠত |
| ৭ ক | উঠিতেছিল | উঠছিল |
| ৮ ক | উঠিয়াছিল | উঠেছিল |
| ৯ ক | উঠিবে | উঠবে |
| ১০ গঘ | উঠিও ( উঠিয়ো ) উঠিস | উঠো উঠিস |
| ১১ | উঠিতে উঠিয়া উঠিলে | উঠতে উঠে উঠলে |
| | উঠিবার ওঠা ( উঠা ) | ওঠবার ওঠা |

## ১১। লাফ-আদি গণ। ( বানান—ববা, বাবা, বেবা )

কর্-আদি ও কাট্-আদি গণের বহু ধাতু ণিজন্ত হইয়া লাফা-আদি-গণীয় হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| আঁকা † | এড়া (১) | করকরা | কাঁচা † | কাঁদা † |
| আগা | এলা | করা † | কাছা | কাঁপা † |
| আঁচা | ককা | কলকলা | কাটা † | কামা |
| আনা † | কনকনা | কশা | কাড়া † | খরা |
| এগা § (১) | কমা † | কাচা † | কাঁড়া † | খরা |
| খসা † | জড়া | তাতা † | ফাঁপা † | মানা |
| খাটা † | জপা † | তাপা † | ফাঁসা † | যাচা † |
| খাপা † | জমা † | তাসা | ফেটা | রঙ্গা, রঙা |
| খেঁকা | জরা † | থামা | ফেনা | রটা † |

| | | | | |
|---|---|---|---|---|
| খেদা | ঝাঁকা † | দমা † | বকা † | রসা † |
| খেপা † | জাগা † | দলা † | বখা † | রাগা † |
| খেলা † | জানা † | দাঁড়া | বনা † | রাঙ্গা, রাঙা † |
| গছা | জারা † | দাপা | বলা † | লড়া † |
| গজা | জালা † | দাবা † | বসা † | লতা |
| গড়া১ †, গড়া২ | জ্বলা, জ্বালা † | দেখা † | বাঁকা † | লাগা† |
| গতা | ঝরা † | ধরা † | বাগা | লাফা |
| গনা † | ঝাঁকা | ধেড়া | বাঁচা † | লেপা † |
| গলা † | ঝাঁটা | নড়া † | বাজা † | লেলা |
| গাঁজা † | ঝাড়া † | নাচা † | বাড়া † | শানা |
| গাহা ণ * | ঝাঁপা | নাড়া † | বাধা † | শাসা |
| গেঙা | ঝালা † | নাবা † § | বাঁধা † | শিহরা * |
| ঘটা † | টলা † | নামা † | বানা | সরা † |
| ঘনা | টহলা | নেপা † § | বেড়া | সাজা † |
| ঘাঁটা † | টাঙ্গা, টাঙা | পচা † | বেরা § (১) | সারা † |
| ঘামা † | টাটা | পটা † | ভজা † | সেঁতা |
| চটা † | ঠকা † | পড়া † | ভরা † | হটা † |
| চড়া † | ঠাহরা * | পরা † | ভাগা § | হাঁকা † |
| চরা † | ঠেকা † | পলা * | ভাঙ্গা, ভাঙা † | হাঁপা |
| চলা † | ঠেঙ্গা, ঠেঙা | পাকা১, পাকা২ | ভাঁড়া | হাতা |
| চাপা † | ঠেসা † | পাঠা | ভাবা † | হারা † |
| চারা | ডরা | পড়া † | ভাসা † | হাসা † |
| চালা † | ডলা † | পাতা † | ভেঙ্গা, ভেঙা | হাঁসা |
| চেঁচা | ডাকা † | পারা | ভেজা | দেহা |
| চেতা | ঢলা † | পালা | মজা † | হেলা |
| *চেলা* | তরা † | *পেঁচা* | মাখা † | |

| | | | |
|---|---|---|---|
| ছড়া | তলা | পেরা § (১) | মাগা, মাঙ্গা † |
| ছাড়া | তাকা | ফলা † | মাড়া † |
| ছাপা † | তাড়া | ফাটা † | মাতা † |

মন্তব্য।— * কেবল সাধু। § কেবল চলিত। † ণিজন্ত।

(১) চলিতরূপ—ফিরা-ধাতুর প্রথম চলিতরূপের সমান ( 'এগয়:এড়য় পেরয়' ইঃ )।

| | ( সাধু ) | ( চলিত ) |
|---|---|---|
| ১ | লাফায় লাফান লাফাও লাফাই | সাধুর সমান |
| ২ ক | লাফাইতেছে | লাফাচ্ছে |
| ৩ ক | লাফাইয়াছে | লাফিয়েছে |
| ৪ | লাফাক লাফান লাফাও লাফা | সাধুর সমান |
| ৫ ক | লাফাইল | লাফাল ( সকর্মক—করালে ) |
| ৬ ক | লাফাইত | লাফাত |
| ৭ ক | লাফাইতেছিল | লাফাচ্ছিল |
| ৮ ক | লাফাইয়াছিল | লাফিয়েছিল |
| ৯ ক | লাফাইবে | লাফাবে |
| ১০ গঘ | লাফাইও ( লাফাইয়ো ) লাফাস | লাফিও ( লাফিয়ো ) লাফাস |
| ১১ | লাফাইতে লাফাইয়া লাফাইলে লাফাইবার লাফানো | লাফাতে লাফিয়ে লাফালে লাফাবার লাফানো |

## ১২। নাহা-আদি গণ। ( বানান—বহা, বাহা )

কহ্-আদি ও গাহ্-আদি গণের কতকগুলি ধাতু ণিজন্ত হইয়া নাহা-আদি-গণীয় হয়।

কহা † গাহা † (১) ছাহা † (১) নাহা † বহা † সহা †

মন্তব্য।— †

(১) সাধু ১১।—গাওয়ানো ছাওয়ানো (গাহানো ইঃ প্রায় অপ্রচলিত)। সাধুরূপ লাফা-ধাতুর তুল্য।

চলিত।—

১ নাওয়ায় নাওয়ান নাওয়াও
নাওয়াস নাওয়াই
২ ক নাওয়াচ্ছে
৩ ক নাইয়েছে
৪ নাওয়াক নাওয়ান নাওয়াও নাওয়া
৫ ক নাওয়ালে
৬ ক নাওয়াত
৭ ক নাওয়াচ্ছিল
৮ ক নাইয়েছিল
৯ ক নাওয়াবে
১০ গঘ নাইও (নাইয়ো) নাওয়াস
১১ নাওয়াতে নাইয়ে নাওয়ালে
নাওয়াবার নাওয়ানো

## ১৩। ফিরা-আদি গণ। (বানান—বিবা, বীবা)

লিখ্-আদি গণের কতকগুলি ধাতু ণিজন্ত হইয়া ফিরা-আদি-গণীয় হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| কিনা † | ছিটা | টিকা | ফিরা | ভিজা † |
| কিলা | ছিনা | তিতা (১) | বাহিয়া * (১) | ভিড়া † |
| খিচা | ছিপা | থিতা | বিকা | মিটা |
| গিলা † | জিয়া, জীয়া | নিকা | বিছা | মিয়া |
| ঘিরা † | জিরা | নিড়া | বিঁধা † | মিলা † |
| চিতা | ঝিমা | নিবা † | বিনা | মিশা† |

| | | | | |
|---|---|---|---|---|
| চিনা † | টিকা † | পিছা | বিয়া | লিখা † |
| চিবা | টিপা † | পিটা † | বিলা | শিখা † |
| চিরা † | ডিঙ্গা, ডিঙা | পিষা † | বিষা | সিঝা, সিজা † |

মন্তব্য।— * কেবল সাধু।

† চিহ্নিত ণিজন্ত ধাতুর চলিতরূপ দুইপ্রকার, কিন্তু দ্বিতীয় রূপ বেশী চলে।

অন্যান্য ধাতুর কেবল প্রথম চলিতরূপ।

(১) পদ্যে।

সাধুরূপ লাফা-ধাতুর তুল্য।

| | চলিত। প্রথম রূপ।— | চলিত। দ্বিতীয় রূপ।— |
|---|---|---|
| ১ | ফিরয় ফিরন ফিরও ফিরিস ফিরই ( ফিরুই ) | ফেরায় ফেরান ফেরাও ফেরাস ফেরাই |
| ২ ক | ফিরছে ( ফিরুছে ) | ফেরাচ্ছে |
| ৩ ক | ফিরিয়েছে | ফিরিয়েছে |
| ৪ | ফিরক ফিরন ফিরও ফিরো | ফেরাক ফেরান ফেরাও ফেরা |
| ৫ ক | ফির'লে ( ফিরুলে ) | ফেরালে |
| ৬ ক | ফির'ত ( ফিরুত ) | ফেরাত |
| ৭ ক | ফিরচ্ছিল ( ফিরুচ্ছিল ) | ফেরাচ্ছিল |
| ৮ ক | ফিরিয়েছিল | ফিরিয়েছিল |
| ৯ ক | ফির'বে ( ফিরুবে ) | ফেরাবে |
| ১০ | ফির'বে ( ফিরুবে ) ফির'বেন ( ফিরুবেন ) ফিরিও ( -য়ো ) ফির'স | ফেরাবে ফেরাবেন ফিরিও ( য়ো ) ফেরাস |
| ১১ | ফির'তে ( ফিরুতে ) ফিরিয়ে ফির'লে ( ফিরুলে ) ফির'বার ফির'নো | ফেরাতে ফিরিয়ে ফেরালে ফেরাবার ফেরানো |

## ১৪। ঘুরা-আদি গণ। (বানান—বুবা)

উঠ্-আদি গণের কতকগুলি ধাতু ণিজন্ত হইয়া ঘুরা-আদি-গণীয় হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| উচা (২) | গুলা | জুতা | ফুটা † | মুতা ‡ |
| উঠা † | ঘুলা (২) | জুয়া | ফুরা | লুকা |
| উড়া † | ঘুচা ‡ | ঝুলা ‡ | ফুলা | লুটা † |
| কুচা | ঘুমা | ঠুকা † | বুজা † | শুখা, শুকা |
| কুটা ‡ | ঘুরা | ডুবা † | বুঝা ‡ | শুঁখা, শুঁকা ‡ |
| কুড়া | চুকা † | ঢুকা | বুড়া | শুধা |
| কুলা | চুটা | ঢুলা | বুলা | শুনা ‡ |
| গুছা (২) | চুবা (২) | তুলা ‡ | ভুগা † | শুলা |
| গুটা (২) | চুয়া ‡ | দুলা ‡ | ভুলা ‡ | সুধা |
| গুড়া | ছুটা ‡ | পুঁছা † | মুখা | |
| গুঁড়া | জুটা † | পুড়া † | মুছা | |
| গুঁতা | জুড়া | পুরা † | মুড়া | |

মন্তব্য।— † চিহ্নিত ণিজন্ত ধাতুর এবং (২) চিহ্নিত ধাতুর চলিতরূপ দুইপ্রকার, কিন্তু দ্বিতীয় রূপ বেশী চলে। অন্যান্য ধাতুর কেবল প্রথম চলিতরূপ।

সাধুরূপ লাফা-ধাতুর তুল্য।

| | চলিত। প্রথম রূপ।— | চলিত। দ্বিতীয় রূপ— |
|---|---|---|
| ১ | ঘুরয় ঘুরন ঘুরও ঘুরস ঘুরই ( ঘুরুই ) | ঘোরায় ঘোরান ঘোরাও ঘোরাস ঘোরাই |
| ২ ক | ঘুরচ্ছে ( ঘুরুচ্ছে ) | ঘোরাচ্ছে |
| ৩ ক | ঘুরিয়েছে | ঘুরিয়েছে |
| ৪ | ঘুরক ঘুরন ঘুরও ঘুরো | ঘোরাক ঘোরান ঘোরাও ঘোরা |

| | | |
|---|---|---|
| ৫ ক | ঘুর্‌’লে ( ঘুরুলে ) (অকর্মক—ঘুম’ল) | ঘোরালে |
| ৬ ক | ঘুর্‌’ত ( ঘুরুত ) | ঘোরাত |
| ৭ ক | ঘুরচ্ছিল ( ঘুরুচ্ছিল ) | ঘোরাচ্ছিল |
| ৮ ক | ঘুরিয়েছিল | ঘুরিয়েছিল |
| ৯ ক | ঘুর্‌’বে ( ঘুরুবে ) | ঘোরাবে |
| ১০ | ঘুর্‌’বে ( ঘুরুবে ) ঘুর্‌’বেন ( ঘুরুবেন ) ঘুরিও ( -য়ো ) ঘুরস | ঘোরাবে ঘোরাবেন ঘুরিও ( -য়ো ) ঘোরাস |
| ১১ | ঘুর্‌’তে ( ঘুরুতে ) ঘুরিয়ে ঘুর্‌’লে ( ঘুরুলে ) ঘুর্‌’বার ঘুর্‌’নো | ঘোরাতে ঘুরিয়ে ঘোরালে ঘোরাবার ঘোরানো |

## ১৫। ধোয়া-আদি গণ। ( বানান—বোবা )

শু-আদি ও উঠ্‌-আদি গণের কয়েকটি ধাতু ণিজন্ত হইয়া ধোয়া-আদি-গণীয় হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| কোঁচা | খোয়া | ছোপা | ধোয়া ‡ | যোগা |
| কোঁতা, কোঁথা | গোঙা | ছোঁয়া | নোয়া ‡ | শোয়া † |
| কোপা | ঘোষা | জোড়া ‡ | পোয়া § | |
| খোঁচা | চোটা | ঢোয়া † | পোষা | |
| খোঁড়া † | চোঁয়া ‡ | দোয়া § | পোহা | |
| খোদা † | ছোঁচা | দোহা † | ফোঁপা | |

মন্তব্য।— § কেবল চলিত। ‡ ণিজন্ত।

সাধুরূপ লাফা-ধাতুর তুল্য।

চলিত।—

| | |
|---|---|
| ১ | ধোয়ায় ধোয়ান ধোয়াও ধোয়াস ধোয়াই |
| ২ ক | ধোয়াচ্ছে |

৩ ক ধুইয়েছে

৪ ধোয়াক ধোয়ান ধোয়াও ধোয়া

৫ ক ধোয়ালে ( অকর্মক—পোষাল )

৬ ক ধোয়াত

৭ ক ধোয়াচ্ছিল

৮ ক ধুইয়েছিল

৯ ক ধোয়াবে

১০ ধোয়াবে ধোয়াবেন ধুইও ( -য়ো ) ধোয়াস

১১ ধোয়াতে ধুইয়ে ধোয়ালে

*ধোয়াবার ধোয়ানো*

## ১৬। দৌড়া-আদি গণ। ( বানান—বোবা )

তোলা দৌড়া পৌছা

মন্তব্য।—এই সকল ধাতু বিকল্পে কর্-আদি-গণীয় তোল্ দৌড়্ পৌছ্ হয়। তোল্ দৌড়্ পৌছ্ ধাতুর কেবল সাধুরূপ হয় এবং ইহারা অণিজন্ত ('সে দৌড়িতেছে')। কিন্তু তোলা দৌড়া পৌছা ধাতুর সাধু ও চলিত উভয় রূপ হয় এবং কখনও কখনও ণিজন্ত প্রয়োগ হয়। ণিজন্ত হইলে চলিত ৩, ৮ ও ১১ খ তে 'দৌড়ে' স্থানে 'দৌড়িয়ে' হয়। ('সে দৌড়াইতেছে / দৌড়চ্ছে। সে ঘোড়াকে দৌড়াইতেছে / দৌড়চ্ছে। সে ঘোড়াকে দৌড়াইয়াছে / দৌড়িয়েছে')।

সাধুরূপ লাফা-ধাতুর তুল্য।

চলিত।—

১ দৌড়য় দৌড়ন দৌড়ও দৌড়স দৌড়ই ( দৌড়ুই )

২ ক দৌড়চ্ছে ( দৌড়ুচ্ছে )

৩ ক দৌড়েছে ( ণিচ্—দৌড়িয়েছে )

৪ দৌড়ক ( দৌড়ুক ) দৌড়ন ( দৌড়ুন ) দৌড়ও দৌড়ো

৫ ক দৌড়ল ( দৌড়ুল )

৬ ক দৌড়ত ( দৌড়ুত )

৭ ক দৌড়চ্ছিল ( দৌড়ুচ্ছিল )

৮ ক দৌড়েছিল ( ণিচ্‌—দৌড়িয়েছিল )

৯ ক দৌড়বে ( দৌড়ুবে )

১০ দৌড়বে ( দৌড়ুবে ) দৌড়বেন
( দৌড়ুবেন ) দৌড়ো দৌড়স

১১ দৌডতে ( দৌড়ুতে ) দৌড়ে ( ণিচ্‌—দৌড়িয়ে )
দৌড়তে ( দৌড়ুলে ) দৌডোবার দৌড়নো

## ১৭। চট্‌কা আদি-গণ। ( বানান—বব্বা, ব্বাব্বা, বেব্বা )

| | | | | |
|---|---|---|---|---|
| অর্সা | কাম্‌ড়া | ছল্‌কা | দগ্ধা | ফর্‌কা |
| আওটা (১) | খণ্ডা (৫) | জন্মা | দর্শা | ফর্‌মা |
| আওড়া (১) | খাওয়া ৵ (২) | জম্‌কা (৪) | দেওয়া ৵ (৩) | ফস্‌কা |
| আওরা (১) | খাব্‌লা | জাপ্‌টা | ধম্‌কা | বদ্‌লা |
| আঁক্‌ড়া | খাম্‌চা | ছল্‌কা | ধস্‌কা | বর্তা |
| আগ্‌লা | খেঁচ্‌কা | ঝল্‌সা | ধাম্‌সা | বর্না * (৪) |
| আঁচ্‌ড়া | গর্‌জা, গর্জা | ঝাম্‌রা | ধেব্‌ড়া | বর্ষা |
| আছ্‌ড়া | গর্‌মা (৫) | টপ্‌কা | নর্‌মা (৫) | বাত্‌লা |
| আজ্ঞা | ঘষ্‌টা ঘষ্‌ড়া | টস্‌কা | নেওয়া §৵ (৩) | বাল্‌সা |
| আট্‌কা | ঘাব্‌ড়া | ঠাওরা (১) | নেংচা | ভড়্‌কা |
| আঁত্‌কা | চট্‌কা | তড়্‌পা | নেপ্‌টা | ভেংচা |
| আফ্‌সা | চম্‌কা (৫) | তর্জা | পট্‌কা | ভেস্তা |
| কচ্‌টা | চল্‌কা | তেওড়া (১) | পস্তা | মচ্‌কা |
| কড়্‌কা | চাপ্‌ড়া | থাব্‌ড়া | পাক্‌ড়া | রগ্‌ড়া |
| কপ্‌চা | চাব্‌কা | থেঁত্‌লা | পাক্‌লা | লওয়া৵ (২) |

| | | | | |
|---|---|---|---|---|
| কব্‌লা (৫) | চেপ্‌টা | থেব্‌ড়া | পাছ্‌ড়া | লট্‌কা |
| কাত্‌রা | ছট্‌কা | দংশা | পাল্‌টা | লপ্‌টা |
| লেংচা | সম্‌ঝা (৫) | সাপ্‌টা | হাঁট্‌কা | |
| লেপ্‌টা | সাঁত্‌রা | সাম্‌লা | হাত্‌ড়া | |
| সট্‌কা | সাঁত্‌লা | হড়্‌কা | হাপ্‌রা | |

**মন্তব্য।**— * কেবল সাধু। § কেবল চলিত। ণ্‌ ণিজন্ত।

(১) চলিত ৩, ৮, ১০গ।—'ও' স্থানে 'উ' হয় ('আউটেছে')। চলিত ১১।—'আউটে'।

(২) চলিত ৩, ৮, ১০গ।—'ও' স্থানে 'ই' হয় ('খাইয়েছে')। চলিত ১১।—'খাইয়ে'।

(৩) চলিত ৩, ৮, ১০গ।—'দেও' স্থানে 'দিই' হয় ('দিইয়েছে')। চলিত ১১।— 'দিইনে'।

(৪) প্রায় পদ্যে।

(৫) ণিজন্ত প্রয়োগে ৩, ৮ ও ১১ খ তে 'কবলে সমঝে' ইঃ স্থানে 'কবলিয়ে সমঝিয়ে' হয় ('সে দোষ কবলেছে, সে সমঝেছে। তাকে কবলিয়ে নাও, তাকে সমঝিয়েছি')।

**সাধুরূপ লাফা-ধাতুর তুল্য।**

চলিত।—

১ চটকায়, চটকান, চটকাও,
চটকাস চটকাই

২ ক চটকাচ্ছে

৩ ক চটকেছে

৪ ক চটকাক চটকান চটকাও চটকা

৫ ক চটকালে (অকর্মক—জন্মাল)

৬ ক চটকাত

৭ ক চটকাচ্ছিল

৮ ক চটকেছিল

৯ ক চটকাবে

১০ গঘ চটকো চটকাস

১১ চটকাতে চটকে চটকালে

চটকাবার চটকানো

## ১৮। বিগ্‌ড়া আদি-গণ। ( বানান—বিব্বা )

| | | | |
|---|---|---|---|
| চিপ্‌টা | ছিট্‌কা | নিংড়া | শিউরা § |
| চিম্‌টা | ঠিক্‌রা | পিছ্‌লা | সিট্‌কা |
| চিম্‌সা | তিষ্ঠা | বিগ্‌ড়া | হিঁচ্‌ড়া |

মন্তব্য।— § কেবল চলিত।

সাধুরূপ লাফা-ধাতুর তুল্য।

চলিত।—

১ বিগড়য় বিগড়ন বিগড়ও বিগড়স

বিগড়ই ( বিগড়ুই )

২ ক বিগড়চ্ছে ( বিগড়ুচ্ছে )

৩ ক বিগড়েছে

৪ বিগড়ক বিগড়ন বিগড়ও বিগড়ো

৫ ক বিগড়ল ( বিগড়ুল )

৬ ক বিগড়ত ( বিগড়ুচ্ছিল )

৭ ক বিগড়চ্ছিল ( বিগড়ুচ্ছিল )

৮ ক বিগড়েছিল

৯ ক বিগড়বে ( বিগড়ুবে ) বিগড়বেন

১০ বিগড়বে ( বিগড়ুবে ) বিগড়স

( বিগড়ুবেন ) বিগড়ো বিগড়স

১১ বিগড়তে ( বিগড়ুতে ) বিগড়ে

বিগড়লে ( বিগড়ুলে ) বিগড়োবার

বিগড়নো

## ১৯। উল্‌টা-আদি গণ। ( বানান—বব্বা )

| | | | | |
|---|---|---|---|---|
| উখ্‌ড়া | উপ্‌ড়া | গুম্‌সা (১) | ডুক্‌রা (১) | মুচ্‌ড়া |
| উগ্‌রা | উব্‌রা (১) | চুপ্‌সা | তুব্‌ড়া | মুষ্‌ড়া |
| উট্‌কা | উল্‌টা | চুম্‌রা (১) | থুব্‌ড়া | শুধ্‌রা |
| উত্‌রা | উস্‌কা | চুল্‌কা (১) | দুম্‌ড়া | |
| উথ্‌লা | গুজ্‌রা (১) | জুব্‌ড়া | ফুক্‌রা (১) | |
| উপ্‌চা | গুম্‌রা | ঠুক্‌রা | ফুস্‌লা | |

মন্তব্য।—অচিহ্নিত ধাতুর চলিতরূপ দুইপ্রকার। (১) চিহ্নিত ধাতুর কেবল প্রথম চলিতরূপ। যে ধাতুর সকর্মক অকর্মক উভয়বিধ প্রয়োগ হয় তাহার সকর্মক প্রয়োগে প্রায় দ্বিতীয় রূপ হয় ( 'গুগুক উলটায়, ভাজা মাছ :ওলটাও' )। ণিজন্ত প্রয়োগে 'উলটে' ইঃ স্থানে বিকল্পে 'উলটিয়ে' ইঃ হয় ( অমুককে দিয়ে উলটিয়ে নাও, শুধরিয়ে নাও' )।

সাধুরূপ লাফা-ধাতুর তুল্য।

| | চলিত। প্রথম রূপ।— | চলিত। দ্বিতীয় রূপ— |
|---|---|---|
| ১ | উলটয় উলটন উলটও উলটস উলটই ( উলটুই ) | ওলটায় ওলটান ওলটাও ওলটাস ওলটাই |
| ২ ক | উলটচ্ছে ( উলটুচ্ছে ) | ওলটাচ্ছে |
| ৩ ক | উলটেছে | উলটেছে |
| ৪ | উলটক উলটন উলটও উলটো | ওলটাক ওলটান ওলটাও ওলটা |
| ৫ ক | উলটলে (উলটুলে) (অকর্মক—উথলল | ওলটাল |

| | |
|---|---|
| ৬ ক উলটত (উলটুত) | ওলটাত |
| ৭ ক উলটচ্ছিল (উলটুচ্ছিল) | ওলটাচ্ছিল |
| ৮ ক উলটেছিল | উলটেছিল |
| ৯ ক উলটবে (উলটুবে) | ওলটাবে |
| ১০ উলটবে উলটুবে) উলটবেন (উলটুবেন) উলটো উলটস | ওলটাবে ওলটাবেন উলটো ওলটাস |
| ১১ উলটতে (উলটুতে) উলটে উলটলে (উলটুলে) উলটোবার উলটনো | ওলটাতে উলটে ওলটালে ওলটাবার ওলটানো |

## ২০। ছোব্‌লা-আদি গণ। ( বানান—বোব্বা )

কোঁকড়া কোঁচ্‌কা কোদ্‌লা (১) খোব্‌লা ছোব্‌লা

সাধুরূপ।—লাফা-ধাতুর তুল্য ( 'ছোব্‌লাইস' )। কিন্তু বিকল্পে উল্‌টা-ধাতুর বানান পায় ( 'ছুবলাইল' )। (১) কোদ্‌লা-ধাতুর কেবল 'কোদলাইল' ইঃ রূপ হয়।

চলিতরূপ।—উল্‌টা-ধাতুর-তুল্য দুইপ্রকার ( 'ছোবলায়, ছুবলয়' )। কিন্তু (১) কোদ্‌লা ধাতুর কেবল দ্বিতীয় রূপ হয় ( 'কোদলায়' )।

## চ। শব্দবিভক্তি ও কারক

বাংলায় সাতটি *কারক আছে—কর্তা কর্ম করণ সম্প্রদান অপাদান সম্বন্ধ অধিকরণ। কিন্তু প্রত্যেক কারকের পৃথক্ বিভক্তি নাই, অনেক স্থলে অন্য পদ যোগ করিয়া কারক নিষ্পন্ন করিতে হয়। যথা—( করণ ) 'মানুষের দ্বারা, ছুরি দিয়ে'। ( অপাদান ) 'মানুষ হইতে, ঘর থেকে'। যে কয়টি বিভক্তির প্রয়োগ আছে তাহারা মুখ্যতঃ কর্তা কর্ম সম্বন্ধ ও অধিকরণ সূচক। যথা—

* সংস্কৃত ব্যাকরণে কারক ৬টি, 'সম্বন্ধ' কারক নয়। এই প্রকরণে case অর্থে 'কারক' শব্দ প্রযুক্ত হইল।

| | ( একবচন ) | ( বহুবচন ) |
|---|---|---|
| কর্তা | পশু | পশুরা |
| কর্ম | পশুকে | পশুদিগকে/-দিকে, দের |
| সম্বন্ধ | পশুর | পশুদিগের, -দের |
| অধিকরণ | পশুতে | — |

সর্বনামের রূপ যেমন নির্দিষ্ট, বিশেষ্যপদের তেমন নয়। বিশেষ্যপদে এক-একটি কারকে একাধিক বিভক্তির প্রয়োগ হয়, এবং একই বিভক্তির দ্বারা বিভিন্ন কারক সূচিত হয়। মূল বিভক্তি এইগুলিকে বলা যাইতে পারে—

| ( বিভক্তি ) | ( প্রয়োগ ) |
|---|---|
| এ, য়, তে, য়ে | কর্তা, করণ, সম্প্রদান, অধিকরণ |
| রা, এরা | কর্তা ( বহুবচন ) |
| কে, রে | কর্ম, সম্প্রদান ( একবচন ) |
| দিগকে, দিকে, দের § | কর্ম, সম্প্রদান ( বহুবচন ) |
| এর ( য়ের ), র, কার | সম্বন্ধ ( একবচন ) |
| দিগের, দের | সম্বন্ধ ( বহুবচন ) |
| এতে | অধিকরণ ( একবচন ) |

বহুবচন-সূচক 'গণ, সব, সকল, গুলা গুলি' ইত্যাদিকে ঠিক বিভক্তি বলা যায় না, কারণ ইহাদের উত্তরও বিভক্তি যোগ হয় ( 'গণকে, গুলির' )।

একবচনে 'টা টি, খানা, খানি' প্রযুক্ত হয়। এগুলি ইংরেজী articles এর ( a, the ) তুল্য।

'দ্বারা, দিয়া'কে অব্যয় গণ্য করাই উচিত, কারণ বহুস্থলে বিভক্তি যোগের পর 'দ্বারা দিয়া' বসে ( 'মন্ত্রের দ্বারা, চাকরকে দিয়ে' )

## সাধারণ বিধি *

(১) এ, য়, তে, য়ে।—অকারান্ত বা ব্যঞ্জনান্ত শব্দের পর 'এ', আকারান্ত একারান্ত বা ওকারান্ত শব্দের পর 'য়, তে', অন্য স্বরান্ত শব্দের পর 'তে',

* যথা—'ছেলেদের খাওয়াও, খাবার দাও'।

পরপৃষ্ঠার পাদটীকা দেখ

একাক্ষর শব্দের পর বা অন্তে দুই স্বর থাকিলে 'এ' ( বিকল্পে 'য়ে' ) যোগ হয়। ( 'মানুষে, বিদ্যুতে, সেবায়, ছেলেয়, সেবাতে, আলোয়, ছুরিতে, মধুতে, চাএ, দইএ, পোলাওএ, চায়ে, দইয়ে, পোলাওয়ে' )।

(২) গণ, রা, এরা ( য়েরা )।—সাধারণতঃ ব্যক্তি জন্তু বা বিশাল বস্তু বাচক শব্দে যোগ হয়। ( মনুষ্যগণ, দেবগণ, জন্তুগণ, ছেলেরা, মায়েরা, বাঘেরা' )। কিন্তু 'ইন্দ্রিয়গণ, রিপুগণ' চলে।

(৩) টা, টি।—ব্যক্তি জন্তু বা পদার্থ বাচক শব্দের পর যোগ হয়। অনাদরে 'টা', আদরে 'টি',। ( 'লোকটা, ছেলেটি, গরুটা, জিনিসটা, কাগজটা, বুদ্ধিটা, কবিতাটি' )।

(৪) গুলা / গুলো, গুলি।—ব্যক্তি জন্তু বা পদার্থ বাচক শব্দের পর যোগ হয়। অনাদরে 'গুলা / গুলো', আদরে 'গুলি'। লোকগুলো, মেয়েগুলি, গরুগুলো, জিনিসগুলো, কাগজগুলো' )

(৫) খানা, খানি।—কেবল পদার্থবাচক শব্দের পর যোগ হয়। অনাদরে 'খানা', আদরে 'খানি'। ( কাগজখানা, মুখখানি, ব্যাপারখানা, আক্কেলখানা' )

## কারকভেদে বিভক্তির প্রয়োগ *

### কর্তা

(১) একবচনে।—সাধারণতঃ কোনও বিভক্তি যোগ হয় না। ( 'রাম বলিলেন, জল পড়ে, যুদ্ধ বাধিল' )

(২) একবচনে।—কর্তা অনির্দিষ্ট থাকিলে অথবা কর্তায় করণ বা অধিকরণের ভাব থাকিলে 'এ, য়, তে, য়ে' যোগ হয়। সাধারণবিধি (১) দেখ। ( 'চোরে নিয়ে গেছে, গোয়েন্দায় ধরেছে, মদে সর্বনাশ করলে, পোকায় কেটেছে, বৃষ্টিতে ভাসিয়ে দিলে, বেদে বলে' )।

* যেসকল সূত্র দেওয়া হইল তাহার অধিকাংশ যোগেশচন্দ্রের 'বাঙ্গালা ব্যাকরণ' এবং রবীন্দ্রনাথের 'শব্দতত্ত্ব' হইতে গৃহীত।

(৩) বহুবচনে।—'গণ, রা, এরা ( য়েরা )' যোগ হয়। সাধারণবিধি ( ২ ) দেখ। আদরে বা সমবেত ক্রিয়ায় 'রা' স্থানে প্রায় 'এরা' হয়। ('বাপেরা, মায়েরা, ঝিএরা, বউএরা, পণ্ডিতেরা বলেন, চোরেরা পালিয়েছে')।

(৪) বহুবচনে—জন্তু বা পদার্থ বাচক শব্দের পর এবং লঘু কথাবার্তায় ব্যক্তিবাচক শব্দের পর 'গুলা, / গুলো, গুলি' যোগ হয়। ( 'গরুগুলো. জিনিস,- কাজ-, নিয়ম-। চাকরগুলো, বামুন-। ছেলেগুলি' )।

(৫) জাতির বিশেষ ধর্ম প্রকাশ করিতে হইলে অথবা সহযোগে ক্রিয়া হইলে 'এ, য়, তে, য়ে' যোগ হয়। সাধারণবিধি (১) দেখ। ( ছাগলে কি না খায়, বোকায় বোঝে না, গরুতে ঘাস খায়। পণ্ডিতে তর্ক করছেন, মেড়ায় মেড়ায় লড়াই করে, ছেলেয় বুড়োয় খেপেছে, ভাইএ ভাইএ ঝগড়া করে' )।

**কর্ম**

(১) একবচনে।—সাধারণতঃ কোনও বিভক্তি যোগ হয় না। ( 'ডাক্তার ডাক, গরু তাড়ায়, জল খাইব, যুদ্ধ থামাও' )।

(২) কর্মপদকে বিশেষ করিয়া নির্দেশ করিতে হইলে অথবা কর্মপদ ব্যক্তির নাম হইলে 'কে' অথবা পদ্যে 'রে, এ, য়' ( বহুবচনে 'গণকে, / দিকে. দের' ) যোগ হয়। ( ডাক্তারকে ডাক, রামকে আনাও, গরুকে বাঁধ, ছেলেদের বল। পিতারে, পিতায়, শ্রীরামে' )।

(৩) অচেতন পদার্থ বা ক্ষুদ্র প্রাণী বাচক শব্দে 'কে' যোগ প্রায় হয় না। ('কলম রাখ, ছারপোকা মার' ) বিশেষ করিতে হইলে 'টা, টি, খানা, খানি, গুলা' ইঃ যোগ হয়। ( 'কলমটা রাখ, কাগজখানা দাও, জিনিসগুলো সরাও, চুরিগুলো ধরতে পেরেছে' )।

(৪) দ্বিকর্মক ক্রিয়ার গৌণ কর্মপদে 'কে, দিগকে / দিকে, দের' যোগ হয়, মুখ্য কর্মপদে বিভক্তি যোগ হয় না। ( 'ছেলেকে চাঁদ দেখাও, চাকরদিগকে' বা 'চাকরদের জল খাওয়াও' )।

**করণ**

(১) ব্যক্তি জন্তু বা পদার্থ বাচক শব্দের পর 'দ্বারা' যোগ হয়। ( ভৃত্যদ্বারা, বিপ্রগণ-, অশ্ব-, বুদ্ধি-' )। অথবা, সম্বন্ধ-বিভক্তির পর 'দ্বারা' যোগ হয়। ( 'ভৃত্যের দ্বারা, চাকরদের –, অশ্বের –, যন্ত্রের –, বুদ্ধির – )।

(২) ব্যক্তি জন্তু বা পদার্থ বাচক শব্দের পর 'দিয়া / দিয়ে' যোগ হয়। ( 'চাকর দিয়া কাজ করানো, গরু দিয়া চাষ, সাবান দিয়া, মন দিয়া, এইসব 'মসলা দিয়ে, মাছগুলি দিয়ে রাঁধ' )। কিন্তু ব্যক্তির বহুবচনে হয় না ( 'চাকর-গুলো দিয়ে' হয় না )।

(৩) কেবল ব্যক্তিবাচক শব্দে কর্ম-বিভক্তির পর 'দিয়া / দিয়ে' যোগ হয়। ( চাকরদিকে –, চাকরদের – ' )।

(৪) কেবল জন্তু বা পদার্থ বাচক শব্দের পর 'এ, য়, তে, য়ে' যোগ হয়। সাধারণবিধি (১) দেখ। 'পেনসিলে লেখ, নৌকায় পার হয়, সেবায় তুষ্ট, এই কল গরুতে চলে. পায়ে চলে' )।

**সম্প্রদান**

(১) সাধারণতঃ কর্মকারকের সমান ( 'দেবতাকে দাও' )

(২) কখনও কখনও 'এ, য়, তে, য়ে' যোগ হয়। ( 'সৎপাত্রে, দেবসেবায়, সেবাসমিতিতে দাও' )।

**অপাদান**

(১) সাধারণত. 'হইতে / হ'তে, থেকে, অপেক্ষা' ইত্যাদি শব্দ যোগে অপাদান নিষ্পন্ন হয়। ( 'গৃহ হইতে, শত্রুগণ হইতে, তিন দিন থেকে, পুত্র অপেক্ষা' )।

(২) তুলনায় প্রায় সম্বন্ধ-বিভক্তির পর 'অপেক্ষা, চেয়ে, চাইতে' যোগ হয়। ( পুত্রের অপেক্ষা প্রিয়তর, অমুকের চেয়ে বড়লোক' )।

**সম্বন্ধ**

(১) একবচনে।—শব্দ অকারান্ত ব্যঞ্জনান্ত বা একাক্ষর হইলে অথবা অন্তে দুই স্বর থাকিলে 'এর ( য়ের )' যোগ হয় ; অন্যত্র 'র' যোগ হয়। ( 'মানুষের, পরিষদের, মায়ের, জামাইএর। দয়ার, চুরির, জন্তুর, ছেলের' )।

(২) কিন্তু মানুষের নামের উচ্চারণ অকারান্ত হইলে প্রায় 'র' যোগ হয়। ( 'অমূল্যর, প্রসন্নর, প্রিয়র'। সর্বত্র নয়—'মহেন্দ্রের'। 'রাম' এর উচ্চারণ হসন্ত সেজন্য 'রামের' )।

(৩) বিশেষণ-পদে কেবল 'র' যোগ হয়। ( 'ভালর জন্য, বড়র, ছোটর, তেরর ঘরে')।

(৪) কতকগুলি শব্দের পর 'কার' যোগ হয়। সময় বা অবস্থান বাচক শব্দের পর 'বর্তী' অর্থে ( 'এখনকার, কখনকার, সেদিনকার, আজিকার / আজকের, আজকেকার, সেকালকার ; এদিক্‌কার, নীচেকার, ভিতরকার, গোড়াকার, সেখানকার, এখানকার, যেখানকার, কোন্‌খানকার' )। মনুষ্য-সমষ্টিবাচক শব্দের পর বীপ্সায় ( 'সকলকার, সবাইকার, তিনজনকার' )।

(৫) বহুবচনে—ব্যক্তি জন্তু বা বিশাল বস্তু বাচক শব্দের পর 'দের, দিগের, গণের' বহুপ্রচলিত ) ব্যক্তি জন্তু বা পদার্থ বাচক শব্দের পর গুলার / গুলোর, গুলির, সকলের, সমূহের' ইত্যাদি যোগ হয়। ( 'লোকগুলার, মেয়েগুলির, জিনিসগুলোর, প্রাণিসকলের, নক্ষত্রসমূহের' )।

**অধিকরণ**

(১) একবচনে।—সাধারণতঃ 'এ, য়, তে, য়ে, যোগ হয়। সাধারণবিধি (১) দেখ। ( 'ঘরে, বাসায়, বাড়িতে, সরাইএ, সরাইয়ে' )।

(২) বিশেষ করিবার জন্য কখনও কখনও অকারান্ত শব্দের পরেও **'এতে'** হয়। ( 'ঘরেতেই আছে' )।

(৩) কালবাচক শব্দের পর কোনও কোনও স্থলে বিভক্তি বসে না।

( 'কাল এসেছি, এ সময় সে কোথায়, গত বৎসর মারা গেছেন' )। কখনও কখনও 'কে' যোগ হয় ( 'আজকে, কালকে, সেদিনকে' )।

(8) ক্রিয়া গমনার্থক হইলে এবং অপর দুই-এক স্থলে কখনও **কখনও** বিভক্তি বসে না ; ( 'বাড়ি চল, কলিকাতা যাইব, কাশী পাঠাও, সে বাড়ি নাই' )।

(৫) বহুবচনে।—'গণ, গুলা / গুলো গুলি, সকল' প্রভৃতির পর বিভক্তি যোগ হয়। ( 'জীবগণে, বাক্সগুলোয়, কথাগুলিতে, বস্তুসকলে' )।

## ছ। সর্বনাম

কর্তৃকারকে একবচনে যে রূপ হয় তাহাই মূল সর্বনাম শব্দ ধরা হইল—

| | ( গুরু ) | ( সামান্য ) | ( তুচ্ছ ) |
|---|---|---|---|
| প্রথম পুরুষ | তিনি | সে, তাহা (তা) | |
| | যিনি | যে, যাহা (যা) | |
| | কে ( কিনি ) | কে, কি | |
| | ইনি | এ, ইহা | |
| | উনি | ও, উহা, | |
| মধ্যম পুরুষ | আপনি | তুমি | তুই |
| উত্তম পুরুষ | | আমি | |

ব্যক্তিবাচক—তিনি যিনি কে ( কিনি ) ইনি আপনি তুই আমি।

ব্যক্তি বা জন্তু বাচক—সে যে কে।

ব্যক্তি জন্তু বা পদার্থ বাচক—এ ও।

পদার্থ বা ক্ষুদ্রজন্তু বাচক—তাহা / তা যাহা / যা কি ইহা উহা। এই সকল শব্দের রূপ যথাক্রমে সে যে কে এ ও-র সমান।

'সে, যে, কি, এ, ও'।—বিশেষণ-রূপেও প্রযুক্ত হয়, যথা—'সে দিন, ও জিনিস'।

'তাহাতে, যাহাতে' প্রভৃতি কয়েকটি পদ ক্রিয়া-বিশেষণ রূপে প্রযুক্ত হয়। যথা—'তাহাতে তিনি বলিলেন'।

## সর্বনামের কারক

সর্বনামের যে রূপ পরে দেওয়া হইল তাহা কারক অনুসারে এইপ্রকারে ভাগ করা যায়—

| | |
|---|---|
| প্রথম পঙ্‌ক্তি | কর্তা |
| দ্বিতীয় পঙ্‌ক্তি | কর্ম, সম্প্রদান |
| তৃতীয় পঙ্‌ক্তি | সম্বন্ধ |
| চতুর্থ পঙ্‌ক্তি | অধিকরণ |

করণ ও অপাদানের পৃথক রূপ নাই, কর্ম বা সম্বন্ধ কারকের পর 'দিয়া, দ্বারা, হইতে' ইত্যাদি যোগে নিষ্পন্ন হয়।

**করণ**

(১) সম্বন্ধ-কারকের পর 'দ্বারা' যোগ হয়। একবচনে বিকল্পে 'র' লোপ হয়। ('তোমাদের দ্বারা, আপনাদের—, তাদের—। তোমার দ্বারা, তোমাদ্বারা')।

(২) কর্মকারকের পর 'দিয়া / দিয়ে' যোগ হয়। ('তোমাকে দিয়া, তাদিকে দিয়ে, আপনাদের দিয়ে'। 'আপনাদের = আপনাদিগকে')।

**অপাদান**

(১) সম্বন্ধ-কারকের পর 'হইতে / হ'তে, থেকে, অপেক্ষা' যোগ হয়। একবচনে প্রায় 'র' লোপ হয়। ('তাঁহাদের হইতে, তাদের হ'তে, তোমাদের থেকে, তাহার অপেক্ষা; তাঁহাহইতে, তা হ'তে, আমাথেকে, তাহা অপেক্ষা')।

(২) সম্বন্ধ-কারকের পর 'চেয়ে, চাইতে' যোগ হয় ('তাঁর চেয়ে, এর চাইতে')।

**মন্তব্য**।—পদ্যে ও গ্রাম্য প্রয়োগে কর্মকারকের একবচনে 'কে' স্থানে 'রে' হয় ('তাঁহারে, তোরে, আমারে'), এবং 'আমাকে, আমার, আমাদের' স্থানে, 'মোরে, মোর, মোদের' হয়। পদ্যে 'তোমার, আমার স্থানে 'তব, মম' হয়।

কর্মকারকের বহুবচনে চলিতরূপে 'দিকে' স্থানে 'দের' বেশী চলে ('তাঁদিকে, তাঁদের')।

## সর্বনামের রূপ

| (সাধু) | | | (চলিত) |
|---|---|---|---|
| তিনি | তাঁহারা | তিনি | তাঁরা |
| তাঁহাকে | তাঁহাদিগকে | তাঁকে | তাঁদিকে, তাঁদের |
| তাঁহার | তাঁহাদিগের, দের | তাঁর | তাঁদের |
| তাঁহাতে | — | তাঁতে | — |

যিনি (তিনি-র অনুরূপ)

| (সাধু) | | | (চলিত) |
|---|---|---|---|
| কে (কিনি*) | কাঁহারা | (কে কিনি*) | কাঁরা |

(অন্যান্য রূপ 'তিনি'র অনুরূপ)

| (সাধু) | | | (চলিত) |
|---|---|---|---|
| ইনি | ইঁহারা | ইনি | এঁরা |
| ইঁহাকে | ইঁহাদিগকে | এঁকে | এঁদিকে, এঁদের |
| ইঁহার | ইঁহাদিগের, -দের | এঁর | এঁদের |
| ইঁহাতে | — | এঁতে | — |

| (সাধু) | | | (চলিত) |
|---|---|---|---|
| উনি | উঁহারা | উনি | ওঁরা |
| উঁহাকে | উঁহাদিগকে | ওঁকে | ওঁদিকে |
| উঁহার | উঁহাদিগের,-দের | ওঁর | ওঁদের |
| উঁহাতে | — | ওঁতে | — |

* বিরল।

| (সাধু) | | (চলিত) | |
|---|---|---|---|
| আপনি | আপনারা | আপনি | আপনারা |
| আপনাকে | আপনাদিগকে | আপনাকে | আপনাদিকে,-দের |
| আপনার | আপনাদিগের, দের | আপনার | আপনাদের |
| আপনাতে | — | আপনাতে | |

| (সাধু) | | (চলিত) | |
|---|---|---|---|
| সে, তাহা | তাহারা | সে, তা | তারা |
| তাহাকে | তাহাদিগকে | তাকে | তাদিকে, তাদের |
| তাহার | তাহাদিগের,-দের | তার | তাদের |
| তাহাতে (তায় §) | — | তাতে (তায় §) | — |

| (সাধু) | | (চলিত) | |
|---|---|---|---|
| যে, যাহা ('সে, তাহার, অনুরূপ) | | | |
| কে, কি | কাহারা | কে, কি | কারা |
| কাহাকে | কাহাদিগকে | কাকে | কাদিকে, কাদের |
| কাহার | কাহাদিগের,-দের | কার | কাদের |

| (সাধু) | | (চলিত) | |
|---|---|---|---|
| কাহাতে | | কাতে, কিসে* | — |
| এ, ইহা | ইহারা | এ | এরা |
| ইহাকে | ইহাদিগকে | একে | এদিকে, এদের |
| ইহার | ইহাদিগের, -দের | এর | এদের |
| ইহাতে | | এতে | |

* কেবল পদার্থ বাচক। §প্রায় পদ্যে।

| (সাধু) | | (চলিত) | |
|---|---|---|---|
| ও, উহা | উহারা | ও | ওরা |
| উহাকে | উহাদিগকে | ওকে | ওদিকে, ওদের |
| উহার | উহাদিগের,-দের | ওর | ওদের |
| উহাতে | — | ওতে | — |

| (সাধু) | | (চলিত) | |
|---|---|---|---|
| তুমি | তোমরা | তুমি | তোমরা |
| তোমাকে | তোমাদিগকে | তোমাকে, তোমায় | তোমাদিকে,দের |
| তোমার | তোমাদিগের, -দের | তোমার | তোমাদের |
| তোমাতে | — | তোমাতে | — |

| (সাধু ও চলিত) | |
|---|---|
| তুই | তোরা |
| তোকে | তোদিকে, তোদের |
| তোর | তোদের |
| তোতে | — |

| (সাধু) | | (চলিত) | |
|---|---|---|---|
| আমি | আমরা | আমি | আমরা |
| আমাকে | আমাদিগকে | আমাকে, আমায় | আমাদিকে, -দের |
| আমার | আমাদিগের, -দের | আমার | আমাদের |
| আমাতে | — | আমাতে | — |

## জ। সংখ্যাবাচক শব্দ

সংখ্যাবাচক শব্দ তিন প্রকার—

অঙ্কবাচক, cardinals denoting primary numbers.

যথা—'তিন আর তিনে ছয়' ('তিন, ছয়' বিশেষ্য)।

পরিমাণবাচক, cardinals denoting quantity.

যথা—'তিন ব্যক্তি' ('তিন' বিশেষণ)।

পূরণবাচক, ordinals. যথা—'প্রথম, দ্বিতীয়, শততম' (বিশেষণ)।

বাংলাভাষায় নিজস্ব অঙ্ক ও পরিমাণ বাচক শব্দ আছে, কিন্তু পূরণবাচক শব্দ সংস্কৃত হইতে লইতে হয়। এই প্রকরণে উক্ত তিনপ্রকার বাংলা ও সংস্কৃত সংখ্যাবাচক শব্দ দেওয়া হইল।

ইংরেজীতে যেমন সংক্ষেপে Ist, 2nd, 3rd, 23rd, 24th ইত্যাদি লেখা হয়, বাংলায় সেইরূপ লিখিবার রীতি এই—১ হইতে ১৮ পর্যন্ত অঙ্কের পর 'ম, য়, র্থ, ঠ, শ' যোগ হয়, যথা—১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ঠ, ৭ম...১০ম, ১১শ... ১৮শ। ১৯ এবং তাহার ঊর্ধ্ববর্তী অঙ্কের পর 'তম' (বা সংক্ষেপে 'ম') যোগ হয়, যথা—'১৯ তম, ২৩ তম, ২৩৪ তম' অথবা '১৯ম' ইত্যাদি।

One-fourth = এক চতুর্থ অথবা চতুর্থ। three-fourths = ত্রি চতুর্থ। ninetieth part = ৯০ তম অংশ।

পরবর্তী তালিকায় সংস্কৃত সংখ্যাবাচক শব্দের যে রূপ দেওয়া হইল তাহা বাংলা সাধুপ্রয়োগে চলে। সংখ্যা বৃহৎ হইলে বাংলা পদ্ধতিতে লেখাই রীতি যথা—'পঞ্চষষ্ট্যধিক ত্রিশত' না লিখিয়া 'তিনশত পঁয়ষট্টি'।

দ্রষ্টব্য।—একই শব্দ দ্বারা অঙ্ক ও পরিমাণ সূচিত হয় (যেমন ইংরেজীতে। ১ হইতে ১০ পর্যন্ত এবং ১০ হইতে তদূর্ধ্বে পূরণবাচক শব্দের পৃথক রূপ। কিন্তু ১১ হইতে ১৮ পর্যন্ত অঙ্ক পরিমাণ ও পূরণ বাচক শব্দ সমান।

| বাংলা—অঙ্ক ও পরিমাণ বাচক | সংস্কৃত—অঙ্ক ও পরিমাণ বাচক | সংস্কৃত—পূরণবাচক |
|---|---|---|
| ১ এক | এক | প্রথম |
| ২ দুই | দ্বি | দ্বিতীয় |
| ৩ তিন | ত্রি | তৃতীয় |
| ৪ চার | চতুঃ (চতুর্) | চতুর্থ |
| ৫ পাঁচ | পঞ্চ (পঞ্চন্) | পঞ্চম |

## জ। সংখ্যাবাচক শব্দ

| বাংলা—অঙ্ক ও পরিমাণ বাচক | সংস্কৃত—অঙ্ক ও পরিমাণ বাচক | সংস্কৃত—পূরণবাচক |
|---|---|---|
| ৬ ছয় | ষট্ (ষষ্) | ষষ্ঠ |
| ৭ সাত | সপ্ত (সপ্তন্) | সপ্তম |
| ৮ আট | অষ্ট (অষ্টন্) | অষ্টম |
| ৯ নয় | নব (নবন্) | নবম |
| ১০ দশ | দশ (দশন্) | দশম |
| ১১ এগার ( -রো) | একাদশ ( -শন্) | একাদশ |
| ১২ বার ( -রো) | দ্বাদশ ( -শন্) | দ্বাদশ |
| ১৩ তের ( -রো) | ত্রয়োদশ ( -শন্) | ত্রয়োদশ |
| ১৪ চৌদ্দ/চোদ্দ | চতুর্দশ ( -শন্) | চতুর্দশ |
| ১৫ পনর ( -রো) | পঞ্চদশ ( -শন্) | পঞ্চদশ |
| ১৬ ষোল | ষোড়শ ( -শন্) | ষোড়শ |
| ১৭ সতর ( -রো) | সপ্তদশ ( -শন্) | সপ্তদশ |
| ১৮ আঠার ( -রো) | অষ্টাদশ ( -শন্) | অষ্টাদশ |
| ১৯ উনিশ, উ | ঊনবিংশতি | ঊনবিংশ, ঊনবিংশতিতম |
| ২০ কুড়ি, বিশ | বিংশতি | বিংশ, বিংশতিতম |
| ২১ একুশ | একবিংশতি | একবিংশ, একবিংশতিতম |
| ২২ বাইশ | দ্বা- | (ইত্যাদি) |
| ২৩ তেইশ | ত্রয়ো- | |
| ২৪ চব্বিশ | চতুর্বিংশতি | |
| ২৫ পঁচিশ | পঞ্চবিংশতি | |
| ২৬ ছাব্বিশ | ষড়্- | |
| ২৭ সাতাশ | সপ্ত- | |
| ২৮ আঠাশ | অষ্টা- | |
| ২৯ উনত্রিশ, উ | ঊনত্রিংশৎ | ঊনত্রিংশ, ঊনত্রিংশত্তম |

| বাংলা—অঙ্ক ও পরিমাণ বাচক | সংস্কৃত—অঙ্ক ও পরিমাণ বাচক | সংস্কৃত—পূরণবাচক |
|---|---|---|
| ৩০ ত্রিশ | ত্রিংশৎ | ত্রিংশ, ত্রিংশত্তম |
| ৩১ একত্রিশ | একত্রিংশৎ | একত্রিংশ, একত্রিংশত্তম |
| ৩২ বত্রিশ | দ্বা- | (ইত্যাদি) |
| ৩৩ তেত্রিশ | ত্রয়স্ত্রিংশৎ | |
| ৩৪ চৌত্রিশ | চতুস্ত্রিংশৎ | |
| ৩৫ পঁয়ত্রিশ | পঞ্চত্রিংশৎ | |
| ৩৬ ছত্রিশ | ষট্- | |
| ৩৭ সাঁইত্রিশ | সপ্ত- | |
| ৩৮ আটত্রিশ | অষ্টা- | |
| ৩৯ উনচল্লিশ, উ- | উনচত্বারিংশৎ | উনচত্বারিংশ, -শত্তম |
| ৪০ চল্লিশ | চত্বারিংশৎ | চত্বারিংশ, -শত্তম |
| ৪১ একচল্লিশ | একচত্বারিংশৎ | একচত্বারিংশ, -শত্তম |
| ৪২ বেয়াল্লিশ | দ্বি-, দ্বা- | (ইত্যাদি) |
| ৪৩ তেতাল্লিশ | ত্রিচত্বা-, ত্রয়শ্চত্বা- | |
| ৪৪ চুয়াল্লিশ/চো- | চতুশ্চত্বা- | |
| ৪৫ পঁয়তাল্লিশ | পঞ্চচত্বা- | |
| ৪৬ ছেচল্লিশ | ষট্- | |
| ৪৭ সাতচল্লিশ | সপ্ত- | |
| ৪৮ আটচল্লিশ | অষ্টা-, অষ্ট- | |
| ৪৯ উনপঞ্চাশ, উ- | উনপঞ্চাশৎ | উনপঞ্চাশত্তম |
| ৫০ পঞ্চাশ | পঞ্চাশৎ | পঞ্চাশ, পঞ্চাশত্তম |
| ৫১ একান্ন | একপঞ্চাশৎ | একপঞ্চাশত্তম |
| ৫২ বাহান্ন | দ্বি-, দ্বা- | (ইত্যাদি) |
| ৫৩ তিপ্পান্ন | ত্রি-, ত্রয়ঃ- | |

| বাংলা—অঙ্ক ও পরিমাণ বাচক | সংস্কৃত-অঙ্ক ও পরিমাণ বাচক | সংস্কৃত—পূরণবাচক |
|---|---|---|
| ৫৪ চুয়ান্ন/চো- | চতুঃ- | |
| ৫৫ পঞ্চান্ন | পঞ্চ- | |
| ৫৬ ছাপ্পান্ন | ষট্- | |
| ৫৭ সাতান্ন | সপ্ত- | |
| ৫৮ আটান্ন | অষ্টা-, অষ্ট- | |
| ৫৯ উনষাট, উ- | উনষষ্টি | উনষষ্টিতম |
| ৬০ ষাট | ষষ্টি | ষষ্টিতম |
| ৬১ একষট্টি | একষষ্টি | একষষ্টিতম |
| ৬২ বাষট্টি | দ্বি-, দ্বা- | ( ইত্যাদি ) |
| ৬৩ তেষট্টি | ত্রি, ত্রয়ঃ- | |
| ৬৪ চৌষট্টি | চতুঃ- | |
| ৬৫ পঁয়ষট্টি | পঞ্চ- | |
| ৬৬ ছেষট্টি | ষট্- | |
| ৬৭ সাতষট্টি | সপ্ত- | |
| ৬৮ আটষট্টি | অষ্টা-, অষ্ট- | |
| ৬৯ উনসত্তর, উ- | উনসপ্ততি | উনসপ্ততিতম |
| ৭০ সত্তর | সপ্ততি | সপ্ততিতম |
| ৭১ একাত্তর | একসপ্ততি | একসপ্ততিতম |
| ৭২ বাহাত্তর | দ্বি-, দ্বা- | ( ইত্যাদি ) |
| ৭৩ তিয়াত্তর / তে- | ত্রি-, ত্রয়ঃ- | |
| ৭৪ চুয়াত্তর / চো- | চতুঃ- | |
| ৭৫ পঁচাত্তর | পঞ্চ- | |
| ৭৬ ছিয়াত্তর / ছে- | ষট্- | |
| ৭৭ সাতাত্তর | সপ্ত- | |

| বাংলা—অঙ্ক ও পরিমাণ বাচক | সংস্কৃত—অঙ্ক ও পরিমাণ বাচক | সংস্কৃত—পুরণবাচক |
| --- | --- | --- |
| ৭৮ আটাত্তর | অষ্টা-, অষ্ট- | |
| ৭৯ উনআশি, উ- | ঊনাশীতি | ঊনাশীতিতম |
| ৮০ আশি | অশীতি | অশীতিতম |
| ৮১ একাশি | একাশীতি | একাশীতিতম |
| ৮২ বিরাশি | দ্ব্যশীতি | ( ইত্যাদি ) |
| ৮৩ তিরাশি | ত্র্যশীতি | |
| ৮৪ চুরাশি / চো- | চতুরশীতি | |
| ৮৫ পঁচাশি | পঞ্চাশীতি | |
| ৮৬ ছিয়াশি / ছে- | ষডশীতি | |
| ৮৭ সাতাশি | সপ্তাশীতি | |
| ৮৮ অষ্টআশি | অষ্টাশীতি | |
| ৮৯ উননব্বই, উ- | ঊননবতি | ঊননবতিতম |
| ৯০ নব্বই | নবতি | নবতিতম |
| ৯১ একানব্বই | একনবতি | একনবতিতম |
| ৯২ বিরানব্বই / বিরে- | দ্বি-, দ্বা- | ( ইত্যাদি ) |
| ৯৩ তিরানব্বই / তিরে- | ত্রি-, ত্রয়ো- | |
| ৯৪ চুরানব্বই / চোরো- | চতুর্নবতি | |
| ৯৫ পঁচানব্বই | পঞ্চনবতি | |
| ৯৬ ছিয়ানব্বই / ছে | ষণ্ণবতি | |
| ৯৭ সাতানব্বই | সপ্তনবতি | |
| ৯৮ অষ্টনব্বই / আটা- | অষ্টানবতি | |
| ৯৯ নিরানব্বই / নিরে- | নবনবতি, ঊনশত | নবনবতিতম, ঊনশততম |
| ১০০ এক শ | শত | শততম |
| ১০০০ এক হাজার | সহস্র | সহস্রতম |

| বাংলা—অঙ্ক ও পরিমাণ বাচক | সংস্কৃত—অঙ্ক ও পরিমাণ বাচক | সংস্কৃত—পূরণবাচক |
|---|---|---|
| ১০,০০০ দশ হাজার | দশসহস্র, অযুত | ( ইত্যাদি ) |
| ১০০,০০০ এক লাখ | লক্ষ | |
| ১০০,০০,০০০ এক কোটি (ক্রোর) | কোটি | |

১০১, ১০২ ইত্যাদি।—একাধিক শত, দ্ব্যধিক-, ত্র্যধিক-, চতুরধিক-, পঞ্চাধিক-, ষড়ধিক-, সপ্তাধিক-, অষ্টাধিক-, নবাধিক, দশাধিক-, একাদশাধিক- ইত্যাদি।

২০০, ৩০০ ইত্যাদি।—দ্বিশত, ত্রিশত, চতুঃশত ইত্যাদি।

৪,৫৬,৭৮৯—চতুর্লক্ষ ষট্‌পঞ্চাশৎসহস্র ঊননবত্যধিক সপ্তশত। ( বাংলায় লেখাই ভাল )।

## পুরণবাচক শব্দের স্ত্রীলিঙ্গ

'প্রথম, দ্বিতীয়, তৃতীয়,—স্ত্রীলিঙ্গে আকারান্ত, যথা—'প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া'। তাহার পর সকল শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত, যথা—'চতুর্থী, অষ্টাদশী, বিংশী বা বিংশতিতমী, সপ্ততিতমী' ইত্যাদি।

## মাসের তারিখ

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| পহেলা / পয়লা | ১লা | নউই | ৯ই | সতরই | ১৭ই | পঁচিশে | ২৫শে |
| দোসরা | ২রা | দশই | ১০ই | আঠারই | ১৮ই | ছাব্বিশে | ২৬শে |
| তেসরা | ৩রা | এগারই | ১১ই | উনিশে | ১৯শে | সাতাশে | ২৭শে |
| চউঠা / -ঠো | ৪ঠা | বারই | ১২ই | বিশে | ২০শে | আটাশে | ২৮শে |
| পাঁচই | ৫ই | তেরই | ১৩ই | একুশে | ২১শে | উনত্রিশে | ২৯শে |
| ছউই | ৬ই | চৌদ্দই / চো- | ১৪ই | বাইশে | ২২শে | ত্রিশে | ৩০শে |
| সাতই | ৭ই | পনরই | ১৫ই | তেইশে | ২৩শে | একত্রিশে | ৩১শে |
| আটই | ৮ই | ষোলই | ১৬ই | চব্বিশে | ২৪শে | বত্রিশে | ৩২শে |

## ঋ। অশুদ্ধ শব্দ

### বানানে বা শব্দের গঠনে ভুল

| ( শুদ্ধ ) | ( অশুদ্ধ ) | ( শুদ্ধ ) | ( অশুদ্ধ ) |
|---|---|---|---|
| অধীন | অধীনস্থ | পরিত্যাজ্য | পরিত্যজ্য |
| আয়ত্ত | আয়ত্তাধীন | পৈতৃক | পৈত্রিক |
| আয়ত্তি | আয়ত্ব | ফেন | ফেণ |
| আশিস্ | আশীষ | ভদ্রতা | ভদ্রস্থতা |
| উচিত | উচিৎ | ভান ( ছল ) | ভাণ |
| উৎকর্ষ | উৎকর্ষতা | মঞ্জরী | মুঞ্জরী |
| একত্র | একত্রিত | মহোপকার | মহদুপকার |
| ঐকতান | ঐক্যতান | মৃন্ময় | মৃণ্ময় |
| কুৎসিত | কুৎসিৎ | মৌন | মৌনতা |
| কেবল | কেবলমাত্র | মৌনী | মৌন |
| নিরাপৎসু | নিরাপদেষু | রক্ষিত্রী | রক্ষয়িত্রী |
| নিরাশ | নৈরাশ ( ণ. ) | সশঙ্ক | সশঙ্কিত |
| নির্ভীক | নির্ভীক্ | সৌজন্য | সৌজন্যতা |

### ব্যাকরণদুষ্ট কিন্তু বহুপ্রচলিত

| ( শুদ্ধ ) | ( অশুদ্ধ ) | ( শুদ্ধ ) | ( অশুদ্ধ ) |
|---|---|---|---|
| অনূদিত | অনুবাদিত | চিত, চায়িত | চয়িত |
| অর্ধাঙ্গী | অর্ধাঙ্গিনী | নিন্দক | নিন্দুক |
| আবশ্যক (ণ.) | আবশ্যকীয় | নির্বিরোধ | নির্বিরোধী |
| আহৃত | আহরিত | বিতীর্ণ, বিতারিত | বিতরিত |
| ইতঃপূর্বে | ইতিপূর্বে | মহারথ | মহারথী |
| ইতোমধ্যে | ইতিমধ্যে | মহিমময় | মহিমাময় |

| | | | |
|---|---|---|---|
| ইষ্ট | ইচ্ছিত | মোহ্যমান | মুহ্যমান |
| উপর্যুক্ত | উপরোক্ত | শরচ্চন্দ্র | শরৎচন্দ্র |
| কাতরভাবে | সকাতরে | সম্ভবপর | সম্ভব ( ণ. ) |
| ক্ষম | সক্ষম | সর্জন, সৃষ্টি | সৃজন |
| চল | সচল | সাধুতা | সততা |
| চলনশক্তি | চলৎশক্তি | সাবধান | সাবধানী |
| চাকচক্য | চাকচিক্য | সৃষ্ট | সৃজিত |

## শব্দের অপপ্রয়োগ

| | ( শুদ্ধ অর্থ ) | ( ভুল অর্থ ) |
|---|---|---|
| আঙ্গিক | | কৌশল, technique |
| ইতিকথা | অর্থশূন্য বাক্য | ইতিহাস |
| কর্মব্যপদেশে | কাজের ছুতায় | কর্মসূত্রে |
| দাক্ষিণাত্য | দক্ষিণ দেশীয় | দক্ষিণাপথ, Deccan |
| ধূম্র | ধূমল, ধূমবর্ণ | ধূম |
| পূর্বাহ্ণে | সকাল বেলায় | পূর্বে, আগে |
| প্রামাণ্য | প্রামাণিকতা | প্রামাণিক, প্রমাণসিদ্ধ |
| শায়িত | যাহাকে শোয়ানো হইয়াছে | যে শুইয়াছে, শয়িত |
| সংজ্ঞা | নাম, পরিভাষা | সংজ্ঞার্থ, definition |
| স্তিমিত | নিশ্চল। আর্দ্র | ক্ষীণ |

## ৫। পারিভাষিক শব্দ

### পাটীগণিত—Arithmetic, বীজগণিত—Algebra

absolute পরম
abstract number শুদ্ধ সংখ্যা
addition যোগ, সংকলন
aliquot part একাংশ
approximate আসন্ন, স্থূল
approximately স্থূলতঃ
approximate value আসন্নমান
arithmetic series সমান্তর শ্রেণী
average গড়। on an average গড়ে, হারাহারি
base (of logarithm) নিধান
binomial দ্বিপদ
by (÷) ভাজিত
cardinal অঙ্কবাচক
characteristic (of log.) পূর্ণক
coefficient গুণক, সহগ
combination সমবায়
commensurable প্রমেয়
complex জটিল
compound মিশ্র, যৌগিক
—interest চক্রবৃদ্ধি
concrete number বদ্ধ সংখ্যা
constant (quantity) ধ্রুবক
co-ordinates স্থানাঙ্ক
cube ঘন। ঘনফল
cube root ঘনমূল, তৃতীয় মূল
cubic ত্রিঘাত, ঘন
decimal দশমিক
denominator হর
difference অন্তর
differential calculus অন্তরকলন
digit অঙ্ক
dimension মাত্রা
dividend ভাজ্য। লাভাংশ
division ভাগ, হরণ
divisor ভাজক
double rule of three বহুরাশিক
duo-decimal দ্বাদশিক
elimination অপনয়ন
equation সমীকরণ
equivalent তুল্য, সমমূল্য
even যুগ্ম, সম, জোড়
evolution অবঘাতন
expansion বিস্তৃতি
exponential theorem সূচকসূত্র
expression রাশি, রাশিমালা
factor উৎপাদক, গুণনীয়ক
factorial গৌণিক
formula সূত্র
fraction ভগ্নাঙ্ক, ভগ্নাংশ
function অপেক্ষক
geometric series গুণোত্তর শ্রেণী
graph লেখ। চিত্র
graphical লৈখিক
harmonic series বিপরীত শ্রেণী
highest commonn factor, H.

C. F. গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক, গ. সা. গু.
homogeneous সমমাত্র
identity অভেদ
imaginary কল্পিত
improper (fraction) অপ্রকৃত
incommensurable অমেয়
indeterminant অনির্ণেয়
index সূচক
infinite, infinity অসীম, অনন্ত
integer পূর্ণসংখ্যা
integral calulus সমাকলন
into ( × ) গুণিত
inverse ratio ব্যস্ত অনুপাত
involution উদ্‌ঘাতন
irrational অমূলদ
logarithm লগারিদ্‌ম
lowest common multiple, L. C.M. লঘিষ্ঠ সাধারণ গুণিতক, ল. সা. গু.
magnitude মান, পরিমাণ
mantissa (of log.) অংশক
maximum চরম, বৃহত্তম
mean মধ্যক, সমক
minimum অবম, অল্পতম
minus বিযুক্ত
mixed (fraction) মিশ্র
multiple গুণিতক
multiplicand গুণ্য, গুণনীয়
multiplication গুণন, পূরণ
multiplier গুণক
negative ঋণ, নেগেটিভ
number সংখ্যা
numerator লব
odd অযুগ্ম, বিষম, বিজোড়
order ক্রম
ordinal পূরণবাচক
ordinate কোটি
per cent শতকরা, প্রতিশত
percentage শতকরা হার
permutation বিন্যাস
plus যুক্ত
positive ধন, পজিটিভ
power ঘাত
practice চলিত নিয়ম
present worth বর্তমান মূল্য
prime মৌলিক
product গুণফল
progression প্রগতি
proper (fraction) প্রকৃত
proportion সমানুপাত
quadratic দ্বিঘাত
quantity রাশি
quotient ভাগফল
rate দর। হার
ratio অনুপাত
rational মূলদ
reciprocal বিপরীত
recurring আবৃত্ত
reduction লঘুকরণ
remainder অবশিষ্ট, বাকি। শেষ
root মূল
rule of three ত্রৈরাশিক
series শ্রেণী

side (of equation) পক্ষ
sign চিহ্ন
significant সার্থক
simple সরল
simplification সরলীকরণ
simultaneous equation
    সহসমীকরণ
solution সমাধান
square বর্গ। বর্গফল
square root বর্গমূল, দ্বিতীয় মূল
subtraction বিয়োগ, ব্যবকলন
sum যোগফল, সমষ্টি
surd করণী
term পদ, রাশি
uniform সম
unit একক
unitary method ঐকিক নিয়ম
unknown quantity অজ্ঞাত রাশি
value মূল্য, মান
variable চল
variation ভেদ
vulgar (fraction) সামান্য
zero শূন্য

## জ্যামিতি—Geometry, কনিক—Conics, ত্রিকোণমিতি—Trigonometry

abscissa ভুজ
acute angle সূক্ষ্ম কোণ
adjacent সন্নিহিত
alternate একান্তর
angle কোণ
arc চাপ
area কালি, ক্ষেত্রফল
arm ভুজ, বাহু
axiom স্বতঃসিদ্ধ
axis অক্ষ
base ভূমি
centre কেন্দ্র
chord জ্যা
circle বৃত্ত
circular measure বৃত্তীয় মান
circumference পরিধি
circumscribed পরিলিখিত
coincidence সমাপতন
collinear একরেখীয়
complementary (angle) পূরক
concentric এককেন্দ্রীয়
concurrent সমবিন্দু
cone শঙ্কু
conjugate অনুবন্ধী, প্রতিযোগী
convergent অভিসারী
converse বিপরীত
co-ordinates স্থানাঙ্ক
coplanar একতলীয়

corollary অনুসিদ্ধান্ত
corresponding (angle) অনুরূপ
cosecant কোসেকাণ্ট্
cosine কোসাইন
cotangent কোট্যানজেণ্ট্
cross section প্রস্থচ্ছেদ
cube ঘনক
curved বক্র
cylinder বেলন
data উপাত্ত
deduction সিদ্ধান্ত
degree অংশ, ডিগ্রী
diagonal কর্ণ
diameter ব্যাস
dihedral angle দ্বিতল কোণ
directrix নিয়ামক
divergent অপসারী
eccentricity উৎকেন্দ্রতা
ellipse উপবৃত্ত
enunciation নির্বচন
equiangular সদৃশকোণ
equidistant সমদূরবর্তী
equilateral সমবাহু
escribed বহির্লিখিত
exterior angle বহিঃকোণ
external বহিস্থ
face তল, তট
figure চিত্র
focus ফোকস, নাভি
hyperbola পরাবৃত্ত
hypotenuse অতিভুজ
hypothesis প্রকল্প, কল্পনা

inclination নতি
included angle অন্তর্ভূত কোণ
inscribed অন্তর্লিখিত
internal অন্তস্থ
intersection ছেদ, প্রতিচ্ছেদ
irregular বিষম
isosceles সমদ্বিবাহু
latus rectum নাভিলম্ব, লেটস রেকটম
line রেখা
locus সঞ্চারপথ
longitudinal section দৈর্ঘ্যচ্ছেদ
major axis পরাক্ষ
minute মিনিট, কলা
normal অভিলম্ব
normal section লম্বচ্ছেদ
oblique section বক্রচ্ছেদ
obtuse angle স্থূল কোণ
octahedron অষ্টতলক
opposite (angle) বিপরীত
ordinate কোটি
parabola অধিবৃত্ত
parallel সমান্তরাল
parallelogram সামান্তরিক
pentagon পঞ্চভুজ
perimeter পরিসীমা
perpendicular লম্ব
plane সমতল
point বিন্দু
pole মেরু
polygon বহুভুজ
polyhedron বহুতলক

postulate স্বীকার্য
problem সম্পাদ্য
projection অভিক্ষেপ
proportional আনুপাতিক
proposition প্রতিজ্ঞা
pyramid শিখর, পিরামিড
quadrilateral চতুর্ভুজ
radian রেডিয়ান
radius অর, ব্যাসার্ধ
rectangle আয়ত ক্ষেত্র
rectilinear ঋজুরেখ
reflex angle প্রবৃদ্ধ কোণ
regular সুষম।—solid সমঘন
rhombus রম্বস
right angle সমকোণ
scalene বিষমভুজ
secant ছেদক। সেকাণ্ট্
second সেকেণ্ড, বিকলা
section ছেদ
sector বৃত্তকলা
segment (of circle) বৃত্তাংশ
semicircle অর্ধবৃত্ত
side ভুজ, বাহু
similar (triangle) সদৃশ
sine সাইন
size আয়তন
solid ঘন। ঘনবস্তু
—geometry ঘনজ্যামিতি
space স্থান, দেশ
spiral সর্পিল
square বর্গক্ষেত্র
straight সরল, ঋজু
subtended angle সম্মুখ কোণ
superposition উপরিপাত
supplementary (angle) সম্পূরক
surface তল, পৃষ্ঠ
symmetry প্রতিসাম্য
tangent স্পর্শক। ট্যানজেণ্ট্
tetrahedron চতুস্তলক
theorem উপপাদ্য
transverse তির্যক্
trapezium ট্রাপিজিয়ম
triangle ত্রিভুজ, ত্রিকোণ
trigonometrical ratios কোণানুপাত
vertex শীর্ষ
vertical angle শিরঃকোণ
vertically opposite বিপ্রতীপ
volume ঘনমান, ঘনফল। আয়তন

## বলবিদ্যা—Mechanics

acceleration ত্বরণ
attraction আকর্ষণ
axle অক্ষদণ্ড
capacity সামর্থ্য। ধারকত্ব
centre of gravity ভারকেন্দ্র
centrifugal কেন্দ্রাতিগ, অপকেন্দ্র
centripetal কেন্দ্রাভিগ, অভিকেন্দ্র
conservation নিত্যতা

density ঘনাঙ্ক
dynamic গতীয়
dynamics (kinetics) গতিবিদ্যা
elastic স্থিতিস্থাপক
energy শক্তি
equilibrium সাম্য। স্থিতি
force বল
friction ঘর্ষণ
fulcrum আলম্ব
gravitation মহাকর্ষ
gravity অভিকর্ষ
horizontal অনুভূমিক
impact সংঘাত
impulse, blow ঘাত
inclined নত
inertia জাড্য
kinematics স্থিতিবিদ্যা
kinetic গতীয়, চল-
kinetics (dynamics) গতিবিদ্যা
lever লিভার
mass ভর
matter. জড়
moment ভ্রামক
momentum ভরবেগ
motion গতি
neutral উদাসীন
parallelogram of forces বল-সামান্তরিক
pendulum দোলক
period দোলনকাল। পর্যায়কাল
periodic পর্যাবৃত্ত
*pitch, step ( of screw)* **খাক**
plane সমতল
plumb line ওলনদড়ি, লম্বসূত্র
position অবস্থিতি
potential (energy) স্থৈতিক
power ক্ষমতা
pressure প্রেষ, চাপ
projectile প্রাস
pull টান
pulley কপি
push ঠেলা
reaction প্রতিক্রিয়া
repulsion বিকর্ষণ
resistance বাধা
rest স্থিতি
resultant ষ্য. লব্ধি, ফল। পং. লব্ধ
retardation মন্দন
revolution পরিক্রমণ
screw স্ক্রু
speed দ্রুতি
spring স্প্রিং
stable সুপ্রতিষ্ঠ, সুস্থিত
static স্থিতীয়
statics স্থিতিবিদ্যা
tension টান
thread (of screw) গুণ
thrust ঘাত
unstable অপ্রতিষ্ঠ, দুস্থিত
velocity বেগ
vertical উল্লম্ব, খাড়া, ঊর্ধ্বাধ
weight ভার
work কার্য

## পদার্থবিদ্যা—Physics

aberration অপেরণ। chromatic – বর্ণাপেরণ। spherical – গোলাপেরণ
absolute পরম
absorbent শোষক
absorption শোষণ
accommodation, adjustment উপযোজন
achromatic অবার্ণ
adhesion আসঞ্জন
alternation (current) পরিবর্তী
amplitude বিস্তার
apparatus যন্ত্র, সাধিত্র
astigmatism বিষম দৃষ্টি
asymmetric অপ্রতিম
aurora অরোরা
balance তুলা
baloon বেলুন
beat অধিকম্প
bending নমন
boiling স্ফুটন, ফোটা। – point স্ফুটনাঙ্ক
buoyancy প্লবতা। প্লাবিতা
calibration ক্রমাঙ্কন
*capacity ধারকত্ব*
*capillary কৈশিক*
*charge আধান। charged আহিত*
chord (mnsic) স্বরসংগতি
co-efficient গুণাঙ্ক
cohesion সংসক্তি
coil কুণ্ডলি
colour বর্ণ
compass দিগদর্শী, কম্পাস
compression সংনমন
concave অবতল
concentration (of ray) সমাহরণ। concentrated সমাহৃত
condensation ঘনীভবন, ঘনীকরণ
conduction পরিবহণ
conductivity পরিবাহিতা
conductor পরিবাহী
conservation of energy শক্তির নিত্যতা
constant ষ্য. ধ্রুবক। ণ. ধ্রুব, নিত্য
contraction সংকোচন
convection পরিচলন
convergent অভিসারী
convex উত্তল
crystal কেলাস। (quartz) স্ফটিক
current প্রবাহ
deflection বিক্ষেপ
density ঘনত্ব। ঘনাঙ্ক
dew শিশির। dew point শিশিরাঙ্ক
diamagnetism তিরশ্চুম্বকতা
dip বিনতি
*direct current সমপ্রবাহ*
*discharge ক্ষরণ। মোক্ষণ*
*dispersion (of light) বিচ্ছুরণ*
*divergent অপসারী*
electricity বিদ্যুৎ, তড়িৎ

electrode তড়িদ্দ্বার
electrolysis তড়িদ্বিশ্লেষণ
electromagnet তড়িচ্চুম্বক
electromotive তড়িচ্চালক
electron ইলেক্‌ট্রন
ether ঈথর
evaporation বাষ্পীভবন। বাষ্পীকরণ
expansion প্রসারণ
fluid তরল ও বায়ব
fluorescence প্রতিপ্রভা। fluorescent প্রতিপ্রভ
focus ফোকস। real—সৎ ফোকস। virtual—অসৎ ফোকস
fog কুয়াশা
formula সংকেত
freezing point হিমাঙ্ক
gas গ্যাস। gaseous গ্যাসীয়
heat তাপ
horizontal অনুভূমিক
humidity আর্দ্রতা
hydraulic ঔদক
hydrostatics উদস্থিতিবিদ্যা
ice বরফ
image প্রতিবিম্ব। real—সদ্বিম্ব। virtual—অসদ্বিম্ব
incidence আপতন
induction আবেশ
*infra-red অবলোহিত, রঙ্গপূর্ব*
*insulated অন্তরিত। insulation অন্তরণ। insulator অন্তরক*
ion আয়ন। ionized আয়নিত

latent লীন
law নিয়ম, সূত্র
lens লেন্স্‌
level লেভ্‌ল, জলসম। অনুভূমিক
liquefaction গলন, তরলীভবন
magnet চুম্বক। magnetic চুম্বকীয়, চৌম্বক। magnetism চুম্বকত্ব
magnetization চুম্বকন
magnification বিবর্ধন
medium মাধ্যম
melting point গলনাঙ্ক
microscope অণুবীক্ষণ
mirage মরীচিকা
mirror দর্পণ, আরশি
musical scale স্বরগ্রাম
negative নেগেটিভ, অপর, অপরা
neutral উদাসীন
opaque অনচ্ছ
orange (colour) নারঙ্গ
oscillation দোলন
parallax লম্বন
pendulum দোলক
penumbra উপচ্ছায়া
period পর্যায়। কাল। periodic পর্যাবৃত্ত। periodicity পর্যাবৃত্তি
permeable প্রবেশ্য
phase দশা
phosphorescence অনুপ্রভা। *phosphorescent অনুপ্রভ*
*polarization (light) সমবর্তন*
*pole মেরু*
porous বহুরন্ধ্র। porosity সরন্ধ্রতা

positive পজিটিভ, পর, পরা
potential (electric) বিভব
pressure প্রেষ, চাপ
prism প্রিজ্‌ম
rarefication তনুকরণ
ray রশ্মি
reaction (physical) প্রতিক্রিয়া
reflection প্রতিফলন। ণ. প্রতিফলিত
refraction প্রতিসরণ। ণ. প্রতিসৃত
*refracting index* প্রতিসরাঙ্ক
*refrigeration* হিমায়ন
relative আপেক্ষিক, সাপেক্ষ
relativity আপেক্ষিকতা। theory of—অপেক্ষবাদ, আপেক্ষিকবাদ
repulsion বিকর্ষণ
resistance রোধ
resonance অনুনাদ
response সাড়া
saturation সংপৃক্তি
sensitive (balance) সুবেদী। (photoplate) সুগ্রাহী
shade, shadow ছায়া
solid কঠিন। ঘন। ঘনবস্তু
solidification ঘনীভবন। ঘনীকরণ
source প্রভব
specific gravity আপেক্ষিক গুরুত্ব
spectrum বর্ণালী
standard প্রমাণ
steam ষ্টীম
strain টান
stress পীড়ন
suction চোষণ
symmetry প্রতিসাম্য। symmetrical প্রতিসম
synchronism সমলয়
telescope দূরবীক্ষণ, দূরবীন
*television* দূরেক্ষণ
temperature উষ্মা, উষ্ণতা
tension তান, টান
*thermal* তাপীয়
*thermometer* থার্মমিটার, উষ্মমাপক
torsion ব্যাবর্তন
translucent ঈষদচ্ছ
transparent স্বচ্ছ
ultraviolet অতিবেগনী, রঙ্গোত্তর
umbra প্রচ্ছায়া
undulatory theory তারঙ্গবাদ
unit একক। মাত্রা
vacuum শূন্য
vapour বাষ্প
vibration কম্পন, স্পন্দন
violet বেগনী
viscocity সান্দ্রতা
vortex আবর্ত
wave তরঙ্গ
wind instrument সুষির যন্ত্র
wireless বেতার
x-ray এক্‌স রশ্মি

## রসায়ন—Chemistry

নবাগত রাসায়নিক দ্রব্যের ইংরেজী নামই বাংলা বানানে চলিবে, যথা— অক্সিজেন, আয়োডিন, প্লটিনম, গ্লিসারিন। এই প্রকার নাম তালিকায় দেওয়া হয় নাই।

absolute alcohol নির্জল কোহল
acid অম্ল, অ্যাসিড
active সক্রিয়
agate অকীক, আগেট
affinity আসক্তি
alcohol কোহল
alchalemy কিমিয়া
alkali ক্ষার। alkaline ক্ষারীয়
alkaloid উপক্ষার
alloy সংকর ধাতু
alum ফটকিরি
amalgam পারদসংকর
amorphous অনিবন্ধী
analysis বিশ্লেষণ। gravimetric —তৌলিক—। qualitative — আঙ্গিক—। quantitative— মাত্রিক—। volumetric — আয়তন—
anhydride নিরুদক
anhydrous অনার্দ্র
annealing কোমলায়ন
aqueous জলীয়
astringent কষায়
atom পরমাণু। atomic পারমাণবিক
balance তুলা
base ক্ষারক। basic ক্ষারকীয়। basic salt ক্ষারলবণ
bell-metal কাংস্য, কাঁসা
bellows ভস্ত্রা, হাপর
bleaching বিরঞ্জন
blow-pipe বাঁকনল।—flame ফুৎশিখা
blue vitriol তুত্থ, তুঁতিয়া
boiling স্ফুটন, ফোটা
bubble বুদ্বুদ
by-product উপজাত
calcination ভস্মীকরণ
calx ভস্ম
camphor কর্পূর
cane sugar ইক্ষুশর্করা
carbon অঙ্গারক, কার্বন
carbonic acid অঙ্গারাম্ল
catalysis অনুঘটন। catalyst অনুঘটক
caustic বিদ্রোহী
chalk খড়ি
chemical রাসায়নিক। রাসায়নিক-দ্রব্য
chemistry রসায়ন। analytical —বৈশ্লেষিক—। applied —

ব্যবহারিক—। bio- প্রাণ-। physical—ভৌত—। practical —ফলিত—। theoretical—তত্ত্বীয়—
cinnabar হিঙ্গুল
coagulation তঞ্চন
coal কয়লা। coal-tar আলকাতরা
combining weight যোজনভার
compound যৌগ, যৌগিক
combustible দাহ্য
combustion দহন
composition সংযুতি
concentration গাঢ়ীকরণ। গাঢ়ীভবন
constituent উপাদান
copper তাম্র, তামা
cork ছিপি, কর্ক
corrosive sublimate রসকর্পূর
crystal কেলাস। crystalline কেলাসিত। crystallization কেলাসন
crucible মুচি, মুষা
corrundum কুরুবিন্দ
decomposition বিয়োজন
decoction ক্বাথ। ক্বথন
decolourization বিরঞ্জন
dehydration নিরুদন
deliquescence উদগ্রহ। deliquescent উদগ্রাহী
destructive distillation অন্তর্ধূম পাতন
detonation বিস্ফোরণ
decantation আস্রাবণ
diamond হীরক
diffusion ব্যাপন
dilution লঘূকরণ
distillation পাতন। ণ. পাতিত
double decomposition পরিবর্ত
double salt দ্বিধাতুক লবণ
dry test শুষ্ক পরীক্ষা
ductility প্রসার্যতা
dye রঞ্জক। dying রঞ্জন
ebullition স্ফোটন
effervescence বুদ্বুদন
efflorescence উদত্যাগ
element মৌল, মৌলিক পদার্থ। elementary মৌলিক
emulsion অবদ্রব
enamel মিনা
equivalent তুল্যাঙ্ক
essential oil উদ্‌বায়ী তৈল, বান তৈল
evaporation বাষ্পীভবন। বাষ্পীকরণ
extraction নিষ্কাশন
explosion বিস্ফোরণ। explosive বিস্ফোরক
fat চর্বি। স্নেহদ্রব্য। fatty স্নেহ-, স্নেহময়
ferment খমির, কিণ্ব
fermentation সন্ধান। ণ. সন্ধিত
fertilizer সার
filtration পরিস্রুতি, পরিস্রাবণ। filtered পরিস্রুত
fireproof অগ্নিসহ

fixation বন্ধন
film সর
flame oxidizing জারক শিখা। reducing —বিজারক—
flash point জ্বলনাঙ্ক
flocculent পিঞ্জবৎ
formula সংকেত
fruit sugar ফলশর্করা
fuel ইন্ধন
furnace চুল্লী, combustion—দাহ-। muffle—সংবৃত —। reverberatory—পরাবর্ত—
fusion গলন
galena সীসাঞ্জন, গ্যালেনা
gas গ্যাস। gaseous গ্যাসীয়
glass কাচ
glaze চিক্কনলেপ
gold স্বর্ণ, সোনা
grape sugar দ্রাক্ষাশর্করা
green vitriol হিরাকস
graphite কৃষ্ণসীস, গ্রাফাইট
hard water খর জল
hardness খরতা। কঠোরতা
hygroscopic জলাকর্ষী
ignition জ্বালন
inorganic অজৈব
incandescent ভাস্বর
inert, inactive নিষ্ক্রিয়
indicator সূচক
indigo নীল
inflammable দাহ্য
ingredient উপাদান
iron লৌহ, লোহা। cast—ঢালাই লোহা। soft—কাঁচা—। wrought —পেটা লোহা, পিষ্ট লৌহ
isomorphous সমাকৃতি
lac লাক্ষা, গালা
lampblack ভুসা
law নিয়ম, সূত্র
layer স্তর
lead সীসক, সীসা
lime চুন
lime stone চুনাপাথর
liquefaction তরলীকরণ। -ভবন
litherge মুদ্রাশঙ্খ
lixiviation দ্রাবণ
manure সার
marble মারবেল, মর্মর
mechanical mixture সামান্য মিশ্র
mercury পারদ
metal ধাতু। noble—বরধাতু। base—অবরধাতু
metallic ধাতব।—lustre দ্যুতি।
metallurgy ধাতুবিদ্যা
mica অভ্র
mine খনি
mineral খনিজ। মণিক। mineralogy মণিকবিদ্যা
minium সীসসিন্দুর, মেটেসিন্দুর
mixture মিশ্র
molecule অণু। molecular আণবিক
mortar খল
nascent জায়মান

neutral প্রশমিত। neutral salt-প্রশম লবণ। neutralization প্রশমন
nitre শোরা
non-metal অধাতু
occlusion অন্তর্ধৃতি
occurrence অবস্থান
organic জৈব
orpiment হরিতাল
osmosis অভিস্রবণ
perfect gas জাত্য গ্যাস
physical property ভৌত ধর্ম
percolation অনুস্রবণ
periodic law পর্যায়সূত্র
pigment রঞ্জক
plating ধাতুলেপন
plastic নমনীয়
precipitate অধঃক্ষেপ। precipitation অধঃক্ষেপণ
putrefaction শটন, পচন
pyrite মাক্ষিক
quartz স্ফটিক
quicklime কলিচুন
radioactive তেজস্ক্রিয়
rare earth বিরলমৃত্তিক
reaction (chemical) বিক্রিয়া
reagent বিকারক
realgar মমছাল, মনঃশিলা
rectified spitit শোধিত কোহল
reduction বিজারণ
refractory দুর্গল
retort বকযন্ত্র, রিটর্ট
resin রজন
rock salt খনিজ লবণ
ruby পদ্মরাগ, চুনি
salammoniac নিশাদল
saline লাবণিক
salt লবণ। common—খাদ্যলবণ। compound—যৌগ—। double—দ্বিধাতুক—। neutral —প্রশম—। normal—পূর্ণ—
sandstone বালুপ্রস্তর, বেলেপাথর
saponification সাবান-ভবন
saturated সংপৃক্ত। স্ত্রী. সংপৃক্তি
supersaturation অতিপৃক্তি
sediment কল্ক, গাদ
silver রৌপ্য, রূপা।
solder ঝাল
slag ধাতুমল
smelting বিগলন
soft water মৃদুজল
solubility দ্রাব্যতা
soluble দ্রবণীয়
solution দ্রবণ। দ্রব
solvent দ্রাবক
sieve চালনী
spirit স্পিরিট, কোহল
spontaneous combustion স্বতোদহন
stable স্থায়ী
standard solution প্রমাণ দ্রব
standardization প্রমিত করণ
starch স্টার্চ্, শ্বেতসার
still পাতনযন্ত্র

sublimation ঊর্ধ্বপাতন
sugar শর্করা। চিনি
sulphur গন্ধক
suspension অবলম্বন
symbol চিহ্ন
synthesis সংশ্লেষণ। synthetic সংশ্লিষ্ট, ঘটিত
sapphire নীলকান্ত, নীলা
smelting ধাতুনিষ্কাশন
tin রঙ্গ, রাং
tempering পান দেওয়া
trituration বিচূর্ণন
turpentine তার্পিন
union সংযোগ
vapour বাষ্প
vinegar সিরকা
viscous সান্দ্র। viscosity সান্দ্রতা
vitreous কাচীয়
volatile উদ্বায়ী
vermillion সিন্দূর
waterproof জলাভেদ্য
watertight জলরোধক
wax মোম,
white arsenic সেঁকো
white lead সীসশ্বেত, সফেদা
zinc দস্তা
zircon গোমেদ

## জ্যোতিষ—Astronomy

aberration অপেরণ
altitude উন্নতি
annual motion বার্ষিক গতি
aphelion অপসূর
apogee অপভূ
apparent আপাত
ascending node উদ্‌বিন্দু, উচ্চপাত। (lunar) রাহু
asteriods গ্রহাণুপুঞ্জ
autumnal equinox জলবিষুব
azimuth দিগংশ
binary star যুগ্মতারা
Canopus অগস্ত্য
celestial equator, equinoctial খ-বিষুবরেখা, খ-বিষুববৃত্ত
celestial latitude ক্রান্তিলম্ব, বিক্ষেপ
—longitude ভুজাংশ, ক্রান্ত্যাংশ
—sphere খগোল
collimation অক্ষীকরণ, কলিমেশন
comet ধূমকেতু
conjunction (of planets)সংযোগ
constellation নক্ষত্র। তারামণ্ডল
culmination মধ্যগমন
cycle চক্র
declination বিষুবলম্ব
descending node অববিন্দু, নিম্নপাত। (lunar) কেতু

deviation চ্যুতি
diurnal আহ্নিক, দৈনিক
Earth পৃথিবী
ebb tide ভাটা
eclipse গ্রহণ। annular—বলয়-গ্রাস। partial—খণ্ডগ্রাস। total—পূর্ণগ্রাস
ecliptic ক্রান্তিবৃত্ত
equation of time কালশোধন
equator নিরক্ষরেখা, ভূ-বিষুবরেখা, -বৃত্ত। equatorial নিরক্ষীয়
equinoctial (celestial equator দেখ)
equinox (time) বিষুব
flow tide জোয়ার
full moon পূর্ণিমা
galaxy ছায়াপথ
geocentric ভূকেন্দ্রীয়
heliocentric সূর্যকেন্দ্রী
horizon (circle) দিগন্ত। (plane) ক্ষিতিজ। horizontal অনুভূমিক
interior planet অন্তর্গ্রহ
interstellar space আন্তঃপ্রদেশ
Jupiter বৃহস্পতি
leap-year অধিবর্ষ
local time স্থানীয় কাল
lunar চান্দ্র
lunation চান্দ্রমাস
Mars মঙ্গল
mean time মধ্যকাল
Mercury বুধ
meridian -মধ্যরেখা। —plane মধ্যতল
meteor উল্কা। meteorite উল্কা-পিণ্ড
Moon চন্দ্র
nadir কুবিন্দু
neap-tide লঘুস্ফীতি, মরা কটাল
nebula নীহারিকা
Neptune নেপচুন
new moon অমাবস্যা
node পাত
nutation অক্ষবিচলন
observatory মানমন্দির
opposition প্রতিযোগ
orbit কক্ষ
Orion কালপুরুষ
parallax লম্বন
penumbra উপচ্ছায়া
perigee অনুভূ
perihelion অনুসূর
phase কলা
planet গ্রহ
Pluto প্লুটো
polar axis ধ্রুবাক্ষ
—distance লম্বাংশ
pole মেরু। -star ধ্রুবতারা
precession অয়নচলন
prime meridian মূল মধ্যরেখা
prime vertical পূর্বাপরবৃত্ত
progression অগ্রগতি
regression পশ্চাদ্গতি
right ascension বিষুবাংশ
satellite উপগ্রহ

Saturn শনি
siderial time নাক্ষত্রকাল
Sirius লুব্ধক
solstice অয়নান্ত
spring-tide গুরুস্ফীতি, তেজ কটাল
star তারা, তারকা
summer solstice কর্কটক্রান্তি
Sun সূর্য
sun-spot সৌর কলঙ্ক
sun-dial সূর্যঘড়ি
superior planet বহির্গ্রহ
synodic period যুতিকাল
tide জোয়ার-ভাটা, জলস্ফীতি
transit circle মধ্যবৃত্ত
twilight সন্ধ্যালোক
umbra প্রচ্ছায়া
Uranus ইউরেনস
Ursa major সপ্তর্ষিমণ্ডল
Ursa minor শিশুমার
Vega অভিজিৎ
Venus শুক্র
vernal equinox মহাবিষুব
vertical উল্লম্ব, ঊর্ধ্বাধ
—circle লম্ববৃত্ত
winter solstice মকরক্রান্তি
zenith খমধ্য, সুবিন্দু
—distance নতাংশ

## ভূগোল—Geography, ভূবিদ্যা—Geology

abyssal অতল
alluvial পাললিক, পলি[illegible]
alluvium পলি
antarctic circle কুমেরুবৃত্ত
antipodal প্রতিপাদ
archipelago দ্বীপপুঞ্জ
arctic circle সুমেরুবৃত্ত
argillaceous মৃন্ময়
atmosphere বায়ুমণ্ডল, আবহমণ্ডল
avalanche হিমানী-সম্প্রপাত
axis, Earth's মেরুরেখা
azoic অজীবীয়
bank তীর, তট
bar চর
barysphere গুরুমণ্ডল
basin অববাহিকা, পর্যঙ্ক।
catchment পরিবাহক্ষেত্র
bay, gulf উপসাগর
boulder গণ্ডশিলা
branch শাখানদী
cainozoic নবজীবীয়
calcareous চূর্ণকময়
cape অন্তরীপ
channel প্রণালী
clevage সম্ভেদ
coast উপকূল।—line তটরেখা
continent মহাদেশ
contour সমোন্নতিরেখা

coral island প্রবালদ্বীপ
—reef প্রবালপ্রাচীর
country দেশ
crust of the Earth ভূত্বক্
crystalline rock কেলাসিত শিলা
cyclone ঘূর্ণবাত
defile গিরিসংকট
delta ব-দ্বীপ
deposition অবক্ষেপ
desert মরুভূমি
equator নিরক্ষরেখা, ভূ-বিষুবরেখা
erotion ক্ষয়
estuary খাড়ি
fall জলপ্রপাত
fault ধ্বংস
fold ভাঁজ, বলি
fold mountain বলিত পর্বত
geyser উষ্ণপ্রস্রবণ
glacier হিমবাহ
globe ভূগোলক
gorge গিরিখাত
gulf উপসাগর
harbour, haven পোতাশ্রয়
hemisphere গোলার্ধ
*hill* পাহাড়
hydrosphere বারিমণ্ডল
ice cap হিমমুকুট
iceberg হিমশৈল
ingneous আগ্নেয়
*impervious* অপ্রবেশ্য
*isobar* সমপ্রেষ-রেখা
**isohyet সমবর্ষণ-রেখা**

isotherm সমোষ্ণরেখা
isthmus যোজক
lagoon উপহ্রদ, লাগুন
lake হ্রদ
landslip ভূমিস্খলন, ধস
latitude অক্ষাংশ। parallel of—
সমাক্ষরেখা
lime stone চুনাপাথর
lithosphere অশ্মমণ্ডল
loam দোআঁশ মাটি
longitude দেশান্তর, দ্রাঘিমা
map মানচিত্র
Mediterranean Sea ভূমধ্যসাগর
mesozoic মধ্যজীবীয়
metamorphic রূপান্তরিত
meteorite উল্কা
meteorology আবহবিদ্যা
mineral খনিজ। মণিক
monsoon মৌসুমী বায়ু
mountain পর্বত। block—স্তূপ।
fold—ভঙ্গিল—
mountain range পর্বতশ্রেণী
—system গিরিক্রম
mouth মোহানা
*navigable* নাব্য
oasis মরূদ্যান
ocean মহাসাগর। Antarctic—
কুমেরু-। Arctic—সুমেরু—।
Atlantic—আটলান্টিক—।
*Pacific—প্রশান্ত—। Indian*
—ভারত—। Southern—
দক্ষিণ—

ooze সিন্ধুকর্দ
outcrop উদ্‌ভেদ
palaeozoic পুরাজীবীয়
pass গিরিদ্বার
peak শৃঙ্গ, শিখর, চূড়া
peninsula উপদ্বীপ
permeable প্রবেশ্য
physiography ভূমিবৃত্তি
plains সমভূমি
plateau মালভূমি
plutonic পাতালিক
pole মেরু। North—সুমেরু। South—কুমেরু
port বন্দর
promontory শৈলান্তরীপ
province প্রদেশ
rapid নদীপ্রপাত
ravine দরি
region অঞ্চল
relict mountain শিষ্টপর্বত
relief বন্ধুরতা। ণ. বন্ধুর, উচ্চাবচ
ridge শৈলশিরা
river নদী
—basin অববাহিকা, পর্যঙ্ক
—*bed* নদীগর্ভ
rook শিলা
sea সমুদ্র, সাগর। —beach সৈকত। —level সাগরাঙ্ক
sedimentary rock পাললিক শিলা
*silt* পঙ্ক
slope ঢাল
snow তুষার। snow-line হিমরেখা
spring প্রস্রবণ, ঝরনা
state রাষ্ট্র
strait প্রণালী
stratum স্তর। stratfication স্তরবিন্যাস। stratified স্তরিত
submarine অন্তঃসাগরীয়
sub-soil অন্তর্ভূমি
subterranean ভূগর্ভস্থ। —*river* অন্তঃসলিলা নদী
suburb শহরতলি, উপপুর
summit শীর্ষ, শিখর
syncline অবতল-ভঙ্গ
table-land সমমালভূমি
tide জোয়ার-ভাটা। ebb-, low—ভাটা। high, flow—জোয়ার। flood-ভরা জোয়ার। neap-মরা কটাল। spring- তেজ কটাল
topography ভূসংস্থান
tornado ঘূর্ণবাত, টর্নাডো
trade wind ট্রেড বায়ু, আয়ন বায়ু
tributary উপনদী
Tropic of Cancer কর্কটক্রান্তিবৃত্ত
Tropic of Capricorn মকরক্রান্তিবৃত্ত
*tropics* গ্রীষ্মমণ্ডল
urban পৌর
valley উপত্যকা
volcano আগ্নেয়গিরি। active—জীবন্ত—। *extinct*— মৃত—। dormant—সুপ্ত—
*waterfall গিরিপ্রপাত*
watershed, -parting

জলবিভাজিকা
water spout জলস্তম্ভ
weather আবহাওয়া, আবহ
whirlwind ঘূর্ণবায়ু
zone বলয়, মণ্ডল। frigid- হিমমণ্ডল। temperate- নাতিশীতোষ্ণ—। torrid- গ্রীষ্ম—

## জীববিদ্যা—Biology

*নিম্নলিখিত শব্দগুলি উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা উভয়েতে প্রযোজ্য*

abiogenesis অজীবজনি
abortive লুপ্ত
acquired character লব্ধ গুণ
adaptation অভিযোজন, প্রতিযোজন
amphibious উভয়চর
anabolism উপচিতি
analogous সমবৃত্তি
ancestral কৌলিক
appendage উপাঙ্গ
aquatic জলজ। জলচর
articulate সন্ধিযুক্ত
asexual অযৌন
assimilation আত্তীকরণ
biogenesis জীবজনি
biologist জীববিৎ
bisexual উভয়লিঙ্গ, দ্বিলিঙ্গ
bristle কূর্চ
bud কোরক। budding কোরকোদ্গম
cell কোষ, সেল
cell-wall কোষপ্রাচীর, সেল-
character লক্ষণ
chromosome ক্রোমোসোম
class শ্রেণী। sub-class উপশ্রেণী
classification শ্রেণীবন্ধ, শ্রেণীবিভাগ
colony সংঘ
contractile সংকোচী
culture (of bacteria etc.) কৃষ্টি
daughter cell অপত্যকোষ
defensive রক্ষাকর
degeneration অপজাত্য
descent উদ্ভব
differentiation বিভেদ
distribution বিস্তারণ সংস্থান
dominant প্রকট
dormant, latent অব্যক্ত
dorsal পৃষ্ঠ্য, পৃষ্ঠ-
ecology বাস্তব্যবিদ্যা
elimination বর্জন
embryo ভ্রূণ। embryology—বিদ্যা
environment প্রতিবেশ
ephemeral ক্ষণস্থায়ী
evolution অভিব্যক্তি
exotic বিদেশীয়
extinct লুপ্ত

family গোত্র
fertilization নিষেক, গর্ভাধান
fossil জীবাশ্ম। fossilized অশ্মীভূত, শিলীভূত
gamete জননকোষ, গ্যামিট
generation জনি
generation, reproduction জনন
genetics প্রজননবিদ্যা
genus গণ
germ cell জননকোষ, জনন-সেল
growth বৃদ্ধি
habit আচরণ, বৃত্তি
habitat বসতি
hereditary বংশগত
heredity বংশগতি
hermaphrodite উভয়লিঙ্গ
hibernation শীতস্তম্ভ
histology কলাস্থান
homogamous সমপরিণত
homologous সমসংস্থ
host পোষক
hybrid সংকর
irritability উত্তেজিতা
katabolism অপচিতি
kingdom সর্গ
life cycle জীবনচক্র
life history জীবনবৃত্তান্ত
littoral বেলাবাসী
marine সামুদ্র, সমুদ্র-
metabolism বিপাক। metabolic বিপাকীয়
metamorphosis রূপান্তর
mimicry অনুকৃতি
modification পরিবর্তন
morphology অঙ্গসংস্থান
mutation পরিব্যক্তি, মিউটেশন
natural history জীববৃত্তান্ত
naturalist নিসর্গী, নিসর্গবেদী
natural selection প্রাকৃতিকনির্বাচন
nucleus নিউক্লিয়স
ontogeny ব্যক্তিজনি
order বর্গ। sub-order উপবর্গ
organism জীব
origin উৎপত্তি
ovary ডিম্বাশয়
ovule ডিম্বক, ওভিউল
ovum ডিম্বাণু
palaeontology প্রত্নজীববিদ্যা
parasite পরজীবী
parent জনিতা
parthenogenesis অপুংজনি
pelagic সমুদ্রচর
phylum পর্ব
phylogeny জাতিজনি
plankton প্লাংকটন
protoplasm প্রোটোপ্লাজ্‌ম
race জাতি
reproduction জনন
response সাড়া, প্রতিক্রিয়া
reversion পূর্বানুবৃত্তি
selection নির্বাচন
sensitive স্ববেদী
species প্রজাতি
sterile বন্ধ্য

stimulus উদ্দীপক
survival উদ্বর্তন
symbiosis মিথোজীবিতা
tribe দল
type জাতিরূপ
unisexual একলিঙ্গ
variation প্রকারণ
variety প্রকার
ventral অঙ্কীয়

## উদ্ভিদবিদ্যা—Botany

acotyledon অবীজপত্রী
adventitious অস্থানিক
aerial root অবরোহ
aerobic বায়ুজীবী
algæ শেওলা, অ্যালজী
anærobic অবায়ুজীবী
angiosperm গুপ্তজীবী
annual বর্ষজীবী
anther পরাগধানী
aquatic জলজ
awn শূক
bacillus ব্যাসিলস
bacteria ব্যাকটিরিয়া
bark বল্কল
blade ফলক
bract পুষ্পধর পত্র, মঞ্জরীপত্র
branching শাখাবিন্যাস
bud মুকুল, প্রবাল
bulb কন্দ
calyx বৃতি
carpel গর্ভপত্র
climber রোহিণী
cordate তাম্বূলাকার
corolla দলমণ্ডল
corm কর্ম্
corona মুকুট
cotyledon বীজপত্র
creeper ব্রততী
crenate সভঙ্গ
cruciform ক্রুসাকার
cryptogam অপুষ্পক উদ্ভিদ
culm তৃণকাণ্ড
cyme স্তবক, সাইম
deciduous (leaf) পাতী
—(tree) পর্ণমোচী
dentate দন্তুর
diandrous দ্বিকেশর
diclinous, unisexual একলিঙ্গ
dicotyledon দ্বিবীজপত্রী
digitate অঙ্গুলাকার
dioecious ভিন্নবাসী
endocarp ফলের অন্তস্ত্বক্
endogenous অন্তর্জনিষ্ণু
endosperm সস্য
evergreen চিরহরিৎ
flora উদ্ভিদকুল
fruit ফল
fungus ছত্রাক

fusiform মূলকাকার
gamopetalous যুক্তদল
gamosepalous যুক্তবৃতি
germination অঙ্কুরোদ্গম
gymnosperm ব্যক্তবীজী
gynandrous যোষিৎপুংস্ক
heliotropism সূর্যাবৃত্তি
inflorescence পুষ্পবিন্যাস
kernel অন্তর্বীজ
labiate ওষ্ঠাকার
lanceolate ভল্লাকার
latex তরুক্ষীর
leaf পত্র, পর্ণ। leaf-bud পত্রমুকুল
legume শিম্ব
lichen লাইকেন
mesocarp ফলের মধ্যত্বক্
monoclinous উভয়লিঙ্গ
monocotyledon একবীজপত্রী
monoecious সহবাসী
mould ছাতা, চিতি
nectar মকরন্দ, মধু
node পর্ব
perennial বহুবর্ষজীবী, চিরজীবী
perianth পুষ্পপুট
pericarp ফলত্বক্
petal দল, পাপড়ি
phanerogam সপুষ্পক উদ্ভিদ
photosynthesis সালোকসংশ্লেষ
pinnate পক্ষল
pistil গর্ভকেশর
pith মজ্জা
pollen পরাগ। pollination পরাগযোগ
polycotyledon বহুবীজপত্রী
polygamous বিমিশ্র, মিশ্রবাসী, ব্যামিশ্র
root মূল
sac স্থলী
seed বীজ
sepal বৃত্যংশ
serrate ক্রকচ
shrub গুল্ম
spine পত্রকণ্টক
spore রেণু
stem কাণ্ড
stigma গর্ভমুণ্ড
style গর্ভদণ্ড
tendril আকর্ষ
tree বৃক্ষ
unisexual একলিঙ্গ
wood কাষ্ঠ
yeast ঈস্ট্

## প্রাণিবিদ্যা—Zoology

এই বিভাগের অনেক শব্দ শারীরবৃত্ত বিভাগে দেওয়া হইয়াছে

air-bladder পটকা, বায়ুস্থলী
ape বনমানুষ
animalcule কীটাণু, সূক্ষ্মকীট
antenna শুঙ্গ, অ্যানটেনা

anterior অগ্র-, পুরঃ-
arthropod সন্ধিপদ
articulated গ্রথিত, গ্রন্থিল
bat চামচিকা
beak, bill চঞ্চু
beaver বীবর
beetle বীট্‌ল
biped দ্বিপদ
bladder স্থলী
boa অজগর
breeding প্রজন
burrow গর্ত, বিবর। burrowing গর্তকারী, গর্তবাসী
butterfly প্রজাপতি
canine শ্বান
carapace বর্ম, ক্যারাপেস
carnivorous মাংসাশী
caterpillar শুঁয়াপোকা, শূক
centipede শতপদ। বিছা, বৃশ্চিক
chaetopod শূকপদ
chrysalis ক্রিসালিস
claw নখর। দংষ্ট্রা
cocoon গুটি
cold-blooded অনুষ্ণশোণিত
colouration বর্ণগ্রহ। protective —রক্ষাবর্ণ
compound eye পুঞ্জাক্ষি
crayfish চিংড়ি, চিঙ্গট
cricket ঝিঁঝি, ঝিল্লী
crustacean কবচী
dorsal পৃষ্ঠ্য, পৃষ্ঠ-
drone পুংমধুপ
earthworm কেঁচো, মহীলতা
egg ডিম্ব, ডিম, অণ্ড
endoskeleton অন্তঃকঙ্কাল
entomology পতঙ্গবিদ্যা
exoskeleton বহিঃকঙ্কাল
fang বিষদন্ত
fauna প্রাণিকুল
feather পালক, প্রপক্ষ
feline বৈড়াল
fin পাখনা
flying fox বাদুড
foetus ভ্রূণ
forelimb অগ্রপদ
frugivorous ফলাশী
gastropod উদরপদ
gill ফুলকা, কঙ্কত। gill flap কানকো
gizzard গিজার্ড্
gregarious সংঘিত, যূথচর, -চারী
hedgehog কাঁটাচুয়া
herbivorous শাকাশী
hind limb পশ্চাৎপদ
hive চাক
hood ফণা
hoof খুর
horn শৃঙ্গ, শিং
imago সমঙ্গ
insect পতঙ্গ
insectivorous পতঙ্গাশী
invertebrate অমেরুদণ্ডী
larva শূক, লার্ভা
leg, jointed সন্ধিত পদ

lobster গলদা চিংড়ি
mane কেশর
mammal স্তন্যপায়ী
marsupial অঙ্কগর্ভ
millipede সহস্রপদ, কেন্নো
molusc কম্বোজ
moth মথ
moulting নির্মোচন
neuter ক্লীব
omnivorous সর্বাশী
oviparous ডিম্বজ
ostrich উটপাখি
oyster ঝিনুক, শুক্তি
parrot শুক
parental care জনিতৃযত্ন
parthenogenesis অপুংজনি
partridge তিত্তির, তিতির
paw থাবা
pedigree কুলজি
placenta অমরা, ফুল
plankton প্ল্যাংকটন
porcupine শজারু, শল্লকী
prawn বাগদা চিংড়ি, মোচা চিংড়ি
prehensile গ্রাহী
proboscis শুণ্ড, শুঁড়
pseudopodium ক্ষণপদ
pupa পিউপা
quadruped চতুষ্পদ
reptile সরীসৃপ
rodent তীক্ষ্ণদন্ত
ruminant রোমন্থক
scale শল্ক, শকল। আঁশ
shark হাঙ্গর
shell খোলক
shrew ছুঁচা
simple eye সরলাক্ষি
slough খোলস, নির্মোক
snail শম্বুক, শামুক
snout তুণ্ড
social সামাজিক
spine শল, কণ্টক
sting হুল, অল
sucker চোষক
talons নখর
testes শুক্রাশয়
toad টোড
tusk প্রদন্ত
vertebrate মেরুদণ্ডী
viviparous জরায়ুজ
web-footed জালপাদ, লিপ্তপাদ
whale তিমি
worker কর্মী
worm কৃমি

## শারীরবৃত্ত—Physiology, স্বাস্থ্যবিদ্যা—Hygiene

abdomen উদর
Adam's apple কণ্ঠমণি
adenoids গলরসগ্রন্থি
alimentary canal পৌষ্টিক নালী, মহাস্রোত
anaemia রক্তাল্পতা

anatomy শারীরস্থান
antiseptic বীজবারক
antitoxin প্রতিবিষ, অ্যান্টিটক্সিন
anus পায়ু
aorta মহাধমনী, অ্যাওর্টা
appetite ক্ষুধা। loss of—ক্ষুধামান্দ্য
arm—বাহু। upper—প্রগণ্ড
artery ধমনী
artificial কৃত্রিম। —feeding কৃত্রিম খাদন। —respiration কৃত্রিম শ্বসন
aseptic নির্বীজ
assimilation আত্তীকরণ
auricle অলিন্দ
balanced diet সুষম খাদ্য
bile পিত্ত
bladder বস্তি
blood রক্ত। ciruculation of—রক্ত-সংবহন। clotting of—রক্ততঞ্চন। — pressure —রক্তপ্রেষ। — vessel রক্তবাহ
bone অস্থি, হাড়। breast—উরঃফলক। carpal—করকূর্চাস্থি। hip—নিতম্বাস্থি। innominate —জঘন-কপাল। metacarpal —করাঙ্গুলি - মূল - শলাকা। metatarsal — পাদাঙ্গুলি-মূল-শলাকা। thigh—উর্বস্থি
bowel অন্ত্র
brain মস্তিষ্ক
breathing শ্বসন, শ্বাসকর্ম
bronchus ক্লোমশাখা
capillaries জালক
cartilage তরুণাস্থি
cerebellum ধম্মিলক, লঘুমস্তিষ্ক
cerebrum গুরুমস্তিষ্ক
chest বক্ষ
choroid coat কৃষ্ণমণ্ডল
chyme পাকমণ্ড
coccyx অনুত্রিকাস্থি
collar bone অক্ষকাস্থি
colon মলাশয়
conjunctiva নেত্রবর্ত্মকলা
cornea অচ্ছোদ পটল
corpuscles, blood রক্তকণিকা। red—লোহিত—। white—শ্বেত—
cranium করোটিকা
cuticle কৃত্তিক
dermis অন্তস্ত্বক্‌
diaphragm মধ্যচ্ছদা
diet খাদ্য
digestion পরিপাক, হজম
discharge স্রাব
disease রোগ, ব্যাধি। contagious —স্পর্শক্রামী, ছোঁয়াচে—। epidemic—মারী। infectious—সংক্রামী—। water-borne—জলবাহিত—
disinfectant বীজঘ্ন। disinfection নির্বীজন
ducts, thoracic মুখ্যা ( বামা ) রসকুল্যা

duodenum গ্রহণী
eye চক্ষু। -ball নেত্রগোলক
fainting মূর্ছা
femur ঊর্বস্থি
ferment কিণ্ব
fibula অণুজঙ্ঘাস্থি
foramen magnum মহাবিবর
gall-bladder পিত্তাশয়
ganglion নার্ভ-গ্রন্থি, গ্যাংগ্লিয়ন
germ বীজ, রোগবীজ
gland গ্রন্থি
gullet গ্রাসনালী
gum মাড়ী
health স্বাস্থ্য
heart হৃৎপিণ্ড। -beat হৃদ্‌ঘাত
humerus প্রগণ্ডাস্থি
immune অনাক্রম্য। য্য -তা
inspiration প্রশ্বাস
instep পদপৃষ্ঠ
instestine অন্ত্র। large—বৃহদন্ত্র
small—ক্ষুদ্রান্ত্র
iris কনীনিকা
joint সন্ধি
juice, gastric পাচক রস
kidney বৃক্ক
knee জানু। knee-cap—
মালাইচাকি, জানুকাপালিক
larynx স্বরযন্ত্র, লারিংক্স্‌
ligament সন্ধিবন্ধনী
limb অঙ্গ
liver যকৃৎ
loin কটি
longsightedness দূরবদ্ধ দৃষ্টি
lungs ফুসফুস
lymph লসিকা
lymphatic vessel লসিকানালী
medulla oblongata সুষুম্নাশীর্ষক
membrane ঝিল্লী
microbe জীবাণু
mucus শ্লেষ্মা। mucus membrane
শ্লেষ্মঝিল্লী
muscle পেশী। involuntary—
অনৈচ্ছিক—। voluntary—
ঐচ্ছিক—
nail নখ
nasal passage নাসাপথ
neck গ্রীবা
nerve নার্ভ। afferent—অন্তর্মুখ—।
efferent—বহির্মুখ—। motor
—চেষ্টীয়—। sensory—সংবেদ-
nose নাসিকা। -cavity নাসাবিবর
nostril নাসারন্ধ্র
nourishment, nutrition
oesophagus গ্রাসনালী
organ অঙ্গ। যন্ত্র। digestive—
পাচনযন্ত্র। excretory—
রেচনযন্ত্র। respiratory—
শ্বাসযন্ত্র
ovary অণ্ডাশয়
pancreas অগ্ন্যাশয়। pancreatic
juice অগ্ন্যাশয়-রস
parasite পরজীবী
pelvis শ্রোণীচক্র
pericardium হৃদ্ধরা কলা

peristalsis ক্রমসংকোচ
perspiration ঘর্ম, ঘাম
phalanges অঙ্গুলিনলক
pharynx ফারিংক্স, গলবিল
plasma রক্তরস
pleura ফুসফুসধরা কলা
poison বিষ। poisonous বিষ, সবিষ। poisoned বিষিত। poisoning বিষণ
prevention বারণ, প্রতিরোধ
pulse, pulse beat ধমনীঘাত, নাড়ীঘাত, নাড়ী
pupil তারারন্ধ্র
pus পূয
putrefaction শটন, পচন
quarantine সঙ্গরোধ
radius বহিঃপ্রকোষ্ঠাস্থি
rectum মলনালী
respiration শ্বসন
respiratory passage শ্বাসপথ
retina অক্ষিপট
rib পর্শুকা, পাঁজর
rigor mortis মরণসংকোচ
sacrum ত্রিকাস্থি
saliva থুথু, নিষ্ঠীবন, মুখলালা
salivary gland লালাগ্রন্থি
sanitation স্বাস্থ্যবিধান, স্বাস্থ্যব্যবস্থা
scapula অংসফলক
sclerotic coat শ্বেতমণ্ডল
secretion ক্ষরণ
sense-organ ইন্দ্রিয়স্থান
sensory centre সংজ্ঞাকেন্দ্র
sepsis বীজদূষণ
septic tank মলশোধনী
serum রক্তমস্তু
shortsightedness অদূরবদ্ধ দৃষ্টি
shoulder-blade অংসফলক
skin চর্ম
skull করোটি
socket কোটর
spinal chord সুষুম্নাকাণ্ড
spinal column মেরুদণ্ড, পৃষ্ঠবংশ
spleen প্লীহা
spore বীজগুটি, স্পোর
sternum উরঃফলক
sterilization নির্বীজন। ...ণ. নির্বীজিত
stomach পাকস্থলী
sweat-gland স্বেদগ্রন্থি
system তন্ত্র। alimentary—পৌষ্টিক—। circulatory—রক্তসংবহন। digestive—পাচন-। excretory—রেচন-। muscular—পেশী। respiratory—শ্বসন-। sensory—সংজ্ঞা-। sympathetic nervous—স্বতন্ত্র-নার্ভ-
tendon কণ্ডরা
thigh উরু
throat কণ্ঠ
tibia জঙ্ঘাস্থি
tissue কলা
tongue জিহ্বা, জিব
tonsil টনসিল

tooth দন্ত, দাঁত। bicuspid—দ্বিশীর্ষ—। canine—ছেদক—। incisor—কৃন্তক—। molar—পেষক—
trachea ক্লোমনালিকা, শ্বাসনালী
trunk মধ্যশরীর, ধড়
tympanum কর্ণপটহ
ulna অন্তঃপ্রকোষ্ঠাস্থি
ureter গবিনী
urethra মূত্রনালী
vein শিরা
vena cava মহাশিরা। inferior—অধরা—। superior—উত্তরা—
ventilated বাতায়িত
ventilation বায়ুচলন
ventricle নিলয়
vertebra কশেরুকা
vertebral column মেরুদণ্ড, পৃষ্ঠবংশ
viscera আন্তর যন্ত্র
vitamin ভাইটামিন
voice-box স্বরকক্ষ
waste বর্জ্য, জঞ্জাল। —product বর্জ্য পদার্থ
wind-pipe শ্বাসনালী, ক্লোমনালিকা
worm কৃমি। round—গোল—। tape—ফিতা-। thread—সূত্র—
wound ক্ষত
wrist মণিবন্ধ, কবজি

## অর্থবিদ্যা—Economics

acceptance স্বীকার
acceptor স্বীকারী
accident আকস্মিক ঘটনা
accidental আকস্মিক
accommodation bill উপযোজক হুণ্ডি
account হিসাব
acquittance ফারখতি
ad valorem মূল্যানুসার
advance আগাম, অগ্রিম। বায়না, দাদন
agent প্রতিনিধি, এজেণ্ট
agreement চুক্তি, এগ্রিমেণ্ট
annuity বার্ষিক বৃত্তি
appreciation উপচয়।…ণ. উপচিত
approximate আসন্ন
approximation আসত্তি
arbitration সালিসি, মধ্যস্থতা
arrears বাকি
assay যাচাই
assessment করনির্ধারণ
assets সম্পত্তি। পাওনা
association সংঘ
attachment ক্রোক
attorney অ্যাটর্নি, মোক্তার। power of—মোক্তারনামা
audit অডিট, হিসাব-পরীক্ষা।
average গড়

balance বাকি, উদ্‌বৃত্ত। তহবিল। debit—ফাজিল বাকি। credit—জমা বাকি। —of trade বাণিজ্য-উদ্‌বৃত্ত
bank ব্যাঙ্ক
bankrupt দেউলিয়া
barter বিনিময়
bill of exchange হুণ্ডি, বিল।—payable after date মুদ্দতী হুণ্ডি। —on demand দর্শনী হুণ্ডি
bimetallism দ্বিধাতুমান
bond পাট্টা, তমস্থক, বন্ধকপত্র
bounty রাজবৃত্তি
broker দালাল। brokerage দালালি
bullion বাট, পিণ্ড
business কারবার, ব্যবসায়
by-product উপজাত
call কল
capital মূলধন। নিযুক্ত ধন
capitalism ধনিকতাবাদ, ধনিকতন্ত্র
capitalist ধনিক
cash নগদ, রোক
cashier খাজাঞ্চী
chamber of commerce বণিক্‌সমিতি
cheque চেক
civil দেওয়ানী
clearing house নিকাশ-ঘর
client ক্রেতা, মক্কেল
code সংকেত
coin মুদ্রা
collectivism সংঘক্রিয়াবাদ
combination, combine একার্থসংঘ
commerce বাণিজ্য
commission দস্তুরি, কমিশন
commodity পণ্য
communism সমভোগবাদ
company কম্পানি
compensation ক্ষতিপূরণ, খেসারত
competition প্রতিযোগ
compound interest চক্রবৃদ্ধি
compromise রফা
concession রেয়াত
condition শর্ত
confiscated বাজেয়াপ্ত
consignment চালান
constant ধ্রুব
constitution সংস্থান
consumer খাদক, ব্যবহারক
consumption খাদন, ব্যবহার
contract চুক্তি। ইজারা
conversion পরিবর্তন
convertible বিনিমেয়
cooperation সমবায়
corner (market) একায়ত্ত। একায়ত্তি
counterfoil প্রতিপত্র
countermand প্রত্যাহার, রদ
countervailing সমকারী
credit ক্রেডিট। জমা

creditor পাওনাদার, উত্তমর্ণ
crisis সংকট
criterion নির্ণায়ক
currency কারেন্সি
current account চলিত হিসাব
customer গ্রাহক, ক্রেতা
debenture ডিবেঞ্চার; ঋণপত্র
debit ডেবিট। খরচ
debt ঋণ, ধার, দেনা
debtor ঋণী, খাতক, দেনাদার, অধমর্ণ
deficit ঘাটতি, উনতা
deflation অবসার
demand চাহিদা, টান
deposit গচ্ছিত, ন্যাস, আমানত
depreciation অবচয়। ণ. অবচিত
depression মন্দা
discount বাটা
dividend লাভাংশ, ডিভিডেণ্ড
draft ড্রাফ্‌ট, হুণ্ডি
drawee হুণ্ডিগ্রাহক
drawer হুণ্ডিপ্রেরক
duty শুল্ক
economic আর্থ
economics অর্থবিদ্যা
embargo রোধ
endorsement সহি। endorser সহিদাতা
equity ন্যায়
equivalent তুল্য
exchange বিনিময়। পরিবর্ত
excise আবকারি
executive পরিচালক

export রপ্তানি
factory কারখানা
forward অগ্রিম
freight ভাড়া
gain লাভ
gambling জুয়া
gold standard স্বর্ণমান
goods মাল
goodwill প্রতিষ্ঠাধিকার
governing body শাসকবর্গ
government paper গভর্নমেণ্টকাগজ
import আমদানি
income আয়
indemnity ক্ষতিপূরণ, খেসারত
index সূচক। index number সূচক সংখ্যা
industry শিল্প, শ্রমশিল্প
inflation উৎসার
inheritance উত্তরাধিকার
insolvent দেউলিয়া
instalment কিস্তি
insurance বীমা
interest সুদ, কুসীদ
intrinsic স্বকীয়। নিহিত
invest বিনিয়োগ করা
invoice চালান, জায়
joint যৌথ। মিলিত, যুক্ত। এজমালী
labour শ্রম। division of— শ্রমবিভাগ
labourer শ্রমিক
laissez faire অবাধনীতি
law নিয়ম, বিধি। আইন। সূত্র

legacy উত্তরদান
legal tender বিহিত অর্থ
liability দায়। limited—সসীম—। unlimited—নিঃসীম—
limit সীমা। limiting সীমাস্থ
liquid asset চলিত সম্পত্তি
local স্থানীয়
localization একদেশতা
lockout বহিষ্কার
loss ক্ষতি, লোকসান
manufacture উৎপাদন, নির্মাণ
manufactory কারখানা
margin পর্যন্ত, মারনজিন। marginal পার্যন্তিক
market বাজার
maximum চরম, বৃহত্তম
mean গড়
middleman মধ্যগ
minimum অবম, অল্পতম
money অর্থ
monometallism একধাতুমান
monopoly একচেটিয়া
mortgage বন্ধক, মরগেজ
nationalism জাতীয়তা
necessaries জীবনীয়
needs প্রয়োজন
negotiable instrument সম্প্রদেয় পত্র
nominal নামিক
normal স্বভাবী
over-population অতিপ্রজতা, —প্রজন
over-production অত্যুৎপাদন
panic উদ্‌বেগ
paper money কাগজী মুদ্রা
par, above অতিরিক্ত মূল্যে, অধিহারে। at—সমমূল্যে, সমহারে। below—ঊনমূল্যে, ঊনহারে
partner অংশী, অংশীদার
patronage আনুকূল্য
pay বেতন
payee প্রাপ্তা
pecuniary আর্থিক
per cent শতকরা, প্রতিশত, শতকে
permit আজ্ঞাপত্র
plea ওজর
pledge বন্ধক
possession দখল
preference, imperial সাম্রাজ্য-পক্ষপাত
prime cost মুখ্য খরচ
principal মালিক। প্রধান
probability সম্ভাবনা
produce উৎপন্ন। producer উৎপাদক
production উৎপাদন
profession পেশা, বৃত্তি
profit লাভ
promissory note প্রমিসরি নোট, হ্যাণ্ডনোট
promoter প্রবর্তক
proportion সমানুপাত
protection সংরক্ষণ

proxy প্রতিনিধি, প্রক্সি
rate দর, হার। —of exchange বিনিময়হার
ratio অনুপাত
raw material কাঁচা মাল
receipt রসিদ
reciprocal পরস্পর। বিপরীত
reciprocity ব্যতিহার
rent কর, খাজনা। ভাড়া
reserve সংরক্ষণ
resident আবাসী
retail খুচরা
returns আগম
revenue রাজস্ব। আয়
ring মণ্ডল
rise and fall উঠানামা, তেজিমন্দি
risk ঝুঁকি
sale বিক্রয়
sample নমুনা
saving সঞ্চয়
share শেয়ার, অংশ। -holder শেয়ারহোল্ডার, অংশী
slump অতিমন্দা
socialism সমাজতন্ত্র
speculation স্পেকুলেশন, ফটকা
standard প্রমাণ। standardized প্রমিত
stationary স্থির
statistics পরিসংখ্যান
strike ধর্মঘট
subsidy সরকারী সাহায্য
supply যোগান, সরবরাহ
surety জামিন, জমানত
surplus উদ্বৃত্ত
tariff মাসুল, শুল্ক
tax কর। direct—প্রত্যক্ষ কর। income—আয়কর। indirect —পরোক্ষ কর
token coin নিদর্শন মুদ্রা
trade বাণিজ্য। external—বহির্বাণিজ্য। free—অবাধ বাণিজ্য। internal—অন্তর্বাণিজ্য। —union, ট্রেড ইউনিয়ন, কর্মিসংঘ
transaction লেনদেন
treasury কোষ। রাজকোষ
unanimous সর্বসম্মত
underwriting অবলিখন
unit একক
usance দস্তুর
usurer সুদখোর। usury চোটা
utility উপযোগ
value মূল্য। মান
wages বেতন, মজুরি
warehouse গুদাম
wealth সম্পদ
wholesale পাইকারী
winding up গোটানো
workshop কারখানা
yield উৎপাদ

## মনোবিদ্যা—Psychology, দর্শন—Philosophy, বিবিধ—Miscellaneous

abbreviation সংক্ষেপ
aberration অপেরণ
ability সামর্থ্য
abnormal অস্বভাবী
absolute পরম
abstinence উপরতি
abstract বিমূর্ত। সংক্ষেপ। abstraction বিমূর্তন
abstruse নিগূঢ়
accessory আনুষঙ্গিক। উপকরণ
accident আপতন। accidental আপতিক
accommodation উপযোজন
accretion উপলেপ
adaptation অভিযোজন, প্রতিযোজন
adult বয়স্থ
advocate অধিবক্তা
aesthetic কান্ত। aesthetics কান্তিবিদ্যা
aetiology নিদান
afferent অন্তর্মুখ
agnosticism অজ্ঞাবাদ
aggregate সমূহ
agreement অন্বয়। ঐক্য
altercation বিতণ্ডা
alternative বিকল্প, অনুকল্প। বৈকল্পিক
altruism পরার্থিতা। পরার্থবাদ
ambiguous স্বার্থক
ambivalence উভয়বলতা। ambivalent উভয়বল
amnesia অস্মার
ampullar sensation দিগ্‌বেদন
anacesthesia অবেদন
analogous সমবৃত্তি
analogy উপমা
analysis বিশ্লেষণ
ancestor উদ্‌বংশীয়
animism সর্বপ্রাণবাদ
anomalous ব্যতিক্রান্ত। anomaly ব্যতিক্রম
anthropology নৃবিদ্যা
anthropomorphism নরত্বারোপ
anticipation অগ্রজ্ঞান, পূর্বজ্ঞান
antipathy দ্বেষ, বিরোধ
anxiety উৎকণ্ঠা
apathy অনীহা
aphorism সূত্র
apotheosis দেবত্বারোপ
apparent আপাত
application প্রয়োগ
approximate আসন্ন
approximation আসত্তি
archœology প্রত্নবিদ্যা
archetype আদিরূপ
argument যুক্তি
armistice অবহার

asexual অযৌন
aspiration উৎকাঙ্ক্ষা
assemblage সমূহ, সংঘাত
assimilation আত্তীকরণ
association অনুষঙ্গ।— of ideas ভাবানুষঙ্গ
assumption অঙ্গীকার, অভ্যুপগম
asymmetrical অপ্রতিসম। asymmetry অপ্রতিসাম্য
atavism পূর্বগানুকৃতি
atheism অনীশ্বরবাদ, নিরীশ্বরবাদ
attitude প্রতিন্যাস
attribute গুণ, ধর্ম, লক্ষণ
auditory শ্রাবণ
authentic প্রামাণিক। authenticity প্রামাণ্য
automatic স্বতঃক্রিয়
awkwardness অপাটব
axiom স্বতঃসিদ্ধ
background পশ্চাদ্‌ভূমি
behaviour ব্যবহার। চেষ্টিত
being সত্তা
bias পক্ষপাত
broadcast সম্প্রচার
by-product উপজাত
capacity সামর্থ্য। ধারকত্ব
castration উপস্থচ্ছেদ
casual আকস্মিক, আপতিক
category পদার্থ। জাতি
categorical নিরপেক্ষ
causality কারণতা
cause কারণ। causal কারণিক
censor প্রহরী
certain নিশ্চিত। certainty নিশ্চয়
cerificate প্রশংসালেখ
chance আকস্মিকতা
chaos সংপ্লব
clairvoyance অলোকদৃ
clearness বৈশদ্য, বিশদতা
climax পরাকাষ্ঠা
code সংহিতা
coexistence সহভাব
coextension সহব্যাপ্তি
cognitive জ্ঞানীয়
coincidence সমাপতন
common sense কাণ্ডজ্ঞান
comparative তৌলনিক, তুলনাত্মক
compassion অনুকম্পা
compatible সংগত, অবিরুদ্ধ
complementary পূরক
complex ণ. জটিল। স্ত্র. গূঢ়ৈষা
composite সংযুত
composition সংযুতি
comprehension ধারণা
compromise সন্ধি
concatenation শৃঙ্খলা
concept ধারণা, প্রত্যয়
conception ধারণা
concomitant সহভাবী
concrete মূর্ত
concurrence সহঘটন, সমাপাত
concurrent সহঘটমান, সহগামী
conditional সাপেক্ষ

congenital সহজাত
congruity সংগতি, সামঞ্জস্য
connotation তাৎপর্য, সামান্যাভিধান
conscience বিবেক, সদসদ্‌জ্ঞান
conscious সজ্ঞান। সংজ্ঞাত।
the conscious সংজ্ঞান
consciousness সংবিৎ। চেতনা, চিৎ
conseqence পরিণাম। অনুক্রম
consquent অনুবর্তী
constitution সংস্থান
contempt অবমতি
context প্রকরণ
contiguity সন্নিধি
cotinuity অনবচ্ছেদ
continuum সন্ততি
contour পরিণাহ
contrary বিপরীত
contrast বৈসাদৃশ্য
controversy বিবাদ
convention প্রচল
converse বিপরীত
coordination সমন্বয়, অন্বয়
correlation অনুবন্ধ, পারম্পর্য
correspondence প্রতিষঙ্গ
counterpart প্রতিরূপ
crime অপরাধ, দুষ্ক্রিয়া। criminal দুষ্ক্রিয়
criterion নির্ণায়ক
crucial বিনিশ্চায়ক
culture সংস্কৃতি। কৃষ্টি
cynic অসূয়ক

data উপাত্ত
day-dream জাগরস্বপ্ন
decadence অবক্ষয়
decaying জরিষ্ণু
deduction অবরোহ, অনুমান
definition সংজ্ঞার্থ, লক্ষণ। নির্বচন।
defined নিরুক্ত
degenerate অপজাত
degeneration আপজাত্য
deism ঈশ্বরবাদ
delusion ভ্রান্তি
demensia চিত্তভ্রংশ
demoralization নীতিভ্রংশ
denotation বাচ্যার্থ, বিশেষাভিধান
depreciation অবচয়
design অভিপ্রায়, উদ্দেশ্য। পরিকল্পনা, আকল্প
despondency নির্বেদ
destiny নিয়তি
deviation চ্যুতি, ব্যত্যয়
diagnosis নিদান
die-hard দুর্মর
dilemma উভয়সংকট
direct সাক্ষাৎ, অপরোক্ষ
discipline বিনয়
displacement অভিক্রান্তি
disquisition নিবন্ধ
dissociation বিষঙ্গ
divine দিব্য, ঐশ
doctrine মত, বাদ
dualism দ্বৈতবাদ
duet যমল গান

effeminacy স্ত্রীভাব। effeminate স্ত্রীময়
efferent বহির্মুখ
efficacy সাধকতা
effort প্রযত্ন
ego অহম্। egoism, egotism অহমিকা, অস্মিতা
elimination অপনয়
emaciated কৃশিত
emotion প্রক্ষোভ
empirical প্রায়োগিক, প্রয়োগজ
entity সত্তা, সত্ত্ব
environment প্রতিবেশ, পরিগম
envy ঈর্ষা, অসূয়া, মৎসর
eolithic আদ্যোপলীয়
ephemeral ঐকাহিক
equilibrium সাম্য. সুস্থিতি
equivalent তুল্য
equivocation বাক্‌ছল
eternal শাশ্বত, নিত্য, চিরন্তন
ethics নীতিবিদ্যা
ethnology নৃকুলবিদ্যা
etiology নিদানবিদ্যা
eugenics সুপ্রজনবিদ্যা
evolution অভিব্যক্তি
exception ব্যতিক্রম
expectation প্রত্যাশা
expediency উপযুক্তি
extract নিষ্কর্ষ
fact তথ্য, ঘটনা
faculty শক্তি
fallacy হেত্বাভাস
fanaticism ধর্মোন্মাদ
feeling অনুভূতি, অনুভব
feigning ভান
fetish ভক্তিবস্তু। fetishism **বস্তুরতি**
fine art ললিতকলা, সৎকলা
finite সান্ত, পরিমেয়
foreground পুরোভূমি
form আকার, প্রকার
formal বিধিবৎ
formality শিষ্টাচার
formula সূত্র
fortuitous আকস্মিক
free will ইচ্ছাস্বাতন্ত্র্য
function বৃত্তি, ধর্ম
fundamental প্রধান, মৌলিক
general সামান্য, সাধারণ
generalization সামান্যীকরণ
generic জাতীয়
gregarious যূথচর, যূথচারী
gustatory রাসন
habit অভ্যাস
hallucination মায়া, অমূলপ্রত্যক্ষ
hate দ্বেষ
hedonism প্রেয়োবাদ
hereditary বংশগত। **heredity** বংশগতি
heterogeneous অসমসত্ত্ব
homogeneous সমসত্ত্ব
hypnosis, hypnotism সংবেশন
hypothesis প্রকল্প
idea ভাব
ideal আদর্শ

idealism ভাববাদ
identity একত্ব, অভেদ
identification একাত্মীকরণ, -ভবন
idiot জড়ধী
illusion অধ্যাস
image প্রতিরূপ
imagination কল্পনা
immanence ব্যাপিতা
immediate অব্যবহিত
immolation বলি
impersonal অব্যক্তিক
implication লক্ষণা
impulse আবেগ
imputation আরোপ
inborn অন্তর্জাত। সহজাত
incarnation অবতার
incest অজাচার
incidental প্রাসঙ্গিক
incipient উপক্রান্ত
incompatible বিরুদ্ধ
inconsistent অসংগত
indefinite অনির্দিষ্ট, অনিশ্চিত
indicative সূচক
indirect পরোক্ষ
individual ব্যক্তি। ব্যক্তিগত, প্রাতিস্বিক। individuality ব্যক্তিতা
induction আরোহ, উপগম
industry শিল্প, শ্রমশিল্প। industrial শিল্পীয়
inertia জাড্য
inference অনুমিতি, অনুমা।
inferiority complex হীনতাভাব
infinite অনন্ত, অমেয়। infinity আনন্ত্য, অমেয়তা
inherence অধিষ্ঠান
inheritance উত্তরলব্ধি
inhibition বাধ
innate সহজাত
inner আন্তর
insight পরিজ্ঞান
instability অনবস্থা। ণ. অনবস্থ
instinct সহজপ্রবৃত্তি। instinctive সাহজিক
instrumentality করণতা
intellect বুদ্ধি
interaction মিথস্ক্রিয়া
introspection অন্তর্দর্শন, অন্তর্দৃষ্টি
intuition স্বজ্ঞা
inversion বিপর্যয়
irrelevant অপ্রাসঙ্গিক
jealousy ঈর্ষা, অসূয়া
judgement বিচার। সিদ্ধান্ত
kinaesthesis চেষ্টাবেদন
kleptomania চৌর্যোন্মাদ
law নিয়ম, বিধি। সূত্র
lethargy জড়িমা
limit সীমা, অবধি
local স্থানীয়
logic যুক্তিবিদ্যা। logical যৌক্তিক
logos শব্দব্রহ্ম
longing অনুকাঙ্ক্ষা
lust রিরংসা
luxury বিলাস
magic জাদু, ইন্দ্রজাল

major প্রধান, মুখ্য
malice পৈশুন্য
manifest ব্যক্ত
masochism মর্ষকাম। masochist মর্ষকামী
material ভৌতিক, জড়, অচিৎ। material cause সমবায়ী কারণ
materialism জড়বাদ, দেহাত্মবাদ
maximum চরম, বৃহত্তম
mean মধ্যক, সমক
meditation ধ্যান
memory স্মৃতি
mentality মানসতা
mental science মানসবিজ্ঞান
measurement মাপনা
metaphysical আধিবিত্মক
metaphysics অধিবিত্মা
method প্রণালী, পদ্ধতি
migration অভিপ্রয়াণ, পরিযান
mind মন
minimum অবম, অল্পতম
minor অপ্রধান, লঘু
misogynist স্ত্রীদ্বেষী
modal প্রকারাত্মক
monism অদ্বৈতবাদ
monotony একান্বয়
moral নৈতিক। morality নীতি
morbid ব্যাধিত
mystic অতীন্দ্রিয়
myth অতিকথা
mythology পুরাণ, ঐতিহ্য
narcissism স্বকাম
negative নঞর্থক
neolithic নবোপলীয়
normal স্বভাবী
notion প্রত্যয়, মতি
object বিষয়
objective বিষয়মুখ
observation অবেক্ষণ, পর্যবেক্ষণ
obsession আবেশ
oversion প্রতিবর্তন
occasional কদাচিৎক
omnipotent সর্বশক্তিমান্
omnipresent সর্বব্যাপী; বিভু
ontology তত্ত্ববিত্মা
origin উৎপত্তি, প্রভব
orthodox নৈষ্ঠিক
outer বাহ্য
outline পরিলেখ
output উৎপাদ
over-population অতিপ্রজতা, -প্রজন
overruled প্রতিদিষ্ট
paleolithic পুরোপলীয়
panorama পরিদৃশ্য
pantheism সর্বেশ্বরবাদ
paradox কূটাভাস, কূট
parallelism সহচার। সহচারবাদ
passive ভোগবৃত্ত। নিষ্ক্রিয়
percept প্রত্যক্ষ। রূপ
perfection পরোৎকর্ষ
period কাল। পর্যায়। periodic পর্যাবৃত্ত
persistence নির্বন্ধ

persistent নির্বন্ধ
personality অস্মিতা। ব্যক্তিত্ব
personification নরত্বারোপ
pessimism দুঃখবাদ
phase দশা
phobia আতঙ্ক
portable সুবহ
positive সদর্থক
postivism দৃষ্টবাদ, প্রত্যক্ষবাদ
postulate স্বীকার্য
practical ব্যবহারিক, ফলিত
pragmatism প্রয়োগবাদ।
pragmatic প্রায়োগিক
precaution প্রাগ্‌বিধান
precocity বালপ্রৌঢ়ি, অকালপক্বতা
predicate বিধেয়
principle তত্ত্ব
probable সম্ভাব্য
problem সম্পাদ্য
profile পার্শ্বচিত্র
projection অভিক্ষেপ
prologue (of drama) পূর্বরঙ্গ
propensity প্রবণতা
propitiation প্রসাদন
proposition প্রতিজ্ঞা
psycho-analysis মনঃসমীক্ষণ
psychology মনোবিদ্যা
psychologist মনোবিৎ
punctuality সময়নিষ্ঠা
puritanism অতিনৈতিকতা
rationalism যুক্তিবাদ
rationalization যুক্ত্যাভাস
reaction প্রতিক্রিয়া
real বাস্তব, যথার্থ। realism বাস্তবত। বস্তুস্বাতন্ত্র্যবাদ। reality সত্তা
reason বুদ্ধি। হেতু
receptive গ্রাহী
reciprocity ব্যতিহার
recognition প্রত্যভিজ্ঞা
reconciliation সমন্বয়
recreation বিনোদন
redundancy অতিরেক
reflex প্রতিবর্তী
relative আপেক্ষিক। সাপেক্ষ। reletivity আপেক্ষিকতা
relaxation শ্লথন
repetition আবৃত্তি, পুনর্বৃত্তি
repression অবদমন
reproduction জনন
resident আবাসিক
resistance বাধা, প্রতিবন্ধ
response প্রতিক্রিয়া। সাড়া
rhythm ছন্দ
sacrament সংস্কার
sadism ধর্ষকাম। sadist ধর্ষকামী
safe-conduct অভয়পত্র
sanctimonious ধর্মধ্বজী
scepticism সন্দেহবাদ
school সম্প্রদায়
scientist বিজ্ঞানী
self-contempt স্বাবমাননা
self-evident স্বতঃপ্রমাণ
self-supporting স্বয়ম্ভর

sensation সংবেদন
sense জ্ঞানেন্দ্রিয়। sense-organ ইন্দ্রিয়স্থান
sensitive সুবেদী
sentiment রস
sex লিঙ্গ। sexual যৌন। কামজ। লৈঙ্গিক। sexuality কামিতা। যৌনতা। কামধর্ম।
simultaneous যুগপৎ। simultaneity যুগপত্তা
sociology সমাজবিদ্যা
sodomy পায়ুকাম
somnambulism স্বপ্নচারিতা
space দেশ
space-time continuum দেশকাল-সন্ততি
speculation দূরকল্পনা
spontaneity স্বতোবৃত্তি
smell ঘ্রাণ
standard প্রমাণ
statistics পরিসংখ্যান
stimulus উদ্দীপক
stupor স্তম্ভ, ব্যামোহ
subconscious অন্তর্জ্ঞানীয়। the subconscious অন্তর্জ্ঞান
subject বিষয়ী। বিষয়
subjective আত্মমুখ
sublimation উদ্‌গতি
substitution প্রতিকল্পন
suggestion (hypnotic) অভিভাব, অভিভাবন
superintendent অধিকর্মা
supernatural অতিপ্রাকৃত
suppression নিরোধ
syllogism ন্যায়, অনুমানবাক্য
symbol প্রতীক। symbolism প্রতীকতা
symmetry প্রতিসাম্য। symmetrical প্রতিসম
sympathy সমবেদনা
synthesis সংশ্লেষণ
taboo নিষিদ্ধ। টাবু
tactile স্পার্শন
taste স্বাদ
technique কৌশল
teleology উদ্দেশ্যবাদ
texture গ্রথন
theism ঈশ্বরবাদ
theorem উপপাদ্য
theory সিদ্ধান্ত, বাদ। theoretical তত্ত্বীয়, বাদীয়
tint আভা
trance সমাধি
transcendental তুরীয়
type জাতিরূপ
unconscious অজ্ঞাত, নির্জ্ঞাত। the unconscious নির্জ্ঞান
undermining অধঃখনন
universal সার্বিক, সর্বগত
utilitarianism উপযোগবাদ
utility উপযোগ
utopia রামরাজ্য
will সংকল্প
wish ইচ্ছা
vision দর্শন, দৃষ্টি

## সরকারী কার্য—Public Services

academic অধিবিদ্য, বিদ্যা বিষয়ক
academy পরিষদ্
accountant গাণনিক, হিসাব-রক্ষক
accounts গণিতক, হিসাব
act বিহিতক, অধিনিয়ম, আইন
acting কার্যকারী
acquisition গ্রহণ
additional ( *e.g.*, secretary ) অপর
ad hoc তদর্থক
ad interim মধ্যকালীন
adjournment স্থগন, মুলতবি
administration প্রশাসন। পরিচালন
adulteration অপমিশ্রণ, ভেজাল
adult suffrage বয়স্থ-ভোটাধিকার
advocate অধিবক্তা। —general মহাধিবক্তা
affidavit শপথপত্র
affiliation সম্বন্ধীকরণ
agent নিযুক্তক। agency নিযুক্তক-স্থান
agrarian কার্ষ
agreement চুক্তি। সম্মতি
air force বিমানবল
air mail বিমানডাক
air pocket বায়ুগহ্বর
air way বিমানপথ
alderman পৌরমুখ্য
alien পরক। alienage পারক্য
allegiance আনুগত্য, নিষ্ঠা
allotment আবণ্টন
allowance অধিদেয়, ভাতা
amalgamation সংযোজন
ambassador রাষ্ট্রদূত, রাজদূত
amendment সংশোধন। উপস্কার
amnesty রাজক্ষমা
annuity বার্ষিক
apprentice শিক্ষাধীন, শৈক্ষ
approver রাজসাক্ষী
arbitration মধ্যস্থতা, সালিসি
architect স্থপতি
armed সায়ুধ
armistice যুদ্ধবিরতি
artiole (*e.g.*, of constitution) অনুচ্ছেদ
articles of association পরিমেল-নিয়মাবলী
arts কলা
assembly (*e.g.*, legislative) সভা। (*e.g.*, unlawful) সমাগম
assessment নির্ধার
assignee স্বত্বনিয়োগী
assignment স্বত্বনিয়োগ
assignor স্বত্বনিয়োজক
assets and liabilities পরিসম্পৎ ও দায়িতা
association পরিমেল
attache সহদূত
attachment আসঞ্জন, ক্রোক

attorney ন্যায়বাদী। —general মহান্যায়বাদী
audit নিরীক্ষা, গণনাপরীক্ষা
auditor নিরীক্ষক। —general মহানিরীক্ষক
authenticated প্রামাণিক, প্রমাণীকৃত
authority প্রাধিকার। প্রাধিকারী। অধিকার। অধিকারী
authorized প্রাধিকৃত। অনুমোদিত
autograph স্বাক্ষর, স্বলেখন
autonomy স্বশাসন। ণ. স্বশাসিত
award বিনির্ণয়
bail প্রতিভূতি, জামিন
balance স্থিতি, বাকী
balance sheet স্থিতিপত্র
ballot গুপ্তভোট, গুপ্তমত। —box ভোটপেটী
bank ব্যাঙ্ক, অধিকোষ
bankrupt দেউলিয়া
barrack সৈন্যনিবাস
basic education মৌলশিক্ষা
bench বিচারপীঠ, ন্যায়াসন
bill (in legislation) বিধেয়ক। (commercial) আদেয়ক, মূল্যপত্র। bill of lading বহনপত্র
blue print প্রতিচিত্র
board পর্ষদ্। —of revenue রাজস্বপর্ষদ্
body নিকায়
bona fide বিশ্বস্ততা
bonded শুল্কাধীন
bonus অধিবৃত্তি
book-keeping গাণনিক্য
broadcast সম্প্রচার
budget আয়ব্যয়ক
bulletion জ্ঞাপনপত্র, বুলেটিন
by-election উপনির্বাচন
by-law উপবিধি
cabinet মন্ত্রিপরিষদ্
cadet রণশৈক্ষ
Calcutta Corporation কলিকাতা পৌরনিগম
candidate অভ্যর্থী
cantonment কটক, ছাউনি
canvassing উপার্থন
cash রোক, নগদ
cashier ধনপাল, খাজাঞ্চী
casting vote নির্ণায়ক, ভোট
censor বিবাচক
census জনগণনা, আদমশুমার
certficate শংসাপত্র। প্রমাণপত্র
cess উপকর
chairman সভাপতি
chancellor মহাধিপাল
charge প্রভার। ব্যয়
chief মুখ্য, প্রধান
chief commissioner মুখ্যমহাধ্যক্ষ
chief justice মুখ্যন্যায়াধিপতি
chief minister মুখ্যমন্ত্রী
circular পরিপত্র
circulate প্রচার করা
civil code ন্যায়সংহিতা

**civil** court ন্যায়াধিকরণ, ব্যবহারন্যায়ালয়, দেওয়ানী আদালত
**civil** marriage বিধানিক বিবাহ
**civil** population জনসাধারণ
**civil** service জনপালন-কৃত্যক
**civil** supply জনসংভরণ
**civil** surgeon পৌরচিকিৎসক
**claim** স্বত্বার্থন, দাবি
**clause** প্রকরণ, খণ্ড
**clerk** করণিক
**code** সংহিতা
collective সামূহিক, সমষ্টিগত
**collector** সমাহর্তা
**college** মহাবিদ্যালয়
**colonization** উপনিবেশন
**commerce** বাণিজ্য
**commission** (*e.g.*, finance) আয়োগ, কমিশন
**commissioner** কমিশনার। (*e.g.*, of excise) মহাধ্যক্ষ। (of a division) ভুক্তিপতি। (of police) নগরপাল
**committee** সমিতি
**commonwealth** জনরাষ্ট্র। রাষ্ট্রমণ্ডল
**communications** সমাযোজন
**community** সম্প্রদায়। লোকসমাজ
**company** সংগ, কম্পানি
**compulsory** অবশ্যক
**condition** প্রতিবন্ধ। করার। conditional সপ্রতিবন্ধ
**confederation** সমামেল
conference সম্মেলন
confidential বিশ্রব্ধ
confirmation অনুমোদন। দৃঢ়ীকরণ। সমর্থন। (in post) সন্নিয়োগ
confiscation উপগ্রহণ
constable আরক্ষিক, আরক্ষী, পাহারাওয়ালা
constituency নির্বাচনক্ষেত্র
constituent assembly সংবিধান-সভা
constitution সংবিধান। গঠন। প্রকৃতি
consul বাণিজ্যদূত
context প্রসঙ্গ, প্রকরণ
contingency উপনিমিত্ত
contract সংবিদা, ঠিকা
contractor সাংবিদিক, ঠিকাদার
control নিয়মন, নিয়ন্ত্রণ
controller নিয়ামক, নিয়ন্ত্রক
convention প্রচল, নিয়ম
convocation সমাবর্তন
copy, copying প্রতিলিপি, প্রতিলেখক। copyist প্রতিলিপিক, প্রতিলেখক
copyright লেখস্বত্ব
corporation নিগম। municipal —পৌরনিগম
corruption অপচার
cost পরিব্যয়, খরচা
council (*e.g.*, legislative) পরিষদ্। —of states

রাজ্যপরিষদ্
countersigned প্রতিস্বাক্ষরিত
count ন্যায়ালয়, বিচারালয়, আদালত
crafts কারুকলা
credit আকলন, জমা
crime অপরাধ। ণ. আপরাধিক
criminal court দণ্ডাধিকরণ, দণ্ডন্যায়ালয়, ফৌজদারী আদালত
criminal law দণ্ডবিধি
criminal procedure দণ্ডপ্রণালী
currency note পত্রমুদ্রা
curriculam পাঠক্রম
customs duty বহিঃশুল্ক
dairy দোহ, গব্যশালা
debenture ঋণপত্র
debit বিকলন, খরচ
declaration খ্যাপন। ঘোষণা
decree আজ্ঞপ্তি
de facto কার্যতঃ
defamation মানহানি
defence প্রতিরক্ষা। আত্মসমর্থন
definition সংজ্ঞার্থ
deflation অবপাত, মুদ্রাকুঞ্চন
de jure বিধানতঃ আইনত
demand অভিযাচনা
democracy গণতন্ত্র, লোকতন্ত্র
demurrage বিলম্বশুল্ক
deputy উপ-
detention নিরোধ
development উন্নয়ন, বর্ধন, সম্প্রসার
diploma উপাধিপত্র
direction নির্দেশ
director অধিকর্তা
directorate অধিকার
discretion স্ববিবেক
dismissal পদচ্যুতি
dispensing পরিবেশন
disqualification অবগুণ। অনর্হতা
dissolution ভঙ্গ
district বিষয়, জেলা
dividend লাভাংশ
domicile নিবেশ। ণ. নিবেশী
dominion অধিরাজ্য
draft পূর্বলেখ, পাণ্ডুলেখ, খসড়া
duplicate প্রতিরূপ। —copy অনুলিপি
duty শুল্ক। কর্তব্য
economic অর্থনীতিক
eligibility পাত্রতা
embargo আরোধ
embassy রাষ্ট্রদূতস্থান, রাজদূতস্থান
emergency অত্যয়, সংকট
emigration প্রবসন
emigrant প্রবসিত
employment নিয়োগ
enactment অধিনিয়মন
endorsement পৃষ্ঠাঙ্কন
endowment ধর্মস্ব, সুদায়
engineer ( civil, irrigation, public health etc. ) বাস্তুকার। ( mechanical ) যান্ত্রিক, যন্ত্রবিৎ

establishment সংস্থা। স্থাপন
estimate প্রাক্‌কলন
estimator প্রাক্‌কলনিক
etiquette শিষ্টাচার
exchange বিনিময়
executive নির্বাহী।—officer নির্বাহক
excise অন্তঃশুল্ক
exemption মুক্তি
ex-officio পদহেতু, পদাধিকারে, পদেন
export নির্গম, রপ্তানি
expropriation স্বত্বনিরসন
extenuation স্খালন
extension ( কর্মকাল- ) বৃদ্ধি
extradition বহিঃসমর্পণ
evacuation উদ্‌বাসন
evacuee উদ্‌বাসিত, উদ্‌বাস্তু
face value অভিহিত মূল্য
faculty ( *e.g.*, of medicine) অনুষদ্‌
federal court আমেল-ন্যায়ালয়, যুক্তরাষ্ট্রীয় ন্যায়ালয়
federation আমেল
fee দেয়ক। মাসুল
fertilizer কৃষিসার
finance অর্থ, বিত্ত
fine arts ললিত কলা
finger print অঙ্গুলাঙ্ক
firm (business) সার্থ
fishery মীনপোষ। জলকর
fixed deposit স্থায়ী নিধান, স্থায়ী আমানত
floating ( assets, debts etc.) প্রবাহী
forfeiture অপবর্তন
form নিদর্শ, ফারম
formal, formally যথাবিধি
formula সূত্র
full-time officer পূর্ণকাল-আধিকারিক
function কৃত্য
fund নিধি, তহবিল
gazette ঘোষপত্র
gazetted ঘোষিত
-general (*e.g.*, inspector-) মহা-
government শাসন। রাজক, সরকার। ণ. রাজ-, রাজকীয়, সরকারী
governor রাজ্যপাল
grade পর্যায়
graduate স্নাতক
grant অনুদান
gratuity অনুতোষিক
guarantee প্রত্যাভূতি
guild পূগ
habeas corpus বন্দিপ্রদর্শন
handicraft হস্তশিল্প
head প্রধান
headquarters মুখস্থান, সদর
health officer স্বাস্থ্যাধিকারিক
high commissioner প্রমহাধ্যক্ষ
high-court প্রধান ন্যায়ালয়, উচ্চ ন্যায়ালয়, মহাধর্মাধিকরণ

home (-department) স্বরাষ্ট্র-
hospital আরোগ্যশালা, হাসপাতাল
House of the People লোকসভা
immigrant অভিবাসী
immigration অভিবাসন
immunity অনাক্রম্যতা
import আগম, আমদানি
impost প্রবেশকর
in-charge আযুক্ত
incidental আনুষঙ্গিক
income-tax আয়কর
indent সংভৃতিপত্র। সংভৃতক
industry শিল্প
incorporated নিগমিত, নিগমবদ্ধ।
incorporation নিগমন, নিগম-বন্ধন
Indian Administrative Service ভারত-প্রশাসন-কৃত্যক
infatuation উন্মোহন। ণ. উন্মোহিত
inflation উৎসার, মুদ্রাস্ফীতি
inland অন্তর্দেশীয়
injunction আসেধ-আজ্ঞা
insinuation বক্রোক্তি
insolvent শোধ্যক্ষম
inspection পরিদর্শন
inspector পরিদর্শক
institution সংস্থা, প্রতিষ্ঠান
instruction অনুদেশ
intelligence branch চারশাখা
intrim মধ্যকালীন
intermediary অন্তরাস্থ
international অন্তঃরা
interpreter ভাষান্তরিক, দোভাষী
intimidation উৎত্রাসন
in toto সাকল্যে
investment বিনিয়োগ
invoice প্রেষিতক-সূচী, জায়
jailor কারাপাল
joint সংযুক্ত
joint stock company যৌথ সংগ
judge বিচারক, ন্যায়াধীশ
judgment সংনির্ণয়, রায়
judicature বিচারাধিকার
judicial ন্যায়িক, বিচারিক
junior কনিষ্ঠ
jurisdiction অধিকারক্ষেত্র, অধিক্ষেত্র
juror নির্ণায়ক সভ্য
jury নির্ণায়ক সভা
laboratory প্রয়োগশালা
labour union শ্রমিক সংঘ
lapse অতিপত্তি। ণ. অতিপন্ন
land acquisition ভূমিগ্রহ
land record ভূমিলেখ্য
land tenure ভূধৃতি
law বিধি
lawful, legal বৈধ, বিধিসংগত
legacy দায়
legislative বিধান-বিধানিক।
—assembly বিধানসভা।
—council বিধানপরিষদ্
legislature বিধানমণ্ডল
liability দায়িতা
liaison সংযোগ, সম্পর্ক

**license** অনুজ্ঞাপত্র
**lien** পূর্বস্বত্ব
**limited** company সীমিত সংগ
**locus** standi স্থিত্যধিকার
**magistrate** শাসক
**major** প্রাপ্তবয়স্ক
**majority** অধিজন, সংখ্যাগুরু
**malafide** অসদ্‌বুদ্ধি
**manager** অধ্যক্ষ, পরিচালক
**manual** সারগ্রন্থ
**margin** উপান্ত
martial law সামরিক বিধি
**mayor** মহানাগরিক
**mechanic** যন্ত্রী
**meeting** অধিবেশন, বৈঠক, সভা
**member** সদস্য
**memo** স্মার
**memorandum** স্মারকলিপি
**memorial** প্রার্থনাপত্র। (*e.g.*, Victoria—) স্মরণিক
**migration** প্রব্রজন
**military** সামরিক
**minister** মন্ত্রী। ministry (*e.g.*, of defence) মন্ত্রক
**minor** অপ্রাপ্তবয়স্ক
**minority** ঊনজন, সংখ্যাল্প
**mobilization** সৈন্যযোজন, উদ্‌যোজন
**monopoly** একাধিকার
**morality** সদাচার, সুনীতি
**motion** প্রস্তাব
**move** উত্থাপন বা প্রস্তাব করা
mover উত্থাপক, প্রস্তাবক
municipality পৌরসংঘ
munsiff ন্যায়দর্শক, মুনসেফ
museum প্রদর্শশালা
nationalization রাষ্ট্রীয় করণ
naturalization দেশীয় করণ, দেশ্য করণ
naturalized দেশ্যভূত
nautical নৌ-
navigable নৌবাহ্য, নাব্য
navigation নৌবাহ
navy নাবী
nominee মনোনীতক, নামিতক
notary public লেখ্যপ্রামাণিক
note মন্তব্য। currency— পত্রমুদ্রা। promissory— প্রত্যর্থপত্র
notice সূচনা, বিজ্ঞাপন, নোটিস
notification অধিসূচনা, প্রজ্ঞাপন
nurse পরিষেবিকা, পরিষেবক
nursing পরিষেবা
oath শপথ
octroi duty দ্বারদেয় শুল্ক, চুঙ্গি
offence অপরাধ
office করণ। পদ
officer আধিকারিক
officer-in-charge আযুক্তক
officiating স্থানাপন্ন
opposition (party) বিপক্ষ
option ইচ্ছা। optional ঐচ্ছিক,
order আদেশ

ordinance অধ্যাদেশ
organization সংঘটন
overhead charges উপরিব্যয়
overruled প্রতিদিষ্ট
overseer উপদর্শক
overtime অধিকাল
parliament সংসদ্
parliamentary secretary—সংসংসচিব
parole বচন, সংগর
part-time officer খণ্ডকাল-আধিকারিক
passage পারণ
passport নিষ্ক্রমপত্র, ছাড়পত্র, পারপত্র
patent কৃতিস্বত্ব
penal দণ্ডমূলক
penal code দণ্ডসংহিতা
penalty দণ্ড, শাস্তি
pension উত্তরবেতন, নিবৃত্তি-বেতন। বৃত্তি
permit অনুপতিপত্র
persecution উৎপীড়ন
personal assistant স্বকীয় সহায়ক
pilot পথদেশক
planning পরিকল্পনা
plant (*e. g.*, gas—) জনিত্র
police আরক্ষণ
political রাজনীতিক
poll ভোটগ্রহণ, মতগ্রহণ
polling station ভোটস্থান
port commissioner পত্তনপাল, বন্দরপাল
post ডাক
post-graduate স্নাতকোত্তর
postmaster ডাক-আধিকারিক
precedence মানক্রম, পূর্ববর্তিতা
precedent পূর্বদৃষ্টান্ত, নজির
precis মর্ম
predecessor পূর্বগামী
prescribe বিহিত করা
presidency magistrate পুরশাসক
president (of republic) রাষ্ট্রপতি
press and registration of books act মুদ্রণ ও গ্রন্থনিবন্ধন অধিনিয়ম বা আইন
press censorship মুদ্রিতক-বিবাচন
preventive detention নিবারণার্থ নিরোধ
prima facie দৃষ্টতঃ
prime minister প্রধান মন্ত্রী
principal (of college) অধ্যক্ষ
priority পূর্বিতা
private secretary একান্ত সচিব
privilege বিশেষাধিকার
probate ইষ্টিপ্রমাণক, প্রোবেট
probationary অবেক্ষাধীন
procedure প্রণালী, প্রক্রিয়া
proceedings কার্যবাহ
proclamation উদ্‌ঘোষণা
procurement আসাদন
prohibition নিষেধ, প্রতিষেধ
promulgation প্রখ্যাপন
pro rata যথাভাগ

protection সংরক্ষণ
provident fund ভবিষ্য নিধি
province প্রদেশ। ণ. প্রাদেশিক
provision ব্যবস্থা, বিধান, উপবন্ধ
provisional সাময়িক
public health জনস্বাস্থ্য
publicity প্রচার
public prosecutor অভিশংসক
public service commission রাষ্ট্রনিয়োগাধিকার
punitive দণ্ডার্থ
qualification গুণ। অর্হতা
quarantine নিরোধন
quorum অপেক্ষসংখ্যা, গণপূর্তি
quota যথাংশ
railway রেলযান
ration সংবিভাগ, রেশন
recall প্রত্যাহ্বান। ণ. প্রত্যাহূত
recess অবকাশ
record লেখ্য, নথি
recruit প্রবেশী, রংরুট
recurring আবর্তক
reference নির্দেশ
regional আঞ্চলিক, মাণ্ডলিক, স্থানিক
registered নিবন্ধভুক্ত, নিবদ্ধ.
registrar (*e.g.*, of assurances) নিবন্ধক। (*e.g.*, of co-operative societies) নিয়ামক। (*e.g.*, of home dept.) করণাধ্যক্ষ
registration নিবন্ধন, নিবদ্ধীকরণ

regulation প্রনিয়ম, প্রবিধান
rehabilitation পুনর্বাসন
relief ত্রাণ। সাহায্য। উপশম। বিমোক
remission নিষ্কৃতি
rent ভাটক, ভাড়া
repeal নিরসন
report প্রতিবেদন, প্রতিবেদ রিপোর্ট
representative প্রতিনিধি
republic গণরাজ্য
requisition অধিযাচন, অধিগ্রহণ
research গবেষণ
reservation সংরক্ষণ
resolution সংকল্প
resource সম্পদ্
retirement অবসরণ
review পুনর্বিলোকন
revision পুনরীক্ষণ
revocation সংহরণ
road-cess পথকর
rules নিয়মাবলী
ruling বিনির্দেশ
rural গ্রাম্য, জানপদ
sabotage অন্তর্ঘাত, কূটঘাত
safeguard রক্ষাবন্ধ, রক্ষাকবচ
sanction অনুমোদন, মঞ্জুরি
sanitation অনাময় ব্যবস্থা
schedule অনুসূচী, তফসিল
scholarship বিদ্যার্থবৃত্তি
school বিদ্যালয়
school final examination

শিক্ষান্ত পরীক্ষা
seal নামমুদ্রা, সীলমোহর
seat আসন
secondary education মধ্যশিক্ষা
secretariat মহাকরণ
secretary সচিব। ণ. সাচিবিক
section ক্ষেম, নিরাপত্তা। প্রতিভূতি
secular state লোকায়ত রাষ্ট্র
security ক্ষেম, নিরাপত্তা। প্রতিভূতি
sedition রাজবৈর
senate অধিষদ্
senior জ্যেষ্ঠ
serial অনুক্রমিক
sericulture কীটপোষ
service (*e. g.*, (civil) কৃত্যক। চাকরি
session সত্র
sessions judge দণ্ডসত্রাধীশ, দায়রা বিচারক
settlement ভূবাসন
sine die অনির্দিষ্ট কাল পর্যন্ত
small causes court লঘুবাদ-ন্যায়ালয়, অবর ন্যায়াধিকরণ, ছোট আদালত
smuggling অপায়ন
society সমাজ
speaker of assembly সভাপাল
specification বিনির্দেশ
staff কর্মিবর্গ
stamp প্রমুদ্রা। ডাকটিকিট
state রাজ্য
statistics পরিসংখ্যান
statute সংবিধি
stock সংভার
store-keeper ভাণ্ডারী
sub-, under-অবর
sub-clause উপপ্রকরণ, উপখণ্ড
subdivision উপবিষয়, মহকুমা। শাখা
sub-inspector অবর পরিদর্শক
subordinate অধীন। অবর। নিম্ন —judge অবর ন্যায়াধীশ, অবর বিচারক
sub-section উপধারা
subsidy সাহায়ক
suburb উপপুর, শহরতলি
suburban উপপৌর
suffrage ভোটাধিকার, মতাধিকার
summons আহ্বানপত্র, সমন
superior উপরিক
super-tax অধিকর
supervisor অবেক্ষক
supplementary অনুপূপক
supplies সংভরণ
sur-charge অধিভার
surrender সমর্পণ
sur-tax উপরিকর
survey পরিমাপ, জরিপ
surveyor পরিমাপক
suspension নিলম্বন
syndicate নিষদ্
system পদ্ধতি
table সারণী
tare রিক্ততৌল

tax কর
taxation করারোপণ, করাধান
technical প্রয়োগিক, শিল্পবিষয়ক
technician প্রকর্মী
technique প্রযুক্তি। কৌশল
technology প্রযুক্তিবিদ্যা
technologist প্রাযুক্তিক
telegraph, telegram তার
temporary অস্থায়ী
tender মূল্যবেদনপত্র
term শর্ত
terminal tax সীমাকর
territory রাজ্যক্ষেত্র। ক্ষেত্র, স্থান
toll উপশুল্ক, পথশুল্ক
trade ব্যাপার
trade-mark পণ্যাচিহ্ন
trade union কর্মিসংঘ, পূগ
traffic পরিযাণ
transfer স্থানান্তরণ, বদলি, পরিবৃত্তি
transhipment বাহান্তরণ
transport পরিবহণ
treasurer কোষপাল
treasure trove নিখাতনিধি
treasury কোষাগার
tribe আদিজাতি, জনজাতি
tribunal ন্যায়পীঠ
trust ন্যাস
trustee ন্যাসপাল
under-, sub- অবর
union সংঘ। জানপদ ক্ষেত্র, ইউনিয়ন
union board জানপদ পর্ষদ্, ইউনিয়ন বোর্ড
unit একক। মাত্রা
unofficial অক্রমিক। বেসরকারী
urban পৌর
urgent ত্বরিত, জরুরী
usage প্রথা
vacant রিক্ত
vacancy রিক্তি, খালি
verdict নির্ণয়
veterinary পশুচিকিৎসা-
veto প্রতিষেধ
vice-chancellor অধিপাল
vice-principal উপাধ্যক্ষ
visa প্রবাসাজ্ঞা
vote ভোট, মত
voter ভোটার, নির্বাচক
voucher প্রমাণক
ward (municipal) পাটক
warrant (foot arrest) আধর্ষপত্র। (giving authority) বরণপত্র, অধিপত্র
whip প্রতোদক
will ইষ্টিপত্র
zone মণ্ডল